Barcode - 4990010204939
Title - Bengal Legislative Assembly Proceedings (1994) vol.104, no. 1
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 940
Publication Year - 1994
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4 990010 204939

Vol. 104 No—I

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and fourth Session

(May to June, 1994)

(The 27th, 30th, 31st May & 1st, 2nd, 3rd, 6th, 7th, 13th, & 14th June, 1994)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc. No. 8303
Date 3.10.2000
Call No. 328.B4/V.104 No.1(94)
Price Rs. 179/-

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### PROF. SAIYID NURUL HASAN

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.
2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).
3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs.
4. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (Excluding an audio visual educations) and integrated education for disabled childred in the Department of education
5. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.
6. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise, Department of Urban Development
7. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.
8. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour
9. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.
10. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.
11. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial

Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

12. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of Panchayats and Department of Rural Development.

13. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Engineringhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

15. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

16. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

### Ministers of State

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State incharge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Transport Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K S. Roy Road, Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Cottage and Small Scale Industries.

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education, Non-formal Education, Audio Visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45 **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department.

46. **Shri Dawa Lama,** Minister-in-charge for Department of Animal Resources Development

47. **Smt. Bilasi Bala Sahis,** Minister-in-charge of State for Scheduled Casts and Tribes Welfare Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

### SECRETARIAT

Secretary : Shri S. R. Chattopadhyay.

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhattarai, Shri Tulsi (24-Karseang—Darjeeling)
44. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
45. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
49. Biswas, Shri Kanti (98-Sandeshkhali (S.C.) 24-Parganas)
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas
51. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
52. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
54. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
56. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
57. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
60. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
61. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
62. Chatterjee, Shri Anil (146-Chowringhee—Calcutta)
63. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
64. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
65. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
67. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
69. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
70. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
71. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
72. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
73. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
74. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
75. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
76. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
77. Chowdhury, Shri Jyoti (180 - Serampur - Hooghly)
78. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
79. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
80. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
81. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
82. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
85. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
86. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
87. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
88. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
89. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
90. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
91. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
92. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
93. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
94. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
95. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
96. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
97. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
98. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
100. De, Shri Partha (251-Bankura—Bankura)
101. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
102. Deb, Shri Rabin (152 - Ballygunge - Calcutta)
103. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
104. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
105. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
106. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
107. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
108. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
109. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
110 Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
111. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
112. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
113. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
114. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
115. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
116. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
117. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
118. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
119. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
120 Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
121 Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
122. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
123. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
124. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
125. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
126. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
127. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
130. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
131. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
133. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
134. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)
135. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
136. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
137. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
138. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
139. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
140. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
141. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
142. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
143. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
144. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
145. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
146. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
147. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
148. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
149. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
150. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
151. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
152. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
153. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
154. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
155. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
156. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
157. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
158. Lama, Shri Dawa (23 - Darjeeling—Darjeeling)
159. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
160. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
161. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
162. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
163. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
164. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

165. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
166. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)
167. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
168. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
169. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
170. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
171. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
172. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
173. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
174. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
175. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
176. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
177. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
178. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
179. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
180. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
181. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
182. Manna, Shri Janmenjay (125-Patharpratima—South 24-Parganas)
183. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
184. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
185. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
186 Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
187. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
188. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
189. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
190. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
191. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
192. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
193. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
194. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
195. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
196. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

198. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
199. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
200. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
201. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
202. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
203. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
204. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
205. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
206. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
207. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
208. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
209. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
215. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Paul, Smt. Maya Rani (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
254. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
255. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
256. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
257. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
258. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
259. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)
262. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
264. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
266. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
267. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
268. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
269. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
270. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
271. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
272. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
273. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
274. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
276. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
278. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
279. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
280. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
281. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
282. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
284. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Soren, Shri Khara (36-Tapan (ST)—South Dinajpur)
287. Soren, Shri Subhas Chandra (229-Nayagram (ST)—Midnapore)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (243 - Hura - Purulia)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Friday, the 27th May, 1994 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 11 Ministers of State and 165 Members.

[11-00 — 11-10 a.m.]

**OBITUARY REFERENCE**

**Mr. Speaker :** Hon'ble Members I rise to perform a Melancholy duty to refer to the sad demise of some Ex-Members of this Legislature and other renowned personalities who passed away after the last Session of the Assembly.

**Shri Bijoy Modak,** widely respected freedom fighter, Ex-M.L.A., Ex-M.P. and a renowned C.P.I.(M) leader breathed his last on the 9th May, 1994 in the S.S.K.M. Hospital, Calcutta.

He was born on the 27th June, 1906 at Immambazar in Hooghly district. He passed the Entrance Examination from Gouria Bidyayatan in 1922. Later he studied Electrical Engineering in the Jadavpur Engineering College and come first in the final examination. He got involved in the freedom struggle of the country when he was merely a school student. As a student of the Hooghly vidyamandir he came in contact with Shri Bhupati Mazumdar and Shri Prafulla Sen who used to teach in that school set up by the Nationlist leaders. He came under the influence of the great rebel Shri Jyotish Chandra Ghosh. Shri Modak joined the revolutionary group, "Yugantar" and figured as an accused in the case involving the murder of Natson, the Editor of "The Statesman". He was imprisoned twice during the period from 1930 to 1932. Soon thereafter he devoted himself to the relief work among the flood affected people of Arambagh. He took active part in the freedom movements launched by the Congress. He joined the Communist Party of India in 1938 and was interned by the British rulers. He played a pivotal role

in organising labour, peasant and refugee movements. He took a leading part in peasant movement at Barakamlapur and suffered imprisonment in 1949 and 1950. He was arrested again in 1962 along with other Communist leaders. In 1964, when the Communist Party was divided, he joined the C.P.I.(M) and since then he had been the Secretary of the Hooghly district Committee of the party. He had been the President of the Hooghly district Krishak Sabha and the UCRC till his death.

He was elected a member of the West Bengal Legislative Assembly in 1957 from the Balagarh Assembly Constituency and was elected a member of the Lok Sabha successively in 1967, 1971, 1977 and 1980. He attended the 28th Inter-Parliamentary Conference at the Hagus of Netherlands in 1970.

At his death the country has lost a dedicated freedom fighter, an ardent social worker and a veteran political leader.

Veteran politician, former member of the Parliament and an ex-Minister of West Bengal, **Smt. Renu Chakraborty** breathed her last on the 16th April, 1994. She was 77.

She was born in 1917. In 1938, when she was in England, she came in contact with the veteran Communist leader, Shri Rajani Palm Dutta and was initiated to communism under his influence. She had been a member of the Communist Party of India since later part of the thirties. She was a member of the national council of the undivided Communist Party of India for several years. She was also the founder Secretary of the Mahila Federation. She remained with the parent unit when the Communist party got split in 1964. She was elected to the Lok Sabha in 1952 and got re-elected successively in 1957 and 1962. She had been the Minister-in-Charge of the Cooperation Department and Social Welfare Branch of the Relief and Welfare Department in the United Front Government of West Bengal in 1969.

At her demise the country has lost an eminent political personality and a senior parliamentarian.

Former Member of the West Bengal Legislative Assembly and prominent Congress leader, **Sekh Anwar Ali,** breathed his last at Birla Heart Research Institute, Calcutta on April 19, 1994 following a cardiac attack. He was 63.

Shri Ali was born on November 15, 1931. He had his education at Bonharishpur High School, Howrah and City College of Commerce, Calcutta. He was a businessman by occupation but he took keen interest in politics and soon became a member of the Congress Party. He was once the President of West Bengal State Congress Minority Cell and had also been a member of the All India Congress Committee for sometime.

He was elected a member of the West Bengal Legislative Assembly for the first time in 1972 and again in 1982 from the Panchla Constituency, Howrah as a Congress candidate. Besides politics, he was also associated with various social, educational, cultural, sports and trading organisations.

At his death the State has lost a senior politician and an ardent social worker.

**Shri Saroj Roy,** a veteran freedom fighter and an Ex-member of the West Bengal Legislative Assembly passed away on May 5, 1994 at Midnapore Sadar Hospital at the age of 82.

Born in January, 1912 at Tezpur, Assam, Shri Roy had his school education at Garbeta H.E.School, Midnapore. Later he became a wireless Engineer.

He started his political career in 1928 as a Member of the "Jugantar Party" and suffered imprisonment in 1931. In 1932, he was again arrested and deported to Andaman. He had to spend a number of years in Andaman Jail where he resorted to hunger strike in 1933 as a mark of protest against the discriminatory jail codes. In 1937 he joined the Communist Party of India and was the founder Secretary of the Midnapur District Unit of the undivided communist Party. Shri Roy had been the member of International Youth League, India-China Friendship Association, All India Kishan Sabha and All India Khet Mazdoor Sabha. He took active part in the "March to Goa" for its liberation from the Portuguese rule. He was first elected a member of West Bengal Legislative Assembly in 1952 and thereafter in 1957, 1969, 1971 and 1972 from Garbeta Constituency Midnapore district as a Communist Party Candidate.

Shri Roy contributed articles in various journals, dailies and week-

lies like 'Swadhinata', 'Bharat Barsa' and 'Parichaya'.

His death is a great loss to the Communist and Trade Union Movement of the State.

**Shri Amar Banerjee,** a former member of the West Bengal Legislative Assembly and Congress Leader died at Uluberia on the 9th May, 1994. He was 50.

He was born in Calcutta on November 10, 1943. After completion of his school education Shri Banerjee got himself admitted into Uluberia College and obtained his B.A. degree from the University of Calcutta. He was an employee of the District School Board, Howrah. He was a member of the Indian National Congress. In 1987 he was elected to the West Bengal Legislative Assembly from the Uluberia South Constituency of Howrah district as a Congress candidate.

At his death the State, particularly the district of Howrah, has lost a popular political leader.

**Shri Kasu Brahmananda Reddy,** former Chief Minister of Andhra Pradesh, Ex-Union Minister and prominent Congress Leader passed away on the 20th May, 1994 following a cardiac arrest. He was 82.

He was born in Chirumamilla Village in Guntur district of Andhra Pradesh on July 28, 1909 and was educated in Guntur. He graduated in law from Madras University. He plunged into freedom struggle inspired by Mahatma Gandhi. During the movement in 1942 he was arrested and detained upto 1945 in different jails. His political activities, however, started as far back as in 1936 when he was only 27, and became the President of the Guntur District Board. In 1946, he was elected to the Madras Legislature. In a political career spanning about six decades, Shri Reddy was a Cabinet Minister of Andhra Pradesh for several years and had also been the Chief Minister of Andhra Pradesh for seven years from 1964 to 1971. He served the Union Ministry in various capacities as a member in Mrs. Indira Gandhi's Cabinet. He was Union Home Minister between 1974 and 1977. He had also held the charge of the Ministry of Communication as well as that of Agriculture and Irrigation. Shri Reddy was elected President of A.I.C.C. in 1977 and he continued in that capacity till 1978. He was appointed Chairman of the Sixth Finance Commission in 1972 and was subse-

quently nominated to the Rajya Sabha in 1974.

At his death the country has lost a renowned freedom fighter, an able administrator and a veteran political leader.

Renowned Sarangi player and vocalist **Shri Sagiruddin Khan** breathed his last at the Diabetic Centre in Dhaka on the 13th April, 1994. He was 68.

He was born at Junpur in Uttar Pradesh. Ustad Buddha was his 'Guru'. He was particularly famous for his proficiency in Sarengi playing. He joined the 'Akashbani' in 1946 and had been its regular artist till his death contributing innumerable programmes over spell.

At his demise the country has lost a renowned personality in the sphere of classical music.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceaseds.

(after two minutes)

Thank you. Ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved families of the deceaseds.

## Adjournment

The House was then adjourned at 11.10 A.M. till 11 A.M. on Monday, the 30th May, 1994 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 30th May, 1994 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 4 Ministers of State and 131 Members.

[11-00 — 11-10 a.m.] (including adjournment)

**Mr. Speaker :** Now Shri Kanti Biswas who is declared elected from Sandeshkhali constituency will now take oath.

(এই সময়ে মাননীয় অধ্যক্ষ মহাশয় মাননীয় সদস্য শ্রী কান্তি বিশ্বাস মহাশয়কে শপথ বাক্য পাঠ করান।)

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্যরূপে নির্বাচিত আমি, শ্রী কান্তি বিশ্বাস নিষ্ঠার সহিত প্রতিজ্ঞা করিতেছি যে, আমি বিধিমতে প্রতিষ্ঠিত ভারতের সংবিধানের প্রতি প্রকৃত বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব। আমি ভারতের সার্বভৌমত্ব ও সংহতি রক্ষা করিয়া চলিব এবং যে কর্তব্য ভার আমি গ্রহণ করিতে চলিয়াছি তাহা বিশদভাবে নির্বাহ করিব।

**Mr. Speaker :** Now Shri Jyoti Chowdhury who is declared elected from Sreerampore Constituency will now take oath.

(এই সময় মাননীয় অধ্যক্ষ মহাশয় শ্রীরামপুর বিধানসভা কেন্দ্র থেকে নব-নির্বাচিত সদস্য শ্রী জ্যোতি চৌধুরি মহাশয়কে শপথবাক্য পাঠ করান)।

শপথবাক্য পাঠ করার পর শ্রী জ্যোতি চৌধুরি নিজ আসন থেকে উঠে গিয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের সঙ্গে করমর্দন করেন।

(at this state the House was adjourned till 11-10 a.m.)

[11-10 - 11-20 a.m.] (After Adjournemnt)

### PRESENTATION OF REPORT

**Sixtythird Report of the Business Advisory Committee.**

**Mr. Speaker :** I beg to present the Sixtythird Report of the Business

Advisory Committee which at its meeting held today, the 30th May, 1994 in my chamber considered the question of allocation of dates and time for the disposal of the legislative business and recommended as follows :

| | | | |
|---|---|---|---|
| 30.5.94-Monday | (i) | The Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. 2 hours. |
| | (ii) | The West Bengal Metropolitan Planning Committee Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| | (iii) | The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. 1 hour |
| 31.5.94-Tuesday | (i) | Motion under rule 185 greeting Dr. Nelson Mendela and Peoples of South Africa for their victory in the recently held election—Notice given by Shri Deba Prasad Sarkar, Shri Lakshmi Kanta Dey, Shri Manabendra Mukherjee, Shri Kripa Sindhu Saha, Shri Saugata Roy and Shri Kamakshya Nandan Das Mahapatra | .. 2 hours |
| | (ii) | Motion under rule 185 regarding Central Governments attempt to close down the public undertakings in West Bengal-Notice given by Shri Santasri Chatterjee, Shri Lakshmi Kanta Dey & Shri Manabendra Mukherjee | .. 1 hour |

| | | | |
|---|---|---|---|
| | (ii) Motion under rule 185 regarding steps to be taken against the defaulters in depositing the provident Fund dues— Notice given by Shri Subrata Mukeherjee, Shri Saugata Roy & Shri Abdul Mannan | | .. 1 hour |
| 1.6.94-Wednesday | Demand No.66<br>Demand No.68 | Irrigation and Waterways Department | .. 4 hours |
| | Demand No.67 | Minor Irrigation Department | |
| 2.6.94-Thursday | Demand No.62 | Panchayat Department | |
| | Demand No.59<br>Demand No.60<br>Demand No.63 | Rural Development Department | .. 4 hours |
| 3.6.94-Friday | Demand No.40 | Refugee Relief & Rehabilitation | .. 1 hour |
| | Demand No.32<br>Demand No.33<br>Demand No.34 | Health and Family Welfare Department | .. 4 hours |

There will be no Question for Oral Answers on 30.5.94, Question for Oral Answers and Mention Cases on 31.5.94 and Mention Cases on 3.6.94.

The Hon'ble Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Sixtythird Report of the Business Advisory Committee, presented this day, be accepted by the House.

**Mr. Speaker :** I think, the motion is adopted.

(Voices : Yes)

The motion is adopted.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আমি যে বিষয়টা বলতে চাই সেটা এই বিষয়ের সঙ্গে সম্বন্ধ নেই তবে খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। আমাদের একজন বাঙ্গালি সুস্মিতা সেন, তিনি বিশ্বসুন্দরী হিসাবে শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন। আমি মনে করি হাউস থেকে তাঁর সম্পর্কে একটা অভিনন্দন বার্তা পাঠিয়ে দেওয়া উচিত এবং রাজ্য সরকারের পক্ষ থেকে এটা করা উচিত। কারণ এখানে 'চলি কা পিছে' হচ্ছে সেটা অপরাধ নয়। বাঙ্গালি বিশ্বসুন্দরী, সে বাংলার কৃতি সন্তান। এখানে সেকসী সেকসী গান হলে সংস্কৃতি বিকৃত হয় না, 'আলোকেরই ঝর্ণা ধারায়' হলে সংস্কৃতি বিকৃত হয় না। অবিলম্বে তাঁকে অভিনন্দন বার্তা পাঠিয়ে দেওয়া হোক।

**Mr. Speaker :** No debate on this. Now Dr. Abedin, you have spoken of giving a notice of privilege. Is that notice ready? Has it been field? Where is the copy of the notice? Please give me one copy of that.

## MOTION UNDER RULE - 226

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত ব্যাথা-বেদনার সঙ্গে আমি আপনার কাছে আন্ডার রুল ২২৬-এ একটা মোশন নিয়ে এসেছি। জনৈক প্রফেসারের দ্বারা আমার অধিকার ভঙ্গের প্রস্তাব নিয়ে এসেছি। জনৈক প্রফেসার প্রবোধকুমার ভৌমিক ক্যালকাটা ইউনিভার্সিটির অ্যানথ্রোপোলজির প্রফেসর। তিনি তাঁর চিঠিতে আর একজন এম. এস. সি-র একজামিনার অতুল ভৌমিকের কাছে লিখিতভাবে আমাকে একজন বিপদজ্জনক ব্যক্তি, ডেনজারাস পারসন বলে চিহ্নিত করেছেন। শুধু তাই নয়, আমার মেয়ে অত্যন্ত মেধাবী ছাত্রী, এম. এস. সি. পরীক্ষা ভাল দিয়েছে, ষড়যন্ত্র করে তাকে যাতে কম নাম্বার দেওয়া হয়, সেই চিঠিতে সেটা উল্লিখিত আছে। সেই চিঠি আপনাকে আমি জমা দিয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি দীর্ঘ দিন ধরে এই বিধানসভায় সদস্য আছি, আমি ১৯৭২ সাল থেকে আজ পর্যন্ত একাধিকবার এই হাউসে আছি। পশ্চিমবাংলার মন্ত্রী সভায় আমি কিছু দিন ছিলাম, আপনি জানেন। আমার এলাকায় আমার বিশ্বাস যোগ্যতা আছে, তথা পশ্চিমবাংলায় আমার বিশ্বাস যোগ্যতা আছে। আমার প্রতি মানুষের আস্থা আছে। আমাকে সেই চিঠিতে হেয় প্রতিপন্ন করা হয়েছে। আমার প্রতি মানুষের আস্থা আছে। আমাকে সেই চিঠিতে হেয় প্রতিপন্ন করা হয়েছে শুধু তাই নয়, এই ভাবে বিধানসভাকেও অবমাননা করা হয়েছে। আমি একজন বিধানসভার সদস্য, সেইজন্য আমি মনে করি এই কথা বলে বিধানসভাকে অবমাননা করা হয়েছে। আমার মেয়ে দিলওয়ারা বেগম এম. এস. সি পরীক্ষা দিয়েছিল। লিখিতভাবে একজামিনার অতুল ভৌমিককে বলা হচ্ছে—আগের ডিসকাশন রিকল করে—আরও একজামিনার গোপাল দাস কম নাম্বার দিয়েছে, আপনি তাকে লোয়েস্ট নাম্বার দিন। লিখিত তিনি বলেছেন, সেই চিঠির কপি আপনার কাছে দাখিল করেছি। এইভাবে আমাকে সমাজের কাছে, মানুষের কাছে, জনসাধারণের কাছে হেয় প্রতিপন্ন করা হয়েছে। শুধু তাই নয়, আমার মেয়ের ভবিষ্যত নষ্ট করেছে এই ভাবে। তিনি যে একজামিনারকে লিখেছেন, তিনি

[11-20 - 11-30 a.m.]

অ্যানথ্রোপলজির লোক নন। তিনি মিউজিওলজির লোক। তাঁকে বাইরে থেকে নিয়ে আসা হয়েছে। আমাকে এই যে হেয় প্রতিপন্ন করেছে এবং হাউসের অবমাননা করেছে, তারজন্য আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি যে, এই গুরুত্বপূর্ণ ও মর্মান্তিক বিষয়ে প্রফেসর ভৌমিককে এই হাউসে ডেকে পাঠান। মাননীয় সকল সদস্যদের কাছেও আমি তাঁকে এই হাউসে ডেকে পাঠাবার জন্য আবেদন জানাচ্ছি। তাঁকে এখানে ডেকে পাঠিয়ে আপনি সিদ্ধান্ত নিন যাতে তাঁর দৃষ্টান্তমূলক শাস্তি হয়, যাতে বিধানসভার সদস্যকে হেয় প্রতিপন্ন করতে কখনও প্রয়াস না পান। এখানে অনেক অভিভাবক আছেন। কোনও অভিভাবকের বা ছাত্র-ছাত্রীদের জীবন নষ্ট করতে যাতে সাহস না পায় তারজন্য আপনি দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণ করুন। আমি আপনার কাছে একটা দৃষ্টান্তমূলক শাস্তির আবেদন জানাচ্ছি। এই ব্যাপারে আমি আপনার কাছে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। এবারে আমাদের দলনেতা ডাঃ জয়নাল আবেদিনকে এই বিষয়ে বলার জন্য অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker :** There are two parts in it. The first part is dealing with a certain candidate and with her examination. We may not be concerned with that as such. The administration, the Education Department and the University are concerned with that. The other part is concerned with a Legislator who also incidentally happens to be the father of that candidate. He has been described as a dangerous person. Whether a Member of the Parliament or a Member of the Legislative Assembly can be described as such—can be denigrated as such. Whether this denigration can amount to a Breach of Privilege—that is the relevant aspect. It is a written document. It is a published decument. It is communicated to another person. The reason of it is also not clear. What is the purpose of it—that is also not clear. It seems that there is an attitude of revenge. There may be certain other reasons behind it. We have to treat this matter in two parts, not as a whole. Primarily we are concerned with the denigration of a Member of this House. The examination part is concerned with the administration. Whether the administration will hold any enquiry by the Education Committee or whether a court of enquiry will be held by the University—that is their matter. What I would like to know from Dr. Abedin is that the description of a Member in a derogatory manner—whether it prima facie amounts to a Breach of Privilege or not ?

**Dr. Zainal Abedin :** Sir, it is a dangerous proposition for any outsider to attack or describe with a purpose to denigrate anyone elect-

ed to the Parliament or Legislature. We are separate wings. We are discharging our duties here as elected Members, representatives. But at the same time we will have to maintain the dignity and decency what an elected representative deserves. That is our responsibility. We can legitimately claim the same from the society also, not to speak of a Professor of any University or any academician.

But every citizen is expected to hold us in highest esteem, not to speak of elected representatives. There are many cases in the House of Commons as also in India that in such cases where a member of the House has been denigrated outside, it amounts to a breach of privilege of the House and contempt. Sir, it is a contempt that a professor in question has written a letter, composed a letter and he has despatched the letter to other with the intention that the member in question, is a dangerous person. Sir, the dimension of the description is immense. He has described a member of a legislature as dangerous. A member of parliament or legislature cannot be described in the same light as it is. There are instances both in the House of Commons and here that writing even, if it is not published even, in libellous or scurrilous epithets against any sitting member of the House is absolutely a breach of privilege and contempt of the House. Sir, you have rightly observed. Your sagacity is enormous. There are two parts here. One part will be dealt by the administration. There is scope also on the part of the victim, Shrimati Dilara Begam, to bring the matter to the notice of the court. There complainant may bring it to the notice of the court. not only the administration. And the member in question may bring it to the notice of the Education Department by the Government. Our Leader of the House is not here, neither Hon'ble Minister in charge of Higher Education available now, but other Hon'ble members are present, particularly, Hon'ble Minister, Shri Benoy Krishna Choudhury, is here. He will give us a little hearing as to the course of this privilege motion. Sir, because of the nature and the contents I read the letter aloud.

"My Dear Atul,

As you are not empanelled in the list of examiners, I have personally managed Ranjana Roy to get your name enlisted as third examiner for both the halves of paper VIII, Gr.C.

Recall our earlier discussion. Moreover, I have learnt that Goutamda

also awarded low marks to Dilara (Roll Cal Anth/92 No.17) daughter of Motahar Hossain who is a dangerous person."

Sir, It is a wide conspiracy. There are many a things under the sun of which we cannot dream of and it is possibly one. A professor of the university, an existing professor, a working professor of an university with a purport to victimise a candidate in the examination has taken a recourse to victimise the father of the candidate who happens to be a member of the legislature, a sitting member of the legislature. Sir, he has written also "award low marks to Dilara (Roll Cal Anth/92 No.17) daughter of Motahar Hossain who is a dangerous person." Sir, the implication of the word is enormous. It can be described, it can be explained in many ways. 'Dangerous' is used to describe maffia, dacoits, killers, murderers and this and that. Sir, Motahar Hossain happens not only to be a member but a member of five or six consecutive terms. He was the minister-of-state of Finance. He has got respectability in the estimate of the people. Apart from this, such a description of a member, a sitting member of the House is unbelievable. Sir, there is a line in the letter which says "Therefore, you should also award her very low marks." Sir, it is as if a whip given to a subordinate one. He has underlined the sentence. "Therefore, you should also award here very low marks in the said paper (VIII, Gr.C). He has also written, "After going through destroy the letter." Sir, he has got a fear that he is going something wrong. Again he writes, "Contact me after a week on telephone. With best wishes."—P.K. Bhowmick.

[11-30 - 11-40 a.m.]

Honourable Benoy Krishna Chowdhruy is here. I crave his indulgence under your presence. Not that you are a party to it. Because you will condemn it with the same tone and tenor, I believe it. All Honourable Members will condemn it outright in the same tone and tenor—I have no doubt about it. I crave your indulgence—please go through what is happening in the society today. Where are we standing ? Bengal is famous for its Education Policy and this Calcutta University—while I was a Matric student, the seal was 'Advancement of Learning' and now this advancement of learning and seat of learning has been converted into a seat of conspiracy and retatiation. Sir, I would like to make my submission on two points. There is an enormous case history here. Instead of referring it to the Committee of

Privileges—You are Supreme, Sir, you call the offender to the Bar of the House. Let him explain his conduct. Not that the time consuming process will not be very helpful. I crave your indulgence that this matter should be treated as an extraordinary breach because it is a cancer in the society. Sir, one lady student, Miss Chuni Kotal, a tribal, committed suicide. I am affraid, this man might have some bearing on this happening. Hence, I would request you, Sir, you call the offender, ask for his explanation and decide the matter in the House as you are Supreme. This court can be converted, this Assembly should be converted into a court of trial in your capacity as a Judicial Officer, in addition to your capacity as a Presiding Officer. Please allow then the society to get rid of these dangerous advocates, dangerous persons.

Sir, if you want the case history, I can show. I can also bring one case history. Sir, a notice has been given to you through your Secretary with the request to bring it to the notice of the Honourable Speaker for his valuable decision to be approved by the House treating it as a matter of breach of privilege and contempt of the House involving the personal honour of "myself" as a Member of this august House. This contention is absolutely correct and possibly you will uphold.

With these words, I would like to thank you for allowing me to speak on this point.

**Mr. Speaker :** Generally, we don't allow any discussion on this. However, I will have to hear the other Hon'ble members before I take any decision on this. Yes, Mr. Nani Kar, very short, very short.

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, ডাঃ মোতাহার হোসেন যে মোশন এখানে তুলেছেন আমি আপনার কাছে অনুরোধ করব এটা গ্রহণ করার জন্য এবং এটা সম্ভব হলে আপনি এই হাউসের সামনে বিচার করুন, কারণ বিষয়টা স্যার গুরুতর। একজন সদস্য, প্রবীণ সদস্য তাঁকে ডেনজারাস লেখেনি বা বলেনি শুধু আর একজনকে চিঠি লিখেছে এবং তাঁর সঙ্গে জুড়ে দিয়েছে যেহেতু ডেনজারাসের ঐ মেয়েকে নম্বর কম দিতে হবে, অদ্ভুত ব্যাপার! স্যার, মেম্বার হিসাবে তার যেমন অধিকারের উপর হস্তক্ষেপ করা হয়েছে এটা যেমন ঠিক তার থেকে আরও বেশি গুরুত্বপূর্ণ আমার মতে যেটা শিক্ষা বিভাগের বিষয় নয় এটা হোম ডিপার্টমেন্টকে বলা দরকার। এই রকম যদি ঘটনা ঘটে আপনি বিধানসভায় ডেকে তাঁর বিচার করুন, তাঁর স্থান তো জেলে ছাড়া হতে পারে না। এর থেকে বড় হিনিয়াস অপরাধ আর কি হতে পারে! আমিও এক সময় মাস্টারি করতাম, একজন মাস্টারের কাছে বলছেন আর একজন মাস্টার মশাই তুমি ওকে নম্বর কম দাও, কারণ ওর বাবা ডেনজারাস পারসন,

আমি নিজে শিক্ষক ছিলাম, কোনও শিক্ষক এই রকম কথা বলতে পারে।

সে শিক্ষক হওয়ার যোগ্যই নয়। তিনি যে অপরাধ করেছেন তার জন্য হোম ডিপার্টমেন্টের ব্যবস্থা করা উচিত এবং যে লোক একজন মেম্বার সম্পর্কে এই রকম কথা বলেছেন তার জন্য সম্ভব হলে তাকে এই বিধানসভায় ডেকে তার বিচার করা হোক, এটাই হচ্ছে আমার বক্তব্য।

**শ্রী দীপক সেনগুপ্ত :** মাননীয় স্পিকার স্যার, মাননীয় সদস্য মোতাহার হোসেন যখন চিঠিটা পড়ল তখন আমি সত্যিই অবাক হয়ে পড়লাম। এই চিঠি কি কোনও মানুষের পক্ষে লেখা যেতে পারে? আমরা বিধানসভার সদস্য, আমাদের সম্পর্কে নানা আলোচনা সমালোচনা খবরের কাগজের মধ্যে দিয়ে বের হতে পারে। কিন্তু সমাজের অন্য স্তরের যে কোনও মানুষ, যারা গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচিত হয়েছে এই রকম মানুষদের সম্পর্কে এই রকম অশালীন মন্তব্য করেছেন। প্রথমেই আমি বলব প্রথম অবস্থাতেই এটা কঠিন হাতে দমন করা দরকার। আর দ্বিতীয়ত, জয়নাল সাহেব যে বক্তব্য রেখেছেন আমরাও তার সঙ্গে একমত। প্রিভিলেজের যে প্রশ্নটা উঠছে, সেটা অনেক দিক দিয়ে ফাঁক থেকে যেতে পারে। ওটার মধ্যে যা বলা আছে, দি পার্সন, হু ইজ ভেরি ডেঞ্জারাস পার্সন। ওখানে এম. এল. এ কথাটা কিন্তু বলা নেই। সেখানে নির্দিষ্টভাবে বলা হয়েছে ঐ ব্যক্তির মেয়েকে কম মার্ক্স দেওয়া হোক। ঐ পরীক্ষক প্রথমে এমপ্যানেল ছিল, পরে তাকে প্যানেলে ঢোকানো হয়। ডাক্তার মোতাহার হোসেনের মেয়েকে কম মার্ক্স দেবার জন্যই তাকে প্যানেলে ঢোকানো হয়েছিল। খুবই স্বাভাবিক, আজকে যদি ছাত্র-ছাত্রীরা তাদের ভবিষ্যত জীবনগুলো অন্ধকারাচ্ছন্ন দেখে, তাহলে তাদের মধ্যে হতাশা নামবে। শিক্ষার ক্ষেত্রে কোনওরকম ব্যক্তিগত বিরোধ, ব্যক্তি স্বার্থ চরিতার্থ করা উচিত নয়। যদি ছাত্র-ছাত্রীদের জীবনে এমনভাবে অন্ধকার ঘনিয়ে আনা হয় তাহলে এটা ছাত্র-জীবনের পক্ষে মারাত্মক। যিনি এই চিঠি লিখেছেন, তাকে এখানে ডাকা হোক। এই সভার মাননীয় সদস্য মোতাহার হোসেনকে ডেঞ্জারাস পার্সন বলা হয়েছে। এই ব্যাপারে একটা দৃষ্টান্তমূলক সাজা দেওয়া দরকার। মাননীয় স্পিকার স্যার, আজকে গণতন্ত্রকে কিছু মানুষ যখন বাঁচাবার চেষ্টা করছে, তখন আরেকদল গণতন্ত্রকে ভাঙ্গার চেষ্টা করছে। এই ধরনের মানুষ গণতন্ত্রের পক্ষে বিপদজ্জনক। চিঠিটা যেহেতু হাউসে উল্লিখিত হয়েছে, তাকে হাউসে ডাকা হোক—প্রথমেই আমি তাকে দৃষ্টান্তমূলক শাস্তির কথা বলছি না—সন্দেহাতীত বলে প্রমাণিত হলে, কম মার্ক্স দেওয়ার জন্য এই চিঠি লেখা হয়েছে—তাহলে তাকে শাস্তি দেওয়া দরকার। আমি এই কথাটা বললাম শুধুমাত্র টেকনিকাল কারণে। এখানে যা বলা হয়েছে আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা বিশ্ববিদ্যালয়ের মতো একটা বিশ্ববিদ্যালয়ের একজন একজামিনার, তিনি একজন ছাত্রীকে এবং তার ভবিষ্যতকে নষ্ট করার জন্য যেভাবে ষড়যন্ত্র করেছেন, এটা খুবই উদ্বেগের বিষয়। ভারতবর্ষের শুধু নয়, বিশ্বের অন্য

সমস্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে যার নাম রয়েছে সেই বিশ্ববিদ্যালয়ের মর্যাদাকে ক্ষুন্ন করেছে এব এখানে মাননীয় সদস্য ডাক্তার মোতাহার হোসেন সম্বন্ধে যে মন্তব্য করা হয়েছে সেটাং সাংঘাতিক। সেইজন্য আপনি নিশ্চয় ব্যবস্থা নেবেন সেই দাবি অন্যান্যদের সঙ্গে আমিং করছি। পাশাপাশি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষেরও দৃষ্টি আকর্ষণ করা দরকার। বিপদজ্জনক লোকজ আজকে বিশ্ববিদ্যালয়ের মতো জায়গায় থেকে তারা তাদের ব্যক্তিগত জীঘাংসাকে চরিতাং করার চেষ্টা করছে। যে কোনও ছাত্র-ছাত্রীই পুত্র-কন্যার সমতূল্য। তিনি যে চিঠি লিখেছে তাতে তিনি উচ্চাসনের যোগ্যতা হারিয়েছেন। সঙ্গত কারণে এটা খুবই বিপদজ্জনক। এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া দরকার। যাতে ভবিষ্যতে আর কোনও একজামিনার এই রকম ব্যব না নিতে পারে।

[11-40 – 11-50 a.m.]

স্যার, আমি আপনার উদ্দেশ্যে আবার অনুরোধ জানাব, যে প্রিভিলেজ মোশন আজকে এই সভায় উত্থাপিত হয়েছে সেটা আপনি গ্রহণ করুন এবং প্রয়োজনীয় সমস্ত রকমে বিধিসম্মত ব্যবস্থা গ্রহণ করে একটা নজির সৃষ্টি করুন। এই আবেদন করে, স্যার আপনাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ মোতাহার হোসে আজকে যে মোশন এখানে মুভ করেছেন সে সম্পর্কে বলতে গিয়ে বলব, তিনি যে বিষয়ট এখানে উত্থাপন করেছেন আমাদের শিক্ষা জগতে এটা একটা নজিরবিহীন ঘটনা। প্রতিহিংস পরায়ণ হয়ে সমাজে কেউ এই ধরনের ঘটনা ঘটাতে পারে তা ভাবতেই অবাক লাগে। এ জাতীয় ঘটনা শিক্ষা জগতে বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মতোন ১০০ বছর প হওয়া একটা ঐতিহ্য মন্ডিত বিশ্ববিদ্যালয়ে ঘটতে পারে তা ভাবতে অবাক লাগছে। কলকাত বিশ্ববিদ্যালয়ের মতোন একটা ঐতিহ্যমন্ডিত বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এইভাবে প্রতিহিংসা চরিতা করার জন্য একটা ছাত্রীকে শুধু কম নম্বর দেবার জন্য বলেননি তা ছাড়াও তিনি বিধানসভা একজন মাননীয় সদস্য সম্বন্ধে অত্যন্ত কটুক্তি এবং বক্রোক্তিও করেছেন যেটা তার মর্যাদাহানি ব্যাপার। আমি তাই স্যার, অত্যন্ত, বিনয়ের সঙ্গে আপনার কাছে আবেদন করতে চাই যে এমন একটা ব্যবস্থা গ্রহণ করা হোক যাতে ভবিষ্যতে এই ধরনের ঘটনা ঘটিয়ে কেউ শিক্ষা জগতকে কলুষিত করতে না পারে। ছাত্র সমাজ যেন একথা মনে করতে পারে যে শিক্ষা ব্যবস্থায় কোনও রকম প্রতিহিংসাপরায়ণতার স্থান নেই। কিছু শিক্ষক শিক্ষা ব্যবস্থাটাকে ভাঙ্গতে চাইছেন। আমি তাই স্যার, বিনয়ের সঙ্গে আপনার কাছে আবেদন করতে চাই, এমন ব্যবস্থা গ্রহণ করুন যাতে ভবিষ্যতে যে প্রচলিত ব্যবস্থাটা আছে সেই প্রচলিত ব্যবস্থাটাকে যে সম শিক্ষক ভাঙ্গতে চাইছেন তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা অবলম্বন করা যায়। পরিশেষে ডাঃ মোতাহার হোসেন যে মোশনটা এনেছেন তাকে পুনরায় সমর্থন করে শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় যে অধিকার

ভঙ্গের প্রশ্ন মাননীয় সদস্য ডাঃ মোতাহার হোসেন রেখেছেন বাস্তবিকই যে বিষয়টি তিনি উল্লেখ করেছেন তা খুবই অ্যালার্মিং। সমাজ জীবনে নীতি, নৈতিকতার সঙ্কট, এর অবনমন হচ্ছে এবং তারজন্য আমরা উদ্বিগ্ন। সেটা যে রকম পর্যায়ে গিয়েছে আজকে যে বিষয়টি উত্থাপিত হল তাতেই বোঝা গেল। আমার মনে হয় বিষয়টি সমগ্র শিক্ষকসমাজের লজ্জার বিষয়। একটা জঘন্য দৃষ্টান্ত স্থাপন করা হয়েছে এই ঘটনার মধ্যে দিয়ে। স্বাভাবিকভাবেই এখান থেকে দাবি উঠেছে যে ভবিষ্যতে শিক্ষা সমাজের কোনও শিক্ষক যাতে এই ধরনের অপপ্রয়াস চালাতে না পারে—যে অপপ্রয়াস শিক্ষক সমাজের লজ্জা, নীতি ও নৈতিকতার সঙ্কট—তারজন্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া দরকার। স্যার, আপনি এরজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন যা সমাজের কাছে দৃষ্টান্ত হয়ে থাকবে। সাথে সাথে মাননীয় সদস্যের প্রতি যে অবমাননা করা হয়েছে, তার ডেনিগ্রেশনের যে প্রশ্নটা তারও আপনি পত্রিকার, প্রতিবিধান করবেন এইটুকু বলে সমগ্র বিষয়টি পর্যালোচনা করে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ জানিয়ে শেষ করছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ডাঃ মোতাহার হোসেন আজকে হাউসে যে প্রিভিলেজ মোশন এনেছেন এবং তা আনতে গিয়ে যে ঘটনার উল্লেখ করেছেন সেটি খুবই লজ্জাজনক বিষয়। একজন শিক্ষকের এরকম মনোভাব হ'তে পারে সেটা আমরা ভাবতে পারি না। যারা শিক্ষক তাদের কাছে ছাত্ররা পুত্র, কন্যার মতোন। মাতা, পিতার স্নেহ শিক্ষকরা ছাত্রদের দেবেন এটাই আমাদের ধারণা। তাকে যে কোনও ব্যাপারে সহযোগিতা করতে হয়। তা না করে একজন শিক্ষক এই রকম একটা প্রস্তাব করল নম্বর কম দেবার জন্য। এটা লজ্জাজনক ব্যাপার। সুতরাং হাউসের সকলে যে প্রস্তাব করেছেন তাকে সমর্থন করছি এবং তাকে যাতে উপযুক্ত শাস্তি দেওয়া হয় তার জন্য অনুরোধ করছি।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সদস্য ডাঃ মোতাহার হোসেন যে প্রস্তাব করেছেন তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। রবীন্দ্রনাথ একটা কথা বলেছিলেন যে শিক্ষক এবং ছাত্রের মধ্যে একটা নাড়ির সম্পর্ক থাকা উচিত শিক্ষা দানের মধ্যে দিয়ে। নাড়ির সম্পর্ক যেটা সেটাই হচ্ছে শিক্ষার প্রধান অঙ্গ। কিন্তু এখানে দেখা যাচ্ছে প্রবীণ শিক্ষাবীদ, পন্ডিত, তিনি এই রকম ধরনের সমাজের একটা বিশেষ স্থানে বসে রয়েছেন, তিনি এই রকম ধরনের চিঠি লিখবেন এবং এই রকম ধরনের চিঠিতে একজন প্রবীণ মাননীয় সদস্যকে আক্রমণ করবেন নিন্দনীয় ভাবে, এটা নিন্দার কথা। আমি আপনাকে অনুরোধ করব যে মাননীয় সদস্যকে এইভাবে নিন্দা করবার জন্য যে প্রিভিলেজ মোশন এসেছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি। দ্বিতীয় কথা পরীক্ষা ব্যবস্থার প্রতি সমাজের যে দৃষ্টিভঙ্গি, বিশেষ করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা যে সম্মানের সঙ্গে আজ পর্যন্ত হয়ে আসছে এবং যে ভাবে পরীক্ষা চলছে, তার উপর কুৎসার ইঙ্গিত করা হয়েছে। তার জন্য এই মোশনকে গ্রহণ করা দরকার। আমি সেইজন্য অনুরোধ করব যে প্রিভিলেজ মোশন আনা হয়েছে তাকে গ্রহণ করা হোক।

**শ্রী মানব মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, একটা কদাকার এবং কুৎসিত চিঠি নিয়ে যে আলোচনা হচ্ছে, এই চিঠির মর্ম বস্তু নিয়ে আমি বিস্মিত নই। আসলে প্রদীপের নিচে অন্ধকার থাকে। এই ঘটনা বিশ্ববিদ্যালয় পর্যায়ে এই কুৎসিত ঘটনা মাঝে ঘটে। যারা অভিজ্ঞ, যারা যুক্ত আছেন, তারা জানেন এবং আজকে এই প্রথম সেটা বিধানসভার আলো দেখব। এই কুৎসিত, কদাকার সামগ্রিক বিষয়টার নিন্দা করার ভাষা নেই। সাধারণভাবে এই যে প্রবণতা এটা মানসিকভাবে তাদের উপর চাপ সৃষ্টি করবে। যার বিরুদ্ধে অভিযোগ, ব্যক্তিগত ভাবে তাঁর সম্পর্কে কিছু বলার নেই। তিনি অ্যানথ্রোপলজির একজন পন্ডিত হিসাবে স্বীকৃত। কিন্তু তা সত্ত্বেও এই খারাপ ঘটনা তিনি ঘটিয়েছেন, তিনি খারাপ ইচ্ছা প্রকাশ করেছেন তাঁর চিঠিতে যে আমাদের মাননীয় সদস্য মোতাহার হোসেন সম্পর্কে একটা আপত্তিকর মন্তব্য করেছেন একটা ব্যক্তিগত চিঠিতে। কিন্তু একটা সবচেয়ে দুশ্চিন্তার বিষয় এবং আলোচনা বিষয় যে একজন ছাত্রী সে তার ন্যায্য নাম্বার পাওনা থেকে বঞ্চিত হচ্ছে এই বিষয়টায় আমরা প্রধানত কনসার্ন।

[11-50 – 12-00 noon ]

দ্বিতীয় পার্টটায় কনসার্ন হওয়ার নিঃসন্দেহে আমাদের অধিকার আছে। আমরা নিশ্চয়ই সমস্ত কিছু দেখে ব্যবস্থা গ্রহণ করতে পারি। কিন্তু এ ক্ষেত্রে বোধ হয় ন্যায়-বিচার করার আমাদের থেকে অনেক বেশি ভূমিকা পালন করতে পারে কলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। আমরা নিশ্চয়ই তাঁদেরও সমালোচনা করতে পারি। তাঁদের সম্বন্ধে অনেক কথাই বলতে পারি। কিন্তু আমাদের এই অধিকার নেই, এই মেয়েটির সমস্ত খাতা রিভিউ করে সঠিক জাজমেন্ট ফিরিয়ে দেওয়ার। যে বিষয়টি নিয়ে আমরা প্রধানত কনসার্ন সেটা হচ্ছে একজন অধ্যাপক এরকম একটা শিক্ষা বিরোধী খারাপ কাজের সঙ্গে যুক্ত। অতএব তাঁকে আমরা এখানে ডেকে এনে ভর্ৎসনা করতে পারি। কিন্তু তাঁকে শাস্তি কে দেবে? শাস্তি দেবার মালিক আমরা নই, বিশ্ববিদ্যালয়। স্যার এবিষয়ে টেক্‌নিক্যাল পদ্ধতি কি হবে আমি জানি না। এর অ্যাকাডেমিক পার্ট'টা নিয়ে বিধানসভা চিন্তিত। অতএব আমাদের এই চিন্তাসহ গোটা বিষয়টা কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে পাঠানো হোক। প্রথমত আমরা বলতে পারি যে, যে ছাত্রীটি ন্যায্য নম্বর থেকে বঞ্চিত হচ্ছে যে যাতে প্রকৃত পরীক্ষার মাধ্যমে সঠিক নম্বর পায় তার গ্যারান্টি করুক ইউনিভার্সিটি। আর ইউনিভার্সিটির একজন অধ্যাপক ইউনিভার্সিটির রুল অনুযায়ী যেটা করার কথা সেটা না করে উল্টো কাজ করেছেন, খারাপ কাজ করেছেন। বিশ্ববিদ্যালয়ের রুলস আমরা বিধানসভা থেকে তৈরি করে দিই, সেটা বিশ্ববিদ্যালয়ের হাতে একটা শক্তিশালী হাতিয়ার। সেটা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা মেনে চলতে বাধ্য। যদি কেউ না মানেন এবং তদন্তে যদি তিনি অপরাধী সাব্যস্ত হন তাহলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে আইন অনুযায়ী তাঁকে শাস্তি দিতে হবে। অতএব এই ব্যবস্থা যদি আমরা করি তাহলে বোধ হয় আমরা বিষয়টাকে সঠিক ন্যায়-বিচারের কাছাকাছি যেতে সাহায্য করব। একজন অধ্যাপক সম্বন্ধে এখানে যে কথা বলা হচ্ছে তাতে আমি ব্যক্তিগতভাবে বলতে পারি যে, তিনি খুবই

খারাপ কাজ করেছেন। কিন্তু সমগ্র ঘটনাটা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের হাতে তুলে দিয়ে তাঁদের কাছে ন্যায়-বিচার প্রত্যাশা করাটাই ঠিক হবে বলে আমার ধারণা। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Dr. Motahar Hossain has filed a notice of breach of privilege referring to a letter written by one Prof. P.K. Bhowmick to one Atul relating to the examination of his daughter who appeared in the Final Examination in M.Sc., Anthropology bearing Roll Cal, Anthropology/92 No.17. It appears from that letter that Mr. Bhowmick had got Mr. Atul enlisted as Third Examiner through one Ranjana Roy for examination of VIII-paper Group-C. He has also written that it is learnt from one Gautam Da that he has awarded low marks to the daughter of Dr. Motahar Hossain named Dilwara. Prof. Bhowmick has also described Dr. Motahar Hossain as a dangerous person. He also requested Mr. Atul to award very low marks in the said paper Paper-VIII Group-C. He also requested that after going through the letter, the letter should be destroyed. I have heard all the members who are logically very agitated over the matter and have requested for immediate congnizance of the matter of breach of privilege. But we should not be swayed by emotion and we should follow our past convention and principles of natural justice that we should hear the person concerned before we decide to take action against him. As such, it will be appropriate in the fitness of things that we first hear Mr. Bhowmick. Secretary will issue a letter sending him the copies enclosed by Dr. Motahar Hossain and asking his explanation on the same subject within seven days from the receipt of the said letter. After receipt of the said letter the same would be put up and we will decide the next course of action.

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Saugata Roy on the subject of breakdown of Law and Order situation at Siliguri.

The subject matter of the Motion does not warrant adjournment of the business of the House. The Member may call the attention of the Minister concerned through Calling Attention, Mention etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of the Motion as amended.

**Shri Saugata Roy :** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance of recent occrurrence namely, breakdown of law and order at Siliguri at the behest of the Minister of left Front. A Congress candidate for the Siliguri Corporation elections was murdered on the night of 14th May, 1994. Subsequently, another Congress worker has been killed in the town. There has been bandh in Siliguri over the incidents. The Police is inactive so far and an urgent action needs to be taken.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received three notices of Calling Attention, namely :

| | | |
|---|---|---|
| 1. | Acute crisis of drinking water in North Bengal | : Shri Nirmal Das |
| 2. | Illegal activities of Non-Banking residuary Financial Institution. | : Shri Anjan Chatterjee |
| 3. | Reported out-break of Gastro-enterities and Cholera in the State: | Shri Saugata Roy, Shri Tapan Hore, Dr. Manas Bhunia & Shri Abdul Mannan |

I have selected the notice of Shri Saugata Roy, Shri Tapan Hore, Dr. Manas Bhunia and Shri Andul Mannan on the subject of Reported outbreak of Gastroenterities and Cholera in the State.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The statement will be made on 3.6.94.

## PRESENTATION OF COMMITTEE REPORTS

**Presentation of the Sixth and Seventh Reports (Pro-Budget Scrutiny) of the Subject Committee on Agriculture and Food and Supplies, 1994-95 ;**

**Shri Prabhas Chandra Phodikar :** Sir, I beg to present the Sixth and Seventh Reports of the Subject Committee on Agriculture and Food and Supplies, 1994-95.

**Presentation of the Report on the unfinished work of the Committee on Public Undertakings, 1993-94.**

**Shri Lakshman Chandra Seth :** Sir, I beg to present the report on the unfinished work of the Committee on Public Undertakings, 1993-94.

**Presentation of Thirty-third Report of the Committee on Public Undertakings, 1993-94.**

**Shri Lakshman Chandra Seth :** Sir, I beg to present the Thirty-third report of the Committee on Public Undertakings, 1993-94.

**Presentation of the Fifth Report of the Subject Committee on Irrigation and Waterways, 1994-95.**

**Shri Nirmal Das :** Sir, I beg to present the Fifth Report of the Subject Committee on Irrigation and Waterways, 1994-95.

**Presentation of the Sixth Report of the Subject Committee on Irrigation and Waterways, 1994-95.**

**Shri Nirmal Das :** Sir, I beg to present the Sixth Report of the Subject Committee on Irrigation and Waterways, 1994-95.

**Presentation of the Forty-third Report of the Committee on Estimates, 1993-94 on Co-operation Department relating to Primary Agricultural Credit Societies.**

**Shri Nani Kar :** Sir, I beg to present the forty third Report of the Committee on Estimates 1993-94 relating to Primary Agricultural Credit Societies.

## LAYING OF REPORTS AND ACCOUNTS

**The Annual Accounts of the North Bengal State Transport Corporation alongwith the Audit Report thereon for the years 1987-88, 1988-89 and 1989-90**

**Shri Shyamal Chakraborty :** Sir, I beg to lay the Annual Accounts of the North Bengal State Transport Corporation alongwith the Audit Report thereon for the years 1987-88, 1988-89 and 1989-90.

**The Annual Report of the Vigilance Commission, West Bengal for the years 1985 and 1986 along with the State Government's Memoranda thereon :**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, With Your permission, I beg to lay the Annual Reports of the Vigilance Commission, West Bengal for the years 1985 and 1986 along with the State Government's Memoranda thereon.

## MENTION CASES

[12-00 – 12-10 p.m.]

**শ্রী ননী কর :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা সভায় নেই, কিন্তু থাকলে ভাল হত। আমি আপনার কাছে মেনশন করছি যে, কয়েকদিন আগে কাগজে দেখেছি, বিরোধী দলের নেতা হাই পাওয়ার রিগিং-এর কথা বলেছেন। আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করব, এ বিষয়ে বক্তব্য রাখবার জন্য। শ্রীরামপুর কংগ্রেস (আই) জিতেছেন এবং আজকে ঐ কেন্দ্র থেকে নির্বাচিত সদস্য শপথ গ্রহণের পর আমরা তাঁকে স্বাগত জানিয়েছি। কিন্তু আমার বিরোধী দলের নেতার কাছে প্রশ্ন, তাহলে এটাও কি হাই পাওয়ার রিগিং? এর উত্তর না দিলে কিন্তু চলবে না, কারণ ইতিমধ্যে মাননীয় সদস্য শ্রী কান্তি বিশ্বাস নির্বাচিত হয়ে এসেছেন এবং ঐ কেন্দ্রে গতবারে যিনি জিতেছিলেন তার চেয়ে বেশি ভোটের ব্যবধানে জিতেছেন, কিন্তু পারসেন্টেজ অফ ভোট যা ছিল তার চেয়ে এবারে ভোটের পারসেন্টেজটা কমেছে। তাহলে এটাকে কি রিগিং তিনি বলবেন? আজকে বহরমপুরেও আবার বামফ্রন্টের প্রার্থীই জিতে এসেছেন, তাহলে এটাই বা কি ধরনের রিগিং বলবেন? ওদের রক্ষাকর্তা শেসন এগিয়ে এসেছিলেন, কিন্তু নির্বাচনের আগেই যে আবহাওয়া সৃষ্টি হয়েছিল তাতে পরিষ্কার হয়ে গিয়েছিল যে, শেসনই হোক বা যেই হোক, সি. আর. পিই থাকুক বা মিলিটারি থাকুক, পশ্চিমবঙ্গের মানুষ বামফ্রন্টের পক্ষে আছেন, কাজেই বামফ্রন্টকে সরাবার কোনও সুযোগ ওদের নেই। আজকে তারই জন্য মিউনিসিপ্যালিটিগুলির নির্বাচনেও ঐ একই ফলে হয়েছে। তারজন্য আমি আবার অনুরোধ করব, তিনি বলুন যে, এই ফলাফলটা কি হাই পাওয়ার

রিগিং, নাকি ম্যাক্রো রিগিং-এর জন্য হয়েছে, নাকি তিনি নিজেই রিগড্ হয়ে গেছেন? এটাই আজকে আমার বক্তব্য।

**শ্রী সাধন পান্ডেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা এই হাউস থেকে অনেক ন্যাশনাল ইস্যু তুলে আলোচনা করেছি। আজকে এই হাউস থেকে প্রস্তাব গ্রহণ করতে চাই, আমাদের প্রিয় প্রধানমন্ত্রী শ্রী নরসিমা রাও ভারতবর্ষের বুকে যে সুস্থির পরিস্থিতি সৃষ্টি করেছেন তার ফলে আজকে লোকসভা এবং বিধানসভার উপনির্বাচনে সাম্প্রদায়িক শক্তিকে পরাস্ত করে কংগ্রেস একটা আবহাওয়া সৃষ্টি করতে পেরেছেন। কংগ্রেস লোকসভা এবং বিধানসভা আসনগুলি জিতেছেন এবং পশ্চিমবঙ্গে তাঁরা মানুষের সমর্থন আরও বেশি করে পেয়েছেন। এর মধ্যে একটি লজ্জার কথা হল, বামফ্রন্টের একটি দল বলেছে যে, যেভাবে অ্যান্টি-লেফ্‌ট ভোট কনসোলিডেটেড হচ্ছে সেটা চিন্তার বিষয়। আমরা এটা অতীতেও বলেছি যে, আজকে কারা বিজেপির পিছনে আছেন এবং অ্যান্টি লেফ্‌ট-ভোটকে কারা ডিভাইড করতে চাইছেন। আজকে এর মধ্যে একটা বিরাট চক্রান্ত রয়েছে। আর একটা বিষয় লক্ষ্য করতে হবে যে, এখানকারই এক মন্ত্রী, তিনি প্লেনে হেলিকপ্টারে করে উত্তর প্রদেশে ঘুরেছেন লেফ্‌ট ফ্রন্টের সমর্থনে, কিন্তু তিনি কখনও বিজেপিকে কনডেমড করেননি। সেখানে কিন্তু লেফ্‌ট পার্টি হেরে গেছেন। আজকে মুখ্যমন্ত্রী বলুন সেই মন্ত্রীকে পদত্যাগ করতে! নরসিম্হা রাও দেখিয়েছেন যে কি ভাবে সুষ্ঠুভাবে দেশকে পরিচালিত করতে হয়। ভবিষ্যতে মানুষ দেখবে যে কংগ্রেস ছাড়া আর কোনও বিকল্প রাস্তা নেই। আজকে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির এটা বোঝা উচিত। পশ্চিমবাংলায়ও তাদের পায়ের মাটি শিথিল হয়ে আসছে, তারা পারবে না। আগমীদিনে এখানে সায়েন্টিফিক রিগিং করা, ভোটার লিস্টের কারচুপি করা, সেই সব পরিস্থিতি আসবে না। সেজন্য আমি বারবার বলছি যে গণতান্ত্রিক কাঠামোতে মানুষকে বিশ্বাস করতে হবে, খুন-জখম করে নয়। আমি আজকে হাউসের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীকে বিশেষভাবে অভিনন্দন জানাতে চাই তার এই নীতির সাকসেসের জন্য।

**শ্রী নির্মল দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৩৪ নং জাতীয় সড়কের ৬টি জায়গায় ক্ষতের সৃষ্টি হয় গত ২রা জুলাইয়ের বিধ্বংসী বন্যায়। সেটা টেম্পোরারি রেস্টোরেশন এবং ডাইভার্শন করে যাতায়াতের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু প্রকৃতপক্ষে বর্ষা চলছে, অনেকে আশঙ্কা করছে যে কোনও সময়ে বন্যা নেমে আসতে পারে এবং তা যদি হয় তাহলে সমস্ত কিছু ধ্বসে যাবে। আমরা শুনেছি যে কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল হাইওয়ে অথরিটি কোনও পয়সা দেয়নি। শুধু তাই নয়, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার শুধু ডুবছে না, আসাম সহ ৭টি রাজ্যের লক্ষ লক্ষ মানুষের সর্বনাশ হবে। এখানে পূর্তমন্ত্রী আছেন, আমি তাকে বলব যে তিনি কি ব্যবস্থা নিয়েছেন, কেন্দ্রীয় সরকার কি করছেন, ন্যাশনাল হাইওয়ে অথরিটি কি করছেন, কি ভাবে মানুষের জীবন এবং ধনসম্পত্তি রক্ষা পাবে এটা যদি বলেন। এর আগে মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয় বলেছিলেন যে ফ্লাড সেন্টার গড়া হবে। কিন্তু জলপাইগুড়ি

জেলা, কুচবিহার, তুফানগঞ্জ কোথাও ফ্লাড শেল্টার আজ পর্যন্ত গড়া হয়নি। কাজেই ন্যাশনাল হাইওয়ে অথরিটির প্রতিক্রিয়া কি, কেন তারা আজ পর্যন্ত কোনও তৎপরতা দেখাচ্ছে না এই বিষয়ে যদি বলেন তাহলে আমরা বাধিত হব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে আন্ত্রিক রোগ সারা রাজ্যে বিশেষ করে কলকাতা এবং হাওড়ায় ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। দুভার্গ্যজনক যে কলকাতা এবং হাওড়ায় থেকে আই. ডি হাসপাতালে গত ১।। মাসে ২।। হাজার রুগী ভর্তি হয়েছে এবং ৬৪ জন মারা গেছে। আজকে রাজভবনের মধ্যেও আন্ত্রিক রোগ শুরু হয়েছে। আপনি জানেন যে স্বাধীনোত্তর কালে ৬০ দশকে কলেরা নির্মূল হয়েছিল। আবার নুতন করে ১৯৮৪ সাল থেকে আন্ত্রিক রোগ দেখা দিয়েছে এবং মানুষ মারা যাচ্ছে। গত বছর ৮।। শত মানুষ মারা গেছে। আরও ভয়ঙ্কর হচ্ছে, রাজ্য সরকারের স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন এবং কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল ইনস্টিটিউট অব কলেরা অ্যান্ড এন্টারিক ডিজিসেস, তারা গবেষণা করে এবং আন্ত্রিক রুগীর মল পরীক্ষা করে বলেছেন যে আন্ত্রিক রুগীর মলে কলেরার যে জীবাণু ভিব্রিও কলেরি ও-১" পাওয়া গেছে। এই জীবাণু থাকলে তাকে আন্ত্রিক রোগ নয়, কলেরা রোগ বলতে হবে। এটা মারাত্মক ব্যাপার। আজকে বিংশ শতাব্দীতে এটা বন্ধ করা এমন কোনও ব্যাপার নয়।

[12-10 – 12-20 p.m.]

পরিশ্রুত জল সরবরাহ করা দরকার। আজকে ১০ বছর ধরে আন্ত্রিক রোগ মারাত্মকভাবে দেখা দিয়েছে, মানুষ মারা যাচ্ছে, রাজ্য সরকার, স্বাস্থ্য দপ্তর, পৌরসভা কর্তৃপক্ষ নীরব নির্বিকার। এই ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে বিশেষজ্ঞদের পরামর্শ নিয়ে এই রোগ নির্মূল করার ব্যবস্থা করুন। আরও বিশেষভাবে লক্ষ্যণীয় যে, এই যে আন্ত্রিক রোগ হচ্ছে এই আন্ত্রিক রোগের মধ্যে ৩৫ ভাগ কলেরা রোগের জীবাণু পাওয়া যাচ্ছে। এটা অত্যন্ত অ্যালার্মিং। কিন্তু সরকার এই ব্যাপারে ইনডিফারেন্ট, উদাসীন হয়ে বসে আছে। আগামী দিনের ভবিষ্যত অত্যন্ত মারাত্মক। এই ব্যাপারে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়, যাতে বিশেষজ্ঞদের পরামর্শ নেওয়া হয়, এই রোগ প্রতিরোধের ব্যবস্থা নেওয়া হয় এবং পরিশ্রুত জল সরবরাহের ব্যবস্থা করা হয় এবং উপযুক্ত চিকিৎসার ব্যবস্থা করা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি বললেন যে স্বাস্থ্যমন্ত্রী এই ব্যাপারে বিবৃতি দেবেন। আমি আশা করব এই বিবৃতির মাধ্যমে মানুষ কিছুটা আশ্বস্ত হতে পারবে, আগামী দিনে এই আন্ত্রিক এবং কলেরা রোগের হাত থেকে মানুষ মুক্তি পাবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৭ই মে মন্তেশ্বর বিধানসভা কেন্দ্রের বিভিন্ন গ্রামে প্রবল ঘূর্ণি

ঝড়ে মাঠের পাকা ধান থেকে শুরু করে মানুষের ঘর-বাড়ি, গবাদি পশু সমস্ত নষ্ট হয়ে গিয়েছে এবং কিছু মানুষও মারা গেছে। করন্দা, সোনাডাঙ্গা, গড়সোনাডাঙ্গা গ্রামে ৮০ থেকে ৯০টি পরিবার একেবারে সর্বস্বান্ত হয়ে গেছে, তারা গৃহহারা হয়ে পড়েছে। করন্দা গ্রামে ঝড়ে আগুন লেগে যাওয়ার ফলে ২০-২৫টি বাড়ি পুড়ে একেবারে ভষ্মিভূত হয়ে গেছে। এখনও পর্যন্ত তাদের কোনও রিলিফের বা পুনর্বাসনের ব্যবস্থা গৃহীত হয়নি। অবিলম্বে যাতে যথাযথ ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয়া ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা খুব গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং বিশেষ করে অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই বিধানসভায় এই ব্যাপারে খুব গুরুত্ব বিবেচনা করে পর্যালোচনা করেছিলাম। পশ্চিমবাংলার লক্ষ লক্ষ গ্রাম ও শহরের দরিদ্র মানুষ যারা নন-রেসুড়ুয়ারী, নন-ব্যাঙ্কিং ইন্সটিটিউশনগুলিতে, চিট ফান্ডগুলোতে টাকা রেখেছে, যারা বেকার যুবক-যুবতী এই সংস্থাগুলির সঙ্গে জড়িত তাদের কথা ভেবে আমরা বলেছিলাম এই বিষয়ে কেন্দ্রীয় সরকার এবং রিজার্ভ ব্যাঙ্কের সাথে কথা বলে রাজ্য সরকার আইন মাফিক ব্যবস্থা নিন যাতে করে লক্ষ লক্ষ আমানতকারীর স্বার্থ সুরক্ষিত হয়। আমরা বারে বারে এই ব্যাপারে অর্থমন্ত্রীকে বলেছিলাম, কিন্তু তিনি রিজার্ভ ব্যাঙ্কের নাম করে প্রসঙ্গ এড়িয়ে গিয়েছেন। বিধানসভার অধিবেশন শেষ হয়ে যাওয়ার পর অবিনস্ত, ইতস্তত, অবিনস্ত অর্থমন্ত্রী রাতারাতি কোনও বাচ-বিচার না করে কিছু সংস্থাকে বেপরোয়াভাবে গ্রেপ্তার শুরু করবেন। আমরা চাই গ্রেপ্তার হোক। যারা মানুষের টাকা নিয়ে ছিনিমিনি খেলছে তাদের অবশ্যই গ্রেপ্তার করতে হবে। পাশাপাশি আমানতকারীদের সরকার পক্ষ থেকে অ্যাসিয়োর করতে হবে যে আপনার টাকা সুরক্ষিত থাকবে, লক্ষ লক্ষ বেকার যুবক-যুবতীদের অ্যাসিয়োর করতে হবে যে আপনার জীবন-জীবিকা কেড়ে নেওয়া হবে না। এই অ্যাসিয়োরেন্স তারা পেয়েছে কিনা সেটা আমাদের কাছে পরিষ্কার নয়। একদিকে বড় বড় শিল্পপতির মালিক, কোটিপতি তারা লক্ষ লক্ষ শ্রমিক কর্মচারির প্রভিডেন্ট ফান্ডের ১৫৮ কোটি টাকা মেরে দিয়ে বসে আছে, তাদের গ্রেপ্তার করে তাকে নার্সিং হোমে পাঠিয়ে দেওয়া হল। অতীতে সারা পশ্চিমবাংলায় বিরোধী দলের পক্ষ থেকে সঠিকভাবে গ্রামে শহরে, আধা শহরে এই সমস্ত চিট ফান্ডের বিরোধী দলের পক্ষ থেকে সঠিকভাবে গ্রামে শহরে, আধা শহরে এই সমস্ত চিট ফান্ডের আমানতকারীদের টাকা সুরক্ষা করা জন্য, বেকার যুবক যুবতীদের স্বার্থ সুরক্ষা করার জন্য সোচ্চার দাবি জানিয়েছিল। কিন্তু বিক্ষিপ্ত, অবিনস্ত ইতস্তত অর্থমন্ত্রী দৌড়ঝাঁপ লম্ফঝম্ফ করে কেন্দ্রীয় সরকার এবং রিজার্ভ ব্যাঙ্কের নাম করে তার রেফারেন্স দিয়ে নিজে কিছু অবিনস্ত পদক্ষেপ গ্রহন করেছিলেন। তার সুদূরপ্রসারী ফল হিসাবে গ্রামের এবং শহরের লক্ষ লক্ষ মানুষের সঞ্চয়ের সমস্ত টাকা পাবেন কিনা সেটা অনিশ্চিত।

লক্ষ লক্ষ বেকার যুবক যারা এই সংস্থাগুলোর সঙ্গে যুক্ত ছিল তাদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে গেছে। আমি তাই আপনার মাধ্যমে আবেদন করব, সরকার এই অবস্থার বিরুদ্ধে কি পদক্ষেপ নিলেন, কি সুস্পষ্ট পদক্ষেপ নিচ্ছেন তা জানাবার জন্য একটি শ্বেতপত্র

প্রকাশ করুন। রাজ্যের ২২৭টি সঞ্চয় সংস্থার মধ্যে বেছে বেছে মাত্র ১৩টি সংস্থার বিরুদ্ধে আঘাত করা হয়েছে। অথচ পিয়ারলেস, যাদের বিরুদ্ধে অনেক অভিযোগ আছে, এই সরকার তাদের কাছ থেকে কোটি কোটি টাকা ধার নিয়ে মাথা বিক্রি করে বসে আছে, তাদের সম্বন্ধে এই সরকার কোনও কথা বলছে না। আমি তাই দাবি করছি, এই সরকার শ্বেতপত্র প্রকাশ করুন।

**শ্রী বাদল জমাদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্র ভাঙড়ে ক্লাশ ফাইভে ভর্তি নিয়ে যে সমস্যা দেখা দিয়েছে সেই বিষয় উত্থাপন করছি। ক্লাশ ফাইভে উপচে পড়া ছাত্রদের ভর্তি করতে গিয়ে স্কুল কর্তৃপক্ষ এবং স্কুলের হেড-মাস্টার দিশাহারা হয়ে পড়ছেন। স্কুলে স্থানাভাবের জন্য ও ঘরের অভাবের জন্য তাঁরা ছাত্র ভর্ত্তি করতে পারছেন না। ক্লাশ টেস্ট নিয়ে যারা প্রতিভাবান, সেই সমস্ত ছাত্রদের তাঁরা ভর্তি করছেন। এমতাবস্থায় গৃহের সমস্যা যদি সমাধান করা যায়, ঘর যদি কিছু বাড়ানো যায় তাহলে ক্লাশ ফাইভে ঐ ছাত্রদের ভর্তি করা যায়। এই দিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয় আমি এই সভার দৃষ্টিগোচর করতে চাইছি। সাট্টা ডন রশিদ খানকে টাডা আইনে গ্রেপ্তার করা হবে কি হবে না, টাডা তার ক্ষেত্রে প্রযোজ্য হবে কি হবে না, এটি বিচার্য বিষয়। কিন্তু আমাদের যে বিষয়টি উদ্বিগ্ন করেছে তা হচ্ছে, সাট্টা ডন জেলখানার অভ্যন্তরে বসে টেপ রেকর্ডারে ইন্টারভিউ দিয়েছে, যা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। সে যে ইন্টারভিউ দিয়েছে তাতে আমাদের বিধানসভার মুখ্য সচেতককে নিয়ে কিছু মন্তব্য করা হয়েছে। সে বলেছে যে মুখ্য সচেতকের সঙ্গে রশিদ খানের বরাবরই যোগাযোগ ছিল এবং একে অপরের প্রয়োজনে সব সময়ে দাঁড়িয়েছে। এই অভিযোগ একজন সরকারি দলের চীফ হুইপের বিরুদ্ধে সে করেছে। সরকারি দলের চীফ হুইপের বিধানসভা পরিচালনার ক্ষেত্রে একটা দায়িত্ব থাকে, তাঁর বিরুদ্ধে এই রকম মারাত্মক অভিযোগ সে করেছে। তাঁর বিরুদ্ধে এই অভিযোগ সম্পর্কে তাঁর ক্লারিফাইয়িং স্টেটমেন্ট এবং এ সম্পর্কে তাঁর মতামত বা বক্তব্য কি, এই বিবৃতির সত্যতা সম্পর্কে তাঁর কি মত তা জানতে আমরা আগ্রহী। কারণ তা না জানতে পারলে এই মুখ্য সচেতককে মেনে কাজ করতে আমাদের পক্ষে অসুবিধা আছে। সরকারি দলের মুখ্য সচেতক হিসাবে তাঁকে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে হয়। সাট্টা ডনকে দেশবাসী সবাই ধিক্কার দিচ্ছে। আমরা চাই তার কঠোর সাজা হওয়া প্রয়োজন। সেই ব্যক্তি যাতে কোনওরকম প্রশ্রয় না পায়, তাকে কোনও রকম প্রশ্রয় না দেওয়া হয়, আমরা তার দাবি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আপনি জানেন যে পশ্চিমবাংলায় যে উপনির্বাচনটা হয়ে গেল, তারজন্য সরকারকে এবং জনগণকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু নির্বাচনের পরে যে পরিস্থিতিটা দেখা যাচ্ছে, শেসনকে সবাই ধন্যবাদ দিচ্ছে, কংগ্রেসও দিয়েছে, কিন্তু তারপরেও তারা বলছে

যে হাইপার রিগিং করা হয়েছে। 'দুষ্টের ছলের অভাব হয় না।'

[12-20 – 12-30 p.m.]

এর প্রতিবাদে তারা যেসব ব্যাখ্যা দিচ্ছেন এবং যেসব বিন্যাস করার চেষ্টা করছেন সেটা অত্যন্ত নিন্দনীয়। পশ্চিমবঙ্গের জনগণ যে রায় দিয়েছে সেই রায় আমরা সবাই মাথা পেতে নিয়েছি। তা সত্ত্বেও কংগ্রেস পক্ষ থেকে বিষয়টিকে নানাভাবে দেখানো হচ্ছে। আমাদের কাছে খবর আছে যে মুর্শিদাবাদ এবং শ্রীরামপুর ও উত্তরবঙ্গের কিছু কিছু জায়গাতে কংগ্রেস যে আচরণ করছেন, সেখানে দুষ্কৃতিকারীরা অশান্তি এবং দাঙ্গা করছেন। উত্তরবঙ্গের কিছু কিছু জায়গাতে দাঙ্গা বাধাবার চেষ্টা করছেন। মুর্শিদাবাদের কিছু জায়গায় সাম্প্রদায়িক দাঙ্গা বাধাবার চেষ্টা করা হচ্ছে। আমরা কংগ্রেসকে সাবধান করে দিতে চাই যে, পশ্চিমবঙ্গের জনগণের রায়কে কখনও অন্যদিকে নিয়ে যাবার চেষ্টা করবেন না। পশ্চিমবঙ্গের সাম্প্রদায়িকতা এবং ঐক্য বিঘ্নিত করার চেষ্টা করবেন না। আপনাদের হাজার প্রচেষ্টা থাকা সত্ত্বেও পশ্চিমবঙ্গের ঐক্য নষ্ট করতে পারবেন না।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ সমস্যার বিষয়ে মাননীয় মাধ্যমিক শিক্ষার ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, নতুন শিক্ষাবর্ষ শুরু হয়েছে। আমার বিধানসভা এলাকা কাটোয়াতে পঞ্চম এবং নবম শ্রেণীতে ছাত্রী ভর্তির ব্যাপারে বিশেষ সমস্যা দেখা দিয়েছে। ওখানে ৩টি গার্লস স্কুল আছে, তারমধ্যে ২টি হাই স্কুল এবং ১টি জুনিয়ার স্কুল। সেই কারণে ওখানে পঞ্চম শ্রেণীতে ভর্তির মেয়েদের বিশেষ সমস্যা দেখা দিয়েছে। নবম শ্রেণীতেও ওই একই সমস্যা দেখা দিয়েছে। বিগত কয়েক বছর ধরে জনসংখ্যা ক্রমশ বেড়েছে আমার এলাকাতে সেই অনুপাতে মেয়েদের পড়াশুনার সুযোগ পাচ্ছে না। এই ব্যাপারে শিক্ষা দপ্তরকে বারেবারে বলা সত্ত্বেও কিছু হয়নি, এইবার আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওখানে গার্লস হাইস্কুল এবং জুনিয়ার হাইস্কুল করা হোক। যেখানে আমার এলাকাতে সাক্ষরতা কর্মসূচি চলছে সেখানে মেয়েরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হবে এ হতে পারে না। স্ত্রী শিক্ষার যাতে বিকাশ ঘটে আরও বেশি করে ঘটে তারজন্য এই মুহূর্তে গার্লস হাইস্কুলের বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে এবং দশম শ্রেণী পর্যন্ত যাতে করা হয় তারজন্য অনুরোধ করছি। এই ৩টে স্কুলেই গৃহসমস্যা রয়েছে এবং অ্যাডিশনাল শিক্ষক নিয়োগ করে যাতে আরও বেশি সংখ্যক ছাত্রী ভর্তি করা হয় তারজন্য প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হোক। শিক্ষার অগ্রগতির সঙ্গে সামঞ্জস্য রেখে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্যন করছি যাতে এর ব্যবস্থা করা হয়। এখন সামার ভ্যাকেশন, এরপরেই জুন মাসে সমস্ত স্কুল খুলে যাবে এবং ভর্তির সমস্যা দেখা দেবে, সুতরাং এই বিষয়ে অবিলম্বে সিদ্ধান্ত নিন।

**শ্রীমতী মিনতী ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৫ই মে গঙ্গারামপুরে পৌরসভা নির্বাচন

অনুষ্ঠিত হয়েছে। সেখানে কংগ্রেস দলের সন্ত্রাস, গুন্ডামী টাকা ছড়ানোকে উপেক্ষা করে বামফ্রন্ট নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করেছে। গণতন্ত্রের ধ্বজাধারী দল কংগ্রেস তারা গুন্ডাদের দিয়ে ১৬ তারিখে বাড়ি বাড়ি গিয়ে মহিলাদের উপর আক্রমণ চালিয়েছে, শিক্ষিকাদের উপর আক্রমণ চালিয়েছে, প্রধান শিক্ষক এর উপর আক্রমণ চালিয়েছে। ওদের মস্তানদের আক্রমণে মীনা পাল গণতান্ত্রিক আন্দোলনের কর্মী তিনি গুরুতর আহত অবস্থায় বালুরঘাটের সদর হাসপাতালে চিকিৎসাধীন আছেন, ঐ কুন্ডাদের আক্রমণে হাবু মোহান্ত বালুরঘাটের সদর হাসপাতালে চিকিৎসাধীন আছেন। ওদের আক্রমনে প্রধান শিক্ষিকা সুশীলা সরকার, সর্বাণী সরকার, মিঠু সরকার, লক্ষ্মী সরকার, হৃদয়রঞ্জন চক্রবর্তী, উমা পাঠক, কল্পনা চক্রবর্তী এরা সকলেই গণতান্ত্রিক আন্দোলনের কর্মী, নেতা আক্রান্ত হয়েছেন। স্যার, ওখানে এই কংগ্রেস দলের গুন্ডারা প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে, অবিলম্বে তাদের গ্রেপ্তারের ব্যবস্থা করা হোক, এই ঘটনার আমি তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিগত কয়েক বছরের মতো এই বছরেও কলকাতার সংলগ্ন জেলায় এবং দক্ষিণবঙ্গে আন্ত্রিক যে ভাবে ছড়িয়ে পড়েছে তাতে কয়েক মাসের মধ্যে কয়েক হাজার লোক আক্রান্ত হয়ে হাসপাতালের দরজায় ঘুরছে। কলকাতার আই. ডি. হাসপাতালে ১০০ জন করে লোক রোজ ঢুকছে। খোদ রাজভবনেই আন্ত্রিক পড়েছে। এই ব্যাপারে স্বাস্থ্য দপ্তর যেটা বলেছিলেন গ্যাসট্রোএনট্রাইটিস সেটা নয় এটায় কলেরার জীবাণু পাওয়া গিয়েছে। এটা বলেছে ন্যাশনাল ইন্সটিটিউট অফ কলেরা এবং স্কুল অফ ট্রপিকাল মেডিসিন। আজকে সাধারণ মানুষ তারা উদ্বিগ্ন হয়ে দিন কাটাচ্ছে। পি. এইচ. ই. যারা জল সরবরাহ করে এবং স্বাস্থ্য দপ্তর এই দুটোর মধ্যে সমন্বয় থাকা দরকার। স্যার, আপনার নেতৃত্বে এখানে একটি স্বাস্থ্য বিষয়ক কমিটি রয়েছে, এই কমিটিকে অবিলম্বে দায়িত্ব দেওয়া হোক সমস্ত ব্যাপারটা অনুসন্ধান করে দেখার জন্য এবং আপনার কাছে তথ্য পেশ করার জন্য যাতে আগামী বছরগুলিতে আমরা গ্যাসট্রোএনট্রাইটিসের নাম করে যে কলেরা ঢুকে পড়েছে সেটা রুখতে পারি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, গত কয়েক মাস ধরে ভারতবর্ষের দক্ষিণ-পন্থী এবং বামপন্থী বিরোধী দলগুলি কেন্দ্রীয় সরকার এবং প্রধানমন্ত্রীর বিরুদ্ধে গ্যাট চুক্তি এবং ডাঙ্কেল চুক্তিকে কেন্দ্র করে প্রচার চালিয়েছে। কিন্তু তাদের সমস্ত প্রচারকে ব্যর্থ করে সম্প্রতি লোকসভার যে উপ-নির্বাচন হয়ে গেল তাতে ভারতবর্ষের মানুষ আবার কংগ্রেসকে সমর্থন জানিয়েছে। আপনি জানেন যে লোকসভা নির্বাচন হয়েছে তার মধ্যে ৫টিতে কংগ্রেস জয়লাভ করেছে, এইগুলি সারা ভারতবর্ষে ছড়ানো। মহারাষ্ট্রে একটি, মধ্যপ্রদেশ একটি, অন্ধ্রপ্রদেশ একটি, উড়িষ্যায় একটি সবেতেই উপ-নির্বাচনে কংগ্রেস বিপুলভাবে জয়ী হয়েছে। এতে প্রমাণ হয়েছে দক্ষিণপন্থী এবং বামপন্থীদের এই অপপ্রচার-এ সাধারণ মানুষ চিন্তিত হয়নি। পশ্চিমবাংলার লোকসভা নির্বাচনে যে মার্জিন ছিল সেটা ৮০ হাজার থেকে কমে ৩২ হাজার হয়েছে। হয়ত আমরা আরও সচেতন হলে এটা ঠেকাতে পারতাম, এটাকে আরও কম রাখা যেত। বিধানসভায় যে

উপনির্বাচন হয়েছে তাতে ভারতবর্ষের ক্ষেত্রে ১০টির মধ্যে ৫টিতে কংগ্রেস জয়ী হয়েছে, তার মধ্যে নাগাল্যান্ডের আসন আছে, হিমাচলের আসন আছে, কেরলের আসন আছে, পশ্চিমবঙ্গের আসন আছে, পাঞ্জাবের আসন আছে। ১০টির মধ্যে ৫টিতে কংগ্রেস জয়ী হয়েছে। এতে বোঝা যাচ্ছে কংগ্রেসের প্রতি এই দেশের মানুষের সমর্থন রয়েছে। আমাদের লোকসভায় যে সংখ্যাগরিষ্ঠতা ছিল সেটা বৃদ্ধি পেয়েছে, বামপন্থীদের সারা ভারতবর্ষের ক্ষেত্রে যে অবস্থা পশ্চিমবাংলায় আমরা দেখছি তারা কিছু আসন পেয়েছে, বি. জে. পি. সারা ভারতবর্ষে একটা আসন পেয়েছে, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কংগ্রেস সফলভাবে লড়াই করছে এটা হচ্ছে তার প্রমাণ।

[12-30 – 12-40 p.m.]

**শ্রী অনিল মোদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি গুরুত্বপূর্ণ বিষয়ে ত্রাণমন্ত্রী মহোদয়ের নিকট আবেদন করছি। আমার বিধানসভা এলাকার অন্তর্গত তমলুক দুই নম্বর ব্লকের কলুক এক নম্বর জি. পি. কলুক দুই নম্বর জি. পি. কাখর্দা জি. পি. রঘুনাথপুর এক নম্বর জি. পি.র উপর দিয়ে গত ১৮.৫.৯৪ তারিখে সন্ধ্যার সময় এক বিধ্বংসী ঘূর্ণিঝড় বয়ে যায়। এই ঘূর্ণিঝড়ে প্রায় ২০০ মিটার পরিধি নিয়ে পশ্চিম থেকে পূর্বে প্রায় ১০ কি. মি. ব্যাপী এলাকায় সম্পূর্ণ বিধবস্ত করেছে। ফলে এতদ এলাকার প্রধান অর্থকরী কৃষি ফসল মিঠা ও বাংলা পানের বোরোজগুলি সম্পূর্ণ ধ্বংস হয়েছে। একদম মাটিতে মিশে গিছে। এই ঘূর্ণিঝড়ে হাইস্কুল, জুনিয়ার হাইস্কুল ও প্রাইমারি স্কুলবাড়ির টালির চাল সম্পূর্ণ ধ্বংস হয়েছে। চারশটি বসতবাটির টালির চাল উড়ে গেছে, ঝড়ের চালাবাড়ি একটিও অক্ষত নেই। বহু পরিবার এখন আশ্রয়হীন। প্রায় ছয় কোটি টাকার মতো ফসল নষ্ট হয়েছে। গত/১৫.৫.৯১ তারিখে মেদিনীপুর ডিস্ট্রিক্ট লেভেল ফ্লাড রিলিফ কো-অর্ডানেশন কমিটির মিটিং হল। আর তার তিনদিন পর এই ঘূর্ণিঝড়।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৭ই এপ্রিল শিলিগুড়ি মহকুমা পরিষদের এবং দুটি কর্পোরেশনের নির্বাচন হয়েছে ১৫ই মে। সেদিন ১৭টি পৌরসভারও নির্বাচন হয়েছে এবং তারপরে ২৬শে মে একটি লোকসভা এবং দুটি বিধানসভার নির্বাচন হয়। এই নির্বাচনের মধ্যে দিয়ে এটাই প্রমাণিত হয় যে পশ্চিমবঙ্গে গত ৬,১৭৫ দিন ধরে এই রাজ্যে যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে, সেই সরকারের আমলে গণতন্ত্র সুরক্ষিত আছে। শুধু সুরক্ষিতই নয়, এই গণতান্ত্রিক প্রক্রিয়ায় নতুন নতুন করে মানুষ যুক্ত হয়েছে। মিথ্যাচার, কুৎসা, অপপ্রচার, এই সবের জবাব এই রাজ্যের মানুষ দিয়েছে। তারা চিৎকার করেছিল এখানে নাকি ভোট জালিয়াতি হয়, নির্বাচন হয়না। কিন্তু শিলিগুড়ি মহকুমা পরিষদের নির্বাচনে আটটি আসনেই বামফ্রন্ট জয়লাভ করেছে ; ১৭টি পৌরসভার মধ্যে ১২টি পৌরসভা পেয়েছে বামফ্রন্ট ; দুটি কর্পোরেশনের মধ্যে দুটিই পেয়েছে বামফ্রন্ট ; একটি লোকসভা আসনেও বামফ্রন্ট জয়লাভ করেছে এবং সন্দেশখালি বিধানসভায় যেখানে এই রাজ্যের তথ্যমন্ত্রী একজন প্রার্থী ছিল,

সেখানে ভোট অনেকদিন ধরে আটকে রাখা হয়েছিল, সেখানে বামফ্রন্ট বিপুল ভোটে জয়ল করেছে। এখানে বিরোধী-দলের একজন সদস্য একটু আগে বললেন তাকে বলি, বহরমপ্ কংগ্রেস শুধু পরাজিতই হয়নি—যারা জাতের নামে বজ্জাতি করেছে নজরুলের জন্মদিনে—নং বিধানসভা কেন্দ্রে, যেখানে '৯১ সালের নির্বাচনে কংগ্রেস জয়লাভ করেছিল, সেখানে কংগ্ বিধায়ক, এবার পরাজিত হয়েছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই সারা দেশের নির্বাচনের ব কুরনুলে মাত্র ২১ হাজার ভোটে কংগ্রেস প্রার্থী জয়ী হয়েছে, আর কেরলে কংগ্রেস একট আসন পাইনি, সেখানে এল. ডি. এফ সমর্থিত নির্দল প্রার্থী জয়ী হয়েছে, আর তামিলনাড় কংগ্রেসের জামানাত জব্দ হয়েছে। এতদিন ধরে যারা চিৎকার করছেন, সেই চিৎকারের জব জনগণ দিয়েছেন। সুতরাং এই রাজ্যের গণতন্ত্র সুরক্ষিত।

**শ্রী শিবদাস মুখার্জিঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী জটু লাহিড়ীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপন মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনীকেন্দ্র শিবপুর এলাক পানীয় জলের ভীষণ সঙ্কট চলছে। ১৯৮৪ সালে হাওড়া কর্পোরেশনের প্রথম নির্বাচনের স সেখানে পঞ্চায়েতের ৬টি ওয়ার্ড কর্পোরেশনে যুক্ত হয়। এই ৬টি ওয়ার্ডে ১০ বছরের ম পদ্মপুকুর ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট থেকে পাইপ বসিয়ে জল সরবরাহ করার ব্যবস্থা ক হয়নি। সেখানে আগে যে টিউবওয়েলগুলি ছিল তার ৬০ পারসেন্ট অকেজো হয়ে গিয়ে একদিকে সেখানে পদ্মপুকুর থেকে পাইপ লাইন বসিয়ে জলের ব্যবস্থা নেই অপর দি অধিকাংশ টিউবওয়েল খারাপ থাকার জন্য সেখানে মানুষ পানীয় জলের তীব্র সঙ্কটের ম পড়েছেন। তা ছাড়া আরও যে সমস্যাটা বড় হয়ে দেখা দিয়েছে সেটা হল সেখানে অধিকাং পুকুর ভরাট হয়ে বাড়িঘরদোর হওয়ার জন্য মানুষের বসতি বেড়ে গিয়েছে ফলে পানি জলের সঙ্কট আরও তীব্র হয়ে পড়েছে। সেখানকার মানুষকে দূরদূরান্তর থেকে পানীয় জ বয়ে আনতে হচ্ছে। মাননীয় পৌরমন্ত্রীর এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলব, শিবপুর বিধানস কেন্দ্রের বিস্তৃর্ণ অঞ্চলে যে পানীয় জলের সঙ্কট চলছে তা দূর করার জন্য পদ্মপুকুর থে জলসরবরাহ করার ব্যবস্থা হোক।

**শ্রী সুভাষ বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্য মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র রানাঘ এবং গোটা নদীয়া জেলায় পর পর কয়েকটি খুন হয়েছে এবং এতে জনজীবন বিপর্যস্ত হ পড়ছে। স্যার, এসব খুন কোনও রাজনৈতিক খুন বা ডাকাতি, রাহাজানির খুন নয়, এইস খুন হচ্ছে কংগ্রেস দলের দুটি গোষ্ঠীর মধ্যে অন্তর্কলহের ফলে। গতকালও কৃষ্ণনগরে এইরক খুন হয়েছে। সেখানে শিবদাসবাবু বলছেন, আমার লোক, চেয়ারম্যান গৌরী দত্ত বলছে আমাদের লোক নয়। রানাঘাটের অজয়বাবু এইভাবে খুন হয়েছে। এতে স্থানীয় মানুষ বিপর্য হয়ে পড়ছে। রানাঘাটে দীর্ঘদিন ধরে একটা শান্তিপূর্ণ আবহাওয়া বিরাজ করছিল কিন্তু কংগ্রেসে

দুটি দলের কলহের ফলে সেখানে একের পর এক খুন হচ্ছে। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে কঠোর হস্তে এগুলি বন্ধ করা হোক এবং যারা খুন করছে অবিলম্বে তাদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী প্রবীর বানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় বা বিধানসভা কেন্দ্রে ইছামতি নদীর পাশে খেজুর বাগান বলে একটা জায়গা আছে। সেখানকার অধিবাসীদের নদীপারাপার করার জন্য ভীষণ অসুবিধার মধ্যে পড়তে হয়। নৌকার ব্যবস্থা না থাকায় কখনও ভেলায় চড়ে আবার কখনও বা বাঁশের সাঁকো পেরিয়ে তাদের চলাচল করতে হয়। একটা বাঁশের উপর দিয়ে চলে এবং আর একটি বাঁশ ধরে তাদের চলাচল করতে হয়। যে কোনও মুহূর্তে সেখানে বড় ধরনের বিপদ ঘটে যেতে পারে। আমরা জানি যে পূর্ত দপ্তরের বাজেটের টাকা কম। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই বলব, এখনই সেখানে পাকা সেতুর বন্দোবস্ত করতে না পারলে টেম্পুরারি হিসাবে একটা কাঠের সেতুর ব্যবস্থা করে দিন। এটা হলে সেখানকার হাজার হাজার মানুষ উপকৃত হবেন। সেখানকার মানুষদের বিপদের হাত থেকে রক্ষা করার জন্য অবিলম্বে সেখানে একটি ব্যবস্থা করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

[12-40 – 12-50 p.m.]

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পূর্ব রেলওয়ের কর্তৃপক্ষ গত এক বছর ধরে যারা রেলের টিকিট পরীক্ষক তাদের উপর তুঘলকি আক্রমণ ও আচরণ করে যাচ্ছেন। এবং প্রত্যেকটি টিকিট পরীক্ষককে তারা নির্দেশ দিল, প্রতি চারজন বিনা টিকিটের যাত্রীকে ধরে জরিমানা করতে হবে, তারপর বলল ছয় জনকে ধরে জরিমানা করতে হবে, তারপর এখন আবার বলা হয়েছে আটটি করে কেস প্রতি টিকিট পরীক্ষক যদি না দিতে পারে তাহলে তার শাস্তি স্বরূপ তাকে শো কজ করা হবে এবং দূরবর্তী এলাকায় বদলি করা হচ্ছে। আমার ধারনা পূর্ব রেল কর্তৃপক্ষ টিকিট পরীক্ষকদের চাকরি বিপন্ন করে, টিকিট পরীক্ষকদের দায়িত্ব বেসরকারি সংস্থার হাতে দেবার চক্রান্ত হচ্ছে, আমি এর প্রতিবাদ করছি এবং পূর্ব রেলের এই অগণতান্ত্রিক সার্কুলারের প্রত্যাহারের দাবি জানাচ্ছি।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কালিয়াগঞ্জে চারটি গুরুত্বপূর্ণ রাস্তা আছে, অত্যন্ত বিজি রাস্তা, কিন্তু সেই রাস্তাগুলি বর্তমানে যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। বিশেষ করে কালিয়াগঞ্জ দেবগ্রাম রাস্তা, কাটোয়া ঘাট থেকে হিজলি মোড়, কালিয়াগঞ্জ থেকে পলাশী, আর দেবগ্রাম থেকে তেহট্ট ঘাট। এই চারটি গুরুত্বপূর্ণ রাস্তা দিয়ে দুটো জেলার যোগাযোগ ব্যবস্থা আছে। যদিও রাস্তার কিছু সংস্কার হয়েছে কিন্তু অধিকাংশ রাস্তারই

এমন দুরবস্থা, রিপেয়ারের পরও যানবাহন চলাচল করতে পারে না। তাই জরুরি ভিত্তিতে যাতে এই রাস্তাগুলো মেরামত করা হয় সেইজন্য আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষ করছি। পিচ এবং খোয়া দিয়ে যে ভাবে মেরামত করা হয়েছে সেইভাবে যদি সম্পূর্ণ মেরামত করা হয়, জরুরি ভিত্তিতে মেরামত করেন তাহলে ওখানকার জনসাধারণের যাতায়াতে সুবিধা হয়।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর একটা জরুরি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে শিক্ষাবর্ষ শুরু হয়েছে কিন্তু মফস্বলে দেখা যাচ্ছে বই কিনতে গিয়ে দোকানে কোনও বই পাওয়া যাচ্ছে না। কার কিছুদিন ধরে প্রকাশক এবং বিক্রেতাদের কর্মচারিদের ধর্মঘট চলছে। তার ফলে সারা বাংলা আজকে পাঠ্য পুস্তকের আকাল দেখা দিয়েছে। সরকার এই ব্যাপারে নীরব। যদি এখনই এ সম্পর্কে হস্তক্ষেপ না করা হয় তাহলে একটা সঙ্কট দেখা দেবে। তাই আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে বই সরবরাহের ক্ষেত্রে বই বিক্রির, বই কেনার যে সঙ্কট দেখা দিয়েছে তা নিরসনের জন্য অবিলম্বে হস্তক্ষেপ করুন এই দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রম মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা নিয়ে এই বিধানসভায় বহুবার আমি আলোচনা করেছি এবং একটা কলিং অ্যাটেনশন নোটিশের মাননীয় মন্ত্রী উত্তরও দিয়েছিলেন। কিন্তু আজও সমস্যাটির সমাধান হয়নি। আমার নির্বাচনী এলাকার মধ্যে অ্যাঙ্গাস জুট মিল—চাঁপদানিতে দীর্ঘ ৭/৮ মাস বন্ধ, ৫ হাজার মতো শ্রমিক বেকার হয়ে বসে আছেন। তাদের বকেয়া মাইনে দেওয়া হয়নি। মিল খোলার ব্যাপারে রাজ্য সরকার আজ পর্যন্ত কার্যকর ব্যবস্থা নিতে পারেননি। এর আগে মিঃ ব্রিয়ারলী, (কারখানার মালিক) ঐ কারখানার ব্যাপারে এখানে এসেছিলেন। তাঁদের আরও তিনটে জুট মিল আছে। সে সময় শ্রমিকদের সঙ্গে একটা আলোচনা হয়েছিল। কিন্তু রাজ্য সরকার কোনও রকম সহযোগিতা করতে এগিয়ে আসেননি। ফলে কারখানাটি ৭/৮ মাস ধরে বন্ধ রয়েছে। পাঁচ হাজারের মতো শ্রমিক অর্দ্ধাহারে, অনাহারে, স্যানিট্রেশন ইত্যাদি জরুরি সরবরাহ ব্যবস্থাগুলিও বন্ধ করে দেওয়া হয়েছিল। মাসখানেক আগে লগনদেও জুট মিল থেকে টাকা নিয়ে এসে শ্রমিকদের ৫০০ টাকা করে দেওয়া হয়েছিল এবং এক মাস জরুরি কাজগুলো চালিয়ে যেতে বলা হয়েছিল। সেই সময় শেষ হয়ে গেছে। ফলে আবার জরুরি সরবরাহ ব্যবস্থা সব বন্ধ হয়ে গেছে। ফলে সেখানে মহামারি দেখা দেবার সম্ভাবনা দেখা দিয়েছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে সরকারের কাছে দাবি করছি অবিলম্বে মিলটি খোলার ব্যবস্থা করা হোক এবং জরুরি বিভাগগুলি অবিলম্বে চালু করা হোক। এই প্রসঙ্গে আমি দাবি করছি মিঃ ব্রিয়ারলীর সঙ্গে রাজ্য সরকারের কি আলোচনা হয়েছে তা প্রকাশ্যে জানানো হোক। আমরা জানি তাঁর সঙ্গে রাজ্য সরকারের গোপনে আলোচনা হয়েছে, সংবাদপত্রেও কিছু জানতে

দেওয়া হয়নি। অথচ এর মধ্যে লুকোচুরির কি ব্যাপার আছে আমরা জানিনা! এই কারখানাটির সঙ্গে ৫ হাজার মতো শ্রমিকের স্বার্থ যুক্ত, রাজ্য সরকার প্রকাশ্যে বলুন অ্যাঙ্গাস জুট মিল খোলার জন্য রাজ্য সরকার কি ব্যবস্থা করছেন? কবে খুলবেন? সেটা জানার জন্যই আমি বিষয়টির প্রতি মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা উলুবেড়িয়া থানার দোরল গ্রামে গত ২৬ তারিখ এক শ্রেণীর সমাজ-বিরোধী ঘরদোরে আগুন লাগায়, ধানের গোলায় আগুন লাগায়, চাল-কল মেশিনে আগুন লাগায়। আমরা থানায় জানাই, সেখানে পুলিশ যায় এবং ক্যাম্প বসায়। তারপর সেখানে গতকাল আর একটা ঘটনা ঘটে—একজন লোক বাজার করতে যাচ্ছিল, তাকে ধরে এমন প্রহার করে যে তাকে হসপিটালে নিয়ে যেতে হয়। থানায় জানাবার পর সেখানে আবার পুলিশ গিয়েছে এবং ক্যাম্প বসিয়েছে। কিন্তু গতকাল রাত্রি দুটোর সময় উলুবেড়িয়া থানার এস. আই. গৌতম চট্টোপাধ্যায় এবং ও. সি. সুনীল গুহ ঐ এলাকার আবদুল রহমান নামে ৭ বছরের একটি ছেলেকে বাড়ি ঢুকে লাঠি দিয়ে এমন পেটায় যে তার পিঠে দাগ পড়ে যায় এবং ২৪ বছরের আতর আলিকেও মারধোর করেছে, তাকে অচৈতন্য অবস্থায় উলুবেড়িয়া হসপিটালে ভর্তি করতে হয়েছে। এস. আই. গৌতম চট্টোপাধ্যায় সেখানে বামফ্রন্টের নামে অকথ্য ভাষায় গালিগালাজ করেছে, এখনও করছে এবং মুসলমানদের বাড়িতে ঢুকে মেয়েদের ওপর অত্যাচার করছে, বাড়ি ঘর পুড়িয়ে দিচ্ছে। তাই আমি বিষয়টির প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

[12-50 – 1-00 p.m.]

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার খানাকুলে ২৪ পুর গ্রামে মুনডেশ্বরীর লেফ্ট এমব্যাঙ্কমেন্ট গত ১৯৯৩ সালের বন্যায় ভেঙ্গে গিয়েছিল, অনেক দিন চেষ্টার পরে এবং সেচ দপ্তরের সহযোগিতায় সেটা বাঁধার ব্যবস্থা হয়েছে, কিন্তু যে ভাবে বাঁধা হচ্ছে তাতে আবার জল এলে লাঠি ধুয়ে চলে যাবে। ওতে শাল বললার খুঁটি করে বস্তা করে লাঠি ভর্তি করতে হবে, এই ভাবে বরাবর বাঁধা হয়, কিন্তু এবারে সেচ-দপ্তর যেভাবে বাঁধছেন তাতে টাকাটা সমস্তটাই অপচয় হয়ে যাচ্ছে। ঐ এলাকার কৃষকেরা এবং সাধারণ মানুষ আশঙ্কা গ্রস্ত হয়ে উঠছেন, কেননা আবার ধুয়ে গিয়ে তাদের ফসল নষ্ট হবে। গতবারে হাজার হাজার বিঘা জমির ফসল নষ্ট হয়ে গেছে। এবারেও সেই আশঙ্কা দেখা দিয়েছে। যাতে শাল বললার খুঁটি দিয়ে বস্তা করে মাটি দিয়ে বাঁধা হয় সেই ব্যবস্থা করা দরকার, তা না হলে ওখানকার মানুষদের খুবই ক্ষতি হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমিসংস্কার মন্ত্রির দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্ব পূর্ণ বিষয় এখানে উত্থাপন করছি, স্যার, আপনি জানেন বামফ্রন্ট সরকার এই রাজ্যে ক্ষমতায় আসার পরে ঘোষণা করেছিলেন যে গ্রামাঞ্চলে চাষীদের সেচ এলাকায় ১২ বিঘা এবং অসেচ এলাকায় ১৮ বিঘা জমির খাজনা মকুব করে দেওয়া হল। কিন্তু এখন বামফ্রন্ট সরকারের এই খাজনা মকুবের ঘোষণা কার্যত প্রহসনে পর্যবসিত হতে চলেছে। সম্প্রতি ভূমি এবং ভূমিসংস্কার দপ্তর থেকে একটা নির্দেশ দেওয়া হয়েছে, তাতে বলা হয়েছে ১২ বিঘা সেচ এলাকায় এবং ১৮ বিঘা অসেচ এলাকায় খাজনা মকুবের সিদ্ধান্ত অব্যাহত হবে বটে তবে এই সিদ্ধান্ত স্বয়ংক্রিয়ভাবে কার্যকর হবে না। অর্থাৎ ১২ বিঘা এবং ১৮ বিঘার নিচে যাদের জমি তাদের প্রমাণ করতে হবে এবং তারজন্য তাদের সরকারের কাছ থেকে সার্টিফিকেট নিতে হবে। এই প্রসঙ্গে তাঁরা একটা সারকুলার দিয়েছেন, তাতে বলা হচ্ছে যে, এখন জমির করাতে গেলে বাংলার ১৪০০ সালের খাজনা দেওয়া হয়েছে দাখিলা দেওয়া হয়েছে এটা প্রমাণ দিতে হবে, যে প্রমাণ দিতে পারবে না তাকে ১৩৬২ সালের পয়লা বৈশাখ, অর্থাৎ ৪০ বছরের হিসাবে সুদসহ খাজনা তার থেকে আদায় করা হবে। যতক্ষণ না এটা দেওয়া হচ্ছে ততক্ষণ ১৩৮৫ সালের নুতন হারে খাজনা তার কাছ থেকে নেওয়া হবে। এইভাবে ১২ এবং ১৮ বিঘার নিচে যাদের ১/২ বিঘা জমি আছে তাদের কাছে এখন সুদ সহ খাজনা দেবার জন্য নোটিশ আসছে যাকে ২৬ টাকা খাজনা দিতে হতো তাকে এখন এক হাজার টাকা দেবার জন্য সুদ সহ নোটিশ এসেছে। প্রমাণ দেখাতে না পারলে তাদের জমি রেকর্ড হবে না, সেজন্য অনেকে প্রাণের দায়ে খাজনা দিতে যাচ্ছে। দাখিলা দেওয়ার ব্যাপারে দু নম্বর জমাবন্দি খাতা দেখতে বুঝতে পারা যাবে যা দপ্তরে আছে, তাই আমি মাননীয় মন্ত্রীকে বলছিলাম.......

(মাইক বন্ধ হওয়ায় মাননীয় সদস্য তাঁর আসন গ্রহণ করেন।)

**শ্রী তপন হোড় ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমি খাদ্য দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, গ্রাম বাংলায় চিনির যা দর হয়েছে তাতে প্রায় ১৯ টাকা পর্যন্ত দরে গ্রাম বাংলার লোককে চিনি কিনতে হচ্ছে, আরও একটু ইনটিরিয়রে ২০ টাকায় কিনতে হচ্ছে। জিনিসপত্রের যে ভাবে দাম বাড়ছে—আমরা জানি পেট্রোল, ডিজেল এ সবের দাম কংগ্রেস বাড়িয়েছে—সম্প্রতি চিনির দাম যেভাবে বাড়ছে—আমরা বিভিন্ন জায়গায় বলছি যে গ্যাট চুক্তির ফলে এইসব ঘটনা ঘটছে—কিন্তু চিনির দাম বাড়ার ব্যাপারে আমরা জানি কেন্দ্রীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে কেন্দ্রীয় অফিসারদের একটা সংঘর্ষ লেগেছে। রাজায় রাজায় যুদ্ধ হচ্ছে, আর উলুখাগড়াদের প্রাণ যাচ্ছে। সাধারণ গরিব মানুষকে ১৯/২০ টাকা দরে চিনি কিনতে হচ্ছে। এই অবস্থা পরিপ্রেক্ষিতে আমি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং বলছি যে উপযুক্ত পরিমাণে চিনি আমদানি করুন যাতে সাধারণ মানুষ সস্তা দামে চিনি পেতে পারে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি উপনির্বাচনের কংগ্রেসের সাফল্য নেই, কিন্তু সি. পি. এম. কে সিদ্ধান্তে উপনীত হতে হবে যে তাঁদের প্রধান শত্রু কে? কংগ্রেস না বি. জে. পি.? মাননীয় রবিনবাবু একটু আগে বললেন যে মাদ্রাজে কোথায় কংগ্রেস, বিহারে কোথায় কংগ্রেস?

বিহারে কোথায় কংগ্রেস? কিন্তু আজকে কোথায় বিজেপি? এই বিজেপিকে প্রতিহত করতে কংগ্রেস যা করেছেন তার প্রশংসা কিন্তু শোনা গেল না, কারণ ওদের অ্যাটিচ্যুডই হচ্ছে বিজেপি বাড়ুক। আজকে......

**মিঃ স্পিকার ঃ** মিঃ বন্দ্যোপাধ্যায়, এটা কি ধরনের মেনশন হচ্ছে? এটা হবে না আপনি বসুন।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গে বিভিন্ন নদীর ভেঙ্গে যাওয়া বাঁধগুলি সারাবার উদ্যোগ আয়োজন চলছে, কিন্তু দক্ষিণবঙ্গ ভাগিরথী নদীর তীরবর্তী বিভিন্ন বাঁধ আজকে অরক্ষিত রয়েছে। এই বিষয়টা এখানে আমরা বারবার বলেছি। আজকে ঐসব বাঁধ সংস্কারের অভাবে বিস্তীর্ণ এলাকা বিপদের মুখে রয়েছে। বর্ষা নামতে ১৫-২০ দিন বাকি রয়েছে, কাজেই অবিলম্বে বাঁধ সংস্কারের কাজে এগিয়ে না এলে বহু ধন-সম্পদ এবং জীবনহানী হতে পারে। তারজন্য ভাগিরথী নদীর তীরবর্তী বাঁধগুলি যাতে বর্ষার আগেই সংস্কার করা হয় তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করবার জন্য আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল খড়গপুরে টাটা মেটালিকস্ কারখানার উদ্বোধন করতে গিয়ে পশ্চিমবঙ্গের শিল্পনীতি সম্পর্কে মুখ্যমন্ত্রী যা বলেছেন তারজন্য তাঁকে সাধুবাদ জানাই। আজকে এটা স্পষ্ট যে, মুখ্যমন্ত্রীর মতের সঙ্গে সি. পি. এম. দলের বেশ ফারাক থেকে গেছে। মুখ্যমন্ত্রী বলেছেন—'আমাদের রাজ্যে মাল্টি-ন্যাশনালরা আসুন।' এটা উনি চান। মুখ্যমন্ত্রী বলেছেন—'টাটারা আমাদের দেশের গর্ব। আমি চাই টাটারা কৃষিতে এবং রপ্তানিতে আরও বেশি টাকা বিনিয়োগ করুন।' মুখ্যমন্ত্রী বলেছেন—'মালিকদের সঙ্গে শ্রমিকদের সংঘর্ষ করলে চলবে না, মালিকদের সঙ্গে সমঝোতা করে শিল্পের পরিবেশ সৃষ্টি করতে হবে।' তিনি বলেছেন যে, নতুন ডিলাইসেন্সিং এবং উদার নীতির ফলে পশ্চিমবঙ্গে আগে থেকে বেশি বিনিয়োগ হচ্ছে এবং পশ্চিমবঙ্গে ইস্পাতের মাসুল সমীকরণের ফলে এই রাজ্যের শিল্পপতিরা এগিয়ে যাচ্ছেন। আমরা চাই, মুখ্যমন্ত্রী সভা করে এসব কথা না বলে তাঁর পার্টি থেকে এটা গ্রহণ করবার ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডুয়ার্স অঞ্চল, বিশেষ করে টোটোপাড়া, জয়ন্তী এবং বকসা অঞ্চলে প্রচন্ড পানীয় জলের কষ্ট চলছে। কিছুদিন আগে জয়ন্তী এবং টোটোপাড়ায় ট্যাঙ্কারে করে পানীয় জল পাঠাবার ব্যবস্থা করা হয়েছিল, কিন্তু সম্প্রতি সেটাও

বন্ধ হয়ে গেছে। স্থানীয় এম. এল. এ. শ্রী সুশীল কুজুর, পঞ্চায়েত সমিতির সহসভাপতি শ্রী সুরেশ তালুকদারসহ আমি নিজে ঐসব অঞ্চল পরিদর্শন করতে গিয়ে দেখেছি, ওখানকার মানুষ জলের জন্য হাহাকার করছেন, এক-দেড় মাইল দূর থেকে তাদের পানীয় জল আনতে হচ্ছে। তারজন্য জয়ন্তী অঞ্চলে কয়েকটি বাচ্ছা আন্ত্রিকে মারা গেছে এবং সেখানে আরও মৃত্যুর আশঙ্কা রয়েছে। ওখানকার হাসপাতালে কোনও অ্যাম্বুলেন্স নেই। যেটা ছিল সেটাও ফালাকাটায় পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু বিভিন্ন খবরের কাগজে পড়ছি, টোটোপাড়ায় নাকি দারুণভাবে কাজ হচ্ছে, কিন্তু ওখানকার মুক্তারামবাবু বলছিলেন যে, তাদের কাছে কোনও কথা কেউ জিজ্ঞাসাও করেননি। সেজন্য জনস্বাস্থ্য কারিগরি বিভাগীয় এনার্জেটিক মন্ত্রীকে অবিলম্বে সেখানকার টোটোপাড়া, জয়ন্তী এবং জয়গাঁতে পানীয় জলের ব্যবস্থা, ট্যাঙ্কারের ব্যবস্থা করবার জন্য অনুরোধ রাখছি। জয়গাঁতে এত জলসঙ্কট, কিন্তু আমরা বারবার করে বলেছি যে সেখানে বৃষ্টির জল স্টোর করে রাখবার জন্য রিজার্ভার করা হোক। আজকে উত্তরবঙ্গ অবহেলিত, ঐ জেলার ব্যাপারে দপ্তর একেবারে অ্যাকটিভ নয়।

[1-00 – 2-00 p.m.] (including adjournment)

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বারে বারে অনুরোধ করেছি যে এই ব্যাপারে একটু অ্যাটেনশন দেওয়া হোক যাতে পরিশ্রুত পানীয় জল তাদের দেওয়া যায়। কিন্তু সেটা সেখানে দেওয়া হচ্ছে না। জলের জন্য সেখানে হাহাকার হচ্ছে। আন্ত্রিক রোগে অনেক শিশুর মৃত্যু ঘটেছে, একটা সাংঘাতিক অবস্থার সৃষ্টি হয়েছে। কাজেই আমি সঙ্গত কারণে অনুরোধ করছি, এখানে স্বাস্থ্যমন্ত্রী, জনস্বাস্থ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীও আছেন, আমি তারও অ্যাটেনশন ড্র করছি যে আপনি টাকা-পয়সা দিন এবং আমার এলাকায় যাতে আরও পানীয় জলের ব্যবস্থা করা যায়, সেই ব্যাপারে যদি কিছু অবহিত করেন তাহলে আমি বাধিত হব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই হাউসে আগেও বলেছিলাম, আপনি সাক্ষী রয়েছেন, যে পশ্চিমবাংলার সব জেলাগুলির কোনও হাসপাতালেই, এমন কি ব্লক-এর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র থেকে শুরু করে জেলা হাসপাতাল পর্যন্ত কোনও জায়গায় কুকুরে কামড়ানো রুগীকে যে অ্যান্টি র‍্যাবিট ভ্যাক্সিন দেয়, সেই ভ্যাক্সিন পাওয়া যাচ্ছে না। আমি এই হাউসে দাঁড়িয়ে সেদিন স্বাস্থ্যমন্ত্রীকে চ্যালেঞ্জ করেছিলাম। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন যে সব জায়গায় অ্যান্টির‍্যাবিট ভ্যাক্সিন পাওয়া যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আবেদন করব, আমাদের এই বিধানসভার একটা হেল্‌থের সাবজেক্ট কমিটি আছে। ডঃ গৌরী দত্ত তার চেয়ারম্যান এবং তরুণ অধিকারী তার সদস্য, যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ভুল তথ্য দিয়েছেন। গ্রামে-গঞ্জে ১৯৯৪ সালেও একটা মধ্যযুগীয় শ্রোত বয়ে আনছে জলাতঙ্ক রোগে মৃত্যু ঘটছে, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, জেলা হাসপাতালে অ্যান্টি র‍্যাবিট ভ্যাক্সিন পাওয়া যাচ্ছে না। আমার বিধানসভা এলাকা স্ববংয়ের বেশ কয়েকজন মানুষকে আমি নিজে কলকাতার শম্ভুনাথ পণ্ডিত

হাসপাতালে এবং পাস্তুর ইন্সটিটিউশনে পাঠাই সেখানে ভ্যাক্সিন দেবার জন্য। কিন্তু সেখানে কোনও ভ্যাক্সিন পাওয়া যায়নি। কাজেই আপনার মাধ্যমে আবেদন করব যে গরিব মানুষগুলির জন্য জেলা হাসপাতালে এবং প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে এই অ্যান্টি র‍্যাবিট ভ্যাক্সিন সরবরাহ করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় একটা আন্তরাজ্য মহিলা চোরাচালান চক্র বিশেষ ভাবে কাজ করছে। এরা মহিলাদের বিয়ে দেবার নাম করে ইউ. পি, বিহার, পাঞ্জাব ইত্যাদি জায়গায় চালান দিচ্ছে। পুলিশ এই ব্যাপারে কোনও সুরাহা করতে পারছে না। আমার যতদূর খবর, গত তিন মাসে ৭৫টি মেয়েকে এইভাবে পাচার করা হয়েছে। এই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই নিয়ে এখানে সকলের মধ্যে একটা আতঙ্ক দেখা দিয়েছে। প্রত্যেক গ্রামে একটা দালাল ফিট করা আছে। এদের মধ্যে ছেলে এবং মেয়ে উভয়েই আছে। তারা অসহায় মেয়েদের যাদের বাবা-মা নেই, মামার বাড়ি বা অন্য জায়গায় মানুষ হচ্ছে, তাদের উপরে এই কোপটা পড়ছে। বাংলা দেশেও কয়েকজনকে পাচার করা হয়েছে। আমি মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আমার এলাকায় একটা সেল করে এই চক্রের হদিস করা হোক। পুলিশ স্বীকার করেছে যে, এই রকম একটা চক্র রয়েছে, কিন্তু তারা করতে পারছে না। কাজেই এই চক্রকে ধরার জন্য একটা স্পেশাল সেল তৈরি করা হোক।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি যে সংবাদপত্রে প্রকাশিত হয়েছে যে পাকিস্থানের গোয়েন্দা সংস্থার ইন্টার সার্ভিস ইনটেলিজেন্স-এর একটা গুপ্ত চক্র কলকাতায় এবং পার্শ্ববর্তী জেলায় ঢুকে পড়েছে। তারা প্রায় ২ শত জনের মতো আত্মগোপন করে রয়েছে। বিভিন্ন জায়গায় তারা অন্তর্ঘাতমূলক কাজ করছে। আমাদের উদ্বেবেগের কারণ হচ্ছে, এদের একজন ধরা পড়েছে এবং পুলিশের কাছে সে স্বীকার করেছে যে প্রদেশ কংগ্রেসের অফিস, বিদ্যাসাগর সেতু এবং স্টক এক্সচেঞ্জ এই তিনটি জায়গায় অন্তর্ঘাতমূলক কাজ করা হবে বলে ওদের যে লিস্ট তাতে প্রকাশিত হয়েছে। আমরা বিধানসভার সদস্যরা এই ব্যাপারে উদ্বেগ প্রকাশ করছি। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে এই ব্যাপারে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে সেটা যদি আমাদের জানান তাহলে আমরা পশ্চিমবাংলার মানুষকে আশ্বস্ত করতে পারব।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি একটা বিষয় সংবাদপত্রে খুব প্রচারিত হতে দেখতে পাচ্ছি সেটা হচ্ছে যে আমাদের রাজ্যে বিভিন্ন শিল্প সংস্থার মালিকরা এবং কিছু সরকার এবং আধা সরকারি সংস্থার কর্তৃপক্ষ শ্রমিকদের যে প্রভিডেন্ট ফান্ডের বকেয়া টাকা সেই টাকা জমা না দেওয়ায় ব্যাপক অসন্তোষ সৃষ্টি হচ্ছে এবং কিছু কিছু

শিল্পপতিকে গ্রেপ্তার করা হয়েছে। আমরা দেখলাম শিল্পপতি যারা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেননি তাদের গ্রেপ্তারের নাম করে একটা নাটক তৈরি করা হচ্ছে। দীর্ঘদিন ধরে রিজিওনাল প্রভিডেন্ট ফান্ড কমিশনার আপনাদের দৃষ্টি আকর্ষণ করেছেন যে এই সমস্ত শিল্প সংস্থার মালিকরা প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছে না, তাদের গ্রেপ্তার করা হোক, তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হোক। কিন্তু সরকারের মালিক তোষণ নীতির ফলে শ্রমিক বিরোধী নীতির ফলে এই সমস্ত মালিকরা বেপরোয়া হয়ে পড়েছে এবং দিনের পর দিন শ্রমিকদের সেই মাথার ঘাম পায়ে ফেলার টাকা থেকে বঞ্চিত করেছে। ইতিমধ্যে আমরা লক্ষ্য করেছি শিল্পপতিরা মাননীয় মুখ্যমন্ত্রীর উপর প্রভাব বিস্তার করে, এই ব্যাপারে সরকারকে কোনও অ্যাকশন নেওয়া থেকে বিরত করতে পেরেছে বলে সংবাদত্রে প্রকাশিত হয়েছে। এই অবস্থার মধ্যে দিয়ে লক্ষ লক্ষ শ্রমিক একটা অসহায় অবস্থার মধ্যে রয়েছে। রাজ্য সরকারের এতো ব্রুট মেজরিটি থাকা সত্ত্বেও, এতো নির্বাচনে জেতার পরেও এত সংখ্যক বিধানসভায় সদস্য থাকা সত্ত্বেও কেন এই সমস্ত মালিকদের ভয় পাচ্ছেন, কেন মালিক গোষ্ঠীর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছেন না? সরকারের মালিক তোষণ নীতির ফলে আজকে লক্ষ লক্ষ শ্রমিক অসহায় হয়ে পড়েছে। অবিলম্বে এই ব্যাপারে সরকারকে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।

## STATEMENT UNDER RULE - 346

**Mr. Speaker :** Now, the Hon'ble Finance Minister will make a statement.

**Dr. Asim Kumar Dasgupta :**

Sir,

I beg to make the following statement on the setting up of the State Finance Commission.

In terms of sub-section (1) of Section 206A of the West Bengal Panchayat Act, 1973, (West Bengal Act XLL of 1973), read with Clause (1) of article 243-I, and clause (1) of article 243 Y, of the Constitution of India, the State Government has decided to constitute the West Bengal Finance Commission consisting of the following members to review the financial position of the Panchayats and the Municipalities in the State :-

1) Shri Satyabrata Sen - Chairman

2) Prof. Nripendra Nath Bandyopadhyay - Member

3) Shri Prasad Ranjan Roy, Secretary,
Public Health Engineering, Government
of West Bengal - Member

2. The Chairman and the other members of the Finance Commis-
ı shall hold office for one year from the date of this notification.

3. The Finance Commission shall make recommendations to the
'ernor as to,—

(A) in the case of the Panchayats,—

(a) the principles which should govern—

(i) the distribution between the State and the Panchayats of the net proceeds of the taxes, duties, tolls and fees leviable by the State, which may be divided between them under Part of the Constitution and the allocation between the Panchayats at all levels of their respective shares of such proceeds;

(ii) the determination of the taxes, duties, tolls and fees which may be assigned to, or appropriated by, the Panchayats,

(iii) the grants-in-aid to the Panchayats from the Consolidated Fund of the State;

(b) the measures needed to improve the financial position of the panchayats;

(B) in the case of the Municipalities,—

(a) the principles which should governor—

(i) the distribution between the State and the Municipalities of the net proceeds of the taxes, duties, tolls and fees leviable by the State, which may be divided between them under Part IXA of the Constitution and the allocation between the Municipalities at all levels of their respective shares of such proceeds;

(ii) the determination of the taxes, duties, tolls and fees which may be assigned to, or appropriated by, the

Municipalities ;

(iii) the grants-in-aid to the Municipalities from the Consolidated fund of the State ;

(b) the measures needed to imporve the financial position of the Municipalities ;

(c) any other matter referred to the Commission by the Governor in the interests of sound finance of the Municipalities.

4. The Finance Commission shall determine its procedure and shall have such powers in the performance of its functions as may be conferred on it by rules made by the State Government under sub-section (5) of section 206A of the West Bengal **Panchayat** Act, 1973 (West Ben. Act XLI of 1973).

(At this Stage the House was adjourned till 2.00 p.m.)

[2-00 - 2-10 p.m.] **(After Recess)**

## LEGISLATION

**Mr. Speaker :** With the permission of the House I am taking up the West Bengal Metropolitan Planning Committee Bill, 1994 and the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994 first.

### The West Bengal Metropolitan Planning Committee Bill, 1994

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Metropolitan Planning Committee Bill, 1994.

...(Secretary then read the title of the Bill)...

**Dr. Asim Kumar Dasgupta :** Sir I beg to move that the West Bengal Metropolitan Planning Committee bill, 1994 be taken into consideration.

(After adjournment)

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে এখানে মাননীয় অর্থমন্ত্রী যে বিল এনেছেন সেটাকে আমি তীব্র বিরোধিতা করছি। এই বিরোধিতার কারণ যে, আপনি

যে স্টেটমেন্ট অফ অবজেকটস্ অ্যান্ড রিজিন্সে বলেছেন সেখানে The Constitution (Seventy fourth Amendment) Act, 1992, further provides, inter alia that the Legislature of a State may, by law, make provision with respect to the composition of the Metropolitan Planning Committee subject, of course, to the guidelines mentioned there. কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে যে, কনস্টিটিউশনের কথা বললেও সেখানে কনস্টিটিউশনের গাইড লাইন মেনে এই বিল আনেন নি। সেখানে আর্টিকেল ২৪ এর জেড্ (ই) থেকে কোট করতে চাই There shall be a constituted committee in every municipal area and metropolitan planning committee to prepare a draft development plan for the metropolitan area as a whole, (2) The Legislature of a State may by law make provision with respect to the composition of metropolitan.

The manner in which the Committee shall be constituted provides that—not less than 2/3rd members shall be elected from amongst the elected members of the Municipality and the Chairperson of the Panchayat in the rural area in proportion to the ratio etc. Representatives in such a Committee of the Government of India and the Government of the State and all such organisations and institutions as may be deemed necessary for carrying out the functions assigned to such Committees.

তারপরে বলছে The function relating to planning and coordination for he rural areas which may be assigned. এবং লাস্টলি বলছে the manner in which chairperson of such Committee shall be chosen. অর্থাৎ কন্সটিটিউশন যটা বলছে আপনার গাইড লাইন ঠিক না করে আপনি এই বিল কখনই আনতে পারেন না। এবং সংবিধান উল্লেখ করছেন আপনার বিলের মধ্যে এবং স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনে বলেছেন, কিন্তু আপনি সংবিধানকে ফলো করছেন না। ২৪৩ (জেড) এতে য ভাবে আপনাকে কমিটিতে দিক নির্দেশ করার কথা বলেছে সেইভাবে বিল পালন করা চ্ছে না। আপনি এখানে বলেছেন প্ল্যানিং কমিটিতে থাকবে টু থার্ড ইলেকটেড এবং ওয়ান থার্ড নমিনেটেড বাই দি স্টেট গভর্নমেন্ট এটা আপনি কখনই করতে পারেন না। আপনি তক্ষণ পর্যন্ত বাই ল গাইড লাইন ঠিক না করেন এই যে ওয়ান থার্ড নমিনেটেড বাই দি স্টট গভর্নমেন্ট বলছেন রাখবেন এটা আপনি করতে পারেন না। কারণ, তার আগে একটা াইড লাইন থাকতে হবে এবং লেজিসলেশন ল ফ্রেম্ড করতে হবে এবং তার পরে গাইড াইন ঠিক করে আপনাকে বলতে হবে যে আপনি কি পদ্ধতিতে এই কমিটি তৈরি করবেন। ারণ আপনি কোথাও পরিষ্কার করে বলেননি জেলাতে কমিটিতে কতজন সদস্য থাকবে, বড় জলার ক্ষেত্রে কি বেসিসে, ছোট জেলার ক্ষেত্রে কি ভাবে হবে, এটা কি পপুলেশন ওয়াইজ মিটি হবে, ইনভেস্টমেন্ট ওয়াইজ হবে, কিসের ভিত্তিতে হবে? আপনি যদি এ ক্ষেত্রে

মেট্রোপলিটান প্ল্যানিং কমিটির গাইড লাইন ঠিক করতে না পারেন তাহলে যে পদ্ধতিতে আপনি এই বিল আনতে চাচ্ছেন সেটার টোটালি বিরোধিতা করছি। আপনি এটা বলছেন না নাম্বার অফ সিটস কতজন সদস্য বিশিষ্ট হবে, যতক্ষণ পর্যন্ত না কমিটির আয়তন জানা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত বড় জেলা এবং ছোট জেলার ক্ষেত্রে কি স্ট্রাকচার হবে, কিসের ভিত্তিতে এটা হবে। এখানে বলেছেন ওয়ান থার্ড নমিনেটেড হবে সেই মনোনীতরা তাদের ক্ষেত্রে কি ক্যাটিগোরি লোক আনবেন, আপনি শুধু বলেছেন ওয়ান থার্ড নমিনেটেড হবে, এই মনোনীতরা এই কমিটির চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সেক্রেটারি সবই অ্যাপয়েন্টেড হবে, অ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট, এটার ক্ষেত্রে আমাদের চূড়ান্ত বিরোধিতা রয়েছে। আপনি এই পদ্ধতিতে সমস্ত গুরুত্বপূর্ণ পদগুলিতে এইভাবে অ্যাপয়েন্টেড বাই দি স্টেট গভর্নমেন্ট করতে পারেন না। এই কমিটির করার ক্ষেত্রে আইডিয়াল কি? যারা নির্বাচিত সদস্য এবং মনোনীত সদস্য হবে তাদের ক্ষেত্রে পার্থক্য কি থাকবে? মনোনীত সদস্যদের ভোটাধিকার থাকবে কিনা। আপনি নির্বাচিত সদস্যদের নিয়ে একটা কমিটি করলেন তার পরে আপনি নমিনেটেড মেম্বারদের দিয়ে কমিটিতে সব ঢুকিয়ে দিলেন, তারপরে দেখা গেল নির্বাচিত কমিটি মনোনীতদের জন্য সেই কমিটি তাদের সংখ্যাগরিষ্ঠতা হারিয়ে ফেলল। এখানে পরিষ্কার বলতে হবে নির্বাচিত সদস্যদের ভোটিং রাইট থাকবে, মনোনীত সদস্যদের ভোটিং রাইট থাকবে কিনা, আমার মনে হয় কখনই পার্লামেন্টারি ডেমক্রেসিতে মনোনীত সদস্যদের ভোটিং রাইট থাকা উচিত নয়, এই ভোটিং রাইট থাকবে কি থাকবে না এটা আপনাকে পরিষ্কার করে বলতে হবে। এই বিল আনতে গেলে এই বিল সম্বন্ধে পরিষ্কার করে বলতে হবে।

[2-10 – 2-20 p.m.]

আপনি একটা জিনিস বলেছেন, ইলেকশন যেগুলো হবে, সেগুলো পপুলেশন ওয়াইজ হবে, কিন্তু জেলা স্ট্রাকচারের ক্ষেত্রে আপনি পরিষ্কার করে বলেননি পপুলেশন ওয়াইজ হবে কি না। এই বিল সম্বন্ধে আমি আপনাকে একটা সাজেশন দিতে চাই, কাদের নিয়ে এই কমিটি হওয়া উচিত। The following persons are to be inducted. এটা আমি বলেছি, আরেকটা হচ্ছে persons having special knowledge or experience in municipal administration and town and country planning. আপনি ক্যাটাগরিকালি এইগুলি ক্লিয়ারলি মেনশন করেননি। আপনি কমিটিতে কাদের রাখবেন? পরিবেশ সম্পর্কে যাদের অভিজ্ঞতা আছে তাদের কি? কারণ এখন পরিবেশ নিয়ে চারিদিকে নানারকম কথাবার্তা হচ্ছে, তাদের এই কমিটিতে রাখতে পারেন Members of the House of people and the members of the legislative assembly representing constituencies which comprise wholly or partly the area assigned to the committee. আপনি তাদের এই কমিটিতে রাখতে পারেন, আপনি কিছু শিল্পপতিকে রাখতে পারেন, যারা এই মেট্রোপলিটান প্লানিং-এ কাজকর্ম করছে। আপনাকে একটা নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি নিয়ে এই কাজটা করতে হবে। নির্দিষ্ট দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ না করে, হঠাৎ করে একটা ওয়েস্ট বেঙ্গল

মেট্রোপলিটন প্লানিং বিল আপনি উপস্থিত করে দিলেন! যার জন্য আমাদের পক্ষে এটাকে সমর্থন করা সম্ভব হচ্ছে না। এর পরে ফিনান্সিয়াল মেমোরেন্ডামে আপনি স্টেট বলেছেন, At this stage, the Constitution of the Metropolitan Planning Committees will not involve any expenditure from the consolidated fund of the State. But after the Committees have been set up it will be necessary to incur expenditure on account of hiring of buildings for the office of the Committees, purchase of the furniture of the office, salaries of the officers and staff of the Committees, their travelling allowance etc. It is, however, not possible to indicate in precise term the financial implication involved in implementing the provision of the Bill when enacted and brought into force. আপনি একটা মেট্রোপলিটন কমিটি তৈরি করবেন, তার একটা অফিস অ্যাডমিনিস্ট্রেশন থাকবে, তাদের অ্যালাউন্স দেবেন, আপনার তো একটা ফিনান্সিয়াল ইমপ্লিকেশন থাকা দরকার। অ্যাকচুয়ালি এটা ফিনান্স বিল হওয়া উচিত ছিল। কিন্তু আপনি এটাকে ফিনান্স বিল বলেননি। আপনি একটা সুয়ো-মোটো বলে দিলেন—এখানে কোনও ফিনান্সিয়াল ইমপ্লিকেশন নেই। এখানে টাকা-পয়সার ব্যাপার আছে, এটার জন্য বাজেটারি প্রভিসন দরকার। আপনি জেলায় জেলায় একটা করে অ্যাডমিনিস্ট্রেশন সেট আপ করবেন এবং পাঁচ বছর অন্তর একটা করে কমিটি করবেন। তাদের অ্যালাউন্স দেওয়া হবে, দপ্তর পরিচালিত হবে, দপ্তরের একটা গাড়ি থাকবে, এরজন্য কি পরিমাণ ফিনান্সিয়াল ইমপ্লিকেশন হওয়া দরকার, সেটার ব্যাপারে চিন্তা করা দরকার, নইলে এটা সম্পূর্ণ হতে পারে না। আমরা যে কারণে বার বার বলছি, যে কমিটিগুলো আপনারা তৈরি করছেন—কিন্তু আপনাদের রাজ্য সরকারের কমিটিগুলো তৈরি করার ক্ষেত্রে দলবাজি করার প্রবণতা আছে। হয়তো একটা ব্রড বেসড অ্যাটিচ্যুড নিয়ে মেট্রোপলিটন কমিটি করেছেন। এর আগে কলকাতাতেও হয়েছিল। আপনারা ওয়েস্ট বেঙ্গলের ক্ষেত্রেও সেটা আনতে চাইছেন, এর পরে এই বিষয়টা আলোচনা হবে। প্ল্যানিং কমিটিগুলো যে স্ট্রাকচারে আপনারা গঠন করতে চাইছেন, তাতে মূল উদ্দেশ্য কোনওভাবেই সাধিত হচ্ছে না। হয়তো সংবিধানের যে ধারা অনুযায়ী উপস্থাপিত করা হচ্ছে, কিন্তু তাও এখানে সঠিকভাবে মানা হচ্ছে না।

যতক্ষণ পর্যন্ত না আপনি গাইড লাইন ফ্রেম করতে পারছেন ততক্ষণ পর্যন্ত অর্থাৎ এই গাইড লাইন ফ্রেম না করে আপনি কোনও অবস্থাতেই এই বিল আনতে পারেন না। সেইজন্য আবার রিপিট করছি, লেজিসলেশন, 'ল' ফ্রেম করে, গাইড ঠিক করে তার পরের পদক্ষেপ হিসাবে এই বিলটা নিয়ে আসুন। সেখানে সুস্পষ্টভাবে আপনাকে বলতে হবে, এই কমিটির সদস্য সংখ্যা কত হবে, ইলেকটেড বাদে অর্থাৎ যারা নমিনেটেড হবেন কিসের ভিত্তিতে তারা নমিনেটেড হবেন। চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সেক্রেটারির মতোন সবগুলি গুরুত্বপূর্ণ পদে সবটাতেই আপনাদের ইচ্ছামতোন মনোনীত হবেন, ইলেকটেড মেম্বারদের সে ক্ষেত্রে কোনও ভূমিকা থাকবে না এটাই আমরা এখানে দেখছি এবং এমন কথাও বিলে

আছে যে চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, সেক্রেটারি, যদি কখনও দুর্ঘটনায় পড়েন বা মারা যান কিম্বা পদত্যাগ করে সরে যান তারপরে যখন নমিনেশনের প্রশ্ন আসবে সেটাও আপনারা স্টেট গভর্নমেন্টের মধ্যে দিয়ে করবার কথাও এই বিলে বলেছেন। এই কারণে আমাদের মনে হয়েছে যে গোটা ব্যাপারটার মধ্যেই আবার নতুন করে দলবাজি করার জন্য আপনারা ক্ষমতা নিচ্ছেন এবং তার প্রবণতা এর মাধ্যমে পরিলক্ষিত হচ্ছে। তাই আমরা বলছি, আরও সুস্পষ্টভাবে এবং পরিষ্কারভাবে এই বিলটা আমাদের সামনে উপস্থাপিত না করলে কোনও অবস্থাতেই আমরা এটা মেনে নিতে পারছি না। সুতরাং আপনাকে বলব, ফ্রেশ বিল নিয়ে আসুন। একটা নতুন উদ্যোগ নিয়ে বড় কাজ করতে যাচ্ছেন কাজেই সব কিছু দেখে করা দরকার। মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি সম্পর্কে মানুষের অনেক অভিযোগ আছে। এর আগে যখন কলকাতা শহরে হয়েছিল, মেট্রোপলিটন এরিয়াতে, আরবান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের টিঅ্যান্ড সি পি. অ্যাক্ট, সেখানে কিন্তু আমাদের অভিজ্ঞতা খুব খারাপ ছিল। সে সম্পর্কে পরবর্তীকালে ওয়েস্ট বেঙ্গল আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যানিং নিয়ে যখন আলোচনা হবে তখন সৌগতবাবু বলবেন। তখন রডন স্কোয়ারের ব্যাপারটা ছিল। সেখানে ভবতোষ দত্ত মহাশয়কে চেয়ারম্যান করে যে কমিটি হয়েছিল তার থেকে ভবতোষ দত্ত মহাশয়কে পদত্যাগ করে চলে যেতে হয়েছিল। আপনারা বললেন, রডন স্কোয়ারে বানিজ্যিক কমপ্লেক্স হবে. সেখানে কমিটিতে আপনাদের মেজরিটি ছিল এর ফলে ভবতোষ দত্ত-এর মতোন মানুষকে কোনও রকমে পালিয়ে বাঁচতে হল। সেই কারণে বলছি, এই বিল অসম্পূর্ণ এবং মানুষের সত্যিকারের প্রয়োজনের স্বার্থে এই বিল দিক নির্দেশ করতে পারে নি এবং এর পেছনে নিশ্চয় অন্য উদ্দেশ্য আছে। সেইজন্য আমরা মনে করি পুনরায় গুছিয়ে সমস্ত দিক বিবেচনা করে ঠিকঠাক করে এই বিল হাউসে উপস্থিত করুন। এই বিলের আমরা বিরোধিতা করছি এবং সংবিধানের নির্দেশ মেনে এই বিল আবার হাউসের সামনে আনার দাবি জানাচ্ছি।

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই সভায় যে 'দি ওয়েস্ট বেঙ্গল মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি বিল, ১৯৯৪ উত্থাপন করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমার প্রথম কথাই হচ্ছে, এই বিলটি খুবই সময় উপযোগী হয়েছে। স্যার, এই বিলের স্বপক্ষে দু-চার কথা বলার আগে প্রথমে আমি বিরোধী দলের মাননীয় সদস্য সুদীপবাবু যে কথাগুলি বললেন সে সম্পর্কে কয়েকটি কথা বলব। এই বিলের উদ্দেশ্য কি, এই বিলে কি আছে সে সব কথায় না গিয়ে বিরোধী দলের মাননীয় সদস্য সুদীপবাবু তার বক্তব্যে দেখলাম শুধুমাত্র ছিদ্রান্বেষণে ব্যস্ত থাকলেন। স্যার, আপনি জানেন, ভারতবর্ষের নগরায়নের ব্যাপারে মূল কথাটিই হচ্ছে যে পশ্চিমবঙ্গসহ সারা ভারতবর্ষে এই নগরায়ন অপরিকল্পিতভাবে হয়েছে। বৃটিশ আমল থেকে শুরু করে স্বাধীন ভারতবর্ষে সেই একই ধারাবাহিকতা বজায় রাখা হয়েছিল। আমাদের দেশে বা রাজ্যে শিল্পায়নের যে কথা বলা হয় এখানে শিল্পায়নের কথা চিন্তা করতে হলে নগরায়নের কথাটা বাদ দিয়ে কেবলমাত্র শিল্পায়নের কথা চিন্তা করা যায় না। এ দুটি পরস্পর পরস্পরের পরিপূরক

সুতরাং নগরায়ন, শিল্পায়ন একসঙ্গে চলবে এবং অত্যন্ত পরিকল্পিতভাবে একে চলতে হবে।

[2-20 – 2-30 p.m.]

আজকে গোটা দুনিয়াময়, পৃথিবীর বিভিন্ন দেশে পরিবেশ সম্বন্ধে সচেতনতা বৃদ্ধি ঘটেছে এবং সেই কারণে খুব সঙ্গতভাবে আজকে আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যের নগরায়ন করতে গেলে একটা পরিপূর্ণ প্ল্যানিং-এর প্রয়োজন রয়েছে। আমাদের বিগতদিনের অভিজ্ঞতা ছিল, প্ল্যানিং-এর ক্ষেত্রে যে সমস্ত কমিটি হত সেই সমস্ততে সাধারণভাবে নির্বাচিত জন- প্রতিনিধিদের কোনও ভূমিকা খুব গৌণ থাকত। আমি এখনি এখানে নির্বাচিত প্রতিনিধিদের একটা মুখ্য ভূমিকা দেওয়া হয়েছে, সেটা কাম্য। তার মানে এটা যদি কেউ করেন যে কোনও একটা প্ল্যানের ক্ষেত্রে কেবলমাত্র নির্বাচিত জনপ্রতিনিধিরা মুখ্য ভূমিকা দেবেন, এক্সপার্ট বলুন, প্ল্যানার্স বলুন, স্ট্যাটিসটিশিয়ান বলুন বা ইঞ্জিনিয়ারদের কথা বলুন, তাদের কোনও ভূমিকা থাকবে না সেটা ঠিক নয়। আবার এটাও ঠিক নয়, যে অঞ্চল ঘিরে এই প্ল্যানিং হবে সেই অঞ্চলের নির্বাচিত প্রতিনিধির সেই জায়গার অবস্থান এবং গুরুত্ব সম্পর্কে ধারাবাহিক ধারণা রয়েছে, সেই অঞ্চলের টোপোগ্রাফি সম্বন্ধে ধারণা আছে। সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সেই কারণে এই যে বিলে প্রতিনিধিদের যে রেশিও করা হয়েছে, সেটা ভিত্তি করা হয়েছে সেটাকে আমি সমর্থন করছি। পরের বিষয় হচ্ছে আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, সেটা হচ্ছে যে আমাদের স্টেট প্ল্যানিং বোর্ড আছে এবং ডিস্ট্রিক্ট প্ল্যানিং বোর্ড তৈরি করা হয়েছে। এই নূতন বিলে এই যে ১০ বয় বা তার উপর যে সমস্ত অঞ্চলের জন্য মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি গঠন করা হবে, সেই যে মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি হবে, সেটা যদি কোনও একটা নির্দিষ্ট ডিস্ট্রিক্টের মধ্যে তার অবস্থান হয়, সেই ক্ষেত্রে ডিস্ট্রিক্ট প্ল্যানিং বোর্ড এবং মেট্রোপলিটন প্ল্যানিং কমিটির সঙ্গে তার সম্পর্ক কী, রিলেশন কী হবে? এটা জানা প্রয়োজন রয়েছে। পরের বিষয় হচ্ছে যে আমাদের খুব সঙ্গত হয়েছে যে ধরুন আমি যদি বলি আমাদের শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশন, যেটা কিছুদিন আগে মিউনিসিপ্যালিটি ছিল, এই শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ভোটার সংখ্যা আড়াই থেকে ২.৭৫ লক্ষ জনসংখ্যার কম, কিন্তু শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের কনটিগুয়াস এলাকাগুলো ধরলে ১০ লক্ষের বেশি। সেখানে যেমন শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের মেম্বার থাকবে, লাগোয়া পঞ্চায়েত এলাকার প্রতিনিধিরাও থাকবে, তার সঙ্গে ১০ লক্ষ জনসংখ্যার প্রসারিত আরও কয়েকটি মিউনিসিপ্যালিটি আসবে। তাহলে এই যে কনটিগুয়াস হবে, সেই অঞ্চলে আপনি বলেছেন আপনার বিলে যেখানে জনসংখ্যা যে রকম হবে, সেই জনসংখ্যার ভিত্তিতে সেই প্রতিষ্ঠানের নির্বাচিত জনপ্রতিনিধির রেশিওর ভিত্তিতে রিপ্রেজেন্টেশন সেই কমিটির মধ্যে আসবে। এটা ঠিক আছে। কিন্তু সেটা করতে গিয়ে আপনি যেটা বলেছেন যে, এই যে প্ল্যানিং কমিটি হল, প্ল্যানিং কমিটি তারা তাদের রেকমেন্ডেশন ইত্যাদি দিলেন, এবার যখন সেটা একজিকিউশন পার্টে আসবে, সেখানে রিসোর্স মোবিলাইজেশনের ক্ষেত্রে, সেখানে শেয়ারিং এর প্রশ্নটা কী রকম হবে, অর্থাৎ সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে কী পারসেন্টেজ পাওয়া যাবে, স্টেট গভর্নমেন্ট

কী দেবে এবং লোকাল রিসোর্স মোবিলাইজেশন কী ভাবে হবে এই সব জিনিস কি মন্ত্রী মহাশয় চিন্তা করেছেন। তা যদি করে থাকেন তাহলে কিছুটা সুবিধা হবে। কারণ আজকে কোনও প্ল্যানিং-এর ক্ষেত্রে কেবলমাত্র রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের ওপর নির্ভরশীল থাকা যায় না, লোকাল রিসোর্স মোবিলাইজেশনের কথা অবশ্যই চিন্তা করতে হয়। কিন্তু লোকাল রিসোর্স মোবিলাইজেশনের ক্ষেত্রে ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশন এরিয়ার যে ক্ষমতা আর জেলা স্তরের কোনও একটা অঞ্চলের কনটিগুয়াস এরিয়া ধরে এবং আগামী ৫০ বছরের কথা চিন্তা করে—১০ লক্ষ জনসংখ্যা অধ্যুষিত অঞ্চলের—সেখানকার লোকাল রিসোর্স মোবিলাইজেশনের ক্ষমতা কি এক হবে? এই বিষয়টা একটা বিবেচনার মধ্যে রাখার প্রয়োজন আছে বলে আমি মনে করি।

শেষ কথা আমি যেটা বলতে চাই, সেটা হচ্ছে যে, এই যে বিল আজকে এখানে উপস্থাপিত করা হয়েছে এই বিলটাকে আমি সময়োপযোগী বলছি এবং আমি একে সমর্থন করছি। তথাপি আমি একটা প্রশ্ন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি—মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং কমিটির কথা চিন্তা করেছিলেন। এই বিলটা অনুমোদিত হলে আগামী দিনে ক্যালকাটা মেট্রোপলিটন প্ল্যানিং কমিটির ভবিষ্যত কী হবে? ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিগুলির সঙ্গে মেট্রোপলিটন প্ল্যানিং কমিটির সম্পর্ক কী হবে এবং তারা কীভাবে স্টেট প্ল্যানিং বোর্ডের সঙ্গে যোগাযোগ রেখে কাজ করবে? এই তিনটির পারস্পরিক সম্পর্কের বিষয়ে আপনি কী ভাবে চিন্তা করেছেন, একটু জানাবেন। এই কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়ের এই বিলকে পরিপূর্ণ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, মাননীয় মন্ত্রী অসীম দাশগুপ্ত 'দি ওয়েস্ট বেঙ্গল প্ল্যানিং কমিটি বিল, ১৯৯৪ এনেছেন। এর সম্পর্কে আমার কিছু সমালোচনা আছে। আমার মনে হয় যে, এই বিলটা উনি তাড়াহুড়া করে এনেছেন, যথেষ্ট না ভেবে এনেছেন, সে জন্য বিলটার মধ্যে মৌলিক ত্রুটি রয়ে গেছে। বিলটায় আমরা কিছু অ্যামেন্ডমেন্ট দিয়েছি, পরে সেগুলোর আলোচনা হবে। স্যার, আগে আমি বিলের ত্রুটিগুলো এখানে উল্লেখ করতে চাই। দু'জন মন্ত্রী কন্সটিটিউশন অ্যামেন্ডমেন্টের ওপর বিল করেছেন। একজন, বিনয়বাবু সঠিকভাবে করলেন, কিন্তু আর একজনেরটা ডিফেকটিভ, এটাই আমি এখানে দেখাবার চেষ্টা করছি। কন্সটিটিউশনের ২৪৩ (জেই)-তে কমিটি ফর মেট্রোপলিটন প্ল্যানিং কিভাবে হবে তা বলা আছে—তার ২/৩ মেম্বার ইলেকটেড হবে এবং তাঁরা কি কি করবেন তাও বলা আছে। সেটাই উনি কন্সটিটিউশন থেকে এখানে তুলে দিয়েছেন। লাইন বাই লাইন অসীমবাবুর বিলের মধ্যে তুলে দেওয়া হয়েছে—যেমন ৪(এ) ওয়ান টু ফোর এবং পরেরটা হচ্ছে সংবিধানের ২৪৩ জে ই (৩)। পরের-টা উনি একদম টুকে দিয়েছেন। কিন্তু যেখানটায় ডিফেক্ট সেখানটা সুদীপবাবু ইতিমধ্যেই দেখিয়েছেন। সেটা হচ্ছে, বাকি ১/৩ মেম্বার কি ভাবে ইলেকটেড হবেন, কাদের মধ্যে থেকে স্টেট গভর্নমেন্ট তাঁদের অ্যাপয়েন্টমেন্ট দেবেন, এই ব্যাপারটা সম্বন্ধে উনি বিলে কিছু বলেননি। বিলটা এই জন্যই ডিফেক্টিভ। আমি অসীমবাবুকে জিজ্ঞাসা করছি যে, বিনয়বাবু একটা বিল

এনেছিলেন—'ওয়েস্ট বেঙ্গল ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি বিল, ১৯৯৪' এবং ওটাও ৭৪-তম অ্যামেন্ডমেন্ট অনুসারেই আনা হয়েছিল। বিনয়বাবু তাঁর বিলে বলে দিয়েছিলেন যে, কে কে থাকবে, 'সাবজেক্ট টু প্রভিসন 'subject to provisions, the State Govt. appoints the members referred to therein and such members shall include (a) The Sabhadhipati of Zilla Parishad (b) District Magistrate of the District, and (c) such other members, as the State Govt. may think fit to choose from amongst (1) Sabhapatis of the Panchayat Samitis within the district (ii) MLAs and MPs, elected from the area comprising any part of the district (iii) the Officers of the State Govt. or any statutory body or Corporation deemed by the State Govt. to have specialized knowledge (iv) the Chairpersons of the Municipalities within the District or, in the case of the Sub-division of Siliguri in the district of Darjeeling, within the Sub-division, (v) the economists and social & Political workers of eminence..'

[2-30 – 2-40 p.m.]

তার মানে একটা ক্লিয়ার কাট বিষয় বিনয়বাবুর বিলে দেওয়া হয়েছিল, ডি. পি. সি.তে কাদের কাদের মধ্যে ওয়ান থার্ড মেম্বার অ্যাপয়েন্ট করবেন। মাননীয় অসীমবাবু পন্ডিত মানুষ, নূতন দপ্তরের ভার পেয়েছেন, ওয়ান থার্ড বিনয়বাবুর বিলে দেওয়া গেল, অসীমবাবুর বিলে দেওয়া গেল না। সেটা উনি ভেগ রেখে গেলেন। এর উত্তর মন্ত্রীর কাছ থেকে পাইনি। এ পর্যন্ত বিলটা ডিফেক্টিভ রয়ে গেছে। আপনার এ ক্ষেত্রে স্পষ্ট সাজেশন হচ্ছে মন্ত্রীর বিলটা রিটার্ন করুন, কমপোজিশন করে দিন আর্বাণ ডেভেলপমেন্ট মিনিস্টারকে চেয়ারম্যান করুন, প্রত্যেকটা ক্ষেত্রে ভাইস চেয়ারম্যানকে ইলেকটেড করুন ২০ মেম্বার মানে টু-থার্ড মিউনিসিপ্যাল বডিস, পঞ্চায়েতগুলি থেকে গ্রহণ করা হোক। বাকিগুলি ফিক্স করে দেওয়া যাক। যে রকম বিনয়বাবু কিছুটা করেছেন। Secretary, Urban Development Department, Secretary—State Industry Department, Director-Town and country Planning, Secretary-Transportation, Environment, Health.

একজন মেম্বার ফাইনান্স থেকে, একজন মেম্বার ইঞ্জিনিয়ার থেকে একজন স্পেশাল প্ল্যানিং থেকে, একজন ইকনমিস্ট আসবে, মেম্বার ফাইনান্স থেকে একজন এইভাবে এক্সপার্ট আসবে, যদি এইভাবে অসীমবাবু বিলটা তৈরি করতেন তাহলে কমপ্লিট কমপোজিশন হত। আমার মনে হচ্ছে কোনও হোম ওয়ার্ক না করেই এই বিলটা নিয়ে এসেছেন, এখানে প্রত্যেকটা প্রফেশনাল বডিস থেকে লোক এনে ওঁর এই জিনিসটা পূরণ করতে হবে,এবং আমি যে অ্যামেন্ডমেন্টগুলি এনেছি আপনি দেখবেন সেখানে এই ব্যাপারটা বলেছি, এর উপর জোর দিয়েছি এবং বিশেষ করে ইন্সটিটিউট অফ টাউন প্ল্যানিং, আমার সঙ্গে তাদের যোগাযোগ হয়েছিল তাঁরা সংবিধানের ৭৪ তম সংশোধনীর ভিত্তিতে কি কি চেঞ্জ করা দরকার সেটা

ওয়ার্ক আউট করে দিয়েছিলেন। কিন্তু মাননীয় মন্ত্রী যে কোনও কারণেই হোক তাড়াহুড়ো মধ্যে এনে এই বিল প্ল্যানিংয়ের দিকটা দেখেন নি, না দেখে তাড়াহুড়ো করে এনে এটা নি এসেছেন। আমার আরও সাজেশন হচ্ছে প্ল্যানিংয়ের জন্য একটা আলাদা ডাইরেক্টরেট তৈ করা হোক। আর্বাণ ডেভেলপমেন্ট ডাইরেক্টরেটকে নিয়ে একটা ডাইরেক্টরেট হোক, তার কার আজকে পশ্চিমবঙ্গে সবচেয়ে বেশি আন-প্ল্যান্ড গ্রোথ ইন আর্বান এরিয়া হয়েছে। তাই এ আমি চাই। আমি একটা অ্যামেন্ডমেন্ট দিয়ে বলেছি কন্সটিটিউট এ Constitute a Direc torate of Metropolitan planning within the helm of the Metropolitan De velopment Authority constituted/to be constituted under Town and Coun try (plannning and Development) Act 1979 in the metropolitan area t provide organisational support for preparation of Draft Development pla for the Committee." সুতরাং একটা কমপ্লিট স্ট্রাকচার যদি অ্যাজ এ হোল-এর জন্য ন থাকে তাহলে মন্ত্রীর এটা ডিফেক্টিভ থেকে যাবে। আমি দেখছি এখানে টাউন প্ল্যানিংয়ে একজন মন্ত্রী, তিনি হচ্ছেন প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্টেরও মন্ত্রী, অন্যদিকে আমাদের আর্বা ডেভেলপমেন্টের আলাদা একজন মন্ত্রী আমরা দেখছি ; দুই ডিপার্টমেন্ট তাদের স বসে—কোনও কো-অর্ডিনেশন নেই—এই কো-অর্ডিনেশনটা যদি করা হত ফাইনান্স ও প্ল্যানি ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট—দুটি দপ্তরের মন্ত্রীরা এবং তাঁদের অফিসাররা বসে, তাহলে এ ধরনের ডিফেক্টিভ হত না। যেখানে একদম একটা নট স্পেসিফিক ব্যাপার এনে দিয়েছে এবং আমার মনে হয় সেখানে একটা সিরিয়াস ডিফেক্ট রয়ে গিয়েছে। পরবর্তীকালে টাউ অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টের উপর বলব তখন প্রথমে দেখাব কিভাবে এই মন্ত্রী তাড়াহুড়ে করে মেগাসিটি প্রকল্প নিয়ে ফেলেছেন এবং এর ফলে তাঁদের দলের মধ্যে থেকে মেগাসিটি বিরোধিতা হয়েছে। এই প্রকল্পটা আমি দেখাব কি রকম। সেটা পরের বিলে বলব। আমি মন্ত্রীদের অনুরোধ করব এই বিলটা ডিফেকটিভ এটা দেখুন এবং বিলটা ওয়ার্ক আউট করুন। যদি সংবিধানের নিয়ম রক্ষা করে প্রত্যেকটি জিনিস আপনি নিয়ে প্রকৃত মেট্রোপলিটন প্ল্যানি এর জন্য বিলটা উইথড্র করে কমপ্লিট বিল নিয়ে আসেন আমরা কথা দিচ্ছি, বিনা ডিবেটে এ' বিলটাকে পাশ করিয়ে দেব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী অসীম দাশগু মহাশয় 'দি ওয়েস্ট বেঙ্গল মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি বিল, ১৯৯৪ যা সভায় নি এসেছেন তাকে আমি সমর্থন করি। বিলটার টেকনিক্যালিটিজ নিয়ে কিছু প্রশ্ন এখানে উঠে এবং প্রশ্নগুলো সুদীপবাবু ও সৌগতবাবু তুলেছেন। তাঁরা এর টেকনিক্যালিটিজের মধ্যে কিছু টেকনিক্যাল ডিফেক্টস-এর অভিযোগ করেছেন এবং তারজন্য বিলটাকে ফিরিয়ে নেবার কথাও বলেছেন, কিন্তু এর উদ্দেশ্য নিয়ে বিশেষ বিরোধিতা করেছেন বলে মনে হয়নি। তাঁরা টেকনিক্যাল ত্রুটি নিয়ে কিছু সাজেশনস রেখেছেন। একথা আমরা সকলেই জানি যে, এই ধরনের একটি বিল কিভাবে এই রাজ্যে প্রয়োজনীয় হয়ে উঠেছে। আজকে যেভাবে বিভি জায়গায় নতুন নতুন আরবান এরিয়া ডেভেলপড হচ্ছে এবং তার ফলে সেখানে যেভাবে

রাস্তাঘাট, কলকারখানা এবং বিভিন্ন ধরনের বস্তি গড়ে উঠছে সেটা বৈসাদৃশ্য এবং তার ফলে সেসব অঞ্চল কুৎসিত আকার ধারণ করেছে। আবার একটি মেট্রোপোলিসে যে রিসোর্সেস আছে সেগুলো সঠিকভাবে ব্যবহার করবার দিকে পরিকল্পনার ত্রুটি থাকবার ফলে সেসব সম্পদের সঠিক ব্যবহার হচ্ছে না এবং তার ফলে মেট্রোপোলিসের ল্যান্ড, মানুষের হেল্‌থের ডেভেলপমেন্ট ওয়ার্কস এত তাৎক্ষণিক দৃষ্টিভঙ্গিতে সামনে রাখা হচ্ছে যার ফলে আগামী দিনে সেগুলো আর কাজে লাগবে না। কিন্তু তার জন্য টাকা ব্যয় হচ্ছে। কাজেই এটা পরিকল্পিতভাবে হওয়া দরকার এবং সেটাই করতে হবে। আমরা দেখি এই ধরনের মেট্রোপোলিসে এই রাজ্যের গ্রাম থেকে উঠে মানুষ বিনা পরিকল্পনায় বিভিন্ন জায়গায় হস্তক্ষেপ প্রয়োজন যাতে তাকে সঠিক জায়গায় নিয়ে আসা যায়। আজকে এই যে বিল এসেছে তার মধ্যে দিয়ে যে কমিটি সাজেস্ট করা হয়েছে সেই কমিটি যদি সঠিকভাবে পদক্ষেপ গ্রহণ করেন তাহলে এই মুহূর্তে আমরা কিছু জায়গা ধরে কাজটা শুরু করতে পারব। কিন্তু ব্যাপারটা এতই অপরিকল্পিতভাবে হয়েছে যে তার ফলে কলকাতা, যাকে লার্জ ভিলেজ বলা হয়, যাদের পাশ্চাত্য শহরগুলি সম্বন্ধে অভিজ্ঞতা আছে, সেখানকার টাউন প্ল্যানিং সম্বন্ধে অভিজ্ঞতা রয়েছে তাঁরা বলবেন যে মহানগরী বলতে যা বুঝায় তার ছিঁটেফোঁটাও আমাদের এই কলকাতা শহরের নেই।

[2-40 – 2-50 p.m.]

সুতরাং মন্ত্রী মহাশয় দুঃসাহসের সঙ্গে এই বিষয়টি ধরবার চেষ্টা করেছেন, বোঝার চেষ্টা করেছেন এবং গোটা জিনিসটা তিনি মাথায় নিয়েছেন। কাজেই টেকনিক্যালিটির প্রশ্ন তুলে বা এটা আরও বেশি সুন্দর হতে পারত, কিন্তু হল না, এই ভাবে ফ্রাস্টেট করা উচিত নয় বলে আমি মনে করি। এই বিষয়ে উৎসাহিত করা দরকার। কাজে হাত দেবার পরে পরবর্তীকালে এর পরিবর্তন আনা যেতে পারে কিন্তু যেটা চিন্তাভাবনা করা হয়েছে তাকে মেটেরিয়েলাইজ করার জন্য এই ধরনের প্ল্যানিং কমিটির যে সাজেশন করা হয়েছে, আমার মনে হয় এটা ইনিসিয়াল স্টেজে দুঃসাহসিক কাজ হয়েছে। এটা শুরু করার পরে এর পরিধি বৃদ্ধি করা, প্রয়োজন হলে অ্যামেন্ডমেন্ট আনা, এগুলি করা যেতে পারে। প্রথম দিকে এই যে পদক্ষেপ নেওয়া হয়েছে, এটা দুঃসাহসিক পদক্ষেপ, সঠিক পদক্ষেপ এবং এটা আরও বেশি সমর্থনযোগ্য হয়েছে। এটা শুধু মহানগরের প্রশ্ন নয়, আমরা দেখছি যে মহানগরের পাশাপাশি ১০ লক্ষ পপুলেশন আছে এই ধরনের মেট্রোপলিটন এরিয়া তৈরি হয়ে গেছে। আমাদের কলকাতা শহরের পাশে বর্ধমান জেলা শহর। বর্ধমান জেলা শহরের যে পপুলেশন, সেখানে ১০ লক্ষ ছাড়িয়ে গেছে। এই পপুলেশন যে ভাবে বাড়ছে তাতে দুই শতক বাদে মানুষের শ্বাসরুদ্ধ করে দেবে। এই রকম আরও কতকগুলি শহর আছে যেগুলি সম্পর্কে ভাবা দরকার। কাজেই এটা সময়োচিত হয়েছে। এই যে বিল আনা হয়েছে, এই সম্পর্কে সৌগতবাবু বলেছেন যে স্পেসিফিকভাবে বলা দরকার অর্থাৎ ওয়ান থার্ড মেম্বার যারা ইলেকটেড হবেন, সেটা স্পেসিফায়েড হওয়া দরকার। আমি সৌগতবাবুকে বলব যে আপনি আশ্বস্ত থাকতে পারেন। কারণ এটা স্পেসিফায়েড ভাবে না বললেও, এই ধরনের কমিটি যেটা হবে তাতে চেয়ারম্যান,

ভাইস-চেয়ারম্যান যাদের দেওয়া হবে হবে এবং ওয়ান থার্ড মেম্বার যারা আসবেন, সে দৃষ্টিভঙ্গিতেই তাদের আনা হবে। আমার মনে হয় মাননীয় মন্ত্রী মহাশয়ের সেই দৃষ্টিভ আছে। এক্সপার্ট যারা আসবেন, তারা যাতে কমিটিকে গাইড করতে পারেন সেই ধরনের আনা হবে। আপনি যেটা স্পেসিফায়েডভাবে বলা দরকার বলে বলছেন, সেটা না বললে এটা ইমপ্লাইড থেকে যাচ্ছে। কাজেই এইভাবে কমিটি করার জন্য আপনি যেটা ভাবছে সেটা ভাবার কোনও কারণ নেই। যেসব বিশারদ মানুষ আসবে তারা রাজ্য সরকারে নির্দেশমতো চলবে—এটা ভাবার কোনও কারণ নেই। কাজেই মন্ত্রী মহাশয় যে পদক্ষে নিয়েছেন, তার স্বপ্ন যাতে সঠিকভাবে রূপায়িত হয় সেজন্য আমাদের সহযোগিতা করা উচিৎ এই কথা বলে, এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়েস্ট বেঙ্গল মেট্রোপলিটা প্ল্যানিং কমিটি বিলের উপরে আলোচনায় অংশ গ্রহণ করতে গিয়ে এই বিলের সমর্থনে এব বিরুদ্ধে মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা যে সংশোধনী এনেছেন, তার বিরোধিতা কা কতকগুলি বিষয়ের উপরে আমি দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমত সংবিধানের ৭৪তম সংশোধনী ভিত্তিতে মূল যে সংশোধনী আইন-সেটা কিন্তু ইতিমধ্যে বলা উচিত—তার ভিত্তিতে রেটিফিকেশ মাননীয় পৌরমন্ত্রী অর্ডিনেন্স-এর মাধ্যমে ইতিমধ্যেই করে ফেলেছেন—যেটা ৩১শে মে'র মধ্যে সংবিধানগতভাবে করার প্রয়োজন ছিল, সেটা হয়ে গেছে।

আজকে যে বিলটা আনলাম, এর কোনও নির্দিষ্ট সময়সীমা ছিল না, তাড়াহুড়ো করা বিষয় নয়, চিন্তা করেই বিলটা নিয়ে এসেছি। এখন বিলটার প্রয়োজন এই যে, আইনে প্রয়োজনীয় অঙ্গ হিসাবে, সংশোধনী আইনের প্রয়োজন হিসাবে এই ছোট বিলটা আন হয়েছে। তার কারণ সংশোধনের ২৪৩ (জে. ই) ধারায় লেখা আছে যে, রাজ্যের যদি কোনও এলাকা মেট্রোপলিটান এলাকা বলে স্পেসিফায়েড হয় তাহলে সেই এলাকার সামগ্রিক পরিকল্পনা সমন্বয় করে করার জন্য এই একটা মেট্রোপলিটানে প্লানিং কমিটি গঠন করতে হবে। এখানে সময়টা নির্দিষ্ট করে বলা নেই। এই মেট্রোপলিটান এলাকা বলতে কি বলা হয়েছে? সংবিধানে যা বলা আছে আমরা বিলের মধ্যে একই কথা বলেছি। সংবিধানে বলা আছে যে জনসংখ্যা ১০ লক্ষ বা তার বেশি হতে হবে এবং এলাকার মধ্যে দুই বা ততোধিক পৌরসভা থাকতে হবে, পঞ্চায়েতও থাকতে পারে এবং এক বা একাধিক জেলার উপর ব্যাপ্তি হতে পারে। প্রথম একটা প্রশ্নের উত্তর দিয়ে রাখি যেটা মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায় রেখেছেন বস্তুত প্রতিটি সংজ্ঞা মেনে সি. এম. ডি. এ এলাকার বাইরে এখানে একটা মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি গঠন করার সুযোগটা নেই। ১০ লক্ষের বেশি জনসংখ্যা কোথাও নেই। কিন্তু কিছু এস. জে. ডি. এ এলাকা আসতে পারত। ছোট জেলা বনাম বড় জেলা এই প্রশ্ন এই মুহূর্তে কিন্তু অবান্তর এবং তার জন্য আমরা রাখিনি। এটা বলে রাখি এখানে। এর পরের প্রশ্নতে আসি। একটা এলাকার ক্ষেত্রে মূল চিন্তাটা আছে। যদিও এই ৩১শে মে'র মধ্যে করার প্রয়োজন ছিল না তবুও আমরা এনেছি চিন্তা করে। মেট্রোপলিটান প্ল্যানিং

কমিটির উদ্দেশ্যটা কি? উদ্দেশ্য হল এই এলাকার মধ্যে যে পৌরসভা এবং পঞ্চায়েতগুলি আছে তারা যে পরিকল্পনাগুলি করছে সেইগুলিকে সমন্বয় করা একটা অগ্রাধিকারের ভিত্তিতে। বলতে পারেন একটা সামগ্রিক ইনভেস্টমেন্ট প্ল্যান তৈরি করা। এই প্ল্যানটাকে ওরা ড্রাফ্‌ট ডেভেলপড প্ল্যান বলছে। ক্লজ (৩)-তে হুবোহু—ঠিকই বলেছেন মাননীয় সদস্য সৌগত রায়—সংবিধানে যে যে কথাগুলি বলা আছে ঠিক সেটা মেনেই, তার থেকে এতটুকু ব্যতিক্রম না করে এর মধ্যে অন্তর্ভুক্ত করেছি। এখানে একটা প্রশ্ন উঠেছে যে এই কমিটির কমপোজিশন নেই। কমিটির কম্পোজিশনের ব্যাপারে সংবিধানে বলা আছে, সেখানে অনুপাতটা বলা আছে, আয়তনটা বলা নেই। অনুপাত বলা আছে অন্তত দুই-তৃতীয়াংশ সদস্য হবেন একটা নির্বাচনের মাধ্যমে তাঁরা নির্বাচিত হবেন এবং তাঁদের ইলেকটোরেট হচ্ছে পৌরসভাগুলির পৌর প্রধান ওই এলাকায় যা আছে এবং পঞ্চায়েত। এই পঞ্চায়েত মানে কিন্তু ত্রিস্তর পঞ্চায়েত, জেলা পরিষদের সভাধিপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি এবং গ্রাম পঞ্চায়েতের প্রধান। এই দলের মধ্যে যারা আছেন তাঁরাই ইলেকটোরেটটা ফর্ম করবেন। এখানে এই সদস্যদের মধ্যে আবার গ্রাম এবং শহরের মধ্যে যে অনুপাতটা হবে সেটা জনসংখ্যার ভিত্তিতে হবে। বাকি এক-তৃতীয়াংশ মনোনীত হবেন। এটা কিন্তু সরাসরি সংবিধানে বলা আছে। এখন প্রশ্ন উঠেছে এই মনোনীতটা কীভাবে করবেন? সেটা আপনারা কিন্তু পরিষ্কার করে বলেননি। না, এটা পরিষ্কার করে বলা আছে। আমরা এটা কোথায় করব? এটা দেখবেন ক্লজ (১১)-এ এটা আমরা রুলে করব। আমি আনন্দিত যে মাননীয় সদস্য সৌগত রায় একটা প্রশ্ন তুলেছেন। আমার কাছে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি বিলও আছে, আমি জানতাম এটা আলোচনায় উঠবে এবং মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি বিলও আছে। মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরির নির্দেশে আমরা জন একত্রিত বসে এবং পঞ্চায়েত মন্ত্রী সূর্য মিশ্রকে নিয়ে বসে আমরা দুটি বিল একসঙ্গে াফ্ট করি। দুটির একটা পরিবর্তন যেটা আছে সেটা তফাৎটা দয়া করে লক্ষ্য করুন। জেলা রিকল্পনা কমিটির যেহেতু অভিজ্ঞতাটা ১৯৮৫ সালের থেকে, প্রথম জেলা পরিকল্পনা কমিটি আমরা যখন এটা লাগু করি।

[2-50 – 3-00 p.m.]

তার ভিত্তিতে ঠিক যেটা বেরিয়েছে, তারজন্য সেইটুকুই কিন্তু আমরা আইনে রেখেছি। নয় চৌধুরি মহাশয় আইনে এটা রেখেছেন। লক্ষ্য করুন, মাননীয় বিনয় চৌধুরি মহাশয় ত্যন্ত সতর্কতার সঙ্গে সাব-কমিটিগুলো আইনে রাখেননি, রুল্‌সে রেখেছেন। কারণ সাব-মিটির অভিজ্ঞতা আমাদের কিন্তু '৮৫ সাল থেকে সমানভাবে আসেনি। এবারে পুর এলাকায় াসুন। পুরসভা এলাকায় কিন্তু প্ল্যানিং কমিটি এইভাবে চালাবার অভিজ্ঞতা আমাদের নেই। ারজন্য এখানে কোনও যান্ত্রিকভাবে আইনে না রেখে এটা আমরা রুল্‌সে রেখেছি। রুল্‌সে ন্তু আমরা রেখেছি একটা সতর্কতা নিয়ে। আমি রুলস্‌টা একটু আগে দেখাচ্ছিলাম ৌগতবাবুকে রুলস্‌টা শুধু লে করার জন্য নয়। ক্লজ ইলেভেনটা যদি একটু সতর্কতার সঙ্গে ড়েন, এখানে বলা আছে, এটা বোধহয় করার সময় হয়নি। এই রুলগুলো লে করার পরে

বলা আছে, সাবজেক্ট টু সাচ মডিফিকেশন অ্যাজ দি স্টেট লেজিসলেচার মে মেক ডিউরি দি সেশন ইন হুইচ দে আর সো লেট, স্টেট লেজিসলেচারকে বাদ দিয়ে রাজ্য সরকার কিন্তু রুল্‌টা করবেন না। আমি সৌগতবাবুকে বলেছিলাম, এটা আমি এইভাবে বলছি না যে এই সিদ্ধান্তটা হয়েছে। কিন্তু আমরা সি-এম-ডি-এ. এলাকার জন্য যা স্পেসিফাই করবে, তাতে এক-তৃতীয়াংশ রিপ্রেজেনটেশন যাঁরা আসবেন—আমি ওঁকে বলেছিলাম, আপনার বক্তব্যে একটা বাদ গেছে, আমাদের চিন্তায় আছে—সেই চিন্তা করে এই রকম—আর্বান ডেভেলপমেন্টের যিনি সচিব, তিনি থাকবেন। একটা বাদ গেছে, ডেভেলপমেন্ট অ্যান্ড প্ল্যানিংয়ের সচিবের থাকা দরকার। আমরা ট্রান্সপোর্ট সচিবের কথাও চিন্তা করেছি। এইসব চিন্তা করেও, অত্যন্ত সতর্কতার সঙ্গে আইনে না এনে রুলে এনেছি, সাবজেক্ট টু লেজিসলেচার। এটা এইজন্য রেখেছি যে আমরা একটা নমনীয়তা রাখতে চাই। এখানে যে অভিজ্ঞতাটা নেই, যদি পরিবর্তন করার প্রয়োজন হয় ছ'মাস বা আট মাস পরে, তাহলে এটা আমরা আবার লেজিসলেচারে নিয়ে আসব। কিন্তু আইনগুলোর এই পরিবর্তনগুলো করতে খুব দেরি হয়ে যায়। এটা বলে আমি বলছি, এই প্রত্যেকটি বিষয়, মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় যেটা বলেছেন, এটা আইনে এবং রুল্‌সে আছে। মূল যে তফাৎটা, রুলে নতুন জিনিস যেটা শুরু করার আগে প্রয়োজন সেটা আমি রেখেছি। আপনাদের জ্ঞাতার্থে বলছি, স্বজ্ঞানে রেখেছি। এছাড়া একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন তোলা হয়েছে, ঐ সাব কমিটিগুলো মেট্রোপলিটন প্ল্যানিং কমিটির উপরে ছেড়ে দিচ্ছি। নির্বাচনের ধরন কি হবে? ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতেও যা করা হয়েছে, এখানেও ঠিক তাই। ঐ রুলস্‌গুলো আমরা রুলসেই রাখব। একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন, মাননীয় সদস্য চলে গেলেন, উনি মেয়র ইন কাউন্সিল কলকাতা কর্পোরেশনেরও বটে, উনি একটি বক্তব্য রেখেছেন—তাহলে এর সঙ্গে জেলা পরিকল্পনা কমিটির যোগটা কি, এবং এর সঙ্গে কলকাতা প্ল্যানিং কমিটি যেটি দেড় বছর আগে একজিকিউটি অর্ডারে হয়েছিল, তারসঙ্গে যোগটা কি? এটি গুরুত্বপূর্ণ প্রশ্ন। কারণ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংবিধানেও দুটো কমিটি বলার পরেও দুটোর সঙ্গে কী যোগাযোগ তা সংবিধানে বলা নেই। এটি আমরা যে ভাবে সমাধান করব চিন্তা করেছি তা আমি বলছি। প্রক্রিয়াটা এইভাবে চলছিল। আমি একটু হাইপোথিটিক্যালি বলছি, সি-এম-ডি-এ. এলাকায় যদি কমিটি হয়, তাহলে কোন কোন জেলা আসবে? উত্তর ২৪ পরগনা আসবে, কলকাতা আসবে, দক্ষিণ ২৪ পরগনা আসবে, হাওড়া আসবে এবং হুগলি আসবে। ধরুন, উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনার জেলা পরিকল্পনা কমিটি থেকে কতকগুকলো স্কীম নিচ্ছেন, সেটা ড্রেনেজ স্কীম হতে পারে। আবার মেট্রোপলিটন প্ল্যানিং কমিটিও ঐ স্কীম নিচ্ছেন। এখানে আমরা যেটা বলছি, সমন্বয়ের একটা অত্যন্ত প্রয়োজন আছে। সেটা সাধারণভাবে জেলা পরিষদের সভাধিপতি এবং অন্যান্য অফিসারের মাধ্যমে হবে। তাঁরা যদি নির্বাচিত হয়ে আসেন, এঁদের জন্য আমরা কিন্তু এই ওয়ান থার্ড গ্যাপটা রেখেছি। কোনও ক্ষেত্রে এই রকম হতে পারে, আপনাদের কাছে আমায় এসে বলতে হতে পারে যে জেলা পরিষদের সভাধিপতিকে রাখতে হবে। সেজন্য ঐ ফ্লেকসিবিলিটিটা রেখে পরে বলেছি যে জেলা পরিকল্পনা কমিটি এবং মেট্রোপলিটন কমিটির মধ্যে সমন্বয় রাখতে হবে

যাতে খবরটা থাকে। তরুণবাবুর এলাকা যেটা সেটা যদি মেট্রোপলিটন কমিটির মধ্যে ঢোকে, তাহলে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে যেন আলাদা করে না ঢোকে, ডবল্‌কাউন্টিং যেন না হয়, সমন্বয় যেন থাকে। এই দুটি মেনে নিয়েই কিন্তু জেলা পরিকল্পনা কমিটি এবং মেট্রোপলিটন কমিটির পারস্পরিক অবস্থান। কলকাতা প্ল্যানিং কমিটি বস্তুতপক্ষে একজিকিউটিভ অর্ডারে হয়েছে। এর কোনও ভিত্তি কিন্তু সংবিধানে নেই। সংবিধানে কিছু বলাও নেই যে একটি এলাকা এটা সম্পূর্ণভাবে শহরভিত্তিক এলাকা হলে কি হবে। একজিকিউটিভ অর্ডারে ডেভেলপমেন্ট প্ল্যানিং থেকে করা হয়েছে, তার সঙ্গে ঠিক একইভাবে মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি আজকে অন্য জেলার পরিকল্পনা যে জায়গায় ঠিক সেইভাবেই আছে। মাননীয় সদস্য সুনীলবাবু জিজ্ঞাসা করেছেন যে এই যে বিভিন্ন অর্থ একত্রিত করার জন্য কোনও একটি পৌরসভা নিজের অর্থ তুলে আনবেন কি করে? সেখানে আমরা রুলসে ইনডিকেটেড করেছি। সেখানে জেলা পরিকল্পনা কমিটিতে আমরা একটা দ্বিমুখী সারণী করেছি—একটা টু ওয়ে টেবিল ধরনের। আমি একটা সেক্টর ধরে বলছি, ধরুন একটা মেট্রোপলিটন কমিটিতে যদি ৫০টি রাস্তা গৃহীত হয় এবং এইরকম এরপরের প্রতি ১০টি রাস্তার হয়তো অর্থ বরাদ্দ হল সিএমডিএ থেকে। বাকিগুলো হয়তো পি ডব্লিউ ডির থেকে এবং বাকিগুলো হয়তো ডিস্ট্রিক্ট প্যান ফান্ডস্‌ থেকে হল আর কিছু হয়তো নেহেরু রোজগার যোজনার থেকে এবং পঞ্চায়েত এলাকাতে জওহর রোজ্‌গার যোজনার থেকে বরাদ্দ করা হল। এছাড়া একটা কলম থাকে ওন রিসোর্সের ওই লোক্যাল বডিজ, এছাড়া ব্যাঙ্কের কন্ট্রিবিউশন যেটা আছে সেটা এরসঙ্গে যুক্ত করা হয়। একটা টু ওয়ে মেট্রিক্স এর ইনভেস্টমেন্ট প্ল্যানে ফরমুলেটেড হয়। একটা প্রশ্ন মাননীয় সদস্য সুদীপবাবু রেখেছেন, উনি বলেছেন এক্সপেনডিচার সম্পর্কে বলতে গিয়ে এতটা ভেদ রেখেছেন কেন? এটা মানি বিলে হয় নি কেন? সৌগতবাবু যেটা বলেছেন সেটাই আমি মিলিয়ে দিচ্ছি। সৌগতবাবুর প্রশ্ন উত্তর আমি ব্যক্তিগতভাবে না দিয়ে আনুমানিকভাবে দিচ্ছি, উনি এক্সপার্টদের কথা বলেছেন, আমি ওই এক্সপার্টদের চিনি, তবে কোনও এক্সপার্ট বডির নাম আমি উল্লেখ করিনি। আপনি যে বডির নাম বললেন তার বই আমার কাছে আছে। এইরকম ১০টি আরও ইনস্টিটিউট যুক্ত করুন। আপনি যার কথা বলছেন তার নাম আমি উল্লেখ করতে পারিনা এবং এটা বোধহয় পরেও করা যায় না। 'ইলগাস' অর্থাৎ ইনস্টিটিউট অফ লোক্যাল গভর্নমেন্ট আরবান স্টাডিস এরা খুব ভাল কাজ করছে। আপনি যাঁর কথা বলছেন তিনি এর সাথে যুক্ত নয়, তবে উনিও আরবান স্টাডিস অফ স্পেশ্যাল সেন্টারে রয়েছেন, এরাও খুব ভাল কাজ করছেন। এছাড়া ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইন্সটিটিউটও খুব ভাল কাজ করছে। সিরিয়াসলি শুনছি এরা কাজ করছে, আমরা ১০টি লিস্ট দিতে পেরেছি। এছাড়া এক্সপেন্ডিচারের ক্ষেত্রে যেটা বলেছেন সেখানে আপনার পূর্ব চিন্তা হিসাবেই বলে রাখি এইরকম হতে পারে যে নির্দিষ্ট ঘোষণা না করে এই কমিটির যে ডাইরেক্টরেট আর্ম আছে সেটা হয়তো সিএমডিএ বহুলাংশ বহন করবে। জেলায় যে অফিস আছে তাদেরকে নিয়ে কমিটি করা হয়েছে, তারজন্য এটা কিন্তু মানি বিল নয়। আমি প্রত্যেকটি প্রশ্নের উত্তর দিয়ে বলছি, আবার বলছি ওই এলাকার পঞ্চায়েত এবং পৌরসভার পরিকল্পনাগুলো অগ্রাধিকার

নিয়ে এই কাজটা যখন করব তার মধ্যে একটা অংশ হবে এক তৃতীয়াংশ যে মনোনীত সদস্য তাদের একটা রুলসের মাধ্যমে কাকে কোথায় কোথায় নেবে সেটা অ্যাসেম্বলিতেই করব, অ্যাসেম্বলিকে বাই পাস করে নয়। কিন্তু সেখানে কোনও যান্ত্রিক পূর্ব নির্ধারণ করা উচিত নয়। যেহেতু আমাদের অভিজ্ঞতায় দেখছি যে রুলস অ্যাসেম্বলিতেই পাস হয় সেই কারণে অ্যাসেম্বলিকে বাই পাস করে রুল্‌স করব না, সাবজেক্ট টু অ্যাকসেপ্টেন্স বাই লেজিসলেটিভ অ্যাসেম্বলি, এটাই কিন্তু উপযুক্ত ফোরাম যেখানে অ্যাক্ট লে করে এবং সেখানে শুধু অ্যাসেম্বলির মতামত নেওয়া হচ্ছে অ্যাক্টের মাধ্যমেই, তা করা হচ্ছে কারণ এটাই হচ্ছে অপটিমাথ গোল্ডেন রুল এবং গোল্ডেন মিডিয়া। এই কথা বলে বিরোধী সদস্যরা যে বক্তব্য আনলেন সেগুলোর বিরোধিতা করে আমার আনীত বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-00 – 3-10 p.m.]

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Metropolitan Planning Committee Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 and 2

The Question that clauses 1 and 2 do stand part of the Bill, was then put and agreed to.

### Clause-3

**Mr. Deputy Speaker :** There are amendments to clause 3 given by Shri Saugata Roy, (amendment nos.1-3). The amendments are in order. I now request Shri Roy to move his amendments.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that in clause 3 for sub-clause (2) the following be substituted :-

"(2) The representation in the Committee on Government of India and the State Government and of such organisations and institutions *including Institute of Town Planners, India as may be deemed necessary for carrying out the functions assigned to the Committee shall be such as may be notified by the State Government from time to time*"

*Sir, I beg to move that in clause 3(4), for item (b) the following* be substituted :-

"(b) Consult such institutions including Institute of Town Planners, India and organisations as the Governor may, by order, specify".

Sir, I beg to move that in clause 3(4) after item (b) the following new item be added :-

"(c) Constitute a Directorate of Metropolitan Planning within the helm of the Metropolitan Development Authority constituted/to be constituted under Town and Country (Planning & Development) Act 1979 in the metropolitan area to provide organisational support for preparation of Draft Development Plan for the Committee".

**Dr. Asim Kumar Dasgupta :** I do not accept the amendments.

The motion of Shri Saugata Roy (amendment nos.1-3) was then put and lost.

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

### Clause-4

**Mr. Deputy Speaker :** There is amendment to Clause 4 given by Shri Saugata Roy. It is in order. (amendment no.4). I now request shri Roy to move his amendment.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that in clause 4, for sub-clause (1) the following be substituted :-

"(1) The Chairperson, Vice chairperson and other members including qualified urban and regional planner, not being elected members, of every Committee shall be aquanted by the State Government".

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I do not accept it.

The motion of Shri Saugata Roy (amendment no.4) was then put and lost.

The question that clause 4 do stand part of the Bill was then put and agreed to.

### Clauses 5-9

The question that clauses 5-9 do stand part of the Bill was then put and agreed to.

**Clause-10**

**Mr. Deputy Speaker :** There is amendment to clause 10 given by Shri Saugata Roy. It is in order. (amendment no.5). I now request Shri Roy to move his amendment.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that in clause 10, for sub-clause (1) the following be substituted :—

"(1) A Committee may constitute, for such purpose as it may think fit, as many sub-Committees consisting holly of members of the Committee or holly of other persons or partly of members of the Committee and partly of other persons having specialised knowledge including urban and regional planner as it may consider necessary or expedient".

**Dr. Asim Kumar Dasgupta :** I do not accept it.

The motion of Shri Saugata Roy (amendment no.5) was then put and lost.

The question that clause 10 do stand part of the Bill, was then put and agreed to.

**Clasue 11 and Preamble**

The question that clause 11 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Metropolitan Planning Committee Bill, 1994, as settled in the Assembly be passed.

The motion was then put and agreed to.

**The West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994.**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West

Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994, be taken into Consideration.

**শ্রী সৌগত রায়ঃ** স্যার মাননীয় মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন, এই বিলটা পড়ার পর কেন এই বিলটা এনেছেন সেটাই কারোর কাছে স্পষ্ট নয়। মাননীয় মন্ত্রী তার এস্টেটমেন্টস অফ অবজেক্টসে বলেছেন যে The Constitution (74th Amendment) Act, 1992, provides for the constitution of a District Planning Committee at the district level for consolidation of the plans prepared by the Panchayats and the Municipalities in the District and for preparation of a draft development plan for the district as a whole and a Metropolitan Planning Committee in every Metropolitan area for preparation of a draft development plan for the Metropolitan area as a whole. তারপর উনি কি করলেন, লেখা আছে কথাটা কি, ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান তৈরি করার জন্য একটা ডিস্ট্রিক্ট প্ল্যান কমিটি তৈরি হবে এবং মেট্রোপলিটন এরিয়ায় মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি হবে। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, এবং মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি, এখানে উনি হঠাৎ কি করলেন, যেখানে যেখানে আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান ছিল, যেখানে যেখানে ডিটেইল ডেভেলপমেন্ট প্ল্যান ছিল, সেখানে ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কাউন্ট্রি প্ল্যানিং এর জায়গায় ল্যান্ড অ্যান্ড ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা লিখলেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই সংবিধান সংশোধনের কোন জায়গায় এটা লেখা আছে। মাননীয় মন্ত্রী মহাশয় যদি আমাকে বুঝিয়ে বলতে পারেন, তাহলে আমি তার কাছে বাধিত থাকব। আপনি জানেন স্যার সংবিধানের ৭৪তম সংশোধনীতে একটা বৈপ্লবিক পরিবর্তন করা হয়েছিল। রাজীব গান্ধী ভারতবর্ষে নগর পালিকা এবং পৌরসভাগুলির জন্য চিন্তা করেছিলেন। মিউনিসিপাল বা কর্পোরেশনে নির্বাচন করানোটা শুধু তিনি বাধ্য করেননি, প্রত্যেকটা পৌরসভায় মহিলাদের জন্য এবং তফসিলিজাতি ও উপজাতিদের জন্য আসন সংরক্ষণ যাতে থাকে তারও তিনি ব্যবস্থা করেছিলেন। প্রত্যেকটি পৌরসভায় যাতে নির্দিষ্ট পরিমাণে টাকা পাই তার জন্য মিউনিসিপল ফিনান্স কমিশনেরও তিনি চিন্তা করেছিলেন। আজকে এতদিন পর পৌরসভাগুলির জন্য একটা ফিনান্স কমিশন গঠন করা হল। এই চিন্তাটা কিন্তু রাজ্য সরকারের মাথা থেকে আসেনি, এর সব চিন্তাটাই রাজীব গান্ধীর ছিল। এই যে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, যেটা আগে পশ্চিমবাংলায় ছিল না, বা থাকলেও তার কোনও স্ট্যাটুটারি রেকগনিশন ছিল না। রাজীব গান্ধীই প্রথম মিউনিসিপালিটি এবং পঞ্চায়েতগুলির প্ল্যানগুলিকে কন্সিডার করে যাতে একটা প্ল্যানিং হয় তারজন্য উদ্যোগ গ্রহণ করেন এবং নির্বাচন যাতে নিরপেক্ষ হয় তার জন্য একটা স্টেট ইলেকশন কমিশন করেছিলেন কিন্তু আপনারা সেইসব আইন না মেনে সিটগুলিকে রিজারর্ভেশন না করে মিউনিসিপালিটির ইলেকশন করলেন। কন্সটিটিউশনকে ফাঁকি দেবার জন্য এই ১৯টি নির্বাচন করে নিলেন। এখন আবার আপনারা সংবিধানের কথা ভাবছেন। আমাদের কাছে এর উদ্দেশ্যটা পরিষ্কার নয়। আমি দু-একটা ড্রাফ্‌ট এখানে দিতে চাই, উনি

বলেছেন there is no financial implication involved in the bill. আমি আমার কাছে প্রশ্ন করতে চাই কেন ফিনান্সিয়াল ইমপ্লিকেশন নেই। আপনাকে কেন জমি কন্ট্রোল নিতে হবে, controlled for the purpose of public interest, school, college building, conservation of historic building according to land use control plan. তাহলে আপনাকে কি করতে হবে। আপনাকে একুইজিশন করতে হবে, আপনাকে জমি অধিগ্রহণ করতে হবে।

আপনি কি করে বলতে পারেন যে এই বিলটা এলে নতুনভাবে এই টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টে কোনও ফিনান্সিয়াল ইমপ্লিকেশন থাকবে না? আমার মনে হয় সে দিক থেকে বিলের বক্তব্যটা ভুল। এর পর আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে প্ল্যানিং সম্পর্কে কয়েকটি কথা বলব। মাননীয় মন্ত্রী মহাশয় কলকাতার জন্য যে মেগাসিটি পরিকল্পনা করছেন সে সম্পর্কে আমি মূলত আমার বক্তব্যটা রাখব। অসীমবাবু একটা মেগাসিটি পরিকল্পনা করেছেন কলকাতার জন্য ১৬শো কোটি টাকার। এর আগে আমরা দেখেছি যে বামফ্রন্ট-এর নাগরিক কমিটির পক্ষ থেকে প্রায়ই দেওয়ালে লেখা হ'ত যে কলকাতার উন্নয়নের জন্য ১৮২৭ কোটি টাকার দিতে হবে। তার অবশ্য কোনও মাথামুণ্ডু ছিল না মাঝেমধ্যে ওরা দেওয়ালে এটা লিখতেন। এখন আবার ১৬শো কোটি টাকার মেগাসিটি পরিকল্পনা করেছেন এবং তাতে বলছেন যে ৮-ম ও ৯-ম পরিকল্পনার মধ্যে ওরা ১৬শো কোটি টাকা খরচ করবেন কলকাতার মেট্রোপলিটন এরিয়া এবং আরবান এরিয়ার ডেভেলপমেন্টের জন্য। আর এই ১৬শো কোটি টাকার ৮শো কোটি টাকা ওরা বাজার থেকে তুলবেন লোন হিসাবে। বাকি ৮০০ কোটি টাকার ৪শো কোটি টাকা কেন্দ্রীয় সরকার এবং ৪শো কোটি টাকা রাজ্য সরকার দেবেন। ওরা এই রকম একটা হিসাব দিয়েছেন। পরিকল্পনা কমিশন মোটামুটিভাবে অ্যাপ্রুভ করেছেন এবং কেন্দ্রীয় সরকার এরজন্য বছরে ৫০ কোটি টাকা করে দেবেন এবং রাজ্য সরকার বছরে ৫০ কোটি টাকা করে দেবেন এবং এইভাবে টাকাটা খরচ হবে। ওরা স্বীকার করেছেন যে ওরমধ্যেই কেন্দ্রীয় সরকার ২০ কোটি টাকা প্রতিবছর কলকাতার ডেভেলপমেন্টের জন্য খরচ করছেন। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী মহাশয় নিশ্চয় তার জবাবি ভাষণে প্রণববাবুকে ধন্যবাদ দেবেন। কারণ উনি প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান হবার পর থেকে কলকাতার জন্য ২০ কোটি টাকা করে দিচ্ছেন। তা ছাড়া তিনি এর পর থেকে বছরে ৫০ কোটি টাকা করে দেবেন প্রতিশ্রুতি দিয়েছেন। এখানে আমার প্রশ্ন, কেন্দ্রীয় সরকার তো টাকা দেবেন বলছেন কিন্তু রাজ্য সরকারের যেটা দেয় সেটা তারা দেবেন কি বা দিতে পারবেন তো? কারণ প্রতি বছরই আমরা দেখছি প্ল্যানে শর্টফল হচ্ছে। এবারেও মাত্র ১২শো কোটি টাকার প্ল্যান করেছেন, সেখানে ১৫শো কোটি টাকাতে যেতে পারেন নি। তার আগের বছর এবং তার আগের বছরও ১৫শো কোটি টাকার টার্গেটে পৌঁছাতে পারেননি। পুরো যষ্ঠ পরিকল্পনায় যেখানে আপনাদের ৩ হাজার ৫শো কোটি টাকার টার্গেট ছিল সেখানে আপনি ২৩শো কোটি টাকা ফুলফিল করেছেন। যদি একটা প্ল্যানের পর আর একটা প্ল্যান ডবল হয় তাহলে ৭-ম পরিকল্পনা যেখানে ৭ হাজার কোটি টাকার হওয়ার কথা সেখানে আপনি তা করেছেন

৪ হাজার ৫শো কোটি টাকার। কাজেই মেগাসিটি বলে একটা পরিকল্পনা করলেই হয় না, Have you been assured of being able to raise your own resources? আপনি বছরে এই ৫০ কোটি টাকা করে আরবান প্ল্যানের জন্য দিতে পারবেন? আপনার ১২শো কোটি টাকার প্ল্যান থেকে ৫০ কোটি টাকা এতে দেবার ক্ষমতা আপনার হবে কিনা সে বিষয়ে আমাদের গভীর সন্দেহ আছে। কারণ স্টেট গভর্নমেন্ট এখনও পর্যন্ত they have totally failed in raising resources for finding its own planning. সুতরাং এই প্ল্যান কলকাতার মানুষকে একটা ফানুস দেখানোর মতোন দু নং কথা হচ্ছে, বাজার থেকে আপনি ৮শো কোটি টাকা তুলবেন বলছেন। কতগুলি ব্যাপারের জন্য বাজার থেকে টাকা তুলবেন? বাজার অর্থনীতিতে দেখছি আপনারা এখন খুব বিশ্বাসী হয়ে পড়েছেন। হলদিয়াতে যে ৪ হাজার কোটি টাকার প্রোজেক্ট হবে তাতে ১০০ কোটি টাকা দেবে টাটা, ৪০০ কোটি টাকা আপনারা, সোরেস দেবেন ৮০০ কোটি টাকা আর বাজার থেকে সমান পরিমাণে টাকা তুলবেন এবং বাকিটার জন্য ব্যাঙ্কের কাছে যাবেন। তাহলে পশ্চিমবঙ্গ সরকার মোটামুটিভাবে বাজারেই যাচ্ছেন। শেয়ার বাজারে না হয় বন্ড ছাড়বেন কিন্তু তা করে কলকাতার মেগাসিটির জন্য ৮শো কোটি টাকা, হলদিয়ার জন্য ৮শো কোটি টাকা তুলতে হবে—তা কি পারবেন? পশ্চিমবঙ্গের যে অর্থনৈতিক অবস্থা তাতে রাজ্যের বাজারে বন্ড ছেড়ে টাকা তোলার চেষ্টা করে মেগাসিটির জন্য ৮শো কোটি টাকা তুলতে পারবেন তো অসীমবাবু? টি অ্যান্ড সি. পি. অ্যাক্ট না হয় রইল কিন্তু এটাতে গভীর সন্দেহ আছে। হ্যাঁ, পিয়ারলেস আপনাদের আছে। কিন্তু পিয়ারলেস ৮শো কোটি টাকা দেবার পার্টি নয়। তাহলে সোরেস কোম্পানির পূর্ণেন্দুকে আপনাদের এত ধরতে হ'ত না। পিয়ারলেস হচ্ছে এই আবাসন-টাবাসন বা কখনও ৫০ কোটি টাকা লাগল, আপনাদের ধার দিল মাহিনা দিতে এইসবের জন্য। ওরা আবাসন ইত্যাদিতে আছে যাতে ওদের লাভ আছে কিন্তু বড় ইনভেস্টমেন্ট বা এই ধরনেরই ইনভেস্টমেন্টের ক্ষমতা পিয়ারলেসের নেই। ওরা অপেক্ষাকৃত শক্তিশালী, সুতরাং আমি জানতে চাই এই ১৬ শত কোটি টাকা তোলার প্ল্যানটা আপনি কীভাবে করছেন। দ্বিতীয়ত এই মেগাসিটি প্ল্যান কার সঙ্গে আলোচনা করে আপনি চূড়ান্ত করেছেন? আপনি শিশির মঞ্চে যে একটা সেমিনার করেছেন, তার কাগজ আমার কাছে আছে, আমাদের তো ডাকেননি এবং লেফ্‌ট ফ্রন্টও মনে করেন না যে কলকাতায় আমরা এতগুলো কংগ্রেস এম. এল. এ., তিনটেই এম. পি. কংগ্রেসের, আমাদের কোনও প্ল্যানিং-এ কোনও রকম আর্বান ডেভেলপমেন্ট, কোনওরকম মেগাসিটির ব্যাপারে কংগ্রেসের এম. এল. এ., এম. পি.দের ডাকার কোনও প্রয়োজন নেই। কখনও ওরা মনে করেননি, এটাও ওদের কায়দা। ওরা ওয়ান পার্টি চালাতে অভ্যস্ত। সুতরাং আর কাউকে ডাকবেন, এটা ওদের কাছে আমরা আশা করি না। ওরাও ডাকেন না। যাই হোক ওরা শিশির মঞ্চে একটা সেমিনার করেছিলেন, তাতে ১৬ কোটি টাকার একটা ড্রেনেজ অ্যান্ড স্যানিটেশন, সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট ৩৮ কোটি, ট্রাফিক অ্যান্ড ট্রান্সপোর্টেশন ২৩৪ কোটি, বস্তী ইমপ্রুভমেন্ট ২৭ কোটি, হাউজিং অ্যান্ড নিউ এরিয়া ৫৮০ কোটি কমার্শিয়াল ডেভেলপমেন্ট ১৭৭ কোটি, এনভায়রনমেন্টাল ইমপ্রুভমেন্ট ৩১ কোটি,

মোট ১৬ শত কোটি টাকা অঙ্কের হিসাব ওরা দিয়ে দিয়েছেন। আমি অসীমবাবুকে জিজ্ঞাসা করছি, আপনার সি. এম. ডি. এ'র প্ল্যানিং ডিপার্টমেন্ট কোনও ডিটেল স্টাডি করেছেন, এই চার পাতার একটা মেগাসিটির প্রোজেক্ট ছাড়া আপনাদের কোনও ডিটেল মেগাসিটি প্রোজেক্টটা কী, তার স্কীম, প্ল্যান এবং প্রোজেক্ট আপনি এখন পর্যন্ত তৈরি করেছেন? আমার উত্তর হচ্ছে, না। সি. এম. ডি. এ'র প্ল্যানিং ডিপার্টমেন্ট এখনও পর্যন্ত মেগাসিটি পরিকল্পনা সম্বন্ধে জানেনা এবং আমি অসীমবাবুকে বলছি, আগেও বলেছিলাম যে আপনার দপ্তর এবং প্ল্যানিং এর ডেভেলপমেন্টের দপ্তরে ভীষণ ডিফারেন্স হচ্ছে এই মেগাসিটি প্রকল্প নিয়ে। এই ডিফারেন্সটা তুঙ্গে উঠেছে। তার প্রমাণ সুভাষ চক্রবর্তী প্রকাশ্য সভায় বলছেন যে মেগাসিটি করে কোনও উপকার হবে না। প্রাক্তন মেয়র আপনাদের পার্টির নেতা, কমল বোস তিনি বলছেন যে মিনিমাম সিভিক সার্ভিস আমরা দিতে পারি না, তাতে আমরা কী করে মেগাসিটি প্রকল্প করব? বিপ্লব দাশগুপ্ত রাজ্য সভায় আপনাদের পার্টির ডেপুটি লিডার, আপনার মতো ইকনমিস্ট, আবার ইন্সটিটিউশন অব টাউন প্ল্যানিং এর তিনি প্রধান। তিনি বলছেন মেগাসিটি প্রকল্পে কোনও লাভ হবে বলে মনে হচ্ছে না। আপনার একটা অসম্ভব জিদ আছে, বোধ হয় পান্ডিত্যের সঙ্গে জিদটা এক সঙ্গেই আসে, তার ফলে আপনি লাক্সারী ট্যাক্স যেমন ধরে আছেন, মেগাসিটি সেই রকম ধরে আছেন। কিন্তু শেষ পর্যন্ত পার্টির মধ্যে এই বিরোধিতা, পার্টির বাইরে এই টোটাল প্ল্যান করার এই যে অপারগতা, এর মধ্যে দাঁড়িয়ে মেগাসিটিটা মেগা ফেলিয়োর না হয়ে যায়। মেগা ফ্লপ না হয়ে যায়, এটা আমাদের আশঙ্কা। তাই আপনি একটা ইয়ুজলেস বিল এনেছেন টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টে, সেটা নিয়ে আমি যেহেতু বলতে যাচ্ছে এবং অনেক আপনাদের প্ল্যানিং সম্বন্ধে বলার আছে, এই আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যানিং কীভাবে সল্ট লেকে পুরো ল্যান্ড ইয়ুজের ফর্মুলা আপনারা ভায়লেট করছেন, কী করে জলা জমিতে আপনারা শহর করছেন, কীভাবে রডন স্কোয়ারে আপনারা আউট লাইন ডেভেলপমেন্ট প্ল্যানকে ডিফাই করে ওপেন স্পেসে আপনারা বাড়ি করেছেন, কী কলকাতা শহরে প্রতিদিন আউট লাইন প্ল্যান, ডেভেলপমেন্ট প্ল্যান ডিফায়েড হচেছ এই নিয়ে অনেক কথা বলা যায়, আজকে হয়তো তার সময় নেই। কিন্তু টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট আপনার নামে আছে, দেওয়ালে আছে, তার এফেক্টিভ ইমপ্লিমেন্ট নেই, তার মধ্যে আবার আপনি একটা মেগালিফ্‌ট, জায়েন্ট লিফ্‌ট নিয়ে মেগাসিটি করতে চাইছেন, দুটো, সব মিলিয়ে কলকাতা আজকে যে অবস্থায় দাঁড়িয়েছে, পানীয় জল নেই, রাস্তায় জল জমলে, একটু বৃষ্টি হলে জল জমে যাচ্ছে, ময়লা এবং জঞ্জাল ডাঁই হয়ে আছে, স্যুয়োরেজ সিস্টেমটা পুরো ফেল করছে। আমাদের এই শহর তলার দিকে যাচ্ছে। আপনি আইন করে এই শহরকে তার থেকে বার করতে পারবেন না। তাই আমি মনে করি যে এই ইয়ুজলেস লেজিসলেশন যার কোনও মানে নেই, যার কোনও ইন্সটিটিউশনাল ইমপ্লিকেশন নেই, সেটা আপনি উইথড্র করে নিন।

[3-20 – 3-30 p.m.]

**श्री लगनदेव सिंह :** माननीय डिप्टी स्पीकर सर, सबसे पहले मैं टाउन एण्ड कन्ट्री प्लानिंग बोर्ड की जो बिल 1994 आपके सामने पेश किए है मैं इस बिल का समर्थन करता हूँ। बिल का हमारे विरोधी बन्धु भी मोटा-मोटी समर्थन ही किए हैं और साथ ही हमारे विरोधी साथी बिल पर बहुत से प्रश्न लगाए है कि इस बिल को लाने की कोई आवश्यकता नही हैं। जबकि उन्होने बिल मे कहा कि जनता का मेक्सन के बिल लाया गया हैं तथा यह न लाने से भी चलता। कांग्रेसी साथी ने अपनी असफलता को छुपाते हुए दोपारोपण करते हैं। उन्होंने कहा कि वामफ्रन्ट सरकार के शासनकाल मे पिछले दिनों जो चुनाव हुआ हैं उसपर आपति किए हैं कि सरकार दुनीर्ति मे ग्रस्त हैं। इस नीति के उपर चलकर शासन चला रही हैं। उन्होंने कहा कि चुनाव प्रक्रिया को बदलकर पश्चिम बंगाल म्युनिसिपलीटी चुनाव कराया गया और अपनी सुविधा को ध्यान मे रखकर और.जो कानून व्यवस्था हैं उसको ताक पर रखकर चुनाव पहले कराया गया। जबकि सच्चाई यह हैं कि हमारे कांग्रेसी साथी अपने समय को शायद भूल रहे हैं। जब उनकी सरकार थी, कांग्रेस की सरकार थी उन्होंने सत्ता का विकेन्द्रीकरण के नाम पर किस तरह चुनाव प्रक्रिया को ध्वस्त कर दिए थे। किस तरह का चुनाव होता था किसी से छिपा नही हैं और आज पश्चिम बंगाल मे चुनाव समय पर कराए जा रहे हैं, जब उनकी मट्टी पलीत होता नजर आ रहा हैं तब कभी चुनाव प्रक्रिया पर तो कभी कुछ बोलते हैं। किस तरह के राज्य की बात करते है।

मेगासिटी, अरबन इलाको के अन्दर आज मंत्री महोदय ने अनेक सुविधा प्रदान कराने पर जोर दिए हैं। जहाँ देश मे पानी की समस्या गम्भीर हैं। कलकत्ता में बड़े पैमाने पर ही नही व्यापकर रूप मे कदम उठा रही हैं। हावड़ा म्युनिसिपलीटी को भी पानी के समस्या को दूर कर करीब 30-40 लाख लोगों के बीच, आम लोगों पानी की व्यवस्था के लिए स्वीरेज लाइन की व्यवस्था की। मेगासिटी परियोजना के तहत बड़े पैमाने पर लिया, योजनाबद्ध तरीके से लिया गया है। यह व्यवस्था चाहती है आमलोगों को समुचित पानी मिले। ये लोग मेगासीटी की इस योजना का विरोध कर रहे हैं। इस तरह विरोध करने के लिए तमाम तरह की बात कर रहे हैं। जबकि हमारी सरकार हर प्रकार से विकास की गति को बढा रही हैं। ७८ संशोधन के बाद

जो डिस्ट्रिक्ट प्लानिंग कमिटि वनी थी, गाँवों में कारगर रूप से काम करने मे को-आर्डिनेशन हुआ हैं। म्युनिसिपलीटी के इस विल को इमी उद्देश्य से वनाया गया है।

इस विल मे माध्यम से वहुत ही वैज्ञानिक ढंग से काम करने के उपायो पर जोर दिया गया हैं। पी० डब्लू० डी० कौन सा काम करेंगी इसके वारे मे भी निर्णय डिस्ट्रीक प्लानिंग कमिटि करेंगी। प्लानिंग किस प्रकार से होना चाहिए जिसमे काम अधिक से अधिक हो इस विल मे साफ शब्दो मे उल्लेख किया गया हैं। कोई भी योजना या प्लान चाहे जिस नाम मे हो, किसी प्लानिंग या डभल्पमेन्ट अथोरिटी द्वारा वेस्ट वंगाल टाउन एण्ड कन्ट्री प्लानिंग और डभलपमेन्ट एक्ट 1994 के लागू होने के पूर्व, इस एक्ट के किसी भी प्रोभिजन के तहत वनाया या स्वीकार किया गया हो, वेस्ट वंगाल टाउन एण्ड कन्ट्री प्लानिंग एण्ड डवलपमेन्ट एमेन्डमेन्ट एक्ट 1994 लागू होने के वाद लैण्ड यूज एण्ड डवलपमेन्ट कन्ट्रोल प्लान द्वारा तैयार या स्वीकृत माना जायगा, जैसा कि वेस्ट वंगाल टाउन एण्ड कन्ट्री प्लानिंग एण्ड डभलपमेन्ट एमेन्डमेन्ट एक्ट 1994 द्वारा संसोधित किया गया हैं। इस विल मे कही भी किसी प्रकार की शक करने की गुजाइस नही रहने दिया गया हैं। वहुत मे आउटलाइन मे संशोधन किया गया हैं। कौन सा भूमि पर किस प्रकार से विकास कार्य किया जाए और किस तरीके से किया जाए इसका वहुत भी विचार विमर्श एवं सुन्दर ढंग से पेश किया गया हैं। लैण्ड को केटेगरी मे वांट किया गया है कोन्सा लैण्ड प्रोपर यूज मे रहेंगा। डिस्ट्रिक्ट प्लानिंग कमिटि सव तय करेंगी यह तो कोई कांग्रेस कम्युनिस्ट की वात तो हैं नही हैं। डोमिस्टीक या इण्डस्ट्रीयल परपस मे कौन सा जगह तउतम होगा तथा फैक्टरी के कैटेगरी भी वना दिए जाएगे। यह सव प्रावधान इस विल में हैं।

सौगत राय ने डवलपमेन्ट की वात किए हैं तथा उन्होने कहा हैं कि शहरी इलाको में, डिस्ट्रीक्ट में पँने वोला देहातो मे तो काम होता हैं मगर मेट्रोपोलिटन मे काम नही होता हैं। वह स्वीकार तो किए हैं कि काम हुआ हैं, हाँ कही-कही सुविधा की कमी हैं इस कमी को दूर करने के लिए ही इस विल को पेश किया गया हैं। इस विल के जरिए डिसेन्टरलाइज्ड तथा को ओरडिनेटेड कर सके और सुचारू रूप से आगे काम को वढ़या जा सके। देखिए, कितना स्पष्ट कहा गया हैं नियम यदि

कोई हो, जो सेक्सन 139 के तहत वनाया गया हो और वैसे भूमि पर प्रयोज्य हो जिस पर विकास कार्य डभलपमेन्ट करने की योजना हो किसी पंचायत या नगरपालिका का विल्डिंग रूल, यदि कोई हो जो उपरोक्त नियम पर प्रभावी नही होता हैं लैण्ड यूज एण्ड डभलपमेन्ट कन्ट्रोल प्लान जैसा कि राज्य सरकार द्वारा सेक्सन 31 के तहत अग्रसारित किया गया हो अथवा वाद मे संसोधित किया गया हो की व्यवस्था होगी। अत: मै कांग्रेसी वन्धु से निवेदन करूंगा कि लोगो के सामने सिर्फ मरकार को वदनाम करने की कोशिश न करे। और अपने अन्दर झांकि कर देखने का प्रयास करे सव उत्तर अपने आप आपको मिल जाएगा। यह आप भी मानते हैं कि कुछ विकास का काम हुआ हैं। आपलोग सिर्फ चुनाव के समय लोगो को मब्जवाग दिखाना जानते हैं। अपने मीमित साधनो के वल पर सरकार प्रयास कर रही हैं ग्रानि वाले दिनो में इस का परिणाम लोगों के सामने वहुत या सकेंगे, यही यन्द शव्दों के साथ इस विल का समर्थन शुनेमें अपनी वात खत्म करता हूँ।

[3-30 – 3-40 p.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় নগর উন্নয়ন মন্ত্রী শ্রী অসীম দাশগুপ্ত মহাশয় যে 'দি ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি (প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ নিয়ে এসেছেন এই বিলের বিতর্কে অংশ গ্রহণ করে একটু আগে আমাদের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় বলেছেন বিলটাতে প্র্যাকটিকালি ১২টা ক্লজে অ্যামেন্ডমেন্ট কিছু নেই, শুধু একটা শব্দের পরিবর্তে আর একটা শব্দ ব্যবহার করা হয়েছে, সে রকম কিছু নিয়ে আসা হয়নি। ৭৪তম সংবিধান সংশোধন হয়েছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই বিলটা আনার চেষ্টা হয়েছে। মাননীয় সদস্য সৌগত রায় ঠিকই বলেছেন, এই বিলটা দেখে এর সঙ্গে ৭৪তম সংবিধান সংশোধনের সামঞ্জস্য রেখে বিলটা নিয়ে আসা হয়েছে সেটা একটু অস্পষ্ট, মাননীয় মন্ত্রী মহাশয় জবাবি ভাষণে যদি স্পষ্ট করে দেন তাহলে আমরা উপকৃত হব, মানুষ উপকৃত হবে। এই বিলে বিতর্কে অংশ নিয়ে একটা কথা আমাদের পক্ষ থেকে বলা হয়েছে, সরকার পক্ষের মাননীয় লগন দেও জী যেটা বললেন বিলের বাইরে গিয়ে বিরোধী পক্ষের প্রতি কটাক্ষ, বামফ্রন্ট সরকারের সাফল্য থেকে আরম্ভ করে সব কিছু বলে গেলেন। আমরা বিরোধী দলের লোক, আপনাদের এবং বামফ্রন্ট সরকারের যে মানসিকতা তা থেকে জেলা, গ্রাম বা শহর যেখানে ডেভেলপমেন্ট ওয়ার্ক যাই হোক না কেন ইনভলভমেন্ট ঠিক বিরোধীপক্ষকে করা হয় না। এটা ঠিক যে, আমরা জানতে পারি না কি ডেভেলপমেন্ট হচ্ছে বা ডেভেলপমেন্টের ইচ্ছা থাকলেও সেখানকার জনপ্রতিনিধি কংগ্রেস দলের হলে দৃষ্টি আকর্ষণ করলেও সেখানে ব্যর্থ হতে হয়।

আমাদের জানবার মাধ্যমে হচ্ছে সংবাদপত্র। কিছুদিন আগে সংবাদপত্রে দেখেছিলাম, আপনি খুব কৃতিত্ব দাবী করছেন, কারণ কেন্দ্রীয় সরকারের সঙ্গে ৫০ : ৫০ রেশিওতে টাকা দিয়ে ১৬০০ কোটি টাকার মেগাসিটি প্রকল্প গ্রহণ করেছেন। বিরোধী দলের লোক হলেও এর ফলে আমরা স্বাভাবিক কারণেই আশার আলো দেখতে পেয়েছি, কারণ কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় কলকাতার সি. এম. ডি. এ. এলাকা, গ্রেটার ক্যালকাটার মিউসিনিপ্যালিটিগুলোকে নিয়ে যে প্রকল্প তৈরি হবে তাতে ডেভেলপমেন্টের কিছু কর্মসূচি নিশ্চয়ই নেওয়া হবে। এই ব্যাপারে আপনারা আমাদের পক্ষ থেকে বাধা আসার যে আশঙ্কা করতেন সেই বাধা আমরা দিইনি, কিন্তু আমরা এটা দেখে হতাশ হয়ে যাচ্ছি, তিনি আপনার গোষ্ঠীর লোক কিনা জানি না, সুভাষ চক্রবর্তী—যিনি আপনার কলিগ এবং আপনাদের দলেরই মন্ত্রী তিনি এবং আপনাদের দলেরই একজন সাংসদ এই প্রকল্পের বিরোধিতা করছেন। আর কলকাতা কর্পোরেশনের প্রাক্তন মেয়র শুধু যে এই প্রকল্পের বিরোধিতা করেছেন, তাই নয়, তিনি আপনারও বিরোধিতা করেছেন। সেজন্য এই মেগাসিটি প্রকল্প নিয়ে আপনাদের দলের মধ্যে প্রকাশ্যভাবে যে বিতর্কের সৃষ্টি হয়েছে তাতে আপনার সরকার কি চাচ্ছেন সেটা বলুন। আপনার ঐ সহকর্মী নগর উন্নয়ন মন্ত্রী না হয়েও যেভাবে তিনি এই মেগাসিটি প্রকল্পের প্রতি কটাক্ষ করে কথা বলেছেন তাতে শুধুমাত্র মেগাসিটি প্রকল্পের আওতাভুক্ত মিউনিসিপ্যালিটিগুলির মানুষজনই নন, সারা পশ্চিমবঙ্গের মানুষ এরজন্য চিন্তিত, কারণ সকলের স্বার্থ এরসঙ্গে জড়িত। আজকে আপনাকে বলতে হবে যে, আপনার সহকর্মীর বক্তব্যের সঙ্গে আপনার সরকার একমত নন, তা না হলে পশ্চিমবাংলার মানুষের বিভ্রান্তি কাটবে না। আজকে এই বিভ্রান্তি দূর করবার দায়িত্ব আপনার।

আমরা এর আগে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির কথা বলেছি। আপনি নিজে জানেন যে, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, এর আগে যেটা ডি. পি. সি. সি. ছিল, সেখানে পরিকল্পনা গ্রহণ করা হয়। কিন্তু ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে যেসব প্রকল্প অ্যাপ্রুভ করা হয় তার ১০ পারসেন্টও যদি ইমপ্লিমেন্ট হত তাহলে কিন্তু গ্রামাঞ্চলের অনেক উন্নতি হত। আজকে এই অভিযোগ শুধুমাত্র আমাদের দলের এম. এল. এদের নয়, আপনাদের দলের সদস্য এবং পঞ্চায়েত সদস্যদের একই অভিযোগ। আমাদের ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিতে যেগুলো অ্যাপ্রুভ করা হয় তার জন্য বাজেটারি সাপোর্ট দরকার হয়, কিন্তু সেই বাজেটারি সাপোর্ট না থাকবার জন্য ডিপার্টমেন্ট কাজ করতে পারেন না এবং সব কাজ জওহর রোজগার যোজনার টাকায়ও করা যায় না এবং তারজন্য পঞ্চায়েত রুর‍্যাল ডেভেলপমেন্টের স্কিমগুলির কাজ করতে পারেন না। কিন্তু কিছু কিছু কাজ তাদের করতেই হয়, যেমন পি. ডব্লু. ডি বা ইরিগেশন স্কিম হলে সেগুলো ডিপার্টমেন্টের থ্রু দিয়ে অ্যাপ্রুভ করা হয়। কিন্তু ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটির মিটিংয়ে দেখেছি, ডিপার্টমেন্টাল অফিসাররা বলেন—'আপনারা প্ল্যান পাস করে দিলেন, কিন্তু টাকা না পেলে আমরা কি করব?'

আমরা যদি বাজেটোরি সাপোর্ট না পাই তাহলে আমাদের পক্ষে এগুলি ইমপ্লিমেন্ট করা

সম্ভব নয়, এখানে আপনারা যে ভাবেই অ্যাপ্রুভ করুন না কেন। কাজেই এই অসুবিধাগুলি যদি দূর করা না যায়, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি যেগুলি নিল সেগুলি যদি ইমপ্লিমেন্ট না হয় তাহলে সেগুলি বস্তাবন্দি হয়ে পড়ে থাকে, কাগজে ছাপার অক্ষর হয়ে পড়ে থাকে, তার বেশি কিছু কাজ হয়না। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দায়িত্ব এই ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটিগুলি পরিচালনা করা। কাজেই ডিপার্টমেন্টাল বাজেটারি সাপোর্ট দিয়ে সেগুলি যাতে ইমপ্লিমেন্ট করা যায় সেই ব্যাপারে উদ্যোগ নিলে কাজ করা যায়। এখানে মাননীয় সদস্য লগন দেও নির্বাচনের কথা বললেন। আমি আপনাকে বলব যে নির্বাচনের মাধ্যমে যেসমস্ত কংগ্রেসের বোর্ড গঠিত হয়েছে, পৌরসভা, পঞ্চায়েতে, সেখানে যাতে তারা কাজ করতে গিয়ে বাধা না পায় সেটাও দেখা দরকার। আমরা দেখছি যে অনেক ক্ষেত্রে কংগ্রেসের যে সব পৌর এলাকা আছে, সেখানে যে ভাবে আচরণ করা হয়, অন্য এলাকায় সেইভাবে করা হয়না। আপনি যদি এই বিষয়ে উদাহরণ চান আমি দিতে পারি। আমরা দেখেছি যে বিদ্যুত সংযোগের ব্যাপারে বহু পৌরসভার বিদ্যুতের বিল বাকি আছে সি. ই. এস. সি বা এস. ই. বি'র কাছে। কিন্তু দেখা যাচ্ছে যে পাশের পৌরসভার বিল বাকি থাকলে তাদের লাইন কাটা হচ্ছে না, কিন্তু কোনও কংগ্রেসের পৌরসভার বিল বাকি থাকলে তাদের লাইন কেটে দেওয়া হচ্ছে। কাজেই কংগ্রেসের বোর্ড যেখানে গঠিত হয়েছে সেখানে এই ধরণের বৈষম্যমূলক আচরণ যাতে না করা হয় সেগুলি আপনি দেখবেন। দ্বিতীয় কথা হচ্ছে, প্ল্যানিং কমিটির কাজ যা আছে, টাকা-পয়সা ডিসবার্সমেন্টের ক্ষেত্রে দেখা যায় যে কংগ্রেস পৌরসভায় কাজ করতে গেলে যে সহযোগিতা দরকার সেটা আপনাদের কাছ থেকে পাওয়া যায় না। এটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। কাজেই এটা দূর করার জন্য আপনি নিশ্চয়ই ব্যবস্থা নেবেন। আর একটা জিনিস আপনাকে বলব। টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাক্ট যেটা আছে সেটা অ্যাক্টও যদি ফুলফিলমেন্ট করতে পারেন তাহলেও অনেক কাজ হয়। দেখা যাচ্ছে এই অ্যাক্টের মধ্যে শহরাঞ্চলে জমি ভরাট, পুকুর ভরাট ইত্যাদি বাধা আছে। কিন্তু এই অ্যাক্টকে পুরোপুরি না মেনে পৌরসভায় বিশেষ করে ব্যাপকহারে পুকুর ভরাট হয়ে যাচ্ছে, সেগুলি আপনি আটকাতে পারছেন না। কারণ সেখানে এক শ্রেণীর প্রোমোটার আছে যারা আজকে দলের বড়বড় নেতা হয়েছেন, কাউন্সিলর হয়েছেন, আবার কেউ চেয়ারম্যান হয়েছেন। তাদের যদি মানোন্নয়ন না হয়, পকেট না ভরে তাহলে মুশকিল। কাজেই তারা টাউন অ্যান্ড কান্ট্রি প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাক্টকে বৃদ্ধাংগুষ্ঠ দেখিয়ে এই কাজ করে চলেছেন। কাজেই এই পুকুর ভরাট সম্পর্কে আপনি ব্যবস্থা নেবেন। এই বিলের বিরোধিতা করার মতো কিছু নেই। কারণ এটা সংবিধানের সঙ্গে সামঞ্জস্য রেখে আনা হয়েছে। এটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-40 – 3-50 p.m.]

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, টাউন অ্যান্ড কাউন্ট্রি প্ল্যানিং ডেভেলপমেন্ট অ্যামেন্ডমেন্ট বিলের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে আমার একটু অসুবিধা হচ্ছে।

মাননীয় সদস্য মান্নান সাহেব বিরোধিতা করলেন না, যিনি বিরোধিতা করলেন, তিনি পালিয়ে গেছেন। যে দরজা একেবারে খোলা, সেই দরজা কি ঠেলব? ঠেলতে গেলে তো পড়ে যাব। তবুও ধরে নিচ্ছি কিছু বিরোধিতা ছিল সেখানে, উনি দূরে গেলেও উত্তর দেব। যেহেতু একটা প্রশ্ন উঠেছে—মাননীয় সদস্য মান্নান সাহেবের মনে কোনও সংশয় নেই, কিন্তু সৌগতবাবুর মনে সংশয় ছিল, আমি সেই সংশয় দূর করে শুরু করছি। প্রশ্ন ছিল যে এই ভাবে এই বিলটা আনা হল কেন? এই বিলের সঙ্গে ৭৪-তম যে সংবিধান সংশোধন হয়েছে তার সঙ্গে যোগ কোথায়? খুব গুরুত্বপূর্ণ যোগ আছে এবং এই প্রাসঙ্গিকতা আছে এই বিল আনার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের আগে যে মেট্রোপলিটান ডেভেলপমেন্ট প্ল্যানিং কমিটি বিল আনা হয়েছিল, সেখানে পরিষ্কার বলা হয়েছে সংবিধানের নির্দেশে যে এই মেট্রোপলিটান প্ল্যানিং কমিটিই ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান করবেন। ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান কি সেটাও আমি এখানে বলি। এটা মূলত একটা কোঅর্ডিনেটেড ইনভেস্টমেন্ট প্ল্যান, বিভিন্ন দপ্তরের অর্থ একত্রিত করে অগ্রাধিকারকে সামনে রেখে মেট্রোপলিটান এলাকার জন্য। ডেভেলপমেন্ট প্ল্যান এই কথাটা ব্যবহার করা হয়েছে। এখন তাতে একটা সমস্যা আছে। সংবিধানের সঙ্গে সঙ্গতি রেখে কোনও একটা বিলে যেহেতু ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা ব্যবহার করা হচ্ছে তাই যদি অন্য কোনও আইনে এই ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা থেকে থাকে তাকে কিন্তু রাখা যাবে না, পরিবর্তন করতে হবে। যেহেতু আইনে এটা বিল ওয়েস্ট বেঙ্গল টাউন অ্যান্ড কান্ট্রি অ্যাক্টে সেখানে এই ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা দুবার এসেছে। একটা হচ্ছে ও. ডি পি, আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান এবং আর একটা হচ্ছে ডি. ডি. পি, ডিটেল্ড ডেভেলপমেন্ট প্ল্যান। এর থেকে সংশয় হতে পারে, এবং আইনগত সমস্যা হতে পারে, তাই এই টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টে এই ও. ডি. পি এবং ডি. ডি. পি এর ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা সরিয়ে দিয়ে একটা নুতন কথা বলব, ল্যান্ড ইউজ অ্যান্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান। এই ছোট পরিবর্তনটা করতে হয়েছে। যেহেতু ট্রাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টে বিভিন্ন জায়গায় এই কথাটা আছে তাই প্রতিটি ক্ষেত্রে ক্লজ ওয়াইজ সাবস্টিটিউশানটা করতে হয়েছে।

(এই সময় শ্রী সৌগত রায় প্রবেশ করেন)

আপনি এলেন বলে আর একবার বলছি। যেহেতু ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যানটা কন্সটিটিউশনে আপনি এলেন বলে আর একবার বলছি। যেহেতু ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান কন্সটিটিউশনে আছে সেই মোতাবেক মেট্রোপলিটান প্ল্যানিং কমিটি বিল-এ এই ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান এটা আছে তাই অন্য কোথাও যদি ডেভেলপমেন্ট প্ল্যান এই কথাটা থাকে তাহলে আইনগত কারণে সংশয় হতে পারে। যদিও দুটি জায়গায় এটা আছে, টাউন অ্যান্ড কানট্রি প্ল্যানিং অ্যাক্টে। আমরা এটা আইনজ্ঞদের মত নিয়েই করেছি।

(শ্রী সৌগত রায় রোজ টু স্পীক)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা এই রকম বাধা দেবেন না। ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা যদি একবার কন্সটিটিউশনের একটা বিলের কনটেক্সটে থাকে সেই ডেভেলপমেন্ট প্ল্যান, তাকে আপনি প্রিফেস আউটলাইন বা ড্রাফ্ট যাই করুন ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা রাখা যায় না। ইট ইজ নট সেফ এবং ইট ইজ নট কন্সটিটিউশনালি কারেক্ট। এই কারণে এই ল্যান্ড ইউজ অ্যান্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান এই কথাটা এনেছি। যে যে ক্লজে আছে সেখানে এই পরিবর্তনটা করা হয়েছে। এই ছোট পরিবর্তনটা এনেই এই বিল। এর সঙ্গে কিছু বাড়তি কথা সেটা বিলের সঙ্গে সঙ্গতি নেই—যে সময় নির্ধারিত ছিল সেই শূন্য স্থান পূরণ করার জন্য—আনা হয়েছে। আমি প্রতিটির উত্তর দেব, যতটা সম্ভব হয়। এখানে আনা হয়েছে এক্সপেনডিচার কেন রাখা হয়নি, এই কাজগুলি করতে যে ল্যান্ড অ্যাকোয়ারের খরচ আছে? টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্টে ঠিক যে ভাবে লাগু ছিল তার জন্য ল্যান্ড অ্যাকুইজিশন করার জন্য যে টাকা ধরা ছিল সেটাতেই হবে। নাম পরিবর্তন করলে অর্থ বরাদ্দ বাড়ে না, অতিরিক্ত অর্থ লাগে না। তাই এটা মানি বিল নয়। এক্সপেনডিচার বাড়ানো হয়নি। একই বক্তব্য বিরোধী দলের মাননীয় সদস্য বলেছেন সেটা মেগাসিটিকে কেন্দ্র করে। আমাদের যে দফাওয়ারী বাজেটের ডিমান্ড তাতে কিন্তু এটা বলা আছে। যে দিন দফাওয়ারী আলোচনা হবে আরবান ডেভেলপমেন্টের উপর নিশ্চয়ই এটা নিয়ে আরও বিস্তারিত আলোচনা করা যাবে। কিন্তু যেহেতু প্রশ্নটা তুলেছেন আমি উত্তর না দিয়ে যাব না। এখানে প্রশ্নটা যে ভাবে রাখা হয়েছে তা হলো—আপনারা এক সময় কলকাতা থেকে ১৮৮৭ কোটি টাকার পরিকল্পনার কথা বললেন। তার কি হল? তারপর ২০ কোটি টাকা মাঝখানে প্ল্যানিং কমিশন থেকে পাচ্ছেন, তার জন্য কেন ধন্যবাদ দিচ্ছেন না? তারপর যে মেগাসিটি প্রকল্প নিয়েছেন এর জন্য বাজেট বরাদ্দ আছে কিনা, থাকলে টাকা দিতে পারবেন কিনা। আর একটা প্রশ্ন রাখা হয়েছে, বাজার থেকে যে ঋন সংগ্রহ করবেন, আপনাদের কেউ ঋণ দেবে কিনা? ঐ অর্থাঙ্ককে ঋণ দিতে পারবে কিনা? তারপর মেগাসিটির কোনও পরিকল্পনা করেছেন কিনা, কোনও বিস্তারিত পরিকল্পনা করেছেন কিনা এবং পরিকল্পনার ক্ষেত্রে—সাধারণ প্রশ্ন রাখা হয়েছে—আলোচনা কোনও স্তরে আছে ইত্যাদি।

এই প্রত্যেকটির উত্তর আমি দিচ্ছি। আমার মনে হল যে বিরোধী বন্ধু মান্নানের উত্তরগুলো আগেই দেওয়া হয়েছে। এটি ঠিক যে কলকাতা কর্পোরেশনের তরফ থেকে আশি'র দশকে ১,৮৮৭ কোটি টাকা যা চাওয়া হয়েছিল, তার ইতিহাস আপনারা জানেন। সিটি আর্বান ডেভেলপমেন্ট—কোরিয়া কমিশন—বলে খ্যাত। কেন্দ্র এই কমিশনকে সরাসরি নিয়োগ করেছিলেন। উক্ত কমিশন সরাসরি সুপারিশ করেছিলেন এবং বলেছিলেন যে কলকাতার মতো মহানগরীতে ৭ম যোজনায় প্রায় পাঁচশ কোটি টাকা এবং ৮ম যোজনায় সরাসরি কেন্দ্রীয় সরকার টাকা দেবেন। তার ভেতরে টাকা এসেছে শূন্য। কারণ, কেন্দ্রীয় সরকার নিজেরাই এই কোরিয়ার কমিশনের রিপোর্টটি অগ্রাহ্য করলেন। এর পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে কলকাতা কর্পোরেশনের তদানীন্তন মেয়র যিনি ছিলেন, তিনি 'সিটি অব জয়' বলে একটি প্রকল্প জমা

দেন যখন প্রয়াত রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন তখন। তিনি এখানে অন্য একটি কাজে সফরে এসেছিলেন। ১৮৮৭ কোটি টাকার যে প্রস্তাব রাখা হয়েছিল তা বছর তিনেক আগে দেখা গেল টাকা এসেছে শূন্য। এখন যিনি মেয়র আছেন, তিনি একটি দল নিয়ে দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রী এবং অন্যান্য আরও অনেকের সঙ্গে দেখা করেন। তাতে দেখা গেল যে ১,৮৮৭ কোটি টাকার জায়গায় কেন্দ্রীয় সরকার ২০ কোটি সরকার ২০ কোটি টাকা দেবে বছরে বছরে বলা হল। ২০ কোটি টাকা আগে রাজ্য সরকারকে দিতে হবে এবং পরে ওঁরা রিইমবার্স করবেন, ওঁরা পরে দিয়ে দেবেন। গত বছর পর্যন্ত ওঁরা ২০ কোটি টাকা দিয়েছেন তার আগে আমরা ২০ কোটি টাকা খরচ করেছি। আমার যদদূর মনে পড়ছে, কেন্দ্রীয় সরকারের গত বছরের মার্চ মাসের শেষ মুহূর্তে টাকাটা এসে পৌঁছেছিল। আমি এই কথা কেন বলছি? এবারে যখন টাকা দেওয়া হচ্ছে তখন তার উৎসটা একটু বলা উচিত। কেন্দ্রীয় যোজনা কমিশনের সহকারি সভাপতি প্রণব মুখোপাধ্যায় এবং আমাদের জ্যোতিবাবুর মধ্যে এই ব্যাপারে একটা আলোচনা হয়েছিল। তখন বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয় নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী ছিলেন। সেই আলোচনায় আমিও উপস্থিত ছিলাম। তখন আলোচনা হয় যে ৪টি ব শহরকে নিয়ে মেগাসিটির কথা চিন্তা করা যায় কিনা। এটি প্রায় এক বছর আগেকার কথা সেই ধারণা অনুযায়ী, মূলত এই বছর থেকে শুরু করে আট বছর ধরে—শুধু কলকাতা ন কলকাতা, হাওড়া সমেত গোটা সিএমডিএ এলাকায় ৪১টির মতো পৌরসভা, নোটিফায়েড এরিয়া অথরিটি নিয়ে যা আছে, কিছু গ্রামাঞ্চলও আছে—সেখানে ১,৬০০ কোটি টাকা পরিকল্পনা আট বছর ধরে হবে। তার মধ্যে ৪০০ কোটি টাকা দেবেন কেন্দ্রীয় সরকার বাজেট বরাদ্দে দেবেন ৪০০ কোটি টাকা রাজ্য সরকারকে, আর রাজ্য সরকার'এর গ্যারান্টি মাধ্যমে বাকি ৮০০ কোটি টাকা ঋণ হিসাবে জোগাড় করবেন। অর্থাৎ রাজ্য সরকার কেন দেবেন ১৬০০ কোটি টাকা। ৮০০ টাকা ঋণ হিসাবে নিয়ে এবং গ্যারান্টির মাধ্যমে সংগৃহীত বাকি ৮০০ কোটি টাকা রাজ্য সরকার সুদে-মূলে জোগাড় করবেন। অর্থাৎ ৭৫ ভাগ দেবে রাজ্য সরকার, আর ২৫ ভাগ দেবেন কেন্দ্রীয় সরকার। কোরিয়া কমিশনে যে কথা হয়েছিল, কেন্দ্রীয় সরকার একশো ভাগ টাকা দেবেন, সেটা কমতে কমতে তাঁরা ২৫ ভাগে এলেন। সৌগত রায় মহাশয় ধন্যবাদ দেবার জন্য বলছিলেন। আমি পঁচিশ ভাগ ধন্যবাদ দেব। কারণ ৭৫ ভাগ টাকা রাজ্য সরকারকেই জোগাড় করতে হবে। উনি বক্তব্য রাখতে গিয়ে বলছিলেন, আপনারা বাজেটে কি টাকা রেখেছেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার হাতে বাজেট বইটি নেই—গত বছরে ৪০ কোটি টাকার মতো আর্বান ডেভেলপমেন্টের জন্য বরাদ্দ ছিল এবং ৪৩ কোটি টাকা খরচ হয়েছে আর্বান ডেভেলপমেন্ট এলাকায় সমস্তটা মি একশোর বেশি হবে। এই বছরে স্বাবাবিক প্রকল্প ছাড়াও অতিরিক্ত ৪০ কোটির মতো আমরা বরাদ্দ করেছি।

[3-50 – 4-00 p.m.]

কেন্দ্রীয় সরকার অতিরিক্ত বরাদ্দ করবে ৪০ কোটি টাকা, এখনও বরাদ্দ করেনি

এবং জানতেও পারিনি যে করতে পারবেন কিনা, তবে আশা দিয়েছেন করবেন। এখনও পর্যন্ত আশা আছে যে করবেন আগে সেখানে ২০ কোটি টাকা দিয়েছেন, বাড়তি ২০ কোটি টাকা—এই ১০০ ভাগের মধ্যে অতিরিক্ত ২০ কোটি টাকা, যা নিয়ে ৪০ কোটি টাকা হচ্ছে। এটা হচ্ছে ফার্স্ট কোয়ার্টারের হার। এখন এই অর্থ বরাদ্দের ক্ষেত্রে প্রশ্ন উঠেছে এই অর্থ কোথা থেকে তুলতে পারব। আমাদের যে দেয় অর্থ সেটা আমরাই জোগাড় করতে সক্ষম হয়েছি। সেটা মার্কেট বরোয়িং থেকে তুলতে পারব। এই প্রসঙ্গে একটি কথা বলি এই ৮০০ কোটি টাকার মধ্যে টাইড আপ হবে একটি বড় অংশ এবং বাকিটা টাইড আপ হবে। এই বড় অংশের মধ্যে মূলত হাড়কো, এল আইসিকে এই ধরনের আর্থিক প্রতিষ্ঠানকে যুক্ত করা হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে, আপনারা চাইলেই কি পাবেন—এখন যেহেতু প্রশ্নটা করছেন সেইহেতু উত্তরটা দিতেই হচ্ছে। মার্কেট বরোয়িং এমন একটা জিনিস যেটা কেন্দ্রীয় সরকার এবং প্ল্যানিং কমিশনের সঙ্গে আলোচনা করেই খরচ করার সিদ্ধান্ত হয়। তাতে আমাদের ফার্স্ট চয়েজ ১৭০ কোটি টাকা, যেটা রাজ্য সরকারের মার্কেট বরোয়িং করার জন্য বরাদ্দ ছিল। আপনি জেনে আশ্বস্ত হবেন যে এতে ওভার সাবস্ক্রিপশন হয়েছে, মানে অনেক বছর তা হয়নি। ওভার সাবস্ক্রিপশন হয়েছে বড়ে এবং আমি মনে করি এই টাকাটা তুলতে পারব, এটা রাজ্যের নিজস্ব বরাদ্দ। সুতরাং আর্থিক প্রতিষ্ঠান থেকে তুলতে পারব এটাই হচ্ছে বর্তমান অবস্থা। এর পরেও প্রশ্ন এসেছে আপনি কতদূর প্রিপারেশন করেছেন? আমার কাছে কাগজপত্র আছে আপনারা দেখে নিতে পারেন। অনেকদিন ধরেই এর প্রস্তুতি চলছে, বস্তুত এই প্রস্তুতি করতে করতে আমি ক্লান্ত হয়ে গেছি। এর প্রস্তুতি প্রকৃত ১৯৯০ সাল থেকে, বুদ্ধদেববাবু যখন দায়িত্বে ছিলেন তখন থেকেই শুরু হয়। প্ল্যানিং বোর্ডের সঙ্গে একেবারে সমন্বয় করে শুরু হয়। ওইদিক থেকে কিছুটা জানার সুযোগ মাননীয় বিনয় চৌধুরির নেতৃত্বেও ছিল। এই কাজটা কোনও ডিটেলে করতে চাই সেটা আপনাদের বলি, আপনাদের শুনলে ভাল লাগবে। সৌগতবাবুকে খবরটা কেউ না কেউ দিয়েছেন। এটা নিয়ে শিশির মঞ্চে সেমিনার হয়েছিল. অসংখ্য সেমিনার একটি সেমিনারেরই সেটি—আমি সেমিনার করতে করতে সবাই জানেন। সেখানে ৪১টি পৌরসভা, এবং বোর্ড তাদের সঙ্গে ইউ ডি পি থ্রি করার কথা হয়েছি। তখন প্ল্যানিং বোর্ডের সঙ্গে যুক্ত থেকে যে ধরনের ডিটেলস্ ইন্টার‍্যাকশন করা হয়েছিল সেই ধরনের থেকে হয়ত একটু বেশি ডিটেল ইন্টার‍্যাকশন এবার করা গেছে। এই মিটিংয়ের দিনক্ষণ গুনে বলে দিচ্ছি। এই আর্থিক বছরের শেষ দিকের আগে পৌরসভাগুলোতে আমাদের যে সামগ্রিক দৃষ্টিভঙ্গি কোন কোন খাতে সেটা কি হতে পারে তার সম্ভাব্যপর পারসেন্টেজ তাদের কাছে উপস্থাপন করা হয়েছে। তার পরে ২ বার করে বসা হয়েছে এবং প্রত্যেকটি পৌরসভার থেকে লিখিতভাবে সাজেশন নেওয়া হয়, সেই সাজেশনের সাথে হাওড়া এবং কলকাতা পৌরসভাগুলোর সাজেশনের সাথে মিল করে, আরেকবার বসে এটাকে ড্রাফ্‌ট প্ল্যান করা হয়েছে। এই প্ল্যানের ডিটেলস্ কিছুটা বললে বুঝতে পারবেন কি ধরনের কাজ হয়েছে। এখানে সাধারণভাবে যে বরাদ্দ করা হয়েছে সেটা আমি একটু বলে রাখি, এর মধ্যে কিছুটা ভাগ যেটা আছে সে সম্পর্কে আমি বলেছি। এরমধ্যে মেগাসিটি প্ল্যানটা করার সময়ে

আমরা অগ্রাধিকার ভিত্তিতে কাজ করি। তার মূল হচ্ছে বিকেন্দ্রীকরণ, একটি রাজ্যের নগরা: এবং বিকেন্দ্রীকরণ তার মধ্যে সি এম ডি এ এলাকাকেও যুক্ত করে বিকেন্দ্রীকরণ করা। ( মাত্র কলকাতা এবং হাওড়ার উন্নয়ন নয়, শ্রী আবদুল মান্নান চলে গেলেন, থাকলে ভ হত, সি এম ডি এ এলাকাকেও উন্নত করার গুরুত্ব দিয়ে তার সঙ্গে ৩৯টি যে বা পৌরসভা বা বোর্ড আছে সেগুলোকেও যুক্ত করা হবে এবং সমান দৃষ্টি দেওয়া হবে। আ মনে করি ১৯৮১ সাল থেকে ১৯৯১ সাল যে আদম সুমারিতে কলকাতার জনসংখ্যার বৃদ্ধি হার মাত্র ৪ শতাংশ, অর্থাৎ ১০ বছরে অর্দ্ধেক, ১ বছরে ১ শতাংশও নয়। সেখা কলকাতার পাশাপাশি পৌরসভাগুলোতে দমদম, কামারহাটি, রাজপুর ধরে ধরে ৩০ থে ৩৫ শতাংশ এবং বিকেন্দ্রীকরণ করা হবে এবং আগামীদিনে বিকেন্দ্রীকরণ আসবেই, যে যদি আরও পেশ করে রাখেন আগে থেকেই তাহলে কলকাতা, দক্ষিণ দমদম, কামারহা ব্যারাকপুর বেল্ট হয়ে কল্যাণী পর্যন্ত চলবে এই নগরায়ন লাগাতরভাবে।

এটা মনে রেখে পূর্ব প্রস্তুতি নিয়ে বিকেন্দ্রীকরণ একটা মূল উপাদান শুধু বিকেন্দ্রীক নয়, বিকেন্দ্রীকরণের পরে এক একটি পৌরসভাতে উদ্দিষ্ট জোন টার্গেট জোন কি ভাবে হ সেই এলাকার নিচের অন্তত ৭৫ শতাংশ মানুষ যাতে প্রত্যেকে নাগরিক সুবিধা পান ত জন্য এখানে মূল গুরুত্বটা দেওয়া হয়েছে। পানীয় জল, জলনিকাশি, আবর্জনা পরিষ্ক রাস্তাঘাট মেরামত, উন্নয়ন, পরিবহন উন্নয়ন, নূতন এলাকায় আবাসন, বস্তি উন্নয়ন এর ক্ষে এইভাবে একটা মূল্যায়নে জানতে পেরেছি। এতো আলোচনার পরে শতাংশটা কি ভা বদলে গেছে। পানীয় জলের উপর বরাদ্দ করা হয়েছে শতকরা ২০ শতাংশের উপ জলনিকাশিতে ১৫ শতাংশের মতো, রাস্তাঘাট মেরামতি নির্মাণ ১৮ শতাংশের মতোন, আবাস বস্তি উন্নয়ন, নূতন এলাকার উন্নয়ন এর ক্ষেত্রে সবচেয়ে বেশি প্রায় ৪৪ শতাংশ মতো বাকি অন্যান্য ক্ষেত্রেগুলি আছে, স্বাস্থ্য প্রকল্প ইত্যাদি আছে। এখানে বলে রাখি পানীয় জ মানে শুধুমাত্র একটা সোর্স অগমেনটেশন নয়, শুধুমাত্র জলের উৎস যোগ করা নয়, বিকেন্দ্রীক এটাই চায়, জলের উৎস সঙ্গে সঙ্গে প্রতি পৌরসভাতে জলের যেটা বন্টন পৌরসভার ম ঠিক জলনিকাশির ক্ষেত্রে একটি খালকে খনন করা নয়, একটি বেসিন ধরে—আপনা এলাকার কাছাকাছি এলাকার কথা বলছি—দক্ষিণ এলাকার কথা বলছি, সেটা পঞ্চানন গ বেসিন সেখানে গোটা বেসিন এলাকায় কাজ না করলে পুরো এলাকাটা ভাসতে পারে সেইজন্য এই কুলটি গাঙ পর্যন্ত আমরা চিন্তা করেছি। উত্তরে ব্যারাকপুরে নোয়াই বেসি হচ্ছে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ, এখানে মাননীয় বিধায়ক বসে আছেন, এখানে পরপ মিউনিসিপ্যালিটিগুলি পড়ে যায়, দমদম, পানিহাটি, খড়দহ, টিটাগড়, ব্যারাকপুর সবটা এ মধ্যে পড়ে যায় এবং নিচ থেকে গ্রাভিটি ফোলটা করে এইটা কাটার পরিকল্পনা করা হয়েছে অর্থাৎ এক একটি ক্ষেত্রের মধ্যে বিকেন্দ্রীকরণ, শুধু উৎসটা যোগ করা নয়, তার বিচ্ছুর শুধু রাস্তার ক্ষেত্রে আমরা বলছি, রাস্তা, কলকাতার গোটা রাস্তাকে ঘিরে বিকেন্দ্রীকরণ মানে আপনি যদি আজকে এন. এইচ. ৩৪ ধরে, আপনার এলাকার উপর দিয়ে এন. এইচ. ৩

এ যেতে চান বোম্বে রোড হয়ে, যে চিন্তাটা আমাদের আছে সেটা হচ্ছে, ই. এম. বাইপাস ফেলে যেহেতু আশোয়ারসা রোড কানেকটেডটা আমরা যুক্ত করেছি তার মাধ্যমে টালিগঞ্জ রোড দিয়ে একেবারে ডায়মন্ডহারবার রোড দিয়ে এসে ঐ দ্বিতীয় হুগলি সেতুতে তুলে দেওয়া, এই বিকেন্দ্রীকরণ করছি যাতে যে মানুষগুলি কলকাতার মধ্যস্থলে আসতে চাইছেন না তাদের জোর করে আনার প্রয়োজন না হয়। এই আলোচনা করার পরে প্রত্যেকটি ক্ষেত্রে প্রোজেক্ট তৈরি করা হয়ে গেছে, প্ল্যানিং কমিশনের সচিবরা এসেছিলেন ওরা বললেন ৪টি শহরের মধ্যে—এইভাবে বলা উচিত নয়,—এই মেগাসিটির কাজটা কলকাতা শহরে সবচেয়ে আগে হয়ে গেছে। এবং প্রত্যেকটির ডিটেলস্ প্রকল্প যদি আপনাকে দিই, সেটা নিয়ে যাওয়ার জন্য আপনার তাহলে লোক লাগবে। কারণ এতগুলি স্কিমের সঙ্গে প্রিপেয়ার্ড হয়ে গেছে, এ ব্যাপারে আমাদের আলোচনা এখনও চলছে, তবে তার ড্রাফ্‌ট দাখিল হয়েছে। এটা করেই কিন্তু আমরা বলছি, কেন নমনীয়তাটা রেখেছি। এই প্রকল্পের কতকগুলি আছে একাধিক পৌরসভাকে ট্রান্স মিউনিসিপ্যাল প্রোজেক্ট করা আর কতকগুলি হচ্ছে যেমন বড় রাস্তা তার সঙ্গে যুক্ত করা, সংযোগকারী রাস্তা সেটা পৌরসভার স্তরের প্রকল্প। সেখানে কিন্তু আমরা উপর থেকে চাপাচ্ছি না। তবে কল্যাণী এক্সপ্রেসওয়ে শেষ করে সোদপুরের কাছে মিশিয়ে দেয় তার সঙ্গে সংযোগকারী রাস্তা ব্যারাকপুর আসবে। সেটা কিন্তু উপর থেকে চালানো নয়, এটা মিউনিসিপ্যালিটি নিজে করবেন। সেই এলাকার যে বিধায়ক তার সঙ্গে কথা বলে, এই নমনীয়তাটা আমরা রেখেছি। দুটো স্তরে এটা উইদিন মিউনিসিপ্যালিটি প্রকল্প, এই নিয়ে প্রকল্পর কাজ হয়েছে। কিন্তু ডাইরেক্টলি আমরা সাবমিট করেছি, এই কারণে আমরা নমনীয়তা রাখতে চাই। আলোচনাটা আমরা মনে করি মাননীয় বিধায়কদের সঙ্গে সাংসদ সদস্যদের সঙ্গে এবং অন্যান্য যারা পন্ডিত আছেন এবং শ্রদ্ধার মানুষ আছেন, এদের সঙ্গে আমরা আলোচনাটা বারংবার করতে চাইছি। এবং এই কাজটা লাগাতর চলছে। এই সুযোগে আমি এটা বলে রাখলাম। যদিও এটা বলা এর অংশ ছিল না। আমি এটা বললাম। এখানে স্টেট প্ল্যানিং বোর্ডে দীর্ঘ আলোচনা করার পরে এটা হয়। এই ভাবে আমরা এগুচ্ছি।

[4-00 – 4-10 p.m.]

স্টেট প্ল্যানিং কমিটির দীর্ঘ আলোচনার পর এটা হয়। এই বিলের সঙ্গে যদিও এটার কোনও সম্পর্ক নেই তাই এর উত্তর দিলাম। প্রত্যেকটি ক্ষেত্রে এটা স্বচ্ছভাবে বলা আছে। আপনি অত্যন্ত প্রখর বুদ্ধিমত্তার মানুষ আপনি এটা বুঝতে পেরেছেন, মান্নান সাহেবও এটা বুঝতে পেরেছেন। তাই আমি এইগুলিকে খন্ডন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Dr.Asim Kumar Dasgupta that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994 be taken into consideration was then put and agreed to.

## Clauses 1-3

The question that clauses 1-3 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 4

**Mr. Deputy Speaker :** There is amendment to clause 4 given by Shri Lakshmi Kanta Dey. It is in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 4, for sub-clause (c), the following sub-clause be substituted :-

"(c) Section 32 be omitted."

**Dr. Asim Kumar Dasgupta :** I accept it.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no.1) was the put and agreed to.

The question that clause 4, as amended, do stand part of the Bill was then put and agreed to.

## Clasues 5-12

The question that clauses 5-12 do stand part of the Bill was then put and agreed to.

## Clause 13

**Mr. Deputy Speaker :** There is one amendment to clause 13 given by Shri Lakshmi Kanta Dey. (amendment no.2). It is in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 13, for sub-clause (a), the following sub-clause be substituted :-

"(a) in clause (f),—

(i) for the words "Outline Development Plan," the words "Land Use and Development Control Plan" shall be substituted, and

(ii) the words "Detailed Development Plan" shall be omitted ;"

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no.2) was then put and agreed to.

The question that clause 13, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

## PREAMBLE

The question that Preamble do stand part of the Bill, was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এখনও দুটো প্রশ্ন থেকে গেছে, মাননীয় মন্ত্রী মহাশয় অনেক ব্যাখ্যা দিয়েছেন। উনি নাকি সব স্তরে আলোচনা করেছেন। ক্যাবিনেটেও নাকি আলোচনা হয়েছে। তাহলে কি করে ক্যাবিনেটের একজন মন্ত্রী প্রকাশ্য সভায় এই মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি ইউজলেস এই কথাটা বললেন। এটা দিয়ে পশ্চিমবাংলায় কোনও কাজ হবে না এই কথা বললেন। এটা অবভিয়াসলি কন্ট্রাডিকশন। সেই মন্ত্রীর বক্তব্য সব খবরের কাগজে বেরিয়েছে। কি করে রাজ্য সরকারের ক্যাবিনেটের একজন মন্ত্রী মেট্রোপলিটন প্ল্যানি-এর বিরোধিতা করছেন এটা আমার কাছে পরিষ্কার নয়। আমি আরেকটা বিষয় বার বার বলেছি যে ৭৪তম অ্যামেন্ডমেন্ড থেকে, কোথাও এটা বলা হয়নি ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান কথাটা চেঞ্জ করে ল্যান্ড ইউজ অ্যান্ড ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান কথাটা লিখতে হবে। উনি বলছেন এই কথাটা না লেখা থাকলে আইনগত অসুবিধা হতে পারে।

উনি রিভিল করেননি যে কার কাছ থেকে আইনগত অ্যাডভাইস নিয়েছেন। কাগজে দেখছি উনি প্রায়ই শক্তিনাথ মুখার্জির কাছ থেকে অ্যাডভাইস নেন। তা যদি নেন তাহলে বলুন একটা লিগ্যাল ওপিনিয়ান নিয়েছেন। তা না হলে অ্যাডভোকেট জেনারেলকে হাউসে আসতে বলুন। আমরা বলছি, এইভাবে বিলটা হাউসে পাস করবেন না। আমরা বলছি, বিলটা সুপারফ্লুয়াস, বিলটার কোনও পারপাস নেই, বিলটা জোর করে আনা হচ্ছে, মন্ত্রী জিদ্ ধরে এটা করছেন, স্যার, ইউ মাস্ট গিভ এ জাজমেন্ট। আপনার কাছে এ ব্যাপারে আমরা রুলিং চাইছি। কন্সটিটিউশনালি এই বিলের দরকার আছে বলে আমরা মনে করি না। It does not follow from the 74th Amendment. মন্ত্রী মহাশয় যদি বলেন তার অধিকার আছে তাহলে তিনি তার প্রমাণ দিন অথবা অ্যাডভোকেট জেনারেলকে হাউসে ডাকুন, তিনি হাউসে আসতে পারেন, হাউসে এসে এই বিল সম্বন্ধে তিনি তার মতামত দিন। অ্যাট লিস্ট গভর্নমেন্টের অফিসিয়াল ওপিনিয়ান পেলে আমরা মেনে নিতে রাজি আছি, তা না হলে এই বিল পাস করা উচিত নয়, আমরা স্ট্রংলি এর প্রতিবাদ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খুব আস্তে আস্তে আর একবার পড়ে দিচ্ছি। ৭৪-তম সংবিধান সংশোধনের ক্ষেত্রে যে মেট্রোপলিটন প্যানিং কমিটি

ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান—এটা রচনা করবেন। সেখানে ডেভেলপমেন্ট প্ল্যানের যে সংজ্ঞা আছে সেটা ইনভেস্টমেন্ট প্ল্যান। যখন সংবিধানের পথ ধরে এরকম একটা বিল আমরা পাস করলাম সঙ্গত কারণে তখন আমাদের মাথায় এই চিন্তাটাই আছে তা যদি কোথাও development plan, outline development, detailed development plan হোক কথাটা তাহলে এর সঙ্গে কনফিউসানটা যাতে না হয় সেজন্য নামটা একটু পরিবর্তন করা। কারণ আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান যখনই আমরা করতে গেছি, নানান কারণে মানুষ এটা নিয়ে মহামান্য হাইকোর্টের কাছে গিয়েছেন চুলচেরা বিচারের জন্য যে এই ডেভেলপমেন্ট প্ল্যানের মানে কি? আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যানের মানে কি? এখন যেখানে ড্রাফ্‌ট ডেভেলপমেন্ট প্ল্যান একটা ইনভেস্টমেন্ট প্ল্যান হিসাবে স্বীকৃত হচ্ছে তার সঙ্গে কিন্তু ল্যান্ড ইউজ প্ল্যান এক নয়। শহরাঞ্চলে ইনভেস্টমেন্ট প্ল্যান হবার পরে যেখানে ইনভেস্টমেন্ট প্ল্যান শেষ হয় তার সঙ্গে সংযুক্ত হয় ল্যান্ড ইউজ প্ল্যান। কারণ অ্যালাইনমেন্টটা লাগে যদি আপনি আবাসনের প্ল্যান নেন তাহলে সেখানে কন্টুর ম্যাপ ধরে কোথায় তার অবস্থান তা স্থির করতে হয়। যদি আপনি রাস্তার প্রকল্প নেন তাহলে কোনখান থেকে রাস্তা বার করবেন সেটা ঠিক করতে হয় এবং তারজন্য ল্যান্ড ইউজ এবং ডেভেলপমেন্ট কন্ট্রোল প্ল্যান একথাটা লাগে। যখন ৮০-র দশকে টি. অ্যান্ড সি. পি. অ্যাক্ট হয়েছিল তখন কিন্তু এই ধরনের ডেভেলপমেন্ট প্ল্যান অন্য কোথাও ব্যবহৃত হয়নি। তাই বলতে পারেন কিছুটা লুজলি এ আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান, ডিটেলড ডেভেলপমেন্ট প্ল্যান কথাগুলি হয়েছিল। এর উচিত যে সংজ্ঞা সেটা হবে land use development control plan সেই কারণেও বটে এবং যাতে এর সাথে কোনও কনফিউশন না হয় তারজন্য এটা আমরা যুক্তিযুক্ত মনে করেছি, তাই এখানে আনা হয়েছে। আর পরস্পরের সঙ্গে আলোচনা করার ক্ষেত্রে বলছি, এই আলোচনার প্রক্রিয়া অব্যাহত থাকবে, আরও বিস্তারিত হবে। এই অ্যাসিওরেন্স রেখে আমার বক্তব্য শেষ করছি

The motion of Dr. Asim Kumar Dasgupta that the West Bengal Town and Country (Planning and Development) (Amendment) Bill, 1994 as settled in the Assembly, be passed was then .put and agreed to.

**The Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994.**

**Shri Abdul Quiyom Molla :** Mr. Deputy Speaker Sir, I beg to introduce the Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994 be taken into consideration.

[4-10 – 4-20 p.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের মন্ত্রী মহাশয় দি প্রিভেনশন অব করাপশন (ওয়েস্ট বেঙ্গল) অ্যামেন্ডমেন্ট বিল, ৯৪ যা নিয়ে এসেছেন, এই বিলের বিতর্কে অংশ নিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। এমনি বিলেতে স্পেশ্যাল জাজ অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে বলা হয়েছে। আমার বক্তব্যটা কিন্তু অন্য জায়গায়। মন্ত্রী মহাশয়ের ক্ষমতা খুব সীমিত, ইচ্ছা থাকলেও উপায় নেই। তবুও মন্ত্রী সভার একজন সদস্য হিসাবে তাঁর কাছ থেকে আশা করব, কতকগুলো কথা তিনি পরিষ্কার করে বলবেন। এই যে করাপশন, দুর্নীতি এটা বন্ধ করতে কী বামফ্রন্ট সরকারের নিষ্ঠা বা সততা আছে, বামফ্রন্ট সরকার কী সত্যিই দুর্নীতি বন্ধ করতে চান? তা যদি করতে চান তাহলে এই সম্পর্কে যে কোনও বিল নিয়ে আসুন আমরা তা সমর্থন করব। কিন্তু আমাদের অভিজ্ঞতা কী যে দুর্নীতি দমনের ক্ষেত্রে বামফ্রন্ট সরকার শুধু ব্যর্থ নয়, দুর্নীতিকে প্রশ্রয় দিতে বামফ্রন্ট সরকার বিরাট সাফল্য অর্জন করেছে। এই সাফল্যের জন্য আপনারা নিজেরা আপনাদের প্রশংসা করতে পারেন কিন্তু এখানে আমরা তা করতে পারব না। সেখানে আপনাদের সম্পর্কে আমাদের সমালোচনা করতেই হবে। এটা আমার কোনও বক্তব্য থেকে বলছি না, ভিজিলেন্স কমিশনের যে রিপোর্ট, '৮৪ সালের রিপোর্ট যেটা '৯১ সালের এপ্রিল মাসে এই হাউসে দেওয়া হয়েছে। সেই ভিজিলেন্স কমিশনের রিপোর্ট আমাদের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিচ্ছে যে আপনাদের সরকার করাপশনের বিরুদ্ধে লড়ার পরিবর্তে, দুর্নীতি দমন করার পরিবর্তে, তারা দুর্নীতিকে প্রশ্রয় দিয়ে যাচ্ছে। এই রিপোর্টের কয়েকটি জিনিস পড়ে শোনাব। '৮৮ সালে পাবলিশ হয়েছে '৮৪ সালের জন্য, তার ১৭ পাতা থেকে পড়ছি। "The Commission recommended disciplinary proceedings against an Assistant Commissioner of Police, Calcutta, to the Home (PAR) Department on charges of purchase of land and buildings, sale of land and house, mortgage of some land and buildings, also purchase of dwelling house in the name of his wife without prior permission of his appointing authority and acquisition of the immovable asset at a price which appears to be disproportionate to the known sources of income of the officer under report. Since the date of retirement of the officer was imminent the Commission advised the disciplinary authority in its recommendatory letter to drop the proceedings before the due date of superannuation. Home (PAR) Department disciplinary authority, however, dropped the case without consulting the Commission." আপনাদের একজন অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব পুলিশ, কলকাতার, তার বিরুদ্ধে ভিজিলেন্স কমিশন রিপোর্ট করছে, ভিজিলেন্স কমিশন অ্যাকশন নিতে বলছে, সেখানে মুখ্যমন্ত্রীর ডিপার্টমেন্ট কী বলছে, তার বিরুদ্ধে অ্যাকশন নেওয়া তো দূরের কথা, ডিপার্টমেন্ট থেকে কেস ড্রপ করে দেওয়া হল। আপনারা দুর্নীতির বিরুদ্ধে কী কথা বলবেন? আপনারা দুর্নীতির বিরুদ্ধে কী করে লড়াই করবেন? আইন করে কী হবে? আপনারা

দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে চান না, চাইলে এই অ্যাসিস্টেন্ট কমিশনার অফ পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা নিতেন। নেবেন না, কারণ আমরা জানি এই সরকার পুলিশের ওপর নির্ভরশীল, জনগণের ওপর নির্ভরশীল নয়। সে জন্য পুলিশকে তোয়াজ করতে হবে, তোষামোদ করতে হবে। তাই কোরাপটেড পুলিশ অফিসার থাকলেও তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারবেন না এই সরকার। আগের সব রিপোর্টের কথা আমি ছেড়ে দিচ্ছি—আজকেই বিধানসভার কাউন্টার থেকে যেসব কাগজ-পত্র অ .দের দেওয়া হয়েছে তাতে 'অ্যান্যুয়াল রিপোর্ট অফ্ দি ভিজিলেন্স কমিশন, ওয়েস্ট বেঙ্গল, ফর দি ইয়ার ১৯৮০ টু ১৯৮৬'ও আছে। যে সমস্ত সদস্যরা ওটা এখনও নেননি, কাউন্টার থেকে নিয়ে নেবেন। এ রিপোর্টের পাঁচের পাতাটা আমি যদি একটু পড়ে শোনাই তাহলে আপনারা অবাক হয়ে যাবেন। তাতে দেখা যাবে যে, কি ভাবে ভিজিলেন্স কমিশনের রিপোর্টকে, তার রেকমেন্ডেশনকে ডিফাই করে যে সরকারি কর্মচারিরা দুর্নীতির সঙ্গে জড়িত তাদের বিরুদ্ধে সরকার ব্যবস্থা নিতে পারছেন না। আমি এটা একটু পড়ছি, পাঁচ পাতার "The Commission investigated the case of acquisition of disproportionate assets and unauthorised acceptance of a gift of Rs.6,900.00 against a senior official of the State Government and recommended disciplinary proceedings against him in May, 1981. The disciplinary authority, however, did not serve the charge-sheet before his retirement on 31-12-85. Thereafter the disciplinary authority dropped the matter without consulting the Vigilance Commission." একজন সিনিয়র ডাব্লু বি. সি. এস. (একজিকিউটিভ) অফিসারের বিরুদ্ধে ২ লক্ষ ১৯ হাজার ৮৪৪ টাকার ডিফালকেশন আছে, কিন্তু তার বিরুদ্ধে কিছুই করতে পারেন নি। সেই কেস ড্রপ করে দিয়েছেন, তাকে ছেড়ে দিয়েছেন। ভিজিলেন্স কমিশন সেই কথাই বলেছে। তারপর রিলিফের ব্যাপারে দেখুন—হুগলি একটা বন্যা প্লাবিত জেলা, সেখানকার বন্যা প্লাবিত এলাকার রিলিফের টাকা তছরূপ করেছে একজন অফিসার—অ্যাডিশনাল রিলিফ অফিসার অফ্ হুগলি, তার বিরুদ্ধে কেস হ'ল, যে ধরা পড়ার পর তাকে কি বলা হ'ল? অ্যান্টি কোরাপশন ইউনিট অফ্ হুগলি তার বিরুদ্ধে কেস নিয়ে আসার পর, সে ধরা পড়ার পর তাকে বলা হ'ল—টাকা ফেরত দিয়ে দাও তাহলে তোমার বিরুদ্ধে কিছু করব না। এই হচ্ছে সরকারের মানসিকতা! এই যদি হয় তাহলে এই বিল এনে কি হবে! যা আছে রেখে দিন, কেন সময় নষ্ট করছেন? আপনাদের সরকারের মানসিকতা হচ্ছে কোরাপশনকে প্রশ্রয় দেওয়ার, কোরাপশনের বিরুদ্ধে লড়াই-এর নয়। যদি আপনাদের সেই মানসিকতা থাকত তাহলে নিঃসন্দেহে আমরা নিশর্তভাবে আপনাদের সমর্থন করতাম। কিন্তু সেই মানসিকতা আপনাদের নেই। অতএব আপনারা দুর্নীতি বন্ধ করবেন কি করে? আপনাদের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি এবং তা এমনভাবে মাথা-চাড়া দিচ্ছে যে, আমরা যদি আজকে পঞ্চায়েতের দিকে তাকাই তাহলে দেখতে পাব যে, সেখানে মিনিমাম অডিট টুকুও হয় না। সেখানে কোটি কোটি টাকা তছরূপ হচ্ছে।

[4-20 – 4-30 p.m.]

যেটা বলছিলাম আজকে ব্যাপকহারে পঞ্চায়েতের মধ্যে দুর্নীতি দেখা দিয়েছে। পঞ্চায়েতের টাকার কোনও হিসাব নেই, কোটি কোটি টাকা গ্রামবাংলার উন্নয়নের জন্য দেওয়া হয়েছে, সেই উন্নয়নের টাকা তছরূপ করে আপনারা সেখানে দুর্নীতির সঙ্গে জড়িয়ে ফেলেছেন। আপনারা আপনাদের কমরেডদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারেন না? মাননীয় দেবব্রতবাবু ধরতে গিয়েছিলেন, সরিয়ে দেওয়া হয়েছে দপ্তর থেকে। ফলে আপনারা দুর্নীতির সঙ্গে জড়িত হয়ে গেছেন। গ্রামবাংলার উন্নয়নের টাকা নিয়ে দলের তহবিল বাড়িয়েছেন, সেখানে আপনারা দুর্নীতির বিরুদ্ধে কথা বলবেন এটা হতে পারে না। আমি জানি, বললে মাননীয় মন্ত্রী মহাশয় একটু অখুশি হবেন, এটা গ্রামবাংলার মানুষের কথা, আগে পুলিশের লোকেরা দুর্নীতির সঙ্গে জড়িত ছিল, এখন গ্রাম-বাংলার বৃদ্ধা দিদিমারা তাঁদের নাতিকে বলেন যে তোমাকে দারোগা হতে হবে না, গ্রামের সি. পি. এমের পঞ্চায়েত প্রধান হয়ো, অনেক বেশি টাকা রোজগার করতে পারবে। আপনারা যদি দুর্নীতি না করেন, তাহলে ১৯৭৭ সালের আগে তো আপনাদের পার্টির এত রমরমা দেখিনি? আজকে যেখানে মানুষের একটা কুঁড়ে ঘর হচ্ছে না, সেখানে আপনাদের বিল্ডিং হচ্ছে, এই বিল্ডিং করার টাকা কোথা থেকে পাচ্ছেন? গ্রাম-বাংলার মানুষের জন্য দেওয়া টাকাগুলো নিয়ে দলের তহবিল বাড়িয়ে করছেন। টোটাল পার্টি কোরাপশনের সঙ্গে জড়িয়ে পড়েছে, সেখানে আপনারা দুর্নীতি দমন করবেন কী করে? আজকে দলের কমরেডরা এতবেশি দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়েছে যে বামফ্রন্ট সরকার তাদের দুর্নীতির বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারছেন না। আইন করেছেন, কিন্তু আইনের প্রয়োগ যদি না করতে পারেন তাহলে সেই আইনের দরকার নেই। আপনাদের ১৭ বছর কভার হতে চলেছে, ক্ষমতায় রয়েছেন, সরকারি কর্মচারিদের দুর্নীতি বন্ধ করতে পেরেছেন? আজকে সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টে গিয়ে মানুষকে বিনা ঘুসে বিনা উপঢৌকনে কাজ করাতে পারছেন? আপনি তো গ্রাম-বাংলার এম. এল. এ. আপনি মন্ত্রী আপনার ডায়মন্ডহারবারের সরকারের অফিসগুলিতে ঘুস না দিয়ে মানুষ কাজ পাচ্ছে প্রতিটি জায়গাতে? আজকে রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি দানা বেঁধেছে, দমন করতে পারবেন না, কারণ সরকারি কর্মচারিদের বেশিরভাগ অংশ আপনাদের এবং আপনাদের কো-অর্ডিনেশন কমিটির সঙ্গে জড়িত, তাই আজকে আপনারা তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারবেন না। কেন আজকে ১৭ বছর ক্ষমতায় থাকার পরেও সরকারি কর্মচারিদের দুর্নীতি বন্ধ করতে পারছেন না? কেন সাধারণ মানুষকে ঘুস না দিয়ে কাজ দিতে পারছেন না, সামান্য একটা র‍্যাশন কার্ড, একটা ডেথ সার্টিফিকেট বার করতে গেলে ঘুস দিতে হয়। কেন মানুষকে এই অবস্থার মধ্যে ফেলে রেখেছেন, আজকে আপনাদের কমরেডদের বিরুদ্ধে ব্যাপক ব্যবস্থা নিতে পারবেন? তাহলে সরকারি কর্মচারিদের কোরাপশন মুক্ত করে মানুষকে রিলিফ দিতে পারতেন। তা পারেন নি। একটু আগেই বলেছি আপনাদের পক্ষে পারা সম্ভব নয়। টোটাল ব্যাপারটাই এমন একটা অবস্থার মধ্যে এসে গেছে যে আপনারা কোরাপশনের দ্বারা পরিচালিত হচ্ছেন, বাইরে যেতে পারবেন না। কোরাপশন

এমনভাবে চারিদিক ঘিরে রেখেছে যে তা থেকে বাইরে যাবার ক্ষমতা আপনাদের নেই।

কাইউম সাহেব, আপনার দোষ নেই, কারণ গ্রাম-পঞ্চায়েতের প্রধান থেকে শুরু করে সর্বস্তরের মানুষ আজকে করাপটেড হয়ে গেছেন। আপনি যেখানকার এম. এল. এ. সেখানে বলুন তো গ্রামের কোন মানুষ কোটিপতি হয়েছেন বা কোন এম. এ. পাশ করা ছেলে সাধারণ অবস্থা থেকে আজকে শিল্পপতি হয়েছে? পশ্চিমবঙ্গে এরকম একটিও নজির নেই। অবশ্য নজির একটি আছে এবং তিনি হচ্ছে ওখানে যিনি বসেন তাঁর তনয়। [*****] সেজন্যই বলছি, মাননীয় মন্ত্রী বিলটা নিয়ে এসে মানুষকে ভাঁওতা দিতে পারেন করাপশনের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছেন বলে, কিন্তু মানুষ এতে বিভ্রান্ত হবে না বা সরকারের উপর বিশ্বাসও রাখতে পারবেন না। আমি যে কথাগুলো বললাম সেটা তো বাস্তবেই দেখছি! আজকে ভিজিলেন্স কমিশন তাদের রিপোর্ট পেশ করেছেন, কিন্তু সেই রিপোর্ট এখনও সরকার গ্রহণ করেননি। ফলে যেসব সরকারি কর্মচারী এবং পুলিশ অফিসারদের বিরুদ্ধে ডিপার্টমেন্টাল অ্যাকশন নেবার কথা বলা হয়েছে তাদের বিরুদ্ধে সেই অ্যাকশন এখনও নিতে পারেননি। এরজন্য আপনাদের বাহবা দেবো? এই যে ভিজিলেন্স রিপোর্ট এটা তো কেন্দ্রীয় সরকার দেননি, আপনাদের সরকারই দিয়েছেন। এই রিপোর্ট যদি বলে যে, আজকে করাপটেড অফিসারদের আপনারা প্রটেকশন দিচ্ছেন তাহলে কেন বলব না, দুর্নীতি দমনের পরিবর্তে এই সরকার দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছেন এবং প্রশ্রয় দিয়ে সাফল্য অর্জন করতে চাইছেন? এবং তারই জন্য আজকে এই অ্যামেন্ডমেন্ট বিলের বিতর্ক অংশ গ্রহণ করে এর বিরুদ্ধে বলতে বাধ্য হলাম। আমি আবার বলব, যদি সত্যিই সরকারের দুর্নীতির বিরুদ্ধে লড়াই করবার ইচ্ছা থাকে তাহলে এগিয়ে আসুন, আমরা কংগ্রেস পক্ষ থেকে সরকারকে সমর্থন করব। এখানে এক মাননীয় সদস্য ওয়াংচু কমিশনের ফুট কাটছিলেন। আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, অবশ্য আপনাদের ক্ষমতা হবে না, মুখ্যমন্ত্রীকে ওয়াংচু কমিশনের মতো একটা কমিশন বসাতে বলুন। কমিশনটা সমস্ত মন্ত্রী এবং আপনাদের এবং আমাদের দলের সমস্ত এম. এল. এদের বিরুদ্ধে বসানো হোক যে, কে কিভাবে সম্পদ বাড়িয়েছেন। তাতে করাপশনের যদি প্রমাণ না পাওয়া যায় তাহলে আমার বিরুদ্ধে কথা বলবেন। সিদ্ধার্থশঙ্কর রায় কংগ্রেস সরকারের আমলে যা করেছিলেন সেটা আপনারা একবার করে দেখান, বিচারবিভাগীয় কমিশন বসান এবং সেখানে [*****] এবং সেখানে যদি বামপন্থী এম. এল. এরা তাদের সম্পত্তির হিসাবে দেন তাহলে দেখবেন যে, তাঁরা কিভাবে দুর্নীতির সঙ্গে জড়িয়ে রয়েছেন। এটা বসালে আজকে আপনাদের সরকার যে দুর্নীতির সমর্থক হয়ে গেছেন তার প্রমাণ আমরা দেব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-30 – 4-40 p.m.]

**শ্রী সুভাষ বসু:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী আব্দুল কায়উম মোল্লা দি

Note *Expunged as ordered by the Chair

ওয়েস্ট বেঙ্গল প্রিভেনশন অ্যান্ড করাপশন বিল, ১৯৯৪, এই সভায় পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। মান্নান এখানে ধান ভাঙ্গতে শিবের গীত গাইলেন। উনি আসলে বিলের ভিতরে গেলেন না। ওদের আমলে ১৯৪৯ সালে একটা বিল আমাদের রাজ্যে পাস হয়েছিল। তারপরে ১৯৮৮ সালে সেন্ট্রাল গভর্নমেন্ট আবার একটা বিল পাস করেছিলেন। এতে করাপশনের বিরুদ্ধে বিচারের ক্ষেত্রে একটা জটিলতা দেখা দিয়েছে। সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয় সংশোধন করে যাতে সুষ্ঠুভাবে রাজ্যের আইনের ভিত্তিতে যে স্পেশ্যাল জাজ নিয়োগ করে এই সবের বিরুদ্ধে বিচার করে আসছিলেন, সেটাই আবার অব্যাহত রাখা হোক, এটাই আমরা চাইছি। "চালুনি বলে ছুঁচ তোর গায়ে কেন ছেঁদা"—ওদের কথাগুলি সেইরকম। [*****] এই হচ্ছে অবস্থা। আপনারা যে ভুসি গরুতে খায় সেই ভুষি চুরি করেছিলেন। আমি তখন ডেয়ারি অ্যান্ড পোলট্রি ডেভেলপমেন্ট কর্পোরেশনের ডাইরেক্টর ছিলাম। ১৭০ জনের নামে লোন হিসাবে টাকা ইস্যু হয়েছে। সেই লোন আদায় করার ক্ষেত্রে দেখা গেছে যে যারা সেই লোন নিয়েছে তাদের আর খুঁজে পাওয়া গেল না। তাদের যে ঠিকানা দেওয়া আছে সেই ঠিকানায় ঐ নামের কেউ নেই। অথচ ঐ নামে টাকা ইস্যু হয়েছে। ১০ বছর পরে সেগুলি রাইট আপ করতে হয়েছে, কারণ ভুয়া লোককে কোথায় খুঁজে পাওয়া যাবে। আজকে তাদের মুখে দুর্নীতির কথা সাজেনা। আপনারা যদি চান তাহলে মুখ্যমন্ত্রীর কাছে প্রশ্ন করুন যে কত লোকের বিরুদ্ধে করা করাপশনের বিচার হচ্ছে, কত ডবলিউ. বি. সি. এস অফিসার সাসপেন্ড হয়েছে, কত কর্মচারী সাসপেনশন হয়ে আছে, বিচার চলছে। আপনারা এখানে বক্তৃতা করছেন দুর্নীতি, দুর্নীতি বলে। দেশের নিরাপত্তার জন্য লোহার কামান কিনেছেন, সেখানেও চাটা মেরেছেন। আপনারা আবার দুর্নীতির কথা বলছেন। ........(এই সময়ে কংগ্রেসের বহু সদস্য একসাথে উঠে দাঁড়িয়ে বলতে থাকেন)......প্রচন্ড গোলমাল শুরু হয়........

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** কি যা তা বলছেন [**] ......(প্রচন্ড গোলমাল)......

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এসব রেকর্ড হবে না।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওদের গায়ে জ্বালা ধরেছে। এখানেই শেষ নয়, আরও আছে। কর্ণাটকের মুখ্যমন্ত্রীকে সরিয়ে দেওয়া হয়েছে দুর্নীতির জন্য। সেজন্য দুর্নীতির কথা কংগ্রেসের কাছে আমরা শুনতে রাজি নই। ঐ পার্টিটা তো উঠে যাবার মুখে এসে দাঁড়িয়েছে।

স্যার, একটা সিনিয়ার মেম্বারের আসল রূপ বেরিয়ে পড়েছে যখন আমি সত্যি কথাটা বলছি। আজকে আমি এই কথা বলতে চাই যে আপনারা গোটা দেশটাকে দুর্নীতিতে ভরিয়ে দিয়েছেন। ভারতবর্ষের কোথাও যদি এতটুকু অন্যায়ের বিরুদ্ধে, দুর্নীতির বিরুদ্ধে বিচার হয়ে থাকে তাহলে এই পশ্চিমবাংলায় হচ্ছে। কোথায় এই রকম পঞ্চায়েত আছে? আমি কারও নামে কিছু বলি না।

Note : ** [Expunged as ordered by the chair].

(গোলমাল)

এখন যদি কোথাও বিচার হয় তাহলে সেটা পশ্চিমবাংলায় হচ্ছে। কোথাও পঞ্চায়েত নেই, এখানে পঞ্চায়েতে বিচার হচ্ছে, পঞ্চায়েত নির্বাচন হচ্ছে এবং পঞ্চায়েতে কাজ হচ্ছে। এবং সব দিকে.......

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সুভাষবাবু আপনি বসুন। আপনারা যে আলোচনা করছেন, আপনি বললেন যে আবদুল মান্নান বিলের বাইরে বক্তৃতা করেছেন, আপনিও বিলের বাইরে বক্তৃতা করছেন। আর এখানে এই সব প্রধানমন্ত্রী এবং রাষ্ট্রপতির কথা বলা যায় না। আপনারা সিনিয়ার মেম্বার, এটা আপনারা জানেন। আপনারা বিলের উপর আলোচনা করুন। আর অন্যদিক থেকে জানোয়ার বলা হচ্ছে, এই কথাটা কোনও সদস্য এখানে বলতে পারেন না, বলা উচিত নয়। এইগুলি বাদ যাবে।

**শ্রী সুভাষ বসু ঃ** আমি সেইজন্য বলছি ভারতবর্ষের মধ্যে সোশ্যাল জাসটিজ, আইনের বিচার যদি কোথাও হয়ে থাকে তাহলে এই পশ্চিমবাংলায় হচ্ছে। কারণ হচ্ছে পঞ্চায়েতে যে কাজ-কর্ম হচ্ছে এবং তার যে হিসাব তা একমাত্র পশ্চিমবাংলাতেই ওপেন টাঙিয়ে দেওয়া হয়। এই জিনিস ভারতবর্ষের কোথাও হয় না। স্যার, আমি আরও বলতে চাই এখানে থানায় ডায়রি হয়, তার বিচার হয়, শাস্তি হয়, এখানে বিনা বিচারে আটক হয় না। এখানে কোরাপশনের বিরুদ্ধে বিচার হচ্ছে। আমাদের রাজ্যের জজেরা বিচার করছে, তাঁরা শাস্তি দিচ্ছেন। পরবর্তীকালে আমার সুযোগ হলে আমার চোখের সামনে যেগুলি বিচারে শাস্তি হয়েছে তার লিস্ট আমি দিতে পারব। ভারতবর্ষের কোথাও এই জিনিস নেই। আজকে কোথাও বিচার হচ্ছে না। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে অ্যামেন্ডমেন্ট এনেছেন সেটা সঠিকভাবেই এনেছেন। আমাদের রাজ্যের জজেরা আমাদের রাজ্যের আইনের মাধ্যমে যে বিচার করছেন সেই বিচারগুলি ভ্যালিড। আপনারা এই অ্যামেন্ডমেন্ট মেনে নিন। তাতে একটা দৃষ্টান্ত হবে যে এই রাজ্যে স্পেশ্যাল জাজ নিয়োগ করে কোরাপশনের বিরুদ্ধে বিচার চালাচ্ছে এবং এই বিচারগুলি সঠিক হচ্ছে, এবং শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে। অন্যরা এর থেকে শিক্ষা নেবে। সেইজন্য পুনরায় এই প্রিভেনশন অফ কোরাপশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৪-কে আমি সমর্থন করছি।

[4-40 – 4-50 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পক্ষে আবদুল মান্নান যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেই অ্যামেন্ডমেন্টটি খুব ছোট। কএর ধারা এবং ভেতরে যাই থাকুন না কেন, এর উদ্দেশ্য মহৎ। কিন্তু মাননীয় সদস্য সুভাষ বসু মহাশয় বক্তৃতা দেবার সময় অনেকগুলো অপ্রাসঙ্গিক কথা বললেন। বিলের অ্যামেন্ডমেন্টের কথা বলতে গিয়ে তিনি প্রধানমন্ত্রী এবং তাঁর ছেলের নাম বললেন। রাইটলি আপনি অবশ্য বারণ করেছেন। কিন্তু আপনি ওটা এক্সপাঞ্জ করেননি। আপনার কাছে আমার

আবেদন, বিলের মধ্যে যে কথা নেই, যা অসাংবিধানিক, আনপার্লামেন্টারি ওয়ার্ডস কতকগুলো প্রসিডিংসের মধ্যে থেকে যাচ্ছে। এগুলো যদি প্রসিডিংসে থাকে, তাহলে ভবিষ্যতে যারা এটা পড়বে তারা আপনার সম্বন্ধে কটুক্তি করবে। কারণ আপনি ডেপুটি স্পিকার, আপনি চেয়ারে ছিলেন। আপনি ওগুলো এক্সপাঞ্জ করুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি প্রথমে যা বলেছি, এ বেঞ্চ থেকে যা বলেছেন এবং ও বেঞ্চের থেকে যা বলেছেন, কেউই বিলের উপরে বলেননি। মাননীয় সদস্য আব্দুল মান্নান বিলকে টাচ্ করেননি। তাঁর উত্তরে অন্য সদস্য যা বলেছেন তাও বিল সম্বন্ধে বলেননি। আমি আগেই বলেছি যে প্রধানমন্ত্রী বা রাষ্ট্রপতির সম্বন্ধে কিছু বলা যায় না। ওগুলো বাদ যাবে। আপনিও যে কথা বলেছেন, সেগুলো মাননীয় সদস্যকে বলা উচিত নয়। আপনার মুখ দিয়ে যে কথা বেরিয়েছে, একজন মাননীয় সদস্যকে 'জানোয়ার' বলেছেন। এই কথা বলা উচিত নয়। এজন্য আপনার দুঃখ প্রকাশ করা উচিত। আপনি একজন সদস্যকে 'জানোয়ার' বলেছেন। এই রকম কথা বলা উচিত নয়। এই রকম কথা ব্যবহার করবেন না।

**শ্রী ননী কর ঃ** স্যার, আপনি ওঁকে দুঃখ প্রকাশ করতে বলেছেন, উনি দুঃখ প্রকাশ করেন নি। ওঁকে দুঃখ প্রকাশ করতে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি বলেছি ওঁর দুঃখ প্রকাশ করা উচিত। 'দুঃখ প্রকাশ করতে হবে' এটা ওঁকে আমি বলিনি। আপনারা ভাষাটা একটু বুঝুন। কারও বিবেকে যদি লাগে হয়, আমি মাননীয় সদস্যের বিবেকের উপরে ছেড়ে দিয়েছি। ওঁর বিবেক যদি না থাকে তাহলে আমার কিছু বলার নেই।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বলেছেন, আমি খুব আনন্দিত যে আপনি সময়মতো ব্যাপারটি ধরেছেন। তবে সুভাষবাবু যেভাবে বলেছেন, তাতে ঐ ভাষায় বলা ছাড়া আমার পক্ষে গত্যন্তর ছিল না। কারণ আমরা জানি, একজন মাননীয় সদস্য মাননীয় প্রধানমন্ত্রী এবং তাঁর ছেলের নামে বিধানসভায় যা বলেছেন তা বলা যায় না। আমি বলেছি জানোয়ারের মতোন বলবেন না। সুতরাং আমি যা বলেছি, 'জানোয়ারের মতোন' বলেছি। ওঁকে জানোয়ার বলিনি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এই কথা বেআইনি। কোনও প্রসিডিংসে এটা রেকর্ডেড হবে না। উনি দুঃখ প্রকাশ করেননি। ওঁর বিবেকের উপরে ছেড়ে দিয়েছিলাম। ওঁর বিবেকে আঘাত লাগে নি। কাজেই এই কথা এক্সপাঞ্জ হবে। এর আগে মাননীয় সদস্য আব্দুল মান্নান মুখ্যমন্ত্রী এবং তাঁর ছেলের উপরে যা বলেছেন তা বাদ যাবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটি সম্বন্ধে বলতে গিয়ে প্রথমেই দি প্রিভেনশন অফ কারাপশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ সম্পর্কে মাননীয়

[4-50 – 5-00 p.m.]

সদস্য শ্রীসুভাষবাবু সমর্থন করতে গিয়ে প্রধানমন্ত্রী সম্পর্কে যেসব উক্তি করেছেন তার আ৷ তীব্র নিন্দা করছি। তাঁর যে এই ধরনের মানসিকতা এর জন্য নিঃসন্দেহে লজ্জার ব্যাপার মাননীয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে বলতে গেলে যেমন বিধানসভাই একমাত্র ফোরাম এবং সেখা৷ লিখিতভাবে আমাদের অভিযোগ জানাতে হয়। সুতরাং যদি কারুর বিরুদ্ধে কোনও অভিযো থাকে তাহলে স্পেসিফাই তার বিরুদ্ধে অ্যালিগেশনের নোটিশ দেওয়া দরকার এবং সে৷ মুখ্যমন্ত্রীকে জানানো দরকার যে তার বিরুদ্ধে বা তার ছেলের বিরুদ্ধে এই অভিযোগ আ৷ সেটা জানাতে হয় এবং সেখানে তার কী বলার আছে সেটা জানতে হয়। তারপরে স্পিকারে অনুমতি পাওয়া দরকার এবং এটাই হচ্ছে সুনির্দিষ্ট নীতি, এটা মেনে রাখার দরকার সেইরকম প্রধানমন্ত্রীর সম্পর্কে দুর্নীতির অভিযোগ থাকলে ওই একই পদ্ধতিতে করা উচিত এর আগে সংসদে প্রধানমন্ত্রী বহুবার অভিযোগ তোলা হয়েছে এবং সেখানে ওই পদ্ধতি৷ করা হয়েছিল। কমিউনিস্ট পার্টির আসলে কোনও নীতির ঠিক নেই। আপনারা রাজীব গান্ধী৷ সময়ে রাজীব গান্ধীকে বোফর্সের কামান কেনা নিয়ে কতরকম দুর্নীতির কথা তুলেছিলেন বোফর্সের দুর্নীতির কথা তুলে বলেছিলেন যে সুইজ ব্যাঙ্কে তাঁর অ্যাকাউন্ট আছে। কিন্তু ও৷ সিপিএম দলের ক্ষমতা হল না ওদের ওই কথার প্রমাণ করতে। এই ধরনের মিথ্যা ক৷ ওরা চিরকালই বলে থাকেন। এখনকার প্রধানমন্ত্রী সম্পর্কে যদি তাদের সুনির্দিষ্ট কোন৷ দুর্নীতির অভিযোগ থাকে তাহলে পার্লামেন্টে ওই সিপিএম-এর তো কিছু সদস্য আছেন তার অভিযোগ আনুন কমিউনিস্ট দল প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী সম্পর্কে এতো দুর্নীতি৷ অভিযোগ এনে কিছু করতে পারল না। তারপরে তাদেরই বন্ধু সরকার ভি. পি. সি৷ প্রধানমন্ত্রী হয়ে এলে, তিনি সমস্ত কিছু তথ্য খুঁজে বার করার চেষ্টা করলেন কিন্তু তি৷ প্রমাণ করতে পারলেন না রাজীব গান্ধীর বিরুদ্ধে কোনও দুর্নীতির অভিযোগ। সুত৷ কমিউনিস্টরা অসত্য কথা বলায় সর্বকালের রেকর্ড করেছেন, ওদের কোনও কথাই আ৷ শুনতে চাই না। আজকে যে প্রিভেনশন অফ করাপশন বিল নিয়ে আলোচনা হচ্ছে এ৷ বিলটি ১৯৮৮ সালে আনা হয়েছিল। তখন রাজীব গান্ধী প্রধানমন্ত্রী ছিলেন, রাজীব গান্ধী৷ সরকারই এই প্রিভেনশন অফ কারাপশন বিল এনেছিলেন। রাজীব গান্ধী ১৯৮৮ সালে ৷ বিল করে গেছেন তার এনাবিলিং প্রভিসন করতে মাননীয় আইনমন্ত্রীর ১৯৯৪ সাল লে৷ গেল। এতদিন পরে আমাদের রাজ্যের আইনমন্ত্রীর ঘুম ভাঙল। তাহলে এতদিন ধরে মান৷ আইনমন্ত্রী কী করছিলেন? তিনি কি ৬ বছর ধরে ঘুমিয়ে ছিলেন? আপনার অ্যাক্ট অ৷ পার্লামেন্টে ১৯৮৮ সালে যে আইন পাস হয়ে গেছে এবং তার রেকর্ড হয়ে গেছে সেখা৷ আমাদের রাজ্যে এই প্রিভেনশন অফ কারাপশন অ্যাক্ট এতদিন এখানে কার্যকর হতে চলে৷ এটা ভাবলে আশ্চর্য লাগে। ১৯৮৮ সাল থেকে ৯৩ কেটে গেল অর্থাৎ সাড়ে ৫ বছর কে৷ গেল। উনি বললেন যে স্পেশ্যাল কোর্ট করার অসুবিধা আছে এবং তার তিন নম্বর ক্ল৷

বলেছেন The Central Government or the State Government may be notification in the official gazette appoint as many special judges as may be necessary for much area/areas or for such case or group of cases as may be specified in the notification to try the following offences." namely : (a) any offence punishable under this act ; and (b) any conspiracy to commit or any attempt to commit or any abetment of any of the offencs specified in clause (a) তাহলে এই যে স্পেশ্যাল জাজ অ্যাপয়েন্ট করার ব্যাপারটা অরিজিনাল অ্যাক্টের ৩ নম্বর ক্লজে রয়েছে, এখানে মন্ত্রী কী বলছেন স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজিনসে সেটা দেখুন—কিভাবে সরকার চলে আপনারা দেখুন—১৯৮৮তে যখন এই আইনটা ছিল প্রিভেনশন অফ কোরাপশন অ্যাক্ট, ইট ইজ হেয়ার বাই রিপিল্ড, এর পরে এই আইনে ঐ কথাটার কোনও অস্তিত্ব রইল না। দি প্রিভেনশন অফ কোরাপশন অ্যাক্ট ১৯৮৮ এটা রইল না, ক্রিমিনাল ল ১৯৫২ রইল না, সেই ক্রিমিনাল ল অনুযায়ী পশ্চিমবঙ্গে স্পেশ্যাল জাজ অ্যাপয়েন্ট হয়েছে। The Act of 1988, unlike the Act of 1947, has provided for a specific forum for trial of cases under it. The provisions of Section 26 of the Act of 1988 have, however, saved the existing Special Judges appointed under Section 6 of the Criminal Law Amendment Act, 1952 (46 of 1952 by laying down that the Special Judges appointed under section 6 of the Criminal Law Amendment Act, 1952 (46 of 1952), shall be deemed to be Special Judges appointed under the Act of 1988....যেটা রাজীব গান্ধী করার চেষ্টা করেছিলেন। কিন্তু এরা কি করলেন স্পেশ্যাল জাজ অ্যাপয়েন্ট করলেন আন্ডার ক্রিমিনাল অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট '৫২ অনুযায়ী, প্রিভেনশন অফ কোরাপশন অ্যাক্ট '৮৮ অনুযায়ী স্পেশ্যাল জাজ হবে এই আইনটা '৮৮ তে পাস হয়ে গেছে। তার মানে লিগ্যালি আপনাদের ল্যাকুনা ছিল। তাহলে আপনারা এই ৬ বছর ধরে কি করলেন, কেন আগে এই অ্যাকশন নেননি, আপনারা ঘুমিয়েছিলেন, কি এক্সপ্ল্যানেশন দেবেন দেশের মানুষকে, সরকার কি ব্যাখ্যা দিতে পারবেন? আপনাদের প্রত্যেকটি লেজিসলেশনে স্লিপ শর্ট, আর্বিটারি, হুইমজিক্যাল, ল্যাকাডেইজিক্যাল কখন কোনও আইন আনছেন, আপনাদের কোনও খেয়াল নেই। তিনদিন আগেও জানা যায়নি, গত শুক্রবার দিন প্রথম আইনটা সার্কুলেট করলেন। সেই আইন অনুযায়ী তারা প্রিভেনশন অফ কোরাপশন অ্যাক্টে নূতন অ্যাপয়েন্টমেন্ট স্পেশ্যাল জাজ-এর হবে। স্পেশ্যাল জাজ অ্যাপয়েন্ট কেন হল তার কারণ হচ্ছে সাধারণ সিভিল কোর্টে অনেক মামলা জমে যাচ্ছে। মামলাগুলি তাড়াতাড়ি নিষ্পত্তি হচ্ছে না। সেইজন্য বলা হল দেশে যদি দুর্নীতির সঙ্গে লড়াই করতে হয় তাহলে

বিশেষ করে অফিসিয়াল লেবেলে যেখানে দুর্নীতি হচ্ছে সেটাকে রোখার জন্য স্পেশ্যাল কোর্ট স্পেশ্যাল ল করলেন '৮৮ আইন অনুযায়ী। রাজীব গান্ধী যিনি দুর্নীতির বিরুদ্ধে চিৎকার করেছিলেন, তিনি যেটা করতে চেয়েছিলেন সেইটা করতে এই রাজ্য সরকারের ৬ বছর দেরি হল। এতদিন ধরে এরা ঘুমিয়ে ছিলেন। আমি মনে করি এটা সিরিয়াস ল্যাকুনা অন দি পার্ট অফ দি গভর্নমেন্ট।

এখানে পাওয়ার টু স্পেশ্যাল জাজেস বলা আছে। কোন কোন কেসে ট্রায়েবেল বাই স্পেশাল জাজেস বলা আছে? প্রিভেনশন অফ করাপশন অ্যাক্টে অবেটমেন্টের ব্যাপারে বলা আছে। এর পরে আমি আসছি প্রসিডিওর অ্যান্ড পাওয়ার অফ স্পেশ্যাল জাজ। এখানে একটা পাওয়ার টু ট্রাই সামারালি দেওয়া আছে। সব জাজই কিছু কিছু সামারালি ট্রায়াল করতে পারবে। কি কি অফেন্সে এই পেনাল্টি হবে সেখানে বলা আছে এবং কোন কোন ক্ষেত্রে এইগুলো প্রযোজ্য সেটাও বলে দেওয়া আছে। 'Public servants taking gratification, in order, by corrupt or illegal means, to influence public servants. Taking gratification, for exercise of personal influence with public servant. Punishment for abetment by public servant obtaining valuable thing, without consideration from persons concerned in proceeding or business transacted by State public servant. Punishment for abetment of offences defined in sec. 7 or 11. Criminal mis-conduct by a public servant. Habitual committing of offences under sec 8, 9 & 12, etc.' তাহলে কি দেখা গেল, যে প্রিভেনশন অফ করাপশন অ্যাক্ট এটা মূলত কেন্দ্রীয় সরকারই এনেছিলেন এবং যারা পাবলিক সারভেন্ট, সে যদি ঘুষ নেয় এবং ঘুষ দিয়ে ইমপ্লিমেন্ট করছেন যে লোকটা, এই ধরনের অফেন্সে পাবলিক সার্ভেন্টের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ায় এই অ্যাক্টের উদ্দেশ্য। কিন্তু আমাদের যেটা বলা দরকার, যেটার ব্যাপারে আইনগত অসুবিধা রয়ে গেছে সেটা হল স্যাংশন। এই স্যাংশনের ব্যাপারে সাধারণ মানুষ আটকে যাচ্ছে। কোনও পাবলিক সার্ভেন্ট সে সেন্ট্রাল গভর্নমেন্ট হোক বা স্টেট গভর্নমেন্ট হোক তার বিরুদ্ধে যদি মামলা করতে হয় তাহলে এগোয়স্টিং অথরিটির কাছ থেকে পারমিশন নিতে হবে, যেমন রাজ্যের ক্ষেত্রে গভর্নর। একজন পাবলিক সার্ভেন্ট ঘুস নিচ্ছে এরজন্য সরকার থেকে অনুমতি নিতে লাগবে এবং এই পারমিশন প্রায়ই পাওয়া যায় না। এখানে পাবলিক সার্ভেন্ট মানে সরকারি কর্মচারী থেকে মন্ত্রী পর্যন্ত হতে পারে। এম. এল. এ-রা কিন্তু পাবলিক সার্ভেন্ট নয়। যখন কেউ কোনও বড় পদে আছে, এরকম কারোর বিরুদ্ধে মামলা যখন আপনি করতে যাবেন তখন সরকারের কাছ থেকে পারমিশন পাওয়া যায় না। আর এই ইনভেস্টিগেশন কারা করবেন সেটাও বলে দেওয়া আছে। শহরে যদি হয় তাহলে অ্যাসিস্ট্যান্ট কমিশনার

আর জেলায় যদি হয় তাহলে ডি. এস. পি র‍্যাঙ্কের লোকেরা এই ইনভেস্টিগেশন করতে পারবে। এখন দেখা যাক স্পেশ্যাল জাজদের স্ট্যাটাস কি? এই স্পেশ্যাল জাজদের স্ট্যাটাস ডিস্ট্রিক্ট জাজের মতো। আজকে পশ্চিমবাংলায় এতদিন হয়ে গেছে এই আইনটা পাস হয়েছে, কিন্তু ফ্যাক্ট হচ্ছে এই আইনে কোনও কেস হচ্ছে না। এই আইনের কিছু কারেকশন দরকার। এই আইনে কেস হলে কনভিকশন করা যাচ্ছে না, দুর্নীতি বজায় থাকছে। আপনারা নিজেদের বামপন্থী বলে গর্ব করেন, আপনারা কেউ বুকে হাত দিয়ে বলতে পারেন বামফ্রন্ট সরকার আসার পর সরকারি অফিসে ঘুস নেওয়ার পরিমাণ কমে গেছে। যেখানে সাধারণ মানুষকে যেতে হয় সেখানে ঘুস বা স্পীড মানি থেকেই গেছে। coruption amongst public servants has increased in the last years আপনারা একটা থিরোরিটিকাল ভিউ দিতে পারেন, কিন্তু বামপন্থীদের এই স্লোগান আপনারা চেঞ্জ করতে পারেননি। আপনারা কমিউনিস্ট আপনারা বড় বড় কথা বলেন। যেখানে ক্যাপিটালিস্ট সোসাইটি, যেখানে প্রফিটের জন্য লোকে কাজ করে সেখানে করাপশন আসতে বাধ্য, সেখানে করাপশন থাকবে।

[5-00 – 5-10 p.m.]

করাপশনটা এখন ইউনিভার্সাল ফেনোমেনান। আবার আরও র‍্যাশনালাইজ করা যায়, বলা যায়, এটা হচ্ছে মবিলের মতোন। গাড়ি চালাতে যেমন তেলের দরকার তেমনি তার সঙ্গে মবিলেরও দরকার। গাড়ির ইঞ্জিনটা ঠিক মতোন চালু রাখার জন্য মবিলের দরকার। করাপশনের ক্ষেত্রে ঘুসটা হচ্ছে স্পিড মানি। সেটা ঐ মবিলের মতোন। আমরা এম. এল. এ-রা গেলে ঘুস নেওয়া হয়না। লোকে আমাদের বলে আপনারা সঙ্গে গেলে আমাদের কাজটা হবে না কারণ আপনার সামনে ঘুস নেবে না। আমরা একা একা গেলে ঘুস দিয়ে ম্যানেজ করে নিতে পারি। এই হচ্ছে প্রকৃত অবস্থা সরকারি অফিসগুলির। আমরা সেখানে ব্যক্তিগতভাবে যেতে ভয় পাই কারণ লোকে বলে আপনারা সঙ্গে না থাকলে যে কোনও ভাবেই হোক আমরা ম্যানেজ করে নেব। রেজিস্ট্রি অফিসে সাব-রেজিস্টারের অফিস, কোর্ট সর্বত্র এই অবস্থা চলছে। আপনারা আজকে বুকে হাত দিয়ে বলুন যে কোন কোর্টে ফাইল মুভ করাতে গেলে ঘুষ দিতে হয়না? এই যে আমরা নিরক্ষরতা দূরীকরণের কাজ করছি, এর পরে আপনারাই বলুন কোনও দপ্তরকে করাপশন ফ্রি করতে পারা গেছে, কোন দপ্তর আছে যেখানে একজনও ঘুস নেয় না? এই ঘুষ ৫/১০ টাকাও হ'তে পারে আবার ৫শো, হাজার, ৫ হাজার টাকাও হ'তে পারে। কেউ বলতে পারবেন না এখানে যে পশ্চিমবাংলার সর্বত্র ঘুস বন্ধ হয়ে গিয়েছে। এই জিনিসটাই আজকে গভীরভাবে চিন্তা করা দরকার। তবে নিশ্চয় পশ্চিমবঙ্গে ঘুসের পরিমাণ বিহারের মতোন নয়। বিহারে আইনশৃঙ্খলা বলে কিছু নেই কাজেই সেখানে অবাধে ঘুস চলছে কিন্তু পশ্চিমবঙ্গেও ঘুস চলছে। প্রতিটি সরকারি দপ্তরে ঘুসের জন্য সাধারণ মানুষ ব্যতিব্যস্ত। এই ঘুসকে প্রিভেন্ট করার মতোন সরকারি মেশিনারির সর্বত্র

মন্ত্রী মহাশয়, আপনার হাতে নেই। আর যে মেশিনারিটা আছে সেটাও ফাংশন করছে না ঠিক ভাবে। এই প্রসঙ্গ বলতে গিয়ে আমি আপনাদের কাছে একটা উদাহরণ তুলে ধরতে চাই। আজকেই এই দুটি বই মেম্বারদের মধ্যে বিলি করা হয়েছে। যারা নেননি তারা কাউন্টার থেকে নিয়ে নেবেন। এই দুটি বই হচ্ছে Annual Report of the vigilance commission, West Bengal for the year 1985. কাইয়ুম মোল্লা সাহেব, আপনি বিষয়টি একটু শুনুন। ভিজিলেন্স কমিশন অফিসারদের করাপশনের ব্যাপারটা দেখে। বই-এ লেখা আছে এটা ১৯৮৫ সালের রিপোর্ট। বইটি ছাপা হয়েছে ১৯৮৯ সালে এবং মেম্বারদের মধ্যে দেওয়া হচ্ছে ১৯৯৪ সালে। আর গভর্নমেন্ট রিপোর্ট দিচ্ছে মেমোরান্ডাম অব অ্যাকশন টেকেন—সেটা বার হয়েছে ১৯৯৪ সালে—ক্যান ইউ ইমাজিন? ১৯৮৫ সাল থেকে ৯ বছর সময় লাগবে বলতে যে গভর্নমেন্ট কি অ্যাকশন নিয়েছেন ভিজিলেন্স কমিশনের রিপোর্টের উপর? মাইন্ড ইউ, তারা কি করে? এই যে বি. কে. সাহা, ডি. জি'র কেস ভিজিলেন্সে এলো, তারা ইনভেস্টিগেট করবে যে এতে প্রাইমাফেসি কেস আছে কিনা? যদি প্রাইমা-ফেসি কেস থাকে তাহলে তখন সেটা কায়ুম মোল্লা সাহেবের ডিপার্টমেন্টে পাঠাবে এই বলে যে প্রাইমা ফেসি কেস আছে, প্রসিকিউট করতে চাই এবং সেখানে প্রসিকিউশন শুরু হবে। এখন এই গোটা ব্যাপারটা যদি ৯ বছর গ্যাপ থাকে তাহলে কি অবস্থা হয় সেটা স্যার, আপনি বুঝতেই পারছেন। আমি একটা রিপোর্ট থেকে পড়ছি, তাহলেই বুঝতে পারবেন ডিসপোজালের রেট-টা কি রকম? গত ১৯৮৫ সালে ৮৯০ টা কমপ্লেন টোট্যালি ওরা পেয়েছিলেন। তার মধ্যে Number of complaints on which action was taken. হচ্ছে ৮৭৪। ইনভেস্টিগেট করেছেন। তার মধ্যে number of enquiries pending at the close of the year. হচ্ছে ৩৮৬। তার মানে রাফলি হাফ পেন্ডিং থাকছে বছরের শেষে। পরেরটা দেখুন। number of complaints received by the ante-corruption, District unit ডিসট্রিক্টে যে ইউনিট আছে তাদের ক্ষেত্রে অবস্থাটা ভয়াবহ। আগেরটা ছিল হেড কোয়ার্টারের ব্যাপার। সেখানে ওরা ৮৭৪টি কেসের ইনভেস্টিগেশন করেন কিন্তু সেখানে ৩৮৬টি কেসের ইনভেস্টিগেশন কমপ্লিট হয়নি। আর ডিস্ট্রিক্টে নাম্বার অব কমপ্লেন্টস রিসিভড ৩৩১, number of complaints received 331, number of enquiries carried over 1368. number of enquiries pending—1328. তাহলে দেখা যাচ্ছে there has been no progress in the enquiries made at the district. এটা শুধু প্রথম স্টেজ। এ ক্ষেত্রে ভিজিলেন্স কমিশন জাস্ট ইনভেস্টিগেট করবে যে প্রাইমা-ফেসি কেস আছে কিনা। এর পর প্রসিকিউশন। এবং প্রসিকিউশনের ক্ষেত্রে রেকর্ড কী আমি জানতে চাই কোয়ায়ুম মোল্লার কাছে, এই স্পেশ্যাল কোর্ট প্রিভেনশন অ্যাক্টে আপনি স্পেশ্যাল কোর্ট করার অধিকার দিয়েছেন what is you annual rate of Conviction আমি এখানে দেখলাম যে রেট অব Conviction আপনারা কী দিয়েছেন? আমি দেখলাম কোন জায়গায় ক্লিন কাট এতগুলো

কেস এ কনভিক্টেড হয়েছে, আপনারা করেননি এবং পশ্চিমবাংলায় একটা ইয়ারে এই প্রিভেনশন অ্যাক্টে কনভিকশন হয়েছে ১০ পারসেন্ট। আপনারা সেন্ট্রাল গভর্নমেন্টের সমালোচনা করেন। তাদের আলাদা করে কোনও ভিজিলেন্স কমিশন নেই। ওদের সি. বি. আই. আছে, তাদের কাজ হচ্ছে গভর্নমেন্ট অফিসারদের করাপশন ইনভেস্টিগেট করা। সি. বি. আই. এর কত কেসে কনভিকশন হয়েছে, ৫৫ টু ৬০ পারসেন্ট। সি. বি. আই. সবচেয়ে আধুনিক যন্ত্র বার করেছে। সি. বি. আই. সেন্ট্রাল গভর্নমেন্ট কর্মচারিদের ঘুস নেবার ব্যাপারে ওরা একটা ট্রাপ বার করেছে। যখন টাকা নিচ্ছে তখন একটা কালার নোটে থাকবে এবং নিলে ওটা হাতে লেগে যাবে, তারপর জলে হাত ডোবাতে বলে, সঙ্গে সঙ্গে নীল রং বেরিয়ে আসে। পশ্চিমবাংলার ভিজিলেন্স কমিশনের সেই সমস্ত কোনও ব্যবস্থা নেই। শুধু কয়েকজন রিটায়ার্ড ডি. জি., ডি. আই. জি., এদের বসিয়ে দেওয়া হয়, এদের কোনও রকম মডার্ন মেথড অব করাপশন ডিটেকশনের কোনও রকম ব্যবস্থা নেই। Modern deliction of bribe কোনও ব্যবস্থা নেই। তার ফলে পশ্চিমবাংলায় এখন পর্যন্ত করাপশনের বিরুদ্ধে অ্যাকশন নেওয়া হ্যাজ বিন totolly shocked. আপনার ছয় বছর আগে করা উচিত ছিল আইন, সেই আইন আজ পর্যন্ত করতে পারেননি এবং এখানে মেনশন হয়েছে, আপনারা রিটায়ার্ড ডি. জি., ফর্মার পুলিশ কমিশনারদের বিরুদ্ধে কোনও অ্যাকশন নিতে পারেন নি। পশ্চিমবাংলার এটা সবচেয়ে বড় ফেলিয়োর। আরও কতকগুলো প্রবলেম আছে, সেইগুলো, যেমন প্রিভেনশন অব করাপশন অ্যাক্টে কী করে অ্যাকশন নেবেন? একই লোকের বিরুদ্ধে হয়তো ৪২০ তে একটা কেস হল, আবার ৪০৯তে একটা কেস হল, তাহলে তার বিচার দুই জায়াগায় হবে। দুটো এক সঙ্গে এই প্রিভেনশন অব করাপশন অ্যাক্টে এই পাবলিক সার্ভেন্টের ক্ষেত্রে রুজু করা যাবে কী না আমার মতে স্যাংশন ব্যাপারটা রিল্যাক্স করা দরকার। আই. পি. সি. এবং প্রিভেনশন অব করাপশন এই দুটো অফেন্সের এক সঙ্গে বিচার করার ব্যবস্থা করা দরকার। করাপশন আজকে একটা জাতীয় ব্যাধি। কিন্তু পশ্চিমবঙ্গ আজ পর্যন্ত সেই জাতীয় ব্যাধি থেকে মুক্ত নয়। এখানে একটাও এনকোয়ারি হয়েছে কী করাপশনের ব্যাপারে, একটাও হয়নি। বোফর্সের জন্য জয়েন্ট পার্লামেন্টারি কমিটি হয়েছিল, কিন্তু এখানে সেই রকম কিছু হয়নি। আমরা তো অনেক অভিযোগ এনেছি, কিন্তু কোনও এনকোয়ারি পর্যন্ত হয়নি। আমরা অনেকবার করাপশনের বিরুদ্ধে চার্জ এনেছি, যেমন বেঙ্গল ল্যাম্প, ট্রাম কোম্পানি, ইস্টার্ন বাই পাশে মাটি কাটার কেলেঙ্কারীর ব্যাপারে, গ্যাস টার্বাইন, স্টেট বাস, রডন স্কোয়ার প্রভৃতি ব্যাপারে, কিন্তু এই সব ক্ষেত্রে একটাও একজাম্পলারি শাস্তি দিতে পেরেছেন? পারেন নি। ইউ আর সেট এগেনস্ট করাপশন, বুদ্ধদেববাবু করাপশনের ব্যাপারে রিজাইন করলেন। আমার মনে হয় সিরিয়াস করাপশনের বিরুদ্ধে ফাইট করার কোনও মনোভাব আপনাদের নেই। সেইজন্য এই অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট পশ্চিমবাংলায় আনতে ছয় বছর দেরি হয়েছে। সেই

জন্য এই বিলকে আমি সমর্থন করতে পারছি না।

[5-10 – 5-20 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় বিচার বিভাগীয় মন্ত্রী যে প্রিভেনশন অফ কোরাপশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ এনেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। এটা আর কিছুই নয়, যে ল্যাকুনা ছিল তাকে সংশোধন করা হচ্ছে। সৌগতবাবু এবং মান্নান সাহেব বললেন '৮৮ সালে আইন পাস হয়েছিল, '৯৪ সালে সংশোধন করা হচ্ছে, তাহলে ৬ বছর ধরে কি কিছুই করা হয়নি? ওঁরা বোঝাতে চেষ্টা করলেন যে, ৬ বছর ধরে বিচার ব্যবস্থা বন্ধ ছিল। না, মোটেই তা ছিল না। আইনের ল্যাকুনাটা শুধু সংশোধন করা হচ্ছে। আর ৬ বছর ধরে বিচার ব্যবস্থা বন্ধ ছিল, কোনও কেস হয়নি, এটা ঠিক নয়, বিচারও ঠিকই হয়েছে। এখানে শুধু ল্যাকুনা-টুকু দূর করা হচ্ছে। আমি এই প্রসঙ্গে একটা কথা শুধু মাননীয় বিচার মন্ত্রীকে বলতে চাই—আইনটা ঠিকই আছে, কিন্তু আমরা ডিস্ট্রিক্ট জজ বা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জজ'কে কেস দিচ্ছি। তাঁদের নর্মাল কেসগুলিও ওপর আবার যদি এই অ্যাডিশনাল কেসগুলি তাঁদের দেওয়া হয় কি করে করবেন। তাঁদের নির্দিষ্ট কেসগুলি করারই সময় থাকে না, এক একটা কেসের বিচার করতে ৫/৭/১০ বছর সময় লেগে যায়। এই যে ডিলে, হয়, এবিষয়ে একটা কথা আছে জাস্টি ডিলেড জাস্টিস ডিনায়েড বর্তমানে একজন জজ তাঁর নির্দিষ্ট কাজ-টুকুই শেষ করতে পারছেন না, সে এই কেস করবে কেমন করে? সে জন্য আমার অনুরোধ দু' তিনটে জেলা নিয়ে শুধু এই কেস বিচার করার জন্য একজন জজ করা যায় কিনা তা মাননীয় মন্ত্রী মহাশয় একটু ভেবে দেখুন। আজকে এখানে দুর্নীতির কথা উঠছে। কিন্তু আজকে দুর্নীতি কোথায় নেই? সমাজের সর্ব-স্তরে দুর্নীতির ছড়িয়ে পড়েছে। আমাদের প্রশাসন চালাতে যাঁরা আসছেন তাঁরা কেউ বিলেত থেকে বা অন্য কোনও গ্রহ থেকে আসছে না, এই দুর্নীতিগ্রস্ত সমাজ থেকেই আসছেন, ফলে তাঁদের কাজের মধ্যেও বহু ক্ষেত্রেই দুর্নীতির প্রকাশ ঘটছে। সুতরাং আমাদের প্রশাসনের মধ্যে দুর্নীতি নেই একথা বলা যায় না। দুর্নীতি কোথায় নেই? কংগ্রেস যেখানে রাজত্ব চালাচ্ছে—প্রপার দিল্লিতে দুর্নীতি নেই? দুর্নীতি ভারতবর্ষের সব জায়গায় আছে। হ্যাঁ, তুলনামূলকভাবে পশ্চিমবাংলায় কম আছে, এটা জোর করে আমরা বলতে পারি। আজকে সমাজের সব-স্তরে দুর্নীতি বাড়ছে, আমাদের প্রশাসনের মধ্যেও কিছু কিছু বাড়ছে যেমন,—আমাদের ওখানে একজন কংগ্রেসি হেড মাস্টার, এখানে এক সময় এম. এল. এ. ছিলেন, তিনি একজন মাস্টার মশাইকে নিয়োগ করে দেড় লক্ষ টাকা নিয়েছেন। তাঁর বিচার কে করবে? সমাজের সর্বস্তরে দুর্নীতি থাকবে, আর আমাদের প্রশাসনের মধ্যে কোনও রকম দুর্নীতি থাকবে না, এটা মনে করা ভুল হবে। তাহলে দুর্নীতি দূর করার ব্যবস্থা কি হবে? অ্যান্টিকোরাপশন আইনের মধ্যে তো সব রকম দুর্নীতির মামলা আসে না। যেগুলো আসে সেগুলোর ক্ষেত্রে যাতে যথাযথ তদন্ত হয়

এবং বিচার হয় তার জন্য অবশ্যই কিছু ব্যবস্থা করতে হবে। জেলা স্তরে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটই ভিজিলেন্স অফিসার। তাঁকে খুব বেশি হলে একজন ডি. এস. পি. বা একজন ইন্সপেক্টর বা একজন সাব-ইন্সপেক্টর এবং একজন কেরানির ওপর নির্ভর করতে হয়। ফলে তাঁর কাছে দরখাস্ত জমা পড়লেও ৬ মাস, ১ বছরের মধ্যে এনকোয়ারি হয় না। অবশ্য এই বিষয়টা মাননীয় বিচার মন্ত্রীর দপ্তরের অধীন নয়, এটা হোম ডিপার্টমেন্টের ব্যাপার। তথাপি বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ এবং তদন্তই যদি না হয় তাহলে কিসের বিচার হবে, সুতরাং সরকারকে বিষয়টা ভাবতে হবে। দুর্নীতি রোধ করার ক্ষেত্রে কিছু ইন্সট্যান্স ক্রিয়েট করাতে না পারলে, দুর্নীতি কমাতো দূরের কথা, দুর্নীতি আরও বাড়বে, কিছুই করা যাবে না। আমি সেজন্য বলছি আপনি তো অনেক বিষয়ে চিন্তা করছেন। কি ভাবে একটা ভীতের সৃষ্টি করা যায় মামলা করে তাড়াতাড়ি ডিসপোজাল করা যায়। জেলার সঙ্গে আপনাকে কো-অর্ডিনেট করতে হবে হোম ডিপার্টমেন্টের সঙ্গে জেলার ভিজিলেন্স সেলটাকে কি ভাবে জোরদার করা যায় এই কথাগুলি আপনাকে আমি বিবেচনা করতে অনুরোধ করছি। আজকে আমি দুর্নীতির কথা শুনলাম, মাননীয় মান্নান সাহেবের কাছে, মান্নান সাহেবের আশে পাশে যে সব জায়গায় দুর্নীতি আছে সেইসব মানুষদের দুর্নীতি দমন করতে পেরেছেন? তাঁর দলের মধ্যে যাঁরা আছেন তাঁদের দুর্নীতি দমন করতে পেরেছেন। আজকে সর্ব স্তরে দুর্নীতি ছড়িয়ে পড়েছে, কাজেই প্রশাসনেও দুর্নীতি থাকবে এটাতে আশ্চর্যের কিছু নেই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব জেলার ভিজিলেন্স ডিপার্টমেন্টের সঙ্গে আপনাদের একটা কো-অপারেশনের ব্যবস্থা করতে হবে, কো-অর্ডিনেশন সেল করতে হবে। তাকে যদি জোরদার করা যায় তাহলে কিছু কাজ হতে পারে। দুর্নীতি দমন করতে না পারলে বামফ্রন্ট সরকারের নিন্দা হবে। আমাদের পাশে বিহার রয়েছে, বিহারের সঙ্গে আমি তুলনা করতে চাই না, কংগ্রেস শাসিত রাজ্যে গিয়েও আমরা দেখেছি সেখানে যে রকম দুর্নীতি আছে সে রকম এখানে নেই। এ কথা বলে একে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, দি প্রিভেনশন অফ কোরাপশন অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯৪ যেটা মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন আমি তাকে সমর্থন করছি। আমি মাননীয় সৌগতবাবুর বক্তব্য শুনলাম, মাননীয় মান্নান সাহেবও বললেন। আসল জিনিসটা হচ্ছে, কেন্দ্রীয় সরকার ১৯৮৮ সালে এই দুর্নীতি বিরোধী আইন প্রণয়ন করেন। আমরা জানি যে, ভারতবর্ষে বিশেষ করে যাঁর নাম উচ্চারণ করলেন প্রাক্তন মন্ত্রী মহাশয় অ্যান্টি ডিফেকশন বিল পাস করিয়ে ছিলেন, তাঁর পরের ইতিহাসটা দেখুন, সেই অ্যান্টি ডিফেকশন বিল যাঁরা পাস করেন তাঁরাই এ ছাগল ভেড়ার মতো কেনা বেচা করলেন পার্লামেন্টে সদস্য সংগ্রহের ব্যাপারে। এখানেও চেষ্টা হয়েছে, ব্যর্থ হয়েছেন, আসল কথাটা হচ্ছে এই যে, আইন প্রণয়ন করলেই বাহবা নেওয়া যায় না, তাকে প্রয়োগ করতে হয় যথাযথ ভাবে। আপনাকে

বলি,আমাদের যে সোসাইটি সে সম্বন্ধে বলতে গিয়ে মাননীয় সৌগতবাবু সঠিক জায়গাই ধরেছিলেন কিন্তু আবার অন্য জায়গায় চলে গেলেন বাই প্রোডাক্ট অফ দি সোসাইটি সকলেই দুর্নীতিগ্রস্ত হয়ে যাচ্ছে। আমাদের সমাজে দুর্নীতি ছিল, দুর্নীতি আছে, দুর্নীতি থাকবে, এই দুর্নীতি দমন করতে হলে আপনাকে ভিজিলেন্সে পাঠাতে হবে। তাতে যদি কম দুর্নীতি হয়। দুর্নীতি মুক্ত অবস্থার সৃষ্টি করাই হচ্ছে আমাদের মূল উদ্দেশ্য। আমি আমাদের বিভাগীয় মন্ত্রি মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি যে তিনি সেটা শুরু করেছেন। আমি তাঁকে অনুরোধ করব যে আইন পাস হবে, পাস হলেই শেষ নয়, আসল হচ্ছে তার প্রয়োগ। আমরা দেখেছি ১৯৮৮ সালে কেন্দ্রীয় সরকার আইন পাস করেছেন কিন্তু তার প্রয়োগ করতে গিয়ে আমরা দেখেছি যে সমস্ত দুর্নীতির কেস এসেছে আজ পর্যন্ত কোনওটা ডিসপোজাল হয়েছে বলে আমার জানা নেই। সঙ্গত কারণেই আপনি অ্যাক্ট সংশোধন করার জন্য বিল এনেছেন আমি আপনাকে অনুরোধ করব যে সেটা কার্যকর করুন। তার বিচার ব্যবস্থার উপর মানুষের যে আস্থা সেটা সম্প্রতি বিঘ্নিত হচ্ছে। যাঁরা বলছিলেন পার্লামেন্টে সুপ্রীম কোর্টের জনৈক বিচারপতি যিনি ঘুষ গ্রহণ করেছেন তাঁর বিরুদ্ধে ইমপিচমেন্ট আনার ব্যাপারে যে সব বন্ধুরা এবং তাঁদের যে দল পার্লামেন্টে গিয়েছিলেন এবং কি ভাবে ডিগবাজি খেয়েছিলেন সে কথা এখানে বলতে চাইনা। ভারতবর্ষের স্বাধীনতার পরবর্তীকালে দুর্নীতি প্রচারের দূত হিসাবে যদি কেউ বিশ্ব রেকর্ড করে থাকেন তাহলে তার নাম হচ্ছে কংগ্রেস দল। আমি অনুরোধ করব এখন বিচার ব্যবস্থার উপর থেকে মানুষের আস্থা দূরে সরে যাচ্ছে, তাকে ফিরিয়ে আনার দায়িত্ব সকলের, সেজন্য সেখানে দরকার হচ্ছে বিচারকের সংখ্যা বাড়ানোর এবং নিরপেক্ষ পরিচ্ছন্ন বিচার ব্যবস্থা যাতে পরিচালনা হতে পারে সেটাকে নিশ্চিত করা। একজন মাননীয় সদস্য বলেছেন রাজধানী কলকাতায় এটাকে বেশি করে জোর না দিয়ে জেলায় জেলায় বিচার ব্যবস্থাকে আরও উন্নত করা।

[5-20 – 5-30 p.m.]

বিশেষ করে করাপশনের বিরুদ্ধে যেসব জজেরা বিচার করবেন তাদের সংখ্যাটা কিন্তু কম। উত্তরবঙ্গে দেখেছি, সেখানে দিনের পর দিন বিচারক নেই। আজকে সত্যি সত্যিই যদি দুর্নীতির বিরুদ্ধে লড়াই করতে হয় তাহলে প্রশাসনের যারা প্রধান, বড় বড় রাজ-কর্মচারী যারা, যারা অবস্থার সুযোগ নিয়ে অনেক ক্ষেত্রে উল্টো-পাল্টা কাজ করেন, তাদের বিরুদ্ধে ভিজিলেন্সের ব্যবস্থা থাকা দরকার আছে। আজকে তারই জন্য ১৯৮৮ সালে যে আইনটি পাস হয়েছিল এবং ১৯৯৪ সালে যেটা সংশোধন করতে চাইছেন সেটাকে যথাযথভাবে কার্যকর করতে হবে। কংগ্রেস আমলেও অনেক ভাল ভাল আইন পাস হয়েছিল, কিন্তু সেগুলো চালু করেছি আমরা। ভূমি সংস্কার আইনও ওরাই করেছিলেন, কিন্তু পরবর্তীকালে

আন্দোলনের মাধ্যমে সেটা আমরা ইমপ্লিমেন্ট করিয়েছি। এক্ষেত্রে পাইয়োনিয়ার হবার ব্যাপারে আমাদের বিরোধীদলের বন্ধুরা যেন প্রটেকশন না পান কারণ ওরাই হচ্ছে দুর্নীতির প্রটেকটর। তবে বিল পাস করে আইন প্রণয়ন করেই দুর্নীতি দমন করা যাবে না যদি না সম্যক ভিজিলেন্স থাকে। আর ভিজিলেন্সের হয়ে যিনি ইনভেস্টিগেশন করে রিপোর্ট করবেন তিনি কিন্তু শেষ কথা বলেন না, শেষকথা হল সামাজিক সচেতনতা এবং তারই ইঙ্গিত এই বিলের মধ্যে লক্ষ্য করছি। এই দুর্নীতির সঙ্গে যারা যুক্ত তারাই যে কেবল অপরাধী তা নয়, তার প্রশ্রয়দাতা যারা তারাও সমানভাবে অপরাধী। রবীন্দ্রনাথ বলে গেছেন—অন্যায় যে করে আর অন্যায় যে সহে, তব ঘৃণা তারে যেন তৃণ সম দহে। আজকে তাদের প্রতিরোধ করা এই বিলের মাধ্যমে সম্ভব হবে এবং সামাজিক যে প্রতিরোধ সেই প্রতিরোধের মধ্যে দিয়েই এই বিলের উদ্দেশ্য স্বার্থক হবে। আপনি একজন আইনবিদ, আজকে যে বিল উত্থাপন করেছেন তার সুদূরপ্রসারী আবেদনের কথা মনে রেখে মাননীয় মন্ত্রী যদি উপযুক্ত পরিকাঠামো গড়ে তোলার ব্যবস্থা করেন তাহলে, আপনি বুঝতেন যে, এই বিল আনাটা সার্থক হবে। এই বলে উত্থাপিত বিলকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে মাননীয় আইনমন্ত্রী পদ প্রিভেনশন অফ করাপশন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ যা এনেছেন তাকে সমর্থন করছি। এখানে স্বাভাবিকভাবেই ওঁকে অ্যামেন্ডমেন্টটা আনতে হয়েছে। সরকারি কর্মচারিদের করাপশন রোধ করবার জন্য ১৯৫২ সাল থেকে যে আইনটা চলে আসছিল কেন্দ্রীয় সরকার ১৯৮৮ সালে তার অ্যামেন্ডমেন্ট আনলেন। সেই অ্যামেন্ডন্টের ফলে বিচার-ব্যবস্থা যা চলছিল সেটা স্ক্রুটিনি করে করে দেখা গিয়েছিল যে সেখানে কিছু ল্যাকুনা রয়েছে। ল্যাকুনাটা হচ্ছে, জজ যারা বিচার করছেন তারা একপেশে হয়ে যাচ্ছেন এবং তাতে সমস্যা দেখা দিচ্ছে। সৌগতবাবু বলেছেন—তাহলে ছয় বছর চুপ করে ছিলেন কেন। উনি তো কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন, পড়াশুনা যারা করেন তারা জানেন যে, ভারতের ক্রিমিনাল ল' অনেকবার সংশোধীত হয়েছে, আই. পি. সি. সংশোধীত হয়েছে। সেক্ষেত্রে ভুলটা ধরা পড়বার পরই তা সংশোধন করা হয়েছে। এক্ষেত্রেও তাই হয়েছে এবং তারজন্য সময় লেগেছে। সমস্ত স্তরের সরকারি কর্মচারীর, যারা আজকে দুর্নীতির সঙ্গে যুক্ত, যারা দুর্নীতিমূলক কাজের সঙ্গে যুক্ত, যারা সরকারি আইন ভঙ্গ করে, নিয়ম-কানুন ভঙ্গ করে, সামাজিক নিয়ম-কানুন ভঙ্গ করে ব্যক্তিগত সম্পত্তি বাড়িয়ে চলেছেন বা ঘুস নিচ্ছেন, দুর্নীতি করছেন, যাদের বিরুদ্ধে অভিযোগ আসছে, তার বিচার ব্যবস্থাকে সংশোধিত আকারে, সহজ, সরলভাবে এখানে উনি এনেছেন। কাজেই তিনি এখানে কোনও ভুল করেননি। আমি মনে করি যে এটা সঠিকভাবেই এবং সঠিক সময়েই আনা হয়েছে। বিরোধী দল থেকে সৌগতবাবু একটা ন্যায্য প্রশ্ন করেছেন যে দেরি কেন হয়েছে? কিন্তু কেন দেরি হয়েছে? বিচার ব্যবস্থা চালাতে গিয়ে, আইনের স্ক্রুটিনি করতে গিয়ে যখনই কোনও ল্যাকুনা ধরা পড়ে তখনই বিচার ব্যবস্থার জন্য আইনের সংশোধন করা

হয়। আইনমন্ত্রী এখানে সেই ব্যবস্থাই করেছেন। এই ব্যবস্থা যদি তিনি না করতেন তাহলে এমন অবস্থা দাঁড়াতো যে সব কেঁচে গুন্ডুস হয়ে যেত। অর্থাৎ যে সমস্ত সরকারি কর্মচারির বিরুদ্ধে ইতিপূর্বে রায় দেওয়া হয়েছে, সেগুলি যদি বাতিল হয়ে যায়, ৮৮ সালের সংশোধনটা আজকে যদি ইমপোজ করা হয়, উনি যদি তার সংশোধন না আনতেন তাহলে ভয়ানক ক্ষতি হয়ে যেত। ১৯৫২ সেকশন অনুযায়ী যে বিচার ব্যবস্থা চলেছিল, সেই বিচার ব্যবস্থা ১৯৮৮ সালে এসে সংশোধিত হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সরকার এটা করেছেন তার সমালোচনা করতে চাই না। তখন তারা তাদের মত অনুসারে করেছিলেন কেন্দ্রীয় সরকার যারা ছিলেন। তার প্রশংসা কেন করতে পারেন, আবার তার সঙ্গে নীতিগতভাবে কারোর আপত্তি থাকতে পারে। কিন্তু সেই নীতিগত আপত্তি নিয়ে তো 'ল চলবে না। আইন চলে তার নিজস্ব গতিতে।' ল'টা যেখানে গিয়ে আটকে যায় তখনই আইন মন্ত্রক বা আইন দপ্তরের যিনি মন্ত্রী আছেন, কাউন্সেলিং বিচারক যারা আছেন, তারা যে বিচার ব্যবস্থা করবার চেষ্টা করেন, সেই বিচার ব্যবস্থা যখন আইনে যায় তখনই অ্যামেন্ডমেন্ট করার প্রশ্ন আসে। এটাই হচ্ছে নিয়ম। এই ভারতবর্ষে যে প্রচলিত নিয়ম-কানুন আছে, যা নিয়ে আমরা চলাফেরা করি, সেই ভাবেই এসেছে। আজকে যেটা এসেছে, পশ্চিমবাংলায় যে সমস্ত দুর্নীতিপরায়ন সরকারি কর্মচারির বিরুদ্ধে মামলা আছে, এই মামলাটা কি আজকে আটকে যাবে, এই মামলাগুলি কি বাতিল হয়ে যাবে? আপনি বলছেন যে দেরি হচ্ছে। দেরি হলে এমন কোনও মহাভারত অশুদ্ধ হয়ে যায় না। ভুলটা ধরা পড়লে তখন তাকে সংশোধন করা হয়। আইন মন্ত্রকে যখনই ধরা পড়ে তখনই সংশোধন করা হয়। এটাতে কোনও অন্যায় তিনি করেননি। কেন্দ্রীয় সরকারও বহুবার করেছেন আমার হাতে রেকর্ড আছে, আমি বলে দিতে পারি। ইন্দিরা গান্ধী কতবার করেছেন। ক্রিমিন্যাল অ্যাক্ট, ক্রিমিন্যাল ল কতবার সংশোধন হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ইন্দিরা গান্ধীর নামটা উইথড্র করে নিচ্ছি। ভূতপূর্ব প্রধান মন্ত্রীর আমলেও বহুবার করা হয়েছে। পশ্চিমবাংলায় ১৯৫২ সাল থেকে যারা প্রশাসনে ছিলেন তারাও বহুবার সংশোধন করেছেন। সেই সংশোধনী কখনও এক বছর, কখনও দুই বছর, কখনও ২।। বছর দেরি হয়েছে। কাজেই আমি মনে করি যে, বর্তমান আইন মন্ত্রক যদি এই সংশোধনী না আনতেন তাহলে ভয়ানক ক্ষতি হয়ে যেত। সরকারি কর্মচারিদের বিরুদ্ধে ১৯৫২ সাল থেকে যে সমস্ত রায় হয়েছে সেগুলি বাতিল হয়ে যেত। আমরা পশ্চিমবাংলার বিধানসভার বিধায়ক, যারা বিধানসভায় বসে আইন প্রণয়নের বিষয়ে চিন্তাভাবনা করি, আমরা এতবড় সর্বনাশ মেনে নেব না এবং সেটা মেনে নেওয়া যায় না। আমি বিরোধী পক্ষের কাছে অনুরোধ করব, আপনারা দয়া করে এটা মেনে নিন। একটু দেরি হলেও আমাদের আইন মন্ত্রী যথোচিতভাবেই এই অ্যামেন্ডমেন্ট এনেছেন। আমি মনে করি এই অ্যামেন্ডমেন্ট আজকে প্রচলিত বিচার-ব্যবস্থাকে সাহায্য করবে। আজকে সি. বি. আই শক্তিশালী, কি ভিজিলেন্স শক্তিশালী, এটা আইনের বিচার-ব্যবস্থা নয়। প্রচলিত আইনটাকে আমাদের দেশে প্রচলন করে তার মাধ্যমে বিচার-ব্যবস্থাকে সুষ্ঠুভাবে পরিচালনা করা—এটাই আমাদের করা উচিত। আমি বিরোধী পক্ষের

সদস্যদের কাছে আবেদন করব যে, এই সংশোধনীটা আপনারা মেনে নিন এবং আগামীদিনে এই ক্রিমিন্যাল অ্যাক্টের যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেটাকে প্রচলিত করার জন্য সহযোগিতা করুন এবং দুর্নীতি পরায়ন সরকারি কর্মচারিদের বিরুদ্ধে সোচ্চার হন। এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-30 – 5-40 p.m.]

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা সাধারণ অ্যামেন্ডমেন্ট, এটা নিয়ে নানারকম কথা বলা হচ্ছে। বিলের সম্পর্কিত ঘটনায় কেউ যায়নি। আমাদের মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় বলেছিলেন এই বিলের একটা মহৎ উদ্দেশ্য আছে। কিন্তু তাঁর বক্তব্যের মধ্যে তিনি বললেন না। এটাই হচ্ছে আসল কথা। ১৯৪৭ সালে যে আইন প্রণয়ন হয়েছিল সেই আইনে ১৯৪৯ সাল থেকে স্টেট অ্যাক্টে ক্রিমিনাল প্রসিডিয়োর কোডে বিশেষ বিচারক নিয়োগ এই আইন বলে বিচারক নিযুক্ত হয়ে আসছে স্পেশ্যাল অ্যাক্টে বিচার করার জন্য। ১৯৪৯ সাল থেকে বিচার হয়ে আছে। সেন্ট্রাল অ্যাক্টে হঠাৎ ১৯৮৮ সালে বলা হল যে পুনরায় নতুন করে গঠন করা হল। ১৯৮৮ সালে বলা হল ১৯৪৭ সালে যে আইন হয়েছে সেটা পুনর্গঠন করা হচ্ছে। ১৯৫২ সালের সেন্ট্রাল অ্যাক্ট, ক্রিমিনাল প্রসিডিয়োর কোড-এ বিশেষ বিচারক নিয়োগের যে প্রথা সেটা ফলো করতে হবে। ১৯৪৯ সাল থেকে যে বিচারক নিযুক্ত হয়ে আসছে, তৎকালীন যারা সরকারে ছিলেন সেটা স্টেট অ্যাক্ট বলে আসছে। ১৯৫২ সালে বলার পরে সমস্তগুলি নানাভাবে জট পাকিয়ে যাওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে। বিচার হচ্ছে, বিচার হয়ে আসছে। ১৯৪৯ সালের আইন বলে বিচারক নিযুক্ত, হয়েছে এবং বিচার হয়ে আসছে। বর্তমানে হচ্ছে কি সেন্ট্রাল অ্যাক্টে ১৯৫২ সালের আইন অনুযায়ী বিচারক নিযুক্ত হবে এটা যদি ধরে নেওয়া হয় তাহলে যে সমস্ত বিচারক এত দিন ধরে বিচার করে আসছে, যা জাজমেন্ট দিয়েছেন, যা সয়াল-জবাব নেওয়া হয়েছে সবগুলি নষ্ট হয়ে যাওয়ার পথে চলে যায়। সেইজন্যই নূতন অ্যামেন্ডমেন্টটা আসছে। অ্যামেন্ডমেন্টটা আনতে দেরি করা হয়েছে এমন কোনও কথা নয়। অ্যামেন্ডমেন্ট যেটা আনা হয়েছে সেটা আসছে এই জন্য যে ১৯৪৯ সালের আইন বলে যে বিচারক নিযুক্ত করা হয়েছিল সেখানে অ্যাক্টের ২৬(এ)(২) ধারায় বলা হচ্ছে তাঁরা যে সমস্ত জাজমেন্ট দিয়েছেন তা সব বর্তমান থাকবে। এটা হচ্ছে আইনে মূল কথা। এখানে মাননীয় সদস্য সৌগত রায় বলছেন এত দেরি হল কেন দেরির কোনও প্রশ্ন নয়। বিচার হয়ে আসছে, বিচার পড়ে নেই। এই আইনে নানারকম জটকে মুক্ত করার জন্য এটা করা হয়েছে। তবুও আমি বলছি আপনি ঠিকই বলেছেন, এটা আগে নিয়ে আসলে জটটা মুক্ত হয়ে থাকত। কিন্তু তবুও বলছি আমি সুপ্রিম কোর্টের কিছু রুলিং নিয়েছি, এ. আই. আর ১৯৮৭, এ. আই. আর ১৯৮৮, তাতে বলা হয়েছে যে আইনের যে ঘটনা থাকুক না কেন যে সমস্ত বিচারক নিযুক্ত হয়ে বিচার করছে সেটাই সঠিক হিসাবে ধরে নেওয়া হবে। এটা এত দেরি বলছেন, এটা এমন কিছু দেরি নয়। আমরা প্রস্তুতি

নিচ্ছিলাম ১৯৯৩ সাল থেকে। আমরা আজকে এটা সম্পন্ন করতে পেরেছি। সেইজন্য এটা এমন কিছু বেশি দেরি নয়। আমি আশা করছি সকলে এটা গ্রহণ করবেন। এর সঙ্গে অনেকগুলি কথা এসেছে। অনেকগুলি যে কথা এসেছে তার কিছু কিছু উত্তর দেওয়া উচিত। আমাদের দুর্নীতির কথা বলেছেন। আমি দুর্নীতির কথা বলতে চাই না। এই সমস্ত বিল সংক্রান্ত নয়, সমস্ত অপ্রাসঙ্গিক, সেইজন্য বলতে হচ্ছে না, আমাদের মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় বলে দিয়েছেন। ভিজিলেন্সের কথা বলা হল। ভিজিলেন্স রিপোর্টের ব্যাপারটা আমরা যদি খুব পরিষ্কার হয়ে থাকি তাহলে ঘটনা হচ্ছে, ভিজিলেন্স কমিশন যে রিপোর্ট দেবে সেই রিপোর্টের যে সমস্ত সাংগঠনিক দিক আছে, মানে যে ডিপার্টমেন্টাল রিপোর্ট দেবে সেটা ডিপার্টমেন্টাল ওয়েতে তারা দূর করতে পারে। ভিজিলেন্স কমিশন যদি ডাইরেক্ট বলত যে তোমরা এই কেস স্টার্ট কর তাহলে ভাল হত। কেস স্টার্ট করা হয়েছে, বিচার করা হয়েছে। ভিজিলেন্স কমিশন অনেক সময় বলে যে এই রকম ভাবে আরম্ভ করা উচিত, সেটা করা হয়েছে। ভিজিলেন্স কমিশনে ডিপার্টমেন্টের বিরুদ্ধে যে অভিযোগ আছে. সেটা তুমি দেখ বললে তা দেখা সম্ভব নয়। এটা এই আইনের মধ্যে আমাদের বিচার করার বিষয় নয়। সৌগতবাবু যে কথা বলছিলেন, ৪০৯ আই. পি. সি. এবং ৪২০'র কথা, একসঙ্গে নিশ্চয়ই বিচার করা উচিত। কিন্তু ৪০৯ এবং ৪২০ যুক্ত হয়ে একসঙ্গে বিচার করা যাবে না। ৪০৯ ধারায় যদি একটা কেস হয় এবং ৪২০তে আর একটা কেস হয়, তাহলে এই দু'টির মধ্যে ৪০৯'এর কেসটি স্পেশ্যাল ম্যাজিস্ট্রেটের কাছে যাবে এবং ৪২০টি জোন্যাল ম্যাজিস্ট্রেটের কাছে যাবে। কিন্তু দুটি কেস যদি একসঙ্গে দেওয়া হয়—দুটি যদি সেপারেট কেস হয়, সেইক্ষেত্রে দুটি সেকশন যদি একটি বিষয়ের উপরে অ্যাড করা হয় তাহলে অসুবিধা হবে। ৪০৯ মেজর অ্যাক্ট, সেজন্য ৪০৯ এবং ৪২০, এই দুটির মধ্যে ৪০৯টি স্পেশ্যাল জাজের কাছে হবে। কিন্তু একসঙ্গে কখনই হবে না। একটি ৪০৯ এবং অন্য আর একটি ৪২০, দুটি জায়গায় বিচার হবে। এখানে আর একটি প্রশ্ন করা হয়েছে, দ্রুত গতিতে বিচার করতে হবে এবং তারজন্য সরলীকরণ করা যায়। আপনারা জানেন যে, বিভিন্ন সাব-ডিভিসনে হেড কোয়ার্টাস এবং আমরা অ্যাসিস্ট্যান্ট ডিস্ট্রিক্ট জাজ বা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ দিয়েছি। এইভাবে আমরা মানুষের দোরে বিচারকে নিয়ে যাবার চেষ্টা করছি। অনেকগুলো সাব-ডিভিসনে এটা করার চেষ্টা করছি। অনেকক্ষেত্রে দেখা যায় বিচারক নেই। বিচারক দেবার ক্ষমতা রাজ্য সরকারের নেই। বিচারক উচ্চ আদালত, মহামান্য হাইকোর্ট দেবেন। আমরা বারবার তাঁদের কাছে অ্যাপিল করে বলেছি যে অনেক জায়গায় বিচারক নেই, সেটা দিন। আমরা বলেছি যে অমুক জায়গায় দুর্নীতি আছে, এটা দূর করুন। এগুলোতে রাজ্য সরকার 'এর ক্ষেত্রে কিছু করার নেই। মোবাইল কোর্ট করা যায় না। এটা করা যায় অবশ্য সাধারণভাবে। মোবাইল কোর্টের ব্যাপারে সেন্ট্রাল গভর্নমেন্টের একটা উদ্দেশ্য ছিল। তাঁরা বলেছিলেন রাজ্য সরকার কিছু করতে পারে কিনা—অনেক ক্ষেত্রেই তাঁরা আমাদের বলেছেন। কিন্তু এই সমস্ত মোকর্দমা

কোরাপশনের ঘটনা যেখানে যুক্ত, সেখানে মোবাইল কোর্ট করা যায় না। এছাড়া এনকোয়ারি করার ব্যাপারে বিচার আমরা করতে পারি না এনকোয়ারি করে বিচার করার ব্যাপার অন্য সংস্থা করবে। যাইহোক, এটাকে আমরা নিয়ে এসেছি এই জটকে দূর করার জন্য। এই আইনকে গ্রহণ করলে পরে জট দূর হয়ে যাবে। এই সমস্ত যে অসুবিধা আছে তা দূর হয়ে যাবে। আমি সকল সদস্যকে অনুরোধ করছি এটাকে গ্রহণ করার জন্য।

The motion of Shri Abdul Quyiom Molla that the Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994, be taken into consideration was then put and agreed to.

### Clauses 1-4 and Preamble

The question that Clauses 1 to 4 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Abdul Quyiom Molla :** Sir, I beg to move that the Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994 as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 5.41 p.m. till 11.00 a.m. on Tuesday, the 31st May, 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in theLegislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 31st May, 1994 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 6 Ministers of State and 153 Members.

[11-00 — 11-10 a.m.]

**CALLING ATTENTION**

**Mr. Speaker** : I have received seven Notices of Calling Attention, namely ::

| | |
|---|---|
| 1) Reported death of two person at Benadaha village under Beldanga police Station of Murshidabad district on 30-5-94. | : Shri Shish Mohammad |
| 2) Reported death of three persons by attack of wild elephants in Midnapur district recently. | : Dr. Manas Bhunia |
| 3) Steps taken to refund the money of the depositors from the Chit Fund Co. | : Shri Ajoy De |
| 4) Alleged re-beginning of anti-social activities at Hariharpara P.S. of Murshidabad district resulting in murder of one worker of the major ruling party. | : Shri Mozammel Haque, Shri Sisir Sarkar, Shri Biswanath Mondal and Shri Touab Ali. |
| 5) Alleged stalemate situation at College Street Book Publication and selling market resulting in suffering of the students. | : Shri Tapan Hore and Shri Anjan Chatterjee. |

| | | |
|---|---|---|
| 6) Inadequate measures to prevent flood in North Bengal. | : | Shri Nirmal Das |
| 7) Reported out-break of Gastro-enterities and Cholera in the State. | : | Shri Lakshman Chandra Seth. |

As regards the last notice, the matter has already been accepted and the reply thereto will be made on 3rd June, 1994.

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of reported death of three persons by attack of wild elephants in Midnapur district recently.

The Minister-in-Charge may please make a statement today if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 2nd June, 1994.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Seventh Report of the Subject Committee on Public Works, 1994-95

**Shri Dhirendra Nath Chatterjee :** Sir, with your permission, I beg to present the Seventh Report of the Subject Committee on Public Works, 1994-95 on Pre-Voting Budget Scrutiny of the Public Works Department.

### Presentation of the Fifth Report of the Subject Committee on Transport, 1994-95 on pre-Voting Budget Scrutiny

**Shri Subhas Basu :** Sir, I beg to present the Fifth Report of the Subject Committee on Transport, 1994-95 on Pre-Voting Budget Scrutiny of Transport Department.

### Presentation of Ninth Report of the Subject Committee on Panchayat, 1994-95

**Shri Samar Baora :** Sir, I beg to present the Ninth Report of the Subject Committee on Panchayat, 1994-95 on Pre-Budget Scrutiny of the Panchayat Department.

### Presentation of the Eighth Report of the Subject Committee on Health & Family Welfare, 1994-95

**Shri Id Mohammad :** Sir, with your permission, I beg to present

he Eighth Report of the Subject Committee on Health & Family Welfare, 1994-95 on Pre-Voting Budget Scrutiny, 1994-95 of the Health & Family Welfare Department.

**Presentation of the Eighth Report of the Subject Committee on Welfare, Tourism and Sports and Youth Services, 1994-95 on Pre-Voting Budget Scrutiny**

**Smt. Minati Ghosh** : Sir, I beg to present the Eighth Report of the Subject Committee on Welfare, Tourism and Sports & Youth Services, 1994-95 on Pre-Voting Budget Scrutiny of the Department of Welfare, Tourism and Sports & Youth Services.

**Presentation of the Report of the Unfinished Work of the Committee of Privileges, 1993-94**

**Shri Anil Mukherjee** : Sir, I beg to present the Report on the Unfinished Work of the Committee of Privileges, 1993-94.

## CONSTITUTION OF ASSEMBLY COMMITTEES

**Mr. Speaker** : I shall now make an announcement on the constitution of Assembly Committees, other than Subject Committee, for 1994-95, effective from the 1st of June, 1994.

The four elected committee namely, Committee on Estimates, Committee on Public Accounts, Committee on Public Undertakings and Committee on Welfare of Scheduled Castes and Scheduled Tribes have already been constituted. Detailed information will be brought to you through Bulletin Part-III.

The Constitution of other Committees are as follows :-

**Committee on the Entitlements of the Members**

In terms of rule I relating to the Committee on the Entitlements the Members as contained in the Appendix to the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I have nominated the following Members to constitute the Committee on the Entitlements of the Members for the Year 1994-95 :

1. Shri Anil Mukherjee, *Deputy Speaker,*
2. Shri Lakshmi Kanta Dey, *Chief Government Whip,*
3. Dr. Zainal Abedin,

4. Dr. Manas Bhunia,

5. Shri Partha De,

6. Shri Kripa Sindhu Saha

7. Shri Kshiti Goswami,

8. Shri Kamakhya Ghosh,

9. Shri Brahmamoy Nanda,

10. Shri Prabodh Chandra Sinha, *Minister-in-charge of Parliamentary Affairs Department.*

11. Shri Krishna Chandra Halder,

12. Shri Samar Hazra,

13. Shri Deba Prasad Sarkar,

14. Shri Nima Tshering Moktan,

and includes myself who will be the Chairman of the Committee

**Committee on Government Assurances**

I have nominated the following Members under rule 307(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly to constitute the Committee on Government Assurances, 1994-95 :

1. Shri Sushil Kujur,

2. Shri Bindeswar Mahato,

3. Shri Mamtaz Hassan,

4. Shri Biswanath Mitra,

5. Shri Prasanta Pradhan,

6. Shri Sundar Naskar,

7. Shri Nirmal Mukherjee,

8. Shri Brajo Gopal Neogy,

9. Shri Abdul Mannan,

10. Shri Sudip Bandyopadhyay,

11. Shri Ajoy Dey,

12. Shri Samar Hazra,
13. Shri Manindranath Jana
14. Shri Lakshman Chandra Seth, and
15. Shri Partha De.

**Appointment of the Chairman of the Committee on Govern-nt Assurances**

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct of ıness in the West Bengal Legislative Assembly, I appointed Shri lul Mannan the Chairman of the Committee on Government Assur-es.

## House Committee

In terms of rule 1 relating to the House Committee as contained he Appendix to the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly, I have nominated the following mbers to constitute the House Committee, 1994-95 :

1. Shri Sreedhar Malik,
2. Shri Janmenjay Manna,
3. Shri Sudhir Pramanik,
4. Shri Susanta Ghosh,
5. Shri Sattick Kumar Ray,
6. Shri Manohar Tirkey,
7. Shri Syed Nawab Jani Meerza,
8. Shri Prabir Banerjee,
9. Shrimati Sabitri Mitra,
10. Shri Brahmamoy Nanda,
11. Shrimati Kamala Kanta Mahata,
12. Shrimati Maharani Konar,
13. Shri Prabhat Acharya,
14. Shri Touab Ali, and
15. Shri Amiya Patra.

## Appointment of the Chairman of House Committee

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct Business in the West Bengal Legislative Assembly, I appoint S Sreedhar Malik the Chairman of the House Committee.

## Library Committee

In terms of rule 1 relating to the Library Committee as contai in the Appendix to the Rules of Procedure and Conduct of Business the West Bengal Legislative Assembly, I have nominated the follow Members to constitute to the Library Committee, 1994-95 :

1. Shri Dilip Mazumdar,
2. Shri Buddhadeb Bhattacharjee,
3. Shri Shiba Prasad Malik,
4. Shri Kamal Kanti Guha,
5. Shrimati Gillian Rosemary Hart,
6. Dr. Motahar Hossain,
7. Shri Nasiruddin Khan,
8. Shri Nima Tshering Moktan,
9. Shri Manabendra Mukherjee,
10. Shrimati Tania Chakraborty,
11. Shri Sibendra Narayan Chowdhury,
12. Shrimati Minati Ghosh,
13. Shri Bidyut Kumar Das,
14. Shrimati Anuradha (Dey) Putatunda,

and includes myself who will be the Chairman of the Committe

## Committee of Privileges

I have nominated the following Members under rule 304 of th Rules of Procedure and Conduct of Business in the West Beng Legislative Assembly to constitute the Committee of Privileges, 1994-9

1. Shri Anil Mukherjee, *Deputy Speaker*,
2. Shri Krishna Chandra Halder,

3. Shri Kamalendu Sanyal,
4. Shri Kripa Sindhu Saha,
5. Shri Subhas Goswami,
6. Shri Subrata Mukherjee,
7. Shri Satya Ranjan Bapuli,
8. Dr. Manas Bhunia.
9. Shri Samar Baora,
10. Shri Subhendu Chowdhury,
11. Shri Nani Kar, and
12. Shri Md. Nezamuddin.

**Appointment of Chairman of the Committee of Privileges**

Under the provision to rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Anil Mukherjee, Deputy Speaker, the Chairman of the Committee of Privileges.

**Committee on Petitions**

I have nominated the following Members under rule 299 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly to constitute the Committee on Petitions, 1994-95:

1. Shri Bhakti Bhusan Mondal,
2. Shri Subhas Chandra Saren,
3. Shri Sasanka Sekhar Mondal,
4. Shri Khara Soren,
5. Shri Prabodh Purkait,
6. Shri Hazi Sajjad Hussain,
7. Shri Md. Abdul Karim Chowdhury,
8. Shri Fazle Azim Molla,
9. Shri Prabhanjan Mandal,
10. Shri Dwijendra Nath Roy,
11. Shri Rabindra Nath Mondal,

12. Shri M. Ansaruddin,

13. Shri Abdul Hasnat Khan, and

14. Shri Rajdeo Goala.

**Appointment of the Chairman of the Committee on Petition**

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct o Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Bhaki Bhusan Mondal the Chairman of the Committee on Petitions.

**Committee on Subordinate Legislation**

I have nominated the following Members under rule 307C(2) o the Rules of Procedure and Conduct of Business in the West Benga Legislative Assembly to constitute the Committee on Subordinate Legis lation, 1994-95 :

1. Shri S.R. Das,
2. Shri Paresh Nath Das,
3. Shri Kashi Nath Adak,
4. Shri Surendranath Majhi,
5. Shrimati Arati Hembram,
6. Shri Deb Narayan Chakraborty,
7. Shri Dinesh Joardar,
8. Shri Kshiti Goswami,
9. Shri Deba Prasad Sarkar,
10. Shri Santi Ranjan Ganguli,
11. Shri Bhupendra Nath Seth,
12. Shri Quazi Abdul Gaffar,
13. Dr. Anupam Sen,
14. Shri Biswanath Mitra,
15. Shri Sudhan Raha,
16. Shri Padmanidhi Dhar,
17. Shri Dhiren Sen,
18. Shri Rabin Deb, and

19. Shri Sachindra Nath Hazra.

## Appointment of Chairman of the Committee on Subordinate Legislation

Under rule 255(1) of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, I appoint Shri Kshiti Goswami the Chairman of the Committee on Subordinate Legislation.

## Rules Committee

I have nominated under rule 309 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly, the Committee on Rules shall consist of the following Members, namely :

1. Shri Salib Tappo,
2. Shri Hari Pada Jana,
3. Shri Deba Prasad Sarkar,
4. Shri Gyan Singh Sohanpal,
5. Shri Saugata Ray,
6. Shri Deb Narayan Chakraborty,
7. Shrimati Nanda Rani Dal,
8. Shri Dipak Mukherjee,
9. Shri Rabin Deb,
10. Shrimati Jayasri Mitra,
11. Dr. Nirmal Sinha,
12. Shri Kshiti Ranjan Mondal,
13. Shri Chittaranjan Biswas,
14. Shri Abul Basar,

and includes myself who is the Chairman of the Committee.

[11-10—11-20 a.m.]

## MOTION UNDER RULE 185

**Mr. Speaker :** I request Shri Deba Prasad Sarkar to move the motion under rule 185.

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার মোশন মুভ করছি।

"সাম্রাজ্যবাদী মদতপুষ্ট বর্ণ বিদ্বেষী শাসনের অবসান ঘটিয়ে দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল কংগ্রেস তথা সেখানকার মুক্তিকামী জনগণের ঐতিহাসিক বিজয়ে এই সভা বিশেষভাবে আনন্দিত;

দক্ষিণ আফ্রিকার প্রায় শতবর্ষব্যাপী রক্তক্ষয়ী সংগ্রামের ঐতিহ্যপূর্ণ ইতিহাসে শ্রদ্ধার সাথে স্মরণ করে এই সভা সেখানকার মুক্তিকামী মানুষকে এবং জনগণের পূর্ণ আস্থা ও বিশ্বাসের ভিত্তিতে এই মুক্তিসংগ্রামের নায়ক নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে নবগঠিত সরকারকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছি; এবং

সাথে সাথে এই সভা আশা করছে যে, দক্ষিণ আফ্রিকার বীর জনগণের ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আশা আকাঙ্খার সাথে পূর্ণ সঙ্গতি রেখে নেলসন ম্যান্ডেলার সরকার মহান দক্ষিণ আফ্রিকার ভবিষ্যৎ গড়ে তোলার কাজে এক সুদূর প্রসারী ভূমিকা পালন করবে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভার পক্ষ থেকে আমি এই প্রস্তাব উত্থাপন করতে গিয়ে বলতে চাই যে, বিংশ শতাব্দীর শেষ পর্বে মুক্তি আন্দোলনের একেবারে অন্তিম লগ্নে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রাম এক রক্তাক্ত সংগ্রামের ইতিহাস এবং দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামের বিজয়। একথা নিঃসন্দেহে বলা চলে এই সংগ্রামের ইতিহাস এক বীরগাথা রচনা করেছে। এই জয় শুধু দক্ষিণ আফ্রিকার মুক্তিকামী মানুষের জয় নয়, এই জয় সারা দুনিয়ার সাম্রাজ্যবাদের বিরুদ্ধে গণতন্ত্রপ্রেমী স্বাধীনতাকামী মানুষের জয়। বিশেষ করে আন্তর্জাতিক শক্তির ভারসাম্য যখন সাম্রাজ্যবাদের অনুকূলে এবং বিশেষ করে সোভিয়েত রাশিয়া এবং পূর্ব ইউরোপের সমাজতন্ত্রের বিপর্যয়ের পর গোটা বিশ্ব জুড়ে সাম্রাজ্যবাদী শক্তি বিশেষ করে মার্কিন সাম্রাজ্যবাদ যেভাবে দুনিয়া জুড়ে আজকে তাদের আধিপত্য বৃদ্ধি করছে তখন এই মুহূর্তে এই রকম তাৎপর্যপূর্ণ দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামের বিজয় গোটা বিশ্বের মুক্তি আন্দোলনকে শক্তিশালী করবে, অনুপ্রেরণা যোগাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমরা যারা ভারতবাসী ২০০ বছর ব্রিটিশ শাসনে, ব্রিটিশ অত্যাচারের বিরুদ্ধে যে সংগ্রাম সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে সংগ্রামের যে ঐতিহ্য ভারতবাসী বহন করে, অত্যন্ত স্বাভাবিকভাবে দক্ষিণ আফ্রিকার এই স্বাধীনতা সংগ্রামের সঙ্গে ভারতবর্ষের একটা আত্মিক যোগসূত্র বরাবর তারা উপলব্ধি করে এসেছে এবং আমরা বিশ্বাস করি যে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামের এই বিজয় আগামী দিনে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতাকামী মানুষ এবং ভারতবর্ষের সংগ্রামী মানুষের ঐক্য এবং সংহতিকে সুদৃঢ় করতে সাহায্য করবে, যা কি না সাম্রাজ্যবাদের বিরুদ্ধে তৃতীয় বিশ্বের দেশগুলোকে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে আন্দোলন তাকে উৎসাহিত করতে সাহায্য করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আমি আজকে এই প্রস্তাব উত্থাপন করতে গিয়ে দক্ষিণ আফ্রিকার মুক্তিকামী, স্বাধীনতা সংগ্রামী মানুষদের সেই সংগ্রামী নায়ক নেলসন ম্যান্ডেলা সেখানকার জনগণের সরকারের রাষ্ট্রপতি হিসাবে নেলসন ম্যান্ডেলা এবং সেখানকার সংগ্রামী মানুষকে অভিনন্দন জানাচ্ছি। এইটুকু বলে সর্বদলীয় প্রস্তাব হিসাবে এটা গৃহীত হবে এই আশা রেখে আপাতত আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, দক্ষিণ আফ্রিকায় নেলসন ম্যান্ডেলা নেতৃত্বে যে নতুন সরকার প্রতিষ্ঠিত হল তাকে অভিনন্দন জানিয়ে আমাদের যে প্রস্তাব আনা হয়েছে, তার সমর্থনে কয়েকটি কথা শুধু বলতে চাই। এটা আপনি জানেন আমাদের ১৯ শত শতাব্দী, এই শতাব্দীর শুরু হয়েছিল সেই দুনিয়া কাঁপানো রুশ বিপ্লবের বজ্র নির্ঘোষের মধ্যে দিয়ে। তারপর চিনের বিপ্লব, তারপর ভিয়েতনাম স্বাধীন হয়েছে, তারপর কিউবা স্বাধীন হয়েছে, এটা একটা ধারাবাহিক উজ্জ্বল আলোক স্তম্ভ। এই শতাব্দীতে ষ্ট্যালিনের নেতৃত্বে ফ্যাসিবাদের বিরুদ্ধে যে বিজয় এটা ঐতিহাসিক ঘটনা এবং এটাও আপনি জানেন যে এই শতাব্দীর শেষ দিকে এসে রুশ দেশে সমাজতন্ত্রের বিপর্যয় ঘটেছিল আবার এটাও জানেন যে রুশ দেশের বিপর্যয় যেমন ঘটল, তেমনি আবার নতুন করে সমাজতান্ত্রিক শক্তি কমিউনিস্টরা সেই সব জায়গায় আবার ফিরে আসছে। গতকাল হাঙ্গেরীতে যে নির্বাচন হলো সেখানে কমিউনিস্টরা জয়ী হয়েছে। আমি বলতে চাই রুশ বিপ্লব স্মরণীয় হয়ে আছে সমাজ বিপ্লবের একটা বিশেষ ঘটনা হিসাবে। এই শতাব্দীর শেষ দিকে এসে ১৯৯৪ সালে এটাও আমাদের স্মরণীয় থাকবে যে সমাজ বিপ্লবের মাধ্যমে সমাজ পরিবর্তনের সঙ্গে সঙ্গে বর্ণ বৈষম্যের যে বর্বর প্রথা তা থেকে মুক্ত হল দক্ষিণ আফ্রিকা।

[11-20 — 11-30 a.m.]

সাড়ে তিন শো বছর বাদে গত ১০ই মে, ১৯৯৪ তারিখে এই শতাব্দীর একটি নতুন দিনকে আমরা দেখলাম, নতুন যুগের সূচনা হল, দক্ষিণ আফ্রিকায় আফ্রিক্যান ন্যাশনাল কংগ্রেসের নেতৃত্বে সরকার গঠিত হল। এটা জানা দরকার যে, নামের মিল থাকলেও আফ্রিক্যান ন্যাশনাল কংগ্রেস আর ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস এক নয় এবং উভয়ের কার্যকলাপে কোনও মিল নেই। সেখানে ১৯১২ সাল থেকে আফ্রিক্যান ন্যাশনাল কংগ্রেসের নেতৃত্বে ন্যাশনালিস্ট, কমিউনিস্ট, ডেমক্রেটিক, সকলে মিলে লড়াই, সংগ্রাম চালিয়েছে। সংগ্রামের মধ্যে দিয়েই আফ্রিক্যান ন্যাশনাল কংগ্রেসের প্রতিষ্ঠা। আজ যে সরকার প্রতিষ্ঠিত হয়েছে সেই সরকারে কমিউনিস্টরা আছে, গণতন্ত্রীরা আছে, এমন কি বর্ণবিদ্বেষী শাসনের সমর্থক শ্বেতকায়দেরও সেই সরকারে নেওয়া হয়েছে। অর্থাৎ দক্ষিণ আফ্রিকার শাসন ব্যবস্থাকে একটা জাতীয় চরিত্র দেওয়ার চেষ্টা করা হয়েছে। স্যার, আপনি জানেন দক্ষিণ আফ্রিকার অধিবাসীদের মধ্যে শ্বেতকায় ১৭.৮ পারসেন্ট, আর অশ্বেতকায় ৮২.২ পারসেন্ট। অশ্বেতকায় মানে হচ্ছে, মিশ্র বর্ণের ভারতীয়রা, আফ্রিকার যারা অশ্বেতকায় কালো মানুষ তারা, যাদের শ্বেতকায়রা নেটিভ বলে না—আফ্রিকায় যাদের বলা হয় বান্টু, এই সকলে। শ্বেত সংখ্যালঘুরা দাবি করে এসেছে তারাই কেবল দক্ষিণ আফ্রিকার লোক। তাদের বিরুদ্ধে সমস্ত অশ্বেতকায় মানুষদের নিয়ে লড়াই শুরু হয়েছিল এবং বিগত নির্বাচনের মধ্যে দিয়ে তা শেষ হল। কখনও সত্যাগ্রহ, কখনও গণ-আন্দোলন, মাঝে মাঝে সশস্ত্র বিদ্রোহ এই আন্দোলনের মধ্যে ঘটেছে। ১৯৪৪ সালে যখন আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের যুব সংগঠন তৈরি হয়েছিল সেই সংগঠনের মধ্যে দিয়ে বিরাট এক উদ্যমের সৃষ্টি হয়েছিল। ফলে ১৯৪৭ সালে ভারতবর্ষ যখন স্বাধীন হয়

তখন দক্ষিণ আফ্রিকায় একটা ঘটনা ঘটে। সেই ঘটনাটি তিন ডাক্তারের চুক্তি হিসাবে সেখানে পরিচিত—আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের ডঃ আলফ্রেড খুমা, নাটাল ইন্ডিয়ান কংগ্রেসের ডঃ গঙ্গাধর নাইকার এবং ট্রান্সভাল ইন্ডিয়ান কংগ্রেসের ডঃ ইউসুফ দাদু। ডঃ ইউসুফ দাদু ছিলেন কমিউনিস্ট। গণতান্ত্রিক অধিকার প্রতিষ্ঠার জন্য এই তিন জন ডাক্তারের চুক্তি হয়েছিল। কিন্তু ভারতবর্ষ স্বাধীন হবার পর তাদের আন্দোলন বাধা প্রাপ্ত হয়েছিল। ভারতবর্ষ ১৯৪৭ সালে স্বাধীন হবার পর আমাদের কংগ্রেসের নেতৃত্বের ভুলে গোটা দেশ দাঙ্গা বিধ্বস্ত হয়ে পড়েছিল, গোটা ভারতবর্ষে সাম্প্রদায়িক দাঙ্গা ছড়িয়ে পড়েছিল। ফলে সেখানে তখন বলা হয়েছিল স্বাধীনতা দিলে দক্ষিণ আফ্রিকা ভারতবর্ষ হয়ে যাবে, দাঙ্গা হাঙ্গামার সৃষ্টি হবে। কিন্তু আফ্রিকার সংগ্রামী মানুষ বেশি দিন দমে থাকেনি, তারা সকলে মিলে দৃঢ়ভাবে লড়াই চালিয়েছিল। ফলে ১৯৪৮ সালে দক্ষিণ আফ্রিকায় আরও কঠোর বর্ণবিদ্বেষী শাসন জারি করা হয়েছিল। সাংঘাতিকভাবে নতুন সব নীতি চালু করা হয়েছিল। তারপর ১৯৪৯-৫০ সালে অনেক নতুন আইন চালু হয়েছিল। এমন আইন হল যে, পোস্ট অফিসে যাবার জন্যও তিনটে রাস্তা হল—একটা শ্বেতাঙ্গদের, একটা মিশ্র বর্ণের মানুষদের এবং আর একটা কালো মানুষদের জন্য। এমন কি ওখানে আইন করে কালো মানুষদের সঙ্গে শ্বেতাঙ্গদের বিয়ে শাদি পর্যন্ত বেআইনি করে দেওয়া হয়েছিল। শুধু তাই নয় সেখানে কালো রঙের পুরুষ এবং সাদা রঙের মহিলা হলে কালো রঙের পুরুষের ফাঁসি পর্যন্ত হয়ে যেত। কিন্তু উল্টো হবে। যদি সাদা রঙের পুরুষ এবং কালো রঙের মহিলা হয় সাদা রঙের পুরুষ ছাড়া পাবে আর কালো রঙের মহিলার জেল হবে। এই রকম বিভিন্ন ভাবে বিভিন্ন কোর্টে বিভিন্ন বিচার হয়েছে। শুধু এখানে নয়, একটা মামলার খবর দেখছিলাম, আপনারা আইনজীবী আপনারা ভাল জানেন। সেখানে স্বামী-স্ত্রী দুজনের মামলা হল, দেখা গেল যে একটি কোর্টের বিচারে সাদা রঙের পুরুষ খালাস হয়ে গেলেন, ঠিক আর একটি কোর্টে কালো রঙের মহিলার আইনের প্রমাণে জেল হল। একই ঘটনা, স্বামী-স্ত্রী দু রঙের বলে এই রকম বিচার ব্যবস্থা সেখানে হল। এর বিরুদ্ধে লড়াই, অ্যাপারথেইট কথাটার বাংলা মানে হল পৃথক ব্যবস্থা। ঐ ল্যাংগোয়েজটা ইংরাজি নয়, আজকে এটা একটা সাংঘাতিক ঘটনা এটা সব জায়গায় আজকে ঘৃণীত এবং নিন্দিত, তার বিরুদ্ধে লড়াই। সেই লড়াইয়ের জন্য নেলসন ম্যান্ডেলা ২৭ বছর জেলে ছিলেন। ১৯৯১ সালে জেল থেকে মুক্ত হয়ে এখন তিনি কারাবন্দি থেকে রাষ্ট্রপতি হয়েছেন। এই ঘটনা ঘটল। স্যার, নেলসন ম্যান্ডেলার জীবন একটা ইতিহাস। ১৯৪৯ সালে ওঁরা আইন করেছিলেন যে কালো মানুষদের যাওয়ার জন্য পাশ দরকার হবে, তার জন্য বিশেষ পাশ, উনি তার বিরুদ্ধে লড়াই শুরু করলেন। নেলসন ম্যান্ডেলা তার আগে যুব অংশ, যুব লীগের সদস্য তার নেতৃত্ব শুরু করলেন, ১৯৫০ সালে আন্দোলন হল, এঁদের উপর অত্যাচার শুরু হয়েছিল এবং তার জন্য ১৯৬১ সালে সশস্ত্র বাহিনী সৃষ্টি করা হয়েছিল, কিন্তু আন্দোলন চলল লড়াই চলেছিল, ১৯৬৪ সালে ম্যান্ডেলা জেলে গেলেন, ম্যান্ডেলার সঙ্গে তৎকালীন কমিউনিস্ট নেতা আলিভার টম্ব জেলে গেলেন। তখন শুধু ওঁরাই জেলে যান নি, ১৫ হাজার মানুষ বিদেশে বিতাড়িত হয়েছিলেন। হাজার হাজার মানুষ জেলে গিয়েছিলেন। এই অবস্থায়

তাঁরা ১৯৬৯ সালে স্বাধীনতার সনদ গ্রহণ করলেন, তাঁরা বললেন বর্ণ বৈষম্য প্রথা ওঁরা শেষ করবেন, নিপীড়নের বিরুদ্ধে লড়াই করবেন। ১৯৯৪ সালে এসে সেই লড়াই শেষ হল, আমরা দেখলাম স্থায়ীভাবে এই এ.এম.সি.র লড়াই দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যের বিরুদ্ধে তা শেষ করে গণতান্ত্রিক সমান অধিকারের ভিত্তি প্রতিষ্ঠিত হল। ম্যান্ডেলা তখন বলেছিলেন এই সংগ্রাম কৃষ্ণাঙ্গদের জন্য নয়, এই সংগ্রাম সমস্ত ধর্ম, সংস্কৃতির জন্য। সেই জন্য ম্যান্ডেলার বৃহত্তম ঐক্য মঞ্চে সকলেই আছেন, কমিউনিস্ট, সমাজতন্ত্রী সকলেই আছেন। আমি শেষ করার আগে এই কথা বলব যে এই প্রথা সাম্রাজ্যবাদী দুনিয়ায় নতুন ঘটনা ঘটল। দক্ষিণ আফ্রিকার নিপীড়িতের সংগ্রাম, কালো মানুষদের স্বাধীনতার সংগ্রাম তার জয় যাদের জন্য সম্ভব হল। তাদের অভিনন্দন জানাই, সারা ভারতবর্ষ সারা দেশ তাঁদের অভিনন্দন জানাচ্ছে। আগামী দিনে তাঁরা মুক্তির পথ দেখাবেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষী শাসনের অবসানে আনন্দ প্রকাশ করে বিধানসভা থেকে যে প্রস্তাব সর্বদলীয় ভাবে আমরা গ্রহণ করতে চলেছি আমি তাকে সর্বাঙ্গীন সমর্থন জানাচ্ছি এবং তার সঙ্গে এই কথা বলতে চাই দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যের বিরুদ্ধে সাধারণ মানুষের জয় সারা পৃথিবীর ইতিহাসে একটা চূড়ান্ত গৌরবময় ঘটনা শেষ পর্যন্ত মানবতা জিতেছে, শেষ পর্যন্ত মানুষের শুভ বুদ্ধির জয় হয়েছে এটা চূড়ান্ত আনন্দের বিষয় এ ব্যাপারে কোনও সন্দেহ নেই। দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্য বা বর্ণ বিদ্বেষী অ্যাপারথেইটের কথা মাননীয় ননীবাবু ঘোষণা করেছেন তার চেয়ে বেশি অমানবিক অবস্থা সারা পৃথিবীতে আমরা কম দেখেছি। সেখানে শুধু কালো সংখ্যাধিক্য বেশি, তবুও ক্ষমতায় তারা তাদের অধিকার থেকে বঞ্চিত হয়েছে। শুধু তাই নয়, চাকরি এবং ব্যবসায়ের ক্ষেত্রেও তাদের বিরুদ্ধে বৈষম্য করা হয়েছে।

[11-30 — 11-40 a.m.]

দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যের সব চেয়ে কুৎসিত দিক ছিল যে, তারা কালো মানুষদের নিম্নস্তরের মানুষ বলে গণ্য করে শহরের কিছু অংশ তাদের জন্য নিষিদ্ধ করে দিয়েছিল এবং তার ফলে দক্ষিণ আফ্রিকার সমস্ত শহর Cape Town, Johansbarg, Pretoria, Durban, ইত্যাদি শহরের পাশে কালো মানুষদের ক্ষেত্রে বস্তি গড়ে উঠেছিল এবং কালো মানুষদের পক্ষ থেকে যে প্রতিরোধ এসেছিল, সেটা এসেছিল গরিব কালো মানুষদের পক্ষ থেকে। আপনারা জানেন যে Sueto uprising যাতে কয়েক শত কালো মানুষ বর্ণ বৈষম্যবাদী সরকারের গুলিতে নিহত হয়েছিল। এই ঘটনা একটা গৌরবজনক ঘটনা। তাই দক্ষিণ আফ্রিকায় দীর্ঘদিন ধরে সংগ্রাম চলেছে আফ্রিকার ন্যাশনাল কংগ্রেসের নেতৃত্বে। নেলসন ম্যান্ডেলা ২৭ বছর কারা প্রাচীরের অন্ধকারে থেকে যে সংগ্রামের নেতৃত্ব দিয়েছেন, সেই সংগ্রামকে অভিনন্দন জানাবার ভাষা নেই। পৃথিবীর ইতিহাস নিশ্চয়ই এটা একটা গৌরব জনক সংগ্রাম। আমরা ভারতবাসীরা দক্ষিণ আফ্রিকার এই কালো মানুষদের জয়ে আনন্দ প্রকাশ করছি। তার কারণ

যেদিন থেকে ভারওয়ার, বোথা এই বর্ণ বৈষম্য চালু করেছিল, প্রথম দিন থেকে ভারতব
তারা বিরোধিতা করেছে। আমরা গর্বের সঙ্গে একথা বলতে পারি যে, আমাদের দেশে
প্রধান মন্ত্রী হিসাবে রাজীব গান্ধী দক্ষিণ আফ্রিকার এই কালো মানুষদের সমর্থনের জন্য প্রথ
আফ্রিকা ফান্ড তৈরি করেছিলেন এবং ভারত সরকার তাতে ৫০ কোটি টাকা দিয়েছিল
সম্মিলিত রাষ্ট্রপুঞ্জে বারবার দক্ষিণ আফ্রিকায় এই ব্যবস্থার বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবার জন
সবচেয়ে বেশি সোচ্চার ছিল এবং দক্ষিণ আফ্রিকার কালো মানুষদের সংগ্রামকে সহায়ত
করার ব্যাপারে ভারত সরকারের ভূমিকা নিশ্চয়ই প্রশংসার যোগ্য। আমরা দেখেছি যে দক্ষি
আফ্রিকা আমাদের সেই অবদানকে স্বীকার করেছে। সম্প্রতি যখন নেলসন ম্যান্ডেলার নতু
সরকারের শুরু হয় তখন যাদের সঙ্গে তিনি দেখা করেছেন তাদের মধ্যে একজন ভারতী
প্রতিনিধি, আমাদের উপ-রাষ্ট্রপতি, কে.আর. নারায়নন এবং তার সঙ্গে শ্রীমতী সোনি
গান্ধীও ছিলেন। এদের সঙ্গে প্রথম দেখা করে নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার মানুষদে
প্রতি ভারতীয়দের যে প্রীতি, শ্রদ্ধা, যে কৃতজ্ঞতা আছে, সেটা তিনি প্রকাশ করেছিলেন। আ
জানি যে, দক্ষিণ আফ্রিকায় একদিন মাহাত্মা গান্ধী একদিন তার সংগ্রাম শুরু করেছিলেন এ
ধরনের বর্ণ বৈষম্যের বিরুদ্ধে। এখনও দক্ষিণ আফ্রিকায় ভারতীয় বংশোদ্ভূত যারা আছেন
তার একটা বড় সংখ্যা আছে। দক্ষিণ আফ্রিকায় নতুন যে মন্ত্রী সভা হয়েছে, তার মধ্যে জ
নাইডু সহ কয়েকজন ভারতীয় বংশোদ্ভূত রয়েছেন। প্রথম থেকে দক্ষিণ আফ্রিকার কালে
মানুষদের জন্য ভারতীয়দের একটা বড় অবদান ছিল এবং তার জন্য আমরা গর্ববোধ করি
আমরা গর্বের সঙ্গে স্মরণ করি যে নেলসন ম্যান্ডেলা যখন কলকাতা সফরে আসেন, তি
ইডেন স্টেডিয়ামে, রঞ্জিত স্টেডিয়ামে দাঁড়িয়ে ভারতের প্রতি তার যে বিশেষ অনুভূতি আছে
তার কথা বলেছিলেন। ভারতীয় স্বাধীনতা সংগ্রামীদের প্রতি তার যে কৃতজ্ঞতাবোধ আছে
তার কথা বলেছিলেন। মহাত্মা গান্ধী এবং সর্বোপরি নেতাজী সুভাষচন্দ্র বসুর কথা তিনি
বলেছিলেন। তিনি বলেছিলেন যে, নেতাজী সুভাষচন্দ্র বসুর কাছ থেকে আমরা, দক্ষিণ
আফ্রিকার মানুষরা লড়াইয়ের কায়দা শিখেছি। আমরা একথা আজকে গর্বের সঙ্গে স্বীকার
করি। এই ব্যাপারে কোনও সন্দেহ নেই যে দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যের অবসান অনেক
আগেই হয়ে যেত যদি না সাম্রাজ্যবাদীরা তাদের মদত করত। সম্মিলিত রাষ্ট্রপুঞ্জের নিষেধাজ্ঞা
সত্ত্বেও যেহেতু তাদের হীরে আছে, সোনা আছে, অন্যান্য খনিজ পদার্থ আছে, আমেরিকা
ইংল্যান্ড সহ কিছু দেশ তারা বলেছে যে আমরা দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে স্যাংশনকে সমর্থন
করছি। কিন্তু দক্ষিণ আফ্রিকার যারা বড় বড় মাল্টিন্যাশনাল, কংগ্লোমিরাট, পি.বি.আর. এবং
অন্যান্য কোম্পানি তাদের সঙ্গে তারা সম্পর্ক রেখে গেছে। আমাদের মনে আছে যে, এর
আগে যখন রাজীব গান্ধী বেঁচে ছিলেন তখন কমনওয়েলথ-এ এটা নিয়ে মার্গারেট থ্যাচারের
সঙ্গে তার তুমুল বাক-বিতন্ডা হয়েছিল। তিনি বলার চেষ্টা করেছিলেন যে, ইংল্যান্ড যদি
তাদের সমর্থন পুরোপুরি না করে, যদি স্যাংশন পুরোপুরি চালু না করে তাহলে আমরা বর্ণ
বৈষম্য দূর করতে পারব না। তার সমস্ত কিছু শেষ হয়ে আজকে দক্ষিণ আফ্রিকায় নতুন
সূর্য উঠেছে এবং সেটা আনন্দের বিষয় তা হল আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস দীর্ঘদিন ধরে

ড়াই করেছে এবং আমাদের ভারতবর্ষের জাতীয় আন্দোলনের যে চরিত্র ছিল, যেখানে ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেসের একটা বড় প্লাটফর্ম হিসাবে রূপ নিয়েছিল সেই রকম ওখানে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস একটা বড় প্লাটফর্মের রূপ নিয়েছে। এই কথা ঠিক যে তাতে নেলসন ম্যান্ডেলার মতো লোক ছিল এবং যিনি কমিউনিস্ট নয়, উদারনৈতিক চিন্তাধারায় যিনি বিশ্বাসী। তেমনি তার মধ্যে ক্রিস আনির মতো লোক ছিলেন, দক্ষিণ আফ্রিকার জাতীয় মুক্তি আন্দোলনের যার একটা বড় অবদান ছিল এবং বর্তমান মন্ত্রী সভা যে হয়েছে তার মধ্যে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের সদস্য হিসাবে কমিউনিস্টরা আছে তার একটা বড় ভূমিকা আছে। আমরা দেখেছি যে গত বছর নবেল পিস পুরস্কার পেয়েছেন ম্যান্ডেলা এবং ডি. ক্লার্ক একসঙ্গে। আমি এটা নিশ্চয়ই বলব যে সারা পৃথিবীর চাপ দক্ষিণ আফ্রিকার বর্ণ বৈষম্যের বিরুদ্ধে ছিল এবং এটা একটা বড় ভূমিকা পালন করেছে। তেমনি দক্ষিণ আফ্রিকার যিনি রাষ্ট্রপতি ছিলেন এবং বর্তমানে যিনি উপরাষ্ট্রপতি হয়েছেন সেই ডি.ক্লার্কের একটা বড় ভূমিকা আছে। এই যে স্মুথ ট্রানজিশন হল, একটা অ্যাপারথীড রেজিম থেকে একটা ডেমোক্রাটিক রেজিম হল সেখানে ডি.ক্লার্ক নেলসন ম্যান্ডেলাকে সহযোগিতা করেছেন। আজকে সেখানে ন্যাশনাল গভর্নমেন্ট অফ ইউনিটি তৈরি হয়েছে। নিশ্চয়ই যখন নির্বাচন হবে, সংখ্যাধিক্যের ভিত্তিতে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস অনেক বেশি জায়গায় জয়ী হবে। যার চিফ বুথলেজি দীর্ঘ দিন ধরে দক্ষিণ আফ্রিকার কালো মানুষদের শাসনে বাধার সৃষ্টি করেছিল, আজকে তিনিও সরকারে এসেছেন। এই যে নিগোসিয়েশন হয়েছে, ট্রানজিশন অফ পাওয়ারকে শান্তিপূর্ণ করার জন্য একেও আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি বলব ইউনাইটেড নেশন এখানে একটা বড় ভূমিকা পালন করেছে। তার জন্য তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। দক্ষিণ আফ্রিকার রাস্তা লম্বা। এখানে যারা আফ্রিকান আছে, যারা ডাচ অরিজিনের ছিলেন, তারা বন্দুক নিয়ে বলছে আমরা এর বিরোধিতা করব। বুথজ লেজি শান্তি থাকবেন, কবে তিনি জুলুদের নিয়ে আবার লড়াই-এ নামবেন সেটা আমরা জানি না। সবচেয়ে বড় কথা দক্ষিণ আফ্রিকার অর্থনৈতিক অবস্থা খারাপ হয়ে গিয়েছে, অর্থনীতি ভেঙে পড়েছে, সেখানে ইনফ্লেশান খুব বেশি। সেখানে কালো মানুষরা যে বস্তিতে থাকত, ঘেটরোতে থাকত সেই ঘেটরোগুলো অবস্থা এখন অত্যন্ত অস্বাস্থ্যকর। সেখানে জল নেই, পয়ঃপ্রণালী নেই, সেখানে মানুষের বেঁচে থাকার অবস্থা নেই। নেলসন ম্যান্ডেলার বয়স ৭৫ বছর, তার মধ্যে মূল্যবান ২৭ বছর তিনি জেলে কাটিয়েছেন, বহু কষ্ট তাঁকে সহ্য করতে হয়েছে। যে দায়িত্ব তাঁর উপর এসে পড়েছে-আমাদের সকলের শুভেচ্ছা তাঁর উপর আছে, তার চেয়ে দক্ষিণ আফ্রিকার মানুষদের শুভেচ্ছা তাঁর পেছনে রয়েছে। নেলসন ম্যান্ডেলার এই নতুন দায়িত্ব নতুন কাজ, নতুন ভাবে দক্ষিণ আফ্রিকাকে গড়ে তোলার কাজে আমরা ভারতবর্ষের মানুষ হিসাবে তাঁকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই প্রস্তাবের শেষ দিকে যে কথা আছে "এই সভা আশা করছে যে, দক্ষিণ আফ্রিকার বীর জনগণের ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আশা-আকাঙ্খার সাথে পূর্ণ সঙ্গতি রেখে নেলসন ম্যান্ডেলার সরকার মহান দক্ষিণ আফ্রিকার ভবিষ্যৎ গড়ে তোলার কাজে এক সুদূরপ্রসারী ভূমিকা পালন করবে" আমরা তাকে সমর্থন জানাচ্ছি। নেলসন ম্যান্ডেলার সংগ্রাম সারা পৃথিবীর মানুষের কাছে

একটা দৃষ্টান্ত। এক দিকে ফ্রন্ট লাইন স্টেট বন্দুক দিয়ে বন্ধ করেছে অন্য দিকে দক্ষি আফ্রিকার সীমান্তে দেশের মধ্যে গণ আন্দোলন চালিয়ে গেছে। শেষ পর্যন্ত ১০০ বছরে বর্ণবৈষম্য সরকারের অবসান হয়েছে। আসুন আমরা সকলে গৌরবের সঙ্গে গলা মিলিয়ে এ গৌরবে অংশগ্রহণ করি। শেষ পর্যন্ত পৃথিবীতে প্রমাণ হল যে অত্যাচারীরা নয়, জনগণ শেষ কথা বলে, শোষকরা নয়, শোষিত শ্রেণীর শেষ কথা বলে। নেলসন ম্যান্ডেলা এটা নতু করে প্রমাণ করল। আমরা মহাত্মা গান্ধীর নেতৃত্বে এক সময়ে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে ে লড়াই শুরু হয়েছিল আজকে তার এই সাফল্যের পরিণতিতে আজকে আমরা গভীর ভা আনন্দ প্রকাশ করি। এই প্রস্তাবকে আমি সমর্থন জানাচ্ছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকার সংগ্রামী আন্দোলনের যে জয় এবং তার নেতৃত্বে যিনি ছিলেন, নেলসন ম্যান্ডেলাকে সমর্থন ও অভিনন্দন জানিয়ে আজকে এই সভায় যে সর্বদলীয় প্রস্তাব উত্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাই দক্ষিণ আফ্রিকার মানুষকে, কালো মানুষকে, যাঁরা দীর্ঘদিন বর্ণবৈষম্যের বিরুদ্ধে লড়াই করেছেন নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে। খুব স্বাভাবিক ভাবেই আমরা জানি যে অত্যাচারীদের যে দিন, সেই দিন একদিন শেষ হবে। সেইভাবেই দক্ষিণ আফ্রিকার মুক্তিকামী মানুষদের মুক্তি নিয়ে এবং সেই মুক্তি আন্দোলনের যিনি পুরধা, সেই নেলসন ম্যান্ডেলা এবং আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস যাঁর নেতৃত্বে আফ্রিকার মানুষ, কালো মানুষ দীর্ঘদিন লড়াই এবং সংগ্রাম করেছেন এবং তার যে ফল তা অবধারিত ভাবেই আমরা সেখানকার নির্বাচনে লক্ষ্য করেছি। তাই সেখানকার জনগণকে আমরা যেমন অভিনন্দন জানাব, সেই সঙ্গে সঙ্গে আমরা পশ্চিমবঙ্গবাসী হিসাবে তথা ভারতবাসী হিসাবে নিশ্চয়ই গর্ববোধ করি। নেলসন ম্যান্ডেলার যে আন্দোলন এবং সংগ্রাম তার সমর্থনে আমাদের দেশের মানুষ বারেবারে লড়াই এবং সংগ্রাম করেছে। তার পাশে দাঁড়িয়ে এবং সমর্থনে অবহেলিত অত্যাচারিত যে মানুষ, তাদের পাশে দাঁড়িয়েছি। আমরা এটা দেখেছিলাম যে নেলসন ম্যান্ডেলা মুক্তির পর যখন আমাদের দেশে তিনি এসেছিলেন এবং এই কলকাতায় এসেছিলেন, তখন তিনি গর্বের সঙ্গে স্মরণ করেছিলেন পৃথিবীর ইতিহাসে সংগ্রামের যে অবদান। স্বাধীনতা আন্দোলনে নেতাজী সুভাষচন্দ্র বসুর সংগ্রামী জীবনকে তিনি স্মরণ করেছিলেন, তাঁর জীবন থেকে শিক্ষা নিয়ে দক্ষিণ আফ্রিকার আন্দোলনে প্রতিফলন ঘটিয়ে সেখানকার মুক্তি আন্দোলনকে আরও বেশি শক্তিশালী করার প্রয়াস তিনি করেছিলেন। সেই আন্দোলন থেকে তিনি যে শিক্ষা পেয়েছিলেন, তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে তিনি তা আমাদের বলেছিলেন। নেলসন ম্যান্ডেলা দীর্ঘ ২৭ বছর কারান্তরালে ছিলেন। তারমধ্যে থেকে দেশের মানুষের সংগ্রামে বিশেষ করে দক্ষিণ আফ্রিকার মুক্তি আন্দোলনকে সংগঠিত করেছিলেন। সেই সঙ্গে সঙ্গে শুধু কালো মানুষের মুক্তি নয়, সেখানকার সব বর্ণ, সব ধর্ম, সব জাতীয় মুক্তি আন্দোলনকে তিনি সংগঠিত করেছিলেন। আজকে পৃথিবীর ইতিহাসে দক্ষিণ আফ্রিকার মানুষ যে নতুন ইতিহাস

সংযোজন ঘটিয়েছেন, আমরা এটাকে অভিনন্দন জানাই। নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে সেখানে যে সরকার গঠিত হয়েছে, সেখানকার যে অর্থনীতি, তার সামগ্রিক উন্নতির ক্ষেত্রে আমরা আশাকরি তিনি উল্লেখযোগ্য পদক্ষেপ নেবেন। আমরা সেখানে বিশেষ করে যে জিনিসটা দেখি, দক্ষিণ আফ্রিকার মানুষ, ন্যাশনাল কংগ্রেস তাঁরা লড়াই করেছিলেন বর্ণবৈষম্য-মুক্ত, গণতান্ত্রিক সমানাধিকারের ভিত্তিতে এক সমাজ গঠনের জন্য। সেই আন্দোলন ও লড়াইকে সামনে রেখে, সেই লক্ষ্যকে সামনে রেখে জিতেছেন—নির্বাচনে এ.এন.সি. বৃহত্তম ঐক্যের প্রতীক হিসাবে জিতেছে। সকলকে নিয়ে তিনি লড়াই করেছিলেন। আমরা দেখেছি যে তিনি দুই তৃতীয়াংশ সংখ্যা গরিষ্ঠতা নিয়ে জিতেছেন। তিনি সেখানে সর্বদলের প্রতিনিধিদের গ্রহণ করেছেন। নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে আজকে দক্ষিণ আফ্রিকায় স্বাধীনতা ফিরে এসেছে। দীর্ঘদিনের আন্দোলনের ফলে দেশের অর্থনীতি যে জায়গায় গিয়ে পৌঁছেছিল আজকে তার থেকে নতুন করে গড়ে তোলার উদ্যোগ নেওয়াতে আজকে স্বাভাবিকভাবে আমি মনে করি সারা পৃথিবীর মুক্তিকামী মানুষ তাঁকে অভিনন্দন জানাবে। যখন সাম্রাজ্যবাদী শক্তি নানাভাবে নানা দেশের উপরে নতুন ভাবে আক্রমণ চালাচ্ছে তখন দক্ষিণ আফ্রিকার এই সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আন্দোলন এক নতুন পথ দেখাবে এবং নতুন শক্তি যোগাবে। নেলসন ম্যান্ডেলা ইতিহাসের একটি নাম এবং সারা পৃথিবীর কাছে বিখ্যাত। সারা পৃথিবীর মুক্তিকামী মানুষের যে আন্দোলন সেই আন্দোলনে ভারতও অন্যতম শরিক হিসাবে আন্দোলন সংগঠিত করেছে। সাম্রাজ্যবাদের শক্তি রোধ করার জন্য সব রকম চেষ্টা চালিয়েছে এবং সকলের মিলিত প্রচেষ্টাতে সাম্রাজ্যবাদী শক্তি নেলসন ম্যান্ডেলাকে কারান্তরে আর বেশিদিন রাখতে পারেন নি। তারা মুক্তি দিতে বাধ্য হয়েছেন। পৃথিবীর বিভিন্ন দেশ তাদের এই আন্দোলনকে সমর্থন জানিয়েছে এবং তাদের এই আন্দোলনের শরিক হয়ে বিপুলভাবে সমর্থন জানিয়েছে। আজকে সেই দেশের অনুষ্ঠিত যে সরকার কাজে হাত দিয়েছে তাকেও আমরা সবাই সমর্থন জানাচ্ছি। স্বাভাবিকভাবেই নেলসন ম্যান্ডেলা সারা পৃথিবীর বিপুল জনগণের যে সমর্থন আজকে পেয়েছেন তার কোনও তুলনা নেই। আজকে নেলসন ম্যান্ডেলা যে নতুন ইতিহাস রচনা করলেন তার সুফল কামনা করি, তাঁকে অভিনন্দন জানাই এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে মোশান আনা হয়েছে দক্ষিণ আফ্রিকার ব্যাপারে এবং সেখানে গণতান্ত্রিক আন্দোলনের প্রতীক নেলসন ম্যান্ডেলাকে যে অভিনন্দন জানানো হয়েছে তা আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই প্রসঙ্গে বলি যে, এই ব্যাপারে পুরো ইতিহাস আমি বলছি না, তবে একটি কথা এই মোশনের মধ্যে দিলে আমাদের সত্যতা আরও বেশি করে প্রতিষ্ঠিত হত। নেলসন ম্যান্ডেলা এবং ন্যাশনাল কংগ্রেসের আন্দোলন একই পথে চলেছিল। ভারতের স্বাধীনতা সংগ্রামে বিশেষ করে মহাত্মা গান্ধী নেলসন ম্যান্ডেলার পথের প্রতীক এটা অস্বীকার করা মানে ইতিহাসকে বিকৃত করা এবং এই সত্যতা বিধানসভাতে স্বীকার না করলে গোটা ব্যাপারটাই অসত্য হয়ে পড়বে। এতে কংগ্রেসের

কি কৃতিত্ব দাবি করবে কি না করবে সেটা বড় ব্যাপার নয়, কিন্তু নেলসন ম্যাণ্ডেলা এবং ন্যাশনাল কংগ্রেস দক্ষিণ আফ্রিকায় যে পথে চালিত হয়েছে তা ভারতের স্বাধীনতা সংগ্রামী বিশেষ করে গান্ধীজীর আদর্শে অনুপ্রাণিত। দীর্ঘ দিন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে দীর্ঘমেয়াদী সংগ্রামের মধ্যে দিয়ে আজকে সেখানে যেভাবে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে এতে প্রতিটি গণতন্ত্র প্রিয় মানুষের কাছে এটা আনন্দের বিষয় এবং এরজন্য বিশেষ করে অভিনন্দন জানাব। কিন্তু তার মানে এই নয় সাম্রাজ্যবাদী শক্তি একেবারে শেষ হয়ে গেছে, শয়তানের যেমন মৃত্যু হয় না, তেমনি সাম্রাজ্যবাদের মৃত্যু হয় না, এটা দীর্ঘ মেয়াদী এবং এর বিরুদ্ধে লড়াই করতে হবে। ভারতবর্ষেও যারা স্বাধীনতা এনেছিলেন তারা যে পূর্ণ স্বাধীনতা এনেছিলেন আজকে কিন্তু সেইরকম স্বাধীনতা নেই। স্বাধীনতা মানে রাজনৈতিক এবং অর্থনৈতিক দিক থেকে স্বাধীনতা প্রাপ্তি। এরজন্য দীর্ঘ সংগ্রাম আমাদের চালাতে হবে এবং ত্যাগ এবং তিতিক্ষার মধ্যে দিয়ে তা আনা সম্ভব। যে ত্যাগ এবং তিতিক্ষার মধ্যে দিয়ে নেলসন ম্যাণ্ডেলা স্বাধীনতা অর্জন করেছেন।

[11-50 — 12-00 Noon.]

স্যার, আমরা একটা ব্যাপারে খুশি কমিউনিস্ট পার্টি মাঝে মাঝে সমস্ত সংগ্রামকে হেয় বলে চালাবার চেষ্টা করেন, যেমন ১৯৪৭ সালের সংগ্রামকে লঘু করার জন্য তারা চিৎকার করেছিলেন, আজ তারা সেই ভুল বুঝতে পেরেছেন। নেতাজীর সম্বন্ধে যে কথা তারা বলেছিলেন সেই ভুল তারা আজ বুঝতে পেরেছেন, রবীন্দ্রনাথকে তারা বুর্জোয়া কবি বলেছিলেন আজকে তারা আবার উল্টো কথা বলছেন। স্বাধীনতার আন্দোলনকে তারা হেয় করেছিলেন যেমন তেমনি সমস্ত ভুলগুলি তারা পরে বুঝেছেন, কিন্তু আজকে তারা এই ব্যাপারে এটাকে হেয় করার জন্য চিৎকার করেননি। এ্যাট লিস্ট এটাকে সমর্থন করার জন্য ওদের ধন্যবাদ পাওয়া প্রাপ্য। একটা জিনিস লক্ষ্য রাখতে হবে, গণতন্ত্রের লড়াইয়ে কোন সময়ে সাম্রাজ্যবাদী বর্ণবিদ্বেষী শক্তি তারা ঐ জায়গা ছেড়ে দিয়েছে। আমাদের এখানে যখন ব্রিটিশরা সমস্ত সম্পদ জাহাজ ভর্তি করে নিয়ে চলে গিয়েছিল, তারপর আমরা আস্তে আস্তে আমাদের জায়গা করেছিলাম, তেমনিভাবে এখানেও কিন্তু দক্ষিণ আফ্রিকায় সেই রকম অবস্থা হয়েছে, যখন সমস্ত খনিগুলি থেকে সমস্ত সম্পদ আমেরিকায় নিয়ে চলে গেছে, ওয়েস্টার্ন কান্ট্রিসে নিয়ে চলে গেছে ঠিক তার পরেই এই গণতান্ত্রিক জয়লাভ হয়েছে। সুতরাং নেলসন ম্যাণ্ডেলার জন্যে সমস্ত পৃথিবীর সমস্ত দুনিয়ার মানুষকে তাঁর পাশে এসে দাঁড়াতে হবে। রাজীব গান্ধী থেকে শুরু করে ইন্দিরা গান্ধী পর্যন্ত সবাই শুধুমাত্র একটা রেজলিউশন নিয়ে সরাসরি সাহায্য নিয়ে তাঁর পাশে দাঁড়িয়েছিলেন। আমরা দেখেছি, পশ্চিমবঙ্গের ইতিহাসে ওনারা সৃষ্টি করেছিলেন, ভিয়েতনামের লড়াইয়ে জাহাজে রক্ত গিয়েছে, এটা ওনারা করেছিলেন, তাই শুধুমাত্র একটা প্রস্তাব পাঠিয়ে দেওয়া নয়, তার সঙ্গে সঙ্গে আমাদের চেষ্টা করতে হবে অর্থনৈতিক স্বাবলম্বী যাতে হয়, যাতে তারা জনপ্রিয়তা লাভ করে। আমরা ইতিহাসে দেখেছি যখন ক্ষমতা তুলে দেওয়া হয় ঠিক তার পরেই তাঁকে অর্থনৈতিক চাপে এমন একটা অবস্থা সৃষ্টি করা হয় যে

সেই নেতা তখন চলে যেতে বাধ্য হয়। আমরা পোলাণ্ডে দেখেছিলাম সলিডারিটির যখন সেই নেতা জয়লাভ করেছিলেন আমরা যখন সকলে উৎসাহিত হয়েছিলাম তখন সেই ওয়ালেসাকে এমনভাবে ইকনমিকাল ব্লকেড করা হয়েছিল যে তাঁকে সেই জায়গা থেকে সরে যেতে হয়েছিল। নেলসন ম্যান্ডেলাকে সেই সম্ভাবনা থেকে আমরা উড়িয়ে দিতে চাচ্ছি না। যদিও তাঁকে আমরা পুরো মর্যাদা দিই, নেলসন ম্যান্ডেলা একটা ব্যক্তি নয়, তিনি গণতন্ত্রের একটা মূর্তের প্রতীক। তিনি অনেকের নয়, সারা পৃথিবীর মানুষের কাছে একটা আদর্শ। অপরদিকে আমরা আবার দেখতে পাচ্ছি কয়েক বছর ধরে কমিউনিস্ট পার্টি পূর্ব ইউরোপ থেকে যেখানে একেবারে শেষ হয়ে গিয়েছিল সেখানে আবার দেখতে পাচ্ছি এই ভয়ঙ্কর পার্টি, কোথাও কোথাও মাথাচাড়া দেবার চেষ্টা করছে। আবার ম্যান্ডেলার দেশেও ঢুকছে। সুতরাং এই নিউক্লিয়াস ফর্মে বীজ যেখানে যেখানে মাথা চাড়া দিচ্ছে সেখানে আজকে সতর্ক হতে হবে এবং ম্যান্ডেলাকে সতর্কভাবে এর মোকাবিলা করতে হবে। বিজ্ঞানের যুগে, প্রযুক্তির যুগে পৃথিবী আজকে খুব ছোট হয়ে গিয়েছে। হাঙ্গেরী, বুদাপেস্টে যে ঘটনা ঘটেছে তা থেকে সতর্ক থাকতে হবে। সেখানে পরিবর্তিত কমিউনিস্ট পার্টি, পরিবর্তিত সোসালিস্ট পার্টিরাই সেখানে মাথাচাড়া দিয়ে উঠেছে। এই বিষ যেখানেই পড়েছে সেখানেই এই অবস্থা। জার্মানী ছোট্ট হলেও সেখানে আবার নাৎসী বাহিনী মাথাচাড়া দিয়ে উঠেছে। এটা শান্তিকামী মানুষের বিপদ। স্বাভাবিকভাবে নেলসন ম্যান্ডেলার এই লড়াইয়ের জন্য আমরা আনন্দিত এবং ন্যায্য কারণেই এই সভায় এই রেজিলিউশন আনা হয়েছে। দক্ষিণ আফ্রিকাকে আরও সহযোগিতা করার জন্য রাজ্য সরকার উদ্যোগ নিক এবং এই টোকেন সাহায্য তাদের পক্ষে যথেষ্ট হবে। এই কথা বলে আমি এই মোশানকে সমর্থন করছি এবং ন্যাশনাল কংগ্রেসের যে সমস্ত কর্মী লড়াই করে প্রাণ দিয়েছে তার জন্য তাদেরকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে মোশান এখানে আনা হয়েছে আমি তাকে সমর্থন করছি। সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামে যিনি ছিলেন একজন উদ্বোধক, সেই রবীন্দ্রনাথ বলেছেন—"যারে তুমি নিচে ফেল, সে তোমারে বাঁধিবে যে নিচে; পশ্চাতে রেখেছ যারে, সে তোমারে পশ্চাতে টানিছে।" দীর্ঘ ১০০ বছর ধরে সেই সাম্রাজ্যবাদী প্রিটোরিয়া সরকার আফ্রিকার কালো মানুষদের বঞ্চনার মধ্যে রেখেছিলেন। সেখানে তাদের মানবিক অধিকার থেকে তাদের বঞ্চিত করেছিলেন এবং সেই অবস্থায় আমরা দেখেছিলাম যে সেই আফ্রিকায় সাধারণ মানুষের যিনি আশা-আকাঙ্খার মূর্ত প্রতীক সেই নেলসন ম্যান্ডেলা, যিনি আজকে শুধু একটা নাম নয়, যিনি মুক্তিকামী মানুষের সংগ্রামের প্রতীক সেই সংগ্রামের মহানায়ককে দীর্ঘ ২৭ বছর ধরে কারাগারে বন্দি করা হয়েছিল। যাতে তিনি মানুষের মুক্তি আন্দোলনে অংশ গ্রহণ করতে না পারেন। বিশ্বের জনমতের জন্য সাম্রাজ্যবাদী শক্তি তাকে ছেড়ে দিতে বাধ্য হয়েছে এবং আমরা দেখলাম সেই রবীন্দ্রনাথের কথা—"সেইসব অম্লান মুখে দিতে হবে ভাষা, সেইসব শ্রান্ত, ক্লান্ত ভগ্ন মুখে ধ্বনিয়া তুলিতে হবে ভাষা"। সেই ভাষা প্রতিধ্বনিত করার জন্য নেলসন ম্যান্ডেলা আফ্রিকার মানুষকে নেতৃত্ব দিয়েছিলেন এবং

১০০ বছরের শোষণের পর আমরা দেখলাম নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে সেখানে বর্ণ বিদ্বেষী সরকারকে নির্বাচনে পরাজিত করে সেখানে রাষ্ট্রপতি হলেন নেলসন ম্যান্ডেলা। তাই আমরা পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে তাকে অভিনন্দন জানাচ্ছি এবং অভিনন্দন জানাচ্ছি মুক্তিকামী সেই আফ্রিকার মানুষদের। আজকে যে সরকার সেখানে কায়েম হয়েছে, সেই সরকারকে অনেক প্রতিবন্ধকতার সম্মুখীন হতে হবে এবং সেই সংগ্রামে জয়যুক্ত হতে হবে। আমাদের এই ভারতবর্ষে যখন ব্রিটিশ সাম্রাজ্যবাদী শক্তির অধীনে ছিল তখন সাম্রাজ্যবাদী শক্তি যেভাবে আমাদের দেশকে লুন্ঠন করেছে, আফ্রিকাকে লুন্ঠন করে, সেই লুন্ঠনের বিরুদ্ধে সাম্রাজ্যবাদের বিরুদ্ধে রবীন্দ্রনাথ তার কবিতার ভেতর দিয়ে বলেছেন—''নাগিনরা চারিদিকে ফেলিছে বিষাক্ত নিঃশ্বাস, শান্তির ললিত বাণী শোনাইতে প্রস্তুত হতেছে ঘরে ঘরে, দানবের সাথে সংগ্রামের তরে।'' আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের মহানায়ককে আমরা অভিনন্দন জানাচ্ছি

[12-00 — 12-10 p.m.]

তথাকথিত সাময়িক যে বিপর্যয়, সেই বিপর্যয়ের বিরুদ্ধে মানুষ যখন আবার উদ্বুদ্ধ হয়ে তথাকথিত সাম্রাজ্যবাদী, ধনবাদী শক্তির বিরুদ্ধে তাদের লড়াই শুরু করেছেন এবং আবার ক্ষমতায় ফিরে এসেছেন ও আসছেন তখন আমাদের দেশে যারা রাষ্ট্র ক্ষমতায় রয়েছেন এবং যারা সাম্রাজ্যবাদের পদলেহন করার দিকে যাচ্ছেন তাদের আমি সাবধান হতে বলব। আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের মহান নেতা শ্রদ্ধেয় নেলসন ম্যান্ডেলার প্রতি গভীর শ্রদ্ধা এবং অভিনন্দন জানিয়ে বলব, এখানে আবার যাতে সাম্রাজ্যবাদের চক্রান্তের বেড়াজালে তিনি আবদ্ধ হয়ে না পড়েন সে সম্বন্ধে তাকে সতর্ক থাকতে হবে। স্যার, আমাদের এখানকার কংগ্রেসি বন্ধুদের বলব, আপাতদৃষ্টিতে তারা আফ্রিকার মানুষদের প্রতি সহানুভূতি জানালেও সাম্রাজ্যবাদী শক্তির দিকে তাদের ঝুঁকে পড়া-এই যে কন্ট্রাড্রিকশন এর থেকে তারা মুক্ত হোন। আজকে নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে দক্ষিণ আফ্রিকায় যে নতুন সূর্যের উদয় হয়েছে সে সম্পর্কে বলতে গিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন যন্ত্রণায় ক্ষতবিক্ষত হওয়ার যে আফ্রিকা কবিতা তা স্মরণ করে বলব, সেখানে সেই জীবন যন্ত্রণার অবসান ঘটুক, বৈজ্ঞানিক সমাজবাদ, মুক্তিকামী, শোষণ মুক্ত নতুন সমাজ সেখানে গড়ে উঠুক। আজকে থেকে শত শত বর্ষ পূর্বে দক্ষিণ আফ্রিকায় যে যন্ত্রণা শুরু হয়েছিল শ্রী নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে আজকে সেখানে শুরু হোক মানুষের সার্বিক মুক্তির কাজ এবং গোটা বিশ্বের কোটি কোটি মানুষের কাছে তা অনুপ্রেরণা হয়ে থাকে। আসুন এখানেও আমরা নতুনভাবে সমাজ গড়ার কাজে উদ্বুদ্ধ হই। স্যার, দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল কংগ্রেসের মহান স্থপতি নেলসন ম্যান্ডেলা আগামী দিনে সাম্রাজ্যবাদ, ধনবাদের বিরুদ্ধে সংগ্রামে আমাদের প্রেরণা হয়ে থাকবেন। ''নতুন সূর্য উঠছে, জীবনে আলোর ফুল ফুটছে, একলা চলার নাম মৃত্যু ও ধ্বংস সংঘই সংগ্রামের মর্ম। নেলসন ম্যান্ডেলা তার জীবনের ভিতর দিয়েই একথার প্রমাণ করেছেন। পরিশেষে রবীন্দ্রনাথের কথা দিয়েই শেষ করছি।'' আমার জীবনে লোভীয়া জীবন জাগবে সকল দেশ।'' সমস্ত পৃথিবীর মুক্তিকামী মানুষ নেলসন ম্যান্ডেলার দ্বারা উদ্বুদ্ধ হয়ে মুক্তির পথে উদ্বুদ্ধ হোন। এই

কথা বলে নেলসন ম্যান্ডেলার প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং নতুন সমাজ গড়ার যে কর্মযজ্ঞ তিনি শুরু করেছেন তার সর্বাঙ্গীন সফলতা কামনা করে এই প্রস্তাবকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রুল ১৮৫-এ আজকে এই সভায় নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে গঠিত দক্ষিণ আফ্রিকার সরকারকে অভিনন্দন জানিয়ে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তা নিয়ে বিতর্কের খুব বেশি অবকাশ নেই। আমাদের মনে রাখতে হবে যে নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে দক্ষিশ আফ্রিকায় যে সরকার গঠিত হয়েছে সেই সরকারের কাছে সেই দেশের মানুষের প্রত্যাশা অনেক। যেহেতু প্রত্যাশা অনেক সেহেতু এ ক্ষেত্রে আত্মসন্তুষ্টির কোনও অবকাশ নেই। বর্ণ বৈষম্যবাদী সরকারের পতন হয়েছে অতএব সব কিছু হয়ে গেল, তা নয়, প্রতি মুহূর্তে সজাগ থাকতে হবে। যে শক্তিকে সরিয়ে নেলসন ম্যান্ডেলা ক্ষমতায় এসেছেন, ম্যান্ডেলার কাছে স্বাভাবিকভাবে মানুষের প্রত্যাশা বেশি হওয়ার দরুন সেই কাজ নেলসন ম্যান্ডেলার সরকারের কাছে মানুয প্রত্যাশা করছেন—মানুষ চান তাদের সেখানে প্রত্যাশা পুরণ করা হোক। দুরদর্শনে বা বি.বি.সিতে যেসব অনুষ্ঠান হয় দক্ষিশ আফ্রিকার সম্বন্ধে সেখানে দূরদর্শনের ক্যামেরা যখন দক্ষিণ আফ্রিকার মানুষের কাছে গিয়ে প্রশ্ন রাখেন তখন আমরা দেখি সেই সরকারের কাছে মানুষের প্রত্যাশা কতখানি নেলসন ম্যান্ডেলার সরকারকে তাই সেই প্রত্যাশা পূরণের কাজটা করতে হবে। এই কাজ করতে গিয়ে তাদের যারা সমর্থন করেন সেই রকম বিভিন্ন দেশের সঙ্গে যোগাযোগ রাখতে হবে। এ ক্ষেত্রে প্রথম যে নামটা আসে সেটা হল ভারতবর্ষ। তার কারণ আমরা অতীতেও দেখেছি, এটা যেহেতু সর্বদলীয় প্রস্তাব কিন্তু এই প্রস্তাবে আফ্রিকার সংগ্রামে প্রয়াত নেত্রী ভারত রত্ন ইন্দিরা গান্ধী এবং রাজীব গান্ধীর নাম থাকা উচিত ছিল। দক্ষিণ আফ্রিকার এই বর্ণ বিদ্বেষী সরকারের বিরুদ্ধে আমাদের কেন্দ্রীয় সরকারের ভূমিকা, রাজীব গান্ধী যে আফ্রিকা ফান্ড তৈরি করেছিলেন, সেই আফ্রিকা ফান্ড কিভাবে দক্ষিণ আফ্রিকার সংগ্রামকে, সেই আন্দোলনকে ত্বরান্বিত করতে সহায়তা করেছিল, সেই সত্যকে আমরা কোনওভাবেই আজকে উল্লেখ না করে থাকতে পারিনি। মহাত্মা গান্ধী, জাতির জনক, তিনিও গিয়েছিলেন দক্ষিণ আফ্রিকা এবং সেখান থেকে তাঁর রাজনৈতিক চিন্তাধারা, রাজনৈতিক শিক্ষা এবং অহিংস এবং অসহযোগ আন্দোলন, যা পরবর্তীকালে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামকে ব্রিটিশ সাম্রাজ্যবাদের হাত থেকে ছিনিয়ে আনতে যে আন্দোলনের প্রয়োজনীয়তার কথা এবং ভূমিকার কথা সারা বিশ্বে স্বীকৃত, সেই মহাত্মা গান্ধীর পথকে অনুসরণ করেই নেলসন ম্যান্ডেলার আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস সেই দেশে তাদের কাজ পরিচালনা করেছেন, নেলসন ম্যান্ডেলা দীর্ঘ ২৭ বছর কারান্তরালে অন্তরীণ ছিলেন, তাঁর অনুপস্থিতিতে তার দল এবং নিশ্চয়ই তার সাথে সাথে কমিউনিস্ট মতাদর্শে বিশ্বাসী রাজনৈতিক দল যারা আছে, তারা সেখানকার সংগ্রামে ব্রতী হয়েছিলেন এবং সাম্রাজ্যবাদী শক্তির এই ভয়ানক আগ্রাসী মনোভাবের বিরুদ্ধে সেই দেশের মানুষের সংঘবদ্ধ লড়াই আজকে সারা পৃথিবীর মানুষকে মুক্তি দিতে শিখিয়েছে।

আমরা জানি যে ভারতবর্ষের ভূমিকা দক্ষিণ আফ্রিকার পাশে কি রকম ছিল, ম্যান্ডেলা জেল থেকে মুক্তির পর ভারতবর্ষ সফরে এসেছিলেন। সেই ভারতবর্ষ সফরে এসে তিনি কলকাতা সফরেও এসেছিলেন। তখন আমরা দেখেছিলাম মানুষের মধ্যে কি সীমাহীন উচ্ছ্বাস এবং আবেগ এবং নেলসন ম্যান্ডেলা তাঁর প্রতিটি কথায়, প্রতিটি বক্তব্যে, সাংবাদিক সম্মেলন থেকে শুরু করে জনসভা পর্যন্ত সেখানে তাঁকে যেমন ভাবে সম্বর্ধনা দেওয়া হয়েছে, তিনি বারবার করে ভারতবর্ষের কথা উল্লেখ করেছেন এবং ভারতবর্ষে আর দক্ষিণ আফ্রিকা আজকে এই দুটো দেশ তাই একে অপরের ছিল প্রেম ভালবাসা সৌভ্রাতৃত্বের বন্ধনে যে সৌভ্রাতৃত্ব এর বন্ধন, আমরা আজকে বিশ্বাস করি যেখানে সারা বিশ্ব আজকে যুদ্ধের দামামা বাজছে, সেখানে শান্তি এবং সৌভ্রাতৃত্বর বন্ধনে পিস এবং সলিডারিটি, ইন্টারন্যাশনাল সলিডারিটি বন্ধনে যে বিশ্ব সৌভ্রাতৃত্বের বন্ধনে বাঁধতে হবে ভারত এবং দক্ষিণ আফ্রিকা সেই পথ সারা পৃথিবীকে দেখাতে পারে। আজকে আমাদের তাই মনে হয়েছে একদিকে হিংসাশ্রয়ী সংগ্রাম হচ্ছে আফ্রিকার বুকে কিন্তু অপর দিকে অসহযোগ এবং অহিংস আন্দোলনও হয়েছে, এই দু এর মাঝখানে দক্ষিণ আফ্রিকার কালো মানুষরা তাদের সংগ্রামে বিজয়ী হয়েছে এবং মুক্তির পথ তারা দেখতে পেয়েছে। আজকে সেই কারণে আমাদের এই প্রস্তাবের সব শেষে যেখানে বলা হয়েছে যে নেলসন ম্যান্ডেলার সরকার মহান দক্ষিণ আফ্রিকার ভবিষ্যৎ গড়ে তোলার কাজে সুদূর ভূমিকা পালন করবে, এটা বোধ হয় আমাদের এই মুহূর্তে সবচেয়ে বড় প্রত্যাশা। কারণ নেলসন ম্যান্ডেলার সরকার যদি আজকে সত্যই সফল হতে পারে, আগামী দিনের পৃথিবীর ইতিহাস এবং পৃথিবীর বুকে এটা একটা সংগ্রামের নজির এবং ইতিহাস হয়ে চিহ্নিত হয়ে থাকবে।

[12-10 — 12-20 p.m.]

১০ই মে ১৯৯৪ সালে যখন নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে সরকার গঠিত হল তখন তামাম দুনিয়ার মুক্তিকামী মানুষ এক অনির্বচনীয় আনন্দে উৎফুল্ল হয়ে উঠেছিল এবং খুব স্বাভাবিক কারণে ভারতবর্ষের মানুষ অন্য দেশের চেয়ে অনেক বেশি আনন্দ উপলব্ধি করেছে। নেলসন ম্যান্ডেলা সেখানে সরকার গঠনের মধ্যে দিয়ে একটা নতুন নজির স্থাপন করেছেন। তিনি প্রচন্ড উদারতা দেখিয়ে সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে সরকার গঠন করেছেন। এমন কি মিঃ ক্লার্ক, যিনি বর্ণবিদ্বেষী সরকারের প্রধান ছিলেন—অবশ্য বিগত নির্বাচনে মিঃ ক্লার্কের একটা বিশেষ ভূমিকা ছিল, তা অস্বীকার করা যায় না—তাঁকেও সরকারের অন্তর্ভুক্ত করেছেন। কমিউনিস্ট সহ সমস্ত দলের প্রতিনিধিদের নিয়ে তিনি সরকার গঠন করেছেন। তিনি তাঁর রাজনৈতিক বিরোধীদের পর্যন্ত তাঁর সরকারে স্থান দিয়েছেন। সমস্ত রকম মত-পার্থক্য ভুলে তিনি সকলকে নিয়ে আগামী দিনের দক্ষিণ আফ্রিকাকে গঠন করতে চাইছেন। তাঁর এই উদারতা আমাদের সকলকে মুগ্ধ করেছে। একটা দেশ যখন সাম্রাজ্যবাদী শোষণ এবং শাসন থেকে মুক্তি পায় তখন সেখানে মানুষের প্রত্যাশা অনেক বেড়ে যায়। আজকে ঠিক সেই জিনিস আমরা সেখানে লক্ষ্য করছি। আমরা আশা করব নেলসন ম্যান্ডেলা মানুষের প্রত্যাশা

পূরণে সচেষ্ট হবেন এবং সফল হবেন। এই প্রসঙ্গে নেলসন ম্যান্ডেলা এবং তার সংগ্রামের প্রতি ভারতবর্ষের ভূমিকাও স্মরণীয়। এক্ষেত্রে ভারতবর্ষ সব সময় তাঁর যথাযথ ভূমিকা পালন করেছেন। ভারতবর্ষের প্রতিটি মানুষের নেলসন ম্যান্ডেলার প্রতি পূর্ণ সমর্থন, শুভেচ্ছা রয়েছে, আমরা আশা করব তিনি দেশ পরিচালনার ক্ষেত্রে সাফল্য অর্জন করবেন।

**শ্রী শক্তি বল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী শাসনের অবসানের নেলসন ম্যান্ডেলাকে অভিনন্দন জানিয়ে যে সর্বদলীয় ১৮৫ নং রুল অনুযায়ী মোশন এখানে উত্থাপন করা হয়েছে তাকে আমি সর্বান্তকরণে সমর্থন জানিয়ে দু-একটি কথা বলছি। স্যার, বর্তমান শোষণ এবং অত্যাচারের বিরুদ্ধে গণতন্ত্রী এবং দেশপ্রেমী মানুষের প্রতীকের নাম হচ্ছে নেলসন ম্যান্ডেলা। আজকে এই নাম বিশ্বের প্রতি ঘরে দেশপ্রেমের মূর্ত প্রতীক চিহ্নিত। তিনি আজকে গণতন্ত্র এবং দেশপ্রেমের উজ্জ্বল ভবিষ্যত হিসাবে মানুষের সামনে দেখা দিয়েছেন। তার জ্বলন্ত দৃষ্টান্ত হাঙ্গেরীর নির্বাচনে সমাজতান্ত্রিকদের জয়। নেলসন ম্যান্ডেলার জয়ে মানুষ আজ উৎসাহিত। নেলসন ম্যান্ডেলা ২৭ বছর কারা অভ্যন্তরে কাটিয়েছেন। শুধু তাই নয়, তিনি সেখান থেকে বেরিয়ে এসে নির্বাচনে জিতেছেন। তারপর তিনি আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের নির্বাচনী দপ্তরে দাঁড়িয়ে একটা কথা বলেছেন, "অবশেষে দক্ষিণ আফ্রিকা মুক্ত হল।" বর্ণবিদ্বেষী মুক্ত ঐক্যবদ্ধ সমাজ গঠনের কাজে তিনি সমস্ত মানুষকে আহ্বান জানিয়েছেন এবং তিনি ঐক্যবদ্ধ সরকার প্রতিষ্ঠা করতে পেরেছেন। এটাই আজকে সবচেয়ে বড় জিনিস। শতাব্দীব্যাপী নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে যে লড়াই হয়ে ছিল দক্ষিণ আফ্রিকায় সেই লড়াইয়ের সময় তিনি ২৭ বছর কারা অভ্যন্তরে কাটিয়েছেন। সেই সংগ্রামের মধ্যে দিয়ে দক্ষিণ আফ্রিকার দেশপ্রেমিক এবং গণতান্ত্রিক মানুষদের জয় প্রতিষ্ঠিত হয়েছে। বিশ্ব ইতিহাসে একটা নতুন অধ্যায়ের সৃষ্টি হয়েছে। ভারতবর্ষের মানুষদের পক্ষ থেকে আমরা বলতে চাই যে, নেলসন ম্যান্ডেলা যে লড়াই শুরু করেছিলেন সেই লড়াইকে সারা পৃথিবীর গণতান্ত্রিক এবং দেশপ্রেমিক মানুষরা সমর্থন জানাবার ফলে সাম্রাজ্যবাদের মদতপুষ্ট আফ্রিকার বর্ণবিদ্বেষী সরকার সেই লাড়াই-এর কাছে মাথা নত করতে বাধ্য হয়। তারা নেলসন ম্যান্ডেলাসহ ওখানকার সমস্ত নেতাদের কারাগার থেকে মুক্তি দিতে বাধ্য হয়। জেল থেকে বেরিয়ে আসার পরেও সংগ্রাম থেকে সরে আসেননি। সশস্ত্র সংগ্রাম চালিয়ে গিয়েছিলেন। ডি. ক্লার্ক সরকারের উপর চাপ সৃষ্টি রেখে তাঁরা যে সংগ্রাম চালিয়েছিলেন এবং গণতান্ত্রিক আফ্রিকাকে সমর্থন করে যে নাম দেওয়া হয়েছিল তৎকালীন কমিউনিস্ট পার্টির যিনি সেক্রেটারি ছিলেন তিনি নাম দিয়েছিলেন কোডেসা, ঐ দেশের ভাষা অনুযায়ী নাম দেওয়া হয়েছিল। একটা কথা বলতে চাই ওঁরা আজকে জনগণের আশীর্বাদ পেয়েছেন, শুধু তাই নয় মানুষের অসম্ভব রকম সমর্থন পেয়েছেন। ৬৩ পারসেন্ট ভোট পেয়ে জয়লাভ করেছেন। ওঁদের ঐ জয়লাভের পিছনে ভারতবর্ষের শুভেচ্ছা আছে। ১২ লক্ষ ভারতবাসী ওখানে বাস করেন। মহাত্মা গান্ধী যখন ওখানে গিয়েছিলেন তখনই শুধু নয়, ভারতবর্ষের মানুষ এই আফ্রিকার সংগ্রামের পিছনে চিরকাল তাঁদের সমর্থন জানিয়েছেন। ওখানে দুই শ্রেণীর মানুষ বাস করে। শ্রমজীবী মানুষ

যারা বাস করে তারা বেশিরভাগই আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের সমর্থক, তার মধ্যে অনেক কমিউনিস্ট নেতাও আছেন। তাঁরা আত্মপ্রকাশ করে নানাভাবে ওখানে কাজকর্ম করছেন। শ্রমজীবী মানুষকে সংগঠিত করে সাহায্য করছেন। আমি এই কথা বলতে চাই দক্ষিণ আফ্রিকা একটা বিশাল দেশ, ঐ বিশাল দেশের বিভিন্ন প্রান্তে শ্রমজীবী মানুষদের সংগঠন আছে, এ.এম.সি.র বিরুদ্ধে নেলসন ম্যান্ডেলার সংগ্রামে বহু শ্রমজীবী মানুষ তাঁর পাশে দাঁড়িয়ে তাঁকে সমর্থন জানিয়েছেন। ২৭ বছর ধরে সশস্ত্র সংগ্রাম চালিয়ে ছিলেন সেই সংগ্রামের সঙ্গে শ্রমজীবী মানুষদের আত্মিক যোগযোগ ছিল এবং তাঁরা সংগ্রামের একটা বড় অংশীদার ছিলেন। এই কথা বলতে চাই যে, গণতান্ত্রিক যে সংগ্রাম, যে সংগ্রামকে কোডেসানামে নামাঙ্কিত করা হয়েছিল সেই সংগ্রামের পিছনে বহু শ্রমজীবী মানুষের সমর্থন ছিল। আমরা আজকে গর্ব অনুভব করি ভারতবর্ষের মানুষ হিসাবে যে যখন নেলসন ম্যান্ডেলা জেল মুক্ত ভারতবর্ষে এসেছিলেন তখন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার প্রথম তাঁকে অভিনন্দন জানিয়েছিলেন। কলকাতার বুকে ইডেন উদ্যানে ঐতিহাসিক অভিনন্দন জানানো হয়েছিল। লাখো লাখো মানুষ তাঁর কাছে গিয়ে তাঁকে অভিনন্দন জানিয়েছিলেন। তাঁর জয়লাভের পিছনে ভারতবর্ষের শুভেচ্ছা ছিল, গণতন্ত্র প্রিয়, স্বাধীনতা প্রিয় দেশপ্রেমিক মানুষের মূর্ত প্রতীক হিসাবে তিনি জয়লাভ করেছেন। আজকে বিধানসভার পক্ষ থেকে সর্বদলীয় যে প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস যে সুদীর্ঘকাল বলা যেতে পারে এই সংগ্রামের শুরু থেকে শেষ পর্যন্ত দীর্ঘস্থায়ী রক্তক্ষয়ী যে সংগ্রাম সেই সংগ্রাম শেষ পর্যন্ত সব কিছু চূর্ণ বিচূর্ণ করে জয়ী হয়েছে। এটা অত্যন্ত আনন্দের বিষয় এবং বিশেষ করে আরও বেশি আমাদের দিক থেকে এটা গৌরবের। এই সংগ্রামের শুরু থেকে ভারতবর্ষ প্রত্যক্ষভাবে জড়িত। কারণ আপনারা জানেন যে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের ভিতরেতেও যাঁরা সংগ্রাম করেছেন সেখানে একইভাবে বর্ণ বিদ্বেষের হিসাবে যে ভারতবাসীরা ওখানে বাস করতেন তাঁরাও সেই সংগ্রামে যুক্ত ছিলেন। শুধু তাই নয়, আপনারা জানেন মহাত্মা গান্ধী এই বর্ণ বিদ্বেষের শীকার হয়েছিলেন এবং তাঁর সত্যাগ্রহী সংগ্রামের পরীক্ষা নিরীক্ষা তিনি আফ্রিকায় করেছিলেন তখন থেকে একটা সম্পর্ক গড়ে উঠেছে। শুধু তাই নয়, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে সংগ্রাম সেই সংগ্রামে ব্রিটিশের সবচেয়ে বড় যে উপনিবেশ ভারতবর্ষ তার সংগ্রাম সমস্ত পৃথিবীর অন্যান্য জায়গায় ব্রিটিশের অধীনে নির্যাতিত শোষিত হয়েছিলেন তাঁদের নেতৃত্বে করেছিলেন। আমরা দেখেছি আজকে আনোয়ার পাশা থেকে পরবর্তীকালে তাঁরা ভারতবর্ষের এই সংগ্রামের সাথে যুক্ত হয়ে আগে এই সংগ্রাম করেছেন।

[12-20 — 12-30 p.m.]

এমন কি, ঐ আন্দোলনে তুর্কীর আনোয়ার পাশা এবং কামাল পাশার সমর্থন ছিল।

এইভাবে সেখানে ক্রমশ সংগ্রাম এগিয়ে চলেছে। যাকে আমরা নন-অ্যালাইনমেন্ট বলি তার অন্তর্ভুক্ত মিশরের নাসের, ভারতের নেহেরু, ইন্দোনেশিয়ার সুকর্ণ, যুগোশ্লোভিয়ার টিটো—এরা সবাই ঐ আন্দোলনকে সমর্থন করেন। এই যে সমর্থন এটাও সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সংগ্রামের একটা মস্তবড় ধাপ। আমরা দেখতে পাচ্ছি, বর্তমানে আন্তর্জাতিক পরিস্থিতির সুযোগ নিয়ে সাম্রাজ্যবাদি দেশগুলি বিশেষ করে আমেরিকা এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার দেশগুলির উপর অর্থনৈতিক কর্তৃত্ব এবং রাজনৈতিক প্রভুত্ব আরও বেশি করে চাপিয়ে দেবার চেষ্টা করছেন এবং প্রয়োজনে তাদের পাশবিক মিলিটারী শক্তি ব্যবহার করেছেন। তার নমুনা আমরা ইরাক, আফগানিস্থান এবং বসনিয়া ইত্যাদি জায়গায় দেখেছি। এরজন্য প্রয়োজন হল এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার সদ্যমুক্ত দেশগুলির সকলে একমত হয়ে এর বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে আরও বেশি করে সংগ্রামে অবতীর্ণ হওয়া। সেজন্য দক্ষিণ আফ্রিকার মানুষের এই যে জয় এটা সাম্রাজ্যবাদী শক্তিকে নগ্ন করার যে সংগ্রাম তার জয়। আজকে এটা সমস্ত পৃথিবীর মানুষকে অনুপ্রাণিত করবে, আরও বেশি দায়িত্বসম্পন্ন করবে। ওখানে আমাদের মানব মুখার্জি গিয়েছিলেন, তিনি সবকিছু দেখে এসেছেন। সে সম্বন্ধে তিনি পরে বলবেন। তাদের এই যে জয় এটা মানুষের মুক্তি সংগ্রামের জয়। কিন্তু তারপর যে চক্রান্তের শেষ হবে তা নয়, সেজন্য তার বিরুদ্ধে সংগ্রাম চালিয়ে যেতে হলে ঐক্যবদ্ধভাবে সংগ্রাম করতে হবে এবং তাহলেই এশিয়া, আফ্রিকা এবং ল্যাটিন আমেরিকার সদ্য মুক্তিপ্রাপ্ত দেশগুলি সাম্রাজ্যবাদীদের সমস্ত চক্রান্ত ব্যর্থ করে নিজেদের জীবনকে নিজেদের মতো করে গড়ে তুলতে পারবেন। আজকে তাঁদের এই বিজয় একটা মস্তবড় বিজয় যা ভবিষ্যতে সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে সংগ্রামে মানুষকে শক্তি যোগাবে, প্রেরণা যোগাবে। আমি চাই, সকলে এই প্রস্তাবকে সমর্থন করুন এবং তাহলে এর একটি কপি আমরা ওঁদের কাছে পাঠিয়ে দিতে পারব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী শাসনের বিরুদ্ধে যে সংগ্রাম তারই একটা বহিঃপ্রকাশ সম্প্রতি সেখানকার গণতান্ত্রিক নির্বাচনে মানুষের রায়ের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে। সেখানকার মানুষের প্রায় দেড়শ বছরের যে সংগ্রাম সেটা আজকে সফল হয়েছে। আজকে তাদের জয়কে অভিনন্দন জানিয়ে আমাদের বিধানসভার পক্ষ থেকে যে প্রস্তাব এসেছে, আমি তাকে সমর্থন করছি। মাননীয় প্রবীণ মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় আলোচনায় অংশ গ্রহণ করে যেভাবে প্রস্তাবের গুরুত্ব বাড়িয়ে দিয়েছেন তার জন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। প্রস্তাব আনা হয়েছে ঠিকই আছে, কিন্তু এর সঙ্গে আরও কিছু যোগ করলে ভাল হত। কারণ এটা শুধু দক্ষিণ আফ্রিকার মানুষের জয় নয়। বিশ্বের মুক্তিকামী মানুষের কাছে দক্ষিণ আফ্রিকার এই জয়, এই সাফল্য একটা নতুন আশার আলো দেখিয়েছে। দক্ষিণ আফ্রিকায় বর্ণ বিদ্বেষের বিরুদ্ধে যে আন্দোলন, এই আন্দোলনের সঙ্গে ভারতবর্ষের মানুষের, ভারতবর্ষের জাতীয় নেতাদের একটা নিবিড় যোগাযোগ ছিল দক্ষিণ আফ্রিকার বুকে বর্ণ বৈষম্যের বিরুদ্ধে, বর্ণ বিদ্বেষের বিরুদ্ধে আন্দোলন করতে আমাদের

জাতির জনক মহাত্মা গান্ধী যে ভূমিকা পালন করেছিলেন, আজকে তাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি। আমাদের ভারত সরকার সাম্রাজ্যবাদী শক্তিকে উপেক্ষা করে যে ভাবে দক্ষিণ আফ্রিকার বর্ণ বিদ্বেষের বিরুদ্ধে যে আন্দোলন, সেই আন্দোলনকে বিভিন্ন সময়ে সমর্থন করেছেন নেহেরু থেকে শুরু করে ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী পর্যন্ত, সেটা আমরা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করি। কিন্তু আজকে প্রস্তাবে ভারতবর্ষের জাতীয় নেতার দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল কংগ্রেসের যে আন্দোলন, সেই আন্দোলনের সঙ্গে কিভাবে ওতপ্রোত ভাবে জড়িত ছিলেন, সেটা যদি একটু উল্লেখ থাকতো তাহলে আমার মনে হয় প্রস্তাবটা আরও ব্যাপক হত। এই প্রস্তাবের মধ্যে ভারত সরকারের ভূমিকার প্রশংসা করা উচিত ছিল, এবং প্রশংসা করলে আরও ভাল হত। আমি বুঝতে পারছি না যে এটা কেন হল না। আমাদের দলের তরফ থেকে মাননীয় সদস্য সৌগত রায় প্রস্তাব আনার সময়ে ছিলেন, তিনি হয়ত এটা খেয়াল করেন নি, এটা অমিট হয়ে গেছে। এখানে দক্ষিণ আফ্রিকার মানুষের এই জয়কে অভিনন্দন জানাতে গিয়ে ভারতবাসীরা গর্ববোধ করছে এবং ভারতবাসীরা একাত্ম হয়ে এই জয়ের আনন্দ উপভোগ করছে, কিন্তু সেটা উল্লেখ থাকলে আরও ভাল হত। আমাদের এখানে মানববাবু আছেন। তিনি সেখানে গিয়ে দেখে এসেছেন। তিনি আরও ভাল করে বলতে পারবেন। এখানে বিনয়বাবু বললেন যে প্রেসিডেন্ট ডি. ক্লার্ক উদারতা দেখিয়েছেন। বিশ্বজনমতের চাপে মেনে নিয়েছেন, ঠিকই। কিন্তু এই চক্রান্ত এখানেই শেষ নয়, এটা এখনও চলছে। সাম্রাজ্যবাদী শক্তি এটা সহজে মেনে নেবে বলে আমার মনে হয় না। এরা হয়ত রাজনৈতিক ভাবে মেনে নিতে পারে, কিন্তু অর্থনৈতিক ভাবে দক্ষিণ আফ্রিকার উপরে আঘাত আসতে পারে। আমরা এই হাউসে ঘোষণা করতে পারি যে অতীতে যেমন আমরা রাজনৈতিক আন্দোলনে সেই দেশের মানুষের সঙ্গে একমত ছিলাম, সেই দেশের মানুষের সঙ্গে সহযোগিতা করেছি, সমর্থন করেছি, ভবিষ্যতেও সাম্রাজ্যবাদী শক্তির বিরুদ্ধে, চক্রান্তের বিরুদ্ধে তাদের আন্দোলনকে আমরা সমর্থন করব। আজকে এই প্রস্তাব আনার সময়ে আমি আশা করব যে সেই দেশের মানুষ যেভাবে লড়াই করেছে তাদের নিজেদের বাঁচার জন্য, নিজেদের আত্ম প্রতিষ্ঠার জন্য, সেই লড়াই তাদের শেষ হয়নি, তাদের অর্থনৈতিক স্বাধীনতার যে লড়াই, সেই লড়াইয়ের পথে তারা এগিয়ে যাচ্ছে। আমি আশা করব যে তারা সফল হবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই মোশনের উপরে আলোচনা হচ্ছে, এটাতে আমরা সকলেই একমত, এতে কোনও দ্বিমতের ব্যাপার নেই। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি সে জন্য এই বিষয় সম্পর্কে একটু দৃষ্টি আকর্ষণ করছি। এটা আরও ঐতিহ্যপূর্ণ হত যদি আমাদের রুলস ১৬৯-য়েতে এটা রেজলিউশন আকারে আনা হত। এই ব্যাপারে অতীতেও নজির আছে। এই ধরণের পাবলিক ইন্টারেস্টে রেজলিউশনের আকারে আনা যায়। ১৮৫-তে মোশন হলে বিষয়টা একটু হালকা হয়ে যায়। রুলস ১৬৯-য়েতে বলা আছে, সাবজেক্ট টু দি প্রভিসন অব দিজ রুলস, এ মেম্বার অর এ মিনিস্টার মে মুভ এ রেজলিউশন

রিলেটিং টু এ ম্যাটার অব জেনারেল পাবলিক ইন্টারেষ্ট। কাজেই আমরা যদি এটা রেজলিউশান আকারে করতে পারি তাহলে আমার মনে হয় নেলসনের প্রতি শ্রদ্ধা জানানো, সমর্থন জানানোটা আরও গুরুত্ব পাবে। লক্ষ্মীবাবুর সঙ্গে আমি এই বিষয়ে আলোচনা করেছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** রেজলিউশান আকারে হলে ঠিক ছিল। এর যে কনটেক্সট তাতে ১৬৯ হতে পারতো। কিন্তু ১৮৫-য়েতে অলরেডি ডিসকাশন ষ্টার্ট হয়ে গেছে।

[12-30 — 12-40 p.m.]

হাউ টু কনভার্ট ইট? দেয়ার ইজ নো প্রভিশান।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, কোনও অসুবিধা নেই, অতীতে এই রকম হয়েছে। আপনি সেক্রেটারীর সাথে, স্পিকারের সাথে আলোচনা করুন। যদি কোনও টেকনিক্যাল অসুবিধা থাকে তাহলে আমি কিছু বলছি না, যদি টেকনিক্যালী অসুবিধা না থাকে তাহলে এটা করা যায় কিনা দেখুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বলছেন কনভারসান করতে। কিন্তু এখন তো ১৮৫-এ আলোচনা হচ্ছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** ডিসকাশান হোক। রেজলিউশান আকারে এলে ফারদার আমরা আর ডিসকাশান চাইবো না। রুল ১৬৯-এ করা যায় যাতে তার ব্যবস্থা করুন।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** সুব্রতবাবু ঠিকই বলেছেন, অতীতে এই রকম ঘটনা ঘটেছে। নীতিগত ভাবে এটা মেনে নিতে আমাদের কোনও আপত্তি নেই, আইনগত ভাবে এটা করা যায় কি না আপনি দেখুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** দি নোটিশ হ্যাজ অলরেডি বিন সার্ভড আন্ডার রুল ১৮৫।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** একবার এই হাউসে হয়েছে এটা আপনি একটু দেখে নেবেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** ডিসকাশান হলো, তার আপনি এটা পাশ করালেন না। তারপর আপনি নিজের চেয়ার থেকে কিন্তু কোনও মন্ত্রী বা সদস্যর মাধ্যমে এই ব্যাপারে রুল ১৬৯-এ একটা রেজলিউশান আনলেন। আমরা সবাই এটা একসেপ্ট করলাম। আপনি নিজেও আপনার চেয়ার থেকে আনতে পারেন। এটা যাতে করা যায় তার ব্যবস্থা আপনি করুন।

**শ্রী দিলীপ মজুমদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকার জনগণের সংগ্রামের বিজয়ে শ্রদ্ধার্ঘ জানিয়ে এই বিধানসভা থেকে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবের সমর্থনে বলতে উঠে আমি নিজেকে খুব গৌরবান্বিত মনে করছি। দক্ষিণ আফ্রিকার মানুষের সংগ্রাম পৃথিবীর ইতিহাসে মানব জাতির একটা বৃহত্তম সংগ্রাম হিসাবে লেখা থাকবে। আজ থেকে

প্রায় ৩০-৩২ বছর আগে যখন দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ সরকার, কৃষ্ণাঙ্গ এবং অন্যান্য বর্ণের মানুষের সমস্ত অধিকার অস্বীকার করে তাদের স্বাধীনতাকে অস্বীকার করে তারা একটা সংখ্যা লঘু সরকার গঠন করেছিলেন সেই দিনটি ছিল পৃথিবীর ইতিহাসে, মানব জাতির ইতিহাসে একটা কালো দিন। সেই দিন আমরা সবাই তাকে ধিক্কার জানিয়ে ছিলাম। কারণ সেখানে শতকরা ৮০ ভাগ মানুষের গায়ের রং কালো, তাদের সমস্ত রাজনৈতিক এবং সামাজিক অস্বীকার করে শ্বেতাঙ্গ প্রভুরা তাদের শাসন কায়েম করেছিল। সেইজন্য আমরা সেইদিন থেকে আফ্রিকার কৃষ্ণাঙ্গ মানুষের পাশে দাঁড়িয়েছিলাম। আমরা বলেছিলাম তোমরা লড়াই করো, সংগ্রাম করো, আমরা ভারতবাসীরা তোমাদের পাশে আছি। সেইদিন থেকে তারা সংগ্রাম শুরু করেছিল। সেই সংগ্রামকে দমন করার জন্য তারা নির্মম অত্যাচার করেছিল নির্মম আক্রমণ করেছিল কৃষ্ণাঙ্গদের উপর। তাদের কোনও নিবেদন আবেদন, পৃথিবীর গণতান্ত্রিক রাষ্ট্রের কোনও নিবেদন আবেদন শ্বেতাঙ্গদের প্রভু সাম্রাজ্যবাদীদের কানে পৌঁছায় নি। তারা ভেবেছিল তাদের যে অস্ত্রের ভান্ডার আছে সেই অস্ত্র দিয়ে, সাম্রাজ্যবাদী, যাদের এই ব্যাপারে মদত দিচ্ছিল তাদের নিয়ে দক্ষিণ আফ্রিকার কালো মানুষ এবং অন্যান্য বর্ণের মানুষের সমস্ত কণ্ঠ স্তব্ধ করে দেবে, তাদের সংগ্রামকে ভেঙ্গে চুরমার করে দেবে। কিন্তু আমরা দেখেছি যে ইতিহাস অন্য কথা বলে। শ্রদ্ধেয় নেলসন ম্যান্ডেলা দীর্ঘ ২৭ বছর ধরে কারাগারে বন্দি ছিলেন। শতশত মানুষকে সে দেশের শাসকবর্গ খুন করেছে। হাজার হাজার মানুষকে কারান্তরালে চিরকালের জন্য বন্দি করে রেখেছে। হাজার হাজার লক্ষ লক্ষ মানুষকে তারা মিটিং মিছিল করতে দেয় নি। বাক স্বাধীনতা থেকে তাদের বঞ্চিত করেছে এবং মিলিটারি ও পুলিশ দিয়ে রাজত্ব করেছে। স্ত্রী, পুরুষ শিশু নির্বিশেষে সকলের উপরে তারা অত্যাচার করেছে। এত জঘন্য অত্যাচার তারা করেছে যা পৃথিবীর ইতিহাসে একটা কলঙ্কতম অধ্যায় সৃষ্টি করেছে। কিন্তু তার বিরুদ্ধে সে দেশের মানুষ লড়াই করেছে। আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস সেখানে সশস্ত্র সংগ্রামের ডাক দিয়েছিল। সংগ্রামী মানুষদের শাসকবর্গ বন্দি করেছে ডেসমন্ড টু টু তাঁদের অন্যতম ব্যক্তি। তাঁর উপরে গ্রেপ্তারী পরোয়ানা জারি করা হয়। আমরা একথা জানি যে ইতিহাসে অস্ত্র বড় নয়, সাম্রাজ্যবাদ বড় নয়, বড় হচ্ছে মানুষের বেঁচে থাকার অধিকার এবং মানুষের বেঁচে থাকার আকাঙ্খা। বেঁচে থাকার আকাঙ্খা শেষ পর্যন্ত জয়ী হয়েছে। দক্ষিণ আফ্রিকার মুক্তি আন্দোলনে সে দেশের মানুষের পাশে এসে দাঁড়িয়েছে সারা পৃথিবীর মানুষ। কলকাতায় নেলসন ম্যান্ডেলা যখন এসেছিলেন তখন তাঁকে আমরা অভিনন্দন জানিয়েছিলাম, সেই দিনটি পৃথিবীর ইতিহাসে একটি যুগান্তকারী ঘটনা হিসাবে স্মরণীয় হয়ে থাকবে। লক্ষ লক্ষ মানুষ সেদিন রঞ্জী স্টেডিয়ামে সমবেত হয়েছিলেন, সমগ্র দেশে সেদিন আনন্দের বান বয়ে গিয়েছিল। আমার মনে পড়ে, দুর্গাপুর একটি ছোট্ট শহর, সেখানকার মানুষ সেদিন আফ্রিকার নেতা নেলসন ম্যান্ডেলাকে একটি ছোট্ট গাড়ি উপহার দিয়েছিলেন এবং অফিস থেকেও উপহার দেওয়া হয়েছিল। দক্ষিণ আফ্রিকার কূটনৈতিক প্রধান মিঃ পিসলে তখন এসেছিলেন। আমরা আশা করছি যে দক্ষিণ আফ্রিকার সংগ্রাম অব্যাহত থাকুক। সংগ্রাম অব্যাহত ভাবে চলেছে। যেভাবে ডঃ নেলসন ম্যান্ডেলা আফ্রিকান ন্যাশনাল

কংগ্রেসকে সুদক্ষ ভাবে এগিয়ে নিয়ে গেছেন ডি. ক্লার্কের সঙ্গে এবং ওখানকার অন্যান্য পার্টির সাথে—যেমন, বোথা লিজা, ইনকাথা এঁরা সঙ্গে ছিলেন এবং বিভিন্ন বাধা যেভাবে সৃষ্টি হয়েছিল, সেই সমস্ত বাধা তিনি দক্ষতার সাথে একের পর এক অতিক্রম করেছেন। যেভাবে তিনি সেই সমস্ত বাধা তিনি অতিক্রম করে গেছেন, তাতে আমরা দেখেছি যে তিনি পৃথিবীর একজন শ্রেষ্ঠ রাষ্ট্র পরিচালক। ওখানে কমিউনিস্ট পার্টির অন্যতম নেতা ক্লিফ হ্যারিকে এবং অন্যান্য আরও অনেককে খুন করা হয়েছে। কিন্তু ঐ সমস্ত ঘটনায় তিনি বিন্দু মাত্র আতঙ্কিত না হয়ে এবং প্রতিহিংসা পরায়ন মনোভাব না নিয়ে একজন সুদক্ষ রাষ্ট্র নায়কের মতো সে দেশের মানুষের কাছে এক দায়িত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। সে দেশের মানুষকে সাথে নিয়ে, জাতি বর্ণ ধর্ম নির্বিশেষে যেভাবে তিনি তাঁর ভূমিকা পালন করেছেন, তারফলে সেখানে একটা ভোট করতে সক্ষম হয়েছে। সেই ভোটে তিনি বিপুল ভোটে জয়ী হয়েছেন। নেলসন ম্যান্ডেলা যেদিন শপথ নিয়েছিলেন, সেদিন আমাদের দেশসহ পৃথিবীর বহু দেশ আনন্দে উদ্বেল হয়েছিল। তিনি সেদিন বলেছিলেন যে আফ্রিকা থেকে চিরকালের জন্য শোষণ, মানুষের উপর থেকে ঘৃণা এবং বর্ণবৈষম্যবাদ লুপ্ত হয়ে যাক। আমাদের দেশের স্বাধীনতার ভিত্তি হোক অহিংসা। সূর্যের আলোকে পৃথিবীর মানুষ যেমন ভাবে আলোকিত হয়, তেমনি ভাবে স্বাধীনতা রূপ সূর্যের ছটায় আমাদের সবাই আলোকিত হোক। দক্ষিণ আফ্রিকার অন্ধকার চিরকালের জন্য লুপ্ত হোক। সারা পৃথিবীর কাছে সেদিন ছিল একটা উজ্জ্বলতম দিন। সাম্রাজ্যবাদীরা আফ্রিকাকে অন্ধকারের দেশ হিসাবে আখ্যা দিয়েছিল। আজ আমরা গর্বের সঙ্গে বলছি যে, সেই অন্ধকার আফ্রিকা থেকে ঘুচে গেছে, সেখানে স্বাধীনতা সূর্যের উদয় হয়েছে। তার বিকিরণে সারা পৃথিবীর মানুষ সেই সূর্যের আলোকে আলোকিত হয়ে উঠবে। আফ্রিকার মানুষের ধর্ম, বর্ণ এর বিরুদ্ধে যে লড়াই, সেই লড়াইয়ের প্রেরণা আমরা পৃথিবীর বুকে প্রতিষ্ঠা করব। দক্ষিণ আফ্রিকার নেলসন ম্যান্ডেলা এগিয়ে যান, তাঁর স্বপ্ন সার্থক হয়ে উঠুক। এই কথা বলে, এই প্রস্তাবকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে দক্ষিণ আফ্রিকার বৈষম্যবাদীর বিরুদ্ধে যে বিরাট জয় এবং নেলসন ম্যান্ডেলার রাষ্ট্রপতি পদে অভিষেক তা নিয়ে পশ্চিমবঙ্গের বিধানসভা যে সর্বদলীয় ভাবে এই ঘটনাকে অভিনন্দন জানাতে পেরেছে এটাই আজকে একটা আনন্দের বিষয়। এক অভ্যন্তরীণ উপনিবেশে থেকে বর্ণবৈষম্যের পথে যে আদিম এবং বর্বরতা বাধা, সেই বাধা থেকে মুক্তি লাভ করেছে দক্ষিণ আফ্রিকা। দক্ষিণ আফ্রিকা আজকে সারা পৃথিবীর কাছে একটা উজ্জ্বল জ্যোতিষ্ক স্বরূপ হয়ে রয়েছে। এই সংগ্রামের পথে যে বাধা, অন্যায়ের বিরুদ্ধে যে জেহাদ, তা দীর্ঘ ২৭ বছর ধরে কারান্তরে থেকে সেই জেহাদের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে আজকে দক্ষিণ আফ্রিকা মুক্তি সূর্য দেখবার সুযোগ পেয়েছে। দীর্ঘদিন কারান্তরে থেকে তাদের দিবস অন্ধকারে আচ্ছন্ন থেকে আজকে আলোর দেখা পেয়েছে।

এবং যে গতিশীলতা আজকে এসেছে সেই গতিশীলতার প্রতীক নেলসন ম্যান্ডেলা আজকে সারা বিশ্বকে মোহিত করে দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি পদে অভিষিক্ত হয়েছেন। সেই কারণে রবীন্দ্রনাথের প্রত্যেকটি কবিতার মধ্যে সাম্রাজ্যবাদের চিত্র ফুটে উঠেছিল এবং সেখানে সাম্রাজ্যবাদকে চিরতরের মতো ধ্বংস করবার জন্য তিনি গান লিখেছিলেন নাই নাই ভয়, হবে হবেই জয়। নেলসন ম্যান্ডেলা ২৭ বছর কারাজীবন যাপন করার পরে আজকে তিনি দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি রূপে আসীন থেকে তিনি যে সমদর্শিতা, ঔদার্যের পরিচয় দিয়েছেন তার কোনও তুলনা নেই। তিনি ভারতবর্ষের স্বাধীনতা প্রেমীদের সাথে চিরদিন বেঁচে থাকবেন এইকথা বলে এই মোশানটিকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকাবাসী এবং নেলসন ম্যান্ডেলাকে অভিনন্দন জানিয়ে আজকে পশ্চিমবঙ্গে যে সর্বদলীয় প্রস্তাব এসেছে তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। নেলসন ম্যান্ডেলা ঔপনিবেসিক এবং বর্ণবৈযম্যর বিরুদ্ধে সাড়ে ২৭ বছর কারার অন্তরালে থেকে মুক্তি পেয়ে দক্ষিণ আফ্রিকায় স্বাধীনতা এনেছেন। নেলসন ম্যান্ডেলা পৃথিবীর শোষিত এবং নির্যাতিত মানুষের সামনে মুক্তির আলো এনে দিয়েছেন। এবং তিনি প্রেসিডেন্ট পদে অভিষিক্ত হয়েছেন। তাঁর এই স্বাধীনতা সংগ্রাম এবং মুক্তির আন্দোলনকে আমাদের পার্টির পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি এবং এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা লাভ এবং যাদের প্রথম সাধারণ নির্বাচনে নেলসন ম্যান্ডেলার নেতৃত্বের জয় হয়েছে, সেই আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের জয়কে স্বাগত জানিয়ে যে সর্বদলীয় প্রস্তাব বিধানসভায় উপস্থাপিত হয়েছে, আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। সাড়ে তিনশো বছরের পরাধীনতার পর গত ২৭শে এপ্রিল মধ্যরাতে নতুন স্বাধীন দক্ষিণ আফ্রিকার পতাকা আকাশে উড়েছে এর মাধ্যমে সূচিত হয়েছে পৃথিবীতে পুরনো কায়দায় ঔপনিবেশ গঠনের প্রক্রিয়ার সমাপ্তি। তাতে এর ফলে এই শতাব্দীর প্রথম থেকে যে পৃথিবী জুড়ে লড়াই চলছিল দক্ষিণ আফ্রিকার সাধারণ মানুষের জয় সেই লড়াই এর শেষ সূচনা করল। সাম্রাজ্যবাদী দেশগুলি যখন তৃতীয় বিশ্বের দেশগুলিকে গায়ের জোরে ঔপনিবেশ করে রেখেছিল এই শতাব্দীর গোড়ার দিকে এর পৃথিবী জুড়ে সংগ্রাম শুরু হয়, সেই সংগ্রামে এক এক করে তৃতীয় বিশ্বের সব কয়টি দেশ স্বাধীন হল। বাকি ছিল কেবলমাত্র একটি দেশ, ঔপনিবেশবাদের শেষ ঘাঁটি ছিল কেবল দক্ষিণ আফ্রিকা। গত ২৭শে এপ্রিল সেই ঔপনিবেশের অবসান হয়েছে, গোটা পৃথিবী জোড়া তৃতীয় বিশ্বের মানুষের লড়াই গত ৮০ বছর ধরে যা সংগঠিত হয়েছে তা জয়যুক্ত হয়েছে চূড়ান্তভাবে, এই বিজয়ের মধ্যে দিয়ে। খুব স্বাভাবিক কারণে এটা একটা পৃথিবী জোড়া লড়াই এর একটা দিক। গোটা পৃথিবী জোড়া লড়াই সাফল্য অর্জন করেছে। কাজেই দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা কেবল দক্ষিণ আফ্রিকার মানুষের নয়, দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সাম্রাজ্যবাদের তৃতীয় বিশ্বের মানুষের লড়াই এর চূড়ান্ত জয়কে সূচিত করেছে, সেই দিক থেকে এই জয়ের

ভাগীদার আমরাও। দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আমাদের সামনে কিছু নতুন তথ্যের জন্ম দিয়েছে, দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আমাদের কাছে কিছু নতুন দিকের সূচনা করেছে। ভারতবর্ষের স্বাধীনতা আন্দোলনের সাথে দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলনের সংযোগ বারবার আলোচনা হয়েছে আমাদের এই আলোচনায়। এবং আমার এই ব্যাপারে বিন্দুমাত্র সন্দেহ নেই দক্ষিণ আফ্রিকার স্বাধীনতার সঙ্গে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের সংযোগটা নাড়ীর যোগ ছিল। স্যার, আপনি জানেন আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস তৈরি হবার অনেক আগেই তৈরি হয়েছিল দক্ষিণ আফ্রিকার প্রথম সাম্রাজ্যবাদ বিরোধী রাজনৈতিক সংগঠন, তা হল ন্যাটাল ইন্ডিয়ান কংগ্রেস। গর্বের সঙ্গে আমরা বলতে পারি সেই ন্যাটাল ইন্ডিয়ান কংগ্রেসের প্রতিষ্ঠাতা ছিলেন মহাত্মা গান্ধী। দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলনে তারা সশ্রদ্ধ চিত্তে স্মরণ করে মহাত্মা গান্ধীকে তারা সশ্রদ্ধ চিত্তে স্মরণ করে দক্ষিণ আফ্রিকায় বসবাসকারী ভারতবাসীর লড়াই। এই লড়াই এর মধ্যে দিয়ে এ.এন.সি. জন্মগ্রহণ করেছিল। আজ থেকে এক শতাব্দী আগে ন্যাটালে আখের চাষ করবার জন্য যে ভারতীয়দের জোর করে তুলে নিয়ে গিয়েছিল ব্রিটিশরা, সেই ভারতীয় মানুষদের মধ্যে জন্ম নিয়েছিল দক্ষিণ আফ্রিকার আধুনিক স্বাধীনতা আন্দোলনের প্রথম বীজগুলি। কাজেই দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলনের সঙ্গে আমাদের আত্মার যোগটা অনেক গভীর এবং তা শতাব্দীর পুরনো। এর জন্য আমরা বিশেষভাবে আনন্দিত। দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলন আমাদের সামনে দেখা দিয়েছে স্বাধীনতা অর্জনের একটা বিকল্প রাস্তা। দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলন এক দিকে যেমন অহিংস অসহযোগ আন্দোলন, অন্যদিকে এই আন্দোলনকে চূড়ান্ত ভয়ের দিকে নিয়ে যাওয়ার জন্য আছে সশস্ত্র প্রতিরোধের অসংখ্য কাহিনী। একদিকে অহিংস আন্দোলন আর এক দিকে সশস্ত্র প্রতিরোধ—এই দুটি বিপরীতমুখী ধারাকে সাফল্যর সঙ্গে একটা ইউনিক কম্বিনেশনে পরিণত করেছে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস এর জন্য ভবিষ্যত পৃথিবীতেও সাম্রাজ্যবাদ বিরোধী লড়াই এর ক্ষেত্রে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের নামটা আলোচিত হবে। আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস একটা প্ল্যাটফর্ম এবং আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস এর সাংবিধানিক ৩টি পার্টির একটি মিলিত উদ্যোগ। আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস, কনফেডারেশন অফ সাউথ আফ্রিকান ট্রেড ইউনিয়ন, কোসাতু এবং সাউথ আফ্রিকান কমিউনিস্ট পার্টি। কাজেই আমরা যখন অভিনন্দন জানাব এ.এন.সি.কে তাদের এই অভিনন্দনে উল্লেখ করা উচিত কোসাতু এবং দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল কংগ্রেসের নাম। যারা এক সাথে এই ন্যাশনাল কংগ্রেস গড়ে তুলেছিল। আমি শুধু মাননীয় সদস্য সৌগত বাবুর একটা বক্তব্যের কোনও বিতর্ক না করেও আমি বলতে বাধ্য হচ্ছি সেই দাবির প্রক্রিয়ায় ডি.ক্লার্ক রাষ্ট্রপতি তিনি অভিনন্দন পান, সৌগত বাবুর এই অভিমতের সাথে ঐক্যমত পোষণ করছি না। এটা পৃথিবীর ইতিহাস যে কোনও শাসক দল স্বেচ্ছায় তার ক্ষমতা ছেড়ে দেয় না এবং এটা দক্ষিণ আফ্রিকারও ইতিহাস। ন্যাশনাল পার্টি তৈরি হয়েছিল হিটলারের মতাদর্শে যারা বর্ণ বৈষম্যকে জন্ম দিয়েছে।

[12-50 — 1-00 p.m.]

যারা বর্ণ বৈষম্যর জন্ম দিয়েছিল সেই ন্যাশনাল পার্টির নেতা প্রাক্তন রাষ্ট্রপতি ডি ক্লার্ক, তিনি স্ব-ইচ্ছায় কিন্তু ক্ষমতা ছেড়ে দেননি। একদিকে ওকাম্বোর নেতৃত্বে স্বশস্ত্র প্রতিরোধ অন্যদিকে লক্ষ লক্ষ মানুষ রাস্তায় দাঁড় করিয়ে অহিংস পদ্ধতিতে আন্দোলন করেছে। ডিক্লার্কের পার্টি আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসকে স্বীকৃতি দিতে এবং নেলসন ম্যান্ডেলাকে মুক্ত করেছে জনগণের চাপে। সেই জনগণ পৃথিবী জোড়া, সেই জনগণ দক্ষিণ আফ্রিকার মানুষ, তাদের চাপে ডি ক্লার্ক সরকার বাধ্য হয়েছে এই ব্যবস্থাকে মেনে নিতে। যদি ডি ক্লার্ককে অভিনন্দন জানানো হয় তাহলে সেটা অপাত্রে বর্ষিত হবে। আমি সৌগত বাবুকে অনুরোধ করব এই অপাত্রে অভিনন্দন যেন তিনি না দেন। চার বছরের দীর্ঘ মেয়াদী আলোচনার মধ্যে দিয়ে এই সাফল্যতা এসেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নেগোসিয়েশনের টেবিলে বসে বাইরে প্রকৃত পক্ষে লক্ষ লোককে দাঁড় করিয়ে রেখে ন্যাশনাল পার্টির সরকার আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের দাবি মেনে নিতে বাধ্য হয়েছে। এই দীর্ঘ নেগোসিয়েশনে প্রসেসের মধ্যে অন্তত দু বার আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসকে উঠে আসতে হয়েছে আলাপ-আলোচনার টেবিল থেকে। কিন্তু বাইরে লক্ষ লোকের মিছিল এবং আলোচনার টেবিলে নেতৃত্ব দিয়েছেন এ.এন.সি সাউথ আফ্রিকান ন্যাশনাল পার্টি, এবং কোসাটুর বিপ্লবী নেতারা। বাইরে লক্ষ লোক জমায়েত না থাকলে ন্যাশনাল পার্টি বা ডি ক্লার্কের মতো মানুষরা এই স্বাধীনতা মেনে নিত না। কাজেই সেদিক থেকে জনগণের আন্দোলনকে আলাপ-আলোচনার টেবিলে কনভার্ট করার আর্টটা কি সেটাও এ.এন.সি দেখিয়েছে। গভীর অন্ধকারে লন্ডনের কোনও গোপন বোঝাপড়া না। প্রিটোরিয়ার রাস্তায় লক্ষ লোকের মিছিলকে দাঁড় করিয়ে গোটা পৃথিবীর সামনে নেলসন ম্যান্ডেলার আফ্রিকান ন্যাশনাল পার্টি নেগোসিয়েশনের টেবিলে জয় অর্জন করেছে। কাজেই আমাদের পক্ষে ডি-ক্লার্কের মতো একজনকে অভিনন্দন দেবার কোনও বিষয় নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই কথাটা উল্লেখ করতে চাই আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের নেতৃত্বে জয়যুক্ত হয়েছে দক্ষিণ আফ্রিকার মানুষ। এই জয়কে যদি কৃষ্ণাঙ্গ মানুষের জয় বলা হয় তাহলে সেই জয়কে ছোট করে দেখানো হবে। আফ্রিকান ন্যাশনাল পার্টির জয় দক্ষিণ আফ্রিকার সমস্ত মানুষের জয়। এটা শুধু কৃষ্ণাঙ্গ মানুষের জয় না, এটা দক্ষিণ আফ্রিকার সব মানুষের জয়, যার মধ্যে ভারতীয়রাও আছে, শ্বেতাঙ্গরাও আছে। দক্ষিণ আফ্রিকার ইতিহাস আমাদের আর পাঁচটা ইতিহাসের সঙ্গে মিলবে না। আমাদের দেশে ইংরেজরা কখনও একথা বলেননি যে ভারতবর্ষ আমাদের দেশ। আমরা এখানে থাকব। কিন্তু দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ বাসিন্দা এক সময় হল্যান্ড, জার্মানী এবং ফ্রান্স থেকে আসা বনন্ডরা বললেন তারাই দক্ষিণ আফ্রিকার আদি বাসিন্দা। তারাই আফ্রিকান বাসিন্দা। কাজেই এই দেশটা তাদের দখলে থাকবে। কাজেই সেদিক থেকে, সমস্যার দিক থেকে যে মানসিকতা কাজ করছে তাকে অতিক্রম করে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস শ্বেতাঙ্গ মানুষদের পরাজিত করেছি, সংখ্যালঘু শ্বেতাঙ্গ মানুষদের মন জয় করে নিয়েছে। এটাই হচ্ছে আফ্রিকান কংগ্রেসের কৃতিত্ব। অন্যান্যের মত আমাদের এই বিধানসভা তার ঐতিহ্য মাফিক এই অভিনন্দন জানাচ্ছে। তবে এখানে

সতর্ক থাকা দরকার, সুদীপ বাবু যে কথা বলতে চেয়েছে, জয় সবে মাত্র করায়ত্ত হয়েছে, এটা বড় জোর এক ধাপ। এখনও দক্ষিণ আফ্রিকার মানুষের ক্ষমতা আসেনি। কেবলমাত্র তারা পার্লামেন্টে এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন রূপার্ট বা ওল্ড হার্নরার মতো সাউথ আফ্রিকান মাল্টি ন্যাশনালিস্টদের হাতে গোটা দক্ষিণ আফ্রিকার অর্থনীতি। এমন কি ম্যানেজিরিয়াল পোস্টে ৮৭ পারসেন্ট আসন এখনও শ্বেতাঙ্গদের দখলে। আজকে শ্বেতাঙ্গরা যদি কাজ বন্ধ করে দেয় তাহলে আগামীকাল থেকে দক্ষিণ আফ্রিকার কারখানায় ধুয়ো বেরোবে না। এই রকম একটা বাস্তব অবস্থার সামনে দক্ষিণ আফ্রিকার নতুন সরকার দাঁড়িয়ে আছে। এখনও সেখানে পুরোনো আর্মি আছে যারা শ্বেতাঙ্গ। এখনও পুলিশ বাহিনী এবং অর্থনীতির উপরে নতুন সরকারের কোনও নিয়ন্ত্রণ নেই। সবে মাত্র পার্লামেন্টে তারা এসেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আনন্দের দিনে খারাপ প্রবণতার কথা আমাদের ভুলে যাওয়া উচিত নয়। দক্ষিণ আফ্রিকার মানুষকে স্বাগত জানানোর পাশাপাশি চিলির আতঙ্কজনক অভিজ্ঞতা আমাদের স্মরণে রাখতে হবে, আমাদের সজাগ থাকতে হবে দক্ষিণ আফ্রিকার নতুন সরকারকে টিকিয়ে রাখার জন্য। দীর্ঘ চার বছরের নেগোসিয়েশন প্রসেসের মধ্যে দিয়ে স্বাধীনতা এসেছে। আমরা ভুলে যেন না যাই এটা ব্যক্তি উদারতার প্রশ্ন নয়। এটা একটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে এসেছে। পঞ্চাশ পারসেন্টের মতো ভোট যে দল পেয়েছে, তারা সংবিধান অনুসারে মন্ত্রী সভার প্রতিনিধিত্ব করছে আর কম ভোট যারা পেয়েছে তারা সংবিধান অনুযায়ী ডেপুটি প্রেসিডেন্টের অন্যতম একটা পোস্ট পেয়েছে। কিন্তু দক্ষিণ আফ্রিকাকে আরও অপেক্ষা করতে হবে পাঁচটা বছর। ১৯৯৯ সালে স্বাধীন নির্বাচনে একদলের ভিত্তিতে সরকার সেখানে তৈরি হবে এবং এই পাচ বছরের প্রক্রিয়ার মধ্যে দিয়ে তৈরি হবে নতুন সংবিধান। সেই নতুন সংবিধানের ভিত্তিতেই দক্ষিণ আফ্রিকাকে নতুন করে গড়ে তোলা হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, দক্ষিণ আফ্রিকায় আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস নির্বাচকমন্ডলীর কাছে গিয়েছিলেন Resolution and development programme নামে একটি বিস্তৃত প্রোগ্রাম নিয়ে। আমাদের সেটা দেখে ভাল লাগবে যেখানে এ.এন.সি. একথার উল্লেখ করে যে ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের সাথে আমাদের যোগাযোগ বাড়াতে হবে কিন্তু পরের লাইনেই এ.এন.সি.র দক্ষ নেতৃত্ব একথার উল্লেখ করতে ভোলেন না যে, কিন্তু কোনও অবস্থাতেই আমরা আমাদের জাতীয় স্বার্থ বিসর্জন দিয়ে ওয়ার্ল্ড ব্যাঙ্ক বা আই এম এফের সঙ্গে কোনও চুক্তিতে যাব না। দক্ষিণ আফ্রিকার কাছে এটা আপনাদের একটা শেখার জিনিস বিশেষত এই ১৯৯৪ সালে দাঁড়িয়ে। এটা আমাদের দেখে ভাল লাগে যে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেস তাদের সংবিধান কাগজে কলমে লিখে দিয়েই তাদের দায়িত্ব শেষ করেন নি, তারা সেখানে ৫ বছরের প্রোগ্রাম ঘোষণা করেছেন। সেখানে তারা বলেছেন যে ৫ বছরের মধ্যে দক্ষিণ আফ্রিকায় শিক্ষা হবে অবৈতনিক এবং বাধ্যতামূলক। দক্ষিণ আফ্রিকায় ৩০ পারসেন্ট জমি যা শ্বেতাঙ্গদের হাতে আছে-তা ফিরে যাবে ঐ গরিব কৃষ্ণাঙ্গ চাষীদের হাতে। এটা আমাদের ভাল লাগে বলতে যে তারা তাদের সংবিধান লিখে রেখেই তাদের দায়িত্ব থেকে খালাস হন নি বরং সেখানে তারা টাইম বাউন্ড প্রোগ্রাম নিয়েছেন যে আগামী ৫

বছরের মধ্যে তারা ১০ লক্ষ নতুন বাড়ি তৈরি করবেন মানুষের জন্য, ২৫ লক্ষ বাড়িতে তারা ইলেকট্রিসিটি নিয়ে যাবেন এবং ৫ বছরের মধ্যে দক্ষিণ আফ্রিকায় এরকম একজনও মানুষ থাকবেন না যারজন্য নিরাপদ পানীয় জলের ব্যবস্থা করা যায়নি। আর এ্যান্ড ডি.পি. প্রোগ্রামের ভিত্তিতেই দক্ষিণ আফ্রিকার মানুষের সামনে তারা এক অগ্রগতির চেহারা হাজির করেছেন। এই বিধানসভায় দাঁড়িয়ে আমরা প্রত্যাশা করব যে তারা সেখানকার মানুষের প্রত্যাশা মেটাতে পারবেন। আমাদের ভরসা এরজন্য যে কেবলমাত্র নেলসন ম্যান্ডেলার মতন প্রবাদপ্রতীম মানুষ সেখানে আছেন শুধু সেজন্য নয়, যার তার মন্ত্রী সভায় আছেন গোটা পৃথিবীর মানুষ তাদের জানেন বিপ্লবী হিসাবে সেইজন্য। আমি এক্ষেত্রে হিংসা বা অহিংসা এই বিতর্কের মধ্যে যেতে চাই না, আমি খালি আপনাদের কাছে সেখানকার নেতৃস্থানীয় কিছু ব্যক্তির নাম উল্লেখ করতে চাই রাষ্ট্রপতি নেলসন ম্যান্ডেলা। উপরাষ্ট্রপতি থ্যম্বোম্যাভেকি, যিনি সোভিয়েত ইউনিয়ানে ট্রেনিং প্রাপ্ত একজন দক্ষ গেরিলা। চেয়ারম্যান এবং এ.এন.সি.র সেক্রেটারি জেনারেল হচ্ছেন সিরিল রামাফোসা। তিনিও একজন দক্ষ গেরিলা। তার মন্ত্রী সভায় পুলিশমন্ত্রী হয়েছেন সিডনি মুফামোদী। তিনি আফ্রিকান কমিউনিস্ট পার্টির সেন্ট্রাল কমিটির মেম্বার। আর একজন আছেন আন্তর্জাতিক কমিউনিস্ট আন্দোলনে শ্রদ্ধেয় নাম তিনি হচ্ছেন জো স্লোভো। যারা লড়াই-এর ময়দান থেকে একদিন জয় ছিনিয়ে আনতে পেরেছেন তারা আজ নতুন করে দেশ গড়ার লড়াই-এ নেমেছেন এবং আমরা আশা করি তারা এক্ষেত্রেও জয়ী হবেন। দক্ষিণ আফ্রিকার সাথে আমাদের সরকারের এবং মানুষের অতীত থেকেই সুসম্পর্ক ছিল, এখন আমাদের সুযোগ রয়েছে সেই সম্পর্ককে আরও ঘনিষ্টতর করার। এই বিধানসভা থেকে আমরা আশা করব দক্ষিণ আফ্রিকার নতুন সরকারের সাথে ভারতবর্ষের মানুষদের কেবল নয়, সরকারি ভিত্তিতেও ঘনিষ্টতর অর্থনৈতিক যোগাযোগ তৈরি হোক আলোচনার টেবিলে বসে। দক্ষিণ আফ্রিকা থেকে কি সুযোগ আমরা পেতে পারি তা আলোচনা করে সেই সুযোগ আমরা নিই এবং কি সাহায্য তাদের করতে পারি তা আলোচনা করে সেই সাহায্য তাদের করি। আলোচনার টেবিলে বসে সেটা পর্যালোচনা করুন কেন্দ্রীয় সরকার। সেই আলোচনার টেবিলে কেন্দ্রীয় সরকার আরও একবার নতুন করে শিখতে পারেন সাম্রাজ্যবাদের বিরুদ্ধে কি করে লড়াই করতে হয়। বোধহয় তার ফল আমাদের পক্ষে খারাপ হবে না। এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ আফ্রিকার মুক্তি সংগ্রামের সাফল্য এবং দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামের নায়ক নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে নবগঠিত সরকারকে অভিনন্দন জানিয়ে যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে আজকে এই বিধানসভার সমস্ত দলের মাননীয় সদস্যরা তা সমর্থন জানিয়ে বক্তব্য রেখেছেন। এই প্রস্তাবের সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে মাননীয় সদস্যদের কেউ কেউ আরও কিছু কথা এই প্রস্তাবের সঙ্গে যুক্ত থাকলে ভাল হত একথা ব্যক্ত করেছেন।

কথাটা সত্য কিন্তু একটা দিক থেকে যাতে এই রকম একটা প্রস্তাব সর্বদলীয় হিসাবে সকলের কাছে গ্রহণ যোগ্য হয় এবং প্রস্তাবে যাতে গ্রহণ বর্জনের উপর কোনও সংশোধনী না আসে সেই দিকে দৃষ্টি রেখে স্বল্প ভাষায় এই প্রস্তাব গৃহীত হয়েছে। তা নাহলে এই প্রস্তাব এটা এক্সক্লুড করে না যে দক্ষিণ আফ্রিকার মুক্তি সংগ্রামের ইতিহাস, এই মুক্তি সংগ্রামের সঙ্গে ভারতবর্ষের মানুষের যে সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রাম, সেই ঐতিহ্যবাহী সংগ্রাম, তার সঙ্গে যে একাত্মতা, তাকে এক্সক্লুড করে না, সেই ইতিহাসকে এক্সক্লুড করে না যে গান্ধীজীর দক্ষিণ আফ্রিকার সংগ্রামের একেবারে সূচনার যে ইতিহাস তাকে এক্সক্লুড করে না দক্ষিণ আফ্রিকার কমিউনিস্ট পার্টির যে সংগ্রামের ভূমিকা, এই সবই এই প্রস্তাবের মধ্যে আছে, কোনওটাকে অস্বীকার করা যায় না। তবুও আমি কিছু কিছু প্রসঙ্গ যেহেতু এখানে উঠেছে যে প্রসঙ্গগুলোর উপর আমার রাইট টু রিপ্লাই হিসাবে একটু উল্লেখ করা দরকার বলে মনে করি। প্রথমত আমি বলতে চাই যে বর্ণ বিদ্বেষী যে ব্যবস্থা তার বিরুদ্ধে এটা সংগ্রাম, এই স্বাধীনতা সংগ্রাম শুধুএইটুকু বললেই যথেষ্ট নয়, সাম্রাজ্যবাদের মদতপুষ্ট কথাটা যদি না বলা হয় তাহলে এটা খুব সিম্পল বলা হবে। এটা শুধু কৃষ্ণাঙ্গদের শ্বেতাঙ্গদের বিরুদ্ধে সংগ্রাম এই রকম বললে এটা সিম্পল ফর্মুলায় নেওয়া হবে। আসলে এটা হচ্ছে শ্রেণী সংগ্রাম। এই রকম একটা বর্ণ বিদ্বেষী রাষ্ট্র দীর্ঘকাল ক্ষমতায় থাকতে পারে না, যদি না গোটা বিশ্বে এই বর্ণ বিদ্বেষীদের বিরুদ্ধে ফেটে পড়ত। ফলে কোন সাহসে তারা এই রকম একটা সংখ্যা লঘু সরকার ক্ষমতায় টিকে থাকতে পারলো, যদি না তার পিছনে একটা অদৃশ্য শক্তি কাজ করতো। সেটা হচ্ছে সাম্রাজ্যবাদী শক্তি, অ্যাংলো আমেরিকান সাম্রাজ্যবাদী শক্তি, অ্যাংলো আমেরিকান যে মাল্টি ন্যাশনাল তারা মুনাফা লুণ্ঠনের স্বার্থে এই সংখ্যা লঘু বর্ণ বিদ্বেষী সরকারকে টিকিয়ে রেখেছিল। এটা নিছক বর্ণ বিদ্বেষী সংগ্রাম নয়, এটা ছিল শ্রেণী সংগ্রাম। এই সংগ্রামে যিনি নেতৃত্ব দিয়েছিলেন, স্বাধীনতার সংগ্রামের প্রতীক প্রবাদ পুরুষ নেলসন ম্যান্ডেলা, তিনি যদিও প্রথম জীবনে মহাত্মা গান্ধীর অহিংস মন্ত্রে দীক্ষিত হয়েছিলেন এবং তিনি অহিংস সংগ্রাম শুরু করেছিলেন এটা ঠিক। কিন্তু বাস্তবে সমস্ত সাম্রাজ্যবাদী মদতপুষ্ট যে শক্তি, তাদের সশস্ত্র নগ্ন শ্রেণী সংগ্রাম তার বিরুদ্ধে নিজেদের অস্তিত্ব রক্ষার প্রয়োজনে তাঁকে অহিংস পথ বর্জন করে সশস্ত্র পথ ধরতে হয়েছে। তাঁকে গঠন করতে হয়েছিল সেনাবাহিনী, তাঁকে সশস্ত্র বাহিনী গঠন করতে হয়েছে এই আক্রমণ মোকাবিলা করার জন্য। যার জন্য এই নেলসন ম্যান্ডেলা, তাঁর অভিজ্ঞতার মধ্যে দিয়ে সেই মহাদেশের যে কমিউনিস্ট শক্তি, তাদের স্বাভাবিক মিত্র হিসাবে দেখেছিলেন। সেই কারণে নেলসন ম্যান্ডেলা ৬২ সালে কোর্টে দাঁড়িয়ে বলেছিলেন যে এক সময় তিনি যে কমিউনিস্ট বিরোধী ছিলেন সেটা আসলে ছিল তাঁর তারুন্যের হটকারিতা জনিত কারণে। তিনি বলেছিলেন, 'তারুণ্যের অনভিজ্ঞতাজনিত হটকারিতা।' পরবর্তীকালে তিনি কমিউনিস্টদের সংগ্রামকে সঠিক মর্যাদা দিয়েছিলেন এবং দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা সংগ্রামে তিনি তাঁদের অন্যতম সহযোদ্ধা হিসাবে গ্রহণ করেছিলেন। স্বাভাবিকভাবেই এ প্রসঙ্গে কোনও বিভ্রান্তির অবকাশ নেই। কোথায় কি ভুল করেছেন, সেটা আলাদা প্রশ্ন। কিন্তু টু কমিউনিস্টের সঙ্গে সত্যিকারের দেশপ্রেমিকের

কোনও বিরোধ নেই। কমিউনিস্টরা সত্যিকারের দেশপ্রেমিক। দেশপ্রেমের সঙ্গে আন্তর্জাতিক এবং কমিউনিজম-এর কোনও বিরোধ নেই, বিরোধ আছে উগ্র-জাতীয়তাবাদের সঙ্গে। কিন্তু সত্যিকারের দেশপ্রেমের সঙ্গে কোনও বিরোধ নেই। দক্ষিণ আফ্রিকাই তার জ্বলন্ত দৃষ্টান্ত সেখানকার সর্ব-স্তরের দেশপ্রেমিক জনগণের সঙ্গে সমানভাবে স্বাধীনতা সংগ্রামে আত্মত্যাগ করেছেন। স্বাধীনতা সংগ্রামে কমিউনিষ্টরা সর্বোতভাবে অংশ গ্রহণ করেছেন। একটা ঘটনা এই সত্যকেই চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেয় যে, আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসের নেত্রীবৃন্দের ওপর যখন অমানুষিক অত্যাচার নেমে এসেছিল তখন তা কমিউনিস্টদের ওপরও নেমে এসেছিল। আমরা দেখেছি এই সেদিনও সাউথ আফ্রিকান কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদককে—ক্রি-সানি'কে দক্ষিণপন্থী গুন্ডারা খুন করেছে। এটা আপনারা সকলেই জানেন এবং এটাই আমাদের প্রত্যক্ষ অভিজ্ঞতা। সুতরাং ট্রু কমিউনিস্ট-এর সঙ্গে দেশপ্রেমিকের কোনও বিরোধ নেই। ট্রু কমিউনিস্টের সঙ্গে দেশপ্রেমের কোনও বিরোধ নেই, আন্তর্জাতিকতাবাদের কোনও বিরোধ নেই। একটা অপ্রাসঙ্গিক বিষয় এখানে উত্থাপিত হয়েছিল বলেই এই কথা গুলো আমাকে এখানে উত্থাপন করতে হল মাননীয় উপাধ্যক্ষ মহাশয়। এখানে আরও কিছু কিছু কথা উঠেছে। এখানে বলা হল—ভারত সরকারের ভূমিকার কথা এই প্রস্তাবের মধ্যে উল্লেখ করলে ভাল হত। ভারতবর্ষ নিশ্চয়ই সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলন করেছে। ভারতের ২০০ বছরের ব্রিটিশ সাম্রাজ্যবাদী শাসনের বিরুদ্ধে নিশ্চয়ই আন্দোলন করেছে। কিন্তু পরবর্তীকালে ভারতবাসীর আশা আকাঙ্খার সঙ্গে ভারত সরকারের ভূমিকা যদি সঙ্গতিপূর্ণ হত তাহলে নিশ্চয়ই কিছু বলার থাকত না। দক্ষিণ আফ্রিকার স্বাধীনতা আন্দোলনের ক্ষেত্রেও যদি ভারত সরকার কাঙ্খিত ভূমিকা পালন করতেন তাহলে সেই ভূমিকা নিশ্চয়ই এখানে উল্লেখ করার অপেক্ষা রাখত। কিন্তু ভারত সরকারের বর্তমান ভূমিকা কি এখানে উল্লেখ করার মতো? দুর্ভাগ্যবশত ভারত সরকারের পক্ষ থেকে সেই কাঙ্খিত ভূমিকা পালিত হয় নি। সে জন্যই তা এখানে উল্লেখ করা হয় নি। নির্জোট আন্দোলনের ক্ষেত্রে ভারত সরকারের যে ভূমিকা গ্রহণ করা উচিত ছিল তা তাঁরা গ্রহণ করতে ব্যর্থ হয়েছেন।

[1-10—2-00 p.m. (including adjournment)]

আমি এ প্রসঙ্গ আনতাম না, যেহেতু বিতর্কে এ প্রসঙ্গ উঠেছে সেজন্য এর উত্তর এখানে দেওয়ার প্রয়োজন হল বলে বলতে হল। এই কথা বলে এই প্রস্তাবকে যাঁরা সমর্থন জানিয়েছেন সবাইকে অভিনন্দন জানিয়ে আমি আবার আশা করছি যে ভারতবর্ষের ঐতিহ্যবাহী জনগণ, আমেরিকার সাম্রাজ্যবাদ বিরোধী জনগণ দক্ষিণ আফ্রিকার সংগ্রাম তাদের ঐক্য সংহতিকে আরও জোলদার করবে, আজকে তৃতীয় বিশ্বের সংগ্রামী জনগণের সংগ্রামকে আরও শক্তিশালী করবে বলে আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের নির্ধারিত সময় শেষ হতে চলেছে, আরও ১৫ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা কথা হচ্ছে অলপার্টি রেজলিউশন ১৮৫ মোশন যেটা নিয়ে আসা হয়েছে আমরা বক্তব্য রাখতে সবাই দক্ষিণ আফ্রিকার আন্দোলন যে ভাল হয়েছে সে সম্পর্কে বক্তব্য রেখেছি, তাদের অভিনন্দন জানিয়ে একটা প্রস্তাব এনে সরকার পক্ষ এবং বিরোধী পক্ষের থেকে এমন কোনও বক্তব্য রাখা হয় নি যাতে আপত্তির কিছু থাকতে পারে। কিন্তু এই মোশনটি যিনি এনেছেন তিনি তাঁর জবাবি ভাষণে যে কথাগুলি বলে গেলেন আমাদের মনে হচ্ছে সেটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে বলা হয়েছে। কাজেই তাঁর সঙ্গে আমরা একমত হতে পারছি না। এখানে টু মেম্বারস কমিটি আছে, দু জন মাননীয় সদস্য তার মধ্যে আছেন তাঁদের কাছে এটা আলোচনার জন্য রাখুন। কেন না উনি এমন একটা মন্তব্য করলেন যেটা এক্সপাঞ্জ করা দরকার। কারণ আমরা এমন বক্তব্য রাখিনি যাতে এর উদ্দেশ্য ব্যাহত হয়, অন্য কোনও মাননীয় সদস্য বললে কিছু হত না, কিন্তু যিনি মূল উত্থাপক তিনি তাঁর জবাবি ভাষণে একটা রাজনৈতিক অভিসন্ধি নিয়ে যে সংকীর্ণ মনের পরিচয় দিলেন তাঁর সঙ্গে থাকা আমাদের পক্ষে খুবই অসুবিধা জনক এই কথা বলে আমি আপনাকে অনুরোধ জানাচ্ছি যে আপনি এটাকে এক্সপাঞ্জ করুন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আমি আজকে এই প্রস্তাবের জবাবি ভাষণ দেবার সময়ে খুবই ঠান্ডা মাথায় উত্তর দিয়েছি। এবং এখন যে প্রসঙ্গ উত্থাপিত হয়েছে জবাবি ভাষণ হিসাবে আমাকে তার উত্তর দেবার প্রয়োজন ছিল আমি সেটুকু বলেছি। যে প্রসঙ্গ বলা হয়েছে ভারত সরকারের প্রশংসনীয় ভূমিকা উত্থাপন করা উচিত ছিল, কিন্তু উত্থাপন করা হয় নি, আমি তাই উল্লেখ করেছি। এই প্রসঙ্গ যদি না উত্থাপিত হত তাহলে জবাবি ভাষণে এটা বলতাম না।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি তখন অনুরোধ করেছিলাম সবাই যখন ভালভাবে এটাকে নিয়েছেন তখন হোয়াই নট এগেন? আমরা ১৬৯ রেজলিউশন করে প্রকৃত শ্রদ্ধা জ্ঞাপন করব, আপনি বলছেন ১৬৯ টেকনিক্যালি হয় না, কেন হয় না? দরকার আমাদের আলোচনার জন্য আগামীকাল ১৬৯, ১৭০ এর সাপোর্টে রেজলিউশন পাশ করে—১৭০ দেখে বলুন, ১,২,৩,৪,৫ করে কতগুলি ক্লজ দেওয়া আছে, যে ক্লজগুলি না মেনে এই রেজলিউশন আনার কোনও অসুবিধা নেই। সুতরাং আমি মনে করি ১৬৯ রেজলিউশন আনা হোক, ১৭০ এর সাপোর্টে। আমি আবার বলছি ডিসকাশন করতে হবে না, মাননীয় লক্ষ্মী বাবু বা যে কোনও মেম্বার পড়তে পারেন। কারণ এখানে প্রভিসন আছে যে কোনও মেম্বার বা মন্ত্রী মহাশয় মুভ করতে পারেন। রেজলিউশন আকারে আনা হোক কোনও আলোচনা না হয়ে আমরা রেজলিউশন অ্যাকসেপ্ট করে নেব, এতে এর গুরুত্ব বাড়বে আজকে একটু পরে বি.এ. কমিটির মিটিং হবে মাননীয় স্পিকার মহাশয়ের নেতৃত্বে সেখানেও আমরা আলোচনা করতে পারি, কংগ্রেস বেঞ্চ থেকে কোনও আপত্তি হবে না। আমি আবার অ্যাপীল করছি আমাদের সময় দেওয়া হোক, মাননীয় স্পিকার মহাশয় প্রিসাইড করবেন আমরা রেজলিউশন আকারে নিয়ে নেব, ৫ মিনিটও সময় লাগবে না।

**মিঃ ডেপুটি স্পিকার :** সুব্রতবাবু আপনি এটা প্রথমে বলেছেন এবং যে বক্ত বলছিলেন এটা আমি আগেই শুনেছি। আমি রুলস অফ প্রসিডিওর দেখেছি, কিন্তু এরকম কোথায় কোনও প্রভিসন নেই ১৮৫য়ে ডিসকাশন হয়ে যাবার পর অন্য কিছু করার শুরু যদি বলতেন তাহলে ভাবা যেত। এর গুরুত্বটা যদি শুরুতে ভাবতেন, কিন্তু সেটা প ভেবেছেন। এখন আর কিছু করার নেই।

**Mr. Deputy Speaker :** There is no amendment to this motion

The motion of Shri Deba Prasad Sarkar that সাম্রাজ্যবাদী মদতপুষ্ট বর্ণবিদ্বে শাসনের অবসান ঘটিয়ে দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল কংগ্রেস তথা সেখানকার মুক্তিকা জনগণের ঐতিহাসিক বিজয়ে এই সভা বিশেষভাবে আনন্দিত;

দক্ষিণ আফ্রিকার প্রায় শতবর্ষব্যাপী রক্তক্ষয়ী সংগ্রামের ঐতিহ্যপূর্ণ ইতিহাস শ্রদ্ধ স্মরণ করে এই সভা সেখানকার মুক্তিকামী মানুষকে এবং জনগণের পূর্ণ আস্থা ও বিশ্বাসে ভিত্তিতে এই মুক্তি সংগ্রামের নায়ক নেলসন ম্যান্ডেলার নেতৃত্বে নবগঠিত সরকারকে আন্তরি শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছে; এবং

সাথে সাথে এই সভা আশা করছে যে, দক্ষিণ আফ্রিকার বীর জনগণের ন্যায়সঙ্গ গণতান্ত্রিক আশা-আকাঙ্খার সাথে পূর্ণ-সঙ্গতি রেখে নেলসন ম্যান্ডেলার সরকার মহান দক্ষি আফ্রিকার ভবিষ্যত গড়ে তোলার কাজে এক সুদূরপ্রসারী ভূমিকা পালন করবে। was then put and agreed to.

(At this stage the House was adjourned till 2 p.m.)

[2-00 — 2-10 p.m.] (After Adjournment)

**Mr. Deputy Speaker :** Now Motion under rule 185 regarding Central Government attempt to close down the public undertakings in West Bengal—Shri Lakshmi Kanta Dey to move.

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** স্যার, আই বেগ টু মুভ যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রী সরকার পরিচালিত। অধিগৃহীত। রাষ্ট্রায়ত্ত কিছু শিল্প সংস্থাকে কেন্দ্রীয় সরকার বন্ধ কর দেবার পরিকল্পনা গ্রহণ করেছে;

যেহেতু এই সব শিল্প ইউনিটগুলিকে জাতীয়করণের ঘোষিত উদ্দেশ্য ছিল জনস্বার্থে এ সব প্রতিষ্ঠানগুলির উৎপাদন অব্যাহত রাখা এবং শ্রমিক কর্মচারিদের চাকুরির নিরাপত্ত নিশ্চিত করা;

যেহেতু দুর্গাপুরের এম.এ.এস.সি., বার্নপুর ইস্কো, ভারত অপথালমিক গ্লাস, কলকাত ন্যাশনাল ইনস্ট্রুমেন্টস, আর.আই.সি., ২টি সার কারখানা, রাষ্ট্রায়ত্ত কর্পোরেশনের দ্বারা পরিচালি

১২টি সুতাকল, ন্যাশনাল জুট ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন পরিচালিত ৪টি চটকল, বার্ণ, ব্রেথওয়েট, জেশপ, হিন্দুস্থান কেবলস, প্রভৃতি কারখানার সঠিক পুনরুজ্জীবনের পরিকল্পনা গ্রহণ করা না হলে এবং প্রয়োজনীয় উৎপাদনের অর্ডার ও অর্থমঞ্জুরি না করলে এই প্রতিষ্ঠানগুলি বন্ধ হয়ে যাবে;

যেহেতু এর ফলে পশ্চিমবঙ্গের অর্থনীতিতে গুরুতর প্রতিক্রিয়া দেখা দেবে;

যেহেতু এর ফলে প্রায় দুই লক্ষ শ্রমিক-কর্মচারী জীবন ও জীবিকা বিপন্ন হয়ে পড়বে;

যেহেতু কেন্দ্রীয় সরকার প্রবর্তিত নয়া অর্থনীতিক ও শিল্পনীতিরই অনিবার্য পরিণতি এই সব শিল্প প্রতিষ্ঠানগুলির অনিশ্চিত ভবিষ্যত;

সেইহেতু উপরিউক্ত পরিস্থিতিতে এই সভা সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারিদের সংগঠনগুলির সঙ্গে পরামর্শ করে এই সব প্রতিষ্ঠানগুলির পুনরুজ্জীবনের প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করার জন্য রাজ্য সরকারের মারফত কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে।"

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রতবাবু এখানে আছেন। উনি আই.এন.টি.ইউ.সি.র সঙ্গে যুক্ত। এই প্রস্তাবটি সমস্ত শ্রমিক কর্মচারিদের ক্ষেত্রে প্রযোজ্য। কারণ পশ্চিমবঙ্গের কয়েক লক্ষ শ্রমিক কর্মচারী বেকার হয়ে যাবে কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে। আমি এই প্রস্তাব উত্থাপন করেছি, পরবর্তীকালে আমার বক্তব্য আমি রাখব। কংগ্রেসের মধ্যে যারা আই.এন.টি.ইউ.সি করেন, তারাও এই প্রস্তাব সমর্থন করেছেন।

## POINT OF INFORMATION

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আলোচনা শুরুর আগে একটা বিষয়ে বলতে চাই। সংবাদপত্রে একটা বিষয় পড়লাম, দেখলাম একটা মারাত্মক ঘটনা ঘটতে চলেছে। স্যার, স্পোর্টস দপ্তর থেকে সুভাষবাবু ১৫/২০ জন খেলোয়াড়, প্রাক্তন খেলোয়াড় এবং আমলাদের নিয়ে লস এনজেলসে বিশ্বকাপ ফুটবল খেলা দেখতে নিয়ে যাবেন। এটা একটা মারাত্মক ব্যাপার। সরকারের যখন টাকা নেই, সরকার যখন বিভিন্ন ভাবে ব্যয় সংকোচ করতে চাইছেন সেই সময় বিভিন্ন প্রাক্তন খেলোয়াড়দের নিয়ে তিনি লস এনজেলসে খেলা দেখতে যাচ্ছেন। সেখানে যেতে শুধু প্লেন ভাড়া একজনের লাগবে ১ লক্ষ টাকা। শুধু তাই নয় সেই মহাদেশের বিভিন্ন জায়গায় যেমন লস এনজেলসে, আটলান্টা সিটি, নিউ ইয়র্ক এই রকম নানা জায়গায় খেলা হবে। এই সমস্ত জায়গায় খেলা দেখার জন্য যেতে হবে। একটা ভয়ঙ্কর অবস্থা। সুতরাং আরও ৩-৪ লক্ষ টাকা খরচ হবে এক-একজনের। তারা এই খেলা দেখে কি করবে? একজন প্রাক্তন খেলোয়াড় একটা খেলা দেখে বিরাট খেলোয়াড় হয়ে যাবে? একজন প্রশাসক একটা খেলা দেখে খেলার বিষয়ে দক্ষ প্রশাসক হয়ে যাবে? আমি একটা ফুটবল খেলা দেখে বিরাট খেলোয়াড় হয়ে যাব? সরকারের টাকার অভাব রয়েছে। সরকারি

কর্মচারিদের বেতন দিতে পারছে না, ডি.এ. দিতে পারছে না, প্রেসিডেন্ট ফান্ডের টাকা দিতে পারছে না, এমন কি এম.এল.এ.-দের অনেক সময় বিল দেওয়া যাচ্ছে না। সেই সময় এই খেলা দেখতে নিয়ে যাওয়ার কথা ভাবা হচ্ছে ১৫/২০ জনকে। এই বিলাসিতা বন্ধ করার জন্য হাউসে দাবি রাখছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের পরিচালিত কতকগুলি সংস্থা সম্বন্ধে সরকার পক্ষ থেকে যে ১৮৫-এ মোশন আনা হয়েছে সেই মোশনের উপর বিতর্কে অংশ নিয়ে কয়েকটি কথা বলতে চাই। নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের যে সমস্ত সংস্থা আছে সেইগুলি ঠিকমতো চলুক, সেইগুলির উৎপাদন অব্যাহত থাকুক, সেখানে কর্মচারী যেন ছাঁটাই না হয় এবং সেই শিল্প সংস্থাগুলি ভালভাবে চলুক সেটা আমরা চাই। একাধিবার এই হাউসে বিভিন্ন মোশান এসেছে আমরা সেইগুলি সমর্থন করেছি এবং অল পার্টি ডেলিগেশনে গিয়েছি এবং ডেলিগেশনে গিয়ে সরকারের সাথে একমত হয়ে দলমত নির্বিশেষে আমরা এই কথা বলেছি। আজকে দেখলাম এই যে মোশন আনা হয়েছে এর মধ্যে যে প্রস্তাব আছে তাতে যে ভাষাগুলি ব্যবহার করা হয়েছে তাতে মনে হচ্ছে সরকার পক্ষের আদৌ ইচ্ছা আছে কিনা কেন্দ্রীয় সরকার পরিচালিত শিল্প সংস্থা যেগুলির রুগ্ন হয়ে আছে সেইগুলি ভাল ভাবে চলুক। এটা দেখে মনে হচ্ছে তাঁরা যেন এটা নিয়ে রাজনীতি করতে চান এবং রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য ইল মোটিভ নিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন।

[2-10 — 2-20 p.m.]

এই মোশানের বক্তব্যগুলো পড়লে মনে হয় যেন আমাদের রাজ্যে শুধু কেন্দ্রীয় সরকার পরিচালিত সংস্থাগুলোই রুগ্ন বা সেগুলোতেই সমস্যা আছে। কিন্তু রাজ্য সরকার পরিচালিত যে সমস্ত সংস্থাগুলো আছে, সেগুলোকে নিয়ে আমরা কোনও উদ্বেগ প্রকাশ দেখতে পেলাম না বা অন্য কিছু দেখতে পেলাম না। সরকার পক্ষের সদস্যরা কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরির কথা বলছেন না, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিংয়ের কথা বলছেন না, কল্যাণী স্পিনিং মিলের কথা বলছেন না, ম্যাকিংটোস বার্নের কথা বলছেন না, স্যাকসবি ফার্মের কথা বলছেন না, দার্জিলিংয়ের হিমুলের কথা বলছেন না, আমেদপুর সুগার মিলের কথা বলছেন না। তাঁরা এইসব ফার্মের কথা বলবেন না। অর্থাৎ রাজ্য সরকার পরিচালিত সংস্থাগুলো রুগ্ন হলে বা সেখানে কর্মচারিরা উদ্বেগের মধ্যে থাকলেও আমাদের বিধানসভার মাননীয় সদস্যদের এতটুকু উদ্বেগ দেখা যায় না। ময়ূরাক্ষী কটন মিলে আপনাদের দলেরই একজন সাংসদ তার কর্তা। তিনি সেখানে ফিফটি পারসেন্ট কর্মচারী ছাঁটাই করলে আপনাদের সেখানে উদ্বিগ্ন হতে দেখি না। কারণ সেটি হচ্ছে রাজ্য সরকার পরিচালিত সংস্থা, সেজন্যই এটা দেখা যায় না। আপনারা সেখানে বোবা কালা হয়ে বসে আছেন। আপনারা সেখানে উদ্বেগ দেখাবেন না কেন? কারণটি কি? কিন্তু যদি কেন্দ্রীয় সরকার পরিচালিত শিল্প সংস্থায় হয় তাহলে আপনাদের চোখের জল পড়ে। রাজ্য সরকার পরিচালিত শিল্প সংস্থাগুলোর শ্রমিকদের জন্য আপনারা উদ্বেগ প্রকাশ

করবেন না কেন? সেটা কি আপনাদের দলের তথা আপনাদের সরকার পরিচালিত সংস্থা বলে? আপনাদের এত সংকীর্ণতা কেন? এই রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে যদি চলে তাহলে আপনাদের এই প্রস্তাবকে আমরা কি করে সমর্থন জানাতে পারি? অথচ আমরা চাই যে রাজ্যের স্বার্থে একসঙ্গে চলতে। আমরা এর আগেও একসঙ্গে গিয়েছি। মাননীয় মন্ত্রী পতিত পাবন পাঠকের নেতৃত্বে আমরা একসঙ্গে গিয়েছিলাম এবং বলেছিলাম যে এই সংস্থাগুলোকে বাঁচাবার জন্য কি করা যায়? তারজন্য আমরা এর আগে গিয়েছিলাম। আমরা যেখানে সদিচ্ছা নিয়ে চলতে চাই, আমরা সরকার পক্ষকে সমর্থন করছি, সেখানে আমরা দেখতে পাচ্ছি যে আমাদের সেই সদিচ্ছাকে কোনও রকম গুরুত্ব না দিয়ে আপনারা চলতে চান। সেজন্য আমরা দেখছি যে, এই প্রস্তাবের ভাষাকে এমনভাবে ব্যবহার করলেন। প্রস্তাবের মধ্যে দেখছি লেখা আছে, যেহেতু কেন্দ্রীয় সরকার প্রবর্তিত নয়া অর্থনৈতিক ও শিল্পনীতিরই অনিবার্য পরিণতি এইসব শিল্প-প্রতিষ্ঠানগুলির অনিশ্চিত ভবিষ্যত। অর্থাৎ আপনারা বলছেন, কেন্দ্রীয় সরকারের যে ইকনমিক রিভিউ পলিসি, নতুন যে অর্থনৈতিক কর্মসূচি এবং নীতি, যে শিল্পনীতি তাকে ক্রিটিসিজম করতে চাইছেন। অথচ আপনাদের দলনেতা, মুখ্যমন্ত্রী কি বলছেন? তিনি ঐ নীতিতে অংশ নিতে বলেন নি? তিনি তো কেন্দ্রীয় সরকারের নয়া শিল্পনীতিকে স্বাগত জানিয়েছেন। তিনি তার সুফল নেওয়ার চেষ্টা করছেন। টাটা শিল্পসংস্থার উদ্বোধন করতে গিয়ে বক্তৃতা দিতে তিনি প্রশংসা করে কথা বলেছেন। আর এখানে দাঁড়িয়ে আপনারা এই শিল্পনীতির সমালোচনা করে একটি প্রস্তাব নিয়ে এসেছেন। যেখানে আপনাদের দলের নেতা, রাজ্যের মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের উদার অর্থনীতির সুযোগ নিয়ে এই রাজ্যে শিল্পে বিনিয়োগের জন্য শিল্পপতিদের আহ্বান জানাচ্ছেন, সেখানে সেই মুখ্যমন্ত্রীর দলের লোকেরা, সরকার পক্ষের সদস্যরা প্রস্তাব নিয়ে এসে কেন্দ্রীয় সরকারের উদার অর্থনীতির বিরুদ্ধে প্রচার করতে চাইছেন। আপনারা কি চান? আপনারা আজকে একটা কথা বলেন, আবার দশ বছর পরে তার বিরুদ্ধে অন্য কথা বলেন। আপনারা নেহেরুর জীবদ্দশায় তাঁর সমালোচনা করেছিলেন। আবার এখন বলছেন যে কংগ্রেস নেহেরুর যে আদর্শ ছিল তা থেকে বিচ্যুত হয়ে যাচ্ছে। নেহেরু যখন বেঁচে ছিলেন তখন আপনারা তাঁর নীতির বিরুদ্ধে সমালোচনা করেন নি? আপনারা নেহেরুর নীতিকে সমর্থন করেন নি। বিধানসভার প্রসিডিংস পড়লে এটা দেখতে পাবেন। এখানে আজকে যাঁরা বলছেন তাঁরা তখন ছিলেন না, এখানে পতিতবাবু আছেন, তিনি তখন ছিলেন, তিনি সব জানেন। আপনারা তখন নেহেরুর সমালোচনা করেছিলেন, আর আজকে বলছেন যে কংগ্রেস নেহেরুর আদর্শ থেকে সরে যাচ্ছে। কংগ্রেসরা নাকি নেহেরুর নীতির থেকে সরে যাচ্ছে। নেহেরু নীতি কি আপনাদের কাছ থেকে শুনব? আপনারা আজকে যে কথা বলছেন ১০ বছর পরে আরেক কথা বলবেন, আপনাদের কথার কোনও মূল্য নেই। আজকে পশ্চিমবঙ্গে কেন্দ্রীয় সরকার পরিচালিত সংস্থাগুলিতে যেমন ব্রেথওয়েট, জেসপ প্রভৃতি কারখানার প্রোটেকশন দেওয়ার ক্ষমতা রাজ্য সরকারের নেই, তাদের অর্ডার রাজ্য সরকার দেবেন। রাজ্য সরকার সেখানে অর্ডার দিয়ে পারবে না, কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কেন্দ্রীয় সরকার রেলওয়ে ওয়াগন অর্ডার দেয় এবং সেখানে যদি কোনও

গন্ডগোল হয় তাহলে আমরা তার সমালোচনা করি। আমরা কেন্দ্রীয় সরকারের দলের লোক বলে যে রাজ্য সরকারের স্বার্থ ভুলে যাবে এই কাজ আমরা করি না। কেন্দ্রীয় সরকার অর্থ না দিলে শিল্প কারখানা বেঁচে থাকতে পারে না। কিন্তু এই প্রসঙ্গে একটি জিনিস মনে রাখতে হবে যে আমাদের রাজ্যে ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে। এই রাজ্যের শিল্প উন্নয়নের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে ট্রেড ইউনিয়নের গোলমাল। সেখানে কি কেন্দ্রীয় সরকার কি রাজ্য সরকার সর্বত্রই একই অবস্থা, ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে। যারফলে পশ্চিমবঙ্গে শিল্প পুনরুজ্জীবিত করা সম্ভব হচ্ছে না। এই অবস্থা কেন্দ্রীয় সরকারের সংস্থাগুলিতেও হচ্ছে সেখানে টিকিয়ে রাখতে কতগুলি পরিকল্পনা করার দরকার এবং তারজন্য প্যারাগ্রাফে বলেছেন তবে ওই প্যারাগ্রাফে আপনার রাজনৈতিক অভিসন্ধি রয়েছে। সেগুলো যদি তুলে নিতে পারেন তাহলে আমরা ওই প্রস্তাব সমর্থন করতে পারি। আপনি সেটা তুলে নেবেন কিনা জবাবি ভাষণে বলবেন। তা না হলে মুখ্যমন্ত্রীকে নিয়ে আসুন হাউসে, তিনি এসে বলুন কারণ তিনি তো বাইরে এককথা বলেন আর হাউসে আরেক কথা বলেন। মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের উদার নীতিকে মেনে নিয়ে শিল্পপতিদের আহ্বান জানান। আর হাউসে অন্য কথা বলেন, সুতরাং তিনি এসে এর উত্তর দিন। কিছুদিন আগে ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশনের চেয়ারম্যান শ্রী তরুন দত্ত তাঁর বক্তৃতার মধ্যে বলেন যে কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির ফলে রাজ্য সরকারের উপকার হবে। রাজ্যে আরও শিল্পের বিনিয়োগ বেড়ে যাবে আজকে গোটা ভারতবর্ষের বিভিন্ন জায়গায় শিল্পের বিনিয়োগ বেড়েছে এবং আজকে রাজ্য সরকার বলছেন যে লেটার অফ ইনটেন্ট বেড়েছে। এই লেটার অফ ইনটেন্টের ব্যাপারে বারেবারে বলত যে কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের জন্য লেটার অফ ইনটেন্ট না পাওয়ার জন্য এখানে শিল্প স্থাপন করা যাচ্ছে না। এতদিন তো এই অভিযোগ করা হয়েছিল আজকে তো কেন্দ্রীয় সরকার লেটার অফ ইনটেন্ট তুলে দিয়েছেন, তাহলে কেন পশ্চিমবঙ্গে শিল্প স্থাপিত হচ্ছে না? কেন বিনিয়োগ বাড়ছে না? আসলে শিল্পের যেটা দরকার সেটা আপনারা করতে পারছেন না। আজকে পশ্চিমবঙ্গে বাইরের শিল্পপতিরা এখানে এসে শিল্প স্থাপন করতে চাইছে না কারণ শিল্প করতে গেলে যে যে দরকার যেমন বিদ্যুত শিল্পের মত ইনফ্রাস্ট্রাকচার এবং কালচার অর্থাৎ ওয়ার্ক কালচার—তার কিছুই নেই এখানে। একজন অনাবাসী শিল্প স্থাপন করতে গেলে যে জমির দরকার তারজন্য তাকে জমির দালালকে টাকা দিতে হবে। তারপরে পাঁচিল তোলার জন্যে দলের লোককে টাকা দিতে হবে, তারপরে ঝান্ডাধারী লোকেদের চাকুরি দিতে হবে। তাদের কাছে সারেন্ডার করতে হবে। বিদ্যুতের জন্য ক্লার্ককে টাকা দিতে হবে, কে এখানে শিল্প করতে আসবে? এইকথা আমাদের কথা নয় একজন অনাবাসী আমাদের ইন্ডাস্ট্রিয়াল সেক্রেটারিকে বলেছিলেন। এখানে শিল্প বিকাশের কোনও ফেসিলিটিজ নেই, কেন শিল্পপতিরা এখানে আসবে? কিছুদিন আগে লালুপ্রসাদ যাদব সে এখান থেকে শিল্পপতিদের নিয়ে যেতে চেয়েছিলেন। কর্ণাটকে শিল্পপতিরা চলে যাচ্ছে আন্না ডি এমকে পশ্চিমবঙ্গের শিল্পপতিদের ধরে নিয়ে চলে যাচ্ছেন, তাদের রাজ্যে নিয়ে যাচ্ছেন। আসলে ইন্ডাস্ট্রিয়াল ইনফ্রাস্ট্রাকচার নেই যারফলে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা চলে যাচ্ছেন।

[2-20 — 2-30 p.m.]

পশ্চিমবঙ্গ থেকে অন্য রাজ্যের মুখ্যমন্ত্রীরা কংগ্রেসি মুখ্যমন্ত্রী বলুন, আন্ডার ডি এমকের মুখ্যমন্ত্রী বলুন আর জনতা দলের মুখ্যমন্ত্রী বলুন, বিভিন্ন রাজনৈতিক দলের মুখ্যমন্ত্রী বলুন তারা পশ্চিমবঙ্গে আসছে এখান থেকে শিল্পপতিদের তাদের রাজ্যে নিয়ে যাওয়ার জন্য, আর আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী নিজের রাজ্যের যে সমস্ত শিল্পপতিরা আছে তাদেরকে এখানে আটকে রাখতে পারছেন না, ধরে রাখতে পারছেন না। তাঁর এদের প্রতি দৃষ্টি নেই, তিনি বছরের পর বছর বিদেশে চলে যাচ্ছেন রাজ্যে শিল্পপতিদের আনতে পারছেন না। এই প্রস্তাব রাজনৈতিক স্বার্থসিদ্ধি করার জন্য বদ মতলবের জন্য নিয়ে এসেছেন। যদিও এই সমস্যাগুলি সম্পর্কে আমরা উদ্বিগ্ন, আমরা বলব প্রস্তাবগুলিকে মডিফাইড করে নিয়ে আসুন, তখন আমরা এটাকে সমর্থন করব।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, লক্ষ্মী দে মহাশয়, আমাদের চীফ হুইপ যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাঁকে সমর্থন করে দু-একটি কথা বলব। এই যে বিষয়টি এটা বিতর্কের বিষয় নয়। বরঞ্চ উচিত আমরা ঐক্যমত হয়ে দেশের এই গভীর সংকটের মুখে দাঁড়িয়ে হয়ত কিছু সুরাহা হওয়ার সম্ভাবনা আছে। আজকে ঠিক ৫৬ সালে মিশ্র অর্থনীতি নেহেরু ঘোষণা করেছিলেন যে মূল শিল্পগুলি থাকবে স্বনির্ভরশীল অর্থনীতি গড়ে তোলার জন্য; ভারত সরকারের হাতে কয়লাখনি, ইস্পাত, তেল, বার্মাসেল। এ থেকে টাকার ব্যাপারে উনি বললেন আমরা সমর্থন করি না, যখন ব্যাঙ্ক ন্যাশনালাইজড হল, তেল কোম্পানিগুলি ন্যাশনালাইজড হল তখন বলল আমরা সমর্থন করি না, এই সব শিল্পগুলি ভেল, অ্যারোপ্লেন তৈরির কারখানা এই সমস্ত বিষয়গুলি ভারত সরকারের হাতে থাকবে আর অন্যান্য দেশীয় যে পুঁজিপতি আছে তাদের হাতে থাকবে সেই ভাবে চলে আসছিল। আমরা তাতে দেখলাম স্বাধীনতার আগে মাত্র ৩০ শতাংশ উৎপাদন আমাদের দেশে হত বাকি ৭০ শতাংশ উৎপাদন বাইরে থেকে আসত। কিন্তু এই নীতি গ্রহণ করার ফলে আমরা দেখেছি ৭০ এর দশকের শেষ দিকে কিন্তু প্রায় ৭২/৭৩ শতাংশ প্রোডাকশন আমাদের দেশে হয়েছে আর বাকিটা বিদেশ থেকে আনতে হয়েছে। কিন্তু আজকে যে নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করলেন তাতে আমরা দেখতে পাচ্ছি যে লাভজনক শিল্পগুলিকে বেসরকারিকরণ করতে হবে আর লোকসানগুলিকে তুলে দিতে হবে। এতে মোদ্দা কথা যে পাবলিক সেক্টারের লাভজনক কারখানাগুলিকে বেসরকারিকরণ করতে হবে। আমি ধরেই নিলাম ভারত সরকারের শিল্প ক্ষেত্রে যে পুঁজি নিয়োগ হয়েছে ১ লক্ষ ১৮ হাজার কোটি টাকা সেই টাকা ভারতবর্ষের সমস্ত শিল্পপতিদের টাকাকে একত্র করলেও ধারে কাছে যেতে পারবে না। তাহলে কার হাতে তুলে দেবেন? এখানে উনি বললেন স্পিনিং মিলের একটা ভবিষ্যত হয়ে গেছে, এই উদ্বেগের মধ্যে দাঁড়িয়ে কি করে এইগুলি রক্ষা করা যায় পাবলিক সেকটরগুলি সেটা বলেননি। স্পিনিং মিল খারাপ এইসব বলছেন, স্বাধীনতার পর বলুন তো একটা আধুনিক শিল্প হয়েছে? বোম্বেতে সমুদ্র বুজিয়ে ৩২/৩৪ জলা বাড়ি হচ্ছে, তারা যা ভারত সরকারকে দেয় তার দ্বিগুণ টাকা

পায়, এই সব বঞ্চনার কথা আমি বলব না। আজকে টোটাল ৫৮টি কারখানা বি.আই.এফ আগে গেছে। তার মধ্যে ২২টি হচ্ছে আমাদের পশ্চিমবাংলায়। পশ্চিমবাংলার প্রতি এই বঞ্চনা শুধু বামফ্রন্টের আমলে হয়নি। ডাক্তার বিধানচন্দ্র রায়ের আমল থেকেই এই বঞ্চনা হয়ে আসছে। তখন বিশ্বকর্মা নগরের জন্য টাকা দেবে না বলেছিল দিল্লি। বিধানচন্দ্র রায় দুটো এ.আই.সি.সি মিটিং বয়কট করেছিল। তারপর জওহরলাল নেহেরু ছুটে আসে, তারপর টাকা দিলেন। সিদ্ধার্থশঙ্কর রায় এবং প্রফুল্লচন্দ্র সেনের আমলেও কেন্দ্র কোনও টাকা-পয়সা দেননি। তখনকার সময়ে পশ্চিমবাংলায় কোনও আধুনিক শিল্প গড়ে ওঠেনি। বরঞ্চ স্বাধীনতার আমলে শিল্পের দিকে আমরা শীর্ষ স্থানে ছিলাম। আধুনিক শিল্প গড়ে তোলার জন্য এখানে কোনও অর্থ লগ্নি করা হয়নি। সি.সি.আই.এল. সেখানে শুধু লাল ঝান্ডার লোক কাজ করে না। কিন্তু সেটাও বন্ধ হয়ে গেছে। সেখানে সমস্ত দলমত নির্বিশেষে মানুষ কাজ করে। সেখানে ১৮ কোটি টাকা দিয়ে ভলান্টেয়ারী রিটায়ারমেন্ট করানো হয়েছে। কিন্তু টাকা কম্পালটেন্সি বলেছিল ৯ কোটি টাকা খরচ করলেই এটিকে লাভজনক অবস্থায় নিয়ে যাওয়া হবে। আজকে সেন র‍্যালে উৎকৃষ্ট মানের সাইকেল তৈরি করত, কিন্তু সেই কারখানা বন্ধ করে দিয়ে বে-সরকারি কারখানাগুলোকে মদত দেওয়া হয়েছে। সেইজন্য আমি বলতে চাই এটা কোনও বিতর্কের বিষয় নয়, আজকে যে শিল্প নীতি গ্রহণ করা হয়েছে, সেটা আগামী প্রজন্মের সামনে এটা অন্ধকার ছাড়া আর কিছু নয়। আজকে ২২টি কারখানা বি.আই.এফ.আরে গেছে, এবং তার ফলে আজকে দেড় থেকে দু লক্ষ শ্রমিক এফেকটেড হচ্ছে। আমি বার্ণপুরে গিয়েছিলাম সেখানে সুব্রত বাবু যে বক্তব্য করেছিলেন ঐ বক্তব্য আজকে দেশের স্বার্থে হওয়া উচিত। ভারতবর্ষের স্বার্থে হওয়া উচিত, পশ্চিমবঙ্গের স্বার্থে হওয়া উচিত। দলমত নির্বিশেষে আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাবকে সমর্থন করলে আজকে দেশের শিল্প রক্ষা হবে, পাবলিক সেক্টর রক্ষা হবে এবং ভারত স্বনির্ভরশীল অর্থনীতির দিকে এগিয়ে যাবে।

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব শান্তশ্রী চ্যাটার্জি এবং অন্যান্যরা এনেছেন। এবং লক্ষ্মীদে যেটাকে মুভ করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি মনে করি এই প্রস্তাব পুরোপুরি ভাবে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত। লাস্ট লাইনে যে প্রস্তাবটা রাখা হয়েছে সেটা যদি দেখেন—যেহেতু উপরিউক্ত পরিস্থিতিতে এইসভা সংশ্লিষ্ট শ্রমিক কর্মচারিদের সংগঠনগুলির সাথে পরামর্শ করে এইসব প্রতিষ্ঠানগুলির পুনরুজ্জীবন করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করার জন্য রাজ্য সরকারের মারফত কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে। এই কথাটাতে আমাদের কোনও আপত্তি নেই। এইগুলোকে রিভাইভাল করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হোক এটা ঠিক আছে, কিন্তু বাকি যেগুলো আছে এগুলো অর্দ্ধসত্য এবং সি.পি.এমের অপপ্রচার। প্রথম লাইন দেখুন—যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রীয় সরকার পরিচালিত। অধিগৃহীত রাষ্ট্রায়ত্ত কিছু শিল্পসংস্থাকে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দেবার পরিকল্পনা গ্রহণ করেছে। কে বলেছে পরিকল্পনা গ্রহণ করেছে? কোথায় আছে, কোন জায়গায় আছে? কোনও মন্ত্রী স্টেটমেন্ট দিয়ে বলেছেন বন্ধ করে দেবে।

আমি দায়িত্ব নিয়ে বলছি কেন্দ্রীয় সরকার গত তিন বছর ধরে—মনমোহন সিং ১৯৯১ সালে বাজেট পেশ করেছেন—বাজেট পেশ করেছেন, আর তখন থেকে আপনারা সারা দেশে প্রচার করে যাচ্ছেন। আপনারা বলুন কোনও পাবলিক সেক্টর এখনও পর্যন্ত বন্ধ হয়ে গেছে। আপনি সি.সি.আই.এলের কথা বলেছেন, আমি তারও উত্তর দেব। দ্বিতীয়ত এই প্রস্তাবে একটা তথ্যগত ভুলও আছে। দ্বিতীয় প্যারাগ্রাফটি দেখুন—যেহেতু এইসব শিল্প ইউনিটগুলিকে জাতীয়করণের ঘোষিত উদ্দেশ্য ছিল জনস্বার্থে এইসব প্রতিষ্ঠানগুলির উৎপাদন অব্যাহত রাখা এবং শ্রমিক-কর্মচারিদের চাকুরির নিরাপত্তা নিশ্চিত করা। এরমধ্যে কয়েকটি একদম নতুন কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠিত পাবলিক সেক্টর সংস্থা। যেমন এম.এম.সি. ভারত অপথালমিক গ্লাস, কলকাতার ন্যাশনাল ইনস্ট্রুমেন্টস, আই.আই.সি., এইগুলো সব নতুন সংস্থা। এইগুলো জাতীয়করণ বা অধিগৃহীত সংস্থা নয়।

[2-30 — 2-40 p.m.]

এগুলি নতুন পাবলিক সেক্টার ইউনিট, কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠা করেছিলেন। আর ন্যাশনালাইজড কোনগুলি? যেমন এন.টি.সি.র সূতাকলগুলি এন.জে.এম.সি.র চটকলগুলি। এখানে প্রস্তাবে ভুল আছে। তাদের ৪টে নয়, ৬টা চটকল। এছাড়া আছে বার্ণ, ব্রেথওয়েট, জেশপের মতন কারখানা যেগুলিকে রাষ্ট্রীয়করণ করা হয়েছিল—ইন্দিরা গান্ধীর সময় হয়েছিল। কাজেই প্রস্তাবের দ্বিতীয় এবং তৃতীয় লাইনে ভুল আছে। বলা হয়েছে এর ফলে দু লক্ষ শ্রমিকের জীবন ও জীবিকা বিপন্ন হয়ে পড়বে। ব্যাপারগুলি কিন্তু বুঝতে হবে। স্যার, আপনাকে বললে বুঝবেন ওরা না বুঝলেও। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এখনও পর্যন্ত কি বলেছেন? একটা আইন আছে—সিক ইন্ডাস্ট্রিজ কন্ট্রোল অ্যাক্ট যেটাকে সিকা বলা হয়। কোনও কারখানা যদি বছরে পর বছর লস করে এবং সেই কারখানাকে সিক বলে ঘোষণা করা হয় তাহলে বোর্ড অব ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্সিয়াল রিকনস্ট্রাকশনে পাঠানো হবে যে কি ভাবে সেগুলিকে রিভাইজভ করা যায় বা আদৌ রিভাইভ করা যায় কিনা সেটা বিচার করার জন্য। ১৯৯১ সালে এই সিকার অ্যামেন্ডমেন্ট করে বলা হয়েছে যে যদি কোনও পাবলিক সেক্টার আন্ডারটেকিং পর পর তিন বছর লস করে তাহলে সেটা বি.আই.এফ.আরে যাবে। বি.আই.এফ.আরে সারা ভারতবর্ষের ৪৪টি পাবলিক সেক্টার আছে, তারমধ্যে ১৬টি পশ্চিমবঙ্গের। এরমধ্যে সুভাষবাবুর সাইকেল কর্পোরেশনও আছে। সেটা বি.আই.এফ.আর ওয়াইন্ডিং-এর নোটিশ দিয়েছেন। তবে এখনও পর্যন্ত কেন্দ্রীয় সরকার ওয়াইন্ড আপ করার কোনও ফাইনাল সিদ্ধান্ত নেননি। বি.আই.এফ.আর বলছেন যে সাইকেল কর্পোরেশনের ১৫৬ কোটি টাকা অ্যাকুমুলেটেড লস কাজেই এটাকে বাঁচানো মুশকিল। এই হচ্ছে অবস্থা। এখন কেন্দ্রীয় সরকারের লক্ষ্য বা উদ্দেশ্য কি সেটা একটু বুঝতে হবে। ভারতবর্ষের কিছু পাবলিক সেক্টার সংস্থা বছরের পর বছর লোকসান করে যাচ্ছে। যদি এদের লোকসানের টাকাটা কেন্দ্রীয় সরকারকে দিয়ে যেতে হয় বা এদের ক্যাশ লসটা দিয়ে যেতে হয় তাহলে সেটা দেশের বাজেট থেকে দিতে হবে। এর ফলে বাজেটে ডেফিসিট বাড়বে, গরিব মানুষের উপর চাপ পড়বে, মুদ্রাস্ফীতি বাড়বে।

কাজেই এ ক্ষেত্রে দেখতে হবে যে কিভাবে ক্যাশ লসটা কমানো যায়। আপনি এই সিক ইন্ডাস্ট্রিকে বাঁচিয়ে রাখতে শুধু যদি আপনার বাজেটের টাকা খরচ করে যান তাহলে গ্রামাঞ্চলের লিটারেসির জন্য টাকা কে দেবে? হেলথের উন্নয়নের জন্য টাকা কে দেবে, ইলেক্ট্রিফিকেশনের জন্য টাকা কে দেবে? আপনারা এক দিকে গ্রামে গিয়ে কৃষকদের কথা বলছেন, অপর দিকে শহরে এসে বলছেন সমস্ত সিক ইউনিটগুলিকে অনুদান বা ভরতুকি দিয়ে যেতে হবে এবং তা করে বাঁচিয়ে রাখতে হবে। এই ফিলোজফি আজকের পৃথিবীতে আর চলে না। আজকে যে কোনও ভাবেই হোক পাবলিক সেক্টারগুলিকে লাভজনক করতে হবে। আজকে মনমোহন সিং-এর পক্ষে হয়ত ঘোষণা করা সম্ভব নয় কিন্তু আমি দায়িত্ব নিয়ে বলছি কেন্দ্রীয় সরকার একটাও পাবলিক সেক্টার আন্ডারটেকিংকে বন্ধ করতে চান না। ওরা যেটা শুধু চান সেটা হ এই সংস্থাগুলির একটু ঝাঁকি লাগুক। বছরের পর বছর যে মিসম্যানেজমেন্টের জন্য লস বাড়ছে এবং বাজেটের সাপোর্ট দিতে হচ্ছে সেটা চলবে না। সি.পি.এমেরও আন্দোলন এ হতে পারে না যে যতই লস করুক তাদের ভরতুকি দিয়ে যেতে হবে। এটা কোনও ট্রে ইউনিয়ন আন্দোলনই নয়। এই দৃষ্টিভঙ্গির ব্যাপারটা বুঝতে হবে। এটা শুধু সেন্ট্রাল পাবলিক সেক্টারের ব্যাপার নয়, স্টেট পাবলিক সেক্টারের ক্ষেত্রেও এই জিনিসটা বুঝতে হবে। কতদি আর রাজ্য সরকার শিক্ষার জন্য খরচ না করে এইসব স্টেট পাবলিক সেক্ট আন্ডারটেকিংগুলির লস দিয়ে যাবেন? এক ওয়েস্টিং হাউস এই গত বছর ১৪ কোটি টাক লোকসান হয়েছে। এই রাজ্যের গরিব মানুষদেরই সেই টাকা দিতে হয়েছে। রাজ্য সরকা কিন্তু এখনও পর্যন্ত এই সমস্ত স্টেট পাবলিক সেক্টার আন্ডারটেকিংগুলির ব্যাপারে কোনও সুনির্দিষ্ট পলিসি নিতে পারেন নি। কেন্দ্রীয় সরকার যেখানে চেষ্টা করছেন সেখানে আপনা একটা ফলস মোটিভেটেড পলিটিক্যাল ক্যাম্পেন করছেন। আমি এর তীব্র বিরোধিতা করছি আমি কয়েকটি ফিগার দিতে চাই। তার আগে একটা কথা বলছি। যে ভারতবর্ষে কোনও সময় একটা পলিটিক্যাল ডিসিসন নিতে হবে। এই ডিসিসন না নেবার জন্য সোভিয়েট ইউনিয়ন ভেঙে গেছে। এই কথাগুলো আপনারা বিচার করবেন। কোনও স্টেটই সাবসিডি দিয়ে চলতে পারে না। সাবসিডি দেবার ফলে কারা সবচেয়ে বেশি অ্যাফেকটেড হয়, কেন্দ্রী সরকার ৪৪টা সিক পাবলিক সেক্টার আন্ডারটেকিংকে বি.আই.এফ.আর.-এ রেফার করেছে এই কারখানাগুলোর অ্যাকুমুলেটেড লস হচ্ছে ১০ হাজার কোটি টাকা। তাতে টোটাল ৪ লক্ষ হাজার লোক সারা ভারতবর্ষে কাজ করে। এখন আপনারা বলবেন, এইগুলোকে কি রিভাইভ করা যায় না? এইগুলোকে রিভাইভ করতে গেলে ১০ হাজার কোটি টাকা রাইট অফ করে দিতে হবে এবং আরও পাঁচ হাজার কোটি টাকা অর্থাৎ ১৫ হাজার কোটি টাকা ইনভেস্ট করতে হবে, তাহলে ৪ লক্ষ লোকের এমপ্লয়মেন্ট প্রটেক্ট করা যাবে। যদি এই ১৫ হাজার কোটি টাকা দিয়ে নতুন আন্ডারটেকিং করা ইউনিয়ন যারা করে তারা একজিস্টিং এমপ্লয়মেন্ট বাঁচাবার জন্য লড়াই করবে কিন্তু ওভার অল ইকনমিক পার্সপেক্টিভ অ্যাকুমুলেটেড লস কমাতে হবে। কারণ দীর্ঘ দিন এই অ্যাকুমুলেটেড লস অর্থনীতির উপর চাপ রাখতে পারে না। আমি একটা ফিগার দিলেই পরিষ্কার হবে। এই যে কেন্দ্রীয় সরকার পলিসি নেবার ফলে

ক ইমপ্রুভ হয়েছে, কিছু কারখানায় লস কমতে শুরু করেছে। অরিজিন্যালি ৫০টি পাবলিক আন্ডারটেকিং লসে চলছিল। তারমধ্যে আটটা পি.এস.ইউ. লস কমাতে পেরেছে এই চাপ রাখার ফলে। যেমন আমি বলছি ব্রেথওয়েট ৮৯-৯০ সালে লস ছিল ৫ কোটি ৬৭ লক্ষ টাকা, সেটা কমে এখন ২ কোটি ২৬ লক্ষতে এসেছে। তারপর দেখুন এন.জে.এম.সি., যারা ৬টা জুট মিল চালায়, তাদের লস ছিল ৫৬ কোটি সেটা কমিয়ে ৩০ কোটিতে এসেছে। তার মানে লস চেষ্টা করলে কমানো যায়। এটা কিন্তু শ্রমিকদের জন্য নয়, এটা মূলত যারা ম্যানেজমেন্টে আছেন, তাদের ব্যর্থতার জন্য লস হয়, ম্যানেজমেন্টের অ্যাকাউন্টেবিলিটি না থাকার জন্য এই লস হয়েছে। এই লসকে কমাতে হবে। এবার আমি হেভি ইন্ডাস্ট্রি সম্পর্কে বলছি। কি পরিমাণ লস সেখানে হচ্ছিল, বার্ন স্ট্যান্ডার্ড সেখানে লস হয়েছে ৮৯-৯০ সালে ৯ কোটি ২ লক্ষ, সেটা এখন ৯২-৯৩ সালে কমে ৩ কোটি ২০ লক্ষে দাঁড়িয়েছে, এর মধ্যে লস কখনও বাড়ছে, কখনও কমছে। জেশপ সেখানে ৯০-৯১ সালে ১ কোটি ৩৮ লক্ষ টাকা লস, ৯১-৯২ সালে ৪ কোটি ৩১ লক্ষ টাকা লস, তারপর ৯২-৯৩ সালে ৯ কোটি ৭২ লক্ষ টাকা লস। ব্রেথ ওয়েট ৫ কোটি ৬৯ লক্ষ থেকে লস কমিয়ে এক কোটি ৮৯ লক্ষে এসে দাঁড়িয়েছে। এই সবই লস, এইগুলো সব গভর্নমেন্ট বাজেট থেকে দিতে হচ্ছে। সাইকেল কর্পোরেশন বি.আই.এফ.আর.-এ গেছে, ওখানে ৩০ কোটি টাকা লস হয়েছে ৯২-৯৩ সালে। ১০ কোটি টাকার প্রডাকশন সেখানে হয় না, অথচ সেখানে ৩০ কোটি টাকার লস। দুর্গাপুর এম.এ.এম.সি., এখানে ৯০-৯১ সালে ৩৭ কোটি টাকা লস হয়েছে, ৯১-৯২ সালে ৩৮ কোটি, আর ৯২-৯৩ সালে ৭১ টাকা লস।

[2-40 — 2-50 p.m.]

ভারত অপথ্যালমিক-এর লস ১০ কোটি টাকা। আর.আই.সি.-র লস ২৭ কোটি ১২ লক্ষ টাকা থেকে বেড়ে ১৯৯২-৯৩ সালে হয়েছে ৩২ কোটি টাকা। হোল প্রবলেমটা বি.আই.এফ.আর.-এর কাছে দেওয়ার মানে সরকার এদের ওপর একটু চাপ রাখছেন। এর মধ্যে তিন বছর হয়ে গেছে, অনেক গুলো হেয়ারিং হয়ে গেছে। চাপ রাখলে ওরা আসতে আসতে লস কমাবার চেষ্টা করবে। চিরকাল তো গভর্নমেন্টের পক্ষে এই লস পূরণ করা সম্ভব নয়। অলরেডি কিছু কিছু লস কমতে শুরু করেছে। অতএব কেন্দ্রীয় সরকার সঠিক পলিসিই গ্রহণ করেছেন। রিলায়েন্স বা যে কোনও কোম্পানি নতুন ইনভেস্টমেন্টের জন্য শেয়ার ছেড়ে বাজার থেকে টাকা তুলছে। সেরকম পাবলিক সেক্টর নতুন ইনভেস্টমেন্টের ক্ষেত্রে ২০ পারসেন্ট টাকা শেয়ার বাজার থেকে তুলতে চাইছে। অনেকেই এটাকে ডিসইনভেস্টমেন্ট বলছেন। কিন্তু এতে সুবিধাটা হচ্ছে বাজার থেকে আমরা টাকা মপ আপ করতে পারছি। রাজ্য সরকারও বলছেন হলদিয়ার জন্য, মেগাসিটির জন্য বাজার থেকে টাকা তুলবেন। ভারত সরকার যখন পাবলিক সেক্টর ইউনিটের জন্য বাজার থেকে টাকা তুলতে চাইছেন তখন আপনারা ডিসইনভেস্টমেন্ট বলে চিৎকার করছেন, অথচ আপনারা নিজেরাই সেই পথে যেতে চাইছেন। আমাদের যেখানে সমস্ত পাবলিক সেক্টার ইউনিটগুলো নষ্ট হয়ে

যাচ্ছে তখন আমাদের ভেবে দেখার দরকার আছে যে কি ভাবে আমরা ইউনিটগুলি রিভাইভ করতে পারি। আমাদের সিরিয়াসলি ভাবার দরকার আছে। স্যার, আপনি হ জানেন যে, ইউনিয়ন লেবার মিনিস্ট্রির পক্ষ থেকে অলরেডি পাবলিক সেক্টর ইউনিটগুলি রিভাইভ করার প্ল্যান তৈরি করা হচ্ছে। স্যার, আপনি শুনলে খুশি হবেন, এন.টি.সি. সম্প অলরেডি একটা রিভাইভাল প্ল্যান কেন্দ্রীয় সরকার ফাইনালাইজ করেছেন এবং তাতে ব হয়েছে পশ্চিমবাংলার একটা এন.টি.সি. মিলও বন্ধ হবে না। এই প্রোগ্রাম কেন্দ্রীয় সরকা লেবার ডিপার্টমেন্ট ফাইনাল করেছে। এখন এটা অ্যাপ্রুভাল দরকার ফিনান্স মিনিস্ট্রির এ টেক্সটাইল মিনিস্ট্রির। ওরাই হচ্ছে কনসার্ণড মিনিস্ট্রি। এরপর যখন এই সংস্থা বি.আই.এফ.আর-এ যাচ্ছে তখন ম্যানেজমেন্টকে বলা হচ্ছে—তোমরা তোমাদের রিভাইভ প্ল্যান দাও যে, কিভাবে তোমরা ভায়েবলিটিতে পৌঁছেতে পারবে, কিভাবে তোমরা ব্রেক ইভ পয়েন্ট পৌঁছতে পারবে, কত দিনে পারবে এবং কত টাকা লাগবে। সে জায়গায় এ ইমপর্টেন্ট প্রশ্ন হচ্ছে লেবার কম্পোনেন্ট। এই প্রসঙ্গে ভারত সরকারের একটা অ্যাসিওরে কথা আপনাদের স্মরণ করিয়ে দিচ্ছি যে, পাবলিক সেক্টর ইউনিট থেকে একজন লো ছাঁটাই হবে না। কি হচ্ছে? ভলান্টারি রিটায়ারমেন্ট হচ্ছে। ভলান্টারি রিটায়ারমেন্ট মানে লো একটা থেকে টাকা নিয়ে চলে যাচ্ছে, কোম্পানির ওভার লোড কমে যাচ্ছে। কেন্দ্রীয় সরক এবিষয়ে ২০০ কোটি টাকার একটা ন্যাশনাল রিনিউয়াল ফান্ড তৈরি করেছেন—দেয়ার ই নাথিং রঙ। পাবলিক সেক্টর ইউনিটের এমপ্লয়িরা যদি তাদের মেয়াদের আগেই চলে যা যেতে বাধ্য হয় মডার্নাইজেশনের জন্য তাহলে যেদিন চলে যাবে সেদিন থেকে যে রিটায়ার করত সেদিন পর্যন্ত যতটা মাইনে হত ততটাই দেওয়া হবে ন্যাশনাল রিনিউ ফান্ড থেকে। আপনারা একজন পাবলিক সেক্টর ইউনিটের এমপ্লয়িকেও এখানে হাজির কর পারবেন না যাকে মডার্নাইজেশনের জন্য বা অন্য কোনও কারণে কোনও রকম ক্ষতিপূ ছাড়াই চাকরি ছেড়ে দিতে হয়েছে। ভারত সরকার কখনই আনফেয়ার লেবার প্রাকসিট কর না। যে সংস্থাগুলি নিয়ে এত কথা বলা হচ্ছে, এই সংস্থাগুলি আমাদের কংগ্রেস সরকা তৈরি করেছিল। যেগুলো ন্যাশনালাইজ হয়েছিল সেগুলোও কংগ্রেস সরকারই তা করেছি ১৯৭১-৭২ সালে ইন্দিরাজী জেশপ, বার্ণ স্ট্যান্ডার্ড, সাইকেল কর্পোরেশন প্রভৃতি ন্যাশনলা করেছিলেন। ৬টা জুট মিলও আমাদের কংগ্রেস সরকারই ন্যাশনালাইজ করেছিল, ভি.পি. সি এর সরকার বা জনতা সরকার করে নি। ১২টা টেক্সটাইল মিল নিয়ে ন্যাশনাল টেক্সটাই কর্পোরেশন আমাদের কংগ্রেস সরকারের অবদান। এম.এ.এম.সি. আমাদের সরকার, কংগ্রে সরকারই প্রতিষ্ঠা করেছে। আমরা যেগুলো প্রতিষ্ঠা করেছি সেগুলির প্রতি নিশ্চয়ই আমা বেশি মায়া রয়েছে। কিন্তু এখানে মজার ব্যাপার হচ্ছে কেন্দ্রীয় সরকারের সংস্থায় আন্দো করার ব্যাপারে আপনারা আছেন। কৈ সিটু রাজ্য সরকারের কোনও সংস্থায় তো আন্দো করছে না। রাজ্য সরকার যেসব সংস্থায় প্রভিডেন্ট ফান্ডের টাকা পর্যন্ত দিচ্ছে না সেখা সিটু আন্দোলন করছে না। এখানে পতিতপাবন বাবু আছেন, আমি তাঁর সামনে একটা একটা কোম্পানির নাম করে বলতে পারি। রাজ্য সরকারি সংস্থা ওয়েস্টিং হাউস স্যাকস

ফার্মার ১৪ কোটি টাকা করে লস করছে, অ্যাকুমুলেটেড লস ১১১ কোটি টাকা। দুর্গাপুর কেমিক্যাল ১ কোটি ৮০ লক্ষ টাকা গত বছর লস করেছে এবং ৩ কোটি ৮০ লক্ষ টাকা অ্যাকুমুলেটেড লস। দুর্গাপুর প্রজেক্টস, টোটাল অ্যাকুমুলেটেড লস হচ্ছে ৮৯ কোটি ৭৬ লক্ষ টাকা। গত বছর ৫ কোটি ৭৮ লক্ষ টাকা করেছে। সরকার এটা নিয়ে একটু ভাববেন না রাজ্য বাজেট থেকে শুধু মাত্র লস সাবসিডাইস করতে ১০০ কোটি টাকা চলে যাচ্ছে। আপনি যদি এটা রিভাইভ করতে পারতেন, যদি ভায়াবিলিটি প্ল্যান করে ওভার ম্যানিং হলে লোক কমিয়ে যেখানে আন্ডার প্রফিটেবল অপারেশন আছে সেখানে প্রফিটেবল করতে পারতেন, তাহলে হত। ১০০ কোটি টাকা গ্রামের গরিব মানুষের জন্য রাস্তা করতে পারতেন, যেখানে কাঁচা রাস্তায় কোমর অবধি কাপড় গুটিয়ে লোককে যেতে হয় কাদা ভেঙ্গে। আপনারা ম ... করেন না। আপনাদের নিজেদের সরকার কিছু করতে পারছেন না। কেন্দ্রীয় সরকার যেখানে আন্ডারটেকিং করছেন সেখানে আপনারা একটা নেগেটিভ ট্রেড ইউনিয়নইজম চালু করার চেষ্টা করছেন। সিটুর কোনও দায় দায়িত্ব নেই কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করতে হলে? সিটু কেন্দ্রীয় সরকারের কারখানায় শুধু আন্দোলন করবে? আমরা ... সংস্থাগুলি বাঁচুক কিন্তু নেগেটিভ ট্রেড ইউনিয়নইজম বন্ধ হোক। একটা পজেটিভ ওয়ার্ক কালচারের মধ্যে দিয়ে আসুন। একটা পজেটিভ ভায়াবিলিটি প্রোগ্রাম এনে তার মধ্যে দিয়ে বাঁচতে হবে। কেন্দ্রীয় সরকারের আপনাদের বক্তৃতা শোনার দরকার নেই। এই সংস্থাগুলি আমরাই তৈরি করেছিলাম, বাঁচানোর দায়িত্ব কংগ্রেসের, কেন্দ্রীয় সরকারের। বছর বছর লস করে গরিব মানুষের পকেট কেটে আপনাদের লস মেক আপ করার জন্য আপনাদের মিসম্যানেজমেন্ট বজায় রাখার জন্য নয়, শ্রমিক কর্মচারিদের একটা বড় ভূমিকা এখানে আছে। আমি আশা করি সিটু একটা কনস্ট্রাকটিভ রোল নেবেন অযথা আন্দোলন করবেন না। এই কথা বলে আমি প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌমেন্দ্রনাথ দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, এখানে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি সেই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি, সমর্থন করতে গিয়ে দেখছি যে, আজকে মাননীয় সৌগত বাবুর বক্তব্য থেকে যে জিনিসটা বেরিয়ে এসেছে তা অত্যন্ত ভয়ানক। আমরা গত লোকসভা এবং বিধানসভার প্রাক্কালে প্রয়াত প্রধানমন্ত্রী এবং তৎকালীন কংগ্রেসের সভাপতি মাননীয় রাজীব গান্ধীর নেতৃত্বে ভারতের দিকে দিকে প্রচার অভিযান চালিয়েছিলেন এবং কিছু প্রতিশ্রুতি রেখেছিলেন। নির্বাচনের পূর্বেই কংগ্রেসের প্রতিশ্রুতি বেরোয়। তার মধ্যে ছিল যে ঘরে ঘরে একটা করে বেকারের চাকরি দেওয়া হবে কর্মসংস্থানের ব্যবস্থা করা হবে। ১৯৯১ সালের লোকসভায় প্রয়াত প্রধানমন্ত্রী কংগ্রেস নেতা রাজীব গান্ধী দিয়েছিলেন, রাজীব গান্ধীর কংগ্রেস দল, এবং তার সদস্য মাননীয় সৌগত রায় আজকে কি বলছেন। একদিন এই কংগ্রেস স্বাধীনতা আসার পর কয়লা খনি, ব্যাঙ্ক ইত্যাদি জাতীয়করণ করেছিলেন তখন ওঁরা কারখানাগুলির সামনে গিয়ে কংগ্রেসের নামে জয়ধ্বনি দিয়েছিলেন। আজকে কি দেখছি, কংগ্রেসের পুঁজিবাদী এবং সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে কথা বলার যে জোর ছিল তা শেষ হয়ে

গেছে। এই মিলগুলির বিষয়টি সামান্য নয়, ওঁরা আজকে বলছেন যে ভারতবর্ষের মধ্যে যে সংস্থাগুলি গড়ে উঠছে আজকে সেগুলিকে বিদেশি বহির্বাণিজ্যের কাছে উন্মুক্ত করে দাও। ওঁরা বলছেন যে বাজেটে টাকা নেই স্যাংসন দিতে পারছেন না, অথচ যেখানে ম্যানেজমেন্টের গাফিলতিতে সংস্থাগুলির নাভিশ্বাস উঠেছে সেখানে শত শত শ্রমিক কর্মচারিদের স্বার্থ উপেক্ষা করে গোলডেন হ্যান্ডসেক চালু করতে চলেছেন। আমি বেশি কথা বলতে চাই না, আজকে শ্রমিক কর্মচারিদের স্বার্থে যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী লক্ষ্মনচন্দ্র শেঠ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বেসরকারি প্রস্তাব হিসাবে রুগ্নশিল্প বিশেষ করে রাষ্ট্রায়ত্ত রুগ্নশিল্প পুনরুজ্জীবনের যে প্রস্তাব এসেছে তাকে সমর্থন করছি। সৌগত বাবু বলছিলেন যে, কোনও রাষ্ট্রায়ত্ত শিল্প বন্ধ করবার কেন্দ্রীয় সরকারের কোনও উদ্যোগ বা প্রয়াস নেই। ঠিকই, এখনও পর্যন্ত কোনটা বন্ধ হয়নি, কিন্তু যেভাবে তাঁরা এগোচ্ছেন তাতে কারখানা বন্ধ করে দেবার আশঙ্কা থেকেই যায়। এবং সেটাই যদি হয় তাহলে পশ্চিমবঙ্গের ২২টি রাষ্ট্রায়ত্ত শিল্পের ৪৭টি ইউনিটের ১.৩০ লক্ষ শ্রমিক ছাঁটাই এর সম্মুখীন হবেন এবং তার সঙ্গে সঙ্গে পরোক্ষভাবে যে অসংখ্য মানুষ এর সঙ্গে যুক্ত তারাও বিপদে পড়বেন। এখানে দুটো উদাহরণ দিলেই বোঝা যাবে যে কেন্দ্রীয় সরকারের আসল উদ্দেশ্যটা কি। যে ইস্কো নিয়ে এত কথা হচ্ছে তার সম্পদের পরিমাণ ১২,০০০ কোটি টাকা কিন্তু আজকে মাত্র ১৩৫ কোটি টাকায় বিনিময়ে সেটাকে মুকুন্দকে দেবার কথা হচ্ছে। এই ব্যাপারে ইউনিয়ন দাবি করেছেন, স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার যে পরিচালন পদ্ধতি আছে তার দ্বারা ইস্কোকে সুন্দরভাবে চালিয়ে লাভবান করা যায়, কিন্তু কেন্দ্রীয় সরকার সেকথা না শুনে ওটাকে বি.আই.এফ.আর পাঠিয়েছেন। এরপর বি.আই.এফ.আর. কেন্দ্রকে বলবেন যে তারা প্রমোটার হিসাবে কাজ করবেন কিনা, কিন্তু কেন্দ্রীয় সরকার বলবেন টাকা নেই, তখন তারা সেটাকে কোনও বেসরকারি মালিকানায় তুলে দিতে চাইবেন, কিন্তু সেই সময় কোনও বেসরকারি মালিক পাওয়া না গেলে কারখানাটিকে তুলে দেওয়া হবে। আজকে রাষ্ট্রায়ত্ত শিল্পে লোকসান হলে বি.আই.এফ.আরে পাঠানো হচ্ছে। হলদিয়া সার কারখানা কখনও কিন্তু লোকসানে চলেনি, ওখানে উৎপাদনই হয়নি; যান্ত্রিক প্রযুক্তির জন্য ওখানে সারের উৎপাদনই হয়নি। আজকে ওখানকার পুরানো প্রযুক্তি বদল করে নতুন প্রযুক্তি নিয়ে এলে ওটি চালু হতে পারত, কিন্তু তা না করে কারখানাটিকে বি.আই.এফ.আরে পাঠানো হল। এই মতলব থেকেই আজকে বোঝা যাবে যে কেন রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থাগুলিকে বি.আই.এফ.আরে পাঠানো হচ্ছে। এর কারণ হল, বি.আই.এফ.আরের বিচার বিভাগীয় সিদ্ধান্ত গ্রহণ করে হয় সেটা বন্ধ করে দেওয়া হবে, না হয় বেসরকারি মালিকানার হাতে তুলে দেওয়া হবে। এই ষড়যন্ত্রের কাজই তারা করছেন। মাননীয় প্রধানমন্ত্রী ১৯৯২ সালের মে মাসে আমাদের মুখ্যমন্ত্রীকে প্রস্তাব দিয়েছিলেন রাষ্ট্রায়ত্ত সংস্থা যেগুলো রুগ্ন হয়ে গেছে বলা হচ্ছে সেগুলো পুনরুজ্জীবনের

ব্যাপারে দ্বিপাক্ষিক বা ত্রিপাক্ষিক আলোচনা হোক; শ্রমিক, কর্তৃপক্ষ এবং ইউনিয়নের সঙ্গে বসে দেখা হোক যে কি কি পদক্ষেপ গ্রহণ করলে কারখানা বাঁচান যাবে। আজকে ঐ কারখানাগুলিকে পুনরুজ্জীবনের ক্ষেত্রে প্রতিটি ক্ষেত্রে ত্রিপাক্ষিক কমিটির মাধ্যমে আলোচনা করে বি.আই.এফ.আরে পাঠানো এটা একটা আনুষ্ঠানিক ব্যাপার, কিন্তু প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে পুনরুজ্জীবনের ব্যাপারে সেখানে প্রস্তাব গ্রহণ করা হবে এবং এটা তিনি লিখিতভাবে আমাদের মুখ্যমন্ত্রীকে জানিয়ে দিয়েছিলেন। আমার কথা হল, তাহলে কেন প্রতিটি কারখানার ক্ষেত্রে পর্যালোচনা করা হচ্ছে না, রিভিউ করা হচ্ছে না? আজকে ত্রিপাক্ষিক কমিটির মাধ্যমে পর্যালোচনা করে কারখানাগুলিকে বাঁচানোর জন্য রিপোর্ট কেন পাঠানো হচ্ছে না? আজকে তাঁরা একতরফাভাবে রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে বি.আই.এফ.আরে পাঠিয়ে দিচ্ছেন। আমি একটি উদাহরণ দিয়ে দেখাচ্ছি যে, সৌগতবাবু যে কথা বলেছেন তা সত্য নয়। হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন-এর চেয়ারম্যান লিখিতভাবে ইউনিয়নকে জানিয়েছেন যে, ঐ কারখানা চালু করবার ব্যাপারে তিন-চারটি প্রস্তাব হয়েছে। প্রস্তাবগুলি হল—১) হয় রাজ্য সরকার ওটা গ্রহণ করুন, ২) নতুবা ইউনিয়ন সমবায় গঠন করে চালাবার চেষ্টা করুক, ৩) সেটা না হলে বেসরকারি মালিকানায় ছেড়ে দেওয়া হোক, এবং ৪) সেটাও না হলে বন্ধ করে দেওয়া হবে। সেখানে বলা হয়েছে, ইউনিয়নের পক্ষ থেকে বলা হোক, কোনও প্রস্তাবে তারা সই দেবেন। তাহলে মতলবটা কি হল? যদি প্রয়োজন হয় আমি সেই কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেক্টরের চিঠির কপি এই বিধানসভায় পেশ করব। কাজেই এ থেকে প্রমাণিত হয় যে কেন্দ্রীয় সরকারের উদ্দেশ্য হল আমাদের দেশের রাষ্ট্রায়ত্ত শিল্পগুলিকে বন্ধ করে দেওয়া। এই রাষ্ট্রায়ত্ত শিল্প বন্ধ হওয়া মানে আমাদের দেশের স্বনির্ভরতার যে বুনিয়াদ সেটা ধ্বংস হয়ে যাবে। যে সময়ে আমাদের দেশের রাষ্ট্রায়ত্ত শিল্প গড়ে উঠেছিল তখন সোভিয়েত রাশিয়ার সাহায্য নিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন গড়ে উঠেছিল। প্রধান মন্ত্রী জওহরলাল নেহেরু এই রাষ্ট্রায়ত্ত শিল্প ব্যবস্থা গড়ে তোলেন। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াইয়ের প্রতীক হিসাবে এগুলি গড়ে তোলা হয়েছিল।

**(এই সময়ে ডেপুটি স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক বন্ধ হয়ে যায়)**

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এই বিধানসভায় এসেছে, কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন যে সমস্ত শিল্পগুলি আছে বিশেষ করে পশ্চিমবাংলায় সেগুলি যাতে কেন্দ্রীয় সরকার পরিচালনা ব্যবস্থার যথাযথ দায়িত্ব নেন, সেটাই হচ্ছে আজকের প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের বিরোধী দলের বন্ধুদের কিছু বলতে চাই। মাননীয় সদস্য মান্নান সাহেব এবং সৌগত রায় কেন্দ্রীয় সরকারের শিল্পের সঙ্গে রাজ্য সরকারের শিল্পের তুলনা করেছেন। আমি স্বীকার করছি যে রাজ্য সরকারের বহু শিল্প এখনও লোকসানে চলছে। কিন্তু আমাদের মনে রাখতে হবে যে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি কি, আর রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি কি? রাজ্য সরকারের পরিচালনাধীন যে সমস্ত শিল্প আছে, সেগুলিতে লোকসান থাকা সত্ত্বেও রাজ্য সরকার সেগুলি

বন্ধ করে দেবার চিন্তা করছেন না। এটা সরকারের যে নীতি মানুষের সামনে ঘোষিত হয়েছে সেই নীতি অক্ষুন্ন রাখার জন্য রাজ্য সরকার সেই ভাবে কাজ করছেন। দ্বিতীয় জিনিস হচ্ছে, মান্নান সাহেব বলেছেন যে ম্যাচিন্তোষ বার্ণের মতে একটা সংস্থাকে রাজ্য সরকার পুষছেন কিন্তু কথাটা সত্যি নয়। এরা লাভ করছে, নিজেদের পায়ে দাঁড়িয়েছে। তারা নিজেরাই এটা পরিচালনা করতে পারছে। আমার বক্তব্য হচ্ছে, রাজীব গান্ধী ক্ষমতায় আসার পর থেকে যে পঞ্চবার্ষিকী পরিকল্পনা তিনি করেছিলেন সেখান থেকেই এই ব্যাধি শুরু হয়েছিল। রাজীব গান্ধীর আগে অবধি যারা ভারতবর্ষের কর্ণধার ছিলেন, তাদের সময়ে রাষ্ট্রীয় পুঁজিবিনিয়োগের ক্ষেত্রে পাবলিক সেক্টরই ছিল হায়ার। সেই নীতি তিনি পাল্টে দিলেন। আগে পাবলিক সেক্টরে ছিল ৫১ পারসেন্ট এবং প্রাইভেট সেক্টরে ছিল ৪৯ পারসেন্ট। এখন সেটা হয়ে গেল পাবলিক সেক্টরে ৪৯ পারসেন্ট, আর প্রাইভেট সেক্টরে ৫১ পারসেন্ট। তার ফলে দেশের সর্বনাশ তিনি ডেকে আনলেন। আমি বিরোধী দলের বন্ধুদের কাছে যে কথাটা বলতে চাই, আপনারা একটু অনুধাবন করুন। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ধ্বংসের পরে জার্মান এবং জাপান তারা আমেরিকার কাছ থেকে মার্শাল প্লান এবং অন্যান্য প্লানের মাধ্যমে তাদের নিজেদের দেশের অর্থনীতিকে পুনর্গঠন করার পরিকল্পনা নিলেন। তারা বলেছিলেন যে আমরা জাতীয় সত্ত্বাকে বিসর্জন দিয়ে, আমাদের দেশের যে প্রযুক্তি তাকে কোনও অবস্থাতেই বিসর্জন দিয়ে এই সাহায্য নেব না। তার ফলে আজকে জাপান দাঁড়িয়েছে, জার্মান দেশও পৃথিবীর সামনে দাঁড়িয়েছে এবং আমেরিকা সাম্রাজ্যবাদের সঙ্গে টক্কর দিচ্ছে। জাপানও সেই অবস্থার দিকে এগিয়ে গেছে। আমাদের মুখ্যমন্ত্রী প্রায় বলেন, ওরা খেয়াল করেছেন কিনা জানি না, যে সুযোগ যখন রয়েছে তখন বিদেশের কাছ থেকে প্রযুক্তি আনা বা নেওয়া কোনও অন্যায় বলে মনে করি না। কিন্তু দেশের আত্ম মর্যাদাকে, দেশের প্রযুক্তিকে বিনষ্ট করে বিদেশের ইঙ্গীতে যদি কাজ করা হয় তাহলে সেটাতে আমাদের দেশের যে জাতীয় সত্ত্বা তার উপরে চরম আঘাত আসবে।

[3-00 — 3-10 p.m.]

আমাদের বিরোধী দলের বন্ধুরা সেই কথাটা ভুলে যাচ্ছেন। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত প্রতিষ্ঠান আছে তার মধ্যে আর.আই.সি.র কথা বলছি। মুর্শিদাবাদের ভি.টি. মিলের কথা বলেছেন, সৌগতবাবু বললেন এন.টি.সি.র একটা মিলও বন্ধ হয় নি। এন.টি.সি.র মোহিনী মিল গত ৪ মাস ধরে বন্ধ হয়ে আছে। সেখানে শ্রমিক কর্মচারী বেতন পাচ্ছে না। এইগুলি খোঁজ নিয়ে জানবার চেষ্টা করুন। আর.আই.সির ব্যাপারে প্রধানমন্ত্রীর সঙ্গে আমি কথা বলেছিলাম, মনমোহন সিং-এর সঙ্গে কথা বলেছিলাম। এই ব্যাপারে আপনারা যতটুকু জানেন তার চেয়ে বেশি আমি জানি। প্রধানমন্ত্রী ক্ষোভ করে আমাকে বলেছিলেন যে আপনি তো আমাকে বিপদে ফেলেছেন। আমরা তো ভেবেছিলাম এটাকে বি.আই.এফ.আরে পাঠিয়ে দেব আপনি তো একটা আইনের প্রশ্ন তুলেছেন, যার ফলে এটাকে বি.আই.এফ.আরে পাঠাতে পারছি না। সেই কারণে তাঁরা জিদ্ ধরে বসে আছেন যে কর্মচারিদের বেতন দেব, চালু করব

না। অর্থাৎ কর্মচারিদের বসিয়ে বসিয়ে মাইনে দেবে, উৎপাদন করবে না। এতে কার ক্ষতি হচ্ছে? এতে আমাদের সম্পদ নষ্ট হচ্ছে না? বেতন দেওয়া হচ্ছে উৎপাদন করা হচ্ছে না, সম্পদ সৃষ্টি করা হচ্ছে না। সেই কারণে বলছি কেন্দ্রীয় সরকার যদি ভারতবর্ষের সঠিক মূল্যায়ন করতেন তাহলে ভারতবর্ষের মানুষের এই অবস্থা হত না। সারা পৃথিবীর সামনে ভারতবর্ষের মানুষকে মাথা উঁচু করে দাঁড়াতে হবে। সেটা কেন্দ্রীয় সরকার করছেন না। কেন্দ্রীয় সরকার সাম্রাজ্যবাদের কাছে, মাল্টি-ন্যাশানালের কাছে আত্মসমর্পন করে বসে আছে। গ্যাট চুক্তির মতো আর জঘন্য চুক্তি আর কিছু হতে পারে না। গ্যাট চুক্তিতে আমাদের কি লাভ হবে? একটা সমীক্ষা হয়েছে। গ্যাট চুক্তির আওতায় এসেছে ১২৬ টি দেশ, তার মধ্যে মাত্র ৩টি দেশের অর্থনৈতিক পুনর্গঠন সম্ভব হয়েছে। বাকি ১২৩ টি দেশের অর্থনীতি কলোনিয়া অর্থনীতিতে পরিণত হয়েছে। এটা সারা পৃথিবীর সমীক্ষায় বেরিয়েছে। আপনারা যদি জানতে চান পরে আরও ভালভাবে জানিয়ে দেব। আজকে বিধানসভায় দাঁড়িয়ে বলছি যে, আমাদের দেশে যে শিল্প আছে—সৌগতবাবু জানেন না তাই বললেন—পুঁজিবাদি ব্যবস্থা যেখানে অটোমেশন চূড়ান্ত, সেই পুঁজিবাদি ব্যবস্থা এখানে চলে না। কারণ পুঁজিবাদীদের ধর্ম অতি মুনাফা লোটা। আজকে কেন্দ্রীয় সরকার যেখানে ১০ হাজার কোটি টাকা লগ্নি করেছেন সেখানে আরও যদি ৫ হাজার কোটি টাকা বিনিয়োগ করতেন তাহলে আরও ৪ লক্ষ লোকের কর্মসংস্থান হত। নতুন করে আরও যদি ১৫ হাজার কোটি টাকা লগ্নি করতেন তাহলে আরও ১৫ লক্ষ লোকের চাকুরি হত। পুঁজিবাদী ব্যবস্থায় এই জিনিস হয় না, সেই জন্য ভারতবর্ষে এই জিনিস চলতে পারে না। পুঁজিবাদী ব্যবস্থার ধর্ম হল কম লোক নিয়ে বেশি উৎপাদন করা। এই জিনিস বজায় রেখে তারা উৎপাদন বাড়াবার চেষ্টা করে, আপনারা দেখে, তাই সেই নীতি আপনারা মেনে নিয়েছেন। সেইজন্য কেন্দ্রীয় সরকারের যে শিল্পগুলি আছে সেইগুলি যাতে পুনর্গঠিত হতে না পারে তার জন্য তারা বি.আই.এফ.আর-এর পথ বেছে নিয়েছেন। বি.আই.এফ.আর হচ্ছে শিল্প ধ্বংস করার একটা আইনানুগ ব্যবস্থা। এটা অস্ত্রে কর্মচারিদের চাকুরিচ্যুত করার একটা সংস্থা। আমি নিজে জানি। রিষড়ার শ্রী দুর্গা কটন মিল বি.আই.এফ.আরে গিয়েছিল। আমি তার প্রোজেক্ট রিপোর্ট তৈরি করেছিলাম। আমরা যে প্রস্তাব দিয়েছিলাম তাতে কেন্দ্রীয় সরকার বলল টাকার দায়িত্ব নেব না। আজকে শ্রী দুর্গা কটন মিল নিলামে বিক্রি হয়ে গেল। আজকে এই যে মোশন এসেছে আমি তাকে সমর্থন করছি এবং কেন্দ্রীয় সরকার শিল্প নীতি যেটা গ্রহণ করেছেন তার বিরোধিতা করে আমি বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের এই প্রস্তাবের উপরে আলোচনার জন্য যে সময় নির্দিষ্ট ছিল, সেই সময় শেষ হয়ে যাচ্ছে। সেজন্য আমি আধঘন্টা সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করি এতে সকলের মত আছে?

(ভয়েস : হ্যাঁ।)

**(এই সময়ে আধঘন্টা সময় বাড়ানো হয়)**

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অত্যন্ত দুঃখ এবং বেদনার সঙ্গে বলছি যে, আমাদের বিরোধী পক্ষের দু'জন মাননীয় সদস্য, শ্রী সৌগত রায় এবং শ্রী আব্দুল মান্নান, তাঁরা যেটা বললেন সেটা কিন্তু তাঁরা নিজেরা বিশ্বাস করেন না অথচ এখানে বলেছেন। বাইরে কিন্তু তাঁরা অন্য কথা বলেন। সেটাই দুর্ভাগ্য, তাঁরা যেটা মনে করেন সেটা তাঁরা বলেন না। কারণ এটা বললে রেকর্ডেড হয়। এটা তাঁদের বিরুদ্ধে প্রচার হবে। আমি বেশি বলব না, আমি বলব, আপনারা যদি প্রস্তাবটি দেখেন—আপনারা নিজেরাই বলেছেন যে প্রস্তাবের দুটি লাইন সম্পর্কে আপনাদের আপত্তি আছে। বর্তমানে কেন্দ্রীয় সরকারের যে নীতি তারফলে এটা হয়েছে, আর একটা হচ্ছে যে, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার এবং আমাদের রাজ্য সরকারকে উদ্যোগী হতে হবে। প্রথম কথা হচ্ছে, বাস্তব ঘটনাটা আপনারা নিশ্চয়ই অস্বীকার করছেন না যে এই সংস্থাগুলোর অবস্থা শোচনীয়। তাদের নিশ্চয়ই বন্ধের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। এটা অস্বীকার করছেন না বোধহয়। সেটা দেখাতে গিয়ে তাঁরা কিছু কিছু রাজ্য সরকারের সংস্থার কথা বলেছেন। রাজ্য সরকারের সংস্থাগুলোর ব্যাপারে অন্য কারও সঙ্গে না হলেও মাননীয় সৌগতবাবুর সঙ্গে আমার বহুবার আলোচনা হয়েছে। আমরা দেখেছি যে লস হয়েছে—অ্যাকুমুলেটেড লস অনেক আছে। সেটা আমরা কমাবার চেষ্টা করছি। ঠিক একই কারণে মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রীকে বলেছিলেন যে আপনার শ্রমিক সংগঠনগুলোর সঙ্গে বসুন, তাদের সাথে আলোচনা করুন। একটা পথ নিশ্চয়ই বেরোবে। যদি কোনও পথ না বেরোয় তাহলে বিকল্প পথ বার করতে হবে, তারজন্য অন্য জায়গায় যেতে হতে পারে। আপনারা লক্ষ্মণ শেঠের কথা শুনেছেন। ১৯৮৬ সালে তদানিন্তন প্রধানমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন লিখিতভাবে যে ত্রিপাক্ষিক কমিটির সামনে এইসব সংস্থাগুলোকে আনা হবে। তাঁরা এটা জানেন যে এই সংস্থাগুলোকে যদি ত্রিপাক্ষিক কমিটির সামনে নিয়ে যাওয়া হয় তাহলে এগুলো বন্ধ করা সম্ভব হবে না। ৬ই এপ্রিল, ১৯৯৪ সালে আমাদের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে একটি চিঠি লিখেছিলেন ঐ প্রতিশ্রুতির কথা উল্লেখ করে। তখন তিনি বলেছেন, চিঠির উত্তর প্রধানমন্ত্রী ১৬ই এপ্রিলে দিয়েছেন। তিনি বলেছেন, হ্যাঁ, ব্যাপারটি আমি এখনও দেখছি। কিন্তু ত্রিপাক্ষিক কমিটির কাছে হাজির করা হবে, এই কথায় বলেছেন দেখছি। কিন্তু আমরা দেখলাম এই সংস্থাগুলোকে বি.আই.এফ.আর-এর কাছে পাঠানো হল এই কথা বলছেন, কিন্তু বাস্তবে তাঁরা করছেন না। সেজন্য এটা কোনও দলের ব্যাপার নয়। পশ্চিমবঙ্গে স্বার্থে আমাদের বিরোধী পক্ষের সদস্যরা আশা করি এই প্রস্তাবকে সমর্থন করবেন। আমি এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী লক্ষ্মীকান্ত দে :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমাদের আশা ছিল অন্তত সুব্রতবাবু বা আইএনটি ইউ সি যারা করেন তারা অন্তত শ্রমিক আন্দোলন যারা করেন এই

প্রস্তাবটিকে সমর্থন করবেন। যখন আমরা মাঠে ময়দানে লড়াই করতে থাকি এবং শ্রমিকদের পক্ষ থেকে কথা বলি তখন এই প্রস্তাবকে সমর্থন করা ছাড়া আমাদের অন্য কিছু বলার থাকে না। আমরা আশা করেছিলাম সুব্রতবাবুদের দল আমাদের সঙ্গে থেকে লড়াই করবেন। আপনারা দুটি বিষয়ে বলেছেন একটা হচ্ছে লোকসান হলে কতদিন লোকসানে চালানো যাবে (২) পরিবর্তিত উন্নতির জন্য দেশের স্বার্থ এবং তৃতীয় হচ্ছে সোভিয়েত ইউনিয়নের পতন এই নিয়ে বললেন। প্রথম কথা হচ্ছে শ্রমিকদের কাছে যদি বি আই এফ আরের কথা বলি তাহলে তারা চমকে উঠে, কারণ তারা জানে যে যেমন থোরাসিক অপারেশনের ক্ষেত্রে তা রোগীকে হার্টের ডাক্তারের কাছে পাঠালে সে খুব ভয় পেয়ে যায় এবং নির্ঘাৎ তাতে যেমন মৃত্যু হয় তেমনি শ্রমিকরা জানে যে বি আই এফ আরে পাঠালে পরে তার থেকে নিস্তার নেই, সেখান থেকে বেরোবার কোনও পথ নেই। সেই কারণে আন্ডারটেকিং বা সরকারি সংস্থা যাই হোক না কেন তার মেকানিজম অ্যান্ড ডেভেলপমেন্টের দরকার। পশ্চিমবঙ্গ যেমন দুর্গাপুরের ক্ষেত্রে এই জিনিস করার চেষ্টা করছি। সেখানে কিছু কিছু স্কীম নেওয়াও হয়েছে। ডেভেলপমেন্টের স্কীম গ্রহণও করা হয়েছে। এরজন্য টাকাও দিচ্ছেন। কিন্তু পশ্চিমবঙ্গে শুধু ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে বলে লাভ নেই। শুধু ওয়ার্ক কালচার শ্রমিকদের ডেভেলপ করলে হয়ে যাবে? তাহলে আজকে সারা ভারতবর্ষের বহু কারখানা বি আই এফে আরে যাচ্ছে কেন? খালি কি পশ্চিমবঙ্গই দোষ করল? আজকে কেন্দ্রীয় সরকারের নীতি হল লাভজনক যেসব সংস্থা আছেন যেমন এল আই সি, আই সি ইত্যাদির শেয়ার বন্ধ করে দিতে হবে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার চিঠি দিয়েছে যে সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি উঠিয়ে দেওয়া হবে এবং বেসরকারিকরণ করা হবে। কে একজন আগে ছিলেন কর্মচারী, এখন মন্ত্রী হয়েছেন, তিনি বোঝাতে চাইছেন যে বিশ্বব্যাঙ্ক এবং আই এম এফের কাছ থেকে যত পার লোন নাও এবং বিদেশি জিনিসে দেশ ভরিয়ে দাও। একটা ইন্টারভিউতে তিনি একথাও বলেছেন যে এর দ্বারা দেশের সর্বাঙ্গীন মঙ্গল হবে। এমন কি টি.ভি. ইন্টারভিউতেও গ্যাট চুক্তির পক্ষে আই এম এফের ব্যাপারে অনেক কিছু বলা হল। এরফলে আজকে দেশের অবস্থা কি হচ্ছে সে আমরা সবাই বুঝতে পারছি। যখন ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন করা হল, প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ব্যাঙ্ক ন্যাশনালাইজ করলেন তখন আপনারা তো লাফালাফি করেছিলেন, কিন্তু আমরা এই ন্যাশনালাইজেশন বলুন কোল ন্যাশনালাইজেশন বলুন সর্বক্ষেত্রে আমরা সমর্থন করেছি। কংগ্রেস আমলে যা যা ন্যাশনালাইজেশন হয়েছে তার আমি পূর্ণ সমর্থন জানিয়েছি। আসলে আপনারা তো বিরোধিতা করতে পারবেন না কারণ আপনারা তাহলে ওদের কাছ থেকে টিকিট পাবেন না। সৌগত বাবুকে বলি, আপনি তো সোভিয়েত রাশিয়ার কথা বলেছেন, আমি বলি পোলান্ডে কি হল, হাঙ্গেরীতে কি হল সেটা একটু দেখুন।

The motion of Shri Lakshmi Kanta Dey that

"যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত কেন্দ্রীয় সরকার পরিচালিত/অধিগৃহিত/রাষ্ট্রায়ত্ত কিছু

শিল্পসংস্থাকে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দেবার পরিকল্পনা গ্রহণ করেছেন;

যেহেতু এইসব শিল্প ইউনিটগুলিকে জাতীয়করণের ঘোষিত উদ্দেশ্য ছিল জনস্বার্থে এইসব প্রতিষ্ঠানগুলির উৎপাদন অব্যাহত রাখা এবং শ্রমিক-কর্মচারিদের চাকুরির নিরাপত্তা নিশ্চিত করা;

যেহেতু দুর্গাপরের এম.এ.এম.সি. ভারত অপথালমিক গ্লাস, কলিকাতার ন্যাশনাল ইনস্ট্রুমেন্টস, আর.আই.সি., ২টি সার কারখানা, রাষ্ট্রায়ত্ত কর্পোরেশনের দ্বারা পরিচালিত ১২টি সুতাকল, ন্যাশনাল জুট ম্যানুফ্যাকচারিং কর্পোরেশন পরিচালিত ৪টি চটকল, বার্ণ, ব্রেথওয়েট, জেসপ প্রভৃতি কারখানার সঠিক পুনরুজ্জীবনের পরিকল্পনা গ্রহণ করা না হলে এবং প্রয়োজনীয় উৎপাদনের অর্ডার ও অর্থ মঞ্জুরি না করলে এই প্রতিষ্ঠানগুলি বন্ধ হয়ে যাবে;

যেহেতু এর ফলে পশ্চিমবঙ্গের অর্থনীতিতে গুরুতর প্রতিক্রিয়া দেখা দেবে;

যেহেতু কেন্দ্রীয় সরকার প্রবর্তিত নয়া অর্থনৈতিক ও শিল্পনীতিরই অনিবার্য পরিণতি এইসব শিল্প প্রতিষ্ঠানগুলির অনিশ্চিত ভবিষ্যত;

সেইহেতু উপরিউক্ত পরিস্থিতিতে এই সভা সংশ্লিষ্ট শ্রমিক-কর্মচারিদের সংগঠনগুলির সাথে পরামর্শ করে এইসব প্রতিষ্ঠানগুলির পুনরুজ্জীবনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করার জন্য রাজ্য সরকারের মারফত কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে।"

was then put and agreed to.

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বিরোধী দলের উপনেতা সুব্রত বাবু কিছুক্ষণ আগে হাউসে বলছিলেন বিশ্বকাপের ফুটবল প্রতিযোগিতা যেটা হচ্ছে আমেরিকাতে সেখানে আমাদের পশ্চিমবাংলা থেকে একটা বিশেযজ্ঞ টিম পাঠানো হচ্ছে. আমাদের দেশ থেকে এটা পাঠান উচিত নয়, আমরা ব্যক্তিগতভাবে মনে করি এটা পাঠানো উচিত। কারণ বিশ্বকাপের ফুটবল প্রতিযোগিতা এটা দুনিয়া কাঁপানো খেলা। সবচেয়ে বড় কথা হচ্ছে, কেন্দ্রীয় সরকার ১৭টি খেলা দেখাচ্ছেন দূরদর্শনে ৩২টির মধ্যে। আমরা দাবি করছি কেন্দ্রীয় সরকারের কাছে এই বিশ্বকাপের খেলা দূরদর্শনের মাধ্যমে সবটা দেখানো হোক।

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, সুব্রত বাবু বিশ্বকাপের খেলা নিয়ে যা বলেছেন তা আমি সম্পূর্ণ সমর্থন করি। আপনারা খেলা দেখানোর জন্য খরচ করছেন. আপনারা কাবাডির জন্য দরকার হলে উৎসাহ দিন তার জন্য খরচ করুন, কিন্তু আপনারা সেখানে ২৫ লক্ষ টাকা দিয়ে ১০ জন প্রাক্তন ফুটবলারকে পাঠাচ্ছেন, কোন যুক্তিতে? আবার পরে দেখলাম রচপাল সিংকে পাঠাচ্ছেন, যিনি ২১শে জুলাই গুলি চালিয়েছিলেন, তার নামটা বাদ গিয়েছে, আবার দেখলাম ডি.এন.বিশ্বাসকে পাঠাচ্ছেন সেও ২১শে জুলাই গুলি চালিয়েছিল.

ওদেরকে পাঠিয়ে তো খেলার উন্নতি হবে না। ১০ জন যে প্রাক্তন ফুটবলারকে পাঠাচ্ছেন এতে তো স্পোর্টসের কোনও উন্নতি হবে না, এতে শুধু টাকার অপচয় হবে। সুভাষ বাবু এই টাকা ওদের জন্য খরচ না করে যদি স্পোর্টস এর জন্য খরচ করেন কিংবা আন্ত্রিকের চিকিৎসার জন্য খরচ করেন তাহলে সেটার যুক্তি আছে, কাজেই যেটা করছেন সেটার আমরা সম্পূর্ণভাবে বিরোধিতা করছি।

**ডাঃ মানস ভুঁইয়া** ঃ স্যার, আমি আমার মোশানটা মুভ করছি।

"যেহেতু এই রাজ্যে শ্রমিকদের প্রাপ্য প্রায় ২০০ কোটি টাকা মালিকপক্ষ প্রভিডেন্ট ফান্ডে জমা দেন নাই,

যেহেতু রাজ্য সরকারের কিছু সংস্থাও প্রভিডেন্ট ফান্ডে দেয় টাকা জমা দেয় নাই,

যেহেতু রাজ্য সরকার দীর্ঘদিন যাবৎ এই বকেয়া টাকা আদায়ের ব্যাপারে প্রভিডেন্ট ফান্ড কর্তৃপক্ষকে কোনওরূপ সহায়তা করে নাই,

যেহেতু প্রভিডেন্ট ফান্ডে টাকা জমা না পড়ায় লক্ষ লক্ষ শ্রমিকদের ভবিষ্যত অনিশ্চিত হয়ে পড়েছে;

যেহেতু এই সভা দাবি করছে যে, প্রভিডেন্ট ফান্ড বাবদ শ্রমিকদের বকেয়া টাকা জমা না দেওয়া অপরাধী মালিকদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হোক এবং এ-বিষয়ে প্রভিডেন্ট ফান্ড কর্তৃপক্ষকে সব রকম সাহায্য এবং সহযোগিতা সম্প্রসারণ করার জন্য রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি।"

এই ব্যাপারে আমার বক্তব্য পরে রাখব।

**Mr. Deputy Speaker** : There are two amendments to the motion by Shri Lakshmi Kanta Dey. Shri Dey may now move his motions.

**Shri Lakshmi Kanta Dey** : Sir, I beg to move that—(a)In second para of the motion after the words "কিছু সংস্থাও," the words "নানা কারণে" be inserted;

(b) Third para of the motion be omitted.

[3-20 — 3-30 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এখানে রেজলিউশন উত্থাপন করেছেন ডাক্তার মানস ভুঁইয়া এবং অন্যান্যরা। এখানে লক্ষ্মী দে মহাশয় একটা অ্যামেন্ডমেন্ট দিয়েছেন। আমি মনে করি এই অ্যামেন্ডমেন্ট গ্রহণ

করলে খুব একটা ক্ষতি হবে না, মানস ভুঁইয়া যখন বক্তব্য রাখবেন তিনি এই ব্যাপারে বলবেন। স্টেট গভর্নমেন্টও ডিফল্টার, স্টেট গভর্নমেন্টও বহু টাকা দেয়নি এবং এটা জ্যামিতিক হারে বাড়ছে। এটা একটা সাংঘাতিক ব্যাপার। সারা ভারতবর্ষে প্রভিডেন্ট ফান্ডের টাকা না দেওয়ার জন্য অনেকে ডিফল্টার আছে। কিন্তু প্রকৃতপক্ষে আমরা জানি মালিকরা এই টাকাটা মেরে দিয়েছে, সম্পূর্ণভাবে তারা এই টাকা তারা আত্মসাৎ করছে। শ্রমিকের উপার্জিত টাকা তারা আত্মসাৎ করছে। আজ পর্যন্ত নানাভাবে চাপ দেওয়া সত্ত্বেও প্রভিডেন্ট কমিশনারের অফিস থেকে আমরা দেখতে পাচ্ছি ১৬২ কোটি শ্রমিক-কর্মচারিদের টাকা মালিকরা আত্মসাৎ করেছে। ১৭ বছর পরে সরকারের ঘুম ভেঙ্গেছে এবং কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছে এম.পি. জালান, তাপারিয়া, ইনকাব, পি.কে.চৌধুরী, অরূণ বাজোরিয়া এদের এই জন্য গ্রেপ্তার করা হয়েছে, কিন্তু ব্রিয়ারলিকে গ্রেপ্তার করা হয়নি। সে শ্রমিকদের টাকা মেরে তছনছ করে দিয়েছে, তাকে ইন্ডিয়ান পেনাল কোডে গ্রেপ্তাব করা যায়, কিন্তু তাকে গ্রেপ্তার করা হয়নি। এখানে আপনারা ট্রেড ইউনিয়ন নিয়ে অনেক কথা বলেন, কিন্তু মাথার ঘাম পায়ে ফেলে যে টাকা শ্রমিক কর্মচারিরা রোজগার করছে তা মেরে দিয়ে সেই মালিক বিলেতে পালিয়ে যাচ্ছে। আজকে ১৭ বছর পর তাদের গ্রেপ্তার করা হচ্ছে লোক দেখানো। সেইসব মালিকদের গ্রেপ্তার করা হচ্ছে, কিন্তু সেই টাকা রিকভারি হচ্ছে না। হুগলি মিল, হনুমান মিল সব জায়গায় একই অবস্থা। এখানে পলিটিক্স করলে হবে না, আমরা চাই শ্রমিকদের টাকা শ্রমিকরা ফেরত পাক, চাকুরিকালীন প্রভিডেন্ট ফান্ডের টাকা তারা যাতে ব্যবহার করতে পারেন, ডাবল বেনিফিটে সেই টাকা যাতে তারা কাজে লাগাতে পারে সেটা দেখতে হবে। প্রভিডেন্ট ফান্ডের টাকা কর্মচারিরা আপনাদের কাছে গচ্ছিত রেখেছেন এবং আপনারা সেই মূল টাকা বাজেটের মধ্যে ধরে রেখে দিয়েছেন। যদি কোনও কর্মচারী বলে আমাকে টাকা ফেরত দিন, আপনারা ফেরত দিতে পারবেন না। আপনারা কর্মচারিদের বলছেন বাধ্যতামূলকভাবে প্রভিডেন্ট ফান্ডের টাকা উইথড্র করতে পারবেন না। দুর্দিনে, সুদিনে শ্রমিক কর্মচারী বা সরকারি কর্মচারিদের টাকাটা তার ব্যক্তিগত বা পারিবারিক প্রয়োজনে লাগে। আর আজকে সেখানে রাজ্য সরকারের পক্ষ থেকেই বহু কোটি টাকা অনাদায়ী রেখে দেওয়া হয়েছে। এই ১৬২ কোটি টাকার মধ্যে যাদের গ্রেপ্তার করেছেন ঐ জালান, থাপারিয়া, বাজোরিয়া ইত্যাদি তাদের তো গ্রেপ্তার করলেন কিন্তু আপনাদের গ্রেপ্তার করবে কে? কি রকমভাবে করছেন সেটা একটু বলি। ষ্টেট গভর্নমেন্টের ১৮ কোটি প্লাস ২৬ কোটি টাকা এস.ই.বি.র এবং প্রায় ২০ কোটি টাকা ষ্টেট ট্রান্সপোর্টের এইসব মিলিয়ে প্রায় ৫৬ কোটি টাকার মতন আপনারা ডিফল্টার। লজ্জার ব্যাপার, কি রকমভাবে ডিফল্টার সেটা একটু দেখিয়ে দিই। সেন্ট্রাল গভর্নমেন্টও ডিফল্টার কিন্তু সেখানে একটা তফাৎ আছে সেটাও আগে বলে নিই। সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে পাওনা ছিল অনেক বেশি এবং সেটা কমছে। কমতে কমতে সেটা আজকে ৩২ কোটি টাকাতে দাঁড়িয়েছে। অপর দিকে আপনাদের কি রকমভাবে বাড়ছে সেটা দেখলে চমকে উঠবেন। আমি ৩১.৩.৯৩ এবং ৩০.৯.৯৩—মাত্র ৬ মাসের ব্যবধানের একই বছরের দুটি হিসাব দিচ্ছি। একই বছরের ৩১.৩.৯৩ তে অর্থাৎ মার্চ মাসে

আপনাদের বকেয়া ছিল ৬ কোটি ৭৪ লক্ষ টাকা আর মাত্র কয়েক মাস পরে সেটা গিয়ে দাঁড়ালো ৪৫ কোটি ৯৩ লক্ষ টাকাতে। অর্থাৎ প্রায় ৮ গুন বেড়ে গেল কয়েক. মাসের মধ্যে। পি.এফ. কমিশন থেকে এস.ই.বি'র অ্যাকাউন্ট ফ্রিজ করে দিল আর আপনাদের চিফ সেক্রেটারি, এমন কি মুখ্যমন্ত্রী পর্যন্ত কমিশনারকে বললেন যে ফ্রিজ করতে হবে না, ছেড়ে দাও, আমরা দিয়ে দেব। টাকা কিন্তু দেওয়া হচ্ছে না। এস.ই.বি'র কাছে এখনও বহু টাকা বকেয়া পাওনা রয়ে গিয়েছে এবং তার পরিমাণ প্রায় ২৬ কোটির মতন। বহু লোক রিটায়ার করে মরে যাচ্ছে পি.এফের টাকা না পেয়ে। রাজ্য সরকার যদি না দেয় তাহলে ব্যক্তিগত মালিকানার উপর চাপ সৃষ্টি করতে আমাদের খুব অসুবিধা হয়। আমি প্রথমে তাই দাবি করছি যে এই ১৬২ কোটি টাকার মধ্যে যে বিশাল পরিমাণের টাকা আপনাদের বকেয়া পড়ে আছে এবং যা ক্রমে ক্রমে বাড়ছে তা অবিলম্বে দেবার ব্যবস্থা করুন। সম্প্রতি সংবাদপত্রে দেখলাম, মুখ্যমন্ত্রী বলেছেন, দিয়ে দেব। আবার গুরুদাস দাশগুপ্ত তিনি সেন্ট্রাল গভর্নমেন্টের একটা কমিটি করে নিয়ে এসেছেন। কোনও অথরিটি নেই। ডাকছেন, ধমকাচ্ছেন এবং আরও কি সব করছেন কিন্তু কোনও রিকভারি নেই। সেন্ট্রাল গভর্নমেন্টকেও আমরা চাপ দিচ্ছি কিন্তু তা সত্ত্বেও সেন্ট্রাল গভর্নমেন্টের পক্ষে কেন বলছি সেটাও একটু জানিয়ে দিতে চাই। এক্ষেত্রে আমাদের কাছে তথ্য আছে বলে বলছি। সেন্ট্রাল গভর্নমেন্টের শুধু ইস্টার্ণ কোল ফিল্ডের ৬০ কোটি টাকা বকেয়া ছিল, সেই টাকাটা তারা পুরো ফেরত দিয়েছে। শ্রী অজিত পাঁজা এরজন্য অনেক কৃতিত্ব দাবি করতে পারেন। বাকি টাকাটা কে মেরেছে? ঐ জুটের মালিকরা। আজ পর্যন্ত তারা ৮৯ কোটি টাকা মেরে দিয়েছে। এটা হল ডিফল্টার নয়, এটা হল ঐ ইজমা থেকে বেরিয়ে যাওয়া যে সমস্ত জুটের মালিক মূলত ফাটকা কারবার করে ঐ রাইটার্সের পেছনে তাদের সব অফিস, তারা আজকে এই ১০০ কোটি টাকার কাছাকাছি টাকা একেবারে মেরে দিল শ্রমিক কর্মচারিদের। আজ পর্যন্ত তাদের গায়ে হাত দেওয়া হচ্ছে না। এরজন্য তো আইন আছে। আইন কেন্দ্রীয় সরকার করে দিয়েছেন যে যদি পি.এফের টাকা কেউ মেরে দেয় তাহলে সেই মালিকের স্থাবর, অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত পর্যন্ত করা যেতে পারে। কিন্তু আমরা কি দেখছি এখানে? এখানে আবার হাইকোর্টের একটা অদ্ভুত অবস্থা। যেখানে নন-বেলেবল সেকশনে গ্রেপ্তার হচ্ছে সেখানে বাজোরিয়াকে নিয়ে গিয়ে আজকে ফাইভ ষ্টার হোটেলের মতন একটা নার্সিং হোম—বেলভিউ নার্সিং হোমে তাকে রেখে দেওয়া হচ্ছে। বহু জায়গায় মালিককে অ্যান্টিসিপেটারি বেল পর্যন্ত দিয়ে দেওয়া হচ্ছে। স্যার, আমি সমস্ত রাজনীতির উর্দ্ধে থেকে বলতে চাই। কি করে এর মীমাংসা হবে তা আমি জানি না। আদালতকে আজকে আমি কটাক্ষ করতে চাই না। তবে রুটি রুজির সমস্যা যখন হয়ে যায়, ক্ষুধার্ত মানুষ যখন চিৎকার করছে আমার অর্জিত টাকা আমাকে ফেরত দাও তখন আজকে এই সমস্যার কথা দেশের মানুষের কাছে আমরা কি পৌঁছে দিতে পারি সেটা দেখতে হবে। বাজোরিয়া আজকে বেল পেয়ে যায়। কি করে বহু মানুষ, আমি নাম করতে চাই না, যারা নন বেলেবল—আপনি তো আইন জানেন, পি.এফের ব্যাপারে নন-বেলেবল সেকশনে অ্যান্টিসিপেটারি বেল নিয়ে ঘুরে বেড়াচ্ছে। সুতরাং এ সম্পর্কে জনমত তৈরি করার দরকার

আছে। এইসব মিলিয়ে আজকে একটা ভয়াবহ অবস্থা হয়ে দাঁড়িয়েছে। আমি কতকগুলি সাজেশন রাখতে চাই ইতিবাচক। আমি মনে করি এগুলি না করলে পি.এফের রিকভারি আমরা করতে পারব না। কখনও কখনও দু/একটা গ্রেপ্তার করা যাবে কিন্তু টাকা আমরা উদ্ধার করতে পারব না। এ সম্বন্ধে বলার আগে আমি আর একটা কথা বলে নিই। আপনারা জানেন, ৮/৯ লক্ষ বিড়ি আছেন, তারা আই.টি. অ্যাক্টের আওতায় পড়েন না। কিছু পায় না। তাদের সম্বন্ধে একটা নতুন সমস্যা হয়েছে। পি.এফ. কমিশনারের এক্তিয়ার আছে অ্যাট লিস্ট যারা কো-অপারেটিভ অথবা সিক যেমন বহু সিক ইন্ডাস্ট্রিকে একজেমটেড করা হয়েছে। আমি তাদের নামগুলি পরে বলছি।

[3-30 — 3-40 p.m.]

কিন্তু বিড়ি শ্রমিকরা যে কো-অপারেটিভগুলো করেছে কমিশন থেকে সেইগুলো একজেমটেড না করার ফলে বহু বিড়ি শ্রমিক দালাল এবং মিডিল ম্যানদের হাতে পড়ে মার খাচ্ছে। সেই বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে কতকগুলো সুনির্দিষ্ট প্রস্তাব আপনার মাধ্যমে রাখতে চাই। এক নং সবচেয়ে প্রথমে দরকার আইন পরিবর্তন করা, ব্যাঙ্কের কাছ থেকে যদি কোনও ডিফল্টার ধার নিতে যায় তাহলে ব্যাঙ্ক বা ফাইনান্সিয়াল ইনস্টিটিউশনে যেমন আই.টি. এর ক্লিয়ারেন্স দেখতে চাওয়া হয়, তেমনি ব্যাঙ্ক এবং ফাইনান্সিয়াল ইনস্টিটিউশন নতুন করে টাকা ধার দেবার আগে যেন পি.এফ. ক্লিয়ারেন্স সার্টিফিকেট দিতে বাধ্য থাকে, এতে কিছু চাপ সৃষ্টি হবে এবং তার ফলে পি.এফ. এর বকেয়া টাকা তারা দিতে বাধ্য থাকবে। কাজেই অবিলম্বে এই আইনটা করার দরকার আছে। দু নং হচ্ছে যারা ব্ল্যাক লিস্টেড হবে সরকার সমেত, তাদের যেন ইম্পোর্ট এক্সপোর্ট লাইসেন্স না দেওয়া হয়। এটা বাধ্যতামূলক করা দরকার। তিন নং হচ্ছে যারা পি.এফ. দেবেন বা পেমেন্ট অব পি.এফ. করবে না, তাদের ক্ষেত্রে চালু করা হোক, নো প্রডাক্ট শুড বি অ্যালাউড টু কাম আউট অব দি ফ্যাক্টারী অব এস্টাবলিশমেন্ট। এই সিস্টেমটা আইনের মাধ্যমে চালু করতে হবে। যারা সিক হয়ে বি.আই.এফ.আর-এ অ্যাপ্লাই করবেন তাদের যদি পি.এফ. ক্লিয়ারেন্স না থাকে তাহলে তারা অ্যাপ্লাই করতে পারবে না এবং সেই সঙ্গে অ্যাপেলেট ট্রাইবুন্যালে ইউ/এস. সেভেন ডি, যেটা আছে সেটা ইমিডিয়েটলি কনস্টিটিউট করতে হবে যাতে সেভেন ডি টা পি.এফ. এর ক্ষেত্রে স্পেশাল বেঞ্চ চালু করা যায়। যেমন স্পেশ্যাল বেঞ্চ কিছু কিছু জায়গায় চালু আছে, হাইকোর্টে ২২৬ এ আছে, ক্রিমিনাল বেঞ্চ ইত্যাদিতে। স্পেশ্যাল বেঞ্চ থাকলে পি.এফ. এর টাকা তাড়াতাড়ি রিকভার করা যাবে। এখন যেমন মালিকরা একজন সলিসিটার দেখিয়ে দেন এবং গরিব লোকেরা দিনের পর দিন ঘোরেন, স্পেশ্যাল বেঞ্চ থাকলে টাকাটা কুইকলি উদ্ধার করা সম্ভব হবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, একজন মন্ত্রীও হাউসে নেই।

**শ্রী সুব্রত মুখার্জি :** একজনও মন্ত্রী নেই, আমরা খেটেখুটে সাজেশনগুলো নিয়ে এসেছি

কাজে লাগল না। আমরা সব চলে যাচ্ছি, বলব না। এতো সিরিয়াস কেস, লেবার মিনিস্টার থাকবে না? কোথায় লেবার মিনিস্টার, আপনি লেবার মিনিস্টারকে না ডাকলে আমরা সকলে চলে যাব। এটা একটা হাউস?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মন্ত্রীদের বক্তৃতা চলাকালীন উপস্থিত থাকা উচিত। পতিত বাবু আপনি একটু খবর দিয়ে শ্রমমন্ত্রীকে আনান।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** শ্রমমন্ত্রী দিল্লিতে আছেন, সেইজন্য আসতে পারেন নি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** হাউজ চলাকালীন কেন দিল্লিতে থাকবেন? হাউসের পারমিশন না নিয়ে কেন দিল্লি যাবেন?

(নয়েজ)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** পতিত পাবন-বাবু, অল পার্টি মিটিং-এর সিদ্ধান্ত অনুযায়ী স্পিকার বলেছিলেন যে, বিধানসভা চলাকালীন সভায় যেন বেশি সংখ্যায় মন্ত্রীরা উপস্থিত থাকেন। সেই মিটিং-এ বিনয়-বাবুও ছিলেন। সেখানে আলোচনার মাধ্যমে ঐ সিদ্ধান্ত হয়েছিল। যাই হোক ভবিষ্যতে এটা একটু দেখবেন যাতে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীরা সভায় উপস্থিত থাকেন। সুব্রতবাবু আপনি আপনার বক্তব্য শেষ করুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত একটা সমস্যার কথা আমি আগেই বলেছি—হাইকোর্টের যেমন সমস্যা আছে তেমন তার সঙ্গে হোম (পুলিশ) ডিপার্টমেন্টেরও একটা ব্যাপার আছে। পুলিশ যদি সিরিয়াস না হয়, এফেকটিভ না হয়, তারা যদি দুর্নীতির উর্ধ্বে না থাকে তাহলে কোনও কিছুই হবে না। সে জন্য হোম (পুলিশ)কে এফেকটিভ, মিনিংফুল অ্যান্ড নন-পার্টিজেন রোল নিতে হবে। তা যাতে তারা নিতে পারে তার জন্য ব্যবস্থা করতে হবে। আমরা জানি গ্রেপ্তারের ক্ষেত্রে অগ্রিম খবর দিয়ে দেওয়া হয়, যার জন্য গ্রেপ্তার হয় না। পুলিশই আগে থেকে বলে দেয়, আপনাকে গ্রেপ্তার করব। যাকে গ্রেপ্তার করার কথা সে পালিয়ে যাবার সুযোগ পেয়ে যায় এবং তাকে আর তার বাড়িতে গিয়ে খুঁজে পাওয়া যায় না। যেমন ব্রিয়ারলির ক্ষেত্রে হল। তারপর আমরা দেখছি ডিফল্টারদের রহস্যজনকভাবে রাজ্য সরকার সব রকম ছাড় পর্যন্ত দেয়। সেলস ট্যাক্স ছাড় দেয়, বিভিন্ন রকম সাবসিডি দেয়। কখনই কোনও রাজ্য সরকার ডিফল্টারদের ছাড় দিতে পারে না। অথচ এখানে তাই হচ্ছে। যে ৮০ কোটি টাকা শ্রমিকদের মেরে দিয়েছে তাকেও ছাড় দিচ্ছে, তাহলে আর তাকে ধরবেন কি করে। স্যার, আপনি শুনলে আরও আশ্চর্য হয়ে যাবেন, সম্প্রতি লেবার মিনিস্টার মিটিং ডেকে ডিফল্টারদের কথা শুনতে চাইলেন। তিনি বললেন, ডিফল্টারদের কথা শোনা হোক। ডিফল্টারদের কথা শোনার কি আছে? তারা সব চোর। শ্রমিকদের টাকা মেরে দিয়ে চলে গেছে। তাদের গ্রেপ্তার করার কথা, কিন্তু তাদের তোষামোদ করা হচ্ছে। আমি এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। পি.এফ.এর টাকা আদায় হচ্ছে না, সরকার চীট

ফান্ড নিয়ে নানা রকম হৈচৈ শুরু করে দিয়েছেন—আইনি, বেআইনি, যা পারছেন তা করছেন। অথচ পিয়ারলেসের গায়ে হাত দিতে পারছেন না। আমি বার বার জিজ্ঞাসা করি পিয়ারলেসের ডিফল্টেড মানি কত, সরকার একবারও কোনও উত্তর দিচ্ছেন না। আর অন জায়গায় চিৎকার করছেন। পিয়ারলেসকে ধরবেন কি করে, সেখানে যে টিকি বাঁধা আছে অথচ ওটাই হচ্ছে সব চেয়ে বড় চিটিংবাজি ফান্ড। আর প্রভিডেন্ট ফান্ডের ক্ষেত্রে দেখা অনেক জায়গায় জ্যোতি-বাবু কোনও কথাই বলতে পারেন না। মেটাল বক্সের ক্ষেত্রে কি তি কোনও কথা বলতে পারেন? আপনারা কেউ কোনও কথা বলতে পারেন? না পারেন না কারণ দীপক খৈতান জ্যোতিবাবুর ফ্যামিলি ফ্রেন্ড। মেটাল বক্সের ৮৪ জন শ্রমিক ইতিমধ্যে আত্ম-হত্যা করেছেন। তাঁদের মধ্যে সিপিএম এর লোক আছেন, কংগ্রেসের লোক আছেন অথচ প্রতি দিন সন্ধ্যায় জ্যোতি-বাবু তাঁর সঙ্গে মিলিত হচ্ছেন। ঘোড়ার মাঠে পর্যন্ত যাচ্ছেন তিনিই এই রাজ্যে একমাত্র মুখ্যমন্ত্রী, যাঁকে ঘোড়ার মাঠেও দেখা গেছে। আমার সাজেশন হচ্ছে ঐ সমস্ত মালিকদের গ্রেপ্তার করতে হবে, তাদের স্থাবর, অস্থাবর সমস্ত বিষয়-সম্পত্তি বাজেয়াপ্ত করতে হবে। কোনও রকম আর্থিক এবং সামাজিক সুযোগ সুবিধা যাতে তারা না পায় তা দেখার দায়িত্ব রাজ্য সরকারকে নিতে হবে। কেন্দ্রীয় সরকার এবিষয়ে আইন করেছেন ঠিকই, কিন্তু আইন রূপায়ণের দায়িত্ব রাজ্য সরকারের। ২০০ কোটি টাকা যারা মেরে দিয়েছে, তাদের কখনই ছেড়ে দেওয়া যায় না। সেজন্যই এবিষয়ে আমার সাজেশনগুলো আমি সরকারের কাছে রাখলাম।

[3-40 — 3-50 p.m.]

এর সঙ্গে আমি যেখানে যেখানে অ্যাকাউন্টস ফ্রীজ করছে সেখানে প্রভিডেন্ট ফান্ড কমিশনার এবং গভর্নমেন্টের তরফ থেকে তদ্বির করছেন। টোটাল ১৩০ টি অ্যাকাউন্টস ফ্রীজ করা হয়েছে, তার জন্য বিভিন্ন মাননীয় মন্ত্রী তদ্বির করেছেন ঐ বিপন্ন কোম্পানির জন্য কেন তদ্বির করবেন, যারা শ্রমিক কর্মচারিদের টাকা মেরে দিয়েছে তাদের জন্য কেন তদ্বির করা হবে? অ্যাকাউন্টস যাদের ফ্রীজ করা হয়েছে কোনও মন্ত্রী তদ্বির না করেন এটাই আমার দাবি, বিশেষ করে কয়েকটি ক্ষেত্রে অবিলম্বে প্রভিডেন্ট ফান্ড দেবার জন্য দাবি জানাচ্ছি যাদের যাদের বাকি আছে আমি তাদের নামগুলি বলছি। ওয়েস্ট বেঙ্গল স্যাকসবি ৩ কোটি প্রভিডেন্ট ফান্ড খেয়ে ফেলেছে। এস.বি.এস.টি.সি. ৪৪ লক্ষ ১৯ হাজার, এন.বি.এস.টি.সি. ৮ কোটি ৮৩ লক্ষ, সি.এম.টি.সি. ৬৪ কোটি ওয়েস্ট বেঙ্গল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন ৯ লক্ষ ৭৯ হাজার টাকা এস.ই.বি. ট্রামওয়েজ ২৪ কোটি। অবিলম্বে এগুলির স্পেশ্যাল ট্রি করে দেবার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এস. আর দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, সংশোধিত আকারে যে মোশন এসেছে সেই মোশনকে আমি সমর্থন করছি এবং কয়েকটি কথা রাখছি। এটা ঘটনা যে পশ্চিমবঙ্গে সংস্থাগুলির জন্য পি.এফের টাকা জমা যেমন দেওয়া হচ্ছে না, তেমনি কেন্দ্রে

রাজ্যের কিছু টাকা জমা দেওয়া হচ্ছে না। মাননীয় সুব্রত বাবু এটা স্বীকার করেছেন এবং ব্যাপারটা হচ্ছে অধিগৃহীত যেসব সংস্থাগুলি আছে, রাজ্যের সরাসরি যে সংস্থাগুলি আছে সেই সংস্থায় পি.এফ. ঠিক মত জমা দেওয়া হয়, অবসর গ্রহণ করার পরে তারা সেই টাকা পেয়ে যায়। বেসরকারি সংস্থাগুলি পি.এফের টাকা ব্যক্তিগত কাজে খরচ করে এটা ঠিক, সে ক্ষেত্রে রাজ্য সরকার এবং বার বার আমাদের মাননীয় শ্রম মন্ত্রী ও মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে, এই টাকা জমা দিতে হবে কোথায় কি পাওনা আছে। মাননীয় সুব্রত বাবু বলেছেন যে কয়েকজনকে টাকা না দেওয়ার জন্য গ্রেপ্তার করা হয়েছে এবং শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হচ্ছে, কিন্তু রাজ্য সরকার এ ব্যাপারে প্রতিহিংসা পরায়ণ নন সেই সব ক্ষেত্রে আমরা তো বলেছি যেমন জুটমিলের টাকা দিয়ে দেবার কথা বলা হয়েছে এবং মাননীয় সুব্রত বাবু নিশ্চয়ই জানেন রাজ্যের যে বড় বড় চটকলগুলি আছে তাদের ৪৬ কোটি ৬৩ লক্ষ ৭৭ হাজার টাকা আদালতের স্থগিতাদের জন্য দেওয়া বন্ধ আছে। আদালতের ৫ বছর ধরে মামলা চলছে, বার বার আদালতে গিয়ে নিম্ন আদালত থেকে উচ্চ আদালত এবং শেষে সুপ্রীম কোর্ট অবধি যাচ্ছে—ইনজাংশন নিয়ে আসছে, স্বাভাবিকভাবেই সেখানে রাজ্য সরকারের আর কিছু করণীয় থাকছে না। মাননীয় সুব্রতবাবু আদালতকে হুঁশিয়ারী দেবার জন্য বলেছেন, রাজ্য সরকার কি করে হুঁশিয়ারী দেবেন আমি তা বুঝতে পারছি না। এর সঙ্গে কতকগুলি সুপারিশও করেছেন যে আইন বদলান, পি.এফ. এব্যাপারে আইন হচ্ছে কেন্দ্রীয় সরকারের, সেখানে রাজ্য সরকার কি করবেন, পি.এফ এ্যাক্টের আইন তো কেন্দ্রীয় সরকারের। আমি যে ২২টি চটকলের কথা বলেছি তার মধ্যে কেন্দ্রীয় সরকারের অধিগৃহীত ৫টি চটকল আছে, ন্যাশনাল জুট ইউনিয়ন জুট, কৃষাণ জুট, আলেকজান্ডার জুট, খড়দহ জুট তাদের কাছে ৮ কোটি টাকার উপর পাওনা আছে, হাইকোর্টের স্থগিতাদেশ নিয়ে করছে। সুতরাং এই সব বিষয়গুলি জন্য স্বাভাবিকভাবেই রাজ্য সরকার দায়ী হতে পারেন না। কেন্দ্রও এর সঙ্গে দায়ী। কেন্দ্রীয় সরকারের আর্থিক সংকট চলছে কাজেই টাকা দিতে না পারার জন্য কেন্দ্রীয় সরকার দায়ী, তবু তো তাঁদের নিজেদের নোট ছাপাবার ছাপাখানা আছে, রাজ্য সরকারের তো সে রকম কোনও ব্যবস্থা নেই, এটা তো নয় যে, রাজ্য সরকার পি.এফের টাকা নিয়ে অন্য কোনও জায়গায় ব্যবহার করছে। সামগ্রিকভাবে অবস্থাটা এই দাঁড়িয়েছে যে, মালিকপক্ষ পি.এফের টাকা জমা দিচ্ছেন না এবং এটা কারো কারো ক্ষেত্রে সত্যি। তবে এই ব্যাপারে রাজ্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা যা নেবার নিচ্ছেন। এরজন্য কানোরিয়ার ডাইরেক্টরকে গ্রেপ্তার করা হয়েছে। অবশ্য পরে তিনি আদালত থেকে জামিন পেয়েছেন, কিন্তু সেক্ষেত্রে কোর্ট কন্ডিশন দিয়েছেন যে, তাকে ৩৫ লক্ষ টাকা দিতে হবে। কিন্তু সেই টাকা তিনি জমা দেননি বলে আদালত থেকে নির্দেশ দেওয়া হয়েছে যে, তার বিরুদ্ধে ফৌজদারি মামলা করা হোক। সায়মন কার্বের মহাবীর জালানকেও এই অপরাধে গ্রেপ্তার করা হয়েছে। তিনি জামিনও পাননি। রাজ্য সরকারের অবহেলার ফলে তারা জামিন পেয়ে যাচ্ছেন, এই অভিযোগও তাই সত্য নয়। মুখ্যমন্ত্রী কয়েক দিন আগে পরিষ্কারভাবে বলেছেন যে, এই ব্যাপারে ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং কেন্দ্রীয় সংস্থার কোথায় কোথায় টাকা জমা দেওয়া হয়নি তার ফিগারও চাওয়া

হয়েছে। ঐ ফিগার পেলে দেখা যাবে যে, সেখানে আরও অনেক বেশি টাকা জমা পড়েনি ঐ ফিগার পেলে অবশ্যই রাজ্য সরকার নিশ্চয়ই ব্যবস্থা নেবেন যাতে তার কর্মচারিরা বঞ্চি না হন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীশ মহম্মদ :** মিঃ চেয়ারম্যান স্যার, আজকে আমাদের বিরোধীপক্ষ থেকে যে মোশন নিয়ে আসা হয়েছে তাকে আমি সমর্থন করছি শ্রী লক্ষ্মী দে মহাশয়ের সংশোধনীসহ তবে আজকে যখন সরকার এই ব্যাপারে উদ্যোগী হয়েছেন তখন এই ধরনের একটা রেজলিউশন আনাটা একটা রাজনৈতিক চমক বলেই আমি মনে করছি। সরকার তো পি.এফের ব্যাপারে অনেকটাই এগিয়ে গেছেন। তা হলেও আমি এই রেজলিউশনকে সমর্থন করছি। ঐ প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা না দেবার ব্যাপারটা বহুদিন ধরেই চলছে। ওদের সময়েও এটা হয়েছে এখানে, কিন্তু আমরা এটা ধরাবার চেষ্টা করছি। এটা সত্যি যে, পশ্চিমবঙ্গে কিছু হাঙ্গর শ্রেণীর শিল্পপতি পি.এফের টাকা জমা দিচ্ছেন না এবং তারফলে শ্রমিকদের ক্ষতি হচ্ছে এবং সরকারেরও ক্ষতি হচ্ছে, কারণ কেন্দ্রীয় সরকারের যে ট্রাস্টি বোর্ড আছে সেখানে যদি টাকাটা জমা পড়তো তাহলে তার দ্বারা অনেক উন্নয়নমূলক কাজ করা যেত বিভিন্ন জায়গায় টাকা লগ্নী করে। কিন্তু সেই কাজ ব্যাহত হচ্ছে। তাই আমার মনে হয়, ৪০৯ এবং ৪০৬ ধারা অনুযায়ী এই নিয়ে মালিকদের বিরুদ্ধে মামলা করা উচিত এবং যারা টাকা জমা দেননি তাদের বিরুদ্ধে ৮৬ এবং ৮৭ ধারা অনুযায়ী সম্পত্তি ক্রোকের আদেশ দেওয়া উচিত। আজকে টি গার্ডেনগুলির অনেক মালিকও শ্রমিকদের পি.এফের টাকা জমা দিচ্ছেন না এবং তারফলে শ্রমিকরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন।

[3-50 — 4-00 p.m.]

তারপরে প্রাইমারি টিচারদের ক্ষেত্রে বহু জেলায় প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা হয়নি তারপরে নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট, সেখানেও একই অবস্থা। এগুলি আমাদের ভাবা উচিত তারপরে নর্থ বেঙ্গল শ'মিল অ্যান্ড ভিনিরার, সেখানেও একই অবস্থা চলছে, সেখানেও প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেওয়া হয়নি। তারপরে মেসার্স বেনসন টিম্বার কনসার্ণ, কুচবিহার সেখানেও সাংঘাতিক অবস্থা হয়ে আছে। সেখানেও কোনও টাকা-পয়সা জমা দেওয়া হয়নি তারপরে আমি নিজে জানি যে জুট মিল, সুগার মিল, বিড়ি শিল্প যেগুলি ঔরঙ্গবাদে আছে তাদেরও একই অবস্থা হয়ে আছে। তারপরে হাইস্কুল, হায়ার সেকেন্ডারী স্কুল, আমার বাড়ির পাশে চাপদানী কে.জি. বিদ্যালয়ের শিক্ষকদের টাকা আত্মসাৎ করা হয়েছে, সেগুলি জমা পড়েনি যেগুলি তাদের বেতন থেকে কেটে নেওয়া হয়েছিল। সেই টাকা নিয়ে জাল-জোচ্চুরি করা হয়েছিল, ২ নম্বর খাতা করে সেগুলি নয়-ছয় করা হয়েছে এবং যে ভদ্রলোক এগুলি করেছিলেন তাকে অ্যারেস্টও করা হয়েছিল কিন্তু তিনি আগাম জামিন নিয়েছিলেন। পরবর্তীকালে জানা গেছে যে তিনি কলকাতায় বেঁচে আছেন, অথচ ডিক্লেয়ার করে দেওয়া হয়েছিল যে তিনি মারা গেছেন। সুতরাং আজকে এই সব চোর হাঙ্গর শিল্পপতিরা শ্রমিকরা যে টাকা জমা

দিচ্ছে সেগুলি নিজেদের কাছে কুক্ষিগত করে রাখছে। এতে শুধু শ্রমিকরাই মরছে তা নয়, সেই সঙ্গে পশ্চিমবাংলার উন্নয়ণমূলক কাজে যেটা লগ্নি করা যেত সেদিক থেকেও ক্ষতি হচ্ছে। সুতরাং আজকে এই সব চোরদের ধরতে হবে এবং তাদের বিরুদ্ধে কেস দাঁড় করাতে হবে। পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে কিছুটা এগিয়ে গেছেন এবং তারা আরও চেষ্টা করছেন। কিন্তু এই চেষ্টা ভাষাভাষা করলে হবে না, এই সম্পর্কে কঠোর ব্যবস্থা করতে হবে। তবে এটাও সত্যি কথা এবং খবরের কাগজেও দেখেছি যে পশ্চিমবঙ্গ সরকার যখন তাদের লেজে হাত দিতে যাবে তখনই বিরোধী পক্ষের সদস্যরা বলবে যে সরকারের এই মনোভাবের জন্য পশ্চিমবঙ্গ থেকে শিল্প চলে যাচ্ছে। কাজেই তারা এগুলি ত্যাগ করার চেষ্টা করবেন। আজকে এখানে যে রেজলিউশন আনা হয়েছে তারজন্য ধন্যবাদ জানাচ্ছি। তবে এটাও ভাবা দরকার যে শুধু রাজনীতি করলেই হবে না। রাজনৈতিক চমক সৃষ্টি করলেই হবে না, সঠিক জায়গায় মানসিকতা নিয়ে এগিয়ে যেতে হবে। এই কথা বলে লক্ষ্মীকান্ত দে যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেটা সহ এই রেজলিউশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের ডাঃ মানস ভুঁইয়া কর্তৃক আনীত প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য রাখছি। প্রভিডেন্ট ফান্ডের টাকা এইভাবে তছরূপ করার জন্য এক শ্রেণীর মানুষ তারা পিছিয়ে পড়েছে। কিন্তু ১৭ বছর ধরে একটা সরকারের চৈতন্য উদয় হতে সময় লেগেছে। এই সরকার স্ববিরোধিতায় ভুগছেন যে কি পদ্ধতি নেওয়া হবে। যখন কাশীরাম থেকে আরম্ভ করে তাপুরিয়া, জালান, অরুন বাজোরিয়া গ্রেপ্তার হল তখন দেখা গেল মুখ্যমন্ত্রী নিজে এগিয়ে এসে বললেন যে এইভাবে কাজ করা ঠিক হচ্ছে না। ২৩শে এপ্রিল মুখ্যমন্ত্রী বিভিন্ন চেম্বার অব কমার্সে স্বীকার করলেন যে প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়ে বাড়াবাড়ি হয়েছে। এর ফলে যারা কিছুটা আতঙ্কিত হয়েছিল, তাদের মধ্যে আবার উৎসাহ এল যে মুখ্যমন্ত্রীর প্রশ্রয় তাদের পিছনে আছে। কিন্তু মুখ্যমন্ত্রীর এই ভূমিকা, এই মনোভাব সি.পি.এম.এর পার্টি লেভেলে স্যাংশন পেল না। সি.পি.এমের দলীয় মহলে এবং সিটু উচ্চ পর্যায়ে আলোচনার পর মুখ্যমন্ত্রীর এই মত পরিবর্তন করতে বাধ্য হয়। বাধ্য হয়ে মুখ্যমন্ত্রীকে দিয়ে পুনরায় এই সমস্ত যারা প্রভিডেন্ট ফান্ডের টাকা ফাঁকি দিচ্ছে তাদের গ্রেপ্তার করার উদ্দেশ্যে একটা ব্যাপক ড্রাইভ দেওয়া সিদ্ধান্ত রাজ্য সরকার গ্রহণ করে। ইতিমধ্যে দেরি হয়ে গিয়েছে। তখন ওরা পালিয়ে গেল। এখনও পর্যন্ত রাজ্য সরকারের তরফ থেকে কাউকে গ্রেপ্তার করা সম্ভব হল না, পালিয়ে গেছে যারা তাদের খুঁজতেই ব্যস্ত হয়ে পড়লেন। ইট ইজ লেট এনাফ। প্রভিডেন্ট ফান্ডের টাকা আত্মসাৎ করে যারা পালিয়ে বেড়াচ্ছিল তাদের মধ্যে প্রথম যখন অরুন বাজোরিয়াকে গ্রেপ্তার করা শুরু হল, তাকে গ্রেপ্তার করার পর কিছুক্ষণ আটকে রেখে তাকে বেলভিউর মতো একটা নার্সিং হোমে পাঠিয়ে দেওয়া হল। শুরুটা করেছিলেন ভাল। এটা বলা যায় বিগিনিং ইজ গুড বাট ফিনিশিং ইজ ওয়ার্স্ট। শুরুটা ভাল হয়েছে কিন্তু এর শেষটা খুবই খারাপ। কেবলমাত্র শিল্পপতি নয়, রাজ্য সরকারের অবস্থা অত্যন্ত করুণ। আজকে পশ্চিমবাংলায় ১৩০ টি সংস্থায় ২৬৭ কোটি প্রভিডেন্ট ফান্ডের

টাকা বাকি আছে এবং এই মোট বাকি টাকার মধ্যে রাজ্য সরকারের তরফ থেকে কর্মচারিদের পি.এফের টাকা বাকির পরিমাণ হচ্ছে ৫৬ কোটি টাকা। পি.এফ কমিশনারের সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর একটা বৈঠক হয়, সেই বৈঠক ৬ই এপ্রিল হয়েছিল, সেখানে মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে রাজ্য সরকার এই টাকা অবিলম্বে পেমেন্ট করে দেবেন। সেই ব্যাপারে আমরা রাজ্য সরকারের কাছ থেকে নির্দিষ্ট মতামত চাই এই যে পি.এফের টাকা, কর্মচারিদের টাকা এই সম্পর্কে রাজ্য সরকারের নির্দিষ্ট সিদ্ধান্ত কি? আমরা জানি যে যাদের সঙ্গে লড়াই তারা অনেক বড় শক্তি, সেই শক্তির সঙ্গে লড়াই করা শক্ত। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছ থেকে এই ব্যাপারে কিছু বিচ্ছিন্নভাবে শাস্তি দানের কথা উঠেছে। এই শাস্তি দান বা এটাকে কন্ট্রোল করার ব্যাপারে আমার কিছু প্রস্তাব আছে। এই পরিস্থিতি মোকাবিলা করবার জন্য আমি ৬টি প্রস্তাব দিচ্ছি, এটা মেনে নেবার উদ্যোগ গ্রহণ করুন। প্রথম হচ্ছে যে সংস্থার পি.এফের টাকা বাকি আছে সেই সংস্থাকে ব্লাক লিস্টে রাখতে হবে, তাকে কালো তালিকাভুক্ত করতে হবে

(এই সময় লাল বাতি জ্বলে ওঠে)

দুই হচ্ছে ওদের যে সম্পত্তি আছে সেটা বাজেয়াপ্ত করতে হবে এবং তাদের যে পাসপোর্ট আছে সেটাকে বাজেয়াপ্ত করতে হবে। তাদের ব্যাঙ্কের ঋণের সুযোগ বন্ধ করা হোক। তাদের আমদানি বন্ধ করে দেওয়া হোক। তাদের সচিত্র পরিচয় পত্র দিয়ে দেশের বিভিন্ন পত্র-পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হোক যে এরা পালিয়ে বেড়াচ্ছে। এইভাবে তাদের সামাজিক ভাবে বয়কট করার চেষ্টা করুন। তাদের নামে হুলিয়া জারি করে দিন। সর্বশেষে একটা স্পেশ্যাল কোর্ট তৈরি করুন, একটা বিশেষ আদালতের মাধ্যমে তাদের এই কেসগুলি নিষ্পত্তি করার ব্যবস্থা করুন। বিশেষ আদালতের কথা এই জন্য বলছি—আমি হাই কোর্টের প্রতি অবমাননা না করে বলছি—তাদের বিরুদ্ধে কোনও কিছু করতে গেলে তারা হাই-কোর্টে যাবে এবং সেখান থেকে অ্যান্টিসিপেটারী বেল নিয়ে চলে যাবে, আর তাদের স্পর্শ করা যাবে না। তাদের বিরুদ্ধে যদি শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করতে চান তাহলে একটা বিশেষ আদালত তৈরি করুন যেখানে এই সমস্ত কেসের নিষ্পত্তি হতে পারে। এইগুলি যেটা আত্মসাৎ হচ্ছে তার থেকে কিছুটা রিলিফ দেওয়া যাবে।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী প্রবোধ পুরকাইত :** মাননীয় সভাপতি মহাশয়, এখানে মাননীয় সদস্যরা যে ১৮৫ এর মোশন এনেছেন আমি তার উপরে কয়েকটি কথা বলছি। বামফ্রন্ট বলেন যে তাঁরা শ্রমিক কর্মচারিদের সংগ্রামের হাতিয়ার হিসাবে পশ্চিমবঙ্গে আছেন এবং শ্রমিক কর্মচারিদের স্বার্থে তাঁরা সরকারের নীতি নির্ধারণ করে সরকার পরিচালনা করছেন, এটা যদি যথার্থ হয়, তাহলে এই প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারে সারা ভারতবর্ষের তালিকা দেখলে কি দেখা যাচ্ছে? সেখানে দেখা যাচ্ছে যে পশ্চিমবঙ্গের নাম সবার শীর্ষে দাঁড়িয়ে আছে। তারপর আছে মহারাষ্ট্র। এটা যদি শ্রমিক কর্মচারিদের স্বার্থে পরিচালিত সরকার হয়, তাহলে পশ্চিমবঙ্গে এই রকম

এক সরকারের পরিচালনায় ১৭ বছরের রাজত্বে মালিক বা ব্যবসায়ী গোষ্ঠীরা এই সুযোগ পেল কেমন করে? সরকারের যদি সদিচ্ছা থাকত, শ্রমিক কর্মচারীর স্বার্থ তাঁরা যদি দেখতেন তাহলে এই কাজ করার সাহস তাঁরা পেতেন না। অথবা এই যে কান্ডটা ঘটে গেল, সবার শীর্ষে পশ্চিমবঙ্গের স্থান রয়েছে, এটা ঘটতে পারত না। এর দ্বারা বলা যায় না যে এই সরকার শ্রমিক কর্মচারীর স্বার্থ রক্ষা করে চলছে। আপনারা দেখেছেন, সম্প্রতি একমাসে তাঁরা বকেয়া পি.এফের টাকা আদায় করবার জন্য অভিযান চালিয়েছেন এবং বকেয়া মোট ১৬২ কোটির মধ্যে ১০ কোটি ১৩ লক্ষ টাকা আদায় করতে পেরেছেন। এখন দেখা যাচ্ছে যে এই সমস্ত মালিকরা পালিয়ে বেড়াচ্ছেন এবং যে কয়েকজন গ্রেপ্তার হয়েছিলেন তাঁদের নানাভাবে, সরকারিভাবে, এমন কি মুখ্যমন্ত্রী পর্যন্ত যে ভাবে বনিকসভায় বলেছেন, তার দ্বারা প্রমাণ হয়ে যায় যে, মালিকদের গ্রেপ্তারের জন্য যে অভিযান চলছিল, মুখ্যমন্ত্রীর বক্তব্যের ফলে তা ব্যাহত হয়েছে। এর দ্বারা প্রমাণ হয় যে তাঁরা মালিকদের স্বার্থে এই কাজ করেছেন। এই কথা সেটাই প্রমাণ করে। বামফ্রন্ট সরকারের রাজত্বকালের চটকলের মালিকরা ১৯৮১ সালে যেখানে ৮.২০ কোটি টাকা বাকি রেখেছিলেন, সেখানে বর্তমানে পি.এফ. বকেয়া এসে দাঁড়িয়েছে ৯০ কোটি টাকার মতো। এই যে অবস্থা এসে দাঁড়িয়েছে বামফ্রন্টের রাজত্বে, যে পি.এফের টাকা বকেয়া পড়েছে, চটকলের মালিকরা এই যে কাজ করেছেন, এটা করতে তাঁরা সাহস পেলেন কি করে? এটা থেকে প্রমাণ হয় যে রাজ্য সরকারের যে নীতি বা প্রশ্রয় বা এই বিষয়ে গুরুত্ব না দেওয়া, এ থেকেই শ্রমিক কর্মচারিদের ফাঁকি দেবার জন্য, তাদের টাকা আত্মসাৎ করার জন্য মালিকরা বেপরোয়াভাবে এই কাজটা করে গেছে। চটকল মালিকদের কাছ থেকে পি.এফের বকেয়া টাকা ধরবার জন্য এনফোর্সমেন্ট ব্রাঞ্চ যে অভিযান চালিয়েছে তাতে ১১ জন মালিক ধরা পড়েছে, বাকিরা সবাই গা ঢাকা দিয়েছে। এই যে অবস্থা, এই অবস্থায় পুলিশ বলছে যে ৪০৬ এবং ৪০৯ ধারা মতে এদের সম্পত্তি বাজেয়াপ্ত করা যেতে পারে এবং তারপর সেই সম্পত্তি নিলামে বিক্রি করে পি.এফের টাকা আদায় করা যায়। এই আইন সরকারের হাতে আছে। এই যে আইন পশ্চিমবঙ্গ সরকারের হাতে আছে, তাঁদের হাতে যে ক্ষমতা আছে সেই ক্ষমতাবলে পি.এফের টাকা যা ফাঁকি দিয়ে যাচ্ছে, টাকা আত্মসাৎ করছে, সাধারণ মানুষের টাকা আত্মসাৎ করছে, তা সরকারের হাতে থাকা আইন প্রয়োগের মাধ্যমে ধরা যেতে পারত। এই কথা পুলিশ বলছে। এতদিন ধরে সেটা কেন প্রয়োগ করা হয়নি? এর দ্বারা কি প্রমাণ করে যে বামফ্রন্ট সরকারের এই ব্যাপারে সদিচ্ছা ছিল? বামফ্রন্ট সরকারের পি.এফের বকেয়া টাকা আদায় করবার কোনও সদিচ্ছা ছিল না। অথচ তাঁরা বলছেন যে তাঁরা শ্রমিক কর্মচারিদের স্বার্থে কাজ করছেন। এ তো গেল মালিক শ্রেণীর কথা। কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার যে সমস্ত সংস্থা পরিচালনা করছেন, তাঁরাও মালিকদের মতো শ্রমিক কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দেন না। এই যে স্ববিরোধিতা থেকে যাচ্ছে, একদিকে বেসরকারি মালিক, চটকলের মালিকরা তারা যেভাবে প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছেন না, সরকারও শ্রমিক কর্মচারিদের টাকা আত্মসাৎ করছেন। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[31st May, 1994]

**শ্রী পতিতপাবন পাঠক :** মাননীয় চেয়ারম্যান স্যার, প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে যে প্রস্তাব এসেছে নিশ্চয় এটা আজকে আলোচনার অবকাশ রাখে। মুখ্য সচেতক যে সংশোধন এনেছেন সেগুলো গৃহীত হবে। এটা বিবেচনা করার জন্য আমরাও বক্তব্য রাখছি। প্রথমত আপনাদের পরিষ্কার করে বলতে চাই যে, প্রভিডেন্ট ফান্ড জমা না দেওয়া বাকি রাখা নিশ্চয় সঠিক কাজ নয়। সেখানে সরকারি কি বেসরকারি সংস্থা উভয়ই অন্যায় করছে। কিন্তু বেসরকারি সংস্থায় প্রভিডেন্ট ফান্ড সম্পর্কে যে সমালোচনা হয় সরকারি প্রশাসন সম্পর্কে সেভাবে গ্রহণ করা যাবে না। কারণ সরকারি প্রতিষ্ঠানে যেসমস্ত কর্মচারী আছেন, তাদের টাকা জমা না দিলেও বাকি থাকলেও অবসরকালীন সময়ে, অবসর যখন নেবেন সে যে কারণেই হোক না কেন চাকুরি ছেড়ে দেওয়া বা অসুস্থতা বশত হোক সে তার প্রাপ্য প্রভিডেন্ট ফান্ডের টাকা সুদসহ ফেরৎ পাবে, রাজ্য সরকার সেটা দিয়ে দেবে। কিন্তু বেসরকারি মালিকানার যে সমস্ত প্রতিষ্ঠান সেক্ষেত্রে কিন্তু ব্যতিক্রম আছে। সেখানে যদি টাকা সময়মতো জমা না দেওয়া হয় তাহলে অবশ্যই অপরাধ এবং তারজন্য যেকোনও শাস্তি পাওয়া উচিত। দ্বিতীয় কথা হচ্ছে যে, চটকল সম্পর্কে কিছু তথ্য আপনাদের জানানো দরকার। কেন্দ্রীয় সরকারের অনুমোদন নিয়েই ইন্ডিয়ান জুট মিল অ্যাশোসিয়েশন এক্সটেনডেট ক্যাটাগরির মধ্যে পড়ে। সেখানে সব চটকলই একজ্যাম্পটেড ক্যাটাগরির মধ্যে পড়ে। প্রভিডেন্ট ফান্ড সেখানে অফিসে জমা না দিলেও চলতে পারে, নিজের অফিসে রাখতে পারেন। এটা আপনাদের অবগতির জন্য পেশ করলাম। প্রভিডেন্ট ফান্ড জমা না দেওয়া আইনত দন্ডনীয় এবং এরজন্য যে ধরনের হোক শাস্তি হওয়া উচিত। কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকারের প্রভিডেন্ট ফান্ড বাকি থাকলে সেটা ঠিকই পাওয়া যাবে। কিন্তু এটাও ঠিক নয় যে আটকে রাখার, তবে মাননীয় মুখ্যমন্ত্রীর চেষ্টাতে এই জট ছাড়ানোর চেষ্টা হচ্ছে। তিনি প্রথমেই বলেছেন কোনও অবস্থাতেই প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা না দেওয়া ঠিক নয় এবং এগুলো ঠিকমতো যাতে জমা পড়ে তারজন্য তিনি বিশেষ উদ্যোগ নিয়েছেন। রাজ্যের যে বিভিন্ন সংস্থাতে বাকি আছে সেগুলো ঠিকমতো ফেরৎ দেওয়ার চেষ্টা করা হচ্ছে।

[4-10 — 4-20 p.m.]

গত দুই মাস ধরে এই নিয়ে অনেক চেষ্টা হয়েছে, গত ১৬ মে এটা নিয়ে বৈঠক হয়েছে, আমরা আশা করছি রাজ্য সরকারের যেটুকু পাওনা আছে সেটা অবিলম্বে মিটিয়ে দিতে পারবে। আবারও বলছি এই যে নতুন ফাঁকটা এটা গৌরবের ব্যাপার নয়। আমরা আশা করব এই ব্যাপারে পি.এফ.-এর টাকা যাতে সমস্ত মালিকদের কাছ থেকে আদায় হয় সেই ব্যাপারে যৌথ প্রচেষ্টা হবে। সেইজন্য সকলে যাতে একসাথে কাজ করতে পারে সেটা দেখা দরকার এবং যেটুকু অ্যামেন্ডমেন্ট আছে সেটা ধরে নিয়েই এটাকে সমর্থন করছি। আপনারা যে সমস্ত বিষয়গুলি বলেছেন সেইগুলি নিশ্চয় নথিভুক্ত হয়েছে, এইগুলির ব্যাপারে আমরা দরকার হলে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করব, শ্রমমন্ত্রীর সঙ্গে আলোচনা করব, দরকার হলে আপনাদের সঙ্গেও আলোচনা করব।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সম্প্রতি পশ্চিমবঙ্গে যে বিষয়টা নিয়ে ব চাইতে বিতর্ক হয়েছে এবং সবার দৃষ্টি কেড়েছে তা হল প্রভিডেন্ট ফান্ড ইস্যু এবং হনতি শ্রমিক সরকারি কর্মচারী শিক্ষক বেসরকারি ও সরকারি পর্যায়ের রাজ্য ও কেন্দ্র ভয় স্তরের পি.এফ. নিয়ে একজেমটেড ক্যাটাগরি ও আনএকজেমটেড ক্যাটাগরি যেভাবে মিক কর্মচারিরা বঞ্চিত হচ্ছে, সেই উদ্দেশ্যেই আজকে এই প্রস্তাব। মাননীয় সদস্য শীশ হম্মদ সাহেব তিনি বললেন যে হঠাৎ করে যখন সরকার উদ্যোগ গ্রহণ করছেন তখন ংগ্রেসিরা একটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে চিন্তা-ধারণা নিয়ে এই প্রস্তাব এনেছেন, টা তাদের মনে হচ্ছে। আমি এর তীব্র প্রতিবাদ করছি এই কারণে, ১৭ বছর বাদে যে াজ্যের মুখ্যমন্ত্রী নিজে পুলিশ মন্ত্রী, যে রাজ্যের মুখ্যমন্ত্রী অল ইন্ডিয়া সিটুর ভাইস প্রেসিডেন্ট, য রাজ্যের মুখ্যমন্ত্রীর সরকার, শ্রমিক দরদী সরকার হিসাবে ডেসপারেট প্রচার করে নিজেদের স্ট্যাবলিশ করার প্রচেষ্টা করেছে ভারতবর্ষের মাটিতে, সেই সরকার শ্রমিকদের টাকা মেরে ালিকদের তোষণ করবে এটা আমরা বরদাস্ত করব কেন এবং এই দৃষ্টান্ত যখন ম্যাপে ঠতে উঠতে পশ্চিমবঙ্গ ১ নম্বর জায়গায় চলে গিয়েছে, প্রায় ১৬২ কোটি টাকা মালিকরা রে বসে আছে তখনও মুখ্যমন্ত্রী ঘুমাচ্ছেন, শ্রমমন্ত্রী ঘুমাচ্ছেন, পুলিশ নীরব, একটাও ক্রিমিনাল কেস হল না।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের যা সময় নির্দিষ্ট করা আছে তাতে এটা শেষ হবে না, সেইজন্য আরও আধঘন্টা সময় বাড়িয়ে নিচ্ছি, আশাকরি এতে আপনাদের সকলের মত আছে, আধঘন্টা সময় বাড়িয়ে নিচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া :** তখন কেন বামফ্রন্ট সরকার নীরব থাকবে? এই জায়গায় আপত্তি। আমাদের বিতর্ক নেই, আমি নিশ্চিতভাবে মনে করে ১৭ বছর ঘুমিয়ে থাকার পর বাই ইলেকশনে শ্রীরামপুরকে সামনে রেখে সরকার একটু নড়েচড়ে বসেছিলেন। অরুণ বাজোরিয়া নাটক শুরু হল, তাপোরিয়া নাটক শুরু হল, জালানের নাটক শুরু হল এবং নাটক শুরু হওয়ার তিন দিনের মাথায় সংবাদপত্রের খবর দেখেছেন, সেখানে জেলার তটস্থ হলেন, সুপারিনটেনডেন্ট ছুটে গেল, ডাঃ কেঁপে উঠল সার্টিফিকেট দিতে, উইদাউট সার্টিফিকেটে তাকে নিয়ে ছুটেছেন বেলভিউ নার্সিংহোমে। এই জায়গাটাতেই আমাদের আপত্তি। এই নাটক নাটক খেলা কেন? আপনারা পরিষ্কার করে বলুন, আপনারা শ্রমিকদের বঞ্চনা করছেন। শ্রমিকদের ১৭ বছর ধরে আপনারা বঞ্চনা করছেন। আপনাদের বঞ্চনার জালে শ্রমিকরা আজকে জড়িয়ে পড়েছে। আজকে ১৬২ কোটি বাঁকি পড়ে আছে, আর আপনারা নীরব দর্শক। তাই আজকে আমরা এই প্রস্তাবটা নিয়ে এসেছি এবং এর একটা সংশোধনী আপনারা দিয়েছেন। এই প্রস্তাবের উপর সরকার পক্ষের বক্তব্য আমি খুব মনোযোগ দিয়ে শুনেছি। আমি আশা করেছিলাম—পতিতবাবু মন্ত্রিসভার একজন সদস্য হিসাবে এখানে বক্তৃতা রেখেছেন—শ্রমমন্ত্রী এখানে এসে বক্তব্য রাখবেন। কিন্তু তিনি বললেন শ্রমমন্ত্রী দিল্লি চলে গেছেন। কেন তিনি দিল্লি যাবেন? এখানে বি.এ. কমিটির মিটিং করে অনেকদিন আগে বলে দেওয়া হয়েছিল

আজকে এটা নিয়ে আলোচনা হবে। তাহলে আজকে শ্রমমন্ত্রী নেই কেন? মুখ্যমন্ত্রী আজকে হাউসে আসেননি কেন, অর্থমন্ত্রী আজকে এই প্রশ্নের উত্তর কে দেবে। আমরা হঠাৎ করে দেখলাম যে প্রভিডেন্ট ফান্ড, প্রভিডেন্ট ফান্ড নাটক বন্ধ হয়ে গেছে, মিইয়ে গেছে। আবার নতুন নাটক সৃষ্টি হয়েছে, চিটফান্ড নাটক। প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারটাকে সম্পূর্ণ অন্ধকারে ফেলে দিয়ে চিটফান্ড নাটক সৃষ্টি করা হয়েছে। সেই নাটকের নায়ক হচ্ছে অসীমবাবু। যে প্রস্তাবগুলো মাননীয় সুদীপবাবু এবং সুব্রত বাবু রেখেছেন সরকার সেগুলো স্পেসিফিকভাবে বলুক। এটা একটা ভয়ঙ্করভাবে ক্রিমিনাল অ্যাকটিভিটিস একজন মানুষকে খুন করলে যে দোষ হয়, শ্রমিকদের টাকা মারলেও সেই একই দোষে দুষ্ট হয়। তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ফ্রিজ হবে না কেন? তাদের পাসপোর্ট ফ্রিজ হবে না কেন? তাদের সমস্ত রকম যে সুযোগ-সুবিধা দেওয়া হয় তা বন্ধ হবে না কেন? কলকাতা পুলিশের লালবাজার থেকে রেডিও, টি.ভি থেকে কেন বলা হবে না, এই সমস্ত লোকেরা পলাতক, এই সমস্ত লোকেরা নিরুদ্দেশ। এদের ছবি ছেপে ঘোষণা করা হবে না কেন? আজকে নির্দিষ্টভাবে যে প্রস্তাব রাখা হয়েছে, আমরা এই সভার মধ্যে থেকে আশ্বস্ত হতে চাই, যে এই মন্ত্রিসভার পক্ষ থেকে, এই সভার পক্ষ থেকে এই সংশোধনী গ্রহণ করা হচ্ছে। এটা কোনও রাজনৈতিক ব্যাপার নয়। এটা একটা দৃষ্টিভঙ্গির ব্যাপার। আজকে আপনারা শ্রমিকদের সঙ্গে প্রবঞ্চনা করছেন। এটা প্রমাণিত হয়ে গেছে আপনারা তঞ্চক, আপনারা ব্যাভিচার। আজকে শ্রমিকদের বিরোধিতা করে শ্রমিকদের আজকে বঞ্চনা করে, তাদের কারাগারে নিক্ষেপ করে। আজকে বাজোরিয়া, জালানদের পায়ের তলায় আপনারা বসে আছেন।

[4-20 — 4-27 p.m.]

কারণ ওরা এদের দলটা চালাচ্ছেন পেছন থেকে। তাই স্যার, এই প্রস্তাবের ভেতর থেকে দৃষ্টিভঙ্গি যেটা বেরিয়ে আসে সেই জায়গায় দাঁড়িয়ে আজকে মাননীয় মন্ত্রী পতিতবাবুর কাছ থেকে যে কথাটা আমরা শুনতে চেয়েছিলাম সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারলেন না। এ ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গিটা কি সেটা মাননীয় মন্ত্রী মহাশয় বলুন। সেটা কিন্তু মাননীয় মন্ত্রী মহাশয় বললেন না। ভাসা কিছু কথা বলে হ্যাঁ, এটা হওয়া উচিত, এটা হওয়া উচিত নয় ইত্যাদি—তিনি তার বক্তব্য শেষ করলেন ঐ যাত্রাদলের বিবেকের মতন। স্যার, আপনি জানেন যে যাত্রাদলের পালা চলার সময় তলোয়ারের লড়াই চলতে চলতে মাঝে মাঝে একজন বিবেক ঢুকে পড়েন এবং তিনি উদাত্ত কণ্ঠে গান শোনান এটা করা উচিত নয়, এটা করা উচিত ইত্যাদি বলে। এক্ষেত্রেও মন্ত্রী মহাশয় ঠিক সেই ভূমিকাই পালন করলেন। এটা তো আমরা জানি যে পি.এফের টাকা মেরে দেওয়া মানে একটা খুনের আসামীর যে অপরাধ সেই একই রকমের অপরাধ। কিন্তু আমার জিজ্ঞাস্য, সরকার এক্ষেত্রে কী করেছিলেন? আর এটাই তো আমরা মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চেয়েছিলাম। স্যার, আমি এই প্রস্তাবটাকে সর্বদলীয় প্রস্তাবে রূপ দেওয়ার জন্য হীনমণ্য রাজনৈতিক দৃষ্টিভঙ্গির উর্ধ্বে উঠে আজকে লক্ষ্মীবাবুর সংশোধনী গ্রহণ করলাম কিন্তু পতিতবাবুর কাছ থেকে আমরা যেটা

শুনব বলে আশা করেছিলাম সেটা আমরা শুনতে পেলাম না। আমি স্যার, আপনার কাছে তাই অনুরোধ করব, আপনি মাননীয় পতিতবাবুকে দু' মিনিট সময় দিন আপনার স্পেশ্যাল পাওয়ার প্রয়োগ করে এবং পতিতবাবু সরকারের দৃষ্টিভঙ্গি পরিষ্কার করে বলুন এই প্রস্তাবকে সমর্থন করে। স্যার, ঐ সমস্ত ব্যবসায়ী যারা দুষ্ট গ্রহের মতন অ্যাবসকন্ডার লিস্টচিহ্নিত হয়ে আছে পুলিশ নাকি তাদের খুঁজে পাচ্ছে না। তারা নাকি পলাতক। তারা কি পশ্চিমবঙ্গ থেকে পলাতক, না কি ভারতবর্ষ থেকে পলাতক? মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, যদি তারা পশ্চিমবঙ্গ থেকে বা ভারতবর্ষ থেকে পলাতক হয় তাহলে এক্ষেত্রে সরকার ইন্টার স্টেট পুলিশের মাধ্যমে খোঁজ করেছেন কিনা? ইন্টার স্টেট পুলিশ মেশিনারিকে এনগেজ করার জন্য ভারতবর্ষের স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বিষয়টি জানিয়েছেন কিনা? ভারতবর্ষের বাইরে যদি পালিয়ে গিয়ে থাকে তাহলে ভারত সরকারের মাধ্যমে ইন্টারপোলের সাহায্য নিয়েছেন কিনা? পাসপোর্ট অফিসে কোনও রকম ইনস্ট্রাকশন দিয়েছেন কিনা যাতে এদের পাসপোর্ট সিজ করা হয়? না, আপনারা কিছুই করেন নি। আপনাদের সমস্ত ব্যাপারটাই হচ্ছে নাটক। আমি আরও জানতে চাই, রাজ্য সরকার এদের সম্পত্তি ক্রোক করার জন্য কোনও নির্দেশ দিয়েছেন কিনা? এর সবগুলির উত্তরই হচ্ছে, না। আজকে আমাদের তাই সন্দেহ জাগে এই সরকারের কাজকর্ম সম্পর্কে। গত ১৭ বছর ধরে দেখছি পশ্চিমবঙ্গে কারখানার গেটে সিটুর লাল পতাকা, শিক্ষা প্রতিষ্ঠানে নিখিলবঙ্গ শিক্ষক সমিতির লাল পতাকা, গ্রামাঞ্চলে কৃষক সভা, সরকারি কর্মচারিদের মধ্যে কোঅর্ডিনেশন কমিটি, পুলিশের মধ্যে নন গেজেটেড পুলিশ কর্মচারী সমিতি ইত্যাদি করে লাল পতাকা নিয়ে এই সরকারের নেতারা সারা রাজ্যে দাপিয়ে বেড়াচ্ছেন। এরা নাকি শ্রমিক দরদী সরকার। ওদের নেতা মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু, তিনি সবচেয়ে বড় শ্রমিকবিরোধী, মালিক তোষণকারী এবং স্বার্থান্বেষী মহলের প্রতীক হিসাবে মালিকদের তোষণ করে ১৭ বছর ধরে সরকার চালাচ্ছেন। এসব কথা বলার সাহস পতিতবাবু আছে? যদি তিনি হ্যাঁ বলেন তাহলে দরকারে আমি প্রস্তাব উইথড্র করে নেব কিন্তু আমরা জানি পতিতবাবুর সে সাহস নেই। স্যার, আমি লক্ষ্মীবাবুর সংশোধনী গ্রহণ করছি। আমি স্যার, আপনাকে অনুরোধ করছি, আপনি মাননীয় পতিতবাবুকে দু' মিনিট সময় দিন এবং আমাদের প্রস্তাবগুলি উনি গ্রহণ করেছেন কিনা সেটা বলুন। যে সমস্ত মালিক পলাতক, নিরুদ্দেশ হয়ে গিয়েছে তাদের সমস্ত সম্পত্তি বাজেয়াপ্ত করে তাদের গ্রেপ্তার করার নির্দেশ রাজ্য সরকার দেবেন কিনা তিনি স্পষ্টভাবে তা বলুন। এই প্রস্তাবের আলোচনায় সকলে অংশ গ্রহণ করেছেন, আমি চাই এই প্রস্তাব সর্বসম্মতভাবে গৃহীত হোক। এই শ্রমিকদরদী সরকারের আমলে আমরা দেখছি পশ্চিমবঙ্গ পি.এফের টাকা মেরে দেওয়ার তালিকায় এক নং জায়গায় চলে গিয়েছে। এটা বাংলার লজ্জা, বাংলার শ্রমিকদের লজ্জা, বাংলার ইতিহাসের লজ্জা। সকলকে এই প্রস্তাব গ্রহণ করার জন্য আবেদন জানিয়ে আমি শেষ করছি।

**Mr. Speaker :** There are amendments to the Motion by Shri Lakshmi Kanta Dey. The amendments are in order. The amendments were already moved. Now I put to vote.

The motion of Shri Lakshmi Kanta Dey that (a) In the second para of the motion after the words "কিছু সংস্থাও" the words "নানা কারণে" be inserted;

(b) The third para of the motion be omitted.

Were then put and agreed to.

The motion of Dr. Manas Bhunia that

"যেহেতু এই রাজ্যে শ্রমিকদের প্রাপ্য প্রায় দুই শত কোটি টাকা মালিকপক্ষ প্রভিডেন্ট ফান্ডে জমা দেন নাই;

যেহেতু রাজ্য সরকারের কিছু সংস্থাও নানা কারণে প্রভিডেন্ট ফান্ডে টাকা জমা না পড়ায় লক্ষ লক্ষ শ্রমিকদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে;

সেইহেতু এই সভা দাবি করছে যে, প্রভিডেন্ট ফান্ড বাবদ শ্রমিকদের বকেয়া টাকা জমা না দেওয়া অপরাধী মালিকদের বিরুদ্ধে কঠোরতম ব্যবস্থা গ্রহণ করা হোক এবং এ-বিষয়ে প্রভিডেন্ট ফান্ড কর্তৃপক্ষকে সব রকম সাহায্য এবং সহযোগিতা সম্প্রসারণ করার জন্য রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছে।" as amended, was then put and agreed to.

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন, আমরা এম.এল.এ.রা বাস, ট্রাম, ট্রেনে ফ্রি যাতায়াত করতে পারি। কিন্তু কলকাতায় যে কার পার্কিং এর ব্যবস্থা আছে, এতে আমাদের কোনও সুযোগ সুবিধা নেই। তার জন্য নানা রকম ঝামেলায় পড়তে হয়, খুচরো টাকা থাকে না, আমাদের গাড়ি প্রায়ই তুলে নিয়ে যায়। এই অবস্থায় দিল্লিতে যেমন আছে গাড়িতে এম.পি. স্টিকার লাগানো থাকে, সেইরকম এখানে একটা ব্যবস্থা চালু করলে আমাদের বিশেষ সুবিধা হয়। এটা এখান থেকে ডিসিসন নিয়ে কর্পোরেশনের মেয়রকে জানালেই হয়ে যায়, বিরাট কিছু টাকার দরকার নেই।

**মিঃ ডেপুটি স্পিকার :** এটা সংশ্লিষ্ট মন্ত্রীকে বলবেন।

**শ্রী সুব্রত মুখার্জি :** যে টুকু টাকার দরকার হয়, আমরা সেই টাকা দিয়েও কিনতে রাজি আছি। আমরা যেন দিল্লির মতো এই সুবিধাটা পাই, সেটা একটু দেখবেন। মহারাষ্ট্র, ভূপাল এই জিনিস আছে।

**মিঃ স্পিকার :** মাননীয় পরিষদীয় মন্ত্রী, আপনি এই বিষয়টা সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে বলবেন।

## Adjournment

The House was then adjourned at 4-27 p.m. till 11 a.m. on Wednesday the 1st June, 1994, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 1st June 1994 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 17 Ministers, 8 Ministers of State, and 174 Members.

[11-00 — 11-10 a.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### Total Earning from Entry Tax

*1. (Admitted question No. *17) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the total earnings of the State from entry tax during 1992-93 and 1993-94 ;

(b) whether the Government have examined the allegations that the State is losing crores every year due to the existence of a racket in 30 entry tax check-posts ; and

(c) if so, the results thereon.

**Dr. Asim Kumar Dasgupta :**

(a) 1992-93—Rs. 157.06 Crores,

1993-94—Rs. 179.82 Crores.

(b) No.

(c) Does not arise.

Sir, after responding to the question in this structure, manner, may I with your permission add something which would be pertinent to this context. The allegations which we have got are very often made in the nature of informal allegations. That is why we have said 'No'. Regarding the allegations without signature or general allegation we have detected the sources and we have also taken certain actions and if the Hon'ble member is interested to know that, I am ready to answer.

**Gyan Singh Sohanpal :** The total earnings of the State from entry tax as we have given were Rs. 157.06 crores and Rs. 179.82 crores respectively during the years 1992-93 and 1993-94. Sir, will the Hon'ble Minister be pleased to infrom the House as to what was the target fixed for the years under consideration and in the event of any shortfall the reasons therefor.

**Dr. Asim Kumar Dasgupta :** For the year 1993-94 the target was Rs. 177 crores and the actual collection was Rs. 179.82 crores. In the previous year i.e. 1992 the original budget estimate was revised and it was revised to around Rs. 150 crores and that got exceeded the original estimate.

**Shri Gyan Singh Sohanpal :** In 1992-93 what was the reason for the shortfall ?

**Dr. Asim Kumar Dasgupta :** The shortfall really got concentrated in the months of December and January when the unfortunate happenings in Ayodhya took place.

**Shri Gyan Sing Sohanpal :** It is an open secret that the State Government is losing crores of rupees every year on account of existence of a racket at all the entry tax check posts. Sir, there has been naked criticism about the existence of this racket on which the Government is losing crores of rupees every year. Sir, Kindly look at the reply given by the Hon'ble Minister in answer to Question (b). Here again the Hon'ble Minister has not denied the allegation of the existence of a racket at the check-posts. He has simply stated that the allegations of such a racket has not been examined. He has not denied the allegation. May I know from the Hon'ble Minister for Finance what prevented the Government from ordering an enquiry when serious allegations of this nature have been made by the Public and by the Press on account of which the State Government is losing crores of rupees every year.

**Dr. Asim Kumar Dasgupta :** Hon'ble Speaker Sir, since this question was posed by quiet a few references I would like to correct some of the points factually first. Let me once again repeat that two years in question i.e. 1992 and 1993—the revised target was Rs. 156 crores and the actual collection was Rs. 157 crores. But I tell you frankly that the original budget estimate was Rs. 156 crores only with respect to that. We found there were problems in 1993-94. The fact was that all India truck strike took place in this State. There was no shortfall with respect to the target. This may please be borne in mind.

Secondly, what I mentioned, should you remain interested, I would like to give you the nature of allegation which reveals from our own enquiry. Let me categorically tell you the type of allegations which we received and the type of actions taken. I would like to say very frankly about it. Mr. Speaker Sir, if you allow me a little bit of time—you are aware that in this State there are 140 check-posts of which out 86 check-posts are within the Railways and few check-posts are in the dockyards. We have detected basically four avenues of tax evasion. One is undervaluation of the items and the other is under weighment regarding which I have details with me. There are two categories of commodities—some are on the basis of weight and some are on valuation. The other is a forged receipt. These are three primary things. But the most important evasion takes place in the Railway yards. I will come to that later on. So far as the undervaluation and underweighment are concerned, we received allegations informally. What we have organised is surprise raids by Bureau of Investigation and Central Vigilance Wing set up in the Directorate itself. For the year 1993-94 we did this as a result of which the collection of tax from the concerned transporters were about Rs. 1.11 crores as an additional fund.

[11-10 — 11-20 a.m.]

But these are stopping the trucks on the roads and checking and cross-checking and so on. The second point relates to the forged documents. This is a very important possible potential source of tax evasion and we have lodged some complaints against it. So what we have arranged is an arrangement with a Central Government Press at Nasik. We are not printing the forms and other papers from the Nasik Press. That can be checked. Then the third, the most important, source of tax evasion, however, takes place in the railway godowns jurisdiction. What happens there ? For some reasons, the railways do not allow our officers to go to the yards to inspect and for the high-valued items which are in parcels—there also we are still not allowed to inspect them. What we did ? We carried out a surprise check throughout the month of December after they were released from the railways. What we found in the month of December compared to the previous years after this check is—that instead of the collection of Rs. 60 lacs per month, the collection had gone up to Rs. 1.15 crores. So I think that the most important source of tax evasion takes place at the railyards. In this connection we have organised a meeting with the railway authorities on the 3rd of June. I will be happy to inform you and say as to what is the outcome and last of all I would like to remind you that these cannot be the only measures. You are aware because you

must be travelling from Kharagpur to Calcutta through the major checkposts—one is Mogra where on an average 950 trucks pass by daily. Then it is Banitabla. It is relevant perhaps for your district where about 650 trucks pass-by and the other one is at Barasat where around 350 trucks pass-by. What we have been able to do particularly in the Mogra check post is to set up a multiple-based entry check post so that there is no detention. You can really distinguish between the single—consignment and the multiple-consignment vehicles/trucks. For the single-consignment vehicles we have decided to put them on a first track just to release them. Then it is possible to inspect internally. We will inaugurate this very soon. Also for the Banitabla check post you have seen that a particular land has been acquired, and similar check post will be initiated. Last of all I should add that we are thinking about it. But we have yet to take a decision whether instead of collecting money at the check post we can go to the accounts-based system so that there is no collection at the check post like in the case of sales tax. These are some of the things which I thought to share with you.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the Honourable Finance Minister at the initial stage gave us to understand as if there is nothing wrong any where. Subsequently he has corrected himself saying there are some points where evasion takes place. There are certain in methods which are applied by the operators to evade entry tax. I am not going to that. I do not know what prompted the government to say—no examination was done about the allegation. My third supplementary is—that the Finance Minister is aware that all the vehicles transporting goods need entry tax permit to enter the state. I would like to know from the Hon'ble Finance Minister the number of vehicles carrying valuable goods entered the state during the year 1992-93 and 1993-94.

**Dr. Asim Kumar Dasgupta :** For this I will require a notice. If you can give a notice, I will give you the answers.

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে যে প্রশ্ন জিজ্ঞাসা করব বলে ঠিক করেছিলাম, কিন্তু জ্ঞানসিং সোহনপাল যা জিজ্ঞাসা করেননি তারও উত্তর মন্ত্রী মহাশয় দিয়ে দিয়েছেন। আমার কথা হচ্ছে, আপনি বলার মধ্যে বলেছেন যে চেক পোস্টগুলি শুধুমাত্র রাস্তার ধারের নয়, বিমান বন্দর, রেলওয়ে স্টেশনের পাশেও আছে। এই সম্পর্কে অনেক অ্যালিগেশন আছে। এগুলি যেহেতু রেলওয়ে স্টেশন, বিমান বন্দরের পাশে রয়েছে, এই সব চেক পোস্ট সম্পর্কে আমাদের রাজ্য সরকারের কী কো-অর্ডিনেশন বা কী অবজার্ভেশন আছে বা এই সম্পর্কে আমাদের দায়িত্ব কী সেটা বলবেন?

**Dr. Asim Kumar Dasgupta :** There has been serious allegation not only from West Bengal but also from other States. Because we

may please keep in mind that of all the goods transported, around 40% of the goods are transported through railways. And there are 140 bogies and 86 check-posts which are within the railway yard. There railways have not allowed our officers to inspect the goods which have been arrived at. They just write on a particular receipt and ask us to accept that—this is with respect to weigh—weighing items, with respect to high-valued items. They don't allow us to look into the contents of the parcels, and one month's inspection reveals that in the railways' itself, if a proper check is made, collection can be doubled—60 lakhs to 1.15 crores. With respect to airport and docks, we don't have any specific complaints. But with respect to railway authority, we have severe complaints.

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সারা ভারতবর্ষে এই রকম অ্যালিগেশন আছে, অনেক কিছু বললেন। এটা ঠিক যে সমস্ত চেক পোস্টে দুর্নীতি ব্যাপকভাবে হচ্ছে এবং তার ফলে সরকারের কালেকশন কমে যাচ্ছে। এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় অবগত আছেন কিনা জানাবেন। বিভিন্ন চেক পোস্টে—হুগলি জেলায় দুটো আছে, মগরায় আছে, উলুবেড়িয়ায় আছে, এসব কথা বললেন—দেখা যায় যে কিছু প্যানেলভুক্ত লোক আছে যারা এন্ট্রি ট্যাক্স কালেকশন করে টাকা জমা দেবে এবং তার পরিপ্রেক্ষিতে তারা একটা কমিশন পায়। তারা ডাইরেক্ট সরকারি কর্মচারী নয়, আপনার এন্ট্রি ট্যাক্স ডিপার্টমেন্টের এমপ্লয়িও নয়, তারা বাইরের লোক, তাদের নিয়োগ করা হয়। আবার তার কিছু কিছু লোক এটাকে চাকুরি বলে ধরে নেয়। এই ব্যাপারে তদন্তের ব্যবস্থা করবেন কি?

**Dr. Asim Kumar Dasgupta :** Hon'ble Speaker, Sir, since we are in the mood of candidness, may I express my surprise as to why such a system was introduced in 70's when Gyanji was in the Candit? Why did you introduce such a system ? It was introduced by you. It is very difficult for us to abolish. Why did you introduced it ? That is why I am saying that. Once after having introduced this system after hearing really introduced a major system of irregularities, now why you are raising the question ? I am personally telling you that I am looking into the matter. We may find out some sort of substitute.

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা কাগজে দেখলাম যে এন্ট্রি ট্যাক্স-এর ব্যাপারে দিল্লিতে ফিনান্স মিনিস্টারদের নিয়ে আলোচনা হয়েছে। আমরা আমাদের রাজ্যে এখন পর্যন্ত যে পলিসি নিয়ে এন্ট্রি ট্যাক্স কালেকশন করছি, তার ফলে আপনি যে রিপ্লাই দিয়েছেন যে এক বছরের টার্গেট অতিক্রম হয়ে গেছে আর এক বছরের রিভাইজ বাজেট অতিক্রম করছি।

এখন জাতীয় স্তরে যে আলোচনা সেই আলোচনায় নেট আউট কামটা কী? এটা কার্যকর হলে আমরা লাভবান হব না ক্ষতিগ্রস্ত হব?

[11-20 — 11-30 a.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় বিধায়ক যে প্রশ্ন রাখলেন এটা বোধ হয় জাতীয় স্তরে অক্ট্রয় কমিটির কথা প্রসঙ্গে হবে। এই প্রশ্নের ক্ষেত্রে যতটুকু উত্তর দেওয়া সম্ভব সেটা দিচ্ছি। এটা বলা উচিত ছিল জ্ঞানসিং সোহনপাল যে প্রশ্ন করেছিলেন সেই ব্যাপারে। অক্ট্রয়ের রেট অফ গ্রোথ টা এখানে হচ্ছে ১৪-১৫ পারসেন্ট, এটা ন্যাশনাল অ্যাভারেজের চেয়ে বেশি। আমরা এটা তুলেছিলাম। কেন না বিকজ আই অ্যাম হ্যাপি উইথ ইট। আর ন্যাশনাল লেভেলে এর আউট কাম হচ্ছে।

Chief Ministers unanimously wanted that octroi should stay. In our State, we don't have octroi; we have entry tax and, particularly, co-operation from the Railways has been strongly solicited for. I should mention that in other States like Maharashtra and Gujarat, octroi is collected at the level of each municipality. We have a much simpler system, i.e., one point zonal entry areas. You are aware, Hon'ble Speaker, we have passed a Bill about whether we can expand it to other zones surrounding Asansol, Siliguri and Jalpaiguri areas. These are the things discussed.

**Dr. Manas Bhunia :** Sir, will the Hon'ble Finance Minister be pleased to state whether there is any machinery existing at your Department to investigate and enquire into the matter where serious complaints are coming to you for serious offensive economic irregularities in terms of collection of entry tax, and about the functioning of the police posted there and the co-ordination of the police and the entry tax officers ?

**Dr. Asim Kumar Dasgupta :** The answer is yes.

Regarding part two, the Bureau of Investigation and Central Vigilance Wing are within the Directorate of Entry Tax. They make sudden surprise tests at points. But may I, in this context, also express my surprise whether you are in the knowledge of any particular racket. people you know or who are in close to you ?

**Dr. Manas Bhunia :** Sir, this is an aspersion. It is very unfortunate, Hon'ble Speaker. It is our legitimate right to ask any question to elicit the answer from the authority concerned, where the Finance Minister is in the Chair. So, in this question, after his reply to this specific question raised by me, Hon'ble Finance Minister has raised some very very controversial point relating to serious aspersion on our question, on our existence. My intention is, Hon'ble Speaker, Sir, it is not a question of persons related to us, it is not a question of persons related to Dr. Das Gupta and his party, and the racket sponsored by

the ruling party in the State. My question is very specific whether he has got any information, any complaint, and whether the functioning of the police personnel and the entry tax officers are co-ordinated to achieve more economic benefit for all the people of this State ?

**Dr. Asim Kumar Dasgupta :** Hon'ble Speaker, Sir, it is not meant for aspersion at all. What I say is that it would help the Government tremendously if specific information is given in this regard, e.g., that during these hours certain things occur or these are the people whom you have seen—nothing beyound that. But regarding this, the types of allegations which we get are with respect to certain check-posts where there may be any connivance between the drug-operators' agents or employees concerned. This is the general nature of allegation in every case. I would request the Hon'ble Member that if you could kindly give very specific information, it would be very easy for me to enquire into the matter—not anything beyond it.

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, অনুগ্রহ করে জানাবেন কি, এই প্রবেশ কর আদায়ের ক্ষেত্রে বিগত দু'বছরের কথা আপনি বললেন, বর্তমান আর্থিক বছরে লক্ষ্যমাত্রা আপনার আছে কিনা, থাকলে তার পরিমাণ কত? এবং রাজস্ব আদায়ে উন্নতির জন্য যেমন বিশেষ বিশেষ ক্ষেত্রে জেলা স্তরে বর্তমানে বিকেন্দ্রীভূত করা হয়েছে, এন্ট্রি ট্যাক্স যেখানে যেখানে আছে বা যে জেলায় আছে, সেখানেও বিকেন্দ্রীকৃত করার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় বিধায়ক আবু আয়েশ মন্ডল যে প্রশ্ন করলেন তার উত্তরে বলি যে, আমরা যখন ৫টি কর'কে বিকেন্দ্রীকৃত করি, যেটা বাইরে আছে, সেটা বিক্রয় কর এবং প্রবেশ কর। প্রবেশ কর প্রতি জেলাতে নেই। এতে অসুবিধা হচ্ছে, এটা থেকে যা সংগৃহীত হয়, এটা প্রতি জেলায় নেই। একটা অংশ আসে সি. এম. ডি. এ. এলাকা থেকে, ক্যালকাটা কর্পোরেশন থেকে আসে, একটা আসে নন-সি. এম. ডি. এ. এলাকা থেকে, আর আসে বাইরে থেকে। যার জন্য যারা কালেকশন করছেন তাদের ইনসেন্টিভ দেবার ক্ষেত্রে একটা অসুবিধা হয়। মাননীয় জ্ঞানসিং সোহনপাল মহাশয় যে প্রশ্ন করেছেন, তার উত্তরে বলি, ট্যাক্স যে পয়েন্ট থেকে কালেকশন হচ্ছে সেখানে, যেমন, মগরাতে আমরা মাস খানেকের মধ্যে মাল্টিপল, ঢোকার সময়টা নিয়ে, ইন্সপেকশনের জায়গাটা আমরা ইমপ্রুভ করার চেষ্টা করছি। এটা মূলত আমরা যেটা ব্রেক থ্রু করার চেষ্টা করছি, চেক পোস্টে কালেকশনটা থামানো। এটাতে একটা সিস্টেম অলরেডি ইন্ট্রোডিউসড হয়েছে। কোনও ব্যক্তি, কোনও রেকগনাইজড ফার্ম, যে কেউই অ্যাকাউন্ট একটা যদি খুলতে পারেন, তাহলে ওখানে তাদের পেমেন্ট করতে হবে না। তারা জাস্ট একটা ডিক্লারেশন দেবেন, তাদের পরে ডিডাকশন করা হবে। এটা যদি এক্সটেন্ড করা যায়, রাস্তায় দাঁড়িয়ে যাতে কালেকশনটা বন্ধ করা যায়, এটা হলে কতকগুলো অস্বস্তিকর জিনিস যা ঘটে তা থেকে মুক্তি পাওয়া যেতে পারে।

**Dr. Zainal Abedin :** Sir, my supplementary arises out of a charge made by the Hon'ble Finance Minister to Hon'ble Abdul Mannan with regard to the introduction of the system during the past regime. Will the Hon'ble Minister be please to state as to whether the State Government is accepting and treating everything done and introduced during he previous regime as home of sanctum sanatorium ?

**Dr. Asim Kumar Dasgupta :** When certain questions are raised by Hon'ble Members the Hon'ble Leader of the Opposition may give us this minimum right of tete-a-tete. In that spirit I have said that

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের ওদিকে ঘটনা ঘটেছে, এই এন্ট্রি ট্যাক্সের প্রশ্নে আমাদের ওখানে যে পানের বরোজ আছে, এতে যে খড়িপাটা আসে, এতে আপনার দপ্তর থেকে একটা ট্যাক্স বসিয়েছেন, তারপর অবশ্য ছেড়েছেন এটা ইন্ট্রোডিউসড হয়েছে। ট্যাক্স যেটা ইন্ট্রোডিউসড করেছেন, ওখানে লরি, ট্রাকে যারা পানের খড়িপাটা আনছে, তাদের ক্ষেত্রে এটা অ্যাপ্লিকেবল কিনা? আমি চিঠি দিয়েছিলাম, কিন্তু উত্তর পাইনি।

[11-30 — 11-40 a.m.]

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমার কাছে যা খবর আছে তাতে এটা অ্যাপ্লিকেবল এটি যেহেতু নতুন ইন্ট্রোডিউসড হয়েছে, খবরটা জেলায় দেওয়া উচিত ছিল। তবু আমি চেক করছি। আপনাকে পরে খবর দেব।

**Shri Gyan Singh Sohanpal :** I have great respect and regard for the Hon'ble Finance Minister. The Hon'ble Minister in course of his reply to Mr. Abdul Mannan has stated rather enquired as to why the system was introduced by the Congress Party. Sir, I hope you are aware, the Finance Minister is definitely aware that the Government of India is trying to abolish Octroi and Entry tax and for this purpose a number meetings have been held. The Government of India also constitute a committee of which the Chief Minister of West Bengal is the Chairman. The Hon'ble Finance Minister has been helping the Chief Minister in this regard. I would like to know from the Hon'ble Finance Minister whether at any stage—if the entry tax introduced by the Congress is defective—the Chief Minister suggested the abolition of this tax which is incorrectable or at any stage he gave alternative suggestion that the octroi should be abolished and the entry tax should be kept where there is no scandal, no racket, no corruption ? These are the points to be cleared if he really means to make that allegation.

**Dr. Asim Kumar Dasgupta :** Hon'ble Shri Gyan Singhji would certainly know that in our state we do not have octro? Octroi is a form of entry tax when it is imposed at the level of each local body. We just don't have it. The Chief Minister's view is that it should not

be abolished. But I would like to mention that in one meeting of the Chief Minister and Transport Ministers where the Prime Minister presided, there he categorically said—I have got that report with me—nothing should be done in this matter which would infringe into the right of the State protected by the Constitution. Incidentally Entry and Octroi—both are protected by the Constitution. I think now it is clear to you.

**Shri Gyan Singh Sohanpal :** If the system is defective then why you have not suggested change to it ?

**Dr. Asim Kumar Dasgupta :** This question was raised by a group of truck operators. On this matter they approached the Union Surface Ministry. They have in their list of demands included certain demands which were related to the Government of India, such as, Gulf surcharge, etc. There the question of entry tax was also raised by the All Inida Motor Transport Congress. It is very surprising that the Union Surface Ministry intervened the matter. The implication of those demands which are related to the Central Government was about 10 thousand crores of rupees and the implication of the entry tax was about two thousand crores of rupees. The truck operators held nation-wide strick also. They demanded that the entry tax should be abolished. The Central Government intervened the matter and ultimately it was left to the level of the state.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I think the Minister is in the dark. The demand for abolition of entry tax and octroi was raised not in recent years but in the year 1972 when Shri G. S. Dhilon was the Central Minister. This issue was raised then.

### কলেজ শিক্ষকদের পুনর্নিয়োগ

*৩। (অনুমোদিত প্রশ্ন নং *২০৬) শ্রী **সঞ্জীবকুমার দাস :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ১৯৯৩ সালে ১লা মার্চের পর কতজন কলেজ শিক্ষক ৬০ বছর অতিক্রান্তের পর পুনর্নিযুক্তির আবেদন করেছেন ;

(খ) তন্মধ্যে কতজনের আবেদন মঞ্জুর হয়েছে ;

(গ) কতজন এ পর্যন্ত নিয়োগ পান নি ; এবং

(ঘ) উক্ত নিয়োগে বিলম্বের কারণ কি?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ**

(ক) ১৬৮ জন পুনর্নিযুক্তির আবেদন করেছেন।

(খ) তন্মধ্যে ৮৭ জনের আবেদন মঞ্জুর হয়েছে।

(গ) ৮১ জন এ পর্যন্ত নিয়োগ পাননি।

(ঘ) অবশিষ্ট দরখাস্তগুলি বিভিন্ন স্তরে বিবেচনাধীন আছে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্যার, দেখা যাচ্ছে যে প্রায় ১ বছর এর বেশি হল ৫০ শতাংশ টিচার যারা দরখাস্ত করেছেন তারা পুনর্নিয়োগ পাননি। এই সময়ের মধ্যে বিভি কলেজে কোনও কোনও টিচারকে সই পর্যন্ত করতে দেওয়া হয়নি, অ্যাটেন্ডেন্স রেজিস্টারে তাদের নামও নেই, এমন কি হি ইজ নট এ মেম্বার অফ দি টিচারস কাউন্সিল। আপনি এই অবস্থায় ডিউরিং দিস পিরিয়ড যতদিন না পুনর্নিয়োগ হচ্ছে ততদিন এই সমস্ত মাননীয় শিক্ষকদের সম্পর্কে কোনও ভাবনা-চিন্তা হচ্ছে কিনা বলবেন কি যাতে তারা কলেজে সম্মানের সঙ্গে কাজ করতে পারেন?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলেজ শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬০ বছর, একমাত্র আমাদের রাজ্যে ৬০ বছর বয়সে অবসর গ্রহণের পরেও কলেজ শিক্ষকদের পুনর্নিয়োগের ব্যবস্থা আছে। দিল্লি বিশ্ববিদ্যালয় এবং দিল্লির কয়েকটি কন্সটিটিউয়েন্ট কলেজ ছাড়া সারা ভারতবর্ষের আর এই পুনর্নিয়োগের ব্যবস্থা নেই। আমরা এর আগে এই পুনর্নিয়োগের ব্যাপারে কলেজ শিক্ষকদের অবসরকালীন সুযোগ-সুবিধা অনেকটা পরিমাণে বাড়িয়ে দিই। তাদেরকে পুনর্নিয়োগের আবেদন নূতন করে অথবা পুনর্নিয়োগ হয়ে আছে, পরনো অবসরকালীন সুযোগ সুবিধায় থেকে, এই সব ব্যাপারে তাদের অপশনের আমরা সুযোগ করে দিয়েছিলাম, সেইভাবে আমাদের কলেজ শিক্ষকরা তারা তাদের অপশন দিয়েছিলেন, কিন্তু ইতিমধ্যে কয়েকজন শিক্ষক মাননীয় হাইকোর্টের দ্বারস্থ হন এবং সরকারের আদেশ নামার বিরুদ্ধে আবেদন করেন। হাইকোর্ট এই ব্যাপারে গত ডিসেম্বর মাসে একটা বিশেষ ধারার উপর ইঞ্জাংশন দেন, তারপর থেকে যারা নাকি এ সরকারি আদেশনামায়, হাইকোর্টের ইঞ্জাংশনের তারিখের আগে পর্যন্ত যারা দরখাস্ত করেছিলেন সেইগুলি স্ক্রিনিং কমিটিতে গিয়েছিল, তার পুনর্নিয়োগ এর আদেশ পেয়েছেন। ইতিমধ্যে আপনারা জানেন পুনর্নিয়োগটা এই ভাবে হয়, কেবার স্ক্রিনিং কমিটি করার পরে তারা ২ বছরের জন্য পান, ২ বছর অতিক্রান্ত হওয়ার পরে আবার ১ বছরের জন্য পান, এই ভাবে ২, ১, ১, ১ করে ৬৫ বছর পর্যন্ত পান, এটাই চালু ছিল।

যারা পুরনো অবসরকালীন সুযোগ সুবিধায় রয়েছেন, তারা পুনর্নিয়োগ যথারীতি পেয়েছেন কিন্তু বাকিদের ক্ষেত্রে আদেশ নামা বেরোনোর পর যে ডেট বলা হয়েছে তার পর থেকে যারা আবেদন পত্র পেশ করেছেন হাইকোর্টে এই মামলা থাকার ফলে এইগুলো এখনও পর্যন্ত বিভিন্ন স্তরে আটকে আছে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানতে চেয়েছিলম যারা পুনর্নিয়োগের চিঠি পাননি, তারা কলেজে যাচ্ছেন, কিন্তু কলেজগুলোতে তাদের সই করতে

দেওয়া হচ্ছে না, তাদের অ্যাটেন্ডেন্স রেজিস্টারেও নাম নেই, তারা টিচারস কাউন্সিলেরও মেম্বার নয়। যিনি ৬০ বছর ধরে কলেজে অধ্যাপনা করলেন, তিনি কলেজে গিয়ে সম্মানটুকু পাচ্ছেন না। এর জন্য কোনও ব্যবস্থা গ্রহণের কথা ভাবছেন কি না?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** যারা ৬০ বছর অতিক্রান্ত হওয়ার পর আবেদন করেছেন, অথচ তারা নিয়োগ পত্র পাননি, অথচ তারা কলেজে গিয়ে পড়াচ্ছেন তাদের সম্পর্কে আমরা কিছু ভাবছি কি না, এটা ছিলা প্রশ্নটা। কিন্তু মুশকিল হচ্ছে সরকারি আদেশ নামায় আমরা বলেছিলাম যদি কেউ পুনর্নিয়োগ চান, তাহলে তিনি পুনর্নিয়োগ পাবেন। কিন্তু বর্তমানে যে অবসরকালীন সুযোগ সুবিধা পাচ্ছেন সেইটা তারা পাবেন আর যারা ৬০ বছরে অবসর নিয়ে এই পুনর্নিয়োগ নেবেন না তাদের জন্য ব্যবস্থা হয়েছিল এই যে, আর পুনর্নিয়োগ পাবেন না কিন্তু বর্দ্ধিত অবসরকালীন সুযোগ সুবিধা পাবেন। এটা চলছিল। কিন্তু মামলা হয়ে যাওয়ার পর এটা এখন হাইকোর্টের বিবেচনাধীন আছে। মাননীয় শিক্ষক যাদের নাম নেই আপনি বলছেন, ক্লাশ নিচ্ছেন, কলেজ যাচ্ছেন, সেখানে আমাদের এই মুহূর্তে বক্তব্য হচ্ছে যেহেতু এটা হাইকোর্টের বিচারাধীন আছে আমাদের পক্ষে এখনই কিছু করা সম্ভব হচ্ছে না—এটাই হচ্ছে সমস্যা। তবে একটা কাজ শিক্ষকরা করতে পারেন, সেটা হচ্ছে এই, যদি তারা আর পুনর্নিয়োগ গ্রহণ না করে ৬০ বছর বয়সে অবসর গ্রহণ করেন তাহলে বর্দ্ধিত সুযোগ সুবিধা যে সব দেওয়া হচ্ছে সরকারি কাজ যারা করেন, অফিসারদের মতো, সেটা যদি তারা গ্রহণ করেন তাহলে বর্দ্ধিত সুযোগ সুবিধা পাবেন। এবং সেই মতো তাদের পেনশনের ব্যবস্থা করে দিতে পারি বাকি বিষয়টা আদালতে সমাধান না হওয়া পর্যন্ত আমাদের পক্ষে কোনও পদক্ষেপ নেওয়া খুব মুশকিল, যদিও অধ্যাপক যারা আছেন তাদের সেই সমস্ত অসুবিধা সম্পর্কে অবহিত আছি। কিন্তু কিছু পদক্ষেপ নিতে গেলে আমাদের আইনগত অসুবিধা আছে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আপনি বলছেন হাইকোর্টের রায়ের জন্য কিছু করা যাচ্ছে না। একজন টিচার ৬০ বছর বয়সে অবসরগ্রহণ করছেন, তিনি একজন প্রতিষ্ঠিত শিক্ষক। তিনি এক পয়সাও মাইনে পাচ্ছেন না। এদিকে আবার ক্লাশ না করলে পুনর্নিয়োগের প্রশ্ন নেই তাহলে যে সমস্ত শিক্ষকরা কাজ করে যাচ্ছেন তাদের কথা আপনি ভাবছেন কি না সেটাই হচ্ছে আমার প্রশ্ন।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** যারা এই ব্যাপারে মামলা করেছেন এবং হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন, তারা আমাদেরকে বেঁধে দিয়েছেন। পুনর্নিয়োগ না পেয়ে যারা কাজ করছেন—যতক্ষন পর্যন্ত সরকারি পুনর্নিয়োগের আদেশ যাচ্ছে ততক্ষণ পর্যন্ত ক্লাশ করতে পারেন না এবং ক্লাশ না করলে পুনর্নিয়োগ পাবেন না এটা ঠিক নয়। পরে যদি দেখা যায় তাদের পুর্ননিয়োগ মঞ্জুর হয়েছে, যে স্ক্রিনিং কমিটি আছে তারা করেছেন, অন্যান্য বিষয় বিবেচিত হয়েছে, তখন তারা যেদিন থেকে পুনর্নিয়োগ পাবেন সেদিন থেকে বেতন পাবেন, ক্লাশ করবেন, এদিক থেকে কোনও অসুবিধা নেই।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সুনির্দিষ্টভাবে জানালেন যে কলেজ শিক্ষকদের ৮৭ জনের আবেদন মঞ্জুর হয়েছে, ৮১ জন এ পর্যন্ত নিয়োগ পাননি, বাকি

বিবেচনাধীন আছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কলেজ শিক্ষকদের মধ্যে তফসিলি জাতি এবং কতজন তফসিলি উপজাতির সম্প্রদায়ভুক্ত?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় সদস্য যদি এ সম্পর্কে নোটিশ দেন তাহলে আমি বলতে পারি। কারণ এগুলি কলেজ থেকে খোঁজ করে আনতে হবে। আমাদের কাছে যখন এগুলি আসে তখন ঐ ভাবে তফসিলি জাতি, তফসিলি উপজাতি—এইভাবে আসে না, একজন কলেজ শিক্ষক হিসাবে আসে। আপনি নোটিশ দিলে আমি খোঁজ করে বলতে পারব সংখ্যাটা।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে হাইকোর্টের ইঞ্জাংশনের জন্য একটা নির্দিষ্ট ধারার উপর, এই ৬০ বছরের উর্দ্ধে যারা পুনর্নিয়োগের জন্য আবেদন করেছেন—ঐ তারিখের পর থেকে যারা আবেদন করেছেন তাদের হাইকোর্টের এই অর্ডারের জন্য পুনর্নিয়োগের আবেদন মঞ্জুর করা যাচ্ছে না। আপনি এই প্রসিডিংস, কোর্টের একটা সাবজুডিস ম্যাটারের ব্যাপারে বলছেন। হাইকোর্টের যা অর্ডার আছে তাতে কিন্তু কোথাও পুনর্নিয়োগ বন্ধ করা—এরকম কোনও অর্ডার এর মধ্যে নেই। আপনি তাহলে স্পেসিফিক্যালি বলুন হাইকোর্টের ইঞ্জাংশনের জন্য তার যে একজিস্টিং রাইট, যারা ৬০-এর উর্ধ্বে, তাদের আবেদন মঞ্জুর করার যে সুযোগ ছিল, হাইকোর্টের ইঞ্জাংশনের জন্য আপাতত তার সেই একজিস্টিং রাইট কার্টেল করছে এবং সেইজন্য আপনি পুনর্নিয়োগ দিতে পারছেন না—সেটা স্পেসিফিক্যালি বলুন। ইট উইল বি রেকর্ডেড। আপনি কিন্তু আপনার উত্তরে বলেন নি। আপনি বলেছেন বিভিন্ন স্তরে বিবেচনাধীন আছে। কিন্তু এখন সাপ্লিমেন্টারি প্রশ্নের উত্তর দিতে গিয়ে আপনি বলছেন যে ইঞ্জাংশনের জন্য হয়েছে। আমরা যেটা জানি তাতে কিন্তু ইঞ্জাংশনের জন্য কোথাও পুনর্নিয়োগ-এ বাধা ছিল না। এ সম্পর্কে আপনার স্পেসিফিক উত্তর চাই।

**শ্রী সত্যসাধন চক্রবর্তী :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য একটা কথা বলেছেন, সেটা হ'ল, আমি আমার লিখিত উত্তরে বলেছি যে এই দরখাস্তগুলি বিভিন্ন স্তরে বিবেচনাধীন আছে। আমার এটা দৃঢ় ধারণা যে মাননীয় সদস্য জানেন পুনর্নিয়োগের পদ্ধতিটা কি? বিভিন্ন স্তরে অতিক্রম করে এটা আসে। দু নং কথা, তিনি বলেছেন, পুনর্নিয়োগটা হচ্ছে একটা রাইট। আমি সবিনয়ে মাননীয় সদস্যকে বলব, না, পুনর্নিয়োগের জন্য আবেদন করার তার অফিসার আছে, পুনর্নিয়োগ পাওয়াটা অধিকারের মধ্যে পড়ে না। মাননীয় সদস্য যদি একটু কষ্ট করে পুনর্নিয়োগ সংক্রান্ত ইউ. জি. সি.-র আদেশনামা এবং সরকারি আদেশনামাটা দেখেন তাহলে দেখবেন যে পুনর্নিয়োগটা কতগুলি শর্ত সাপেক্ষ। সুতরাং কোনও অধ্যাপক করলে পরেই পুনর্নিয়োগ পাবার তার অধিকার আছে—আমার মনে হয় এটা সঠিক বিশ্লেষণ নয়। তারপর তিনি বলেছেন, এই মামলার ফলে কোথাও তো আটকাচ্ছে না। মাননীয় সদস্যকে সবিনয়ে বলব, এটা বিভিন্ন আইনের ব্যাখ্যার উপর নির্ভরশীল। সুতরাং এই মামলা আমাদের সরকারকে করতে হচ্ছে। সেই দিক থেকে আমরা যে ব্যাখ্যা পেয়েছি তার উপরই ভিত্তি করে আপাতত বিভিন্ন স্তরে, আমি বলেছি, কারণ আপনারা জানেন সবগুলি সরকারি স্তরে আসে না, শেষ পর্যায়ে আসে—এগুলি স্থগিত আছে।

**শ্রী মুস্তাফা বিন কাশিম** : স্যার, আমাদের রাজ্যের অনেক কলেজ শিক্ষক যাদের ৬০ বছর বয়স পার হয়ে গেছে, ৬০ বছর বয়স পার হওয়ার পর আর পুনর্নিয়োগ চান না, ৬০ বছরেই অবসর গ্রহণ করতে চান এই কথা বলে সরকারের কাছে তাদের ইচ্ছা প্রকাশ করেছেন এবং অপশন দিয়ে স্বতঃস্ফূর্ত ভাবে বলেছেন আমরা ৬০ বছরের পর আর শিক্ষকতা করতে চাই না অবসর গ্রহণ করতে চাই। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি আজ পর্যন্ত এই ধরনের কলেজ শিক্ষকের সংখ্যা কত, তার পরে বলা সম্ভব কি না?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী** : আমি একটা মোটামুটি হিসাব দিতে পারি। কিন্তু মাননীয় সদস্য যদি একেবারে সঠিক সংখ্যা জানতে চান তাহলে আমাকে একটা নোটিশ দেবেন। কিন্তু মোটামুটি আমি বলতে পারি আমাদের কাছে এখনও পর্যন্ত ৪।। হাজারের উপর জমা দিয়েছে, বাকিরা অনেক কলেজে তারা অপশনটা প্রিন্সিপ্যালের কাছে জমা দিয়েছে। কিন্তু ইতিমধ্যে হাইকোর্টের নির্দেশের ফলে কলেজের প্রিন্সিপ্যালের কাছেই সেইগুলো রয়েছে। সুতরাং এইগুলো ধরলে অপশনের সংখ্যা আরও অনেক বেশি হবে।

**শ্রী সৌগত রায়** : মন্ত্রী মহাশয়ের জবাবে তার মনোভাব খুব স্পষ্ট হয়ে গেছে। সেই মনোভাব হচ্ছে শিক্ষক বিরোধী, এই বিষয়ে কোনও সন্দেহ নেই। যখন নুতন পেনশন স্কীম চালু হল, সরকার তখন বললেন যে যারা ৬০ বছরে রিটায়ার করার অপশন দেবেন, তাদের ক্ষেত্রে পেনশন চালু হবে। কিন্তু যারা পুরানো পেনশন মেনে নেবেন তারা ৬৫ পর্যন্ত চাকরি করতে পারবেন। মন্ত্রীর উত্তরে স্পষ্ট হয়ে গেছে যে তিনি ছলে বলে কৌশলে যে করে হোক যাতে ৬৫ পর্যন্ত চাকরি করতে না পারেন তার ব্যবস্থা করছেন। ৮১ জনের দরখাস্ত উইথহেল্ড করা হয়েছে। এবং বলছেন প্রিন্সিপ্যাল ফরওয়ার্ড করেন নি। মন্ত্রীর কাছে আমার প্রশ্ন, (১) হাইকোর্টে মামলা থাকাকালীন পুনর্নিয়োগ দেওয়া যাচ্ছে না, এই ব্যাপারে আপনার সঙ্গে আমি একমত নই। এই ব্যাপারে অ্যাডভোকেট জেনারেলে ওপিনিয়ন প্লেস করবেন এবং (২) এরপরে পুরানো স্কীমে যদি পুনর্নিয়োগ চান তাহলে কি আপনারা ওখান থেকে আটকাবেন?

[11-50 — 12-00 Noon]

**Mr. Speaker** : Mr. Ray....(Noise and interruptions)..please..please.. I do not understand what your question is. The question should be specific. You have not put your question. Please put your question.

**Shri Saugata Roy** : Sir, I repeat. My question is : Whether the Minister is prepared to place the opinion of the Advocate General in the matter pending before the High Court regarding reappointment of teachers and henceforth whether the teachers will be allowed to continue to work upto 65 years if they accept the old pension scheme. My question is very specific.

**Shri Satya Sadhan Chakraborty** : Mr. Speaker, Sir, I am really surprised to find the Hon'ble Member so much agitated. I understand

the reason for his agitation. But when he is alleging that the government announced to stop reemployment by every means, fair or foul. mean, most probably, he is not dictated by reason.

Because the Government order specifically stipulates that any teacher desiring to have re-employment will have that opportunity and that was accepted in the Government order. The people who are responsible for stopping this or the people who have gone to the court and Mr. Speaker, Sir,...(noise)...it is because of that and that has been stopped. His second question was that whether we are ready to place the opinion of Advocate General. Well, Hon'ble Member should know that since we are contesting and we are submitting our affidavit. So he and his friends have an ample opportunity—if you have friends—since this is in the court. So you can go to the court and ask the opinion of the court. But we are contesting and we are placing our views and we are awaiting the verdict of the court.

**Mr. Speaker :** Mr. Chakraborty, when the matter is sub-judice that is, it is being decided in the court. The wise move would have been, you should have informed the matter to me. You should not answer the question. Sub-judice matters are not answered.

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের রাজ্যের কলেজগুলিতে অধ্যক্ষের সমস্যা রয়েছে। ৬০ বছর বয়স হয়ে গেছে, কিন্তু ৬৫ বছর পর্যন্ত চাকরি করতে চাইছেন, অথচ পারছেন না, এ-রকম অধ্যক্ষের সংখ্যা আমাদের রাজ্যে কত?

**শ্রী সত্যসাধন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে, এই ধরনের অধ্যক্ষের সংখ্যা খুব কম এবং আমরা চাই এই অসুবিধা যেন না হয়। যেখানে যেখানে এরকম সমস্যার উদ্ভব হচ্ছে সেখানে সেখানেই উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে এবং ভবিষ্যতেও হবে। ফলে মহাবিদ্যালয়গুলি পরিচালনার ক্ষেত্রে কোনও অসুবিধা হবে না।

## Starred Question
## (to which written answers were laid on the Table)

### কলেজ শিক্ষকদের অবসর গ্রহণে বয়সের উর্ধ্বসীমা

*২। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** শিক্ষা (উচচতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলেজ শিক্ষকদের অবসর গ্রহণের জন্য বয়সের উর্ধ্বসীমা কত ; এবং

(খ) এই বিষয়ে সুনির্দিষ্ট নিয়ম কি কি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ষাট (৬০) বৎসর।

(খ) সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্ট্যাটুটে এই নিয়ম বিধিবদ্ধ আছে।

*4—স্থগিত

## Calling Attention

**Mr. Speaker :** To-day, I have received six notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| 1. Reported attack on a rhinoceros for its horn at Alipur Zoo. | : | Shri Anjan Chatterjee |
| 2. Reported destruction by wild elephants in the Midnapore district recently. | : | Shri Saugata Roy |
| 3. Reported murder of one Nirmal Manna at Murachak village under Sabang P.S. of Midnapore district. | : | Dr. Manas Bhunia |
| 4. Reported killing of two persons by truck drivers on 30. 5. 94 in Calcutta suburbs. | : | Shri Birendra Kumar Maitra |
| 5. Demand for constructing a bridge over the river Jalangi at Tehatta in the district of Nadia. | : | Shri Kamalendu Sanyal |
| 6. Reported out-break of Cholera and Gastro-enterities in Calcutta. | : | Shri Nirmal Das |

I have selected the notice of Shri Birendra Kumar Moitra on the subject of 'Reported killing of two persons by truck drivers on 30. 5. 94 in Calcutta suburbs'.

The Minister-in-Charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will made on 7th June, 1994.

[12-00 — 12-10 p.m.]

## PRESENTATION OF REPORT

### Presentation of the Ninth Report of the Subject Committee on Education and Information and Cultural Affairs 1994-95 on Pre Budget Scrutiny

**Shri Padmanidhi Dhar :** Sir, with your permission, I beg to present the Ninth Report of the Subject Committee on Education and Information and Cultural Affairs, 1994-95 on pre-budget scrutiny.

## LAYING OF RULE

### The Calcutta Municipal Corporation (Powers and Functions of the Vigilance Authority) Rules, 1994

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Calcutta Municipal Corporation (Powers and Functions of the Vigilance Authority) Rules, 1994, published under the Municipal Affairs Department Notification No. 271/C-5/CcC/3R-1/94 dated the 4th May, 1994.

## MENTION CASES

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটু মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী একটু শুনুন, আমি রায়দিঘিতে একটি কলেজের ব্যাপারে আপনাদের দীর্ঘসূত্রতার একটা নজির রাখতে চাই। বিধানসভায় মাননীয় সদস্যরা কেন উপস্থিত থাকেন না, আপনাদের উদাসীনতা কত দায়ী তার একটু প্রমাণ করতে চাই। আমি রায়দিঘিতে একটি ডিগ্রি কলেজ করার জন্য ২ লক্ষ টাকা এবং ১২ বিঘা জায়গা দোব বলে তৎকালীন উচ্চশিক্ষা মন্ত্রী মাননীয় শম্ভু ঘোষকে একটি চিঠি দিয়েছিলাম, তিনি মারা যাওয়ার পর মাননীয় মুখ্যমন্ত্রী যখন এডুকেশন মিনিস্টার হয়েছিলেন তাকেও চিঠি দিয়েছিলাম, তিনি বলেছিলেন দেখছি। তারপর তিনি চলে গেলে মাননীয় নির্মল বসু এডুকেশন মিনিস্টার হবার পর তিনি আমাকে একটি চিঠি দিয়েছিলেন যে অবিলম্বে তদন্ত করা হবে। তারপর আপনি এসেছেন, আমি আপনাকেও একটি চিঠি দিয়েছিলাম, আপনি বলেছিলেন যে ওখানে ডিগ্রী কলেজ করা যাবে না, যদি ওখানে এগ্রিকালচার কলেজ করা যায় তাহলে আমরা চেষ্টা করব। প্রথমে নির্মলবাবু উত্তর দিয়েছিলেন তদন্ত করা হবে, কিন্তু ৪ বছরেও তদন্ত করা হয়নি। আপনি বললেন করা হবে, সেটাও কিছু হল না, আপনি বংশীগোপাল বাবুর কাছে পাঠালেন, তাঁর সঙ্গে দেখা করলে তিনি বললেন আমি একটা টিম পাঠাব খড়্গপুর আই আই. টির লোক নিয়ে এসে। আজকে ১৭ বছর ধরে—আমি টাকা এবং জায়গা দেব বলে প্রস্তুত—কিন্তু কোনটাই হল না। এগ্রিকালচারাল বা টেকনিক্যাল কোন কলেজ হল না। আমি এই সুন্দরবন এলাকায় একটা এগ্রিকালচার বা টেকনিক্যাল কলেজ করার জন্য টাকা এবং জমি দিতে চেয়েছিলাম। আজ ১৭ বছর হয়ে গেল আপনারা এখন পর্যন্ত মেটিরিয়ালাইজড করলেন না। বিধানসভায় আমরা আসি, মাননীয় মুখ্যমন্ত্রীকে বলেছি আজ পর্যন্ত আপনারা নীরব ভূমিকা পালন করছেন। কাজ হওয়া তো দূরের কথা তারপরে কিছুই হয়নি। সেজন্য আপনাকে জানাই যে বিধানসভায় লোক আসা কমে গেছে, আপনারা আসেন না আপনাদের বললেও কিছু করেন না, সেজন্যই মাননীয় এম. এল. এ.-রা আসতে চান না।

বিরোধী দল এখানে আসেন মন্ত্রীদের কাছ থেকে কিছু শোনবার জন্য, কিন্তু বিরোধীদের ভূমিকা যদি তাদের পালন করতে না দেন তাহলে তাদের উৎসাহ কমে আসে। সেজন্য উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, আজকের প্রসিডিংস-এর একটি কপি নিন এবং

এ-বিষয়ে তদন্ত করে অবিলম্বে যাতে সেখানে কলেজ হয় তার ব্যবস্থা করুন, কারণ সুন্দরবন এলাকায় কোনও এগ্রিকালচার বা টেকনিক্যাল কলেজ নেই।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি সিরিয়াস অ্যালিগেশন তুলে আপনার মাধ্যমে তার প্রতি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ২৯শে এপ্রিল ফরাক্কাতে সি. এস. এফ. রিক্রুটমেন্টের জন্য একটি লাইন হয়েছিল। সেখানে সমস্ত ক্যান্ডিডেটদের সম্প্রাদায়গতভাবে দুটি ভাগে ভাগ করা হয়েছিল। কিন্তু তারপরে দেখা গেল, একটি সম্প্রদায় থেকেই মাত্র ক্যাণ্ডিডেট নেওয়া হল এবং অন্য সম্প্রদায়ের সবাই বাদ গেল। এইভাবে ভাগ করে কেন্দ্রীয় সরকারের অফিসাররা একটি সাম্প্রদায়কে টোটালি বাদ দিয়ে দিলেন। সেখানে যাদের নেওয়া হল তাদের প্রত্যেকের কাছ থেকে ৪০,০০০ টাকা করে নেওয়া হল। কাজেই এর তদন্ত হওয়া দরকার।

দ্বিতীয় আর একটি ঘটনা, গত ২৬ এবং ২৭ তারিখে বালুরঘাটে সি. আর. পি. এফ নিয়োগের জন্য লাইন হয়েছিল এবং সেখানে কেন্দ্রীয় সরকারের লোকজন এসেছিলেন। সেখানে ৫৪ জন, যাদের সিলেক্ট করা হল, তাদের সিলেক্ট করবার পর একটা তাঁবুর ভেতর ঢোকানো হল। সেখানে তাদের কাছ থেকে ৩৫ হাজার করে টাকা চাওয়া হল। ঐ ৫৪ জনের মধ্যে আমার ভাইপো আলম রাণাও ছিল। সাহ আলম অনেক বার্গেনিং করে টাকার পরিমাণ ২৮ হাজার করেছিল, কিন্তু তাকে বলা হল সন্ধ্যার মধ্যে টাকাটা দিতে হবে। কিন্তু সন্ধ্যার মধ্যে টাকাটা জোগাড় করতে না পারায় তার চাকরিটা হল না। এইভাবে দুর্নীতি করে যদি লোক নেওয়া হয় তাহলে তার বিরুদ্ধে অবিলম্বে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। তারজন্য বিষয় দুটি নিয়ে উপযুক্ত তদন্ত করবার জন্য আপনার মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কলকাতা, হাওড়া এবং দুই ২৪ পরগনায় আন্ত্রিক এবং কলেরার প্রাদুর্ভাবে মানুষ আতঙ্কিত। মন্ত্রী নিজে বলেছেন যে, কাউকে কলেরার টিকা দেওয়া যাচ্ছে না, কারণ বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশে টিকা দেওয়াটা উঠে গেছে। আজকে পৃথিবী থেকে যখন কলেরার টিকা দেওয়া উঠে গেছে তখন কলকাতা এবং অন্যান্য স্থানে কলেরা দেখা দিচ্ছে। আমরা দেখতে পাচ্ছি, প্রতি বছর যখন আন্ত্রিক রোগে কলকাতা এবং গ্রাম বাংলার মানুষজন আক্রান্ত হন তখন সরকার পক্ষ থেকে কিছু কিছু পদক্ষেপ নেওয়া হয়, কিন্তু এ-সম্পর্কে একটা কমপ্লিট এফোর্ট, একটা পজিটিভ স্টেপ নিতে কিন্তু দেখছি না। কলকাতায় ৭৪ জন আন্ত্রিকে মারা গেছেন, কিন্তু দেখছি, পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এবং স্বাস্থ্য দপ্তর আলাদা হয়ে রয়েছে, উভয়ের মধ্যে কোনও সমন্বয় সাধিত হচ্ছে না। জলের জন্য সব দায়িত্বটা কিন্তু পি. এইচ. ইর। কাজেই বিষয়টার গুরুত্ব উপলব্ধি করে অবিলম্বে দুই দপ্তরের মধ্যে সমন্বয় সাধনের ব্যবস্থা করুন।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। বালিতে ফ্রিঞ্জ এরিয়ায় ওয়াটার সাপ্লাইয়ের জন্য

সি. এম. ডবলিউ. এস. এ নামে একটি জল প্রকল্প আছে। এদের ৫টি গ্রাম পঞ্চায়েতে জল সরবরাহ করার দায়িত্ব। তার জন্য বিরাট একটা অংশে পাইপ লাইন যাচ্ছে। সাঁপুইপাড়া, উত্তর ঘোষপাড়া, কর্ড লাইনের উত্তরে বেলানগর, অভয়নগর গ্রাম, অভয়নগর উপনিবেশ এবং উত্তর জয়পুর পর্যন্ত এই প্রকল্পের সম্প্রসারণ হওয়া অবিলম্বে প্রয়োজন। কেননা, দারুণ গ্রীষ্মে যে টিউবয়েলগুলি ছিল তার জল নিচে নেমে গেছে। জলের জন্য মানুষের অবর্ণনীয় কষ্ট দেখা দিয়েছে। আমরা শুনেছি যে সি. এম. ডবলিউ এস. এ স্কীম গৃহীত হয়েছে। কিন্তু এখন পর্যন্ত তার কাজ শুরু না হওয়ায় আমাদের ওখানে প্রচণ্ড জলের অসুবিধা দেখা দিয়েছে। আরো দুটি ডীপ টিউবয়েল ওখানে বসানো উচিৎ এবং আই. ই. প্ল্যান্ট সংস্কার করা দরকার। আর একটা হচ্ছে, জগদীশপুরে রুর‍্যাল ওয়াটার সাপ্লাইয়ের জন্য একটা জল প্রকল্প হয়েছে। এর সঙ্গে দুটি গ্রাম-মধ্য জয়পুর এবং দক্ষিণ জয়পুরকে এই জল প্রকল্পের অন্তর্ভুক্ত করা একান্তভাবে প্রয়োজন। আগামী ৩ তারিখে জগদীশপুরে এই জল প্রকল্প উদ্বোধন হবে। কাজেই সেই সঙ্গে গ্রাম—মধ্য জয়পুর এবং দক্ষিণ জয়পুরকে যাতে যুক্ত করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র নদীয়া জেলায় যে অবস্থা চলছে তাতে সমাজবিরোধীদের হাতে সমস্ত থানাগুলি চলে গেছে। বিগত দুই মাস ধরে কৃষ্ণনগর শহরের প্রকাশ্য রাজপথে দুটি খুন হয়েছে এবং খুন করার পরে ঐ সমাজবিরোধীরা প্রকাশ্য দিবালোকে রাস্তায় ঘুরে বেড়াচ্ছে, কিন্তু পুলিশ তাদের গ্রেপ্তার করেনি। গত ৩১শে মার্চ তারিখে সীমান্ত রক্ষী বাহিনীর প্রহরী চন্দন বোস, তিনি ছুটিতে বাড়িতে আসছিলেন। তার সঙ্গে তার একজন সঙ্গী ছিল। তিনি মোটর সাইকেলে করে যাচ্ছিলেন, তিনি কোন রাজনীতির সঙ্গে যুক্ত নন, তাকে বোমা মেরে, ভোজালি দিয়ে কুপিয়ে কুপিয়ে টুকরো টুকরো করে কাটা হয়। পুলিশ এই ঘটনা জানা সত্ত্বেও আজ পর্যন্ত কিছু করেনি। গত ২৯ তারিখ, রবিবার, কৃষ্ণনগর শহরে অধীর ঘোষ নামে একটি ছেলে, সে যখন বাজার করে বাড়ি ফিরছিল তখন তাকে কুপিয়ে কুপিয়ে খুন করা হয়। গতকাল ধুবুলিয়া থানার কাছে খুন হয়েছে। আমি আপনার মাধ্যমে এই জঙ্গলের রাজত্বের অবসান চাইছি এবং দাবি করছি যে অবিলম্বে এই খুনী সমাজবিরোধীদের গ্রেপ্তার করে কঠোর শাস্তি দেওয়া হোক।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্রে টায়ার কর্পোরেশন অব ইণ্ডিয়ার প্রায় ১ হাজার ৩৮ জন শ্রমিক কর্মচারী ভয়াবহ সংকটের মুখে এসে দাঁড়িয়েছে। গত আগস্ট মাস থেকে কেন্দ্রীয় সরকার আই. আর. পি ডিভিসনের উৎপাদন বন্ধ করে দিয়েছে। এর ফলে প্রায় এক কোটি টাকার কাঁচামাল পড়ে নষ্ট হচ্ছে। শ্রমিক কর্মচারিরা কাজ করতে চায় কিন্তু তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না। এর উৎপাদিত দ্রব্যের মান অত্যন্ত উন্নত এবং এর উৎপাদিত দ্রব্য কোল ইণ্ডিয়া, কোল মাইন, এস. ই. বি, সেল ইত্যাদিতে বিক্রয় হচ্ছে। এদের তৈরি হোর্স পাইপ, ভি বেল্ট, ট্রান্সমিশন বেল্ট, সাইকেল, টায়ারের ভাল বাজার আছে। তবুও কেন্দ্রীয় সরকার এর উৎপাদন বন্ধ করে দিয়েছে। ১৯৮৪ সালে এর কর্মী সংখ্যা ছিল ২৬ শত, সেটা আজকে দাঁড়িয়েছে ১ হাজার। ইচ্ছাকৃতভাবে এই ডিভিসনকে

রুগ্ন করে দেওয়া হয়েছে। আমি কেন্দ্রীয় সরকারের এই শ্রম বিরোধী নীতির তীব্র প্রতিবাদ জানাচ্ছি। ওখানে আই. এন. টি. ইউ. সি'র কর্মচারী যারা আছেন, তারাও প্রতিবাদ জানিয়েছেন। আমি এর বিরুদ্ধে সকলকে প্রতিবাদ জানানোর জন্য আহ্বান জানাচ্ছি এবং অবিলম্বে এই ব্যাপারে রাজ্য সরকারের হস্তক্ষেপ প্রার্থনা করছি।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর এবং পূর্তমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় কালিগঞ্জ প্রাইমারি হেল্থ সেণ্টারের জন্য একটা এক্স-রে মেশিন দেওয়া হয় যেটা আজকে দীর্ঘ ৬/৭ বছর ধরে ডিস্ট্রিক্ট সি. এম. এইচ.-এর অফিসে পড়ে আছে। কারণ সেই এক্স-রে মেশিন যে ঘরে রাখা হবে সেই রকম কোন বিল্ডিং বা ঘর কালিগঞ্জ প্রাইমারি হেলথ সেন্টারে নেই। তার ফলে কয়েক লাখ টাকা দামের সেই এক্স-রে মেশিন অকেজো হয়ে ডিস্ট্রিক্ট সদর হাসপাতালে পড়ে আছে। আমি এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে কালিগঞ্জে প্রাইমারি হেলথ সেণ্টারে এই এক্স-রে মেশিনের ঘরের ব্যবস্থা করে সেই মেশিন বসানো হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য কারিগরি এবং পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোলপুর শহর এবং শান্তিনিকেতন শহর মিলিয়ে প্রায় ৭০-৮০ হাজার লোক বাস করে। হিসাব করে দেখা গিয়েছে যে এখানে প্রতিদিন ১৫ লক্ষ গ্যালন জল দরকার হয়। কিন্তু সেখানে মাত্র দেড় লক্ষ গ্যালন জল বোলপুর পেয়ে থাকে। যা দরকার এবং যা পাওয়া যায় তার মধ্যে বিরাট ফ্যারাক রয়েছে। তার মধ্যে আবার এখন কুয়োর জল শুকিয়ে গেছে, খাল-বিল, নদী-নালার জন্য শুকিয়ে গেছে। ফলে চারিদিকে জলের হাহাকার দেখা দিয়েছে। সম্প্রতি দুটি ডিপ-টিউবওয়েল পি. এইচ. ই ডিপার্টমেন্ট থেকে করা হয়েছে, সেইগুলি আজ নন-ফাংশনিং। গত মে মাসের ফার্স্ট উইকে গৌতম দেব মহাশয় গিয়েছিলেন, তিনি বলেছিলেন ১৫ দিনের মধ্যে তিনি এইগুলি চালু করবেন। কিন্তু এখনও পর্যন্ত সেইগুলি চালু করা যায় নি। কুয়োর জল পাওয়া যাচ্ছে না, ডিপ-টিউবওয়েলের জল পাওয়া যাচ্ছে না, ফলে ওই এলাকা ভয়ংকর পরিস্থিতির মধ্যে পড়েছে। আমি বলেছিলাম বোলপুর একটা রাঢ় অঞ্চল, এখানে জল সরবরাহের একটা স্থায়ী ব্যবস্থা করা হোক। এই ডিপ-টিউবওয়েল এখনও পর্যন্ত চালু করা যায় নি, অবিলম্বে যাতে এটা চালু করা যায় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জলসেচ বিভাগের পূর্ব মেদিনীপুর এলাকার একজিকিউটিভ ইঞ্জিনিয়ার অফিস, ২৪শে জানুয়ারি সরকারি নির্দেশ বেরিয়েছে যে তমলুকে স্থানান্তরিত করা হবে। সেই অফিস এখনও পর্যন্ত স্থানান্তরিত করা হয়নি। তার ফলে তমলুক, কাঁথি এবং ঘাটালের মানুষেরা ক্ষুব্ধ। আপনার অফিস থেকে নির্দেশ দেওয়া সত্ত্বেও তমলুকে স্থানান্তরিত করা হচ্ছে না। এই ব্যাপারে আপনি একটু যত্নশীল হোন।

**ডাঃ তরুন অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নৈহাটিতে কনটেনার

অ্যান্ড ক্যাপ বলে একটা কনটেনার কোম্পানি রয়েছে। ১৯৯১ সালের আগস্ট মাস থেকে এই কারখানা বন্ধ হয়ে রয়েছে। আশ্চর্য ব্যাপার হল ম্যানেজমেন্টের পক্ষ থেকে লক আউট ঘোষণা করা হয়নি, সাসপেনশন অফ ওয়ার্ক ঘোষণা করা হয়নি, ক্লোজারের কোনও নোটিশ দেওয়া হয়নি, অথচ কারখানার ৫০০ শ্রমিক কাজ করতে পারছে না, ওয়েজ পাচ্ছে না বোনাস পাচ্ছে না। এখানকার শ্রমিকরা অনাহারে দিন কাটাচ্ছে, তাদের সংসার ভেসে গেছে ইতিমধ্যে ২০ জন শ্রমিক মৃত্যুর দিকে এগিয়ে গেছে। কিন্তু সরকার চুপচাপ বসে আছে আই. এন. টি. ইউ. সি সহ সমস্ত ইউনিয়নের শ্রমিক সকলের কাছে দরবার করেছে, অসীম দাশগুপ্তের কাছে পর্যন্ত দরবার করেছে। সেখানে শুধু আশ্বাস বাণী ছাড়া আর কিছু পাওয়া যায়নি। কোনও তৎপর মনোভাব সরকারের পক্ষ থেকে দেখা যায় নি। আমি তাই মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, আপনার সমস্ত দপ্তর ব্যর্থ, দয়া করে আপনি এগিয়ে আসুন। আমরা দেখতে পাচ্ছি মুখ্যমন্ত্রীর সঙ্গে দলের অন্যান্য পার্টি সদস্যের মত পার্থক্য হচ্ছে। সেই জন্য আপনার কাছে অনুরোধ আপনি এগিয়ে এসে এই ব্যাপারে হস্তক্ষেপ করুন

[12-20 — 12-30 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। মালদা জেলার তিনটি থানা বিহারের বাঁধের উপরে নির্ভরশীল। বিহারের সাহারাণপুর থেকে আজমগঞ্জ পর্যন্ত বাঁধ আছে, সেই বাঁধ ১৯৮০ সাল থেকে চারবার ভেঙ্গেছে এবং আমরা চারবার সর্বশান্ত হয়েছি। এবারে বাঁধটি মেরামতের জন্য কাটিহারের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে ডাকা হয়েছিল। তিনি বলেছেন যে তাদের টাকা নেই। আমরা যেন জ্যোতিবাবুকে বলি এবং তিনি যেন লালুপ্রসাদ যাদবকে চিঠি লেখেন। তিনি যদি টাকা দেন তাহলে তারা বাঁধ মেরামত করতে পারবেন। ওখানে একজন বিখ্যাত কন্ট্রাক্ট কন্ট্রাক্টর পেয়েছে, কিন্তু কাজ করছে না। বন্যা এসে যাচ্ছে। এবারে যদি বাঁধটি ভাঙে তাহলে নিচু এলাকায় অনেক যে বাড়ি আছে সেগুলো সব ভেঙে যাবে। আমরা একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকেও বলেছিলাম। তিনি বলেছেন, আপনারা উপর থেকে চাপ দিন। আমি মাননীয় সেচমন্ত্রীকে বলব যে তিনি যেন বিহারে তার কাউন্টার পার্টকে বলেন। তিনি মাননীয় মুখ্যমন্ত্রীকে দিয়ে যেন চিঠি লেখান যাতে ওখানে টাকা অ্যালটেড হয়। ওখানে যে কন্ট্রাক্টর কাজ করছে না, সে একজন ইনফ্লুয়েন্সিয়াল ব্যক্তির অধীনে আছে। এই বিষয়গুলোকে জানানো হোক। এটা না হলে মালদহ জেলা খুব ক্ষতিগ্রস্ত হবে। এবারে মালদহতে আম হয়নি। মানুষের হাতে কাজ নেই। এই অবস্থায় বন্যা হলে ঘরবাড়ি সব ভেঙে নষ্ট হয়ে যাবে। মাননীয় সেচমন্ত্রী এখানে আছেন। আজকে তার বাজেট আছে, এই ব্যাপারে তিনি কিছু বলুন।

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষা দপ্তরের মন্ত্রীরা আছেন, তাদের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র হাওড়া জেলার শ্যামপুরে ১৯৬৪ সাল থেকে রাধানগর বেসিক ট্রেনিং কলেজ বলে একটি ইনস্টিটিউট ছিল। কোনও অজ্ঞাত কারণে জানি না, এই সরকার ১৯৯৪ সাল থেকে সেই কলেজে সমস্ত ছাত্রদের ভর্তি বন্ধ করে দিয়েছেন। আমরা ডিস্ট্রিক্ট প্রাইমারি কাউন্সিল-এর চেয়ারম্যানের কাছে দরবার করেছি। তিনি ক্যাটিগোরিক্যালি বলেছেন যে, এই ব্যাপারে তিনি

কিছুই জানেন না। আমার প্রশ্ন হল, কোথায়, কি কারণে একটি কলেজ যেটি গত ৩০ বছর ধরে চলছিল তা এই সরকার বন্ধ করে দিলেন? রাজ্য সরকার শিক্ষকদের ষাট বছরে গলা কেটে দিচ্ছেন। এখন আবার প্রতিষ্ঠানগুলোকে বন্ধ করে দিচ্ছেন। এটা করছেন কেন? বেকার ছেলেরা প্রাইমারি বেসিক ট্রেনিং নিতেন যেখানে, সেই ইনস্টিটিউটকে বন্ধ করে দিচ্ছেন কেন? হাওড়া জেলায় দুটি মাত্র ট্রেনিং ইনস্টিটিউট আছে। হাওড়া জেলার মফঃস্বলে অবস্থিত এই ইনস্টিটিউটকে যে বন্ধ করছেন, আমি তার বিরোধিতা করছি। অবিলম্বে যাতে কলেজটি চালু করা যায় তারজন্য আমি আপনাদের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা খেজুরি অধিকতম তফসিলি এলাকা মেদিনীপুর জেলার মধ্যে। ওখানে একটি ভোকেশন্যাল ডিগ্রি কলেজের প্রস্তাব দীর্ঘদিন ধরে উচ্চশিক্ষা দপ্তরে পড়ে রয়েছে। আমরা নানাভাবে আবেদন নিবেদন করেছি এবং বিভিন্ন মহল থেকেও চাপ সৃষ্টি করা হয়েছে, কিন্তু কোনও কাজ হয়নি। সেজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি যাতে ভোকেশনাল ডিগ্রি কলেজ অ্যাট খেজুরি স্থাপিত হয়, এই কাজটি যাতে তরান্বিত হয়, তারজন্য দাবি জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। স্যার, আপনি জানেন যে, আমাদের রাজ্যে সাক্ষরতা অভিযান জোর কদমে এগিয়ে চলেছে। এই ব্যাপারে একটা বিরাট প্রচার চলছে। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী থেকে শুরু করে বামফ্রন্ট সরকারের নেতারা সভা সমাবেশে এই ব্যাপারে কৃতিত্বের দাবি করছেন। এই সাক্ষরতা অভিযান কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে যে সমস্ত প্রতারণার অভিযোগ উঠেছে তাতে করে রাজ্যের সাক্ষরতা অভিযান অগ্রগতি সম্পর্কে সাধারণ মানুষের মধ্যে একটা প্রচন্ড অশান্তির সৃষ্টি হচ্ছে। বিশেষ করে নদীয়া জেলাতে এই সম্পর্কে অভিযোগ উঠেছে যে তড়িঘড়ি পূর্ণ সাক্ষরতা ঘোষণা করার জন্য নব সাক্ষরদের উপযুক্ত সাক্ষরতা অর্জন করার আগেই স্কুলের ছাত্রদের দিয়ে প্রমাণ করানো হচ্ছে যে সাক্ষরতা পূর্ণ হয়ে গেছে।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে বন বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মে মাসে জিপরা বনবস্তির তরুণ রাভা বেশ কয়েকটি হাতি মেরেছে এবং ওই হাতির দাঁত চোরাকারবারিরা নিতে পারেনি ওই কমঃ তরুন রাভার জন্যে। সে ওই দাঁত ফরেস্ট অফিসে জমা দিয়েছে। এর জন্য তাকে পুরস্কৃত করার কথা বলে পুলিশ তাকে ধরে নিয়ে গিয়ে আটকে রেখে প্রায় ৮-৯ দিন এবং তার উপরে অত্যাচার চালায়। এই ব্যাপারে জিপরা বস্তির লোকেরা ডি. এফ. ও.-র কাছে ডেপুটেশনে দেয়। তাতে কিছু তো হলই না বরং রেটে মুর্ম, সুকরা টোপ্পো তাদের হাজতে রেখেছে। ওখনকার ডি. এফ. ও. আইন নিজেই নিজের হাতে তুলে নিয়েছেন। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি যে অবিলম্বে ওই দোষী অফিসারদের শাস্তি দেওয়া হোক।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার মন্তেশ্বর বিধানসভা কেন্দ্রে একটি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র আছে।

ওটি বিভাগীয় দপ্তরের চরম উদাসিনতার জন্য বন্ধ হতে চলেছে। ওখানে রোগী ভর্তি ক এক বিরাট কষ্টদায়ক ব্যাপার, ভীষণ গৃহ সমস্যা। স্টাফ কোয়াটার প্রায় থাকার অযোগ্য এ ছাদ ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। বিগত সি. এম. ও. এইচের সঙ্গে বহুবার যোগাযোগ করা সত্ত্বে কোনও লাভ হয়নি। সুতরাং অবিলম্বে যে স্বাস্থ্যকেন্দ্রটি আছে সেটা যাতে চালু থাকে তা ব্যবস্থা করুন। এরজন্য দরকার হলে জেলা ভিত্তিক ব্যবস্থা নেওয়া হোক। এই স্বাস্থ্যকেন্দ্র ছাড়া অন্য হাসপাতাল নেই, গ্রামীণ হাসপাতাল প্রায় ৩ বছর ধরে চালু হচ্ছে না, সুতর এই চালু হাসপাতালে যদি বন্ধ হয়ে পড়ে তাহলে মানুষ বিক্ষোভে ফেটে পড়বে। এ অবিলম্বে ব্যবস্থা নেওয়া হোক।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় আমি আপনার মাধ্য মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বামফ্রন্ট সরকার নতুন ফতেহা জা করেছে যে অসেচ এলাকাতে ১৮ বিঘা জমির মালিক এবং সেচ এলাকাতে ১২ বিঘা জমি মালিকদের খাজনা মকুব করা হবে। এবং এটা একটা বামফ্রন্ট সরকারের অন্যতম সাফ বলে দাবি করেছে। কিন্তু শোনা যাচ্ছে কিছু কিছু ক্ষেত্রে ওই মালিকদের কাছ থেকে জবরদ খাজনা আদায় করার অভিযোগ উঠেছে। এরজন্য ১৯৬২ সাল থেকে ওই টাকা এবং সু তস্য সুদ সহ দেওয়ার জন্য বলা হয়েছে। নথিভুক্ত এলাকাতে ও জবরদস্তি খাজনা আদা করেছে। এই যে বলা হয়েছিল যে অসেচ এলাকাতে ১৮ বিঘা এবং সেচ সেবিত এলাকা ১২ বিঘা জমির মালিকদের খাজনা মকুব করা হবে তা তো কার্যক্ষেত্রে আমরা দেখছি ন সেই কারণে মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি অন্তত এই ব্যাপা হাউসে একটা বিবৃতি দিয়ে সুস্পষ্ট করে জানান যে তিনি যে খাজনা মকুবের কথা বলেছিলে রায়তদের ক্ষেত্রে সেই সিদ্ধান্ত থেকে সরে এসেছেন কিনা।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী কমলকান্তি গুহ ঃ** মাননীয় স্পিকার মহোদয়, একটা সিরিয়াস অবস্থা দাঁড়িয়ে উনি বললেন যে মন্ত্রীদের তরফ থেকে এই সম্পর্কে একটা বিবৃতি দেওয়া দরকার। তা অ সেটা অনুরোধ করছি, আপনি বলুন এই সংশয়টা কাটাবার ব্যাপারে।

**মিঃ স্পিকার ঃ** গত কালকে তো দেবব্রতবাবু বলেছেন এই কথাটা, বিনয়বাবু শুনেছে এই ব্যাপারটা দেখবেন।

**শ্রী কমলকান্তি গুহ ঃ** স্যার, গ্রামেগঞ্জে নিলামের হুমকি যাচ্ছে, বাড়িতে বাড়িতে হাম দিচ্ছে, কৃষকরা যখন জমি রেজিস্ট্রি করতে যাচ্ছে তখন বলছে খাজনার রসিদ দেখাও কৃষকরা যখন ব্যাঙ্ক ঋণ নিতে যাচ্ছে তখন তারা বলছে খাজনার রসিদ দেখাও। অথ বামফ্রন্ট সরকারের নীতি ছিল যে ১৮ বিঘা পর্যন্ত জমির খাজনা আদায় করা হবে ন আজকে ১৬/১৭ বছর ধরে কেউ খাজনা দেয় না, এখন বলছে খাজনা দিতে হবে সুদ সহ না হলে ক্রোক হয়ে যাবে। এটাতে গ্রাম বাংলায় একটা বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে। এই সম্পর্ে আমরা একটা পরিষ্কার বক্তব্য জানতে চাচ্ছি যে আদায় হবে কি হবে না যারা আদায় কর তারা ভুল করছে বা এটা হচ্ছে সরকারের নীতি, সেটা আমরা পরিষ্কার করে জানতে চাই

**শ্রী দেবনাথ মুর্মু ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার গাজোল থেকে প্রতিদিন বিভিন্ন কাজে বিভিন্ন মানুষ তারা ব্যবসার জন্য ও কাজের জন্য কলকাতায় যাতায়াত করেন। কিন্তু গাজোল থেকে কোনও এক্সপ্রেস বাস না থাকায় ঐ এলাকার মানুষেরা মালদা শহরে গিয়ে সেখান থেকে বাস ধরে, ট্রেন ধরে। অবিলম্বে গাজোল থেকে কলকাতা অভিমুখে সরকারি বাস চালাবার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি এবং গাজোলে একটা বাস টার্মিনাসের ও দাবি জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** প্রবোধবাবু, কালকে দেবপ্রসাদ সরকার মহাশয়, কথাটা উল্লেখ করেছেন জমির খাজনা নিয়ে, আজকে কমলবাবু এবং প্রবোধবাবু একই কথা উল্লেখ করেছেন, আপনি বিনয়বাবুর সঙ্গে কথা বলুন, উনি যদি এই ব্যাপারে কোয়েশ্চেন ডেটে একটা স্টেটমেন্ট দিতে চান তাহলে আপনি ওনার সঙ্গে কথা বলুন।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** আমি ওনাকে অনুরোধ করব ৬ তারিখে যদি উনি এই ব্যাপারে একটা স্টেটমেন্ট দেন।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে বন দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম থেকে বিস্তীর্ণ এলাকা অবধি হাতির উপদ্রবের জন্য জনজীবন বিধ্বস্ত হয়েছে। ওখানে বন দপ্তরের নিষ্ক্রিয়তার জন্য ৩টি মানুষের জীবনহানি হয়েছে। সরকারের পক্ষ থেকে সাড়ে সাত হাজার টাকা ক্ষতিপূরণ দেবার কথা বলা হয়েছে, এইভাবে তারা দায়িত্ব থেকে নিষ্কৃতি পেতে চাচ্ছেন, কিন্তু ওখানকার বন দপ্তরের অফিসিয়ালরা এবং কর্মচারিরা তখন কি করলেন। ঝাড়গ্রামে কিছুদিন ধরে বন্য হাতিরা অত্যাচার করে যখন চলে যায় এবং আবার একদল হাতি যখন গোয়ালতোড় ও হুমগড়ে ঢুকে গ্রামের মানুষের জীবন হানি করছে সম্পত্তি ধ্বংস করছে তখনও বন দপ্তর নিষ্ক্রিয়। এই ব্যাপারটি অবিলম্বে তদন্ত করে দেখা দরকার।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বামফ্রন্ট সরকার শিক্ষার অনেক উন্নতি করেছে কিন্তু বর্তমানে আমার এলাকায় নলহাটি রেল কলোনির পাশে একটা প্রাথমিক বিদ্যালয় আছে। মাত্র একটা ঘর, ২৫০ জনের উপর ছেলে-মেয়ে সেই স্কুলে পড়ে। দীর্ঘদিন ধরে গাছতলায় ক্লাশ হচ্ছে। আমরা এই ব্যাপারে অনেকদিন ধরে জেলা প্রশাসনকে বলে এসেছি। আমি এই ব্যাপারে প্রাথমিক শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওখানে আরও গৃহনির্মাণের ব্যবস্থা করা হয়।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মিঃ স্পিকার স্যার, মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই যে, হাউসে জনস্বার্থ বিঘ্নিত হচ্ছে এবং কলিং অ্যাটেনশনের বিষয়ে জরুরি মনে করে হাউস অ্যাক্সেপ্ট করে এবং মন্ত্রী মহাশয় জবাব দেয়। ১৯৯১ সালে বলা হয়েছিল ইছামতি নদী একেবারে মজে গিয়েছে, হাজার হাজার চাষী সেখানে জল পাচ্ছে না, ফিশারম্যানদের অবস্থাও খারাপ। সংস্কারের অভাবে সেই নদী মৃতপ্রায়। মাননীয় ইরিগেশন মন্ত্রী রিপ্লাই দিয়েছিলেন আমরা এটা করব। স্যার, আজকে ১৯৯৪ সাল থেকে গেল এখনও পর্যন্ত

সেই ব্যাপারে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। আমি দাবি করছি এই ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা দুর্ভাগ্যজনক বিষয় আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বাসস্থান যে গ্রামে, সেই পদ্মনাভপুরে একটা আর. এল. আই. আছে এবং আমরা জানতাম সেখানে কোনও ও. সি. এম. নেই। কিন্তু সম্প্রতি গত মাসের প্রথম সপ্তাহে বি. ডি. ও. অফিস থেকে জানা গেল সেখানে একজন ও. সি. এম. আছেন এবং প্রতি মাসে তিনি বেতন তোলেন এবং কলকাতা হাইকোর্টে তিনি আইন ব্যবসা করেন। এই রকম যদি অবস্থা হয় তাহলে এটা অত্যন্ত পরিতাপের বিষয়। একটা দপ্তরে এই ধরনের কর্মচারী আছে এবং তাকে নাকি মান্থলি ওয়ার্কিং রিপোর্ট দিতে হয়। আমার দাবি অবিলম্বে এই বিষয়টা তদন্ত করা হোক।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা খুব উদ্বেগের বিষয় এবং অত্যন্ত দুর্ভাগ্যজনক। একটা সময় ছিল যখন শুধু পশ্চিমবঙ্গ নয়, সারা ভারতবর্ষে কলেরা মহামারি এসব নিয়ে ভাবতাম পশ্চিমবঙ্গের স্বাস্থ্য ব্যবস্থা নিয়ে আমরা গর্ব করতাম, যে এইসব রোগ এখান থেকে নির্মূল হয়ে গেছে। কিন্তু মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর নেতৃত্বে স্বাস্থ্য পরিকাঠামো এমনই ভেঙ্গে পড়েছে, যে এখানে প্রতিদিন শয়ে শয়ে মানুষ কলেরায় মারা যাচ্ছে এবং প্রাণ দিচ্ছে। শুধু এই বছর নয় গত তিন বছর ধরে এই রকম হচ্ছে এবং আন্ত্রিকে মারা যাচ্ছে বলে বলা হচ্ছে। এই ব্যাপারে মন্ত্রী মহাশয় কিছু বলুন।

(নয়েজ)

(গোলমাল)

(একাধিক কংগ্রেসি সদস্য উঠে দাঁড়িয়ে বলতে থাকেন)

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উত্তরবঙ্গের ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্কের চরম দুর্নীতি, অকর্মণ্যতা এবং প্রশাসনিক দুর্নীতির প্রতি মাননীয় অর্থমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং উত্তরবঙ্গের মাননীয় বিধায়কদের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দুর্নীতি এবং অকর্মণ্যতার জন্য এই গ্রামীণ ব্যাঙ্কটি প্রায় বন্ধ হতে চলেছে। ১৯৭৭ সালে উত্তরবঙ্গে ক্ষেত্রীয় গ্রামীণ ব্যাঙ্ক প্রতিষ্ঠিত হয়েছিল সাধারণ মানুষ, চাষী, প্রান্তিক চাষী, বর্গাদারদের ব্যাঙ্কের পরিষেবা দেওয়ার জন্য। এই ব্যাঙ্কের দাদন দেবার যে ধার্য সীমা ছিল সেটা হচ্ছে ৭ কোটি টাকা কিন্তু তারা দিয়েছে ৪ কোটি টাকা। কৃষি ঋণ দেওয়ার ক্ষেত্রে লক্ষ্যমাত্রা ছিল ২ কোটি ৮০ লক্ষ টাকা কিন্তু দিয়েছে মাত্র ৩৫ হাজার টাকা। উত্তরবঙ্গের বন্যার পর ব্যাঙ্কগুলির কাছে সরকারের যে নির্দেশ গিয়েছিল সেই নির্দেশ অমান্য করে কোনও দাদন সেখানে দেওয়া হয়নি। এবারে দাদন দেওয়ার ক্ষেত্রে ব্যাঙ্কের পূর্ণ আর্থিক সামর্থ থাকা সত্ত্বেও দাদন দেওয়া হয়নি অ্যাডমিনিস্ট্রেটিভ গাফিলতি এবং দুর্নীতির জন্য। এই ব্যাঙ্কের কয়েকটি শাখাতে দুর্নীতির নির্দি

অভিযোগ আছে। চেয়ারম্যান নিজে ব্যাঙ্কে না বসে বাড়িতে বসে কাজ করছেন। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী নিত্যানন্দ অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে বন ও পরিবেশ দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, দেশ ভাগের পর থেকে বন কেটে বসত করার প্রবণতা দারুণভাবে দেখা দিয়েছে। তা ছাড়া জ্বালানি কাঠ সংগ্রহ করার জন্য ব্যাপকভাবে বন কাটা হয়েছে। সবচেয়ে মারাত্মক আকার ধারণ করেছে বন চোর বা সমাজবিরোধিদের বড় বড় গাছ কেটে সাফ করার প্রবণতা। এর ফলে বন্য জীবজন্তুরা অসুবিধায় পড়ছে, তাদের খাদ্যের অভাব হচ্ছে। গতকালই মেদিনীপুরে হাতির পাল নেমে এসেছিল। তাদের দোষ দেওয়া যায় না কারণ মানুষ তাদের শান্তি বিঘ্নিত করছে। বন কেটে সাফ করে দেওয়া হচ্ছে ফলে তাদের খাদ্যের অভাব দেখা দিচ্ছে। তারা নেমে এসে বসতি, জমির আবাদ নষ্ট করছে, বাড়িঘর ভাঙ্গছে। বন দপ্তরকে চিন্তা করতে হবে যে চিরাচরিত প্রথায় বন রক্ষা করা যাবে কিনা। কারণ বন কাটলে একদিকে যেমন পরিবেশের ভারসাম্য নষ্ট হয় অপরদিকে বনের পুশুদের খাদ্যের অভাব হয়। তিস্তা টোলের পাশে কয়েক শো চোরাই কাঠ বোঝাই ট্রাক ধরা পড়েছে। এ দিকে দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত পৌর নির্বাচন এবং আসানসোল ও শিলিগুড়ি কর্পোরেশনের নির্বাচনের পর আমরা দেখছি কংগ্রেস দল হতাশাগ্রস্ত হয়ে পড়েছে। হাতাশাগ্রস্ত কংগ্রেস দলকে চাঙ্গা করার জন্য এক শ্রেণীর কাগজ বলছে যে কংগ্রেসের হতাশ হওয়ার কিছু নেই। এই হাতশার ফলে আমরা দেখছি, কংগ্রেসের একটা গোষ্ঠী আর একটি গোষ্ঠীর বিরুদ্ধে অত্যাচার চালাচ্ছে, সন্ত্রাস সৃষ্টি করছে। সাগর দ্বীপের একটা পকেটে কংগ্রেসের গোষ্ঠী দ্বন্দ্বের ফলে সেখানকার সাধারণ মানুষ অসুবিধায় পড়ছেন। এই গোষ্ঠী দ্বন্দ্বের ফলে আমরা দেখছি, সেখানে পাট্টা হোল্ডার চাষীদের ঘরদোর পর্যন্ত আক্রমণ করা হচ্ছে। চাষীরা তার প্রতিবাদ করলে তারা পালিয়ে যাচ্ছে। স্যার, কংগ্রেসের সন্ত্রাস এমন জায়গায় গিয়ে পৌছেছে যে তার হাত থেকে গরিব পাট্টা হোল্ডাররা রেহাই পাচ্ছেন না। আমি এর প্রতিবাদ করছি এবং পুলিশ প্রশাসন যাতে ব্যবস্থা নেন তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার পাঁচলা কেন্দ্রে পূর্ত বিভাগের যে রাস্তাগুলি আছে তার মধ্যে ধুলাগুড়ি থেকে একব্বারপুর, নাবঘরা থেকে আমতা, কাঁকোল থেকে জয়নগর বাজার, দাওয়ানঘাট থেকে দেউলপুর ইত্যাদি রাস্তাগুলির অবস্থা খুবই খারাপ। অবিলম্বে রাস্তাগুলির মেরামত করা না হলে তা যান চলাচলের অযোগ্য হয়ে পড়বে এবং মানুষ যাতায়াত করতে পারবেন না। স্যার, আমাদের অভিজ্ঞতা আছে যে ঠিক বর্ষার সময় রাস্তার মেরামতির কাজ হয়, তাতে কিন্তু টাকার অপব্যয়ই হয়। এটা যাতে না হয় সেটা দেখতে হবে এবং অবিলম্বে রাস্তাগুলির মেরামত করতে হবে। আমি আবারও বলছি, ধুলাগুড়ি থেকে একব্বারপুর পর্যন্ত রাস্তাটি অবিলম্বে মেরামত করা হোক।

**শ্রী বিজয় বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রে ভীমগড় থেকে সিউড়ি পর্যন্ত

রাস্তাটি অত্যন্ত খারাপ, সেখানে বাস চলাচলের অসুবিধা হচ্ছে। যে কোনও সময় দুর্ঘটনা ঘটে যেতে পারে। অবিলম্বে রাস্তাটি মেরামত করা হোক।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** স্যার, আপনার মাধ্যমে দুটি বিষয় মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটি হচ্ছে আনন্দের খবর যে একেবারে প্রত্যন্ত গ্রাম কানাইনগর গ্রাম-পঞ্চায়েতের বিনোদনগর গ্রামে গত ১১ই জৈষ্ঠ নজরুল জয়ন্তি পালন করা হয়েছে। সাথে সাথে ৮-ম শ্রেণীর বিদ্যালয়ে একটি নতুন পাঠকক্ষ গ্রামের মানুষের দানে, এবং একজন ব্যক্তির দানে সেই পাঠ ভবন তৈরি হল। তিনি ঘোষণা করলেন যে প্রয়োজনে তিনি আরও দান করবেন, এই রকম ঘোষণা তিনি করলেন। সেদিন খুব প্রাসঙ্গিক হয়েছিল বিষয়টা। নজরুল ইসলাম চুরুলিয়াতে স্কুল ছিল না বলে দেখব এবার জগতটাকে বলে বেরিয়ে পড়েছিলেন। ঐ এলাকায় শিক্ষার আগ্রহ মানুষের মধ্যে জেগে উঠেছে। আমরা জানি স্কুল বিল্ডিং তৈরি করার জন্য অনেক টাকা প্রয়োজন, সেই টাকা আমাদের সরকারের নেই, সেই জন্য গ্রামের মানুষ আজকে এগিয়ে এসেছেন। আবুল হাসন কবিরাজ তিনি অভিব্যক্তির মধ্যে এটা জানিয়ে দিয়েছেন যে ঐ এলাকায় শিক্ষাকে বাড়াতে হবে। সেই জন্য গ্রামবাসীদের দাবি ওখানকার ঐ অষ্টম মানের বিদ্যালয়টিকে ১০ম মানে উত্তীর্ন করা হোক। এই বিষয়টি মাননীয় শিক্ষা মন্ত্রীর গোচরে আনলাম।

**শ্রী নটবর বাগদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনর মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলা বিহারের সীমান্তবর্তী জেলা। ঐ সীমান্তবর্তী জেলা থেকে রাঁচিতে যে যক্ষা হাসপাতাল আছে যাতে পশ্চিমবঙ্গ সরকার কিছু অনুদান দিতেন বর্তমানে অবশ্য সেই অনুদান বন্ধ করে দেওয়া হয়েছে, যার জন্য পুরুলিয়া জেলা থেকে যে সমস্ত যক্ষা রোগী রাঁচিতে যেতেন চিকিৎসার জন্য তাদের সেই হাসপাতালে চিকিৎসা করা হচ্ছে না, তাদের ফিরিয়ে দেওয়া হচ্ছে। পুরুলিয়া জেলায় যক্ষা রোগীর সংখ্যা শতকরা দু তিন ভাগ, সেই জন্য সেই সমস্ত রোগীরা খুব অসুবিধা পড়েছে। পুরুলিয়া জেলখানার ভিতরে একটা যক্ষা হাসপাতাল করার প্রস্তাব রয়েছে, জেলা স্বাস্থ্য দপ্তর সেটা অনুমোদন দিয়েছে, কিন্তু জেলা স্বরাষ্ট্র দপ্তরের কিছু অফিসার সেখানে পারমিশন দিচ্ছেন না। যেহেতু হাসপাতালটা জেলের মধ্যে সেই জন্য স্বরাষ্ট্র দপ্তরের অনুমোদন প্রয়োজন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি যাতে স্বরাষ্ট্র দপ্তরের সঙ্গে কথা বলে এই অনুমোদনের ব্যবস্থা করেন এবং যাতে ঐ যক্ষা হাসপাতালটি চালু হতে পারে তার ব্যবস্থা করেন।

**শ্রী মিনতি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি আজকাল পত্রিকায় প্রকাশিত একটা সংবাদ দেখলাম, ইন্টারন্যাশনাল প্ল্যান্ড পেরেন্টস ফেডারেশনের সমীক্ষায় বেরিয়েছে ভারতবর্ষে শতকরা ৭৫ শতাংশ মেয়েদের ১৮ বছরের নিচে বিয়ে হচ্ছে। আঠারো বছরের নিচে মেয়েদের শারীরিক এবং মানসিক কোনও বিকাশ ঘটে না, সন্তান ধারণের অনুপযুক্ত থাকে। কিন্তু আমাদের গ্রামাঞ্চলে মায়েরা এবং অভিভাবকরা মেয়েদের এই বয়সটাকে মানতে চান না, তারা মেয়েদের ১২/১৩ বছরের মধ্যে বিয়ে দিয়ে দেন। তার ফলে বিয়ের পাঁচ-ছয় বছর মধ্যে সেই সব মেয়েরা স্বাস্থ্যহীনতায় ভোগে, যক্ষা রোগে ভোগে। তার ফলে তারা স্বামীর দ্বারা লাঞ্ছিত হয়ে পথে পথে ঘুরে

বেড়ায়। তারা বিষ খেয়ে মৃত্যু বরণ করতে বাধ্য হয়। কাজেই আমি বিষয়টির প্রতি মাননীয় সমাজ কল্যাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তার কাছে আবেদন জানাচ্ছি যে, তিনি সোশ্যাল অ্যাওয়ারনেস প্রোগ্রামের মধ্যে দিয়ে গ্রামাঞ্চলের মানুষদের সচেতন করে তোলার চেষ্টা করুন। সাথে সাথে আমি বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আবেদন জানাচ্ছি যে, তিনি গ্রামে গিয়ে যে সমস্ত স্বাস্থ্য কর্মী কাজ করেন তাদের উপরও দায়িত্ব দিন—গ্রামাঞ্চলে মেয়েদের ১৮ বছরের নিচে বিয়ে দেবার যে প্রবণতা দূর করার জন্য গ্রামাঞ্চলের মানুষদের এর বিষময় দিকগুলি বোঝাবার দায়িত্ব নিক। এ বিষয়ে গ্রামাঞ্চলের মানুষদের সচেতন করে তোলার জন্য স্বাস্থ্য দপ্তরেরও দায়িত্ব নেওয়া উচিত। এর সঙ্গে সঙ্গে মাননীয় বিচার মন্ত্রীর কাছে আমার আবেদন, এই জাতীয় বেআইনি বিবাহের ক্ষেত্রে তিনি আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিন। কারণ এ বিষয়ে কিছু আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া উচিত।

[12-50 — 1-00 p.m.]

## ZERO HOUR

**শ্রী বিন্দেশ্বর মাহাতো ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি জনস্বাস্থ্য বিভাগের ভার প্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার নির্বাচনী এলাকার পুরুলিয়া জেলার জয়পুরে ব্যাপকভাবে পানীয় জলের সংকট দেখা দিয়েছে। সেখানে অধিকাংশ টিউবওয়েলে জল পাওয়া যাচ্ছে না। পানীয় জলের কূয়াগুলিতে সকালের দিকে কিছুটা জল পাওয়া গেলেও বেলা বাড়ার পর আর জল পাওয়া যায় না। ফলে ঐ এলাকায় ব্যাপকভাবে পানীয় জলের সংকট দেখা দিয়েছে। সুতরাং অবিলম্বে ওখানে পানীয় জলের সমস্যার সমাধানে জরুরি পদক্ষেপ নেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পৌর-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে কাটোয়া একটা মহকুমা শহর। এই শহরের দীর্ঘ দিনের দাবি এই এলাকায় একটা ফায়ার ব্রিগেড করতে হবে। সেই দাবি অনুযায়ী সরকার প্রায় ৭০ লক্ষ টাকা ব্যয় করে এখানে ফায়ার ব্রিগেড স্থাপনের জন্য একটা বাড়ি তৈরি করেছেন এবং প্রায় ৬ মাস হয়ে গেল বাড়িটার নির্মাণ কার্য সম্পূর্ণ হয়ে গেছে। অথচ ফায়ার স্টেশনটি এখনও চালু করা হয়নি। এ বিষয়ে আমরা বার বার বিভাগীয় আধিকারিকদের সঙ্গে যোগাযোগ করছি, কিন্তু তারা বলছেন, 'যেহেতু নতুন কেন্দ্র চালু হবে সেহেতু ক্যাবিনেটের অনুমোদন প্রয়োজন, ক্যাবিনেট এখনও অনুমোদন করেনি।' অবিলম্বে কেন্দ্রটি চালু না করলে ঐ বিল্ডিংটা এরপর নষ্ট হয়ে যাবে। সেই জন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের বিষয়টির প্রতি দৃষ্টি আকর্ষণ করছি এবং তাকে অনুরোধ করছি যে, যদি কেন্দ্রটি চালু করা যায় তাহলে কাটোয়া মহকুমার এবং তার পার্শ্ববর্তী এলাকার মানুষদের দীর্ঘ দিনের একটা দাবি পূরণ করা সম্ভব হবে এবং মানুষরা সন্তুষ্ট হবেন। তাই আমি আবার মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, অবিলম্বে ফায়ার ব্রিগেডটি চালু করা হোক।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সম্প্রচার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, আকাশবাণীর মাধ্যমে প্রতিদিন নির্দিষ্ট সময়ে আদিবাসী সাঁওতালি অনুষ্ঠান—নাচ, গান, নাটক প্রভৃতি—প্রচারের ব্যবস্থা আছে। কিন্তু স্যার, দূরদর্শনে এই ব্যবস্থা নেই। আমাদের রাজ্যে রাজ্য সরকারের উদ্যোগে সাঁওতালি ভাষা, সুস্থ সাঁওতালি সংস্কৃতি প্রচারের জন্য এবং অপসংস্কৃতির বিরুদ্ধে সংগ্রাম করার জন্য বিভিন্ন ক্লাব এবং সংগঠনকে অনুদান দেওয়া হচ্ছে।

এই সংস্কারের বিরুদ্ধে নাটক, গান এবং নাচ এই সব মঞ্চস্থ করছেন এবং এর ফলে সাধারণ আদিবাসীদের মনে এই সমস্ত কুসংস্কারের বিরুদ্ধে এবং অন্ধ বিশ্বাসের সচেষ্ট হবার প্রবণতা দেখা দিয়েছে। তাই আমার দাবি হচ্ছে রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রীদের কাছে দূরদর্শনের সাঁওতালি ভাষায় সুস্থ্য সংস্কৃতি পক্ষে এবং অপসংস্কৃতির বিপক্ষে নাটক, গান এবং সংবাদ প্রতিদিন নির্দিষ্ট সময়ে যাতে পরিবেশিত হয় তার জন্য দাবি করছি।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে দ্বিতীয় হুগলি সেতু তৈরি করতে গিয়ে আমাদের সাউথ হাওড়া এবং শিবপুর বিধানসভার একটা বিস্তীর্ণ এলাকার অনেক মানুষ গৃহচ্যুত হয়েছে এবং গৃহচ্যুত হয়ে আমারই এলাকা ডুমুরজলা এইচ. আই. টি. কমপ্লেক্স রয়েছে। এইচ. আর. বি. সি. তাদের কোয়াটার্স করে দিয়ে পুনর্বাসন দেয়। টেলিকমিউনিকেশন কমপ্লেক্স তৈরি হয়েছে, প্রায় ১৫ হাজার মানুষের বসবাস অথচ কথা ছিল সেখানে এইচ. আর. পি. বিদ্যালয় করে দেবেন। আমাদের বিধানসভার মাধ্যমে শিক্ষা সচিব মহাশয়কেও বলা হয়েছে পরিকল্পনা আছে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হবে। ৩ বছর ধরে যোগাযোগ করা হচ্ছে অথচ আজ পর্যন্ত ডুমুরজলা এইচ. আই. টি. কমপ্লেক্সে বিদ্যালয় স্থাপন করা হয়নি। আপনি জানেন পঞ্চম শ্রেণীতে ভর্তি করতে ঐ এলাকার মানুষের তাদের ছাত্র ছাত্রী বা ছেলে মেয়েদের হিমসিম খেতে হয়। যাতে অবিলম্বে ঐ এইচ. আই. টি. কমপ্লেক্সে বিদ্যালয় স্থাপন করা একান্ত প্রয়োজন তাই আমি আপনার মাধ্যমে আবেদন রাখছি যেন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হয়।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চিনির স্বাদ এখন তেঁতো ঠেকছে। কেন্দ্রীয় সরকারের চরম ব্যর্থতা বিশেষ করে দ্রব্যমূল্য বৃদ্ধির ব্যাপারে এবং সেই কারণেই খুব সাম্প্রতিককালে চিনি সহ অন্যান্য জিনিসের দাম অস্বাভাবিক বৃদ্ধি পেয়েছে। চিনির দাম পশ্চিমবঙ্গে কিছুটা কমলেও আমার জেলা জলপাইগুড়ি এবং আমার নির্বাচন কেন্দ্র ফালাকাটায় এখন ১৮/১৯ টাকা দরে বাজারে চিনি বিক্রি হচ্ছে, রেশনে চিনি নিয়মিত পাওয়া যায় না। সাধারণ মানুষ চিনির স্বাদ থেকে একেবারে বঞ্চিত। আমার বক্তব্য গোটা পশ্চিমবঙ্গের সঙ্গে একই দরে দ্রব্যমূল্য নির্ধারণ করা হোক, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে প্রশাসনিকভাবে দেখুন যাতে জলপাইগুড়ির ফালাকাটায় চিনির দাম কমে এ ব্যাপারটায় একটু সুরাহা করেন।

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কল্যাণী বিশ্ববিদ্যালয় এবং বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

যৌথভাবে পাঁচিল দেওয়া হচ্ছে। বিশাল এলাকা নিয়ে এক কোটি টাকা খরচ করে আর. আর. ডিপার্টমেন্টের টাকায় এই পাঁচিল দুই বিশ্ববিদ্যালয়ে দেওয়া হচ্ছে। যাতে শিক্ষার পরিবেশ বজায় থাকে যাতে আনঅথরাইজড এতে ভরে না যায়। সেই ব্যবস্থা করার জন্য যখন পাঁচিল দেওয়া হচ্ছে তখন এক সমাজবিরোধী সেই জায়গায় সরকারি গাছ কেটে কেটে লড়ী বোঝাই করে নিয়ে যাচ্ছে। ইতিমধ্যে খবর পেয়ে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এবং ডেভেলপমেন্ট অফিসার ছুটে যান এবং সেখানে গিয়ে দেখেন লরিতে কাঠ বোঝাই হয়ে দাঁড়িয়ে আছে। তখন সেই মস্তান বলে যে এই গাছ এখন কেটেছি সরকারি জমি, আর পরে আপনাদের তিনটে গাছ কাটব।

[1-00 — 1-10 p.m.]

সেখানে স্তব্ধ হয়ে যান উপাচার্য, কারণ তিনি বলেন—আমি এস. ডি. ও.-র পারমিশনে গাছ কাটছি। এস. ডি. ও. এবং মাস্তানরা আজকে বিশেষজ্ঞ হয়ে গেছে যে, কোন গাছ ভেঙ্গে পড়বে বা কোন গাছে ফল হবে না এটা বোঝার। কাজেই অবিলম্বে এটা নিয়ে তদন্ত করা হোক এবং এই দুর্নীতির সঙ্গে যারা জড়িত তাদের শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে সারা রাজ্যে শুধুমাত্র আন্ত্রিক নয়, কলেরাও হচ্ছে। আমরা সংবাদপত্রে দেখেছি, মন্ত্রী বলেছেন, কিছু আন্ত্রিক রোগীর মধ্যে কলেরার জীবাণুও পাওয়া গেছে। এটা উদ্বেগের ঘটনা। আপনি একটি কলিং অ্যাটেনশনও গ্রহণ করেছেন এ-ব্যাপারে। কিন্তু আজকে পরিস্থিতি আরও ভয়াবহ হয়ে উঠেছে, ফলে যারা আক্রান্ত হচ্ছেন তারা হাসপাতালে চিকিৎসার সুযোগ পাচ্ছেন না। এমনিতেই হসপাতালগুলির পরিকাঠামো ভেঙ্গে পড়েছে। কাজেই মাননীয় মন্ত্রীকে বলতে বলুন যে, বর্তমানে বাস্তব পরিস্থিতিটা কি রকম। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন যখন বলছেন সারা পৃথিবী থেকে কলেরা লোপ পেয়ে গেছে তখন আমাদের রাজ্যে সেটা আবার দেখা দিচ্ছে, এটা খুবই উদ্বেগের বিষয়। আজকে এই উদ্বেগের কথা শুধুমাত্র আমরা কংগ্রেস এম. এল. এরাই বলছি তাই নয়, সমস্ত দলের সদস্যরাই বলেছেন।

**Mr. Speaker :** I have got 16 Zero hour notices. But I will take only 8 and will close at 1.15 p.m. Now Shrimati Nirupama Chatterjee.

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্রের বাগনান স্টেশন চারটি জেলার সংযোগকেন্দ্রে অবস্থান করছে, কিন্তু ঐ স্টেশনের রাস্তার অবস্থা অত্যন্ত জঘন্য বিষয়টা জেলা শাসকের মাধ্যমে জানানো সত্ত্বেও রেল বিভাগ ঐ রাস্তাটি সংস্কারের কোনও ব্যবস্থা নিচ্ছেন না। অপরদিকে সেখানে রেল লাইনের উপর দিয়ে যে ব্রিজ করবার কথা সেটাও করা হচ্ছে না। ঐ লেভেল ক্রসিংয়ে প্রায় ১০ জন মারা গেছেন। এছাড়া স্টেশনের মধ্যেও একটা ভয়াবহ অবস্থা সৃষ্টি হয়েছে, যত্রতত্র দোকান পাট বসে গেছে সেখানে। এই অবস্থা চলতে থাকলে রেল যাত্রীরা সেখানে বিপদে পড়বেন। তারজন্য উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবার জন্য আমি কেন্দ্রীয় রেল মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করলাম।

**শ্রী সাধন পান্ডে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আন্ত্রিকের ব্যাপারে আপনি কলিং অ্যাটেনশন গ্রহণ করেছেন, স্বাস্থ্যমন্ত্রী তার উপর স্টেটমেন্ট করবেন, কিন্তু আজকের সংবাদপত্রে দেখেছি, কলকাতা শহর জুড়ে রোগের প্রাদুর্ভাবের কথা। এতে আমরা প্রচন্ড ভাবে উদ্বিগ্ন, তাই ইমিডিয়েট উত্তর চাই যে, রোগীরা কোন কোন হাসপাতালে গেলে ইমারজেন্সি চিকিৎসার সুযোগ পাবেন। একটা আই. ডি. হাসপাতাল সম্পর্কে বলা হয়েছে। কলকাতা শহরের এই একটা বাদে আর কোথাও এই ধরনের এমার্জেন্সি সেল খুলেছেন কিনা, অন্য জায়গায় চিকিৎসা হতে পারে কিনা, সেই সম্পর্কে আপনি বলবেন। এটা জানা মানুষের গণতান্ত্রিক অধিকার আছে। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় বসে আছেন, আশা করি তিনি এগুলি আমাদের বলবেন।

**শ্রী কমলেন্দু সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সৌগতবাবু, উনি আমাদের সংসারের স্বর্ণ করমর্দন। উনি আমাদের অনেক উৎসাহ এবং প্রেরণা দেন। কালকে বিদায়নীতির উপরে আলোচনা করতে হয়েছিল। সংসারে কি ভাবে এটা প্রতিফলিত হয়, সেই গল্পটা আমি এখানে শোনাচ্ছি—

গল্প কথার নাসিরুদ্দিন বসে, গালে হাত দিয়ে,
আগের মতো কাজ করে না, গিন্নি দেবেন তাড়িয়ে।
নাসিরুদ্দিন নিজের পক্ষে বলেছিলেন বহু কথা,
মাজায় প্যাচের কাপড় বেধে, দাদি নেড়েছেন কেবল মাথা।
'তালাক নাকি বুড়ো বলে।' নাসিরুদ্দিন কাঁদে।
কাগজ পড়ো? টি. ভি. দ্যাখো? পড়েছো বিদায় নীতির ফাঁদে!
দাদির কথায় নাসিরুদ্দিন ভ্রু কুচকে তার—
ধমকে ওঠেন, 'ওসব কথায় বিশ্বাস নেই আর!
ভারতজোড়া ধর্মঘটে টি. ভি. দিব্যি চালায় বাস
এসব সত্যে ভরসা করে পথে হয়েছে সর্বনাশ!
বিদায় নীতির প্রতিবাদে মনে পড়ে বন্ধের দিনে
টি. ভি.-র আশ্বাসে পথে বেরিয়ে ফিরেছেন পায়ের মালিশ কিনে,
'ছিঃ কেদনা, মোড়ল, তুমি। আন্তর্জাতিক চুক্তি
পারো এড়াতে মোড়ল হয়ে? আছে এমন শক্তি?'
"বেতো রোগীর চাল আনতে করি অনেক বেলা
সেজন্য আমার বেলা বিদায় নীতির ঠেলা?
জুটিয়ে চাল খাস বিবিজান
মোড়লের কি হয় খাবারের টান?

চলনু আমি, মেনে নিতে আন্তর্জাতিক চুক্তি

বাড়ির চিমনির ধোঁয়া ওড়ে যেন, নিলাম সোনালি মুক্তি।"

নাসিরুদ্দিন বাড়িয়ে দিলেন পা, সেদিন থেকে দাদির ঘরে উনুন জ্বলে না।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় মন্ত্রীর কাছে দক্ষিণ কলকাতা এবং পূর্ব কলকাতার তীব্র জল সংকটের ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে আমাদের কলকাতায় মূল জলের সাপ্লাই আসে টালা ট্যাঙ্ক থেকে। এই টালা ট্যাঙ্ক থেকে যে জল আসছে, সুবোধ মল্লিক স্কোয়ারে যে বুস্টিং পাম্পিং স্টেশন আছে তার মাধ্যমে মধ্য কলকাতা ও দক্ষিণ কলকাতায় জল দেওয়া হয়, কিন্তু অকল্যান্ডে জলের সাপ্লাই অপ্রতুল হয়ে যায়। দক্ষিণ এবং দক্ষিণ পশ্চিম কলকাতার গার্ডেন রিচে যে পাম্পিং স্টেশন হয়েছিল, তার ক্যাপাসিটি অনুযায়ী জল টানতে পারছে না। ফলে বেহালা, কসবা, দক্ষিণ কলকাতা, আমার এলাকা, কালিঘাট, চেতলায় তীব্র জলকষ্ট হয়েছ। ডঃ অসীম দাশগুপ্ত, নগর উন্নয়ন মন্ত্রী। তিনি বলেছিলেন যে কলকাতায় অনেকগুলি ডিপ টিউবওয়েল করবেন। কিন্তু নানা গড়িমসীতে এই টিউবওয়েলের কাজ শুরু হচ্ছে না। যেগুলি আছে সেগুলিতে জল পাওয়া যাচ্ছে না। তার ফলে জলের অভাব দেখা দিয়েছে। মানুষ অন্য জল খেতে বাধ্য হচ্ছে। তার ফলে কলেরা, গ্যাস্ট্রো-এন্টারটাইটিজ ছড়িয়ে পড়েছে। কাজেই আপনার মাধ্যমে অনুরোধ করব যে অতিশিঘ্র পানীয় জল সরবরাহের ব্যবস্থা করুন।

[1-10 — 1-45 p.m.] (Including adjournment)

**শ্রী তপন হোড় :** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন পশ্চিমবাংলায় ৮ খানা জুট মিলের মালিক, অ্যাঙ্গাস, ভিক্টোরিয়া, কানুরিয়া, বরানগর জুট মিল, টিটাগড় জুট মিল এই রকম ৮ খানা জুট মিলের মালিক, তিনি পুলিশের গ্রেপ্তার এড়ানোর জন্য অ্যাবসকন্ড করে আছে। অপর দিকে কারখানার শ্রমিকদের একটা ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। স্যার, একটা প্রভিসন আছে, প্রভিসনটা হচ্ছে সি. আর. পি. সি.—ক্রিমিনাল প্রসিডিয়োর কোড ১৯৮৬/৮৭ তার সমস্ত সম্পত্তি ক্রোক করা যায়। আজকে যেহেতু গ্রেপ্তার এড়াবার জন্য জুট মিলের মালিক পুলিশকে ফাঁকি দিয়ে অ্যাবসকন্ড করে আছে, তাদের ক্রিমিনাল প্রোসিডিয়োর কোড ১৯৮৬-৮৭-র মাধ্যমে সমগ্র সম্পত্তি ক্রোক করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সুন্দরবনে জলের নিদারুণ দুরবস্থার ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মথুরাপুর, পাথরপ্রতিমা, সাগর, নামখানা, কাকদ্বীপ এই বিস্তীর্ণ এলাকায় জলের দারুণ অভাব, এখানে জলের জন্য কিছু কিছু জায়গায় দেখা গিয়েছে মানুষ পুকুরের জল খাচ্ছে। এখানে জলের স্তর নিচে নেমে যাওয়ার ফলে অনেক টিউবওয়েল খারাপ হয়ে গেছে। সরকারের তরফ থেকে প্রয়োজনীয় টিউবওয়েল সেখানে দেওয়া হচ্ছে না। সারা কাকদ্বীপ অঞ্চল সহ সুন্দরবনের ব্যাপক অঞ্চলে আন্ত্রিক দেখা দিয়েছে। যেহেতু সুন্দরবনের বিভিন্ন অঞ্চল মথুরাপুর, কাকদ্বীপ, পাথরপ্রতিমা থেকে কোনও খবর আসে না বলে সেটা মন্ত্রীর গোচরে আসে না। সেই জন্য আমি এই ব্যাপারে

মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে জলের কোনও পরীক্ষা হয় না। এখানে পানীয় জলে আরসেনিক দেখা দিয়েছে, বিস্তীর্ণ এলাকায় আরসেনিক দেখা দিয়েছে। যদি এখানে জলের পরীক্ষা হত তাহলে অনেক টিউবওয়েলকে বন্ধ করে দিতে হত। কারণ সেই সমস্ত টিউবওয়েলের জল পান করা মোটেই হাইজেনিক নয়। সেই হিসাবে অনেক টিউবওয়েলকে সিল করে দিতে হত। গৌতমবাবু বলেছিলেন সুন্দরবনের বিভিন্ন এলাকায় পানীয় জলের ব্যবস্থা করা হবে। আমি তাই আপনার মাধ্যমে জানাচ্ছি অবিলম্বে এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করুন। মন্ত্রী মহাশয় বলেছিলেন এম. এল. এ.-এর মাধ্যমে কিছু কিছু টিউবওয়েলের দায়িত্ব দেওয়া হবে। আমি জানতে চাই সেই দায়িত্ব দেওয়া হয়েছে কিনা। সুন্দরবনের জলকষ্ট দূর করার জন্য অবিলম্বে অ্যাকশন প্ল্যান গ্রহণ করে একটা ব্লু প্রিন্ট তৈরি করুন যাতে সমস্ত এলাকায় কাজ করে পানীয় জলের ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করুন। এখানে টিউবওয়েলের জল ছাড়া আর অন্য কোনও ওয়াটার সাপ্লাই-এর ব্যবস্থা নেই। সাগর, নামখানায় মাননীয় মন্ত্রী মহাশয় দেখেছেন পানীয় জলের কি দূরবস্থা।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বার বার বলেও কিছু করতে পারিনি। সেই জন্য অবিলম্বে এই সমস্ত ব্লকে বিশেষ করে দৃষ্টি দেওয়া দরকার। অন্য জায়গায় পানীয় জলের ব্যবস্থা আছে কিন্তু এখানে টিউবওয়েলের জল এবং পুকুরের জল ভরসা। সেই জন্য আমি অনুরোধ করব—মন্ত্রী মহাশয় থাকলে ভাল হত—এই ব্যাপারে ইমিডিয়েট ব্যবস্থা নেওয়া হোক।

বিধানসভার বলার পর যদি কোনও ব্যবস্থা না হয় তাহলে আমাদের বিধানসভায় আসার মূল্য কি আছে। বিধানসভায় বলার পর ফল না হবার ফলে বিধানসভার গুরুত্ব কমে গিয়েছে। সেই জন্য বিরোধী দলের এবং সরকারি দলের সদস্যদের এখানে আসা ব্যাপকভাবে কমে গিয়েছে। মন্ত্রীদের নিয়মিত বলা হয়, কোনও কাজ হয় না। মাননীয় মুখ্যমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করেও কোনও কাজ হয় না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র হরিশচন্দ্রপুর বিহারের বর্ডারে অবস্থিত। মালদা বর্ডারের সব চেয়ে বড় থানা এই এলাকায়। ৭০ কিলোমিটার দূরত্ব এই থানাকে কভার করতে হয়। বিহার বর্ডার থেকে এখানে ডাকাতি করে চলে যায়, তাদের কিছুতেই সামাল দেওয়া যাচ্ছে না। গত মাসে ৮ দিনে ৩টি ডাকাতি হয়েছে। সেই ডাকাত তাড়াবার জন্য আমাকে বন্দুক নিয়ে বার হতে হয়েছে এবং ৩ কিলোমিটার বন্দুক নিয়ে ডাকাতের পেছনে তাড়া করতে হয়েছে। গুলি করতে আমার বন্দুক ফেটে গিয়েছে। ৫,০০০ টাকা লাগবে বন্দুকটাকে মেরামত করতে। আমাদের থানায় পুলিশের সংখ্যা যা তাতে ডাকাত তাড়াতে পারবে না। এই থানায় গাড়ি নেই, পেট্রোল নেই, ২০০ স্কোয়ার কিলোমিটার ৩ জন অফিসার দিয়ে চালাতে পারবে না। কয়েক দিন আগে আমি ডি. জি.-র কাছে গিয়েছিলাম। উনি বললেন এই এলাকায় আমার করার কোনও ক্ষমতা নেই, আপনি ব্যবস্থা নেবার কথা বললেন আমি তদন্ত করতে পারি। কোনও কিছু না দিলে, গাড়ি না এই দিলে এলাকায় ক্রাইম কন্ট্রোল করা যাবে না। সেইজন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব হরিশচন্দ্রপুর থানায় আরও পুলিশের ব্যবস্থা করা হোক।

**শ্রী আবদুস সালাম মুন্সি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলার কল্যাণীতে নোটিফায়েড এলাকায় উদ্বাস্তু ছিন্নমূল মানুষদের পাট্টা দেবার ব্যবস্থা হয়েছে। কিন্তু সেখানে সেই উদ্বাস্তু পরিবারদের মধ্যে থেকে বেছে বেছে দলবাজি এবং স্বজনপোষণ করে জমির পাট্টা দেওয়া হচ্ছে। আমি বলতে চাই, যেমন, রবীন্দ্র কলোনিতে তিনশ উদ্বাস্তু পরিবারের মধ্যে দুশো পরিবারকে বাদ দেওয়া হয়েছে। সতীমাতা ঘোষপাড়ায় ৫২টি পরিবারকে বাদ দেওয়া হয়েছে। বেলা মিত্র কলোনিতে ১৩টি পরিবারকে বাদ দেওয়া হয়েছে। পাঁচের পল্লীতে 'এ' ব্লকে ৫০-৬০টি উদ্বাস্তু পরিবারকে পাট্টা দেওয়া থেকে বঞ্চিত করা হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, যারা উদ্বাস্তু ও ছিন্নমূল মানুষ তাদের পাট্টা দিতে হবে। কিন্তু একই জায়গায় কাউকে পাট্টা দেওয়া হবে আর কাউকে দেওয়া হবে না, এটা কেন? এই ডিস্ক্রিমিনেটিং ওয়েতে উদ্বাস্তুদের যাতে পাট্টা দেওয়া না হয় তারজন্য আমি ত্রাণমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যে তিনি এর বিরুদ্ধে যেন ব্যবস্থা গ্রহণ করেন।

(At this Stage the House was adjourned till 1-45 p.m.)

(After Adjournment)

[1-45 — 1-55 p.m.]

## DISCUSSION AND VOTING ON DEMANDS FOR GRANT

**Mr. Deputy Speaker :** Now discussions on Demand Nos. 66, 68 and 67.

### Demand No. 66

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shrimati Sabitri Mitra :** Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 68

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

**Shrimati Sabitri Mitra :** Sir, I beg to move that the Amount of the Demand be reduced by Rs. 100/-.

## Demand No. 67

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the Amo of the Demand be reduced by Rs. 100/-.

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সরকারের সেচ ও ক্ষুদ্র দপ্তরের ৬৬-৬৭-৬৮ নং ডিমান্ডের পরিপ্রেক্ষিতে যে বিতর্ক শুরু হয়েছে তাতে আমরা বছরের মতো এই বছরেও বিরোধীদলের পক্ষ থেকে আমাদের বক্তব্য তুলে ধরব। দুঃখের বিষয় যে এই সরকারের কাজের যে দৃষ্টিভঙ্গি সেই দৃষ্টিভঙ্গির যে প্রতিফলন বিভা দপ্তরের কাজকর্মের মধ্যে দিয়ে তার শিকার হচ্ছে সাধারণ মানুষ এবং বাংলার সর্বস্ত মানুষ, বিশেষ করে গ্রামাঞ্চলের মানুষরা। যে দপ্তরের সঙ্গে জীবিকা এবং জীবন নির্ভর সেই গুরুত্বপূর্ণ দপ্তর সেচ দপ্তর এবং ক্ষুদ্র সেচ দপ্তর। এই দপ্তর যে পদ্ধতিতে চলছে গত কয়েক বছর, যে বিষয়ে আমরা বহুবার বলেছি আমাদের পক্ষ থেকে কিন্তু সরকা এই ব্যাপারে কোনও ভ্রূক্ষেপ আছে বলে আমার মনে হয় না। একে কি করে কার্যকর যায় তার কোনও চেষ্টা নেই। আমরা দেখছি যে, পরিকল্পনা খাতে, পরিকল্পনা বহির্ভূত যে টাকা বরাদ্দ হল বাজেটে, সেই বরাদ্দকৃত টাকা নিয়ে অর্থ দপ্তরের সাথে এই দপ্ত কোনও সমন্বয় নেই, একটা বিরাট আকাশ পাতাল ফারাক থাকছে। সাবজেক্ট কমিটি হও পরে বিধানসভাতে স্ক্রুটিনি হওয়ার পরে এই জিনিসগুলো আরও মারাত্মকভাবে ধরা পড় আমরা যখন এই বাজেট বিশ্লেষণ করতে বসেছি তখন দেখছি যে এর কাজের গতিপ্রকৃ মধ্যে কোনও পরিবর্তন হচ্ছে না। এ কেমন দপ্তর যেখানে মন্ত্রী বারেবারে বলা সত্ত্বেও দপ্তরের কাজ কর্ম হয় না। ক্ষুদ্র সেচ মন্ত্রী তো বসে আছেন, সম্প্রতিকালে ওর বিধান কেন্দ্র পাঁশকুড়াতে জল চাইতে গিয়ে বিভ্রান্তি হয়েছে শুনুন—একটা ঘটনা বলছি, জল চাই গিয়ে ১৫ দিন অপেক্ষা করতে হল, মন্ত্রী বলছে অফিসারকে, ইঞ্জিনিয়ারকে, মন্ত্রী ব জেলা পরিষদের সভাধিপতিকে, এক মন্ত্রী আর এক মন্ত্রীকে বলছে কিন্তু জল এল না, মুহূর্তে এমন জল এল পাঁশকুড়ার বোরো ধান ডুবে গেল, এটা কংগ্রেসের চক্রান্তের কথা ন এইভাবে একটা দপ্তর চলছে। কোনও সমন্বয় নেই এক দপ্তরের সঙ্গে আর এক দপ্তরের— দপ্তরের। সেচ দপ্তর সম্পূর্ণভাবে ভেঙে পড়েছে এবং যেটুকু বরাদ্দ রয়েছে সেটুকুও পাওয়ার ফলে এই দপ্তর থমকে খুঁড়িয়ে খুঁড়িয়ে হাঁটছে। মাননীয় মন্ত্রী মহাশয়, উনি বলেছে জনসংখ্যার চাপে পর্যুদস্ত পশ্চিমবঙ্গতে যেখানে চাষের জমি সম্পূর্ণ শেষ, আর বেশি বাড় যাচ্ছে না, সেই জমিকে সেচ ব্যবস্থায় কাজে লাগিয়ে ফসল তোলার যে টার্গেট আমরা শেষ পর্যায়ে এসে পৌঁছেছি। ময়ূরাক্ষীতে কত হেক্টর জমিতে কংসাবতীতে কত হেক্টর জমি দামোদর পরিকল্পনায় কত হেক্টর জমিতে আমরা সেচ দিচ্ছি, তিস্তা তো ভারত বিখ্যা পরিকল্পনা তাতে আমরা কত দিতে পেরেছি, কত দিতে পারব সেটা ঠিকভাবে বলা দরকার কিন্তু বাস্তব অবস্থাটা কি, বাস্তব অবস্থাটা হল বৈজ্ঞানিক পদ্ধতিতে সমন্বয়ের অভাব, সঠিকভা জলাধার থেকে জল ছাড়ার পদ্ধতি গ্রহণ না করা, সেচ ব্যবস্থার সম্প্রসারণের ভেতর দিয় কৃষকদের কাছে চাষযোগ্য জমিতে জল পৌঁছে দিতে যে পরিমাণে ক্ষতি হচ্ছে তাতে কর সঠিক চিত্র মাননীয় মন্ত্রী মহাশয় যেটা এখানে রাখা দরকার, আপনি কাগজে কলমে যে বলেছেন সেটা বাংলার চিত্র নয়। আমরা পর্যালোচনা করি অন্যান্য রাজ্যের সঙ্গে তুলনামূলক

এখানে পশ্চিমবঙ্গের অবস্থাটা হল যখন পশ্চিমবঙ্গে density of population 766 per square kilometer, land holding one of the lowest in India, irrigation potential is very low in comparison to other states. তাহলে কৃতিত্বটা কোথায়? কোন জায়গায় আপনারা কি করলেন? এই যে পরিকল্পনা বহির্ভূত খাতে টাকা খরচ করতে হয় যে জন্য দপ্তর আজকে ভেঙে পড়েছে, সেচ দপ্তরের যে মেজর পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে নয় পরিকল্পনা গ্রহণ করে সেচ ব্যবস্থার সম্প্রসারণ আর যেটা সব চাইতে গুরুত্বপূর্ণ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে বন্যা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় রোধ এবং বাঁধ রক্ষণাবেক্ষণ এইগুলি সম্পূর্ণভাবে ব্যাহত হয়ে পড়েছে বাংলার মাটিতে। আজকে ফ্লাড কন্ট্রোল প্রোগ্রামের ব্যাপারে সারা ভারতের সঙ্গে যদি তুলনামূলক বিচার করা যায় তাহলে দেখা যাবে পশ্চিমবঙ্গ অন্যতম একটি রাজ্য যেখানে ফ্লাড কন্ট্রোল প্রোগ্রামের ব্যাপারে সবচেয়ে পিছিয়ে রয়েছে। ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশি সংখ্যায় জল বাংলার উপর দিয়ে বয়েছে, তার ব্যয়ভার বহন করতে হচ্ছে পশ্চিমবঙ্গকে, তার জন্য ক্ষতি স্বীকার করতে হচ্ছে পশ্চিমবঙ্গকে, প্রতি বছর বন্যার জন্য পশ্চিমবঙ্গকে ক্ষতি স্বীকার করতে হচ্ছে।

আজকে সরকারের সেচ দপ্তর, পরিকল্পনা দপ্তর এবং অর্থ দপ্তর এক সঙ্গে বসছে, কিন্তু তাদের দৃষ্টিভঙ্গির পরিকল্পনা ঘটছে না। বাজেটের মধ্যে এবারে পরিকল্পনা খাতে ১২১ কোটি টাকা ধরা হয়েছে, অর্থাৎ ১০ পারসেন্ট ইনক্রিজ হয়েছে। কেন এটা বেশি ইনক্রিজ হবে না? কিন্তু আপনারা হাতে কত পাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এটা বলুন, ৫০ ভাগ টাকা অ্যালোটেড হচ্ছে? যা বরাদ্দ হচ্ছে তার ৫০ ভাগের বেশি টাকা অ্যালোটেড হচ্ছে না, সেচ দপ্তর অর্থ দপ্তর থেকে এর বেশি টাকা পাচ্ছে না। ফলে পরিকল্পনা রূপায়ণের ক্ষেত্রে, নতুন কর্মসূচি রূপায়ণের ক্ষেত্রে এবং গুরুত্বপূর্ণ বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে আজকে এই দপ্তর কাজ করতে পারছে না। এর সুরাহা কি কংগ্রেস করে দেবে? এই দপ্তরের কাজ করতে হলে, টাকা পেতে হলে এই দপ্তরটাকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কোনও মেম্বারের হাতে দিতে হবে। আজকে যে রাজ্যের অর্থমন্ত্রী ১৫৫১ কোটি টাকার প্ল্যান করে ৭৫১ কোটি টাকার বেশি খরচ করতে পারেন না সেই রাজ্যের সেচমন্ত্রী ১২১ কোটি টাকার পরিকল্পনা খাতে ধরা থাকলে, বাস্তবে কি হবে। আমরা কি স্বর্গরাজ্যে বাস করছি, না নরকপুরিতে বাস করছি। এই সেচ ব্যবস্থার মাধ্যমেই কি উনি সুবর্ণযুগ এনে দেবেন। এটা তো ইদানিংকালের শ্রেষ্ঠ ভাঁড়ামো, ইদানিংকালের শ্রেষ্ঠ ব্যাঙ্গ। আমরা যে কথাটা বলছি, স্যার, ৪০ পারসেন্টের বেশি প্ল্যান খাতে টাকা খরচ করা যায় না। বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারটা ১৯৯৩-৯৪ সালে চূড়ান্তভাবে অবহেলিত হয়েছে। পশ্চিমবঙ্গে আমরা চিৎকার করছি উত্তরবঙ্গ ভেসে গেছে, আমরা দেখলাম দক্ষিণ বঙ্গ ভেসে গেছে, জলপাইগুড়ি, মেদিনীপুর, হুগলি, পুরুলিয়া ভেসে গেছে, আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের অভিজ্ঞতা কি? মাননীয় সদস্য নির্মল দাস মহাশয় হাউসে নেই, উনি এই হাউসে পাঁচ বার বলেছেন, আমাদের উত্তরবঙ্গে জলপাইগুড়ি জেলায় কোনও কাজ হচ্ছে না। কুচবিহারের বিধায়ক বলেছেন, মেদিনীপুরের বিধায়ক বলেছেন, বিরোধী দলের পক্ষ থেকে আমরা বলেছি এই বিষয়টা নিয়ে। কিন্তু মন্ত্রী মহাশয়ের ডানা ছেঁটে দেওয়া হয়েছে কিভাবে ডানা ছেঁটে দেওয়া হয়েছে। তার সমস্ত কাজ কেড়ে নিয়ে আমাদের বাক্যবাগিশ অর্থমন্ত্রী বলছেন জনগণকে নিয়ে সেচের কাজ করতে হবে। জনগণ তো ভোট দেয়, জনগণ আবার

সেচের কাজ কি করবেন। সেচের কাজ করতে গেলে সেচ দপ্তরকে লাগবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটাতেই আমাদের আপত্তি। কাজ কে করবেন, দেবব্রতবাবু না ইতিহাসবীদ অসীমবাবু এই ব্যাপারটা আমাদের পরিষ্কার করে বলতে হবে। কারণ আমরা জেলায় জেলায় যখন যাই যখন আমরা এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ারকে জিজ্ঞাসা করি তখন তারা কিছু বলতে পারে না। মেদিনীপুর, আমার নিজের এলাকা, সেখানে একটি বাঁধ হাঁ করে ভেঙ্গে পড়েছে। সেখানে সেচ দপ্তর কোনও কাজ করছে না। আজকে মাননীয় অর্থমন্ত্রী ঘোষণা করুন, আমরা যে টাকা দেব নদী বাঁধ মেরামতির জন্য সেই বাঁধ মেরামতির দায়িত্ব সম্পূর্ণভাবে ইরিগেশন ডিপার্টমেন্টের।

[1-55 — 2-05 p.m.]

টাকা দেবে অর্থ দপ্তর, লিস্ট তৈরি করবে পঞ্চায়েত। এই অবস্থায় সেচ দপ্তর চলছে তাহলে কাজ হবে কি করে? এইভাবে কাজ হ'তে পারে না। অ্যাকাউন্টেবল কে? অ্যানসারেবল কে? কার কাছে জবাব চাইবে বাংলার মানুষ? কার কাছে গিয়ে আমরা প্রশ্নের জবাব চাইব যে কর্মসূচি রূপায়ণ হয়নি কেন, নদীবাঁধ হল না কেন, বন্যা নিয়ন্ত্রণের কাজ হল না কেন? এই রকম একটা জটিল পরিস্থিতি পশ্চিমবাংলায় তৈরি করেছেন আপনারা। এ ব্যাপারে মুখ্যমন্ত্রী নীরব responsibility of the decision of the Cabinet definitely দেবব্রতবাবুর। তিনি বলুন যে আমি কাজ করতে চাইছি কিন্তু এই এই অসুবিধার সম্মুখীন হচ্ছি। আজকে আপনাদের বলতে হবে সেচ সম্পর্কে আপনাদের নীতি কি, কোন নীতির ভিত্তিতে সেচ দপ্তর পশ্চিমবঙ্গে চলছে, জেলায় জেলায় কর্মসূচিভিত্তিক এবং পরিকল্পনা ভিত্তিক নীতি কি সেটা আজকে পরিষ্কারভাবে আপনাদের বলতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এটা না বলতে পারার জন্য এবং জটিলতা সৃষ্টির জন্য তার শিকার হচ্ছেন গ্রামবাংলার মানুষ। বন্যার শিকার হয়ে আজকে তারা তাদের ফসল, ঘরবাড়ি সব কিছু হারাচ্ছে। মানুষের সৃষ্ট এই জিনিস আজকে পশ্চিমবাংলায় চলছে। এরা বলেন কেন্দ্র বঞ্চনা করছে। এরা বলেন ব্যাপক বৃষ্টিপাত হয়েছে। আমি এসব বুঝি না। ইরিগেশন হচ্ছে স্টেট সাবজেক্ট। এরা কি কেন্দ্রের বঞ্চনার কোনও পরিসংখ্যান দিতে পারবেন? সেচ যদি ইউনিয়ন সাবজেক্ট হত বা কঙ্কারেন্ট লিস্টে থাকত তাহলে না হয় বুঝতাম যে ফেডারেল স্ট্রাকচার ইত্যাদির ব্যাপার আছে কিন্তু তা তো নয়, সেচ অ্যাবসোলিউটলি স্টেট সাবজেক্ট। কেন রাজ্য সরকার তার নৈতিক দায়িত্ব পালন করবেন না? কেন রাজ্যের মন্ত্রিসভা এমন নীতি গ্রহণ করবেন যাতে সেচ দপ্তর প্রতি পদক্ষেপে বাধার সম্মুখীন হয় এবং তা হয়ে তাদের কাজ করতে হয়? কেন আমরা উত্তর পাব না? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা গেল ডাইরেক্টিভ প্রিন্সিপ্যালের কথা। আজকে আমরা দেখছি বামফ্রন্ট সরকার আর. এস. পি.-র ঘাড়ে এই সেচ দপ্তরকে চাপিয়ে দিয়ে তাদের কানমুলে জনগণের সামনে হাজির করছে। আমি গতবারও বলেছিলাম, আবারও বলছি, এর মূল নায়ক হচ্ছে অসীম দাশগুপ্ত। তিনি প্রতি পদক্ষেপে সেচ দপ্তরকে পঙ্গু করে দিচ্ছেন, টাকা দিচ্ছেন না। অপদার্থ এই অর্থমন্ত্রী বাংলার অগ্রগতিকে ভেঙ্গে চুরমার করেছেন বাংলার অর্থনীতিকে ভেঙ্গে চুরমার করেছেন। তিনি বলছেন, জনগণ সেচ পরিকল্পনা করবেন, বাঁধ মেরামত করবেন ইত্যাদি। আমাদের সেচমন্ত্রী এখানে বসে আছেন, তাকে জিজ্ঞাসা করি এ সম্পর্কে তিনি কি ভাবেন আমাদের বলুন। আমাদের প্রতি তার নির্দেশ কি? বাংলার মানুষের কাছে তার বক্তব্য কি? সেচ দপ্তরের অফিসার, ইঞ্জিনিয়ারদের প্রতি তার ডাইরেকশন

কি? সেচ দপ্তর কি ভাবে চলবে? এসব প্রশ্নের উত্তর আজকে তাকে দিতে হবে। এসব প্রশ্নের জবাব যদি আমরা না পাই তাহলে বাংলার মানুষকে আমরা কি বলব? কার কাছে জবাব চাইব? স্যার, আমি একটি ছোট্ট ঘটনার কথা বলছি। মাননীয় সদস্যরা সকলেই জানেন এবং আপনিও জানেন স্যার, এখান থেকে একটি সর্বদলীয় কমিটি নিয়ে আমরা দিল্লিতে গিয়েছিলাম। সেখানে আমরা সেচমন্ত্রী বিদ্যাচরণ শুক্লা, গ্রাম উন্নয়নমন্ত্রী রামেশ্বর ঠাকুর, প্রধানমন্ত্রী, প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান সকলের সঙ্গে দেখা করেছিলাম। সেই দলে দেবব্রতবাবু ছিলেন এবং অসীমবাবু সেই ডেলিগেশনের লিডার ছিলেন। কি হ'ল সেখানে? আমরা আবেদন করলাম মাননীয় প্রধানমন্ত্রীর কাছে যে আমাদের অ্যাডিশনাল রিসোর্সের ব্যবস্থা করে দিন কারণ বাংলা ক্ষতবিক্ষত হয়ে গিয়েছে, উত্তরবঙ্গ ভাসছে, দক্ষিণবঙ্গের নদীবাঁধ ভেঙ্গেছে, দক্ষিণ ২৪ পরগনার নানান জায়গা নোনা জলে ডুবছে। তিনি বললেন যে আমরা সাহায্য করব। ১০০ কোটি টাকা অ্যাডিশনাল রিসোর্সেস জওহর রোজগার যোজনায় তিনি মঞ্জুর করলেন এবং কি বলা হল? বলা হল সম্পূর্ণভাবে রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত এই টাকা। কোথায় বেশি খরচ করবেন, না করবেন সেটা আপনাদের ব্যাপার। আমরা আমাদের এখানকার অর্থমন্ত্রী মহাশয়কে কি বললাম? আমরা বললাম, অসীমবাবু, বাংলার জন্য সেচের ব্যবস্থা, বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা, বাঁধ মেরামতের ব্যবস্থা করতে হবে অতএব এইসব খাতে বেশি টাকা অ্যালট করুন এবং স্যার, আপনারা শুনে খুশি হবেন যে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে সেই এক্তিয়ার এবং অনুমতি দিলেন। কেন্দ্র বললেন, প্রয়োজনে ম্যানুয়ালি চেঞ্জ করে রাজ্য সরকার জওহর রোজগার যোজনার টাকা প্রয়োজনভিত্তিক অ্যাডিশন্যাল রিসোর্সের কাজে লাগিয়ে পরিকল্পনা রচনা করতে পারেন।

[2-05 — 2-15 p.m.]

এটাই ঘটনা। তাই যদি হয় তাহলে ১০০ কোটি টাকা জওহর রোজগার যোজনায় অ্যাডিশনাল রিসোর্স হিসাবে পাওয়ার পর মন্ত্রী মহাশয় বলবেন যে আপনি কত টাকা পেয়েছেন মাননীয় অর্থমন্ত্রী অসীম দাশগুপ্তর কাছ থেকে। আমার যা খবর, এই ব্যাভিচারী অর্থমন্ত্রী আপনার দপ্তরকে খুব কম টাকা দিয়েছেন, সেচ দপ্তর শূন্য হাতে দাঁড়িয়ে আছে। ফলে আজকে ১লা জুন, গত বছর জুলাই মাসে বন্যা হয়েছিল এবং এই বছর এক মাসের মধ্যে বন্যা হবে, বর্ষণ আসছে এখনও পর্যন্ত ৯০ ভাগ বাঁধ ভাঙা অবস্থায় পড়ে রয়েছে, মেরামত হয়নি। এখনও পর্যন্ত বন্যায় ক্ষতিগ্রস্ত, ক্ষত-বিক্ষত বাঁধগুলো মেরামত হয়নি। এর জন্য দায়ী কে, কে এর জবাব দেবে? আগামী এক মাসের মধ্যে বর্ষণ আসছে, আবহাওয়া দপ্তর থেকে সাবধান করে দেওয়া হয়েছে যে এই বছর প্রবল বর্ষণ হবে। আজকে অধিকাংশ জেলার অধিকাংশ জায়গায় গত বছরের ক্ষতিগ্রস্ত অবস্থা যদি মেরামত না করা যায় তাহলে কোন যাদু মন্ত্রে সেচমন্ত্রী কাজ করবেন? এই অবস্থা যদি চলতে থাকে তাহলে অর্থমন্ত্রীর এই গালভরা কথা, অনেক পরিসংখ্যান, তার সঙ্গে বাস্তব অবস্থার খাপ খায় না। সেচের দুটো দিক আছে—একটা হচ্ছে ক্ষুদ্র সেচ, আর একটা হচ্ছে বৃহত সেচ আর প্রকৃতি। এখন আমাদের চাষ এবং কৃষি নির্ভর করছে প্রকৃতির উপর। ৯৪ সালে পশ্চিমবাংলায় যেখানে যুক্তিবিদের অভাব নেই, এবং দাবি করেন যে নতুন পরিকল্পনার জনক আপনারা এবং বলা হয় প্রযুক্তি বিদ্যারজনক, সেখানে এই রাজ্যে আজকে সেচ ব্যবস্থায় কী হচ্ছে, বন্যা নিয়ন্ত্রণের

কোনও ব্যবস্থা নেই। উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ পর্যন্ত সমস্ত জেলা আজকে দুঃখ-কষ্ট ভোগ করছে। আজকে যতই সেচমন্ত্রী পরিসংখ্যান দিয়ে বোঝানোর চেষ্টা করুন না কেন, বাস্তবের সঙ্গে তার কোনও মিল আমরা দেখতে পাচ্ছি না। কেন্দ্রের বঞ্চনার কথা ওরা বলেন, তিস্তার ব্যাপারে অনেক কথা বলেন। তিস্তা নিশ্চয়ই বৃহৎ প্রকল্প। এই বিষয়ে সেচমন্ত্রী অন্তত দুটো কথা বলেছেন, পরিকল্পনা দপ্তরের ডেপুটি চেয়ারম্যান নীতিগতভাবে ১৫০ কোটি টাকা তিস্তা ব্যারেজ প্রোজেক্টে অ্যাডিশনাল হেল্প হিসাবে বরাদ্দ দেবেন। প্রথম বছর ঠিক ছিল যে ৩০ কোটি টাকা রাজ্য দেবে এবং কেন্দ্র ৩০ কোটি টাকা দেবে ম্যাচিং গ্রাণ্ড হিসাবে। তাতে দেখছি এখন ২৯ কোটি টাকার কাজ হয়েছে, অর্থাৎ ৫০ পারসেন্ট কাজ হয়েছে। এবং আমার কাছে খবর ছিল, মন্ত্রী মহাশয় বলবেন সেচ এবং অর্থ দপ্তরের দ্বন্দ্বের ফলে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছিল, যেখানে সেই ম্যাচিং গ্র্যাণ্ড যেটা তিস্তায় দেবার কথা ছিল, মন্ত্রী মহাশয়ের এমন অবস্থা হয়েছিল যে বন্যা নিয়ন্ত্রণের ৫৮ কোটি টাকার ভিতর ৩০ কোটি টাকা তুলে নিয়ে ম্যাচিং গ্রান্ট হিসাবে শো করাতে হয়েছিল একটা পর্যায়ে। সুতরাং কি করে কাজ হবে। দপ্তর এগোবে কি করে! অর্থ দপ্তর যদি কমিটমেন্ট করা সত্ত্বেও কোনও রকম অ্যাডিশনাল রিসোর্স না দেয়, ম্যাচিং গ্রান্ট না দেয়, তাহলে কেন্দ্রীয় পরিকল্পনা মঞ্জুর হলেও, কেন্দ্র সদিচ্ছা নিয়ে এগিয়ে এলেও পরিকল্পনা কি করে রূপায়িত হবে? হবে না। সেই অবস্থাই এখানে চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়গুলির জবাব দেবেন।

এরপর আমি আসি সুবর্ণরেখার কথায়। যত দিন আমি এই হাউসের মেম্বার আছি ততদিন ধরে শুনছি সুবর্ণরেখা, সুবর্ণরেখা, সুবর্ণরেখা। অদ্ভুদ আশ্বাস বাণী শুনছি। প্রতি বছরই মন্ত্রী মহাশয় বলছেন, 'সুবর্ণরেখা হচ্ছে।' প্রতি বছর এই হাউসে সুবর্ণরেখার জন্য ৫ লক্ষ + ৫ লক্ষ = ১০ লক্ষ করে খরচ দেখান হচ্ছে। ১৯৮৮ সালে সুবর্ণরেখার জন্য প্ল্যানিং কমিশনের মঞ্জুরী পাওয়া গেছে। ১৯৮৮ সাল থেকে আজ ১৯৯৪ সাল, ৬ বছর হয়ে গেল —কেন্দ্রীয় পরিবেশ দপ্তর অবজেকশন দিয়েছেন, তাঁদের ক্লিয়ারেন্স পাওয়া যাচ্ছে না, এই অজুহাত দেখা হচ্ছে। এর ফলে নাকি সুবর্ণরেখা প্রকল্পের কাজ করা যাচ্ছে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে আমি আপনার মাধ্যমে বিনীতভাবে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে, আপনি ৭ দিন ছুটি নিন, ৭ দিনের জন্য এখানকার অন্য সব কাজ ভুলে যান, ৭ দিনের জন্য দিল্লিতে চলুন আমাদের সব প্রতিনিধিদের নিয়ে, সেখানে গিয়ে আমরা পরিবেশ দপ্তরের সামনে প্রয়োজন হলে ধর্ণা দেব সুবর্ণরেখার অনুমোদনের জন্য। আমি মেদিনীপুরের বিধায়ক হিসাবে আপনার কাছে আবেদন করছি, আপনি আর আমদের বঞ্চিত করবেন না। তারপর আপনারা বিকেন্দ্রীকরণের কথা বলেন, অথচ সুবর্ণরেখা ব্যারেজের ইঞ্জিনিয়ারকে বসিয়ে রেখেছেন কলকাতায়! তিস্তার ক্ষেত্রেও আমরা এই জিনিস দেখেছি। এর চেয়ে বড় ব্যঙ্গ আর কি হতে পারে! একটা প্রকল্পের জন্য কেন্দ্রীয় পরিবেশ দপ্তরের অনুমোদন পেতে ৬ বছর লাগছে, এটা নিছক একটা অজুহাত। আপনাদের আর্থিক সামর্থ নেই সুবর্ণরেখা প্রকল্প রূপায়ণের, তাই আপনারা কেন্দ্রের ঘাড়ে দোষ চাপিয়ে দিচ্ছেন। আপনারা কেস পারসু না করে, লড়াই না করে, মন্ত্রী পর্যায়ে, সচিব পর্যায়ে, অফিসার পর্যায়ে, ইঞ্জিনিয়ার পর্যায়ে সমস্ত কিছু পর্যালোচনা না করে চুপ করে বসে আছেন। আপনারা ইচ্ছে করে সুবর্ণরেখাকে ঝুলিয়ে রেখেছেন, একথা

কি আজকে আপনারা অস্বীকার করতে পারেন? যে অগ্রগতি তিস্তার ক্ষেত্রে হ'ল তা সুবর্ণরেখার ক্ষেত্রে প্রতিফলিত হ'ল না কেন? দক্ষিণবঙ্গের মানুষ হিসাবে আমি একথা বলছি, এটা মনে করবেন না। কেননা আপনারা হয়ত বলতে পারেন, মানসবাবু আঞ্চলিকতাবাদকে উস্কানি দিচ্ছেন। মোটেই তা নয়। আমিও আপনাদের মতই তিস্তার জন্য গর্বিত এবং মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আমরা দেখিনি বিগত একটা বছরও সুবর্ণরেখার জন্য আপনার বাজেটে একটা পাতা, একটা ফুল পেজ্ খরচ করেছেন। আপনি এখন পর্যন্ত সুবর্ণরেখার জন্য যা করেছেন তার রেজাল্ট হচ্ছে বিগ্ জিরো। আমরা গত ১০ বছর ধরে শুনছি—সুবর্ণরেখা ঐ হবে, এত হেক্টর জমি জল পাবে, বিস্তীর্ণ এলাকার বন্যা নিয়ন্ত্রিত হবে। কোথায় সুবর্ণরেখা! ওটা কেন্দ্রীয় সরকারের পরিবেশ দপ্তরের লাল ফিতের বাঁধনে আটকে আছে। আমি জানতে চাই আপনার দপ্তর সেখান থেকে সেটাকে মুক্ত করে আনার জন্য কি লড়াই করেছে। পরিস্কার করে একথার জবাব দিতে হবে, আজ আর কোনও অজুহাত শুনব না। ঐসব কথা লোয়ার লেভেলের একজিকিউটিভ অফিসার বললে শুনতে রাজি আছি, সুপারেনটেন্ডিং ইঞ্জিনিয়ার বললে শোনা যায়, কিন্তু মন্ত্রী বা চীফ ইঞ্জিনিয়ার কি করে বলেন? এই দীর্ঘদিন ধরে কেন সেখানে আটকে আছে? চলুন আমরা সবাই মিলে যাই—আমরা কেন্দ্রীয় মন্ত্রীর সামনে ধর্না দেব, আমরা দাবি জানাব যে, আমাদের সুবর্ণরেখার ক্লিয়ারেন্স দিতে হবে। এখানে সিদ্ধান্ত গৃহীত হোক, আপনি নেতৃত্ব দিন, আমরা যাই। আমরা সব দলের এম. এল. এ.-রা দেবব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রীর সামনে ধর্না দেব সুবর্ণরেখার পরিবেশ সংক্রান্ত অবজেকশন তুলে নেবার জন্য, ক্লিয়ারেন্সের জন্য।

[2-15 — 2-25 p.m.]

সেটাতো হচ্ছে না। ব্যাপারটা হচ্ছে সুবর্ণরেখা ব্যারেজের কথা বলে মানুষের মনকে আজকে অন্যদিকে পরিচালনা করার জন্য আপনারা সঠিকভাবে এবং সঠিক সময়ে জোর এবং গুরুত্ব দিয়ে কোনও পদক্ষেপ গ্রহণ করেন নি। এই জিনিসটাই আসছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আপনারা জানেন যেমন করে সুবর্ণরেখার বিষয় বলা হয়েছিল ঠিক তেমনি করে কংসাবতী প্রোজেক্টের কথা মাননীয় মন্ত্রী মহাশয় তাঁর বাজেটে বলেছেন। আমরা গ্রীন সিগন্যাল পেয়েছি। ওয়ার্লড ব্যাংকে এই প্রোজেক্ট জমা দিচ্ছি, আশা করছি পারমিশন পাব। আজকে সুবর্ণরেখা এবং কংসাবতী প্রোজেক্ট নিয়ে কত বছর ধরে একই কথা বলে চলেছেন। আমি ৫/৬ বছরের বাজেটে বক্তব্য পড়লাম সেম রিপিটেশন। একই কথা, বক্তব্য এবং একই জিনিস চলছে, এই জায়গায় আজকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দাঁড়িয়ে বলতে হবে। আমরা জানি আপনার ব্যক্তিগত সততা, নিষ্ঠা এবং এই দপ্তরের কাজ করার মানসিকতা আছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই, এই বিষয়ে আপনার একাগ্রতা রয়েছে সে বিষয়েও কোনও সন্দেহ নেই, যে পরিস্থিতিতে আপনি কাজ করছেন, আপনার দপ্তর চলছে তাতে আজকে বাংলার মানুষ তার শিকার হচ্ছে। কাজেই পরিষ্কার করে এ বিষয়ে কোনও কথা না বললে আমরা শুনব কেন? এই দৃষ্টিভঙ্গি নিয়ে আজকে আপনি চলেছেন, আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে দুটি ঘটনা ঘটে গেল, একটা হচ্ছে উত্তরবঙ্গের বন্যা। আমার যতদুর মনে হয় আমি শুনিনি যে কখনও পুরুলিয়ায় বন্যা হয়েছে আমরা পুরুলিয়ায় গিয়েছিলাম, আপনারা কথা দিয়েছিলেন এই সভায় দাঁড়িয়ে মাননীয়

মন্ত্রী মহাশয়রা বলেছিলেন পুরুলিয়ার যে সমস্ত জমিতে বন্যার ফলে বালি বেরিয়ে গেছে ফসল নষ্ট হয়েছে সেখানে যে সমস্ত গরিব কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছে মন্ত্রী সভার পক্ষ থেকে সমস্ত রকম পদক্ষেপ নেওয়া হবে। আজকে পুরুলিয়া হচ্ছে একটা হতভাগ্য, দরিদ্র, অবহেলিত জেলা, কেন সেখানকার কৃষকেরা গত ২ বছর ধরে মার খাচ্ছে, এই হাউসে কথা দেওয়া সত্ত্বেও আপনারা কেন কোনও রকম পদক্ষেপ গ্রহণ করলেন না এই বিষয়ে বলতে হবে। আমরা জানতে চাই যে, হঠাৎ করে কেন কংসাবতী জলাধার থেকে জল ছাড়া হল? পুরুলিয়ার উঁচু জমি, কাঁকর আছে কি এমন ব্যাপার হল যে কংসাবতী থেকে জল ছাড়ার দরকার হল? কারা কারা এর জন্য দায়ী তা অনুসন্ধান করে বাংলার মানুষকে জানান, কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন সেটা বলতে পারছেন না? তারপর জলপাইগুড়ির ব্যাপারে, মাননীয় নির্মল দাস মহাশয় বসে আছেন, তিনি ইরিগেশনের সাবজেক্ট কমিটির চেয়ারম্যান, তাঁর নিজের অভিজ্ঞতাটা কি বলে? মাননীয় মন্ত্রী মহাশয় গত বারের বিধ্বংসী বন্যার জলে কুচবিহার শেষ হয়ে গিয়েছিল, মানুষের জন্য কি কাজগুলি করার কথা ছিল আপনার দপ্তরের পক্ষ থেকে সেগুলি করা হয়েছে কিনা বলুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এই বাজেটে অনেক মিস্টি কথা, অনেক পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। এমন অনেক কথা বলা হয়েছে যার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। শুধু আমি নয় মেদিনীপুর জেলার সমস্ত মানুষ। কেলেঘাই, কপালেশ্বরীর পরিকল্পনার কথা এই হাউসে তুলেছিলেন, বলেছিলেন যে এক মাসের মধ্যে জি. এফ. সি. সি.-তে পাঠাবেন এবং আগামী তিন বছরের মধ্যে কেলেঘাই, কপালেশ্বরীর জন্য ৩২ কোটি টাকার পরিকল্পনা আপনি পূর্ণ করে দেবেন। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি এক মাস তো দূরের কথা ৫ মাস কেটে গেল অনুগ্রহ করে জানাবেন কি যে কি হল? তার কি অপমৃত্যু ঘটেছে না আপনাদের অত্যাচারে সেই পরিকল্পনা আত্মহত্যা করেছে? আমি আপনার কাছে কি বক্তব্য রাখব? এই পরিস্থিতিতে আমরা বার বার করে বলেছি যে ভয়ানক অবস্থা চলছে। আপনারা রাজ্য সরকারের মন্ত্রী সভায় সিদ্ধান্ত নিলেন সেচ দপ্তরের ইনফ্রাস্ট্রাকচারের কাজকর্ম সব জেলা পরিষদ দেখাশোনা করবে, এত বিপদজনক ব্যাপার। জেলা পরিষদের টেকনিক্যাল নো হাউ নেই। এখানকার মাননীয় সদস্যরা বুকে হাত দিতে বলুন, সেচ দপ্তরের চীফ ইঞ্জিনিয়ার বলুন।

আজকে সেচ দপ্তরের চিফ ইঞ্জিনিয়ার-২ থেকে সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সবার হাতে দড়ি বেঁধে দিয়েছেন বামফ্রন্ট সরকার। তাদের বলছে তোমরা দাঁড়িয়ে থাকো, কাজ করতে হবে না। এখানে গণেশবাবু আছেন, তিনি বলতে পারবেন তাঁর দপ্তরের কোন ক্ষমতা আছে? আজকে জেলায় জেলায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টিতে যোগদান করে কাজ করতে হচ্ছে। সেখানে সরকারি টাকা কাজের নামে বের করে পার্টি অফিসে নিয়ে যাওয়া হচ্ছে, পার্টি অফিস তৈরি হচ্ছে। আজকে ইঞ্জিনিয়ারদের হাত বেঁধে দেওয়া হয়েছে, তাদের কাজ করতে দেওয়া হচ্ছে না। আজকে লক্ষ লক্ষ টাকা ব্যয়-বরাদ্দ করা হচ্ছে, কিন্তু জেলা এবং ব্লকগুলোতে কোনও কাজ হচ্ছে না। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির আধিপত্যে সমস্ত অধিকার কেড়ে নিয়ে জেলা পরিষদের মাধ্যমে মেরামতির কাজ শুরু হয়েছে, কিন্তু সেখান থেকে টাকা চুরি করে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অফিস তৈরি করছেন এটাই আমাদের অভিজ্ঞতা। প্রতি বছর রাজ্যের যারা বন্যার শিকার হন তাদের অভিজ্ঞতা হচ্ছে,

মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ডাকাত বাহিনী আজকে সেচ দপ্তরের কাজের নাম করে টাকা চুরি করছে। এখন চিঠি লিখে আমাদের সমস্যার কথা তুলে ধরলে কেউ তার জবাব পর্যন্ত দেন না। এই দৃষ্টিভঙ্গির আমরা বিরোধিতা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছ থেকে আমি জানতে চাই যে, ক্ষুদ্রসেচ দপ্তর যুক্তভাবে, নাকি আলাদাভাবে বাজেট পেশ করেছেন? কারণ ক্ষুদ্রসেচ দপ্তরের মন্ত্রী প্রকাশ্যে বলেছেন, সংবাদপত্রে তাঁর বিবৃতি পড়েছি, তিনি বলেছেন—আমার দপ্তর আলাদা করে দেওয়া হোক।' উনি সংবাদপত্রে বিবৃতি দিয়ে আরও বলেছিলেন—'এই রাজ্যে এই বিভাগের যে অবস্থা তাতে কৃষকদের আর রক্ষা করা যাবে না', কিন্তু এ-ব্যাপারে তিনি কোনও ক্ল্যারিফিকেশন দেননি। আমি জানতে চাই, আপনি কি পদত্যাগী মন্ত্রী, নাকি এখনও মন্ত্রী আছেন? আজকে রাজ্যের একজন মন্ত্রী যদি তার মন্ত্রিসভার সিদ্ধান্তের বিরুদ্ধে প্রকাশ্যে বিবৃতি দেন এবং তার যদি কোনও রিজয়েন্ডার না বেরোয় তাহলে মন্ত্রিসভা কি অবস্থার মধ্যে দিয়ে চলছে সেটা বাংলার মানুষ জানতে চান, আমরা জানতে চাই। তবে ওমর আলি যা বলেছেন ঠিকই

[2-25 — 2-35 p.m.]

বলেছেন, তারজন্য তাকে কোনওরকম দায়ী করছি না। তিনি মনের যন্ত্রণাটা প্রকাশ করেছেন, কারণ একজন মন্ত্রী হয়ে তার নিজ এলাকার চাষিদের জন্য জল চেয়ে তিনি জল পাননি। আজকে গরিব কৃষকদের চাষের জন্য জল চাইলে যদি জেলা পরিষদের সভাধিপতি কানমুলা খেতে হয়, যদি সেচ দপ্তরের চিফ ইঞ্জিনিয়ারকে জেলা পরিষদের চাকর হয়ে থাকতে হয়, তাহলে আজকে ক্ষুদ্রসেচ দপ্তরের অবস্থাটা কি সেটা বাংলার মানুষ জানতে চান, কৃষক সমাজ জানতে চান, কারণ তাদের কাছে ক্ষুদ্রসেচ দপ্তর হচ্ছে সবচেয়ে গুরুত্বপূর্ণ দপ্তর অধিক ফলনশীল শস্যের ক্ষেত্রে, সবুজ বিপ্লবের ক্ষেত্রে। আজকে ১ কোটি ২২ লক্ষ টন খাদ্যশস্য যা উৎপন্ন হয়েছে সেটা গরিব কৃষকরা মেহনত করেই ফলিয়েছেন এবং সেখানে সেচ দপ্তরের সঙ্গে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে ক্ষুদ্রসেচ দপ্তর। সেখানে মাননীয় ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় বলছেন যে আমরা আর কাজ করতে পারছি না, আমাদের কথা কেউ শুনছে না। আজকে এই রকম একটা অবস্থা এসে দাঁড়িয়েছে। এখানে মার্ক্সবাদী সদস্যরা বক্তৃতা করছেন, এই যদি অবস্থা হয় তাহলে কি ভাবে সরকার চলছে, সেটা তারা একটু বলবেন? ডাঃ ওমর আলি সি. পি. আই. দলের সদস্য, তিনি সি. পি. এম.-এর সদস্য নন। আমার মনে হয় মার্ক্সবাদী পার্টির হাতে যদি এই দপ্তরটা থাকত তাহলে পরীক্ষামূলক ভাবে কি হত সেটা দেখা দরকার। দীর্ঘদিন ধরে এই দপ্তরটা আর. এস. পি. এবং সি. পি. আই-এর হাতে থাকার ফলে এদের মধ্যে একটা দৈন্যতা দেখা দিয়েছে। এদের রিলিফ দিতে হবে এই রকম একটা অবস্থা হয়েছে। তাই, মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি তিনটি বিষয়ে দেখার জন্য। উনি নিজে এই বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন। কলকাতায় একটা সেমিনার করা হয়েছিল। আমরা বারেবারে মন্ত্রী মহাশয়কে বলেছি যে পশ্চিম বাংলায় জলের দুর্ভিক্ষ দেখা দিয়েছে। আজকে পশ্চিমবঙ্গে যে সার্ফেস ওয়াটার, তাকে আমরা কাজে লাগাতে পারছি না। ব্যাপকভাবে এই সার্ফেস ওয়াটার বন্যা সৃষ্টি করছে এবং ভাসিয়ে নিয়ে যাচ্ছে। কিন্তু দুভার্গ্যের বিষয় যে এই সার্ফেস ওয়াটারকে রিজার্ভ করে সেচের কাজে লাগাতে পারছি না।

এটা না করে ইন্ডিসক্রিমিনেন্ট ওয়েতে মাটির নিচের জল তুলছি। পশ্চিমবাংলায় মাটির ভূগর্ভস্থ জলের ওপরে কাজ করে যে সংস্থাটি, সুইড, তারা রিপোর্ট দিয়েছে যে ১০ থেকে ১৫ পারসেন্টের বেশি জল তুলতে পারা যাবে না। এটা সীমাবদ্ধ একটা জায়গার রিপোর্ট হতে পারে। পশ্চিমবাংলায় আমাদের অভিজ্ঞতায় দেখেখি যে মার্চ মাসের শেষ থেকে জুন, জুলাই, আগস্ট পর্যন্ত পশ্চিমবাংলায় পানীয় জলের দুর্ভিক্ষ দেখা দেয়। শতকরা ৮০ ভাগ পানীয় জলের নলকূপ শুকিয়ে যায়। কাজেই সেচের ক্ষেত্রে, ক্ষুদ্র সেচের ক্ষেত্রে এই ধরনের ব্যবস্থা করা যায় কিনা সেই বিষয়ে চিন্তা-ভাবনা করা উচিৎ। ভূগর্ভস্থ জল বৈজ্ঞানিক ভাবে, সঠিক ভাবে কৃষির কাজে কি ভাবে লাগাতে পারি সেটা দেখা দরকার। তা না হলে আগামীদিনে পশ্চিমবাংলায় পানীয় জলের দুর্ভিক্ষ দেখা দেবে এবং একটা বিপদজনক পরিস্থিতি সৃষ্টি হতে বাধ্য। কাজেই আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে আপনি এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। এই কথা বলে আমাদের আনা কাট মোশনের সমর্থন করে এবং আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বারিন কোলে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় সেচ এবং জলপথ বিভাগের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং ডাঃ ওমর আলি ক্ষুদ্র সেচ বিভাগের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এতক্ষণ ধরে আমি বিধায়ক এবং নেতা ডাঃ মানস ভুঁইয়ার বক্তৃতা শুনছিলাম। তিনি কংগ্রেসের বড় নেতা এবং সেচ বিশেষজ্ঞ বটে। কিন্তু এতক্ষণ ধরে উনি যে বক্তৃতা দিলেন তার সার মর্ম কি আছে? কুৎসিৎ গলাবাজি এবং বাস্তব থেকে বিচ্ছিন্ন কিছু কথা ছাড়া এতে আর কিছু নেই। উনি এখানে কতকগুলি কথা বললেন। উনি বললেন যে মন্ত্রী মহাশয়ের কথার সঙ্গে বাস্তবের মিল নেই। আমি বলব যে ঠিক উল্টোটা। উনি এতক্ষণ প্রায় আধ ঘন্টা ধরে যে গলাবাজি করে গেলেন তার সঙ্গে বাস্তবের কোনও মিল নেই। উনি এক চক্ষু হরিণের মতো একটা দিকই দেখলেন। আর একটা দিক যে আছে সেটা উনি সম্পূর্ণ ভাবে উপেক্ষা করে গেলেন। উনি খালি এখানে কুৎসা করে গেলেন। উনি কতকগুলি প্রশ্ন করেছেন, মাননীয় মন্ত্রী মহাশয় এখানে আছেন, উনি তার জবাব দেবেন। আজকে প্রশ্ন এসেছে যে পশ্চিমবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ হবে কিনা, করা যাবে কিনা?

পশ্চিমবাংলাকে বন্যার হাত থেকে বাঁচানো যাবে কিনা? প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। উনি বলেছেন এটা স্টেট সাবজেক্ট, অতএব রাজ্যকে দেখতে হবে। আমি বলব তার উল্টোটা। পশ্চিমবাংলার ভৌগোলিক অবস্থান এমন একটা জায়গায় যেটা রাজ্যের দায়িত্ব হতে পারে না। গত বছর আমাদের অভিজ্ঞতা কি হয়েছে? ১৯৯৩ সালে ১৯-২০ জুলাই-এ ভুটানের হাঁসিমারা পাহাড়ে ২৪ ঘন্টায় ৯৯৬ মিলিমিটার বৃষ্টি হল। তার ফল কি দাঁড়াল? উত্তরবঙ্গের ৩টি জেলা ধ্বংস হয়ে গেল, সেখানে হাজার কোটি টাকার সম্পদ নষ্ট হয়ে গেল। ভুটানে বৃষ্টি হল আর তার ফল ভোগ করতে হল আমাদের। গত ১৯৯২ সালে পুরুলিয়াতে বন্যা হল। পুরুলিয়ার মতো জায়গায় বন্যা হল। উনি বললেন কংসাবতীতে কেন জল ছাড়া হল বুঝতে পারলাম না। বিহারে বৃষ্টি হল, কংসাবতীর ড্যাম উপচে যাবার উপক্রম হয়েছিল। তখন আমরা জল ছাড়তে বাধ্য হলাম। সুতরাং বিহারে বৃষ্টি হল, তার ফল ভোগ করতে হল আমাদের। নেপালের বৃষ্টি হবে, তার দুর্ভোগ ভোগ করতে হবে আমাদের। ভুটানে বৃষ্টি হবে,

আর ক্ষয় ক্ষতি হবে আমাদের পশ্চিমবাংলায়। হাওড়া, হুগলি মেদিনীপুরে গত ১৯৯২ সালের বন্যার জলে ডুবে গেল। কত ক্ষয় ক্ষতি হল। বিহারে বৃষ্টি হচ্ছে, দামোদরের জল বাড়ছে, আর আমাদের এখানে জল ধরে রাখা যাচ্ছে না, তার ফলে বর্ধমান, হাওড়া, হুগলিতে বন্যা হচ্ছে। এই তো পশ্চিমবাংলার অবস্থা। বিহার উড়িষ্যার বৃষ্টি হচ্ছে, সুবর্ণরেখা ফুলে উঠছে, আর মেদিনীপুর ডুবে যাচ্ছে, হাওড়া ডুবে যাচ্ছে। এই সমস্ত ঘটনার জন্য বন্যা হচ্ছে, আর উনি বলছেন এটা স্টেট সাবজেক্ট, রাজ্যকে ব্যবস্তা করতে হবে, সেচ মন্ত্রীকে কৈফিয়ত দিতে হবে। প্রশ্নটা তা নয়, কেন্দ্রীয় সরকারকে এর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারণ এইগুলি আমাদের আওতার বাইরে। পশ্চিমবঙ্গকে বাঁচানোর দায়িত্ব, বন্যা নিয়ন্ত্রণের দায়িত্ব নিতে হবে। সঠিকভাবে সমস্ত রকম ব্যবস্থা করতে হবে তাই নয়, টাকারও দায়িত্ব নিতে হবে। সমস্ত ব্যবস্থা কেন্দ্রীয় সরকারকে করতে হবে এই দাবি আমরা করব। দ্বিতীয় কথা উনি সেচ সম্পর্কে বলেছেন। অদ্ভুত ব্যাপার। কেন্দ্রীয় সরকার আজকে নয়া নীতি গ্রহণ করেছেন। ওনারা বলছেন নো ফারদার ইনভেস্টমেন্ট অন ইরিগেশন। নয়া নীতিতে বলছেন সেচের জন্য সরকার টাকা আর ইনভেস্টমেন্ট করা যাবে না। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের নীতি। আপনারা এখানে আবার গলাবাজি করছেন কেন এই প্রকল্প হচ্ছে না, কেন তিস্তা হচ্ছে না, কেন কেলেঘাই হচ্ছে না কেন সুবর্ণরেখা হচ্ছে না। এটা স্ববিরোধী কথা হচ্ছে না? পরিবেশ দপ্তরকে গিয়ে আপনারা বলুন তিস্তার ছাড়পত্র দেবার জন্য। বিষয়টা তা নয়, নীতির পরিবর্তন করা দরকার। কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন তা সবটাই ব্যাক্তিগত মালিকানায় হবে চাষিদের বলছে তোমরা নিজেদের ভাগ্যের উপর নির্ভর করে থাকো। বৃষ্টির জল হলে তবে পাবে। আর এখানে মানসবাবু গলাবাজি করিতেছেন সেচমন্ত্রীকে অকথা, কুকথা বলিয়া।

[2-35 — 2-45 p.m.]

এই হচ্ছে অবস্থা। তাই আমি মন্ত্রী মহাশয়কে কয়েকটি কথা বলতে চাই। প্রশ্ন এই নয় যে ডাঃ মানস ভূঁইয়া বা তার দল কি বললেন, প্রশ্নটি হচ্ছে আজকে সময় এসেছে, বাস্তবকে লক্ষ্য করে দাঁড়াতে হবে। না দাঁড়িয়ে উপায়ও নেই। একদিকে কেন্দ্রীয় সরকারের যে নীতি, তারা সেচ ব্যবস্থার জন্য টাকা দেবেন না। আমরা অনেক চেষ্টা করে ৩৫ কোটি টাকা এনেছি, কাজ চলছে। আগামীদিনে আশা করছি যে পশ্চিমবাংলায় বিরাট একটা কাজ হবে। এখন প্রশ্ন হচ্ছে ভারতবর্ষের যে নীতি, যে অর্থনৈতিক অবস্থা এবং রাজনৈতিক অবস্থা, তাতে আমি মন্ত্রী মহাশয়কে বলছি যে আপনি অনেক নতুন প্রকল্পের কথা বলেছেন—নুনবিল প্রকল্প ইত্যাদি, এগুলো আর হবে না। আজকে বাস্তব অবস্থাটা অন্য রকম। কারণ বিহার এবং ওড়িষ্যা, পশ্চিমবাংলার উপকার হবে সেজন্য তারা জায়গা দেবে না। ভারতবর্ষ স্বাধীনতা লাভের পর প্রথম দিকে কংসাবতী, ময়ূরাক্ষী এবং দামোদর প্রকল্প হয়েছিল। তখন সেই অবস্থা, রাজনৈতিক অবস্থা ছিল। আজকে কিন্তু সেই অবস্থা নেই। কোনও নতুন প্রকল্প আজকে করা যাবে না। দামোদর প্রকল্পের ড্যামগুলো ক্রমশ মজে যাচ্ছে, বাঁধগুলো আরও উঁচু করা দরকার জল-ধারণের ক্ষমতা বাড়াবার জন্য। ১৬-১৭ বছর আগে কর্পুরি ঠাকুর এবং জ্যোতি বসুর মধ্যে চুক্তি হয়েছিল, তা কার্যকর করা যাচ্ছে না। তাই মন্ত্রী মহাশয়কে বলব, ওদিকে না গিয়ে আমাদের বেশি করে জোর দিতে হবে ক্ষুদ্র এবং মাঝারি সেচের উপরে, বাস্তব অবস্থার দিকে যেতে হবে। মানস ভূঁইয়া বলছেন কাজ করতে হবে। কাজ করতে গিয়ে

পরে দেখা যাবে—ল্যান্ড অ্যাকুইজিশনের কথা বলছেন—জমি পাওয়া যাচ্ছে না। আমরা এই ঘটনা ঘটতে দেখেছি কি ঘটছে। আপনি হয়ত নন, কিন্তু আপনার দলের ঝান্ডা আছে, তারা বাধা দেবে। কাজেই এই অবস্থার উপরে মন্ত্রী মহাশয়কে জোর দিতে হবে। তাছাড়া যে বিষয়ের উপরে আরও জোর দেওয়া উচিত, আমি আপনাদের সুবর্ণরেখা, কেলেঘাই এবং কপালেশ্বরির কথা বলছি, এগুলো করতে হবে। কিন্তু প্রশ্ন হচ্ছে তা করা যাবে কিনা? অর্থের জন্য নয়। আজকে ভারতবর্ষের আর্থ-সামাজিক যে অবস্থা দাঁড়িয়েছে, তাতে নতুন প্রকল্প করা যাবে না। ভয়টা আমাদের সেজন্যই। আমাদের অ্যাভেলেবল ওয়াটার রিসোর্স, সেচের যে ক্ষমতা আমাদের আছে, যে গুলোকে সহজভাবে ব্যবহার করতে পারি, সেদিকে গুরুত্ব দিন। আপনি বাজেট বক্তৃতায় বলেছেন যে পশ্চিমবাংলার জনসংখ্যা বাড়ছে, কিন্তু বাড়তি জমি নেই। সেজন্য নতুন করে ভাবতে হবে। আপনি গতবারেও এই কথা বলেছিলেন। তাই দরকার হলে আমাদের ইঞ্জিনিয়ারদের নতুন করে প্রশিক্ষণ দিতে হবে। আপনি বিষয়টিকে ধরেছেন। নতুন করে কিছু করুন। আমি একটি হিসাব দেখছিলাম। কংসাবতীর লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে যে ১.৩০ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতায় আনা হবে এবং কাজটি সম্পূর্ণ হলে খরচ হবে ৩২৭ কোটি টাকা। অথচ দেখুন, একটি জিনিস আমাদের সামনে আছে, গতবারেও বলেছি, এবারে বিস্তৃত বলতে চাই। আমরা দেখছি যে এখন ভাগিরথী হুগলির জল মিঠে হয়ে গেছে, জোয়ারের জল মিঠে হয়ে গেছে।

এই মিঠা জলে মেদিনীপুর, হাওড়া, ২৪-পরগনা, হুগলি এই ৪ টি জেলা কমপক্ষে ১০ লক্ষ বিঘা জমিতে বোরো চাষ হচ্ছে। কতগুলি সেচ নিকাশি যে খাল ইতিমধ্যে রয়ে গেছে, সেগুলো কাজে লাগিয়ে কমপক্ষে ১০ লক্ষ বিঘা জমিতে চাযের কাজ হচ্ছে। এর ফলে দেড় হাজার হেক্টর জমিতে বরো চাষ হচ্ছে এবং প্রতি বছরই তা বাড়ছে। সেচ দপ্তর বেশি বেশি করে মানুষের কাছে সেচ দিচ্ছে। এর যদি একটা হিসাব করা হয় তাহলে দেখা যাবে যে যদি দেড় মণ কাঠা প্রতি উৎপাদন হয় তাহলে ৩০০ কোটি টাকার অ্যাডিশনাল বোরো ধান উৎপাদন করতে পারছে। যেটা বিগত বছরে হয়নি। এই সেচ খালগুলো কাজে লাগিয়ে নিকাশি খালের সাহায্যে ৩০০ কোটি টাকার অ্যাডিশনাল বোরো ধান উৎপাদিত হচ্ছে। সুবর্ণরেখা প্রকল্পে ২ লক্ষ ৩০ হাজার হেক্টর জমিতে সেচ দিতে ৩২৭ কোটি টাকা লাগবে এবং সেই হিসাবে যে সাড়ে তিনশো কোটি টাকার যে স্ট্রাকচার রয়ে গেছে সেগুলো রক্ষণাবেক্ষণ করুন। এগুলোকে আরও বৈজ্ঞানিক পদ্ধতিতে রক্ষা করুন। ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট এবং প্ল্যানিং ডিপার্টমেন্টের মাধ্যমে ৩০০ কোটি টাকার ফসল পশ্চিমবঙ্গে উৎপাদিত হচ্ছে। এই যে স্ট্রাকচার বা পরিকাঠামো আছে সেটা বৈজ্ঞানিক পদ্ধতিতে সম্মতভাবে কাজে লাগিয়ে পশ্চিমবঙ্গের চেহারা পাল্টে দিয়েছে। তবে এই ব্যাপারে কিছু সমস্যা আমাদের সামনে এসে হাজির হয়েছে। আজকে ফারাক্কার ভাঙ্গন এবং গঙ্গার ভাঙ্গনের ফলে অনেক ক্ষতি হচ্ছে। ফরাক্কা থেকে যে ৪০ হাজার কিউসেক জল সুখা মরশুমে আসার কথা সেখানে গত ৩ বছর ধরে ১২ থেকে ১৫ হাজার কিউসেক জলের বেশি আমরা পাচ্ছি না। এরফলে নিম্নবঙ্গকে বাঁচাতে মেদিনীপুর, হুগলি, ২৪-পরগনা, হাওড়া এবং বর্ধমানের কিছু অংশ ভুগছে। হুগলির ভাগিরথীর নাব্যতা ক্রমশ কমে যাচ্ছে। এরফলে মানুষ সমানে চেঁচাচ্ছে। এতে শুধু নির্দিষ্ট কয়েকটি জেলাই শুধু নয়, অন্য জেলাগুলোকেও রক্ষা করা যাবে না। মূল যে স্রোত যার মধ্যে দিয়ে এই জল

সমুদ্রে যাবে সেই ভাগিরথীর নাব্যতা ক্রমশ মজে যাচ্ছে। যেখানে ৪০ হাজার কিউসেক জলের গ্যারান্টেড হওয়ার কথা যেখানে ১২ হাজার থেকে ১৫ হাজার কিউসেক জলের উপরে নির্ভর করতে হচ্ছে এবং বর্ষার সময়ে এর ফলে ব্যাপক বন্যার সৃষ্টি হচ্ছে। সেচের সময়ে উত্তর প্রদেশে এবং বিহারে বাঁধ তৈরি হচ্ছে খাল কাটছে, ফলে তারা জল পেয়ে যাচ্ছে আর শুখা মরশুমে পশ্চিমবঙ্গ বাদ যাচ্ছে। আর বর্ষার সময়ে উত্তরপ্রদেশের জল এসে বন্যার সৃষ্টি করছে পশ্চিমবঙ্গে। এর ফলে পশ্চিমবঙ্গের গ্রামেগঞ্জে এবং এমন কি কলকাতা শহর পর্যন্ত বাদ যাচ্ছে না। সুতরাং এগুলোর উপরে বাজেটে বিশেষ গুরুত্ব দিতে হবে। আরেকটি কথা বলে শেষ করব সেটা হচ্ছে যে, আপনারা প্রকল্প বাবদ প্ল্যানিং কমিশন থেকে অনুমোদন পেয়েছেন বাজেটও ধরা হয়েছে। সেগুলোর উপরে আরও বেশি বেশি করে জোর দিন। বিশেষ করে মাঝারি এবং ক্ষুদ্র সেচের উপরে জোর দিতে হবে। সর্বশেষে একটি কথা বলে আমি শেষ করব সেটা হচ্ছে যে, আমাদের পশ্চিমবঙ্গে দীর্ঘদিন ধরেই মৎস্য দপ্তর বলে একটি দপ্তর আছে বলে নাম শুনতাম। কিন্তু ওই দপ্তরের মন্ত্রী যেমন এখন এসে একটা বিরাট নাম করে ফেলেছেন এবং রেকর্ড সৃষ্টি করেছেন। তেমনি আমাদের ক্ষুদ্র সেচ মন্ত্রীও খুব গ্রামে গ্রামে ঘোরেন এবং আশা করছি আগামী দিনে এই দপ্তরের একটা বিরাট পরিবর্তন আনবেন। এই কথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Now extension of Time for presentation to the Report of the Select Committee on the West Bengal Sales Tax Bill, 1994. Dr. Asim Kumar Dasgupta to move.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, with your permission I beg to move that the time for presentation of the Report of the Select Committee on the West Bengal Sales Tax Bill, 1994 be further extended till the end of the current session.

The motion was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Now Shri Sailaja Das.

[2-45 — 2-55 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বৃহৎ মাঝারি এবং ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীরা যে ব্যয়ভার উত্থাপন করেছেন আমি তার তীব্র বিরোধিতা করি এবং আমাদের পক্ষ থেকে যে কাটমোশনগুলি এসেছে তাকে সমর্থন করে আমি গুটি কয়েক কথা বলছি। আমাদের পক্ষ থেকে শুরুতে ডাঃ মানস ভুঁইয়া তার দীর্ঘ আলোচনার মধ্যে দিয়ে এই কথা তিনি বলবার চেষ্টা করেছেন যে সেচ দপ্তরের মতো একটা গুরুত্বপূর্ণ দপ্তর কি ভাবে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের অবহেলার স্বীকার হয়েছে। তার জবাব দিতে গিয়ে পরবর্তী বক্তা শাসক দলের বারীন কোলে মহাশয় তিনি বলছিলেন, তাদের বিরুদ্ধে নাকি মানসবাবু হিংসা করছেন। আমি এই কথা অত্যন্ত স্পষ্টভাবে বলতে চাই যে সেচ দপ্তর সে বৃহৎ, মাঝারি কিংবা ক্ষুদ্র হোক সেই দপ্তরটা পশ্চিমবঙ্গের মানুষের জীবন এবং জীবিকার স্বার্থে

অত্যন্ত ওতপ্রোতভাবে জড়িত। পশ্চিমবঙ্গের মতো একটি রাজ্যে যেখানে অধিকাংশ মানুষকে কৃষির উপর নির্ভর করে বাঁচতে হয় এই দপ্তরের ভূমিকা সেক্ষেত্রে একটা বিরাট রয়েছে, বিরাট বললে ভুল হবে, একটা মুখ্য ভূমিকা পালন করে থাকে। কিন্তু এই কথা বলব আমাদের অভিজ্ঞতায় কি দেখতে পাচ্ছি গত ১৭ বছরে এই দপ্তরটা শাসক দলের বড় শরিক মার্ক্সবাদীরা দখলে কোনওদিন ছিল না। এই দপ্তরটা শুরু থেকে আর. এস. পি.-র হাতে আছে, আর. এস. পি.-র নেতা, মন্ত্রী এই দপ্তর চালায়। তাই এই জিনিস আমরা দেখতে পাই। এই দপ্তর চালাতে গেলে যে অর্থের প্রয়োজন আছে, যে অর্থের যোগানের দরকার আছে, সেই অর্থ আমরা দেখতে পাই না। আজকে এই দপ্তরের কাজ কি, এই দপ্তরের যে কাজ ন্যস্ত আছে, কৃষকের চাষের জন্য সেচের জল সরবরাহ করা এবং আমাদের নদীমাতৃক পশ্চিমবঙ্গের বিভিন্ন নদীতে যে ভাঙন হচ্ছে, বিরাট সমুদ্র এলাকায় যে ক্ষয় হচ্ছে, সমুদ্রের তটের যে ক্ষয় হচ্ছে তাকে রক্ষা করা দরকার, কিন্তু প্রতি বছরে সেখানে আমরা দেখতে পাচ্ছি বিশেষ করে গত বছরে আপনারা সকলেই জানেন উত্তরবঙ্গে এবং মেদিনীপুর জেলায় যে বিধ্বংসী বন্যা হয়েছিল সেই বন্যার ফলে মানুষের ঘরবাড়ি, সম্পত্তির ক্ষতি হয়েছে, এক একটি জায়গায় গ্রাম নিশ্চিহ্ন হয়ে গেছে।

সেখানে লোকালয় নিশ্চিহ্ন হয়ে গেছে। ঠিক বন্যারই পর পর উত্তরবঙ্গে আমি গিয়েছিলাম। তখন আমি পঞ্চায়েত সাবজেক্ট কমিটির সদস্য ছিলাম। তখন সেখানকার অবস্থা দেখে আমরা বিস্মিত। সেখানে দাঁড়িয়ে আমরা লোকেদের সঙ্গে কথা বলেছিলাম, তারা বলছে, কিছুদিন আগেও এখানে একটা বিদ্যালয় ছিল, এই স্কুলে পঞ্চায়েতের ভোট হয়েছিল, আজকে সেই স্কুল জলের তোড়ে ভেসে চলে গেছে। কেন আজকে এই অবস্থা। নদী বাঁধ মেরামতির জন্য যে টাকা দরকার ছিল সেই টাকা পাওয়া যায় না তাই এই অবস্থা। দীর্ঘদিন নদীবাঁধের কাজ হয়নি। জলপাইগুড়ি, কোচবিহারের বিস্তীর্ণ এলাকায় আমরা দেখেছি সেই একই চিত্র। একদিকে যখন সেচের জমিতে চাষিদের জল সরবরাহ করা যাচ্ছে না, অপরদিকে তখন অতিবৃষ্টি এবং নদীর জলের তোড়ে ফসল নষ্ট হয়ে যাচ্ছে। এই কারণে আমরা আজকে বলতে চাই স্পষ্টভাবে যে রাজ্যস্তরে যে সেচ দপ্তর, যেখানে ব্যক্তিগত পুঁজি বিনিয়োগের কোনও স্কোপ নেই। এখানে সম্পূর্ণভাবে সরকারের টাকার উপরে নির্ভর করে দপ্তর চালাতে হয়, উন্নয়নের কাজ করতে হয়, মানুষের দুঃখ লাঘবের কাজ করতে হয়। কিন্তু সেইখানে আমরা দেখতে পাচ্ছি সারা ভারতবর্ষে বিভিন্ন রাজ্যে রাজ্যে সেচ দপ্তরের যে বাজেট ধরা হয়, তার গড় হিসাব হচ্ছে ১৭ পারসেন্ট। কোনও কোনও রাজ্যে আবার ১৭ পারসেন্টই বরাদ্দ করা হয়। কিন্তু সেখানে পশ্চিমবাংলাতে আমরা দেখতে পাচ্ছি মাত্র ১২ পারসেন্ট অর্থ বরাদ্দ করা হচ্ছে এই সেচ দপ্তরের বাজেটে। তাহলে এই সেচ দপ্তরটা চলবে কি করে, কাজ করবে কি করে। আজকে বামফ্রন্ট সরকারের এই ১৭ বছর রাজত্বে উল্লেখযোগ্য একটা প্রকল্পের নাম করুন, যে প্রকল্প আমরা জনগণকে উপহার দিয়েছেন। আপনারা বলবেন তিস্তা প্রকল্প। তিস্তা প্রকল্প নিশ্চয় রাজ্যের একটা গর্ব। কিন্তু সেই তিস্তা আজকে কোথায়? তিস্তার জন্য আজকে ৩৭০ কোটি টাকার মতো খরচ হয়ে গেছে, কিন্তু সেই তিস্তা কোথায়? আপনারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বার বার অভিযোগ আনতেন টাকা দিচ্ছে না। সেচ দপ্তর হচ্ছে

সর্বাঙ্গকরণে একটা রাজ্য স্তরের ব্যাপারে, এখানে কেন্দ্রর কোনও ব্যাপার নয়। এই সেচ দপ্তর যুগ্ম তালিকায় নেই, তা সত্ত্বেও কেন্দ্র উল্লেখযোগ্যভাবে একটু বেশি পরিমাণে টাকা দিয়েছে।

তবুও কেন আজকে এগুচ্ছে না। এগুচ্ছে না তার কারণ, সেখানে আজকে সমন্বয়ের অভাব রয়েছে। এখানে ভূমি রাজস্ব দপ্তরের যে জমি দখল করার কথা, জমি অ্যাকোয়ার করার কথা সেই জমি দখল নেওয়ার টাকা তারা দিচ্ছেন না ফলে জমি নেওয়া যাচ্ছে না। প্রতি বছর বাজেটের সময় একথা বলা হয় যে ফরেস্টের জন্য বিকল্প ব্যবস্থা করতে হবে। পরিবেশ দপ্তরের ছাড়পত্র পাওয়া সত্ত্বেও কেন আজকে বিকল্প বনসৃজন করা হয়নি, কেন এই কাজ করতে রাজ্য সরকার ব্যর্থ হয়েছেন তার জবাব আজকে মন্ত্রী মহাশয়কে দিতে হবে। এত টাকা ব্যয় করে আজকে উত্তরবঙ্গের যে জেলাগুলির জন্য ব্যবস্থা করা হয়েছে সেই জেলাগুলিতে কি সেচের সুযোগ সুবিধা পৌঁছে দেওয়া গিয়েছে? এর ফলে সেখানকার কৃষকরা কি উপকৃত হয়েছে? না, আজকে সেইভাবে তারা উপকৃত হননি। আজকে গ্রেভিয়ার্ডের সমস্যার জন্য খাল কাটা আটকে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আজকে সুস্পষ্টভাবে বলতে হবে যে এই গ্রেভিয়ার্ডের সমস্যার সমাধানের জন্য কি ব্যবস্থা করছেন এবং কতদিনের মধ্যে এই সমস্যার সমাধান হবে। ঐ 'দেখছি' 'করছি' এইসব কথা শুনতে আমরা আর রাজি নই। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই সুস্পষ্টভাবে বলতে হবে কতদিনের মধ্যে এই গ্রেভিয়ার্ডের সমস্যার সমাধান করবেন। বীরভূমের একজন মাননীয় সদস্য দক্ষিণবঙ্গের কথা বলছিলেন, তার সঙ্গে কথা হচ্ছিল যে মন্ত্রী মহাশয় উত্তরবঙ্গের জন্য করুন, উত্তরবঙ্গ পিছিয়ে আছে তাদের জন্য নিশ্চয় করবেন, তাদের প্রাধান্য দিয়েই করবেন কিন্তু তার মানে এই নয় যে

[2-55 — 3-05 p.m.]

উত্তরবঙ্গের বাইরে যেসব জেলা আছে তাদের সেচ ব্যবস্থা, জল নিকাশি ব্যবস্থা, নদীবাঁধ রক্ষা, সমুদ্রতট ক্ষয়ের প্রতিরোধ করার কাজ সেগুলি অবহেলার শিকার হবে। না, এটা হতে পারে না। এই প্রসঙ্গে ময়ূরাক্ষী প্রকল্পের কথাটা একটু বলব। বাজেট বক্তৃতায় দেখলাম যে ময়ূরাক্ষী প্রকল্পের আধুনিকিকরণের কথা বলা হয়েছে। প্রতি বছরই একথা বলা হয়। ময়ূরাক্ষীর যে বেশি জলটা সেটা নুন বিল এবং সিদ্ধেশ্বরীতে ধরে রেখে যাতে সেই জল প্লাবন ঘটাতে না পারে এবং পরে সেচের কাজে ব্যবহৃত হতে পারে বাজেট বইতে বলা হয়েছে যে তারজন্য সার্ভে হচ্ছে। আমরা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই, এই সার্ভের কাজ শেষ করে কবে আসল কাজ শুরু হবে সেটা তিনি বলুন। দক্ষিণবঙ্গের কথা মাননীয় মানসবাবু বলেছেন। আমরা জানতে চাই, সুবর্ণরেখা ছাড়পত্র কবে পাওয়া যাবে। সুবর্ণরেখা প্রকল্প যে এলাকায় হবে তার ১০টি উপকৃত ব্লকের মধ্যে আমার নির্বাচনী কেন্দ্রের একটি ব্লকও আছে। এই সুবর্ণরেখা প্রকল্প সম্পর্কে বলতে চাই, ১৯৮৮ সালে এর টেকনো ইকনমিক্যাল ক্লিয়ারেন্স বা ছাড়পত্র আপনি পেয়েছেন কিন্তু তারপর থেকে খুব আন্তরিকতা এবং নিষ্ঠার সঙ্গে এই সুবর্ণরেখা প্রকল্প রূপায়িত করার চেষ্টা হয়নি এটাই হচ্ছে আমাদের অভিজ্ঞতা এবং ধারণা। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তাই এ ব্যাপারে সুস্পষ্ট জবাব চাইছি। আমি মেদিনীপুর জেলার লোক। সেখানে ক্ষুদ্র সেচ—নদীর জল বেঁধে সেচের ব্যবস্থা করার সুযোগ কম। তার উপর কিছু কিছু বেসিন এলাকা আছে যেখানে অতিবৃষ্টি হলে জল জমে যায়।

তাতে কৃষকেরা কষ্ট করে যা চাষ করে তা নষ্ট হয়ে যায়। তার জন্য কিছু নিকাশি প্রকল্প করা হয়েছিল। যেমন নন্দীগ্রাম, ভগবানপুর এই সব জায়গায় নিকাশি প্রকল্প ছিল, এইগুলো জি. এফ. সি. সি. ছাড়পত্র পেল, গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশনের ছাড় পত্র পেল, কিন্তু গত ৭/৮ বছরে ঐ প্রকল্পে মাত্র দুনিয়া খালে একটা লক গেট করার পর আর একটাও কাজ হয়নি। সমুদ্রের কাছে কাঁথি, ফেজ ওয়ান, ফেজ টু, ফেজ থ্রি, এইগুলোর যে প্রকল্প রচনা করা হয়েছিল তারা রূপায়িত হবে কি না জানতে চাই। আপনি জানেন পশ্চিমবাংলার মধ্যে দার্জিলিং এবং দিঘা এই দুটি নামকরা জনপ্রিয় পর্যটন কেন্দ্র। সেই দিঘা পর্যটন কেন্দ্রের একটা বিস্তীর্ণ এলাকা সমুদ্রের তান্ডবে ক্ষয় হয়ে যাচ্ছে। ৭২ সাল থেকে ৭৭ সালে যখন পশ্চিমবঙ্গে কংগ্রেস সরকার ছিল, সিদ্ধার্থ রায়ের আমলে যে প্রকল্প করা হয়েছিল, বোল্ডার দিয়ে, পিচিং করে সমুদ্রের ক্ষয়কে রোধ করার ব্যবস্থা করা হবে। সেই প্রকল্পের কাজ আর হচ্ছে না। ফলে সমুদ্রের এই ক্ষয় থেকে দিঘাকে রক্ষা করা যাবে না। যদি না সেই প্রকল্পে টাকা খরচ হয়। আমি আজকে একটা কথা বলতে চাই, মেদিনীপুর জেলার ইরিগেশনের দুটো ডিভিসন ভাগ করা ছিল। একটা ইস্ট মেদিনীপুর ডিভিসন, আর একটা ওয়েস্ট মেদিনীপুর ডিভিসন। মেদিনীপুর শহরে ইস্ট মেদিনীপুর ডিভিসনের যে অফিস তাকে তমলুকে স্থানান্তরিত করা হবে ঠিক হয়েছিল। ইতিমধ্যে তমলুকে স্থানান্তরিত করার নির্দেশ বেরিয়ে গেছে, কিন্তু আজ পর্যন্ত কেন স্থানান্তরিত হয় না সেটা জানতে চাই। কোন জায়গায় এটা আটকে আছে সেটা জানতে চাইছি। ইরিগেশন দপ্তরের সঙ্গে আর একটা দপ্তর আছে মাইনর ইরিগেশন, ক্ষুদ্র সেচ দপ্তর।

মাইনর ইরিগেশনের কাছে মানুষের প্রত্যাশা অনেক বেশি। এ সম্বন্ধে আপনাদের প্রথমে অনেক দ্বিধা, সংকোচ ছিল—বর্তমান মন্ত্রীর প্রিডিসেসর প্রয়াত কানাই ভৌমিক বেশ কিছু দিন দ্বিধা সংকোচের মধ্যে ছিলেন। কিন্তু এখন অবস্থাটা কি? এই দপ্তর কোন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে? ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্টের টাকায় নির্দিষ্ট সময়সীমার মধ্যে যে কাজ করার কথা ছিল তা আপনারা করতে পারেন নি। অথচ টাকার অভাব নেই। যেখানে প্রতিটি দপ্তর বলছে টাকার জন্য কাজ করতে পারছে না, সেখানে রাজ্যে এটাই একমাত্র দপ্তর যার টাকার অভাব নেই। টাকার অভাব না থাকা সত্ত্বেও ক্ষুদ্র সেচের কাজে মন্ত্রী ব্যর্থ, দপ্তর ব্যর্থ। মন্ত্রী বলছেন, 'এতগুলো ডিপ টিউবওয়েল পুঁতেছি।' আমি তাকে প্রশ্ন করছি তার মধ্যে কতগুলি কমিশন করেছেন, কত পাইপ লাইন বসিয়েছেন, কত জমিতে সেচের ব্যবস্থা করেছেন? সব চেয়ে বড় প্রশ্ন হচ্ছে ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্টের পরে এই দপ্তরের ভবিষ্যত কি? কারণ এম. আই. সি.-র আজকে কি অবস্থা তা তো আমরা দেখতেই পাচ্ছি। মাইনর ইরিগেশন কর্পোরেশন একদম শুকিয়ে গেছে, মরে গেছে। তাদের যেসব টিউবওয়েল ছিল সেসবগুলি বেশির ভাগ জায়গায়ই নষ্ট হয়ে গেছে। আমার অনুরোধ আজকে এম. আই. সি.-কে এই দপ্তরের মধ্যে মিশিয়ে দেওয়া হোক। এটা সম্পূর্ণ ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রোজেক্ট নির্ভরশীল দপ্তর, পরবর্তীকালে এটা কোথায় যাবে? সেই জন্যই বোধ হয় মন্ত্রী তার বাজেট ভাষণে বলেছেন, 'জার্মানির সঙ্গে কথা বলছি।' অর্থাৎ তারা চেষ্টা করছেন বিদেশি আর্থিক সাহায্যে নতুন করে আবার প্রোজেক্ট রচনা করা যায় কিনা। এই দপ্তরের কাজকর্ম দেখেই বোধ হয় সাবজেক্ট কমিটি অত্যন্ত ভয়ঙ্কর মন্তব্য করেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেই মন্তব্যটা আমি একটু এখানে পড়ে

দিতে চাই। 'The committee observes that the activities of the Minor Irrigation department have largely been based on World Bank Assistance which does not seem to be a healthy aspect. The provision from the State fund for non-externally aided schemes should be properly augmented so that the Department may not become merely a signboard or an implementation agency of the World Bank or other externally aided schemes. সাবজেক্ট কমিটি তার রিপোর্টের মধ্যে এই বিরূপ মন্তব্য করেছেন। ক্ষুদ্র সেচ দপ্তরের কাছে আমাদের যে প্রত্যাশা ছিল, যা আমরা আশা করেছিলাম তা তারা পূরণ করতে পারেন নি। এটাই হচ্ছে আমাদের অভিজ্ঞতা। তারা যেসব ডিপ টিউবওয়েল পুঁতেছিলেন, আর. এল. আই. বসিয়েছিলেন তা অধিকাংশ জায়গায়ই খারাপ হয়ে পড়ে আছে, তার চুরি হয়ে গেছে, বিদ্যুৎ কানেকশন নেই, কৃষকরা সেচের জল পাচ্ছে না। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। সেটা হচ্ছে, বোরো বাঁধ সম্বন্ধে। মেদিনীপুর, ২৪-পরগনা, হুগলির বিস্তীর্ণ এলাকায় খরার মরশুমে বরো বাঁধ দেওয়া হয়ে থাকে। কিন্তু এই খাতে টাকা এতই অল্প যে, তা দিয়ে কিছুই হবে না। এবারে মাত্র ৬৬ লক্ষ টাকা ধার্য হয়েছে। অথচ আজকে সর্বত্র আন্ডারগ্রাউন্ডের জল তুলে নেওয়ার জন্য পানীয় জলের সংকট দেখা দিয়েছে। এই পরিস্থিতিতে আমরা যদি বেশি সংখ্যায় বরো বাঁধ নির্মাণ করতে পারি তাহলে সেচের জলের জন্য একটা বিকল্প ব্যবস্থা করতে পারি। পরিশেষে আমি এই কথা বলতে চাই যে, এই সেচ দপ্তর রাজ্যের মানুষের কল্যাণের কাজে সম্পূর্ণ ব্যর্থ। সেইজন্য আমি এই দপ্তরের বাজেট বরাদ্দের সম্পূর্ণ বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌমেন্দ্রনাথ দাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, বৃহৎ, ক্ষুদ্র এবং মাঝারি সেচ দপ্তরের মাননীয় মন্ত্রীরা যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে ২/৪টি কথা বলছি। আজকে এখানে অনেকক্ষণ ধরে বিরোধীপক্ষ এবং সরকার পক্ষের বক্তব্য শুনলাম, বিগত বন্যায় উত্তরবঙ্গের

[3-05 — 3-15 p.m.]

বিশেষ করে কুচবিহার, জলপাইগুড়ি ভয়াবহভবে ক্ষতিগ্রস্ত হল, বহু রাস্তাঘাট, ব্রিজ, কালভার্ট এবং নদীবাঁধের ভাঙ্গন হল, অনেক মানুষের ঘর বাড়ি ভেঙ্গে গিয়েছিল এমন কি আমার নিজের বাড়িতেও ৩ দিন ধরে ১০/১১ ফিট জল ছিল, বেঁচে আছি এটাই বড় কথা। আমাদের সাবজেক্ট কমিটির রিপোর্টে যেটা আছে, রিপোর্ট যারা দিয়েছেন তারা আমার গ্রামে গিয়েছিলেন, আলুদিয়া আমার গ্রামের নাম। আমি ত্রাণ দপ্তরের মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করে উত্তর পেয়েছিলাম, আমার প্রশ্ন ছিল যে গত উত্তরবঙ্গের ভয়াবহ বন্যার পরে রাস্তা, ঘাট ইত্যাদি মেরামতের জন্য কেন্দ্রীয় সরকার কটা নয়া পয়সা বরাদ্দ করেছেন, ত্রাণ মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছিলেন এক পয়সাও নয়। আমি আজকে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই বিগত বন্যায় কুচবিহার এবং জলপাইগুড়ি সহ দক্ষিণ বঙ্গেরও অনেক এলাকা ক্ষতিগ্রস্ত হয়ে ছিল, বহু বাড়ি এবং কৃষিজমির ক্ষতি হয়েছে, ভূমিক্ষয় হয়েছে, এগুলির পুনর্নির্মাণের জন্য আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার কত অর্থ বরাদ্দ করেছেন এই বিষয়টা একটু জানতে চাই সুনির্দিষ্ট ভাবে। দ্বিতীয় কথা হচ্ছে আজকে কংগ্রেসিরা এখানে

বাংলার মানুষের জন্য যথেষ্ট মায়াকান্না কাঁদলেন, বিগত কুচবিহার এবং জলপাইগুড়ির বন্যার পর প্রায় দুমাস অতিবাহিত হয়ে গেল কেন্দ্রীয় সরকার এক বন্যা বিশেষজ্ঞ কমিটি পাঠিয়ে দিলেন তারা বিমানযোগে কুচবিহার বিমানঘাঁটিতে নেমে আবার সেই বিমানেই কলকাতা ফিরে এলেন, বন্যা বিধ্বস্ত কোনও এলাকা পরিদর্শন না করে। কলকাতায় এসে সংবাদিকদের ডেকে বললেন বন্যা হয়নি, কোও নিদর্শন দেখা যায়নি। বন্যার ব্যাপার নিয়ে কুচবিহারের লোককে উপহাস করলেন, ঐ কেন্দ্রীয় সমীক্ষক দল। আমরা সেটা সংবাদ মিডিয়ায় জানতে পারি এবং তার বিরুদ্ধেই কুচবিহারের সাধারণ মানুষ বিক্ষোভ, আন্দোলন সংঘটিত করেছে। এবারে আমি সুনির্দিষ্ট ভাবে আর একটা কথা বলতে চাই। কংগ্রেসিরা এখানে সেচ সম্বন্ধে অনেক কথা বলেছেন, বিষয়টা কিন্তু সত্যই গুরুত্বপূর্ণ। ভারতবর্ষ কৃষিনির্ভর দেশ, তারই একটা রাজ্য হিসাবে পশ্চিমবঙ্গের অর্থনীতি সম্পূর্ণভাবে কৃষির উপর নির্ভরশীল। কৃষির সাথে সেচের যোগাযোগ অত্যন্ত নিবিড়। কৃষিকে সেচ ছাড়া চিন্তাই করা যায় না। কৃষি উন্নয়নের ব্যাঘাতের কারণ হচ্ছে সেচ, কিন্তু স্বাধীনতার ৪৭ বছর পরেও আজকে কৃষককে প্রকৃতির উপর সম্পূর্ণ নির্ভর করতে হয়। কুচবিহারে রেশনের দোকানে যে গম দেয় তা পাঞ্জাব এবং হরিয়ানা থেকে আসে। অথচ আমি পশ্চিমবঙ্গের মানুষ হিসাবে কিছু তথ্য জানি সেগুলি হল যে ভারতের স্বাধীনতার পর কিছু বড় বড় সেচ প্রকল্পের কথা ঘোষণা করা হয়েছিল। ভাকরা-নাঙ্গাল, নাগার্জুন এবং তিস্তা। কেন্দ্রীয় সরকার এগুলিকে সমর্থন করেছিলেন, এই প্রকল্পের ফলে পাঞ্জাব, হরিয়ানায় জল সরবরাহ হচ্ছে অথচ ১৯৭৭ সালের আগে পর্যন্ত কেন্দ্রীয় সরকার এই তিস্তা সেচ প্রকল্পের কোনও ব্যবস্থাই কার্যকর করেননি। কাজেই স্বাভাবিকভাবেই ক্ষমতায় আসার পর এরা উত্তরবঙ্গের কৃষকদের সুবিধাগুলি দেখছেন।

তারা আশা করছেন, উত্তরবঙ্গে কৃষির ক্ষেত্রে একটা বিরাট পরিবর্তন আসবে, কিন্তু আমরা দেখছি, কেন্দ্রীয় সরকারের তীব্র অসহযোগিতার ফলে তিস্তা প্রকল্পের কাজ খুঁড়িয়ে খুঁড়িয়ে চলছে। এ পর্যন্ত ঐ প্রকল্পে যেখানে রাজ্য সরকার প্রায় ৩০০ কোটি টাকা খরচ করেছেন সেখানে কেন্দ্রীয় সরকার দিয়েছেন মাত্র ৫ কোটি টাকা। পরে এই বিধানসভা থেকে সর্বদলীয় প্রস্তাব গ্রহণ করবার পর এবং কৃষি শ্রমিকরা আন্দোলন করবার পর কেন্দ্রীয় সরকারের যোজনা কমিশন ৫ বছরের জন্য ১৫০ কোটি টাকা বরাদ্দ করেছেন। কিন্তু পাঁচ বছরে ১৫০ কোটি টাকা—এটা কিছুই নয় যেখানে আজকে তিস্তা প্রকল্পের পূর্ণ দায়িত্বটাই নেওয়া উচিত কেন্দ্রীয় সরকারের। এবং যেভাবে ওরা কাজ চালাচ্ছেন তাতে কতদিনে যে ঐ প্রকল্পের কাজ শেষ হবে বলা মুশকিল। তিস্তা সেচ প্রকল্প শুধুমাত্র উত্তরবঙ্গের প্রকল্প নয়, এর উপর নির্ভর করছে গোটা রাজ্যের অর্থনীতি, কারণ আজকে ঐ প্রকল্পই পারে রাজ্যকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে দিতে। কিন্তু আজকে অত্যন্ত ধীর গতিতে ঐ প্রকল্পের কাজ এগিয়ে চলেছে। তারজন্য মাননীয় মন্ত্রীর কাছে নির্দিষ্ট ভাবে জানতে চাই, আগামী কত বছরের মধ্যে কুচবিহার এবং জলপাইগুড়ির কৃষকদের জমিতে ঐ প্রকল্পের জল পৌছে দেওয়া যাবে। জানি যে, কেন্দ্রের বন ও পরিবেশ বিভাগ খাল কাটার কাজে বাধা দিচ্ছেন। এর বিরুদ্ধে লাগাতার আন্দোলন করা দরকার আছে যদি সত্যিই এই জাতীয় অসহযোগিতা তাদের থেকে থাকে। আজকে আমরা যখন সেচ দপ্তরের বাজেট নিয়ে আলোচনা করছি তখন উত্তরবঙ্গের মানুষ অনেক আশা নিয়ে কলকাতার দিকে তাকিয়ে আছেন। বিগত বন্যায় উত্তরবঙ্গে সমস্ত কিছু

ধ্বংস হয়ে যাবার পর সরকারি অফিসাররা সেখানে গেছেন, সাবজেক্ট কমিটিও সেখানে ছুটে গেছেন, কিন্তু বন্যার পর যেভাবে রিকন্সট্রাকশনের কাজ হওয়া উচিত ছিল সেভাবে কাজ কিন্তু সেখানে হয়নি। এবারে আবার বন্যা এসে গেছে, সেখানকার মানুষ শঙ্কা নিয়ে দিন কাটাচ্ছেন। আমি সাবজেক্ট কমিটির রিপোর্ট দেখছিলাম এতে যা বলা হয়েছে, আমাদের অভিজ্ঞতাও তাই এবং বাজেট বক্তৃতাতে ও মাননীয় মন্ত্রী সেকথা উল্লেখ করেছেন। উত্তরবঙ্গের নদীগুলি মূলত পাহাড় থেকে নেমে আসা নদী। প্রতি বছর বন্যার ফলে ক্রমশ নদীগর্ভ ভরাট হয়ে যাওয়াতে নদীগুলোর জল-ধারণ ক্ষমতা কমে গেছে এবং তারফলে প্রতি বছর সেখানে বন্যা হচ্ছে। সাবজেক্ট কমিটি তাদের রিপোর্টে বলেছেন যে, উত্তরবঙ্গের বন্যা পরিস্থিতির মোকাবিলা করবার একটিই মাত্র সহজর পথ নদীগুলির খাত বৃদ্ধি করতে সেগুলো খনন করা। কিন্তু এবারের বাজেটে তারজন্য কোনও নির্দিষ্ট কর্মসূচি নেওয়া হয়নি। মন্ত্রী মহাশয় বলেছেন যে, এর জন্য তিনি কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যের দিকে তাকিয়ে আছেন। তাহলে কি তিনি বলতে চাইছেন যে, কেন্দ্রীয় সরকারের অসহযোগিতার জন্য তিনি কাজ করতে পারছেন না? এই জায়গাটাতে কিন্তু কিছুটা অস্পষ্টতা রয়ে গেছে।

আর একটা বিষয় হচ্ছে বন্যা এবং খরা। এই বন্যা এবং খরা নিয়ন্ত্রণের জন্য মাস্টার প্ল্যানের প্রয়োজন। এটা গড়ে তোলার ক্ষেত্রে দপ্তর চিন্তা-ভাবনা করছে এবং বাজেটে বরাদ্দও রয়েছে। কিন্তু এই চিন্তা-ভাবনাকে কার্যকর করার ক্ষেত্রে কতটা এগিয়েছে, না কি পিছিয়ে যাচ্ছে, এই বিষয়ে আমাদের পরিষ্কার ভাবে জানা দরকার। কেন্দ্রীয় সরকার এ ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করছে, যার প্রতিফলন এখানে রয়েছে। আর একটা জিনিস হচ্ছে সুবর্ণরেখা প্রকল্প। এই প্রকল্পের ক্ষেত্রেও একই জিনিস বলা হয়েছে। এখানেও দেখছি যে কেন্দ্রীয় সরকারের পরিবেশ দপ্তর প্রতিবন্ধকতার সৃষ্টি করছে। এর বিরুদ্ধে জোরালো পদক্ষেপ নেওয়া দরকার। ময়ূরাক্ষী, সিদ্ধেশ্বরী, নুনবিল প্রকল্প সম্পর্কে এই বিধানসভায় মন্ত্রী মহাশয় জানিয়েছেন যে সার্ভে হয়ে গেছে। আমরা নির্দিষ্ট ভাবে জানতে চাই যে সার্ভে হওয়ার পরে সেখানে সেচের স্বার্থে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কারণ এটা শুধু বীরভূমের ব্যাপার নয়, বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ, এই তিনটি জেলা এই প্রকল্পের মাধ্যমে উপকৃত হতে পারবে। সেখানকার কৃষক সমাজ এই প্রকল্পের দিকে তাকিয়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে

[3-15 — 3-25 p.m.]

চাচ্ছি যে সার্ভে রিপোর্ট পাওয়ার পরে বাকি কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, কতদিনের মধ্যে পেতে পারবে সেটাও মন্ত্রী মহাশয় আমাদের জানাবেন। তিস্তা প্রকল্পের জল না পাবার জন্য রাজনগর, দুবরাজপুর ইত্যাদির কৃষকদের কোনও উপকার হচ্ছে না। অথচ ঐ এলাকাগুলি শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস অধ্যুষিত এলাকা। সেই সব এলাকার মানুষ আমাদের দিকে তাকিয়ে আছে। কাজেই তাদের উন্নয়নের স্বার্থে এখানে আর. এল. আই. চালু করার জন্য আবেদন জানাচ্ছি। পাশাপাশি কুচবিহারের ক্ষেত্রে কি দেখছি? সাবজেক্ট কমিটির রিপোর্টেও আছে এবং এই বিষয় নিয়ে আলোচনাও করা হয়েছে। কুচবিহারের ক্ষেত্রে আমরা দেখছি যে মাইনর ইরিগেশন দপ্তরে যে সমস্ত প্রকল্পগুলি রয়েছে, সেগুলির অধিকাংশ অচল হয়ে আছে। কোথাও সামান্য টাকা দেওয়া হচ্ছে, আবার কোথাও কর্মীর অভাবে কাজ হচ্ছে না। কুচবিহার

জেলার মাইনর ইরিগেশনের যে সমস্ত প্রোজেক্ট রয়েছে তার শতকরা ৭০/৭৫ ভাগ প্রোজেক্ট বন্ধ হয়ে আছে এবং তার ফলে কৃষকরা কোনও সুফল পাচ্ছে না। কাজেই এই বিষয়ের প্রতি গুরুত্ব দেবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। আর একটা বিষয় যেটা সাবজেক্ট কমিটির রিপোর্টে আছে, সেটা হচ্ছে, মাইনর ইরিগেশন, অ্যাগ্রো-ইরিগেশনের ডিভিসন্যাল অফিস কুচবিহারে করা দরকার। এতে কুচবিহার, দিনহাটা, তুফানগঞ্জ সাব-ডিভিসনে মাইনর ইরিগেশনের যে প্রোজেক্টগুলি আছে সেটা ভাল ভাবে কার্যকর করা যাবে। আর একটা বিষয় হচ্ছে, উত্তরবঙ্গের জেলাগুলি শিল্পের দিক থেকে অনগ্রসর। স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত এখানে কোনও বড় শিল্প গড়ে ওঠেনি। তার ফলে এখানকার মানুষ একমাত্র কৃষির উপরে নির্ভরশীল। কাজেই উত্তরবাংলায় যদি কৃষির জন্য জল পৌঁছে দেওয়া যায় তাহলে মানুষের মুখে হাসি ফুটবে এবং এর ফলে গোটা বাংলার চেহারাও পাল্টে যেতে পারে। আজকে তিস্তা প্রকল্প যে ধীর গতিতে চলছে, কেন্দ্রীয় সরকার যে বাঁধার সৃষ্টি করছে, সেটা আমরা জানি। কিন্তু তা সত্ত্বেও আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে বিভিন্ন বাধা-বিপত্তির মধ্যেও এই সরকারকে এগিয়ে যেতে হবে। তিস্তা সেচ প্রকল্প নিয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন ভাবে দেরি হচ্ছে। এগুলি কাটিয়ে উঠে উত্তরবঙ্গের কৃষকদের স্বার্থে যুদ্ধ কালীন ব্যবস্থা হিসাবে সেখানে জল পৌঁছে দেবার জন্য আবেদন জানাচ্ছি। আর একটা কথা হচ্ছে, সুবর্ণরেখা প্রকল্পের মাধ্যমে ১৩০ হাজার হেক্টর জমিতে জল দেওয়া যাবে কিন্তু সেটাও শুরু করা হচ্ছে না।

আজকে বহু দিন চলে গেল, শুরু হল না। এটা পরিবেশ দপ্তরের জন্য বন্ধ হয়ে রয়েছে। পরিবেশ দপ্তরের ছাড়পত্র পাওয়া যাচ্ছে না। এখানে বিরোধী দল থেকে সর্বদলীয় কমিটি যাওয়ার প্রস্তাব দিচ্ছেন। এই প্রস্তাব গ্রহণ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় তার নির্দিষ্ট দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটাবেন। এখানে উল্লেখ করা হয়েছে এই বছর ১৯৯৪-৯৫ সালের জন্য তিস্তা সেচ প্রকল্পের জন্য ৬০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। ১৯৯৫ সালের মধ্যে ৪০ হাজার হেক্টর জমিতে সেচের জল পৌঁছে দেবার কথা বলা হয়েছে। মূল প্রস্তাবে আছে ৯২৩ হাজার হেক্টর জমিতে তিস্তা প্রকল্পের মাধ্যমে সেচের জল পৌঁছে দেওয়া হবে। এখন পর্যন্ত হয়েছে ৩৩.৭৮ হাজার হেক্টর জমিতে সেচের জল পৌঁছে দেওয়া সম্ভব হয়েছে। এই ভাবে যদি হতে থাকে তাহলে কত বছর লাগবে এই তিস্তা প্রকল্পের কাজ শেষ করতে সেটা একটু ভাবুন। মূল প্রকল্পের জন্য লাগবে ৬৯৫ কোটি টাকা, এখন পর্যন্ত খরচ করা হয়েছে ৩৭২ কোটি টাকা। তার মধ্যে কেন্দ্র দিয়েছে মাত্র ৫ কোটি টাকা। এটা ভাববার বিষয়। কংগ্রেসের এটা জানা দরকার। কংগ্রেস এই বিষয়ে কিছু বলছে না। বন্যার কথা বলছেন, কিন্তু বন্যার ক্ষেত্রে যে বাধা, প্রধান যে বাধা সেই বিষয়ে ভাবছেন না। কেন্দ্রীয় সরকারের সমীক্ষক দল এসেছিল উত্তরবঙ্গের বন্যা কি রকম হয়েছে সেটা দেখার জন্য। তারা এসে এখানে কিছু ঠাট্টা, তামাসা করে চলে গেলেন। সেখানে বিরোধীরা কিছু বললেন না। প্রতিটি সংবাদপত্রে এটা প্রকাশিত হয়েছে, রেডিও, টি. ভি. সমস্ত জায়গায় এটা প্রচার হয়েছে। কেন্দ্রীয় সমীক্ষক দল কুচবিহারে বিমান বন্দরে নেমেছিল, তারপর সেখানে চা-পানি খেয়ে লোকেদের সঙ্গে ঠাট্টা তামাশা করে কলকাতায় চলে এল। তারপর কলকাতায় এসে সাংবাদিক সম্মেলন করে বলল, কোথায় বন্যায় মানুষ আক্রান্ত হয়েছে সেটা তো দেখলাম না, গবাদি পশু মারা গেছে, ঘর-বাড়ি নষ্ট হয়ে গেছে তা তো দেখলাম না। এই ব্যাপারে কংগ্রেসের

কাছ থেকে কোনও প্রতিবাদ হল না। সেই জন্য ১৫-১৬ বছর হল কুচবিহারের মানুষ কংগ্রেসকে পরিত্যাগ করেছে, তাদের মুখে ঝামা ঘসে দিয়েছে। আবার ঝামা ঘসার জন্য প্রস্তুত হচ্ছে। উত্তরবঙ্গের মানুষের জন্য কংগ্রেস কিছু করেনি, কংগ্রেসের কাছ থেকে তাই তারা কোনও আশা করে না। মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় অত্যন্ত কাজের লোক এটা কুচবিহারের মানুষ, উত্তরবাংলার মানুষ ভাল করে জানে। কুচবিহার সহ উত্তরবাংলার মানুষের আরও বেশি সুযোগ করে দেবার স্বার্থে এই তিস্তা প্রকল্পের কাজ যাতে আরও দ্রুত গতিতে সম্পন্ন করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আমি অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে বাজেটকে আরও একবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী ৬৬ এবং ৬৮ নম্বর দাবির অধীন সেচ দপ্তরের যে বাজেট পেশ করেছেন সেই সম্পর্কে সামান্য দু-চার কথা বলতে চাই। আপনারা জানেন সারা দেশের বেশির ভাগ মানুষ নির্ভর করে কৃষি অর্থনীতির উপর। কৃষি অর্থনীতি বলতে চাষ-বাস। এই চাষ-বাসের জন্য প্রধানত দরকার মাটি এবং জল এবং অন্যান্য কিছু সাজ-সরঞ্জাম। মাটি যেখানে সীমিত এবং জনসমুদ্র যেখানে সীমানার বাইরে চলে গেছে সেখানে চাহিদা অনুযায়ী মানুষের বাঁচার তাগিদে সম্পদকে বাড়াতে হয়। মানুষের বাঁচার তাগিদে একই মাটিতে বেশি উৎপাদনের দিকে যেতে হয়। একই মাটিতে বেশি উৎপাদন করতে গেলে সেই অনুযায়ী জলের প্রয়োজন হয়। আজকে নূতন প্রযুক্তি, নূতন বৈজ্ঞানিক কায়দায় নূতন উদ্ভাবনী শক্তির মাধ্যমে মানুষের হাতে সহজ সুযোগ এসেছে। এই সেচ বিভাগকে আমি কয়েকটি ভাগে ভাগ করব। আপনারা জানেন দেশ গড়ার সময় সারা ভারতবর্ষে বৃহৎ সেচ প্রকল্প কিছু কিছু তৈরি হয়েছিল। ময়ূরাক্ষী, কংসাবতী, এবং দামোদর এই সমস্ত বৃহৎ সেচ প্রকল্প শুরু হয়েছিল এখানে। আপনারা এখানে একটানা ১৭ বছর আছেন ভাল কথা। আমার পূর্ববর্তী বক্তা যিনি বললেন তিনি ঝামা ঘসার কথা বলছেন, আমি তাকে স্মরণ করতে বলব ঝামা ঘষার ইতিহাস এই রকম অনেক দেখা গিয়েছে। পৃথিবীর ইতিহাসে অনেকগুলি দেশের ঝামা ঘযার ইতিহাস আছে।

৭২ বছর ধরে এক একটা দেশের ঝামা ঘযার ইতিহাস আপনারা জানেন। ফুলঝরি বক্তব্য, অনেক তত্ত্ব কথায় আমরা মুগ্ধ হতাম। রাশিয়ায় স্বর্ণোজ্জ্বল অনেক তত্ত্বের সৃষ্টি হয়েছে। কিন্তু ৭২ বছর ধরে ক্ষমতায় থেকে যে ভাবে ঝামা ঘষেছেন, ক্ষমতায় থেকে যে

[3-25 — 3-35 p.m.]

ভাবে দেশ চালিয়েছেন, তার পরিণতিতে কি হল? পৃথিবীর মানচিত্র থেকে রাশিয়া সহ বিভিন্ন দেশ মুছে গেল। এখানে আপনারা ১৭ বছর ধরে ক্ষমতায় আছেন, আরও অনেকদিন থাকতে পারেন। এখানেও রাশিয়ার ইতিহাসের পুনরাবৃত্তি হচ্ছে। ক্ষমতায় আপনারা থাকবেন। কিন্তু মানুষকে কোথায় নিয়ে যাচ্ছেন? আপনারা অনেক কথা বলছেন, কিন্তু মানুষের বাঁচার যে অধিকার, সেই অধিকারকে খর্ব করছেন। স্লোগানের মাধ্যমে বাস্তবকে অন্য পথে নিয়ে যাবার চেষ্টা করছেন। বাস্তব পথ মানুষকে নির্দিষ্টভাবে দেখাতে পারছেন না। তাই ভারতবর্ষের মানচিত্র দেখলে দেখা যাচ্ছে যে পশ্চিমবাংলা আজকে চব্বিশতম জায়গায় চলে গিয়েছে। ধাপে

ধাপে গ্রামাঞ্চল থেকে শিক্ষার মানদন্ড নিচে নেমে যাচ্ছে। এলাকার ভিত্তিতে হিসাব করলে দেখা যায়, সেচের ক্ষেত্রে পশ্চিমবাংলা ভারতবর্ষের অন্যান্য রাজ্য থেকে অনেকখানি পিছিয়ে যাচ্ছে। আপনারা তবুও আনন্দের বন্যা বইয়ে দিচ্ছেন, আপনাদের আনন্দের বন্যা বইছে। আপনারা ক্ষমতায় আছেন, আরও থাকবেন বলে অট্টহাসি হাসছেন। আমি কিন্তু হাসছি না। আমি দুঃখ পাই, রাশিয়া ৭২ বছর ধরেও কমিউনিস্ট আদর্শে একটা দেশকে দাঁড় করাতে পারেনি। আর সেখানে আপনারা ১৭ বছর ক্ষমতায় থেকে আত্মহারা হয়ে ভাবছেন যে সোনার বাংলা গড়বেন। আমি বিশ্বাস করি যুক্তিতে। যুক্তি দিয়ে দেখলে দেখা যাচ্ছে যে ভারতবর্ষের মানচিত্র থেকে পশ্চিমবাংলা অনেক পিছিয়ে যাচ্ছে। অথচ আপনারা আনন্দ করছেন। একবার রাশিয়ার দিকে তাকালে আপনারা দেখতে পাবেন কি অবস্থা সেখনে হয়েছে। এখানে যে বক্তা ঝামা ঘষে দেবার কথা বলছিলেন, তার উত্তরে বলি, বামপন্থায় যারা বিশ্বাস করেন, শুধু কথায় বামপন্থী যারা নন, তাদের অনুরোধ করব, আপনারা একবার বাস্তব অবস্থাটা অনুধাবন করবার চেষ্টা করুন। আমি এবারে সেচ-এর প্রসঙ্গে আসছি। এখানে বৃহৎ সেচ প্রকল্পর যেগুলো হয়েছিল কংগ্রেস আমলে, সেগুলোকে ধরে রাখার দায়িত্ব আপনাদের। বামফ্রন্ট সরকার দুটি প্রকল্প হাতে নিয়েছে। প্রথমটি হল তিস্তা ব্যারাজ এবং আর একটি হল সুবর্ণরেখা প্রকল্প। তিস্তা প্রকল্পের অনেকটা এগিয়েছে, কিন্তু অনেকটাই বাকি আছে। আমরা জানি যে বাংলায় উঁচু থেকে, পাহাড় থেকে নদীর জল বয়ে আসছে, আর তাতে দক্ষিণ বঙ্গ ভাসছে। উত্তরবঙ্গে সেজন্য জল সঞ্চয়ের ব্যবস্থা করতে হবে বা মাঝপথে জল সঞ্চয়ের ব্যবস্থা করতে হবে। এটা করতে হবে শুধু দক্ষিণ বঙ্গকে বাঁচাবার জন্য নয়, যে জল আসছে তা এই রাজ্যের সমস্ত অঞ্চলকে কভার করে না। উত্তরবঙ্গে তিস্তা হচ্ছে। কিন্তু দক্ষিণ বঙ্গ সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে, অবস্থা সেখানে ভয়াবহ আকারে দেখা দিচ্ছে—চব্বিশ পরগনা, বর্ধমান এবং মেদিনীপুর বন্যার প্রকোপে শেষ হয়ে যাচ্ছে। বন্যা নিয়ন্ত্রণের কাজ, এটা পার্মানেন্টলি সলিউশন করা কঠিন। তবুও মনে রাখতে হবে যে বন্যা নিয়ন্ত্রণ না করতে পারলে উত্তরবঙ্গের চেয়ে, আমি মনে করি যে দক্ষিণবঙ্গ অনেক বেশি ক্ষতিগ্রস্ত হবে। সারা দক্ষিণ বঙ্গ, চব্বিশ পরগনা, বর্ধমান এবং মেদিনীপুর বন্যার জলে ডুবে যাবে। সেখানে যে ব্যাপক ফসল উৎপাদিত হয়, এই গ্রেনারি অব ওয়েলথ যাতে বিনষ্ট না হয় সেজন্য আমার সাজেশন হচ্ছে নদী ভাঙনকে রোধ করতে হবে এবং নদী বাঁধের সুরক্ষার ব্যবস্থা করতে হবে। তা না হলে বন্যার ফলে যে অবস্থার সৃষ্টি হচ্ছে তাতে চব্বিশ পরগনা, মেদিনীপুর এবং বর্ধমানে চাষীরা যে ফসল মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন করছে তা নষ্ট হয়ে যাবে। কংসাবতীর জল, ডিভিসির জল, ময়ূরাক্ষীর জল, তিস্তা প্রকল্পের জল এইসব অঞ্চলের চাষীরা পায় না। সুবর্ণরেখা প্রকল্প কবে হবে তা আমি জানি না। তাহলে হাজার হাজার কোটি টাকা ব্যয় করে যা সৃষ্টি করা হচ্ছে তার সুফল আমরা পাই না, চব্বিশ পরগনা, বর্ধমান এবং মেদিনীপুরের কৃষকরা মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপাদন যা করছে তা যদি বন্যার ফলে বঙ্গোপসাগরে চলে যায় তাহলে ঐ সমস্ত অঞ্চলের মানুষদের কি অবস্থা হবে? সরকার যদি এটাকে রক্ষা করতে না পারেন তাহলে—যেহেতু পশ্চিমবাংলার মোট উৎপাদিত ফসলের বড় একটা অংশ এইসব জেলাতে উৎপাদিত হয় সেজন্য—পশ্চিমবাংলা বাঁচবে না।

সেইজন্য আমার সাজেশন হচ্ছে নদীর ভাঙ্গন এবং বন্যা প্রতিরোধ করে ২৪-পরগনা, মেদিনীপুর জেলাকে বাঁচাতে হবে, এটা হচ্ছে আমার বড় কথা। আরেকটি কথা হচ্ছে যে, আপনারা বলছেন যে সীমিত ক্ষমতা, আর্থিক সংকট বলছেন। আজকে মাইনর ইরিগেশন একটা বিরাট ভয়াবহ অবস্থাতে এসে দাঁড়িয়েছে। বিশ্ব ব্যাঙ্কের ওয়ার্ল্ড প্রোজেক্ট থেকে সাহায্য পাচ্ছেন কিন্তু তা সত্ত্বেও কাজ ঠিকমতো হচ্ছে না। আমি মন্ত্রী মহাশয়রে সঙ্গে প্রায়ই যোগাযোগ করি। এই দপ্তর সম্পর্কে আমি যেটুকু জানি সেটা হচ্ছে যে, মাইনর ইরিগেশন জ এ কম্বিনেশন অফ সো মেনি ফ্যাক্টরস। কারণ মাইনর ইরিগেশনকে সম্পূর্ণ যান্ত্রিক নির্ভরশীল হয়ে থাকতে হয়। এটি একটি যান্ত্রিক নির্ভরশীল প্রকল্প। এরা যন্ত্রের সাহায্যে অভ্যন্তরীণ জল সংগ্রহ করে। এরজন্য বিদ্যুৎ চাই, যন্ত্র চাই, বিভিন্ন কারণে আজকে যদি কো-অর্ডিনেশন না থাকে তাহলে বিদ্যুতের অভাবে মাইনর ইরিগেশনের রিভার লিফট হবে না এবং বিভিন্ন এলাকাতে এই প্রবলেম ভীষণভাবে সৃষ্টি হয়েছে। আমি আমার এলাকাতে রিভার লিফট করবার জন্যে মাইনর ইরিগেশন দপ্তরকে বহুবার বলা সত্ত্বেও আজ অবধি কাজ আদায় করতে পারনি। অথচ এরা যে মাইনর ইরিগেশনের ডিপার্টমেন্টের পরিসংখ্যান দেয় তাদের সেই হিসাব ঠিক আশা ব্যঞ্জক নয়। আমার এলাকায় বিশেষ করে দক্ষিণবঙ্গে, আমাদের ভারপ্রাপ্ত মন্ত্রীও দক্ষিণবঙ্গের, ওনার সাথে বহুবার যোগাযোগ করেছি কিন্তু উনি ভাবছেন না। সুতরাং রিভার লিফট, শ্যালো টিউবেল বসানোর কোনও কাজই হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব যে, মাননীয় মন্ত্রী দক্ষিণবঙ্গের, আমার এলাকার কিছু কিছু কাজ করার বিশেষ প্রয়োজন হয়ে পড়েছে। গুরুত্বসহকারে এগুলো রূপায়ণ করার দরকার। বিভিন্ন পত্র পত্রিকাতে যে সংবাদ বেরোয় যেমন ওভারল্যান্ড পত্রিকাতে দেখলাম এই নলকূপ বসানোর ক্ষেত্রে যেখানে ১ হাজার ১০টি নলকূপ বসানোর কথা, সেখানে মাত্র ১০টি নলকূপ বসানো হয়েছে। পরিসংখ্যান খাতে দেখা যাচ্ছে যে ঠিকমতো গুরুত্ব সহকারে এটা দেখা হচ্ছে না। সরকারি পরিসংখ্যানে গরমিল দেখা যাচ্ছে। সেই কারণে আমার সর্বশেষ কথা হচ্ছে যে, যেটা আমাদের মুখ্য সচেতকও বলেছেন যে কতগুলো কাজ দলীয়ভাবে করতে গিয়ে জেলা ভিত্তিক করতে গিয়ে হোঁচট খেতে হচ্ছে, আমিও তার সাথে একমত। এরফলে ইঞ্জিনিয়ারদের মধ্যে একটা প্রবলেম সৃষ্টি হচ্ছে। সমস্ত কাজ জেলা ভিত্তিক করতে গিয়ে ডিপার্টমেন্টের ইঞ্জিনিয়ারদের ক্ষমতা ক্রমশ কমে যাচ্ছে। এবং কাজ ঠিকমতো হচ্ছে না। আমি এই ব্যাপারে অবশ্য জেলা পরিষদ বা গ্রাম পঞ্চায়েতকে দুর্বল করতে চাই না। কিন্তু ডিপার্টমেন্টাল ইঞ্জিনিয়ারদের দিয়ে কাজ করানো হয় তাহলে কাজটা দ্রুত করা যাবে। এইভাবে য় কোটি কোটি টাকার স্কীম পড়ে রয়েছে সেগুলো সময়মতো না হওয়ার জন্যে দীর্ঘমেয়াদি হয়ে পড়েছে এবং এর কোনও পজিটিভ কাজ করা যাচ্ছে না। মানুষ এর থেকে কোনও উপকার পাচ্ছে না, এই দিকটা একটু নজর দেবেন এই কথা বলে এই কাজগুলো যাতে সময়মতো তুলতে পারেন তার অনুরোধ আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

[3-35 — 3-45 p.m.]

আর সর্বশেষে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীকে অনুরোধ করব সরকার বড় না তার অধস্তন কিছু মুষ্টিমেয় কর্মচারী বড়? ২৪শে জানুয়ারি সেচ দপ্তর থেকে একটা নির্দেশ গিয়েছিল অফিস স্থানান্তরিত করার ব্যাপারে। আপনারা বলেন ক্ষমতা বিকেন্দ্রীকরণের ব্যাপারে, ক্ষমতার

বিকেন্দ্রীকরণ চাই, মানুষের হাতে ক্ষমতা চাই, শুনতে ভাল। কিন্তু আমরা কি দেখি মেদিনীপুর জেলায় সেখানে সুপারভিসনের অভাবে কোথাও বাঁধ ভেঙে যাচ্ছে, কোথাও জল ঢুকছে, সেটা দেখার জন্য ২০০ কিলোমিটার দূর থেকে ফুয়েল পুড়িয়ে সেখানে যাতায়াত করতে হচ্ছে, সেইজন্য, এই একজিকিউটিভ অফিসটি স্থানান্তরিত করার জন্য যে ২৪শে জানুয়ারি অর্ডার বেরিয়েছিল সেটি আজকে ২রা জুন অবধিও কার্যকর হল না। মুষ্টিমেয় কয়েকজন কোঅর্ডিনেশন কমিটির লোকের জন্য। আমি অবাক হয়ে যাচ্ছি এখানে সরকারি নির্দেশ বড় না ঐ কোঅর্ডিনেশন কমিটির চামচাদের ক্ষমতা বড়? ভারতবর্ষের ৯০ কোটি লোকের মধ্যে যেখানে ১ কোটি লক্ষ লোকের বাস তাদের ব্যাপারে আপনারা চিন্তা করবেন না, আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণ চাচ্ছেন, আজকে ডিভিসনের জন্য সরকার সেখানে দুর্বল হয়ে গেছে, কোঅর্ডিনেশন কমিটির চামচাদের অঙ্গুলি নির্দেশে সরকার সেখানে কিছু করতে পারছে না। আজকে আপনাদের লজ্জা করে না এই হীনমন্যতার জন্য। এই ব্যাপারে আমি ভারপ্রাপ্ত মন্ত্রীর কাছ থেকে কিছু শুনতে চাই। আমার অনেক কিছু বলার থাকলেও সময়াভাবে তা আমি বলতে পারছি না। আমার জেলায় সেচ দপ্তর কিছু কিছু কাজ করেছে ঠিকই, কিন্তু বৃহৎ পরিকল্পনায় হাত দিতে পারেনি, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঈদ মহম্মদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী ওমর আলি মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেস থেকে যে কাটমোশনগুলি দেওয়া হয়েছে তার বিরোধিতা করছি। আমি এই বাজেটের স্বপক্ষে কিছু বক্তব্য রাখার চেষ্টা করছি। পশ্চিমবঙ্গ হচ্ছে কৃষি প্রধান দেশ, এখানে ভূমি সংস্কারের ফলে সাধারণ মানুষের হাতে জমি তুলে দেওয়া হয়েছে। এখানের অর্থনীতি কৃষির উপর নির্ভরশীল। এখানে কৃষিতে যে উন্নতি হয়েছে সারা ভারতবর্ষের মধ্যে তাতে ধানের উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম স্থান লাভ করেছে, এর একমাত্র কারণ হচ্ছে সেচ দপ্তর, এরা না থাকলে এটা সম্ভব হত না। আমরা দেখেছি কংগ্রেস আমলে সেচের কোনও সম্প্রসারণ তারা করেনি, বামফ্রন্ট সরকার আসার পরে সেচ দপ্তর এর সম্প্রসারণ হয়েছে। কৃষিতে সেচের প্রয়োজনে ক্ষুদ্র সেচে ডিপ টিউবওয়েলও আর এল. আই. এ. সেচের মাধ্যমে বিভিন্ন নদীতে তারা মেশিন দিয়ে এবং পরবর্তীকালে সেটাকে বৈদ্যুতিকরণ করে সেচ ব্যবস্থার সম্প্রসারণ করা হয়েছে। পাইপ লাইন দিয়ে দূরবর্তী জমিতে সেচের ব্যবস্থা করা হয়েছে। মাইনর ইরিগেশন এর পক্ষ থেকে বহু জায়গাতে ডিপ টিউবওয়েল এবং সাবমার্সিভ টিউবওয়েল করে সাধারণ কৃষককে সুযোগ করে দেওয়া হয়েছে। এতে ফলন বেড়েছে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন রকম ভৌগোলিক পরিবেশ, কোথাও এর ফলে সেচ ব্যবস্থার মধ্যে দিয়ে চাষের উন্নতি হয়েছে বৃহৎ সেচের মাধ্যমে বিভিন্ন পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে, যেমন কংসাবতী প্রকল্প, সুবর্ণরেখা প্রকল্প, তিস্তা প্রকল্প, ময়ূরাক্ষী প্রকল্প আধুনিকীকরণের জন্য সিদ্ধেশ্বর নুন বিল হাতে নেওয়া হয়েছে, যার ফলে কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে, সেচ ব্যবস্থার উন্নতি হয়েছে, দেশের কৃষক না খেয়ে এখন আর মরে না, এখন কৃষিতে ফলন বেড়েছে তার জন্য সেচ ব্যবস্থার সম্প্রসারণ দরকার।

এখানে দেখলাম কংগ্রেসের একজন সদস্য সিদ্ধেশ্বরী বিল এবং ময়ূরাক্ষী বিলের জন্য মায়া কান্না কাঁদলেন। ময়ূরাক্ষী জলাধারে বৃষ্টির সময় জল ওভার ফ্লো হয়ে বেরিয়ে যায় এবং

মুর্শিদাবাদ, বীরভূম এইসব জায়গায় বন্যা হয়। এখানে একটা বিকল্প জলাধার তৈরি করা হোক, কিন্তু সেই প্রকল্প গ্রহণ করা হয়নি। কেন্দ্রীয় সরকার সেই প্রকল্প গ্রহণ করেনি। এখন বিহার সরকার সেই প্রকল্প গ্রহণ করেছে এবং সেটাকে একটা সার্ভে করা হচ্ছে। ওখানে জালাধার তৈরি হলে মুর্শিদাবাদ এবং কান্দি মহকুমার বিভিন্ন এলাকাকে বন্যার হাত থেকে রক্ষা করা যাবে। বন্যা প্রতিরোধ একটা জাতীয় সমস্যা। কেন্দ্রীয় সরকার এই বন্যা প্রতিরোধ করার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করেনি। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বার বার বলা হয়েছে বন্যা প্রতিরোধ করার জন্য টাকা-পয়সা দিতে, কিন্তু তারা সেই কথায় কর্ণপাত করেনি। ফলে বন্যা প্রতিরোধ করা যাচ্ছে না। পশ্চিমবঙ্গের উপর দিয়ে উত্তর ভারতের জল প্রবাহিত হচ্ছে, সিকিম, ভূটান, নেপালের জল পশ্চিমবঙ্গের উপর দিয়ে প্রবাহিত হচ্ছে, কিন্তু সেই দায়িত্ব কেন্দ্রীয় সরকার নিচ্ছে না। গঙ্গার ভাঙ্গন রোধ এবং নদীর ভাঙ্গন রোধ পশ্চিমবঙ্গের একটা বিশাল সমস্যা। কিন্তু এই জাতীয় সমস্যার জন্য কেন্দ্রীয় সরকার কোনও টাকা দিচ্ছে না। সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গ সরকার নদী ভাঙ্গনের কাজ করছে। বার বার বলা সত্ত্বেও কোনওভাবেই কেন্দ্রীয় সরকারের টনক নড়ছে না। মুর্শিদাবাদের আখেরিগঞ্জ, সুতিথানা, হাসানপুর, সোৎপুর, শিমুলডাঙ্গা এইসব জায়গায় ভাঙ্গন আরম্ভ হয়েছে। আমি কংগ্রেসি বন্ধুদের বলব আপনারা দয়া করে কেন্দ্রীয় সরকারকে বলুন টাকা-পয়সা দেওয়ার জন্য। আজকে গঙ্গার নাব্যতা কমে যাচ্ছে। সারা ভারতবর্ষের জল আজকে প্রবাহিত হচ্ছে, এর ফলে গঙ্গা বুঁজে যাচ্ছে, যার ফলে অল্প বর্ষার জল ওভার ফ্লো হয়ে যাচ্ছে এবং রাস্তাঘাট ভেসে যাচ্ছে, ফসল নষ্ট হচ্ছে। যে ফসলের দ্বারা মানুষের খাদ্য সমস্যার সুরাহা হয় তা নষ্ট হয়ে যাচ্ছে। বহু মানুষের প্রাণহানি হচ্ছে। গঙ্গার নাব্যতা বাড়াবার জন্য, পলিমাটি অপসারণ করবার জন্য কেন্দ্রীয় সরকারের কোনও দৃষ্টিভঙ্গি নেই। এতগুলি প্রতিকূল পরিবেশের মধ্যে দিয়ে আজকে এই সরকার কাজ করে যাচ্ছে। তিস্তা প্রকল্পের টাকা কেন্দ্রীয় সরকার আটকে দিয়েছিল। সেই টাকা যদি আগে দিয়ে দিত তাহলে এতদিনে কাজ শেষ হয়ে যেত এবং হাজার হাজার চাষী আজকে উপকৃত হত। সেখানে জমি দখলের কিছু সমস্যা দেখা দিয়েছিল। সেখানে সমস্ত স্তরের জনপ্রতিনিধিদের নিয়ে জমি দখলের সমস্যাটা মিটিয়ে ফেলতে হবে। পশ্চিমবঙ্গে অন্যান্য যে প্রকল্পের কাজ চলছে সেইগুলোর কাজ দ্রুত শেষ করতে হবে। আমরা জানি সারা ভারতবর্ষে ১৭ পার্সেন্ট টাকা সেচের জন্য খরচ করা হয়। আমাদের এখানে এখন ১২ পারসেন্ট টাকা খরচ করা হচ্ছে। কিন্তু আমরা দেখেছি কংগ্রেসি আমলে সেটাও করা হত না।

আমি বলব, এই ১২ পারসেন্ট টাকাটা বাড়াবার কথা চিন্তা করতে হবে অর্থ দপ্তরকে কারণ সেচ দপ্তর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দপ্তর। এই দপ্তরের মাধ্যমে সেচের সর্বাঙ্গীন উন্নয়ন ঘটিয়ে একদিকে যেমন আমরা খাদ্যের উৎপাদন বাড়াতে পারি তেমনি অন্যান্য ফসল ফলিয়ে রাজ্যের সামগ্রিক উন্নয়ন ঘটাতে পারি। এই দপ্তর টাকা পেলে বন্যার প্রকোপ কমবে, নদীর

[3-45 — 3-55 p.m.]

ভাঙ্গন রোধ করা যাবে, বাঁধের সংস্কার করা যাবে এবং তাতে বামফ্রন্ট সরকার আরও সুনাম অর্জন করতে পারবে। কাজেই এই দপ্তরের টাকা আরও বাড়াবার জন্য আমি অর্থ দপ্তরের

কাছে অনুরোধ জানাচ্ছি। তা ছাড়া অর্থ দপ্তরের কাছে আরও অনুরোধ যে, এই দপ্তরকে শুখা মরশুমে টাকা দিন যাতে কাজগুলি করা যায়। কারণ বর্ষাকালে টাকা দিলে এবং সেই টাকাতে কাজ করলে একদিকে যেমন টাকার অপব্যয় হয় তেমনি মানুষ এর সুফল থেকে বঞ্চিত হয়। বর্ষার সময় টাকা দিলে কন্ট্রাক্টররা অনেক সময় কিছুটা কাজ করে পুরো টাকাটা নিয়ে চলে যায় এবং যেটুকু কাজ হয় তা বৃষ্টি বা বন্যার জলে ধুয়ে যায়, কাজটা কমপ্লিট হয় না। এর ফলে মানুষের মধ্যে একটা ক্ষোভের সৃষ্টি হয়। বামফ্রন্ট সরকার যাতে আরও সুনাম অর্জন করতে পারেন তারজন্য অর্থ দপ্তরের কাছে অনুরোধ, সেচ দপ্তরকে সঠিক সময় টাকাটা ছাড়ুন। এরপর আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি একটি বিশেষ বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। টেল এন্ডে যে সমস্ত এলাকা রয়েছে তাদের কাছে কিন্তু জলটা ঠিকমতোন পৌছায় না। অমি জানি ময়ূরাক্ষীর টেল এন্ডে যেসব এলাকা আছে সেখানে ঠিকমতোন জলটা পৌছায় না। এই জল যাতে ঠিকমতোন পৌছায় তার ব্যবস্থা করুন। এতে ট্যাক্স কালেকশনের ব্যাপারেও সুবিধা হবে। পশ্চিমবঙ্গে এই ট্যাক্স কালেকশনের ব্যাপারে একটা সমস্যা থেকে গিয়েছে। সমস্ত মাননীয় বিধায়কের কাছে আমার অনুরোধ, এ ব্যাপারে আপনার সহযোগিতা করুন। তারপর এক্স জমিদারি বাঁধ যেগুলি আছে সেগুলির ব্যাপারে জেলাপরিষদ বলছে যে তারা সেগুলির রক্ষণাবেক্ষণ করবেন না, ইরিগেশন ডিপার্টমেন্ট করবে। এই নিয়ে একটা সমস্যা থেকে গিয়েছে, এটা দূর করা দরকার। জওহর রোজগার যোজনার টাকাতে ইরিগেশনের কিছু কিছু কাজ হয়। এতেও একটা মতপার্থক্য দেখা দিয়েছে যে এই কাজ ইরিগেশন করবে, না, জেলাপরিষদ করবে। জেলা পরিষদ নিশ্চয় দেখভাল করবেন কিন্তু তাদের হাতে তো অভিজ্ঞ ইঞ্জিনিয়ার ইত্যাদি নেই কাজেই আমি বলব, দুটি দপ্তরের মধ্যে সমন্বয়সাধন করে কাজ করা দরকার। এই বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## POINT OF INFORMATION

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পয়েন্ট অব ইনফরমেশন, আমার জেলা সদর বারাসত অঞ্চলে বধূহত্যার একটি ভয়ঙ্কর ঘটনা ঘটেছে। অনেকে বলবেন, বর্তমান অর্থ সামাজিক কাঠামোতে এই জাতীয় ঘটনা ঘটে, আমি স্যার, আপনার মাধ্যমে ঘটনাটি বলছি। ডলি পাল রায় নামে একটি মেয়ে বিয়ের পর থেকে তার শ্বশুর বাড়িতে যাবার পর থেকেই সে পণজনিত অত্যাচারের শিকার হয়। পরবর্তীকালে তার স্বামী তাকে নিয়ে আলাদাভাবে ন' পাড়ায় বসবাস করতে আরম্ভ করেন। গত ২৪ তারিখে ভয়ঙ্করভাবে তাকে হত্যা করা হয়। আমরা যারা গণতান্ত্রিক মহিলা সমিতি করি, মেয়েদের নিয়ে সংগঠন করি স্বভাবতই এই ঘটনা শুনে আমরা সেখানে ছুটে যাই এবং অনুসন্ধান করার চেষ্টা করি। সেখানে আমরা জানতে পারি, তার শিশুকন্যা মাত্র ২।। বছর তার বয়স, তার নাম উৎসা, সে বলেছে, জনৈক দাড়িকাকা তার মায়ের হাতটা চেপে ধরেছিল এবং বাবা তার মায়ের মাথায় হাতুড়ি দিয়ে মারে। সেখানে গিয়ে আমরা শুনলাম যে তার সারা দেহে আগুন দেওয়া হয়েছে। স্যার, শরীরের যেসব জায়গা পুড়লে ডাক্তারি সায়েন্সে বলে মারা যায় সেই জায়গাগুলি পোড়েনি। এবং ঘটনার বৈশিষ্ট্য এখানে যে অ্যারেস্ট করা হল না সকলকে, যাদের সম্পর্কে অভিযোগ করা হলো, তাদের অ্যারেস্ট করা হল না। আমরা আরও জানতে পেরেছি পোস্ট মর্টেম রিপোর্টকে পরিবর্তন করার চেষ্টা করা হচ্ছে। যেখানে পশ্চিমবাংলায় নারী নির্যাতন,

নারী হত্যা, গণ প্রথার বিরুদ্ধে আন্দোলন হচ্ছে, সেখানে পুলিশকে যেভাবে দায়িত্ব গ্রহণ করতে বলা হচ্ছে, পুলিশ প্রশাসন সেইভাবে গুরুত্ব দিচ্ছে না। এই হতভাগ্যের হত্যাকারীদের শাস্তি বিধানের দাবি জানিয়ে চিঠি লিখেছি মুখ্যমন্ত্রীর কাছে। সঙ্গে সঙ্গে আমি স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যাতে ভিসেরা রিপোর্টটা যথাযথভাবে পাওয়া যায়। কারণ পোস্ট মর্টেমের রিপোর্টটাকে পরিবর্তন করার একটা চক্রান্ত চলছে। আর একটা ইনফরমেশন দিতে চাই, আমরা মহিলা সমিতি থেকে এই ভয়ংকর ঘটনা নিয়ে আন্দোলন করেছি। সঙ্গে সঙ্গে বারাসাত কোর্টের যারা আইনজীবী আছেন, তারা আজকে এই কেসটা নিতে ইতস্তত করছে, তাদেরকে আমরা অভিনন্দন জানাচ্ছি।

[3-55 — 4-05 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সদস্যা তানিয়া চক্রবর্তী যা বলেছেন, আমি স্যার এই ঘটনা সম্পর্কে তার একটু সংযোজন করতে চাই। হত্যাকারিদের এ্যারেস্ট তো করা হয়নি বরং চেষ্টা হচ্ছে বিভিন্ন মহল থেকে, নাম না করে বলতে চাই ইনফ্লুয়েন্স করার চেষ্টা করা হচ্ছে যাতে কেসটা লাইট করা হয়।

## DISCUSSION ON DEMAND FOR GRANTS

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ দপ্তরের মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রীদ্বয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার সম্পূর্ণ বিরোধিতা করে, আমাদের দলের আনা কাট মোশনকে সমর্থন জানিয়ে দু-চারটি কথা বলতে চাই। বৃহৎ সেচ ব্যবস্থা যা আছে তা আর্থিক সমীক্ষা ৯০-৯১ এবং ৯৩-৯৪ সালে দেখা যাচ্ছে, সেই সেচ ব্যবস্থা তো বাড়ছে না, সেচের এলাকা কমে গেছে। ৮০-৮১ সালে বৃহৎ সেচ ব্যবস্থা ছিল ১০ লক্ষ ৯০ হাজার হেক্টর, সেটা বেড়ে ১১ লক্ষ ২৬ হাজার ২৫৯ হেক্টর হয়েছিল, কিন্তু সেটা ৯২-৯৩ সালে কমে হলো ৯ লক্ষ ৮১ হাজার ৩২৩ হেক্টার। ১ লক্ষ ৪৪ হাজার ৯৩৬ হেক্টার জমিতে সেচ কমে গেছে। এইরকমভাবে ৯০-৯১ সালে যা ছিল ৯১-৯২ সালে তা কমে গেছে। কমছে ২৯ হাজার ৬৩৩ হেক্টার। ৯১-৯২ সালে কমেছে ৩৭ হাজার ১২৭ হেক্টার। ৯২-৯৩ সালে কমে ১ লক্ষ ৪৪ হাজার ৯৩৬ হেক্টার। সুতরাং এতক্ষণ যে বলা হল সেচ ছাড়া কৃষি উৎপাদন হবে না, এখন দেখতে পোচ্ছি বৃহৎ সেচ এলাকা কমে যাচ্ছে। ঠিক পাশাপাশি মাইনর এবং ক্ষুদ্র সেচ প্রকল্পে দেখা যাচ্ছে ডিপ টিউবওয়েল এবং আর. এল. আই. এলাকাগুলোতে—মন্ত্রী মহাশয় বসে আছেন, আমাদের আমলে যেখানে এই সমস্ত ডিপ ডিউবওয়েল, আর. এল. আই. চালু হয়েছে, এর কমপ্যাক্ট এরিয়া ছিল ৩০০ বিঘা সেচ এলাকা।

মাননীয় মন্ত্রী মহাশয় একটু খোঁজ নিয়ে দেখবেন যে, আর. এল. আই. এবং ডীপ টিউবওয়েল এলাকাগুলিতে ১০০ বিঘারও কম জমিতে সেচের জল দেওয়া হচ্ছে। অর্থাৎ মোট সেচের এরিয়ার মধ্যে আর. এল. আই. এবং ডিপ টিউবওয়েল এরিয়াও কমে গেছে। শুধু তাই নয় এখানে আর. এল. আই. এবং ডিপ টিউবওয়েলের যে পরিসংখ্যান দেওয়া হয়েছে তার মধ্যে অনেকগুলিই বর্তমানে অকেজো, বন্ধ, ডিফাং হয়ে পড়ে আছে। যে সমস্ত

আর. এল. আই. এবং ডিপ টিউবওয়েলগুলি অকেজো হয়ে পড়ে আছে সেগুলোর স্টাফেরা কিন্তু বছরের পর বছর বেতন পাচ্ছে। আমরা দেখছি অনেক আর. এল. আই. যে জায়গায় বসানো হয়েছিল সে জায়গা মজে গেছে, কিন্তু আর. এল. আই.-গুলি মেরামত করে সেগুলিকে নতুন করে চালু করার কোনও ব্যবস্থা হচ্ছেক না। কর্মচারিদের বসিয়ে বেতন দেওয়া হচ্ছে। বহু অচল ডিপ টিউবওয়েল আছে যেগুলি রিসিংকিং করা প্রয়োজন, কিন্তু তা হচ্ছে না। এখানে যে বিশ্ব ব্যাঙ্কের টাকা নিয়ে অনেক কথা বলা হয় সেই বিশ্ব ব্যাঙ্কের টাকায় রাজ্যের বেশিরভাগ মাঝারি ডিপ টিউবওয়েলগুলি বসানো হচ্ছে। এটা আমরা সেদিন ইরিগেশন কমিটির মিটিং-এ পরিষ্কারভাবে জানতে পারলাম। নদীয়া, মুর্শিদাবাদ, মালদা, মেদিনীপুর, হুগলি ইত্যাদি জেলাতে সমস্ত ডিপ টিউবওয়েলগুলি বসানো হচ্ছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায়। অত্যন্ত দুঃখের কথা এই যে, মাঝারি পাল্লার ডিপ টিউবওয়েলগুলির রক্ষণাবেক্ষণের জন্য দিন সাবজেক্ট কমিটির মিটিং-এ অর্থ সচিব জানালেন যে, রাজ্য সরকারের পক্ষ থেকে খুব কম পয়সাই দেওয়া হচ্ছে। আমরা আরও জানতে পারলাম যে, মাইনর ইরিগেশনের জন্য রাজ্যের অর্থমন্ত্রী কোনও রকম পয়সাই অনুমোদন করেন না। কখনও যদি কিছু দেন তো সেটা একদম শেষ সময় স্যাংশন করা হয়। আমি আশা করব এটা নিশ্চয়ই ক্ষুদ্রসেচের মন্ত্রী মহাশয় স্বীকার করবেন। অর্থ সচিবের কাছ থেকেই আমরা এটা জানতে পেরেছি। এরপর আমি তিস্তা প্রকল্প সম্পর্কে একটু বলতে চাই। আমরা তিস্তা প্রকল্প পরিদর্শনে গিয়ে ছিলাম। তিস্তা প্রকল্পের কাজ শেষ হলে প্রায় ৯২৩ হেক্টর এলাকা সেচের জল পাবে। এখন পর্যন্ত ৫৫৬ কোটি টাকা খরচ করে যেটুকু পরিষেবার ব্যবস্থা করা হয়েছে সেটুকু সম্পূর্ণভাবে মাঠে মারা যাচ্ছে। কোনও জায়গাকেই সেচ দেওয়া যাচ্ছে না। যখন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলার চাষীরা সেচের জলের জন্য মাথা-কুটে মরছে তখন তিস্তা কমান্ড এরিয়ার চাষিদের মধ্যে সেচের জল নেওয়ায় দারুণ অনীহা দেখা যাচ্ছে। বিনা পয়সায় তাদের জল দিতে চাইলেও তারা তা নিতে চাইছে না। এর কারণ দিনাজপুরে ইসলামপুর এলাকায় আমরা দেখে এলাম সেখানকার মানুষ চা-বাগানের কাছে জমি বিক্রি করে দিতে বেশি আগ্রহী। কৃষি কার্যে তাদের মধ্যে বর্তমানে বিশেষ কোনও আগ্রহ নেই। আমি আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় এ বিষয়ে তার জবাবি ভাষণের সময়ে একটু বলবেন। কোটি কোটি টাকা খরচ করে যাদের জন্য তিস্তা প্রকল্প করা হচ্ছে তাদের মধ্যে এ বিষয়ে আজকে আর কোনও উৎসাহ নেই। তারা ঐ প্রকল্পের জল সেচের জন্য নিতে চাইছে না, বিনা পয়সায় দিলেও নিচ্ছে না। এই যে অনীহা ওখানকার মানুষের মধ্যে দেখা দিয়েছে, এ সম্বন্ধে গভীরভাবে আমাদের ভাবার দরকার আছে। আশা করব এ বিষয়ে মন্ত্রী মহাশয় নিশ্চয়ই আমাদের বলবেন।

উত্তরবঙ্গের বন্যার কথা যা বলা হচ্ছে সেখানে আমরা গিয়েছিলাম। আমি জানতে চাই যে কেন মাননীয় অর্থমন্ত্রী সেখানে বন্যার পরে গিয়ে সেখানকার মানুষদের দ্বারা ঘেরাও হয়েছিলেন? তিনি রাজ্য সরকারের অর্থমন্ত্রী বন্যার পরে ওখানকার মানুষদের পুনর্বাসনের জন্য কি ব্যবস্থা করেছেন? ভৈরবের হিঙ্গলগঞ্জ এলাকার মানুষদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের অনেক কিছু করার আছে কিন্তু কি করেছেন? এটা ঠিক যে দক্ষিণ এবং মধ্য বঙ্গের বন্যার থেকে উত্তর বঙ্গের বন্যার অনেক তফাৎ আছে। উত্তরবঙ্গের বন্যার একটা বৈশিষ্ট্য আছে, সেখানকার নদী বাঁধের গভীর যে খাদগুলি সেগুলি মজে যাওয়ায় ভূটান এবং হিমালয়ের

মাথায় যে প্রচুর বর্ষণ হয় সেই বর্ষণের ফলে জল নেমে আসে, নদী বাঁধের জল ধারণের ক্ষমতা না থাকায় সমস্ত জলটি হেমিলটনগঞ্জ এবং আলিপুরদুয়ারে ১০/১৫ ঘন্টা বর্ষণের ফলে একটা বিরাট ক্ষয়ক্ষতি এমন ভাবে হয় যে ১০ দিন পরে গিয়েও কিছু বোঝা যায়নি। ভাঙ্গনের কথা বলা হয়েছে ভালুকা মালদার বুড়িগঙ্গার ভাঙ্গন অত্যন্ত শোচনীয় অবস্থা, যে টাকা দেওয়া হয় তা অত্যন্ত শেষে দেওয়া হয় এবং লুটপাট, চুরি হয় এটা দেখার জন্য মন্ত্রী মহাশয়ের কাছে বলব। জলনিকাশি ব্যবস্থা এবং পাম্পিং স্টেশন যেগুলি আছে সেগুলির অবস্থাও অত্যন্ত শোচনীয়। কলকাতা ডুবে যাবার প্রধান কারণ ঐগুলির শোচনীয় অবস্থার জন্য। গত ১৯৭৮ সালের বন্যায় বেলডাঙ্গায় ভাগিরথী ভাঙ্গনে জল অ্যাকোয়ার হয়, তারজন্য যে বাঁধ দেওয়া হয়েছিল তাতে একটি পয়সাও দেওয়া হয়নি, সেই পয়সা কেন দেওয়া হয়নি তার জবাব দেবেন।

(মাইক বন্ধ হওয়ায় মাননীয় সদস্য তার আসন গ্রহণ করেন।)

[4-05 — 4-15 p.m.]

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় ক্ষুদ্র এবং বৃহৎ সেচ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী দুজন যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি। বিরোধীপক্ষের বক্তব্য শুনলাম, মাননীয় মানসবাবু এমন ভাবে বক্তব্য শুরু করলেন যেন একটা আলাদা রাষ্ট্রের বাজেট নিয়ে আলোচনা করছেন। নিশ্চিতভাবে আমরা তার সাথে একমত। ইরিগেশন আমাদের রাজ্যে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পরে সেচের ক্ষেত্রে যে গুরুত্ব আরোপ করেছেন তাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে তার প্রমাণ আমরা পেয়েছি। আমাদের রাজ্যে বর্তমান আর্থিক বছরে উৎপাদিত খাদ্যশস্যের ভিতরে ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান পেয়েছে। ১৯৭৭ সালে আমরা যখন ক্ষমতায় আসি তখন গোটা রাজ্যে খাদ্যশস্য উৎপাদন হত ৭২ লক্ষ টনও আর এখন ১ কোটি ২৮ থেকে ৩০ লক্ষ টন। নিশ্চয়ই এর পিছনে ভূমি সংস্কারের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে।

আমাদের রাজ্য সরকারের এই যে অ্যাচিভমেন্ট সম্ভব হতো ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে—তাঁরাও অঙ্গ রাজ্যে বাস করেন—কিন্তু তাদের সীমাবদ্ধতা আমাদের চেয়ে কম। এটা মনে রাখতে হবে আমরা একটা ফেডারেল স্ট্রাকচার একটা যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে আছি। রাজ্য সরকারের দায়িত্ব আছে কিন্তু সেই দায়িত্ব পালনের ক্ষেত্রে আর্থিক সংস্থানের মূল দায়িত্বটা কেন্দ্রের এবং স্বাধীনতার পরবর্তীকাল থেকে যা বন্দোবস্ত চলছে তাতে আমাদের উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলি কেন্দ্রীয় সরকারের নীতির ফলে যা হচ্ছে তার অনিবার্য প্রতিফলন আমাদের সেচ দপ্তরে পড়েছে।

এখনে শৈলজাবাবু এই সাবজেক্ট কমিটির সদস্য হয়ে জেনে শুনে কতগুলো অসত্য কথা বলছিলেন। আমাদের রাজ্যে স্বাধীনতার পর কোনও বৃহৎ সেচ প্রকল্প হয়নি। তিস্তা প্রকল্প দিয়েই এর শুরু। ইতিমধ্যে এরজন্য প্রায় ৩৫০ কোটি টাকা রাজ্য সরকার খরচ করেছেন। বহু আন্দোলনের পর আজকে তিস্তা প্রকল্পকে গুরুত্বপূর্ণ জাতীয় প্রকল্প হিসাবে

গ্রহণ করানো গেছে। কিন্তু যে বটলনেকের কথা এখানে উল্লেখ করা হয়েছে সে সম্পর্কে আপনারা জানেন যে, সেখানে কেন্দ্রীয় সরকারের পরিবেশ বিভাগ আমাদের ক্লিয়ারেন্স দিচ্ছেন না। এ-সম্পর্কে তাদের যে কোয়েরিজ ছিল তা উত্তর দেওয়া হয়েছে এবং ঐ এলাকায় ক্যানেল কাটার জন্য যে ফরেস্ট নষ্ট হবে সেটা আমরা করে দেব বলা হয়েছে, কিন্তু তারপরও আবার নতুন করে তারা কোয়ারি করেছেন এবং বলেছেন যে, তিস্তা কমান্ড এরিয়ার এনভায়রনমেন্ট প্ল্যান কেন্দ্রীয় সরকারের কাছে সাবমিট করতে হবে। আপনি ইরিগেশন সাবজেক্ট কমিটির সদস্য, আপনি এসব জানেন। আপনি এটাও জানেন যে, সেখানে গ্রেভিয়ারের সমস্যাটা মিটে গেলে আপনাদেরই দলের এক সদস্যকে আর জিততে হবে না নির্বাচনে এবং তারই জন্য তিনি সেখানে গ্রেভিয়ারের সমস্যা নিয়ে রাজনীতি করছেন নির্বাচনে জেতার জন্য। কিন্তু সেখানে তিনি উত্তরবঙ্গ তথা রাজ্যের স্বার্থের কথা চিন্তা করছেন না। সেখানে মানুষের বক্তব্য আপনিও শুনেছেন। আজকে এই সমস্যা সমাধানের দায়িত্ব নিশ্চয়ই সরকারের রয়েছে, কিন্তু বৃহত্তর রাজনৈতিক দল হিসাবে এক্ষেত্রে আপনারা আপনাদের দায়িত্ব পালন করছেন না। আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও আমরা এই প্রকল্প নির্মাণের দায়িত্ব নিশ্চয়ই পালন করব, কিন্তু আমাদের রাজ্য থেকে যে টাকা কেন্দ্রীয় সরকার নিয়ে গেছেন তার একটি অংশ আমাদের দিতে হবে এটাকে জাতীয় গুরুত্বপূর্ণ প্রকল্প হিসাবে গ্রহণ করবার পর। এরজন্য আন্দোলন করে আমাদের রাজনৈতিক দায়িত্ব অবশ্যই পালন করতে হবে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখনও পর্যন্ত আমাদের রাজ্যে মেজর ইরিগেশনের সুযোগ কম, কারণ আমাদের ডি. ভি. সি. আছে, ময়ূরাক্ষী প্রকল্প আছে, কিন্তু আপনি জানেন যে, বিহার এবং পশ্চিমবঙ্গের যৌথ উদ্যোগে প্রকল্পটি তৈরি হলেও ডি. ভি. সি. থেকে আমাদের যে সুবিধা পাবার কথা সেটা আমরা পাচ্ছি না। মেজর ইরিগেশনের সুযোগ থেকে এভাবে বঞ্চিত হবার ফলে সেচের ক্ষেত্রে রাজ্যের সমস্যার সমাধানের সুযোগ নষ্ট হয়েছে। মাননীয় মন্ত্রী তার বাজেট বক্তৃতায় খোলাখুলিভাবে বলেছেন যে, এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের মাধ্যমে তারা বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়েছেন। কিন্তু এই ঋণ নেবার পর, আপনি জানেন, বিশ্ব ব্যাঙ্ক তাদের রিপোর্টে বলেছেন যে, ভারতবর্ষের মধ্যে বিশ্বব্যাঙ্ক প্রকল্পের কাজ একমাত্র পশ্চিমবঙ্গ সফলভাবে রূপায়িত করতে পেরেছে এবং সেচের সুযোগ চাষীদের কাছে যেভাবে পৌঁছে দিতে পেরেছে সেটা অন্য কোনও রাজ্যে সম্ভব হয়নি।

আমাদের রাজ্যে ক্রমশ গ্রাউন্ড ওয়াটার ব্যবহারের সুযোগ কমে আসছে এবং তার জন্য মাইনর ইরিগেশনের সুযোগ সম্প্রসারিত করবার ক্ষেত্রে সম্প্রতি ওয়াটার লেভেলের প্রশ্নটা এসেছে এবং তারই জন্য সার্ফেস ওয়াটার ইনভেস্টিগেশন ডিপার্টমেন্টের ক্লিয়ারেন্সের প্রয়োজন হচ্ছে। এক্ষেত্রে যেহেতু আমাদের ইনফ্রাস্ট্রাকচার অত্যন্ত দুর্বল, তাই এরজন্য ৩৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

এই বছর মাত্র ৩৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এই বরাদ্দ আরও বাড়ানো দরকার। আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে সমস্ত আর. এল. আই. ডিফাঙ্কট হয়ে আছে সেগুলিকে নূতন করে ইনস্টল করুন। যে সমস্ত পাইপ লাইন ক্ষতিগ্রস্ত হয়েছে, আর. এল. আই. এবং টিউবওয়েল খারাপ হয়ে আছে, সেগুলি রিপেয়ার

না করার জন্য সেচের জলের অপচয় হচ্ছে, সেগুলি যাতে ঠিকমতো ব্যবহার করা যায় তার জন্য ব্যবস্থা করার জন্য অনুরোধ করব। পরিশেষে আর একটি বিষয়ে আপনার মাধ্যমে এখানে উল্লেখ করতে চাই। সেটা হচ্ছে বিভিন্ন দপ্তরের মধ্যে যে কো-অর্ডিনেশন দরকার সেটাকে মেন্টেন করতে হবে। সেই সঙ্গে পিপল পার্টিসিপেশনের প্রশ্ন আসছে। কাজেই এগুলি দেখা দরকার। এই কথা বলে আপনার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-15 — 4-25 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেচ, জলপথ এবং ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রীদ্বয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আমাদের পশ্চিমবঙ্গে যে জনসংখ্যা, আর যা কৃষিজমি তাতে দেখা যাচ্ছে যে জনসংখ্যা যে হারে বাড়ছে, সেই হারে কৃষি জমি বাড়েনি বা বাড়ার সম্ভাবনা নেই। তাই আমাদের যে জমি আছে তাকে রক্ষা করা দরকার। অর্থাৎ ভূমিক্ষয় নিবারণ করা, বন্যা নিয়ন্ত্রন করা এবং যে ভাঙ্গন হচ্ছে, সেই ভাঙ্গনকে রক্ষা করা এবং সেচের ব্যবস্থা করা। এই সেচ ব্যবস্থা দুই রকম ভাবে করা যায়। একটা হচ্ছে, বৃষ্টির যে জল, যে জল আমাদের মাটির উপরে নদীতে, খালে, বিলে থাকে সেই জল থেকে সেচের ব্যবস্থা করা। আর একটা হচ্ছে, ভুগর্ভস্থ যে জল সেই জল তুলে সেচের কাজে লাগানো। এই দুটি ক্ষেত্রে সেচ দপ্তর যে দায়িত্ব পালন করেন সেই দায়িত্ব পালন করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে ১৯৯৪-৯৫ সালের আর্থিক বছরে এই দপ্তর ১২১ কোটি টাকা বরাদ্দ করেছেন এবং বলেছেন যে ১৯৯৩-৯৪ সালের থেকে ১০ শতাংশ বেশি। অর্থাৎ ১১ কোটি টাকা বেশি। এই ১১ কোটি টাকা বৃদ্ধি করেছেন বলে যে দাবি করেছেন, কিন্তু জিনিস-পত্রের দাম যে ভাবে বেড়েছে সেই তুলনায় হিসাব করলে দেখা যাবে যে গত বছর বাজটে যা ছিল তার থেকে কম। এই যে বরাদ্দ হচ্ছে, এই বরাদ্দ সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি—আমরা বিধানসভায় যে বরাদ্দ অনুমোদন করছি, সেই বরাদ্দকৃত টাকা অর্থ দপ্তর থেকে আপনার দপ্তরে ঠিক সময়ে আসে না এবং তার ফলে আপনি যে প্রকল্পগুলি গ্রহণ করেন সেগুলি যথা সময়ে কার্যকর করতে পারেন না। এছাড়াও দেখা যায় যে বছরের শেষের দিকে এই টাকা অর্থ দপ্তর আপনার দপ্তরকে দেয়, বা কোনও কোনও সময়ে বরাদ্দকৃত অর্থ ছাঁটাই করে আপনার দপ্তরে পাঠায় যার ফলে আপনার কাজ করতে অসুবিধা হয়। কাজেই অর্থ দপ্তর-এর সঙ্গে একটা সমন্বয় সাধন যদি না করতে পারেন, যদি অর্থ দপ্তর থেকে আপনার বরাদ্দকৃত অর্থ বের করতে পারেন তাহলে আপনার পক্ষে বন্যা নিয়ন্ত্রণ বলুন, সেচ ব্যবস্থাই বলুন, নদী বাঁধ মেরামতই বলুন, ক্ষুদ্র সেচই বলুন বা বড়, মাঝারি প্রকল্পই বলুন, সেগুলি রূপায়িত করা সম্ভব নয়। কাজেই আপনার ব্যয়-বরাদ্দের টাকা যাতে ঠিক সময়ে পৌছায় এবং প্রকল্পগুলি যাতে ঠিক সময়ে করা যায় সেই বিষয়ে আপনি সজাগ থাকবেন।

মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে আদায় করবেন, এই কথা বলতে চাই। অপর দিকে পশ্চিমবাংলায় যে কয়েকটি সেচ প্রকল্প গ্রহণ করা হয়েছে তার মধ্যে সব চেয়ে বড় হল তিস্তা প্রকল্প। এই প্রকল্প আজও সমাধা হয়নি। তিস্তা প্রকল্প রূপায়িত হলে উত্তরবঙ্গ সেচ সেবিত হবে, কৃষকরা উপকৃত হবে, সাধারণ মানুষ উপকৃত হবে, মানুষের অর্থনৈতিক উন্নয়ন

হবে। কৃষিতে ফসল বাড়বে, চাষিদের অবস্থা ফিরবে। এই প্রকল্প কার্যকর করবার জন্য এই বিধানসভা থেকে সর্বদলীয় কমিটি বার বার দিল্লির কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছে। কিন্তু এই প্রকল্পের জন্য টাকা দিতে এবং রূপায়িত করবার ক্ষেত্রে দেখতে পাচ্ছি ঢিলেমি হচ্ছে। সাবজেক্ট কমিটির একজন সদস্য বললেন যে এই প্রকল্প রূপায়িত করতে এত সময় লাগছে, এত দীর্ঘায়িত হচ্ছে যে ওখানকার কৃষকরা তাদের জমিগুলি বিক্রি করে দিচ্ছে। তারা এই জন্য বিক্রি করছে যে তারা হতাশাগ্রস্ত হয়ে পড়েছে যে এই প্রকল্প আদৌ রূপায়িত হবে কিনা। তা ছাড়া তারা এই জমিগুলি চা-বাগানের মালিকদের কাছে বিক্রি করে দিচ্ছে। ফলে এটা সমস্যার সৃষ্টি সেখানে হচ্ছে। এই সমস্যা সমাধানের জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি দাবি করছি যে কোনওভাবেই হোক এই প্রকল্প রূপায়িত করুন। এটা একটা জাতীয় প্রকল্প, যে কোনও উপায়েই হোক, বামফ্রন্ট সরকারের যে কোনও অবস্থাই থাকুক না কেন এই প্রকল্প বাস্তবে রূপ দেবার সিদ্ধান্ত গ্রহণ করুন। তা না হলে যতটুকু তৈরি হয়েছে ততটুকু নষ্ট হয়ে যাবে। আগামী কত বছরে যে এটা সম্পন্ন হবে সেই ব্যাপারে যথেষ্ট সন্দেহ দেখা দিয়েছে। এবারে আমি বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে আসছি। হিমালয় থেকে যে নদীগুলি নেমে আসছে সেই নদীগুলির জল ধারণ ক্ষমতা কমে গিয়েছে। কারণ এই নদীগুলি দিয়ে জলের সাথে নেমে আসছে পাথর, বালি, মাটি। এই সমস্ত এসে পশ্চিমবাংলার নদীগুলিকে ভরাট করে দিচ্ছে, নদীর বেডগুলি উঁচু হয়ে যাচ্ছে, সেখানে দ্বীপের সৃষ্টি হচ্ছে। সেখানে গাছ-পালা গজিয়ে উঠছে, সেখানে বস্তি তৈরি হয়ে যাচ্ছে। সেখানে ঘর-বাড়ি তৈরি হচ্ছে, লোকজন বাস করতে আরম্ভ করছে। আমরা যে সমস্ত রাজনৈতিক দল এখানে আছি তারা সেখানে বসতি স্থাপন করতে দিচ্ছি, সেখানে লোকেরা চাষ-বাস করছে। তার ফলে নদীর পথ বন্ধ হয়ে যাচ্ছে। বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে যদি বিজ্ঞান সম্মত পথ অবলম্বন করতে হয় তাহলে নদীর গতি পথের উপর থেকে ঘর-বাড়ি, গাছ-পালা সমস্ত কিছু সরাতে হবে। নদীর গতিপথকে সময় সময় ঠিক রেখে দিতে হবে। পাহাড় থেকে যে বালি পাথর নেমে আসে সেইগুলিকে বসিয়ে দিতে হবে। তা না হলে নদী তার নিজস্ব পথ বেছে নিয়ে সমস্ত কিছু ভেঙে ভেতর দিয়ে চলে যাবে, তাতে চাষ-বাস নষ্ট হবে, জীবন বিপন্ন হবে। এই সমস্ত কারণ অনুধাবন না করে যদি প্রকল্পগুলি গ্রহণ করা হয় তাহলে যতই চেষ্টা করুন না কেন এখানে যতই আলোচনা করুন না কেন, মন্ত্রী যতই প্রতিশ্রুতি দিন না কেন বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে না। এই দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই যে প্রকল্পগুলি গ্রহণ করা হচ্ছে সেই গুলি অতি দ্রুততার সাথে নির্দিষ্ট সময় সীমা নির্ধারণ করে প্রকল্পগুলি রূপায়ণের কাজে এগিয়ে যেতে হবে। অপরদিকে গঙ্গায় যেভাবে পলি পড়ছে তাতে গঙ্গার নাব্যতা হারিয়ে ফেলছে। ফলে জাহাজগুলি ঢুকতে পারছে না। ফলে হলদিয়ায় যে শিল্প কারখানা গোড়ে তোলার পরিকল্পনা করা হয়েছে সেটা ব্যহত হচ্ছে।

এইভাবে নদীগুলো নাব্যতা হারাচ্ছে। আমাদের গঙ্গায় যে ৪০ হাজার কিউসেক জল দেবার কথা ছিল, সেই ব্যাপারে কোনও ব্যবস্থা গৃহীত না হওয়ার জন্য শুখা মরশুমে জল পাওয়া যাচ্ছে না। যার ফলে নদীতে জমছে পলি, সৃষ্টি হচ্ছে চর। সাগরদ্বীপ এবং ঘোড়ামারা দ্বীপ, এই দুটি দ্বীপ সম্পূর্ণ ধ্বংস হয়ে যাচ্ছে। সুন্দরবন এলাকায় যে নদী বাঁধগুলো আছে, সেগুলো ঠিক সময়ে মেরামত করা হয় না। দেখা যায় যে ঠিক বর্ষার মুহূর্তে কাজ হচ্ছে।

খানে যে স্লুইসগুলো আছে, সেগুলো মেরামত হয় না, তারফলে ধানের ক্ষেতে নোনাজল :ক গিয়ে চাষবাস সব নষ্ট হচ্ছে। অপরদিকে আমি অপর একটি বিষয়ের প্রতি মাননীয় ন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুন্দরবন এলাকার নদীবাঁধগুলো কেটে দিয়ে কিছু স্বার্থান্বেষী ।ক্তি, রাজনৈতিক দলের পৃষ্ঠপোষকতায় ধানের জমিতে ভেড়ি তৈরি করছে। বড় বড় জমির ।লিকরা সেখানে ভেড়ি তৈরি করে মাছের চাষ করছে। সন্দেশখালি এলাকায় নোনাজলের চড়ি তৈরি হয়েছে। সেখানে বহুজাতিক সংস্থাকে পৃষ্ঠপোষকতা করা হচ্ছে। তারা ধানের 'মিতে নোনাজল ঢুকিয়ে চিংড়ির চাষ করছে। সাধারণ মানুষকে বেশি বেশি টাকার লোভ ।খিয়ে বড় বড় ভেড়ির মালিকরা তাদের কাছ থেকে জমি নিচ্ছে। এরফলে ধানের জমির ।তি হচ্ছে। এখানে গণেশবাবু, মাননীয় মন্ত্রী মহাশয় আছেন, তিনি এই সমস্ত কথা জানেন। দীবাঁধ কেটে বা ধানের জমিতে নোনাজলে ভাসিয়ে দিচ্ছে যে ব্যক্তিরা তাদের কঠোর শাস্তি দান করা হোক। এই কথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-25 — 4-35 p.m.]

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় সেচ মন্ত্রীদ্বয় যে ব্যয় বরাদ্দ পেশ রেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করছি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার যে কাজকর্ম রেন তা চিন্তা ভাবনা করে তবেই করেন। তারা যদি কোনও কাজ আরম্ভ করেন তা শেষ রেন। কংগ্রেস আমলে যা হোত, ভিত্তি প্রস্তর স্থাপন করে কুড়ি বছর ফেলে রাখতেন না। খানে মাননীয় বিধায়ক শৈলজাবাবু এমন একটি কথা বললেন—দুনিয়া খালের ঘটনা, স্লুইস গট কাটা হয়েছে, উন্নতি কিছু হয়নি ইত্যাদি—দুনিয়া খালের মতো এতবড় একটি খাল যা ায় ১৩ কি. মি.-র উপর, যেটা বামফ্রন্ট আমলে খোলা হয়েছে। এটা শেষ করতে ৬০/৭০ ক্ষের মতো টাকা লাগবে। এর অর্দ্ধেকটা খোলা হয়েছে। এটা উনি জানেন—না, দেখেন নি। অথচ ওর যাতায়াতের পথেই এটি পড়ে। সেচ দপ্তরের সহায়তায় এই কাজটি হচ্ছে। এই ন্নয়নমূলক কাজের সঙ্গে ওর কতটা যোগ আছে জানি না। তবে যোগ থাকলে খোঁজ খবর নয়ে তবে কথা বলতেন। ভগবানপুর ড্রেনেজ স্কীমের কাজটি এখনও কিছুটা বাকি আছে, ত্তার সঙ্গে তা শেষ করতে হবে। নন্দীগ্রাম এক, দুই এবং তিন নম্বর খেজুরি এবং ভগবানপুর দু'নম্বরের ভাগ্য এর সঙ্গে জড়িত। সেজন্য এটিকে দ্রুত শেষ করতে হবে। এই দুনিয়া খাল করতে গিয়ে প্রায় সাত একরের মতো জমি অধিগ্রহণ করতে হবে। অনেক আগে, কংগ্রেস আমলে এটা ওরা শুরু করেছিলেন, কিন্তু মাটি ফেলেন নি। তার খেসারত আমাদের দিতে হচ্ছে। স্থানীয় মানুষ খেসারত না পেলে তারা মাটি ফেলতে দেবেন না। শালাউনি রসুলপুর নদীতে পড়েছে—সেটাকে সংস্কার করা দরকার। মহিষাদল এক নম্বর ব্লকে ত্রিপুরা খালের কামারদা খালের সঙ্গে যোগ না করলে ওখানকার এগার এবং বার নম্বরের অধিকাংশ মানুষ প্রায় জলমগ্ন হয়ে থাকবেন।

খেজুরি ২নং ব্লক সমুদ্রতীরে অবস্থিত, সেই সমুদ্রতীরের কয়েকটি গ্রাম যেমন পাঁচুরিয়া, থানাবেড়িয়া, ওয়াশিলচর বন্যায় ভেসে যাবে যদি অবিলম্বে ওই সমুদ্রতীরের যে পাথর বা নুড়ি আছে সেগুলোর মেরামতি না হয়। নারায়ণপুরে যে স্লুইস গেট আছে সেটা বহু পুরনো এবং বৃটিশ আমলের। এটিকে প্রতাপগড় খালের সাথে যুক্ত করতে হবে। এই স্লুইস গেটটির

ক্ষমতা ক্রমশ কমে আসছে এবং যে কোনও সময়ে ভেঙ্গে গিয়ে একটা বিরাট বন্যার সৃষ্টি করবে। চাষের বিরাট ক্ষতি হবে। সমস্ত এলাকা ওভার ফ্লাডেড হয়ে যাবে। আমি বিশেষ করে যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, মেদিনীপুরের পূর্বদিকে সেচ দপ্তরের যে একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের অফিস আছে সেটা তমলুকে সরানোর ব্যাপারে সচেষ্ট হবেন। এর অর্ডারও হয়ে গেছে, এটা যদি করা যায় তাহলে বহু মানুষের উপকার হবে এবং সেই সঙ্গে সঙ্গে বলব যে বিভিন্ন যে স্কীম নেওয়া হয়েছে যেমন তিস্তা মাস্টার প্ল্যান, তমলুক মাস্টার প্ল্যান সেগুলো গুরুত্ব দিয়ে বিবেচনা করা হচ্ছে। সূর্য পৃথিবীর থেকে যেমন রস নেয় তেমনি তাপ দেয় কিন্তু কেন্দ্রীয় সরকার তো রাজ্য সরকার থেকে এত টাকা নিচ্ছেন, দিচ্ছেন কতটুকু? এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, এই বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন করছি এবং বিরোধীদের আনীত কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। আমি বিরোধীদের বক্তৃতা শুনলাম তাতে নতুনত্ব কিছু দেখতে পেলাম না। আমরা জানি তারা প্রতিশ্রুতি দেন কিন্তু তা রক্ষা করেন না। এতদিন জানতাম কংগ্রেসিদের স্মৃতিশক্তি লোপ পেয়েছে, এখন দেখছি দৃষ্টিশক্তিও লোপ পাচ্ছে। তারা দেখছেন যে ১৯৭৭ সালে যে সেচ ব্যবস্থা ছিল এখনও তাই আছে। সেচ দপ্তরের মধ্যে নাকি কাজের অগ্রগতি ঘটে নি আসলে ওদের দৃষ্টিশক্তি লোপ পেয়েছে। ১৯৭৭ সালে গোটা পশ্চিমবঙ্গে যে আবাদি জমি ছিল সেই জমির সেচের শতকরা যে হার ছিল আজকে তার অনেক পরিবর্তন হয়েছে বামফ্রন্ট সরকারের শাসনকালের মধ্যে পরিবর্তিত যে পরিসংখ্যান তাতে অনেক পার্থক্য হয়েছে। ১৯৭৭ সালে ২১ ভাগ জমিতে সেচ দিতে পেরেছিলেন আর আজকে সেখানে শতকরা ৪৮ ভাগ জমিতে সেচ সেবিত করা গেছে। এরপরেও কি আপনারা বলবেন যে অগ্রগতি হয়নি, আরও হাওয়ার দরকার ছিল? আমাদের জেলায় যেসব কংগ্রেস আই সদস্য রয়েছেন তারা কিন্তু এইসব অপ্রাসঙ্গিক কথার ধার দিয়ে যায় নি। আজকে কংসাবতী এবং ডি. ভি. সি.-র এই অবস্থা কেন, এরজন্য কে দায়ী? কাদের আমলে এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, এতদিনেও কেন সেগুলো শেষ করা হয়নি। যেখানে ৪০ ভাগ কাজ হওয়ার কথা ছিল সেখানে তা হয়নি। মানুষের যখন জলের প্রয়োজন তখন সে জল পাচ্ছে না চাষের কাজ করতে পারছে না আর বর্ষার সময়ে বন্যায় ভাসিয়ে দিচ্ছে, এইসব স্কীম কাদের হাতে তৈরি? এরজন্য দায়ী কি আমরা? আজকে ডি. ভি. সি.-র নাম কে না জানে ভাসানো ডোবানো কর্পোরেশন। তারপরে তিস্তা প্রকল্প নিয়ে আমরা সর্বদলীয় প্রতিনিধি তৈরি করে কতবার দিল্লিতে গেছি, তার কিছুই তো করা গেল না। আজকে গঙ্গা ভাঙ্গন, সমুদ্রের ভাঙ্গন হচ্ছে এরজন্য আমরা তো দায়ী নই, কেন্দ্রীয় সরকারের অব্যবস্থার জন্য আজকে এই ঘটছে

ওনারা দিল্লি থেকে এসে প্রতিশ্রুতি দিয়েছিলেন গঙ্গা ভাঙ্গনের জন্য টাকা দেওয়া হবে সেখানে কত পয়সা দেওয়া হয়েছে বলতে পারবেন আপনারা? গঙ্গার যে ভাঙন, দিঘার মত জায়গায় সেখানে পর্যটন কেন্দ্রে যে ভাঙন হচ্ছে সেই ব্যাপারে আমাদের আশঙ্কার মধ্যে দি কাটাতে হচ্ছে। এর জন্য দায়ী কে—পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার, এর জন্য দায়ী কি কেন্দ্রীয় সরকার নয়? তার জন্য কত পয়সা বরাদ্দ করেছেন? এর জন্য তো কেন্দ্রীয় সরকারের টাকা দেওয়া উচিত, না হলে সেখানে যে ক্ষতি হচ্ছে সেটা তো জাতীয় ক্ষতি, এ

জবাব কে দেবে। আজকে উত্তরবঙ্গে যে ভয়াবহ বন্যা হচ্ছে সেখানে আমরা কি দেখলাম দিল্লি থেকে একটা সমীক্ষক দল তারা এল তারা সমীক্ষা করে চলে গেল, কিন্তু সেখানে আমরা যে আশা করেছিলাম সেটা কতটা পূরণ হয়েছে, তারা সেখানে কিছুই বরাদ্দ করেনি। এটা ওনারা বোঝেন, ওনারা এটা জানেন কিন্তু সেটা চেপে গিয়ে বামফ্রন্ট সরকারের যেহেতু বিরোধিতা করতে হবে সেই বিরোধিতা করার জন্যই ওনারা এখানে বিরোধিতা করছেন। আমরা যে শ্রেণী দৃষ্টিভঙ্গি নিয়ে পশ্চিমবাংলার সরকার পরিচালনা করছি, আমাদের মন্ত্রীরা সেই পরিকল্পনাকে কার্যকর করতে গিয়ে তারা যে ভাবে সেটাকে কার্যকর করার চেষ্টা করছেন তা বলার নয়। আমরা ভূমিসংস্কারের পাশাপাশি সেচের ক্ষেত্রে গুরুত্ব দিচ্ছি যার জন্য উৎপাদনের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গ নিজেকে একটা জায়গায় দাঁড় করাতে পেরেছে। আপনারা যে শ্রেণী দৃষ্টিভঙ্গিতে চলেন আমরা সেই পুরনো শ্রেণী দৃষ্টিভঙ্গিতে চলি না। আজকে আমাদের যে অগ্রগতি সেই অগ্রগতিকে আপনারা নষ্ট করতে পারেন না, এইসব প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে আমাদের যে আরও বেশি অর্থ বরাদ্দ দরকার সেটা সকলেই জানেন, কিন্তু তা সত্ত্বেও বলতে বাধ্য হচ্ছি আর্থিক সীমাবদ্ধতা না থাকলে আরও অগ্রগতি আমরা করতে পারতাম। এখানে বিশ্বব্যাঙ্কের যে কথা উঠেছে সেই প্রসঙ্গে বলি, মাননীয় সদস্য শৈলজা দাস উনি উল্লেখ করেছেন এখানে সাবজেক্ট কমিটির রেফারেন্স, এখানে যেটা বলা হয়েছে অন্য রাজ্যে কি সুপারিশ হয়েছে জানেন, তারা সুপারিশ করেছেন এই কথাটাই পশ্চিমবঙ্গে ক্ষুদ্র সেচ প্রকল্পে স্থান নির্ধারণে এবং তার পাশাপাশি বেনিফিসিয়ারি পঞ্চায়েত ও জনগণের যে যৌথ উদ্যোগ এটার পরবর্তীকালে রূপায়ণের ক্ষেত্রে আজকে যে অবস্থা আমাদের এখানে হয়েছে এইগুলিকে অন্য রাজ্যের ক্ষেত্রে ছড়িয়ে দিতে হবে। এখানে বলা হয়েছে এই অবস্থা থেকে তারা যেন শিক্ষা গ্রহণ করে, তারা যেন তাদের রাজ্যে সেই পরিকল্পনা গ্রহণ করেন। আমি মেদিনীপুর জেলা থেকে নির্বাচিত, ঝাড়গ্রাম, গড়বেতার বিভিন্ন এলাকাগুলিতে আগে আকাশের বৃষ্টির জলের উপর নির্ভর করে থাকতে হোত, বর্ষার জল ছাড়া সেখানে কোনও চাষ করা যেত না। বৃষ্টি হলে সেখানে চাষ হোত। বৃষ্টি না হলে জমি পড়ে থাকত, সেখানে আজকে সেচের জন্য চাষ করা সম্ভব হয়েছে। আজকে পশ্চিমবঙ্গে রবি চাষের ক্ষেত্রে যে অগ্রগতি ঘটেছে, আলুর ক্ষেত্রে যে অগ্রগতি ঘটেছে এটা ক্ষুদ্র সেচের জন্যই এই অগ্রগতি ঘটেছে। যেটা আগে কখনও সম্ভব হোত না। বামফ্রন্ট সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে বিভিন্ন পরিকল্পনাকে কাজে লাগাতে পেরেছে। তার ফলে সেচের মধ্যে দিয়ে কৃষির একটা অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে। এই ব্যাপারে আমাদের আত্মসন্তুষ্টির কোনও দরকার নেই, দিল্লির যে বঞ্চনা তার বিরুদ্ধে লড়াই করে আমাদের এগিয়ে যেতে হবে। এক্ষেত্রে ভূমিসংস্কারের ক্ষেত্রে যতটা আমরা গুরুত্ব দিচ্ছি সেচের ক্ষেত্রে সেই গুরুত্বকে আমাদের আরও বাড়াতে হবে। বৃহৎ সেচের ক্ষেত্রে, ক্ষুদ্র সেচের ক্ষেত্রে যে পরিকল্পনাগুলি সেইগুরি সার্থক রূপায়ণের ক্ষেত্রে চেষ্টা চালাতে হবে। আমাদের সেচের ক্ষেত্রে যে অগ্রগতি সোটকে ধারাবাহিকভাবে আমাদেরকে এগিয়ে নিয়ে যেতে হবে। উৎপাদনের ক্ষেত্রে আজকে আমাদের যে অবস্থা সেটার অগ্রগতিকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে, সেচ দপ্তর, পঞ্চায়েত, কৃষি বিভাগ সকলে এই দায়িত্ব পালন করতে পারবে, এই বলে বাজেটকে সমর্থন করে, কাটমোশনের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

[4-35 — 4-45 p.m.]

**ডাঃ অনুপম সেন ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের সেচ মন্ত্রীদ্বয় যে বাজেট বরাদ্দ আমাদের কাছে উপস্থাপিত করেছেন, তাকে আমি সর্বতোভাবে সমর্থন করতে পারছি না এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তাকে আমি সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই আপনি নিশ্চয় অবগত আছেন ১৯৭৪ সালে এই তিস্তা প্রকল্পের সূচনা হয়েছিল। যখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী ছিলেন মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় এবং আমি সেই বিধানসভার একজন সদস্য ছিলাম। আপনি নিশ্চয় জানেন উত্তরবঙ্গ চিরদিনই অবহেলিত। উত্তরবঙ্গের শতকরা ৮০ ভাগ লোক হল কৃষিজীবী। এখানে পাঁচটি জেলা আছে। আমাদের জলপাইগুড়ি জেলাতে তিস্তা প্রকল্পের ব্যারেজ তৈরি হচ্ছে। ১৯৭৪ সালে যে বিল এখানে এসেছিল সেখানে ছিল তিস্তা ব্যারেজ স্কীম। সেটা সাড়ে সাত বছরের মধ্যে কার্যে পরিণত করার কথাছিল এবং সমস্ত উত্তরবঙ্গ এবং মালদহ পর্যন্ত সেচের সুষ্ঠ ব্যবস্থা করে যাদের জমিগুলি এক ফসলি, বা দেড় ফসলি বা দু ফসলি সেগুলোকে তিন ফসলি করে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নতি করা হবে। কিন্তু ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার গদিতে আসার পর দীর্ঘদিন অতিবাহিত হয়েছে কিন্তু তার কাজ এখনও শেষ হয়নি। আপনাদের নিশ্চয় মনে আছে আজ থেকে বছর দুয়েক আগে আমাদের মাননীয় সেচমন্ত্রীর লিডারশিপে আমরা কেন্দ্রীয় প্ল্যানিং কমিশনের চেয়ারম্যান এবং অর্থমন্ত্রী মনমোহন সিং-এর সঙ্গে দেখা করেছিলাম এবং বিদ্যাচরণ শুক্লার সঙ্গেও স্পেসিফিকভাবে কথা হয়েছিল। সেই সর্বদলীয় কমিটিতে আমিও ছিলাম, সেখানে ফাস্ট কন্ডিশন ছিল তিস্তা ব্যারেজ স্কীমের হেড কোয়ার্টারটা সল্ট লেকে আছে সেটা ওখানে নিয়ে যেতে হবে। সল্ট লেকের হেড কোয়ার্টার থেকে মাঝে মাঝে চিফ ইঞ্জিনিয়াররা আর ইঞ্জিনিয়াররা প্লেনে বাগডোগরা যায় এবং সিনক্লেয়ার হোটেলে থাকে। দু-একটা মিটিং হয় এবং তারা আবার এখানে চলে আসে। আমাদের বর্তমান প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান জিজ্ঞাসা করেছিলেন ব্যারেজ স্কীমটার হেড কোয়ার্টার কোথায়? তখন আমাদের মন্ত্রী মহাশয় বলেছিলেন সল্ট লেকে। তখন উনি বলেছিলেন দেবব্রতবাবুকে, এটাকে কবে ওখানে নিয়ে যাবেন। তখন দেবব্রতবাবু বলেছিলেন খুব তাড়াতাড়ি নিয়ে যাব। কিন্তু সেই তাড়াতাড়ি কাজটা কিন্তু গত দু' বছরের মধ্যেও সম্পূর্ণ হয়নি। আমি তিস্তা ব্যারেজ স্কীম নিয়ে নাড়াচাড়া করি। এর আগের বিধানসভায় আমি তিস্তা কমান্ড এরিয়ার একটা ম্যাপ চেয়েছিলাম। কোন জায়গাটা তিস্তা কমান্ড এরিয়ার মধ্যে পড়ছে সেটা আমি জানতে চেয়েছিলাম। তখন উনি বলেছিলেন তিস্তা ব্যারেজ স্কীমের যে অফিস আছে সেখান থেকে সেই ম্যাপটা কালেক্ট করবার জন্য।

আমি সেটা কালেক্ট করেছি। স্যার, একটু আগে একজন মাননীয় সদস্য বলছিলেন, Command area of Teesta barrage scheme. যার জন্য নাকি পশ্চিমবঙ্গ সরকার ভারত সরকারের সহায়তায় হোক বা সহায়তা ছাড়াই হোক খরচ করেছেন। সেই কমান্ড এরিয়াগুলিতে আজকে আমরা দেখতে পাচ্ছি যে Conversion of agricultural land to industrial land হচ্ছে। অর্থাৎ চায়ের চাষ হচ্ছে, চা বাগানে কনভারশন হচ্ছে। আমি ব্যাপারটি ওখানকার উর্দ্ধতন কর্তৃপক্ষের নজরে এনে তাদের সঙ্গে যোগাযোগ করেছি, ভূমিসংস্কার মন্ত্রীর দৃষ্টিতেও এনেছি কিন্তু এর কোনও পজিটিভ উত্তর পাইনি। কিছুদিন আগে জ্যোতিবা

জলপাইগুড়ি শহরে গিয়ে বলেছেন যে এই কনভারশন অব ল্যান্ড—এটা আমরা রোধ করব যেমন করেই হোক। কিন্তু স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন তিস্তা ক্যানেল বা ইরিগেশন স্কীমের ব্যাপারে যেখানে হাজার কোটি টাকা খরচ করা হচ্ছে, সেখানে ক্যানেলের পাশে চা বাগান বা টি বুশ হয়ে গিয়েছে। অথচ তার জন্য পারমিশন আছে কিনা বা কতটুকু জমির জন্য পারমিশন দেওয়া হয়েছে এই Conversion of land from agricultural land to Industrial land করার জন্য তা সেখানকার উর্দ্ধতন কর্তৃপক্ষ জানাচ্ছে না। দেবব্রতবাবুকে আমি বলব, উনি তো জলপাইগুড়িতে যান, ঘণ্টা তিনেক সময় লাগবে, আপনি শুধু জলপাইগুড়ি সদর কনস্টিটিউয়েন্সি, জলপাইগুড়ি টাউনের পাশে যেটা রয়েছে সেখানে গেলে দেখবেন তিস্তা কমান্ড এরিয়ার প্রায় ৬০ পারসেন্ট জমি আজকে চা বাগানের মালিকরা বেআইনিভাবে কিনে নিয়েছে এবং এমন কি ডানকান ব্রাদার্সের মতোন কোম্পানি পর্যন্ত সেগুলি দখল করে চা ক্ষেত করছে। এইভাবে সমস্ত জায়গাটাই যদি চা ক্ষেতে পরিণত হয়ে যায় তাহলে তিস্তা ব্যারেজ স্কীম কার্যে পরিণত করে চাষী ভাইদের কি উন্নতি করবেন তা আমি বুঝতে পারছি না। জলাপাইগুড়িতে তিনটি ব্যাপার আছে—এগ্রিকালচার, ফরেস্ট, টি। এই অ্যাগ্রিকালচারের উপর শতকরা ৮০ ভাগ লোক জড়িত। সেখানে গরিব মানুষদের লোভ দেখিয়ে যদি চা- বাগানের মালিকরা তাদের জমি নিয়ে নেয় তাহলে এই পরিকল্পনা কার বেনিফিট করবে আশা করি মন্ত্রী মহাশয় সেটা একটু বলবেন। এই ৮০ ভাগ লোক যারা মূলত কৃষিজীবী, কিছুদিন পরে দেখবেন এই ভাবে চললে সেই লোকগুলি কর্মহীন হয়ে রাস্তায় ঘুরে বেড়াবে। সেখানে চা বাগানের মালিকরা গরিব চাষীদের লোভ দেখিয়ে এক টাকার জমি ৫ টাকা দিয়ে কিনছে। মানুষ দারিদ্রতার জন্য এবং লোভের বশবর্তী হয়ে তাদের জমি বিক্রি করে দিচ্ছে—এ দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি ব্লক ওয়াইজ ম্যাপ আপনার কাছে উপস্থিত করব। গভর্নমেন্ট এক দিক দিয়ে পাইপ লাইন তৈরি করছে ক্ষুদ্র সেচের জন্য তার পাশে কারখানা তৈরি হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আপনি যখন জলপাইগুড়িতে যাবেন তখন আমাকে ডাকবেন আমি সব দেখিয়ে দেব। আমার কনস্টিটিউয়েন্সিতে শতকরা ৬০ ভাগ ল্যান্ড দারিদ্রতার সুযোগ নিয়ে বেআইনি ভাবে বড় বড় চা বাগানের মালিকরা কিনে নিচ্ছে। এইভাবে জমি গ্রামের মানুষদের হাত থেকে চলে যাচ্ছে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ৬৬, ৬৮ এবং ৬৭ নং অভিযাজনের অধীনে ব্যয় বরাদ্দের যে দাবি উপস্থিত করেছেন মন্ত্রী মহাশয়দ্বয়, এর উপর বক্তব্য রাখছি। সাহিত্য হিসাবে মন্ত্রীদের বক্তব্য প্রতিষ্ঠিত হতে পারে, কিন্তু এই রাজ্যের বন্যা নিয়ন্ত্রণ সেচের সম্প্রসারণ এবং ইরোশন এই তিনটি ক্ষেত্রেই খুব উজ্জ্বল আভাস নেই। এদিক দিয়ে হতাশ হয়েছি। আজকে ক্ষুদ্র সেচ খাতে যে বক্তব্য মন্ত্রী মহাশয় উপস্থিত করেছেন, এই বক্তব্যটা সম্পর্কে আমার একটু আপত্তি আছে। আপনি পরে রুলিং দেবেন। এখানে উল্লেখযোগ্য কোনও ইঙ্গিত পাচ্ছিনা সামনের দিনের জন্য। আপনার দুটো বাজেটের উপর সাবজেক্ট কমিটি যে রিপোর্ট প্লেস করেছে, সেই রিপোর্ট বোধ করি প্রশাসনের পক্ষে এবং গভর্নমেন্টের পক্ষে খুব স্বস্তির কারণ হবে না। সেখানে হতাশা ব্যক্ত হয়েছে। রিপোর্টের ভাষা—মাননীয় চেয়ারম্যান এখানে নেই, বোধ হয় ল্যাঙ্গুয়েজ কনস্ট্রাকশনে কিছু গোলমাল আছে। মাননীয় সেচমন্ত্রীকে

বলছি, আপনি লিখেছেন—কাগজটা খুব ভাল নয়, এটাতে বোধ হয় প্রিন্টিং মিস্টেক হয়ে আট নং পাতার তিন নং আইটেমে বাজোল না কি বলতে চাইছেন বুঝলাম না।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** পাজোল।

[4-45 — 4-55 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন :** পাজোল হলে আমার এলাকায় পড়ছে। আমি বলতে চাই অনেকগুলো পরিকল্পনা ফোর্থ, ফিফথ প্ল্যানে নেওয়া হয়েছে। আপনারা ফিফথ ইয়ার প্ল্য এসেছেন। এইগুলো কি হবে না? আমি মহানন্দার সেকেন্ড ফেজের কথা বলছি। এই সম্প আপনারা কি ডিসিসন নিচ্ছেন সেটা জানতে পারলাম না। নর্থ বেঙ্গল ফ্লাড কন্ট্রোল কমিশনে কাছে বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে আমি একটা চিঠি লিখেছিলাম, আপনার ডিপার্টমেন্টের স যোগাযোগ করে, তাতে বলেছিল এটা করা যাবে না বলে কি এই রকম সিদ্ধান্ত হয়ে নর্থ বেঙ্গলে বন্যা দুই প্রকারের হয়। এক্সেসিভ বৃষ্টি হলে চ্যানেলের ড্রেনেজ সিস্টেমটা ে তার জন্য মূলত বোধ করি কুচবিহারে বন্যাটা হয়েছে এবং যে সব খাল বিল, রিভিউলেট এইগুলো সব সিল্টেড হয়ে যায়, যার জন্য বন্যা হয়। ড্রেনেজ সিস্টেমটা আগে অরিজিন্যা যা ছিল তাকে ড্রেজিং করে যদি কিছু করা যায়—আপনি এক জায়গায় বলেছেন জও যোজনার সঙ্গে ইন্টিগ্রেটেড কোনও পরিকল্পনা নেই। এই জাতীয় পরিকল্পনা কেন নেই, ( জিনিসগুলোর একটা কোঅর্ডিনেশন দরকার। আর এখানে আমি আপনার কাছে জনাতে চাই যে তিস্তা—আপনার সঙ্গে আমরাও গিয়েছিলাম, এটাতে তিনটে কাজ হতে পারে, যেমন ব নিয়ন্ত্রণ করতে পারি, জল সরবরাহ করতে পারি তার সঙ্গে সঙ্গে বিদ্যুৎ উৎপাদন করা পারি। অনেকগুলো পরিকল্পনা দেখলাম। এখানে এই সম্পর্কে কিছু লেখা নেই। রিলেশন দি পাওয়ার ডিপার্টমেন্ট অব দি তিস্তা ভ্যালি, এটার কোনও ইঙ্গিত নেই। এটা জানাবে

আর একটা কথা হচ্ছে, আপনার আগের প্রিডিসেসর কতগুলো নদী বাঁধ প্রক করেছিলেন। বন্যা নিয়ন্ত্রণের জন্য আমাদের কিছু ইনফ্রাস্ট্রাকচারের প্রয়োজন। সেগুলো উপর—সারফেস টু দি রোড হলে ইট সার্ভ বোথ দি পারপাসেস। আমাদের এখানে দ্রু ডেভেলপমেন্ট প্রয়োজন। সে ক্ষেত্রে ইনফ্রাস্ট্রকচারের মধ্যে রোড কমিউনিকেশন ইজ ওয়ান সেই কারণে এই ডিপার্টমেন্টের সঙ্গে পি. ডাবলু. ডি. এবং রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টে একটা কো-অর্ডিনেশন প্রয়োজন। সেই জন্যই আমরা প্রশ্ন হচ্ছে, সমন্বয়ের মধ্যে দিনে একটা ইন্ট্রিগ্রেটেড পরিকল্পনা কেন হবে না? আপনারা ১৭ বছর আগে যখন এখানে প্রথম ক্ষমতা এসেছিলেন তখন সারফেস রোড ছিল ২৬ হাজার কিলোমিটার, আজও সেই ২৬ হাজার কিলোমিটার। আপনারা এটা বাড়াননি। মাননীয় মন্ত্রী সুবোধ চৌধুরী মহাশয় এখানে উপস্থি আছেন, তিনি জানেন হরিশচন্দ্রপুরে অনেকগুলো বাঁধের উপর ব্ল্যাক সারফেস হয়েছিল, তাতে রোড পারপাস সার্ভ হচ্ছে। সেই জন্যই আমি কো-অর্ডিনেশন চাইছি—কো-অর্ডিনেশন বিটুইন দি ডিপার্টমেন্ট অফ ইরিগেশন, মেজর ইরিগেশন, পি. ডবলু. ডি. অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট—তাহলে বোধ হয় তিনটে পারপাসই সার্ভ হবে। আমাদের রিসোর্স লিমিটেড সুতরাং আমাদের সেই ভাবে কাজ করতে হবে। আর একটা কথা এই প্রসঙ্গে তোলা ভাল—আপনাদের তরফ থেকে দু' একজন বলেছেন—একটা ভাস্ট চেঞ্জ অফ দি ইকনমিক স্ট্রাকচার অফ দি কান্ট্রি হয়েছে। এখন আপনারা বলবেন যে, আপনাদের সেচের সম্প্রসারণ

হয়েছে, কিন্তু উইথ রিগার্ড টু দি বেনিফিসিয়াল অ্যাটিচ্যুড, আপনাদের অ্যাটিচ্যুড'টা কি? আপনারা কি গ্র্যাটিস দেবেন? জল বিনা পয়াসায় দেবেন ভোটের জন্য, নাকি ট্যাক্স বসাবেন, না, যারা কংগ্রেসি তাদের পয়সা দিতে হবে আর সি. পি. এম. এবং আর. এস. পি.-দের দিতে হবে না? এ ক্ষেত্রে আপনাদের মনোভাব কি হবে? আপনাদের ট্যাক্স পলিসিটা আমি জানতে চাইছি। যেখানে জলের বেনিফিট পাচ্ছে—বেনিফিট বোথ ফ্রম দি মাইনর ইরিগেশন অ্যান্ড মেজর ইরিগেশন, ক্যানেল ইরিগেশন সেখানে আপনাদের পলিসি কি? হোয়েদার ইট ইজ কনসিস্টেন্ট উইথ দি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া পলিসি, সেটা আপনি বলবেন। এই পলিসি সম্বন্ধে একটা কথাও আপনারা এখন পর্যন্ত বলেন নি। হয়ত এখানে সাম্রাজ্যবাদের কথা, গ্যাটের কথা নিয়ে আসবেন। আজকে এখন পর্যন্ত এ ক্ষেত্রে ভূমি সংস্কারের কথা বলা হয়েছে, কিন্তু গ্যাটের কথা বলা হয়নি। এখন পর্যন্ত কেউ গ্যাট, ডাঙ্কেল ইত্যাদি কেন বললেন না, তা আমি বুঝতে পারছি না। আমি জানতে চাই আপনারা বিনা পয়সায় জল দিয়ে তারপর বার বার কি পিয়ারলেসের কাছে যাবেন? এ সম্পর্কে আমাদের একটু বিশেষ ভাবে অবগত করবেন। এবারে আপনার বাজেটে একটা নতুন কথা পেলাম, যা গত ৩৩ বছরের মধ্যে শুনিনি—'মধ্য-বঙ্গ'। সাহিত্যেও এটা এখন পর্যন্ত পাইনি। দু' বছর আগে 'বেনামি' কথাটা বাজেট বক্তৃতার মধ্যে পেয়েছিলাম। কিন্তু 'মধ্য-বঙ্গ' কথাটা এই প্রথম শুনলাম। এত দিন পশ্চিমবঙ্গে, পূর্ব বঙ্গ শুনেছি, বাঙাল, ঘটি শুনেছি, কিন্তু 'মধ্য বঙ্গ' শুনিনি। বস্তুত কাদের কাদের নিয়ে মধ্য বঙ্গ হ'ল, মধ্য-বঙ্গ বলতে আপনি কোন অঞ্চলকে বোঝাতে চাইছেন? অবশ্য ইউ. আর. অ্যাট লিবার্টি টু ডু, কিন্তু তবুও আমি আপনার কাছে জানতে চাইছি। আমার মনে হচ্ছে আপনি বোধ হয় একটা নতুন জিনিস আবিষ্কার করেছেন। এর সাথে সাথে এডুকেশন মিনিস্টারও এখানে আছেন, তার কাছেও আমি এটা জানতে চাইছি। তারপর কতগুলো রেলেভেন্ট পয়েন্টে কিছু বলা দরকরা। এটা ৮ম পরিকল্পনার ৪র্থ বছর চলছে, তৃতীয় বছর শেষ হয়ে গেছে, আপনারা প্ল্যানের হাফের বেশি ইমপ্লিমেন্ট করতে পারেননি। আপ টু থার্ড ইয়ার ৩ হাজার কোটি টাকা পাওয়া গিয়েছে। টোটাল ৯,৯৬০ কোটি টাকার হাফ, অর্থাৎ ৫ হাজারের বেশি যাবার সম্ভাবনা নেই। এর মধ্যে মেজর হচ্ছে তিস্তা, সেখানেও অনেক কাজ বাকি আছে। আপনারা দেড় শো দিলে তবেই কেন্দ্র দেড়শো দেবে। আর সুর্বণরেখার কথা তো বলার মতো কিছুই নয়। তিস্তা এবং সুবর্ণরেখা ছাড়া আপনাদের হাতে তো আর বিশেষ কোনও কাজই নেই। সুতরাং আমি আপনার কাছে জানতে চাইছি প্ল্যানিং কমিশনে কিছু রিকাস্ট হ'ল কিনা, ম্যাচিং গ্রান্ট দিতে পারবেন কিনা, এগুলো পরিষ্কার আমি আপনার কাছে জানতে চাইছি। আপনার পরিকল্পনা সম্পূর্ণভাবে ব্যর্থ হতে চলেছে। উড়িষ্যার যেখানে ১০ হাজার কোটি টাকার পরিকল্পনা, সেখানে আপনাদের পরিকল্পনা ৫ হাজার কোটির বেশি হবার সম্ভাবনা দেখছি না। তাহলে কোথায় কোথায় এই পরিকল্পনা কাট ছাঁট হবে? যদি ইরিগেশন এবং ওয়াটার ওয়েজে কাট ছাঁট হয় তাহলে উন্নয়নের কোনও সম্ভাবনা নেই। গঙ্গা এবং পদ্মা বন্যায় ভাসছে, প্রতিবারই ভাসছে। এটা ডিক্লেয়ার করে দিতে পারতেন যে প্রতিবারই পশ্চিমবঙ্গ বন্যায় ভাসিতে থাকিবে, ইরিগেশনে কোনও কাজ হইবে না। তারপর মালদায় কি হয়েছে? আপনি মালদার মানুষ, মালদা এবং মুর্শিদাবাদে ইরোশন একটা ভয়নক আকার ধারণ করেছে। এর অ্যাটিচিউট কি, পরিষ্কার বলবেন, This must be necessary. আমরা ভাবব It must be funded by central Government or

Union Government এখানে যে বন্ধুরা খুব চিৎকার করে সেন্ট্রালের বিরুদ্ধে গালাগ করছিলেন সেন্ট্রালকে গালাগালি দেবার আগে দেখুন এবারে আপনাদের সেভেন্থ শিডিউ সেকেন্ড লিস্টটা একবার পড়ুন। Irrigation happens to be the States subject. জিনিসটা জানার দরকার আছে। ল অ্যান্ড অর্ডার নিয়ে কেন্দ্র বা রাজ্যের মধ্যে কোনও বি না দেখা দিতে পারে ইরিগেশনের ব্যাপারে, যদি অস্বীকার করে what is force a

[4-55 — 5-05 p.m.]

argument behind it ? যে বন্ধুরা চিৎকার করছিলেন সবিনয়ে নিবেদন করছি তা কাছে, যে তারা একবার সেভেন্থ শিডিউলের সেকেন্ড লিস্টটা দেখুন, তাতে কি আছে? is not even in concurrence list. যে বন্ধুরা বলছিলেন তাদের কাছে বলছি। কুচবিহা কোনও বন্ধু খুব চিৎকার করছিলেন ; এটা বোঝবার চেষ্টা করা দরকার স্টেট ফাংশ সেন্ট্রাল ফাংশন কনফারেন্স জুরিসডিকশন করেই হয়েছে এ জ্ঞানগম্যি না থাকলে শুধু চিৎক করে কাজ হয় না। আপনাকে বলতে পারি we are prepared to extend our c operation. কারণ রাজ্য ডুবে যাচ্ছে—আপনাদের ব্যর্থতার জন্য। আমরা অপোজিশন, আমা দৃষ্টিভঙ্গিতে আমরা সাপোর্ট করি না, দপ্তর ও রাজ্যের ক্ষতি হলে। আপনাদের টেন্থ ফিনা কমিশনে আপনারা যা দাবি করেছেন কংগ্রেস, অপোজিশন মোটামুটি ব্রডলি সাপোর্ট কর ইতিপর্বে টেন্থ ফিনান্স কমিশনে আপনাদের কতখানি দরকার যেটা আপনারা বলেছেন য প্ল্যান ডেফিসিট হয় তাহলে প্ল্যান ইমপ্লিমেন্টেশন হবে না। টেন্থ ফিনান্স কমিশনে কতখা দেওয়া দরকার। আপনাদের দপ্তরের জন্য কত দাবি করা হয়েছে সে সম্বন্ধে কোনও কথা বক্তব্যে নেই। আমি চিফ হুইপকে বলেছি আপনাকে সময় দেবার জন্য, কারণ মাত্র ১ মিনিটে এই প্রশ্নগুলির উত্তর দিতে পারবেন না। আপনার এখানে ফ্রম ৯৫ টু ২,০০০ ডি. এখানে সাড়ে ৩১ কোটি টাকা ডেফিসিট আছে। এখানে রেভিনিউ ডেফিসিট যা ইরিগেশন অ্যান্ড ওয়াটার ওয়েজে যেটা আমাদের বাজেটে আমার প্রশ্ন—আগুন লাগলে ত দেওয়ালগুলো থাকে—বন্যায় সেখানে বাড়ি, ঘর সব ভেঙ্গে যায়, আজকে পপুলেশন বাড় এগুলি ড্যামেজ হচ্ছে। রিসোর্স কম এটার সম্বন্ধে উল্লেখ করবেন। টেন্থ ফিনান্স কমিশনে কি বক্তব্য রেখেছেন? আর দুটো কথা বলি। এটা বর্ডার স্টেট। আমাদের পাশে বাংলা দে আছে, সেখানে অনেকগুলি নদী প্রবাহিত হয়। আমাদের সময়ে জয়েন্ট রিভার কমিশন ছিল এখানে সে সম্বন্ধে কোনও কথার উল্লেখ নেই। এটা কি অবস্থায় কি রকম কাজ করছে আমাদের যে জেলা সেখানে দক্ষিণ দিনাজপুরে বাংলাদেশে বন্যা হলে বাঁধ কেটে দেয় আর আমরা এখানে ডুবে যাই। জয়েন্ট রিভার কমিশনে কোনও মিটিং হয়েছে কিনা, কোনও মিউচুয়াল ডিসকাশন হয়েছে কিনা কি কি কাজ করতে পারে তার জন্য বসা হচ্ছে কিনা এ ব্যাপারে ওদের দৃষ্টি আকর্ষণ করতে পারেন না। তাদের লাভের জন্য আমরা শাস্তি পাই এ প্রসঙ্গে ফারাক্কার কথা আছে। এটাতে আপনাকে বলি ওয়েস্ট বেঙ্গল আইসোলেটেড নয় it is part of India. এখানে ন্যাশনাল ওয়াটার গ্রিড করা হচ্ছে, সেখানে ওয়েস্ট বেঙ্গলের কি ভূমিকা তা আমরা জানতে চাই। আপনাদের কি রোল? ন্যাশনাল ওয়াটার ম্যানেজমেন্টে আপনাদের পরামর্শ আছে কিনা, আপনাদের কথা মোটামুটি গ্রাহ্য করা হচ্ছে কিনা? আপত্তি কেন শুকিয়ে যাচ্ছে, ফারাক্কার পাশেই বাংলা দেশ, মানে যখন নেবার কান্ট্রি তখন কে ইরোশন যাচ্ছে না বলতে পারবেন না? বাংলাদেশের জন্য আমাদের জলের স্বল্পতা হবে পা

এ জন্য কলকাতা বন্দর কি শুকিয়ে যাবে? ৪০ হাজার কিউসেক জলের কথা—আমরা যখন ক্ষমতায় ছিলাম—এস. ইউ. সি.-র একজন এ সম্বন্ধে উল্লেখ করছিলেন প্রস্তাব করা হয়েছিল, সেটা অ্যাসিওর করা হোক। ৪০ হাজার কিউসেক জল পাচ্ছি না। সে জিনিসগুলি দেখা যায় না। সেগুলি দেখাতে পারলে আমরা খুশি হব। শেষ কথা রিসোর্স ইজ স্কোয়ার্স, আমাদের রিসোর্স খুব বেশি নয়, একটা স্কোয়ার্স রিসোর্সের প্রপার ম্যানেজমেন্ট কেন হবে না? এখানে মানসবাবু এবং শৈলজাবাবু যে কথা বলেছেন যে, সুবর্ণরেখার হেড কোয়ার্টার্স কলকাতায় কেন থাকবে। Why not the headquearter of Teesta project should not be located at North Bengal ?

সুবর্ণরেখার হেডকোয়ার্টাস কেন এখানে হবে না? ডিসিমিনেশন এবং ডিসেন্ট্রালাইজেশন অফ অ্যাডমিনিস্ট্রেশন কেন হবে না? এই জিনিসগুলি আমরা জানতে চাই। ওমর আলি মহাশয় বলেছেন যে তিস্তার কমান্ড এরিয়ায় অনেক চা বাগান হয়ে গেছে। আমি জানতে চাই, এটা কি আপনাদের মত নিয়ে হয়েছে ; আপনারা কি এটা সাপোর্ট করছেন? আমরা এ-ব্যাপারে চিফ মিনিস্টারের দৃষ্টি আকর্ষণও করেছি। এর উত্তর আপনি দেবেন আশা করি, কারণ তিস্তার কমান্ড এরিয়ায় চা বাগান হয়ে গেলে কি করে হবে? আপনাদের লেফট ফ্রন্টের আমলে সি. পি. এমের লিডারশিপে করাপশন প্রচন্ড বেড়ে গেছে। কাউকে আমি ইনক্রিমিনেট করতে চাই না, কিন্তু আমি শুনেছি, ওখানে একটা ডিপার্টমেন্ট-কন্ট্রাক্টর প্যারাডাইস তৈরি হয়েছে। এ-সম্পর্কে আপনি কোনও অভিযোগ পেয়েছেন কিনা ; পেয়ে থাকলে ঐ অভিযোগের কোনও ভিত্তি আছে কিনা? কারণ আমাদের রিসোর্স ইজ স্কোয়ারস। আপনি বাজেট স্পিচে বলেছেন এবং এখানে কেউ কেউ বলছেন যে, অপটিমাইজেশন অফ ইউটিলিটি করতে হবে। আজকে আপনাকে বলতে হবে, সেচের সঙ্গে অ্যাগ্রো ইন্ডাস্ট্রির কি সম্পর্ক। আর যদি কোনও সম্পর্ক না থেকে থাকে তাহলে বলুন, আপনি এই প্যারাটা আনলেন কেন? এটা আজকে প্রসিডিংস-এর অংশই বা হবে কেন? এটা তো মাইনর ইরিগেশনের সঙ্গে সম্পর্কিত নয়। এখানে শ্রী নির্মল দাস আছেন, তিনি আপনার দপ্তরের বাজেটের ব্যাপারে প্রি-বাজেট স্ক্রুটিনি করে যে রিপোর্ট দিয়েছেন প্যারা ৬, পেজ নম্বর ২য়, আমি তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি দেখবেন তাতে লেখা আছে—'দি প্রভিসনস টু মেক।' এটা 'প্রভিসনস টু মেক' হবে, নাকি 'প্রভিসনস টু বি মেড' হবে সেটা বলুন। ওতে তিনি আরও লিখেছেন—'বাজেট ফর দি কারেন্ট ইয়ার অ্যাপিয়ার টু বি মোর অর লেস স্যাটিসফ্যাক্টরি'-এর মানেই বা কি? এটাও পরিষ্কার নয়। অবশ্য আমি সাহিত্যের মানুষ নই, কিন্তু এর মানে বুঝতে পারছি না। তবে আপনার কোনও অধিকার নেই ভুল বুঝানোর। আজকে কেন সেক্রেটারিয়েট থেকে এটা সার্কুলেট করা হল? যদি ভুল থেকে থাকে, প্লিজ কারেক্ট ইট। কিন্তু আমি এই ইনঅ্যাকশন-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বন্যা নিয়ন্ত্রণে কোনও পদক্ষেপ নেই, সেচের সম্প্রসারণে কোনও কাজ হয়নি। আমি বলতে চাই, আজকে ইরিগেশনের সঙ্গে অন্যান্য বিভাগের কো-অর্ডিনেশন দরকার। ওয়েস্ট বেঙ্গলে কতগুলো পাম্প-সেটকে এনার্জাইস করা হয়েছে—মাত্র ৮৯ হাজার, কিন্তু তামিলনাডুতে কত—১৩ লক্ষ ১৯ হাজার। মনে করুন, এ-ব্যাপারে কংগ্রেস কিছুই করেনি, কিন্তু আপনারা তো ১৭ বছর ধরে ক্ষমতায় আছেন, এক্ষেত্রে আপনারা কতটুকু অ্যাচিভ করেছেন বলুন। সাবজেক্ট কমিটির রিপোর্টের মধ্যে একটা কন্ট্রাডিকশন দেখছি। এই কন্ট্রাডিকশনটা পরিষ্কার করলে খুশি হব। আমাদের এখানে

আমরা পিছিয়ে পড়ে আছি, কিন্তু মহারাষ্ট্রে ১৬ লক্ষ ৮ হাজার এনারজাইজ হয়েছে টিউবওয়েল এবং ডিপ টিউবওয়েল। কিন্তু আমাদের এখানে হয়নি। এখানে রিভার লিফট, টিউবয়েল, এগুলি কাজ করে না। তার জন্য কোনও মানুষ চাষের সময়ে জল পাচ্ছে না। কাজেই এগুলি সুপারভিসনের ব্যবস্থা করুন। আপনার সুপারভিসন ব্যবস্থায় যেন কোনও ত্রুটি না থাকে, মানুষ যাতে স্যাটিসফায়েড হয় সেই ব্যবস্থা করুন। আপনার সীমাহীন ব্যর্থতা এবং এই সরকারের দৃষ্টিভঙ্গির অভাব, বিকজ অব পলিটিক্যাল, সোশ্যাল অ্যান্ড ইকনমি মায়োপি অব দি স্টেট গভর্নমেন্ট, আমি ৬৬, ৬৭, ৬৮ এই তিনটি খাতে যে ৫০০ কোটি টাকার বরাদ্দ চেয়েছেন, আমি তার বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-05 — 5-15 p.m.]

**শ্রী গণেশচন্দ্র মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৪-৯৫ সালের সেচ এবং জলপথ দপ্তরের বাজেটের উপরে যে আলোচনা এতক্ষণ ধরে এই সভায় হয়েছে এবং যারা এই আলোচনায় অংশগ্রহণ করেছেন, তাদের সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আজকের এই আলোচনা সভার প্রথম বক্তা ছিলেন ডাঃ মানস ভূঁইয়া। তিনি এই বিষয়ে প্রায়ই বলেন এবং বিশেষজ্ঞ বলে মনে হয়। আমি জানতাম যে জল নিচের দিকে যায়, কিন্তু ওনার কথায় বোঝা গেল যে জল উপরের দিকে যায়। উনি প্রথমে বলনেল যে কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার জন্য পুরুলিয়ায় বন্যা হয়েছে। কংসাবতী জলাধার থেকে জল ছাড়ার জন্য মেদিনীপুরে বন্যা হতে পারে, কিন্তু পুরুলিয়াতে নয়। পুরুলিয়াতে বন্যা হয়েছিল অযোধ্যা পাহাড়ের ওখানে অসম্ভব বৃষ্টি হওয়ার জন্য। আপনারা সকলেই জানেন যে ক্ষতি হয়েছিল। সেচ দপ্তর তার অধীনে যে খালগুলি আছে সেগুলি সংস্কার করে দিয়েছে, যার ফলে পুরুলিয়া জেলায় সেচের ব্যাপারে কোনও রকম ত্রুটি হয়নি। ঠিক সময়ে সেচের ব্যবস্থা করা গিয়েছিল। সুতরাং উনি যে কথা বলেছেন সেটা ঠিক নয়। এরপরে উত্তরবঙ্গের বন্যা সম্পর্কে অনেকে বলেছেন। আমরা সকলেই এই বিষয়ে অবহিত। এই বন্যা কেন হয়েছে সেটা নিয়ে অনেক আলাপ-আলোচনা হয়েছে। গত ৭ই মে থেকে ১২ ই মে পর্যন্ত কুচবিহার, জলপাইগুড়ি জেলার সমস্ত জায়গা, বন্যায় ক্ষতিগ্রস্ত যে সমস্ত জায়গাগুলি আছে সেগুলি পরিদর্শন করা হয় এবং বন্যার পরবর্তীকালে যে নুতন করে বাঁধ তৈরি করা বা সংস্কার করার যে কাজ আমার দপ্তর হাতে নিয়েছিল সেটা কতটা শেষ হয়েছে তা সরেজমিনে তদন্ত করার জন্য সেখানে আমরা গিয়ে দেখেছি যে প্রায় ১৬৫টি জায়গায় বাঁধ মেরামতি করা হয়েছে। জলপাইগুড়িতে ১২৩টি, কুচবিহারে ৪২টি জায়গায় বিশেষ করে কালচিনি নদীর পাশ দিয়ে যে সমস্ত জায়গায় ভাঙ্গন হয়েছে সেই সমস্ত জায়গা মেরামত করা হয়েছে। শুধু তাই নয়, কুচবিহার, জলপাইগুড়ি জেলায় ওখানকার স্থানীয় বিধায়ক, প্রশাসক, জেলাপরিষদের সভাধিপতি এবং নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে আমরা সভা করেছি এবং এখনও যেটুকু কাজ বাকি আছে সেটাকে মে মাসে শেষ করার কথা বলেছি। এরপরে আমি আশা করছি যে উত্তরবঙ্গে বন্যার পরবর্তী সময়ে মেরামতির কাজ অনেকখানি করা সম্ভব হয়েছে এবং এই ক্ষেত্রে ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে ৩ কোটি টাকা, জওহর রোজগার যোজনা থেকে ৫ কোটি টাকা এবং সেচ দপ্তরের থেকে ৬ কোটি টাকা, এই টাকা ব্যয় করে সেখানে বাঁধগুলি মেরামতির কাজ করা সম্ভব হয়েছে।

এখানকার সমস্যা নিশ্চয়ই আছে, যে প্রশ্ন আসছে সেটা ঠিকই যে বন্যা নিয়ন্ত্রণ করা যাবে কিনা। এটা আমরা সকলেই জানি উত্তরবঙ্গের নদীগুলির উৎস হচ্ছে আমাদের প্রতিবেশি রাষ্ট্র থেকে। পাহাড়ের উপর যখন বৃষ্টি হয় তখন জলের ঢল নেমে আসে আমাদের রাজ্যে, সেটা নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। এটা প্রকৃতির নিয়ম, এই ব্যাপারে মানুষ চেষ্টা করলেও সেটা রুখতে পারে না। এতদ্‌সত্ত্বেও বন্যায় যাতে ক্ষয়-ক্ষতি না হয় তার জন্য বাঁধগুলির মেরামত এবং বাঁধগুলি আরও উঁচু করার পরিকল্পনা আছে এবং সেটা কার্যকর করা হচ্ছে। এই প্রসঙ্গে বলতে চাই মেদিনীপুরেও বন্যা হয়, গত সেপ্টেম্বর মাসের শেষে বন্যা হয়েছে। আমি সেখানে গিয়েছিলাম এবং মাননীয় বিধায়ক মানসবাবু আমার সঙ্গে ছিলেন এবং অনেক জন প্রতিনিধি সেখানে ছিলেন। অবস্থা সত্যিই ভয়াবহ সেটা আমরা সকলেই জানি এবং সেই জন্য একটা দীর্ঘস্থায়ী পরিকল্পনা তৈরি করার কথা আছে। নিশ্চয়ই আমাদের এম. আই. সি. সেটা আপনাকে জানাবেন। আমি এই টুকু বলতে পারি যে বাঁধগুলি প্রাথমিক ভাবে মেরামত করা হয়েছে, স্লুইস গেট যে গুলি খারাপ ছিল সেইগুলি মেরামত করা হয়েছে। যে বাঁধগুলিকে আরও শক্তিশালী করার কথা ছিল সেইগুলি এখনও করা সম্ভব হয়নি। এরপর আমি আসছি সুন্দরবন সম্পর্কে। মাননীয় সদস্য প্রবোধবাবু কয়েকটি প্রশ্ন তুলেছেন। তিনি প্রশ্ন তুলেছেন ঠিক, সময়ে নদী বাঁধগুলি সংস্কার হয় না, বর্ষার মধ্যে কাজ করা হয়, ফলে অর্থের অপচয় হয়, এই অভিযোগ তিনি করেছেন। এখন অবস্থাটা সেই জায়গায় নেই। এখন শুখা মরশুমে বাঁধগুলি মেরামত করার পরিকল্পনা করা হয়। বর্ষার মধ্যে যখন দেখা যায় যে কোনও জায়গায় আটকানো যাচ্ছে না, যে কোনও মুহূর্তে বাঁধ ভেঙে পড়তে পাবে তখন সেখানে মেরামত করা হয়। দু-ভাগে নদী বাঁধগুলির সংস্কারের কাজ করছি। শুধু যেগুলি মাটির কাজ সেইগুলি জওহর রোজগার যোজনার মাধ্যমে করা হচ্ছে। পঞ্চায়েত সমিতির হাত দিয়ে সেই কাজগুলি করা হচ্ছে। এটা নিশ্চয়ই মাননীয় সদস্য জানেন জেলা পরিষদ থেকে পঞ্চায়েত সমিতিতে ফেব্রুয়ারি-মার্চ মাসে টাকা দেওয়া হয়েছে। আমার কাছে যে সংবাদ আছে সেটা হচ্ছে এই যে পাথরপ্রতিমা এবং নামখানা এই দুটি ব্লকে যে পরিমাণ টাকা দেওয়া হয়েছে সেই পরিমাণ টাকা খরচ করা সম্ভব হয়নি। কেন জানি না এই দুটি পঞ্চায়েত সমিতি কংগ্রেসের দখলে। মাননীয় সদস্যকে জানাতে চাই এই দুটি পঞ্চায়েত সমিতি কংগ্রেসের দখলে আছে, এই জন্য কাজের বিলম্ব হচ্ছে। অপরদিকে একটা প্রশ্ন উনি তুলেছেন যে সন্দেশখালি এবং সুন্দরবন অঞ্চলের বিভিন্ন এলাকা ধানের জমিতে নোনা জল ঢুকিয়ে মাছ চাষের প্রবণতা দেখা দিয়েছে। এটা আমরা জানি যে ছোট ছোট চাষীরা প্রতারিত হচ্ছে। তাদের প্রথমে লোভ দেখানো হয় বেশি টাকার সুযোগ তারা পাবে। এই ভাবে তারা জমি নেয়। দু-একবার এই টাকা দেয়, তারপর আর দেয় না। তারা এই বড় বড় মালিকদের বিরুদ্ধে বিরোধিতা করতে পারে না। সেইজন্য তাদের পিছু হটতে হয়। তখন। প্রতিটি ক্ষেত্রে থানায় এফ. আই. আর করি এবং দুর্ভাগ্যের বিষয় সব ক্ষেত্রে আশানুরূপ ফল পাওয়া যায়নি। আমার দপ্তর থেকে থানায় এফ. আই. আর. করে ফল হচ্ছে না। সেইজন্য রাজনৈতিকভাবে জনমত সংগঠিত করার চেষ্টা করছি। অনেকগুলি বিষয় আছে যেগুলি শুধু আমার দপ্তরের উপর নির্ভর করে না, সাধারণ প্রশাসন, পুলিশ প্রশাসন, পঞ্চায়েত এবং অন্যান্য দপ্তরের উপর নির্ভর করে। ওই সমস্ত ডিপার্টমেন্টের সাহায্য না পেলে এইগুলি করা যায় না। উত্তরবঙ্গে আমরা দেখেছি মহানন্দার চরে লোক বসে আছে, তোলা যায় না। বন্যা যখন আসে তখন ক্ষয়-ক্ষতি হচ্ছে। আমরা যখন কোনও নির্মাণ কাজ বা মেরামতের কাজের

পরিকল্পনা করি, বাঁধগুলির উপর যে লোক বসে থাকে, তাদের যতক্ষণ না সরানো যায় ততক্ষণ কাজ করা যায় না।

সুতরাং সামগ্রিকভাবে পুলিশ পঞ্চায়েত এবং অন্যান্য দপ্তরের যৌথ প্রচেষ্টা ছাড়া এই ধরনের কর্মকান্ডে সফলতা লাভ করা যায় না। যাই হোক, আমার সময় কম, এখানে কিছু কাট মোশন নিয়ে আসা হয়েছে সুন্দরবনের নদী বাঁধগুলো ভাল হচ্ছে না কেন বলে। আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করছি এবং আমাদের ব্যয় বরাদ্দের যে দাবি উত্থাপন করেছি তার সমর্থন চেয়ে, আপনাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-15 — 5-25 p.m.]

**ডঃ ওমর আলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার দপ্তরের যে বাজেট বরাদ্দের দাবি উত্থাপন করেছি এবং এই সভার অনুমোদন চেয়েছি, তার বিরোধিতা করে বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশনগুলো আনা হয়েছে, আমি প্রথমেই তার বিরোধিতা করছি। বিরোধী দলের সদস্য মাননীয় জয়নাল আবেদিন সাহেব আমার বাজেটে 'কৃষি শিল্প নিগম'-এর এই প্যারাটা কেন অন্তর্ভুক্ত হয়েছে, এই নিয়ে প্রশ্ন তুলেছেন। আগের বাজেট বইগুলো উনি যদি দেখেন তাহলে দেখবেন, আমরা বরাবরই বাজেট বইতে এটা অন্তর্ভুক্ত হয়েছে, এই নিয়ে প্রশ্ন তুলেছেন। আগের বাজেট বইগুলো উনি যদি দেখেন তাহলে দেখবেন, আমরা বরাবরই বাজেট বইতে এটা অন্তর্ভুক্ত করে থাকি। এটা একটা কনভেনশন। রেলিভ্যান্ট বা ইরেলিভ্যান্ট, যাই বুঝুন না কেন, একটা কনভেনশন যেটা আছে, সেই অনুযায়ী এটা দিয়েছি, কিছু অন্যায় বা অনিয়ম করেছি তা নয়। এখানে আমরা আমাদের যে ওয়াটার ট্যাক্স, সেটাতে আমরা দাতব্য করিনি। আমরা যেখানে ডিপ টিউবওয়েল এবং আর. এল. আই. চালাচ্ছি, সেখনে জলকর নেওয়া হয়। দাতব্যের কোনও প্রশ্ন নেই। আমাদের যে অগভীর নলকূপ, নিম্ন ক্ষমতাসম্পন্ন নলকূপ, যেগুলো আমরা গুচ্ছ আকারে বসিয়েছি, সেই জায়গাগুলোতে অপারেশন এবং মেনটেনেন্স এবং তার রক্ষণাবেক্ষণের দায়-দায়িত্ব পঞ্চায়েতের মাধ্যমে উপকৃতদের মধ্যে তাদের হাতে তুলে দিয়েছি। তারা সেগুলি পরিচালনা করছেন। সুতরাং সেটিতে দাতব্যের প্রশ্ন নেই। এখন জলকর বাড়ানো হবে কি হবে না, উচিত হবে কি হবে না, আমি সেই প্রশ্নের মধ্যে যেতে চাই না। সাবজেক্ট কমিটির রিপোর্ট সম্বন্ধে উনি বিকৃত একটি ব্যাখ্যা করেছেন। সাবজেক্ট কমিটির রিপোর্টে বিশ্বব্যাঙ্কের সহায়তা নিয়ে বিরোধিতা করেনি। এটা নিয়ে বলা হয়েছে যে, বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তা নিয়ে চলছে প্রধানত এই দপ্তর। কিন্তু তারপরে এই দপ্তরের কি কাজ থাকবে, এই প্রশ্ন তুলেছেন। আমি আপনাদের অবগতির জন্য জানাই, বিশ্বব্যাঙ্কের প্রকল্প ১৯৯৪ সালের মার্চে যা শেষ হয়েছে, তার যে অবশিষ্ট কাজ সেগুলোকে করার জন্য এবং আরও নতুন কাজ করার জন্য, প্রধানত উত্তরবঙ্গকে গুরুত্ব দিয়ে—সেজন্য দ্বিতীয় দফায় আর একটি প্রকল্প বিশ্বব্যাঙ্ক কর্তৃপক্ষের অনুরোধ ক্রমে—তাদের কাছে অনুরোধ করেছি। আমরা এক্সটেশন চেয়েছিলাম। ওরা এক্সটেনশন দেননি। কিন্তু তার মানে মন্ত্রী হিসাবে আমি অপদার্থ, আমার ইঞ্জিনিয়ার, অফিসাররা অপদার্থ, তা নয়। বিশ্বব্যাঙ্ক পরিষ্কারভাবে বলেছেন, তারা লিখিতভাবে বলেছেন যে, আপনাদের কাজ সন্তোষজনক হয়েছে। অন্যান্য রাজ্যের চাইতে সন্তোষজনক হয়েছে। তা সত্ত্বেও আমরা এক্সটেশন দিতে পারছি না। ওদেরই নিয়মে সেটাতে এক্সটেশন দেননি। এটি আমাদের অপদার্থতার জন্য নয়। ওরা বলেছেন,

আপনারা দ্বিতীয় প্রকল্প জমা দিন যাতে প্রথমে ওদের যে প্রকল্প চালু আছে সেটি অন্তর্ভুক্ত থাকবে। আমরা সেজন্য দ্বিতীয় দফায় ২৭১ কোটি টাকার প্রকল্প জমা দিয়েছি।

এবং তাছাড়া আমরা ফেডারেল রিপাব্লিক অফ জার্মানি তার কাছে ভারত সরকারের মাধ্যমে ওয়েস্টবেঙ্গল টিউবওয়েল ইরিগেশান প্রজেক্ট নামে একটি প্রকল্প জমা দিয়েছি। সেখানে আমরা উত্তরবঙ্গকে গুরুত্ব দিয়েছি। উত্তরবঙ্গে কৃষি উন্নয়নের জন্য মাটির তলার সঞ্চিত জল ব্যবহার করার চেষ্টা করা হচ্ছে। উত্তরবঙ্গের মাটির তলার সঞ্চিত জল দক্ষিণবঙ্গের তুলনায় অনেক ভাল। এইসব বিবেচনা করেই আমরা দিয়েছি এবং ওঁনারাও আমাদের দপ্তরের কাজে সন্তোষ প্রকাশ করেছেন। তাছাড়া মাটির উপরের জল বিশেষ করে কিভাবে ব্যবহার করা যায়, মাটির তলার জল যাতে কম করে ব্যবহার করা যায় সেইজন্য আমরা জনসাধারণকে সতর্ক করে দিচ্ছি। জনগণের মধ্যে সচেতনতা না আনলে এ আইন করে কিছু হবে না। কেউ কেউ বললেন যে অনেক রাজ্যে এর আইন হয়েছে। আমি বলি আইন করে তারা এখনো চালু করতে পারেন নি। সুতরাং প্রধান কারণ হচ্ছে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা। মানুষকে যাতে আরো বেশি করে সেচ সচেতন করা যায় তার চেষ্টা করতে হবে। আমরা দেখছি যে, জনসাধারণ আরো বেশি সচেতন হয়েছে মাটির তলার জল ব্যবহারের ক্ষেত্রে। তারপরে আমরা সিদ্ধান্ত নিয়েছি সমুদ্র উপকূলবর্তী যে লোনা জল আছে ৫টি জেলায় আছে তার ৭টি ব্লকে কি ধরণের প্রকল্প নেওয়া যায় তাতে চাষের কাজে লাগতে পারে। এছাড়া ৪টি জেলার ৮৫টি প্রবলেম ব্লক, সেখানে মাটির তলার জল যাতে আরো বেশি করে ব্যবহার করা যায় সেই সম্বন্ধে চিন্তা-ভাবনা করছি। এই ব্যাপারে নতুন একটা প্রকল্প তৈরি করে কাজ আমরা শুরু করেছি। কাঁকুড়ে মাটি এলাকা পুরুলিয়া, বাঁকুড়াতেও যাতে সেচের কাজ করা যায় তার চেষ্টা করা হচ্ছে। সমুদ্র উপকূলবর্তী লোনা জল ৫টি জেলার ৭টি ব্লকে কিভাবে সেচের কাজে লাগান যায় তার চেষ্টা করা হচ্ছে। তাছাড়া উত্তরবঙ্গের উন্নতির জন্য আমরা ভাগ ভাগ করে কাজ শুরু করছি। সেখানে প্রত্যেক জেলার সোর্স আছে। দার্জিলিয়ের ঝোরো যেগুলো আছে সেগুলোকে ডেভেলপ করে সেচের কাজে লাগানোর চেষ্টা করা হচ্ছে। তাছাড়া কাঁকুড়ে মাটিকে কিভাবে চাষের কাজে লাগিয়ে তা থেকে অধিক ফসল ফলানো যায় তার চেষ্টা করা হচ্ছে। তাছাড়া যেসব স্লুইজ গেট সেগুলোর সংস্কার করে আরো যাতে কাজে লাগান যায় তার চেষ্টা করা হচ্ছে। উত্তরবঙ্গে দীঘি, বিল অনেক আছে। ওই সব দীঘি বিলে জল ধারণের বিশেষ ক্ষমতা আছে এবং সেগুলোকে কাজে লাগিয়ে যাতে সেচের কাজে লাগিয়ে আরো বেশি করে ব্যবহার করা যায় তারজন্য নানা ধরনের প্রকল্প আমরা তৈরি করব। এরজন্য যে টাকা লাগবে তা আমাদের বাজেটের টাকা থেকে এর সংস্থান করতে না পারলে ভারত সরকারের মাধ্যমে বাইরের আর্থিক সংস্থার কাছে সাহায্যে আমরা অবশ্যই চাইব। সুতরাং আমরা চেষ্টা করছি যেভাবেই হোক সেচের উন্নতি করার। তারপরে ডাঃ জয়নাল আবেদিন সাহেব বললেন যে, বিদ্যুতের সঙ্গে সমন্বয় রক্ষা করার ব্যাপারে, আমরা সমন্বয় রক্ষা করেছি। আমরা সমন্বয় রক্ষা করার মধ্য দিয়ে অনেকটা এগিয়েছি। আগে যে অবস্থা ছিল, বিদ্যুতের কানেকশনের ক্ষেত্রে যে গ্যাপ ছিল সেই কানেকশনের গ্যাপ আমরা পূরণ করতে পেরেছি। এই ব্যাপারে ইনস্টলেশনের ব্যবস্থা করেছি, কারণ যখন অচল হয়ে পড়বে তার ব্যবস্থা নিতে পারি। এরজন্য একটা পারসেনটেজ ঠিক করেছি। শুধু তাই নয়, আমরা ৩ ধরনের গভীর নলকূপ বসানোর চেষ্টা করেছি। তারমধ্যে ৪ হাজার ৮৬৬টি

বসানোর কথা এবং এখন চালু আছে ৪ হাজার ৩৯৯টি। আমাদের বাধা আছে শুধু ১১.২৪, পারসেনটেজ হচ্ছে ১১.৫৮। সুতরাং এইটা যান্ত্রিক ব্যাপার, যে কোন মুহূর্তে বিপদ হতে পারে, যজি ভোল্টেজ কম হয় চলবে না। যদি নদীর কোর্স পাল্টে যায় তাহলে চলবে না, যদি চোক্‌ড হয়ে যায়· তাহলে চলবে না। ট্রান্সফরমার এর সোর্স লাইন যদি ব্যাহত হয়

[5-25 — 5-35 p.m.]

তাহলে চলবে না, ট্রান্সফরমার যদি চুক্তির হয়ে যায়, ট্রান্সফরমার যদি ড্যামেজ হয়ে যায় তাহলে চলবে না। এটা যান্ত্রিক ব্যাপার, এটা হতে পারে। এটা আবশ্যিক ব্যাপার নয়। এটা ঘটতে পারে। এই যে অচল ব্যাপারটা, এটার কারণ হচ্ছে, ট্রান্সফরমার যদি চুরি হয়ে যায়, তার যদি চুরি হয়ে যায়। ট্রান্সফরমার ড্যামেজ হলেও হতে পারে। জয়নাল সাহেব তো বিদ্যুতের সমন্বয়ের কথা বললেন, বিদ্যুতের না হয় সমন্বয় করলাম, কিন্তু চোরের সঙ্গে সমন্বয় করার ব্যবস্থা নেই। যদি জয়নাল আবেদিন সাহেব চোরের সঙ্গে সমন্বয়ের ব্যবস্থা করে দেন তাহলে আমি বাধিত হবো। ঐ সমস্ত প্রকল্পে কাজ যাতে ভালভাবে চালানো যায় সেইজন্য আমরা আমাদের কাজের ৮০ ভাগেরও বেশি কাজ শেষ করে ফেলেছি। এর মধ্যে বাকি যে কাজ আছে সেটা দ্বিতীয় পর্যায়ে আমরা অন্তর্ভুক্ত করেছি। কিন্তু যদি আমরা দ্বিতীয় পর্যায়ে এটা গ্রহণ করতে না পারি তার জন্য আমরা এটুকু আপনাদের আশ্বস্ত করতে পারি, আমাদের প্রকল্প যেটা আছে, তাতে রাজ্য সরকারের টাকায় সমস্ত কাজ শেষ করবো এটুকু বলছি। বিরোধিদের সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের হাতে যা সময় আছে তাতে শেষ হবে না, আমি এটার আরো আধ ঘণ্টা বাড়িয়ে নিচ্ছি, আশাকরি আপনাদের আপত্তি নেই।

**শ্রী আবদুল মান্নান :** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। আমাদের মাননীয় মন্ত্রী ওমর আলি সাহেব একটু আগে বললেন, উনি যেটা বলেছেন সেটা সত্যি কথাই বলেছেন। বিদ্যুৎ দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করা দরকার, এটা করতে পারেন, কিন্তু চোরের সঙ্গে সমন্বয় করাটা ওনার পক্ষে সম্ভব নয়। উনি কি জ্যোতিবাবুর পুলিশ দপ্তরকে কটাক্ষ করে বলতে চাচ্ছেন, এটা তো পুলিশ মন্ত্রীর কাজ, জয়নাল আবেদিন সাহেবের কাজ নয়।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার :** এটা পয়েন্ট অফ অর্ডার হয় না, বসুন বসুন।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে ব্যয়-বরাদ্দ পেশ করা হয়েছে তার উপর ১৩ জন বক্তা বক্তব্য রেখে এখানে আলোচনায় অংশ গ্রহণ করেছেন। বিরোধি দলের ৭ জন আলোচনায় অংশ নিয়েছেন। আমি তাঁদের বক্তব্যগুলি খুব ভাল করে শোনবার চেষ্টা করেছি এবং এতে প্রথমে লক্ষ্য করেছি যে বিরোধীদলের নেতারা সব সময় যেটা বলেছেন দৃষ্টিহীন, আমি অতখানি রূঢ় হতে পারব না জয়নাল আবেদিন সাহেবের চোখে তার ছানি পড়েছে, অথবা ডাঃ মানস ভূঁইঞ্যার তার চোখের নাড়িগুলি শুকিয়ে গেছে। আমি অতখানি আনচ্যারিটেবিল কথা বলতে অভ্যস্ত নই, আমি বলতেও পারব না। আমার মনে হয়, কিছুটা না জানার ফলে সমস্ত তথ্যগুলি না জেনে কিছুটা বিরূপ

সমালোচনা করেছেন। আমি সেইজন্য সাধ্যমতো চেষ্টা করব, বিশেষ করে বিরোধীদলের নেতা জয়নাল আবেদিন সাহেব যে তথ্যগুলি জানতে চেয়েছেন আমি সেইগুলি ক্যাটিগোরিকালি উত্তর দেওয়ার চেষ্টা করব সংসদীয় রাজনীতিতে সম্মান জানাবার জন্য। আপনাদের কাছে কিছু ঘটনা বলতে চাই, তথ্য জানাতে চাই, সেইগুলি না জানার ফলে হয়েছে, অবশ্য জেনে ভান করলে সেটা আলাদা কথা। এখানে যে সমস্ত কাটমোশনগুলি বিরোধী দল এনেছেন, সেচ সম্প্রসারণে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছেন বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে, আমি প্রথমে বলতে চাই আমাদের সেচে অল ইণ্ডিয়া অ্যাভারেজ, সর্বভারতীয় গড় কি, কিছুদিন আগে হরিয়াণার সেচমন্ত্রী আমাদের সঙ্গে দেখা করতে এসেছিলেন, আমরা জানতাম হরিয়াণার সেচের সম্প্রসারণের ব্যাপারে ভারতবর্ষের যে কয়টি রাজ্য এগিয়ে আছে তার মধ্যে পাঞ্জাব এবং হরিয়াণা নিঃসন্দেহে ১ ও ২ নম্বরে।

এটা ঠিকই, হরিয়াণার কাছে হয়ত আমরা পৌঁছতে পারিনি। কিন্তু ১৭ বছরে বামফ্রন্ট সরকার এই কৃতিত্ব দাবি করতে পারে ২৩ লক্ষ হেক্টর জমি যেটা হল শতকরা হিসাবে ১০০ ভাগ। আমরা সবাইকে সেচের আওতায় নিয়ে আসতে পারি সেখানে আমরা দাঁড়িয়েছি, ১৩ লক্ষ হেক্টর আমরা করেছি অর্থাৎ পারসেন্টেজের হিসাবে যেটা দাঁড়াল শতকরা ৫৮ ভাগ। সেখানে হরিয়াণা হচ্ছে শতকরা ৬২ ভাগ। আমরা দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছি। এই ব্যাপারটা অনুধাবন করবার জন্য আমি অনুরোধ করব। দ্বিতীয়ত হচ্ছে আমি বছর বছর না ধরে, আমি যদি বামফ্রন্ট সরকারের আগের দশ বছর বাদও দিই, শুধু শেষের পাঁচ বছর ধরি, তাহলে এই শেষের পাঁচ বছরে আমাদের সেচের সম্প্রসারণ কি হয়েছে সেই হিসাবটা একটু দেখুন। ১৯৮০-৯০ সালে ১৩,৪০০ হেক্টর হয়েছে; ১৯৯০-৯১ সালে ১৫,০০০ হেক্টার হয়েছে; ১৯৯১-৯২ সালে ৫,০০০ হেক্টর হয়েছে; ১৯৯২-৯৩ সালে ৯,০০০ হেক্টর হয়েছে, ১৯৯৩-৯৪ সালে ১৮,০০০ হেক্টর হয়েছে। তাহলে দেখুন পাঁচ বছরে মোট ৬০ হাজার হেক্টর জমিতে সেচের কাজ সম্প্রসারণ হয়েছে। কাজেই এটা প্রমাণ করে না আমরা পিছিয়ে আছি। আমি এবারে তিস্তার ব্যাপারে আসছি। এবারে বিরোধীরা তিস্তার ব্যাপারে বেশি সমালোচনা করলেন না। তবে একজন সদস্য একটা সমালোচনা করছেন এবং সেটা ন্যায্য সমালোচনা। গত তিন-চার বছরে তিস্তার ব্যাপারে প্রচণ্ড সমালোচনা ছিল। আমি সাবজেক্ট কমিটি অন ইরিগেশনের সদস্যদের নিয়ে তিস্তা প্রকল্পটি পুঙ্খানুপুঙ্খরূপে দেখিয়েছি। আমরা সাংবাদিকদেরও সেখানে নিয়ে গিয়েছিলাম। উত্তরবঙ্গ সংবাদ থেকে আরম্ভ করে ৩।৪ তিন-চারটি সংবাদপত্রের সাংবাদিক বন্ধুরা সেখানে গিয়েছিল। আশা বিরোধীদলের বন্ধুরা কেউ বলবেন না উত্তরবঙ্গ সংবাদ বামফ্রন্ট দ্বারা পরিচালিত হচ্ছে। কিন্তু আশ্চর্যের বিষয়, তারা প্রকল্পটি দেখার পর অবজেকটিভলি রিপোর্ট দিয়েছে। সবকটি সংবাদ সেই ব্যাপারে রিপোর্ট বার করেছে, আমি এইগুলো পাঠ করবার জন্য বিরোধী বন্ধুদেরকে অনুরোধ করছি। আমি গত বছরে এই হাউসের সামনে কথা জানিয়েছিলাম যে আগামী এক বছরের মধ্যে আমার দপ্তর তিস্তায় নতুন করে প্রায় ২৫ হাজার হেক্টর, অর্থাৎ আড়াই দিয়ে গুণ করে তাকে একর বললেন, সেচের সম্প্রসারণের কাজ তৈরি করব এবং ১৯৯৪-৯৫ সালে ১ লক্ষ ৫০ হাজার একর জমিতে তিস্তার সেচের কাজে আমরা সম্পূর্ণ করব। খুব ঝুঁকি নিয়ে বিধানসভায় গত বছর আমি এই কথাগুলো বলেছিলাম। আমি আসামির কাঠগোড়ায় দাঁড়াতেও প্রস্তুত, এ. কথা আমি বলেছিলাম বাজেট বরাদ্দ পেশ করার সময়ে গতবারে। আমি বিনয়ের স...

বলতে পারি আমি শতকরা ১০০ ভাগ সফল হয়নি। আমি ৮২ ভাগ সফল হয়েছি। গত বছর '২৫ হাজার হেক্টরের জায়গায় আমি ২১ থেকে ২২ হাজার পর্যন্ত পেরেছি, অর্থাৎ আড়াই দিয়ে গুণ করলে কিউমুলেটিভ দেড় লক্ষ হেক্টর-এর জায়গায় আমরা ১ লক্ষ ২৫ হাজার একর করতে পেরেছি। শতকরা আমরা ৮০-৮২ ভাগ সফল হয়েছি। ১ লক্ষ ২৫ হাজার একর জমিতে সেচের কাজ হয়েছে। অর্থাৎ চারভাগের তিনভাগ জায়গায় রিয়েল ইউটিলাইজেশন হয়েছে এবং কৃষি দপ্তর এর সাফল্য বহন করবে। আরেকটা জিনিস জেনে রাখা ভালো, দু বছর আগে যখন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছিলাম এবং সেখানে কংগ্রেসের নেতৃস্থানীয় সদস্যরাও গিয়েছিলেন। তখন কথা হয়েছিল তিস্তার ব্যাপারে যে এখন থেকে একটা প্লানের মধ্যে ফার্স্ট স্টেজের কাজ শেষ করতে হবে এবং ওর জন্য ১৫০ কোটি টাকা দেবে এবং আমরা দেব ১৬৫ কোটি টাকা।

[5-35 — 5-45 p.m.]

গত দু বছরে তাদের দেবার কথা ছিল ৪০ কোটি টাকা। কুড়ি কোটি প্লাস কুড়ি কোটি ৪০ কোটি টাকা। এর কি উত্তর আছে বিরোধী দেলের নেতা জয়নাল সাহেব? নরসিমা রাও-এর সরকার কিন্তু ৪০ কোটির জায়গায় ২৬ কোটি দিয়েছেন, ১৪ কোটি দেননি। দু নং কথা, ৫৭ কোটির মধ্যে ১২ কোটি বাদ দিলে রাজ্য সরকারের, আমাদের সরকারের ৫৭ থেকে ১২ বাদ দিলে ৪৫ কোটি টাকা। এটা জেনে রাখা ভাল যে এটা রাজ্য সরকার তিস্তা প্রকল্পে খরচ করেছেন। আপনারা দিয়েছেন ১২ কোটি টাকা। ১৪ প্লাস ১২ সমান ২৬ কোটি টাকা কুড়ি প্লাস ২০-র মধ্যে। তিন নং কথা, এই যে ৪৫ কোটি টাকা খরচ করলাম—এটা খরচ করতে পারলাম কি? সাবজেক্ট কমিটির মেম্বারা নিজের চোখে দেখে এসেছেন, সাংবাদিকরা নিজের চোখে দেখে এসেছেন। আমি তো আমার হেড কোয়ার্টার প্রায় সেখানেই তৈরি করে ফেলেছি। মাসের মধ্যে প্রায় ৭/৮ দিন সেখানে থাকি। আমাদের অধিকাংশ ইঞ্জিনিয়াররা বেশির ভাগ সময় সেখানে থাকেন। চিফ ইঞ্জিনিয়ার ৩০ দিনের মধ্যে ২১ দিন সেখানে থাকেন। এই থাকার ফলে কাজের ডাইনামিজম, গতি সেখানে বেড়েছে সেখানে ঘটনাটা দাঁড়াচ্ছে এই অল্প সময়ের মধ্যে—এর তুলনা অন্য জায়গায় নেই—এর মধ্যে দুটি বড় অ্যাকুয়াডাক্ট চেঙ্গা এবং মাঞ্জা নদীর উপর—দুটি বড় অ্যাকুয়াডাক্ট তিন কোটি করে তার কাজ সম্পূর্ণ। কাঁচন বিলের উপর অসাধারণ কাজ ৪।। থেকে ৫ কোটি প্রায় সমাপ্ত। মহানন্দা মেন ক্যানেল ডিস্ট্রিবিউটারের উপর একটা ক্রশ ড্রেনেজ, একটা বিশাল অ্যাকুয়াডাক্ট, সেটা প্রায় সমাপ্ত হয়ে গিয়েছে। ৪/৫টি বড় কন্সট্রাকশন আমাদের শেষ হয়ে গিয়েছে। উত্তর দিনাজপুরের লোকরা শুনলে খুশি হবেন, সেখানে আমরা জল দিতে পারিনি, আমরা এ বছর থেকে উত্তর দিনাজপুরে দিতে শুরু করেছি। কেবল পূর্ত বিভাগ একটা কাজ শেষ করতে পারেননি চটের হাটের ওখানে সেইজন্য দিতে পারিনি, আগামী বছর তারা সেই কাজটা করে দেবেন বলেছেন, আমরা প্রচুর পরিমাণে জল উত্তর দিনাজপুরে নিয়ে যাব। এই সভায় ফের প্রতিশ্রুতি দিচ্ছি যেমন গতবার দিয়েছিলাম এ বছর ১৯৯৪/৯৫ সালে ৪০ হাজার হেক্টর অর্থাৎ প্রায় এক লক্ষ একর জমিকে সেচ সমর্থ তৈরি করতে পারব তিস্তা প্রকল্পে এবং তার মূল বেনিফিসিয়ারি হবে উত্তর দিনাজপুর কুচবিহার এবং জলপাইগুড়ি জেলা। প্রশ্নটা উঠেছে ফরোয়ার্ড ব্লকের সদস্যের কাছ থেকে, সঠিকভাবেই বলেছেন, অন্যরাও বলেছেন, কুচবিহারে কবে জল যাবে? কুচবিহারে জল না যাবার পেছনে সবচেয়ে বড় কারণ হচ্ছে আপনারা জানেন, এ দিকে আমরা জোর

দিয়েছি এবং বোধ আইনের খানিকটা বাইরে একটা ঝুঁকি নিয়ে সেচ মন্ত্রী হিসাবে ফরেস্টের ক্লিয়ারেন্সটা যে জায়গায় পাইনি ও দিকে অনেকটা খাল কেটে দিয়েছি বাঁ দিকে। এশিয়ার বৃহত্তম অ্যাকুয়াড্যাক্ট তৈরি হচ্ছে তেমনি দ্বিতীয় বৃহত্তম অ্যাকুয়াডাক্ট এ বছর তৈরি হতে চলেছে—ধরলা অ্যাকুয়াডাক্ট প্রায় ১৫ কোটি টাকা খরচ করে। যদি ফরেস্ট এবং এনভায়রনমেন্টের ক্লিয়ারেন্স আমরা পেয়ে যেতাম তাহলে আজকে কুচবিহার এবং জলপাইগুড়ির ময়নাগুড়ি সহ অন্য থানাগুলিতে সেচ সমর্থ তৈরি করতে পারতাম। মাননীয় মুখ্যমন্ত্রী দিল্লি যাচ্ছেন, সেখানে তিনি বন ও পরিবেশ মন্ত্রীর সঙ্গে কথা বলবেন, আমরা কাগজপত্র তৈরি করে পাঠিয়েছি। আগামী মাসের মধ্যে এসে গেলে দু বছরের মধ্যে জলপাইগুড়ি, কুচবিহার জেলার প্রায় ৯৪ হাজার হেক্টর জমিকে আমরা সেচ সমর্থ তৈরি করতে পারব। এবারে আমি আসি ডাঃ মানস ভূঁইয়ার প্রশ্নে। আমি মূল জিনিসগুলি বলতে চাই। কেলেঘাই, কপালেশ্বরী, বাঘাই—এটা হচ্ছে ড্রেনেজ স্কীম। অনেক সময় একটা প্রতিবাদ আসে যে আমরা বামফ্রন্ট সুষমভাবে করি না। কখনও উত্তর আবার কখনও মধ্য বঙ্গকে জোর দিচ্ছি কিন্তু মেদিনীপুরের দিকে জোর দিচ্ছি না। এটা আদৌ ঠিক নয়।

[5-45 — 5-55 p.m.]

আপনারা যদি আমাদের বাজেট স্পিচটা দেখে থাকেন তাহলে ১৯টা বড় অ্যান্টি ইরোশন, নিষ্কাশনের প্রকল্পের মধ্যে ৭টি প্রকল্প হয়েছে মেদিনীপুর জেলায় ১৯টার মধ্যে। এটা আমাদের একটু মনে রাখার দরকার। দ্বিতীয়ত কপালেশ্বরী কেলেঘাই প্রকল্পটা আপনাদের জানিয়ে রাখা ভাল যে আমাদের ইঞ্জিনিয়াররা তো মেঠো রাজনীতি করেন না, মেঠো রাজনীতিতে যেমন তেমন ভাবে যা খুশি বলে দেওয়া যায়, খুব বিদ্যা বুদ্ধি লাগে না কিন্তু একটা বড় টেকনিক্যাল প্রোজেক্ট তৈরি করতে—আমি ডাঃ মানস ভূঁইয়্যাকে বলি, এক হাজার পৃষ্ঠার একটা টেকনিক্যাল রিপোর্ট, ভল্যুমিনাস রিপোর্ট—বলুন, আমি আড়াই বছর আগে গিয়েছিলাম, দু বছরের মধ্যে ভল্যুমিনার রিপোর্ট তৈরি করা হয়েছে। এরপরও আপনি বলবেন, এটা সেচ দপ্তরের কৃতিত্বের পরিচয় নয়? আমি কথা দিয়েছিলাম এপ্রিল মাসের মধ্যে এই বিধানসভাতে যে কেলেঘাই কপালেশ্বরী বাঘাই নিষ্কাষণী পরিকল্পনা আমরা ওয়েস্ট বেঙ্গল ফ্লাড কন্ট্রোল বোর্ড থেকে পাস করে দেব, টেকনিক্যাল অ্যাডভাইসারি কমিটির দ্বারা। আমরা এপ্রিল মাসে পারিনি, মে মাসের মধ্যে সেটা পাশ হয়ে গেছে আপনার অবগতির জন্য জানাতে চাই, নিশ্চয়ই সেই জন্য বামফ্রন্ট সরকারের সেচ দপ্তরকে ধন্যবাদ জানাবেন। সেটা জি. এফ. সি. সি.-তে পাঠানো হয়েছে। এবং এই কথাও আমি বলে দিতে চাই যে জি. এফ. সি. সি. যদি ঠিক সময়ে অনুমোদন দিয়ে দেন এবং যদি কেন্দ্রীয় সরকার এতে সাহায্য করেন যেটা ডাঃ মানস ভূঁইয়া বলেছেন, আমরা সবাই মিলে গিয়ে আদায় করতে পারব, তাহলে তিন বছরের মধ্যে এই কাজটা নিশ্চয়ই শেষ করতে পারব বলে আমি আশা রাখি। তিন নং কথা বলি, এবার এটা জয়নাল আবেদিনের প্রশ্ন ছিল, ডাঃ জয়নাল আবেদিনের প্রশ্নের এক এক করে উত্তর দেবার চেষ্টা করছি সাধ্য মতো। এর মধ্যে একটা সেরে নিই, বীরভূমের সিদ্ধেশ্বরী নুন বিল প্রকল্পটা নিয়ে। সিদ্ধেশ্বরী নুন বিল প্রকল্প আমরা তৈরি করেছিলাম, কিন্তু বিহার সরকার এটাতে বাধা দিয়েছিলেন এবং অস্বীকৃতি জানিয়েছিলেন বলে এটা আমরা পারিনি। ৯১ সালে স্বীকৃতি দিয়েছে এবং সার্ভে শেষ হয়ে গেছে, এখন প্রোজেক্ট প্রিপারেশন চলছে এবং তারপর

যা যা করণীয় করা হবে। সুতরাং সিদ্ধেশ্বরী নুন বিল প্রকল্প আমরা অদূর ভবিষ্যতে করতে পারব, এই আশ্বাস এই বিধানসভায় আমি দিতে পারি। তিস্তার ব্যাপারে আমি ধন্যবাদ জানাচ্ছি, আমরা যেটা পারিনি আমাদের ডিসিসন হয়েছে আমরা একটা চিফ ইঞ্জিনিয়ারের পদ তৈরি করেছি, সৃষ্টি করেছি সাতজন ছিলেন, আট জন হলে এবং তিনি আগামী মাস থেকে শিলিগুড়িতে বসছেন। সুবর্ণরেখা প্রশ্নটা এখানে আসেনি, কারণ সুবর্ণরেখা তো একেবারে প্রাথমিক জায়গায় রয়েছে। সুতরাং সেখানে এই মুহূর্তে চিফ ইঞ্জিনিয়ার যাবার কোনও প্রশ্ন উঠে না। সুবর্ণরেখার প্রশ্নের উত্তর আমি পার দেব। এবার জয়নাল আবেদিন সাহেব যে প্রশ্ন রেখেছেন, সেইগুলো আমি বলি এক নং দু নং করে। প্রথম তিনি বলেছেন বিশেষ করে ফরাক্কা ব্যারাজ তৈরি হবার পর এবং বিশেষ করে গঙ্গা পদ্মা আন্তর্জাতিক নদী হবার ফলে ওখানে যে হাজার হাজার একর জমি চাষের জমি, আম বাগান, নষ্ট হয়ে যাচ্ছে, বর্ডার শিফট হয়ে গিয়ে, আমাদের অনেক এলাকা বাংলাদেশে চলে যাচ্ছে, যার ফলে এই ভাঙনের ব্যাপারে আমরা যে বিশেষ করে গঙ্গা পদ্মা ভাগিরথী ভাঙনের উপর এখানে কেন্দ্রীয় সরকারের একটা দায়িত্ব আছে বলে আমরা মনে করি। আমি ঠিক বুঝে উঠতে পারলাম না যে জয়নাল আবেদিন সাহেব আমাদের সঙ্গে সহমত কি না যে তিনি কি এটা স্টেট সাবজেক্ট বলে এটাকে পরিহার করতে চাইছেন, যদি পরিষ্কারভাবে বুঝতে পারতাম যে জয়নাল সাহেব সেটাই বলছেন, এতে আমাদের হাত নেই, তাহলে আমরা বাংলাদেশের মানুষের কাছে বলতে পারতাম যে পদ্মা ভাঙনের ব্যাপারে, গঙ্গা ভাঙনের ব্যাপারে কেন্দ্রের কোনও দায়িত্ব নেই বলে জয়নাল সাহেব জানিয়েছেন। কিন্তু আমি খুব তথ্য বোধক ভাষায় কথা বলেছি বলে আমি ঠিক বুঝে উঠতে পারিনি। যাই হোক আমি তার মধ্যে যেতে চাইছি না। আমি যেটায় যেতে চাইছি যে এতে কোনও পরিকল্পনা আমরা দিয়েছি কি না। জয়নাল আবেদিন সাহেব নিশ্চয়ই জানেন যে ১০ম অর্থ কমিশন যখন বসেছিল, সেখানে আমাদের তরফ থেকে আমি নিজে, আমাদের অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী ১০ম অর্থ কমিশনের কাছে বিশেষ করে এই অ্যাস্পেক্টটা তুলে ধরেছেন এবং বারবার বলবার চেষ্টা করেছেন, যেহেতু এটা একটা আন্তর্জাতিক সমস্যা, আন্তর্জাতিক নদী, আমাদের বহু অঞ্চল চলে যাচ্ছে, সুতরাং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে এগিয়ে আসার দরকার আছে এবং আপনারা জানেন যে আমরা সকলে মিলে যখন গিয়েছিলাম এবং আপনারাও গিয়েছিলেন তখন ৩৫৫ কোটি টাকার একটা পরিকল্পনা গঙ্গা, পদ্মা, ভাগিরথী সিস্টেমের ভাঙনের উপর আমরা দিয়েছিলাম। এখনও পর্যন্ত কোনও পজিটিভ রেসপন্স কেন্দ্রীয় সরকারের তরফ থেকে আমরা পাইনি।

তিস্তা প্রকল্প নিয়ে বলতে গিয়ে ডাঃ আবেদিন আর একটা প্রশ্ন রেখেছেন, 'ওটা একটা মাল্টিপারপাস প্রোজেক্ট, ওখানে বন্যা নিয়ন্ত্রণ আছে, সেচ আছে, সঙ্গে সঙ্গে পাওয়ার জেনারেশন আছে, কিন্তু পাওয়ার জেনারেশনের কোনও কথা বাজেট বক্তৃতার মধ্যে নেই কেন?' ডাঃ জয়নাল আবেদিন সাহেবকে আমার বাজেট বক্তৃতার ৫ম পৃষ্ঠার ২য় লাইনটা আমি একটু পড়তে অনুরোধ করছি, সেখানে পরিষ্কারভাবে বলা আছে '৬৭.৫ মেগাওয়াট বিদ্যুত তৈরির কাজ দ্রুত গতিতে এগিয়ে চলেছে। তিনি জি. আর. সি.-র প্রসঙ্গটাও এখানে উল্লেখ করেছেন ওটা গোপনীয় ব্যাপার, ও সম্বন্ধে এখানে আলোচনা করা ঠিক হবে না। তবে আমরা সিরিয়াসলি সমস্ত নোট তৈরি করেছি। সমস্ত জিনিসটা এখানে আমি বলতে পারব না। এইটুকু বলতে পারি কুচবিহার, মালদা, মুর্শিদাবাদ প্রভৃতির যে যে জায়গা আমাদের নজরে এসেছে

ডি. আর. সি.-র কাছে লিখিত নোট পাঠিয়েছি। এর বাইরে নানা কারণে গোপনীয়তা রক্ষার স্বার্থে মন্ত্রী হিসাবে আমার পক্ষে আর কিছু বলা সম্ভব নয়। তারপর তিনি সুবর্ণরেখা প্রোজেক্ট

[5-55 — 6-01 p.m.]

সম্বন্ধে একটা কথা বলবার চেষ্টা করলেন যে, এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্সের জন্য নাকি আমরা চেষ্টা করিনি। এটা মোটেই ঠিক নয়। তারপর এর সঙ্গে তিস্তার একটু তুলনাও করা হ'ল। তিস্তা যখন অনুমোদন পেয়েছিল তখন এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্সের কোনও প্রশ্নই ছিল না। এটা অতি সম্প্রতিকালে এসেছে—৮/১০ বছরের মধ্যে। কথায় আছে বাঘে ছুঁলে ১৮ ঘা, আর এনভায়রনমেন্টের ক্ষেত্রে ৩৬ ঘা। আমাদের যা যা করণীয় ছিল সব কিছু করেও এখন পর্যন্ত আমরা ব্যর্থ হয়েছি। আমাদের ইঞ্জিনিয়ারা ব্যর্থ হয়েছেন, মন্ত্রী হিসাবে আমি ব্যর্থ হয়েছি। এমন কি মুখ্যমন্ত্রীকে দিয়ে বলানো হয়েছে কমলনাথের কাছে। কিন্তু এখন পর্যন্ত তারা ক্লিয়ারেন্স দেননি। সমস্ত রকম পেপার আপনাদের দেখাতে আমি প্রস্তুত আছি, ৬-বার তাদের কাছে আমরা সব কাগজ-পত্র পাঠিয়েছি, যা যা তারা জানতে চেয়েছিলেন সবই আমরা তাদের জানিয়েছি। তারা কি কি জানতে চেয়েছেন, ক্যাচমেন্ট এরিয়া ট্রিটমেন্ট, রিহ্যাবিলাইটেশন মাস্টার প্ল্যান্ট, কমান্ড এরিয়া ডেভেলপমেন্ট, ডিটেলস অফ অ্যাজিটেশন ইন প্রোজেক্ট এরিয়া। '৮৮ সাল থেকে '৯৪ সাল পর্যন্ত ৬-বার ভলিউমিনাস পেপারস আমরা তাদের কাছে পাঠিয়েছি। যতবারই পাঠাই ততবারই বলেন, 'আরও ডিটেলস পাঠান, আবার ডিটেলস পাঠান।' এখন জানিনা কি হবে। এ বিষয়ে মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়ারা প্রস্তাবকে আমি স্বাগত জানাচ্ছি—আমরা সকলে মিলে যদি চাপ দিয়ে ক্লিয়ারেন্স আদায় করতে পারি তাহলে আমি সব চেয়ে বেশি খুশি হব। তিস্তার সঙ্গে সুবর্ণরেখাকে নিয়ে আমরা হাত ধরাধরি করে এগুতে পারব। তাই আমি ওর প্রস্তাব সম্পূর্ণভাবে গ্রহণ করছি। এই বিধানসভার অধিবেশনের পর আমরা সকলে মিলে যাব। আমি আশা করব সুবর্ণরেখা প্রোজেক্টের এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্সের ব্যাপারে, ফরেস্ট অ্যান্ড এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্সের ব্যাপারে এই বিধানসভাতেই সে রকম প্রস্তাব নিশ্চয়ই আসবে—আমরা সকলে মিলে তিস্তার বেলায় যেমন বরফ গলাতে পেরেছিলাম তেমন সুবর্ণরেখার ব্যাপারেও বরফ গলাতে পারব—আমরা সর্বদলীয় প্রতিনিধি দল নিয়ে দিল্লিতে যাব। তারপর শৈলজাবাবুকে আমি বলব যে, তমলুকে হেড কোয়ার্টার আগামী ১ মাসের মধ্যে যাচ্ছে। তারপর বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন সাহেব রেভিনিউ কালেকশনের ব্যাপারে, জল-করের ব্যাপারে যে প্রস্তাব রেখেছে সেই প্রস্তাবের সঙ্গে আমি পরিপূর্ণভাবে সহমত হতে পারছি না। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রায়ই আমাদের কাছে চাপ আসছে। গত ২৬ তারিখ যে উপনির্বাচন হয়ে গেল তার ঠিক চার দিন আগে কাগজে দেখেছি, সব কাগজেই বেরিয়েছে, বৈদ্যনাথন কমিটি আমাদের সেচ কর ১৪ গুণ বাড়াতে বলেছে। মাপ করবেন, মাননীয় জয়নাল সাহেব। আপনাদের বৈদ্যনাথন কমিটির প্রস্তাবে আমি সায় দিতে পারি না। এটুকু বলতে পারি পুনর্বিন্যাসে আপনারা রাজি হতে পারেন, আমরা পারি না। তবে এটুকু বলতে পারি রেভিনিউ কালেকশনের ব্যাপারে মাননীয় সদস্য বলছেন, তার সঙ্গে।

(গোলমাল)

অনেকটা সহমত হয়েছি, আরও বিয়ার আপ করা দরকার। আপনাদের অবগতির জন্য জানাতে পারি ১৯৮৯-৯০ সালে বাড়িয়ে ২৬. ৪৬ লক্ষ টাকা সেচ কর রেভিনিউ বাড়াতে পেরেছি। এতে আমরা সন্তুষ্টই নই, তার জন্য জেলা পরিষদ, পঞ্চায়েত সকলকে ইনভলভ করে আরও বাড়াতে পারব বলে আশা করি। এই কথা বলে আমি আশা করব আপনারা আমার বাজেট অনুমোদন করবেন। এর সঙ্গে মাননীয় বিরোধী পক্ষের আনা ছাঁটাই প্রস্তাব—কোনও সারবত্তা—নেই বলে গ্রহণ করতে পারলাম না, বাতিল করে দিলাম। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

### Demand No. 66

The motions of Shri Abdul Manan, Shri Deba Prasad Sarkar, Shrimati Sabitri Mitra and Shri Subrata Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,90,32,81,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads : "2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation". (This is inclusive of a total sum of Rs. 1,00,00,00,000 already voted on account, March, 1994) was then put and agreed to.

### Demand No. 68

The motions Shri Saugata Roy and Smt. Sabitri Mitra that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 78,42,68,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : "2711—Flood Control and 4711—Capital Outlay on Flood Control Projects". (This is inclusive of a total sum of Rs. 26,14,25,000 already voted on account, March, 1994) was then put and agreed to.

### Demand No. 67

The motions Shri Subrata Mukherjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Ashim Kumar Dasgupta that a sum of Rs. 141,19,78,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development" (This is inclusive of a total sum of Rs. 5,92,10,000 already voted on account, March, 1994) was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 6-01 p.m. till 11 a.m. on Thursday, the 2nd June, 1994 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 2nd June, 1994 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 8 Ministers of State and 149 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions
### (to which oral answers were given)

### Raid against Satta Kingpin

*5. (Admitted Question No. *1) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-Charge of the Home (police) Department be pleased to state—

(a) Whether it is a fact that recently a raid was conducted by the police at the Bara-Bazar Hideout of a Satta Kingpin;

(b) if so, details of the articles including cash, if any, recovered/seized during the raid; and

(c) the number of persons arrested in this regard?

**Shri Jyoti Basu :** (a) Yes.

(b) 14 Telephone sets, some satta slips and dot pens were seized and cash amounting to Rs. 1,80,343 (Rupees one lakh eighty thousand three hundred and fortythree) was recovered.

(c) 3 (three).

**Shri Gyan Singh Sohanpal** : Sir, a raid was conducted by the police at the Bara-Bazar out of satta kingpin Ram Abatar Joshi, when some articles were reported to have been seized and some cash recovered. A person who was witness to the seizure list and who wished to remain anonymous had disclosed in confidence that some more valuable documents were seized which had not been enlisted in the seizure list. One of the documents mentioned by him was a diary which obtained the names of some police officers and politicians who had been with the satta kingpin. Sir, a similar diary was also recovered when raid was conducted at the residence of satta don, Rashid Khan. But no action was taken by the Government to know the truth. It is apprehended that this case also will go the same way. Sir, I would like to know the reaction of the Government whether the Government is prepared to order an enquiry to know the truth and to clear the apprehension, the doubts, that prevail in the minds of the public about the intention of the Government.

**Shri Jyoti Basu** : Shri Gyan Singh Sohanpal has given a lot of information to me. Instead of seeking information he has given me information. I do not know the existence of a diary or the names of some police officers or politicians. I do not know who is the anonymous person who told you all this. Since as a responsible member of this House you say this, I will find out.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, soon after the Bom blast raids were conducted at the satta dens, gambling dens and hide-out of anti-socials in the city of Calcutta. I would like to know from the Chief Minister whether raids were also conducted at the hide-out of Ram-abatar Joshi at that time? If so, what was the outcome of these raids? If not what prevented the Government from raiding that?

**Shri Jyoti Basu** : From the dates I find that it was later when the Bara-Bazar raid took place. Not just at that time.

**Shri Gyan Singh Sohanpal** : Sir, we have been given to understand that three persons have been arrested during the raid at Bara Bazar. I would like to know whether Ram Abatar Joshi-one of the arrested persons-if he is absconding what steps the Government have taken to get him?

**Shri Jyoti Basu** : Ram Abatar has not been arrested. He is

being searched. But the others have been arrested, and they have applied for anticipatory bail. They did not get it at the first time and the second time. They got it from the High court.

**শ্রী অমিয় পাত্র :** মাননীয় মুখ্যমন্ত্রী মহোদয়ের কাছে জানতে চাইছি যে, বৌবাজারে বোম ব্লাস্টের ঘটনার পর কি কি পুলিশি ব্যবস্থা নেওয়া হয়েছে এবং কত জন অ্যারেস্ট হয়েছে এবং পরবর্তীকালে এই ধরনের ঘটনা বন্ধ করার ব্যাপারে সরকারের কী ধরনের পরিকল্পনা আছে?

**Shri Jyoti Basu :** How the Bow Bazar case comes here? That is a sub-judice case in the Supreme Court at the moment. Under the TADA we tried to move the case in the High Court. But the High Court did not uphold it. Now it is a case in the Supreme Court. And the date has been fixed for the hearing.

**Shri Saugata Roy :** Will the Hon'ble Chief Minister be pleased to state whether he has any information about a high level political and police connection with the Satta Don Ramabatar Joshi?

**Shri Jyoti Basu :** I have no information. If the Hon'ble members has any such information, he may please pass it to me.

**ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প**

*৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪) **শ্রী আবু আয়েশ মণ্ডল :** জনস্বাস্থ্য কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পে রাজ্যের জন্য কেন্দ্রীয় সরকারের মূল বরাদ্দ ও অতিরিক্ত সহায়তা বাবদ মঞ্জুরীকৃত মোট অর্থের পরিমাণ কত ছিল; এবং

(খ) তারমধ্যে ৩১শে মার্চ, ১৯৯৪ পর্যন্ত কত পরিমাণ অর্থ পাওয়া গিয়েছে?

**শ্রী গৌতম দেব :** (ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে তরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পে কেন্দ্রীয় সরকার কর্তৃক মূল বরাদ্দ বাবদ ১৮২৪ লক্ষ টাকা ও অতিরিক্ত সহায়তা বাবদ ১১২৮ লক্ষ টাকা মোট ২৯৫২ লক্ষ টাকা মঞ্জুরীকৃত হয়েছিল।

(খ) ১৯৯৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত উক্ত প্রকল্পে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ২৯৫২ লক্ষ টাকা পাওয়া গেছে।

[11-10—11-20 a.m.]

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় যা বললেন তাতে ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প বাবদ কেন্দ্রীয় মূল বরাদ্দ, অতিরিক্ত বরাদ্দ সবটাই নির্দিষ্ট সময়ের মধ্যেই পেয়েছে। আমি জানতে চাইছি, এই এম.এন.পি. প্রকল্পে-কেন্দ্রীয় সরকার গ্রামীণ জল সরবরাহ প্রকল্প বাবদ মোট যা দিয়েছেন, তার মধ্যে ব্যয়িত অর্থের পরিমাণ কত? ২য়ত মোট কতগুলো সমস্যা সংকুল গ্রামকে আপনি চিহ্নিত করে জল সরবরাহ প্রকল্পের আওতায় আনা হয়েছে এবং লক্ষ্যমাত্রা কি ছিল?

**শ্রী গৌতম দেব ঃ** আমি আগেই বলেছি যে, কেন্দ্রীয় সরকারের যেটা ই.আর.পি., তাতে তাঁরা দুটি কিস্তিতে এই টাকা দিয়েছেন। যদিও এখানে বলে রাখা ভাল যে ২৯ কোটি ৫২ লক্ষ টাকা যেটা তাঁরা এই বছরে দিয়েছেন, তারমধ্যে ১৪ কোটি ৩৯ লক্ষ টাকা দিয়েছেন মার্চ মাসের শেষ দিকে। ফলে আপনারা বুঝতেই পারছেন যে, মার্চ মাসের শেষ দিকে ১৪ কোটি টাকা পেলে পরে সেটাকে খরচ করা যায় না। সেটাকে রিভাইটালাইজ করে এই বছরে খরচ করতে হবে। এই স্কীমগুলোতে রাজ্য সরকারের পক্ষে যে টাকা দিতে হবে, সেই টাকা, অর্থাৎ ২৯ কোটি ৫২ লক্ষ টাকা আমরা দিয়েছি।

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** এম.এন.পি. এবং এ.আর.ডব্লু, এস.পি. প্রবর্তন হওয়ার পরে রাজ্যে বর্তমানে গ্রামীণ জনসংখ্যার মোট কত পারসেন্ট মানুষকে এই প্রকল্পের আওতায় আনা গেছে?

**শ্রী গৌতম দেব ঃ** ওঁরা যখন গভর্নমেন্টে ছিলেন, ১৯৭৭ সালে—১৭ বছর আগে - তখন ভারত সরকার একটা সেন্সাস করেছিলেন। সেখানে বলা হয়েছে যে সেফ ওয়াটার বলা হয় ১.৬ কি. মিটারের মধ্যে জলের একটা সোর্স থাকতে হবে বা জলের কোয়ালিটি থাকতে হবে, তাতে ১৫ পারসেন্ট অব দি টোটাল পপুলেশন অব ওয়েস্ট বেঙ্গল অফ ওয়াটারের কভারেজের মধ্যে আছেন। সেটা গত বছর পর্যন্ত আমরা করতে পেরেছি ৬৭ পারসেন্ট। বাকি ৩৭ পারসেন্ট মানুষকে কভারেজ করতে হবে। সেই উদ্যোগ আমাদের করতে হবে। কয়েক বছরের মধ্যে এটা আমরা কমপ্লিট করব। দু নম্বর হচ্ছে, পাইপ ওয়াটার, যেটা জল তুলে নদী থেকে জল তুলে পাইপে করে বাড়ি বাড়ি মানুষের কাছে পৌঁছে দেওয়া। এটা আগে কিছুই ছিল না, দু'একটা মাত্র ছিল। ১২.৫ পারসেন্ট মানুষের মধ্যে পশ্চিমবাংলায় পাইপ ওয়াটার এখন পর্যন্ত দেওয়া গেছে। আর অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে ২৪ ভাগ মানুষকে পাইপ ওয়াটারের মাধ্যমে জল খাওয়ানো হবে। এই হচ্ছে আমাদের সিদ্ধান্ত। আমাদের বিশ্বাস আছে যে সেটা আমরা করতে পারব।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী দুটি প্রোগ্রামের কথা বলেছেন—এম.এন.পি. এবং এ.আর.ডব্লু.এস.পি., এই দুটি হচ্ছে কেন্দ্রীয় প্রকল্প। রাজীব গান্ধীর সময়ে এটি চালু

হয়েছিল। এতে ম্যাচিং গ্রান্ট দিতে হয়—৫০ পারসেন্ট কেন্দ্রীয় সরকার দেবেন এবং ৫০ পারসেন্ট রাজ্য সরকারকে দিতে হয়। এই অভিযোগ উঠেছে যে, যেহেতু রাজ্য সরকার এই ম্যাচিং গ্রান্টের টাকা দিতে পারছেন না, তার ফলে কেন্দ্রীয় সরকারের বরাদ্দকৃত টাকা পুরোপুরি ইউটিলাইজ করা যাচ্ছে না। গত বছরে এম.এন.পি এবং এ.আর.ডব্লু.এস.পি.তে লক্ষ্যমাত্রা কত ছিল এবং কত টাকা রাজ্য সরকার গ্রামীণ জল সরবরাহ করতে খরচ করতে পেরেছেন?

**শ্রী গৌতম দেব ঃ** এ সম্বন্ধে আগেই বলেছি, তবু আর একবার বলছি। এক নম্বর হচ্ছে এ.আর.পি., সেটা হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্টের প্রোগ্রাম। এম.এন.পি. সেন্ট্রাল গভর্নমেন্টের নয়, পুরোটাই রাজ্য সরকারের। ১৯৯৩-৯৪ সালে ঠিক ছিল—আমরা যখন বাজেট প্লেস করি—সেন্ট্রাল গভর্নমেন্ট ১৮ কোটি ২৪ লক্ষ টাকা এ.আর.পি.তে দেবেন। ফলে আমাদের ১৮ কোটি ২৪ লক্ষ টাকা বরাদ্দ করতে হয়েছিল। মাঝামাঝি সময়ে, ৭-৮ মাস পরে হঠাৎ চিঠি আসল, সম্ভবত ওদের কিছু টাকা বেঁচেছে, তারা বাজেটের স্পেশ্যাল অ্যাসিসট্যান্স দিতে চায়। তারজন্য কোনও ম্যাচিং গ্রান্ট লাগবে না বললেন এবং আমরাও সেইভাবে কাজে হাত দিলাম। যখন পুরো স্কীমটা তৈরি করে ফেলেছি তখন কেন্দ্র থেকে বলা হল যে এরসঙ্গে ম্যাচিং দিতে হবে। তখন আমাদের বাজেট হয়ে গেছে টাকা বরাদ্দ হয়ে গেছে ১৮ কোটি ২৪ লক্ষ টাকা। আমরা উত্তম ভাই প্যাটেলের কাছে চিঠি পাঠালাম তিনি বললেন যে এই নির্দেশ সব রাজ্যের ক্ষেত্রেই প্রযোজ্য হয়েছে, ম্যাচিং গ্রান্ট না দিলে টাকা পাওয়া যাবে না। আমরা তখন বললাম অন্তত ডিফার করে আরও ২-৩ বছর বাড়িয়ে দিন। কিন্তু তাতেও রাজি হলেন না। আমাদের পশ্চিমবঙ্গের অতিরিক্ত ১১ কোটি ২৮ লক্ষ টাকা এবং সেই টাকা আমাদের অবশ্য দিয়েছে। তবে এটা শুনলে আপনারা খুশি হবেন যে, এ.আর.পির যে টাকা আমরা পেয়েছি তারমধ্যে খরচ করেছি ২২ কোটি ৪৪ লক্ষ টাকা। অর্থাৎ ২৯ কোটি ৫২ লক্ষ টাকার মধ্যে অর্থাৎ এই আমাদের বরাদ্দ, তার মধ্যে ১৪ কোটি ৩৯ লক্ষ টাকা মার্চ মাসের ১০-১২ তারিখে আমরা পেয়েছি। সুতরাং টোটাল আমরা ১৫ কোটি ১২ লক্ষ টাকা পেয়েছি এবং আমরা খরচ করেছি ২২ কোটি ৪৪ লক্ষ টাকা। সেই রকম এম.এন.পির ক্ষেত্রেও আমরা টোটাল ২৮ কোটি ২৪ লক্ষ টাকা খরচ করেছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বিগত বন্যার পরে কেন্দ্রীয় সরকারের যে টিম এল এবং আফটার ফ্ল্যাড কিছু প্রকল্প নিল, কিন্তু সেগুলো কার্যকর হল না। এরফলে জয়ন্তী, টৈটো, বক্সা প্রভৃতি অঞ্চলে জলের ভীষণ স্কেয়ারসিটি শুরু হয়েছে। এই ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে কোনও সমীক্ষা চালাচ্ছেন কি না কারণ গ্রাউন্ড ওয়াটার সোর্স থেকে জল কিভাবে পাওয়া যায় তার কোনও চেষ্টা করছেন কি না?

**শ্রী গৌতম দেব ঃ** একদিকে বন্যার যে ক্ষয়ক্ষতি হয়েছে তারজন্য আমরা যে অর্থ বরাদ্দ করেছিলাম সেই টাকা পেয়ে গেছি। আমি শুরুতেই বলেছি যে টোটাল পপুলেশনের

৬৬ পারসেন্ট জল আমরা কভার করতে পেরেছি। আমাদের মুখ্যমন্ত্রী বারে বারে বলেছেন ১৯৭৭ সাল থেকে যে গভর্নমেন্টের প্রধান কাজ হচ্ছে জল সবার কাছে পৌছে দেওয়া। আমরা এখনই ১০০ ভাগ পৌছতে পারিনি, তবে ৬৬ পারসেন্ট পৌছে দিয়েছি। তবে অনেক জায়গায় ক্রিটিক্যাল এরিয়া, আমরা স্টাডি করে দেখেছি। তারমধ্যে ২-৩ টি বেশ ক্রিটিক্যাল এরিয়া বিশেষ করে ডুয়ার্স, সুন্দরবন এবং কাঁথি আমরা ডুয়ার্সের কুমারগ্রাম থেকে মালবাজার পর্যন্ত এই ৭টি ব্লকে যেখানে ফুট হিল বেশি, পাথর ভরা, সেখানের মাটির জল তুলতে খুবই কষ্ট, সেখানে আমরা একটার পর একটা রিগ টিউবেল বসানোর ব্যবস্থা নিয়েছি। এতে খরচ হবে এক একটি বসাতে ৭০ থেকে ৮০ হাজার টাকা। এই কাজ আমরা শুরু করে দিয়েছি। দ্বিতীয়ত আরেকটি ব্যাপারে সময় লাগবে, মুখ্যমন্ত্রীও এই ব্যাপারে আলোচনা করবেন। আমরা চা বাগানের মালিকদের সঙ্গে মিটিং করব, তারা চা বাগানের জন্য টাকা দেবে আমরাও টাকা দেব জলের ব্যবস্থা করার জন্য। পাহাড়ী নদীর জল অ্যারেস্ট করে কাজে লাগানো যায় তার চেষ্টা করা হবে। তাছাড়া সারফেস ওয়াটারে পাইপ লাইন বসিয়ে যাতে ডুয়ার্স এলাকায় জল দিয়ে একটা ইন্টেরিম অ্যারেঞ্জমেন্ট করা যায় তার জন্য রিগ টিউবেল বসানোর ব্যবস্থা করছি।

[11-20—11-30 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সাপ্লিমেন্টারি স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় এই ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্পয় আপনার স্টেটমেন্ট অনুযায়ী কেন্দ্রীয় সরকার না চাইতে অতিরিক্ত ১১ কোটি টাকা দিয়েছেন, আবার আপনারাও দিচ্ছেন। কিন্তু সেই টাকা সময়ভাবে খরচ করতে পারেন নি। আমার জিজ্ঞাস্য হচ্ছে, এই রকম মুহূর্তে আন্ত্রিক এবং কলেরা যখন ভয়াবহ প্রকোপ হিসাবে দেখা দিয়েছে এবং রাজ্যের মানুষ উদ্বিগ্ন ফলে পিওর ওয়াটার সোর্স যাতে পশ্চিমবাংলায় একটা যুদ্ধকালীন ভিত্তিতে গুরুত্ব দিয়ে আপনার ফান্ড থেকে এই টাকা দিয়ে এই রকম একটা পরিস্থিতির মোকাবিলা করার ব্যবস্থা করা যায় তার জন্য আপনার দপ্তর বা মন্ত্রী সভার কোনও বৈঠক হয়েছে কিনা, জরুরি ভিত্তিতে, এই রকম কোনও পরিকল্পনা আছে কি না জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** যে মিটিংটা সারা পশ্চিমবাংলার এস.ই.দের নিয়ে ৬ ঘন্টা হয়েছিল তার বিস্তারিত তো এখানে বলা যাবে না, যে কথাটা এখানে বলতে পারি বিধানসভায় প্রতিশ্রুতিমতো দাঁড়াবে, বছর শুরু হওয়ার আগে পশ্চিমবঙ্গ সরকার কোন দপ্তর কি করবে সেটা রাজ্যের প্ল্যানিং বোর্ডের মাধ্যমে প্ল্যানিং কমিশনে পাঠাতে হয়, সেখানে আমাদের এই বছরে টার্গেট হচ্ছে ২,৩৮০ টি গ্রামকে—প্রবলেম ভিলেজ—জল দেওয়ার। আমি এখানে দাঁড়িয়ে বলছি সেইভাবে আমরা আলোচনা করেছি যেখানে ২ হাজার ৩০০ গ্রামকে করা দরকার, সেখানে সাড়ে তিন হাজার গ্রাম অর্থাৎ ১০০ শতাংশর বেশি প্রায় মোর দ্যান ১৫০ পারসেন্ট, এই অ্যাচিভমেন্ট এই বছরে পশ্চিমবাংলার জেলার ক্ষেত্রে করব। এই সিদ্ধান্ত নিয়ে আমরা নেমেছি, আমরা করতে পারব।

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের দার্জিলিংঙে এই বছরে রেকর্ড সংখ্যক পর্যটক এসেছেন, এইভাবে পর্যটক এর আগে আসেনি, এই বছরে দেড় লক্ষ পর্যটক এসেছে, আরও ১ লক্ষ পর্যটক আসবে। ওখানে জলের স্কেয়ারসিটি রয়েছে, ওখানে আমাদের সরকার থেকে যে জল সরবরাহ করার ব্যাপারে পরিকল্পনা ছিল, কবে এই জল সরবরাহের পরিকল্পনার কাজ শেষ হবে আপনি দয়া করে আমাকে কি জানাবেন?

**শ্রী গৌতম দেব ঃ** স্যার, এ.আর.পি. থেকে দার্জিলিঙ চলে গেল। যাই হোক আমি উত্তর দিচ্ছি। আপনি জানেন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উনি নিজে গিয়েছিলেন, ওখানে সুভাষ ঘিসিং মহাশয়ও ছিলেন, আমরা রাম্বিখোলা প্রকল্প শুরু করেছিলাম সেইজন্য টাকা বরাদ্দ ছিল, আমাদের লক্ষ্য ছিল জঙ্গলের ভেতর দিয়ে রাম্বিখোলা থেকে জল পাম্প করে পাইপ লাইনে পাঠানো হবে। তার কারণ হচ্ছে এর ফলে দেড় লক্ষ গ্যালন জল পাওয়া যাবে। আজকে প্রায় ৬ মাসের মধ্যে কলকাতায় নয় ভুবনেশ্বরে তাদের হেড কোয়ার্টার সেখান থেকে ফরেস্টের মধ্যে দিয়ে যে পাইপ লাইন যাবে, পাম্প বসানো হবে সেই অনুমতি আমরা চেয়েছিলাম কিন্তু তা এখনও এসে পৌছায়নি বারবার চিঠিপত্র দেওয়া সত্ত্বেও। সেখানে যে মিটিং হয়েছিল তাতে সুভাষ ঘিসিং ছিলেন, চীফ একজিকিউটিভ অফিসাররা ছিলেন, এই ব্যাপারে আমরা এখনও চেষ্টা করছি, কিন্তু কেন্দ্রীয় সরকারের ফরেস্ট এবং পরিবেশ দপ্তর তারা পাম্প বসানোর অনুমতি দেননি। এখন সেখানে নতুন লাইন বসানো, খারাপ লাইন সারানো, ইত্যাদি বিভিন্ন কাজ চলছে।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ২৯ কোটি ৬২ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে। এটা কোনও কোনও প্রকল্পের জন্য বরাদ্দ হয়েছে তার তালিকা জানাবেন কি?

**শ্রী গৌতম দেব ঃ** সেটা এখানে বলা সম্ভব নয়। আপনি আমার কাছ থেকে পরে জেনে নেবেন।

### হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্প

*৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্প রূপায়ণের জন্য বর্তমানে কোন কোন সংস্থার সাথে রাজ্যে সরকারের চুক্তি সম্পন্ন হয়েছে; এবং

(খ) ঐ প্রকল্পের জন্য চুক্তিবদ্ধ কোন কোন সংস্থা কি কি ধরনের কাজ করবেন?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** (ক) হলদিয়া পেট্রোকেমিক্যালস প্রকল্প রূপায়ণের জন্য বর্তমানে নিম্নলিখিত সংস্থাগুলির সাথে রাজ্য সরকারের চুক্তি সম্পন্ন হয়েছে ঃ

(১) টেলকো এ্যান্ড অ্যাশোসিয়েটস কোম্পানিস (টাটাস)

(২) চ্যাটার্জি ফান্ড ম্যানেজমেন্ট, সোরোস ফান্ড ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাশোসিয়েটস ইউ.এস.এ. (পোরেস)।

(খ) ঐ প্রকল্পের জন্য চুক্তিবদ্ধ সংস্থাগুলির নাম এবং তাদের কাজের বিবরণ নিম্নে দেওয়া হলো ঃ

| সংস্থার নাম | কাজের বিবরণ |
|---|---|
| (১) ইঞ্জিনিয়ারস ইন্ডিয়া লিমিটেড | প্রধান ইঞ্জিনিয়ারিং কনট্রাক্টর। |
| (২) ডেভেলপমেন্ট কনসালটেন্ট লিমিটেড | হাতিবেড়িয়া আবাসনের পুনর্বাসন প্রকল্প রচনা |
| (৩) হলদিয়া ডেভেলপমেন্ট অথোরিটি | জলসরবরাহ। |
| (৪) (ক) গঙ্গাধর বেরা অ্যান্ড কোম্পানি, হলদিয়া | |
| (খ) এস.সি. দাঁ এ্যান্ড কোম্পানি, দুর্গাপুর | মূল প্রকল্পের জমি উন্নয়ন |
| (গ) মাহেশ্বরী ব্রাদার্স, কলকাতা। | |
| (৫) পুষ্পক প্রোডাক্টস প্রাইভেট লিমিটেড কলকাতা | |
| (৬) হলদিয়া নোটিফায়েড এরিয়া অথোরিটি | হাতিবেড়িয়া পুনর্বাসন আবাসনের জমি উন্নয়ন রাস্তা ইত্যাদি। |
| (৭) ডি.কে. মন্ডল অ্যান্ড কোম্পানি, নন্দকুমার | জল নিকাশ। |
| (৮) (ক) এস.পি.দাঁএন্ড কোম্পানি, দুর্গাপুর | |
| (খ) এম.এম.এস. কর্পোরেশন, কলকাতা | কাঁটাতারের বেষ্টনী নির্মাণ। |
| (গ) সি.আই.ভি. টেস্ট, কলকাতা। | |
| (৯) সি.ই.এস. ইন্ডিয়া, কলকাতা | সয়েল ইনভেস্টিগেশন |
| (১০ [illegible] এন্টারপ্রাইজ, ধানবাদ | কনট্যুর সার্ভে। |
| (১১)এ.কে.বি ব্রাদার্স, হলদিয়া | সার্ভে অব ওয়াটার এরিয়া। |

**শ্রী প্রশান্ত প্রধান :** হলদিয়া পেট্রোকেমিকেলের ব্যাপারে ঐসব সংস্থার সঙ্গে যে চুক্তিগুলো হয়েছে, সেটা কি ধরনের চুক্তি হয়েছে। সেখানে আমাদের রাজ্য সরকারের ম্যানেজমেন্ট কিভাবে থাকবে, সেটা একটু বলুন।

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি :** ঐসব সংস্থার সঙ্গে যে চুক্তিগুলো হয়েছে সেগুলো সব ইক্যুইটি নিয়ে। ইক্যুইটি আগে যা ছিল, এই বিধানসভায় আমি যে প্রশ্নের উত্তর দিয়েছি, সেই ইক্যুইটির পরিবর্তন করা হয়েছে। সোরোস কোম্পানি ৩০০ কোটি টাকা দেবে, আমরা ৩০০ কোটি টাকা দেব এবং টাটা কনসালটেন্সি ৯০০ কোটি টাকা দেবে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, নতুন করে যে চুক্তিগুলো হয়েছে, সেই চুক্তি অনুযায়ী ডাউন স্ট্রীমে এবং মাদার স্ট্রীমের মধ্যে কোন কাজটা আগে শুরু হবে এবং কবে নাগাদ শুরু হবে।

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি :** এইসব ব্যাপারগুলো আলাপ-আলোচনা হয়েছে তবে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তবে শীঘ্রই হবে।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমরা দেখছি যে এই সোরোস কোম্পানি নতুন একটা আমেরিকান কোম্পানি এবং মাল্টিন্যাশনালিস্ট যারা আসছেন তারা বলছেন যে হলদিয়ার প্রোজেক্ট রিপোর্টটা নতুন করে অ্যাপ্রেইজল করতে হবে। ফিনান্সিয়াল ইনস্টিটিউশনের কাছে নতুন করে প্রোজেক্ট রিপোর্টটা নিয়ে যেতে হবে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জিজ্ঞাসা করতে চাই কবে নাগাদ মূল প্রোজেক্টের কাজ কমপ্লিট হবে এবং কবে নাগাদ ডাউন স্ট্রীমের কাজ শেষ হবে। এর অ্যাসেসমেন্ট হয়েছে কি? কবে নাগাদই বা ফিনান্সিয়াল ক্লিয়ারেন্স হবে।

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি :** এইসব নতুন ব্যবস্থার সমস্ত কাজ শুরু হয়ে গেছে এবং অল্প সময়ের মধ্যে এইগুলো শেষ হয়ে যাবে। তবে আনুমানিক বার বছরের মধ্যে কাজ শেষ হবে এবং ডাউন স্ট্রীমের কাজ তার আগেই শুরু হবে। দুটো কাজ হয়ত এক সঙ্গেই শেষ হতে পারে।

[11-30—11-40 a.m.]

**ডাঃ মানস ভুঁইয়া :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্নটা আবার রিপিট করছি কারণ তার উত্তরটা আমি বুঝতে পারলাম না। আমার প্রশ্ন হচ্ছে, মাদার প্রোজেক্টে আপনাদের যে পর্যায়ে আলোচনাটা হয়েছে তার একটা রূপরেখা বা একটা প্রোফাইল তৈরি করেছেন তো, সেই পরিপ্রেক্ষিতে আমরা খুব সহজ করে জানতে চাই যে কত সালের মধ্যে মাদার প্রোজেক্ট শেষ হবে এবং কত সালের মধ্যে ডাউন ষ্ট্রীমের কাজ শেষ হবে স্পেসিফিক্যালি তা বলতে পারবেন কি?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি :** এই প্রশ্নের উত্তর আমি একটু আগেই দিয়েছি। নতুন ব্যবস্থার

ফলে যে সমস্ত পরিবর্তন করা দরকার—আইনকানুনের দিক থেকে প্রকল্পের দিক থেকে তার কাজ ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। দু নং হচ্ছে প্রকল্পটি সম্পন্ন হবে আনুমানিক ৪ বছরের মধ্যে। ডাউন ষ্ট্রীমের কাজ অনেক আগেই শুরু হবে এবং আশা করা যায় অনেক আগেই শেষ হবে।

**শ্রী নির্মল দাস ঃ** আমরা জানি যে হলদিয়া প্রকল্প নিয়ে বিরোধীপক্ষের বন্ধুরা অনেক চেঁচামেচি করেছিলেন। হলদিয়া প্রোজেক্ট রাজ্য সরকারের কাছে একটা চ্যালেঞ্জ ছিল। আমার প্রশ্ন, ৪ বছর ধরে যে প্রকল্প রূপায়িত হবে যাতে দেশি এবং বিদেশি সংস্থাগুলি যুক্ত আছেন তার কাজে কত ম্যান্‌ডেজ সৃষ্টি হবে এবং শেষ পর্যায়ে কত লোকের কর্মসংস্থান হবে জানাবেন কি?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** এখন যে সমস্ত কাজ চলছে প্রকল্পের তাতে বিভিন্ন জায়গায় প্রাথমিক যে কাজ তাতে প্রায় ১ হাজার লোক কাজ করছেন। মূল প্রকল্প এবং তার যে ডাউন ষ্ট্রীমের প্রকল্প আছে এর সাথে জড়িত অনেক কাজের মধ্যে প্রায় ১ লক্ষ লোকের কর্মসংস্থান হবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** এই হলদিয়া প্রকল্প নিয়ে গত ১৭ বছর ধরে এই সরকার অনেক কথা আমাদের শুনিয়েছেন। আমরা দেখেছি এরমধ্যে অনেকে এসেছেন আবার চলেও গিয়েছেন। গোয়েঙ্কারা এলেন, চলে গেলেন। তারপর টাটা টি এলেন। দরবারী শেঠের ব্যাপারে লোকে বলছে লক্ষ্মণ শেঠের অত্যাচারে তিনি পালিয়ে গেলেন। এখন আবার সোরেস এসেছেন। আপনারা এই প্রকল্প দেখিয়ে নির্বাচনী বৈতরণীও পার হয়েছেন। আপনিও বলছেন, অসীমবাবুও বাজেট বক্তৃতায় প্রায় বলেন যে এতে ১ লক্ষ বেকারের কর্মসংস্থান হবে। আমার প্রশ্ন, হলদিয়া পেট্রোকেমিক্যালসের যে মূল প্রোজেক্ট সেই মাদার প্রোজেক্ট সম্পন্ন হলে কত বেকারের তাতে কর্মসংস্থান হবে এবং ডাউন ষ্ট্রীমে কত বেকারের কর্মসংস্থান হবে?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** কিছুদিন আগেই আমি এই বিধানসভায় এই প্রশ্নের উত্তর দিয়েছি। মূল প্রকল্প যেটা আছে সেই প্রকল্পে আনুমানিক ৪ হাজার লোকের কর্মসংস্থান হবে এবং ডাউন ষ্ট্রীমের প্রকল্পে—সেগুলিও বিশাল বিশাল প্রকল্প এবং চলতি ধারণা চেয়ে অনেক বড় প্রকল্প হবে।

**মিঃ স্পিকার ঃ** বিদ্যুতবাবু সুদীপবাবু বলছেন যে ১৭ বছর ধরে অনেকে এলেন গেলেন—অমুক এলেন, তমুক এলেন, গেলেন, ওরা আসবেন কিনা সেটাই উনি জানতে চাইছেন?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** এটা হচ্ছে বলে আপনারা আনন্দিত নন বলে মনে হচ্ছে। আপনারা যতই বাধা দিন না কেন এটা হবেই।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এটা করার ব্যাপারে প্রথম যখন রাজ্য সরকার চিন্তা করেন তখন এর টোটাল প্রোজেক্ট কস্ট কত ছিল এবং এখন অনেক দিন ধরে কেন্দ্র ও কংগ্রেস দল বাধা দেওয়ার পর এটা করতে এখন প্রোজেক্ট কস্ট কত দাঁড়িয়েছে?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** অনেক পরিবর্তন হয়ে গেছে এবং এটা আগে এক হাজার কোটি টাকার কম ছিল পরে দু তিনবার পরিবর্তন হবার পর এবং বর্তমানে ডিভ্যালুয়েশনের জন্য ৩ হাজার ৬০০ কোটি টাকাতে এসে দাঁড়িয়েছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমার জিজ্ঞাস্য মন্ত্রী মহাশয়ের কাছে, আমার পজিটিভ মনে আছে, এই বিষয়ের উপর আমি একটা প্রশ্ন করেছিলাম, যখন মুখ্যমন্ত্রী ঐ দপ্তরের বিশেষ দায়িত্ব ছিলেন, তিনি উত্তরে বলেছিলেন মেন স্ট্রীমে এক হাজার লোকের চাকরি হবে, কিন্তু এখন আপনি বলছেন ৪ হাজার হাজার লোকের চাকরি হবে আর বাদবাকি ১ লোকের ডাউন স্ট্রীমে চাকরি হবে, তা কতদিনের মধ্যে হবে?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** এই প্রশ্নের উত্তর আগেই দিয়েছি। তবু আর একবার বলছি মাননীয় সদস্যকে, এটা এখন থেকে আনুমানিক চার বছরের মধ্যে কাজ সম্পন্ন হবে বলে আমরা আশা করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার শেষ প্রশ্ন, এই চার হাজার লোক নিয়োগ করার জন্য কোনও পদ্ধতি ঠিক করেছেন কি?

**শ্রী বিদ্যুত গাঙ্গুলি ঃ** মাননীয় সদস্যকে জানাচ্ছি, সারা পৃথিবীতে এই ধরনের প্রকল্পগুলো তার আনুসঙ্গিক প্রকল্পের সঙ্গে যুক্ত করে তার প্রতিক্রিয়া করে ধরা হয়। আর সরকারের নিয়ম নীতি মেনে ওখানে নিয়োগ করা হবে।

## প্রমোটার-পুলিশ আঁতাতের অভিযোগ

*৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) প্রমোটার-পুলিশের আঁতাত সম্পর্কে সরকারের কাছে কোনও তথ্য বা অভিযোগ আছে কি না; এবং

(খ) 'ক' এর উত্তর হ্যাঁ হলে, সম্প্রতি এই রাজ্যে এ-বিষয়ে কোনও তদন্ত কমিটি গঠন করা হয়েছে কি না?

**শ্রী জ্যোতি বসু ঃ** (ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** আমার জিজ্ঞাস্য, এটা কি সত্য, কলকাতার যুগ্ম কমিশনার, এস. রামকৃষ্ণনকে দিয়ে একটা ওয়ান ম্যান কমিটি করা হয়েছিল প্রমোটার এবং পুলিশের আঁতাত আছে কি না তা দেখার জন্য, এই সম্পর্কে আমরা সংবাদপত্রে পড়েছি, আনন্দ বাজার পত্রিকা ১১ই এপ্রিল প্রচারিত হয়েছে। কিন্তু আপনার দপ্তর থেকে প্রতিবাদ করে কিছু বলা হয়নি।

**শ্রী জ্যোতি বসু :** এই রকম বিশেষ ব্যাপারে কোনও কমিটি করা হয়নি, আমি অন্তত জানি না।

[11-40—11-50 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, কলকাতার হ্যারিংটন স্ট্রিট, আউটরাম স্ট্রিট প্রভৃতি জায়গায়·জমি দখল করে প্রোমোটররা বাড়ি তৈরি করছে, ফলে নানান সমস্যার সৃষ্টি হচ্ছে। এবিষয়ে নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে আপনার দপ্তর থেকে কতজনকে অ্যারেস্ট করা হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** কলকাতা বা কলকাতার বাইরে কিছু কিছু বেআইনি বাড়ি তৈরি হচ্ছে। তবে বিষয়টির প্রতি আমাদের নজর আছে, কলকাতা কর্পোরেশন এবং পুলিশের সাহায্য চাইছে তখনই পুলিশ তাদের সাহায্য দিচ্ছে। তবে এগুলো কোর্টে গিয়ে কখনও কখনও আটকে যাচ্ছে এবং একটু সময় লাগছে। কলকাতা এবং কলকাতার বাইরে আমাদের সমস্যা আছে। কিন্তু পুলিশের কাছে সাহায্য চাইলে নিশ্চয়ই পুলিশ সাহায্য করবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** কত-জনের বিরুদ্ধে ওয়ারেন্ট আছে এবং কত-জন অ্যারেস্ট হয়েছে?

**শ্রী জ্যোতি বসু :** আপনি সে প্রশ্ন করেন নি কেন? করলে জবাব দিতাম।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** আজকেই সংবাদপত্রে দেখলাম যে, কুষ্ঠ সেবাশ্রমকে যে জমি সরকার থেকে দেওয়া হয়েছিল, প্রোমোটাররা গিয়ে সেই জমি দখল করেছে। দক্ষিণ ২৪-পরগনায় এই ঘটনা ঘটেছে। হ্যারিংটন স্ট্রিটে দু বিঘা জমির ব্যাপারে একজন প্রোমোটরের সঙ্গে কনট্রাক্ট হওয়ার পরে অপর একজন প্রোমোটর পুলিশ, প্রভাবশালী ব্যক্তি এবং এলাকার সমাজবিরোধীদের সাহায্য নিয়ে দখল করছে। প্রোমোটারে দ্বন্দ্ব হচ্ছে। ফলে আইন-শৃঙ্খলার প্রশ্ন দেখা দিচ্ছে, মারাত্মক পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। এই সমস্যা আজকে যেভাবে বাড়ছে তাতে এই সমস্যার মোকাবিলায় আপনার দপ্তর বিশেষ কোনও পদক্ষেপ নিচ্ছে কি?

**শ্রী জ্যোতি বসু :** আনন্দবাজারে কি বেরিয়েছে জানি না। নির্দিষ্ট কিছু থাকলে এবং

তা আমাদের নজরে এলে আমরা নিশ্চয়ই তা দেখব। আমরা মিউনিসিপ্যালিটিগুলিকে লিখিতভাবে বলেছি এবিষয়ে নজর রাখতে, প্রয়োজনে তারা পুলিশের সাহায্য পাবে। কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে, এইটুকু বলতে পারি। মাননীয় সদস্যর কাছে যদি কোনও নির্দিষ্ট ঘটনা থাকে তাহলে তা তিনি আমাদের কাছে পাঠিয়ে দেবেন, আমরা দেখব।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** প্রোমোটর, পুলিশ এবং কলকাতা কর্পোরেশনের মধ্যে একটা আনহোলি নেক্সাস আছে। কলকাতা কর্পোরেশনের এম.আই.সি. (বিল্ডিংস), এই সভার সদস্য নির্মল মুখার্জি ইন্ডিয়া টু ডে' পত্রিকার কাছে প্রেস কনফারেন্স করে বলেছেন—১৯৮৪ সাল থেকে ১৯৮৯ সালের মধ্যে কলকাতা শহরে এরকম ১০ হাজার বাড়ি তৈরি হয়েছে। পুলিশের সঙ্গে যোগাযোগ না থাকলে এরকম সাংঘাতিক কাজ হতে পারে না। প্রদীপ কুন্ডলীয়া পুলিশ কমিশনারের ঘরে বসে স্কিমের স্যুটিং করেছে। জয়েন্ট কমিশনার হান্ডার সঙ্গে প্রদীপ কুন্ডলীয়ার ছবি আমরা 'আজকাল' পত্রিকায় দেখেছি। কলকাতা শহরের ওপর প্রদীপ কুন্ডলীয়ার বাড়ি ভেঙে পড়ে বহু মানুষের প্রাণ নষ্ট হয়েছে। পুলিশের সঙ্গে তার যোগাযোগ থাকার ফলে তার কেসের ফয়সালা হতে দিনের পর দিন নষ্ট হয়ে যাচ্ছে আদালতে। আজ পর্যন্ত কোনও সিদ্ধান্ত হল না। সেই মামলার চার্জশীট পুলিশ ঠিকমতো দিচ্ছে না। গত এক বছরে পুলিশ তিন দিন কোর্টে প্রেজেন্ট হয় নি। এ সংবাদ কি আপনার কাছে আছে?

**শ্রী জ্যোতি বসু ঃ** আনহোলি অ্যালায়েন্স আছে কি না জানি না। আর যেটা বললেন সেটা আমরা খোঁজ নিয়ে দেখব। আর আপনি যখন আমার চেয়ে বেশি জানেন তখন আপনার কাছে খবর থাকলে আমাদের তা জানাবেন, আমরা দেখব।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** কলকাতা এবং কলকাতার আশেপাশে প্রমোটাররা বড় বড় বাড়ি তৈরি করে বিক্রি করছে এবং বিক্রি করবার পর অনেক কেসও হয়েছে। এক সময় আপনিও বলেছিলেন যে, পুলিশের একাংশের সঙ্গে প্রমোটারদের সম্পর্ক আছে। আমার প্রশ্ন হল, এত সব বিরাট বাড়ি গড়ে উঠছে, অথচ পুলিশ সেটা জানে না বা এ-ব্যাপারে প্রমোটারদের সঙ্গে পুলিশের কোনও সম্পর্ক নেই, কোনও আনহোলি নেক্সাস গড়ে ওঠেনি, স্বরাষ্ট্র মন্ত্রী হিসাবে এটা আপনি বিশ্বাস করেন?

**মিঃ স্পিকার ঃ** এটা আপনার ব্যক্তিগত বিশ্বাস, উনি সেটা বিশ্বাস নাও করতে পারেন। কাজেই উনি উত্তর দেবেন কি করে?

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** আপনি বলেছেন যে, প্রমোটারদের দৌরাত্ম্য বন্ধ করবার জন্য সরকার পদক্ষেপ গ্রহণ করেছেন এবং এ-ব্যাপারে পৌরসভা, কর্পোরেশন সবাইকে জানানো হয়েছে। আমার প্রশ্ন, আমাদের রাজ্যে বাসস্থানে সমস্যা যখন গভীর থেকে গভীরতর হচ্ছে তখন সেই সমস্যা আইন বা প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে দূর করা কি সম্ভব, নাকি তারজন্য গণআন্দোলন গড়ে তুলে সেটা দূর করা সম্ভব?

**মিঃ স্পিকার ঃ** এটা ব্যক্তিগত মতের প্রশ্ন, এর উত্তর উনি দেবেন কি করে? দি কোয়েশ্চেন ইজ নট অ্যালাউড।

**শ্রী আব্দুল মান্নান ঃ** অসাধু প্রমোটারদের সঙ্গে পুলিশের কোনও যোগসাজোস আছে কি না জানেন না, কিন্তু তৎকালীন পুলিশ কমিশনারের সঙ্গে প্রদীপ কুন্দলিয়ার ছবি সংবাদ পত্রে বেরিয়েছে। তিনি ফিল্ম-এর ছবি তুলতে তার ঘরে গিয়েছিলেন। আর একজন পুলিশ অফিসারের সঙ্গে তার যোগসাজোস ছবিও কাগজে বেরিয়েছিল। ঐ দুইজন পুলিশ অফিসারের সঙ্গে প্রদীপ কুন্দলিয়ার যোগাযোগ ছিল যার তৈরি বাড়ি ভেঙ্গে পড়ে কলকাতায় অনেক মানুষ মারা গেছেন। ঐ দুইজন পুলিশ অফিসারের সঙ্গে তার ছবি ছেপে কাগজে বেরিয়েছিল, কাজেই স্বরাষ্ট্রমন্ত্রী হিসাবে সেই সংবাদ আপনি পাননি এটা হয় না। তাই আমার প্রশ্ন, ঐ দুই জন পুলিশ অফিসারের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছেন কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** ছবি ছেপে বেরোলেই ষ্টেপ নেওয়া যায় না। আমার সঙ্গেও তো আপনার ছবি ছেপে বেরোয়। বিষয়টা নিয়ে মামলা হচ্ছে। আমাদের উকিলকে বলেছি মামলাটা পারস্যু করতে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমার মনে হয় যে প্রশ্নটা আছে সেটাকে নানাভাবে বিকৃত করা হচ্ছে। আজকে কলকাতা এবং কলকাতার বাইরে বহু জায়গাতে, আমাদের ভি.আই.পি. রোডের দুই ধারেও দেখেছি, বহু লোক জমিজমা নিয়ে প্রমোট করছেন এবং সেটা সরকারের টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট-এর নিয়ম অনুযায়ী হচ্ছে না, পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটির নিয়ম অনুযায়ী করা হচ্ছে। কিন্তু সেখানে নিয়মকানুনের বাইরেও অনেক প্রমোটার বাড়িঘর করছেন। তবে আমি জানি যে, গভর্নমেন্ট-এর এমন কোনও আইন নেই যে, ব্যক্তিগত মালিকানায় বাড়ি করা যাবে না। আমার প্রশ্ন, যারা জেলা পরিষদ, মিউনিসিপ্যালিটি বা কর্পোরেশনের নিয়ম-কানুন না মেনে বাড়ি করছেন, পুলিশের সঙ্গে যোগাযোগ থাকুক বা না থাকুক, সেসব বেআইনি বাড়ি তৈরি বন্ধ করবার কোনও ব্যবস্থা আছে কিনা?

**শ্রী জ্যোতি বসু ঃ** আইনমত না হলে সেই বাড়ি ভেঙ্গে দেবার ব্যবস্থা হয়। আমি দেখেছি, সম্প্রতিকালে লেক-টাউনে এইরকম কয়েকটি বেআইনী বাড়ি ভাঙ্গা হয়েছে। বিধাননগরেও বেআইনিভাবে দুই-চারটি বাড়ি করবার চেষ্টা হয়েছে, কিন্তু সেগুলো হয় বন্ধ, না হয় ভেঙ্গে দেওয়া হয়েছে এবং কর্তৃপক্ষকে প্রতিনিয়ত সজাগ থাকার জন্য বলা হয়েছে।

[11-50—12-00 Noon]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি, আমরা দেখলাম যে একবার মাননীয় অর্থমন্ত্রী, ডঃ অসীমকুমার দাশগুপ্ত নিজে তার এলাকায় যেখানে বাস করেন, সেখানে অনেক মানুষের সঙ্গে একটা বেআইনি বাড়ি সল্টলেকে ভাঙ্গতে গিয়েছিলেন। রাজ্যের মন্ত্রী হয়েও এই ব্যাপারে তাকেও অংশ নিতে হচ্ছে জনসাধারণের সঙ্গে প্রকাশ্যে বাড়ি

ভাঙ্গার আন্দোলনে। কাজেই এটা প্রমাণিত যে ব্যাপক ভাবে বে-আইনি বাড়ি হচ্ছে। এই বিষয়ে যে আইন আছে, সেটা আছে। আমার বক্তব্য হচ্ছে কোনও স্পেশাল সেল তৈরি করার জন্য উদ্যোগ গ্রহণ করছেন কি না জানাবেন কি?

**শ্রী জ্যোতি বসু :** এটা যদি বিধাননগরের কথা বলা হয় তাহলে এটা বলব যে বিধাননগরে আমাদের অর্থমন্ত্রী যেখানে থাকেন, সেখানকার পাড়ার লোকেরা একবার, দু'বার এসে বলেছিলেন যে আপনিও আমাদের সঙ্গে থাকুন তাতে জনমত আপনাদের দিকে থাকবে। সেই হিসাবে তিনি সেখানে গিয়েছিলেন এবং জনগণ আমাদের কথায় অনেকটা এগিয়েছে যে এগুলি করা উচিত নয়। অনেক সময়ে আমরা যেখানে খবর পাইনা, সি.এম.ডি.এ যেখানে খবর পায় না, বিধাননগরের কর্তৃপক্ষ যেখানে খবর পায় না, সেখানে পাড়ার মানুষ আমাদের বলেন যে এটা সন্দেহ হচ্ছে, এটা দেখুন। এই রকম যে খবর আসছে, সেটা দেখছি যে সঠিক খবর আসে এবং সেই হিসাবে ব্যবস্থা গ্রহণ করার ব্যবস্থা করা হচ্ছে। তাছাড়া এই ব্যাপারে একটা কমিটিও তৈরি করা হয়েছে।

## Murdered of a Contesting Candidate in Municipal Election, 1994

***10.** (Admitted Question No. *240) **Shri Sailaja Kumar Das** and **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Home (police) Department be pleased to state—

(a) Whether it is a fact that a contesting Congress Candidate in Siliguri Municipal Corporation elections was murdered on the 14th May, 1994; and

(b) if so, the number of people arrested so far in the case and their political identity?

**Shri Jyoti Basu :** (a) Yes.

(b) Three. Their political identity could not be ascertained.

**Shri Saugata Roy :** The murder of Udai Chakraborty who was a Congress candidate for two successive municipal elections was a very shocking event. He was killed at 1 o'clock at night and even when he was going to hospital he was caught and hit again. The Congress Councillors in Siliguri have boycotted the swearing in of Mayor on this ground. Now, Sir, we have received a telegram and it has been alleged, the newspapers have published, those have been arrested are CPM supporters. The Chief Minister says that their political identity cannot be

established. Now, it has been alleged by Congress leaders of Siliguri that the local MLA from Siliguri and our Minister of State for Municipal Affairs has visited alongwith a councillor of the Siliguri Corporation the place of murder just two hours before the murder took place and it has been alleged that they are directly involved in the conspiracy of murder of this Congress candidate. May I ask the Hon'ble Chief Minister whether he has any information regarding the involvement of his own Minister of State in the brutal murder of Congress election candidate.

**Shri Jyoti Basu** : I do not know how Asoke Bhattacharya's name is coming because I find from the FIR, some people have been named there-about eleven. But Asoke Bhattacharya's name is not there. So, how does that question arise? Just to malign the CPM? This sort of thing has not worked for 17 years. It will not work for another 17 years.

**Shri Saugata Roy** : I am sorry the Chief Minister has given a political reply to a law and order question and it is very unfortunate that Chief Minister in his election speech at Sandeshkhali has alleged that the Congress candidate who has been murdered lived in a red light area. I do not know if it is a crime to live in a red light area or people in these areas do not have any vote, any right. I would like to ask a straight forward question to Hon'ble Cheif Minister. Sir, it is unfortunate that the Hon'ble Chief Minister made a comment to the murderer of this case. It is very unfortunate. Its assessment is that the investigation is being influenced due to Chief Minister's Comment. May I ask the Hon'ble Chief Minister whether it is true that none of the 11 FIR named persons have been arrested till date, and whether the Hon'ble Chief Minister would inform about the failure of the State Police and the Chief Minister's involvement because the statement does propose to hand over the case of investigation to the CBI?

**Shri Jyoti Basu** : I don't know. I made a comment that appeared in the Ananda Bazar Patrika. I don't know. And I have made no comment. I have been told. This is a very serious matter. He is a Congress candidate. He stood for election and the candidate has been murdered. The investigation is proceeding. I am sure that the culprits-three of them have been arrested—I am sure, others will be arrested. prosecuted and punished.

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় জানাবেন কি, এই শিলিগুড়ি কর্পোরেশনের নির্বাচনের আগের দিন গভীর রাতে উদয় চক্রবর্তীকে খুন করা হয়েছে এর পেছনে গভীর ষড়যন্ত্র ছিল কিনা? কারণ সেই দিন সাথে সাথে কিছুক্ষণের মধ্যেই লিফলেট ছাপানো হল সেই দিন নির্বাচন বন্ধ করবার জন্য। ১৪৪ ধারা অমান্য করে প্রচার চালানো হল নির্বাচন বন্ধ করবার জন্য। একটু আগে আপনি বললেন যারা গ্রেপ্তার হয়েছে তাদের রাজনৈতিক পরিচয় কি জানেন না। রানা ঘোষ যাকে গ্রেপ্তার করা হয়েছে তার বাবা সেখানে যে মিটিং হয়েছিল তার সভাপতি ছিলেন এবং সেই সভায় কংগ্রেসের চেনা অনেক বড় নেতারা ছিলেন। আমি জানতে চাই আপনার কাছে কি কোনও ইনফরমেশন আছে সুপরিকল্পিতভাবে নির্বাচনকে বানচাল করবার জন্য, অরাজকতা সৃষ্টি করার জন্য এই কাজ তারা করেছিল?

**শ্রী জ্যোতি বসু ঃ** আমার কাছে এই রকম কোনও খবর নেই।

**Dr. Zainal Abedin :** Mr. Speaker, Sir, my supplementary arises out of the answer given by the Chief Minister to the Supplementary of Shri Saugata Roy. The Hon'ble Chief Minister said that they will be in power for 17 years as they had in power for 17 years. What is the basis of this assessment? What are the arrangements that are being made so that they can stay in power for another 17 years? Will the Hon'ble Chief Minister may please state the basis of the assessment and next, will he please enlighten me as to whether the name of one Shri Binoy Mullick a CPI(M) councillor is in the FIR, and whether he has been arrested or not?

**Shri Jyoti Basu :** I don't know what your actual question is? He has not been arrested. But his name is in the FIR. FIR persons names are there viz Sibu Raha, Md.Malek and Mozammel Haque. Out of 11 these there have been arrested.

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### পুলিশের গুলি চালনা

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪২) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩ এর মে থেকে ১৯৯৪-এর এপ্রিল পর্যন্ত সময়ে গণতান্ত্রিক আন্দোলনকে কেন্দ্র করে কতগুলি ক্ষেত্রে পুলিশের গুলি চালনার ঘটনা ঘটেছে;

(খ) ঐ ঘটনায় মৃত সাধারণ মানুষ ও পুলিশ কর্মচারির সংখ্যা কত; এবং

(গ) ঐ ধরনের ঘটনায় প্রচলিত বুলেটের পরিবর্তে অন্য কোনও ধরনের অস্ত্র ব্যবহারের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না এবং থাকলে তা কি?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) দুই জনকে।

(গ) একটি ফৌজদারি মামলা দায়ের করা হয়েছে।

**বেজিখালি মোড়ে খুনের ঘটনা**

***১১।** (অনুমোদিত প্রশ্ন নং *২৪৮) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ৩১শে মার্চ, ১৯৯৪ কৃষ্ণনগর কোতোয়ালী থানার বেজিখালি মোড়ে একজন বি.এস.এফ. কর্মীসহ জনৈক ব্যক্তির খুনের কোনও ঘটনা ঘটেছে;

(খ) সত্যি হলে, ঐ ঘটনায় জড়িত কতজনকে এ-পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে; এবং

(গ) তাদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ঘটেছে।

(খ) অভিযুক্ত ব্যক্তি পলাতক বলে গ্রেপ্তার করা যায় নি।

(গ) অভিযুক্ত ও সন্দেহভাজন ব্যক্তিদের গ্রেপ্তারের জন্য পুলিশি অভিযান চলছে।

**P.F. Defaulting Entrepreneurs**

***12.** (Admitted Question No. *2) **Shri Gyan Singh Sohanpal :** Will the Minister-in-charge of the Home (police) Department be pleased to State—

(a) the total number of FIRs filed by the Regional Provident Fund Commissioner against the P.F. defaulting entrepreneurs during 1993-94 and 1994-95 (up to 30, April);

(b) the total amount involved in (a);

(c) the number of FIRs taken up for action by the police; and

(d) the names of defaulters arrested along with the amount outstanding against each?

**Minister-in-charge of the Home (Police) Department :**

(a) 42 (Fortytwo).

(b) Rs.9,03,86,975=12 P. (Rupees Nine Crores three lakhs Eighty six thousand Nine hundred seventyfive and Twelve Paise).

(c) 42 (Fortytwo).

| (d) **Names of Defaulters** | | **Amount** |
|---|---|---|
| Murari Mohan Das | Rs. | 1,19,094=00 |
| Niranjan Dey | Rs. | 75,43,222=00 |
| Bhabani Gupta | Rs. | 29,471=00 |
| Murari Mohan Das & Arun Kumar Das | Rs. | 1,84,539=35 |
| Tapan Ghatak | Rs. | 16,063=00 |
| Ram Kishore Chowdhury | Rs. | 6,08,201=00 |
| Arun Kumar Bajoria | Rs. | 30,65,041=77 |
| R.K. Nemani | Rs. | 5,59,387=00 |
| D.K. Moolji | Rs. | 14,27,677=00 |
| T.P. Dutta | Rs. | 67,30,955=00 |
| R.C. Gandhi | Rs. | 67,30,955=00 |
| B.K. Goyel | Rs. | 42,50,548=00 |
| R.S. Bijala | Rs. | 45,74,750=00 |
| Ashesh Kumar Sen | Rs. | 3,17,305=00 |
| Santosh Kr. Drolia | Rs. | 11,88,097=00 |
| Dibyendu Madhab Gupta | Rs. | 2,16,70,152=00 |

**দলিল লেখকদের উপর আক্রমণ**

***১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৪৯) শ্রী শিবদাস মুখার্জি ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ২৬শে এপ্রিল, ১৯৯৪ তারিখে কৃষ্ণনগর কোতোয়ালী থানার দলিল লেখক সমিতির অফিসগৃহে দলিল লেখকদের আক্রান্ত হওয়ার ঘটনা ঘটেছে;

(খ) ঘটলে, ঐ ঘটনায় জড়িত কতজনকে গ্রেপ্তার করা হয়েছে; এবং

(গ) তাদের বিরুদ্ধে কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোনও ঘটনা ঘটেনি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) না।

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received one notice of Adjournment motion from Dr. Manas Bhunia on the subject of reported detection of Gastro Enteritis Bacteria in the drinking water of Calcutta.

The subject of the motion does not call for adjournment of the Business of the House. The Member may draw attention of the Minister concerned on the subject through Calling Attention, Mention etc

I, therefore, withhold my consent to the motion.

The member may, however, read out the text of the motion.

[12-00—12-10 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ, জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

কলকাতাসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আন্ত্রিক ও কলেরা রোগ বহু মৃত্যুর কার হয়ে দেখা দিয়েছে। মানুষ আতঙ্কগ্রস্ত হয়ে পড়েছে। সংবাদপত্রের আজকের সংবাদ আর উদ্বিগ্ন করে তুলেছে কলকাতার জনসংখ্যাকে। কলকাতার পানীয় জলে আন্ত্রিকের কলিফ

জীবাণুর উপস্থিতি। পরীক্ষাগারে পরীক্ষার পর প্রমাণিত হয়েছে এবং বিশেষজ্ঞ ডাক্তাররা বলেছেন কলকাতার জল পানের অযোগ্য। এই অবস্থায় জরুরি যুদ্ধকালীন ভিত্তিতে সরকার ও কলকাতা পুরসভা ব্যবস্থা গ্রহণ না করলে আন্ত্রিক ও কলেরা মহামারীর রূপ নেবে।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received seven Notices of Calling Attention, namely ::

| | | |
|---|---|---|
| 1) | Crisis of drinking water in greater Cal. | : Shri Abdul Mannan |
| 2) | Steps taken to prevent the pollution of water caused by arsenic. | : Shri Lakshman Chandra Seth |
| 3) | Reported killing of one Nemai Manna at Murarichak village under Sabang P.S. of Midnapore district. | : Dr. Manas Bhunia |
| 4) | Reported mysterious death of a journalist at Matigara of Siliguri on 1.6.94 | : Shri Saugata Roy, Shri Shish Mohammad & Shri Khara Soren. |
| 5) | Reported complaint of non-acceptance of power from Farakka Thermal power plant by the State Govt. | : Shri Tapan Hore |
| 6) | Strike of book-sellers at College Street Area. | : Shri Nirmal Das |
| 7) | Demand for construction of Subsidiary hospitals Betai, Nazirpur and Phulsunde villages in Nadia district. | : Shri Kamalendu Sanyal |

I have selected the notice of Shri Saugata Roy, Shri Shish Mohammad and Shri Khara Soren on the subject of Reported mysterious death of a Journalist at Matigara of Siliguri on 1.6.94.

The Minister-in-Charge may please make a statement today if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 7th June, 1994.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-charge of Forests and Envi-

ronment Department to make a statement on the subject of reported death of three persons by attack of wild elephants in Midnapore district recently.

(Attention called by Dr. Manas Bhunia on the 31st May, 1994).

**শ্রী বনমালী রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৮শে মে, ৯টায় পূর্ব মেদিনীপুর বন বিভাগের হুমগড় রেঞ্জের অন্তর্গত বনাঞ্চলে হিমাংশু শেখর দুয়া নামে ৩০ বৎসর বয়স্ক এক ব্যক্তি বন্য হাতির আক্রমণে প্রাণ হারান। মৃত ব্যক্তির ঠিকানা—গড়বেতা থানার ইন্দকুড়ি গ্রাম।

এছাড়া গত ৩০ শে মে, সকাল ৯-৩০ মিঃ ঐ একই বন্যহাতির আক্রমণে গোয়াল তোড় রেঞ্জের বনাঞ্চলে ৬০ বৎসর বয়স্ক বুধেশ্বর মাহাতো ও তাঁর স্ত্রী ৫০ বৎসর বয়স্ক পরি মাহাতো মারা যান। এদের বাসস্থান গোয়াল-তোড় থানার খাপরিভাগা গ্রাম।

মৃত ব্যক্তিদের উত্তরসুরীদের ক্ষতিপূরণ দানের ব্যবস্থা করা হয়েছে। বিনা প্ররোচনায় ও অকারণে মানুষ হত্যার জন্য ঐ বন্য হাতিটিকে বন্য প্রাণী সংরক্ষণ আইন (১৯৭২) অনুযায়ী পাগলা হাতি হিসাবে ঘোষণা হয়েছে।

ইতিমধ্যে দুইজন অভিজ্ঞ শিকারীকে উপদ্রুত অঞ্চলে পাঠানো হয়েছে। প্রয়োজনে হাতিটিকে মেরে ফেলার জন্য তাদের উপযুক্ত ক্ষমতাও দেওয়া হয়েছে। বন্য প্রাণী শাখার একদল বিশেষজ্ঞকে ঘুম পাড়ানি বন্দুক ও প্রয়োজনীয় ঔষধ-পত্র সহ ঐ দুইজন শিকারীকে সাহায্য করার জন্য পাঠানো হয়েছে।

ইতিমধ্যে ঐ পাগলা হাতি সম্বন্ধে জন-সাধারণকে সতর্ক করার জন্য পূর্ব মেদিনীপুর ও বাঁকুড়া বন বিভাগের সমস্ত রেঞ্জ ও বিট অফিসের কর্মচারিদের নির্দেশ দেওয়া হয়েছে। ওখানকার বন কর্মচারিরা সর্ব্বক্ষণ ঐ হাতির গতিবিধি লক্ষ্য করে চলেছেন।

## PRESENTATION OF REPORT

### Presentation of the Eighth Report of the Subject Committee on Power and Commerce & Industries, 1994-95 on Pre-budget Scrutiny

**Shri Santashri Chatterjee :** Sir, I beg to present the Eighth Report of the Subject Committee on Power and Commerce & Industries, 1994-95 on Pre-budget Scrutiny.

## MENTION CASES

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রশ্ন উঠেছে তার কিন্তু

কোনও এলাবোরেট উত্তর আমরা পেলাম না। আপনি জানেন যে কোনও ইলেকশন হোক না কেন সিপিএমের আমলে পশ্চিমবঙ্গে একটা ট্রাডিশন হয়ে গেছে ruling party dominated by CPI(M), opposition, specially principal organisation congress. সেখানে প্রিন্সিপাল অপোজিশন যে থাকুক না কেন, বিশেষ করে কংগ্রেসিদের একাধিকবার খুন করা হচ্ছে। কিন্তু একজন সিপিএমের ক্যাডারের বাড়িও হামলা হয় নি। কেবল অপোজিশনদের আক্রমণ করা হচ্ছে। আমরা দেখেছি যেকোন ইলেকশনের আগে সে পঞ্চায়েতেই হোক বা মিউনিসিপ্যালিটি হোক যে কোনও ইলেকশনেই সিপিএম অপোজিশনের উপর আঘাত হানছে। পঞ্চায়েত ইলেকশনের আগে এইভাবে টেরোরাইজ করে the reign of terror is always let loose. এই ব্যাপারে আমি নিজে পঞ্চায়েত ইলেকশনের আগে চীফ মিনিস্টারের সঙ্গে দেখা করেছি। প্রদেশ কংগ্রেস সভাপতি তারসঙ্গে দেখা করেছেন, কিন্তু নির্বিকার এত বলা সত্ত্বেও যথারীতি খুন হয়েছে। আমাদের পঞ্চায়েতের জেতা ক্যান্ডিডেটকে খুন করে মেরে ফেলা হল, তার কোনও প্রতিকার নেই। আমার কাছে টেলিগ্রাম আছে উদয় চক্রবর্তী নামে একজন আমাদের জেতা ক্যান্ডিডেটকে মেরে ফেলা হল। আমি সমস্ত তথ্য আপনার কাছে দেব। এই ব্যাপারে চীফ মিনিস্টারকে বলাতে তিনি বললেন যে, এর বিনিময়ে আমাদেরও ক্যান্ডিডেটের নাম আছে। এইভাবে একভাবে আমরাই আক্রান্ত হব এ হতে পারে না। জ্যোতিবাবু তো এখানে খুব হুংকার দিয়ে বললেন ১৭ বছর আছি। আরও ১৭ বছর থাকব। আপনারা গুন্ডামিতে ১৭ বছর কেন ৭০ বছর থাকুন না, কিন্তু সোভিয়েত রাশিয়ার অবস্থা জানেন তো? একদিন এর পতন হবেই। সিপিএম বলে রেহাই পেয়ে যাবেন না। Let the people decide. তারপরে রাজারহাটে যে আমাদের ক্যান্ডিডেট খুন হল তার কোনও ব্যবস্থা নেওয়া হল না। আপনারা জেনে রাখবেন স্ট্যালিন বাঁচেনি, চেসেসকু বাঁচেনি, হিটলার, মুশোলিনিও বাঁচেনি সুতরাং আপনারা তো চুনো পুঁটি, আপনারাও বাঁচবেন না। আপনারা শুধু অপোজিশনকে খুন করছেন তাই নয়, গরিব মানুষদের উপরেও অত্যাচার চালাচ্ছেন। আমার কাছে লিস্ট আছে বংশী হারি ব্লকে ২৭ জন চাষী বোরো ধান চায করেছিলেন। কিন্তু সিপিএমের নেতৃত্বে একদল গুন্ডা এসে আগ্নেয়াস্ত্র নিয়ে ওইসব ধানগুলো কেটে ফেলল। যার ফলে রাস্তা অবরোধ হল, বি এস এফের গাড়ি অবরোধ করা হল। এমন কি আর এস পির মন্ত্রী শ্রী বিশ্বনাথ চৌধুরির গাড়িও আস্তে গিয়ে আটক করা হল, বলা হল ব্যবস্থা নেওয়া হবে কিন্তু করা হল না। সেই কারণে আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে জানতে চাই যে, সিপিএমের অত্যাচার এইভাবে চলবে। আমার কাছে যেসব তথ্য আছে সেগুলো আপনি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিন। এর প্রতিকার আমরা চাই, এবং আইনের শাসন চলবে কিনা জানতে চাই।

[12-10—12-20 p.m.]

এখনও নির্বাচনে দাঁড়াতে পারব না এই জিনিস হয়নি। আবার স্মরণ করিয়ে দিতে চাই একবার তাকিয়ে দেখুন মস্কোর দিকে, সোভিয়েত রাশিয়ার দিকে, সেখানে আজকে গৃহযুদ্ধ

চলছে। তাকিয়ে দেখুন যুগোশ্লাভিয়ার দিকে কেউ বাঁচবে না। দাঁত বের করে বাঁচতে পারবেন না। আমরা আইনের ব্যবস্থা চাই, এর প্রতিকার চাই। এম.এল.এ. নেতৃত্বে ধান লুঠ হবে, খুন হবে, ডাকাতি হবে, আজকে এই জিনিস বন্ধ করতে হবে, এর প্রতিকার চাই। নাহলে ডিক্লেয়ার করুন এই জিনিস আমরা বন্ধ করতে পারব না। এখানে মন্ত্রীর নাম এসে গেছে, আপনাকে আমি এই অভিযোগ দিচ্ছি, এর একটা তদন্ত হোক। এই ব্যাপারে হাউসে একটা কমিটি গঠন করুন, যদি এটা সত্যি না হয় তাহলে আমরা শাস্তি মাথা পেতে নেব, আর ওদেরও প্রস্তুত থাকতে হবে। একদিকে খুন করবেন, আর এক দিকে মাঠের ধান লুঠ হবে, এই সন্ত্রাস চলতে পারে না, এই জঙ্গলের রাজত্ব চলতে পারে না, নাহলে আপনাদের এখানে কবর হবে জেনে রাখুন। আপনারা জেনে রাখুন সোভিয়েত রাশিয়ায় যে জিনিস হয়েছে সেই জিনিস এখানেও হবে, এই হুঁশিয়ারী আপনাদের দিয়ে দিচ্ছি।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় সুতী থানার একটা অংশ হচ্ছে হাসানপুর, নুরপুর, সোদপুর তিনটি গ্রাম এবং মৌজা হচ্ছে চকমেঘয়ান ও নুরপুর, সোদপুর-এ এখন ব্যাপক ভাঙন দেখা গিয়েছে। গতকালকে ইরিগেশনের বাজেটে আমার বলার কোনও সুযোগ ছিল না। সুতরাং এমন ভয়াবহ অবস্থা এই নুরপুর এবং হাসানপুরে যে সেখানে মাননীয় সেচমন্ত্রী পরিদর্শন করেছেন। ইরিগেশন ডিপার্টমেন্ট এস.ডি.ও., সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার সকলে পরিদর্শন করেছেন। কিন্তু সেখানে জুন মাসের ১৫/১৬ তারিখে নদীতে জল ঢুকে যাবে, কিন্তু এখনও সেখানে পাথর পড়ল না। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব সেচ দপ্তরকে, অবিলম্বে সেখানে যুদ্ধকালীন ভিত্তিতে পরিস্থিতির মোকাবিলা করুন, ভাঙন প্রতিরোধ করুন। নইলে আখরিগঞ্জের মানুষকে সেখানে তাদের যে অবস্থা হয়েছে ভিক্ষাবৃত্তি করতে হচ্ছে, এখানেও সেই একই অবস্থা হবে। এখনি পরিস্থিতিকে সামাল দেওয়া হবে যদি সেখানে অবিলম্বে গঙ্গা ভাঙন প্রতিরোধ করা যায়। সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার চীফ ইঞ্জিনিয়ার (২) ঘুমুচ্ছেন, মিনিস্টার তদন্ত করেছেন, এখনও কিন্তু কোনও কার্যকর ব্যবস্থা হল না। কোনও কিছু সেখানে দেখাতে পাচ্ছি না। আপনার মাধ্যমে আমি অনুরোধ করবো সেচ দপ্তরকে নড়ে চড়ে বসতে বলুন যাতে কাজটা হয়।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা উদ্বেগজনক ঘটনা বলতে চাই এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে আপনার মাধ্যমে জানাতে চাই। পশ্চিমবঙ্গে নারী নির্যাতন ও নারী ধর্ষণ অত্যন্ত বেড়েছে। বিধানসভার অধিবেশন বন্ধ হবার পর আমি সংবাদপত্রের মাধ্যমে প্রতিদিন যেগুলি বেরিয়েছে সেইগুলি জড় করে রেখেছি। ১২/১৪ তারিখের পর থেকে আজ পর্যন্ত কিশোরী ধর্ষণ হয়েছে ২৬, নারী নির্যাতন ৬৪টি, পুলিশ লক-আপে নারী নির্যাতন ১, বিধানসভা বন্ধ হওয়ার পর থেকে আজ পর্যন্ত আমি বিভিন্ন সংবাদপত্রের মাধ্যমে যা পেয়েছি তারিখ ওয়াইজ তা লেখা আছে। উত্তর দিনাজপুরে ৯৩ সালে ১০২ টি নারী নির্যাতনের ঘটনা হয়েছে। পুলিশি নারী নির্যাতন ক্রমশ বাড়ছে, আজকে পুলিশ রক্ষকের

জায়গায় ভক্ষক হয়ে গিয়েছে। আমি আপনার মাধ্যমে জানাতে চাই মুখ্যমন্ত্রী যদি স্বরাষ্ট্র দপ্তর দেখতে না পারেন তিনি আর একজন মন্ত্রীর হাতে এটা দিয়ে দিন। তার বয়েস হয়েছে, বয়সের ভারে তিনি জর্জরিত, সাউথ পয়েন্ট স্কুল বন্ধ, হকার উচ্ছেদ প্রতিটি ব্যাপারে তাঁকে হস্তক্ষেপ করতে হচ্ছে না হলে সমস্যার সমাধান হচ্ছে না। এমন একটা লোককে দায়িত্ব দিন যাতে মানুষের স্বার্থ রক্ষা হয়।

**শ্রী দেওকিনন্দন পোদ্দার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপার মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে উল্লেখ করতে চাই। ৩১শে মার্চ, রাত সাড়ে দশটায়, কমলকুমার পোদ্দার, ৭৩ নম্বর, বড়তলা স্ট্রিটে থাকেন, তাকে পগেয়াপট্টি এবং এম.জি. রোডের ক্রসিঙে ক্ষুর মারে। কিন্তু আজ পর্যন্ত কোনও এফ.আই.আর লেখা হয়নি। আমি তাকে নিয়ে বড়বাজার থানায় গিয়েছিলাম, ওখানে বি.মুখার্জি নামে একজন অফিসার ছিল, তিনি বললেন ছোটবাবু এলে এফ.আই.আর লিখব। কালপ্রিটদের নাম লিখব। কিন্তু দুর্ভাগ্যের বিষয় ছোট বাবুকে কালকে পাওয়া যায়নি। গতকাল ছোট বাবু, বড় বাবু কোনও বাবুই ছিল না। কালকে আমি লালবাজারে ফোন করেছিলাম, সেখানেও কোনও বাবু ছিল না, সবাই মাঠে গেছেন। আজ ১০ টা পর্যন্ত কোনও এফ.আই.আর লেখা হয়নি। কয়েকদিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী আমাকে অনুগ্রহ করে সময় দিয়েছিলেন, তখন আমি ওনাকে বলেছিলাম বড় বাজার এলাকাটা ক্রাইমপ্রবন থানা হয়ে গেছে। ওখানে কোনও ক্রিমিনালদের অ্যারেস্ট করা হয় না। ওখানে শুধু ভাগ-বাঁটোয়ারা নিয়ে কাজ হয়। এইসব ব্যাপার সেখানে চলে।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** আমি আপনার মাধ্যমে মাননীয় তফসিলি জাতি ও উপজাতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের কাছে দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, চন্দননগর মহকুমা অফিসে তফসিলি জাতি ও উপজাতিদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে কিছু কিছু কাজ বিলম্বিত হচ্ছে। যারা সার্টিফিকেট চাইছে, তাদের বার বার বলা হচ্ছে এস.ডি.ও অফিস থেকে ঘরে এসো। আপনি জানেন, স্যার, এদের বেশিরভাগ মানুষই হচ্ছে গরিব মানুষ এবং এদের রেলের টিকিট কেটে যেতে হয়। এদের অযথা বহু টাকা খরচ হয়ে যাচ্ছে। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে একটা খবরের কাগজে বেরিয়েছে কলকাতার সমস্ত এলাকার জলে বিষ পাওয়া গিয়েছে। সংবাদপত্রে এই গুরুত্বপূর্ণ খবরটা বেরিয়েছে। অশোক ল্যাবরেটরিতে প্রমাণিত হয়েছে, সারা কলকাতার জল দূষিত হয়ে গেছে। দীর্ঘকালীন গুরুত্ব দিয়ে এটার মোকাবিলা করা উচিত। স্যার, মন্ত্রী মহাশয়ের এতবড় আস্পর্ধা, যে তিনি বিধানসভাকে গ্রাহ্য করছে না। গতকাল থেকে বার বার বলার পরেও তিনি বিধানসভায় এসে কোনও রিপোর্ট দিচ্ছে না। আজকে সমস্ত এলাকায় আন্ত্রিক রোগ, কলেরা রোগ দেখা দিয়েছে এবং মানুষ মরছে। আজকে আবার খবরের কাগজে এই রকম একটা খবর বেরিয়েছে। আজকে সেই কারণে অবিলম্বে স্বাস্থ্যমন্ত্রীকে এই হাউসে তলব করা

হোক এবং এই পরিস্থিতিতে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন তা সবাইকে অবিলম্বে জানানো হোক।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের বীরভূম জেলার একস্ট্রিম নর্থ থেকে একস্ট্রিম সাউথ পর্যন্ত প্রায় ৮টি থানাকে কভার করে বোলপুর—রাজগাঁ রাস্তাটি চলে গিয়েছে। এটি বহু পুরানো একটি রাস্তা। এখন বোলপুর-সাঁইথিয়া বাস যাচ্ছে কিন্তু রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। যে কোনও সময় সেখানে দুর্ঘটনা ঘটে যেতে পারে। এই রাস্তাটির কিছুটা পি.ডব্লু.ডি'র কিছুটা জেলাপরিষদের, কিছুটা পি.ডব্লু.ডি (রোডসের)। আমরা বারবার বলেছি যে সমস্ত রাস্তাটাকে একসঙ্গে করে নিয়ে পি.ডব্লু.ডি. তার আমূল সংস্কার করুন। কিন্তু তা হয়নি। অবিলম্বে রাস্তাটির আমূল সংস্কারের জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া জেনারেল হাসপাতালের আলট্রাসোনোগ্রাফিক মেশিনটি কয়েক মাস যাবৎ খারাপ হয়ে পড়ে আছে। খোঁজ নিয়ে জানা গেছে যে এই মেশিনটি সারাতে ১ থেকে ২ হাজার টাকা খরচ হতে পারে। মেশিনটি সারালে বহু মানুষ উপকৃত হতে পারেন কিন্তু ডিপার্টমেন্ট থেকে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। হাওড়া জেলায় এটাই হচ্ছে সবচেয়ে বড় হাসপাতাল। কলকাতার কাছে এই হাসপাতালের আলট্রাসোনোগ্রাফিক মেশিনটি না সারানোর ফলে বহু মানুষ অসুবিধায় পড়েছেন যদিও মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষিত হয়না। তবুও স্যার, আপনার মাধ্যমে এ বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে মেশিনটি সারানোর দাবি জানাচ্ছি।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের জলপাইগুড়ি জেলার প্রায় সমস্ত হাসপাতালেই ক্লোরোকুইন, প্রিমাকুইন-এর প্রচন্ড অভাব দেখা দিয়েছে। স্যার, আপনি জানেন, আমাদের জেলাতে ব্যাপকভাবে ম্যালেরিয়া হয় অর্থাৎ এটা ম্যালিরিয়াপ্রবণ জেলা। আমি দাবি জানাচ্ছি অবিলম্বে সেখানে ক্লোরোকুইন, প্রিমাকুইন পাঠানো হোক। ডি.ডি.টি. স্প্রে করাও বন্ধ আছে। অবিলম্বে ডি.ডি.টি. স্প্রে করার ব্যবস্থা হোক। একদিকে আন্ত্রিক বা কলেরা দেখা দিয়েছে তার উপর ম্যালেরিয়া ছড়ালে অবস্থা ভয়ঙ্কর হবে। এ দিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের আবেদন. জানাচ্ছি।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী তরুন অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র

নৈহাটির গরিফা অঞ্চল-এর মানুষরা যখন শান্তিপুর্ণভাবে বাস করেছিলেন সেই সময় শাসকদলের মদতপুষ্ট কিছু সমাজবিরোধী এলাকা দখলের নামে সেখানে সন্ত্রাসের রাজত্ব কায়েম করেছে। গত ৩১ তারিখে সেখানে একটি ছোট ঘটনা কে কেন্দ্র করে সমাজবিরোধীরা হাঙ্গামা বাধায় এবং তাতে সুনীল রাজবংশী বলে একটি ছেলেকে গুলি করে হঁত্যা করে। তা ছাড়া রবীন্দ্রনাথ পাল, ধীরেন ঘোষ তারা আজকে কল্যাণী হাসপাতালে ভর্তি হয়ে রয়েছে। আমার দাবি, সরকারকে এই সভায় সেখানে সমাজবিরোধীদের প্রশ্রয় দেওয়া বন্ধ করার প্রতিশ্রুতি দিতে হবে এবং দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে।

(শ্রীমতি তানিয়া চক্রবর্তী এবং শ্রী সুকুমার দাস অনুপস্থিত।)

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্যণ করছি। বিদ্যুত দপ্তরের ভুতুড়ে বিলের দাপটে এবং লোড শেডিং এর প্রভাবে সমগ্র নদীয়া জেলার মানুষ বিশেষ করে আমার এলাকা কৃষ্ণনগরের মানুষ অতিষ্ট হয়ে উঠেছে। বিরাট অংকের ইলেকট্রিক বিল আসছে। ফলে চাষীরা একদিকে যেমন সমবায় ব্যাঙ্ক এবং ব্যাঙ্ক থেকে যে ঋণ নিয়েছে, তার সুদ শোধ করতে নাজেহাল হয়ে যাচ্ছে অন্যদিকে বিদ্যুত দপ্তরের এই ভুতুড়ে বিল মেটাতে তারা প্রাণান্ত হচ্ছে। বিদ্যুত মন্ত্রীর এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্যার সমাধান হয়।

**শ্রী নির্মল সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। দক্ষিণ ২৪ পরগনা জেলার মগরা হাট দু নং ব্লকের মহেশপুরে নন্দ লাল বৈদ্যনামে একজন মানুষ তিনি জওহর রোজগার যোজনায় একটি ঘর পায়। ঐ ঘরে বসবাসও করতে থাকে, কিন্তু ঐ পঞ্চায়েতটি কংগ্রেসিদের দখলে, সেই জন্য স্থানীয় কংগ্রেসিরা ঐ ঘর থেকে তাকে উৎখাত করে সেখানে একটি ঠাকুর প্রতিষ্ঠা করে। ঐ নন্দলাল বৈদ্য এই সম্পর্কে থানায় ডায়রি করে, ডায়রি নং ৬৬৯ তারিখ ১৫/১১/৯৩। তখন তাকে থানা থেকে বলা হয়, তুমি ১৪৪ করে এসো। থানার কথামতো ১৪৪ এর নোটিশ দিলে উল্টো ফল হয় এবং তাকে গ্রাম থেকে উৎখাত করে দেওয়া হয়েছে। এই বিষয়ে আমি স্বরাষ্ট্র মন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বিষয়টি সমাধানের জন্য।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র বনগাঁ মহকুমায় একটি হাসপাতাল বনগাঁ মহকুমা হাসপাতাল। সেইজন্য আজ থেকে চার বছর আগে গাইঘাটাতে হাসপাতাল করার জন্য থানার পাশে একটি জমি ঠিক করা হয়। আমার পূর্বসুরী বিধায়কও বর্তমানে তথ্য সংস্কৃতি মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস সেই হাসপাতালটি করার জন্য শিলান্যাস করেছিলেন। কিন্তু সেই হাসপাতালটি আজ পর্যন্ত হল না। সুতরাং আমি বলছি উনি যখন হাসপাতাল করার জন্য শিলান্যাস করেছিলেন, তখন সেখানে একটা হাসপাতাল করা হোক।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার পোলবা থানার আমনান গ্রামের একটি আদিবাসী ছেলেকে ১লা মে কাপাসবেড়িয়াতে খুন করা হয়, ঐ সব এলাকায় প্রচুর চোলাই মদ তৈরি হয়, সেই সমস্ত সমাজবিরোধীরা তাকে খুন করে। দুতিন দিন পরে তার মৃতদেহ একটি খালের মধ্যে পাওয়া যায়। ঐ চোলাই মদের ব্যবসাটাকে বন্ধ করার চেষ্টা করার জন্য একজন আদিবাসী ছেলেকে খুন হতে হল এবং তার মৃতদেহ দুদিন বাদে পাওয়া গেল। পুলিশের সঙ্গে যুক্তি করে সমাজ বিরোধীরা এই করেছে। সেইজন্য আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই ধরনের হত্যাকান্ড বন্ধ হয় এবং অবিলম্বে দোষীরা যাতে শাস্তি পায় এবং পুলিশের ভূমিকা যাতে সঠিক হয়।

**শ্রী শৈলজা দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মেদিনীপুর জেলা শহরে তীব্র পানীয় জলের সংকট দেখা দিয়েছে। এই শহরটা পাথুরে জায়গায় অবস্থিত, তীব্র খরার জন্য এই শহরের মানুষরা পানীয় জল থেকে ভীষণ ভাবে বঞ্চিত হচ্ছে। সেই পানীয় জলের যে উৎস্য একটামাত্র রিজার্ভারের মাধ্যমে জল সরবরাহ করা হয়, সেটা যথেষ্ট নয়। ক্রমশ জনসংখ্যা বৃদ্ধির ফলে জল সংকট দেখা দিয়েছে। নতুন যে সমস্ত হ্যান্ড টিউবওয়েল হয়েছে সেইগুলো সব অচল হয়ে গেছে। মেদিনীপুর পৌরসভা যেহেতু কংগ্রেস পরিচালিত পৌরসভা, সেইজন্য জনস্বাস্থ্য ইঞ্জিনিয়ারিং দপ্তর থেকে কিছু করা হচ্ছে না বারবার বলা সত্ত্বেও। তার ফলে মেদিনীপুর জেলা শহরের মানুষরা পানীয় জলের সংকটের মধ্যে পড়েছে। সেই সংকট নিরসনের জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তার প্রতিবিধানের দাবি জানাচ্ছি।

[12-30—12-40 p.m.]

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননী উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুর একটা সীমান্তবর্তী এলাকা। প্রতিদিন ওখান দিয়ে চোরাকারবারিরা সোনার বিস্কুট, বাংলাদেশি টাকা, চাল, ডাল, সিমেন্ট, লঙ্কা, পিঁয়াজ প্রভৃতি নির্বিচারে পাচার করছে। বি.এস.এফ. এবং ওখানকার থানার পুলিশের যোগসাজসে এই ঘটনা ঘটছে। আমি খুবই উদ্বেগের সঙ্গে এখানে উল্লেখ করতে চাই যে, চোরাকারবারের সঙ্গে ঐ এলাকার নিম্নবিত্ত এবং মধ্যবিত্ত পরিবারের মেয়েরাও যুক্ত হয়ে পড়েছে। কংগ্রেসি সমাজবিরোধী চোরাকারবারিরা আমাদের ঘরের মেয়েদের পর্যন্ত ঐ কাজে নিযুক্ত করছে। ফলে এক দারুণ সামাজিক অবক্ষয়ের সৃষ্টি হচ্ছে। অবিলম্বে এই চোরাকারবার বন্ধ করার জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্য সরকারের প্রাণী সম্পদ বিকাশ মন্ত্রীব দৃষ্টি আকর্ষণ করছি।

বিষয়টা হচ্ছে—কলকাতা এবং বৃহত্তর কলকাতায় খাটাল উচ্ছেদ অভিযান চলছে। উচ্ছেদ হোক, এতে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু এই অভিযানকে কেন্দ্র করে যে অবস্থার সৃষ্টি হচ্ছে তাতেই আমাদের আপত্তি। খাটাল উচ্ছেদ করে সমস্ত গরু মোষ হরিণঘাটায় নিয়ে যাওয়া হচ্ছে। হরিণঘাটায় অতীতে যে সংখ্যক গরু ছিল, বর্তমানে বামফ্রন্ট সরকারের আমলে তার ১৫ পারসেন্ট ও নেই। হরিণঘাটার সেই শূন্য খাটালগুলোকে কলকাতা থেকে গরু নিয়ে গিয়ে পূরণ করার চেষ্টা হচ্ছে। ফলে বৃহত্তর কলকাতা এলাকায় দুধের ক্রাইসিস দেখা দিচ্ছে। কলকাতা শহর এবং শহরতলী থেকে সমস্ত খাটাল তুলে দিলে অভাব দেখা দেবে। সুতরাং আমি বিষয়টা পুনর্বিবেচনা করতে অনুরোধ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মাসখানেক আগে আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ চিঠি লিখেছিলেন। এই হাউসে আমরা সব দলের সদস্যরা এক-মত হয়ে একটা প্রস্তাব গ্রহণ করেছিলাম। একজন বিদেশি নাগরিক মিঃ আর.কে. ব্রিয়ারলির পরিচালিত চারটি জুট মিল, যেগুলি স্কটল্যান্ডে রেজিস্টার্ড, সেগুলি বন্ধ হয়ে আছে। ১০ হাজার শ্রমিক কর্মচারী এবং তাদের পরিবার পরিজনেরা অর্ধাহারে, অনাহারে দিন কাটাচ্ছে। যেহেতু বিদেশি কোম্পানি সেহেতু তারা এদেশের আইন মানছে না এবং এক্ষেত্রে কিছু অন্য অসুবিধাও আছে। সে জন্য মাননীয় মুখ্যমন্ত্রী মাননীয় প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছিলেন—ভারত সরকার সাময়িকভাবে মিলগুলি অধিগ্রহণ করে ২০ হাজার শ্রমিক কর্মচারী এবং তাদের পরিবার পরিজনদের বাঁচাবার চেষ্টা করুন। ঐ কোম্পানিগুলি পি.এফ., ই.এস.আই., অন্যান্য পাওনাদারদের কোটি কোটি টাকা মেরে দিয়েছে। সে জন্য আমি পুনরায় মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, তিনি এবিষয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে আবার যোগাযোগ করুন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জরুরি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং সমাজ কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকা সবং-এ ১৯৮৯ সাল থেকে ১৯৯৪ সালে এপ্রিল মাস পর্যন্ত বিগত চার বছর ধরে যে ঘটনা ঘটেছে তার একটা চিত্র যদি আমি তুলে ধরি তাহলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি চমকে উঠবেন। সাংঘাতিক সব নারী নির্যাতনের ঘটনা ঘটেছে এবং মহিলারা আত্মহত্যা করেছেন। ১৯৮৯ সাল থেকে ১৯৯৪ সালের এপ্রিল মাস পর্যন্ত ২৬২-টি আন-ন্যাচারাল ডেথ হয়েছে। ১৯৮৯ থেকে ১৯৯৪এর এপ্রিল মাসের মধ্যে ১৮৫ জন পুরুষ আত্ম-হত্যা করেছে। অর্থাৎ মোট আন-ন্যাচারাল ডেথ হয়েছে ৪৫৭ জনের। এর মধ্যে ডাউরি ডেথ হয়েছে ১৩ জনের এবং অত্যাচার করে খুন করা হয়েছে ১৭ জন মহিলাকে। মহিলাদের উপর অত্যাচারের ঘটনার সংখ্যা ৫১। বর্তমানে সার্বিকভাবে মহিলাদের আত্মহত্যার সংখ্যা বেড়েছে। এই ধরনের ঘটনায় পুলিশ যাতে জরুরি ভিত্তিতে আইনমাফিক ব্যবস্থা নেন এবং এই প্রবণতাকে আটকাতে উদ্যোগী হন তারজন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হল, ঊনবিংশ শতাব্দীতে এই বাংলা অনেক মণীষীর জন্ম দিয়েছে যাঁদের অন্যতম হলেন বিদ্যাসাগর। তিনি শুধু বিদ্যার সাগরই ছিলেন না, সমাজ সংস্কারকও ছিলেন। তাঁকে স্মরণ করবার জন্য মেদিনীপুর থেকে খড়গপুর হয়ে হাওড়া পর্যন্ত একটি স্পেশ্যাল ট্রেন চালু করা হোক বিদ্যাসাগর এক্সপ্রেস নামে। এটা চালু করলে যাত্রী সাধারণের যেমন সুবিধা হবে, তেমনি বিদ্যাসাগরের প্রতিও যথার্থ সম্মান দেখানো হবে। তারজন্য এই প্রস্তাব আমি আপনার মাধ্যমে রেল বিভাগের কাছে রাখছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** (অনুপস্থিত।)

**শ্রী সুভাষ সোরেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র নয়াগ্রাম থেকে অফিসযাত্রী এবং সাধারণ মানুষদের মেদিনীপুর শহরে আসার খুবই অসুবিধা। তারজন্য মেদিনীপুর থেকে ধুমসাই ভায়া নয়াগ্রাম একটি দক্ষিণবঙ্গের বাস চালু করবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহারে পরপর দুটি হত্যাকান্ড সংঘটিত হয়েছে। একটি ঘটনায় তুফানগঞ্জ থানার বলরামপুরে চন্দন দেবনাথকে বাবলু চক্রবর্তী, প্রকাশ চক্রবর্তী এবং অন্যান্যরা নৃসংশভাবে হত্যা করেছে গত এপ্রিল মাসের ১২ তারিখে, কিন্তু আজ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। আর একটি ঘটনায় তুফানগঞ্জ মহকুমার বালাকুঠি গ্রামে আজিজুল হকের পুত্র পাম্পু হক (ডাকনাম) গত ১১.৫.৯৪ তারিখে তমরুদ্দিন শেখের পুত্র ৭ বছরের আজিজুল শেখকে প্রকাশ্য দিবালোকে গুলি করে হত্যা করেছে, কিন্তু পুলিশ আজ পর্যন্ত কোনও ব্যবস্থা নেয়নি। সেখানে উক্ত আসামী প্রকাশ্যভাবে ঘুরে বেড়াচ্ছে। এরফলে সেখানকার সাধারণ মানুষদের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয়েছে। যে গুলি করেছে সে বড় লোকের ছেলে, কিন্তু যাকে খুন করেছে সেই ছেলেটি একজন ক্ষেতমজুরের ছেলে। পুলিশ টাকা খেয়ে সেখানে হত্যাকারীর পাশে দাঁড়িয়ে গেছে। এর বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সমবায় মন্ত্রী এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে মে থেকে নদীয়া জেলাতে অবস্থান করছেন সমবায়ভুক্ত কর্মচারিরা। সরকারের কাছে তারা বেতন পুনর্বিন্যাসের জন্য যে দাবি করেছিলেন তারই সমর্থনে. তারা ঐ অবস্থান শুরু করেছেন। গতকাল তারা এ.আর.সি.এস. অফিস অবরোধও করেছেন।

[12-40 — 12-50 p.m.]

তাই বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাজ্যের সমবায় বিভাগের কর্মচারিরা যাতে অবিলম্বে

তাদের বেতন হার পান, সেই বিষয়ে আমি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে খুনের ব্যাপারে পাঞ্জাবের পরে নদীয়া জেলার স্থান হয়ে দাঁড়িয়েছে। গতকাল আমাদের বিধায়ক শিব দাস মুখার্জি এই খুনের ব্যাপারে বলেছেন। গত দুই মাসে কৃষ্ণনগরে ৮ জন খুন হয়েছে। গত ১৮ তারিখে আমাদের কালিগঞ্জে নির্বাচন এলাকার মিরা বাজারে জিল্লু রহমান নামে একজন দর্জিকে নিষ্ঠুরভাবে খুন করা হয়। কিন্তু আজ পর্যন্ত তার প্রকৃত আসামী ধরা পড়েনি। আমি তাই, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি যাতে প্রকৃত খুনিকে ধরা হয় এবং তার শাস্তির ব্যবস্থা করা হয়।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বালি বিবেকানন্দ ব্রিজের কাছে গঙ্গায় বিশাল চড়া পড়ে গঙ্গার নাব্যতা নষ্ট হয়ে গেছে। বর্ষায় সমস্ত কিছু আমার এলাকার পাশে গঙ্গায় এসে পড়ছে। এর ফলে এখানকার নাব্যতা নষ্ট হয়ে যাচ্ছে। আমরা আশঙ্কা করছি যে প্রতি বছরের মতো এবারেও আমরা জলবন্দি হয়ে থাকতে হবে। পূর্বে গঙ্গায় ড্রেজিং হত, কিন্তু এখন আর তা হয় না। তাছাড়া গঙ্গার জল যে পরিমাণে প্রবাহিত হওয়া প্রয়োজন তা না হওয়ায় বিশাল চড়া পড়ে গঙ্গা ভরাট হয়ে যাচ্ছে। তার ফলে আমার এলাকায় বর্ষাকালে জলবন্দি হয়ে পড়ে, বালি খাল দিয়ে জল গঙ্গায় গিয়ে পড়ে না এবং তার ফলে বহু ঘর-বাড়ি পড়ে যাওয়ার সম্ভাবনা দেখা দেয়। কাজেই আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে তারা এই ড্রেজিংয়ের ব্যবস্থা করে। বিবেকানন্দ ব্রিজের কাছে ভাটার সময়ে দেখা যায় যে বেশ কয়েকটা ফুটবল মাঠ গঙ্গার মধ্যে জেগে উঠেছে। কাজেই এর প্রতিকার অবিলম্বে হওয়া দরকার।

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকার এবং এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা নবগ্রামে সমাজের অবহেলিত নিচু তলার লোক যারা সাপুড়িয়া এবং বেদে, তারা নিজেদের অভিজ্ঞতায় একটা সমবায় গঠন করেছে। তারা ৩ রকম প্রজাতির প্রায় ১ হাজার সাপ লালন-পালন করছে, তাদের বাচ্চা ফোটাচ্ছে এবং সেগুলি রক্ষণাবেক্ষণ করছে। এগুলির থেকে যে বিষ পাওয়া যায় সেগুলি তারা বেঙ্গল কেমিকেলে বিক্রয় করে। কিন্তু এর বাজার খুবই কম। এগুলিকে উন্নত মানের পদ্ধতিতে লালন-পালন করা দরকার। এদের জমি দেওয়া হয়েছে, সমবায় রেজিস্ট্রি হয়েছে, কিন্তু এদের টাকার অভাব। তাই আমি দাবি করছি যে এদের অর্থ দেওয়া হোক। ভারতবর্ষে এর বাজার কম। বাইরের দেশগুলিতে যদি বিক্রয় করা যায় তাহলে সাপুড়িয়া, বেদে, যারা সমাজের নিচু তলার মানুষ তারা স্বাবলম্বি হতে পারবে এবং এগুলি বিক্রয় করে নিজেদের জীবন-জীবিকা নির্বাহ করতে পারবে। কাজেই এই ব্যাপারে উদ্যোগ নেবার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে এখানে উল্লেখ করতে চাইছি। গতকাল আমি ছিলাম না, আমি শুনেছি দক্ষিণ ২৪-পরগনার গোটা জেলায় নিরক্ষরতা দূরীকরণের কর্মসূচি চলছে এবং আগামী ৫ই এবং ৬ই জুন, এই দুইদিন আমাদের সাক্ষরতা কর্মসূচি পূর্ণাঙ্গভাবে সাক্ষর করা হবে। গতকাল এখানে একজন সদস্য বলেছেন যে সাক্ষরতা যেভাবে চলছে সেটা নাকি অত্যন্ত ভুল প্রক্রিয়ার মধ্যে দিয়ে চলছে। আমাদের গোটা জেলা জুড়ে অসংখ্য মানুষ এই কাজে নেমেছে। এত মানুষের এই প্রচেষ্টাকে বক্রোক্তি করার জন্য অপমানিত করার জন্য আমি এব প্রতি তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আগামী ৫ই জুন, এই দুই দিন ধরে গোটা জেলা জুড়ে একটা উৎসবের আয়োজন করা হয়েছে সাক্ষরতা কর্মসূচির। অসংখ্য মানুষ এই সাক্ষরতা কর্মসূচিতে অংশ গ্রহণ করছেন কাজেই এইভাবে তাকে অপমান করার জন্য, বক্রোক্তি করার জন্য, আমি তীব্র ভাষায় এর প্রতিবাদ জানাচ্ছি এবং বিরোধিতা করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যে দীর্ঘ দিন বন্ধ হয়ে থাকা কানুরিয়া চটকলের অবস্থার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৩শে নভেম্বর থেকে সেই মিলটি বন্ধ হয়ে যায় এবং তার পর গত ২৬শে নভেম্বর মিলটি লক আউট করা হয়। তার আগে ২৩শে নভেম্বর থেকে শ্রমিকরা মিলের ভেতরে অবস্থান শুরু করে দেন। কিন্তু যেটা আশ্চর্যের ব্যাপার সেটা হল এই কানুরিয়া জুট মিলের আন্দোলনের ব্যাপারে রাজ্য সরকার কোনও নির্দিষ্ট নীতি নিতে পারলেন না। প্রথমে তাদের বলা হল তাদের ইউনিয়নকে রেজিস্ট্রেশন দেওয়া হবে না। পরে এই সংগ্রামী শ্রমিক ইউনিয়নকে রেজিস্ট্রেশন দেওয়া হল। মাননীয় মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীরা দৌড়ে দৌড়ে গেলেন সেখানে সংগ্রামী শ্রমিক ইউনিয়নের নেতাদের সঙ্গে আলোচনা করতে। মুখ্যমন্ত্রী আলোচনা করলেন তাদের সঙ্গে এবং তাদের এই আশা হল যে সরকার এটাকে অধিগ্রহণ করবেন। তারপর তারা অবস্থান ধর্মঘট চালিয়ে যাচ্ছিল, সেখানে রাজ্য সরকারের পুলিশ গিয়ে জোর করে মারধোর করে পিটিয়ে সংগ্রামী শ্রমিক ইউনিয়নের কর্মীদের সেখান থেকে হটিয়ে দিলেন। গতকাল মাননীয় মুখ্যমন্ত্রী সভা করেছেন। রাজ্য সরকার কানুরিয়া জুট মিলের ব্যাপারে কি করতে চান, মিল তুলে দিতে চান না চালাতে চান সেটা বলুন। আমি মনে করি না যে কানুরিয়া জুট মিলের শ্রমিকরা যে কায়দায় আন্দোলন করছে সেই কায়দায় মিল খোলার ব্যবস্থা করা যাবে। কিন্তু রাজ্য সরকার ক্লিয়ারলি বলছেন না যে মিল অধিগ্রহণ করবেন না কি করবেন। তারা কখনও আন্দোলন ভেঙে দিচ্ছে আবার কখনও কখনও আশা দিচ্ছেন মিল অধিগ্রহণ করব তারা একেবারে বলে দিতে পারছেন না যে মিল অধিগ্রহণ করব না। আসলে তারা বলছেন যদি সেখানে তোমরা আন্দোলন করো, তাহলে পুলিশ দিয়ে সেটা ভেঙে দেবে আর যদি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলন করো তাহলে তোমাদের আমরা পেছন থেকে মদত দেব। আসল কথা হচ্ছে কানুরিয়া জুট মিলের শ্রমিক আন্দোলন বামফ্রন্ট সরকারের শ্রমিক বিরোধী চেহারাটা তুলে ধরেছে বলে মনে করি। আমি দাবি জানাচ্ছি কানুরিয়া জুটমিল সহ সমস্ত বন্ধ জুট মিলগুলির সম্বন্ধে রাজ্য সরকার একটা নির্দিষ্ট নীতি গ্রহণ করুন।

**শ্রী কমলেন্দু স্যান্যাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি নদীয়া জেলার পক্ষ থেকে আমাদের পিচের রাস্তার অবস্থার কথা বলেছি বারে বারে। বিগত কয়েক বছরে কিছু হয়নি, এবারে অর্ধেকের বেশি রাস্তা সংস্কার হয়েছে। এখন যুদ্ধকালীন পরিস্থিতিতে যদি আমরা অগ্রসর না হই তাহলে আগামী বর্ষার আগে সমস্ত কাজ শেষ করা যাবে না। উত্তর-পশ্চিম এবং উত্তর নদীয়ায় অন্য কোনও যোগাযোগ ব্যবস্থা নেই, একমাত্র পিচের রাস্তার উপর নির্ভর করতে হয়। তাই আমি পূর্ত এবং সড়ক দপ্তরের মন্ত্রী এই দিকে নজর দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী বাদল জমাদার ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্র ভাঙ্গরের তন্তুজীবীদের আর্থিক দূরবস্থার কথা এখানে তুলে ধরছি। আমার এলাকার বড়ালী, মরিচা, নলপুকুর এবং নড়িয়া গ্রামগুলিতে ৮০ ভাগ তন্তুজীবী বাস করে। তারা গামছা, লেপের ওয়াড়, মশারী ইত্যাদি জিনিস তৈরি করে এবং সেটা স্থানীয় বাজারে বিক্রি করে। সুতরাং দাম অস্বাভাবিক বেড়ে যাওয়ার ফলে এবং উৎপাদনের খরচ বেড়ে যাওয়ার ফলে জিনিসের দাম বেড়ে গেছে এবং সেই সঙ্গে স্থানীয় চাহিদা কমে গেছে। স্থানীয় চাহিদা কমে যাওয়ার আরও একটা কারণ হল এবারে শীতের ফসল ভাল হয় নি বলে স্থানীয় লোকের হাতে পয়সা নেই, সেইজন্য চাহিদা কমে গেছে। ফলে আমার এলাকার সমস্ত মানুষ আর্থিক দূরবস্থার মধ্যে পড়েছে। ব্যাঙ্কের মাধ্যমে দীর্ঘ মেয়াদী লোন এবং খয়রাতি সাহায্যের ব্যবস্থা করার জন্য আমি ত্রাণমন্ত্রীর এবং ক্ষুদ্র কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50—1-00 p.m.]

**শ্রী নন্দদুলাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, আমার নির্বাচন কেন্দ্র ইন্দাস। ওখানে ইন্দাস প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে একটি এ্যাম্বুলেন্স আছে, কিন্তু সেই অ্যাম্বুলেন্সটি সাধারণ মানুষ বা রোগীদের কোনও কাজে লাগছে না। দীর্ঘদিন ধরে দেখা যাচ্ছে যে ঐ অ্যাম্বুলেন্সটি খারাপ অবস্থায় পড়ে আছে। ফলে মুমুর্ষু রোগীদের ওখান থেকে বর্ধমান বা বাঁকুড়াতে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া যাচ্ছে না। সাধারণ গরিব মানুষ প্রাইভেট বাসে বা জীপ ভাড়া করে রোগীদের নিয়ে যেতে পারছে না। সেজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি ঐ অ্যাম্বুলেন্সটি যাতে অবিলম্বে মেরামতের ব্যবস্থা করেন এবং সেটি যাতে মানুষের কাজে লাগতে পারে তার ব্যবস্থা করেন।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। মাধ্যমিক স্কুলগুলিতে ছাত্র ভর্তির ক্ষেত্রে এক জটিল ও ভয়ঙ্কর সমস্যার সৃষ্টি হচ্ছে। গ্রামে যে সমস্ত মাধ্যমিক স্কুল আছে সেগুলি পাঁচ সাত মাইল দূরে একটি করে আছে। একটি মাধ্যমিক স্কুল নির্মাণের ক্ষেত্রে

আর্থিক বিকল্প রাস্তা যদি না থাকে তাহলে এইক্ষেত্রে আমার আবেদন নতুন স্কুল যদি না করা যায় তাহলে অতিরিক্ত শিক্ষক পদ, অ্যাডিশনাল পোস্ট তৈরি করে যাতে স্কুলগুলিকে দেওয়া যায় তাহলে ছাত্রদের পড়াশোনার ব্যাপারে আরও সুযোগ বৃদ্ধি করা যেতে পারে। এই ব্যাপারটা আমি মাননীয় মন্ত্রীদের দৃষ্টিতে আনছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে আমাদের পশ্চিমবাংলায় প্রাকৃতিক সৌন্দর্যের বিভিন্ন জায়গা আছে, দার্জিলিংকে বাদ দিলেও এই জায়গা আছে। পরবর্তীকালে পুরুলিয়া জেলা এই রকম একটি জায়গা হয়ে উঠেছে। এই জেলাতে রয়েছে জঙ্গল এবং নদ-নদী। সেখানে পর্যটন বিভাগের বিশেষ কিছু ডেভেলপমেন্ট হয়নি। ওখানে অযোধ্যা হিলস এ পাম্পিং স্টোরেজ স্কীম হচ্ছে। অযোধ্যার কয়ড়াবেড়া, সাহারজোর, দেউলঘাটা, যমুনাজোড়, দুয়ারসিনি এইসব স্পটগুলো হয়েছে। সেখানে আমাদের পর্যটন বিভাগ যদি ব্যবস্থা করেন, তাহলে পর্যটকরা সাতদিন ধরে পুরুলিয়া জেলার প্রাকৃতিক সৌন্দর্য দেখতে পাবেন। কারণ পশ্চিমবাংলা থেকে হাজার হাজার মানুষ উত্তর প্রদেশ এবং অন্ধ্রপ্রদেশে যাচ্ছেন, অথচ পশ্চিমবাংলায় আমাদের যে সমস্ত জায়গা আছে, সেখানে ব্যবস্থা থাকলে ঐ সমস্ত পর্যটকরা যেতে পারবেন। পুরুলিয়াতে ব্যবস্থা করতে পারলে এরফলে এই জেলার অর্থনৈতিক উন্নতি হবে। এই স্পটগুলিকে যাতে ট্যুরিজম সেন্টার তৈরি করা হয়, তারজন্য আমি আপনার মাধ্যমে পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যদিও আমাদের স্বাস্থ্যমন্ত্রী দৃষ্টিহীন হয়ে গেছেন, বধির হয়ে গেছেন, বোবা হয়ে গেছেন—কারণ এই বিধানসভায় স্বাস্থ্য দপ্তরের অপকর্ম বা স্বাস্থ্য দপ্তর যেভাবে দায়িত্ব এড়িয়ে যাচ্ছে সেজন্য এই কথা বলছি—দৃষ্টিহীন হলেও আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচন কেন্দ্র কুলতলি। গুড়গুড়িয়া ভুবনেশ্বরী গ্রাম পঞ্চায়েতের অধীনে ভুবনেশ্বরী সাবডিয়ারী হাসপাতালটি গত সাত আট বছর ধরে পড়ে আছে। সেখানে একজন ডাক্তারবাবু ছিলেন, তাঁকে অন্যত্র নিয়ে যাওয়া হয়েছে। ওখানকার কর্মচারিদেরও সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। এখন হাসপাতালটি পড়ে আছে দরজা, জানালা সব নষ্ট হয়ে যাচ্ছে। ঐ অঞ্চলের প্রায় পঁচিশ তিরিশ হাজার মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। অবিলম্বে ভুবনেশ্বরী সাবসিডিয়ারী সেন্টারটি যাতে চালু হয় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী খারা সোরেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব এবং অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দক্ষিণ দিনাজপুর জেলায় জমি কোবালা ফি বৃদ্ধি হওয়ার ফলে কৃষকদের জমি কেনাবেচা করতে অসুবিধা হচ্ছে, তারা জমি কিনতে পারছে না। জমির যে দাম তা দক্ষিণ দিনাজপুরের প্রতিটি ব্লকে একটার পর একটা জমি সরকারি পক্ষ

থেকে যে টাকা নির্ধারণ করা হয়েছে তাতে চাষীদের পক্ষে জমি কেনা বাধাস্বরূপ হয়ে দাঁড়িয়েছে। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে ভূমি রাজস্ব এবং সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী নিত্যানন্দ অধিকারী** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি একটি আন্তর্জাতিক সমস্যার বিষয়ে। আমার নির্বাচনী এলাকার পার্শ্ববর্তী এলাকায় কুচবিহারের মেখলিগঞ্জে ঢল্লা নদী হিমালয় থেকে নিসৃত হয়েছে। পাহাড়ী নদী জলঢাকার মোহানাতে গিয়ে পড়েছে। তাতে জলপাইগুড়ি জেলা এবং মাঝখানে বাংলাদেশ পড়ছে। এরফলে এই নদীটি বাংলাদেশের অভ্যন্তরে যে অংশটি পড়ছে সেটা তারা কেটে তার মূল ভূখন্ডে নিয়ে গেছে। এরফলে আমাদের কাছ থেকে নদীটা সরে যাচ্ছে। অথচ আন্তর্জাতিক চুক্তি অনুযায়ী ৩ বিঘা করিডর চালু হয়েছিল এবং ভারত সরকারের অনুমতিক্রমেই। সেখানে ভারত এই আন্তর্জাতিক চুক্তি লঙ্ঘন করেছেন এবং আইন লঙ্ঘন করেছেন। এই ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করছি বিষয়টি কেন্দ্রীয় সরকারকে জানান।

**শ্রী বিলাসীবালা সহিস** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে মাননীয় ভারপ্রাপ্তমন্ত্রী তথা শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে, তাপবিদ্যুত কেন্দ্র যেমন ব্যান্ডেল এবং ফারাক্কাতে করা হয়েছে, ওই কেন্দ্রের বাহ্য পদার্থ দিয়ে সেখানে ইট তৈরি করার কারখানা করা হবে। সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। আমরা বিধানসভা কেন্দ্র সাঁওতালডিহিতেও অনুরূপ ওই কয়লার ছাই দিয়ে ইট তৈরি করার কারখানা করা হোক। এই দাবি আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে রাখছি।

**শ্রীমতী মমতা মুখার্জি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার বিধানসভা কেন্দ্রে পুরুলিয়া শহরের যানজটের বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ব্যাপারে আমি সেখানকার প্রতিনিধিদের জানিয়েছি কিন্তু কোনও সুরাহা হয় নি। গত ৫ বছর ধরে পুরুলিয়া জেলাতে যে ওভার ব্রিজ তৈরি হচ্ছে, তারমধ্যে রেলের একটি অংশ আছে, তার কাজ এখনও শেষ হয় নি। ওই ব্রিজটি যাতে অবিলম্বে তৈরি করা হয় এবং এরজন্য কেন্দ্রীয় মন্ত্রীকে জানানো হোক, তাছাড়া রাজ্য সরকারের যা করণীয় তা যেন অবিলম্বে পূরণ করা হয়। পুরুলিয়ার মানুষ এই অস্বস্তিকর অবস্থার থেকে মুক্তি পেতে চায়।

## ZERO HOUR

[1-00—1-10 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৪৬ নম্বর বাস আর ৩০ সি বাস, এই দুটি বাস একটা এয়ারপোর্ট থেকে বাগুইআঁটি হয়ে ধর্মতলা যায় আর একটা হাতিয়াড়া থেকে ধর্মতলা হয়ে বাবুঘাট যায়। গত ৬ মাস ধরে বাগুইআটির রাস্তা রিপেয়ার হচ্ছিল সেই

রাস্তা ৩ মাস হল রিপেয়ার হয়ে গেছে। কিন্তু বাগুইআটির সংলগ্ন কলতলা, দক্ষিণপাড়া, সাতগাছিয়ার মানুষের দুর্ভোগ হচ্ছে। আমরা অনেকদিন ধরে বলছি কিন্তু কোনও রকম কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়নি। আমি অবিলম্বে এই বিষয়ে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে দ্রুত এই ব্যাপারে হস্তক্ষেপ করে বাসগুলি তাদের পুরনো রুটে চালানো যায় তার ব্যবস্থা করুন।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারতীয় পয়সা ১ নয়া, দুই নয়া, তিন নয়া, বাজার থেকে অদৃশ্য মনে হয়, ধাতুমূল্য যা তার থেকে মুদ্রা মূল্য কম বেশি, এইসব খুঁজলে হয়ত পাওয়া যাবে আসল কারণ কি। আজকে যেটা উপস্থিত করছি প্রতিবন্ধীদের সান্ত্বনার জন্য। টাকার দুইটি পা, এক, দুই নয়া, বাজারে অদৃশ্য এরা যাবে নাকো পাওয়া। হায়রে হায় টাকা, তোর নিচের দুটি পাই ফাঁকা? এমন করে করে কাঁধে আর যাবে তোকে রাখা? প্রতিবন্ধী টাকা রাশীর বানাতে হবে পা, অথবা, রিকসে এখন হাত প্যাডেলে দিব্যি চলে যা! ছিঃ কাঁদে না, টাকা রাশী। করছে সবাই কানাকানি মুদ্রীমেদের বিপুল চাপে তোর ভেঙেছে পা! এখুনি তুই প্লেনে চেপে দিল্লি চলে যা। যাদু করের হাতের মায়ায় তোর গজাবে পা, পা গিয়েছে? প্রাণ তো আছে। না-না কাঁদে না।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে কুচবিহার জেলার একটা জ্বলন্ত সমস্যার প্রতি উচ্চশিক্ষামন্ত্রী এবং ক্রীড়ামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলার মাথাভাঙা, তুফানগঞ্জ এবং দীনহাটায় এই তিনটি মহকুমাতে যুবক ছেলে মেয়েদের খেলা ধূলার কোনও সুযোগ নেই। অবিলম্বে সেখানে স্টেডিয়াম করার জন্য দাবি জানাচ্ছি। পাশাপাশি কুচবিহার জেলায় যে কলেজগুলি আছে তার মধ্যে একমাত্র কুচবিহার জেলার কলেজ প্রিন্সিপাল আছে। আর বাকি কলেজগুলিতে প্রিন্সিপাল নেই। প্রিন্সিপাল না থাকার ফলে কলেজ অরাজক অবস্থা দেখা দিয়েছে। কুচবিহারের বি.এন.সিল কলেজে শতবর্ষ পালিত হয়ে গেছে, সেখানে ছাত্র সংসদ আর ছাত্র পরিষদের নির্বাচনকে কেন্দ্র করে একটা অচলাবস্থা দেখা দিয়েছে। সেখানে কলেজ প্রশাসন কলেজ বন্ধ করে দিয়েছে। যাতে শীঘ্র এই অরাজক অবস্থা দূর হয় তার জন্য আমি বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, ইস্কোর মর্ডানাইজেশনের জন্য ৬ হাজার কোটি টাকার একটা প্রকল্প যেটা মুখ্যমন্ত্রী ও ইস্কোর মধ্যে একটা মত পার্থক্যর জন্য বি.আই.এফ আর-এ চলে গেল। মুখ্যমন্ত্রী স্ববিরোধিতায় ভুগছিলেন, সব কিছু মেনেও এক সময় বলেছিলেন মুকুন্দ দিয়ে করতে হবে যাতে বি.আই.এফ.আর-এ না চলে যায়। এই ব্যাপারটা নিয়ে একটা অনিশ্চয়তা দেখা দিয়েছে। এই যে অবস্থা সৃষ্টি হয়েছে এটা আমরা কোনও অবস্থাতেই হতে দিতে পারি না। বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি নিয়ে ইস্কোর কর্মচারিদের স্বার্থে একবার দিল্লি চলুন একটা প্রস্তাব করছি। তা নাহলে ইস্কো, বার্ণপুর এর শ্রমিকরা আপনাদের ক্ষমা করবে না। সিটু এবং মুখ্যমন্ত্রীর জন্য এটা বানচাল হতে চলেছে, যদি এটা

বি.আই.এফ.আর.-এ চলে যায় তার মানে লং পেন্ডিং প্রসেস হয়ে যাবে। মুখ্যমন্ত্রীর এই ঢিলেমি মনোভাব এবং সিটুর এই মনোভাবকে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি একটি ভয়ঙ্কর ঘটনার কথা এখানে উল্লেখ করছি। কাগজে আমরা দেখছি শিলিগুড়ির ৩১ নম্বর জাতীয় সড়কের মাটি গড়ার কাছে আমাদের উত্তরবঙ্গের যে সংবাদপত্র, সেই সংবাদপত্রের সাংবাদিক বিকাশ ঘোষ তিনি নিহত হয়েছেন। কিভাবে তিনি নিহত হলেন এই নিয়ে সারা শিলিগুড়িতে একটা তোলপাড় চলছে। এই ব্যাপারে আমরা উদ্বিগ্ন। এটার একটা বিচার বিভাগীয় তদন্ত হোক, বিভাগীয় তদন্ত হোক, ৫ই জুন তার বিবাহের কথা ছিল। এই ভয়ঙ্কর ব্যাপারটা আপনার নজরে আনছি যাতে এটার তদন্ত হতে পারে এবং প্রকৃত ঘটনা আমরা জানতে পারি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খবরের কাগজে একটা খবর দেখলাম যে নদীয়া জেলার নাকাশিপাড়া, বেথুয়াডহরির কতগুলি হাসপাতালে রোগীদের অত্যন্ত নিম্নমানের খাবার দেওয়া হচ্ছে এবং বিছানার অবস্থাও অত্যন্ত শোচনীয়। বর্তমানে রোগীদের যে খাবার দেওয়ার ব্যবস্থা আছে, দৈনিক ডায়েট চার্জ আছে সাধারণ রোগীদের জন্য আট টাকা এবং টি.বি. রোগীদের জন্য ১০ টাকা। এই বরাদ্দ টাকায় অত্যন্ত নিম্নমানের খাবার দেওয়া হয়। এই ব্যাপারে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যাতে ডায়েট চার্জ বাড়ানো হয়। তা নাহলে সমগ্র নদীয়া জেলার হাসপাতালে বিক্ষোভ হবে। রোগীদের খাদ্যের মানের উন্নতির দিকে দৃষ্টি দিতে আমি অনুরোধ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত মন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বার বার যে অভিযোগটা করি সেটা হল কেন্দ্রীয় সরকার জওহর রোজগার যোজনার যে টাকা রাজ্য সরকারের মাধ্যমে বিভিন্ন জেলা পরিষদ, গ্রাম পঞ্চায়েত এবং পঞ্চায়েত সমিতিতে পাঠাচ্ছে সেগুলো সঠিকভাবে খরচ হচ্ছে না। এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাসিস্ট্যান্ট স্কীম এই রাজ্যে না থাকায় জওহর রোজগার যোজনার টাকা ঠিকমতো ব্যয় হচ্ছে না এবং তাদের আর্থিক মানোন্নয়নের ব্যবস্থা করা যাচ্ছে না। কিন্তু দুর্ভাগ্যের বিষয় প্রায় ২৫০ কোটি টাকা জওহর রোজগার যোজনায় কেন্দ্র দিয়েছে এবং ১০০ কোটি টাকা আলাদা করে দেওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গের পঞ্চায়েতগুলো এই টাকা নিয়ে ব্যাপকভাবে দুর্নীতি করছে। জেলায় জেলায় পঞ্চায়েত সমিতিগুলো কোনও মাস্টার রোল তৈরি না করে জওহর রোজগার যোজনার টাকা দিয়ে ব্যাপকভাবে দুর্নীতি করছে। ফলে গ্রামোন্নায়নের কাজ ব্যহত হচ্ছে এবং শাসকদলের পার্টি তহবিল বাড়ছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়ে জরুরিভাবে হস্তক্ষেপ দাবি করছি এবং গ্রামীণ সমাজের উন্নয়নের জন্য সহযোগিতা দাবি করছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আই.এম.এফের নির্দেশে কেন্দ্রীয় সরকার পাবলিক ডিস্ট্রিবিউশন ধ্বংস করার চেষ্টা করছে। যেখানে সরকারি কেরোসিন পাওয়া যায়**

তিন টাকা লিটারে সেখানে বাইরে কেরোসিন পাওয়া যাচ্ছে সাত টাকা লিটারে। কেরোসিন বিক্রি হচ্ছে সাত টাকা লিটারে। এল.পি.জি গ্যাস পাওয়া যাচ্ছে ১৪৬ টাকা ধরে এবং কোনও লাইন দিতে হবে না। তাহলে বোঝা যাচ্ছে যেখানে বে-সরকারি কেরোসিন সাত টাকা করে বিক্রি হচ্ছে এবং ১৪৬ টাকা দরে যেখানে এল.পি.জি. গ্যাস বিক্রির বন্দোবস্ত হচ্ছে, তখন এর থেকেই বোঝা যায় আস্তে আস্তে এটা ধ্বংস করার চেষ্টা চলছে।

[1-10 — 1-45 p.m.]

**শ্রী তরুন অধিকারী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকের সংবাদপত্রে বেরিয়েছে যে কলকাতার জলে বিষ বেরিয়ে পড়েছে। এতে মানুষের জীবন বিপন্ন হয়ে পড়েছে। আমরা বারবার দৃষ্টি আকর্ষণ করেছি সরকারের যে চারিদিকে কলেরা, আন্ত্রিক ছড়িয়ে পড়ছে কিন্তু সরকার কিছুই করছেন না। এখানে গৌতমবাবু আছেন, তিনি কিছু বলুন আমরা শুনতে চাই। আমরা প্রস্তাব দিয়েছিলাম যে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এবং হেলথ ডিপার্টমেন্টকে নিয়ে একটি সম্মেলন করা হোক এবং ব্যবস্থা নেওয়া হোক কিন্তু কিছুই হচ্ছে না। গৌতমবাবু সভায় উপস্থিত, তিনি এ ব্যাপারে সভাকে অবহিত করুন যে কি ব্যবস্থা নিচ্ছেন। চারিদিকে কলেরা, আন্ত্রিক আউটব্রেক করেছে, পশ্চিমবঙ্গের মানুষ অসহায় হয়ে পড়েছেন, সরকার বলুন কী পদক্ষেপ তারা নিচ্ছেন।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র গোবরডাঙ্গাতে একটি থানাগঠনের প্রস্তাব সরকারকে দেওয়া হয়েছিল কিন্তু আজ পর্যন্ত সেই থানা গঠিত হয়নি। গত দু মাসে সেখানে ১২ জন মানুষ খুন হয়েছিল। প্রকাশ্য দিবালোকে মানুষের মুন্ডু কাটা হয়েছে। দিন দশেক আগে অজিত সাহা নামে সি.এস.টি.সি.র একজন কর্মী যখন রাত্রিবেলায় ডিউটি থেকে ফিরছিলেন তখন তিনি খুন হন। গোবরডাঙ্গা একটি বিশাল এলাকা, এখানে কোনও থানা না থাকায় অশান্তি বাড়ছে। অবিলম্বে সেখানে থানা করার প্রস্তাব কার্যকর হোক—এই দাবি রাখছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখলাম যে কেন্দ্রীয় সরকার নির্বাচনী সংস্কারের ব্যাপারে কিছু আইন নিয়ে আসছেন। এ ব্যাপারে কেন্দ্রীয় সি.পি.এম. নেতৃত্বের সঙ্গে একজন এম.পি. শ্রী অশোক মিত্রের মতভেদ হচ্ছে। আমি এ ব্যাপারে শ্রী অশোক মিত্রের বক্তব্য সমর্থন করি। নির্বাচনী সংস্কার নিশ্চয় দরকার কিন্তু যদি নির্বাচনী সংস্কার মানে শুধু টি.এন.শেষনের ডানা কাটা হয়, মুখ্য নির্বাচনী কমিশনারের ক্ষমতা খর্ব করা হয় তাহলে পশ্চিমবঙ্গের মানুষ তা ভালোভাবে দেখবেন না। আমি মনে করি পশ্চিমবঙ্গে আইডেনটিটি কার্ড চালু করার ব্যাপারে টি.এন.শেষনের প্রস্তাব সমর্থন করা উচিত এবং নির্বাচনী ব্যবস্থার গলদগুলি দূর করার জন্য মুখ্য নির্বাচনী কমিশনারের হাতকে শক্তিশালী

করা উচিত।

**মিঃ ডেপুটি স্পিকার :** এখন বিরতি। সভা বসবে ১-৪৫-এ।

(At this stage the House was adjourned till 1-45 p.m.)

[1-45 — 1-55 p.m.]

(After adjournment)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 62, 59, 60 and 63

**Mr. Deputy Speaker :** There are three cut motions to Demand No. 59, three cut motions to Demand No. 60, eight cut motions to Demand No. 62 and two cut motions to Demand No. 63. All the cut motions are in order.

### Demand No. 62

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 59

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 60

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 63

**Shri Subrata Mukherjee :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৬২ নং অভিযাচনের অধীনে যে ব্যয় বরাদ্দ উত্থাপন করেছি, আমার বাজেট বক্তব্যে ছোট্ট একটা সংশোধনী আছে, সংশোধনীটা এখন সার্কুলেট করা হচ্ছে। তবু আমি আনুষ্ঠানিকভাবে বলে দিতে চাইছি। তিন নং পৃষ্ঠায় ৬২ নং ডিমান্ডের ৯ নং অনুচ্ছেদের প্রথম ছত্রে মোট ৫০০ লক্ষ যেটা আছে সেটা ৮০০ লক্ষ করতে হবে। ৯ অনুচ্ছেদেরই দ্বিতীয় ছত্রে ২৫৮ লাখ যেটা আছে তার পরিবর্তে

৬০৮.২১ করতে হবে।

**শ্রী সুব্রত মুখার্জি :** যদি ল্যাঙ্গুয়েজের এমনি এদিক ওদিক হত তাহলে কোনও ব্যাপার ছিল না। যেহেতু অঙ্কের ব্যাপার, সেটা ফর্মাল ওয়েতে অ্যামেন্ডমেন্ট নিয়ে আসছেন না কেন, লিখিত স্পিচ ডিস্ট্রিবিউট করে দিয়েছেন, মুখে সংশোধন হয়ে যাবে?

**মিঃ ডেপুটি স্পিকার :** এটা প্রিন্টিং মিসটেক, সেইজন্য উনি এটা বলে দিচ্ছেন এবং এটা সার্কুলেট করে দিলেই হবে। যে কারেকশনের কথা বললেন সেটা সার্কুলেট করে দিন।

**ডাঃ সূর্য্যকান্ত মিশ্র :** সার্কুলেট করে দিয়েছি।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় উপাধ্যক্ষ, আজকে ৬২, ৬৩, ৫৯, ৬০ গ্রামীণ উন্নয়ন এবং পঞ্চায়েত এই ব্যয় বরাদ্দ দাবি মাননীয় মন্ত্রী মহাশয় উত্থাপন করেছেন এবং যে বক্তব্য রেখেছেন, তার উপর আমার বিচার আমি হাউসের মধ্যে রাখছি। আমাদের জানা আছে এবং মন্ত্রী মহাশয়ও জানেন, তিনি এর আগের সেশনে পঞ্চায়েত আইনের উপর একটা ব্যাপক সংশোধনী এখানে উপস্থাপিত করেছিলেন এবং সেই সংশোধনী গৃহীত হয়েছে। আমি দুটো বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। After the amendment of the constitution এরপর আজকে দেশের সংবিধান পঞ্চায়েতগুলোকে সৃষ্টি করেছে বলে ধরে নেবো। these are the products of the constitution, not statue of the state Governments. The Panchayat is the state Subject. Whether there are the institutions and agents of development only or there are the constitution of self government? যদিও পঞ্চায়েত স্টেট সাবজেক্ট তথাপি পঞ্চায়েতগুলি সংবিধান সৃষ্ট সেল্ফ গভর্নমেন্ট ইনস্টিটিউশন। এই প্রথম পাঠ'টা মাননীয় মন্ত্রী মহাশয় গ্রহণ করেছেন কিনা, এই প্রশ্ন আমি রাখছি। আমি সরাসরি দুটো প্রশ্ন তুলছি। এক নং টা আমি আগেই বললাম, দু নং হচ্ছে প্রোগ্রাম এবং পঞ্চায়েতের কনসেপ্ট—Whether these are the institutions and agents of development only, or there are the constitutional irstitutions of self government? এই দুটো একই সঙ্গে এই সরকার গ্রহণ করেছেন কিনা? তা যদি করে থাকেন, সংবিধান সংশোধনকে যদি মনেপ্রাণে গ্রহণ করে থাকেন তাহলে এক বছর আগে আপনি যে নির্বাচন করলেন তাতে সংবিধান সংশোধনের যে নির্দেশ তা মানলেন না কেন? আপনারা এখন স্টেট ইলেকশন কমিশন তৈরি করছেন, স্টেট ফিনান্স কমিশন তৈরি করছেন এবং অ্যাকাউন্টেবিলিটি সম্পর্কে আপনারা এখনও নীরব। এই বিষয়গুলি আপনার বাজেট বক্তৃতার মধ্যে কখনই স্পষ্ট করেন নি। তারপর আপনারা একটা কমিটি তৈরি করেছিলেন উইথ নির্মল মুখার্জি অ্যান্ড দেবব্রত বন্দ্যোপাধ্যায়। তাঁরা একটা রিপোর্ট দিয়েছিলেন। সরকার সেই রিপোর্টের কতখানি সুপারিশ গ্রহণ করেছে এবং কতখানি করে নি, সে সম্পর্কে আপনার কাছে আমি স্পষ্ট ভাবে প্রশ্ন রাখছি এবং জানতে চাইছি সরকারের অবস্থানটা কোথায়? ভিসা-আ-ভিস আমি জানতে চাইছি, recom-

mendation and findings of the committee appointed by the state Government headed by former civilian and Governor of Punjab State. আপনারা কী ব্যবস্থা নিয়েছেন? এই প্রশ্নগুলির আপনি উত্তর দেবেন। আপনার কাছে সরাসরি প্রশ্ন, যে পঞ্চায়েতগুলি যদি ইনস্ট্রুমেন্ট অফ সেল্ফ গভর্নমেন্ট হয় তাহলে আপনার বাজেট বক্তৃতায় তার প্রতিফলন নেই কেন? আজকে এই জিনিসগুলির আপনি উত্তর দেবেন। কারণ সংবিধান সংশোধনের পরে থ্রি স্ট্যাটাস অফ গভর্নমেন্টে আমরা প্রবেশ করছি। এক সেন্ট্রাল গভর্নমেন্ট অ্যান্ড পার্লামেন্ট, দুই, স্টেট লেজিসলেচার অ্যান্ড স্টেট ক্যাবিনেট এবং তিন হচ্ছে পঞ্চায়েত আওয়ার করেসপন্ডিং ইন দি আর্বান এরিয়াস, নগরপালিকা। ইফ দিস আর দি ইনস্ট্রুমেন্টস অফ সেল্ফ গভর্নমেন্ট তাহলে কিন্তু এটা আমরা সরকারি বক্তব্য এবং সরকারি কাজকর্মের মধ্যে কোথাও প্রতিফলিত হতে দেখছি না। সেকেন্ড পয়েন্ট ইজ স্টেট গভর্নমেন্ট এখনও কোনও কিছুই ডিসাইড করে উঠতে পারলেন না যে, সেকেন্ড অ্যামেন্ডমেন্ট অনুযায়ী কি কি দায়িত্ব পঞ্চায়েতের ওপর দেবেন উইথ রিগার্ড টু দি ফ্যাংশনিং অফ দি পঞ্চায়েত অ্যান্ড স্টাফিং। এ ক্ষেত্রে আপনারা নীরব। একটা বডি তৈরি করলে তাকে অবশ্যই প্রপার ইনস্ট্রুমেন্ট দিতে হবে ফর ইমপ্লিমেন্টেশন অফ দি প্রোগ্রাম। কনসেপ্ট অ্যান্ড প্রোগ্রাম আপনাদের বক্তব্য কোথাও পাচ্ছি না যে, Panchayat will be allowed that if these are autonomy. Self governement means self-autonomy from outside interference. এখানে স্টাফিং প্যাটার্ণ, ম্যানিং অফ দি ইনস্টিটিউশন সম্বন্ধে আপনার বক্তব্য আমরা কোথাও পাচ্ছি না। সরকারের স্ট্যান্ড কি এখানে আমরা জানতে চাইছি। এবং যেহেতু These are the institutions of self government equally then are agents of development and implementation of Government programmes. তাহলে এখানে সরকারের Diminution in the buraucracy, diminution in the administration, corresponding increase in the panchayati Raj institution. সেটা কোথায় আপনি বলছেন না। আপনার সরকারের যে স্টাফিং প্যাটার্ণ আছে, তারা দায়িত্ব পালন করলে—আজকে পঞ্চায়েতের ওপর যে দায়িত্ব দিতে চেয়েছেন বাই ইয়োর অ্যামেন্ডমেন্ট—আপনি ২৯টি দায়িত্বের কথা বলেছেন, সেই দায়িত্ব পালন করতে গেলে পঞ্চায়েতের স্টাফ এবং পারসোনেল দরকার। নির্মল মুখার্জি কমিটি যে সুপারিশ করেছে তা আপনি গ্রহণ করেছেন কিনা জানি না, আপনি উত্তরে বলবেন। নির্মল মুখার্জি কমিটির সুপারিশের প্রিন্সিপালটা গ্রহণ করলে ডেপুটেশন ফ্রম দি স্টেট গভর্নমেন্ট টু দি পঞ্চায়েত রাজ ইনস্টিটিউশন, সেটা এক জায়গায়ও আপনার বলা নেই। সেটা আপনি একটু পরিষ্কার করবেন। কারণ আমরা দেখছি সরকার ডিসিসন নিচ্ছে দেশে চৌকিদার থাকবে কিনা। পঞ্চায়েতগুলিতে চৌকিদার, দফাদার থাকবে কিনা, সরকার ডিসিসন নিচ্ছে।

[1-55 — 2-05 p.m.]

সরকার কোনও ডিসিশন না নিয়ে পঞ্চায়েতের উপর নির্ভর করলেন, কিন্তু বললেন

না হোয়াট ইজ দিয়ার থিঙ্কিং উইথ রিগার্ড টু দি স্টাফিং প্যাটার্ণ অফ দি পঞ্চায়েতি রাজ ইনস্টিটিউশন। সেটা আপনারা কোথায়ও বলেন নি। আমি জানতে চাই, একটা কোনও ইনস্টিটিউশন তৈরি হলে তার স্ট্রাকচার, তার স্টাফিং প্যাটার্ণ তৈরি করে দিতে হবে তো? অন্য দিকে দেখছি, ফাংশনিং এবং পাওয়ারের কথা ব্যবহার করেছেন। ফ্যাংশনের কথা ব্যবহার করা ভাল, কারণ ১৯৭৩ সালের পঞ্চায়েত আইনে কোথায়ও এই কনসেপ্ট নেই। তখন সংবিধান সংশোধন হয়নি। সেল্ফ গভর্নমেন্টের আইডিয়া ১৯৭৩ সালের আইনে নেই। আপনারা বিষয়টা এড়িয়ে যাবার চেষ্টা করেছেন, কিন্তু নির্মল মুখার্জি কমিটির যে রেকমেন্ডেশন সেখানে কিন্তু বারবার বোঝাবার চেষ্টা করা হয়েছে যে, এটা না হলে পঞ্চায়েত কাজ করতে পারবে না, তার উদ্দেশ্যই ব্যর্থ হবে। আপনি এখানে আমাদের আশ্বস্ত করবেন যে, হোয়াট ইজ গভর্নমেন্টস থিঙ্কিং উইথ রিগার্ড টু দি কনসেপ্ট অফ পঞ্চায়েতি রাজ অ্যান্ড উইথ রিগার্ডস টু দি প্রোগ্রামস অফ দি পঞ্চায়েত? এটা তো আপনাকে বলতে হবে, এই যে থ্রি-টায়ার পঞ্চায়েত, দে উইল ড্র দিয়ার ওন প্ল্যান্স অ্যান্ড প্রোগ্রামস অ্যান্ড দে উইল পারস্যু অফ কোর্স লেজিসলেচার অ্যাজ এ বডি ইন দি স্টেট। যাঁরা আইন তৈরি করেন, পঞ্চায়েতের এই সীমারেখাগুলি তো নির্দিষ্ট করে দিতে পারেন তাঁরা। কোনও দেশ যদি সেল্ফ গভর্নমেন্ট চলে, কিন্তু সেক্ষেত্রে যদি কোনও পলিসি না থাকে, তাহলে সেটা একটা ডেঞ্জারাস ইনস্টিটিউশনে পরিণত হতে পারে। আজকে পঞ্চায়েতের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের কোনও ডাইরেকশন নেই, কোনও পলিসি নেই। ১৭ বছর ধরে আপনাদের সরকার চলছে। মুখ্যমন্ত্রী বলেছেন যে, আরও নাকি ১৭ বছর থাকবেন। আপনারা ১৭০০ বছর থাকুন, বাট দি স্টেট গভর্নমেন্ট হ্যাজ নট ডিফাইন্ড ইটস পলিসি অ্যান্ড ডাইরেকশন সো ফার। আজকে পঞ্চায়েতের যদি কোনও প্রোগ্রাম না থাকে তাহলে দিস উইল বি এ ডেঞ্জারাস ইনস্টিটিউশন। এই কনসেপ্ট সম্বন্ধে আপনাকে উত্তর দিতে হবে যে, পঞ্চায়েতকে অটোনমী কতখানি দিতে রাজি আছেন, অটোনমী দিতে গিয়ে কি কি ফাংশান তারা করবেন, কতটুকু করতে পারবেন। সরকার তাদের ডিকটেট করবেন না সেটাও আপনি বলেছেন। কিন্তু আজকে জেলায় ডি.এম. জেলা পরিষদের আজ্ঞাবহ কর্মচারী। আজকে ডিস্ট্রিক্ট অথরিটির সঙ্গে ওদের রিলেশন কি হবে সেটাও আপনাকে বলতে হবে। কারণ আপ টিল নাউ ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটস আর অ্যাপয়েন্টেড অ্যাজ একজিকিউটিভ অফিসারস অফ জিলা পরিষদস। কিন্তু এটাই কি যথেষ্ট? হোয়াট ইজ দি ইন্টারঅ্যাকশন উইথ দি ব্যুরোক্র্যাসী এবং জেলা পরিষদ ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশনের অ্যাপেক্স বডি কিনা সেটাও বলবেন। ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি যা করেছেন তার সঙ্গে স্টেট প্ল্যানিং বোর্ডের রিলেশন কি, তাদের লিমিটেশনই বা কতখানি, পাওয়ার, ফাংশন এবং অথরিটি কতখানি, লিমিটেশন কোথায় কোথায় এসবও তো বলে দিতে হবে। কতগুলো প্রোগ্রাম আছে যাতে মোর দ্যান ওয়ান ডিস্ট্রিক্ট ইনভলভ। সেক্ষেত্রে রুরাল ডেভেলপমেন্ট অথরিটি কি হবেন সেটাও বলতে হবে। আমরা আরও জানতে চাই যে, আপনারা নতুন আইনে ওয়ান-থার্ড অফ দি রিপ্রেজেন্টেটিভস উইল বি ওমেন করেছেন এবং তারপর এক বছর তাদের ফাংশনও আপনারা দেখতে পেয়েছেন। সেক্ষেত্রে অ্যাডপ্টেবিলিটি ইন দি পঞ্চায়েত অ্যান্ড দি রেলেভেন্স অফ দি

ওমেন রিপ্রেজেন্টেটিভস ইন দি পঞ্চায়েত এ্যান্ড দেয়ার ইন্টারেস্ট ইন দি পঞ্চায়েত কতখানি ডেভেলপ করতে পেরেছেন সেটাও বলতে হবে। তাদের ট্রেনিং এবং ওয়ার্কশপের ব্যবস্থা কোথায় কোথায় করেছেন এবং ওয়ার্কশপে বিষয়গুলো কি কি সেটাও জানতে চাই। এক্ষেত্রে ট্রেনিং শুধুমাত্র রিপ্রেজেন্টেটিভদের দিলেই হবে না, আজকে পঞ্চায়েত অফিসারদের ট্রেনিং অ্যান্ড ওরিয়েন্টেশনের কি ব্যবস্থা করেছেন সেটাও বলতে হবে। এটাও আমরা জানতে চাই। আমি আর একটা কথা বলতে চাই। পঞ্চায়েতের ফিনান্স হচ্ছে এখনও পর্যন্ত সেন্ট্রাল গভর্নমেন্ট যা দিচ্ছে মেনলি জওহর রোজগার যোজনায় বা সিমিলার আদার পোভার্টি ইরাডিকেশনের জন্য। আপনি এর সব কাজগুলি পঞ্চায়েতকে দিয়ে করাচ্ছেন কিনা, সাকসেসফুল হয়েছেন কিনা বিশেষ করে এমপ্লয়মেন্টের ক্ষেত্রে, সেটা আমাদের বলবেন। আপনি এখানে লক্ষ লক্ষ শ্রম দিবসের যে কথা বলেছেন, তাতে কতখানি ডিউরেবল অ্যাসেট তৈরি হয়েছে তার সংকলনটা আমরা জানতে চাচ্ছি। ১০তম ফিনান্স কমিশনের কাছে আপনাদের একটা দাবি ছিল। আপনাদের দাবি ছিল আপগ্রেডেশন অব দি অ্যাডমিনিস্ট্রেশন। আপগ্রেডেশন অব দি পঞ্চায়েত অলসো এর মধ্যে পড়ে। আপগ্রেডেশন অ্যান্ড মডার্নাইজেশন যদি লক্ষ্য হয় তাহলে আপনারা কি করেছেন সেটা আমরা জানতে চাচ্ছি? আমরা জানতে পেরেছি যে স্টেট ওয়েতে গ্রাম পঞ্চায়েতকে ফোন দেওয়া হবে। এটাই কি যথেষ্ট? মডার্নাইজেশন অব দি অ্যাডমিনিস্ট্রেশন এবং মডার্নাইজেশন অব দি পঞ্চায়েত—এটাই যদি লক্ষ্য হয় তাহলে আপনি এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন, সেটা আমাদের জানাবেন। কারণ আপনারা ১০তম ফিনান্স কমিশনের কাছে আপগ্রেডেশনের ব্যাপারে অনেক কিছু দাবি করেছেন, কিন্তু অনেক জায়গায় এখনও পঞ্চায়েতের বাড়ি পর্যন্ত নেই। সেই সম্পর্কে আপনার বক্তব্য কি সেটা আমাদের জানাবেন। অনেক জায়গায় প্রধানের বাড়িতে বৈঠক হয়, সেখানেই গ্রামসভার মিটিং হয় এবং সেখানেই সই সাবুদ হয়ে সব কিছু তৈরি হয়। আপনাকে কল্যাণীর ব্যাপারে যেটা বলেছি, আমরা দেখেছি যে সি পি এম আজকে ইলেকশনের কারচুপির দৌলতে ভোট কেন্দ্রে ভোট গণনার দৌলতে পঞ্চায়েতগুলি অধিকাংশ আপনারা কব্জা করেছেন। আমরা এটাও দেখেছি যে, যেখানে সি.পি.এম. নেই, অন্যান্য আছে, তাদের আপনারা নেগলেক্ট করছেন। এই রকম ২/৩টি প্রধানের রিপ্রেজেন্টেশন আপনার কাছে পাঠিয়েছি। এরাও তো ইলেকটেড রিপ্রেজেন্টেটিভ, এদের প্রতি এই রকম ব্যবহার হবে কেন? টোটাল ডেভেলপমেন্ট অব দি রুর‍্যাল এরিয়া—এটাই যদি লক্ষ্য হয় তাহলে যেখানে সি.পি.এম.এর প্রধান, সি.পি.এম. মেজরিটি আছে, সেখানেই কাজ করবেন, আর যেখানে অপোজিশন মেজরিটি সেখানে কোনও কাজ হবে না—এটা হবে কেন? আজকে এই সম্পর্কে সুস্পষ্ট ভাবে জানতে চাই? আজকে সুপারভিশনের কী ব্যবস্থা করেছেন? আপনি সংশোধনী আইনে বলেছেন যে, ৬ মাস অন্তর গ্রামসভা এবং গ্রাম সংসদে ঢোল পিটিয়ে যে ১০ পারসেন্ট বা ২০ পারসেন্ট সদস্যের কোরাম নিয়ে পঞ্চায়েতে কি কাজ হচ্ছে তার প্রোগ্রাম ডিক্লেয়ার করতে হবে। আজ পর্যন্ত কয়টা গ্রামসভা, কয়টা গ্রাম পঞ্চায়েত, কয়টা পঞ্চায়েত সমিতি, কয়টা জেলা পরিষদ এগুলি পিপলকে জানিয়েছে? আপনি এই হিসাব দিতে পারেন নি। এই যে ৬ মাস অন্তর প্রত্যেক জায়গায়

গ্রাম-পঞ্চায়েতে পাবলিককে ইনভলভ করে, যারা ভোটার তাদের ইনভলভ করে কি প্লান প্রোগ্রাম ঠিক করেছেন, কোথায় কি ব্যয় হচ্ছে, কি বেনিফিট এসেছে, সেসব কথা আপনি এখানে বলতে পারেন নি। তা যদি না হয় তাহলে এই প্রভিসনের কি মানে আছে? এই প্রভিসনের কোনও মানে হচ্ছে না। আমার খবর হচ্ছে, গ্রাম সভার যারা সদস্য, যারা ভোটার, তাদের কোথাও ইনভলভ করা হচ্ছে না এবং অ্যাকাউন্টেবিলিটি অব দি পঞ্চায়েত অ্যান্ড ট্রান্সপারেন্সি অব দি পঞ্চায়েত—এটাও মানুষ জানতে পারছে না। আজকে সেই সম্পর্কে আপনি আমাদের জানাবেন। আজকে এখানে পঞ্চায়েতের ফিনান্স সম্পর্কে যে কথা বলেছেন, এই পর্যন্ত যা যা বাইরে থেকে পাচ্ছেন, সেই টাকা খরচ করেছেন। কিন্তু নিজেরা রিসোর্স মোবিলাইজড করছেন কিনা এবং করলে কিভাবে করছেন, কতটা করেছেন, সেটা আমাদের জানাবেন? ডিসক্রিমিনেশন বা ডিসক্রিপেন্সি আছে কিনা সেটাও আপনাকে দেখতে হবে। আপনি আহন করেছেন যে পশু, পাখী, মড়া পোড়ানো, গরু চরানো সব কিছুর উপরে ট্যাক্স দিতে হবে। টু হোয়াট এক্সটেন্ট দিস হ্যাজ বিন অ্যাপ্রিসিয়েটেড বাই দি কমন পিপল—সেটা আমাদের জানাবেন? এইখানে রিয়েলাইজেশন কত সেটাও আমাদের জানাবেন। কারণ আমরা দেখছি যে পঞ্চায়েতের একটা কাজ হচ্ছে ভূমি সংস্কার করা। আজকে ৩ বছর ধরে এই ব্যাপারে প্রোগ্রাম নিল। এখানে পঞ্চায়েতের ইনভলভ সম্পর্কে আপনাদের বক্তব্য কি সাজেশন কি সেটাও আমাদের জানাবেন? ভূমি সংস্কারের ক্ষেত্রে রিসিপিয়েন্টস হচ্ছে এস.টি. এস.সি অ্যান্ড আদার ব্যাকওয়ার্ড কমিউনিটি। এছাড়া এখানে কতটা দলবাজি হয়েছে, পলিটিসাইজেশান ইন দি ফাংশানিং অব দি পঞ্চায়েত হচ্ছে কি না, এই সম্পর্কে সুপারভিশনের ব্যবস্থা আছে কি না, হচ্ছে কিনা, সেটা আপনি বলেন নি। এই সম্পর্কে আপনার বক্তব্য কি সেটা আমাদের জানাবেন? এখানে যেকথা বলেছেন, এই ফাংশনিংয়ের মধ্যে স্পেশ্যালিস্ট চাই, জরীপ চাই, আমীন চাই, ল্যান্ড রেভিনিউয়ের সম্পর্ক চাই। কিন্তু ল্যান্ড রেভিনিউয়ের সঙ্গে কতখানি সম্পর্ক চান সেকথা আমাদের বলতে হবে?

[2-05 — 2-15 p.m.]

কারণ আমরা দেখতে পাচ্ছি যে পঞ্চায়েতের যে মেন প্লান ল্যান্ড রিফর্মস সেটা আজকে ৩ বছর ধরে the works appears to be kept suspended. ৩ বছর ধরে কত বিতরণ করেছেন, কত বিতরণ করতে পারেন নি, কত বাকি আছে, কেন বিতরণ হল না সেই জবাব পঞ্চায়েত মন্ত্রীকে দিতে হবে, ভূমি রাজস্ব মন্ত্রীকে নয়। কারণ এটা আপনার রেসপন্সিবিলিটি। আপনারা অ্যাজিউম করেছেন পঞ্চায়েত সমস্ত রেসপন্সিবিলিটি নেবে। আজকে উইথ রিগার্ডস টু প্রোগ্রাম আপনার কাছে ৩-৪ টি কথা আমি জানতে চাই। আজকে মেনলি এগ্রিকালচারাল ইকনমিতে, এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট পঞ্চায়েতের ভূমিকা কতখানি, তার জন্য আপনি কি উদ্যোগ নিয়েছেন সেটা বলবেন। এগ্রিকালচলরাল মার্কেটিং টু বি অ্যানাদার, এখানে কত খানি আপনার ভূমিকা এই কথাটা আপনার কাছে জানতে চাই। আলুর দাম বেশি হয়েছে এখন তো দেখতে পাচ্ছি অন্য মন্ত্রীকে দায়িত্ব দেওয়া হয়েছে, এই ক্ষেত্রে

পঞ্চায়েতের ভূমিকা কত খানি, নগরপালিকার ভূমিকা কত খানি, এই ব্যাপারে আপনি কিছু বলেন নি। এগ্রিকালচালরাল মার্কেটিং ছাড়া এগ্রিকালচারাল ইমপুটস দরকার, ফাইনান্সিয়াল ইমপুটস দরকার। ১৯৭১ সালে ক্রাইটেরিয়া কি? রিজার্ভ ব্যাঙ্কের এস্টিমেটস অনুযায়ী ৩০০ ক্রোর্স এট দি প্রাইস লেভেল অফ ১৯৭০। আজকে এই কো-অপারেটিভ লোন, কৃষক লোন, ইনস্টিটিউশনাল ফিনান্স কতখানি দিতে পারছেন কতখানি ডিমান্ড এটা জানতে চাই কো-অপারেটিভ সেক্টরকে পঞ্চায়েতে ইনভলভ করা যায় কিনা। ইনপুটস এর ব্যাপারে, এগ্রিকালচালরাল লোনের ব্যাপারে টু বি চ্যানেলাইজড থ্রু পঞ্চায়েত কোনও চিন্তা ভাবনা আছে কিনা বলবেন। এটার জরুরি প্রয়োজন রয়েছে। প্রোগ্রাম ছাড়া কোনও ইনস্টিটিউট থাকতে পারে না। Panchayats are really trustworthy body and they are impartial and active. এই ইমপারসিয়াল অ্যান্ড অ্যাকটিভ এই দুটি জিনিস যদি থাকে তাহলে এগ্রিকালচারাল ফিনান্সের ক্ষেত্রে এবং ইনপুটসের ক্ষেত্রে পঞ্চায়েত বড় ভূমিকা নিতে পারে। প্লানিং কমিশান ২৯ টির মধ্যে ১৬টি আইডেনটিফাই করেছে। লেজিসলেচার হচ্ছে সুপ্রিম বডি। কি দায়িত্ব পঞ্চায়েত পাবে, কি কি পাবে না এই কথাটা আপনি আমাদের পরিষ্কার ভাবে বলবার চেষ্টা করবেন। এতদিন পর্যন্ত যে দায়িত্ব দিলেন তার কত খানি তারা পালন করতে পেরেছে সেটা পরিষ্কার ভাবে বলবেন। এটা আমরা পরিষ্কারভাবে জানতে চাই। আমাদের এখানে অনেকগুলি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম আছে। এই পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের মধ্যে পঞ্চায়েতের ভূমিকা কত খানি? পঞ্চায়েত টু হোয়াট এক্সটেন্ট ফুড কতটা সাবসিডাইজড ওয়েতে দেওয়া হয়? আজকে দেখলাম এগ্রিকালচারাল লেবারার্স ৫০ লক্ষ। আপনি সাবসিডাইজড ফুড বিলি করেছেন দেড় কোটি মানুষকে। এখানে পঞ্চায়েতের ভূমিকা কি? পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম চালু আছে, আপনি উইথড্র করবেন বলে ঘোষণা করেন নি। পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে পঞ্চায়েতের ভূমিকা কতখানি সেটা পরিষ্কার ভাবে প্রোগ্রাম অফ পঞ্চায়েত আরও ইনভলভমেন্ট দরকার। সেমিনারে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম। স্বাস্থ্য এবং পানীয় জল একটা বড় প্রবলেম। কিউরেটিভ মেজার ছেড়ে প্রিভেনটিভ মেজার নেওয়ার ব্যাপারে পঞ্চায়েতের ইনভলভমেন্ট দরকার। তারপর এক্সপ্লোশন অফ পপুলেশন এই ব্যাপারে কেন আপনি বলেন নি? একবারও বলেন নি টু হোয়াট এক্সটেন্ট দি পঞ্চায়েত হ্যাজ বিন ইনভলভ। এই ব্যাপারে আপনি একটা লাইনও প্রকাশ করেন নি। এখানে ম্যাসিভ ওয়েতে পঞ্চায়েতকে ইনভলভ করা যাবে। একটা জিনিস দেখবেন their family is large. The size of the family is large and they are more affluent, their family becomes small. এখানে পঞ্চায়েতকে দিয়ে কিছু করার আছে। সব জায়গায় শিশু মাতৃ মঙ্গল চালু হবে,১২৪টি ব্লক হয়েছে, আরও চালু হবে আউট অফ ৩৪০ টু হোয়াট এক্সটেন্ট। এর প্রোগ্রামটা কি আপনি বলবেন। আপনি মাস লিটারেসিতে আপনি পঞ্চায়েতকে কত খানি ইনভলভ করতে পারেন, কত খানি সাকসেসফুল হল, কি ওদের ইনসেনটিভ, কি ইনপুট, কি ড্রব্যাক্স কোথাও এই কথা বলেন নি। ইকুয়ালী ল্যাঙ্গুয়েজ লিটারেসির কথা নেই। আপনার কাছে জানতে চেয়েছিলাম, তার কোনও উত্তর পাই নি। ল্যান্ড লিটারেসীর ব্যাপারে,

এগ্রিকালচারাল লিটারেসীর ব্যাপারে এখানে পঞ্চায়েতের কিছু করার আছে কিনা বলে আপনি মনে করেন কিনা বলবেন। নির্মল মুখার্জি কমিটি সুপারিশ করেছেন এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট ল্যান্ড লিটারেসী ইজ এ মেজর প্রবলেম। কোনও জমিতে কি ক্রপ হবে, কত দিন কোনও ক্রপ থাকবে কতটা ম্যানিয়োর হবে, কি কি গাইডেন্স কৃষকরা পেতে পারে কোন জমিতে কি সার দেওয়া উচিত এই কথা কোথাও বলেন নি। ল্যান্ড লিটারেসী নির্মল মুখার্জি কমিটির একটা বড় সুপারিশ। আপনি তো এটা চোখে দেখেছেন, পঞ্চায়েতে ভূমি সংস্কার করতে গিয়ে দেখেছেন যে কিছু ভূমি ভ্যানিশ হয়ে গেছে। তাতে সরকারের বক্তব্য কি? জমি তো ভ্যানিশ হয় না, কেউ তো আর খেয়ে নেয় নি? সিপিএম এর কেউ খেয়ে নিলে অবশ্য আলাদা কথা, রেকর্ড মুছে দিলে তা হতে পারে। আন-অথরাইজড অকুপেশনের কথা কিন্তু আপনি আমাদের কিছু বলেন নি। ভেস্টেড ল্যান্ড কত, এই কথাটা আপনি বলবেন। কোনও জিনিসের ট্রেনিং এবং রিসার্চ যে কোনও ইনস্টিটিউশনে খুব বড় প্রয়োজন। আপনি এই রিপ্রেজেনটেটিভদের কিছু কিছু ট্রেনিং দিতে শুরু করেছেন। কতটা সাকসেসফুল হয়েছেন তা আপনার জবাবি ভাষণে জানাবেন—টু হোয়াট এক্সটেন্ট দে হ্যাভ টেকেন ইন্টারেস্ট ইন দি ট্রেনিং? কতটা করলেন, কি বিষয়ে ট্রেনিং ইমপার্ট করেছেন সেই কথা বলবেন। এর পরে, সারা দেশে নতুন কনসেপ্ট এসেছে। এই কনসেপ্ট বেসিসে আরও কি করে ইম্প্রুভমেন্ট করা উচিত, তারজন্য রিসার্চ প্রয়োজন। রিসার্চ অন দি ফাইন্ডিংস অব দি অ্যাচিভমেন্ট অ্যান্ড অন দি ফাইন্ডিংস অব দি প্রোগ্রামস অব দি পঞ্চায়েত অ্যান্ড ইমপ্লিমেন্টেশন, এই রিসার্চের কোনও ব্যবস্থা আছে কিনা সেই কথা বলবেন। এটা না হলে বাইরে থেকে মন্ত্রী এবং অবজার্ভারদের ধরে ধরে আনছেন, দু'একটা ভাল জায়গা দেখিয়ে বড় বড় কথা বলছেন, এটা ঠিক নয়। তারপর আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, কতগুলো অভিযোগের কথা বলেছেন নির্মল মুখার্জি কমিটি যেটা হয়েছিল তাঁরা বলেছেন। সেটা যথেষ্ট নয়। তাঁরা তিনটি আর্টিকেলস লিখেছিলেন স্টেটসম্যানে। থ্রি আর্টিকেলস ওয়ার পাবলিশড ইন স্টেটসম্যান কনসিকিউটিভলি ফ্রম সেভেন্থ এইটথ অ্যান্ড নাইনথ। আপনি এটা নিশ্চয়ই পড়েছেন। এখানে এই প্রশ্নগুলো করেছে যা পঞ্চায়েতের কনসেপ্সাস নিয়ে ফিনান্স অ্যান্ড স্টাফিং প্যাটার্ন নিয়ে। রিক্রুটমেন্টের ক্ষেত্রে আমাদের এখানে পাবলিক সার্ভিস কমিশন আছে স্টেটে, আর কেন্দ্রের ব্যাপারে আছে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন। পঞ্চায়েতেও সার্ভিস কমিশন থাকবে কিনা সেই কথাটা আপনি বলেন নি। নির্মল মুখার্জি কমিটি এই কথা বলে গেছে। পঞ্চায়েত গুলোতে কিছু ড্র-ব্যাক্স দেখা গেছে। তা নাহলে মুখ্যমন্ত্রীকে এই কথা বলতে হত না। মুখ্যমন্ত্রী বর্ধমানে এক সভায় বলেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী পঞ্চায়েতকে বলেছেন—আনন্দবাজারে বেরিয়েছে ১/৪/৯৪ তারিখে। ক্ষমতা না দেখিয়ে সেবায় মন দিন, রাজ্যে ১৭টি পৌরসভার নির্বাচনের প্রাক্কালে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু বললেন পঞ্চায়েত স্তরের নেতাদের জনগণের সেবা করার চেয়ে ভোটের রাজনীতি আর ক্ষমতা জাহিরের দিকেই নজর বেশি। মাননীয় মুখ্যমন্ত্রী এই কথা বলেছেন, আজ সকালে এখানকার নব নির্মিত সংস্কৃতি মঞ্চে বর্ধমান জেলায় জন শিক্ষণ নিগম ধাঁচে সাক্ষরোত্তর প্রকল্পের উদ্বোধন করতে গিয়ে মুখ্যমন্ত্রী তাঁদের উদ্দেশ্য খোলাখুলিই বললেন, বসে

বসে শুধু ভোটের কথা ভাবলে চলবে না। গ্রামের সাদামাটা মানুষদের কাছে ক্ষমতা দেখালেও চলবে না। মানুষের সঙ্গে সদ্ব্যবহার করতে শিখুন। তাদের সমালোচনা শুনতে শিখুন। মানুষকে সেবা করার চেষ্টা করুন। তারমানে, পঞ্চায়েতগুলোয় মুখ্যমন্ত্রীর অবজার্ভেশন হচ্ছে পঞ্চায়েতগুলো ঠিক কাজ করছে না। যেটা মূল কথা, পাওয়ার টু দি পিপল এবং সার্ভিস টু দি পিপল। পাওয়ারের সঙ্গে সার্ভিসটা আসে—মুখ্যমন্ত্রীর বক্তব্য। এটা কন্ট্রাডিক্ট হয়নি বলে আমি মনে করছি। এটাতে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি এখানে হিসাব দিয়েছেন, এতগুলো কর্মসংস্থান করেছেন। কতগুলো পারেন নি সেটা তো বলবেন? এটা ১৪/২/৯৪ তারিখে আনন্দবাজারে বেরিয়েছে—কর্মসংস্থানে রাজ্য লক্ষ্যের ধারে কাছে পৌঁছাতে পারে নি। কর্মসংস্থানের রিফ্লেকশন—শহরাঞ্চলে নেহেরু যোজনা, আর গ্রামাঞ্চলে জওহর রোজগার যোজনা—এখানে যে ফিক্সড লিমিট ছিল যে এতগুলো কর্মসংস্থান করতে হবে, শ্রমদিবসের এগেনস্টে এত পরিমাণ অ্যাসেট তৈরি হবে, আপনি এর ধারে কাছে গেছেন? আপনি এখানে কন্ট্রাডিকশন দেন নি বলে আমি এটাতে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ফরোয়ার্ড ব্লকের রাজ্য নেতা এখানে যা বলেছেন বা বলবার চেষ্টা করেছেন—ফরোওয়ার্ড ব্লকের নেতা অশোক ঘোষ মহাশয় বলেছেন—যে, বামফ্রন্ট সরকার টোট্যালি ফেল করেছে, টোট্যালি ফেল। আনন্দবাজারে বেরিয়েছে—অনেক ব্যাপারে বামফ্রন্ট পুরোপুরি ব্যর্থ।

[2-15 — 2-25 p.m.]

এরা তো দেখছি রাত কানাই শুধু নয়, দিন কানাও বলা উচিত। আজকে অনেক ব্যাপারে বামফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে, একথা আমাদের কথা নয়, ওদেরই শরিকদলের কথা। ফরোওয়ার্ড ব্লকের বাংলা কমিটির সম্পাদক অশোক ঘোষ শনিবার বর্ধমানে এক জনসভায় বলেছেন, বামফ্রন্ট সরকার ভূমি সংস্কার এবং ভূমি বন্টনে ব্যর্থ। মুখে বড়বড় কথা বললেও বামফ্রন্ট সরকার জোতদারদের সিলিং কে ফাঁকি দিয়ে লুকানো জমি উদ্ধার করতে পারেনি। গরিব কৃষিজীবীদের মধ্যে সেইসব জমি বিলি বন্টনের ব্যাপারেও চূড়ান্ত অপদার্থতার নজির রেখেছেন বাম সরকার। এর বিরুদ্ধে ফরোয়ার্ড ব্লক দল এবং অগ্রগামী কিষাণ সভা রাজ্য জুড়ে আন্দোলনে নামছেন। তার প্রস্তুতি চলছে। ডু ইউ ডিনাই ইট? ৩/৪/৯৪ তারিখে আপনাদেরই শরিকদল ফরোওয়ার্ড ব্লক এই কথা বলেছে। আর আনন্দবাজার পত্রিকা তো আর বাজে খবর দেবে না। আপনি তো থার্ড অ্যামেন্ডমেন্ট করতে পারেন নি। এর যে অ্যানামালি এবং ইনঅ্যাকশন এই ব্যাপারে এক্সপ্লেন করবেন। আমরা নিষ্পাপ, আমাদের এর উত্তর দিতে হবে। আপনি নিজে বলেছেন যে ট্যাক্স বসানো হবে এবং সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেছিলেন যে গ্রামেও মানুষদের উপরেও ট্যাক্স বসানো হবে। আপনি ২০.৪.৯৪ তারিখে একটি সম্মেলনে বলেছেন যে গ্রামবাসীরাও নাকি আজকাল আয় করছেন এবং তার উপরেও ট্যাক্স বসাতে হবে। আপনি যে এই রকম ইমোশনাল ট্যাক্স করছেন এর কি যুক্তি আছে। আপনি ভ্যালুয়েশনের ব্যাপারে এক্সপার্টদের দিয়ে ভ্যালুয়েশন করান, যা খুশি ট্যাক্স বসাবেন না। আমাদের না হয় আপনার উপরে গ্রাজ আছে তা বলে লোকেদের তো নেই।

ওদের প্রতি এই ব্যবহার কেন? আপনি যত বলছেন যে গ্রামের লোকেদের আয় বেড়েছে তত দেখছি যে পিপল হ্যাভ বিকাম পুওর অফ। আপনার ইকোনমিক রিভিউটা দেখুন। সেখানে পশ্চিমবঙ্গের পার ক্যাপিটা ইনকাম হচ্ছে ২ হাজার ১৪ আর সারা ভারতবর্ষের অ্যাভারেজ গড়, প্যার ক্যাপিটা ইনকাম হচ্ছে ২৩৫৯ টাকা। এই ২৩৫৮৯ টাকা হচ্ছে অল ইন্ডিয়া ফিগার। আপনি পঞ্চায়েত রাজ করেছেন, রুর‍্যাল ডেভেলপমেন্ট করেছেন। সেখানে ইউ আর প্রিসাইডিং ওভার প্রপারাইজেশন অফ ওয়েস্ট বেঙ্গল। সেখানে আপনি কোয়ালিটি অফ লাইফের কি উন্নতি করতে পেরেছেন? ইকোনমিক রিভিউয়ের কথা তো অসত্য বলে প্রমাণ করতে পারবেন না। এই যে ট্যাক্স বসানোর ক্ষেত্রে আপনি ভীষণ নিষ্ঠুর। আজকে পশ্চিমবঙ্গে গ্রামের বাড়িতে যারা বাস করেন তাদের একটা কুকুর পুষলে কিংবা একটা ঘুঘু পুষলে ট্যাক্স দিতে হবে। আমি ক্ষুদ্র সেচ এবং মাঝারি সেচের মন্ত্রীকে সেচের ব্যাপারে প্রশ্ন করতে তারা বলেছেন যে বৈদ্যনাথ কমিটির সুপারিশ তারা মেনে নেবেন না। তাহলে একদিকে সিপিএম আরেক দিকে আপনাদের শরিকদল মতের বিনিময় হচ্ছে। আমরা কার কথা শুনবো, এটা কি জাস্টিফায়েড। আজকে পঞ্চায়েত এলাকাতে অর্থাৎ গ্রামে শবদাহ করতে গেলে টাকা দিতে হবে, এটা কি সম্ভব? গ্রামে মানুষ মরে গেল বা করব দিতে হলে টাকা দিতে হবে? যেখানে ইলেকট্রিক চুল্লী আছে সেখানে টাকা দেওয়া দরকার, কিন্তু গ্রামে কাঠ কুঠো ইত্যাদি তো তারাই জোগাড় করে আনে, এতে তো আপনাদের কোনও খরচ নেই, সেক্ষেত্রে টাকা দেবে কেন? শ্মশানে মড়া পোড়াতে গেলে ট্যাক্স আদায় করে আপনি কি গ্রাম পঞ্চায়েত ব্যবস্থায় আলোকপাত করলেন বুঝতে পারলাম না। পাঞ্জাবের ধাঁচে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মাধ্যমে ভূমি সংস্কারের যে সুপারিশ দুই বিশেষজ্ঞ দেবব্রত বন্দ্যোপাধ্যায় ও নির্মল মুখোপাধ্যায় করেছেন, সেই বিষয়ে পঞ্চায়েত মন্ত্রীর বক্তব্য কি, এই নিয়ে বিতর্ক হোক। বিতর্ক কেন করা হবে না, এই বিতর্ক তো প্রয়োজন। অ্যাবসলিউট রয়ালটি টু দি সি.পি.আই.(এম) না থাকলে বেনিফিট পাওয়া যাবে না। আজকে পঞ্চায়েতের স্কিমগুলিকে আপনারা কোথায় নিয়ে গিয়েছেন, এদের অ্যাডাপটেবিলিটি কতখানি হয়েছে, এই ব্যাপারে বলি, এটা আমাদের বক্তব্য নয়, আপনাদের বক্তব্য এখানে বলা হয়েছে, Like every year in the past, Dr. Asim Dasgupta's Budget statement for 1994-95 harped on decentralization through involvement of common people, particularly in the panchayats. where villagers are expected to participate in the decision making process. The ground reality, however, may not be ideal.

In the south 24-parganas Joynagar and Kultali, for example, the State Government's intention of evolving a more efficient panchayat system seems to have been belied.

Members of the SUCI-run panchayats here complain of stagnation of development. And they blame nepotism, corruption, fund diversion and non-cooperation from the ruling party. এই জিনিসের তো আপনি উত্তর

দেবেন। এই বক্তব্য তো আমাদেরও নয়, কংগ্রেসরও নয়। বামফ্রন্টের রসিদ ভোট দিচ্ছে, এইটা মানুষের কমপ্লেন এইগুলির উত্তর দেবেন। আজকে গোটা দেশে যদি এটা গ্রহণ করতে পারি ইন্ডিয়া উইল গিভ লিডারশিপ টু দি রেস্ট অফ দি ওয়ারিং ওয়ার্ল্ড। আজকে কমিউনিজম পৃথিবীতে ভেসে গিয়েছে, ইন্ডিয়ার লিডারশিপ ছাড়া চলতে পারে না। আজকে আপনাদের কাছে নিবেদন করব, এখানে দলবাজি বন্ধ করুন, ইলেকশনে ফেয়ারনেস করুন। আপনি দলবাজির কাছে কুক্ষিগত হয়ে গেছেন, আপনি সূর্য, আপনাকে আমরা দেখব আলোর মতো, আপনি অন্ধকারে পরিণত হচ্ছেন কেন, বিকজ অফ ট্রাশ? আপনারা পার্টিশন পলিটিক্যাল এন্ডস এর স্বীকার হয়েছেন, আপনাদের পঞ্চায়েতে অ্যাডমিনিস্ট্রেশন বলে কিছু নেই। এই জন্য এই বাজেটের আমি বিরোধিতা করছি, আই অপোজ ইট টুথ অ্যান্ড নেইল, আমাদের তরফ থেকে যে কাটমোশন দেওয়া হয়েছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মাণিকচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামীণ উন্নয়ন ও পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাঁকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং মাননীয় বিরোধীপক্ষের সদস্যগণ যে ছাঁটাই প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি দু'চার কথা বলতে চাই। এই কারণে যে, মাননীয় বিরোধী দলের সদস্যরা ভেবেছিলেন তারা কিছু স্বদর্থক বক্তব্য রাখবেন, গঠনমূলক সমালোচনা করবেন। কিন্তু তাদের বক্তব্যের মধ্যে কোনও সার বক্তব্য পেলাম না। তারা শুধুমাত্র ৭৩ নম্বর সংশোধনীর বিষয়গুলি সম্পর্কে এবং রাজ্যের আইনগুলির সম্পর্কে জিজ্ঞাসা করলেন মাননীয় মন্ত্রীকে। বোধহয় তারা ২টি বিষয় গুলিয়ে ফেলেছেন। তাই কিছু সংবাদপত্রের বিবৃতির সমালোচনা করে বললেন আর নতুন করে কতকগুলি জিনিস তুলে ধরলেন। ওনারা তো এখন গ্রামে যান না, সংবাদপত্র দেখে সমালোচনা করেন, ওদের সময়ে গ্রামে যাওয়ার অবস্থা ছিল না, গ্রামে গাড়ি ঢুকতো না, এখন জয়নাল সাহেবের গাড়ি গ্রামে ঢোকে। এখন তাই তাঁর কাছে আমার বক্তব্য পঞ্চায়েত আইন সম্পর্কে যে কথা তিনি বলেছেন—পঞ্চায়েত নির্বাচন সম্পর্কে ৭৩ নম্বর সংশোধনীর কথা—সেই পরিপ্রেক্ষিতে বলি কংগ্রেসিরা এখন ভাবছে, সারা দেশে পশ্চিমবঙ্গের মতো অনেক পুরনো যে পঞ্চায়েতি ব্যবস্থা আছে সেটা চালু করবেন কিভাবে।

[2-25 — 2-35 p.m.]

৭৩তম সংবিধান সংশোধনী আনার আগেই পশ্চিমবঙ্গের পঞ্চায়েতি ব্যবস্থা সংশোধন করা হয়েছে। আমাদের মনে রাখতে হবে নতুন প্রজন্মের কাছে পশ্চিমবঙ্গের প্রথম রাজনৈতিক পঞ্চায়েত দেশের মানুষের কাছে এক নতুন দিগন্ত উন্মোচিত করেছে। ক্ষমতা বিকেন্দ্রীকরণের মাধ্যমে তৃণমূলে ক্ষমতা অর্পণ করা হয়েছে। জনগণের সক্রিয় অংশগ্রহণকে সুনিশ্চিত করার মধ্যে দিয়ে গণ উদ্যোগ সৃষ্টি উন্নয়নের গতিকে সঞ্চারিত করেছে। এই সংশোধনীর মধ্যে দিয়ে গ্রাম বাংলায় এক নতুন নেতৃত্ব গড়ে উঠেছে। যারা রাজ্যের পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে রাজ্যের

আর্থ-সামাজিক ব্যবস্থায় পরিবর্তন উল্লেখযোগ্য সাফল্য অর্জনের পক্ষে উদ্বুদ্ধ হয়েছেন। পরিকল্পন রচনা ও তাকে রূপায়িত করার জন্য ক্ষমতার বিকেন্দ্রীকরণের প্রক্রিয়া গ্রামাঞ্চলে নতুন উদ্দিপনা সৃষ্টি করেছে। সম্পদ সংগ্রহের ক্ষেত্রে অতিরিক্ত সম্পদ সংগ্রহের মধ্যে দিয়ে গ্রামাঞ্চলে স্বনির্ভর পঞ্চায়েত গড়ে তোলার লক্ষ্যে এক নতুন পথে যাত্রা শুরু করেছে এ রাজ্যের পঞ্চায়েত। আজকে পশ্চিমবাংলায় যে পঞ্চায়েত ব্যবস্থা গড়ে উঠেছে তার কথা কংগ্রেস দলের নেতারা ভূয়সী প্রশংসা করেছেন। তারা বলেছেন পশ্চিমবঙ্গ এ ব্যাপারে পাইওনিয়ার, তার অভিভূত হয়ে যাচ্ছেন। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর গ্রাম বাংলার উন্নয়নের কথা ভেবেছিলেন তার ভাবনার অভিব্যক্তি ঘটিয়েছিলেন শ্রী নিকেতনে পল্লী উন্নয়নের মাধ্যমে। গ্রামের স্বরাজের কথা বলেছিলেন মহাত্মা গান্ধী দেশের স্বাধীনতার সময়। কিন্তু স্বাধীনতার পর দেখা গেছে যে খসড়া সংবিধান উপস্থিত করা হল সেখানে পঞ্চায়েতের বিষয়ে তৎকালীন জাতীয় নেতৃবৃন্দের কাছে যেটা পাশ হল সেখানে তার কোনও উল্লেখ ছিল না। পঞ্চায়েত সম্পর্কে গণপরিষদে বিতর্ক হল। কোনও কোনও জাতীয়তাবাদী নেতা গ্রামের প্রতি গ্রামের মানুষের প্রতি কটাক্ষ করলেন। অবশেষে সংবিধানের ৪০ ধারায় নির্দেশাত্মক নীতিতে রাষ্ট্রকে স্বায়ত্ত শাসনের ব্যাপারে দায়িত্ব অর্পণ করল। কংগ্রেস দলের পরামর্শদাতা মার্কিন প্রশাসনের এক কর্তা ব্যক্তি এবং তার নির্দেশে আমাদের দেশে চালু হল আমরা নির্ভর সমষ্টি উন্নয়ন প্রকল্প। এদের জনগণের সঙ্গে কোনও যোগসূত্র ছিল না। তাই কোনও গণ উদ্যোগ সৃষ্টি হল না। পরবর্তী পর্যায়ে আমরা দেখলাম ১৯৫৭ সালে বলবন্ত রাও মেহতা কমিটি সরকারকে প্রস্তাব দেয় গ্রামে গণতান্ত্রিক কাঠামো তৈরি করতে। তৎকালীন প্লানিং কমিশনও ত্রিস্তর পঞ্চায়েত কমিটি গড়ে তোলার জন্য। অবশেষে ১৯৬১ সালে অনেক ঢাকঢোল পিটিয়ে সারা দেশে পঞ্চায়েতি রাজ চালু করার সিদ্ধান্ত হয়। ঐ বছরই সারা দেশে পঞ্চায়েতের নির্বাচন শুরু হয়। কিন্তু এই নির্বাচনে কংগ্রেসের আশ্রয়পুষ্ট গ্রামে বৃহৎ জমির মালিক ও বিত্তশালী মহাজনরা এই পঞ্চায়েত দখল করে বসে। ফলে উন্নয়নের যেটুকু সুযোগ ছিল, সেটা গ্রামের বিত্তশালীরাই ভোগ করল। গ্রামের সাধারণ মানুষের কাছে তার সুফল পৌঁছল না। ফলে আস্তে আস্তে এই পঞ্চায়েত গ্রামের সাধারণ মানুষকে ভিত্তি প্রদর্শনের জবরদস্ত প্রতিষ্ঠান হিসাবে পরিণত হল। পঞ্চায়েতে দীর্ঘদিন নির্বাচন করা হল না, ফলে একে একে এর অন্তর্জলি যাত্রা শুরু হল। মাঝখানে ওরা একটা সংশোধনী এনেছিল ১৯৭৭ সালে। কিন্তু ওদের সরকার পঞ্চায়েতের নির্বাচন করেনি। জনগণের কাছে যে ওরা ভয় পান। তারপরে আমাদের রাজ্য শান্তিপূর্ণভাবে নির্বাচন হয়েছে এবং এই নির্বাচনের মধ্যে দিয়ে ৭১,১২২ জন প্রতিনিধি নির্বাচিত হয়েছে। ত্রিস্তর এই পঞ্চায়েত নির্বাচনে ৫৯,৯০২ জন কংগ্রেস প্রার্থী ছিল। ১২,২২০ জন প্রার্থী ওরা কাদের স্বার্থে তুলে নিল? এমন কি নির্বাচনের পরে বোর্ড গঠনের ক্ষেত্রেও কিছু কিছু ক্ষেত্রে আমি দৃষ্টান্ত দিয়ে বলতে পারি যে কংগ্রেসের প্রধান, উপপ্রধান বি.জে.পি.র আবার কোথাও বা বি.জে.পি.র প্রধান এবং কংগ্রেস দলের উপপ্রধান—এই জিনিস হয়েছে। স্যার, আপনি জানেন, ১৯৭৭ সালে সারা দেশে একটা নতুন বাতাবরণ সৃষ্টি হল। পঞ্চায়েতকে নতুন করে সাজানোর পরিকল্পনা হল। কেন্দ্রের তৎকালীন জনতা সরকার অশোক মেহেতা কমিশন নিয়োগ করলেন

১৯৭৮ সাল থেকে সারা দেশে পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা করার জন্য। পশ্চিমবঙ্গে ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হল। এই রাজ্যে ১৯৭৮ সালে রাজনৈতিক প্রতীক নিয়ে নতুন ধরনের পঞ্চায়েত ব্যবস্থায় নির্বাচন হল। ১৯৭৮ সালের পর প্রতি ৫ বছর অন্তর অন্তর পশ্চিমবাংলায় পঞ্চায়েতের নির্বাচন হয়েছে। কিন্তু কেরল ও ত্রিপুরাতে কংগ্রেস ক্ষমতায় ফিরে এসে তারা কিন্তু পঞ্চায়েতের নির্বাচন করেন নি ফলে সেখানে পঞ্চায়েতের নির্বাচন দীর্ঘদিন হয়নি। তারা ত্রিপুরা এবং কেরলে ক্ষমতায় এসে নির্বাচিত পঞ্চায়েতকে ভেঙ্গে দিলেন। বি.জে.পি.ও বেশ কিছুদিন কিছু রাজ্যে ক্ষমতায় ছিলেন কিন্তু তারাও সেইসব রাজ্যে পঞ্চায়েতের নির্বাচন করেন নি। এই হল পঞ্চায়েত সম্পর্কে বি.জে.পি. ও কংগ্রেসের অনুভূতি ও ভূমিকা। তাই পঞ্চায়েতের কথা বলা এদের মুখে মানায় না। পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থা দেখে অভিভূত হয়ে রাজীব গান্ধী ৬৪ তম সংবিধান সংশোধন বিল নিয়ে আসার উদ্যোগ নিয়েছিলেন কিন্তু সেই বিল রাজ্যসভায় তিনি উপস্থিত করেন নি। অনেক ঢাকঢোল পিটিয়ে অনেক কথা বললেন কিন্তু পর্বতের মুষিক প্রসব হল, তারা কিছুই করলেন না। বর্তমান প্রধানমন্ত্রীর দেখছি এখন শুভ বুদ্ধির উদয় হয়েছে, তিনি ৭৩ তম সংবিধান সংশোধন বিল নিয়ে এসেছেন। দেরিতে হলেও বোঝা যাচ্ছে যে কংগ্রেস দলের শুভ বুদ্ধির উদয় হয়েছে। এই প্রসঙ্গে একটা কথা মনে রাখতে হবে যে ভূমি সংস্কারকে বাদ দিয়ে আদর্শ পঞ্চায়েত হতে পারে না। আমরা জানি সারা দেশে ভূমিসংস্কারের ক্ষেত্রে কংগ্রেস দলের অনীহা রয়েছে। কংগ্রেস দল এই ভূমিসংস্কারের কাজ করে নি। এই রাজ্যে বামফ্রন্ট সরকার আসার পর আমরা ভূমি সংস্কারের কাজ করেছি এবং তার ফলও আপনারা হাতেনাতে দেখতে পাচ্ছেন। আমি একটা হিসাব দিলেই আমার কথা যথার্থ প্রমাণিত হবে। ১৯৭৮ সালে যারা পঞ্চায়েতের প্রতিনিধি হয়ে এলেন তাদের একটা শ্রেণী বিন্যাস করে দেখা গেল সেখানে ৮৫ ভাগ প্রতিনিধি নির্বাচিত হয়েছে যারা হচ্ছেন ভূমিহীন ক্ষেতমজুর থেকে ৫ একর পর্যন্ত জমির মালিক। ১৯৮৩ সালের নির্বাচনের পর দেখা গেল যে পঞ্চায়েতে যারা নির্বাচিত হয়েছেন তাদের ৮৫ ভাগ ভূমিহীন থেকে ৩ একর পর্যন্ত জমির মালিক। এর সঙ্গে সঙ্গে ৬৮ সালের নির্বাচনের পর যে সার্ভে হয়েছিল তারও একটা হিসাব দিচ্ছি। তখন ছিল কংগ্রেসের আমল। সেই সময় দেখা গিয়েছিল যারা পঞ্চায়েতে নির্বাচিত হয়ে এসেছেন তাদের ৮১ ভাগই হচ্ছেন জমির মালিক। তারমধ্যে ৩২.৫ ভাগ সদস্য এবং ৯৫.৭ ভাগ সভাপতি ছিলেন বৃহৎ জমির মালিক ও ধনী পরিবার থেকে আগত। তাদের উদ্বৃত্ত জমি ছিল। আজকে কিন্তু চিত্রটা সম্পূর্ণ পাল্টে গিয়েছে। এরমধ্যে আরও একটা যুগান্তকারী পরিবর্তন ঘটেছে। পঞ্চায়েত আইনের সংশোধন করে এক তৃতীয়াংশের বেশি মহিলা প্রার্থীকে পঞ্চায়েতে নির্বাচিত করা গেছে। শতকরা হিসাবে এটা হল ৩৫ ভাগ এবং সংখ্যার হিসাবে এটা হল ২৪ হাজার ৮৯৫ জন। তফসিলি জাতি, উপজাতির প্রার্থীর সংখ্যাও আনুপাতিক হারে বেড়েছে। তাদের মধ্যে যারা নির্বাচিত হয়েছেন তার সংখ্যা হল ২৬ হাজার ৩৬০ জন। আনুপাতিক হার ৩৭ শতাংশ। সর্বসাকুল্যে ৫৯ পারসেন্ট আসন সংরক্ষিত হয়েছে। ১৬টি জেলাপরিষদ, একটি মহকুমা পরিষদ, ৩৪০টি পঞ্চায়েত সমিতি, ৩ হাজার ৩২৪টি গ্রাম পঞ্চায়েতে শান্তিপূর্ণভাবে

নির্বাচন হয়েছে এবং ভালোভাবে সেইসব নির্বাচিত প্রতিনিধিরা যাতে কাজ করতে পারেন তারজন্য তাদের ট্রেনিং এর ব্যবস্থা করা হয়েছে।

[2-35 — 2-45 p.m.]

অভিমুখীকরণ, তাদের নিজেদের কাজটা যাতে ভাল করে বুঝে নিতে পারে। এরা বেশির ভাগ নতুন এসেছে, এরা আগে প্রশাসন পরিচালনার কোনও দায়িত্বে ছিলেন না, কোনও অভিজ্ঞতা ছিল না, তাই তাদের ট্রেনিং এরও ব্যবস্থা করা হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে। সাথে সাথে আমাদের মনে রাখতে হবে এই পঞ্চায়েত গ্রামের লোকের উন্নয়নে অগ্রগতি ঘটিয়েছে। ভূমি সংস্কারের ক্ষেত্রে জয়নাল সাহেব বড় বড় কথা বলে গেলেন। কিন্তু কি দেখা যাবে যে সারা দেশে যা কৃষি যোগ্য জমি আছে, তার সাড়ে তিন ভাগ মাত্র পশ্চিমবাংলায়, আর সারা দেশে যা বিলিকৃত বন্টন হয়েছে তার ২০ ভাগ বিলি হয়েছে পশ্চিমবাংলায়। সারা দেশের ৪৩ লক্ষ একর জমি বিলি হয়েছে আর ১০ লক্ষ একর জমি বিলি হয়েছে পশ্চিমবাংলায়। ২১ লক্ষ মানুষকে পাট্টা দেওয়া হয়েছে। ২ লক্ষ ৬০ হাজার মানুষকে বাস্তুহীনদের বাস্তু ভিটে দেওয়া হয়েছে। ১৪ লক্ষ বর্গাদারের নাম রেকর্ড ভুক্ত হয়েছে। ভূমি সংস্কারের মধ্যে দিয়ে আজকে কৃষি উন্নতি হয়েছে, ক্ষুদ্র সেচের প্রসার ঘটেছে। কংগ্রেসের আমলে মাত্র ২০ ভাগ জমি সেচ সেবিত ছিল, আজকে সেখানে ৫০ ভাগ অতিক্রম করেছে, ক্ষেত মজুরদের কাজের দিন বেড়েছে, তাদের শ্রম দিবস ১২৪ কোটিতে গিয়ে দাঁড়িয়েছে। শুধু শ্রম দিবস বাড়েনি, সঙ্গে সঙ্গে কংগ্রেসের আমলে ৭৬-৭৭ সাল পর্যন্ত ৫ টাকা ৮ পয়সা ক্ষেত মজুরদের গড় মজুরি ছিল, আজকে ২৭টাকা ১৫, পয়সা গড় মজুরি। কোনও ক্ষেত্রে ক্ষেত মজুরদের ৩০ টাকা অতিক্রম করেছে, আর কংগ্রেসের রাজত্বে ক্ষেত মজুরদের খাটানো হতো নির্মম ভাবে তারা সূর্যোদয়ের আগে বাড়ি থেকে বেরোত, সূর্যাস্তের পর বাড়ি ফিরত। কোনও কোনও ক্ষেত্রে সূর্যোদয়ের অনেক আগে বেরিয়ে যেত। আজকে আট ঘন্টা কাজ এর দাবি পঞ্চায়েতের সাহায্যে গ্রামের ক্ষেত মজুররা আদায় করেছে, যার ফলে নতুন একটা জোয়ার এসেছে, ক্ষেত মজুরদের ক্ষেত্রে একটা জীবন এসেছে। কংগ্রেস আমলে তাদের উপর যে শোষণ চলত, আজকে তার অনেক অবসান ঘটেছে। সাথে সাথে কৃষি উৎপাদন বেড়েছে, ওদের আমলে কৃষি উৎপাদন হতো মাত্র ৭৪ লক্ষ টন, ৭৬-৭৭ সালে। এটা নাকি ওরা রেকর্ড করেছিল। ওদের রাজত্বে সবচেয়ে বেশি প্রডাকশন। আজকে বামফ্রন্ট সরকারের আমলে এই বছর সেখানে ১২৬ লক্ষ অতিক্রম করে প্রায় ১২৭ লক্ষ. এক কোটি ২৭ লক্ষ টন খাদ্য শস্য এই রাজ্যে উৎপাদন হচ্ছে। সাথে সাথে ওরা একটা কথা বললেন যে দারিদ্র। দারিদ্রের অনেকগুলো বিষয় আছে, হিসাব করতে হয়, ৭২তম জাতীয় নমুনা সমীক্ষায় দেখা সারা ভারতবর্ষে একজন মানুষ মাসে ১৫.২ কেজি খাদ্য যেখানে গ্রহণ করত, পশ্চিমবাংলায় সেই সময় গ্রহণ করতো ১৪.৭৭ কোজি। অর্থাৎ এটা ছিল ৭৭-৭৮ সালের সময়ে। সাথে সাথে ৪৫ তম জাতীয় নমুনা সমীক্ষা থেকে পাওয়া যায় যেটা ৮৯-৯০ সালে সারা দেশে খাদ্য শস্য এর গ্রহণের পরিমাণ যেখানে মাথাপিছু ১৪ কেজি,

সেখানে পশ্চিমবাংলায় গ্রহণের পরিমাণ হচ্ছে ১৫.৪০ কেজি, দেখা যাচ্ছে পশ্চিমবাংলার গ্রামে গঞ্জে উন্নয়নের অগ্রগতি ঘটেছে, পশ্চিমবাংলা ভারতবর্ষের পায়োনিয়ার হিসাবে দেখা দিয়েছে। আগামী দিনে এই পঞ্চায়েত আরও যাতে সুন্দর ভাবে গড়ে উঠতে পারে, সফল ভাবে গড়ে উঠতে পারে, এই আশা রেখে আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের সামনে পঞ্চায়েত এবং গ্রামীন উন্নয়নের যে বাজেট ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলি এসেছে, সেইগুলোকে আমি সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য আমি শুরু করছি। আমার পূর্ববর্তী বক্তা মানিক বাবুর বক্তব্য আমি মন দিয়ে শুনছিলাম। উনি অনেক হিসাব দিলেন ৭৮ সাল এবং তারপর ৮৩ সালে যে পঞ্চায়েত নির্বাচন হয়েছে এবং তারপরও যে আরও দুটো পঞ্চায়েত নির্বাচন হয়েছে, সেখানে কি ধরনের বা কি শ্রেণীভুক্ত মানুষ পঞ্চায়েতে নির্বাচিত হয়েছে, তার হিসাব দিলেন। শতকরা ৭০ ভাগ কি ৮০ ভাগ তারা ক্ষেত মজুর, কি পাঁচ বিঘা জমির মালিক, ইত্যাদি ইত্যাদি বললেন। কিন্তু দয়া করে আমি আপনাদের বলব, বিশেষ করে মন্ত্রী মহাশয়কে যে আপনারা অনুসন্ধান করে দেখুন যে যারা ঐ ভূমিহীন বা পাঁচ বিঘা জমির মালিক বা কুঁড়ে ঘরের মালিক ছিল ৭৮ সালে বা ৮৩ সালে যখন নির্বাচিত হয়েছিল। তারপর পাঁচ বছর নির্বাচিত হওয়ার পর তাদের কি হয়েছে সেটা দয়া করে আপনারা একটু ভাল করে পরীক্ষা করুন সমীক্ষা করুন তাহলে বুঝতে পারবেন যে তিনি আর ভূমিহীন আছেন, পাঁচ বিঘা জমির মালিক আছেন, না সেই কুঁড়ে ঘরের মালিক আছেন, না ভাঙা সাইকেলের মালিক আছেন, এটা একটু অনুসন্ধান করলেই মানিক বাবু বুঝতে পারবেন যে এই পঞ্চায়েতে ১৫/১৭ বছর ধরে কি হয়েছে। যাই হোক এই সম্পর্কে পরে আমি আরও বলব। আমার বক্তব্য শুরু করার আগে একটা প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে করতে চাইছি, যদি একটু ভাল করে শোনেন। সেটা আমি পরে আরও বলব। আমার বক্তব্য শুরু করার আগে একটা প্রশ্ন মাননীয় মন্ত্রীকে করতে চাইছি, তিনি যদি একটু ভাল করে শুনে তাঁর জবাবি ভাষণের সময় উত্তর দেন তাহলে ভাল হয়। ৭৩-তম সংবিধান সংশোধনের পরিপ্রেক্ষিতে আপনি যে সংশোধনী এনেছিলেন তাতে আপনি আমাদের দাবি মেনে নিয়ে দল বদল করলে সদস্য পদ চলে যাবে, এটা সংযোজিত করলেন সেকশন ২১৩(এ)-তে। এরজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এর ফলে আপনি নিশ্চয়ই শুনেছেন যে, গ্রামাঞ্চলে একটা অদ্ভুত কান্ড চলছে। ৯৪ সালের আইনে আছে, পঞ্চায়েত সমিতির সদস্য গ্রাম পঞ্চায়েতে ভোট দিতে পারবে না। ৭৩-তম সংবিধান সংশোধনী অনুযায়ী আপনি এটা করেছেন, সুতরাং এবিষয়ে বলার কিছু নেই। কোনও সদস্য দলীয় প্রতীক নিয়ে নির্বাচিত হয়ে অন্য দলকে সমর্থন করলে সদস্য পদ চলে যাবে। বিগত নির্বাচনের পর যেসব ক্ষেত্রে প্রধান এবং উপ-প্রধান নির্বাচনে এক দলের লোক অন্য দলের লোককে সমর্থন করেছে তাদের কি হবে? বহু

জায়গায় এ জিনিস হয়েছে, কংগ্রেসের প্রধান বা উপ-প্রধান সিপিএম-এর লোকে সমর্থন করেছে বা সিপিএম-এর প্রধান বা উপ-প্রধানকে কংগ্রেসের লোকে সমর্থন করেছে। এই আইনের ফলে আজকে বহু গ্রাম পঞ্চায়েতে এমন একটা বাতাবরণের সৃষ্টি হয়েছে—পঞ্চায়েত থাকবে, কি থাকবে না তাই বুঝতে পারছে না। নতুন করে আবার প্রধান, উপ-প্রধানের কি নির্বাচন হবে, যারা সমর্থন করেছিল তাদের কি সদস্য পদ চলে যাবে? আজকে এই প্রশ্নে বহু গ্রাম পঞ্চায়েতের সব-রকম কাজকর্ম বন্ধ হয়ে যাচ্ছে। সুতরাং এই প্রশ্নের উত্তর আমি আপনার কাছে পরিষ্কার ভাবে জানতে চাইছি। আমরা শুনেছি ৯৪ সালে যে আইন আনা হয়েছে তা ইতিমধ্যেই রাজ্যপাল মহাশয়ের সম্মতি পেয়েছে। এখন আমার প্রশ্ন হচ্ছে ঐ আইনের ধারাগুলো কবে থেকে প্রযোজ্য হবে? গেজেট নোটিফিকেশন অনুযায়ী হবে কিনা জানি না। সেকশন ২১৩(এ), দল বদল বিরোধী সেকশন, যেটি এর মধ্যে যুক্ত করেছেন, সেটি ইতিমধ্যেই চালু হয়েছে কিনা আমরা জানি না। যখন আপনি উত্তর দেবেন তখন সেটা জানাবেন। পঞ্চায়েত সমিতির সদস্য যদি ভোট দিতে না পারেন তাহলে প্রধান, উপ-প্রধান, যাঁরা ইতিমধ্যে এক বছর আগে নির্বাচিত হয়ে আছেন তাঁদের ক্ষেত্রে কি আবার নতুন করে নির্বাচন হবে, না ইতিমধ্যে যাঁরা নির্বাচিত হয়ে আছেন তাঁরা থাকবেন এবং তাঁদের কাজ চালিয়ে যাবেন? এটা আমার কাছে পরিষ্কার হচ্ছে না। কেন না, এটার কোনও রেট্রোস্পেকটিভ অ্যাফেক্ট হবে কিনা জানি না। রেট্রোস্পেকটিভ অ্যাফেক্ট হওয়া উচিত নয়। গ্রামাঞ্চলের অনেক জায়গায়ই একটা দুটোর মেজরিটিতে প্রধান বা উপপ্রধান নির্বাচিত হয়েছে অনেকে—সুতরাং পঞ্চায়েত সমিতির সদস্য যদি ভোট দিতে না পারে এবং যদি অন্য কোনও দল থেকে এসে প্রধান, উপপ্রধান নির্বাচিত হয়ে থাকে তাহলে সে ক্ষেত্রে প্রচন্ড অসুবিধার সৃষ্টি হবে। সুতরাং এই আইনটা গত পঞ্চায়েত নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য হবে কিনা সেটা আপনি দয়া করে আমাদের উত্তরের সময় বলবেন, পরিষ্কার করে দেবেন।

এবারে আমি বলতে চাই যে, বর্তমানে আমরা যে পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে আলোচনা করছি, এই পঞ্চায়েত ব্যবস্থায় আমরা দেখছি, মোটামুটি-ভাবে জওহর রোজগার যোজনায় যে টাকা কেন্দ্রীয় সরকার দেন এবং শতকরা ২০ ভাগ টাকা যা রাজ্য সরকারের দেওয়ার কথা—দিতে পারছেন না নানা অসুবিধার জন্য—সেই টাকার দ্বারা জওহর রোজগার যোজনাকে বাস্তবে রূপায়িত করার পঞ্চায়েত একটা যন্ত্রে পরিণত হয়েছে। বর্তমান পঞ্চায়েত হচ্ছে জওহর রোজগার যোজনা রূপায়িত করার একটা যন্ত্র মাত্র। এছাড়া গ্রামাঞ্চলে পঞ্চায়েতের আর কোনও কাজ-কারবার নেই নিজেদের মধ্যে ঝগড়া-ঝাঁটি করা ছাড়া। এক দলের সঙ্গে অন্য দলের ঝগড়া, মারপিট, খুনোখুনি, এইসব গ্রামাঞ্চলে আজকাল যা হচ্ছে তার সবের মূলে হচ্ছে পঞ্চায়েত।

[2-45 — 2-55 p.m.]

যদিও পঞ্চায়েত নির্বাচিত হয়ে তারা এসেছেন, কিন্তু সেখান থেকে টাকা-পয়সা চুরি

করবার সুযোগ রয়েছে। সেখানে দুর্নীতি বন্ধ করা যাচ্ছে না। কোনও জায়গায় এর বিরুদ্ধে কমপ্লেন করলেও কিছু হয় না। কেবলমাত্র জওহর রোজগার যোজনায় কাজটা করবার জন্য গ্রাম বাংলায় পঞ্চায়েতের অস্তিত্ব টিকে রয়েছে। নিউ হরাইজন ফর ওয়েস্ট বেঙ্গল পঞ্চায়েত এই যে বইটা এতে কি বলেছে? এতে বলছে জওহর রোজগার যোজনা আজকে যদি কেন্দ্রীয় সরকার এই জওহর রোজগার যোজনা উইথড্র করে নেন তাহলে The Panchayat have become overly engrossed in routine work. Whereever we went and whichever Panchayat level we met, we were only told of activities undertaken under the Jawahar Rozgar Yojana. Whether it is social forestry or irrigation, roads or culverts or even repairs to school buildings, everything is being done under JRY. So pervasive is the JRY fixation that in the event of the scheme being withdrawn the panchayat would have little to do and may have to fold up. That at least, some of the panchayats we met. Not very encouraging, to say the least. বুঝতেই পারছেন, জওহর রোজগার যোজনার টাকা কোনও কারণে কেন্দ্রীয় সরকার বন্ধ করে দেন তাহলে গ্রাম বাংলায় পঞ্চায়েতের কাজ করবার কিছু থাকবে না, ফলে অফিসের দরজায় চাবি মেরে নিজেদের ঘরে ঢুকতে হবে। জওহর রোজগার যোজনায় কেন্দ্রীয় সরকারের ৮০ ভাগ এবং রাজ্য সরকারকে ২০ ভাগ টাকা দেবার কথা, কিন্তু এই ২০ ভাগ টাকাও রাজ্য সরকার দিতে পারছেন না। সুতরাং পঞ্চায়েতে বিপ্লব সাধন করেছেন বলে এত যে হৈহৈ করছেন, এর সবটাই কিন্তু কেন্দ্রীয় সরকারের আনুকূল্যে, কেন্দ্রীয় সরকারের টাকায়। সুতরাং এ-নিয়ে এত হৈচৈ করবার কোনও কারণ নেই। আজকে পঞ্চায়েতে যে টাকাটা আপনারা পাচ্ছেন সেই টাকা প্রপারলি ইউটিলাইজ করছেন না, প্রপারলি অডিটেড হচ্ছে না। গ্রামে আগে যাদের কিছুই ছিল না, যাকে আপনারা পাঁচ বিঘা জমি দিয়েছিলেন, পঞ্চায়েতের কল্যাণে আজকে তার বাড়ি হয়েছে, মোটর বাইক হয়েছে। একটু অনুসন্ধান করলেই আজকে গ্রাম বাংলায় কি অবস্থা সৃষ্টি করেছেন সেটা দেখতে পাবেন। ভূমি সংস্কার বাজেটের সময় বারবার উল্লেখ করেছি, আপনাদের সরকার আসার পর ভূমি সংস্কারের ক্ষেত্রে যতটুকু হয়েছে সেটা প্রথম দুই তিন বছরে হয়েছে, কিন্তু তারপর আর কিছুই হয়নি। গত ১৪ বছর ধরে ভূমি সংস্কারের ক্ষেত্রে কোনও উন্নতি আর হচ্ছে না। বর্গা রেকর্ডিং এর ক্ষেত্রেও ১৪ লক্ষের কথা যা বলেছেন, ইকোনমিক রিভিউ দেখবেন, ১৪ বছর আগে তাতে যে ১৪ লক্ষের কথা বলেছেন এখনও সেটাই বলছেন। ১২ লক্ষ একর জমি যা ডিস্ট্রিবিউটেড হয়েছিল বলে বলেছিলেন সেটা এখনও সেই ১২ লক্ষতেই দাঁড়িয়ে রয়েছে। আমার কাছে ফিগার আছে, ৭-৮ লক্ষ একর জমি আমরাই বিলি করে গিয়েছিলাম, কাজেই আপনাদের সময়ে উদ্বৃত্ত জমি ২-৩ লক্ষ একরের বেশি বিলি করেননি। সুতরাং ভূমি সংস্কারে বিপ্লব সাধন করেছেন একথাও ঠিক নয়, আপনারা ভূমি সংস্কারের ক্ষেত্রে বেশিদূর এগোতে পারেননি। এর কারণ হল, পশ্চিমবঙ্গে ১ কোটি ৪০ লক্ষ একর জমি রয়েছে এবং ৭ কোটি মানুষ গ্রামে বাস করেন। মার্কসীয় তত্ত্ব অনুযায়ী এই জমির সবটাও যদি এদের মধ্যে সমানভাগে ভাগ করে

দেন তাহলে মাথাপিছু ১৫ কাঠার বেশি বিলি করতে পারবেন না। আর ১৫ কাঠা জমির দ্বারা কারও সংসারও চলে না। কাজেই আমূল ভূমি সংস্কারের মাধ্যমে পশ্চিমবঙ্গে সমস্ত সমস্যার সমাধান করে দেবেন, আপনাদের এই তত্ত্বটাও ঠিক নয়। এই দিয়ে পশ্চিমবঙ্গের বেকার সমস্যা, পশ্চিমবঙ্গের দারিদ্রতা আপনারা দূর করতে পারবেন না। তার জন্য অনেক শিল্প গড়তে হবে—মাঝারি, ছোট, কুটির শিল্প, বিভিন্ন শিল্প গড়তে হবে। কিন্তু সেদিকে আপনাদের কোনও প্রয়াস নেই। আজকে কুটির শিল্পের কি দুর্দশা। পঞ্চায়েতগুলিকে যদি কুটির শিল্প করার দায়িত্ব দিতেন তাহলে একটা কাজের কাজ হত। এই পঞ্চায়েত ব্যবস্থায় আপনারা বলছেন যে চন্ডীপাঠ থেকে জুতো সেলাই সবই তারা করবে। এখানে একজন সচিব এবং একজন অ্যাসিস্ট্যান্ট আছেন, তারা হিসাব রাখবেন, লোকের দুর্দশা দেখবে, রাস্তা-ঘাট মেরামতের কাজ দেখবে, স্কুল মেরামতের কাজ দেখবে, মাস্টার মশাইরা স্কুলে পড়াচ্ছেন কিনা সেই সবের তদারকি করবেন। এতগুলি কাজ দেখার জন্য একজন সচিব এবং একজন ফাইল অ্যাসিস্ট্যান্ট আছেন। তারা কি করে এই কাজগুলি দেখবেন? আমরা বারবার মন্ত্রী মহাশয়কে বলেছি যে আপনি আরও লোক দিন, মিনিমাম একজন অ্যাকাউন্টেন্ট দিন, যে হিসাব রাখবেন। আজকে অধিকাংশ পঞ্চায়েত সমিতিতে, জেলা পরিষদে ১৯৮৬ সাল থেকে অডিট হচ্ছে না এবং যেটুকু অডিট হচ্ছে, আমরা পি.এ.সি.র মিটিংয়ে দেখেছি যে গাদাগাদা হিসাবে গরমিল রয়েছে, সি.এ.বি-ও আমাদের কাছে রিপোর্ট করেছে। আমরা শুনেছি যে আপনারা নাকি সার্কুলার দিয়ে বলেছেন যে এখন থেকে গ্রাম-পঞ্চায়েতের অডিটের রিপোর্ট মহাকরণে পাঠাতে হবে না, বি.ডি.ও'র কাছে জমা দিলে হয়ে যাবে। গ্রাম-পঞ্চায়েতে অডিট কি করে হয়? পঞ্চায়েতে এক্সটেনশন অফিসার থাকেন, তিনি এটা করেন। আমি কাউকে ছোট না করে বলছি, তার স্ট্যাটাস খুব একটা বেশি নয়। সে যদি দেখে যে সি.পি.এম-এর গ্রাম পঞ্চায়েত দুর্নীতির দায়ে যুক্ত, সি.পি.এম-এর গ্রাপঞ্চায়েতের সদস্য গোলমাল করছে, কোনও পঞ্চায়েতের এক্সটেনশন অফিসারের ঘাড়ে মাথা আছে যে সে ঐ দুর্নীতির বিরুদ্ধে বলবে? সে সি.পি.এম.-এর গ্রামপঞ্চায়েতের সদস্যের বিরুদ্ধে বলবে যে এত টাকা সে আত্মসাৎ করেছে? সে গ্রাম পঞ্চায়েতের প্রধানদের বিরুদ্ধে দুর্নীতির কথা লিখবে কি করে? তাকে একটা চাপের উপরে থাকতে হয়। কাজেই তার অডিটের উপরে আমাদের বিশ্বাস নেই। কাজেই গ্রামপঞ্চায়েতে দুর্নীতি দুর হবে সেই ভরসা নেই। আমার একটা তিক্ত অভিজ্ঞতা আছে। আমরা বিধান সভার সদস্য হিসাবে যদি কোনও কমপ্লেন করি আমি নাম করে বলছি, পুরন্দরপুর গ্রামপঞ্চায়েতের প্রধান সি.পি.এম ছিল। সে একটা পুকুর কেটেছে বলে দেখিয়ে দিল এবং ১০ আঙ্গুলের ছাপ দিয়ে টাকাগুলি নিয়ে নিল। বিনয়বাবুর কাছে কমপ্লেন করা হল এবং বি.ডি.ও তদন্ত করে রিপোর্ট দিল যে এখানে কোনও পুকুর কাটা হয়নি, কোনও অ্যাকশন নেওয়া হয়নি। সেই পঞ্চায়েত এখনও আছে কিন্তু ইলেকশনে সেই প্রধান হেরে গেছে। এই অবস্থার যদি পরিবর্তন করতে হয়, মন্ত্রী মহাশয়ের যদি স্বদিচ্ছা থাকে তাহলে গ্রামপঞ্চায়েতের জন্য যেটুকু টাকা কেন্দ্র থেকে আসছে, যেটুকু আপনারা দিতে পারছেন তা দিয়ে গ্রামপঞ্চায়েতে যাতে পারমানেন্ট অ্যাসেট গড়ে ওঠে সেই দিকে দৃষ্টি দিতে হবে, শুধু আইন করলেই হবে না। আপনি ৬ মাস অন্তর মিটিং করে

জনসাধারণকে জানিয়ে দিতে বলেছেন। একটা গ্রামপঞ্চায়েতে যদি ২০ হাজার ভোটার থাকে, আর সেখানে যদি ১ হাজার লোক থাকে তাহলে কোরাম হবে? আপনি কি ভাবে এটা গুনবেন? আমার এখানে ২৯৪ জন সদস্য। সেখানে কোরাম হল কিনা ঠিকমত গোনা যায় না। কাজেই আপনার ৩ হাজার ৩২৪ টি পঞ্চায়েতের কতগুলি গ্রামপঞ্চায়েত এই আইন মেনে মিটিং করছে? সেখানে গোজামিল দিয়ে চলে আসছে, আসলে কার্যকর ভূমিকা কিছু দেখছি না।

[2-55 — 3-05 p.m.]

যাই হোক আমি আশা করবো মাননীয় মন্ত্রী মহাশয় এইগুলি দেখবেন। এটা শুধু আমরা বলছি না, সমস্ত দলের লোকেরা বলছে। সি.পি.এম ছাড়া আপনাদের অন্যান্য যে সমস্ত শরিক দল আছে তারা সামনাসামনি বলতে ভয় পান। আপনাদের শরিক দলের অনেক মাননীয় সদস্য আমাকে বলেছেন যে আপনারা এই কথাগুলি তুলে ধরুন। একটা গ্রাম পঞ্চায়েতে আর.এস.পি., ফরোওয়ার্ড ব্লকের সদস্য আছে, তাদের কোনও বক্তব্যই সেখানে খাটে না। তাদের বক্তব্য শোনা হবে এই রকম কোনও আইন আছে? ধরুন একটা গ্রাম পঞ্চায়েতে ২০ জন সদস্য আছে, সেখানে আপনাদের সদস্য প্রধান হয়েছে, সেখানে কংগ্রেসের ৮ জন সদস্য আছে। এই ৮ জন সদস্য তাদের নিজেদের কনস্টিটিউয়েন্সীতে তার এলাকার কাজ করবার ক্ষমতা রাখতে পারবে না? তাদের সেখানে উপেক্ষা করা হয়। ওই ৮ জন নির্বাচিত কংগ্রেস সদস্যদের এলাকায় সি.পি.এম.-এর যারা হেরে গেছে কিংবা সি.পি.এম-এর পেটুয়া লোকদের দিয়ে কোথায় টিউবওয়েল বসবে, কোন রাস্তায় মাটি ফেলা হবে, কোন স্কুল মেরামত হবে সেইগুলি নির্ধারিত হচ্ছে। ওই ৮ জন সদস্যকে শুধু ডাকা হয় এবং ঠুঁটো জগন্নাথের মতো বসিয়ে রেখে দেওয়া হয়। কোনও প্রতিবাদ, কোনও কথা বলতে পারে না। আপনার আইনে কোনও প্রভিসন আছে পঞ্চায়েতের মেম্বাররা তাদের নিজ নিজ এলাকার উন্নয়ন মূলক কাজ তারা করাতে পারবে, পঞ্চায়েত প্রধান বা পঞ্চায়েতে যারা ক্ষমতায় থাকবে তারা সেটা করাতে বাধ্য থাকবে? তা না হলে তার নাম ইলেকটেড হবে, তারা কাজ করবার সুযোগ পাবে না। গণতান্ত্রিক পদ্ধতি নিয়ে শুধু মায়া কান্না কাঁদেন। গণতান্ত্রিক পদ্ধতি যারা বিশ্বাস করেন তাদের এই জিনিস করা উচিত নয়। তা না হলে গণতান্ত্রিক পদ্ধতি একেবারে পদদলিত হবে। পঞ্চায়েত ব্যবস্থায় একটা আইন আনা উচিত যে বিরোধী সদস্যরা ইকুয়ালি কাজ করবার সুযোগ পাবেন তার ব্যবস্থা আপনাকে করে দিতে হবে। ভূমিসংস্কার সম্বন্ধে কমিটি কি বলেছেন, নির্মল মুখার্জি এবং ডি. বন্দ্যোপাধ্যায় কমিটি কি বলেছেন? তাঁরা বলেছেন "Land reform was one such programme, but it is now (wrongly) seen as a squeezed lemon, with little surplus land to distribute and few bargadars left to be recorded, not counting the cases held up in the courts. The virtual exit of land reform from the agenda of the Panchayats has left them with a feeling that there is nothing worthwhile left to do."

কি বুঝলেন? এতে ভূমি সংস্কারের কাজ শেষ। আর নতুন করে জমি-জমা পাওয়ার ব্যাপার নেই। যার জন্য ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফর্মস অ্যাক্ট এর দ্বিতীয় সংশোধনী যেটা বিনয়বাবু এনেছিলেন আমরা তার বিরোধিতা করেছিলাম। কেন করেছিলাম? জমি পাওয়া যাচ্ছে না। ডিস্ট্রিবিউট করবার জন্য ডোবা, পুকুর, বাগান যা আছে ১৯৬৯ সালের আগস্ট মাসের একটা দিন সেই দিন থেকে সিলিং ধরা হবে। কি আইন আপনারা করেছেন। একেবারে আদর্শ আইন। ২০ বছর আগে যদি কেউ জমি বিক্রি করে থাকে তাহলে সেই হতভাগ্যের জমি সিলিং-এর আইনের মধ্যে পড়বে। যার জমি ছিল, ২০ বছর আগে সে জমি বিক্রি করেছিল, হয়ত মেয়ের বিয়ের জন্য জমি বিক্রি করেছিল তাকে এখন খেসারত দিতে হবে। কিসের জন্য এটা করা হচ্ছে? আরও জমি চাই। দেখাবে গ্রাম পঞ্চায়েতের হাতে আরও ৫০ বিঘা জমি আছে, আমাদের পার্টি করো তাহলে তোমাদের ১০ কাঠা করে জমি দেব। এই হচ্ছে মতলব। এতে সমস্যার সমাধান হবে না, শুধু পার্টিবাজি হবে, দলবাজি হবে। গ্রামীণ অর্থনৈতিক সংস্কার হবে না, গ্রামের উন্নতি হবে না। যে উদ্দেশ্যে পঞ্চায়েত করেছেন সেই উদ্দেশ্য সফল হবে না।

(এ ভয়েস ঃ আপনার কি জমি নেই না কি?)

আমার ইতিহাস জানো না, তোমরা এখন নতুন এসেছো, তাই আমার ইতিহাস জানো না, আমার ইতিহাস মুখ্যমন্ত্রী জানে। আমরা আগেও বলেছি অধিকাংশ গ্রাম পঞ্চায়েতে, পঞ্চায়েত সমিতিতে এবং জেলাপরিষদে ১৯৮৬ সালের পর থেকে অডিট হচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন যাতে অডিট হয় অডিট হলেও গ্রাম পঞ্চায়েতে অডিট নামে মাত্র হচ্ছে। সি.এ.জিকে দিয়ে যেটা করানো হচ্ছে পঞ্চায়েত সমিতি এবং জেলাপরিষদের বিরুদ্ধে যে কমেন্টস করছে, যে দুর্নীতির অভিযোগ করছে সেই ব্যাপারে যারা সত্যিকারের দোষী সেই দোষীদের বিরুদ্ধে যাতে ব্যবস্থা গ্রহণ করা যায় সেটা মাননীয় মন্ত্রী মহাশয় দেখবেন। বিভিন্ন জেলাগুলোতে আমরা কি দেখছি? জওহর রোজগার যোজনার টাকা তা গ্রামের উন্নয়নের জন্য খরচ না করে ব্যাঙ্কে রেখে সুদে খাটাচ্ছে। কি লজ্জার কথা বলুন তো? এটা কি মহাজনী সংস্থা, জেলা পরিষদগুলো কি এই সংস্থায় পরিণত হল? আমার কাছে ১৯৮৬ সাল পর্যন্ত যে হিসাব আছে, তার পরের হিসাব আমার কাছে নেই, তাতে ১১৩ কোটি টাকা এইভাবে রাখা হয়েছে ব্যাঙ্কে। মুর্শিদাবাদ জেলা এদের মধ্যে অন্যতম। জেলাগুলি হচ্ছে—মুর্শিদাবাদ, মেদিনীপুর, বীরভূম, বর্ধমান, মালদহ এবং পুরুলিয়া। এরা ১১৩ কোটি ৬৩ হাজার টাকা ব্যাঙ্কে রেখে সুদে খাটাচ্ছে। এটা সত্যি কিনা তা আমরা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি। শুধু তাই নয়, এরা নিজেদের পেটোয়া লোকদের, কনট্রাক্টরদের কাজ দিচ্ছে কিভাবে দেখুন। জেলা পরিষদের থেকে এবং পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষরা নিজেদের পেটোয়া লোকদের কাজ দেওয়া হবে বলে লক্ষ লক্ষ টাকা এ্যাডভান্স দিয়েছে। তার কোনও অ্যাডজাস্টমেন্ট নেই এখনও পর্যন্ত। কি অদ্ভুত ব্যাপার দেখুন। আমার পেটোয়া লোক বলে তাকে অ্যাডভান্স দিলাম পাঁচ লক্ষ টাকা, বললাম, তুমি কাজ কর। এই রকম ব্যবস্থা আর কোন জায়গায়

আছে? কোনও কনট্রাক্টর যদি কাজ করেন, তাহলে কাজ শেষ করে তিনি বিল জমা দেন। তারপর তা পরীক্ষা করে দেখা হয় তার কাজ স্যাটিসফ্যাক্টরি হয়েছে কিনা, তারপর তার বিলের পেমেন্ট দেওয়া হয়। এটাই হচ্ছে সরকারি নিয়ম। সরকারি ক্ষেত্রে যেখানে কাজ হওয়ার পর কনট্রাক্টররা দু, তিন, চার এবং পাঁচ বছর পরে টাকা পাচ্ছে, সেখানে জেলা পরিষদ কনট্রাক্টরদের কাজের জন্য অ্যাডভান্স টাকা দিয়ে দিচ্ছে। এগুলো বন্ধ করতে হবে। তা নাহলে কেন্দ্রীয় সরকারের এই যে কোটি কোটি টাকা যা তারা দিচ্ছে, তার অপব্যবহার হবে। আরও ইতিহাস আছে—জওহর রোজগার যোজনার অবস্থা আপনারা শুনুন। ১৯৯৩ সালে কেন্দ্র দু'দফায়, একবার ১৭৬ কোটি ৫০ লক্ষ টাকা, এবং আর একবার ৪৪ কোটি ১৩ লক্ষ টাকা স্যাংশন করেছিল, মোট ২২০ কোটি ৬৩ লক্ষ টাকা তারা স্যাংশন করেছিল। আর তাতে রাজ্য সরকারের ম্যাচিং গ্রান্ট দেবার কথা ছিল ৫৬ কোটি ১৫ লক্ষ টাকা। ১৯৯৩-৯৪ সালে, গত বছরে মোট বরাদ্দ ছিল ২৭৬ কোটি ৭৮ লক্ষ টাকা, কম টাকা নয়। কি হল? আমরা যতদূর খবরটা জানি, ১৯৯৩ সালের অক্টোবর পর্যন্ত খরচ হয়েছে মাত্র ৬১ কোটি টাকা, যেখানে স্যাংশনড হয়েছিল ২৭৬ কোটি ৭৮ লক্ষ টাকা। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি এই যে টাকাটা স্যাংশনড হয়েছিল তারমধ্যে ১৯৯৪ সালের ৩১ শে মার্চের মধ্যে কত টাকা খরচ করেছেন। আমি রাফ হিসাব একটা বলছি। এখানে মোট ৩,৩২৪টি গ্রাম পঞ্চায়েত আছে, তারমধ্যে উত্তরবঙ্গের দার্জিলিংয়ের ৮১টাকে বাদ দিতে হবে। আমি ঐ ৮১টি ধরেই বলছি ৩,৩২৪ টি গ্রাম পঞ্চায়েত আছে। বছরে যদি প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েত ৩ লক্ষ টাকা পেয়েছে বলে ধরে নিই—আপনি বলবেন একটা গ্রাম পঞ্চায়েত আড়াই-তিন লক্ষের বেশি টাকা পায় না, সেজন্য আমি অ্যাভারেজ তিন লক্ষ টাকা ধরে নিলাম—এই ৩,৩২৪টি গ্রাম পঞ্চায়েতকে তিনলক্ষ দিয়ে গুণ করলে দাঁড়াচ্ছে ৯৯ কোটি টাকা। তাহলে রাফ হিসাব মতো আমরা দেখতে পাচ্ছি যে ৯৯ কোটি টাকা খরচ হয়েছে। বাকি ১৭৭ কোটি টাকা তাহলে গেল কোথায়? এর হিসাব আমরা আপনার কাছে জানতে চাইছি। আপনাদের যে নীতি আছে তা আপনারা জানেন। জেলা পরিষদে যে টাকা যায় জওহর রোজগার যোজনাতে আমি যতদূর জানি, সেই টাকার ৮০ ভাগ গ্রাম পঞ্চায়েতগুলোকে দেবার কথা।

[3-05 — 3-15 p.m.]

গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতির হাতে খুব বেশি টাকা থাকে না খরচ করবার, সুতরাং এই টাকাগুলো কোথায় থাকে—সরকারি কর্মচারিদের বেতনে চলে যায়, না কি জেলা পরিষদের কাছে গচ্ছিত থাকে, নাকি ব্যাঙ্কে সুদ খাটাচ্ছেন—এই জিনিসটা জানতে চাই। তারপরে সচিব বা জব অ্যাসিস্ট্যান্ট যারা আছেন এদের সংখ্যা একদম বাড়েনি। অ্যাকাউন্টেন্ট নিন। চৌকিদার এবং দফাদারদরা ১৯৭৭ সালে যেখানে ২৭ হাজার ছিল আজকে সেখানে কমতে কমতে ৮ হাজারে দাঁড়িয়েছে। এই চৌকিদার দফাদারদের দরকার, কারণ তারা গ্রামে পুলিশ হিসাবে পরিচিত। আজকে পঞ্চায়েতের উপরে বিশেষ ক্ষমতা আরোপিত হয়েছে

সেখানে চৌকিদার, দফাদারদের অর্থাৎ ক্লাশ ফোর স্টাফ সংখ্যা বাড়ান দরকার। সব সময়ে খবরাখবর পাঠাতে হয় তাতে তো পঞ্চায়েত প্রধান যাবে না, ওরাই যাবে। সুতরাং এই চৌকিদার, দফাদারদের ইউটিলাইজ করার দরকার। এই চৌকিদাররা মাত্র ১ হাজার টাকা করে পায়, তাদের টাকা আরও বাড়ান দরকার এবং এদের সংখ্যাও বাড়ানো দরকার। তারপরে শুনছি যে, অবসর গ্রহণের পরে সচিবরা ঠিকমতো পেনশন পান না। পঞ্চায়েত কর্মীদের পেনশনের টাকা ঠিকমতো অ্যালটমেন্ট থাকে না। এবং বারে বারে এস.ডি.ও বিডিও অফিসে ছুটতে হয়। সুতরাং এই বিষয়গুলো দেখবেন। আমার বেশি সময় নেই, বক্তব্য আর বাড়াব না, এইকথা বলে এর সদুত্তর পাব আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েতমন্ত্রী তথা গ্রামোন্নয়নমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করে সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাই। আমি বিরোধী দলের দুজন সদস্যর বক্তৃতা শুনলাম, মাননীয় বিরোধীদলের নেতার বক্তব্য শুনে আমার গ্রামবাংলার একটা প্রবাদের কথা মনে পড়ে গেল। আমাদের বাংলাতে একটা প্রবাদ আছে যে, যার কেউ নেই, তার আবার ফুলশয্যা। সুতরাং কংগ্রেসি রাজত্বে যেখানে পঞ্চায়েতই নেই, আইনই নেই তার আবার আলোচনা। এটাও ঠিক ফুলশয্যার কথা বলে পশ্চিমবঙ্গের বিধানসভাকে বিভ্রান্ত করতে চাইছেন। মাননীয় বিরোধী দলের বক্তৃতা শুনে মনে হল এ যেন অক্ষমের আর্তনাদ। মাননীয় বিরোধীদলের নেতা চিৎকার করে বললেন যে বাজেট যেটা হচ্ছে সেন্ট্রাল প্ল্যান, এটা স্টেট সাবজেক্ট নয়। আপনারা বলছেন সেন্ট্রাল প্ল্যানের কথা। ভারতবর্ষের অন্যান্য রাজ্যগুলিতে এই প্ল্যান করতে গিয়ে, বিশেষ করে কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে কি ভূমিকা পালন করছে তা সকলেই জানি। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার সেখানে সংশোধনীগুলি আনতে গিয়ে সিলেক্ট কমিটিতে আলোচনা করে সিলেক্ট কমিটির অনুমোদন এটা কার্যকর হয়েছে। কাজেই বিরোধী দলের বক্তব্য শুনে এটা বাজেট বক্তব্য বলে ভুল হচ্ছিল। আমি শুধু সংক্ষেপে আরও কয়েকটি কথা বলতে চাই, সেটা হচ্ছে যে, মহাত্মা গান্ধী পঞ্চায়েত রাজের স্বপ্ন দেখেছিলেন যে গোটা ভারতবর্ষে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামবাংলার তথা গ্রামীণ উন্নয়ন হবে এবং চিন্তাই তিনি করেছিলেন। কিন্তু আমরা দেখলাম তার উত্তরসূরীরা পঞ্চায়েতকে মৃতপ্রায় করে রেখেছিলেন। সেই মৃতপ্রায় পঞ্চায়েতকে আবার সজীব করে তুলেছে ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকার, এইকথা মাননীয় বিরোধীদলের নেতা কখনই অস্বীকার করতে পারবেন না। ১৯৬৭ থেকে ১৯৬৯ সাল পশ্চিমবাংলার গ্রাম বাংলায় বামফ্রন্ট সরকার তখন ছিল না, কিন্তু লালঝাণ্ডা একটি ছিল। সেই সময় গ্রামের খেটে খাওয়া মানুষেরা যে জমি আন্দোলন করেছিল, ভূমি আন্দোলন করেছিল সেই আন্দোলনের মধ্যে দিয়ে গ্রামের শ্রমজীবী মানুষের মধ্যে নতুন শ্রেণী গড়ে উঠেছিল, সেই শ্রেণীকে আমরা দেখেছি ৭৮ সালে পঞ্চায়েতি নির্বাচনে পশ্চিমবঙ্গে কি ব্যাপক পরিবর্তন এনেছিল। আমাদের বংশীহারি এলাকায় ৯ নম্বর সরিষা গ্রাম পঞ্চায়েতে ঐ সামন্ত শ্রেণীর প্রতিনিধি শ্রীমতী জুলেখা আবেদিন তিনি বাড়ির ক্ষেত মজুরের হাতে পরাজিত

হয়েছেন। এইভাবে সারা বাংলাদেশের গ্রামীণ শ্রমজীবী মানুষের প্রতিনিধিত্ব একটা পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে তৈরি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পূর্বাঞ্চলীয় পরিষদের যে সম্মেলন হয়েছিল, সেই সম্মেলনে তিনি পশ্চিমবঙ্গের এবং কর্ণাটকের পঞ্চায়েত সম্পর্কে প্রশংসা করেছিলেন। কিন্তু রাজীব গান্ধী যখন কর্ণাটকের প্রশংসা করছেন আমরা তখন দেখলাম হায়দ্রাবাদে ন্যাশনাল ইনস্টিটিউট অফ রুর‍্যাল ডেভেলপমেন্ট এর সমীক্ষায় কর্ণাটকে ৮০ শতাংশ পঞ্চায়েতের প্রতিনিধি জোতদার .জমিদারদের প্রতিনিধি হিসাবে আসেন, সেখানে পশ্চিমবাংলাতে ৭৫ শতাংশ শ্রমিক কৃষক শিক্ষক দোকানদার নিম্নবিত্ত শ্রেণী থেকে তারা প্রতিনিধিত্ব করেছেন, এটাই পশ্চিমবাংলার পঞ্চায়েতি ব্যবস্থার সাফল্য। আজকে এই পঞ্চায়েতকে নিয়ে গ্রাম বাংলার প্রতিনিধিরা তাদের পরিকল্পনা গ্রহণ করে। আজকে পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামীণ জীবনের উন্নতি সাধন করে চলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কংগ্রেসের প্রতিনিধিরা গণতন্ত্রের কথা বলছেন, পঞ্চায়েতের কথা বলছেন, ৯১ সালে কর্ণাটকে পঞ্চায়েত নির্বাচন হওয়ার কথা ছিল, আমরা দেখেছি হাইকোর্টে কেস করে সেই পঞ্চায়েতি নির্বাচন বন্ধ করে দেওয়া হল। আমরা দেখলাম তারপরে সুপ্রীম কোর্টে সেই কেস গেল। সুপ্রীম কোর্টে ডিসিসন হয়েছিল ৯২ সালের ৩১শে ডিসেম্বর পঞ্চায়েতি নির্বাচন করতে হবে। আমরা দেখলাম পঞ্চায়েতি নির্বাচনে মৈলি সরকার করলেন না, গত ১৫ই মে পঞ্চায়েতি নির্বাচনে হওয়ার কথা ছিল, সেটা সরকারি প্রশাসনিক যন্ত্র ব্যর্থ করে দিল। আমরা কাগজে দেখেছি ঘোরপাড়ে পঞ্চায়েত মন্ত্রী তিনি মুখ্যমন্ত্রীর কাছে আর্তনাদ করছেন, জনগণের কাছে যেতে পারবো না, লোকে গায়ে থুতু দেবে। রাগে, দুঃখে ঐ পঞ্চায়েত মন্ত্রী ঘোরপাড়ে পদত্যাগ করলেন, এই হচ্ছে কংগ্রেস শাসিত রাজ্যের চেহারা। আজকে পশ্চিমবঙ্গে আমরা পঞ্চায়েতি ব্যবস্থা প্রতিষ্ঠা করেছি, আজকে নিঃসন্দেহে এটা সাফল্য। পশ্চিমবাংলার এই সাফল্য বাইরে থেকে যারা আসছে তাদেরকে ভারত সরকার—বিদেশি প্রতিনিধিদেরকে পঞ্চায়েতের সাফল্য দেখাবার জন্য পশ্চিমবাংলায় পাঠাচ্ছেন। মাননীয় সদস্য অতীশ সিনহা মহাশয় কতকগুলি বক্তব্য রাখলেন, তিনি বললেন ৭৩ তম সংশোধনীকে বামফ্রন্ট সরকার সমর্থন জানিয়েছেন, সেইজন্য বামফ্রন্টকে তিনি ধন্যবাদ জানাচ্ছেন। ধন্যবাদ জানাচ্ছেন এই কারণে ৭৩ নম্বর সংশোধনীর ৪/৫ পাতায় প্রগতিশীল কথা বলা হয়েছে, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের নেতৃত্বে যে পঞ্চায়েতি ব্যবস্থা সেই পঞ্চায়েতি ব্যবস্থায় আইনগুলিকে অনেক আগে বামফ্রন্ট সরকার বাস্তবে পরিণত করেছেন। তাই বিরোধী দলের ধন্যবাদ আমাদের দরকার নেই। তারা বলেছেন এন.আর.ই.পি. এবং আর.এল.ই.জি.পি. দুটোকে এক করে জে.আর.ওয়াই হয়েছে তাতে কেন্দ্রীয় সরকার টাকা না দিলে পশ্চিমবাংলার পঞ্চায়েতি ব্যবস্থা শ্মশান হয়ে যাবে। আজকে কেন্দ্রীয় সরকার যে ৮০ শতাংশ টাকা পশ্চিমবঙ্গের গ্রামোন্নয়নের জন্য দিয়েছেন এটা কি মাননীয় বিরোধী দলের পৈতৃক সম্পত্তি।

[3-15 — 3-25 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পূর্বাঞ্চলীয় সম্মেলনের রাজীব গান্ধীর কথাটা আমা মনে পড়ছে, তিনি এখানে এসে ঘোষণা করেছিলেন, এক টাকা যদি রাজ্যে পাঠানো হ তাহলে তার বারো আনা ব্যয় হবে শ্রমজীবী, কৃষক, মেহনতি মানুষের জন্য। কিন্তু আজকে সেই কথা তারা এখানে বললেন না। আজকে মাননীয় বিরোধী দলের নেতা ট্যাক্সের কথ বললেন। আপনাদের কংগ্রেসি রাজ্যে পঞ্চায়েতই নেই, তারা আবার কি ট্যাক্স ধার্য করবেন বৌ নেই তার আবার ফুলশয্যা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি শুধু একটা কথা বলতে চাই, পশ্চিমবঙ্গের পঞ্চায়েত আজকে যান্ত্রিকতাই পরিণত হয়নি। ১৯৭৮ সালে পশ্চিমবাংলায় যে পঞ্চায়েত হয়েছিল তখন গ্রামীণ মানুষের মধ্যে উচ্ছ্বাস দেখা দিয়েছিল। কিন্তু এখন সেটা ব্যহত হয়েছে। আমরা দেখেছি প্রথম প্রেমে যে উচ্ছ্বাস থাকে, বিবাহিত জীবনের ২৫ বছর পরে সেটা স্তিমিত হয়ে যায়। তখন আস্থার মধ্যে দিয়ে একটা পরিণত সম্বন্ধ গড়ে ওঠে আজকে ১৭ বছর পরে গ্রামীণ মানুষের মধ্যেও সেই উচ্ছ্বাস নেই, কিন্তু একটা আস্থা গড়ে উঠেছে। সুতরাং সেই উচ্ছ্বাস আজকে আর পরিলক্ষিত করা যাবে না। আপনারা দুর্নীতির কথা বললেন। কংগ্রেসি সদস্যরা পঞ্চায়েতে থাকবেন, আর পশ্চিমবাংলায় দুর্নীতি থাকবে না এটা হতে পারে না। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে বলব অডিট ব্যবস্থাকে আরও কঠোর করা দরকার। আমরা আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে দেখছি যে পঞ্চায়েতগুলিকে আজকে দুর্নীতির পাহাড় জমে গেছে। আমরা ডি.এম-কে দরখাস্ত করেছি, কিন্তু কোনও বিচার হয়নি মাননীয় বিরোধী দলের নেতা এখানে আছেন, তিনি জানেন, সেখানে অ্যান্টিসিপেটারি বেল নিয়ে সেই পঞ্চায়েত প্রধানকে মুক্ত করে তাকে তার ঘরের মধ্যে লুকিয়ে রাখা হয়েছিল সুতরাং কংগ্রেসিরা পঞ্চায়েতে থাকবে, আর পঞ্চায়েতে দুর্নীতি থাকবে না, এটা হতে পারে না। অতীশবাবু এখানে বললেন পশ্চিমবাংলায় নাকি বামফ্রন্ট সরকার কংগ্রেস দলকে মর্যাদা দিচ্ছে না। বিরোধী দলকে মর্যাদা দিচ্ছে না, এটা অত্যন্ত ভুল তথ্য। বর্ধমান জেলার ৬২ জন জেলা পরিষদের সদস্যদের মধ্যে ৩ জন মাত্র কংগ্রেস সদস্য। সেই তিনজনের মধ্যে দু'জনকে স্থায়ী সমিতির মেম্বার করা হয়েছে। এর দ্বারা কি প্রমাণিত হয়, বিরোধী দলকে মর্যাদা দেওয়া হচ্ছে না। শাখারী দু নম্বর ব্লকের ১ জন সদস্যের মধ্যে আটজন হচ্ছে সি.পি.এমের, আর তিন জন হচ্ছে আর.এস.পির সদস্য। সেখানে আর এস পি সদস্যকে প্রধান করা হয়েছে। আমরা জানি, পশ্চিমবাংলার মানুষ আপনাদের কথায় কান দেবেন না। পরিশেষে আমি বিরোধী দলের বন্ধুদের একটা কথা বলতে চাই। আপনারা বলেছেন পঞ্চায়েত ব্যবস্থায় আমরা নাকি কোনও সাফল্য দেখাতে পারিনি। আমি সংখ্যাতত্ত্ব দিতে চাই না, পশ্চিমবঙ্গের পঞ্চায়েতের সাফল্য দেখে আসুন গঙ্গারামপুরে গিয়ে। সেখানে পাখারি বিলে দু লক্ষ শ্রমিক কাজ করছে। লক্ষ লক্ষ শ্রমজীবী মানুষ সেখানে কাজ করছে। ভাবনাদিঘি, মনসাদিঘি, বিভিন্ন দিঘিগুলো খনন করার জন্য গরিব মানুষগুলো সেখানে কাজ পাচ্ছে। এই হচ্ছে পশ্চিমবাংলার পঞ্চায়েত। আজকে পঞ্চায়েতে মহিলা সদস্যদের ট্রেনিং না দিলেও চলবে, কারণ তারা খেটে-খাওয়া মানুষের ঘর থেকে উঠে এসেছে। এই কথা বলে, বিরোধীদের দেওয়া ছাটাই প্রস্তাবের

বিরোধীতা করে এবং আমাদের পঞ্চায়েত মন্ত্রী যে বাজেট এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র যিনি পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী, তিনি তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি আজ এই সভায় পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে যে সব কাট মোশন আনা হয়েছে তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমার আগে আমাদের দলের পক্ষ থেকে এবং সরকারপক্ষ থেকে দু জন করে বক্তা তাদের বক্তব্য রেখেছেন। আমি সরকারপক্ষের সদস্যদের বক্তব্যের উত্তর দেব ভেবেছিলাম কিন্তু ভেবে দেখলাম যে কুয়োর ব্যাঙেদের কথার আর কি উত্তর দেব। কুয়োর ব্যাঙ কুয়োকেই সমুদ্র বলে মনে করে কারণ সমুদ্র সম্বন্ধে তাদের অভিজ্ঞতা নেই। এই প্রসঙ্গে বিবেকানন্দের সেই গল্পটা বলে আমি আর সময় নষ্ট করতে চাই না। তবে এই কুয়োর ব্যাঙরা যদি কুয়োটাকেই ভালোভাবে জানতেন তাহলেও তাদের কিছুটা জানা হত, শেখা হত কিন্তু দেখলাম সেটাও তারা জানেন না। ওরা বললেন, ভারতবর্ষের বিভিন্ন জায়গায় পঞ্চায়েত নির্বাচন হয়নি। নির্বাচনের কথা বলতে গিয়ে ওরা বললেন যে কর্ণাটকেও পঞ্চায়েত নির্বাচন হয়নি। স্যার, আমি কোনও দৈনিক পত্রিকা থেকে উদাহরণ দেব না, পঞ্চায়েতি রাজ বলে সূর্যবাবুর দপ্তর থেকে যে বইটি প্রকাশিত হয়েছে তার ৩৩ তম সংখ্যা, জানুয়ারি, ফেব্রয়ারির সংখ্যা যেটা প্রকাশিত হয়েছে তাতেই কর্ণাটকের কথা বলা হয়েছে এবং সেখানে বলা হয়েছে কর্ণাটকে লাস্ট পঞ্চায়েত নির্বাচন হয়েছে দলহীনভাবে ১৯৯৩ সালের ২৬শে ডিসেম্বর। এই তথ্যটাই যদি ওরা না জানেন তাহলে আমি ওদের কথার উত্তর কি দেব? তারপর কর্ণাটকের রাজ্য নির্বাচন কমিশনারের নামও ঘোষিত হয়েছে ২৬শে মে ১৯৯৩ সালে এবং তার নাম হচ্ছে পি.এস.নাগরাজন। কর্ণাটক একটি কংগ্রেসি রাজ্য এবং এই রাজ্য সম্পর্কে সব তথ্য এই বই-তে আছে। আর আপনারা এ রাজ্যের জন্য নির্বাচন কমিশনার করছেন তরুন দত্তকে। আপনাদের ধামাধরা একটা লোক, যার ইমপারসিয়ালিটি সম্পর্কে আমাদের যথেষ্ট প্রশ্ন ও সন্দেহ আছে এবং যিনি সাঁই বাড়ির ঘটনার নায়ক, তাকে আপনারা রাজ্য নির্বাচন কমিশনার করলেন। তারপর আপনারা বলেছেন যে এখানে বেশি সংখ্যায় মহিলারা যাতে পঞ্চায়েত নির্বাচনে অংশ গ্রহণ করতে পারেন তারজন্য মহিলাদের জন্য ওয়ান থার্ড আসন সংরক্ষিত করা হয়েছে। আপনারা বলেছেন, এতে নাকি আপনাদের স্থান ভারতবর্ষে প্রথম। আমরা তো জানি প্রথম একজনই হয়, দুজন কি করে হল বুঝতে পারছি না। এই পঞ্চায়েতি রাজ বই-এর ৬ এর পাতায় আছে দেখুন, সেখানে বলা হয়েছে যে উড়িষ্যা রাজ্যের গ্রামপঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতির নির্বাচন হয়ে গেল ১৯৯২ সালে মে, জুন মাসে। উড়িষ্যার পঞ্চায়েত এবং পৌরসভাগুলিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণের ক্ষেত্রে উড়িষ্যা প্রথম। তারা ১৯৯২ সালের মে, জুন মাসে পঞ্চায়েত নির্বাচন করেছে। সেখানে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষিত থাকায় প্রায় ২৫ হাজার মহিলা সেখানে নির্বাচিত হয়ে এসেছেন।

রাজীব গান্ধীর আদর্শ ছিল মহিলাদের জন্য সিট রিজার্ভ করে রাখার এবং সেই চাপে পড়েই আপনারা এখানে মহিলাদের জন্য সিট রিজার্ভ করে রেখেছেন, কাজেই মহিলাদের জন্য আসন সংরক্ষণের ব্যাপারে আপনারা প্রথম একথা বলবেন না। আপনারা পঞ্চায়েত আইন সংশোধন করতে বাধ্য হয়েছেন কেন্দ্রীয় সরকারের চাপে পড়ে কাজেই এতে আপনাদের কৃতিত্ব কিছু নেই। তবে আপনারা পঞ্চায়েতকে এখানে যা করেছেন তাতে আমরা দেখছি পঞ্চায়েতগুলিকে কাবুলিয়লাতে পরিণত করেছেন। একটা গরু ছাগল পুষলে তারজন্য ট্যাক্স দিতে হবে, মানুষ জন্মালে ট্যাক্স দিতে হবে। মানুষ মরে গেলে তাকে পোড়াতে গেলেও পঞ্চায়েতকে ট্যাক্স দিতে হবে। এইভাবে পঞ্চায়েতগুলিকে আমরা দেখছি আপনারা কাবুলিওয়ালাতে পরিণত করেছেন। তারপর পঞ্চায়েত আইন সংশোধন করতে গিয়ে আমরা দেখেছি আপনারা আপনাদের দলের কথাটা ভুলতে পারেন নি, সেখানে দলের স্বার্থ যাতে পূরণ করা যায় সে ব্যবস্থা আপনারা করে রেখেছেন। আমরা দেখেছি, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে কংগ্রেস জিতেছে দুশো ভোটে অথচ জেলাপরিষদে কংগ্রেস পেয়েছে মাত্র ৬ ভোট। সেইজন্যই আমরা বলেছিলাম যে ব্যালট বক্সগুলি নিয়ে গিয়ে বি.ডি.ও অফিসে রেখে দিন, পরের দিন কাউন্টিং হবে।

[3-25 — 3-35 p.m.]

একজন প্রিসাইডিং অফিসার সকাল থেকে নির্বাচন করছেন, তার আগের দিন বুথে তাকে থাকতে হয়েছে, তাকে তিনটে টায়ারের ভোট নিতে হচ্ছে সারা দিন, তিনি ক্লান্ত হয়ে পড়েন, সেখানে আমরা বলেছিলাম পরের দিন কাউন্টিং করুন বি.ডি.ও.'র অফিসে। তারা করলেন না, কারণ আপনারা ওখানে ম্যাল প্র্যাকটিস করবেন, আপনারা যেরকম ভাবে ম্যাল প্র্যাকটিস করে জিতেছেন জেলা পরিষদে। নির্বাচনের আইন পাল্টাতে গিয়ে সেখানে দলের কথা বেশি করে চিন্তা করেছেন। এই সরকার পঞ্চায়েতের দুর্নীতির কথা চিন্তা করেন না, আজকে আপনারা পঞ্চায়েতে শুধু কনট্রাক্টার তৈরি করেছেন, পঞ্চায়েতের মাধ্যমে আপনারা কোনও সম্পদ সৃষ্টি করতে পারেন নি। ৭৮ সাল থেকে নির্বাচন হচ্ছে। এখনও পর্যন্ত পঞ্চায়েত মেম্বারদের মিটিং-এ উপস্থিত থাকার জন্য যে অ্যালাউয়েন্স দিতে হয়, তা এখনও পর্যন্ত রাজ্য সরকারকে দিতে হয় কেন? আপনারা যদি পঞ্চায়েতের মাধ্যমে সম্পদ সৃষ্টি করতে পারতেন তাহলে সদস্যদের এই অ্যালাউয়েন্সটা আপনারা দিতে পারতেন। আপনারা পঞ্চায়েত দপ্তরে একটা ট্রেনিং এর ব্যবস্থা করেছেন, সদস্যদের জন্য কল্যাণীতে। জয়নাল সাহেবকে বারে বারে নিমন্ত্রণ করে সেখানে নিয়ে যান। আপনারা ট্রেনিং এর জন্য দু কোটি টাকা খরচ করলেন স্টেট ইনস্টিটিউট অব পঞ্চায়েতে ট্রেনিং দেবার জন্য। তার রিটার্ণ আপনি কি পেয়েছেন? পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন দপ্তর আগে আলাদা ছিল, সেটাকে আপনি এক করে দিয়েছেন ভাল কথা। কিন্তু গ্রাম উন্নয়ন যেটা বললেন, আপনি সত্যিই পঞ্চায়েত নির্বাচন করেছেন যে করেই হোক, রিগিং করে হোক, যে করেই হোক আপনারা করেছেন। থ্রি টায়ার সিস্টেম খাড়া করেছে, এটা ভাল করেছেন। কিন্তু ৭৮ সাল থেকে ৮০ সাল পর্যন্ত পঞ্চায়েতে কোনও কাজ দিতে পারলেন না। আপনারা নির্বাচিত প্রতিনিধিদের গ্রাম উন্নয়নের জন্য গ্রামীণ

ডেভেলপমেন্টের জন্য কোনও পরিকাঠামো করতে পারলেন না, কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করে বসে থাকতে হল। কেন্দ্রীয় সরকারের ২০ দফা কর্মসূচি, এন.আর.ই.পি., আর.এল.ই.জি.পি., এই সব ২০ দফা কর্মসূচি রূপায়ণ করার জন্য পঞ্চায়েতকে ভার দিলেন। সেইগুলো বন্ধ যখন হয়ে গেল, আপনাদেরও কাজ বন্ধ হয়ে গেল। আবার জওহর রোজগার যোজনা যখন চালু হল তখন আবার পঞ্চায়েতের মাধ্যমে কাজ শুরু হল। রাজ্য সরকার নিজেদের পক্ষ থেকে এখনও পর্যন্ত একটাও কর্মসূচি পঞ্চায়েতের মাধ্যমে ইমপ্লিমেন্ট করার জন্য আনতে পারেননি। কেন্দ্রীয় সরকারের যে স্কীমগুলো এসেছে, সেইগুলোকে ইমপ্লিমেন্ট করার জন্য পঞ্চায়েতকে ভার দিয়েছেন জাস্ট পোস্ট ম্যানের মতো। গ্রামীণ উন্নয়ন দপ্তরের যে কর্মসূচি সেই সব করতে পারেন নি। কেন্দ্রীয় সরকারের টাকা দিয়ে আপনারা করছেন, সেখানেও তছরূপ হচ্ছে। সেই টাকার হিসাব পর্যন্ত দিতে পারছেন না। পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং জল সরবরাহ করার জন্য টাকা দিয়েছে, কটা জেলা পরিষদ তার হিসাব দিয়েছে? একটাও হিসাব দিতে পারেনি। শুধু মাত্র ৫ টা জেলা পরিষদ তার হিসাব দিতে পেরেছেন, তার মধ্যে দুটো আংশিক। আপনি গ্রামীণ উন্নয়নের জন্য যে কর্মসূচি নিয়েছেন, সেইগুলো যদি দেখি, আই.আর.ডি.পি. প্রকল্পে সুসংহত গ্রাম উন্নয়নে ৯২-৯৩ সালে ১ লক্ষ ৫৪ হাজার ৭৫৭ টাকার মধ্যে করেছেন মাত্র ৪৭ হাজার ৭২৬। এটা ৩০.৮৩ পারসেন্ট। তার মধ্যে পূরণ করতে পেরেছেন ৩০.১৮ পারসেন্ট। তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য লক্ষ্য মাত্রা ধার্য হয়েছিল যথাক্রমে ১,১৩,৮৮৫ এবং ২,৮৩৮, কিন্তু আপনারা তা পূরণ করতে পারেন নি। আপনারা তফসিলি জাতিদের ক্ষেত্রে করেছেন ১৫.১ পারসেন্ট এবং উপজাতিদের ক্ষেত্রে ৫.৯৬ পারসেন্ট করেছেন। ফলে অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্য অনেক পিছিয়ে আছে। সর্বভারতীয় ক্ষেত্রে তফসিলি জাতিদের ক্ষেত্রে আমাদের স্থান ৫ম, আর উপজাতিদের ক্ষেত্রে আমরা ২৩-তম স্থান আছি। ট্রাইসেমে গ্রামীণ বেকার যুবকদের কর্ম সংস্থানের প্রশ্নে কেন্দ্রীয় সরকারের অ্যানুয়াল রিপোর্টটা একটু দেখুন—১৯৯৩-৯৪ সালে লক্ষ্য মাত্রা ছিল ২৪,৬৬০, আপনারা কত জনকে দিতে পেরেছেন, ৭,১৫২ জনকে। অর্থাৎ লক্ষ্য মাত্রার ২৯.৬৬ পারসেন্ট আপনারা পূরণ করতে পেরেছেন। অর্থাৎ ১৯৯৩-৯৪ সালে আপনাদের অ্যাচিভমেন্ট হচ্ছে ২৯.৬৬ পারসেন্ট। এরপরেও আপনারা কংগ্রেসকে গালাগাল দিচ্ছেন। কংগ্রেসি রাজত্ব কেরলায় ঐ সময়ের অ্যাচিভমেন্ট হচ্ছে ৫৪.৮৯ পারসেন্ট। মধ্যপ্রদেশে ঐ সময়ের অ্যাচিভমেন্ট হচ্ছে ৩৭.৭০ পারসেন্ট। তাহলে দেখা যাচ্ছে অন্যান্য কংগ্রেস শাসিত রাজ্যগুলি পশ্চিমবাংলার তুলনায় এ ক্ষেত্রে অনেক এগিয়ে রয়েছে। আপনারা যদি এখন বলেন যে, এই তথ্য গুলি ভুল তাহলে আমার কিছু বলার নেই। যদি বলেন ১৯৯৩-৯৪ সালের অ্যান্যুয়াল রিপোর্ট সম্পূর্ণ ভুল, তাহলে আর কিছু বলার নেই। এসব ক্ষেত্রে আপনারা পোস্ট ম্যান ছাড়া আর কিছু নন, কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে, সেটা আপনারা পঞ্চায়েতকে দিচ্ছেন কাজ করার জন্য। অথচ সেই কাজও এখানে হচ্ছে না। কেন হচ্ছে না, আপনারা সঠিক কর্মসূচি রূপায়ণ করতে পারছেন না। অর্থাৎ আপনারা কেন্দ্রীয় প্রকল্প গুলিও ইমপ্লিমেন্ট করতে ব্যর্থ হচ্ছেন। তাহলে কি করে আপনাদের প্রশংসা করব? আমি নিশ্চয়ই সব ব্যাপারের

বিরোধিতা করছি না, আপনারা নিশ্চয়ই কিছু ভাল কাজ করেছেন। পঞ্চায়েত সমিতির মেম্বারদের ভোটাধিকারের ক্ষেত্রে প্রশংসা করেছি। কিন্তু ব্যর্থতার ক্ষেত্রগুলিতে কি করে প্রশংসা করব। তারপর আমরা ইন্দিরা আবাসন যোজনায়ও একই অবস্থা দেখছি। সেখানে তফসিলি জাতি ও উপজাতিদের জন্য কেন্দ্রীয় সরকার এই প্রকল্পে যে টাকা দিয়েছিলেন—১৯৮৫-৮৬ সাল থেকে এই প্রকল্প শুরু হয়েছে, ১৯৯১-৯২ সাল পর্যন্ত, ৬ বছরে যেখানে লক্ষ্যমাত্রা ছিল ৮২, ২০৬ জনকে সুযোগ দেবেন, এতগুলি পরিবার ইন্দিরা আবাসন প্রকল্পে বাড়ি তৈরি করবেন, আপনারা সুযোগ দিতে পেরেছেন ক'জনকে, ৫০ হাজার ৬০ জনকে। তাহলে ৩২,১৪৬ জনের কি হল? এই দরিদ্র আদিবাসী, তফসিলি মানুষ গুলি বঞ্চিত হল। এর জন্য কে দায়ী? ইন্দিরা আবাসন প্রকল্পের সুযোগ থেকে আপনারা মানুষকে বঞ্চিত করছেন। অথচ আপনারা পঞ্চায়েতের ইনফ্রাস্ট্রাকচারের সাফল্য দাবি করছেন। এই যে কাজ আপনারা করতে পারলেন না, এর জন্য আপনাদের আমরা দায়ি করব না। আপনারা জবাব দেবেন না? কেন পারেন নি? জবাব দিন। আপনারা জওহর রোজগার যোজনার ক্ষেত্রে খুব কৃতিত্ব দাবি করেন। এক্ষেত্রে আমরা দেখছি বেশ কয়েকটা রাজ্যই ব্যর্থ। পশ্চিমবাংলা সহ কয়েকটি রাজ্য জওহর রোজগার যোজনার টাকা—যে টাকা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দেয়—এক খাত থেকে অন্য খাতে চলে যায়। একটা স্কীমের টাকা অন্য স্কীমে চলে যায়। কেন এটা হবে? তারপর আমরা দেখছি এ ক্ষেত্রে আপনারা ১৯৮৯-৯০ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত লক্ষ্য মাত্রা পূরণ করেছেন কত, না ৯১.৩৫ শতাংশ।

[3-35 — 3-45 p.m.]

যেখানে মধ্যপ্রদেশ এবং কেরলসহ অন্যান্য কংগ্রেস শাসিত রাজ্যগুলি ১০০ শতাংশ করেছে সেখানে আপনারা পিছিয়ে আসছেন, কেন্দ্রীয় প্রকল্পগুলি পঞ্চায়েতের মাধ্যমে ইন্ট্রোডিউস করবার ক্ষেত্রে আপনারা পিছিয়ে পড়েছেন। তিনটি পঞ্চায়েত নির্বাচন করে ফেলেছেন, কিন্তু পঞ্চায়েত পদাধিকারীদের সামনে কোনও কর্মসূচি তুলে ধরতে পারেন নি যারজন্য কেন্দ্রীয় সরকারের কর্মসূচিগুলি রূপায়িত করতে ব্যর্থ হয়েছেন। তারই জন্য আজকে এই যে বাজেট, একে সমর্থন করতে পারছি না। তাই কাট মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সভায় পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তাঁর দপ্তরের জন্য বাজেট বরাদ্দের যে দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন জানাচ্ছি। গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নকল্পে পঞ্চায়েত যে একটা গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে তার প্রমাণ আমরা আমাদের রাজ্যে পেয়েছি বারেবারে। স্বাভাবিকভাবে তাই এই দপ্তরের গুরুত্ব দিনের পর দিন বাড়ছে এবং বাড়ছে বলেই আজকে বিরোধী দলনেতা ডঃ জয়নাল আবেদিন, অতীশ সিন্‌হা মহাশয়, আব্দুল মান্নান মহাশয়—এঁরা এই বাজেট বক্তৃতায় অংশ গ্রহণ করেছেন। যদিও তাঁরা তাঁদের বক্তৃতায় খানিকটা উষ্মা প্রকাশ করেছেন এই বলে যে, এই দপ্তরে ভাল কিছু কাজ হয়নি, সম্পদ সৃষ্টি হয়নি, কিন্তু তাঁদের বক্তব্য থেকে এটাও

মনে হল, তাঁদের ক্ষোভটা সেই কারণে নয়, বরং ভাল কাজ এবং সম্পদ সৃষ্টি হয়েছে বলেই চোখ ঝাপসা হয়ে গেছে আগামী দিনের কথা ভেবে। আমি ভেবে পাই না যে, ওঁরা গ্রামে বাস করেন, নাকি শহরে বাস করেন। যদি গ্রামে বাস করতেন তাহলে নিশ্চয়ই বাস্তব চিত্র ওঁদের চোখে পড়ত। বিগত পনের ষোল বছর ধরে পঞ্চায়েতের মাধ্যমে গ্রাম-বাংলায় যে সমস্ত কাজকর্ম হয়েছে তার প্রমান তারা গ্রামে ঢুকলেই পেতেন। তাই বলব, এখানে তাঁরা সত্যকে চেপে গিয়ে একটা রম্যরচনা সৃষ্টি করছেন। কিন্তু গ্রামের মানুষ যারা তারা স্বচক্ষে দেখছেন যে, পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে গ্রামে অনেক উন্নতিসাধন করা গেছে। আজকে তারা পঞ্চায়েতকে তাদের আশা-ভরসা স্থল হিসাবে দেখতে শুরু করেছেন। আজকে গ্রামে সরকার হিসাবে পঞ্চায়েত প্রতিষ্ঠিত হয়েছে গ্রামের বহুবিধ সমস্যা দূরীকরণের ব্যাপারে। এটা একটা পরীক্ষা এবং এই পরীক্ষায় আমরা সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছি এবং তারফলে আমাদের অভিজ্ঞতার ভান্ডার বাড়ছে। এক্ষেত্রে ত্রুটিও কিছু আমরা লক্ষ্য করছি এবং এ-ব্যাপারে আমাদের দৃষ্টি খোলা রয়েছে। এদিকে আমরা প্রতিনিয়ত নজর রাখছি। তারই জন্য সময়ে সময়ে পঞ্চায়েত আইন সংশোধনের উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে মাঝে মাঝে এমন প্রবণতা কিছু কিছু জায়গায় দেখা দিচ্ছে যে, পঞ্চায়েত মানে প্রধান এবং যা করবার করবেন প্রধান, পঞ্চায়েত সমিতির ক্ষেত্রে যা করবেন সভাপতি এবং জেলা পরিষদে যা করবেন সভাধিপতি। এই ধরনের প্রবণতা যাতে না দেখা যায় তার জন্য কিছু কিছু পদক্ষেপ নেওয়াও হয়েছে। এখন গোটা রাজ্যে পঞ্চায়েত সদস্যদের প্রশিক্ষণ চলছে। গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতিতে যে সমস্ত সদস্য নির্বাচিত হয়েছেন চাদের প্রশিক্ষণ চলছে। তারা যাতে ভোট দিয়ে প্রধান, সভাপতি নির্বাচন করে তাদের দায়িত্ব শেষ না করেন। প্রত্যেক সদস্যর একটা ভূমিকা আছে। সেটা পরিষ্কার ভাবে তাদের বোঝাবার জন্য বিভিন্ন জায়গায় ক্যাম্প করা হচ্ছে। কারণ একজন পঞ্চায়েত সদস্যকে বহুবিধ কাজ করতে হয়। তাই সেই সমস্ত বিষয়ে জ্ঞান থাকা দরকার। সেজন্য এই প্রশিক্ষণ শিবিরগুলিতে বন-সৃজন, ভূমি সংস্কার করা, জনশিক্ষা প্রভৃতি নানা বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে যে কি তাদের কাজ, কি ভাবে তারা এগুলি করবেন, এই বিষয়ে তাদের করণীয় কি। পশ্চিমবঙ্গে উন্নয়নমূলক প্রকল্প যেগুলি রয়েছে, সেগুলি সম্পর্কে যে গাইড লাইন আছে সেই অনুযায়ী কি ভাবে কাজ করতে হবে, সেই বিষয়ে তাদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এই ব্যাপারে তাদের ক্ষোভ আছে এবং এটা থাকাই স্বাভাবিক। কারণ তারা সাধারণ মানুষের মুখোমুখি হতে ভয় পান। সে জন্য তারা বলছেন যে সাধারণ সভা করে কি লাভ হবে। আমরা চাই পঞ্চায়েত তার কাজের জবাবদিহি সাধারণ মানুষের কাছে করুক। প্রথমত গ্রামসভা সাধারণ সভা ডেকে সেইসব এলাকায় কি কি প্রকল্প নেওয়া হয়েছে সেগুলি মানুষের কাছে জানাক এবং গ্রামের মানুষের কাছে পরামর্শ নিতে হবে যে কোনও জরুরি এবং আশু হাতে নেওয়া দরকার। সেই সমস্ত পরামর্শগুলি নথিভুক্ত করে যেগুলি গ্রহণ করার মতো সেগুলি গ্রহণ করলে কার্যকর হবে এবং আমাদের নির্দেশিকা এই আইনের মধ্যে আছে যাতে পঞ্চায়েতগুলি সঠিকভাবে, গণতান্ত্রিকভাবে কাজ করতে পারে। কিন্তু এটা তাদের পছন্দ নয়। কারণ গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে কাজ করা তাদের ধাতে সয় না। সেজন্য

এই ধরনের বিরোধী বক্তব্য তারা রেখেছেন। আমরা এটা চাই না। আমরা নির্বাচনের মাধ্যমে এই পঞ্চায়েতকে পুনর্গঠন করেছি, তাকে তৈরি করার জন্য বহুবিধ ব্যবস্থা নিয়েছি। পঞ্চায়েতের কাজকর্মে যে সমস্ত অসুবিধাগুলি দেখা দিচ্ছে সেক্ষেত্রে আরও সহজ কি ভাবে করা যায় সেই উদ্যোগ নেওয়া দরকার। কথা উঠেছে এবং কাগজেও লেখালেখি হয় যে পঞ্চায়েতগুলি যে টাকা খরচ করে তার ইউটিলাইজেশন সার্টিফিকেট দেয় না। এক্ষেত্রে বাস্তবে যে সব অসুবিধাগুলি আছে সেগুলি দূর করা দরকার। আপনারা জানেন যে পঞ্চায়েত যে অ্যালটমেন্ট দেওয়া হয় সেই টাকা চেকের মাধ্যমে দেওয়া হয়। সেই চেক ক্যাশ করতে প্রায় এক মাস সময় লাগে। তার ফলে যে প্রকল্পগুলি গ্রহণ হবে সেগুলিতে দেরি হয়। একটা ব্লকের এস.ই.ই. ৩০ হাজার টাকা পর্যন্ত প্রকল্প অনুমোদন করতে পারেন। তার বেশি হলে জেলা পরিষদের অনুমোদন নিতে হয়। কিন্তু ছোট-খাটো প্রকল্পগুলির যদি এস্টিমেট ৫০ হাজার, ৮০ হাজার বা এক লক্ষ টাকা হয় তাহলে সেগুলি জেলা পরিষদে পাঠাতে হয় এবং তাতে অনেকটা সময়ের অপচয় হয়, সঠিকভাবে টাকাও খরচ করা যায় না। কাজেই মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রস্তাব যে এই সিলিংটা বাড়িয়ে ১ লক্ষ টাকা করা যায় কিনা সেটা আপনি চিন্তা করে দেখবেন। অর্থাৎ ব্লক লেভেলে একজন এস.এ.ই যাতে এক লক্ষ টাকা অনুমোদন করতে পারে সেই ব্যবস্থা করা যায় কিনা সেটা আপনি দেখবেন। সেটা যদি করা যায় তাহলে এই কাজগুলি সহজভাবে করা যাবে। আর এই চেক সিস্টেমটা যাতে আরও সহজ করা যায় সেই ব্যবস্থা করা দরকার।

[3-45 — 3-55 p.m.]

যাতে সময় মতো রিপোর্টগুলো আসে, ইউটিলাইজেশন সার্টিফিকেটগুলো আসে সেটা দেখতে হবে। এই কাজকে আরও ভাল করার জন্য একটা তদারকি দরকার। জেলা পর্যায়ে একটা টিম তৈরি করে দিলেন, তারা সমস্ত জায়গায় গিয়ে খোঁজ-খবর নিয়ে দেখবে, অনুসন্ধান করে দেখবে তাঁদের কাজ করতে কি অসুবিধা হচ্ছে, রিপোর্ট জমা পড়ছে না কেন। এই গুলিকে দেখভাল করার আছে। তারা যাতে দেখভাল করতে পারে তার অধিকার দেওয়ার দরকার আছে। এই পঞ্চায়েত ব্যবস্থা আমাদের গর্ব। এটাকে আরও উন্নত করার যথেষ্ট সুযোগ আছে। এই সুযোগ যাতে আমরা কাজে লাগাতে পারি সেটা আমাদের দেখতে হবে। দরিদ্র মানুষ যারা দরিদ্র সীমার নিচে বাস করে তাদের যাতে উপর দিকে তুলে আনা যায় সেটাই আমাদের লক্ষ্য। দরিদ্র সীমার নিচে যারা বাস করে যেমন তফসিলি জাতি এবং উপজাতি ভুক্ত মানুষ অনুন্নত শ্রেণীর মানুষ তারা যাতে বাঁচার মতো বাঁচার সুযোগ পেতে পারে সেটা আমাদের দেখতে হবে। কি করে তাদের দরিদ্র সীমার নিচের থেকে উপরে টেনে তোলা যায় সেই উদ্যোগ গ্রহণ করার দায়িত্ব আমাদের সকলের। পঞ্চায়েতের মাধ্যমে এই দায়িত্ব নিতে যে সমস্ত প্রতিনিধিরা গিয়েছে, তার জন্য তারা যাতে কাজ করতে পারে সেটা আমাদের দেখতে হবে। সেখানে নিয়ম যেন বাধা না হয়ে দাঁড়ায়, আর্থিক সঙ্গতি এই কাজ যেন স্তব্ধ করে না দেয় সেটা আমাদের দেখার দরকার আছে। নিশ্চয়ই আমাদের সেই দিকে

লক্ষ্য থাকবে। কেবলমাত্র কেন্দ্রীয় সরকারের অনুদানের উপর পঞ্চায়েতগুলিকে নির্ভর করতে না হয়, পঞ্চায়েতগুলি চালিত না হয়, পঞ্চায়েতগুলি যাতে নিজস্ব রিসোর্স সৃষ্টি করতে পারে, নিজস্ব সোর্স যাতে বাড়াতে পারে সেই দিকে লক্ষ্য রাখতে হবে। এই উদ্দেশ্যে একটা অর্থ কমিশন নিযুক্ত করা হয়েছে। অর্থ কমিশন ঠিক করছেন কটা সোর্স থেকে কি কি আদায় করা যাবে, কে কতটা আদায় করবে, গ্রাম পঞ্চায়েত কি আদায় করবে, পঞ্চায়েত সমিতি কি আদায় করবে, জেলা পরিষদ কি আদায় করবে, সরকারি দপ্তর কি আদায় করবে। এই যে আদায় করা হবে তার কারা কতটা অংশ পাবে, ত্রিস্তর পঞ্চায়েতের জন্য কতটা যাবে, সরকারি দপ্তরে কতটা যাবে। এখানে কাজের বিভাজন তৈরি করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। আমরা দেখাতে পারি সরকারি কোষাগারে রেভিনিউ আদায় হতে পারে এই রকম জায়গা অনেক পড়ে আছে। গ্রামাঞ্চলে অনেক সোর্স আছে। সেই জায়গায় সরকার তার ন্যায্য প্রাপ্য থেকে বঞ্চিত হচ্ছে। সেইগুলি আদায় করা যাবে যদি পঞ্চায়েতের হাতে আদায় করার অধিকার থাকে। আমরা জানি গ্রামাঞ্চলে প্রচুর স্টোন কালেকশন হচ্ছে, সেখান থেকে সরকারের কিছু রেভিনিউ পাওয়ার কথা, কিন্তু সরকার সেটা পাচ্ছে না। অনেক নদী থেকে বালি তোলা হয়, খাদ থেকে বালি তোলা হয়, সেখানে সরকারের কিছু রেভিনিউ পাওয়ার কথা। কিন্তু সরকার সেটা পাচ্ছে না। পঞ্চায়েতের হাতে এই সমস্ত ব্যাপারে কালেকশনের দায়িত্ব দিলে সেখানে অনেক বেশি অর্থ উপার্জন হতে পারে, সরকারের রেভিনিউ আসতে পারে। কাঠের ব্যবসা খুব ভাল ভাবে চলছে, সেখানে যদি পঞ্চায়েতকে যুক্ত করা যায় তাহলে অনেক রেভিনিউ আসতে পারে এই সমস্ত রেভিনিউ থেকে পঞ্চায়েতগুলি সাবলম্বী হতে পারে। পঞ্চায়েতে যে ট্যাক্স আদায় করা হয় তা অত্যন্ত কম। এক-একটা পঞ্চায়েত এলাকায় যত মানুষ বাস করে তাদের দেয় করের পরিমাণ যথেষ্ট কম বর্তমান বাজারের তুলনায়। আমরা দেখেছি এক-একটা বাড়ি পিছু ৩ টাকা, ৪ টাকা, ৫ টাকা, ৭ টাকা এক বছরের কম। এটা কিছু বাড়াবার সুযোগ আছে। একটা পঞ্চায়েতে ১০-১২ হাজার টাকা করে ট্যাক্স আদায় হয়, এটা সহজে ২৫-৩০ হাজার টাকায় আনা যায়। এই পঞ্চায়েতগুলোকে অনেক কাজ করতে হয়। পরিবারের বিবাদ মেটানো থেকে শুরু করে সমস্ত ডিপার্টমেন্টে কাজ থেকে শুরু করে সমস্ত রকম সমস্যার সমাধান করতে হয়। কিন্তু সেখানে প্রয়োজনীয় স্টাফ নেই। এই দিকে নজর দেওয়া দরকার আছে। অতীশবাবু অনেক কথা বললেন কিন্তু পঞ্চায়েতের যারা সর্ব্বনিম্ন কর্মচারী আছেন তাদের কথা বললেন না। যে সমস্ত কর্মচারী ট্যাক্স আদায় করে তাদের অবস্থা অত্যন্ত সঙ্গীন, নাম মাত্র তারা কমিশন পান। দেখা যায় ১০০ টাকার বেশি হয় না। এই টাকা দিয়ে তাদের সংসার চলে না। তাই তাদের কমিশন আরও বাড়ানো যায় কিনা, তাদের অবস্থার পরিবর্তন করা যায় কিনা সেটা ভেবে দেখার সময় এসেছে। আমরা সমস্ত প্রশাসনের কর্মীদের জন্য চিন্তা-ভাবনা করছি, যারা ট্যাক্স আদায় করে তারা খুব সামান্য পান, তাদের ব্যাপারটা ভেবে দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি। এই কথা বলে বাজেটকে আরও একবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী ৫৯, ৬৩, ৬: এবং ৬৩ নম্বর দাবিতে যে টাকা চেয়েছেন তার বিরোধিতা করে এবং আমাদের যে সমং কাট মোশন আছে তাকে সমর্থন করে—সময় কম বলে—কয়েকটি প্রোপোজাল আমি রাখছি কিছুক্ষণ আগে শাসক দলের যিনি বক্তব্য শুরু করলেন—মানিকবাবু এবং পরবর্তীকালে মিনতি ঘোষ—তাঁদের বলি, আপনারা নিজেদের মূল্যায়ণ করবেন না? নিজেদের বিবেকে: কাছে প্রশ্ন করবেন না? উনি বললেন, বউ নেই তার ফুলশয্যা। আর একজন বললেন গ্রামের রাস্তায় গাড়ি চলছে কার কৃতিত্বে, কংগ্রেসের। বিধানসভা কবিতা বলার জায়গা নয় কংগ্রেসের রাজীব গান্ধীর কথা না বলে আগে নিজেদের মূল্যায়ন করুন। ১৯৭৮ সালে পঞ্চায়েতে ভোট হয়েছে, ১৯৮৩ সালে পঞ্চায়েতে ভোট হয়েছে। কেন্দ্র এই টাকা দিচে তারপর থেকেই প্রকৃতপক্ষে পঞ্চায়েতে কাজ শুরু হয়েছিল। পরবর্তীকালে রাজীব গান্ধী যখ প্রধানমন্ত্রী হয়ে জওহর রোজগার যোজনা করেছিলেন, তখন আপনারা দেয়ালে কী লিখেছিলেন সারা পশ্চিমবাংলার দেওয়ালে লিখেছিলেন—জওহর রোজগার যোজনা, কংগ্রেসের ছলনা। এ কথা বলেছিলেন, যেমন আপনারা বলেছিলেন, রক্ত দেব, বাংলা ভাগ হতে দেব না। আমা: ছোটবেলার কথা মনে আছে, যখন আমি বিশ্ববিদ্যালয়ে পড়তাম, তখন অজয় মুখার্জি মুখ্যমন্ত্রী ছিলেন। তখন আমরা দেওয়ালে লিখতাম—অজয়বাবুই বলেছিলেন, চিন বোলনা ভাই, চি বললে বাংলাদেশে কোনও ঠাঁই না। কাজেই এইসব বলে তো লাভ নেই, বাস্তব বলুন—কংগ্রেস কি দিচ্ছে তা বলুন। কংগ্রেসের টাকা নিয়ে চলছে পশ্চিমবাংলার পঞ্চায়েত আগে কোনও উন্নয়ন হয়নি। যেদিন রাজীব গান্ধী পশ্চিমবাংলার বুকে শহরে নগরপালিকা কথা, নেহেরু যোজনার কথা এবং পঞ্চায়েতে জওহর রোজগার যোজনার কথা বলেছিলেন তারপর থেকে কেন্দ্রের দেওয়া ৮০ ভাগ টাকা নিয়ে পশ্চিমবাংলায় গ্রামোন্নয়ন শুরু হল সেজন্য মানিকবাবু যা বলছিলেন, কৃতিত্ব কার, কৃতিত্ব কংগ্রেসের, এইসব বলে লাভ নেই বিধানসভা কবিতা বলার জায়গা নয়। এখানে মন্ত্রী আছেন, স্টেট কেস হিসাবে ১৯৯৪-৯ এই ফিনান্সিয়াল ইয়ারে কেন্দ্রের দেওয়া টাকা নেবেন না এটা বলুন? উনি বলেছেন কেন্দ্রের টাকা কি পৈত্রিক সম্পত্তি? তাই আমি বলছি, একটা বছরের জন্য বলুন, কেন্দ্রে দেওয়া টাকা খরচ করবো না। তাহলে দেখবেন পঞ্চায়েত উঠে যাবে পশ্চিমবাংলা থেকে তাহলে মার্কসবাদী সরকার থাকবে না, বামফ্রন্ট সরকারও থাকবে না। সেজন্য আমার মূ প্রস্তাব যে, আজকে সারা পশ্চিমবাংলার বুকে জওহর রোজগার যোজনার টাকা নিয়ে এই আই.আর.ডি.পি.র টাকা নিয়ে অপচয় হচ্ছে, এরজন্য একটা অ্যাকাউন্টেবিলিটি থাকা দরকার তারজন্য, অডিটের জন্য এ.জি. পোষ্ট সৃষ্টি করা হোক। যেমন প্রত্যেক ব্যাপারে অডিট কর হয় তেমন এক্ষেত্রেও করা হোক। যদি বুকের পাটা থাকে তাহলে পঞ্চায়েতের জন্য একটা এ.জি. পোস্ট তৈরি করুন, যারা শুধু পঞ্চায়েতে কি কি খরচ হয়েছে তার অডিট করবে সারা বছরে কি খরচ হচ্ছে হিসাব দিন, তাহলে পশ্চিমবাংলার মানুষ বুঝতে পারবেন কেন্দ্রের দেওয়া টাকার কি হচ্ছে।

[3-55 — 4-05 p.m.]

যেকোনও টাকাই হোক সে কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গের উন্নয়নের খাতে পাঠাচ্ছেন। সেই টাকার নয়ছয় করে বসে আছেন আর বিধানসভাতে বসে কবিতা পাঠ করছেন আর পাগলামী করছেন। এতো যে টাকা এসেছে তার কতটা উন্নয়ন খাতে খরচ হয়েছে। একটু আগে মানিকবাবু পল্লী উন্নয়নের কথা বলতে গিয়ে রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধী কি বলে গেছেন সেটা বললেন। মহাত্মা গান্ধী পঞ্চায়েত রাজের কথা বলেছেন, রাজীব গান্ধীও পশ্চিমবঙ্গে এসে নাকি পঞ্চায়েতের ভূয়সী প্রশংসা করে গেছেন। তারপরে নরসিমা রাও নাকি এই ধরনের পঞ্চায়েত করবার জন্য এবং একটা ইলেকশন করার কথা চিন্তা করছেন। তাহলে আমরা ছাড়া কেন্দ্রের কংগ্রেসিরা সব ভাল আর আমরা বরাহনন্দন। আমরা বামফ্রন্টের ভুল, ত্রুটি তুলে ধরি বলে আমরা খারাপ। আজকে যে এশ সি এস টি এবং গ্রামীণ মহিলাদের আসন সংরক্ষণের ক্ষেত্রে কৃতিত্ব দেখিয়েছেন, সেই কৃতিত্ব আপনাদের পাওয়ার কথা নয়, সেই কৃতিত্ব কংগ্রেস সরকারের। প্রয়াত রাজীব গান্ধী প্রধানমন্ত্রী থাকাকালীন তিনি এই পঞ্চায়েত নিয়ে বৈঠক করেছিলেন এবং কিভাবে এর উন্নতি করা যায় তার চিন্তা করেছিলেন। গ্রামের দারিদ্র সীমার নিচে যারা বাস করে তাদের কি করে সার্বিক উন্নতি করা যায় তারজন্য চিন্তা করেছিলেন। তারজন্য তিনি সরকারি অনুদান, ব্যাঙ্কের ঋণ যাতে পায় তার ব্যবস্থা করেছিলেন এবং বিভিন্ন প্রকল্প করে যাতে দারিদ্র সীমার নিচের পরিবারগুলো এই প্রকল্পের মাধ্যমে একটু ওপরে উঠতে পারে তার ব্যবস্থা করেছিলেন। কেন্দ্রীয় সরকার বলেছেন যে ১ হাজার টাকার নিচে যারা বাস করে তাদের ঋণ দিতে হবে। আমার বিধানসভা কেন্দ্রে ফুলসুরা এবং রামনগর যারা দারিদ্র সীমার নিচে থাকে তারা ঋণ পাওয়ার কথা এবং আগেকার পঞ্চায়েত সমিতি সই করে দেওয়া সত্ত্বেও নব গঠিত পঞ্চায়েত সমিতি এখনও সেই ঋণ দিচ্ছে না। এরফলে গরিব মানুষেরা ঋণ পাচ্ছে না। এইভাবে কেন্দ্রীয় সরকারের টাকা পশ্চিমবঙ্গে অপচয় হচ্ছে। দুর্নীতি হচ্ছে, সুতরাং এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে আমি সমর্থন করে আমি আমার বক্তব্য শুরু করছি। বিরোধী সদস্য এই বরাদ্দের বিরোধিতা করতে গিয়ে একটি কথা খুব গুরুত্ব দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন। তিনি প্রথমেই বললেন যে কেন্দ্রীয় সরকারের সাহায্য ছাড়া পশ্চিমবঙ্গের পঞ্চায়েতের কোনওভাবেই উন্নতি করা সম্ভব নয়। মাননীয় সদস্য একটি জিনিস ভুলে গেছেন যে, ভারতবর্ষে যে রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে দিয়ে চলেছে তাতে কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই দয়া করে দান করছেন না। সাংবিধানিক ক্ষমতা অনুযায়ী কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে টাকা দেয়। এবং সেইভাবেই আমাদের রাজ্যের সামগ্রিক উন্নয়ন হয়। কিন্তু কেন্দ্রীয় সরকার বিগত বছরগুলোর মতো এবারও আমাদের বঞ্চিত করছেন। কিন্তু তা সত্ত্বেও কেন্দ্রীয় সররকারের উপেক্ষা সত্ত্বেও আমাদের পঞ্চায়েত ব্যবস্থা এমন একটা জায়গায় গিয়ে দাঁড়াতে পেরেছি যে সেই জায়গায় খুব স্বাভাবিকভাবেই আপনারা এখানে দাঁড়িয়ে যে কথা বললেন তাতে কেন্দ্রীয়

সরকারের যতই সুনাম করুন না কেন, বাইরে গিয়ে বলুন, পশ্চিমবঙ্গের মানুষকে বোঝাতে পারবেন না, পশ্চিমবঙ্গের মানুষ আমাদের ভালো করে চেনে। সেই কারণেই পশ্চিমবাংলার মানুষ আপনাদেরকে বারে বারে ফেরত দেয় এবং বামফ্রন্টকে নির্বাচিত করে। সেইভাবে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার ৭৭ সালে ক্ষমতায় আসেন এবং তাদের প্রতিশ্রুতি রক্ষা করে একটা ঐতিহাসিক দায়িত্ব পালন করে, এবং গ্রামীণ উন্নয়নের দায়িত্ব গ্রামীণ মানুষের হাতে তুলে দেয়, আর্থিক সংস্থান করে পশ্চিমবাংলার গ্রাম উন্নয়নের যে কাজ তা শুরু করেন। যে ঐতিহাসিক কাজ শুরু হয়েছিল ৭৮ সালে সেই ঐতিহাসিক কাজকে স্বার্থকভাবে গণতান্ত্রিক ব্যবস্থার মধ্যে দিয়ে আরও বেশি সংগঠিত করে তার মধ্যে দিয়ে আরও বেশি মানুষের উপকার করার চিন্তা-ভাবনা করে এবং সেই ধারাবাহিকতা বজায় রেখেছেন। ৭৮ সালে যে নির্বাচন তারা সংগঠিত করেছিলেন তারপর পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার দ্বিতীয় নির্বাচন তৃতীয় নির্বাচন এবং চতুর্থ নির্বাচন করে। আমরা ১ বছর আগেও নির্বাচন অনুষ্ঠিত করেছি পশ্চিমবঙ্গে এবং আমরা এক্ষেত্রে দাবি করি সারা ভারতবর্ষে এই মুহূর্তে একটা নতুন আইন রচিত হয়েছে সেই আইনকে সামনে রেখে সারা ভারতবর্ষে পঞ্চায়েতিরাজ গঠন করার চেষ্টা হয়েছে। কিন্তু যখন ভারত সরকার এটাকে প্রয়োগ করার চেষ্টা করছেন তখন আমরা সেটাকে বাস্তবায়িত করেছি। সেইজন্য আমরা দাবি করতে পারি সেই দাবির আমরা যেহেতু অংশীদার। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার যে আইন প্রয়োগ করছেন তার মধ্যে দিয়ে আমরা পশ্চিমবঙ্গে একটা গণতান্ত্রিক ব্যবস্থা মহিলাদের এক তৃতীয়াংশের যে সংরক্ষণ এবং সেই সঙ্গে তফসিলি মানুষ আদিবাসী মানুষের যে আসন সংরক্ষণ করা সেটা আমরা একটা নির্বাচনে করেছি। সেই নির্বাচনের মধ্যে দিয়ে সারা রাজ্যে যে ১৬টি পরিষদ একটি মহকুমা পরিষদ ৩৪০ টি পঞ্চায়েত সমিতি ৩৩২৪টি গ্রাম পঞ্চায়েত তার অধিকাংশ জায়গাতেই আজকে বামফ্রন্ট ক্ষমতায় এসেছে এবং সেই বামফ্রন্ট ক্ষমতায় আসার পর ঠিক সঙ্গত ভাবে আমরা আমাদের রাজ্যে উন্নয়নের কাজগুলিকে সংহত করার চেষ্টা করেছি এবং মনে করি নিশ্চিতভাবে আজকে পঞ্চায়েতি ব্যবস্থায় সেটা করতে পেরে সম্পূর্ণভাবে সঠিক হয়েছে। এর আইনের দিকগুলিকে সঠিকভাবে মেনে চলছে কিনা সেটাকে দেখার জন্য আরও দৃষ্টি দেওয়া দরকার। সেইদিকে সরকারের যে ব্যবস্থা আছে সেটাকে আরও তৎপর করা দরকার এবং যে ত্রুটিগুলি আছে সেই ত্রুটিগুলিকে আরও সংশোধন করা দরকার। আমরা মনে করি নিশ্চয় ত্রুটি আছে কিন্তু পশ্চিমবঙ্গে যে গণতান্ত্রিক ব্যবস্থা পঞ্চায়েতি ব্যবস্থার সুফল সেই সুফলের মধ্যে দিয়ে গ্রামীণ মানুষের উন্নয়ন তার অর্থনৈতিক অবস্থার উন্নয়ন এবং গ্রামীণ মানুষের মধ্যে পঞ্চায়েতি ব্যবস্থার সুফল এটা আমরা পৌঁছে দিতে পেরেছি। পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে দিয়ে আজকে জেলাস্তর ব্লক স্তরে যে জয় হয়েছে আমাদের গোটা রাজ্যের যে আর্থিক ক্ষমতা সেই ক্ষমতার মধ্যে দিয়ে যে অগ্রাধিকারের ভিত্তিতে পরিকল্পনা, সেটা যদি আমরা রচনা করতে না পারি তাহলে রাজ্যের মানুষের গ্রামীণ উন্নয়ন করতে পারব না। সেইজন্য নিচের স্তরে গিয়ে তাকে আরও বেশি জনমুখী আমরা করতে চাচ্ছি। সেইজন্য পঞ্চায়েতি পরিকল্পনার মধ্যে দিয়ে আমরা এই বিধানসভায় আইনের সংশোধন করেছি, নতুন নতুন ব্যবস্থা চালু

করেছি। আমাদের সরকারের এতে মানব সম্পদকে যদি আমরা ব্যবহার করতে না পারি তাহলে পঞ্চায়েতি ব্যবস্থাকে সঠিক জায়গায় দাঁড় করানো যাবে না। আমাদের পঞ্চায়েতে যে নির্বাচিত সদস্যরা আছেন ১০৭১ জন এবং ২৪ হাজার মহিলা সদস্য আছেন তাঁদেরকে সঠিকভাবে কাজটা কি ভাবে করতে হবে, কেমন ভাবে করতে হবে, কেমনভাবে পরিকল্পনা রচনা করতে হবে তার জন্য আজকে সারা রাজ্যে পঞ্চায়েতি সদস্যদের প্রশিক্ষণের ব্যবস্থা চলছে।

[4-05 — 4-15 p.m.]

এবং সেই প্রশিক্ষণের মধ্যে দিয়ে আমরা তাদের শিক্ষিত করতে চাই। তাদের শিক্ষিত করে মানুষের কাছে নিয়ে গিয়ে, মানুষের সঙ্গে যোগাযোগ রেখে আমরা তাদের কাজ করতে বলি। সেই কাজ করার পদ্ধতিগুলো আমরা জানি আই.আর.ডি.পি. গ্রামের উন্নয়নের একটা সবচেয়ে বড় একটা প্রকল্প। নিশ্চিতভাবে আই.আর.ডি.পি. পরিকল্পনার ক্ষেত্রে কেন্দ্র অর্থ সাহায্য দেয়, এবং ব্যাঙ্কগুলি ঋণ দেওয়ার ব্যবস্থা করে। সেই পরিসংখ্যান মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে দিয়ে কিছু কিছু উল্লেখ করেছেন। আমাদের রাজ্যে এই ব্যবস্থাটা যখন আমরা শুরু করেছিলাম তখন আমরা কয়েকটা ব্লককে বেছে নিয়েছিলাম। আমরা এই কাজ শুরু করেছিলাম ১৯৭৮-৭৯ সালে। পরবর্তীকালে ১৯৮০-৮৯ সালে আমরা এই কাজ সারা পশ্চিমবঙ্গে শুরু করেছিলাম। ১৯৯২-৯৩ আর্থিক বছরে আমাদের যে লক্ষ্যমাত্রা ছিল, ১,৫৪,৭৫৭টি পরিবারকে আমরা এর অন্তর্ভুক্ত করব। সেখানে আমরা ১,৭১,৬৯৫ জনকে আমরা এই সুযোগ দিয়েছি এবং এই পরিবারগুলি গড়ে প্রায় আট হাজার টাকা করে সাহায্য পেয়েছেন। এই ব্যবস্থাটা শুরু করার ফলে আমরা আজকে একটা জায়গায় এসে পৌঁছতে পেরেছি। আমরা গ্রামীণ মানুষের আর্থিক উন্নয়ন সুনিশ্চিত করতে পেরেছি এটা বলতে পারি। আই.আর.ডি.পি. পরিকল্পনার মধ্যে দিয়ে যে বিরাট পরিবারকে আমরা সুযোগ দিতে পেরেছি, এটা শুধুমাত্র সম্ভব হয়েছে পঞ্চায়েত ব্যবস্থার সঠিক কাজের ফলে। তাই আই.আর.ডি.পি.র মধ্যে দিয়ে মানুষের উন্নয়ন, জে.আর.ওয়াইয়ের মাধ্যমে গ্রামীণ মানুষের উন্নয়ন এটা অভূতপূর্ব ব্যাপার। এটা তো ঠিকই জে.আর.ওয়াই.তে কেন্দ্রীয় সরকার ৮০ ভাগ টাকা দেবে এবং বাকি ২০ ভাগ টাকা দেবে রাজ্য সরকার। বিরোধীদলের একজন সদস্য বলেছেন গ্রাম পঞ্চায়েতগুলোকেই শুধু টাকা দেওয়া হচ্ছে। কিন্তু জে.আর.ওয়াইয়ের সব টাকা গ্রাম পঞ্চায়েতকে দেওয়া হয় না। জেলা পরিষদকেও দেওয়া হয় এবং তার মাধ্যমে পঞ্চায়েত সমিতিগুলোও সেই টাকা পায়। জে.আর.ওয়াইয়ের ১০০ পারসেন্ট কাজটা জেলা-পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে হয়। আগে বিভিন্ন ধরনের পরিকল্পনা চালু ছিল। কিন্তু এখন একটা পরিকল্পনার মাধ্যমে গ্রামীণ মানুষের কাজ করা হচ্ছে। আমরা সার্থকভাবে আমাদের রাজ্যে এই উন্নয়নের কাজগুলো চালাচ্ছি। আজকে পশ্চিমবঙ্গের গ্রাম পঞ্চায়েত আই.আর.ডি.পি.র মাধ্যমে বেশিরভাগ মানুষকে সাহায্য দেওয়ার চেষ্টা আমরা করছি। কিন্তু ব্যাঙ্কের একটা অসহযোগিতা আছে। তারজন্য আমরা পুরো সাফল্য লাভ করতে পারছি না। এই ক্ষেত্রে

আমরা দেখছি ব্যাঙ্ক থেকে যে টাকা তাদের পাওয়ার কথা সেই টাকা তারা সঠিকভাবে পাচ্ছে না। ফলে আর্থিক বছরে যে নির্দিষ্ট কোটা সেই কোটা অনুযায়ী আমরা কাজ করতে পারছি না। ফলে স্বাভাবিকভাবে এই যে ত্রুটি, এই যে অনিচ্ছাকৃত ভুল, এই যে রাজ্য সরকারের ব্যর্থতা ওরা বলছেন, সেখানে কেন্দ্রীয় সরকারেরও একটা ভূমিকা আছে। আমি তাই কংগ্রেসি সদস্যদের বলব পশ্চিমবঙ্গের পঞ্চায়েতি ব্যবস্থা সারা ভারতবর্ষের মধ্যে একটা ইতিহাস। আজকে বিধানসভার পঞ্চায়েত বিষয়ক সাবজেক্ট কমিটি বিভিন্ন জেলাতে গিয়েছিল, তারা দেখেছেন কিভাবে পঞ্চায়েত এগিয়ে গিয়েছে। পশ্চিমবাংলায় আজকে অনেক গ্রাম পঞ্চায়েত কংগ্রেসিরা ক্ষমতায় আছেন—জেলা পরিষদে না থাকতে পারেন। আজকে কংগ্রেসিরা যেসব পঞ্চায়েত পরিচালনা করছেন তারা কেমন ভাবে পরিচালনা করছেন সেটা দেখা দরকার। সেখানে স্যাম্পল চেক করলেই বোঝা যাবে যে কংগ্রেসিরা স্বজনপোষণ করছেন, বিরোধীদের পাত্তা দিচ্ছেন না। এই ধরণের পঞ্চায়েতের সংখ্যা কিন্তু কম নয়। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই আমি অনুরোধ করবো, পঞ্চায়েতের সাফল্যের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ যখন প্রথম স্থানে তখন এ সম্পর্কে আরও বেশি সতর্ক হয়ে আমাদের চলা দরকার যাতে পঞ্চায়েত ব্যবস্থাকে আরও সুন্দর করে তোলা যায়। আইনের দিক থেকে যেসব কথা বলা আছে সেগুলি ঠিক মতন পালিত হচ্ছে কিনা প্রতিটি পঞ্চায়েতে তা দেখা দরকার। অনেক অভিজ্ঞতার ভেতর দিয়ে গিয়ে আমরা পঞ্চায়েত আইনের সংশোধন করেছি কাজেই যারা সেই সমস্ত আইন মানবেন না তাদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার। পঞ্চায়েতের পদাধিকারী নির্বাচন আর কয়েক মাস গেলেই এক বছর পূর্ণ হবে কাজেই সেখানে যে কথা বলা আছে যে গ্রাম পঞ্চায়েতকে বার্ষিক সভা করতে হবে, হিসাবনিকাশ নোটিশ বোর্ডে টাঙ্গানো হবে, কি পাচ্ছি, কি খরচ হচ্ছে তা বলতে হবে, হিসাব দিতে হবে এসবগুলি আমার মনে হয় সরকারের তরফ থেকে দেখা দরকার যে ঠিক ঠিক ভাবে প্রতিটি পঞ্চায়েত সেটা করছে কিনা। রাজ্য ভিত্তিক, ব্লক ভিত্তিক কোনও পঞ্চায়েত ভাল কাজ করছে, কোন পঞ্চায়েত সমিতি ভাল কাজ করছে সেটা দেখে তাদের উৎসাহ দেওয়ার জন্য পুরস্কারের ব্যবস্থা করা হয়েছে। কাজেই এ ক্ষেত্রে সরকারি আইনগুলি সঠিকভাবে মানাচ্ছে কিনা সেটা অত্যন্ত সতর্কতার সঙ্গে লক্ষ্য করা দরকার। কারণ আমাদের যারা বিরোধী পঞ্চায়েত নির্বাচনে তাদের মুখে আমরা ঝামা ঘষে দিলেও তারা বেশ কিছু পঞ্চায়েত পরিচালনা করেন কাজেই সেখানে যেসব পঞ্চায়েত সরকারি আইনকানুন মানবেন না তাদের ধরতে না পারলে সারা ভারতবর্ষ তথা আন্তর্জাতিক মঞ্চে সফল পঞ্চায়েতী ব্যবস্থা পরিচালনার জন্য আমরা যে সুনাম অর্জন করেছি তার থেকে আমাদের পিছু হটে আসতে হবে। তারপর বিরোধীদলের পক্ষ থেকে বলা হয়েছে যে পঞ্চায়েতে এত বেশি ট্যাক্স করা হয়েছে যে এর ফলে নাকি পঞ্চায়েত এলাকার মানুষরা দিশেহারা হয়ে যাচ্ছেন। এ সম্পর্কে সুভাষবাবু সঠিকভাবেই বলেছেন। সেখানে হিসাব নিলে দেখতে পাবেন যে এক একটি পরিবারের দুই থেকে ৫ টাকার বেশি করে নেই। আমরা বলছি, পঞ্চায়েতকে স্বয়ংসম্পূর্ণ হতে হবে, মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনকে স্বয়ংসম্পূর্ণ হতে হবে। পঞ্চায়েতে যে ট্যাক্স করা হয়েছে তা মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনের তুলনায় কিছুই নয়। পঞ্চায়েত রাস্তাঘাট,

পানীয়জলের ব্যবস্থা করছে। কৃষির উন্নয়ন ঘটাচ্ছে। কাজেই আমি মনে করি সঠিকভাবে পঞ্চায়েতের কর বিন্যাস করা দরকার ও সেই কর যাতে ঠিকমতন আদায় হয় সেটা গুরুত্ব দিয়ে দেখা দরকার। এ ব্যাপারে পঞ্চায়েতের যে ব্যর্থতা আছে তা যাতে কাটিয়ে ওঠা যায় সে ব্যবস্থা করা দরকার। তা ছাড়া গ্রামপঞ্চায়েতগুলির বাজেট ঠিকমতন রচনা করা দরকার। বাজেটের জন্য তারা মিটিং করতে পারেন না—এটা কোনও যুক্তি হতে পারে না। সারা রাজ্যের কিছু পঞ্চায়েত যদি এসব ব্যাপারে ব্যর্থতা দেখায় তাহলে পঞ্চায়েতি ব্যবস্থার মধ্যে তা একটা গলদ হয়ে থাকবে কাজেই সেসব পঞ্চায়েত যাতে নিজেদের সংশোধন করে সে ব্যাপারে উদ্যোগ নেওয়া দরকার। এখন রাজ্যের উন্নয়নের ৫০ ভাগ টাকা পঞ্চায়েতের মাধ্যমে খরচ হচ্ছে। এই মুহূর্তে রাজ্যের অনেক জেলাতে সাক্ষরতার মতন একটা বিরাট কর্মসূচি চলেছে। আমরা সব কিছু করে ফেলেছি সে কথা আমি নিশ্চয় বলব না কিন্তু আমরা একটা উদ্যোগ সৃষ্টি করতে পেরেছি।

[4-15 — 4-25 p.m.]

হাওয়াটার অনুকূলে কাজ করুন তাহলে এর ক্ষেত্রেও আমরা সাফল্য পাব। সারা ভারতবর্ষে পঞ্চায়েতি ব্যবস্থায় আজকে আমরা একটা ঐতিহাসিক ব্যবস্থা এই ক্ষেত্রে অর্জন করেছি, সাক্ষরতার ক্ষেত্রেও আমরা একটা ঐতিহাসিক স্থান নির্ধারিত হয়ে যাবে, সুতরাং এই বিষয় টাকেও দেখতে হবে। এই সমস্ত কাজটা করতে গিয়ে হ্যাঁ, আমাদের আর্থিক প্রতিবন্ধকতা আছে, আমরা সামগ্রিক পরিস্থিতিটা বুঝে চৌকিদার, দফাদারদের অংশটাকে আজকে কর্মচারী হিসাবে স্বীকৃত দিয়েছে, এটা চিন্তা এবং নীতির ফলেই সম্ভব হয়েছে। আমরা বলি পশ্চিমবাংলার বামফ্রন্ট গোটা পঞ্চায়েত ব্যবস্থাটাকে একটা নীতির উপর ভিত্তি করে পরিচালনা করেন, এই কাজগুলোকে একটা নীতি নৈতিকতার উপর বিশ্বাস করে পরিচালনা করেন। কিন্তু এছাড়াও আজকে আমাদের আর্থিক ক্ষমতায় অসুবিধা থাকলেও এটা ভাবতে হবে যে পঞ্চায়েত আজকে গ্রামের উন্নয়নের সব কাজের দায়িত্ব নিচ্ছে, সমস্ত উন্নয়নের কাজগুলোতে তারাই মুখ্য ভূমিকা পালন করছে। সেই পঞ্চায়েতের যে পদ, মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় এখানে বলনে যে আমরা একটা করে পদ সৃষ্টি করছি, ক্যাশিয়ার কাম অ্যাকাউন্টেন্ট আজকে দরকার আছে। এত বিশাল পরিমাণ টাকা যেভাবে আমরা কাজ করতে বলছি, কাদের কাজ করতে বলছি, যারা অ্যাকাউন্টের নিয়মটা বোঝেন না। হয়তো অনিচ্ছাকৃত ভুল হয়ে যাচ্ছে, আমাদের শত্রুরা কিন্তু এটাকেই চিহ্নিত করবে, ঐ তো পঞ্চায়েত ভুল করছে, ঐ পঞ্চায়েত সমিতি ভুল করছে, আমি এই ক্ষেত্রে মন্ত্রী মহাশয়কে বলব যেখানে লক্ষ লক্ষ টাকা দিয়ে আমরা কাজ করার চেষ্টা করছি, সেখানে সঠিকভাবে সেই কাজ করার ক্ষেত্রে যে আর্থিক দায়িত্ব, আর্থিক পরিকাঠামো থাকা দরকার, সেই ব্যবস্থাটার ক্ষেত্রে গুরুত্ব দেবেন এবং সেই সঙ্গে সঙ্গে আমি আবেদন করব আজকে রাজ্যের মাননীয় কংগ্রেস সদস্যরা হয়তো বলার জন্য অনেক কথা বলছেন, কিন্তু নিশ্চিত ভাবে তারাও যেখানে ক্ষমতায় আছেন, স্বীকার করেন যেখানে ক্ষমতায় আছেন, আজকে তৃণমূল পর্যন্ত আজকে ক্ষমতা দিয়ে সংগঠন বাড়ানোর চিন্তা করেন, মানুষের

উপকার করার চেষ্টা করেন। অর্থাৎ পঞ্চায়েত আজকে একটা স্বার্থক ভাবে আমাদের রাজ্যে চিহ্নিত হয়েছে। আমরা সেই পঞ্চায়েতকে আরও বেশি শক্তিশালী করতে চাই, সবল করতে চাই এবং সেই সকল করার ক্ষেত্রে মাননীয় বিরোধী সদস্যদের গঠনমূলক সমালোচনা আশা করি এবং সেই সঙ্গে সঙ্গে আমাদের আত্ম সমালোচনা মূলক আশাও করব এবং এবং আমাদের দিক থেকে যে ত্রুটিগুলো আছে, সেইগুলো সঠিকভাবে আমরা যাতে দূর করে পঞ্চায়েত ব্যবস্থাটাকে যাতে আর একটু ভাল জায়গায় নিয়ে যেতে পারি, এই করার ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয় পদক্ষেপ নেবেন, এই আশা রেখে, তাঁর কাছে এই দাবি করে তাঁর যে ব্যয় বরাদ্দ তিনি রেখেছেন তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীব দাস :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আজকে আমাদের রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী তাঁর দপ্তরের যে ব্যয় বরাদ্দ হাউসে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে ছাঁটাই প্রস্তাবগুলো এসেছে সেইগুলোকে সমর্থন করছি। আমাদের বিরোধিতার কারণগুলো মাননীয় মন্ত্রী মহাশয়কে ভেবে দেখতে বলব। আমরা পঞ্চায়েত নিয়ে এত কথা বলছি, আমরা গ্রাম পঞ্চায়েতকে অনেক বেশি দায়িত্ব দিচ্ছি, তৃণমূলে গণতন্ত্রের কথা বলছি, কিন্তু পঞ্চায়েতের পরিকাঠামোর কথা একবার ভেবে দেখতে বলবো। আমরা পঞ্চায়েতে কি দেখছি, পঞ্চায়েতে একজন পঞ্চায়েতের প্রধান আছেন, একজন সচিব আছেন, আর একজন অ্যাসিস্ট্যান্ট আছেন, কোথাও কোথাও চৌকিদাররা ফিল্ড স্টাফ আছেন, কোথাও মধ্যে মধ্যে কমে যেতে আরম্ভ করেছে, যেখানে গ্রাম পঞ্চায়েতগুলোকে এত ক্ষমতা আমরা দিচ্ছি, আমরা আপনাদের সঙ্গে এক মত ক্ষমতাটা দেওয়া উচিত, কিন্তু গ্রাম পঞ্চায়েতের পরিকাঠামোর কথা চার চারটে গ্রাম পঞ্চায়েতের ইলেকশন করার পর আপনার মাথায় আসেনি, এই জন্য আপনার এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি। এমন কি আমাদের জেলা পরিষদে একজন একজিকিউটিভ অফিসার আছেন, পঞ্চায়েত সমিতিতে একজন একজিকিউটিভ অফিসার আছেন, কিন্তু গ্রাম পঞ্চায়েতের সচিব একজিকিউটিভ অফিসার নন। আপনারা নিশ্চয়ই জানেন এই সচিবরা একজিকিউটিভ অফিসার, স্থায়ী কর্মচারী শুধু হয়তো চেয়েছিল বলে ৮৬ সালে একটা কেস করল, কেস নং হলো ১৫০৭৩ ডব্লিউ, ২৩শে মার্চ ৯২ সাল, হাইকোর্টের ডিভিসন বেঞ্চ রায় দিলো যে এদের আপনি স্থায়ী করুন। কিন্তু আপনি এবং আপনাদের এই বামফ্রন্ট সরকার এই সচিবদের প্রতি এত প্রতিহিংসা পরায়ণ হলেন যে ডিভিসন বেঞ্চের রায়কে আবার চ্যালেঞ্জ করতে গেলেন। সচিবদের আপনারা সরকারি কর্মচারী হিসাবে গণ্য করলেন না। আমি বুঝতে পারি না আপনার এত এদের প্রতিহিংসা পরায়ণতার কারণ কি? পাশাপাশি আমরা দেখছি সল্টলেক স্টেডিয়ামের অস্থায়ী কর্মচারিদের মাননীয় ক্রীড়া মন্ত্রী স্থায়ী করে দিলেন। আর একদিকে আপনি পঞ্চায়েতের সাফল্যের কথা বলবেন, পঞ্চায়েতের মাধ্যমে মানুষের মঙ্গলের কথা বলবেন, অপর দিকে পঞ্চায়েতের পরিকাঠামোর কথা বলবেন না, পচায়েতের সচিবদের সরকারি কর্মচারী হিসাবে গণ্য হতে দেবেন না। এটা কি ধরণের মানসিকতা, কি ধরণের উন্নত পঞ্চায়েত ব্যবস্থা তা আমাদের জানা নেই। সে

জন্যই আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি। আপনারা অবশ্যই দাবি করতে পারেন যে, চার-বার নির্বাচন করেছেন। নির্বাচনই করেছেন, তারপর কি করেছেন সেটা দেখান? সেটা আমাদের পরিস্কার ভাষায় বলুন। বামফ্রন্ট সরকার পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলে কিছুই করেন নি, এটা বললে সত্যের অপলাপ হবে। কিন্তু যা করা উচিত ছিল তা করতে পারেন নি। কেন পারেন নি, সেই জবাবটা এখানে দেওয়া উচিত। সমস্ত পরিস্থিতিটা বিশ্লেষণ করেই বলা উচিত। মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা দৈনিক সংবাদপত্রের মাধ্যমে অবগত হলাম যে, গোটা দেশের মধ্যে—২৫টি রাজ্য এবং ৭টি কেন্দ্র শাসিত অঞ্চলের মধ্যে আই.আর.ডি.পি. প্রকল্পে পশ্চিম বঙ্গের স্থান ২৮তম। এরপরেও আপনাদের মাথা উঁচু হয়ে থাকতে পারে? আপনি ১.১.৯৪ তারিখের দৈনিক সংবাদপত্র গুলি খুলে দেখবেন পরিষ্কার এই কথা বলা হয়েছে। ১৯৯১-৯২ সালে আপনাদের দেয় টাকা আপনারা দেন নি। আপনারা ২ কোটি ৩২ লক্ষ টাকা খরচ করতে পারেন নি। কেন্দ্রীয় সরকার ২০ কোটি ৫০ লক্ষ টাকা দিয়েছিল, ১০ কোটি ৮ লক্ষই খরচ করতে পারলেন না। টার্গেট কি ছিল? আই.আর.ডি.পি.-র টার্গেটের কত অংশ আপনারা পূরণ করতে পেরেছেন? কেন্দ্রীয় সরকারের শেষ সমীক্ষা রিপোর্টটি থেকে এটা পরিষ্কার হয়ে যায়। আপনাদের টার্গেট ছিল ১ লক্ষ ৫৪ হাজার ৪৫৭টি পরিবার, আপনারা কতগুলি পরিবারকে সাহায্য করতে পেরেছেন? ৪৭ হাজার ৬২৬টি পরিবারকে। তাদের মধ্যে উপজাতি পরিবারের সংখ্যা ২,০২১টি। যে প্রকল্পে হরিয়ানার সাকসেস হচ্ছে ৯২ শতাংশ, সেখানে পশ্চিমবাংলায় মাত্র ৩ শতাংশ। এরপরেও আপনাদের বুক ফুলে ওঠে! সারা পশ্চিমবাংলায় সব ক'টি জেলা পরিষদই আছে আপনাদের দখলে। ১০ পারসেন্ট বাদে ৯০ পারসেন্ট পঞ্চায়েত সমিতিই আপনাদের দখলে। ২০ পারসেন্ট থেকে ২৫ পারসেন্ট বাদে ৭৫ পারসেন্ট থেকে ৮০ পারসেন্ট গ্রাম পঞ্চায়েত আপনাদের দখলে। তাহলে আপনাদের কাজ করতে অসুবিধাটা কোথায়? কিসের অসুবিধা? আপনাদের এত ক্ষমতা থাকা সত্ত্বেও আপনারা প্রকল্প রূপায়ণ করতে পারেন। একটু আগে মাননীয়া মিনতি ঘোষ বললেন যে, কেন্দ্রীয় সরকারের টিম এসে আপনাদের প্রশংসা করে। হ্যাঁ, আমরাও আপনাদের একটা জায়গায় প্রশংসা করি। কোন জায়গায় জানেন? কেন্দ্রীয় সরকারের টিম এলে কোন জায়গাটা দেখালে আপনারা প্রশংসা পেতে পারেন, সেই জায়গাটার সিলেকশন আপনাদের ইউনিক, আনপ্যারালাল। আপনারা ঠিক সেই জায়গাটাই চয়েস করে দেখান। হ্যাঁ, সত্যি সত্যিই এই জায়গা চয়েস করে দেখানোর কৃতিত্ব আপনারা দাবি করতে পারেন। তারপর ইন্দিরা আবাসন প্রকল্পের কি অবস্থা দেখুন। লোকসংখ্যা ১৯৯৩ সালের মনসুন সেসনে কোয়েশ্চেন নং ৩৪৬০র উত্তরে মন্ত্রী বলেছেন, ১৯৯১-৯২ সালে ইন্দিরা আবাসন প্রকল্পে মধ্য প্রদেশের টার্গেট ছিল ৭৯১৩, আর কমপ্লিট করেছে ১০,৮৭৬।

[4-25 — 4-35 p.m.]

বিহারে টার্গেট ১৪,৮৯২, কমপ্লিট হয়েছে ২২,৫৪১। ওয়েষ্ট বেঙ্গলে টার্গেট ছিল ১১,৫৯৪, করেছেন ৮,২২৩। কোন রাজ্য ১৯৯১-৯২ সালে টার্গেটের কম করেনি, কিন্তু আপনারা সেটা

পারেননি। আমাদের রাজ্যের একজন এম.পি. শ্রী অমর রায় প্রধানের এক প্রশ্নের উত্তরে কেন্দ্রের মন্ত্রী তাঁকে লোকসভায় জানিয়েছিলেন যে, ক্ষেত্রে ১৯৯২-৯৩ সালে ওয়েস্ট বেঙ্গলে টার্গেট ছিল ২,৬৮২, কিন্তু আপনারা ১৯৯২ সালের ডিসেম্বর পর্যন্ত যে রিপোর্ট পাঠিয়েছেন তাতে ৬৯৪ কমপ্লিট হয়ে বলে জানিয়েছেন। আপনারা যে ছাত্রের পেছনে এত খরচ করছেন তার মেরিট সম্পর্কে একটু ভাববেন না? কাজেই আজকে পঞ্চায়েতকে দিয়ে কাজ করাবার ব্যাপারটা নিয়ে গভীরভাবে চিন্তা করা দরকার। জওহর রোজগার যোজনা সম্পর্কে আপনারা বলেছিলেন এটা রাজীব গান্ধীর ছলনা। দেয়ালে এসব কথা লিখেছিলেন। কিন্তু দেখা যাচ্ছে, আজকে এই প্রকল্প ছাড়া পঞ্চায়েত চলছে না। কাজেই আজকে তাঁর ছবির সামনে দাঁড়িয়ে বলুন, আপনারা তাঁর সম্পর্কে ভুল বলেছিলেন। আজকে গ্রাম পঞ্চায়েতের অডিট করছেন। ই.ও.পি.। তিনি পে বিলে সই করেন, অ্যাসেসমেন্ট করেন, ডে টু ডে অ্যাডমিনিস্ট্রেশন দেখেন এবং গ্রাম পঞ্চায়েতে অডিট করেন। আমি মনে করি, লেভেল কমিটি ৩৭টা, কিন্তু তার সবগুলির জেলা পরিষদের সভাধিপতি। এই দায়িত্ব তার পক্ষে কি করে পালন করা সম্ভব? কাজেই আজকে পঞ্চায়েতের মাধ্যমে মানুষের মঙ্গল করতে হলে এসব নিয়ে আপনাকে ভাবতে হবে। এখানে দুর্নীতি এবং আপনাদের পার্টি পলিটিক্সের কথা সময় পেলে বলতাম, কিন্তু সময় নেই। কিন্তু যেহেতু আপনার বাজেটে প্রকৃত পঞ্চায়েত দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয়নি, স্বায়ত্ত শাসনের মনোভাব প্রতিফলিত হয়নি, তারজন্য আপনার এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় ৫৯, ৬৩, ৬০ এবং ৬২ খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের যে কাট মোশনগুলি আছে সেগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমি বিধানসভায় দাঁড়িয়ে গতানুগতিক প্রথায় অর্থাৎ আপনারা যা কিছু করেছেন সবই ঝুটা, আর আপনারা বলবেন যে বিরোধী পক্ষ শুধু সমালোচনা করছেন, সেকথা বলবো না। আমি কোনও ওয়াইল্ড অ্যালিগেশন আনতে চাই না। তবে যেটুকু অ্যালিগেশন আনা যায় সেটা তথ্যের উপরে ভিত্তি করে আনবো এবং সেটা অস্বীকার করার কোনও উপায় নেই। এই সরকারের পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের কাজ কর্ম কি রকম চলছে, সেই ব্যাপারে মূল্যায়ণ করার জন্য ভারতবর্ষের দুই জন খ্যাতনামা অথরিটি বলা যায়, যাদের নাম হচ্ছে নির্মল মুখার্জি এবং দেবব্রত বন্দ্যোপাধ্যায়, তাদের নিয়ে একটা কমিশন করা হয়েছিল এবং তারা একটা সমীক্ষা করে রিপোর্ট দিয়েছিলেন এবং সেই রিপোর্ট বিলিও করা হয়েছিল নিউ হরিজন ফর ওয়েস্ট বেঙ্গল। আমি হাউসে ইতিপূর্বে পঞ্চায়েতে রেফারও করেছি। এই কমিশনের রিপোর্টের ভিত্তিতে আমি বলছি। এটা আমার নিজের অভিজ্ঞতার কথা নয়। এই রিপোর্টে বলছে যে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের কাজকর্ম ১৯৭৮ সালে শুরু হবার পরে যে উদ্দিপনা ছিল সেটা ম্লান হয়ে গেছে। এই রিপোর্টে বলছে যে জওহর রোজগার যোজনায় কাজকর্ম ছাড়া প্র্যাকটিকাল আর কিছু নেই। এটা আমার কথা নয়, কমিশন যে

রিপোর্ট দিয়েছে তাতে এটা বলছে। আপনারা ভূমি সংস্কার সম্পর্কে এত দাবি করেন, এত সোচ্চার। সেই ভূমি সংস্কারের অগ্রগতির চেহারা কত ম্লান সেকথাও বলা হয়েছে। যে রেটে উদ্বৃত্ত জমি বিলি করা হয়েছে, ভেস্টেড ল্যান্ড যা সরকারের হাতে আছে ৯৪ হাজার একর জমি বিলি করতে ১১ বছর সময় লেগেছে। তাহলে বাকি যা আছে এই রেটে যদি বিলি করা হয় তাহলে বলছে যে ২৯ বছরেরও বেশি সময় লাগবে। এটা বোধ হয় পশ্চিমবঙ্গ সরকারের প্রশংসা করে লেখা হয়নি। তারপরে বলা হয়েছে ৮০ হাজার একর জমি ১৯৮১ সালে যেটা ভেস্টেড ল্যান্ড হিসাবে ছিল, যেটা ডিজঅ্যাপীয়ার করা গেল। তারপরে মন্তব্য করেছেন যে এগুলি ডিজঅ্যাপীয়ার করেনি। আসলে ইন কনাইভ্যান্স উইথ অথরিটি, সেখানে এই ভেস্টেড জমি, যারা বেআইনি জমির মালিক, তাদের কনাইভ্যান্সে এই জমিগুলি আত্মসাৎ করা হয়েছে। এই ৮০ হাজার একর জমি যদি থাকে তাহলে হিসাব করলে দেখব যে বছরের হিসাবে ৩৪ কোটি টাকা আত্মসাৎ করা হয়েছে, যেটা ভেস্টেড ল্যান্ড, যেটা ভূমিহীনদের মধ্যে বিলি করা উচিত ছিল। কাজেই এটা কত সৎ প্রশাসন, কত সৎ পঞ্চায়েত সেটা তাদের রিপোর্ট থেকে দেখা যাচ্ছে। আমি আর একটা কথা মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই। গ্রামের অগ্রগতির কথা আপনারা বলেছেন। আমি ওয়াইল্ড চার্জ করছি না। সেনসাস রিপোর্ট ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে কৃষি মজুরের সংখ্যা ছিল ৩২.৭২ লক্ষ। ১৯৮১ সালে সেটা বেড়ে হল ৩৮.৯২ লক্ষ। আর ১৯৯২ সালে সেটা আরও বেড়ে হল ৫০.৩৭ লক্ষ। তাহলে ১৯৭১ সাল থেকে ১৯৮১ সাল, এই ১০ বছরে ৬ লক্ষ বেড়েছে এবং পরের ১০ বছরে ১২ লক্ষ বেড়ে গেছে কৃষি মজুর, ক্ষেত মজুর, ক্ষেত মজুর, ভূমিহীন মজুর। তার ফলে গ্রামবাংলায় পঞ্চায়েতের কাজে, ভূমি সংস্কারের কাজে গ্রামে দুর্বলতর মানুষের আর্থিক উন্নতি হয়নি, তারা আরও সর্বশান্ত হয়েছে, আরও ক্ষেত মজুরে পরিণত হয়েছে এবং এটা যে রেটে ইনক্রিজ করছে, সেটা প্রথম ১০ বছরে যা ছিল তার দ্বিগুন হয়ে গেছে।

[4-35 — 4-45 p.m.]

মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই আপনারা যে অগ্রগতির কথা বলছেন এই পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে এটা বাস্তবের সঙ্গে মিল নেই, তথ্যের সঙ্গে মিল নেই, ঘটনার সঙ্গে মিল নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি দুটি বিষয় এখানে রাখতে চাই। একটা হচ্ছে পঞ্চায়েতকে টাকা পয়সা কেন্দ্র দিচ্ছে, রাজ্য সরকারের যা ক্ষমতা সেটা দিচ্ছে। রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে সেটা জনগণের টাকা। সে কেন্দ্র দিক আর রাজ্য দিক, এই টাকাটা যথাযথ ভাবে খরচ হচ্ছে কিনা, মনিটরিং-এর ব্যবস্থা আছে কিনা সেটা দেখা দরকার। টাকা জনগণের হাতে তুলে দিচ্ছেন এটা শুনতে খুব ভাল। আজকে সমাজের নীতি নৈতিকতা যে জায়গায় পৌছেছে—জনগণের যারা প্রতিনিধি তাদের প্রতি অনাস্থার কোনও প্রশ্ন নয়—সেই জায়গায় দাঁড়িয়ে জনগণের টাকা তাদের হাতে তুলে দিচ্ছেন সেই টাকা যথাযথ ভাবে ইউটালাইজেশন হচ্ছে কিনা সেটা নজরদারি করবার প্রপারলি মনিটরিং সিস্টেম আছে কিনা, প্রপার অডিট সিস্টেম আছে কিনা সেটা দেখা দরকার। এই ব্যবস্থা

আপনার না থাকে, এই টাকা দেওয়া মানে অভাবি মানুষ যারা পঞ্চায়েতের মাধ্যমে আসছে তাদের দুর্নীতি চক্রের মধ্যে ঠেলে দেওয়া। আজকে পঞ্চায়েতের অডিটের ব্যাপারে সম্প্রতি আপনার দপ্তর থেকে সার্কুলার দিয়ে বলা হয়েছে অডিটের ব্যাপারে পঞ্চায়েত দপ্তরে নাকি যেতে হবে না, পঞ্চায়েতের দুর্নীতি হোক আর যাই হোক সেইগুলি নাকি বি.ডি.ও স্তরের অফিসাররা চূড়ান্ত ব্যবস্থা করবে। আজকে ব্লক লেভেলে, ডিস্ট্রিক্ট লেভেলে যে সমস্ত একজিকিউটিভ অফিসাররা আছেন যারা পঞ্চায়েতের আওতায় কাজ করেন সেই একজিকিউটিভ অফিসারদের আজকে যা প্রশাসনের অবস্থা উনি দাঁড় করিয়েছেন—ঘাড়ে ক্ষমতা আছে প্রধান, সভাপতি কিংবা সভাধিপতির বিরুদ্ধে অশ্রদ্ধা করে এমন কিছু বলবেন? দুর্নীতি থাকলেও বলবে? যদি বলে সঙ্গে সঙ্গে বদলি হতে হবে। এই তো অবস্থা। ফলে জেনে শুনে দুর্নীতিকে চেপে দেওয়া হয়েছে, এই রকম একটা ব্যবস্থা করা হয়েছে। কোনও মনিটরিং-এর ব্যবস্থা নেই, বছরের পর বছর অডিট হয় নি, এইভাবে চলছে। আর একটা জিনিস বলা হয় ক্ষমতার বিকেন্দ্রীকরণ। শুনতে খুব ভাল। কিছু কিছু ব্লকের এবং অন্য জায়গায় অফিসারদের পঞ্চায়েত কর্মচারী হিসাবে নিয়ে এসেছেন। ওদের সঙ্গে পঞ্চায়েত প্রতিনিধিদের একটা সংঘাত হচ্ছে। যে সমস্ত কর্মচারী নিয়ম অনুযায়ী কাজ করতে চান তাদের নির্বাচিত প্রতিনিধিদের সঙ্গে সংঘাত হচ্ছে। জনগণের স্বার্থে কাজ করতে চাইলেও রুলিং পার্টির খবরদারিতে পর্যবশিত হয়েছে। পঞ্চায়েতগুলিতে ক্ষমতা বিকেন্দ্রীকরণের নামে চূড়ান্ত ক্ষমতার কেন্দ্রীকরণ করা হয়েছে শাসক দলের হাতে টাকা দেওয়ার নামে শাসক দলের ভোট ব্যাঙ্ক সৃষ্টির হাতিয়ার তৈরি করা হয়েছে। গণতন্ত্রের নামে, ইন দি নেম অফ ডেমোক্রাসী ফাসিস্ট মেথড কায়েম করা হয়েছে। যদি দৃষ্টিভঙ্গি গণতান্ত্রিক হয় তাহলে তার পদ্ধতি গণতান্ত্রিক হয়। যদি দৃষ্টিভঙ্গি অগণতান্ত্রিক হয় তাহলে ফ্যাসিস্ট কায়দায় কেন্দ্রীকরণের জায়গায় আসবে।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

আজকে আমি দুর্নীতির কথা বলতে চাই। আপনার সরকারি রেট হচ্ছে ২৮৯.২০ টাকা পার থাউজেন সি.এফ.টি সেখানে দেখতে পাচ্ছি আপনার পঞ্চায়েতগুলি ২৪০ টাকা থেকে ২৫০ টাকা সমস্ত স্কীমগুলি করাচ্ছে। জওহর রোজগার যোজনায় এই সমস্ত কাজ হচ্ছে। আমি নাম করে বলতে পারি এই ধরনের কাজ করা হয়েছে। এই ব্যাপারে অনেক কমপ্লেন করা হয়েছে, বি.ডি.ও-কে জানানো হয়েছে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে জানানো হয়েছে। কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমার কাছে সো মেনি পিটিশনস আর হেয়ার, এইগুলি আপনাকে দিতে পারি। আজকে এই ধরণের দুর্নীতি চলছে। আমি আর যে কথা বলতে চাইছি, আজকে আপনি নিরপেক্ষ নির্বাচনের কথা বলছেন—নির্বাচন কমিশন কেন্দ্রীয় সরকারের আইনের ভিত্তিতে অত্যন্ত অনিচ্ছা সত্ত্বেও অনেক টালবাহানার পার করতে হয়েছে। রাজ্য সরকার আইন প্রনয়ন করা সত্ত্বেও নির্বাচন কমিশন করতে চাননি। আইনের বাধ্যবাধকতার জন্য শেষ পর্যন্ত করতে বাধ্য হয়েছেন। কিন্তু সেই নির্বাচন কমিশনে এমন একজন ব্যক্তিকে প্রধান হিসাবে বসিয়েছেন, যিনি একজন স্পাইনলেস। আপনাদের সবচেয়ে বড় বশংবদ, আপনাদের

দাসানুদাস, তাঁকে নিয়ে গিয়ে বসিয়েছেন, যিনি আপনাদের হয়ে কাজ করতে পারবেন। তাঁর অতীত রেকর্ড, পাস্ট রেকর্ড কি তা আমাদের জানা আছে। কাজেই এতেই বোঝা যাচ্ছে যে আপনারা পঞ্চায়েতে কতখানি নিরপেক্ষ নির্বাচন চান। আমার সময় শেষ হয়ে গিয়েছে, সেজন্য আমি আর বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না। আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তার বিরোধিতা করে খুব সংক্ষেপে দু'একটি কথা আমি বলে বক্তব্য শেষ করবো। আজকে পঞ্চায়েতের ব্যয় বরাদ্দের আলোচনায় অংশ নিয়ে আমাদের দৃষ্টিভঙ্গি কি তা এর আগে আমাদের সদস্যরা নিবেদন করে গেছেন। অপরদিকে সরকার পক্ষের সদস্যরা আলোচনায় অংশ গ্রহণ করে তাঁদের আন্তরিকতা, পঞ্চায়েত ব্যবস্থাকে সুদৃঢ় করার ক্ষেত্রে দাবি করেছেন। ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকারের আমলে পঞ্চায়েতের নির্বাচন হয়েছিল। তখন দেওয়ালে দেওয়ালে লেখা হয়েছিল যে বাস্তু ঘুঘুদের হঠাতে হবে। হ্যাঁ, কোথাও কোথাও দীর্ঘদিন ক্ষমতায় থাকার ফলে আমাদের মধ্যে কিছু মানুষ কায়েমী হয়ে উঠেছিল। একথা অস্বীকার করি না। কিন্তু ১৭ বছর পরে, এখানে যিনি পঞ্চায়েত মন্ত্রী হয়েছেন, তিনি এর আগে দীর্ঘদিন ধরে মেদিনীপুর জেলার সভাধিপতি ছিলেন, আশা করি, তিনি উপলব্ধি করবেন, সেজন্য বলছি, আজকে কি অবস্থা দাঁড়িয়েছে? ১৯৭৮ সালের নির্বাচনে বামফ্রন্টের নেতৃত্বে যে পঞ্চায়েতগুলো এসেছিল তখন তাদের মধ্যে কাজ করার যে সদিচ্ছা দেখা গিয়েছিল, আজকে সেগুলোর কি অবস্থা? একটু আগে মিনতি ঘোষ মহাশয়া এখানে বলছিলেন। সেদিন খেটে খাওয়া মানুষকে তুলে আনার চেষ্টা করা হয়েছিল। কিন্তু আজকে আমাদের জেলায় আপনি চলুন, গত পঞ্চায়েত নির্বাচনে কোনও শ্রেণীর মানুষকে তুলে এনে নির্বাচন হয়েছে তা দেখতে পাবেন। যাদের তুলে আনা হয়েছে, তাদের পিছনে কারা আছে, না পেশী শক্তি এবং যারা ধনী ব্যক্তি, তারা পঞ্চায়েতগুলো আজকে দখল করেছে। কারণ আজকে পঞ্চায়েতগুলোতে অনেক বেশি টাকা দেওয়া হয়। সেই টাকা আত্মসাৎ করার জন্য আজকে তারাই পঞ্চায়েতগুলো দখল করে বসে আছে। চলুন, এই অবস্থা আমার জেলায় গেলে দেখতে পাবেন। আপনাদের আজকে আর সেদিনের চরিত্র নেই। সেজন্য আমি এখানে বলতে চাই—এখানে জওহর রোজগার যোজনা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে—জওহর রোজগার যোজনায় ভারত সরকারের যে নীতি সেই অনুযায়ী, দেশের আধুনিক প্রযুক্তি ও বিজ্ঞানকে গ্রামের বুকে পৌঁছে দেবার জন্য এবং তারজন্য পঞ্চায়েতগুলোকে সুদৃঢ় করতে ভারত সরকার ৭৩তম সংবিধান সংশোধন করেছেন। আমি এখানে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই, আপনি বলুন, গ্রামোন্নয়নের জন্য বরাদ্দকৃত যে টাকা, সামাজিক ভিত্তিকে সুদৃঢ় করবার ক্ষেত্রে একটি প্রকল্পের নাম বলুন যা আপনারা নিজেদের থেকে করেছেন? এমন একটি প্রকল্পের নাম বলুন, যে প্রকল্প পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নিজে থেকে গ্রামীণ মানুষের স্বার্থে তৈরি করেছেন? একটি প্রকল্পের নাম বলুন? জওহর রোজগার যোজনার টাকা

রাজ্যের ক্ষেত্রে, রাজ্যের মানুষের স্বার্থে কেন্দ্রীয় সরকারের বরাদ্দ করার একটা দায়িত্ব নিশ্চয়ই আছে। কিন্তু আপনাদের পরিকল্পনা, আপনাদের ব্যবস্থাপনা কি আছে একটি প্রকল্পের নাম করুন? .

[4-45 — 4-55 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নির্বাচন কমিশনের নিয়োগ নিয়ে কথা উঠেছে। নির্বাচন কমিশনারের বিশ্বাস যোগ্যতার প্রশ্ন উঠেছে। নির্বাচন কমিশনের কাজ সম্পর্কে যে প্রশ্ন উঠেছিল তাতে দপ্তর এবং রাজ্য সরকার নীরব থাকলেন কেন? কমিশন যদি কোনও অন্যায় করে থাকেন তার বিশ্লেষণ করার কি পথ এবং রাজ্য সরকার তাতে কি ব্যবস্থা নেবেন তার ব্যাপারে কিছু বলা নেই। নির্মল মুখার্জি এবং দেবব্রত বন্দ্যোপাধ্যায় নিয়োজিত কমিটির রিপোর্ট বেরিয়েছিল তাতে যে সুপারিশ ছিল নির্বাচন কিছু যে ভোট গণনা সেখানে না করে অন্যত্র করার কথা বলেছিল এবং সেখানে বলা হয়েছিল দি কাউন্টিং অফ ভোটস অফ পোলিং স্টেশন ক্রিয়েট প্রবলেম। তারজন্য আপনারা কি করেছেন? মাননীয় মন্ত্রী ওনার জবাবি ভাষণে এর উত্তর দেবেন। যদি সত্যি আপনি শান্তিপূর্ণ নিরপেক্ষ নির্বাচন চান তাহলে পোলিং সেকশন ভোট গণনা বন্ধ করতে হবে। তবে মাননীয় পঞ্চায়েতমন্ত্রীকে ধন্যবাদ জানাব তিনি ডিস্ট্রিক্ট কাউন্সিল তৈরি করবেন এবং সেখানে জেলা পরিষদের অপোজিশন দলের নেতা চেয়ারম্যান হবেন। আরেকটি কারণে ধন্যবাদ জানাই সেটা হচ্ছে পঞ্চায়েত তৈরি হবার ১ বছরের মধ্যে যে কোনও স্তরে কোনও অনাস্থা আনা যাবে না। কিন্তু তারসঙ্গে আরেকটি বিষয়ে আপনাকে তুলে নিতে অনুরোধ করব এবং সেটা তুলে নিলে ধন্যবাদ জানাব। আপনি পঞ্চায়েতের এলাকাতে অর্থাৎ শশ্মানে যদি কুকুর বেড়াল বা মানুষ মরে তারজন্য ট্যাক্স দিতে হবে বলেছেন। এই ট্যাক্সটা প্রত্যাহার করে নিন। এই ট্যাক্স প্রত্যাহার করার মধ্যে দিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে বলতে হবে পঞ্চায়েতের মধ্যে দিয়ে এবং গ্রাম পঞ্চায়েতের মধ্যে দিয়ে সত্যি আপনারা মানুষের কল্যাণ সাধনের কথা ভাবছেন। সেই কারণে আমাদের পক্ষ থেকে বলা হয়েছে, পশ্চিমবঙ্গে কেন সারা ভারতবর্ষে পঞ্চায়েত নির্বাচনকে এবং নগর পালিকাকে প্রতি ৫ বছর অন্তর ম্যানডেটোরী হিসাবে বা বাধ্যবাধকতা হিসাবে করার জন্য ৭৩-৭৪তম সংবিধান সংশোধন করা হয়েছে। সেইকারণে মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে সামনে রেখে বলতে চাই যে কিছু পরিবর্তনের কথা আমরা বলেছিলাম এবং তাতে বলেছিলাম যে পঞ্চায়েত সমিতির সদস্য কেন পদাধিকার বলে গ্রাম পঞ্চায়েত সমিতির সদস্য হবেন এবং তেমনি জেলা পরিষদের সদস্য যারা তারা কেন পঞ্চায়েত সমিতির সদস্য পদাধিকার বলে হবেন এবং তাদের ভোটিং রাইটস কেন দেওয়া হবে? সর্বশেষে সংবিধানের সংশোধন ঘটালেন এবং এই পরিবর্তন ঘটিয়েও এই সংশোধন কেন ৫ বছরের উপরে কার্যকর হবে? টেনিওর পঞ্চায়েত শুরু হয়েছে কিন্তু এখনও সেটা কার্যকর করা হবে না কেন? সর্বপরি অন্যান্য সদস্যরা যে কথা বলেছেন আমি আমার অভিজ্ঞতা থেকে বলছি যে দুর্নীতি চলছে, মাননীয় মন্ত্রী তার জবাবি ভাষণে বলবেন যে এখানে দুর্নীতি নেই এবং দুর্নীতি থাকলে তার ব্যবস্থা

নেব। আপনি আজকে যে পঞ্চায়েতে দুর্নীতি ঘটছে এর যদি ব্যবস্থা না নেন বা চেক করার ব্যবস্থা না নেন তাহলে ব্যাপকহারে দুর্নীতি বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের মধ্যে আরও বেশি ঢুকে পড়বে। সেখানে আপনি যদি ব্যবস্থা না নেন তা সে কংগ্রেস পরিচালিতই হোক বা অন্য কারুর পরিচালিত হোক, কোনও গ্রাম পঞ্চায়েত দুর্নীতি করলে বা কোনও সদস্য দুর্নীতি করলে তার ব্যবস্থা নেবেন। সেই ব্যবস্থা নেওয়ার জন্য আপনার ওই বিডিওদের দ্বারা হবে না, আপনারা ওই অফিসারদের দ্বারা হবে না, আপনাকে নিজে এর দায়িত্ব নিতে হবে। তাই আজকে যে অর্থ পঞ্চায়েত সমিতিকে দেওয়া হচ্ছে তার যেন সঠিক ব্যবহার হয় সেটা আপনাকে দেখতে হবে।

**শ্রীমতী বিলাসিবালা সহিস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পশ্চিমবঙ্গ সরকারের গ্রামীণ উন্নয়ন এবং পঞ্চায়েত বিভাগের মাননীয় মন্ত্রী যে বাজেট ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তাঁকে পূর্ণ সমর্থন করছি। সেই সঙ্গে সঙ্গে আমাদের বিরোধী দলের সদস্যরা যে কাটমোশন এনেছেন তার তীব্র বিরোধিতা করে কয়েকটি কথা এই হাউসে বলতে চাই। আমরা সবাই জানি আপনারাও জানেন সংসদীয় গণতন্ত্রে বিরোধী দলের একটা ভূমিকা আছে এবং তারা সরকারের বিরোধিতা করবে এটা আমরা সবাই জানি। আমার ধারণা ছিল হয়ত তারা নতুন কিছু বলবেন শ্রদ্ধেয় ডঃ জয়নাল আবেদিন ডঃ মানস ভুঁইয়ার বক্তব্য আমি শুনিনি, তবুও আমি বলতে চাই আমাদের যারা নতুন সদস্য যারা বয়সে নবীন তারা কিছু শিক্ষা ওদের কাছ থেকে নেবেন কিন্তু তারা এখানে যে কথাগুলি বললেন তারা যে ভাঙা রেকর্ড বাজিয়ে গেলেন তা থেকে শিক্ষা নেবার মত কিছু আমাদের নেই। জয়নাল আবেদিন সাহেব তিনি বললেন মাননীয় মন্ত্রীকে কতকগুলি প্রশ্ন করলেন এবং সেইগুলির উত্তর দিতে বললেন ইত্যাদি ইত্যাদি। গত বারে জয়নাল আবেদিন সাহেব কিছু বলেছিলেন এবারে আমি সেই রকম কিছু দেখতে পেলাম না। প্রবীর বাবু একটা কথা বললেন তার বক্তব্য থেকে যেটা বেরিয়ে এসেছে কংগ্রেস সরকার সব কাজ করেছে, জওহর রোজগার যোজনায় তারা টাকা দিচ্ছে, ওরা যদি টাকা না দেয় তাহলে আমাদের কিছু করার থাকবে না। শৈলজা বাবু বলেছেন তারপরে আমি বক্তব্য রাখছি। এখানে আমি যে কথা বলতে চাই সেটা হচ্ছে, ওনারা জানেন ৭৮ সালে আমাদের পশ্চিমবাংলায় নতুন পঞ্চায়েত গঠিত হয়, তার আগে এটা ছিল না। দীর্ঘ ৩৩ বছর ওনারা রাজত্ব করেছেন এবং পশ্চিমবাংলার নির্বাচন সম্বন্ধে অনেক কথা তারা বলেছেন, আমার প্রশ্ন এই ব্যাপারে তারা কি উত্তর দেবেন ১৬ বছর ধরে তারা পঞ্চায়েতি নির্বাচন করেননি, কেন কার স্বার্থে? তারা জেনেছিলেন পশ্চিমবাংলার মানুষ নির্বাচন হলে তাদেরকে ভোট দেবে না, তারা যে ভাবে সেই সময় শাসন পরিচালনা করত, যে অবস্থার মধ্যে মানুষকে তারা রেখেছিল, তারা বুঝেছিল মানুষ তাদের কাছে আসবে না, ভোট হলে তারা জিততে পারবে না। সেইজন্য ১৬ বছর ধরে তারা পঞ্চায়েতি নির্বাচন করেননি। আজকে পশ্চিমবাংলায় গণতান্ত্রিক পদ্ধতিতে পঞ্চায়েতি নির্বাচন হচ্ছে, এবং গ্রাম পঞ্চায়েতের মাধ্যমে বিভিন্ন ধরণের উন্নয়নমূলক কাজ তারা করে চলেছে, এই অবস্থায়

আপনারা তার বিরোধিতা করছেন। আমি এই ব্যাপারে একটি উর্দু কবিতা বলছি, "হুকুমত হ্যায় যাঁহা, বন্দ্যোগিনে যাতে হ্যায় তোলে নে হি" অর্থাৎ তার মানে হচ্ছে, গণতান্ত্রিক শাসন ব্যবস্থা এমন একটা শাসন ব্যবস্থা যেখানে মানুষকে ওজন করা হয় না, মানুষের চেতনা বুদ্ধিকে গুরুত্ব দেওয়া হয় না।

[4-55 — 5-05 p.m.]

১৯৭৭ সালে পশ্চিমবাংলায় যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসে তখন তারা চেয়েছিল মানুষের চেতনা বৃদ্ধি করতে হবে, মানুষকে মর্যাদার আসনে বৃদ্ধি করতে হবে। তাই আমি উর্দু কবির বক্তব্যকে পাল্টে বলতে চাই—পঞ্চায়েত উহ্য হুকুমত হ্যায় যাঁহা বন্দ্যে হ্যায়, যাঁরা বন্দ্যে গিনে যাতে হ্যায়, ঔর তোলে ভি। অর্থাৎ পঞ্চায়েতি ব্যবস্থায় মানুষের সমর্থনকে যেমন গুরুত্ব দেওয়া হয়েছে, সাথে সাথে তাদের সামাজিক চেতনা বৃদ্ধিকেও গুরুত্ব দেওয়া হয়েছে। তাই আজকে পশ্চিমবাংলায় ১৭ বছর ধরে গ্রামের গরিব মানুষ, মেহনতি মানুষ তাদেরকে আমরা জাগিয়ে রেখেছি। ১৯৯৩ সালের ১৯ শে মে যে পঞ্চায়েত নির্বাচন হয়েছিল তাতে আমরা সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছি। যারা জেগে ঘুমোয় তাদের জাগানো যায় না। কংগ্রেসের অবস্থাও হয়েছে তাই। ওরা অবস্থা জানেন, তাই বিরোধিতা করতে হয় বলেই ওরা বিরোধিতা করছেন। আজকে তারা দুর্নীতির কথা বলছেন। আপনাদের আমলে হাজার হাজার টাকা গ্রাম পঞ্চায়েতে, যেত, কিন্তু তখন টাকার কোনও হিসাব আপনারা দেননি। গ্রামের জোতদার, জমিদাররা সেই টাকা ভাগ-বাটোয়ারা করে নিতেন। কিন্তু আজকে যখন আমরা পঞ্চায়েত পরিচালনা করছি, তখন কিন্তু তার হিসাবনিকাশ পেশ হয়। আজকে এখানে জয়নাল সাহেব বক্তৃতা করতে গিয়ে পাবলিক ডিস্ট্রিবিউশন সম্বন্ধে বললেন। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে তিনি ধান ভাঙ্গতে শিবের গীত গাইলেন, তিনি এখানে সোভিয়েত রাশিয়ার বিপর্যয়ের কথা বললেন। আমার প্রশ্ন কেন্দ্রের কংগ্রেস সরকার যখন দিনের পর দিন ডিজেল, পেট্রোল, চাল, গম, চিনির দাম বৃদ্ধি করছে তখন আপনারা একটা কথাও বলেন না। আর আজকে এখানে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের কথা বলছেন। আপনার কাছে আমি বিনীতভাবে প্রশ্ন করতে চাই এই যে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণ করার ক্ষমতা এটা কার, কেন্দ্রীয় সরকারের না রাজ্য সরকারের? আপনারা অনেকে বলেছেন ৭৩ তম সংশোধনী সংশোধন করার সময় বলেছেন যারা কুকুর পুষবে তাদের উপরও ট্যাক্স বসবে, এটা হাস্যকর। আমি বিরোধী সদস্যদের বলতে চাই যিনি কুকুর পুষবেন তিনি কুকুরকে মাংস খাওয়াবেন, তাকে গায়ে সাবান দিয়ে দেবেন, গায়ে পাউডার দিয়ে দেবেন, একজন মানুষ সে কুকুরকে এত যত্ন করছে, আর যেখানে হাজার হাজার মানুষ খেতে পাচ্ছে না—যদিও আমাদের পশ্চিমবাংলায় সেই অবস্থা নেই সেখানে একজন কুকুরের চেয়ে কি একজন মানুষের কম দাম। আপনারা মানুষের চেয়ে কি একজন কুকুরকে ভালোবাসেন, তার জন্যই কি আপনারা বিরোধিতা করছেন। বিভিন্ন রাজ্যে আপনাদের যে সরকার আছে তারা কিন্তু পঞ্চায়েত নির্বাচন করে না। আমরা কয়েক মাস আগে পঞ্চায়েত সাবজেক্ট কমিটির তরফ থেকে কর্ণাটকে গিয়েছিলাম

সেখানে পঞ্চায়েত নির্বাচন তারা সুষ্ঠভাবে করেননি। একটা স্তরে তারা শুধু পঞ্চায়েত নির্বাচন করেছে, বাঁকি দুটোস্তরে তারা পঞ্চায়েত নির্বাচন করেনি। সেখানে মানুষ আপনাদের পছন্দ করেন না, তাই আপনারা ব্যর্থ। আমাদের এখানে গত নির্বাচনে ৭১ হাজার প্রার্থী জয়ী হয়েছিল। গত পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে পঞ্চায়েত ব্যবস্থায় একটা নতুন মাত্রা যোগ হয়েছে। সেটা হচ্ছে, পঞ্চায়েতে প্রচুর সংখ্যায় মহিলা সদস্যরা এসেছেন এবং মহিলারা পঞ্চায়েত পরিচালনা করছেন। কংগ্রেস আমলে ওরা কি এসব ভাবতে পারতেন? আজকে পঞ্চায়েতে ব্যাপকভাবে মহিলাদের অংশ গ্রহণের ফলে পঞ্চায়েতগুলি প্রাণবন্ত হয়ে উঠেছে। মহিলারা আজ আর শুধু ঘরের মধ্যেই বন্দি হয়ে নেই, তারা আজ প্রশাসনিক কাজে অংশ গ্রহণ করছেন। আমরা জানি, ভারতবর্ষকে এগিয়ে নিয়ে যেতে হলে শুধু পুরুষদের পক্ষে সেই কাজ করা সম্ভব নয়, সেখানে মহিলাদেরও ব্যাপকভাবে অংশ গ্রহণ করা উচিত এবং সেই কথা স্মরণে রেখেই পশ্চিমবাংলায় পঞ্চায়েতে মহিলাদের জন্য ৩৩ পারসেন্ট আসন সংরক্ষণ করে রাখা হয়েছে এবং ব্যাপকভাবে মহিলারা নির্বাচিত হয়ে আসছেন। এর সঙ্গে সঙ্গে তফসিলি জাতি ও উপজাতিদের মধ্যে থেকে প্রচুর সংখ্যায় মানুষ এই পঞ্চায়েতগুলিতে নির্বাচিত হয়ে আসছেন। কংগ্রেসিরা বলেছেন যে পঞ্চায়েতের মাধ্যমে পশ্চিমবাংলায় কোনও কাজ হয়নি। আমি কংগ্রেসি সদস্যদের একবার পুরুলিয়াতে গিয়ে দেখে আসতে বলব যে, পঞ্চায়েতের মাধ্যমে সেখানে কি রকম কাজ হয়েছে তা একবার দেখে আসুন। পুরুলিয়ার রুক্ষ, পাথুরে, কাঁকুরে মাটিতে আজকে পঞ্চায়েতের কল্যাণে সবুজের সমারোহ দেখতে পাবেন। আই.আর.ডি.পি-তে দুর্নীতির কথা শৈলজাবাবু বলেছেন। মানুষের সঙ্গে ওদের যোগাযোগ নেই তাই এসব কথা বলেছেন। আজকে গ্রামবাংলায় গিয়ে দেখে আসুন এর মাধ্যমে মানুষ তার দৈনন্দিন জীবনে কি রকম সুখ, শান্তি খুঁজে পেয়েছেন। পরিশেষে আমি ভূমি সংস্কারের কথা বলব। আপনারা সকলেই জানেন যে বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছেন। এক্ষেত্রে পঞ্চায়েতের ভূমিকা অনস্বীকার্য। পঞ্চায়েতের মাধ্যমে ভূমিহীনদের মধ্যে ভূমি বন্টনের কাজ সাফল্যজনকভাবে অনুষ্ঠিত হয়েছে। এই কথা বলে, বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় পঞ্চায়েত মন্ত্রীর বাজেটের বিরোধিতা না করলে পশ্চিমবাংলার গণতন্ত্রপ্রেমী মানুষদের সঙ্গে বিশ্বাসঘাতকতা করা হবে, তাই এর বিরোধিতা করছি। যদিও মাননীয় পঞ্চায়েতমন্ত্রী একজন সজ্জন ব্যক্তি কিন্তু তবুও তার দপ্তরের কাজকর্মের আমাকে সমালোচনা করতেই হবে। কারণ এই দপ্তর যে ভাবে চলছে তাতে তার বিরোধিতা করা ছাড়া পথ নেই। সরকার পক্ষের মাননীয় সদস্যরা খুব জোর দিয়ে অনেক কথা বললেন এবং ভাল ভাল ভাষা দিয়ে চিৎকার করে পঞ্চায়েত দপ্তরের অনেক গুনগান গাইলেন। এটা স্বাভাবিক কারণ, চোরের মায়ের বড় গলাই হয়। এটা না করে তাদের উপায় নেই। ওরা মনে করেন যে খুব জোরে বললেই বুঝি সব

কিছু খুব ভাল ভাবে বলা হয়ে গেল, আসলে কিন্তু যদি বক্তব্যে সারবত্তা না থাকে তাহলে কিন্তু যত জোরেই বলুন না কেন সেটা জোলো হয়ে যায়। আমি এই বিধানসভায় ১৯৭২ সাল থেকে আছি এবং দেখছি ১৯৭৭ সালের পর থেকে পশ্চিমবাংলায় যেমন গণতন্ত্র ধ্বংস হয়ে গিয়েছে তেমনি সত্যও চলে গিয়েছে। স্যার, মাননীয় সদস্য সঞ্জীববাবু যে কথা বলে শেষ করেছেন আমি সেখান থেকে আমার বক্তব্য শুরু করছি। পঞ্চায়েত নিশ্চয়ই কিছু কাজ করছে। মহাত্মা গান্ধী পঞ্চায়েত রাজের মাধ্যমে দেশের উন্নয়নের কথা বলেছিলেন। আমাদের মত দরিদ্র দেশে পঞ্চায়েত রাজের মাধ্যমে সাধারণ মানুষের হাতে ক্ষমতা প্রয়োগ করার সুযোগ দেওয়া এবং ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা এটাই হওয়া উচিত। এখন এ ক্ষেত্রে বা এর মাধ্যমে আমরা এখানে অর্থাৎ পশ্চিমবঙ্গে কিছু পেয়েছি কিনা সেটাই হচ্ছে প্রশ্ন। কিছুই হয়নি বললে ভুল হবে আবার যারা চিৎকার করে বলছেন সব কিছু হয়ে গিয়েছে। তারাও মুর্খের স্বর্গে বাস করছেন। আমি প্রথমে জেলাপরিষদের কথায় আসছি। ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে জেলাপরিষদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় অনেকবার জেলাপরিষদের সভাধিপতি ছিলেন।

[5-05 — 5-15 p.m.]

সুতরাং আপনি নিজে জানেন রাইটার্স বিল্ডিং-এ মাথা ভারী প্রশাসন আছে, কিন্তু জেলা পরিষদে মাথাহীন প্রশাসন। দপ্তরে সমস্যা সীমাহীন, অর্থ যথেষ্ট আছে, কিন্তু কাজ করার ক্ষমতা সিমিত। আজকে একটা ব্রীজ তৈরি হবে, টেকনিক্যাল এক্সপার্ট সেখানে নেই। আপনার যা মিনিমাম ইনফ্রাস্ট্রাকচার আছে, আমি আমার অভিজ্ঞতা দিয়ে বলছি, এমব্যাঙ্কমেন্টের কাজ করতে গেলে ইরিগেশন ডিপার্টমেন্টের একজিকিউটিভ ইঞ্জিনিয়ারকে স্কীম ভেট করার জন্য পাঠাতে হয়। তিনি কবে ভেট করে ফেরত পাঠাবেন তার ঠিক নেই। একটা খালের উপর ব্রিজ হবে, জেলা পরিষদের কোনও টেকনিক্যাল এক্সপার্ট নেই যে ব্রিজ তৈরি করতে পারে। সুতরাং ভেট করতে পাঠাতে হবে। আপনি জানেন ব্লকের স্থায়ী সম্পদ সৃষ্টি করার জন্য পঞ্চায়েতগুলোর জন্ম। জেলা পরিষদ থেকে ঠিক ঠিক ভাবে সব পঞ্চায়েত সমিতিকে কাজ দিচ্ছে না। আমি দক্ষিন ২৪ পরগণার কথা বলি, সেখানে বৈষম্যমূলক ব্যবহার করা হচ্ছে। যেখানে কংগ্রেসের পঞ্চায়েত রয়েছে, সেখানে ঠিকমতো টাকা দেওয়া হচ্ছে না, যেমন মথুরাপুর এক নং এবং দু নং ব্লক, ওখানে কম টাকা দেওয়া হয়, কারণ ওখানে কংগ্রেসের পঞ্চায়েত, কিন্তু অন্য জায়গায় বেশি দেওয়া হয়। আজকে পঞ্চায়েতকে টাকা দেওয়া হবে, যেখানে পঞ্চায়েত সমিতি কংগ্রেসের সেখানে জেলা পরিষদ থেকে সরাসরি পাঠিয়ে দেওয়া হয়েছে, মথুরাপুর এক নং এবং দু নং ব্লকে এই জিনিস করা হয়েছে। আমি কাগজ দিয়ে এখন প্রমান করে দেবো। আজকে পশ্চিমবাংলায় যদি কাজের বুনিয়াদ হতো তাহলে যে টাকা পশ্চিমবাংলায় আসে, বাজেটে যে টাকা দেওয়া হয়, তার তুলনায় কাজ কিছুই হয় না। চুরি হয় কিনা সেটা বলে দিচ্ছি। আমি আপনাদের পরিসংখ্যান দিয়ে বুঝিয়ে দিতে পারি, শুনে আপনি দুঃখ পাবেন। এই রাজ্যে টোটাল গ্রাম পঞ্চায়েত ৩ হাজার ৩২৪। ৮৪-৮৫ সালের

অডিট রিপোর্ট হয়নি ১৪৫টি, ৮৬-৮৭ সালের অডিট রিপোর্ট হয়নি ৪১৭টি, ৮৭-৮৮ সালে ২৮৬, ৮৮-৮৯ সালে ৪৬৩, ৮৯-৯০ সালে ৬৭১টি, ৯০-৯১ সালে ১ হাজার ১৫৪, এইগুলো সব হয়নি। ৯১-৯২ সালে দু হাজার ৫৬২টির অডিট রিপোর্ট হয়নি। আর ৯২-৯৩ সালের হিসাবটা এখনও পর্যন্ত পাইনি। এইগুলো সব গ্রাম পঞ্চায়েতের অডিট রিপোর্ট হয়নি। ৮৪-৮৫ সালে একটুখানি বেশি হয়েছিল, ৯১-৯২ সালে হাজার ৫৬২টি অডিট রিপোর্ট হয়নি। আমি মন্ত্রী মহাশয়ের কাছে প্রশ্ন করি অডিট যদি না হয়, হিসাব যদি না থাকে তাহলে সেখানে দুর্নীতি আছে কি না আপনি বলুন। আপনার জেলার কথা বলি, আপনার জেলায় যেটা অডিট হয়েছে, সেটা পড়ছি। অডিট হয়েছে মেদিনীপুর জেলায় ৫১৮টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ৯১-৯২ সালে ১২৫টি আপনার জেলায় অডিট হয়নি। এই রিপোর্ট আপনার ডিপার্টমেন্টের রিপোর্ট। বর্ধমান জেলায় ২৯৩টির মধ্যে ৬৭-টির অডিট হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার ডিপার্টমেন্ট থেকে আমাদের কাছে যেসব কাগজ-পত্র দেওয়া হয়েছে তা থেকেই আমি এটা বলছি। মালদা জেলায় ১৪৭টির মধ্যে মাত্র দুটোর অডিট হয়েছে। দক্ষিণ ২৪-পরগনার জেলায় ৩৩৫টার মধ্যে ১৯৩টার অডিট হয়েছে। বাঁকুড়া জেলায় ১৯০টার মধ্যে ২১টার অডিট হয়েছে। কুচবিহারে ১৭৮টার মধ্যে ৯ টার অডিট হয়েছে। আমি ১৯৯১-৯২ সালের কথা বলছি, পরের বছরের কথা বলছি না। তাহলে আপনি দেখছেন কোথাও দুয়ো ক্ষেত্রে, কোথাও ৯টা ক্ষেত্রে, কোথাও ৭টা ক্ষেত্রে অডিট হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়, মেদিনীপুর সব চেয়ে বড় জেলা এবং আপনার নিজের জেলা, সেখানে ৫১৮টার মধ্যে ১২৫টার অডিট হয়েছে। অডিট যদি না হয় তাহলে সত্যিই খরচ হয়েছে কিনা বোঝা যাবে কি করে? অডিট হয় নি, কারণ ইউটিলাইজেশন সার্টিফিকেট নিশ্চয়ই দিতে পারেনি। ইউটিলাইজেশন সার্টিফিকেট না দিতে পারার অর্থ সঠিক ইউটিলাইজেশন হয় নি এবং সে জন্যই অডিট হয় নি। তারপর একটু আগেই এখানে মাননীয় সদস্য অতীশ সিন্‌হা বললেন যে, কে অডিট করে। এক্সটেনশন অফিসার অডিট করে, সে কি অডিট করবে, তার কি ক্ষমতা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি অডিট না করার জন্য ক'টা পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে কেস হয়েছে? ক'জনের বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা জারি হয়েছে? তার মধ্যে কংগ্রেসের পঞ্চায়েত ক'টা এবং সিপিএম-এর পঞ্চায়েত ক'টা? আজ পর্যন্ত এমন কতগুলি পঞ্চায়েত আছে যেখানে কোনও দিনই অডিট হয়নি, সমস্ত টাকা পয়সা আত্মসাৎ হয়েছে? হ্যাঁ, আমরা জানি অডিট করতে গেলে নিরাপত্তার অভাব আছে—সিপিএম-এর লোকাল কমিটির ওপরে কে কথা বলবে? কোনও এক্সটেনশন অফিসারের সেই ক্ষমতা আছে? যখন বিনয়-বাবু মন্ত্রী ছিলেন তখন আমি মথুরাপুরের উত্তর লক্ষ্মী-নারায়ণপুর অঞ্চলের সিপিএম পরিচালিত পঞ্চায়েতের ৫ লক্ষ ৩৩ হাজার টাকার কেস তাঁকে দিয়েছিলাম অডিট করার জন্য। বিনয় চৌধুরি মহাশয়ের কাছ থেকে অর্ডার নিয়ে অডিটের ব্যবস্থা হয়েছিল—এক্সটেন অফিসার. বি.ডি.ও. অফিসের ইত্যাদি মিলিয়ে ৭ জন অফিসারকে নিয়ে অডিট করেছিলেন। বিনয়-বাবুর সাহায্য নিয়ে অডিট করিয়েছিলাম। সবই হয়েছিল, কিন্তু আজ পর্যন্ত কেস হল না, কেউ গ্রেপ্তার হল না। সিপিএম-এর প্রধান টাকা

আত্মসাৎ করল, কিন্তু কিছু হল না। অথচ এখানে পঞ্চায়েত মন্ত্রী দাবি করছেন তাঁর ডিপার্টমেন্টের সব কাজ ঠিক ঠিক হচ্ছে। অদ্ভুত ব্যাপার। আমরা দেখছি জওহর রোজগার যোজনা ছাড়া আর কোনও কাজই হচ্ছে না। আর জওহর রোজগার যোজনার টাকা রাস্তা তৈরি নামে, ইন্দিরা আবাসন প্রকল্পের নামে ৯/৬ হচ্ছে। মন্দির-বাজারে ইন্দিরা আবাসন প্রকল্পের নামে পার্টি অফিস হয়েছে।

[5-15 — 5-25 p.m.]

ইন্দিরা আবাস প্রকল্পের নামে পার্টি অফিস হয়েছে। উনি বলেছেন, রাজীব গান্ধী নাকি ওঁকে সার্টিফিকেট দিয়েছেন। নিশ্চয়ই, আজকে আপনাদের কংগ্রেসের, রাজীব গান্ধীর সার্টিফিকেট নিতে হবে। আজকে পঞ্চায়েতের টাকায় গ্রামে গ্রামে ভোট ব্যাঙ্ক তৈরি করেছেন, ক্যাডার তৈরি করেছেন এবং আজকে গ্রামে যদি কোনও উন্নতি হয়ে থাকে তো সেটা ক্যাডারদের হয়েছে। বেকার সমস্যার সমাধান গ্রামে ক্যাডারদের হয়েছে। সেখানে কাজ পাবার সুযোগ সিপিএম-এর লোকদের হয়েছে। আজকে পঞ্চায়েতকে দুর্নীতির আখড়ায় পরিণত করেছেন এবং তার মাধ্যমে নিজেদের স্বার্থ চরিতার্থ করবার চেষ্টা করছেন। মন্ত্রী মহাশয়ের হয়ত সৎ প্রচেষ্টা রয়েছে, কিন্তু তিন-সাড়েতিন হাজার গ্রাম পঞ্চায়েতে আজকে এত চুরি হচ্ছে, এত দুর্নীতি হচ্ছে যে তাকে রোধ করবার ক্ষমতা তাঁর নেই।

**(সময় শেষ হয়ে যাওয়ায় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।**

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে বিরোধী দল আনীত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করছি এবং তারপর আমার বাজেটের সমর্থনে দু'চারটি কথা সংক্ষেপে নিবেদন করছি। তবে আমি জানি না, আমার জন্য নির্ধারিত সময়ের মধ্যে আমার সবটা বলা সম্ভব হবে কিনা, কিন্তু যে সূত্র ধরে এখানে বক্তব্য রাখা হয়েছে সেই সূত্র ধরেই বলতে হবে, তা না হলে বিধানসভার বিভ্রান্ত হবার অবকাশ থেকে যাবে।

আমি প্রথমে বলতে চাই, বিরোধী দলের সদস্যরা বক্তব্য যা রেখেছেন তার মধ্যে এত স্ববিরোধিতা রয়েছে যে, কোনটা বলবো, আর কোনটাই বা বলবো না সেটাই ঠিক করা মুশকিল হয়ে যাচ্ছে। ডঃ জয়নাল আবেদিন এখানে প্রশ্ন অনেক করেছেন। তিনি জানতে চেয়েছেন যে, আমরা স্বায়ত্ত্ব শাসনের যে স্পিরিট সেটা মেনে নিয়েছি, কি নেইনি। একদিকে তিনি আমাদের স্বায়ত্ব শাসনের কথা বলছেন এবং সঙ্গে সঙ্গে বলছেন যে, পাওয়ারের কথা না বলে ফাংশানের কথা বলুন। একদিকে ওরা রাজ্যকে বলছেন—ক্ষমতা বিকেন্দ্রীকরণ করুন, কিন্তু অন্যদিকে দেখা যাচ্ছে, ক্ষমতাকে ওরা কেন্দ্রীভূত করছেন। এটা স্ববিরোধিতা। বলছেন, পঞ্চায়েতগুলোকে স্বনির্ভর হতে হবে, আবার বলছেন—পঞ্চায়েতগুলোকে আদায়কারী হতে হবে। এটাও স্ববিরোধিতার আর একটি উদাহরণ। তার মানে আদায় না করে আপনি কি করে সম্পদ ইত্যাদি বৃদ্ধি করবেন, অর্থাৎ স্ববিরোধিতা। জয়নাল সাহেব বলেছেন যে, এটা

কেন আপনারা করবেন, এটা পঞ্চায়েত করবে, পঞ্চায়েতের করা উচিত। জয়নাল সাহেব আরও বলেছেন, পঞ্চায়েত এত কাজের সঙ্গে যুক্ত, তাদের স্টাফ দেওয়া উচিত। আর একজন সদস্য বোধ হয় সঞ্জীব বাবু, তিনি বলেছেন যে, পঞ্চায়েতে যিনি ছিলেন তাকে কেন সরকারি কর্মচারী করে দিচ্ছেন? এখন সরকারি কর্মচারী যারা আছেন, তাদের পঞ্চায়েতে দেব, না পঞ্চায়েতে যারা আছেন তাদের সরকারি কর্মচারী করব—কোনও দিকে যাব? এখানেও স্ববিরোধিতা। উনি বলেছেন যে উন্নয়ণ করুন। কিন্তু কুঁড়েঘর যা আছে—যদিও এখন আর কুঁড়েঘর নেই—সেটা কুড়ে ঘর হিসাবে থাকবে, অথচ উন্নয়ন করতে হবে। ভূমিহীন যে সে ভূমিহীন থাকবে, অথচ ভূমি সংস্কার করে যেতে হবে। আপনারা বলছেন যে দলত্যাগ বিরোধী আইন করুন, কিন্তু প্রয়োগ করবেন না, একটু দেরিতে করুন। ৭৪ তম সংবিধান সংশোধন করুন, কিন্তু নির্বাচন করবেন না। মান্নান সাহেব কর্ণাটকের নির্বাচনের কথা বলেছেন। আপনি ঠিকই বলেছেন, ওটা গ্রাম পঞ্চায়েতে নির্বাচন হয়েছে। আর যেটা পড়লেন যে, পঞ্চায়েত সমিতি, জেলাপরিষদের নির্বাচন ঘোষণা করা হয়েছে, সেটা ঠিকই বলেছেন। কিন্তু তথ্য কি বলছে সেটা আপটুডেট করা দরকার। তারপরে আবার বাতিল হয়ে গেছে। এটা শুধু একবার নয়, তারিখটা দেখবেন, তথ্যগুলি খবরের কাগজে আছে, একটু পড়ে দেখবেন, একবার নয়, পরপর ৪বার নির্বাচন ঘোষণার পরে কর্ণাটকের নির্বাচন স্থিত হয়েছে। লজ্জায়, অপমানে যিনি পঞ্চায়েত মন্ত্রী ছিলেন, এম.ওয়াই. গোড়পাড়ে, তিনি পদত্যাগ করেছেন। আপনি জানেন কি যে প্রধানমন্ত্রীকে পাঠাতে হয়েছিল কোনও এক গ্রামোন্নয়ন মন্ত্রীকে কর্ণাটকে এটা সমাধান করার জন্য? এটা জানা দরকার। সেজন্য আমি বলছি যে, এই সব বলে কিছু লাভ নেই, আমি ভাল করে জানি। এই তো সেদিনটা সভা করে এসেছি। তিনবার করে সিদ্ধান্ত নিতে হয়েছে। আমাদের জাতীয় স্তরে কমিটি আছে পঞ্চায়েত মন্ত্রীদের। আইন যা হয়েছে তা হয়েছে, আইন যারা পাস করেছেন তাদের ৬ মাসের মধ্যে নির্বাচন করতে হবে। এটা হয়েছে কর্ণাটকে। আমি বলতে চাইনি, কিন্তু দুঃখের সঙ্গে বলতে হল, আমাদেরই সহকর্মী অন্য রাজ্যের, আপনি দেখুন, আপনি সেই রাজ্যের যেখান থেকে প্রধান মন্ত্রী এসেছেন, তিনি আবার গ্রামোন্নয়ন মন্ত্রী, আপনাদের উচিত ৬ মাসের মধ্যে নির্বাচন করা এবং দেখা উচিত যে কি ভাবে ৬ মাসের মধ্যে নির্বাচন করা যায়। যদিও আমি জানি যে ৬ মাসের মধ্যে নির্বাচন হ. . না। তবে তারা চেষ্টা করছেন যে কি ভাবে ৬ মাসের মধ্যে নির্বাচন করা যায়। এই সব বলে লাভ নেই, এগুলি হচ্ছে স্ববিরোধিতা। নির্মল মুখার্জি কমিশনের রিপোর্টের কথা বললেন। সেজন্য আমি বলছি, নির্মল মুখার্জির এটা কমিশনের ব্যাপার নয়। আমরা তাকে ডেকেছিলাম এবং অনুরোধ করেছিলাম যে, আমরা কি ভাল করেছি সেসব দেখার দরকার নেই, আমাদের কি ত্রুটি আছে, দুর্বলতা আছে সেগুলি আপনি দেখুন ভাল করে এবং সেগুলি আমাদের বলেদিন এবং আমাদের কি করতে হবে সেটাও বলে দিন। আপনারা জানেন যে তিনি পাঞ্জাব ক্যাডারের অফিসার ছিলেন, ভাল বাংলা বলতে পারেন। আমাদের এখানে কোনওদিন ছিলেন না, দিল্লিতে ছিলেন, সেখান থেকে এসেছেন। ত্রুটি দুর্বলতার কথা বললেন, কিন্তু অনেক ভাল কথাও আছে। কাজেই পড়লে সেগুলিও পড়া উচিত। আমাদের পঞ্চায়েতের

কি সাফল্য, কি আমাদের শক্তি, কোথায় তা নিহিত আছে, সেগুলিও সেখানে আছে। আপনারা জিজ্ঞাসা করেছেন যে এটা নিয়ে কি ঠিক করেছেন? আমি বিরোধী দলের নেতা মাননীয় সদস্য ডঃ জয়নাল আবেদিনকে স্মরণ করিয়ে দিতে পারি যে, আলোচনার যখন আমরা সূত্রপাত করি তখন আপনাকে আমরা আমন্ত্রণ করেছিলাম। আমরা বলেছিলাম যে, আমরা চাই এটা নিয়ে বিতর্ক হোক। আমরা সব দলকে দিয়েছি। বিধানসভার সদস্যদের মধ্যেও আমরা বিতরণ করেছি। আমরা বাংলা করে পঞ্চায়েতে বিতরণ করেছি, বিভিন্ন জায়গায় বিতরণ করেছি। আপনি তো হাতে পেয়েছেন।

[5-25 — 5-35 p.m.]

কথা হচ্ছে আপনাদের মত কি, আপনারা কি চাচ্ছেন সুপারিশগুলি সম্পর্কে, কোনটা হ্যাঁ, কোনটা না সেটা যদি না বলেন তাহলে কি করে আমরা বিতর্ক ইত্যাদি করব? বিতর্ক কি শুধু আমরা একা একা করবো, নিজেদের সঙ্গে বিতর্ক করব? আমরা এত দল মতের লোক আছি, আমরা একমত কিনা সেটা আমাদের বলতে হবে। তার উপর দাঁড়িয়ে আমরা একটা সিদ্ধান্ত নিতে পারি। আমরা সেই বিতর্ক চাই। সুষ্ঠুভাবে যাতে আমরা এটা করতে পারি সেটা দেখতে হবে। আমরা জিজ্ঞাসা করেছি, আমরা আরও মতামত পেলে আমাদের সুবিধা হবে কি করবো না করবো। আমি কথায় বলছি, কনসোলিডেশন চান আপনারা? পঞ্চায়েতের মাধ্যমে কনসোলিডেশন হবে এটা হ্যাঁ বলে দিন, তাহলে বুঝি আপনাদের মতামত। স্ববিরোধিতায় ভুগবেন না। নির্মল মুখার্জির রিপোর্টের কথা বলবেন, অথচ রিপোর্ট সম্পর্কে মত কি বলবেন না? এই স্ববিরোধিতায় ভুগবেন না, একটা দৃঢ় অবস্থান নিন। এই হচ্ছে আমাদের অসুবিধা, এই জন্য আমাদের এই অবস্থা হয়েছে পঞ্চায়েতে। আর জিজ্ঞাসা করেছেন মহিলা সদস্য যে হয়েছে তাদের জন্য কি করেছেন? কি ট্রেনিং দিচ্ছেন? আপনাদের অবগতির জন্য জানাচ্ছি আমরা প্রায় ৪০ হাজার সদস্যকে ট্রেনিং দিয়ে দিয়েছি। আমরা ৫ খানা বই করেছি। এই সব যে বই করেছি সেই বই আপনাদের দিয়েছি। পঞ্চায়েত তার সঙ্গে সংবিধান, দেশের আইন তার অবস্থান কি, এই স্বায়ত্ব শাসন অমুক তমুক এই সব। স্বায়ত্ত শাসন কি হবে আমি জানি না, রাজ্যই স্বশাসন হলো না। সেইগুলি মিউনিসিপ্যালিটি হয়ে আছে। আর মিউনিসিপ্যালিটিকে আপনারা বলছেন স্বশাসন সংস্থা করতে। যাই হোক মোটামুটি যা অবস্থা সেইগুলি আমরা বলেছি। কি করে বিকেন্দ্রীভূত পরিকল্পনা করতে হবে এটা নিয়ে আমরা পুস্তিকা তৈরি করেছি। আমাদের যে গ্রামীন উন্নয়ন কর্মসূচিগুলি আছে তা নিয়ে আমরা একটা পুস্তিকা তৈরি করেছি। তারপর স্বাস্থ্যের উপর পুস্তিকা তৈরি করেছি, শিক্ষার উপর পুস্তিকা তৈরি করেছি। এইরকম ৫ খানা পুস্তিকা তৈরি করেছি। যারা লেখাপড়া জানে না তাদের জন্য ভি.ডি.ও ক্যাসেট তৈরি করেছি। আমাদের জেলায় সেইগুলি নিয়ে প্রশিক্ষণ হচ্ছে। যারা প্রশিক্ষণ দিচ্ছে তাদের জেলা থেকে নাম করে পাঠিয়েছে, অফিসার বিশেষজ্ঞদের ইত্যাদি ইত্যাদি। তাদের আমরা রাজ্য কেন্দ্রে প্রশিক্ষণ দিচ্ছে। আপনারা জেনে খুশি হবেন আমরা যে বইগুলি করেছি 'ইউনিসেফ' সেইগুলির ইংরাজিতে অনুবাদ করেছে আমাদের অনুমতি নিয়ে,

এটা শুধু ভারতবর্ষে নয়, সারা পৃথিবীর বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেবার জন্য আপনারা হয়ত জেনে খুশি হবেন দিল্লির ইন্দিরা গান্ধী ওপেন ইউনিভাসিটি আমাদের কাছ থেকে কপি নিয়েছে। তাদের সারা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকার দায়িত্ব দিয়েছে প্রশিক্ষণের জন্য। যদি পঞ্চায়েত হয়, যদি ভবিষ্যতে নির্বাচন হয় তাহলে তাদের প্রশিক্ষণ দিতে হবে, তখন তার ভিত্তি হবে এই বইগুলো। দিল্লির ইন্দিরা গান্ধী অপেন ইউনিভাসিটি এইগুলি নিয়েছে। আপনারা জেনে খুশি হবেন রাজীব গান্ধী ফাউন্ডেশন আমাদের কাছ থেকে এই বইগুলি ধার করেছে। আমি আরও অনেক কথা বলতে পারি, আমি বলছি যেগুলি আমরা করার চেষ্টা করছি সেইগুলি বিনীত ভাবে বলবার চেষ্টা করছি। খারাপ করছি এই রকম মনে করবেন না। বলছি যে বিরোধীদের ভূমিকা কি হবে। শৈলজাবাবু বলেছেন, আমি কৃতজ্ঞ। জেলা পরিষদে বিরোধী দলের যিনি নেতা তাঁকে আমরা ডিস্ট্রিক্ট কাউন্সিলের চেয়ারম্যান করে দিয়েছি।তিনি যে কোনও জায়গায় অডিট অ্যাকাউন্ট দেখতে পারেন। এতো বড় ক্ষমতা ভারতবর্ষের পঞ্চায়েত ব্যবস্থায় কোনও রাজ্যে কারা দিয়েছেন? দিয়েছেন কেউ কোথাও? বলছেন দলবাজি, বলছেন অডিট কিছু করা হয় না। এতো বড় ব্যবস্থা তো এই জন্যই করেছি। আপনাদের ভূমিকা এবারে পালন করতে হবে। যাদের লোক এখানে নির্বাচিত তাদের দেখতে হবে তারা কি ভূমিকা পালন করছে, এই সব কি করতে পারে ইত্যাদি ইত্যাদি। গ্রামসভা সম্বন্ধে জিজ্ঞাসা করছেন যে গ্রামসভা কি হল। স্ববিরোধী কথা বলছেন। বলছেন গ্রাম সভা করুন, সেটা হচ্ছে না। তারপর বলছেন সেই মিটিং-এ আবার কোরাম রেখেছেন কেন? বলছেন এখানে গোনাগুন্তির ব্যাপার কেন? গ্রামসভা করবেন, ৫ জন এলে সেও মিটিং, কোরাম থাকার দরকার নেই?

(গোলমাল)

যাই হোক আমি বলছি, অসুবিধাটা কি শুনুন।

(গোলমাল)

অনুগ্রহ করে বসুন, আমি যখন বলছি। আমি বলছি আমাদের অসুবিধার কথা। গ্রামসভা আমরা করেছিলাম, যত ভোটার আছে তাদের নিয়ে গ্রাম সভা হবে। সংবিধান সংশোধন করে হলো গ্রামপঞ্চায়েতের যত ভোটার তাদের সবাইকে নিয়ে গ্রামসভা করতে হবে। মানে ১৫ হাজার ভোটার, তাদের নিয়ে কি করে গ্রাম সভা হবে? সেই জন্য আমাদের আবার নতুন করে আইন করতে হয়েছে, আইন সংশোধন করে গ্রাম সংসদ করতে হয়েছে। আমাদের নতুন করে আইনটা সংশোধন করতে হল। সেজন্য আমাদের অসুবিধাটা কি তা বলছি। এই যে আইনটা নতুন করে করলাম, এই সেসানে করলাম, এটার উপরে দাঁড়িয়ে এটা আমাদের করতে হবে। অডিটের কথা উঠেছে, সত্যবাবু বলছিলেন। আমি একটা জবাব দিয়েছিলাম। আমার কাছে ফিগার আছে, আপনি শুনবেন কি? আমরা এই বিষয়ে খুব সচেতন। আমাদের যে অডিট হওয়া উচিত, সেই বিষয়ে আমরা অনেক পিছিয়ে আছি। তথ্য দিয়ে আপনি যা বললেন সেটা ঠিক। আমি সারা রাজ্যের কথা বলছি, আলাদাভাবে বলতে পারছি না।

১৯৮৪-৮৫ সালে অডিট হয়েছে, ৩,১৯৭টির। ১৯৮৫-৮৬ সালে হয়েছে ৩,১২১, ১৯৮৬-৮৭ সালে হয়েছে ২,৯৭৩, ১৯৮৭-৮৮ সালে ৩,১৩৪, ১৯৮৮-৮৯ সালে ৩,০২৯, ১৯৮৯-৯০ সালে ২,৯২৫, ১৯৯০-৯১ সালে ২,৬৫৫, ১৯৯১-৯২ সালে ২,২৩৫, আর ১৯৯২-৯৩ সালে হয়েছে ১,৫০৪। আপনি কি একটা ডিস্ট্রিক্টের কথা বলছিলেন—মেদিনীপুরের কথা বলছিলেন, এটি সবচেয়ে বড় জেলা। এখানে ৫১৮টি গ্রাম পঞ্চায়েত আছে। ১৯৯১-৯২ সালে ৩৫৬ টি হয়েছে, আর ১৯৯২-৯৩ সালে ২৮৪টি হয়েছে। ৫১৫টির মধ্যে এটি হয়েছে। আমাদের রাজ্য সরকারের যেটা করণীয় সেক্ষেত্রে এগুলি হয়েছে। এবারে আর একটা দেখুন, আপনারা স্ববিরোধিতায় ভুগছেন কিনা, সেজন্য বলছিলাম। এটি কেন্দ্রের তাঁদের দায়িত্ব আছে যেখানে। সি.এ.জি. এবং ডি.এম. তাঁদের যে দায়িত্ব আছে, তাঁরা করবেন। আমাদের ৫১৮ হোক আর সারা রাজ্যে তিন হাজারের বেশি গ্রাম পঞ্চায়েত হোক, এগুলি আমাদের করতে হয়েছে। পঞ্চায়েত সমিতি বা জেলা পরিষদ ১৭টি হয়েছে। জেলা পরিষদ, মহকুমা পরিষদ পঞ্চায়েত সমিতি হচ্ছে ৩৪০, এই ক'টি হয়েছে। কি হাল হয়েছে এটা একটু দেখুন। ১৯৯২-৯৩তে একটিও হয়নি। **(ভয়েস ঃ আপনারা পেপার্স দিতে পারেন নি)** আমার কাছে চিঠিটা আছে, আমি দিয়ে দিচ্ছি। এগজামিনার অব অ্যাকাউন্টস আমার সচিবকে বলেছেন, "I would like to inform you that steps have been taken to conduct audit of the accounts of Zilla Parishad and Panchayat Samitis as far as practicable with limited staff strength during the financial year." বুঝেছেন তো, কেন তাহলে দেরি হয়েছে? **(ভয়েস ঃ আপনারা পেপার দেন নি।)** এটা হচ্ছে তুমি জল ঘোলা করো নি, তোমার বাবা জল ঘোলা করেছিল। সেজন্য আমি বলছি একটু বোঝবার চেষ্টা করুন অসুবিধাটা কি? পঞ্চায়েত সমিতির সদস্যরা পঞ্চায়েতে সদস্য থাকবেন। তবে প্রধান ইলেকশনে ভোট দিতে পারবেন না, কোথাও যদি প্রধান ইলেকশন করতে হয় তখন। এবারে আমি অন্য কথায় আসছি। গ্রামীণ কর্মসংস্থান, এ নিয়ে অনেক তথ্য দেওয়া হয়েছে। বাস্তব অবস্থাটা কি তা খবর নিয়ে একটু বলুন। তা না করে কোনও খবরের কাগজ কি লিখেছে তা থেকে পড়লেন। এটা হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার, তাঁরা অ্যানুয়াল রিপোর্ট ইভ্যালুয়েশন রিপোর্ট বার করেন। তুলনা যদি করতে হয়, তাহলে এটা থেকেই করতে হয়। তারজন্য এগুলো পড়াশোনা করা ভাল। ডিফলকেশন হয়েছে ১৪৬টি, অডিট ইত্যাদিতে গোলমাল থাকার জন্য গ্রাম পঞ্চায়েতে। পঞ্চায়েত সমিতিতে আরও ৫টি হয়েছে। চারজন প্রধান অ্যারেস্ট হয়েছেন, এফ.আই.আর. হয়েছে, এখন পর্যন্ত যে হিসাব আমি পেয়েছি সেই অনুসারে আমি বলছি।

[5-35 — 5-45 p.m.]

গ্রামীণ কর্মসংস্থানের ব্যাপারে আমি ছোট করে বলে দিই যে কেন্দ্রীয় সরকার কতটা দিয়েছে এবং তার কতটা আমরা পেয়েছি বা পাই নি তার একটা হিসাব দিচ্ছি। কেন্দ্রীয় সরকার ১৯৯৩-৯৪ সালে ফাস্ট স্ট্রীমে এবং সেকেন্ড স্ট্রীমের জে আর ওয়াইতে এমপ্লয়মেন্ট

অ্যাসুরেন্স দিয়েছে ২৬৩ কোটি ৬২ লক্ষ ৬ হাজার টাকা আর খরচ হয়েছে কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন, এক্সপেন্ডিচার রিপোর্ট যেটা আছে এই এই বছর বেরিয়েছে সেই হিসাবে. ২৯৮ কোটি টাকা ৭৩ লক্ষ ৪৯ হাজার টাকা। সুতরাং কোনটা বেশি আর কোনটা কম সেটা আপনাদের পাটিগণিতিক জ্ঞান আশা করি আছে তাই দিয়ে বুঝে নেবেন। তারপরে ম্যানডেজে রিভাইজড টার্গেট তাতে জওহর রোজগার যোজনায়।........

(এই সময়ে ডাঃ মানস ভুঁইয়া বলতে শুরু করেন)

নয়েজ

**মিঃ ডেপুটি স্পিকার :** মানস বাবু এটা কোশ্চেন আওয়ার নয় যে আপনি প্রশ্ন করবেন আর মন্ত্রী উত্তর দেবেন।

**ডাঃ মানস ভুঁইয়া :** স্যার, হি ইজ টোটালি মিসলিডিং দি হাউস।

**মিঃ ডেপুটি স্পিকার :** তিনি যদি হাউসকে মিসলিড করেন আপনি তার এগেনস্টে প্রিভিলেজ আনতে পারেন, সংসদীয় গণতন্ত্রে এটাই হচ্ছে পদ্ধতি, আপনি বসুন।

**Dr. Zainal Abedin :** Sir, inaccuracy of the statement by a Minister does not entertain or attract the provisions for the demand of a privilege. But is the parliamentary decorum. We can challenge it.

**Mr. Deputy Speaker :** If he is not making it deliberately or if his intention is not deliberate, then you cannot. If his intention is not deliberate you cannot challenge it.· But if you can prove that he is deliberately misleading the House, then that will be decided by the privilege committee.

**ডাঃ সূর্যকান্ত মিশ্র :** আমি যা বলছি লিখিতভাবে এটাই থাকবে এবং সেই হিসাবেই বলছি যে শ্রম দিবসের লক্ষ্যমাত্রা ছিল ৫ কোটি ৬৩ লক্ষ ৮১ হাজার। এই বছরের যে শ্রম দিবস তৈরি হয়েছে, এই সমস্ত গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প নিয়ে সেটা ৬ কোটি ৬ লক্ষ ৫৬ হাজার—এটা এমপ্লয়মেন্ট অ্যাসিওরেন্স স্কীম নিয়ে। এটাও লিপিবদ্ধ থাকবে। আমি আরও বলছি, সেইগুলিও লিপিবদ্ধ থাকবে, এখানে যেটা অ্যানুয়াল রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন এখানে খরচ হয়েছে স্থায়ী সম্পদ তৈরি হয়েছে। যদি রাজ্যগুলির সঙ্গে তুলনা করেন তাহলে দেখবেন এখানে এই রাজ্যে জুন পর্যন্ত, সেপ্টেম্বর এবং মার্চ পর্যন্ত রিপোর্ট আছে।

**মিঃ ডেপুটি স্পিকার :** আমাদের টাইম শেষ হয়ে যাচ্ছে, কাজেই আপনার বোধহয় আরও ৫/১০ মিনিট লাগবে, সেইজন্য এটার জন্য আমি আরও আধঘন্টা সময় বাড়িয়ে নিচ্ছি, আশা করি আপনাদের এতে আপত্তি নেই।

(গোলমাল)

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রত্যেকবারে দেখছি এক্সট্রা টাইম আপনি মন্ত্রীদের দিচ্ছেন। মন্ত্রীরা অতিরিক্ত সময় পাচ্ছে বক্তৃতা করার জন্য। আমরা সব সময়ে দেখছি, মন্ত্রী ডিবেট পার্টিসিপেট করার সময় এক্সট্রা টাইম পাচ্ছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** কালকে আপনাদের লিডারকে ১০ মিনিটের জায়গায় ২০ মিনিট সময় দিয়েছি। কাজেই আপনারা প্রত্যেকেই টাইম নিচ্ছেন। এখন হাউসের টাইম এক্সটেন্ড করছি, আশা করি আপনাদের এতে আপত্তি নেই।

(গোলমাল)

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** স্যার, অ্যানুয়াল রিপোর্ট যদি আপনি দেখেন তাহলে দেখবেন এরিয়া কভার্ড আন্ডার সোশ্যাল ফরেস্ট্রি, সামাজিক বন সৃজন-এর এলাকার দিক দিয়ে পশ্চিমবাংলা সমস্ত রাজ্যগুলির মধ্যে প্রথম স্থানে আছে। আপনারা যদি দেখেন তাহলে দেখবেন ড্রিঙ্কিং ওয়াটার এর ক্ষেত্রে ১ নম্বর হচ্ছে পশ্চিমবঙ্গ, ডেভেলপমেন্ট অফ হাউস সাইটস এক দিক দিয়ে ১ নম্বর হচ্ছে পশ্চিমবঙ্গ, মহিলা মন্ডল এর দিক দিয়ে ১ নম্বর হচ্ছে পশ্চিমবঙ্গ, ২ নম্বর কয়েকটি জায়গায় আছে, স্থায়ী সম্পদ ইত্যাদির ব্যাপারে মাইনর ইরিগেশন ইনক্লুডিং কনস্ট্রাকশন অফ ভিলেজ ট্যাঙ্ক, এখানে পশ্চিমবঙ্গ ২ নম্বরে আছে। স্যানিটারি ল্যাট্রিনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ২ নম্বরে আছে। এই সমস্ত সম্পদ তৈরি হয়েছে, তার বিবরণ এখানে আছে। এটা আমি এ্যানুয়াল রিপোর্ট-গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার থেকে বললাম। ইন্দিরা আবাস যোজনা নিয়ে অনেক কথা বলা হয়েছে। কেন্দ্রীয় সরকার একটা স্টাডি করেছে, তার রিপোর্টও প্রকাশ হয়েছে, এখানে মূল বিষয় কি, আপনাদের বলি, সিলেকশন ক্রাইটেরিয়া যেটা ছিল, সিলেকশন ফর অল ওভার ওয়েস্টবেঙ্গল মানে গ্রাম পঞ্চায়েতে Almost all the guidelines for construction have been followed in West Bengal. No contractors or middlemen have been involved in construction of these houses in West Bengal. In this State the work has been done either by the beneficiary household or by the Gram Panchayat. সেকেন্ড হচ্ছে হরিয়াণা এবং অন্ধ্রপ্রদেশ। অন্যান্য রাজ্যে অনেক বাড়ি তৈরি হয়েছে, এটা ঠিকই, কিন্তু মুশকিল হচ্ছে সেই বাড়িতে লোক থাকে না, বাড়ি তৈরি হয়েছে, কিন্তু লোক থাকে না। পশ্চিমবঙ্গ হচ্ছে একমাত্র রাজ্য যেখানে একটিও আন অকুপাইড হাউস পাওয়া যাবে না। বিভিন্ন রাজ্য নিয়ে আমি আপনাকে বলতে পারি সোল্ড আউট, ইন্দিরা আবাসনের বাড়ি বিক্রি করে দিচ্ছে, ইন্দিরা গান্ধীর যারা প্রিয়পাত্র। আসামে, কর্ণাটকে, তামিলনাডুতে রেন্টেড হাউস, খালি আছে অন্ধ্র প্রদেশে, আসাম, উড়িষ্যা, গুজরাট, কর্ণাটক, রাজস্থান।

[5-45 — 5-55 p.m.]

ড্যামেজড বাই সাইক্লোন স্টর্ম, এটা বাদ দিচ্ছি, এটা হতেই পারে। হাউস ইনকমপ্লিট

থেকে গেছে কেরালা, ইউ.পি-তে, ইউসড এজ স্টোর, ঘর ভাড়া হিসাবে ব্যবহৃত হচ্ছে কর্ণাটক ও উত্তরপ্রদেশ। আমাদের মত খুব কম রাজ্যই আছে, পশ্চিমবাংলায় প্রত্যেকটি বাড়ি ব্যবহৃত হচ্ছে। যে বাড়িতে লোক থাকে না, যে বাড়ি ভাড়া হিসাবে ব্যবহৃত হচ্ছে সেই বাড়ি তৈরি করে লাভ কি? আই.আর.ডি.পি. নিয়ে এখানে দু-একটি কথা বলা দরকার। আই.আর.ডি.পি. নিয়ে আপনারা ঠিকই বলেছেন, আমরা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারিনি। আমরা পর পর কয়েক বছর লক্ষ্যমাত্রা অর্জন করেছিলাম, কিন্তু এই লক্ষ্যমাত্রা অর্জন করতে পারিনি। এই আশঙ্কটা আমাদের অনেক আগে থেকেই ছিল। কিন্তু আমরা একটা দৃঢ় সিদ্ধান্ত নিয়েছিলাম গত বছর। আই.আর.ডি.পি. ব্যাঙ্ক স্যাংশন করে দেয়, কিন্তু টাকা আমরা হাতে পাই অনেক দেরিতে। বছরের শেষে যখন আমরা পর্যালোচনা করে দেখি, যে ব্যাঙ্কের স্যাংশন করা টাকা বেনিফিসিয়ারিদের কাছে পৌঁছল কিনা? কিন্তু আমরা দেখি প্রাপকদের কাছে পৌঁছায়নি। সেইজন্য আমরা ঠিক করেছিলাম আগে ব্যাঙ্ককে টাকা দিয়ে দিতে হবে, তারপর অনুদান ঋণ পরে দিয়ে দেব। প্রত্যেকটি জেলায় একটা লিঙ্ক ব্যাঙ্ক করে দিয়েছি এবং আমাদের টাকা আমরা সেখানে রেখে দিয়েছি। আগে ব্যাঙ্ক ডিসবার্স করার পর এখান থেকে ক্লেইম করব। তাই এই বছর আমাদের একটু অসুবিধা হয়েছে। কিন্তু আমি আত্মবিশ্বাসের সঙ্গে বলতে পারি এই বছরের আগের আগের বছর পর্যন্ত যত আনডিসবার্স কেস ছিল, আর এই বছর যা ডিসবার্স হয়েছে আমাদের গত বছরের চাইতে ছাড়িয়ে গেছে। সেইজন্য আমরা চেষ্টা করছি, কোয়ালিটির ব্যাপারে, গুণগত দিকের ব্যাপারে কোনও কম্প্রোমাইজ করব না। সেইজন্য এটা তুলনা করে কোনও লাভ নেই। কত কি হল, কিন্তু লোকে যদি না পায় তাহলে কি লাভ হবে। ট্রাইসেমেও একই হিসাব আমরা বলতে পারি। ট্রাইসেম হবে কিসের জন্য? ট্রেনিং দিয়ে স্ব-নিযুক্তিতে তাদের আনতে হবে। আপনারা যদি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার রিপোর্ট দেখেন, রুর‍্যাল ডেভেলপমেন্ট রিপোর্ট যদি দেখেন তাহলে দেখবেন—মান্নান সাহেবের কাছে রিপোর্টটা আছে আপনি অনুগ্রহ করে দেখুন—সারা ভারতবর্ষের যে গড় তাতে আমাদের পশ্চিমবাংলা সব সময় এগিয়ে আছে। সেল্ফ এমপ্লয়মেন্ট এবং ওয়েজ এমপ্লয়মেন্ট দুটোতেই আমরা এগিয়ে আছি। যদি আপনারা ঐ রিপোর্ট দেখেন তাহলে দেখবেন আমাদের প্রোগ্রেসটা। তবে আই.আর.ডি.পি. যদি না পাই, তাহলে শুধু ট্রাইসেম ট্রেনিং দিয়ে লাভ কি? আপনারা দেখবেন না এতসব রিপোর্টের মধ্যে কোনও রাজ্য এগিয়ে আছে। এত যে ট্রেনিং দেওয়া হল, তার মধ্যে কতজন আই.আর.ডি.পি. পেল? ৫,৫২৫ জনকে আমরা আই.আর.ডি.পি. দিতে পেরেছি। আমাদের গুণগত দিকটার উপর জোর দিতে হবে। সংখ্যাগত দিক এবং পরিমাণগত দিক দুটোতেই আমাদের জোর দিতে হবে। একজন সদস্য বললেন যে ১৩০ কোটি টাকা নাকি আমাদের ব্যাঙ্কে সুদে খাটেছে। এসব তথ্য কোথায় পেলেন, কোথায় খাটছে, আমি জানি না। এটা অসত্য কথা। আপনারা আরও বলেছেন যে জওহর রোজগার যোজনা ছাড়া পঞ্চায়েতের আর কোনও গতি নেই। পঞ্চায়েতের নাকি আর কোনও কাজ নেই। আজকে গ্রামে পঞ্চায়েতের কর্মক্ষেত্র নতুন নতুন ক্ষেত্র প্রসারিত হচ্ছে। পঞ্চায়েতের সবচেয়ে বড় দৃষ্টান্ত হচ্ছে সাক্ষরতা। পঞ্চায়েত ছাড়া সাক্ষরতা অভিযান পশ্চিমবাংলায় কোথাও হয়নি। আমরা স্যানিটেশন নিয়ে যে

মুভমেন্ট আরম্ভ করেছি, ভর্তুকি ছাড়া হাজার হাজার পায়খানা তৈরি হচ্ছে। আজকে গ্রামে পঞ্চায়েত টিউবওয়েল মেইনটেইন করছে, চাঁদা তুলে টিউবওয়েল মেইনটেইন করছে। এইগুলো জেনে হয়ত আপনারা আনন্দিত হবেন না, দুঃখিত হবেন। সারা ভারতবর্ষের মধ্যে আমাদের রাজ্য দৃষ্টান্ত হিসাবে কাজ করছে। অন্য রাজ্যের মন্ত্রী মহাশয়রা এখানে এসেছিলেন, তারা এখান থেকে অভিজ্ঞতা নিয়ে গেছেন, আপনারা তা নিশ্চয়ই কাগজে দেখে থাকবেন। বিশ্বস্তরে সংস্থাগুলো এখান থেকে অভিজ্ঞতা নেওয়ার চেষ্টা করেছে। আমি আশা করি তাদের সঙ্গে সঙ্গতি রেখে আপনারাও অভিজ্ঞতা নেবেন। আপনাদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-55 — 6-00 p.m.]

**Demand No. 59**

**Mr. Deputy Speaker :** Now I put to vote cut motion No. 3 since I understand that division will be demanded on cut motion nos. 1 & 2.

The motion (cut motion no. 3) of Shri Abdul Mannan that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and lost.

The motions (cut motions no 1 & 2) of Shri Abdul Mannan that the amount of the Demand be reduced by Rs.100/- was then put and a division was taken with the following result.

**NOES**

Abu Ayes Mondal, Shri

Abul Basar, Shri

Adak, Shri Nitai Charan

Bagdi, Shri Bijoy

Baora, Shri Samar

Biswas, Shri Kamalaksmi

Bouri, Shri Angad

Bouri, Shri Haradhan

Chattopadhyay, Shrimati Sandhya

Das, Shri Ananda Gopal

Das, Shri S.R.

Das, Shri Soumindra Chandra

Das Mahapatra, Shri Kamakhyanandan

Deb, Shri Goutam

Dey, Shri Lakshmi Kanta

Dhar, Shri Padmanidhi

Duley, Shri Krishnaprasad

Ghosh, Shri Biren

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Sunil Kumar

Goswami, Shri Kshiti

Goswami, Shri Subhas

Hazra, Shri Haran

Hazra, Shri Samar

Halder, Shri Krishnadhan

Hore, Shri Tapan

Jahangir Karim, Shri Sk.

Jamadar, Shri Badal

Jana, Shri Manindra Nath

Koley, Shri Barindra Nath

Mahata, Shri Kamala Kanta

Mehta, Shri Nishikanta

Majhi, Shri Bhandu

Majhi, Shri Nandadulal

Malakar, Shri Nanigopal

Mamtaz Begum, Shrimati

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Biswanath

Mondal, Shri Ganesh Chandra

Mondal Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mondal, Shri Manik Chandra

Md. Ansaruddin, Shri

Misra, Shri Surya Kanta

Mistry, Shri Bimal

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Narayan

Munda, Shri Chaitan

Murmu, Shri Maheswar

Pakhira, Shri Ratan Chandra

Pradhan, Shri Prasanta Kumar

Pramanik, Shri Abinash

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Subhash Chandra

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendhu

Sarkar, Shri Sisir Kumar

Sen, Shri Dhirendra Nath

Seth, Shri Lakshman Chandra

Shaikh Khabiruddin Ahmed, Shri

Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra

Sinha, Shri Nirmal

Sk. Nazmul Haque, Shri

Soren, Shri Khara

**AYES**

Abdul Mannan, Shri

Banerjee, Shri Prabir

Bapuli, Shri Satya Ranjan

Bhunia, Dr. Manas

Das, Shri Sanjib Kumar

Gyan Singh Sohanpal, Shri

Sinha, Shri Atish Chandra

Zainal Abedin, Dr.

**Abst :**

Sarkar, Shri Deba Prasad.

Ayes being and Noes-67 and Abst-1 the motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.46,75,75,000 be granted for expenditure under Demand No.59, Major Head : "2501—Special Programme for Rural Development".

(This is inclusive of a total sum of Rs.15,58,60,000 already voted on account) was then put and agreed to.

**Demand No. 60**

**Mr. Deputy Speaker :** Now I put all the cut motions to vote. The motions have already been moved.

The motions (cut motion no. 1,2, & 3) of Shri Deba Prasad Sarkar that the amount of Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.6,39,50,47,000 be granted for expenditure under Demand No.60 Major Head : "2505—Rural Employment."

(This is inclusive of a total sum of Rs.2,13,16,85,000 already voted account in March, 1994) was then put and agreed to.

## Demand No.63

**Mr. Deputy Speaker :** Now I put to vote all the cut motions. The motions have already been moved.

The motions (cut motion no.1 & 2) Shri Subrata Mukherjee that the amount of Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 46,04,71,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads : "2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) and 6515—Loans for other Rural Development Programmes (Community Development).

(This is inclusive of a total sum of Rs.15,34,97,000 already voted on account) was then put and agreed to.

## Adjournment

At this stage the House was adjourned at 6 p.m. till 11 a.m. on Friday, the June 3, 1994, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 3rd June, 1994 at 11-00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, 7 Ministers of State and 122 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions
### (to which oral answers were given)

### Candidates Admitted in the M.B.B.S. Course in Government Quota

*14 (Admitted Question No. *12) **Shri Gyan Singh Sohanpal :** Will Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

> The names of condidates admitted in Government Quota in the M.B.B.S. Course for the academic session 1993-94 on the recommendations of the Chief Minister ?

**Shri Prasanta Kumar Sur :**

> The Candidates recommended by the State Government are Miss Afsand Kabir Rashid, Kaushik Roy Mazumdar, Amit Kumar Ghosh, Surya Gupta, Santimoy Dutta, Siddhartha Shankar Das, Saugata Das, Salauddin Ahmed, Miss Alpana Chetri, and Manish Singh.

**Shri Gyan Singh Sohanpal :** Will the Hon'ble Minister be pleased to state who were the sponsorers of those candidates whether the candidates approached the Government direct or their names had been recommended by any political party or person in the Opposition ?

**Shri Prasanta Kumar Sur :** Mr. Speaker Sir, I have not got all the details now but I can give 2/3 names which had been recommended by the President of the West Bengal Pradesh Congress, Committee, the Leader of the Opposition Mr. Subhas Ghising and others. I can submit the list of recommenders containing other details if it is really demanded by the Hon'ble members. I can give the details to the Hon'ble member

Shri Gyan Singh Sohanpal, if he requires it; even I can give him, this evening, the other details.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, the Hon'ble Minister has only disclosed the names of some of the sponsorers but the rest have not been disclosed, perhaps for political reasons. Since the Hon'ble member has given assurance, I am proceeding to put my second supplementary. Sir, who are eligible for admission against the government quota and whether the government has prescribed any guideline in this regard ?

**Shri Prasanta Kumar Sur :** Yes, there is a guideline this is for those who are not coming in the list of the Joint Entrance. If they get more than 50% marks in the other examinations, e.g. Higher Secondary Examination, they are entitled to get admission from the State Govt.s quota.

**Shri Gyan Singh Sohanpal :** Sir, whether the government has set apart or earmarked or reserved any seat for the minority or backward classes. If not, whether the government will consider the desirability of having some seats reserved out of the Govt. quota for these two categories ?

**Shri Prasanta Kumar Sur :** The practice is whenever such names come, the State Government accepts them.

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আপনি কোটার ব্যাপার বলছিলেন যে, ডাঃ জয়নাল আবেদিন এবং শ্রী সোমেন মিত্র-কংগ্রেস দলের এই দুইজনের রেকমেন্ডেশনকে কনসিডার করা হয়েছে। আমার প্রশ্ন, অতীতে চিফ মিনিস্টারকে কোটা কি এইভাবেই পূরণ করা হয়েছে?

**Shri Prasanta Kumar Sur :** A letter was written by Shri Somen Mitra in the Congress Letter Head and the point is that any such requests coming from the political party they are accepted by the State Government.

**Shri Saugata Roy :** Sir, the Health Minister has said that he has accepted one name on the recommendation of the PCC president, one name on the recommendation of Shri Subhash Ghising. I find from the list that out of ten names, two names are for the minority community and two names seem to be belonging to Hill Tribes-Miss. Alpana Chetri and Shri Manish Singh. So, may I ask the Hon'ble Health Minister whether among the rest of the names there is any SC, ST or backward class candidate and if so, by whom they had been recommended.

**Shri Prasanta Kumar Sur** ; I have already informed that I will give the details by this evening.

**শ্রী ধীরেন সেন** ঃ পলিটিকাল পার্টির রেকমেন্ডেশন ছাড়া অন্যগুলো কি মেথডে পূরণ করা হয়েছে?

**Shri Prasanta Kumar Sur** : There is really no such hard and fist rule. Important personalities, political parties and the SC and ST, Minority communities—practically these are the cases who are really being considered and if they are recommended by any proper authority, we accept them.

**শ্রী সুভাষ বসু** ঃ আমার প্রশ্ন, শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইব এবং পলিটিক্যাল পার্টির ব্যক্তিত্ব সম্পন্ন মানুষদের রেকমেন্ডেশনে কত পারসেন্ট এবং জেনারেল কত পারসেন্ট পূরণ হয়েছে?

**Shri Prasanta Kumar Sur** : These are really the cases we take into consideration each and individual cases separately. Just like I can tell you that some time back one, Shrimati Anita Dhawan, was killed in an accident and her only son was recommened by the State Government as the first candidate.

[11-10 — 11-20 a.m.]

**শ্রী সঞ্জীব দাস** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে যাদের নাম রেকমেন্ড করা হয়েছে তাদের কি জয়েন্ট এন্ট্রানসে বসা কম্পালসরি, না না বসলেও তাদের নাম রেকমেন্ড করা হয়?

**Shri Prasanta Kumar Sur** : Generally they have to sit in the Joint Entrance Examination.

**শ্রী পদ্মনিধি ধর** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ১৯৭৭ সালের পরে পশ্চিমবঙ্গে একটা নতুন নিয়ম বামফ্রন্ট সরকার গ্রহণ করেছে। এখানে বিরোধীদের সংখ্যা কম হলেও তাদের যথেষ্ট মর্যাদা দেওয়া হয়েছে।

**মিঃ স্পিকার** ঃ এসব হবে না। আপনি বসুন।

**Shri Santashri Chattopadhyay** : Will the Hon'ble Minister be pleased to state whether the system of govenrment quota has been introduced by the Left Front or the system has been in vogue for to pretty long time?

**Shri Prasanta Kumar Sur** : I do not know whether it has been going on for a long time or not. But it is going on and we are

following that.

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্ন হচ্ছে, যেহেতু এম বি বি এস পরীক্ষায় সাধারণ ভাবে সুযোগ পায় রাজ্যের সবচেয়ে সেরা এবং মেধাবী ছাত্ররা। কাজেই কোটায় যারা আসছে তাদের ন্যূনতম শিক্ষার মান যা আপনি ব্যক্ত করেছেন, আপনি বলেছেন যে ৫০ পারসেন্ট। কিন্তু ৭৫ পারসেন্ট, ৮০ পারসেন্ট যারা পাচ্ছে, তাদের সঙ্গে ঐ ৫০ পারসেন্টের ছেলেরা ভর্তি হচ্ছে। কাজেই ন্যূনতম মান ৫০ পারসেন্ট যেটা বলেছেন, সেটাকে আর একটু উপরের দিকে তোলার কথা বিবেচনা করবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমাদের ৫৫টি সিট আছে। যারা খুব ভাল রেজাল্ট করে তারা মোটামুটি অ্যাকোমোডেট হয়ে যায়। আর সুপ্রীম কোর্টের জাজমেন্ট অনুযায়ী ১৫ পারসেন্ট গভর্নমেন্টের কোটায় দেওয়া হয়। সাধারণত যারা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষায় বসে তাদের পার্টিকুলার কেসগুলি মেরিট দেখে করা হয়। আর এটা কখনও ৬০ পারসেন্ট হতে পারে, কখনও ৭০ পারসেন্ট হতে পারে। কাজেই বলা হয়েছে যে ৫০ পারসেন্টের অ্যাবাভ হতে হবে।

**চালকলগুলি থেকে লেভির মাধ্যমে চাল সংগ্রহ**

*১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১০১) **শ্রী আবু আয়েশ মন্ডল :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ সালে এ-রাজ্যে চালকলগুলি থেকে লেভি মারফত চাল সংগ্রহের কোনও লক্ষ্যমাত্রা ছিল কি না ;

(খ) থাকলে, লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(গ) সংগৃহীত চালের পরিমাণ কত?

**শ্রী নরেন্দ্রনাথ দে :**

(ক) হ্যাঁ। লক্ষ্যমাত্রা ছিল।

(খ) লক্ষ্যমাত্রা ছিল ২ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন।

(গ) ১ লক্ষ ৪৪ হাজার ৫৭ মেট্রিক টন (২৫-৫-৯৪ তাং পর্যন্ত) অর্থাৎ ৫৭.৬ শতাংশ। গত পরশুর ফিগার বললাম।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** স্যার, আমরা জানি যে পশ্চিমবঙ্গ খাদ্যে ঘাটতি রাজ্য এখানে গণবণ্টন ব্যবস্থাকে ঠিকভাবে রাখতে গেলে কেন্দ্রীয় সাহায্য প্রয়োজন, কিন্তু তারা প্রয়োজন মতো বরাদ্দ করেন না, যাও বা বরাদ্দ করেন, সরবরাহ কমিয়ে দেন এবং যথা সময়ে আসে না। এই পরিস্থিতিতে রাজ্য সরকারকে চালকলগুলির উপর থেকে লেভি সংগ্রহ করতে হয়। আমি জানতে চাইছি, কি হারে চালকলগুলি থেকে লেভি ধার্য হয় এবং সংগ্রহ করেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** আমাদের দুটি পদ্ধতি আছে, চালকলগুলি থেকে লেভি ধার্য করা এবং সেখান যে টোটাল প্রোডাকশন হয়, সেখান থেকে, প্রত্যেকটি মিল থেকে শতকরা তিরিশ ভাগ লেভি দিতে হবে। অথবা সেই চালকল মালিকদের সঙ্গে বসে একটা চুক্তি হয়, সেই অনুযায়ী লেভি দেয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** বিগত আর্থিক বছরে ১৯৯৩-৯৪ সালে এই চালকলগুলো থেকে লেভি বাবদ যে চাল সংগ্রহ করা হয়েছে, বিগত ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪ সালে সাধারণ মানে চাল, মিহি এবং অতিমিহি চালের প্রকিওরমেন্ট প্রাইসটা কি ছিল?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** ১৯৯২-৯৩ সালে সংগ্রহ মূল্য, সাধারণ চালের ক্ষেত্রে ছিল ৪৩৩.৮০ টাকা, ১৯৯৩-৯৪ সালে সেটা হয়েছে ৪৮৮.৫০ টাকা। ১৯৯২-৯৩ সালে মিহিচালের সংগ্রহ মূল্য ছিল ৪৫৩.৩৫ টাকা, এবং ১৯৯৩-৯৪ সালে সেটা হয়েছে ৫৩০.৯০ টাকা। ১৯৯২-৯৩ সালে সুপারফাইন, অতিমিহি চালের সংগ্রহ মূল্য ছিল ৪৬৮.৫০ টাকা, আর এই বছরে ১৯৯৩-৯৪ সালে সেটা হয়েছে ৫৬১.২০ টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল :** গণবণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করতে আপনি যা বললেন, তাদের কাছ থেকে প্রায় ৫৮ পারসেন্ট কম সংগ্রহ হয়েছে। এই অবস্থায় গণবণ্টন ব্যবস্থাকে যথাযত রাখতে হলে যতগুলো চালকল আছে, তাদের কাছ থেকে যে হারে আদায় করছেন, তা থেকে বেশি হারে করা যায় কিনা—হারটা বাড়াবার কোনও পরিকল্পনা আপনার আছে কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** আমাদের রাজ্যে যতগুলো চালকল আছে, তাতে যে মোট ধান ভাঙা হয়, বড় কলগুলো থেকে শতকরা ২০ ভাগ, আর বাকিগুলো থেকে ৮০ ভাগ ধান- আমাদের ছোট ছোট যেসব হাস্কিং কল আছে, সেখানে থেকে নেওয়া হয়। আমরা একটা উদ্যোগ নিয়েছি, সেখানে কিছু লেভি সংগ্রহ করার জন্য।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, মন্ত্রীরা যে উত্তর দিচ্ছেন তা রুলস অনুযায়ী দিচ্ছেন না। এখানে দেখুন প্রশ্ন করা হয়েছে ১৯৯৩-৯৪ সালে লক্ষ্মমাত্রা কত ছিল এবং সংগৃহীত চালের পরিমাণ কত? মন্ত্রী উত্তর দিলেন, লক্ষ্যমাত্রা ছিল আড়াই লক্ষ মেট্রিক টন, কিন্তু সংগ্রহ হয়েছে ১ লক্ষ ১৪ হাজার ৩৭০ মেট্রিক টন ১-৬-৯৩ পর্যন্ত। প্রশ্নটি ছিল ১৯৯৩-৯৪ সালে মোট কত সংগৃহীত হয়েছে, স্পেসিফিক প্রশ্ন স্পেসিফিক উত্তর দেওয়া উচিত ছিল। সুতরাং যে ফিগারটা উনি দিলেন তা কনফিউসিং লাগছে। এর উত্তরটা উনি দেবেন, এবং এখন আমার প্রশ্ন হচ্ছে, আপনার লক্ষ্যমাত্রা যেখানে ছিল আড়াই লক্ষ মেট্রিক টন, সেখানে সংগ্রহ এত কম হওয়ার কারণ কি?

[11-20 — 11-30 a.m.]

**শ্রী নরেন্দ্রনাথ দে :** ১৯৯৩-৯৪ সালের যে তথ্য দিয়েছি ১.৬ এই বিষয়ে কনফিউসন হওয়ারই কথা, এতে কোনও অস্বাভাবিক নয়। তবে আমাদের আর্থিক বছর অর্থাৎ ফসলের সাল হচ্ছে ১৯৯৩-৯৪ সালে অক্টোবর থেকে সেপ্টেম্বর। সেই অনুযায়ী তথ্য দিয়েছি। এখনও ১৯৯৩-৯৪ সালের আর্থিক ফসলের বছর শেষ হয় নি। এখনই প্রায় ৫৯ শতাংশ আদায়

হয়েছে। লেভির যে লক্ষ্যমাত্রা তাতে বোরো ধান আসবে। সুতরাং আরও কিছুটা যোগ হবে। দ্বিতীয়ত হচ্ছে যে, আপনি যেটা বলেছেন যে কেন কম হচ্ছে তার কারণ হচ্ছে যে সাধারণভাবে বাজারে যে দাম থাকে সেটা আমাদের যে লেভির দাম তার থেকে কম থাকে বলেই আদায় করতে অসুবিধা হচ্ছে। এইবার এফ সি আই যে চাল আদায় করবে সেখানে যখন পিক ইয়ার যেমন নভেম্বর-ডিসেম্বর সেই সময়ে বেশি চাল আদায় হয়। বর্ধমান, বাঁকুড়া, বীরভূম সেই সব জেলায় বেশি চাল পাওয়া যায় সেখানে এফ সি আইয়ের গো-ডাউন খোলা ছিল না, এরফলে আদায় করতে অসুবিধা হয়েছে। এরফলে ১ মাসের মতো সময় দেরি হয়েছে এবং এছাঁড়া ডিলের আরও কিছু কারণে হয়েছে যারজন্য কম আদায় হয়েছে।

**শ্রী সুভাষ বসু :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ১৯৯৩-৯৪ সালে যে সংগ্রহ মূল্য তাতে কেন্দ্রীয় সরকার চালের দাম বাড়িয়ে যে সরবরাহ করছেন তার থেকে আপনাদের দামের পার্থক্য কতটা? এই দাম বাড়ার ক্ষেত্রে আপনাদের সংগ্রহ মূল্যের পার্থক্য কত?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** এর উত্তর দেওয়ার অসুবিধা আছে।

**শ্রী জটু লাহিড়ি :** মাননীয় মন্ত্রী মহাশয় যে লক্ষ্যমাত্রার কথা বলেছেন তাতে লেভি আদায়ের ক্ষেত্রে মাঝে মাঝে অর্দ্ধেক বা কম হচ্ছে কেন এবং এই লেভি আদায়ের ব্যাপারে আপনারা কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** লেভি আদায় অনেকগুলো ফ্যাক্টরের উপরে নির্ভর করে। স্থানীয়ভাবে জেলা শাসক, জেলা পরিষদের সকল সদস্যর নিয়ে যাতে লেভি আদায় হয় তার চেষ্টা করা হচ্ছে। এরজন্য জেলায় জেলায় সভা করে মিল মালিকদের উপরে চাপ সৃষ্টি করে, এমন কি সেখানে কোনও মিল মালিক যদি লেভির গরমিল দেখায় তাহলে তার বিক্রি পর্যন্ত বন্ধ করে দেওয়া হবে এই কথা বলা হচ্ছে।

**শ্রী তপন হোড় :** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে চালকল মালিকদের কাছ থেকে অর্থাৎ হাস্কিং মেশিনের মালিকদের কাছ থেকে লেভি আদায় করবেন, কিন্তু যে প্রচুর বিনা লাইসেন্সে হাস্কিং মেশিনগুলো চলছে এই ব্যাপারে কি উদ্যোগ নিয়েছেন? তাদের কাছ থেকে লেভি আদায় করতে পারেন নি উপরন্তু উৎপাদনের কাজ চলছে, এরসঙ্গে আমাদের কাছে খবর আছে বিনা লাইসেন্সের মালিকদের সঙ্গে পুলিশের যোগাযোগ আছে, সুতরাং এই ব্যাপারে আপনারা কী ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে :** আমাদের রাজ্যে যে সমস্ত হাস্কিং মিল লাইসেন্স প্রাপ্ত আছে সেইগুলির মতো কেন্দ্রীয় সরকারের যে বীজের ধানী মিল সেখানে তারা পয়সা নিয়ে ধান ভেঙে দেবে। তাদের উপর আমরা লেভি ধার্য করতে পারি না। যেগুলি লাইসেন্স ছাড়া চলছে সেই সত্যটাকে স্বীকার করে নিয়ে আমরা তাদের মিনি রাইস মিলে কনভার্ট করার একটা চেষ্টা করি। কিন্তু সেটাও এখন হাইকোর্ট কেস হয়ে গিয়ে এখন থমকে আছে। আমরা চেষ্টা করছি হাইকোর্ট থেকে সেটা যাতে আমাদের পক্ষে রায় বেরতে পারে, তাহলে সেটা যদি

পাওয়া যায় লেভি আদায় হবে, হাস্কিং মিল যেগুলি মিনি রাইস মিলে কনভার্ট করি তাদের থেকে আমরা লেভি নেব এবং কয়েকটি মিনি রাইস মিল থেকে ইতিমধ্যে আমরা লেভি আদায় করেছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** এখানে মাননীয় মন্ত্রী জবাব দিয়েছেন কৌশলে ২ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন ধার্য, এবং ১ লক্ষ ৪৪ হাজার ৫৭ মেট্রিক টন সংগ্রহ। কিন্তু আপনাকে জানাতে হবে মোট উৎপাদন কত হয়েছে, ১ থেকে ২ শতাংশও লেভি আদায় হচ্ছে না টোটাল যা প্রোডাকশন। আপনার লেভি কম আদায় হচ্ছে এর জন্য আপনি লেভি আদায়ের ধার্য পদ্ধতি কিভাবে ঠিক করেন?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমি আগেই বলেছি, আমাদের রাজ্যে লেভি আদায় হয় কেবলমাত্র বড় বড় চালকলগুলি থেকে, যেখানে শতকরা ২০ ভাগ ধান ভাঙা হয়। এর বাইরে যে অংশটা রয়েছে সেখানে থেকে যাতে লেভি আদায় করা যায় তার জন্য আমরা ঐ নতুন পদ্ধতিতে মিনি রাইস মিলের কথা ঘোষণা করেছি। যেটা এখন হাইকোর্টে বাধা হয়ে আছে।

**শ্রী নিশিকান্ত মেহতা ঃ** স্যার, আপনি ডিসট্রেস সেল এর ব্যাপারে প্রতি বছর ধান চাযের মরশুমে ডিসট্রেস সেলের জন্য গরিব মানুষগুলি সেটা কম পয়সায় বিক্রি করে এবং রবি ও খরিপে ডিসট্রেস সেল আপনার দপ্তর বা সমবায় এদের দিয়ে ঐ ধানগুলি ক্রয় করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা জানাবেন কি?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** ডিসট্রেস সেলের কথা আমাদের মধ্যে গত বছরে এসেছিল। আমরা সঙ্গে সঙ্গে সমস্ত জেলা শাসককে নির্দেশ দিয়েছিলাম যে ডিসট্রেস সেল হয়ে সেখানে সাপোর্ট প্রাইস-এ তারা যেন চাল কিনে নেন এবং সঙ্গে সঙ্গে আমরা কয়েক লক্ষ টাকা জেলা শাসককে দিয়ে রেখেছিলাম যাতে কোনও অসুবিধা না হয়।

## 'বেনফেডের' দুর্নীতি নিয়ে তদন্ত কমিটি

*১৬। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭) **শ্রী আব্দুল মান্নান ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে 'বেনফেডের' দুর্নীতি নিয়ে যথাযথ তদন্তের জন্য কমিটি গঠিত হয়েছে ;

(খ) সত্যি হলে, ঐ তদন্ত কমিটির সদস্য কারা ; এবং

(গ) তদন্ত কমিটি কোনও রিপোর্ট পেশ করেছে কি না?

**শ্রী সরল দেব ঃ**

(ক) কোনও কমিটি গঠিত হয় নি। তবে বেনফেডের দুর্নীতি প্রসঙ্গে উক্ত সংস্থার বিভিন্ন কর্মচারী সংগঠন থেকে প্রাপ্ত অভিযোগ এবং বিভিন্ন দৈনিক সংবাদপত্রে প্রকাশিত এই সংক্রান্ত প্রতিবেদনগুলির পরিপ্রেক্ষিতে রাজ্য সমবায় বিভাগের

মহাসচিবকে প্রশাসনিক তদন্ত করতে নির্দেশ দেওয়া হয়েছে।

(খ) যেহেতু কমিটি গঠিত হয়নি সেজন্য প্রশ্ন ওঠে না।

(গ) মহাসচিব বিগত ৫-৫-৯৪ তারিখ থেকে তদন্তের কাজ শুরু করেছেন। বর্তমানে সংশ্লিষ্ট সকলের কাছ থেকে সাবুদ ইত্যাদি ও শুনানির কাজ চলছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী বললেন, যে কোনও কমিটি গঠিত হয়নি। প্রিন্সিপাল সেক্রেটারির তত্ত্বাবধানে তদন্তের ব্যবস্থা চলছে। আপনি অনুগ্রহ করে জানাবেন কি, কোন কোন সংগঠন রয়েছে, কি কি অভিযোগ কাদের বিরুদ্ধে এনেছেন এটা স্পেসিফিক বলুন।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি ওখানে দুটি সংগঠন আছে। একটা হচ্ছে টি ইউ সি সি এবং অপরটি হচ্ছে সি আই টি ইউ। এই দুটো সংগঠনের পক্ষ থেকে অভিযোগগুলো এসেছে। বিভিন্ন সংবাদপত্রে থেকে আমরা অভিযোগগুলো পেয়েছি সেগুলোর ভিত্তিতে আমরা তদন্তের নির্দেশ দিয়েছি এবং অভিযোগগুলো নানা ধরনের। যেমন—

(ক) পারাদীপ ফসফেট লিমিটেডের এন পি কে সার বণ্টনে বেআইনি কার্যকলাপ।

(খ) বেনফেডের হুগলি শাখায় ২০ মেট্রিক টন সার চুরি,

(গ) আরামবাগে মজুত সার থেকে প্রচুর পরিমাণে চুরি ;

(ঘ) বেনফেডের নিজস্ব গুদাম থাকা সত্ত্বেও বেশি ভাড়ায় গুদাম ঘর নেওয়া ;

(ঙ) ১৯৮৯ সালে ১৬০০ মেট্রিক টন ডি এ পি (পরস) সার চুরি ;

(চ) মালয়েশিয়ান কাঠের ব্যবসায় দুর্নীতি ;

(ছ) পাট কেনা-বেচা এবং পাট বস্তা নিয়ে ব্যবসায় দুর্নীতি ;

(জ) ক্যাশ ক্রেডিট লোন পরিশোধ না করে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে 'ফিক্সড ডিপোজিট' করা ;

(ঝ) নতুন পরিচালকমন্ডলী গঠনের জন্য প্রয়োজনীয় নির্বাচন না করা ;

(ঞ) বর্তমানে কার্যরত ম্যানেজিং ডিরেক্টর উদ্দেশমূলকভাবে বেনফেডের সমস্ত ব্যবসা পত্রাদির কাজে মনোনিবেশ করছেন না ;

পরে আরও দুটি অভিযোগ পাওয়া গিয়েছে—

(ক) কুচবিহারে দুর্নীতির সঙ্গে যুক্ত বেনফেডের জন কর্মচারীকে সাসপেন্ড করা হয়েছিল,

কিন্তু পরে তদানীন্তন বোর্ডের চেয়ারম্যান (শ্রী আলি আমেদ) তাদের পুনর্বহাল করেন। বেনফেডের কর্মচারী সংগঠনগুলি এই বিষয় নিয়ে অভিযোগ করে।

(খ) বেনফেডের বারাসাত গুদামে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, বর্ধমান এবং মুর্শিদাবাদ শাখাগুলিতে সার চুরির অভিযোগ করা হয়েছে।

(৩) মোট ৮টি সংগঠন বা ব্যক্তির কাছে অভিযোগ পাওয়া গিয়েছে।

(৪) ১৩ই মে ১৯৯৪ তারিখ থেকে সমবায় বিভাগের মহাসচিবের কক্ষে শুনানির কাজ আরম্ভ হয়েছে। শুনানির সময় যেসব ব্যক্তি (বেনফেডের অফিসার অথবা কর্মচারী) নাম উঠেছে তাদেরও ডেকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। সেই শুনানির কাজ এখনও চলছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রধান অভিযোগ বলেছেন এর জন্য ওনাকে ধন্যবাদ। প্রায় চোদ্দ, পনেরোটা অভিযোগ এসেছে। এই অভিযোগগুলো সরকারি দলের পক্ষ থেকে আনা হয়েছে। এই অভিযোগগুলো আসার পর আপনারা কোনও অভিযোগ দায়ের করেছেন কিনা। এর বিরুদ্ধে আপনারা বিচার-বিভাগীয় কমিটি করবেন কি না?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যর অবগতির জন্য বলছি, অভিযোগগুলি টি ইউ সি সি এবং সি আই টি ইউ-র পক্ষ থেকে আনা হয়েছে। সরকার পক্ষ থেকে তদন্ত কমিটি করা হবে কিনা এই জন্য প্রিন্সিপাল সেক্রেটারি প্রাইমাফেসি তদন্ত করছে অভিযোগগুলো কতটা সত্যি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এটা করতে কতদিন সময় লাগবে এবং বেনফেডের চেয়ারম্যান শ্রী আলি আহমেদের পদত্যাগের কারণ কি? কারণ সংবাদপত্রে অনেক রকম খবর বেরিয়েছি।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে উনি পদত্যাগ করেন নি। উনি হাইকোর্টের শরণাপন্ন হয়ে ২৪ বছরের উপর ওখানে চেয়ারম্যান আছেন। মহামান্য আদালত এখন তাকে যে পাওয়ার দিয়েছেন তাতে তাকে ডে টু ডে ফাংশন করতে দিয়েছেন কিন্তু ম্যানেজিং ডিরেক্টর একজন আই এ এস অফিসার। আর বিভিন্ন ইউনিয়নের পক্ষ থেকে নির্বাচনের ব্যাপারে যে প্রশ্ন তোলা হয়েছিল সেই নির্বাচন করার প্রস্তুতি আমরা নিয়েছি, হাইকোর্ট থেকে একজন ইলেকশন অফিসার ইতিমধ্যেই নিয়োগ করা হয়েছে।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তিনি বিশাল অভিযোগ পেয়েছেন। আমার যেটা ছোট্ট অভিযোগ সেটা হচ্ছে, প্রতিটি জেলাতে বেনফেডের যে গোডাউন আছে সেখানে থানার প্রাইমারি মার্কেটিং সোসাইটির চেয়ারম্যানরা সেখান থেকে সার পাচার করে দেয়, চাষীরা সেই সার পায় না—এই ধরনের অভিযোগ মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আছে কিনা, থাকলে সেই সম্পর্কে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী সরল দেব ঃ** আমার কাছে এ পর্যন্ত কোনও থানার প্রাইমারি মার্কেটিং সোসাইটি

সম্পর্কে কেউ লিখিত অভিযোগ দেন নি। তবে জেলায় জেলায় ঘুরে আমি মৌখিক অভিযোগ পেয়েছি এবং তারজন্য তদন্তের নির্দেশ দিয়েছি। আপনাদের কারুর স্পেসিফিক অভিযোগ থাকলে লিখিতভাবে দেবেন, আমি তদন্ত করব।

**শ্রী প্রবোধ পুরকায়েত ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন বিভিন্ন জেলার গো-ডাউন থেকে জিনিস পাচার সম্পর্কে যে অভিযোগ পেয়েছেন বা যে সমস্ত জিনিস গো-ডাউনগুলি থেকে চুরি হয়েছে সব মিলিয়ে টাকার অঙ্কে তার পরিমাণ কত?

**শ্রী সরল দেব ঃ** এই অতিরিক্ত প্রশ্নটি মূল প্রশ্নের সঙ্গে রিলেটেড নয়। আপনি এরজন্য নোটিশ দেবেন, আমি জানিয়ে দেব।

**শ্রী রবীন ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে দুর্নীতির তদন্ত হয়েছে, ধরাও পড়েছে। আমার প্রশ্ন যারা দুর্নীতি করছে তারা কতদিন ধরে ওখানে কাজ করছে? কংগ্রেস আমল থেকে না আমাদের আমল থেকে। যে কোনও ইউনিয়ন করতে পারে কিন্তু কংগ্রেস আমল থেকে তারা কাজ করছে কিনা সেটাই আমি জানতে চাই।

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, বেনফেডের তার জন্মলগ্ন থেকেই দুর্নীতি নিয়েই শুরু করেছে। এই সঙ্গে সভাকে আরও জানাই, যিনি চেয়ারম্যান আছেন হাইকোর্টের অর্ডারে সেই আলি আহমেদ সাহেব তিনি, কংগ্রেসের সদস্য।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়-এর সঙ্গে আমি একমত নই। তিনি সত্য তথ্য হাউসে দিচ্ছেন না। আলি আহমেদ বলে কংগ্রেসের কোনও সদস্য নেই আগে তিনি প্রমাণপত্র দাখিল করুন তারপর এসব কথা বলবেন। তিনি এইরকম ইরেসপনসিবল অ্যালিগেশন না করলেই ভাল। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাই, বেনফেডের এখন অ্যাকুমুলেটেড লস কত বা মোট লোকসানের পরিমাণ কত এবং তার ফলে বেনফেডের যে শেয়ার ক্যাপিটাল তার অবস্থা কী দাঁড়িয়েছে?

**শ্রী সরল দেব ঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি আমি এই দপ্তরের ভার নেওয়ার পর অ্যাকুমুলেটেড লস কত, ক্যাশ লস কত তা জানবার জন্য বার বার চেষ্টা করেছি। আমি অডিটপার্টি পাঠিয়েছি। ডাইরেক্টার, অডিট বলে একটা সেপারেট ডিপার্টমেন্ট আন্ডার কো-অপারেটিভ হয়েছে। যতবার পাঠানো হয়েছে দেখা যাচ্ছে তারা খাতাপত্র প্রডিউস করছেন না। যখনই কোনও ব্যবস্থা নিতে যাচ্ছি তারা হাইকোর্টে যাচ্ছেন। আনুমানিক বা অ্যাপ্রক্সিমেটলি প্রায় ২৪ কোটির মতোন এদের লস চলছে, আমি অ্যাকিউরেটটা বলতে পারছি না যেহেতু অডিটেড ফিগার আমার কাছে নেই।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যখন দায়িত্ব নিলেন তখন বেনফেডের ক্যাশ ক্যাপিটাল কত ছিল, আজকে এখন ক্যাশ ক্যাপিটাল কত?

**শ্রী সরল দেব ঃ** এটা নোটিশ দিতে হবে। এটা এর সঙ্গে রিলেটেড নয়। অডিট

রিপোর্ট না পেলে আমরা কী করে বলব?

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি যে দুর্নীতির তালিকা দিলেন, দুর্নীতির সঙ্গে বেনফেডের যে সমস্ত অফিসার জড়িত তারা কি এখন স্বপদে বহাল আছেন, জেলাতেও যে সমস্ত দুর্নীতিগ্রস্ত কর্মী আছে বিভিন্ন গোডাউনে তারাও স্বপদে বহাল আছে?

**শ্রী সরল দেব ঃ** হ্যাঁ, তারা বহাল আছেন। কারণ যতক্ষণ না তদন্ত করে রিপোর্ট পাচ্ছি ততক্ষণ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছি না।

**রাজ্যে আন্ত্রিকরোগের প্রকোপ**

*১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ-বছর সর্বশেষ রিপোর্ট অনুযায়ী এ-রাজ্যে আন্ত্রিক রোগে কত জন আক্রান্ত হয়েছে এবং তার মধ্যে কত জন মারা গিয়েছে ; এবং

(খ) আন্ত্রিক রোগাক্রান্তদের দ্রুত চিকিৎসা এবং রোগ প্রতিরোধের জন্য রাজ্য স্বাস্থ্যদপ্তর জরুরি ভিত্তিতে বিশেষ কী পদক্ষেপ নিয়েছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ**

(ক) আক্রান্ত ২০,৩৩৫ জন এবং মৃত ২৪৭ জন।

(খ) আন্ত্রিক রোগাক্রান্তদের দ্রুত চিকিৎসার জন্য সংশ্লিষ্ট এলাকার সরকারি হাসপাতাল এবং চিকিৎসা কেন্দ্রগুলিতে ও সংশ্লিষ্ট স্বাস্থ্য কর্মীদের প্রয়োজনীয় ওষুধপত্র এবং ও আর এস প্যাকেট সরবরাহ করা হয়েছে। প্রয়োজনবোধে এগুলি আরও সরবরাহ করা হবে। রোগীদের প্রয়োজনবোধ আই ভি ফ্লুয়িড দেবারও ব্যবস্থা করা হয়েছে। এছাড়া, এই রোগের প্রতিরোধের জন্য বিভিন্ন পানীয় জলের উৎসগুলি জীবাণুমুক্ত করা, ক্লোরিনযুক্ত পানীয় জল ও হ্যালোজেন বড়ি সরবরাহ করার ব্যবস্থা করা হয়েছে। তদুপরি জনগণ যাতে নিজেদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন হয় তার জন্য স্বাস্থ্য সম্মত খাদ্য গ্রহণ ও পরিশ্রুত পানীয় জল পানের জন্য নিয়মিত বিভিন্ন গণ মাধ্যমের মারফত প্রচার চালানো হচ্ছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই যে রোগাক্রান্ত হয়েছে, এর মধ্যে শতকরা কত শতাংশের দেহে কলেরার জীবাণু পাওয়া গেছে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমাদের আই ডি হাসপাতাল থেকে যে রিপোর্ট নেওয়া হয়েছে, স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন আর ন্যাশনাল ইনস্টিটিউট অব কলেরা অ্যান্ড এন্টারিক ডিজিজ, তারা যে সব নমুনা নিয়েছে, তাতে দেখা গেছে ৩৯ পারসেন্ট কেসের মধ্যে ভিব্রিও কলেরি 'ও' পজিটিভ পাওয়া গেছে। তবে তারা একথাও বলেছে এই যে ভিব্রিও ও ওয়ান, বোথ আর ইকোয়্যালি ইনফেকশাস। এই দুটোতেই সেস টকসিক এফেক্ট আছে। যে কারণে

ওরা বলেছেন দি ট্রিটমেন্ট প্রসিডিয়োর অ্যান্ড প্রিভেনটিভ মেজার্স আর অলসো সেম ইন বোথ দি ডিজিজেস।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনার রিপোর্ট অনুয়ায়ী আপনি বলতে চাইছেন পরিস্থিতিটা তত অ্যালার্মিং নয়। কিন্তু ফ্রম দি ফাইন্ডিং ৩৯% কলেরার জীবাণু পাওয়া যাচ্ছে এবং তার মধ্যে ক্লাসিক্যাল কলেরার জীবাণু রয়েছে যে শতাংশ তা এতই বেশি যে তাতে নিশ্চিন্ত থাকা যায় না। ক্ল্যাসিক্যাল কলেরার মহামারি দেখা দিতে পারে। যাতে মহামারি না হয় তার জন্য বিশেষজ্ঞদের পরমার্শ নিয়ে কলেরার ভ্যাকসিন দেবার বা অন্য কোনও ব্যবস্থা গ্রহণ করার কথা ভাবছেন কি? আপনি বলছেন ইতিমধ্যেই ২৪৭ জনের মৃত্যু হয়েছে। এটা খুবই উদ্বেগের ব্যাপার। অতএব বিশেষজ্ঞদের সঙ্গে পরামর্শ করে যুদ্ধকালীন বা আপদকালীন জরুরি ব্যবস্থা হিসাবে কিছু ব্যবস্থা নিচ্ছেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন আমাদের দেশের সব চেয়ে পুরানো প্রতিষ্ঠান এবং সেন্ট্রাল গভর্নমেন্টের ন্যাশনাল ইনস্টিটিউট অব এন্টোরিক ডিজিজেসও খুবই গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। দুটোই রিসার্চ অর্গানাইজেশন। ওরা উভয়েই বলেছেন। Both the varieties are equally infectious having the same toxic effect. The treatment procedure and the preventive measures are also the same in both the varieties of the disease.

কনভেনশনাল ওয়ের কথাই বলেছেন আজকেই এবিষয়ে একটা কলিং অ্যাটেনশন আছে। সেই আলোচনার সময় আমি এটা আরও পরিষ্কার ভাবে বলব। তবে এখন যেটা বলতে চাই সেটা হচ্ছে, ফ্রম ১৯৯০ অনওয়ার্ড আমি বলতে পারি যে, যে ভ্যারাইটিসই হোক না কেন পারসেন্টেজ অফ ডেথ কমে আসছে। ১৯৯০ ডেথ ছিল৪.৭% , ১৯৯১ কমে ৩.২% , ১৯৯২ আরও কমে ৩.১% এবং ১৯৯৩ সালে কেস সব চেয়ে বেশি হয়েছিল, কিন্তু ডেথ নেমে এসেছিল ২.৫%। সুতরাং ভীত সন্ত্রস্ত হবার কিছু নেই। কনভেনশনাল মেথড অফ ট্রিটমেন্ট, প্রোসিডিয়র গ্রহণ করা হয়েছে। এটা আমাদের কথা নয়, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনও ঐ কথা বলেছেন। সমস্ত কিছু আমি কলিং অ্যাটেনশনের উত্তরে বলব।

[11-50 — 12-00 Noon]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যেভাবে আশ্বস্ত করছেন সেভাবে সত্যিই যদি আমরা আশ্বস্ত হতে পারতাম তাহলে খুশি হতাম। কিন্তু উদ্বেগের যথেষ্ট কারণ রয়েছে, তাই আমাদের জিজ্ঞাসা গত বছর এই রকম ক্ষেত্রে ৮৫০ জনের মতো মানুষ মারা গেছেন, স্যাড এবং বিটার এক্সপিরিয়েন্স আমাদের হয়েছে, এবং তিন বছর ধরে এরকম কম বেশি হচ্ছে—এগুলো থেকে একটা শিক্ষা নিয়ে সরকার প্রতিরোধের কোনও ব্যবস্থা গ্রহণ করবেন কি? কারণ আজকে চিকিৎসা বিজ্ঞানের যে উন্নতি হয়েছে তাতে কলেরা বা আন্ত্রিককে মানুষ মারা যাবে, ইট ইজ নট এক্সপেকটেড। গভর্নমেন্ট অ্যালার্ট থাকা সত্ত্বেও অল ওভার দি স্টেট এই জিনিস ঘটছে, ২০ হাজার মানুষ আক্রান্ত হয়েছে। এই অবস্থায় আমার আপনার কাছে স্পেসিফিক কোয়েশ্চেন হচ্ছে শুধু হ্যালোজেন ট্যাবলেট দিলে হবে না, আপনি ডাটা

দিয়ে, ফিগার দিয়ে বলুন আর কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন? কত ওষুধ গেছে বা কত ওষুধ দিয়েছেন সেটা বলুন, তা না হলে আশ্বস্ত হওয়া যায় কি করে?

**শ্রী প্রশান্তকুমার শূর :** মাননীয় বিধায়ক বোধ হয় আমি যে তথ্যটা দিয়েছি সেটা লক্ষ্য করেননি। কেস হতে পারে এবং এটা ঠিক, কম-বেশি আক্রান্ত হয়েছেন, কিন্তু আমরা যে কমব্যাট করছি সেটাও প্রতিয়মান, কারণ ইট হ্যাজ কাম ডাউন ফ্রম ৪.১ পারসেন্ট টু ২.৫ পারসেন্ট ফ্রম ১৯৯২-৯৩। উই আর কমব্যাটিং ইন দি ওয়ারফুটিং সুতরাং কি করে বলছেন এটা যেখানে আমরা সতন্ত্র ব্যবস্থা নিয়েছি, কনভেনশনাল যে যে ব্যবস্থা নেওয়া দরকার নিয়েছি? ওদিকে ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন বলছেন ভ্যাকসিন ইজ নট দি রেমেডি, ইট ইজ নট এ প্রিভেন্টিভ মেজার, এবং আপনি তাদের ভাষা দেখবেন, ওরা বলছেন, এতে এত অর্থ ব্যয় করবেন না ; আদার রিসোর্সেস, আদারওয়াইজ অ্যাডপ্ট করুন এবং উই আর অ্যাডপ্টিং দোজ মেজারস।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** প্রিকশানারী মেডিসিন সাপ্লাই করেছেন বলেছেন এবং এটা ঠিক যে, সি এম ও এইচ পর্যন্ত সঠিক পরিমাণে সবটা গেছে, কিন্তু অনেক ক্ষেত্রে দেখতে পাচ্ছি, সাবসিডিয়ারি হেলথ সেন্টার এবং প্রাইমারি হেলথ সেন্টারে সেসব সি এম ও এইচ, অফিস থেকে পৌঁছায় না কো-অর্ডিনেশনের অভাবে। বারাসতে এরকম দেখেছি। জানি না অন্যত্র এরকম ঘটছে কিনা। যাতে কো-অর্ডিনেশনটা আপ-টু-ডেট হয় সেটা দেখবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমার মনে হয়, মাননীয় বিধায়ক খবর রাখেন না, কারণ আমরা বিকেন্দ্রীকরণ পদ্ধতিতে ওষুধ সরবরাহ করে থাকি। আজকে এখানে দাঁড়িয়ে বলতে পারি, দুই বছর আগে হয়ত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে ওষুধ পাওয়া যেত না, কিন্তু আজকে প্রতি স্বাস্থ্যকেন্দ্র যাতে আমাদের তালিকাভুক্ত ৫০টি ওষুধ যাতে ঠিকমতো পায় তারজন্য বিকেন্দ্রীকৃত ডিস্ট্রিকট রিজার্ভড স্টোরগুলিতে প্রকিওর করছি যার চেয়ারম্যান হচ্ছেন সভাধিপতি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট হচ্ছেন তার ওয়ান দি মেম্বার এবং সি এম ও এইচ ইজ দি কনেভনর। তারা অ্যাসেস করে কোথায় কত ওষুধ দরকার বলার পর কোয়াটারলি ওষুধের জন্য আমরা টাকা মঞ্জুর করছি যাতে তারা সাফিসিয়েন্ট ওষুধ ডিস্ট্রিবিউট করতে পারেন। আজকে হেলথ সেন্টারগুলির অবস্থা অনেক ভাল।

**ডাঃ তরুণ অধিকারী :** ভিভরিও কলেরি ও-ওয়ান অ্যান্ড নন-ও-ওয়ান যা পাওয়া গেছে সেটা গত বছর ন্যাশনাল ইনস্টিটিউট অফ কলেরার পক্ষ থেকে জানানো হয়েছিল এবং সে খবর লন্ডনের ল্যানসেট পত্রিকায় প্রকাশিত হয়েছিল। ঐ পত্রিকায় মাধ্যমে ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন সেটা জানতে পেরে তারা ভারত সরকারকে চাপ দেন যে, পশ্চিমবঙ্গে কলেরার মহামারি ঘোষণা করুন। আপনার কাছে খবরটা ছিল এটা ঘটনা, কারণ ১৯৯২-র পর থেকে এটা ক্রমশ কমে আসার কথা নিজেই বললেন। কিন্তু আপনি কলেরার কথা স্বীকার করেছিলেন নাকি? কলেরা ডিক্লেয়ার করলে সরকারের কি কি দায়িত্ব থাকা উচিত সেটা জানাবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমি এখানে বলেছি যে সমস্ত মেথড আমরা অ্যাপ্লাই করছি।

আপনি ৩-৯ এবং নন ৩-৯-এর কথা বলেছেন। আপনি আজকে প্রশ্ন করেছেন, আগে যদি প্রশ্ন করতেন তাহলে আমি বলে দিতাম। এখন কথা হচ্ছে, এখানে পরিষ্কার ভাবে বিশেষজ্ঞরা রিপোর্টে বলে দিয়েছেন যে দেয়ার ইজ রিয়েলি নো ভার্চ্যুয়াল ডিফারেন্স। উই আর টু গো বাই কনভেনশনাল মেথডস অব ট্রিটমেন্ট অর প্রিভেনশন, বাট নট বাই এনি আদার ওয়ে। আপনাকে জল ফুটিয়ে খেতে হবে, পরিস্ফুট জল খেতে হবে, অন্যান্য জিনিসপত্র পরিষ্কার রাখতে হবে, ওয়ারেশ ব্যবহার করতে হবে। এই সমস্ত জিনিসগুলি জানার অভাব আছে। আমাদের গ্রামাঞ্চলে কি পরিবেশ আছে সেটা দেখতে হবে, পুকুর যেগুলি আছে সেগুলি সংস্কার করতে হয়। আমরা কতখানি করতে পেরেছি, না পেরেছি, সেটা আমরাও জানি, আপনারাও জানেন। এখন কথা হচ্ছে, ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন একটা কথা বলছে, সেখানে আমরা অন্য কি পদ্ধতি নেব?

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে কলেরা, আন্ত্রিক স্থায়ীভাবে নির্মূল করা, সেই পদ্ধতি আবিষ্কৃত হয়নি। কাজেই প্রতিষেধক মূলক ব্যবস্থা দরকার। আমি আপনার কাছে জানতে চাচ্ছি, আমাদের রাজ্যে এই যে কলেরা হচ্ছে, এটা কি আমাদের রাজ্যের বৈশিষ্ট, না সারা ভারতবর্ষের এই রকম বৈশিষ্ট আছে। তা যদি থাকে তাহলে অন্য রাজ্যের সঙ্গে আমাদের রাজ্যের অবস্থান কতখানি, সেটা জানাবেন কি?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** সারা দেশে হচ্ছে, বিশ্বে হচ্ছে। কথা হচ্ছে, এটা প্রতিরোধ কি করে করা যায়, প্রশাসনে কি ব্যবস্থা আছে। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন যেভাবে সাজেস্ট করছেন সেই ভাবে আমরা করছি।

**শ্রী ভূপেন শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন যে আন্ত্রিক, কলেরা সব জায়গায় দেখা দিয়েছে, এটা স্বীকার করেছেন এবং ওষুধ গ্রামাঞ্চলে পাঠাবার চেষ্টা করছেন। আপনার কাছে কি কোনও খরব আছে, এই ঔষধগুলি যাচ্ছে হেলথ সেন্টারে কিন্তু সেখানে কোনও ডাক্তার নেই। ডাক্তারের অভাবে যখন আন্ত্রিক রুগীদের চিকিৎসা হচ্ছে না? বহু হেলথ সেন্টারে এই যে ডাক্তার নেই, এই সম্পর্কে ব্যবস্থা নেবার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনি জানেন আজকে স্বাস্থ্য দপ্তরের বাজেটের আলোচনা আছে। আপনাকে আমি তখন ভাল করে বুঝিয়ে দেব।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী নটবর বাগদি ঃ** বর্তমানে গ্রামাঞ্চলে স্বাস্থ্য দপ্তরের অনেক উন্নতি হয়েছে। আগে গ্রামাঞ্চলে সব শেষ হয়ে যেত। কিন্তু এখন যে প্রবলেম হয়েছে, শহরে ওষুধপত্র যাচ্ছে ঠিকই, গ্রামাঞ্চলে কিন্তু যখন এই অসুখ দেখা দিচ্ছে, ওষুধগুলো থাকা সত্ত্বেও পূর্ণ সদ্ব্যবহার করা যাচ্ছে না-এই অবস্থা দাঁড়িয়েছে শর্টেজ অব স্টাফের জন্য। আমার প্রশ্ন হচ্ছে, আপনি তাড়াতাড়ি এই স্টাফ ফিল আপ করার ব্যবস্থা করছেন কিনা?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আমরা সমস্ত স্বাস্থ্য দপ্তরকে সচেতন করে দিয়েছি। এই ধরনের সব অসুখ এবং বিভিন্ন ধরনের যে অসুখ দেখা দেয় সবই পি এইচ সি নানা ধরনের ব্যবস্থা

গ্রহণ করে। আন্ত্রিক যখন দেখা দেয় তখন প্রত্যেকটি অফিসারকে বলে দেওয়া হয়েছে যে তারা যেন নিজ নিজ কেন্দ্রে উপস্থিত থেকে কাজ করেন। তারা যেন সমস্ত প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করেন, সেই ধরনের নির্দেশ দেওয়া হয়েছে।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের এই যে আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে বা ভয়াবহতা যেটা খবরের কাগজে বেরিয়েছে বা অনেকে বলছেন, এটাকে নিরোধ করবার জন্য, এটা যাতে সম্প্রসারিত না হয় তারজন্য কেন্দ্রীয় সরকার বা 'হু' সঠিক কি পদক্ষেপ নিয়েছেন, যার ফলে কিছুটা প্রতিরোধ করা যাবে?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনারা জানেন, আমরা আগে ভ্যাকসিন ব্যবহার করতাম। 'হু' বলেছে ভ্যাকনিস ব্যবহার করবেন না। এতে এনার্জি নষ্ট হয়। এই এনার্জি নষ্ট না করে ওরা যে সাজেশন দিয়েছেন, সেইসব মেজার্স আমরা এখন গ্রহণ করছি।

## *Starred Questions
## (to which written answers were laid on the Table)

### সাক্ষরতা প্রকল্পে "পাইলট প্রোজেক্ট"

*১৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৭) **শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** জনশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, বর্ধমান জেলায় সাক্ষরতা প্রকল্পে একটি "পাইলট প্রোজেক্ট" গ্রহণ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, উক্ত কর্মসূচির বিস্তারিত বিবরণ কি?

**জনশিক্ষা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ

(খ) বর্ধমান জেলা সাক্ষরতা সমিতি সাক্ষর উত্তর পর্ব শেষ হওয়ার পর জনশিক্ষা নিয়মের মাধ্যমে নবসাক্ষরদের প্রবহমান এবং অর্দ্ধসাক্ষর নিরক্ষরদের শিক্ষাদানের উদ্দেশ্যে একটি 'পাইলট প্রোজেক্ট' গ্রহণ করেছে ঐ প্রোজেক্ট অনুযায়ী প্রতি ৩০০০ জন সংখ্যায় একটি এই ভিত্তিতে সমগ্র বর্ধমান জেলায় ২০০০টি জনশিক্ষণ নিলয়ম খোলা হবে। প্রতিটি জনশিক্ষণ নিলয়মে সর্বাধিক ৫০০ জন সব সাক্ষর থাকবে। এই জনশিক্ষণ নিলয়মগুলিতে নব সাক্ষরদের অর্জিত শিক্ষা বজায় রাখা ও উন্নতি করা, লাইব্রেরি ব্যবস্থা বিনোদনমূলক অনুষ্ঠান বৃত্তিমূলক শিক্ষা, ও আলোচনার ব্যবস্থা প্রভৃতি থাকবে।

পাইলট প্রোজেক্ট রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন লাভ করেছে। প্রকল্পটির সব ব্যয়ভার বহন করবেন কেন্দ্রীয় সরকার। কর্মসূচিটির প্রথম বছরের জন্য ২.৮০ কোটি টাকা মঞ্জুর করা হয়েছে।

## পুরুলিয়া জেলায় রেশন কার্ডের সংখ্যা

*১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭) **শ্রী নিশিকান্ত মেহেতা :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় রেশন কার্ড-হোল্ডারের সংখ্যা কত ; এবং

(খ) ১৯৯৩-৯৪ সালে ঐ জেলায় প্রতি মাসে কত পরিমাণ গম, চাল, চিনি ও কেরোসিন বরাদ্দ করা হয়েছে?

**খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৩০-৪-৯৪ পর্যন্ত পুরুলিয়া জেলার রেশন কার্ড হোল্ডারের সংখ্যা হল ২৪,৪১,৬৫২।

(খ) পুরুলিয়া জেলায় এপ্রিল ৯৩ হইতে মার্চ ৯৪ পর্যন্ত প্রতি মাসে গম, চাল, চিনি ও কেরোসিনের বরাদ্দ নিম্নরূপ :-

বরাদ্দ

| মাস | গম | চাল | চিনি | কেরোসিন তেল |
|---|---|---|---|---|
| এপ্রিল '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩০০০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১০০ কিঃ লিঃ |
| মে '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩০০০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১০০ কিঃ লিঃ |
| জুন '৯৩ | ৩৯৮০ মেঃ টন | ৩০০০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১০০ কিঃ লিঃ |
| জুলাই '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩০০০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১০০ কিঃ লিঃ |
| আগস্ট '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩০০০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২০৮০ কিঃ লিঃ |
| সেপ্টেম্বর '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩০৪৪ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১০০ কিঃ লিঃ |
| অক্টোবর '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩২০০ মেঃ টন | ১০৫৫ মেঃ টন | ২২৬০ কিঃ লিঃ |
| নভেম্বর '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩২০০ মেঃ টন | ১০৫৫ মেঃ টন | ২২৬০ কিঃ লিঃ |
| ডিসেম্বর '৯৩ | ২৯৭৪ মেঃ টন | ৩০০০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২২৪০ কিঃ লিঃ |
| জানুয়ারি '৯৪ | ২৯৭৪ মেঃ টন | ৩০১০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১৪০+১০০ এম.এল পি |
| ফেব্রুয়ারি '৯৪ | ২৯৭৫ মেঃ টন | ৩০১০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১৪০+১০০ এম.এল.পি |
| মার্চ '৯৪ | ৩১৭৫ মেঃ টন | ৩০১০ মেঃ টন | ৯৩০ মেঃ টন | ২১৪০+১০০ এম.এল.পি |

## Deaths of newborn babies in R.G. Kar Medical College

*20 (Admitted Question No. *238) **Shri Saugata Roy :** Will Minister-in-charge of the Health and Family Welfare Department be pleased to state—

(a) whether there has been incident of deaths of some newborn babies in R.G. Kar Hospital in the last few months ;

(b) if so, number of such deaths ; (monthwise)

(c) the reasons for the death established so far ; and

(d) steps taken by Government in the matter ?

**Minister-in-charge of Health and Family Welfare Department :**

(a) Yes.

(b) January '94 : 16
Feburary '94 : 16
March '94 : 20
April '94 : 25
May '94 : 23

(c) Main reasons are :

(i) Asphysia

(ii) Seplicimia

(iii) Premature delivery

(iv) Others.

(d) Following steps have been taken :

(i) Better monitoring of Labour Room/Operation Theatre;

(ii) Thorough washing of Labour Room ;

(iii) Adoption of antiseptic measure more rigorously ;

(iv) Strict supervision by Head of the Department/Superintendent.

**সমবায় কৃষিবিপণন সমিতির সংখ্যা**

*২১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৮) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে প্রাথমিক সমবায় কৃষিবিপণন সমিতির সংখ্যা কত ; এবং

(খ) বিগত ১৯৩-৯৪ আর্থিক বছরে উক্ত বিপণন সমিতিগুলির মাধ্যমে মোট কত পরিমাণ কৃষিমজুর করা হয়েছে?

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে প্রাথমিক সমবায় কৃষি বিপণন সমিতির সংখ্যা ২৬৯।

(খ) কৃষি বিপণন সমবায় সমিতির মাধ্যমে কৃষিঋণ দেওয়া হয় না। এই সমিতিগুলি কৃষক সদস্যদের সার, বীজ, কীটনাশক, কৃষিযন্ত্রপাতি ইত্যাদি বিক্রয় করিয়া থাকে।

**রাজ্যে কালাজ্বরের প্রকোপ**

*২২। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪ সাল এ পর্যন্ত রাজ্যে কালাজ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা কত ;

(খ) কত জন ঐ রোগে আক্রান্ত হয়ে মারা গেছে ; এবং

(গ) ঐ রোগ প্রতিরোধের জন্য রাজ্য সরকার এখন পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করেছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এ পর্যন্ত প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ১৯৯৪ সালে এ রাজ্যে কালাজ্বরে আক্রান্ত রোগীর সংখ্যা ১৯৪ জন।

(খ) কেহ মারা যান নি।

(গ) কালাজ্বর রোগ নিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার জনগণের মধ্যে প্রয়োজনীয় স্বাস্থ্য শিক্ষা প্রসারের পাশাপাশি কালাজ্বর আক্রান্ত রোগীর যথাযথ চিকিৎসার ব্যবস্থা করেছেন। তাছাড়া স্বাস্থ্যকর্মীরা কালাজ্বর প্রবণ এলাকায় বাড়ি বাড়ি গিয়ে রোগীদের রক্তের নমুনা সংগ্রহ ও পরীক্ষার ব্যবস্থা করছেন। এছাড়া যাদের জ্বর হয়েছে তাদেরও রক্তের নমুনা পরীক্ষার ব্যবস্থা নেওয়া হয়েছে।

সরকার বিগত মার্চ মাসে কলকাতার স্কুল অব ট্রপিকাল মেডিক্যাল মেডিসিন, মালদা জেলা হাসপাতাল, বর্ধমান মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ক্যানিং রুর‍্যাল হাসপাতাল, ও বারাসত ডিস্ট্রিক্ট হাসপাতাল ও উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের ল্যাবরেটরিগুলির মনোন্নয়নের জন্য ৫ লক্ষ ৪৯ হাজার টাকার ব্যয় মঞ্জুর করেছেন।

এছাড়া গত বৎসর কালাজ্বর চিকিৎসার জন্য রাজ্য সরকার ওষুধের জন্য ৫ লক্ষ টাকা মঞ্জুর করেছেন। কেন্দ্রীয় সরকারও কালাজ্বর চিকিৎসার জন্য ওষুধ সরবরাহ করেন। প্রয়োজন বোধে রাজ্য সরকার এ বৎসরও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবেন। কালাজ্বর প্রবণ এলাকায় ঐ রোগ নিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার প্রয়োজনীয় ডি ডি টি স্প্রে করার ব্যবস্থা প্রতি বছর নিয়ে থাকেন।

জনসাধারণের মধ্যে স্বাস্থ্য শিক্ষা সম্পর্কে প্রচার চালানো হচ্ছে।

# PRESENTATION OF REPORT

## 64th Report of the Business Advisory Committee

**Mr. Speaker** : I beg to present the Sixty Fourth report of the Business Advisory Committee which at its meeting held on the 3rd June, 1994, in my chamber, considered the question of allocation of date and time for the disposal of legislative business and recommended as following :-

| | | | |
|---|---|---|---|
| 6.6.94 Monday | (i) Demand No. 25<br>(ii) Demand No. 79 | Public Works Department | 3 hours |
| | (iii) Demand No. 54<br>(iv) Demand No. 86 | Food & Supplies Department | 2 hours |
| 7.6.94 Tuesday | (i) Demand No. 47<br>(ii) Demand No. 48<br>(iii) Demand No. 55<br>(iv) Demand No. 58 | Agriculture Department | 3 hours |
| | (v) Demand No. 38 | Information & Cultural Affiars Department | 2 hours |
| 13.6.94 Monday | (i) Demand No. 57 | Co-operation Department | 2 hours |
| | (ii) Demand No. 69<br>(iii) Demand No. 72 | Power Depeartment<br>Science & Technoloy Department | 3 hours |
| 14.6.94 Tuesday | (i) Demand No. 12<br>(ii) Demand No. 77<br>(iii) Demand No. 78<br>(iv) Demand No. 80<br>(v) Demand No. 81 | Transport Department | 2 hours |
| | (vi) Demand No. 26<br>(vii) Demand No. 37<br>(viii) Demand No. 90 | Municipal Affiars & Urban Development Department | 2 hours |

15.6.94 Wednesday (i) The West Bengal Council of Higher Secondary Education (Amendment) Bill, 1994 (introduction, Consideration and Passing) 1 hour

| | | |
|---|---|---|
| (ii) Demand No. 30<br>(iii) Demand No. 45 | Education Department | 4 hours |

The Minister-in-charge of Parliamentary Affairs may now move the motion for acceptance.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the Sixty Fourth Report of the Business Advisory Committee presented this day be adopted by the House.

The motion was then adopted.

### Calling Attention on matters of Urgent Public Importance

**Mr. Speaker :** Today, I have received five notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Reported Activities of militant force of Pakistan in West Bengal | : Dr. Manas Bhunia |
| 2. | Reported crisis in wagon making units in the State | : Shri Santasri Chatterjee |
| 3. | Steps taken to remove cattle-sheds from Calcutta | : Shri Lakshman Chandra Seth |
| 4. | Reported attack on the car of the Sabhadhipati of Nadia Zilla Parishad at Teorakhali under Nabadwip P.S. of Nadia district. | : Shri Tapan Hore |
| 5. | Demand for a bus route of State Transport Corporation from Calcutta to Tehatta Bazar of Nadia district. | : Shri Kamalendu Sanyal |

I have selected the notice of Shri Santasri Chatterjee on the subject of reported crisis in wagon making units in the State.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 16th June 1994.

### STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** The Minister-in-charge of Health and Family Welfare Department to make a statement on the subject of reported out-break of Gastro-Enteritis and Cholera in the State.

(Attention called by Shri Saugata Roy, Shri Tapan Hore, Dr. Manas Bhunia and Shri Abdul Mannan on the 30th May, 1994.)

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** বিগত কয়েক বৎসরের মতো এবারও এরাজ্যে ডাইরিয়া দেখা দিয়েছে তবে এ বছরের ডাইরিয়া/আন্ত্রিক রোগের প্রকোপ গত বছরের তুলনায় অনেক কম। নিচের তালিকা থেকে এটা স্পষ্ট হবে।

| জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত | ১৯৯৩ | ১৯৯৪ |
|---|---|---|
| আক্রান্তের সংখ্যা | ৬৭,৫৮৫ | ২০,৩৩৫ |
| মৃতের সংখ্যা | ৮৫৮ | ২৪৭ |

এ বছর এই রোগের ব্যাপকতা এতই কম যে কোনওভাবেই একে মহামারি আখ্যা দেওয়া যায় না।

সাধারণত রোগাক্রান্তের সংখ্যা পূর্বের চার বছরের গড়ের চেয়ে যদি ২৫ শতাংশ বৃদ্ধি পায় তবেই সেই রোগ মহামারি আকার ধারণ করেছে বলে ধরে নেওয়া হয়।

বেলেঘাটা আই ডি হাসপাতালের কিছু রোগীর মলের নমুনা নিয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অব কলেরা অ্যান্ড এন্টোরিক ডিজিজেস, কলকাতা এবং কলকাতা স্কুল অব ট্রপিক্যাল মেডিসিন পরীক্ষা করে শতকরা ৩৯ ভাগ ক্ষেত্রে কলেরার জীবাণু (ভিব্রিও কলেরি ০১) পেয়েছেন। অন্যান্যগুলিকে ডাইরিয়া বা সাধারণ আন্ত্রিক রোগ বলা যেতে পারে। এতে আতঙ্কিত হবার কোনও কারণ নেই। অবশ্য গত বছরে ডাইরিয়া বা আন্ত্রিক রোগের কারণ ছিল একটি বিশেষ ধরনের জীবাণু যাকে "ভিব্রুও কলেরি নন ০১" হিসাবে চিহ্নিত করা হয়েছে। উভয় ক্ষেত্রেই (কলেরা বা অন্যান্য ডাইরিয়াজনিত রোগ) রোগ সংক্রামণের সম্ভাবনা প্রবল এবং রোগীর ওপর তার প্রভাব একই ধরনের। চিকিৎসা পদ্ধতি এবং প্রতিরোধমূলক ব্যবস্থা উভয়ক্ষেত্রে একই প্রতিষেধক হিসাবে স্বাস্থ্য বিভাগ থেকে কলেরার টীকা দেবার ব্যবস্থা পূর্বে প্রচলিত ছিল। কিন্তু ১৯৮৫ সালে WHO তাদের Guidelines for Cholera Control পুস্তিকায় বলেছেন যে, "The currently available cholera vaccines are not helpful in cholera control, vaccination gives a false sense of security to those vaccinated, and feelings of accomplishment and complacency to health authorities" WHO ১৯৯২ সালে প্রকাশিত Guidelines for Cholera Control পুস্তিকাতেও ঐ একই কথা বলেছেন। "The vaccines currently available does not help in controlling cholera...... vaccination can give a false sense of security to those vaccinated and to health authorities who may then neglect more effective measures". WHO-র এই মন্তব্যের ফলে স্বাস্থ্যবিভাগ থেকে সম্প্রতি কলেরার টীকা দেবার ব্যবস্থা বন্ধ করে দিয়ে অন্যান্য প্রতিষেধকমূলক ব্যবস্থার প্রতি জোর দেওয়া হয়েছে।

এই রোগের চিকিৎসা এবং প্রতিরোধের জন্য রাজ্য সরকার ইতিমধ্যেই নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করেছেন ঃ

(ক) রোগীদের দ্রুত চিহ্নিতকরণ এবং তাদের সরকারি হাসপাতালে বা বাড়িতে দ্রুত

চিকিৎসার ব্যবস্থা। যেমন ও আর এস প্রয়োজনবোধে স্যালাইন প্রয়োগ এবং প্রয়োজনীয় ওষুধ প্রয়োগ।

(খ) পানীয় জলের উৎসগুলি জীবাণুমুক্ত করণ।

(গ) বিভিন্ন জনপ্রিয় গণমাধ্যমের মারফত ব্যাপকভাবে জনস্বাস্থ্য শিক্ষার প্রচারের ব্যবস্থা যাতে জনগণ জল ফুটিয়ে খান, হ্যালোজেন বড়ি দিয়ে জল পরিশুদ্ধ করেন, রাস্তার কাটা ফল না খান, বাড়ির ভিতরে এবং বাইরের পরিবেশ যথাসম্ভব পরিষ্কার রাখেন ও নিজেদের স্বাস্থ্য সম্পর্কে সজাগ হন।

(ঘ) এই রোগ মোকাবিলার জন্য ডাক্তার এবং স্বাস্থ্যকর্মীদের রোগমুক্ত এলাকা থেকে রোগপ্রবণ এলাকায় নিয়োগ।

(ঙ) প্রয়োজনীয় ওষুধপত্র সরবরাহ সুনিশ্চিত করণ।

(চ) হাওড়া ও কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং জেলাগুলির স্বাস্থ্য ও আধিকারিকদের সঙ্গে নিয়োমিত যোগাযোগ রাখা। ইতিমধ্যেই কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের কমিশনারকে পানীয় জলের উৎস পরিশুদ্ধ করা এবং জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচার অভিযান চালানোর অনুরোধ করা হয়েছে। উত্তর ২৪ পরগনা জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কাছে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ পাঠানো হয়েছে।

(ছ) বিভিন্ন স্থান থেকে জলের নমুনা সংগ্রহ ও পরীক্ষার ব্যবস্থা এবং প্রয়োজনভিত্তিক ক্লোরিন দিয়ে জল জীবাণুমুক্ত করণ।

(জ) এছাড়া এই বিভাগ থেকে বিভিন্ন রোগ প্রবণ এলাকায় বিশেষ টিম পাঠিয়ে এই রোগের জীবাণু পরীক্ষার ব্যবস্থা গ্রহণ।

## ZERO HOUR

**Mr. Speaker :** Now zero hour. There are nine notices for raising urgent matters at Zero hour. Out of nine, only four will be taken.

[12-10 — 1-00 p.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি ওনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বৈদ্যবাটি শেওড়াফুলি কো-অপারেটিভ ব্যাঙ্ক গত ৪ বছর আগে ডিরেকটার বোর্ডের নির্বাচন হয়েছিল, কংগ্রেসের ১২ জন ডিরেকটার সেখানে নির্বাচিত হয়েছিলেন। কিন্তু গত ৪ বছর ধরে সেখানে আমাদের ডিরেকটার বোর্ডকে গঠন করতে দেওয়া হয়নি। সেখানে বামফ্রন্ট মনোনীত ফরোওয়ার্ড ব্লককে দিয়ে কমিটি গঠন করে কাজ চালানো হচ্ছে। ফরওয়ার্ড ব্লকের একজনকে চেয়ারম্যান করে কাজ চালানো হচ্ছে। এখন শোনা যাচ্ছে, সেখানে খাদ্যমন্ত্রীর সি এ কে চেয়ারম্যান করা হবে।

কোর্টের অজুহাত দেখিয়ে নির্বাচিত বোর্ডকে গঠন করতে দেওয়া হচ্ছে না ৪ বছর ধরে, ১২ জন ডিরেকটার জেতা সত্ত্বেও সেখানে বেআইনিভাবে পিছনের দরজা দিয়ে লোককে ঢুকিয়ে যে ভাবে কাজ চালাচ্ছে সেই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, ফরওয়ার্ড ব্লকের হাত থেকে অন্তত এই জেলাটিকে বাঁচান।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের রাজারহাটে, বাগুইআটি বিনোদিনী সিনেমার পাশে সেখানে ১৮ বিঘা জমি আছে। দীর্ঘদিন বাদে এই জমি আমরা অনেক চেষ্টা করে উদ্ধার করেছি, আগে এটি ডাম্পিং গ্রাউন্ড ছিল। এটা রাজারহাটের জনগণের চাহিদা অনুযায়ী এবং ক্রীড়াপ্রেমী মানুষের চাহিদা অনুযায়ী ওখানে ক্রীড়া কমপ্লেক্স করার জন্য ৮৩ সালে একটা নাগরিক কনভেনশন করে ওখানে একটা স্পোর্টস কমপ্লেক্স করার সিদ্ধান্ত হয়। কিন্তু দেখা যাচ্ছে সেখানে ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট থেকে কিছুটা জমি পুলিশকে দিয়ে দেওয়া হয়েছে এবং সেখানে ডিস্টার্ব করা হচ্ছে। আমার বক্তব্য হচ্ছে, সেখানে যাতে একটা স্পোর্টস কমপ্লেক্স করা হয়, সেইজন্য ক্রীড়ামন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যের কোষাগারের যে অবস্থা এরকম একটা পরিস্থিতিতে গত এক মাসের মধ্যে সরকারের পক্ষ থেকে ঠিকমতো নজর না দেওয়ার ফলে প্রায় ৫০ লক্ষ টাকা রাজস্ব ক্ষতি হয়ে গেল। বিষয়টা খুবই গুরুত্বপূর্ণ। মেদিনীপুর জেলার এগরায় যে কুদিরমোড় চেকপোস্ট রয়েছে সেখানে কমার্সিয়াল ট্যাক্সের ডিউটিরত ইন্সপেক্টারের উপর পুলিশ এবং পঞ্চায়েতের কর্তাব্যক্তিরা হামলা করে গত ২৫ তারিখে। তারপর ২৬শে এপ্রিল থেকে সাঁইত্রিশ, আটত্রিশ দিন হয়ে গেল সেই চেক পোস্টের সমস্ত কাজ বন্ধ, রাস্তা অবাধে খোলা। যেখানে থেকে লক্ষ লক্ষ টাকা প্রতিদিন রাজস্ব আদায় হত সেই রাজস্ব আদায় বন্ধ হয়ে গিয়েছে এবং ইতিমধ্যে অৰ্দ্ধ কোটি টাকা রাজস্ব ক্ষতি হয়ে গিয়েছে। আমি এই ব্যাপারে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে যাতে সেই চেকপোস্ট কাজ শুরু হয় তার দাবি আমি জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্রে একটি উর্দু একাডেমী ভবন তৈরি করা হবে বলে মাননীয় মুখ্যমন্ত্রী একটা ভিত্তি প্রস্তর স্থাপন করেছিল ১৯৮৪ সালে। কিন্তু আজ ১৯৯৪ সাল হয়ে গেল সেখানে এখনও কোনও কাজ হয়নি। সেখানে এখন কুকুরে প্রসাব করছে। কলকাতা, আসানসোল, হাওড়া এবং ইসলামপুরে উর্দু একাডেমী ভবন নির্মাণ হোক এটা উর্দু দ্বিতীয় ভাষা হিসাবে রেকগনিশন দেওয়া হোক এটাও ছিল তাদের দাবি। কিন্তু এই ব্যাপারে সরকার একেবারে নীরব। আমি আজকে তাদের হয়ে বলতে চাই এই দুটি বিষয়ে রাজ্য সরকার তার স্পষ্ট মনোভাবের কথা এই বিধানসভায় দাঁড়িয়ে ঘোষণা করুক, উর্দু একাডেমি কবের মধ্যে সম্পন্ন হবে এবং যেখানে বিহার এবং উত্তরপ্রদেশ উর্দুকে সেকেন্ড ল্যাঙ্গুয়েজ হিসাবে স্বীকৃতি পাচ্ছে সেখানে কলকাতা, আসানসোল, হাওড়া এবং ইসলামপুরে জন্য উর্দুকে দ্বিতীয় ভাষা হিসাবে স্বীকৃতি দেবার জন্য আমি দাবি জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া :** অন এ পয়েন্ট অব ইনফরমেশন স্যার।

**মিঃ স্পিকার :** হোয়াট ইজ ইয়োর পয়েন্ট অব ইনফরমেশন।

**ডাঃ মানস ভুঁইয়া :** স্যার, আমরা এইমাত্র খবর পেলাম যে বিখ্যাত চিকিৎসক, প্যাথোলজিস্ট, বিশ্ববিখ্যাত মানুষ ডাঃ দিলীপ ভট্টাচার্য আমিও তার ছাত্র ছিলাম—তার উপর এবং তিনি যে ল্যাবোরেটরিতে কাজ করেন সেখানে সেই অশোক ল্যাবোরেটরিতে হামলা হয়েছে। কলকাতা কর্পোরেশনের কিছু হেলথ ইন্সপেক্টার সঙ্গে বেশ কিছু ষন্ডামার্কা লোক নিয়ে গিয়ে গতকাল থেকে আজ পর্যন্ত তাকে থ্রেট করছে এই বলে যে তিনি পরীক্ষা করে যে রিপোর্ট দিয়েছেন যে জলে কলিফ্রম ব্যাকটেরিয়া পাওয়া গিয়েছে তা অসত্য একথা তাকে লিখে দিতে হবে। স্যার, ডাঃ ভট্টাচার্য একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিকিৎসক, প্যাথোলজিস্ট। ব্যকটিরিওলজিস্ট। সবাই তার নাম জানেন। সেই রকম একজন মানুষকে কলকাতা কর্পোরেশনের হেলথ ডিপার্টমেন্টের কিছু সিনিয়ার ইনসপেক্টার সঙ্গে যন্ডামার্কা কিছু লোক নিয়ে গিয়ে ভয় দেখিয়ে বলছে যে তার রিপোর্ট তাকে উইথড্র করতে হবে। স্বাস্থ্যমন্ত্রী জানেন যে তিনি একজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিকিৎসক, সেই মানুষ ল্যাবোরেটরিতে পরীক্ষা করে যে রিপোর্ট তৈরি করেছেন তা উইথড্র করার জন্য এইভাবে যে তাকে ভয় দেখানো হচ্ছে এ ব্যাপারে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি। কলকাতার মানুষ যে কোনও মুহূর্তে আন্ত্রিক রোগে আক্রান্ত হতে পারেন। এই অবস্থায় তাকে এইভাবে ভয় দেখানো বন্ধ করা হোক। তার প্রটেকশনের ব্যবস্থা সরকার থেকে করা হোক।

**শ্রী আব্দুল মান্নান :** স্যার, মানসবাবু যে কথা বললেন তার সঙ্গে আমি একটু অ্যাড করতে চাই এই বলে যে আজকেই মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর আন্ত্রিকের ব্যাপারে কলিং অ্যাটেনশনের জবাবে একটা উত্তর হাউসে দিয়েছেন। সংবাদপত্রে যা বেরুচ্ছে সেটা আমরা দেখেছি অথচ হাউসে অন রেকর্ড তিনি বললেন যে এটা মারাত্মক নয়। স্যার, বৃহত্তর কলকাতায় এই রোগ ব্যাপকভাবে দেখা দিয়েছে। সংবাদপত্রে বেরিয়েছে যে ডাঃ দিলীপ ভট্টাচার্য এক রকমের জীবাণু পেয়েছেন জলে। এই অবস্থায় ডাঃ দিলীপ ভট্টাচার্যের উপর প্রেসার দেওয়া হচ্ছে এই রিপোর্ট উইথড্র করার জন্য। এটা একটা মারাত্মক ব্যাপার। উনি এক রকমের উত্তর দিচ্ছেন কিন্তু দেখা যাচ্ছে ঘটনা অন্য রকম। আপনি স্যার, মন্ত্রী মহাশয়কে বলুন যে ডাঃ দিলীপ ভট্টাচার্যের যাতে কোনও ক্ষতি না হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করতে।

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতা শহরে হঠাৎ করে দুধের ভীষণ আকাল দেখা দিয়েছে। তার কারণ ১৭ বছর ঘুমিয়ে থাকার পর বামফ্রন্ট সরকার হঠাৎ করে সিদ্ধান্ত নিয়েছেন যে তারা খাটাল উচ্ছেদ করবেন কলকাতা শহর থেকে। কলকাতা শহরে খাটাল যে স্বাস্থ্যকর নয়, তাদের সরিয়ে দেওয়া উচিত—ডাঃ রায় একথা বলে গিয়েছিলেন। ১৭ বছর বামফ্রন্ট সরকার কিছু করেন নি। হরিণঘাটাও টোটালি ফেল করেছে। এখন কিছু প্রোমোটারের চাপে তারা খাটাল উচ্ছেদ করবেন বলে বলছেন। কিন্তু তারা গরুগুলি কোনও জায়গায় নিয়ে যাবার ব্যবস্থা করেন নি। হরিণঘাটা থেকেও দুধ সরবরাহের কোনও ব্যবস্থা করেন নি। বামফ্রন্ট সরকারের এই সিদ্ধান্তের ফলে শিশু, রোগী, মায়েরা দুধ পাচ্ছেন না।

এ বিষয়ে সরকার তার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন।

**(এই সময় মিঃ ডেপুটি স্পিকার পরবর্তী বক্তার নাম ডাকায় মাইক বন্ধ হইয়া যায়)**

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** অন পয়েন্ট অব অর্ডার, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা বেশ কিছুদিন যাবৎ দেখতে পাচ্ছি যে কংগ্রেস দলের পক্ষ থেকে এই সভার যে গাম্ভীর্য এবং গুরুত্ব সেটা ক্ষুন্ন করার জন্য বিভিন্ন অপ্রাসঙ্গিক বিষয় উত্থাপন করে সভার গাম্ভীর্যকে নষ্ট করছেন, কলুশিত করছেন। সেই জন্য আপনার কাছে আমার আবেদন প্রকৃত অর্থে কোন বিষয়গুলো সভায় প্রাধান্য পাওয়া উচিত, সেইগুলোর গুরুত্ব অনুধাবন করে তারপর পারমিশন দেওয়া উচিত, এটাই আমার পয়েন্ট অব অর্ডার।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No.40

**Mr. Deputy Speaker :** There is one cut motion to Demand No. 40 which is in order and taken as moved.

**Shri Saugata Roy :** Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

**শ্রী সুব্রত মুখার্জি :** এই কলেরার ব্যাপারে এই হাউসে এস ইউ সি থেকে আরম্ভ করে কংগ্রেস দলের সদস্যর উদ্বিগ্ন ভাবে বিষয়টা জানতে চাইছেন। হেলথ মিনিস্টার এখানে আছে, তিনি এই বিষয়ে কিছুই বলছেন না। কর্পোরেশন থেকে ডাক্তারকে গিয়ে ধমক দেওয়া হচ্ছে কেন তিনি কলেরা বলছেন। আজকে মেয়ো হাসপাতাল বন্ধ করে দেওয়া হয়েছে, মাতৃসদন বন্ধ করে দেওয়া হয়েছে। প্রতিদিন কলেরার এক লোক মারা যাচ্ছে, কিন্তু সরকার থেকে কলেরা বলা হচ্ছে না। কলেরা বললে সব খরচটা সরকারকে দিতে হয়। এখন শুধু আন্ত্রিক বলছেন, আন্ত্রিকের ট্রিটমেন্ট করছেন, আর হ্যালোজেন ট্যাবলেট দিচ্ছেন। দেয়ার ইন নো মিনিস্ট্রি। আজকে হেলথ মিনিস্টার এখানে রয়েছেন এই বিষয়ে বলুন, কেন ডাক্তারকে ধমক দেবেন, উনি কে, ধমক দেবার?

**শ্রী প্রশান্তকুমার শূর :** আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এই হাউসে প্রশ্নোত্তরের সময় কলিং অ্যাটেনশনের সময় এই সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়েছে। বর্তমানে আমাদের দপ্তর ওয়াইজ যখন আলোচনা হবে তখন এই বিষয়ে আরও বিশদ ভাবে বলতে পারেন।

**মিঃ ডেপুটি স্পিকার :** বাজেট আলোচনার সময় আপনারা বলবেন, এখন ডিমান্ড নং ৪০, সৌগত বাবু বলুন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি মাননীয় পুনর্বাসন মন্ত্রী প্রশান্তকুমার শূর মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ২৮ কোটি ২১ হাজার টাকা, তার বিরোধিতা করে আমি বক্তব্য

রাখছি। আমরা জানি যে এই যে বাজেট বরাদ্দ পেশ করা হয়েছে, এটা সবটাই হচ্ছে নন-প্ল্যান্ড এক্সপেন্ডিচার। তার মানে নতুন কোনও কাজ করার জন্য নয়, উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের একজিস্টিং যে সব কর্মচারী আছেন তাদের বেতন দিতে হয় এবং যে বাড়িগুলো আছে সেইগুলোর মেন্টেনেন্সের জন্য সমস্ত টাকা চলে যায়। আমি গত কয়েক বছর ধরে পুনর্বাসন দপ্তরের ব্যয় বরাদ্দের আলোচনার অংশ গ্রহণ করছি। আমি প্রতি বারই দেখছি, প্রশান্ত শূর এই দপ্তরের বাজেট বরাদ্দের বক্তৃতাটাকে একটা কেন্দ্র বিরোধী, পূর্বতন কংগ্রেস নেতৃত্ব বিরোধী বিষোদ্গারের প্ল্যাটফর্মে, একটা অকেশনে পরিণত করেন এবং ৪৭ সালে কি হয়েছিল—তার একটা বিকৃত ইতিহাস উত্থাপন করেন। আমি তাই প্রত্যেক বারই করি এবং এবারে তার মূল বক্তব্যকে খন্ডন করার চেষ্টা করছি। উদ্বাস্তুদের এখনও যেটুকু সমস্যা রয়েছে সেই সমস্যার পিছনে বামপন্থীদের দায়িত্বের প্রতি আর একবার অঙ্গুলি নির্দেশ করছি। এটা আমরা সকলেই জানি যে, দেশ বিভাগ ভারতবর্ষের সব চেয়ে দুঃখজনক ঘটনার মধ্যে একটা। আমাদের যে দেশ ভাগ হয়েছিল—পূর্ববঙ্গ পশ্চিমবঙ্গ এবং পশ্চিম-পাঞ্জাব, পূর্ব পাঞ্জাব, এই দুটো দেশ ভাগের মধ্যে একটা তফাৎ ছিল। তফাত ছিল এই যে, পাঞ্জাবে পপুলেশন ইন্টারচেঞ্জ হয়েছিল। সমস্ত হিন্দু এবং শিখরা পশ্চিম পাঞ্জাব থেকে চলে এসেছিল এবং সমস্ত মুসলমানরা পূর্ব পাঞ্জাব থেকে পাকিস্তানের চলে গিয়েছিলেন। তার ফলে পশ্চিম পাঞ্জাবে যে উদ্বাস্তুরা এসেছিলেন তাদের পুনর্বাসনের কাজটা অপেক্ষাকৃত সহজ ছিল। এটা ঠিক যে, স্বাধীনতার প্রথম পর্যায়ে পশ্চিম পাঞ্জাবের উদ্বাস্তুদের জন্য বেশি টাকা খরচ করা হয়েছিল। কিন্তু এটা আপনাদের মনে রাখতে হবে যে, আমাদের পশ্চিমবঙ্গ এবং পূর্ববঙ্গের মধ্যে পপুলেশন এক্সচেঞ্জ হয় নি। আমাদের মুসলমানরা সবাই ব্যাপকভাবে পশ্চিমবঙ্গ ছেড়ে চলে যান নি। আমাদের বাংলার কালচার তা ছিল না এবং আমাদের মনে রাখতে হবে স্বয়ং মহাত্মা গান্ধী কলকাতায় অনশন করেছিলেন এবং তিনি কলকাতা তথা পশ্চিমবঙ্গের দাঙ্গা ঠেকাতে পেরেছিলেন। ফলে আজও আমাদের পশ্চিমবাংলায় ২২ শতাংশ মুসলমানের বাস। তার ফলে আমাদের উদ্বাস্তু সমস্যা একটু অন্য রকম দাঁড়িয়েছে। স্যার, আপনি জানেন বিশেষ করে ৪৭ সালের পর থেকে যখন উদ্বাস্তুরা ব্যাপক ভাবে আসতে শুরু করেছিলেন তখন ৪৮ সালের প্রথম দিকে ডাঃ রায় মুখ্যমন্ত্রীর দায়িত্ব নিয়েছিলেন সেই ভাঙা বাংলার। অত্যন্ত কঠিন অবস্থার মধ্যে ডাঃ রায় দৃঢ়তার সঙ্গে উদ্বাস্তু সমস্যা মোকাবিলার চেষ্টা করেছিলেন। আজকে যাদবপুর, টালিগঞ্জের উদ্বাস্তু কলোনিগুলি ডাঃ রায়ের প্রত্যক্ষ প্রশ্রয়ে তৈরি হয়েছিল। তিনি সাহায্য করেছিলেন যাতে উদ্বাস্তুরা জায়গা পেতে পারে। কিছু কিছু প্ল্যান টাউনশিপ তৈরি হয়েছিল যেমন অশোকনগরে হয়েছিল। উদ্বাস্তুদের জন্য কিছু কিছু সংস্থাও তৈরি হয়েছিল যেমন রিহ্যাবিলাইটেশন ইন্ডাস্ট্রিস কর্পোরেশন। কিন্তু যেহেতু এখানে পপুলেশন ইন্টারচেঞ্জ হয় নি সেহেতু পশ্চিমবাংলার ওপর একটা জনসংখ্যার চাপ ছিল। ডাঃ রায়ের যে দৃষ্টিভঙ্গি ছিল তাতে তিনি বলেছিলেন, পূর্ব বাংলা থেকে আগত উদ্বাস্তুদের দায়িত্ব এক মাত্র পশ্চিমবঙ্গ নেবে কেন? এটা ঠিকই পার্বত্য ত্রিপুরায় অনেক উদ্বাস্তু গিয়েছিল। কুমিল্লা বা সিলেট সীমান্ত দিয়েও আসামে অনেক উদ্বাস্তু গিয়েছিল। কিন্তু বাল্ক, ৯০ শতাংশই এসেছিল পশ্চিমবঙ্গে। যেটা পশ্চিমবাংলার জনসংখ্যার ওপর একটা অসুবিধা বা চাপ সৃষ্টি করেছিল। সে জন্যই ডাঃ রায় চেয়েছিলেন উদ্বাস্তুদের সারা ভারতবর্ষে ছড়িয়ে দিতে। কেন্দ্রীয় নেতৃত্বকে তিনি বোঝাতে চেষ্টা করেছিলেন যে, সারা ভারতবর্ষ যাতে উদ্বাস্তু পুনর্বাসনের দায়িত্ব নেয়। আজকে মহারাষ্ট্রে

চন্দ্রপুরে কিম্বা উত্তরপ্রদেশের পিলভিটে যান, আপনি বাংলা কথা শুনে আশ্চর্য হবেন। সেখানে উদ্বাস্তু ক্যাম্প আছে, সেটেলমেন্ট এবং তার দায়িত্ব তারা নিজেরাই পালন করছে।

কিন্তু পঞ্চাশের দশকে বামপন্থীদের যে আন্দোলন ছিল, প্রশান্তবাবু ছোট হলেও যার অঙ্গ ছিলেন, সেই বামপন্থী আন্দোলন ছিল উদ্বাস্তুদের ভুলপথে পরিচালনা করবার, তাদের মিস গাইড করবার আন্দোলন। সে সময় তিনটি জায়গায় উদ্বাস্তুদের জন্য পুনর্বাসনের ব্যবস্থা করতে চেয়েছিলেন কেন্দ্রীয় সরকার, কিন্তু বামপন্থীরা প্রত্যক্ষভাবে তার বাধা দিয়েছিলেন। যখন উদ্বাস্তুদের আন্দামান পাঠাবার কথা বলা হয়েছিল তখন ট্রেন থামিয়ে বামপন্থীরা সেই উদ্যোগ বন্ধ করেছিলেন। তারপর যখন দন্ডকারণ্য ডেভেলপমেন্ট অথরিটি হল এবং সেখানে উদ্বাস্তুদের পাঠাবার ব্যবস্থা হল, তখন বামপন্থীরা, বিশেষ করে এই সি পি এম দল তাতে বাধা দিয়েছিলেন, বলেছিলেন বাংলার উদ্বাস্তুরা বাংলার বাইরে যাবেন না। কিন্তু আন্দামানে যে সকল উদ্বাস্তুরা গিয়েছিলেন তারা সেখানে ওয়েল সেটেল্ড হয়ে গেছেন। আজকে আন্দামানে এম পি একজন বাঙালি এবং আজকে তারা আর পশ্চিমবঙ্গে ফিরে আসার কথা ভাবেন না। দন্ডকারণ্যে যারা গিয়েছিলেন প্রথমে তাদের কিছুটা অসুবিধা হয়েছিল ঠিকই, কিন্তু তাদের একটা লার্জ সেকশন সেখানে ইনটিগ্রেটেড হয়ে গেছেন। সে সময়ে উদ্বাস্তুদের যদি সারা ভারতবর্ষের পুনর্বাসনের ব্যবস্থা করতে পারতাম, যেকথা আপনারা বলে থাকেন, অ্যাজ এ হোল দায়িত্বটা কেন্দ্রের নেওয়া উচিত, এটা আজকে আর সমস্যা হিসাবে থাকত না। আজকে ৪৭ বছর কেটে যাবার পর উদ্বাস্তুদের অধিকাংশ আর রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকারের উপর নির্ভরশীল নন, তারা নিজেদের পুনর্বাসনের ব্যবস্থা নিজেরাই করে নিয়েছেন। সরকার আইন বা পরিকাঠামোগত সাহায্য দিতে পারেন, কিন্তু তার বাইরে ডোল ইত্যাদির জন্য তারা আর সরকারের উপর নির্ভরশীল নন। বর্তমানে অবস্থার অনেক পরিবর্তন হয়েছে। ১৯৭২ সালে এখানে যখন কংগ্রেস সরকার হয়েছিল তখন আমরা উদ্বাস্তু পুনর্বাসনের জন্য একটা মাস্টার প্ল্যান তৈরি করেছিলেন ১৫০ কোটি টাকার এবং তখন সমস্ত উদ্বাস্তু কলোনিগুলিতে সি এম ডি এর উন্নয়নমূলক কাজ হয়েছিল। আজকে প্রশান্তবাবু যে টালিগঞ্জে থাকেন সেখানকার কলোনিগুলির রাস্তাঘাট থেকে শুরু করে সকলপ্রকার উন্নয়নমূলক কাজ কংগ্রেস আমলে সি এম ডি এর মাধ্যমেই হয়েছিল। তারপর প্রশান্তবাবু যখন মন্ত্রী হলেন তখন সেখানে তাই কিছু করার আর বাকি ছিল না। ঐ সময় যে মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছিল আর একটি অংশ মাত্র রূপায়িত করা সম্ভব হয়েছিল। সবচেয়ে বড় প্রশ্ন যেটা ছিল কি করে ৪৫০টি জবরদখল কলোনির উদ্বাস্তুদের দলিল দেওয়া হবে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসে উদ্বাস্তুদের জমির লিজ ডিড দেবার কথা বলেছিলেন, কিন্তু ৬০৭টি কলোনিতে ঐ লিজ দলিল দেবার ব্যাপারে তারা যে শর্ত দিয়েছিলেন সেটা ছিল অবমাননাকর। এবং আমি জানি, টালিগঞ্জের সর্বত্র বামফ্রন্টের দেওয়া ঐ লিজ দলিল উদ্বাস্তুরা প্রত্যাখ্যান করেছিলেন। ১৯৮৩ থেকে ১৯৮৫ পর্যন্ত বামফ্রন্ট সরকার এলাকায় এলাকায় ক্যাম্প করে যে লিজ দলিল দিয়েছিলেন সেগুলো উদ্বাস্তুরা পুড়িয়ে দিয়েছিলেন। তারপরে আমরা অনেক চেষ্টা করে, বিশেষ করে শ্রীমতী মমতা ব্যানার্জি বারবার সেন্ট্রাল গভর্নমেন্টকে বলে ৬০৭টি উদ্বাস্তু কলোনিতে লিজ-দলিল দেবার ব্যবস্থা কেন্দ্রীয় সরকারকে দিয়ে করিয়েছিলেন। বুটা সিং সে-সময়ে টালিগঞ্জে প্রশান্তবাবুর বিধানসভা কেন্দ্রে এসে বলেছিলেন ৬০৭টি উদ্বাস্তু কলোনিতে

লিজ দলিল দেবার ব্যবস্থা আমরা কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে করেছি। এবং তারপর ৮৪.৩৬ কোটি টাকা ব্যয় করে লিজ দলিল দেবার ব্যবস্থা তিনি করেছিলেন।

[1-20 — 1-30 p.m.]

এই হচ্ছে বাঙ্ক অব কোয়াটারস। জবরদখল কলোনির বেশির ভাগ নিঃশর্ত জমির দলিল দেবার সিদ্ধান্ত একতরফা ভাবে কেন্দ্রীয় সরকার করেছিলেন। কিন্তু বামফ্রন্ট সরকার যেটা বলেছিলেন, বামফ্রন্ট সরকার যে শর্তে দলিল দিতে চেয়েছিলেন, সোটা অপমাননজক শর্তে। কিন্তু কেন্দ্রীয় সরকার উদ্বাস্তুদের নিঃশর্ত জমির পাট্টা দেবার কথা ঘোষণা করেছিলেন। আমি প্রশান্তবাবুকে জিজ্ঞাসা করছি, যে ৬৬০টি কলোনি সম্পর্কে ১৯৮৬ সালে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, আজ পর্যন্ত সেই ৬৬০টি জবরদখল কলোনির উদ্বাস্তুরা তাদের জমির দলিল পাননি, পাট্টা পাননি। এটা একটা জাইগ্যান্টিক ব্যর্থতা আপনার দপ্তরের। এর কোনও এক্সপ্ল্যানেশন আপনার কাছে আছে কি? আপনারা চাঁদা নিয়ে রিহ্যাবিলিটেশন দিচ্ছেন। এই কলোনিগুলিতে পাট্টা দেবার আগে যে ইউ সি আর সি আছে, তারা বলতেন যে তোমাদের পাট্টা দেওয়া হবে, তোমরা ৫০ টাকা করে চাঁদা দাও। তারপরে একদিন অ্যানাউন্স করে সি পি এম-এর পক্ষ থেকে পাট্টা দেওয়া হচ্ছে। এটা বেশির ভাগ কলোনিতে হচ্ছে। এখন প্রশান্তবাবুর নিজের এলাকায় সমস্ত কলোনিতে পাট্টা দেওয়া হয়নি। মন্ত্রী তার নিজের এলাকা থেকে মাত্র ৩ শত ভোটে জেতেন কেন? তার কারণ হচ্ছে এই পাট্টা দিতে দেরি হওয়া। উদ্বাস্তুদের মধ্যে তিনি জনপ্রিয়তা হারিয়েছেন। মানুষ এটা স্বীকার করেছে যে কংগ্রেস আমলে যে উন্নয়ন হয়েছিল, এদের আমলে তা হয়নি। প্রশান্তবাবু, তিনি সি পি এম-এর বিশেষজ্ঞ। তিনি যেটা করেন সেটা হচ্ছে, তিনি মাঝে মাঝে একটা কাগজ তৈরি করেন এবং একটা অ্যাস্ট্রোনমিক্যাল অ্যামাউন্ট দাবি করে বলেন যে এত টাকা দিতে হবে ১৮ শত ২৭ কোটি টাকা দিতে হবে। এটা কেন কমবেশি নয় সেটা বোঝা যায় না, সেটা একমাত্র উনিই জানেন। এই উদ্বাস্তু পুনর্বাসনের জন্য এবারে বলেছেন যে ১৭ শত ২৫ কোটি টাকা দিতে হবে। এটা আবার কখনও হোল নাম্বারে হয় না। এই হাউসে কি করে সার্কুলেট করা হল? এম এন ভোরা, কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তরের সেক্রেটারি, তার একটা চিঠিতে বলেছেন যে স্টেট গভর্নমেন্ট কি দাবি করেছেন। স্টেট গভর্নমেন্ট বলেছেন যে স্টেট গভর্নমেন্টের যে যে জমিতে উদ্বাস্তু কলোনি বসেছে তার কমপেনসেশন কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। কি যুক্তিতে দিতে হবে? যদি রাজ্য সরকারের জমি হয় তাঁর জন্য দায়িত্ব কার? স্টেট গভর্নমেন্টের জমিতে উদ্বাস্তু বসেছে তার জন্য একটা অ্যাবসার্ড টাকা, ১৩৭ কোটি টাকা দাবি করেছেন। এটা সঠিক ভাবে বলা হয়েছে যে জবর দখল কলোনির জন্য যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, ৮৪.৩৬ কোটি টাকা যে দাবি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকা রাজ্য সরকার পেয়ে গেছেন। এখন রাজ্য সরকার বলছেন যে আমাদের নিজেদের জমিতে যে উদ্বাস্তু বসেছে তার জন্য যে লোকসান হচ্ছে সেটা না দেওয়ার জন্য উদ্বাস্তুদের জন্য কোনও ডেভেলপমেন্ট হচ্ছে না। দীর্ঘদিন ধরে এই বস্তাপচা স্লোগান এখন আর মানুষ শুনতে চায় না। আমরা ছোটবেলায় যখন উদ্বাস্তু কলোনিতে যেতাম, আমরা দেখেছি যে সি পি এম-এর কারও নামে কোনও কলোনি নেই। আপনারা দেখবেন যে কলোনিগুলির নাম হচ্ছে, আজাদগড় কলোনি। গান্ধী কলোনি, নেহেরু কলোনি,, বিজয়গড় কলোনি। কিন্তু লেনিনের নামে, মার্কস-এর নামে কোনও

কলোনি নেই। বাঘা যতীনের নামে, নেহেরুর নামে, সুভাষের নামে এগুলি হয়েছে। কারণ কংগ্রেসের লোকেরা উদ্যোগ নিয়ে তাদের বসিয়েছিল। আমরা ছোটবেলায় দেখেছি যে সেখানে টিনের চালের ঘর ছিল। কিন্তু এখন সেখানে পাকা বাড়ি হয়ে গেছে। এই বস্তিবাসীরা প্রশান্তবাবুর উপরে নির্ভর করে নেই। তারা নিজেরা পরিশ্রম করে তাদের নিজেদের আর্থিক ব্যবস্থার উন্নতি ঘটিয়েছে।

আপনারা আলাদা করে উদ্বাস্তু, খাতে টাকাই চাইছেন কেন? আপনারা যদি স্টেট ডেভেলপমেন্ট প্ল্যানের জন্য টাকা চান তাতে আমরা সাপোর্ট করতে রাজি আছি। স্টেট ডেভেলপমেন্টে প্ল্যানের জন্য আপনারা টাকা দিতে পারছেন না। কেন্দ্রীয় সরকার আপনাদের প্ল্যান অ্যাসিস্ট্যান্স দিতে তৈরি। আপনারা নিজেরা টাকা তুলতে পারলে তো সেই টাকা আপনারা প্ল্যান অ্যাসিস্ট্যান্সে দেবেন। আপনারা এখন কেন্দ্রীয় সরকারের দিকে চেয়ে বসে আছেন। এখানে আপনারা চেয়ে বসে আছে ১১০০ কোটি টাকা ইকনমিক রিহ্যাবিলিটেশনের জন্য, ডেভেলপমেন্ট অফ কলোনিসের জন্য ৪০০ কোটি টাকা। হোয়াইট ইজ দি ব্রেক আপ? আপনারা কি ইকনমিক রিহ্যাবিলিটেশন করবেন? আপনাদের প্ল্যান কি, পরিকল্পনা কি? সেই প্ল্যানটা জেনারেল ইকনমিক প্ল্যানের সঙ্গে মিলিয়ে দিতে অসুবিধা কি আছে? কলোনি ডেভেলপমেন্ট যদি কলকাতার পাশাপাশি হয় তাহলে সেটা মেগাসিটি প্রকল্পের মধ্যে আনতে অসুবিধা কি আছে? এক দিকে মেগাসিটি করবেন ১৬০০ কোটি টাকা পরিকল্পনা করেছেন আবার অপর দিকে বলছেন কলোনি ডেভেলপমেন্টের জন্য ৪০০ কোটি টাকা চাই। কোনও দল যদি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বারে বারে টাকা চাই এবং এই টাকা চাওয়া নিয়ে রাজনীতি করে তাহলে সেই দল আস্তে আস্তে বিশ্বাস যোগ্যতা হারায়। উদ্বাস্তুদের জন্য এক সময় সি পি এম-এর উদ্যোগ ছিল, এখন সামগ্রিক ভাবে সি পি এম তাদের বিশ্বাস যোগ্যতা হারিয়েছে। নির্বাচনের সময় তারা কোথাও কোথাও যায়, এখন সেই বিশ্বাসযোগ্যতা নতুন করে তৈরি হয়ে ওঠে নি। আমি একটা কথা এখানে বলতে চাই, এখানে রাজ্য সরকারের নিজের একটা মস্ত সমস্যা রয়েছে। একটা উদাহরণ দিই কি রকম হচ্ছে। যোধপুর কলোনিতে একটা কি সাইড আছে। যোধপুর কলোনি, সেটা ডিফেন্সের জমি ছিল। ডিফেন্স সেটা অ্যাকোয়ার করার জন্য মামলা করেছে, কংগ্রেস সেই অ্যাকুইজিশন বন্ধ করার জন্য মামলা চালিয়েছে। কংগ্রেস মামলা করে সেটাকে অ্যাকোয়ার করেছে। এখন সেই কলোনিতে কলোনি কমিটি ছিল। সেই কলোনি কমিটিতে সি পি এম দলের লোকেরা মাপ করছে জমির। যখন জমি মাপের ব্যাপারে হয় তখন প্রতিটি কলোনি কমিটিতে সি পি এম এর লোকেরা গিয়ে মাপ নেবে। তারা মাপ দিয়ে যেটা ফাইনাল করবে, উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরকে বলা আছে সি পি এম-এর লোকেরা যে রকম বলে দেবে সেই রকম ভাবে তারা শুনে যেন চলেন। এই সুযোগে ইউ সি আর সি কিছু টাকা তুলে নেবে। আমি বলতে চাই রাজ্য সরকারের রিহ্যাবিলিটেশন দপ্তর ন্যূনতম যেটা করার কথা সেটা তারা করছে না। রাজ্যে বিল্ট আপ কলোনি আছে, সেখানে মেনটেনেন্সের জন্য কিছু দিচ্ছেন না। যে ক্যাম্পগুলি আছে সেখানে কোনও মেনটেনেন্স হচ্ছে না। কুপার্স ক্যাম্পের অবস্থা দেখে আসুন, সেখানে রিহ্যাবিলিটিশেন দপ্তরের যে কাজকর্ম ছিল সেইগুলি প্রায় বন্ধ হয়ে গেছে। সেখানে কিছু লোককে মাইনে দিচ্ছে মাত্র। শুধু মাঝে মাঝে একটা দাবি তুলছে আমাদের এত কোটি টাকা চাই। যে রকম

একটা দাবির কথা তারা তুলে এসেছেন। প্রশান্তবাবুকে বলতে চাই ভোরার চিঠির সিগনিফিকেন্ট আপনি ১৩৭ কোটি টাকার দাবি ছেড়ে দিন। প্রধানমন্ত্রী উদ্বাস্তুদের প্রবলেম ফ্যামিলি সেটেল্ডের ব্যাপারে বলেছেন It would, therefore, be appreciated if action is taken by State Government in accordance with the decisions taken at the meeting held in the Ministry of Home Affiars on 9th September, 1992.

এবং প্রধানমন্ত্রী যেটা বললেন The Prime Minister gave a patient hearing to the delegation and assured of his due consideration of the proposal of the Government of West Bengal.

প্রধানমন্ত্রী বলেছেন আপনারা একটা রিয়ালিসটিক প্ল্যান দিন, যে রেসিডুয়াল সমস্যা গুলি আছে সেটা বারে বারে না করে একটা অ্যাবসার্ড ফিগার না দিয়ে আপনারা একটা প্রপোজাল দিন। সেই প্রপোজালটা আদায় করার ব্যাপারে আপনাদের সঙ্গে সহযোগিতা করতে আমরা রাজি আছি। ১৩৭ কোটি টাকার একটা পরিকল্পনা তৈরি করে দেবেন, ১১৫০ কোটি টাকার একটা পরিকল্পনা তৈরি করে দেবেন, এই রকম নয়। উদ্বাস্তুদের যে রেসিডুয়াল প্রবলেম আছে তাদের সেটেল্ড করতে আউট সাইড দি একজিসটিং অর্গানাইজেশন, সি এম ডি এ মেগাসিটি এর বাইরে একটা রিয়ালিসটিক প্ল্যান তৈরি করে পাঠান। সেন্ট্রালের কাছে অ্যাবসার্ড দাবি করে তারা দিতে পারবে না এবং সেটাকে নিয়ে বস্তা পচা রাজনীতি করবেন এতে রাজনীতি করা হয় কিন্তু উদ্বাস্তুদের সমস্যার সমাধান হয় না। আজকে আপনারা একটা কমপ্লিট কনস্ট্রাকটিভ প্ল্যান তৈরি করুন যাতে ২০০০ সালের মধ্যে উদ্বাস্তুদের সমস্ত সমস্যা মিটে যায় এবং তারা যাতে মেন স্ট্রিমের সাথে মিশে যেতে পারে তার জন্য যে পদক্ষেপ গ্রহণ করার দরকার সেটা করুন। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী ননী কর :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, উদ্বাস্তু পুনর্বাসনের জন্য ৪০ নম্বর খাতে মাননীয় পুনর্বাসন মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করার জন্য উঠেছি। মাননীয় মন্ত্রী তার লিখিত ভাষণে বিস্তারিত ভাবে বামফ্রন্ট সরকার উদ্বাস্তু পুনর্বাসনের জন্য, তাদের সমস্যার সমাধানের জন্য কি কি চেষ্টা করেছেন, কেন্দ্রীয় সরকার কি কি অবহেলা করেছেন, কি ভাবে বঞ্চনা করেছেন, কি ভাবে দায়িত্ব অস্বীকার করেছেন তা বিস্তারিত ভাবে বলেছেন। আমি আশা করেছিলাম, বিরোধী পক্ষের সৌগতবাবু যখন বলছিলেন তখন তিনি অন্তত এই বক্তব্যকে পরিপূর্ণভাবে সমর্থন করবেন। কিন্তু আমি জানি, রাজনৈতিক কারণে ওর পক্ষে সমর্থন করা সম্ভব হচ্ছে না এবং সমর্থন না করার জন্য আমাদের কাছে অর্দ্ধসত্য কথা বলেছেন। আমি তারমধ্যে পরে যাচ্ছি। আমি প্রথমে বলছি যে, ১৯৭৩ সালে রাজ্য সরকার যে হিসাব করেছিল তাতে মোট উদ্বাস্তু সংখ্যা ছিল ৮ লক্ষ। আর স্বাভাবিক ভাবে যে বৃদ্ধি হয়েছে সেই অনুযায়ী ১৯৮১ সালে আর আর কমিটির যে রিপোর্ট সেই রিপোর্টে বলা হয়েছে যে উদ্বাস্তু সংখ্যা হচ্ছে ৮০ লক্ষ। আর আজকে যে অবস্থা, ২.৫ পারসেন্ট বৃদ্ধি ধরে ১৯৯৪ সালে দাঁড়িয়েছে ১ কোটি ১০ লক্ষ।

এরমধ্যে ১৯৭১ সালে যারা এসেছিল যারা ফিরে যান নি, কিম্বা পরে এসেছেন, তাদের কোনও হিসাব ধরা হয়নি। কেন্দ্রীয় সরকার ১৯৭০ সালে একটি হিসাব করেছিল, তাতে বলেছেন উদ্বাস্তু সংখ্যা ৫২ লক্ষ ৮২ হাজার। পশ্চিম পাকিস্তান থেকে উদ্বাস্তু পুনর্বাসনের কাজ পাঞ্জাবে সমাধা হয়েছে, আমরা এর জন্য খুব খুশি। কিন্তু এটা খুবই পরিতাপের বিষয়, আজ অর্দ্ধ শতাব্দী হয়ে গেছে আমরা স্বাধানীতা লাভ করেছি, আজকেও আমাদের পূর্ব বাংলা থেকে যে উদ্বাস্তু এসেছিল তাদের পুনর্বাসনের বিষয়ে আলোচনা করতে হচ্ছে। আমি আপনাকে হিসাব দিতে চাই। পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছিল তাদের জন্য বাড়ি করে দেওয়া হয়েছিল ১ লক্ষ ৬৬ হাজার। আর সংখ্যা বেশি যারা এসেছিল পুর্ববাংলা থেকে, তাদের জন্য বাড়ি করা হয়েছিল ১১ হাজার। আর উপনগরী তৈরি করা হয়েছিল পশ্চিম পাকিস্তান থেকে যারা এসেছিল তাদের জন্য, যেখানে পৌরসভা আছে, স্কুল আছে, কলেজ আছে, বিদ্যুত আছে, জল সরবরাহের ব্যবস্থা আছে এই রকম ১৯টি তৈরি করা হয়েছে। শহরের আশেপাশে কলোনি তৈরি করা হয়েছে ৩৬টি, তাতে শহরের সমস্ত সুযোগ ছিল। আর পশ্চিম বাংলার ব্যাপারে নিস্ক্রিয়তা ছাড়া কিছু বলা যাবে না। পশ্চিম পাকিস্তান থেকে অর্দ্ধেক যে উদ্বাস্তু এসেছিল এবং যে সম্পত্তি তারা ফেলে এসেছিল, তারজন্য কেন্দ্রীয় সরকার ১৯১ কোটি ১৬ লক্ষ টাকা দিয়েছিল। পূর্ব পাকিস্তান-এর উদ্বাস্তুরা এক পয়সা পায় নি। চাকুরির ক্ষেত্রে পশ্চিমপাকিস্তান থেকে উদ্বাস্তুরা পেয়েছিল, তাদের সংখ্যা ছিল ২.৮৪ লক্ষ। আমি এটা সেন্ট্রাল গভর্নমেন্টের হিসাব থেকে বলছি। পুর্ববাংলা থেকে যারা এসেছিল তাদের চাকুরি দেওয়া হয়েছিল ১.১০ লক্ষ লোককে। পশ্চিমপাকিস্তান থেকে আসা উদ্বাস্তুদের বৃত্তিঋণ দেওয়া হয়েছিল ৩ হাজার টাকা করে, আর পূর্বপাকিস্তান থেকে যারা এসেছিল তাদের দেওয়া হয়েছিল দেড় হাজার টাকা করে। আমি এই বিষয়টি আপনাকে বিশেষ করে সৌগতবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই।

১৯৭৩ সাল পর্যন্ত পশ্চিম পাকিস্তান থেকে কেন্দ্রীয় সরকারের হিসাব অনুযায়ী লোক এসেছিল ৪৭ লক্ষ ৪০ হাজার এবং তারজন্য পুনর্বাসন বাবদ ৪৫৬ কোটি টাকা লাগে। কেন্দ্রীয় সরকারের মতো হিসাব মতো পশ্চিমবঙ্গ পূর্ববঙ্গের থেকে ৫৮ লক্ষ এসেছিল এবং তারজন্য পাওয়া গেছিল ৮৫ কোটি টাকা এই পর্যন্ত শুধু পুনর্বাসন বাবদ। সবচেয়ে আশ্চর্যের বিষয় যে এতদিন পরে কেন্দ্রীয় সরকার সব হিসাব চেয়েছেন। আমাদের মন্ত্রী প্রশান্ত শূর আজকেই লিখিতভাবে এর হিসাব দিয়েছেন, সৌগত বাবুর পড়ার সময় নেই, তাই পড়েন নি। তিনি এর পুরো হিসাব দিয়েছেন। ১৭২৬ কোটি ৫০ লক্ষ টাকার হিসাব দিয়েছেন। ১৯৪৭ সালে যখন পুনর্বাসনের ব্যবস্থা হয় তখন এই পুনর্বাসনের ব্যাপারে নতুন নতুন মাস্টার প্ল্যান তৈরি করা হয়। তখন প্রয়াত নেতা নিরঞ্জন সেন, যার নামে আজও কলোনি আছে, তিনি যে প্রস্তাব দিয়েছিলেন সেটা ছিল ২৫০ কোটি টাকা। ১৯৪৭ সালের পরে ১৯৭২ সালে কংগ্রেসিদের পক্ষ থেকে মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছিল। সেখানে আরও ১২৫ কোটি টাকার প্ল্যান করেছিলেন। এরপরে ১৯৭৮ সালে বামফ্রন্ট সরকারের আমলে যষ্ঠ ফিনান্স কমিশনের কাছে চাওয়া হল ৫০০ কোটি টাকা। তারপরে আর আর কমিটি তৈরি করা হয়েছিল, যার রিপোর্ট এখানে দেওয়া হয়েছে। সেই সম্পর্কে আপনারা তো কিছুই বললেন না। যেখানে চালের দাম ১৯৪৭ সালে ১ টাকা করেছিল, সেখানে আজকে ১৯৯৪

সালে ১০ টাকা। তাহলে এই হিসাব ধরে তো ২৫০০ কোটি টাকা হবার কথা ছিল। সেখানে মাত্র তিনি ১৪২৬ কোটি ৫০ লক্ষ টাকা চেয়েছেন। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের দিক থেকে বলিষ্ঠ গঠনমূলক কোনও সিদ্ধান্ত দেখলাম না ওই টাকাও ঠিকমতো আসছে না। এরফলে ৬ই এপ্রিল ১৯৯৪ সালে হোম সেক্রেটারি মিঃ ঘোরা আমাদের চিফ সেক্রেটারিকে চিঠি দিলেন, সেই চিঠির কিছু অংশ আমি পড়ে শোনাচ্ছি It is not possible to reopen these issues at this stage. তারপরে আরও বলেছেন It is not possible now to go beyound the scope of the cabinet dicision. মিঃ ঘোরা যে চিঠি লিখেছে তার উত্তরে চিফ সেক্রেটারি উত্তর দিয়েছিলেন এবং তাতেও আবার উত্তর এসেছিল। তার উত্তরে মিঃ ঘোরা বলেছিলেন যে ক্যাবিনেটের ডিসিসন নাকি পাল্টানো যায় না। এ কখনও হতে পারে? ক্যাবিনেটে সিদ্ধান্ত নিলে ক্যাবিনেট সেই সিদ্ধান্ত প্রয়োজন হলে পাল্টাতে পারে না? আসলে ওনারা দেবেন না। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী সুন্দরভাবে হিসাব দিয়ে সমস্তটা বুঝিয়ে দিয়েছেন এবং হাউসে সেটা প্লেসও করা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার উদ্বাস্তু পুনর্বাসনে কিছু দেবেন না, সেই কারণে নানা টালবাহনা করছেন। আমি ওই চিঠির আরও একটি অংশ পড়ে শোনাচ্ছি "The displaced persons in West Bengal had already been provided necessary relief and were therefore deemed to have merged with the State's population."

[1-40 — 1-50 p.m.]

কেন্দ্রীয় সরকার কেন পশ্চিমবঙ্গের রাজ্য সরকারের অধিগৃহীত জমির দাম দেবেন—হ্যাঁ, আমি বলছি, জমির দাম তাদের দিতে হবে কারণ উদ্বাস্তুদের পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। আপনি জেনে যান, রেলের জমি, কেন্দ্রীয় সরকারের এত জমি, সেই সমস্ত জমির দাম আজকে সি পি দেন ২০ টাকা, ২৫ টাকা বিঘায় কি আরও কম দামে অ্যাকোয়ার করেছিল যে জমি, সেই জমি আজকে যেখানে উদ্বাস্তু কলোনি হচ্ছে, পশ্চিমবাংলার কাছ থেকে সমস্ত টাকা নিয়ে নিচ্ছেন কেন্দ্রীয় সরকার আর রাজ্য সরকার সেতো টাকা নিয়ে অ্যাকোয়ার করেছে, অন্য কারণে, কখনও ইরিগেশন কখনও অন্য কাজের জন্য সেটা তো দরকার আছে। উদ্বাস্তুদের দায়িত্ব যখন কেন্দ্রীয় সরকারের, সেখানে টাকা কেন দেবেন না, এটা তো আমি বুঝতে পারছি না। আমি শুধু হিসাবের জন্য বলি, কেন্দ্রীয় যে জমি তাতে যে কলোনি তৈরি হয়েছে তার পরিমাণ হচ্ছে ৮৮৬.৪৭৭ একর। আর রাজ্যের যে জমি সেটা হচ্ছে ১৭ হাজার ৪৭৩.৮৬২ একর, অনেক বেশি জমি। কিন্তু তার দায়িত্ব ওরা নেবেন না। আমি আপনাকে বলি আজকে রাজ্য সরকারের এলাকায় যে কলোনি আছে, সরকারি কলোনি হচ্ছে ৫১৭টি, আর সাহায্য প্রাপ্ত বেসরকারি কলোনি, তার পরিমাণ হচ্ছে ২৪৯, আর শিক্ষিত জবরদখল কলোনি, উনি যেটা বললেন যাদবপুরের সব কলোনি করেছে, কংগ্রেসের লোকেরা বললেন বলে আমি খুশি, তারা দায়িত্বটা নিচ্ছেন, সেই সময় জবরদখল করেছিল, যেহেতু সরকার কোনও রকম প্রস্তাব করছে না, তখন পোড়ো জমি, কখন খানা খন্দ, জঙ্গল এসব দখল করে জবরদখল হয়েছিল। পুলিশ লাঠিপেটা করেছে, আমাদের মতো বহু মানুষকে জেলে নিয়ে গিয়েছে, সৌগতবাবু তখন কোথায় ছিলেন আমি জানি না, উনি নিজেকে উদ্বাস্তু বলে স্বীকার করছেন, আমি খুশি হলাম, ওর বাবা কিম্বা ঠাকুরদা হয়ত পূর্ববঙ্গের লোক,

উনি কিনা জানিনা। কিন্তু আমি এই কথা বলছি, তখন কংগ্রেস বাধা দিয়েছিল, এই যে কলোনিগুলি হয়েছিল—আমি আপনাকে বলি কলোনি স্বীকার করেছে অনেকে, উনি ৬০৭ নিয়ে বললেন, তারও আগে স্বীকার করেছে, প্রথম স্বীকার করেছিলেন ওরা ১৪৯টা, এবার লড়াপেটা হতে হতে ৯ বছর কেটে গেল, তখন ওরা স্বীকার করলেন ৭৮ সালে ১৭৫টি তারপর আরও লড়াপেটা হতে হতে সেদিন স্বীকার করলেন ৬০৭টি, এ পর্যন্ত ৯৩১টি জবরদখল কলোনি স্বীকার করেছেন, না সরকারি কলোনি নয়, আইন ভেঙে জবরদখল করেছিল বলে, জবরদখল কলোনি বলেছেন। আজও ৭০০ কলোনি পড়ে আছে, এইগুলি এখনও স্বীকৃতি পায়নি। স্যার, রাস্তার পারে, রেলের পারে বস্তিতে যারা বাস করছেন, সেইজন্য ইউ সি আর সি পক্ষ থেকে আজকে নয়, যেটা ওদের আপত্তি ১৯৫৮ সালে একটা প্রথম অন্টারনেট রিহ্যাবিলিটেশন কমিটি হাজির করেছিল, সেই পরিকল্পনা যখন হাজির করেছিল তার জবাবে ওরা বলেছিলেন, বিধানবাবু বলেছিলেন পাঞ্জাবে যা করা হচ্ছে, পশ্চিমবাংলার জন্য তা করা হচ্ছে না। কিন্তু স্যার, ওরা বলতে গিয়ে কি বললেন It has been suggested in some quarters that at the time of partition a sort of an undertaking was given to the East Pakistan people that the Indian Union is morally responsible for giving as much protection as possible to the people coming form Pakistan, but whether that necessarily implies the question of giving them relief and rehabiliation benefits is a different matter altogether. স্যার, এটা ওরা বললেন। এটা শুধু ওখানে নয়, পশ্চিমবাংলার দেশ ভাগের জন্য দায়ী তো পরিপূর্ণভাবে কংগ্রেসের! স্যার, আবুল কালাম আজাদ যে বই লিখেছিল ভারত স্বাধীন হল আমি তার ১৯৩ পৃষ্ঠাটা আপনাকে দেখতে বলব। সেখানে বলেছেন কংগ্রেস বরাবর ভারতের স্বাধীনতা ও ঐক্যর জন্য লড়াই করে এসেছে। এখন সেই কিনা দেশকে ভাগ করার সরকারি প্রস্তাব নিয়ে মাথা ঘামাতে বসেছে।

**(এর পর মাইকের সংযোগ বিচ্ছিন্ন হয়)**

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শরণার্থী, ত্রাণ এবং পুনর্বাসন মন্ত্রী মাননীয় প্রশান্ত শূর মহাশয়, তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছে, সেই বিতর্কে অংশ নিয়ে আমি এখন দু-একটি কথা বলতে চাই। আমি একটু আগে ননীবাবুর বক্তব্য শুনছিলাম। ভেবেছিলাম রাজ্য সরকার উদ্বাস্তু পুনর্বাসনের ব্যাপারে কি ব্যবস্থা নিতে পেরেছেন সেটার উল্লেখ করে কৃতিত্ব দাবি করবেন। কিন্তু তার বক্তব্যের মধ্যে সেটা কোথাও পেলাম না। মাননীয় মন্ত্রী মহাশয় তার ডিপার্টমেন্টের যে ভাষণের কপি তৈরি করেছেন সেটা উনি নিজে পড়েছেন কিনা জানি না। উনি স্বাধীনতার পর থেকে একটা ইতিহাস তৈরি করেছেন এবং এটা একটা বিকৃত ইতিহাস, এতে শুধু কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেস দলকে গালাগালি করেছেন। এমনকি জাতীয় নেতাদেরও তিনি কটাক্ষ করেছেন। এখানে তিনি ১৯৪৯ সালে ইতিহাসের কথা বলেছেন। ওনার বক্তৃতার মধ্যে উনি বলেছেন ১৯৪৯ সালের জানুয়ারি মাসে শরণার্থীদের এক মিছিল কলকাতা ময়দানে প্রধামন্ত্রীকে এক স্মারকলিপি দিতে গিয়ে পুলিশি আক্রমণের শিকার হল। সর্বোচ্চ জাতীয় স্তরে রাজ্যের শরাণার্থী পুনর্বাসন সমস্যার মতে এক জাতীয় সমস্যার প্রতি এই ছিল দৃষ্টিভঙ্গি। ওনাদের আমলে ওনারা উদ্বাস্তুদের ৩০

বছর মরিচঝাঁপিতে থাকার ব্যবস্থা করেছিলেন। ওনাদের এক মন্ত্রী তার নামটা আমি বলছি না তিনি দন্ডকারণ্য থেকে উদ্বাস্তুদের নিয়ে এলেন ময়দানে, তখন পুলিশ তাদের উপর গুলি চালালো। আমরা জানি, আপনারা যখন বিরোধী দলে ছিলেন, তখন উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করতেন। আজকে আপনারা এখানে পশ্চিম পাকিস্তানের উদ্বাস্তুদের কথা বলছেন, ঠিকই সারা ভারতবর্ষে তারা ছড়িয়ে ছিটিয়ে ছিল, তাদের নিয়ে কেন্দ্রীয় সরকার কোনও ষড়যন্ত্র করেনি। আর আপনারা পূর্ব পাকিস্তানের উদ্বাস্তুদের নিয়ে রাজনীতি করছেন। আপনার শুধু তাদের খেপিয়ে দিয়েছেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে, উদ্বাস্তু পুনর্বাসনের জন্য আপনারা কোনও কন্সট্রাকটিভ চিন্তা-ভাবনা করেননি। তাই আজকে উদ্বাস্তুদের এই রকম অবস্থা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় তার ভাষণে বলেছেন দশম অর্থ কমিশনের কাছে রাজ্য সরকার ১৭২৬ কোটি টাকার একটি প্যাকেজ প্রস্তাব ভারত সরকারের বিবেচনার জন্য পাঠায়। আমরাই একমাত্র পজিটিভ বক্তব্য রেখেছিলাম কংগ্রেসের পক্ষ থেকে। আমরা রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে চলিনি। উদ্বাস্তু সমস্যার সমাধান করা হোক এটাই আমার চেয়েছিলাম। আপনারা তো আগে কমিশনগুলোর কাছে কোনও বক্তব্য রাখতে পারেননি, সরকার পক্ষ থেকে আপনারা কোনও কন্সট্রাকটিভ বক্তব্য রাখতে পারেননি। আপনারা কুয়োর ব্যাঙের মতো। আমরা ছাত্রাবস্থায় দেখেছি, আপনারা ভিয়েতনাম নিয়ে খুব আন্দোলন করেছেন, আপনারা হোয়াইট হাউসের টনক নড়াতে চেয়েছেন, কিন্তু এতে ওদের কিছু হয়নি। আপনাদের একজন মন্ত্রীও কেন্দ্রীয় কোনও মন্ত্রী বা রাষ্ট্রমন্ত্রীর কাছে গিয়ে কথা বলতে পারে না, মুখ কাঁচুমাচু করে থাকে। আর এখানে ভাষণে বলে দিলেন কেন্দ্রীয় সরকারকে বাধ্য করেছেন। ১৯৮৩, ১৯৮৪, ১৯৮৫ সালে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপে রাজীব গান্ধী এবং বুটা সিংয়ের হস্তক্ষেপে লিজ দলিল সমস্যার সমাধান করা হয়।

[1-50 — 2-00 p.m.]

আপনারা রাজীব গান্ধীর ভয়ে ভীত ছিলেন কিন্তু রাজীব গান্ধীই এই উদ্বাস্তুদের সমস্যার সমাধানের জন্য চেষ্টা করে গেছেন, আপনারা কিছু করেন নি। এর পর আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টিতে কয়েকটি বিষয় আনব। রিফিউজিদের জন্য একটা ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন আছে, বোধহয় সেটি এই দপ্তরই চালায়। এর উপর অনেক লোক নির্ভরশীল। সেটা কিন্তু বছরের পর বছর লসে রান করছে। সেখানকার অনেক লোক এসে আমাদের বলেছেন, এ ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় কিছু করতে পারেন কিনা দেখুন যাতে এটাকে ভ্যায়াবল করা যায়। আপনি তো স্বাস্থ্য দপ্তরে এসে স্বাস্থ্য দপ্তরকে ডুবিয়েছেন, এই দপ্তরকে ডুবিয়েছেন তবুও আপনাকে বলছি, এটাকে কি করে ভ্যায়াবল করা যায় সেটা একটু চিন্তা করে দেখুন। এর পর আমি যে সমস্যাটির কথা বলব সেটা নিয়েও মন্ত্রী মহাশয়কে চিন্তা ভাবনা করতে হবে। আপনারা জানেন যে ১৯৭১ সালের ২৫শে মার্চকে একটা ডেডলাইন করা আছে। বলা আছে তারপর ওপার বাংলা থেকে আর কোনও উদ্বাস্তু আসবে না বা এপার বাংলা থেকে কোনও উদ্বাস্তু ওপারে যাবে না। এটা ইন্দিরা মুজিব চুক্তির অনুযায়ী হয়েছিল বাংলাদেশ একটি রাষ্ট্র হওয়ার পর। এ ক্ষেত্রে যে প্রবলেমটা হচ্ছে সেটা হল, যে সমস্যার কারণে লোকে উদ্বাস্তু হয়ে আসতেন সেই কারণটা কিন্তু দূর হয়নি ফলে এখনও উদ্বাস্তুরা আসছেন। এই মানুষগুলি কিন্তু স্বীকৃতি পাচ্ছেন না। কখনও তাদের অনুপ্রবেশকারী বলে তাড়িয়ে দেওয়া হচ্ছে কখনও

অন্য কারণ দেখিয়ে তাদের তাড়িয়ে দেওয়া হচ্ছে ফলে ভয়ে তারা লুকিয়ে লুকিয়ে থাকছে। ভোটের সময় আমরা দেখি সীমান্তবর্তী এলাকাগুলিতে আপনাদের লোকরা তাদের নিয়ে এসে ভোট দিইয়ে আবার ওপার বাংলায় ফেরত পাঠিয়ে দেয়। আমার কথা হল, এই অনুপ্রবেশ যাতে না হয় সেটা দেখতে হবে। বিভিন্ন কলোনিতে তারা লুকিয়ে থাকছে। ওপার বাংলায় হয়তো চাকরি করে, এখানে এসে থাকছে, কিম্বা ওপার বাংলার কিছু কাজ করে এপার বাংলায় থাকছে—এইরকম ঘটনা ঘটছে। অর্থাৎ আগেই বলেছি যে কারণে তারা উদ্বাস্তু হয়ে আসতেন সেটা দূর না হওয়ার ফলে তারা লুকিয়ে থাকছেন, এর একটা সমাধান করতে হবে। তারপর বিভিন্ন কলোনিগুলির অবস্থা অত্যন্ত খারাপ। মিউনিসিপ্যালিটিগুলিও সেখানে কিছু করতে পারে না আবার আপনার ডিপার্টমেন্টও করে না ফলে সেখানকার রাস্তাঘাট অত্যন্ত খারাপ অথবা রাস্তাঘাট নেই, নর্মদা নেই, লাইট নেই, যে কোনও বস্তির থেকে এই কলোনিগুলির অবস্থা খারাপ। আপনারা ৩০ বছর ধরে তাদের নিয়ে অনেক রাজনীতি করেছেন। আর তাদের নিয়ে রাজনীতি না করে তাদের সমস্যার সমাধানের চেষ্টা করুন। কংগ্রেস রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে চলে না, কাজেই আপনাদের বলব, আপনারাও রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই সমস্যাকে না দেখে প্রকৃত যাতে এর সমাধান হয় তারজন্য সচেষ্ট হন। সে কাজ করলে আমরা আপনাদের সাহায্য করব। সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গির আপনারা পরিত্যাগ করুন এবং উদ্বাস্তুদের সমস্যার সমাধান করুন।

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উদ্বাস্তু ও ত্রাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমরা আশা করেছিলাম অন্তত এখানকার কংগ্রেস দল এ ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারকে সমর্থন করবেন, কিন্তু তা তারা করলেন না। দেশ ভাগটা কিন্তু ওরাই করেছিলেন এবং এ দেশে উদ্বাস্তুদের আসতে বাধ্য করেছিলেন। আজকে যদি সেই উদ্বাস্তুদের কথা ভুলে যান তাহলে উদ্বাস্তুদের প্রতি বিশ্বাসঘাতকতা আর কিভাবে হতে পারে? ওরা উদ্বাস্তু পুনর্বাসনের দপ্তরটাই তুলে দিলেন। আমাদের তো আইনগত কোনও দায়িত্ব ছিল না। কিন্তু মানবিকতার দিকে তাকিয়ে এখন উদ্বাস্তু কলোনিগুলোকে দেখতে হচ্ছে, সেইগুলোর উন্নয়ন করা হচ্ছে। এখনও ক্যাম্প রয়েছে, ৪৫ বছর পরেও উদ্বাস্তু ক্যাম্প রয়েছে, লজ্জা করে না, তাদের পুনর্বাসনের জন্য এখনও আপনারা কিছু করেন নি। গত বছর আমরা গিয়েছিলাম উদ্বাস্তু দপ্তরে নয়, শিলা কলের কাছে গিয়েছিলাম। সুব্রত বাবু ছিলেন, প্রশান্ত শূর মহাশয় ছিলেন, ননীবাবু ছিলেন, এবং সেখানে বলেছিলাম কিছু টাকা দিন, উদ্বাস্তু পুনর্বাসন যেগুলো হচ্ছে, সেখানে রাস্তাঘাট, পানীয় জলের জন্য, আলোর জন্য কিছু টাকা দিন। শিলা কল বললেন এক পয়সাও নেই। প্রণব বাবুর কাছে গেলাম, উনি সুব্রত বাবুকে বললেন এখন তো কোনও টাকা ধার্য করেননি উনি। প্রথম উদ্বাস্তু মন্ত্রী যিনি হয়েছিলেন মেহের চাঁদ খান্না, তিনি খেসারত পেয়েছিলেন ১৯১ কোটি টাকা। সেই ৫০এর দশকে পাঞ্জাবের রিফিউজিরা পেয়েছিল। আমরা একটা পয়সা পাইনি। লিয়াকত আলির সঙ্গে ভারত সরকার চুক্তি করেছিলেন, বলেছিলেন পূর্ব বাংলা থেকে যে সব উদ্বাস্তু বর্তমানে পশ্চিমবাংলায় এসেছে, তারা কোনও খেসারতের টাকা পাবে না, অনেক চিন্তা করে আবিষ্কার করা গেল, তারা নাকি আবার ফিরে যেতে পারে। আলাদা রাষ্ট্র হয়ে গেল, তারা আবার

ফিরে যাবে? একটা পয়সাও এই সব উদ্বাস্তুরা পেল না। অথচ মেহের চাঁদ খান্না প্রচুর টাকা পেয়েছিলেন। তিনি পান ভাল কথা, তাতে আমাদের কোনও দুঃখ নেই। আমি তিনবার পাঞ্জাবে গেছি, সেখানকার উদ্বাস্তু কলোনিগুলো দেখেছি। সেখানকার উদ্বাস্তুদের বিজনেস লোন দেওয়া হয়েছে, বাড়ি করে দেওয়া হয়েছে, খেসারত দেওয়া হয়েছে। উনি বললেন বিধানচন্দ্র রায় উদ্বাস্তুদের পুনর্বাসন দেবার জন্য বিভিন্ন রাজ্যে পাঠাতে চেষ্টা করেছিলেন। আমি দন্ডকারণ্য গেছি, কোরাপুটে গেছি, জগদ্দল গেছি, অমর কোট গেছি, সেখানে একটুও পানীয় জল নেই, কোনও চাষের জল নেই, এখানে চৌরঙ্গিতে বসে সাহিত্য লিখেছেন, গ্রামের উদ্বাস্তু সম্পর্কে জানেন কতটুকু? মান্নান সাহেব নানা কথা বলে গেলেন, আজকে তাও আমরা বলেছিলাম, সমর মুখার্জি কমিটি বলেছিলেন আমাদের ৭৫০ কোটি টাকা দিন আমরা উদ্বাস্তু পুনর্বাসন করব। তারা এক পয়সাও দিলেন না। আজকে গয়েশপুর দেখুন, সেটা নোটিফায়েড এরিয়া অথরিটি হয়েছে, দেখে মনে হবে যে কোনও একটা ভাল শহর। নদীয়ার কুপার্স ক্যাম্পে গেছেন, জীবনে যাননি। রূপশ্রী পল্লী, তাহেরপুর এই সব ক্যাম্পে কোনওদিন গেছেন? এইগুলো সব পুরানো ক্যাম্প, আমরা রাজ্য সরকারের পক্ষ থেকে টাকা দিয়ে উন্নয়ন করেছি। আর ওরা এখানে এসে না জেনে গালি গালাজ করে গেলেন, নিজেদের দায়িত্ব এই ভাবে এড়িয়ে গেলেন। আপনাদের অপদার্থতার ঢাকবার জন্য আজকে আমাদের উপর দোষ চাপিয়ে দিচ্ছেন। আবুল কালাম আজাদের ইন্ডিয়ান ফ্রীডম বইটাকে আপনারা ব্যান করে দিলেন। দেশ বিভাগ হল ২০-২১শে, একটা সংখ্যার ব্যবধানে দেশটাকে ভাগ করে দিলেন। তার ফলে ৪৫ বছর পরেও আজকে উদ্বাস্তুদের ভুগতে হচ্ছে। রেল লাইনের পাশে, ৭২ ইঞ্চি পাইপের মধ্যে আজকে উদ্বাস্তুরা দিন যাপন করছে। পৃথিবীর কোনও দেশে এই জিনিস হয়নি। জার্মানিতে রিফিউজি প্রবলেম ঘটেছিল, তার দ্রুত ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু আজকে ৪৫ বছর পরেও এখানে কিছু হল না। এখনও লোক আসছে, এর দায় দায়িত্ব সব আপনাদের, আপনারা টাকা নিয়ে লোক ঢুকিয়ে দিচ্ছেন।

[2-00 — 2-10 p.m.]

কেন্দ্র আমাদের সঠিক পরিমাণে টাকা দিলে আমরা সব সমস্যার সমাধান করে দিতে প্রস্তুত আছি। এটা মনে রাখতে হবে সারা দেশের মধ্যে পশ্চিমবঙ্গ একটা এক্সেপশন, এখানে ৬০ ভাগ অবাঙালি শ্রমিকের বাস। আমার উদ্বাস্তু সমস্যার সমাধানের আমাদের দায়িত্ব সাধ্যমতো পালন করছি। আমরা তো ওদের সঙ্গে এক সঙ্গে দিল্লিতে উদ্বাস্তুদের জন্য দাবি জানাতে গিয়েছিলাম, কিন্তু কি হল? আমাদের শূন্য হাতে ফিরিয়ে দেওয়া হয়েছে। আমরা উদ্বাস্তুদের দলিল দিচ্ছি। নদীয়া জেলায় আমরা কয়েক হাজার দলিল মাননীয় প্রশান্ত শূরকে নিয়ে গিয়ে কয়েক মাসের মধ্যে দিতে সক্ষম হয়েছি। আমরা জানি যারা তাদের দায়িত্ব পালন করেন নি ইতিহাস তাদের ক্ষমা করবে না। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে বিরোধীদের আনা ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(এই সময় উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন দপ্তরের ব্যয়-বরাদ্দের দাবির ওপর আলোচনার সময় ১৫ মিনিট বৃদ্ধি করা হয়।)

**শ্রী প্রশান্তকুমার শূর :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই মাননীয় সদস্য

সৌগত রায়ের কাট মোশনের বিরোধিতা করছি। বিরোধী দলের মাননীয় নেতা ডাঃ জয়নাল আবেদিন এখন উপস্থিত আছেন তিনি নিশ্চয়ই জানেন যে, পশ্চিমবঙ্গের মোট জনসংখ্যার ৬ জনের উদ্বাস্তু ; এটা আমরা কথা নয়, শ্রী সিদ্ধার্থশঙ্কর রায়ের কথা। সুতরাং আমি বিরোধী সদস্যদের অনুরোধ করব বিষয়টাকে মানবিক দিক দিয়ে বিবেচনা করতে। সেই বিবেচনার মাধ্যমে যে সমস্যা এখনও সমাধান হয় নি, সেই সমস্যার সমাধান আমাদের সকলকে করতে হবে। দেশ ভাগ কেন হল, দেশ ভাগের পর কারা ক্ষমতায় বসলেন, সেই বিতর্কের মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু ক্ষমতায় বসে তারা কি প্রতিশ্রুতি দিয়েছিলেন, না, এদের পুনর্বাসনের দায়িত্ব গ্রহণ করবেন। কংগ্রেস দলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায়, কিছু দিন আগেও তিনি এখানে বিরোধী দলের নেতা ছিলেন, তিনি ৭৩ সালে যে বইটা লিখেছিলেন সেই বইটার কয়েকটা সেন্টেন্স আমি এখানে পড়ছি। সিদ্ধার্থশঙ্কর রায়, তার মাস্টার প্ল্যানের ৯ পাতায় বলেছেন Even if we take into account the amount spent on rehabilitation of 14 lakhs of East Bengal refugees settled in Dandakaranya, and the total amount spent on the permanent rehabilitation of 58 lakhs of East Bengal Refugees is much less than that what had been spent on 47 lakhs of West Pakistan refugess. No wonder that the rehabilitation problem in West Bengal remains unresolved even after 25 years of independence.

[2-10 — 2-20 p.m.]

আমি বিরোধী দলের নেতার দৃষ্টি আকর্ষণ করছি, কারণ সৌগতবাবুকে বলে লাভ হবে না। ১৯৭১ সালে এই হাউসে একটি মোশন গৃহীত হয়েছিল এবং ১৯৯১ সালে সেপ্টেম্বর মাসে অল পার্টি কমিটি একটা জায়গায় এসেছিলেন যে, যেসব কলোনির উন্নয়ন হয়নি তার উন্নয়নের জন্য ৪০০ কোটি টাকা আমরা চাই। সে সময়ে এম কিদোয়াই ছিলেন কেন্দ্রের পুনর্বাসন মন্ত্রী। আমরা তার কাছে গিয়েছিলাম। সুব্রতবাবুও সেই দলে ছিলেন। দেখা করবার পর তিনি কি বলেছিলেন জানেন? সুব্রতবাবুই প্রশ্ন করেছিলেন। মন্ত্রী বলেছিলেন—টাকা দেওয়া যাবে না। সুব্রতবাবুই বলেছিলেন, তাহলে বিষয়টা প্ল্যানিং কমিশনে রেফার করুন। তিনি বলেছিলেন প্ল্যানিং কমিশনে রেফার করেছি, কিন্তু তারা বলেছেন এরজন্য টাকা দেওয়া যাবে না। উদ্বাস্তুরা কেউ আপনাদের ভোট দেন, আবার কেউ আমাদের ভোট দেন, কিন্তু আমরা তো উদ্বাস্তু স্বার্থ রক্ষার জন্যই কথা বলতে গিয়েছিলাম। আর এইরকম একটা সমস্যা যখন রয়ে গেছে তখন তার সমাধানই বা হবে না কেন? নিশ্চয়ই হবে। এখন আমরা ক্ষমতায় আছি, কিন্তু আপনারা ২৮ বছর ক্ষমতায় ছিলেন। একজন হোম সেক্রেটারি, মিনিস্টার অফ স্টেট (হোম), এমন কি প্রাইম মিনিস্টার সেখানে ছিলেন। তিনি বলেছিলেন—এব্যাপারে ক্যাবিনেট ডিসিসন হয়ে গেছে, কাজেই সিদ্ধান্ত পাল্টানো যাবে না। কোনও একটি ব্যাপারে ক্যাবিনেট যদি কোনও সিদ্ধান্ত গ্রহণ করেন এটা হবে না বলে এবং সেই ক্যাবিনেটই যদি পরে অনুভব করেন যে, বিষয়টাতে করণীয় কিছু আছে তাহলে পূর্বের সিদ্ধান্ত পাল্টানো যাবে না? সুব্রতবাবু আপনি তো গিয়েছিলেন এবং সেখানে মহসীনা কিদোয়াই এর নর্ম অনুযায়ী ঐ ৪০০ কোটি টাকা চাওয়া হয়েছিল। প্রাইম মিনিস্টার আমাদের অ্যাস্যুয়োর করেছিলেন এবং বলেছিলেন যে, সিমপ্যাথিটিক্যালি বিষয়টা তিনি দেখবেন প্রবলেম যদি সত্যিই থেকে থাকে।

সেখানে সোমনাথ চ্যাটার্জি গিয়েছিলেন, ইন্দ্রজীৎ গুপ্ত গিয়েছিলেন এবং অন্যান্য লোকসভার সদস্যরাও অনেকে গিয়েছিলেন। সেখানে বলেছেন The displaced persons in West Bengal had already been provided necessary relief and were therefore deemed to have merged with the State's population and any further assistance to them. If now considered necessary should be provided by the Government of West Bengal from their own normal development plans. এমন কোনও পাগল আছে যে পশ্চিমবাংলায় তাদের এতবড় সমস্যার সমাধান হল না, সেই সমস্যাটুকু সমাধান করার চেষ্টা সকলে মিলে করব না? কাজেই আমি আপনাদের কাজে আবেদন করব, ননীবাবু বলেছেন যে, পুনর্বাসনের জন্য ১৯৬৭ সালে ২৫০ কোটি টাকা চাওয়া হয়েছিল, সিদ্ধার্থশঙ্কর রায় ১৫০ কোটি টাকা চেয়েছেন আমরা সিক্সথ ফিনান্স কমিশনের কাছে ৫০০ কোটি টাকা চেয়েছি। ১৯৮১ সালে রিহ্যাবিলিটেশন কমিটি ৭৫০ কোটি টাকা চেয়েছেন। আমরা টেনথ ফিনান্স কমিশনের কাছে ১৭ শত ২৬ কোটি টাকা চেয়েছি। এখানে যে কথা বলা হয়েছে, it is not possible to reopen this issue at this stage. যদি প্রবলেম সমাধান না হয় তাহলে রি-ওপেন করা যাবে না? সুতরাং কথা হচ্ছে যে উদ্বাস্তুদের বিরোধিতা করবেন না। ওয়ান-সিক্সথ অব দি পপুলেশন, তাদের বিরোধিতা করে পশ্চিমবাংলার এই মঞ্চে আপনারা থাকতে পারবেন না। পশ্চিমবাংলার মানুষ জাগ্রত। তারা জানে ২৮ বছর শাসনের পরে কি করে ওভার কাম করতে হয়। সুতরাং আমি আবার আবেদন করছি যে গোটা পশ্চিমবাংলার উদ্বাস্তুদের বিষয়টা সহৃদয়তার সঙ্গে বিবেচনা করুন। Let us go to the Prime Minister, all a time, and appeal to him to really solve the problem. এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 40

**Mr. Deputy Speaker :** There is one cut motion to Demand No 40. The cut motion is in order and has already been moved.

The motion of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/-, was the put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 25,40,39,000 be granted for expenditure under Demand No. 40, Major Heads : "2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)".

(This is inclusive of a total sum of Rs. 8,46,85,000 already voted on account in March, 1994), was then put and agreed to.

## Demand Nos. 32, 33, and 34

## Demand No. 32

**Mr. Deputy Speaker :** Now the discussion on Demand Nos. 32, 33 & 34 There are eleven cut motion to Demand No. 32. All the cut

motions are in order. I request the Members to move their motions.

1. Shri Subrata Mukherjee
2. Shri Saugata Roy
3. Shri Sobhandeb Chattopadhyay
4. Shri Prabir Banerjee and
5. Shri Deba Prasad Sarkar

: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

## Demand No. 33

**Mr. Deputy Speaker :** There are six cut motions to Demand No. 32. All the cut motions are in order. I request the Members to move their motions.

1. Shri Abdul Mannan
2. Shri Subrata Mukherjee
3. Shri Prabir Banerjee

: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

## Demand No. 34

**Mr. Deputy Speaker :** There are six cut motion to Demand No 34. All the cut motion are in order. I request the Members to move their motions.

1. Shri Abdul Mannan
2. Shri Subrata Mukherjee
3. Shri Prabir Banerjee

: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**ডাঃ তরুন অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী প্রশান্তবাবু স্বাস্থ্য দপ্তরের বাজেট ডিমান্ড নম্বর ৩২, ৩৩, ৩৪ যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থা কোন পর্যায়ে নেমে গেছে মাননীয় সদস্যদের আর নতুন করে অবহিত করার দরকার নেই। আজকে একটা চূড়ান্ত জায়গায় চলে গিয়েছে। আজকে সাধারণ মানুষ চিকিৎসার জন্য সরকারি হাসপাতালের দরজায় যেতে ভরসা পাচ্ছে না, বেসরকারি হাসপাতালের দরজায় গিয়ে ভিড় করছে। যখন পশ্চিমবাংলার মানুষ চিকিৎসার জন্য চন্ডীগড়, দিল্লি, ম্যাড্রাস ভেলোরে দৌড়ে যাচ্ছে তখন এই ঘটনার পর মাননীয় স্বাস্থ্যমন্ত্রী প্রশান্তবাবু বোধোদয় হল না দিব্যচক্ষু খুলল না। তিনি রাজ্য বাজেটের স্টেট প্ল্যান এক্সপেন্ডিচারে এই বছর এমন কিছু দেখাতে পারলেন না যাতে নাকি পশ্চিমবাংলা মানুষ বাজেট দেখে উৎফুল্ল হতে পারে। আবার দেখুন স্টেট এক্সপেন্ডিচারের মধ্যে স্বাস্থ্য দপ্তরের প্ল্যান সব চেয়ে কম। ১.৮১ পারসেন্ট দি টোটাল বাজেট স্বাস্থ্য দপ্তরের জন্য বরাদ্দ ধার্য করা হয়েছে। এর থেকে আর দুঃখের কথা, লজ্জার কথা পশ্চিমবাংলার মানুষের কাছে কি হতে পারে? টোটাল মাত্র ৩০ কোটি ৯৮ লক্ষ টাকা ধার্য করা হয়েছে প্ল্যান বাজেটের জন্য। অর্থাৎ উন্নয়নমূলক কাজের জন্য আপনি বরাদ্দ

বাড়াতে পারেন নি। অর্থাৎ ডিমান্ড নম্বর ৩২, মেজর হেড ২২১০ ডিমান্ড নম্বর ৩৩, মেজর হেড ২২১১ এই তিনটি ডিমান্ডের জন্য মোট ধার্য করেছেন ৫৩৭ কোটি টাকা। এটা বিশ্লেষণ করলে কি দাঁড়াচ্ছে? টোটাল বাজেটের নন-প্লানে খরচ করেছেন ৪৩৫ কোটি ২৫ লক্ষ টাকা। অদ্ভুত ব্যাপার। এখানে ৭৩ কোটি ৬৬ লক্ষ সেন্ট্রাল গভর্নমেন্টের সেন্ট্রাল স্পনসর্ড প্রোগ্রামের জন্য। ফ্যামিলি প্ল্যানিং বাদ দিলে ২৮.৬০ কোটি টাকা আপনার প্লানের জন্য রেখেছেন।

[2-20 — 2-30 p.m.]

অর্থাৎ নন-প্ল্যান যেখানে রেখেছেন ৪৩৫ কোটি ২৫ লক্ষ টাকা সেখানে প্ল্যানে রেখেছেন ২৯ কোটি ৭৮ লক্ষ টাকা। আমাদের কোন জায়গায় নিয়ে যাচ্ছেন? কোন জায়গায় আপনারা পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তরকে ঠেলে দিচ্ছেন? মাইনে দেবার জন্য, ওষুধ কিনতে বাড়ি মেনটেন করতে, পথ্য দেবার জন্য সব টাকা আপনাদের স্বাস্থ্য দপ্তরের ব্যয় হয়ে যাচ্ছে। এর পরে আপনার টাকা কোথায় যে আপনি পশ্চিমবাংলার মানুষকে নতুন আলোর দিশা দেখাবেন? এই বাজটে দেখে পশ্চিমবাংলার মানুষ আগামীদিনে উন্নতমানের চিকিৎসা পাবে কিনা ভাবতে পারছে না। কলকাতার বুকে এই সরকার সুপার স্পেশালাইজেশনের সুযোগ করে দিতে পারবেন? গত ১৩ই এপ্রিলে এক প্রশ্নের উত্তরে আপনি বলেছিলেন যে পশ্চিমবাংলার কোনও হাসপাতালে এম আর আই ইন ভেস্টিগেশনের ব্যবস্থা নেই। আমারই এক প্রশ্নের উত্তরে আপনি এই কথা বলেছিলেন। আপনি আপনার ভাষণে বলেছিলেন এস এস কে এম এবং নীলরতন হাসপাতালে নিউরোলজি ডিপার্টমেন্টের বিরাট উন্নতি করেছেন। পাশাপাশি ১৩ তারিখে আপনি যে উত্তর দিয়েছিলেন তাতে বলেছিলেন যে কিডনি ট্রান্সপ্ল্যানটেশন হয় না। তাহলে বলুন, কোথায় দাঁড়িয়ে আছে পশ্চিমবাংলার এই স্বাস্থ্য দপ্তর? আপনি ভাষণে বলেছিলেন যে সি টি স্ক্যান একটা আছে এম আর বাঙ্গুর হাসপাতালে। প্রশ্ন ছিল, বছরে কতদিনে চালু থাকে বলুন তো? আপনি উত্তর দিয়েছিলেন, বছরে দশ মাস বন্ধ থাকে, দু মাস চালু থাকে। তাহলে পশ্চিমবাংলার মানুষ সি টি স্ক্যান করতে কোথায় যাবেন? আপনি মেডিক্যাল কলেজে কার্ডিও থোরাপিকের উদ্বোধন করে রাজত্ব জয় করে ফেলেছেন। কিন্তু একবারও ভেবেছেন কল্যাণীর গান্ধী মেমোরিয়াল হসপিটাল, যেটির অনেক ইক্যুইপমেন্ট, মডার্ন ইক্যুইপন্টে, যারা কার্ডিওলজিতে পশ্চিমাবাংলায় উল্লেখযোগ্য স্থান করে নিয়েছিল আজকে আপনাদের ব্যর্থতার জন্য সেই গান্ধী মেমোরিয়াল হসপিটালের পারফরম্যান্স শূন্যে নেমে গেছে। এর উত্তর আপনি দেবেন না? আপনারা পশ্চিমবাংলার মানুষকে উন্নয়নের আলো দেখাতে পারছেন না, মানুষের স্বাস্থ্য সমস্যার সমাধান করতে পারছেন না। কিন্তু আপনাদের কৃতিত্ব আছে। যে সমস্ত রোগ বিলুপ্ত প্রায় হয়ে গিয়েছিল সেগুলো ঘুরেফিরে আসছে আপনাদের কৃতিত্বে। আপনাদেরই কৃতিত্বে আজকে গুটি গুটি করে কলকাতার বুকে প্রবেশ করছে ডেঙ্গুজ্বর, কালাজ্বর। যেগুলো বিলুপ্ত হয়ে গিয়েছিল সেগুলো সব ঘুরেফিরে আসছে আবার। পশ্চিমবাংলায় স্থান করে নিয়েছে ম্যালেরিয়া। উত্তরবঙ্গের চা বাগান থেকে দক্ষিণবঙ্গে ম্যালেরিয়া জ্বর ছড়িয়ে পড়েছে। এর জবার পশ্চিমবাংলার মানুষ জানতে চাইবে না? যে কলেরা মুছে গিয়েছিল, শুধু পশ্চিমবাংলায় নয়, ভারতবর্ষ থেকে নয়, সারা বিশ্ব থেকে মুছে গিয়েছিল, সেই কলেরা আপনাদেরই অপদার্থতার জন্য আজকে নতুন করে স্থান করে নিয়েছে পশ্চিমবাংলায়। আপনি আজকে উত্তর দিয়েছেন যে, এই বছরে আন্ত্রিকে আক্রান্ত হয়েছে ২০,৩৩৫ জন, আর মৃত্যু

হয়েছে ২৪৭ জনের। তাহলে বুঝুন, কোন জায়গায় নিয়ে গিয়েছেন আপনারা? শুধু কলকাতায় নয়, দক্ষিণ বঙ্গের প্রতিটি জায়গায়, কলকাতার মহল্লায় মহল্লায় আন্ত্রিক রোগ ছড়িয়ে পড়েছে। খোদ রাজভবনে ঢুকে পড়েছে আন্ত্রিক। ৮০ জন এই রোগের আক্রান্ত হয়ে হাসপাতালে গিয়েছিল। এর কৈফিয়ত দেবেন না? রাজ্যপালের ড্রাইভার কলেরায় আক্রান্ত হয়েছে। কলেরা বীজাণুর মধ্যে দিয়ে আছে তা নিয়ে আপনার দপ্তর চিন্তা করে? 'ল্যানসেট' কাগজে ব্রিটিশ পাবলিকেশন, সেখানে বেরিয়েছে—ন্যাশনাল ইনস্টিটিউট অব কলেরার যে রিপোর্ট তাতে বলেছে কলেরাতে 'ভিব্রিও কলেরি—ও-ওয়ান এবং জিরো-ওয়ান বীজাণু পাওয়া গিয়েছিল। আপনারা কোনও খবরই রাখেন না, যখন ডব্লিউ এইচ ও থেকে জানাল যে রাজ্যে একটা বিরাট একটা কিছু ঘটে যাচ্ছে তখন আপনাদের টনক নড়ল এবং স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন এবং ন্যাশনাল ইনস্টিটিউট অফ কলেরা এটা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চালাতে লাগল। সেখানে তারা পরীক্ষা করে দেখলেন যে মানুষের যে আন্ত্রিক রোগ হচ্ছে, মানুষের যে মল তাতে কলেরার জীবাণু পাওয়া যাচ্ছে। তাহলে আজকে দেখুন অবস্থা কোথায় গিয়ে দাঁড়িয়েছে।

আজকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা চাপ দিচ্ছেন যে, পশ্চিমবাংলায় কলেরাকে মহামারি হিসাবে ঘোষণা করতে হবে। সুতরাং আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ৫৩৭ কোটি টাকার ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন সেটা কি সত্যি পেশ করা উচিত? আমরা অন্তত এই ব্যয় বরাদ্দকে পেশ করতে দিতে পারি না। আপনারা তো অনেকেই জেলা থেকে এসেছেন জেলার হাসপাতালগুলোর অবস্থা কি দেখুন—কোনও জেলাতে হেলথ সেন্টারগুলোতে কুকুরে কামড়ানো ওষুধ পাওয়া যায়? সাপে কামড়ানোর ওষুধ পাওয়া যায় দুরারোগ্য ব্যাধির কোনও ওষুধ পাওয়া যায়? পাওয়া যাচ্ছে না। এরফলে আজকে গ্রামে গ্রামে বিভিন্ন রোগ ছড়িয়ে পড়ছে। আজকে গ্রামে গ্রামে জলাতঙ্ক রোগ ছড়িয়ে পড়ছে। এই অবস্থা যদি চলে আগামীদিন এমন একটা দিন আসবে আজকে যেমন কলেরা আউট ব্রেক হয়েছে, আগামীদিনে জলাতঙ্ক রোগও মহামারি আকারে পশ্চিমবঙ্গের বুকে ধারণ করবে। এই ব্যাপারে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী সাবধান হবেন কি? এই সমস্যার সমাধানের উদ্যোগ নেবেন কি? আপনারা কি প্রিভেনটিভ কি কিউরেটিভ কোনওদিকেই কি বলিষ্ঠ পদক্ষেপ দেখাতে পেরেছেন? আপনারা সেখানে কোনও পারফরমেন্স দেখাতে পারেন নি। আজকে এরফলে সমস্ত স্বাস্থ্য দপ্তর ব্যর্থ প্রমাণিত হয়ে গেছে মাননীয় মুখ্যমন্ত্রী পর্যন্ত বিভিন্ন জায়গায় বলেছেন, আমি তার একটা উদাহরণ দিচ্ছি গত ১৬ই ফেব্রুয়ারি ৯৪, পিয়ারলেস হাসপাতাল উদ্বোধন করতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী নিজে বলেছেন পাশে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বসা তার সামনে ঘোষণা করলেন যে রাজ্যের স্বাস্থ্যব্যবস্থা সত্যি ভেঙ্গে পড়েছে। যারফলে রাজ্যের মানুষ আজকে পশ্চিমবঙ্গের বাইরে চলে যাচ্ছে। যে অবস্থায় আজকে চলে গেছে তাতো সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। কিন্তু তাসত্ত্বেও পশ্চিমবঙ্গের স্বাস্থ্য দপ্তরের উন্নতি করতে পারেন নি। সাধারণ মানুষের কাজে আর্থিক চিকিৎসার সুযোগ পৌঁছে দিতে পারেন নি। আপনারা স্বাস্থ্য ব্যবস্থার উন্নতি করতে পারেন নি কিন্তু একটা জিনিস করতে পেরেছেন সেটা হচ্ছে যে অস্বাস্থ্য দপ্তরের কর্মচারিদের আপনারা রাজনৈতিক তাঁবেদারে পরিণত করেছেন। রাজনৈতিক ভাবে তাদের চক্রান্তকারী করে রাজনৈতিক জ্ঞান তাদের অন্তত দিতে পেরেছেন এবং সেইদিকটার থেকে আপনারা নিশ্চয় সাফল্য লাভ করেছেন। আপনারা আরও কি করেছেন—কো-অর্ডিনেশন কমিটির মধ্যে দিয়ে শুধু কর্মচারিদের কন্ট্রোল

করাই নয়, আজকে ডাক্তারদের যে একটি মাত্র সংগঠন ছিল হেলথ সার্ভিস অ্যাশোসিয়েশন, সেটাকেও রাজনৈতিকভাবে কন্ট্রোল করার জন্য ডাক্তারদের অ্যাশোসিয়েশন ভেঙ্গে দিয়ে অ্যাশোসিয়েশন ফর হেলথ সার্ভিস, ডক্টরস তৈরি করলেন। সেখানে নেতাদের হাতেই সব, রাজ্যের থেকে শুরু করে ব্লক পর্যন্ত সর্বত্রই আপনাদের মদতে ওই নেতাদের হাতে ক্ষমতা দিয়ে দিলেন। তাদের হাতেই ট্রান্সফার এবং পোস্টিং ডাক্তারদের থাকবে। তারা ডাক্তারদের ট্রান্সফার এবং পোস্টিংয়ের সমস্ত লিস্ট রেকমেন্ড করে আপনার দপ্তরকে পাঠাবেন। তাদের হাতেই পোস্টিং ট্রান্সফার সব কিছু এইভাবে আপনাদের মদতপুষ্ট সংগঠন দিনের পর দিন বাড়তে শুরু করেছে এবং সেই সাথে সাথে পশ্চিমবঙ্গে হাসপাতাগুলোও গোল্লায় পাঠিয়ে দিচ্ছেন। ওই হেলথ সার্ভিসের ডাক্তাররা আজকে ওই অ্যাশোসিয়েশনের খাতায় নাম লেখালে পরে তাদের আর হাসপাতালে যেতে হয় না। বাইরেই চিকিৎসা করবে, প্রাকটিস করবে, হাসপাতালে যাবে না। যারা অ্যাশোসিয়েশনে নাম লেখাবে তারা নার্সিং হোমে গিয়ে অপারেশন করবে তাতে সাতখুন মাপ হয়ে যাবে, তাদের ট্রান্সফারের কোনও ভয় নেই, শাস্তির ভয় নেই, যা ইচ্ছে মনে চাও করে যাও, শুধু অ্যাশোসিয়েশনে নামটা লেখা থাকলেই হল। আপনারা হেলথ সার্ভিসটাকে কোথায় নিয়ে গেছেন, কিভাবে পলিটিক্যালাইজড করার চেষ্টা করছেন। সাবজেক্ট কমিটি ফর হেলথ যেটা আছে তারা মেডিক্যাল এডুকেশনকে আপ লিফট করবার জন্য, তার সার্বিক উন্নয়নের জন্য এম ই এস চালু করলেন।

[2-30 — 2-40 p.m.]

আজকে আপনার রাজনৈতিকভাবে ডাক্তারদের উপর চাপ সৃষ্টি করছেন, শিক্ষা ব্যবস্থার কতটা উন্নতি করা যায় সেটা চেষ্টা করলেন না। সেই ডাক্তারদেরকে রাজনীতিগত ভাবে কিভাবে তাঁবেদারির পর্যায়ে আনা যায় সেটার চেষ্টা শুরু করলেন। একসঙ্গে জয়েন করা ডাক্তাররা ভাগ হয়ে গেল একটা হচ্ছে হেলথ সার্ভিস আর একটা হচ্ছে এম ই এস এদের একজন ৫৮ বছর বয়সে রিটায়ার্ড করবে আর একজন ৬০ বছর বয়সে রিটায়ার্ড করবে। আবার আপনি আইন করে দিলেন ৬০ থেকে ৬৫ বছর বয়স পর্যন্ত যারা কাজ করবে তারা এক্সটেনশন পাবেন, এক্ষেত্রে কোনও নিয়ম থাকবে না। একটাই নিয়ম হবে আমাদের যারা তাঁবেদারি করবেন তারা এটা পাবেন। শুধু তাই নয়, এই বিলটা যখন অ্যামেন্ডমেন্ট করলেন ১৪০০ পোস্টের মধ্যে ৩০০ চাচ্ছেন, তখন আপনারা পি এস সিকে বাদ দিয়ে কাগজে বিজ্ঞাপন দিলেন, নিজেদের দলের লোককে ঢোকাবার জন্য, সেইজন্য যে আইন আছে সেটা আপনারা অ্যামেন্ডমেন্ট করে নিলেন। আজকে রাজনৈতিকভাবে মোকাবিলা করতে গিয়ে স্বাস্থ্য দপ্তরকে আপনারা জলাঞ্জলি করে দিলেন, স্বাস্থ্যের উন্নতি অব্যাহত হয়ে গেল। এর ফলে আজকে যে ৩৫০ জন ডাক্তার নিচ্ছেন তাদেরকে আজকে যে অবস্থায় মন্ত্রী নিয়ে গেছেন, এই ব্যাপারে আপনাদেরও বলা উচিত, আপনারা বলতে পারছেন না তাই মনে মনে সাপোর্ট করছেন, চুপ করে শুনছেন, ঘটনাটা কোন জায়গায় দাঁড়িয়েছে। ৩৫০ জন ডাক্তারকে যাদেরকে আপনারা নিয়োগ করতে চাচ্ছেন তাদের শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন থাকছে না তাদের একটাই মাপকাঠি হবে নিজের দলের তাঁবেদারি করতে পারছে কিনা। পশ্চিমবঙ্গের বিজ্ঞানের উন্নতি যেখানে হচ্ছে সেখানে আজকে দলাদলির ফলে পশ্চিমবাংলার মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আপনাদের অপদার্থতা, আপনাদের দুর্নীতি এমন জায়গায় চলে

গিয়েছে তার নজির পাবেন না। আপনারা চিন্তা করে দেখবেন মালদা হাসপাতালের ঘটনা, সুপারিনটেনডেন্ট অচ্যুত ব্যানার্জিকে আপনারা ডাক্তাররা তাকে নিগৃহীত করেছিল কিন্তু তাদেরকে আপনি শাস্তি দিতে পারেন নি উপরন্তু সেই সুপারিনটেনডেন্টকে আবার ট্রান্সফার করে দিলেন, কারণ এরা ছিল আপনাদের অ্যাশোসিয়েশনের সদস্য। মেদিনীপুর জেলার কাঁথি হাসপাতালে ২ জন ডাক্তার ট্রান্সফার হয়ে গেল, সেখানে তাদের রমরমা ব্যবসা নার্সিং হোম চালাচ্ছিল তাদের নিজেদের বাইরে প্রাকটিস ছিল, সেখানে আপনার দপ্তর তাদের জায়গায় রিলিভার পাঠিয়ে ছিল তারা জয়েন করল কিন্তু ঐ ডাক্তাররা তাদের জায়গা ছাড়ল না। আপনি সেখানে কি করলেন, কিছুই করতে পারেননি। কারণ তারা আপনার অ্যাশোসিয়েশনের সদস্য। নর্থবেঙ্গলের মেডিক্যাল কলেজে ফিজিওলজি ডিপার্টমেন্টের প্রধান ৯১ সালে জানুয়ারিতে রিটায়ার্ড করে গেলেন, সেখানে তাকে এক্সটেনশন দিলেন, এক্সটেনশন এবং অবসরের মাঝামাঝি সাড়ে ৯ মাস তিনি হাসপাতালে যাননি, হাসপাতাল কর্তৃপক্ষ বলছে তার অ্যাটেনডেন্সে ছিল না, আপনি সেই ফিজিওলজি ডিপার্টমেন্টের প্রধানের মাইনে পাইয়ে দিলেন ১ লক্ষ ২৮ হাজার ২৬৭ টাকা। কারণ তিনি হচ্ছেন নর্থবেঙ্গল মেডিক্যাল কলেজে অ্যাশোসিয়েশনের সভাপতি, আপনাদের দলের সদস্য। বীরভূমের তারাপুরে একজন নবীন ডাক্তার সে যখন গ্রামে গিয়ে চিকিৎসা করছে, যেহেতু সে আপনাদের সদস্য নয় তাকে আপনি ট্রান্সফার করে দিলেন।

আবার যখন সাধারণ মানুষ খেপে গিয়ে এর বিরুদ্ধে প্রতিবাদ জানাল, তখন আপনাদের পুলিশ গিয়ে সেখানে গুলি চালিয়ে তিনজন মানুষকে হত্যা করল। আবার আপনি তাকে ওখানে রেখে দিতে বাধ্য হয়েছেন। আজকে আপনি স্বাস্থ্য দপ্তরকে কোন জায়গায় নিয়ে গেছেন। আজকে আপনারা যে ঘটনা স্বাস্থ্য দপ্তরে ঘটিয়েছেন, তার ফল আপনাদের ভোগ করতে হচ্ছে। আপনার কথা আপনার দপ্তর শুনছে না। আপনি একটা অর্ডার দিচ্ছেন, আর সেই অর্ডারের ফাইল মাঝখানে হারিয়ে যাচ্ছে, অর্ডার ইমপ্লিমেন্টেশন হচ্ছে না। আমি একটা উদাহরণ দিচ্ছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, হেলথ সাবজেক্ট কমিটি করে দিয়েছিলেন, আমি সেই কমিটির একজন সদস্য ছিলাম, সেই কমিটি সি এম ও এইচদের নিয়ে একটা বৈঠক করেছিল। সেখানে একজন সি এম ও এইচ বলেছিল, আমি তার নাম করছি না, তিনি অফ দি রেকর্ড বলেছিলেন— আমাদের ক্ষমতা দিন, আমরা তিন বছরের মধ্যে সমস্ত ব্যবস্থা ঠিক করে দেব। কো-অর্ডিনেশন কমিটি এবং হেলথ সার্ভিস ডক্টরস অ্যাশোসিয়েশন যেন আমাদের উপর খবরদারি না করে। তবেই আমরা তিন বছরের মধ্যে সমস্ত ঠিক করে দেব। এই টাকা দিয়েই হাসপাতালের চিকিৎসা ব্যবস্থা আমরা ভালো করে দেব। কোন জায়গায় আজকে আপনারা পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তরকে নিয়ে গেছেন। আপনি নিজেও জেনে গিয়েছেন যে আর পশ্চিমবাংলার উন্নয়ন করা সম্ভব নয়, হাসপাতালের উন্নতি আর হবে না। আপনি তাই আর হাসপাতালের দিকে তাকাচ্ছেন না। হাওড়া হাসপাতালে আল্ট্রাসোনোগ্রাফি মেশিন সারানো হচ্ছে না, আর পাশেরই একটা জায়গা আপনি আল্ট্রাসোনোগ্রাফি মেশিন উদ্বোধন করার জন্য গেছেন। মেয়ো হাসপাতাল, নিরাময় হাসপাতাল আগে প্রাইভেটে ছিল, আপনারা সরকারি অধিগ্রহণ করে রেখে দিলেন। আবার এখন ভাবনা-চিন্তা করছেন প্রাইভেটে দিয়ে দেওয়া যায় কিনা, তাই এখন ডানকানদের খুঁজছেন। এরজন্য আজকে সরকারের কয়েক কোটি টাকা ক্ষতি

হয়ে গেল, হাসপাতালগুলো এখন বন্ধ হয়ে রয়েছে। আপনারা এখন খুঁজছেন কোথায় এন আর আই পাওয়া যায়। আজকে তাই বিদ্যুত গাঙ্গুলিকে ধরেছেন কোনও ইন্ডাস্ট্রিয়ালিস্ট পাওয়া যায় কিনা হাসপাতালের জন্য। আজকে এই অবস্থায় ডি এন বিড়লা হার্ট রিসার্চ সেন্টার, পিরায়লেস হাসপাতাল, কোঠারি মেডিক্যাল সেন্টার, আর পি জি গ্রুপ হাসপাতাল করছে এবং তারা রমরমিয়ে ব্যবসা চালাচ্ছে। আজকে সরকারি ব্যবস্থার চিকিৎসা ব্যবস্থা ধ্বংস হয়ে যাচ্ছে। আজকে বেসরকারি ব্যবসায়ীরা পশ্চিমবাংলার বুকে চিকিৎসার নাম করে ব্যবসা করার সুযোগ পাচ্ছে। কেন আজকে আপনাকে প্রশ্ন করবে না পশ্চিমবাংলার মানুষ? আপনারা মেডিক্যাল এডুকেশনকে কোন জায়গায় নিয়ে গেছেন। সাবজেক্ট কমিটি বলেছিল এম ই এস করা দরকার। শুধুমাত্র এটা করলেই চিকিৎসা ব্যবস্থার উন্নতি হবে না, যে ১৪০০ ডাক্তারকে শিক্ষক হিসাবে নিয়োগ করা হয়েছে তাদের সার্ভিসটা যাতে টোটাল ইউটিলাইজ করা যায় তারজন্য হাসপাতালের মধ্যে কোয়ার্টারের ব্যবস্থা করতে হবে। নইলে এমন একটা জায়গায় কোয়ার্টার কমপ্লেক্স করতে হবে যেখানে থেকে সরকারি যানবাহনের মাধ্যমে তাদের হাসপাতালে নিয়ে আসা যায়। আমরা বলেছিলাম শিক্ষক চিকিৎসকদের ল্যাবরেটরি রিসার্চ ওয়ার্ক-এর ব্যবস্থা নয়, তাদের বাৎসরিক অনুদানের একটা ব্যবস্থা করতে হবে।

[2-40 — 2-50 p.m.]

বইপত্র বা জার্নাল কেনার জন্য একটা অনুদানের ব্যবস্থা করতে হবে। আমরা বলেছিলাম, মেডিক্যাল কনফারেন্স যেগুলি হচ্ছে, সায়েনটিফিক কনফারেন্স যেগুলি হচ্ছে সেখানে প্রতি বছর প্রতি চিকিৎসককে একটি দেশীয় কনফারেন্সে অ্যাটেন করে একটা পেপার পাবলিশ করতে হবে এবং দু বছর অন্তর একজন করে শিক্ষক চিকিৎসককে বিদেশে অরিজিনাল পেপার প্লেস করার সুযোগ দিতে হবে। কোনওটাই আপনারা করেন নি। আপনারা একটা জিনিস করেছেন, আপনারা ঐ প্রাকটিসিং এবং নন-প্রাকটিসিংকে সামনে রেখে ডাক্তার এবং ডিপার্টমেন্টের মধ্যে একটা দ্বন্দ্ব লাগিয়ে দেবার চেষ্টা করছেন। ডাক্তারে ডাক্তারে অবিশ্বাস সৃষ্টি করছেন। প্রশান্তবাবু, আমি একজন ডাক্তার হয়েও বলছি, এই নন প্রাকটিসিং ডাক্তার শিক্ষক যারা হয়েছেন তাদের মাহিনা বাড়িয়ে দিয়েছেন কিন্তু তাদের সার্ভিস আপনাদের পাচ্ছেন না এবং ৯০ ভাগ এই শিক্ষক চিকিৎসকরা ফাঁকি দিয়ে প্র্যাকটিস করছেন। কেউ বউ-এর নামে কেউ বন্ধুর নামে এইভাবে বেনামে প্র্যাকটিস করছেন। ফলে আপনাদের এই মেডিক্যাল এডুকেশন সার্ভিসের যে মূল বিষয় মূল উদ্যোগ সেটা সম্পূর্ণ ব্যর্থ হয়ে যাচ্ছে। আপনারা আজকে মেডিক্যাল প্রফেশনের ডাক্তারদের চোরে পরিণত করেছেন। তাদের মর্যাল ব্রেক ডাউন করিয়ে দিয়েছেন আপনারা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে। এটা আজকে সত্য ঘটনা। যাদের মেরুদন্ড ভেঙ্গে যায় সেই মেরুদন্ডবিহীন শিক্ষক চিকিৎসকরা কি কখনও শিক্ষার মান উন্নত করতে পারেন? আমরা কি তাদের কাছে আশা করতে পারি যে তারা শিক্ষার মান উন্নত করে দেবেন? শুধু তাই নয়, এর ফলে আমরা দেখছি আজকে বহু শিক্ষক চিকিৎসক তারা চাকরি ছেড়ে চলে গিয়েছেন। বিভিন্ন ডিপার্টমেন্টে কেউ নেই পড়ানোর জন্য। প্রশান্তবাবু, আপনাকে উদাহরণ দেব, আপনি কি তদন্ত করবেন? মেডিক্যাল কলেজ থেকে প্রিন্সিপ্যাল সুকুমার মুখার্জিকে টেলিফোনে অনুরোধ করা হয়েছিল এই বলে যে আপনি এসে ক্লাশ নিন। খবর নিয়ে দেখুন ১০ দিন আগে মেডিক্যাল কলেজে সুকুমার মুখার্জি গিয়ে টিচার হিসাবে

ছাত্রদের পড়িয়ে এসেছেন। অলিখিতভাবে ছাত্ররা আবার তাকে অনুরোধ করেছে পুনরায় এসে পড়িয়ে যাবার জন্য কিন্তু তিনি রিফিউস করেছেন এই বলে যে আমি তো তোমাদের কলেজের নই, তোমরা অনুরোধ করেছিলে তাই একবার এসেছি, আর আসব না। আজকে আপনাদের আমলে মেডিক্যাল এডুকেশন এই জায়গায় চলে গিয়েছে। তারপর এমন অনেক শিক্ষক পড়াচ্ছেন যাদের নিয়ে ছাত্ররা ছড়া লিখছে, পোস্টার লিখছে তারা পড়াতে পারেন না বলে, যোগ্যতা নেই বলে। এরজন্য কি আগামী প্রজন্মের মানুষরা আপনাদের প্রশ্ন করবে না? তারপর বিভিন্ন বিষয় নিয়ে আপনারা যা করছেন সেটা একটু বলি।

এডস নিয়ে মানুষের মধ্যে বিরাট একটা সংশয় সৃষ্টি হয়েছে। পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর এডস নিয়ে কি করছেন সেটা একটু বলি। বিশ্বব্যাঙ্কের দেওয়া প্রায় ২৫ কোটি টাকা রাজ্য সরকার পেয়েছেন কিন্তু সেখানে তার প্রপার ইউটিলাইজেশন কোথায়? আমি এই বিধানসভায় দাঁড়িয়ে বলেছিলাম যে প্রতিটি বর্ডারে বনগাঁ থেকে আরম্ভ করে ফুংসোলিং পর্যন্ত হেলথ কোয়ারেনটাইনের ব্যবস্থা থাকবার জন্য। বিদেশি মানুষ যারা আসবেন রক্ত পরীক্ষার পর তারা পশ্চিমবঙ্গে ঢুকবেন। আমি বলেছিলাম, এরজন্য এয়ারপোর্ট, ডক ইত্যাদি বিভিন জায়গায় হেলথ কোয়ারেনটাইনের ব্যবস্থা করা দরকার। আপনারা কিন্তু সেগুলি করেন নি। আপনারা এই টাকা নিয়ে সেমিনারের নামে নয়ছয় করেছেন। কেউ গিয়ে হয়ত বলল যে আমি এডস নিয়ে পাবলিসিটি করব আর আপনারা টাকা সঙ্গে সঙ্গে মঞ্জুর করে দিলেন। এ ব্যাপারে পশ্চিমবাংলার মানুষ আপনাদের কোনও সাফল্য দেখতে পাচ্ছেন না। এর পর আমি ফ্যামিলি প্ল্যানিং এবং ইম্যুনাইজেশনের ব্যাপারে কয়েকটি কথা বলব। আমি এর আগেও বলেছি যে একটা উন্নয়নশীল দেশে এ ব্যাপারে বড় সমস্যা হচ্ছে ড্রপ আউট। এটা নিশ্চয় মাননীয় মন্ত্রী মহাশয়ও স্বীকার করবেন। আমি এর আগেও বিধানসভায় প্রস্তাব দিয়েছিলাম যে ইম্যুনাইজেশন কমপ্লিট করার পর প্রতিটি শিশুকে ইম্যুনাইজেশন কমপ্লিশনের সার্টিফিকেট দেওয়া হোক রাজ্য সরকারের পক্ষ থেকে। একটা শিশু যখন স্কুলে ভর্তি হয় তখন তার যেমন বার্থ সার্টিফিকেট লাগে ঠিক তেমনি স্কুলে ভর্তি হতে গেলে এই ইম্যুনাইজেশন কমপ্লিশনের সার্টিফিকেট না দেখালে সে ভর্তি হতে পারবে না—এরকম আইন করার ব্যবস্থা করা হোক। এটা হলে আপনারা ড্রপ আউটটা বন্ধ করতে পারবেন এবং ইম্যুনাইজড শিশু উপহার দিতে পারা যাবে আগামী প্রজন্মের মানুষের কাছে। এছাড়া রোগ নিরাময় করতে পারা যাবে। আপনারা কিন্তু এসব কথা ভাবছেন না। এর পর আমি ফ্যামিলি প্ল্যানিং-এর ব্যাপারে কয়েকটি কথা বলতে চাই। এ ব্যাপারে আপনারা টার্গেট টার্গেট করে মাথা খেয়ে ফেলছেন। জেলার জন্য আপনারা একটা টার্গেট ঠিক করেছেন এই বলে যে অমুক জেলায় এত তমুক জেলায় এত ইত্যাদি।

আমি পাশাপাশি একটা প্রস্তাব বিবেচনার জন্য রাখছি। আজকে আমাদের পাশের দেশগুলো চায়না, বাংলাদেশ, তারা যদি পরিবার পরিকল্পনাকে সাফল্য দিতে পারে, আমরা কেন পারব না? আমি মনে করি শুধু আজকে স্টেরিলাইজেশন নয়, আজকে পপুলেশনের উপর টার্গেট করে দিন। উত্তর ২৪ পরগনা জেলায় যদি ১০ কোটি লোক থাকে তাহলে এই বছর জেনারেশন হবে ৫০ হাজার, এইভাবে প্রতিটি জেলা ভিত্তিক জেনারেশন টার্গেট করে নিন, তাহলে পপুলেশন কন্ট্রোল করা সম্ভব হবে। এটা ব্লক লেভেলে যদি করতে পারেন

তাহলে এটা বাস্তবে ভারতবর্ষ দেখবে। এই বিষয়ে বিতর্ক তুলুন যাতে পশ্চিমবাংলার বুক থেকে এই আলোচনা হতে পারে। যাতে ভারতবর্ষের কাছে বলতে পারি এবং পথ দেখাতে পারি। এই কথা বলে ব্যয় বরাদ্দের বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমার কথা শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে যে বাজেট পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা বলতে চাই। যখন পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার স্বাস্থ্য, চিকিৎসা এবং পরিবার পরিকল্পনা সম্পর্কে বিজ্ঞান ভিত্তিক নীতি গ্রহণ করে তার সফল রূপায়ণের মধ্যে দিয়ে এই বিভাগের অগ্রগতি ঘটিয়ে চলেছে, তখন বিরোধী পক্ষের সদস্যদের গাত্রদাহ হচ্ছে এবং তারা বলে চলেছেন যে কোন হাসপাতালে সাপে কামড়ানোর ওষুধ নেই, কোন জায়গা কোন ডাক্তার ট্রান্সফার হয়েছে, কোন জায়গায় বিশেষজ্ঞ পদত্যাগ করল, এইগুলো তুলে ধরে এই সাফল্যকে ব্যর্থতার কাহিনী হিসাবে বলে যাচ্ছেন। কিন্তু এই সাফল্য ক্রমাগত এগিয়ে যাবে। ভারতবর্ষে কোনও রাজ্য নেই যা পশ্চিমবঙ্গে আছে। পশ্চিমবঙ্গে স্বাস্থ্য চিকিৎসা পরিকাঠামো বহু বিস্তৃত। ভারত এর অন্য রাজ্যগুলোর চেয়ে পশ্চিমবাংলার স্বাস্থ্যে ব্যয় বরাদ্দের আনুপাতিক হার বেশি কেন্দ্র শাসিত অঞ্চলগুলো বাদ দিলে। প্রতি তিন জন সরকারি কর্মচারী তাদের মধ্যে একজন স্বাস্থ্য বিভাগের কর্মী। পশ্চিমবাংলার সমস্ত চিকিৎসা কেন্দ্রে শতকরা ৭৬ ভাগ সরকারি নিয়ন্ত্রণাধীনে এবং সরকারি পরিচালনায় চলে। মাত্র ২৪ শতাংশ বেসরকারি হসপিটাল, স্বাস্থ্য কেন্দ্র পরিচালিত হয়। ভারতের অন্যান্য রাজ্যে এই চিত্র বিপরীত। সেখানে দেখা যায় যে বেসরকারি ভাবে শতকরা ৫০ ভাগ থেকে ৭৬ ভাগ এই চিকিৎসা কেন্দ্রগুলি বা হাসপাতাল বেসরকারি নিয়ন্ত্রণে চলে। আমরা সাবজেক্ট কমিটি অন হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার এর সদস্য ছিলাম দু বছর। মাননীয় সদস্য ডাঃ গৌরী দত্তের নেতৃত্বে আমরা কয়েকটি রাজ্য ঘুরেছি। আমরা সেখানে দেখেছি যে সরকারি পরিচালনায় এই হাসপাতালের সংখ্যা অত্যন্ত কম। ব্যবসায়িক ভিত্তিতে, কমার্শিয়াল দৃষ্টিভঙ্গি নিয়ে সেখানে হাসপাতাল, চিকিৎসা কেন্দ্রগুলো চলে। আমরা গুজরাটে গিয়েছিলাম, সেখানে এক বন্ধু বললেন, একজনের দুটো ফ্যাক্টরি আছে তেমনি আর একজন ভদ্রলোকের তিনটে হাসপাতাল আছে।

[2-50 — 3-00 p.m.]

আর একজন বললেন, তার চারটে স্কুল আছে। এইভাবে অন্যান্য রাজ্যের পরিষেবা চলছে। আমাদের রাজ্যে গ্রাম থেকে মহকুমা, জেলা শহর এবং কলকাতা মহানগরে চিকিৎসার যে পরিকাঠোমা আছে তা অন্য কোনও রাজ্যে নেই। আমাদের এখানে চিকিৎসকের সংখ্যা জনসংখ্যা অনুপাতে অন্য যে কোনও রাজ্যের তুনলায় অনেক বেশি। জন-সংখ্যার ঘনত্ব কেরালার পরেই আমাদের রাজ্যে সব চেয়ে বেশি। আমাদের ৪৮ হাজার অ্যালোপাথিক চিকিৎসক আছেন, ১০ হাজারের বেশি আয়ুর্বেদিক চিকিৎসক আছেন, ২০ হাজারের ওপর হোমিওপ্যাথিক চিকিৎসক আছেন এবং ৫ হাজারের ওপর ইউনানী চিকিৎসক আছেন। এটা ভারতবর্ষের আর কোথাও নেই। সেইজন্য ওদের এত লাগছে। গাত্রদাহের আর একটা কারণ হচ্ছে, এখানে মেডিক্যাল এডুকেশন সার্ভিস গঠন করা হয়েছে এবং সেটা সুপ্রিম

কোর্টের অনুমোদনও পেয়েছে। মাননীয় সদস্য তরুন অধিকারী নিজে একজন ডাক্তার হয়ে বললেন, অনেক বিশেষজ্ঞ ডাক্তার সার্ভিস ছেড়ে চলে গেছেন। কারণটা কি? মেডিক্যাল এডুকেশন সার্ভিসের সঙ্গে যুক্ত থাকতে হলে ডাক্তার বাবুকে অবশ্যই নন-প্র্যাকটিসিং হতে হবে। এই কারণে অনেক ডাক্তার বাবু চাকরি ছেড়ে দিয়েছেন, তা কি করা যাবে! আমরা যে ব্যবস্থা করেছি তা কোর্ট মেনে নিয়েছে। সুতরাং এখন আর কিছু করার নেই, তাই অনেকের গাত্রদাহ হয়েছে। আমাদের এখানে পরিবার পরিকল্পনার বিষয়টা স্বাস্থ্য দপ্তরের সঙ্গে যুক্ত। এটাই স্বাবাবিক। সারা ভারতবর্ষে প্রতি হাজারে জন্মের হার হচ্ছে ২৯ ; আর আমাদের রাজ্যে ২৪.৬। ওপর দিকে গোটা ভারতে মৃত্যুর হার প্রতি হাজারে ৭৯, আমাদের রাজ্যে ৬৪। আমাদের রাজ্যে ৩৭.৬% এলিজিবল ক্যাপ্লকে পরিবার পরিকল্পনা কর্মসূচির অন্তর্ভুক্ত করা সম্ভব হয়েছে। যা ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে সম্ভব হয় নি। আমি মনে করি তরুনবাবু তার বক্তৃতার মধ্যে দিয়ে আমাদের স্বাস্থ্য বিভাগের যুক্ত কর্মীদের এবং ডাক্তারবাবুদের অপমান করলেন। স্বাস্থ্য বিভাগ এবং পরিবার পরিকল্পনা বিভাগের কর্মীরা যথেষ্ট দায়িত্ব নিয়ে কাজকর্ম করছেন বলেই আমরা এই সাফল্য লাভ করতে সফল হয়েছি। এই সাফল্য এমনি এমনি আসে না। তবে এটা ঠিক কথা সমস্ত রকম সাফল্যের মূলে বামফ্রন্ট সরকারের গৃহীত আর্থ সামাজিক নীতি। আমরা নারী স্বাধীনতায় বিশ্বাস করি, তাই বিগত পঞ্চায়েত নির্বাচনে শতকরা ৩০ ভাগ মহিলা প্রার্থী নির্বাচিত হয়েছেন। পরিবার পরিকল্পনা কর্মসূচির সঙ্গে আমরা পঞ্চায়েতকে যুক্ত করেছি। কারণ আমরা জানি শুধু সরকারি প্রচেষ্টার দ্বারা কখনই পরিবার পরিকল্পনার ক্ষেত্রে সাফল্য আসতে পারে না। আমরা সাক্ষরতা আন্দোলনের মধ্যেও স্বাস্থ্য সচেতনতা এবং পরিবার পরিকল্পনা কর্মসূচিকে অন্তর্ভুক্ত করেছি। আমাদের সরকার চিকিৎসা ক্ষেত্রেও বিজ্ঞান ভিত্তিক নীতি গ্রহণ করেছেন ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন-এর নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে। সেই পরিপ্রেক্ষিতেই এখানে বলা হয়েছে, Health as defined by the World Health Organisation is a sense of physical, mental, economic and social well being. তরুনবাবু একজন ডাক্তারবাবু হয়ে চিকিৎসা ব্যবস্থার মানে যা করলেন তাতে দাঁড়াচ্ছে, একটা হাসপাতালে কিছু বাড়ি-ঘর থাকবে, কয়েক জন ডাক্তার বাবু থাকবেন, কয়েক জন নার্স থাকবেন, রাশি রাশি ওষুধ থাকবে তাহলেই স্বাস্থ্য রক্ষার কাজ চলবে, চিকিৎসার কাজ চলবে, পরিবার পরিকল্পনার কাজ চলবে। ওটা বস্তা পচা কথা, ব্যাক ডেটেড চিন্তা ভাবনা আজকে আর ঐভাবে স্বাস্থ্য রক্ষা হয় না, চিকিৎসা ব্যবস্থা চলে না। সেই জন্যই আজকে প্রিভেনটিভ ইজ বেটার দ্যান কিউরেটিভ, কথাটার ওপর জোর দেওয়া হচ্ছে। রোগ প্রতিষেধকের ওপর জোর দেওয়া হয়েছে।

রোগ হবে না এরকম একটা পরিবেশ সৃষ্টি করুন। এটা যেমন করতে হবে, সঙ্গে সঙ্গে পরিবেশের উন্নতিও করতে হবে, প্রতিষেধক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং রোগ হলে রোগের চিকিৎসার ব্যবস্থাও করতে হবে। কিন্তু এই নীতির বিরুদ্ধে আজকে একটা যড়যন্ত্র চলছে। আজকে হাসপাতালে এক শ্রেণীর চিকিৎসক আছেন, বিশেষজ্ঞ আছেন, আপনাদের কেউ কেউ থাকতে পারেন—যারা হাসপাতালের চিকিৎসা পদ্ধতির, স্বাস্থ্য নীতির বিরোধিতা করছেন এবং তারা আওয়াজ তুলছেন হাসপাতালে কিছু হয় না বলে। এরা বাইরে নার্সিং হোম খুলে বসে আছেন এবং হাসপাতালে রোগীরা এলে তাদের বলছেন এখানে কিছু হবে

না, বাইরে নার্সিং হোমে যান। একটি রোগীর অ্যাপেন্ডিক্স অপারেশন হবে। ডাক্তার তাকে বলছেন এখানে অ্যাপেন্ডিক্স অপারেশন হলে কি হবে বলা যায় না ; পাশেই নার্সিং হোম আছে, সেখানে গিয়ে অপারেশন করান। ওরা বলেছেন বিশেষজ্ঞ ডাক্তাররা নাকি পদত্যাগ করছেন হাসপাতাল থেকে। একজন ডাক্তার, তিনি পড়াবেন, আবার বাইরে প্রাকটিসও করবেন—একসঙ্গে দুটো জিনিসতো হয় না। আজকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কে যে নতুন নীতি গৃহীত হয়েছে তার যথাযথ প্রয়োগের কাজ চলছে, স্বাস্থ্য সম্পর্কে মানুষকে সচেতন করবার কাজ চলছে বামফ্রন্টের বিভিন্ন ক্রিয়াকান্ডের মধ্যে দিয়ে। এরজন্য কোনও আওয়াজ কিন্তু কংগ্রেস পক্ষ থেকে ওঠেনি। তারা চাইছেন, আজকে প্রাইভেট হাসপাতাল এবং নার্সিং হোমগুলি রমরমা হয়ে উঠকু যাতে সরকারি হাসপাতালে যাবার ইচ্ছা মানুষের আর না থাকে। তবে হাসপাতালে চিকিৎসার জন্য প্রয়োজনীয় ওষুধ থাকা উচিত এবং তার ব্যবস্থা আছেও, কিন্তু এটাই সব নয়। যদি হাসাপাতালে এ আর ডি বা অ্যান্টি ভেনাস থাকে তাহলেই স্বাস্থ্য ব্যবস্থা ভাল হয়ে গেল তা নয়। আজকে সেন্ট্রাল মেডিক্যাল স্টোরের সঙ্গে জেলার সি এম ও এইচদের কো-অর্ডিনেশন ঘটিয়ে জেলায় ওষুধ সরবরাহের ব্যাপারে একটা পরীক্ষা করা হচ্ছে এবং সেখানে সরকারের নির্ধারিত ৫০ রকমের ওষুধ পর্যন্ত পরিমাণে দেওয়া হচ্ছে। সেখানেও ষড়যন্ত্র চলছে, কারণ যে ওষুধের কোনও দরকার নেই সেসব ওষুধ ডাক্তারবাবুরা প্রেসক্রাইব করছেন। হেলথ সাবজেক্ট কমিটির একটি রিপোর্টে দেখেছি, মেডিক্যাল কলেজে এক্স-রে করবার জন্য যারা আসছেন তাদের অনেকেই এক্স-রে করবার কোনও দরকার নেই। আমাদের চেয়ে অনেক উন্নত দেশ ইংলন্ড, সেখানেও এটা হয় না।

[3-00 — 3-10 p.m.]

বিনা প্রয়োজনে টাকা ব্যয় হচ্ছে, এক্স-রে করানোর দরকার নেই, তবু বলছে যে এক্স-রে কর, ওষুধের প্রয়োজন নেই অথচ এক গাদা ওষুধ কেনার জন্য লিখে দেওয়া হচ্ছে। এগুলি করে তারা বাজিমাত করার চেষ্টা করছে। অপর দিকে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য নীতির মূলে কুঠারাঘাত করার চেষ্টা করা হয়েছে। সেজন্য আমাদের সাবধান হতে হবে। আর ওষুধের কথা কি বলব। ওষুধ তো পাওয়াই যায় না। ওষুধের দুস্প্রাপ্যতার কারণ হচ্ছে ঐ ডাঙ্কেল প্রস্তাব। ডাঙ্কেল প্রস্তাবের ফলে ওষুধের দাম কত বেড়েছে সেটা আপনারা সকলেই জানেন এসব কথা তরুনবাবু একবারও বললেন না। ডাঙ্কেল প্রস্তাব পাস হওয়ার ফলে ইন্ডিয়ান পেটেন্ট অ্যাক্ট, ১৯৭২ যেটা পার্লামেন্টে সকলের সম্মতিতে পাস হয়েছিল, তার খোলনলচে পাল্টে যাবে এবং বহুজাতীক সংস্থাগুলির রমরমা বাজার হবে। কম দামে যে ওষুধ যেত সেটা আর পাওয়া যাবে না। তার কারণ হচ্ছে ঐ পেটেন্ট অ্যাক্ট। আমি সেজন্য মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে পরিপূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় স্বাস্থ্য দপ্তরের যে ব্যয়-বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে যে কাটমোশন আনা হয়েছে তাকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমাদের দলের মাননীয় সদস্য তরুন অধিকার সমস্ত বিষয়টি খুব সুন্দর ভাবে উপস্থাপন

করেছেন। আমি যে কথাটা মন্ত্রী মহাশয়কে বলতে চাই সেটা হচ্ছে, এখন আমাদের দেশে একটা স্লোগান আছে, হেলথ ফর অল। সারা দেশে এই স্লোগানে উদ্বুদ্ধ হওয়ার যে প্রবণতা বিশ্বের পটভূমিকায় তাতে পশ্চিমবাংলা পিছনের দিকে হাটছে। হেলথ ফর অল বাই ২০০০ এ ডি এটা ভারতবর্ষের আর যেখানেই বাস্তবায়িত হোক না কেন, পশ্চিমবঙ্গে বাস্তবায়িত হবে না। হেলথ ইনফর্মেশন ইন ইন্ডিয়া বলে একটা বই এর আগে আমি আপনাকে দিয়েছিলাম এবং তাতে দেখিয়েছিলাম যে হেলথ ইন ইন্ডিয়ায় পার ক্যাপিটা এক্সপেন্ডিচার পশ্চিমবঙ্গের স্থান সব চেয়ে নিচে। এই বই আপনি আমার কাছে থেকে নিয়েছিলেন এবং স্টাডি করেছিলেন এবং নিজে অনুধাবন করেছিলেন এবং স্বীকার করে বলেছিলেন যে হ্যাঁ, এই বইটার গুরুত্ব আছে। আজকে আমার মূল কথা হচ্ছে, আপনার দপ্তরের গুরুত্ব কেউ অস্বীকার করবে না। আমরা সকলেই বলি যে স্বাস্থ্যই সম্পদ। কিন্তু আপনার যে বরাদ্দ পান এবং নন-প্লানে তাতে দেখা যাচ্ছে যে আপনার পরিকল্পনা বহির্ভূত খাতে শতকরা ৯০ ভাগ টাকা খরচ হচ্ছে। আর পরিকল্পনা খাতে শতকরা ১০ ভাগ টাকা খরচ হচ্ছে। স্বাস্থ্য দপ্তরের কাজের যে পরিধি সেটা যদি বাস্তবে রূপায়িত করতে হয় তাহলে তার জন্য টাকার প্রয়োজন। কিন্তু সেই তুলনায় টাকা কম। কাজেই আপনাকে টাকা আনতে গেলে আরও তৎপর হতে হবে। কারণ এই রাজ্য সরকার হচ্ছে দেউলিয়া সরকার। এরা পিয়ারলেসের কাছ থেকে টাকা ধার নিয়ে সরকার চালাচ্ছে। প্রভিডেন্টের টাকা ভেঙ্গে মাইনা দিতে হচ্ছে। সরকারের কাছে আপনার পরিকল্পনা থাকতে পারে, কিন্তু ১৭ বছরে একটা রাজ্য সরকার তার কাজে প্ল্যান আউট লে করতে পারলেন না। সুতরাং আপনি তার ভিকটিম হচ্ছেন। আজকে সারা রাজ্যে আন্ত্রিক, কলেরা ইত্যাদিতে একটা চরম অবস্থার সৃষ্টি হয়েছে। আজকে স্বাস্থ্যের সঙ্গে জড়িত হয়ে আছে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং দপ্তর, পরিবেশ দপ্তর এবং কলকাতা কর্পোরেশনও এর সঙ্গে জড়িত হয়ে আছে। আপনি জানেন যে সমস্ত অভিযোগ আপনার দপ্তরে আসছে। সংবাদপত্র আপনাকে নিয়ে হাসাহাসি করছে। সংবাদপত্রে আপনাকে অ্যাকিউসড করছে। আমি আপনাকে বলব যে আপনি চিফ মিনিস্টারকে চেয়ারম্যান করে একটা কমিটি করুন এবং এই ৪টি দপ্তরের মধ্যে একটা কো-অর্ডিনেশন তৈরি করুন।

এই সমন্বয় কমিটির মাধ্যমে আন্ত্রিক রোগের মোকাবেলা করুন। এই কলেরা যেটা সারা পৃথিবীতে থেকে চলে গেছে কলেরা রোগ আজ নিশ্চিহ্ন, কিন্তু এখানে কলেরা রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। সরকারের দেওয়া হিসাব থেকে আমি বলছি এই পশ্চিমবাংলায় আন্ত্রিক রোগে ৮৭,৯২০ জন আক্রান্ত হয়েছে। আমাদের রাজ্যে গত ২ বছরে আন্ত্রিক রোগে আক্রান্ত হয়েছে ৮৭,৯২০ জন এবং তাতে মৃত্যু হয়েছে ১১০৫ জন। সংখ্যাটা অবহেলা করার মতো নয়। সুতরাং এই ক্ষেত্রে একটা কনসিসটেন্ট অ্যাফোর্ট, একটা মাস্টার প্ল্যান করতে হবে। তা না হলে হঠাৎ হঠাৎ রোগে আক্রান্ত হবে, কিছু দিন বাদে সেটা নিরাময় হবে এবং আপনি আশ্বস্ত হবেন। এটা হলে হবে না। একটা ইমাজিনেশন রাখতে হবে, একটা ফার সাইটনেস রাখতে হবে, একটা প্ল্যান তৈরি করতে হবে, এবং একটা ম্যানেজারিয়াল এফিসিয়েন্সি তৈরি করতে হবে। তা না করতে পারলে স্বাস্থ্য দপ্তরের মতো গুরুত্বপূর্ণ দপ্তর কাজ করতে পারবে না। আপনাকে আমি একটা সাজেশন দেব। এই স্বাস্থ্যের ব্যাপারে আপনার যে কর্মকান্ড তাতে টাকা প্রয়োজন রয়েছে অনেক। আমরা অনেক অভিযোগ পাই

ওষুধ কেনার ব্যাপারে টাকা চুরি হয়ে যাচ্ছে, বিভিন্ন জায়গায় হাসপাতালে দামি দামি যন্ত্রপাতি কেনা হচ্ছে, অথচ সেটা ব্যবহার হচ্ছে না। অর্থ দপ্তর যে টাকা বরাদ্দ করছে আপনার দপ্তরের জন্য তা প্রয়োজনের তুলনায় আপনার অনেক কম। কিন্তু যে টুকু টাকা তারা আপনাকে দিচ্ছে সেই টাকা প্রপার ইউটিলাইজ হচ্ছে না। সেই জন্য আপনাকে আমি বলছি আপনি হেলথ ডিপার্টমেন্টে একজন ফাইনান্সিয়াল অ্যাডভাইসার নিয়োগ করুন। আপনি একটা মান্থলি সিস্টেম অফ অর্ডিট রিপোর্ট তৈরি করুন। আপনার দপ্তর পরিচালনা করতে কত টাকার প্রয়োজন, কোন খাতে কত টাকা লাগবে, কত টাকা আপনি খরচ করতে পারবেন, কত টাকা পাওয়া যাবে এই সমস্ত হিসাব আপনি পেয়ে যাবেন। তখন টাকা তছরূপের অভিযোগটা আপনার কাছে আসবে না। আপনি মান্থলি সিস্টেম অফ অডিট রিপোর্ট আপনার হেলথ ডিপার্টমেন্টে চালু করুন। আপনি একজেমপেলারি ডিসিসন নিন। অর্থমন্ত্রীকে আমি বলছিলাম, সব দপ্তরে এটা ইনট্রোডিউস করুন। আপনার স্বাস্থ্য দপ্তরের প্রয়োজনীয়তা আজকে রাজ্য সর্বত্র স্বীকৃত। সেই জন্য বলছি আপনি এটা ভেবে দেখুন প্রায়রিটি নির্ধারণ করার জন্য নজর দিন। আজকে সকলে বলছেন যে কিউরেটিভ নয়, প্রিভেনটিভ মেজারের দিকে চিকিৎসা ব্যবস্থা পরিবর্তন করতে হবে। তাতে আমরা কি দেখতে পাচ্ছি, যে প্রাইমারি হেলথ সেন্টার এবং সাবসিডিয়ারি হেলথ সেন্টার তুলে দেবার কথা ভাবছেন। গৌরীবাবু চিকিৎসক মানুষ, তিনি এই স্বাস্থ্য বিভাগের সাবজেক্ট কমিটির চেয়ারম্যান, আমি যখন সাবজেক্ট কমিটিতে ছিলাম, তখন দেখেছি তিনি খুব নিষ্ঠার সঙ্গে কাজ করেছেন। আমরা অনুসন্ধান করে যেটা দেখেছি, আমাদের কাছে যে অভিযোগ আছে তা হল আপনি খুব একগুঁয়ে খুব গোঁয়ার। বহু বিখ্যাত চিকিৎসক এই কথা বলেছেন। জাস্টিস ইজ বিইং ডিনায়েড দেম, তাদের বিচার হচ্ছে না, তাদের কথা বলার সুযোগ নেই। আপনি নন-প্র্যাকটিসিং ব্যবস্থা চালু করার কথা ভেবেছেন, আমি আপনার সঙ্গে একমত। আপনি মাইনে তাদের বাড়িয়ে দিয়েছেন তাদের আপনি অ্যাসিস্ট্যান্ট প্রফেসারের র‍্যাঙ্ক করে মাইনে ডবল করে দিয়েছেন। কিন্তু অনেক নন-প্র্যাকটিসিং অ্যালাউন্স নিয়ে প্রাকটিস করছে। এমন অনেক নামি দামি চিকিৎসক আছেন তরুন অধিকারী একজন চিকিৎসকের নাম করেছেন আমি ভুরি ভুরি নাম বলতে পারি যারা আপনার ওই ব্যবস্থার মধ্যে আসতে চায়। তারা ছাত্রদের প্রতি মমতা বোধ থেকেই হোক, দীর্ঘ দিন ছাত্রদের সঙ্গে আত্মিক যোগ থাকার ফলেই হোক তারা আসতে চায়। আপনি আবার আবেদন করুন, আপনি আর একবার আপিল করুন। আপনি একটা ব্রড পেজের অ্যাপিল করুন, লেট দেম কাম ব্যাক, তাদের ফিরে আসার সুযোগ করে দিন। আমি দায়িত্ব নিয়ে বলছি বহু চিকিৎসক আপনার এই আবেদনে সাড়া দেবে এবং তারা ফিরে আসবেন। আপনি এই বিধানসভা থেকে ডাক দিন, এই বিধানসভা থেকে আবেদন জানান, আমি অন্তত ১০ জন বড় ডাক্তারকে ফিরিয়ে আনার দায়িত্ব সরকারের তরফ থেকে নিচ্ছি। আপনার এই নন-প্র্যাকটিসিংটা শুধু কলকাতায় করলে চলবে না, ডিস্ট্রিক্ট লেভেলে দরকার আছে। সাব ডিভিসন লেভেলে হাসপাতালগুলিতে যারা চিকিৎসকের সঙ্গে যুক্ত তাদের আপনি চেষ্টা করুন এতে ইনভলভড করতে, আপনি এই ব্যাপারে উদ্যোগ নিন। কারণ প্রাইভেট প্রাকটিস করবার প্রবণতা একবার বৃদ্ধি পেলে তখন সরকার চিকিৎসা করবার প্রবণতায় ঘাটতি দেখা দেয়, এটা অটোমেটিক হয়।

[3-10 — 3-20 p.m.]

কিন্তু তারজন্য তাদের আরও কিছু বাড়তি ফেসিলিটি, বাড়তি সুযোগ সুবিধাগুলো কি দেওয়া উচিত, এগুলোর জন্য আলোচনার দরজাটা আরও বেশি খুলতে হবে। আপনি একটা গ্রিভেন্স সেল খুলুন অভিযোগ জানানোর দপ্তর খুলুন। আপনি মন্ত্রী, আপনাকে সারা রাজ্যের উদ্বেগ নিয়ে কাজ করতে হয়। আপনাকে যদি এই বিষয়ে কনসেনট্রেট করতে হয় তাহলে আপনি একটা গ্রিভেন্স সেল খুলুন। সেখানে ডাক্তারবাবুরা আসুন, তাদের কথা বলুন। আপনি তাদের সাজেশন দিন। হাসপাতালগুলোকে কি করে আরও উন্নত করা যায় তারজন্য আপনি একটা উদ্যোগ নিন। আমার যেটা মনে হয়েছে, আপনি আশা করি এই বিষয়গুলোকে নিয়ে ভাববেন। কথা উঠেছে যে গ্রামে ডাক্তার যাচ্ছে না। আপনি আপনার একটা বক্তব্যে বলেছেন যে ৩৫০ এর মতো ডাক্তারের পদ খালি আছে। ভয়ানক কথা। এত পদ খালি থাকার জন্য একদিকে যেমন ছাত্রদের অসুবিধা হচ্ছে, অন্যদিকে যারা চিকিৎসা করাতে যাচ্ছে, তাদেরও অসুবিধা হচ্ছে। গ্রামে কেন ডাক্তার যাচ্ছে না, তারজন্য আপনাকে অনুসন্ধান করতে হবে। তারা বলছেন গ্রামে কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। রাত্রিবেলা যে বাড়িতে থাকতে দেওয়া হয়, সেখানে দেখা যায় ছাদ ফুটো হয়ে জল পড়ছে। গ্রামে ডাক্তার যাচ্ছে না। তার কারণ পশ্চিমবাংলার সর্বত্র বিদ্যুত পৌছায় নি। গ্রামে বিদ্যুত নেই। সর্বভারতীয় হিসাবে এই ব্যাপারে পশ্চিমবাংলা এগারোটি রাজ্যের পরে আছে। ডাক্তারবাবুরা বলছেন যে, তারা রাত্রিবেলাতে কলে বেরোচ্ছেন তখন অন্ধকারের মধ্যে সাপে কামড়াতে পারে। গ্রামে সাপে কাটলে সাপে কামড়ানোর ওষুধ নেই। অর্থাৎ আজকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলো সব মিলিয়ে সম্পূর্ণভাবে এমন জায়গায় গিয়ে পৌছেছে যে, মানুষের ট্রেন্ড হচ্ছে কলকাতার হাসপাতালগুলোতে চলে আসা। তারফলে কলকাতার হাসপাতালগুলো ভয়ানক ভাবে ওভার ক্রাউডেড হয়ে যাচ্ছে। গ্রামে যে সমস্ত ডাক্তার যাচ্ছে, আমি আপনাকে দুটো এগজাম্পল দেব, সত্যি মিথ্যা আপনি অনুসন্ধান করে দেখবেন। একটা হচ্ছে হাবড়া হাসপাতাল। সেখানে একজন ডাক্তার গিয়েছিলেন। গ্রামে কিভাবে রাজনীতি করা হচ্ছে দেখুন। সেই ডাক্তারবাবুকে ওখানকার একজন রাজনৈতিক দলের নেতা চিকিৎসার জন্য তার বাড়িতে ডেকে পাঠান। তিনি যেতে অস্বীকার করেন। তারপর সেই ডাক্তারবাবু যখন হাসপাতালে চিকিৎসা করছেন, তখন একজন মহিলাকে তার ঘরে ঢুকিয়ে দেওয়া হয়। কিছুক্ষণ পরে সেই মহিলা চিৎকার করে ওঠেন যে তার উপরে শ্লীলতাহানি করা হয়েছে। এখন তার শ্লীলতাহানি হয়েছে কিনা তা আমি বলতে পারব না। আপনি অনুসন্ধান করে দেখবেন। এরপর ঐ ডাক্তারবাবুর উপরে নানাভাবে মানসিক পীড়ন করা হয়েছিল। তারফলে তিনি কিছুদিন পরে দিল্লি নিয়ে চলে যান। একই ঘটনা বর্ধমান হাসপাতালে ঘটেছে। সেখানে একজন কম্পাউন্ডার ওষুধ সরাবার সময়ে একজন ডাক্তার তাকে ধরেন। এই কম্পাউন্ডার শাসকদলের একজন সমর্থক। তারপর, ১৫ দিন থেকে তিন সপ্তাহ পরে সেই ডাক্তারবাবু হাসপাতাল ছেড়ে চলে গেছেন। তারা এসে আমাদের কাছে কথা বলেছেন। তারা বলেছেন নাম বললে জীবন বিপন্ন হতে পারে। কাজেই আমি আপনাকে রেফারেন্স দিলাম। তারা বলেছেন আপনি মন্ত্রীকে বলুন, তিনি অনুসন্ধান করে দেখুন। এই পরিস্থিতি তৈরি হয়েছে। এর পরে দেখছি যে হাসপাতালগুলোতে কাজের পরিবেশ থাকছে না। আপনি দেখেছেন যে গতকাল মেডিক্যাল কলেজের সুপারিনটেনডেন্টকে ঘেরাও করা

হয়েছে। আমি হেল্থ সাবজেক্ট কমিটির সঙ্গে ঘুরতে ঘুরতে চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজে গিয়ে শুনেছি যে সেখানে সুপার পনের দিন ধরে আসছেন না। হাসাপাতালগুলোতে সবকিছু কো-অর্ডিনেশন কমিটি করছে। পুরো ঘটনাকে তারাই নিয়ন্ত্রণ করে। তারা দিক নির্দেশ করে দিলে কিছু এদিক ওদিক হয়। এই যদি অবস্থা হয় তাহলে আপনি তাদের নজর এড়িয়ে কিভাবে চালাতে পারবেন?

আপনারা পশ্চিমবঙ্গে নাকি হাসপাতালগুলোর অনেক উন্নতি সাধন করতে পেরেছেন বলে বড়াই করেন। কিন্তু আপনারা যদি ভারতবর্ষ বা বিশ্বের দিকে তাকান তাহলে পাবেন যে সারা বিশ্বে যে পরিমাণ ইন্সট্রুমেন্ট ইক্যুপমেন্ট এসেছে বা ভারতেও যা এসেছে তার ২০ পারসেন্ট এখানকার হাসপাতালগুলো কভার করতে পারেনি। সব চাইতে অ্যালার্মিং হচ্ছে যে, এখানে রিসার্চের কাজ একেবারে বন্ধ হয়ে গেছে। একটা রিসার্চ করতে গেলে যে অনুপ্রেরণার দরকার সরকারের কাছ থেকে সেই সাহায্য পাচ্ছে না। ফলে এর একটা পরিবেশ নষ্ট হয়ে গেছে। আপনি তো আগে হাসপাতালগুলোতে সারপ্রাইজ ভিজিট দিতেন সেটা বন্ধ করে দিলেন কেন? কেন আগে তো খবর না দিয়ে হাসপাতাগুলোতে সারপ্রাইজ ভিজিট করতেন। আপনি হাসপাতালগুলোর পরিচ্ছন্নতার দিকে নজর দিন। মানুষ আজকে পরিচ্ছন্ন জায়গা পাবার জন্য হাসপাতাল ছেড়ে নার্সিং হোমে টাকার অভাব থাকা সত্ত্বেও যেতে বাধ্য হচ্ছেন। তাতে অন্তত অপরিচ্ছন্নতার শিকার হতে হবে না। সেইকারণে সাধ্যের বাইরে হলেও নার্সিংহোমগুলোতে যেতে বাধ্য হচ্ছেন। আমাদের মুখ্যমন্ত্রীতো নিজে পিয়ারলেস হসপিট্যাল ওপেন করতে গেছেন এবং ডানকান অ্যাপোলোর ফিতে কেটেছেন। সুতরাং হাসপাতালে ভর্তির কথা বলে লাভ কি। যেখানে স্বয়ং মুখ্যমন্ত্রী নিজে বেসরকারি হাসপাতাল খুলতে যাচ্ছেন। অর্থাৎ পরিচ্ছন্নতাই হাসপাতালগুলোর একটা বড় ব্যাপার। আপনি যে ফটোগ্রাফার নিয়ে, কাগজের সাংবাদিকদের নিয়ে সারপ্রাইজ ভিজিট করতেন কলকাতার হাসপাতালগুলোর মধ্যে, তা করলে চলবে না। আপনার যদি সারপ্রাইজ ভিজিট করার মন থাকে তাহলে এইসব ফটোগ্রাফার বা সাংবাদিকদের নিয়ে নয়, নিজে গ্রামে হাসপাতালগুলো পরিদর্শন করুন। এবং এই ব্যাপারে একটু উদ্যোগ নিন। আপনার সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্সের ৫০ পারসেন্ট গভর্নমেন্ট এডে ওষুধ নেওয়া হয়, ৪০ পারসেন্ট স্মল স্কেলের থেকে নেয় এবং ১০ পারসেন্ট মাল্টি ন্যাশনাল থেকে নেয়। এই সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্সে যে ওষুধ রক্ষণাবেক্ষণ হয় সেটা খুব খারাপভাবে হয়। ওষুধগুলো ঠিকমতো চেক করা হচ্ছে না। মাল্টি ন্যাশনাল থেকে যে ওষুধ নেওয়া হচ্ছে সেটা কি ধরনের ওষুধ সেটা আপনারা দেখেন না। আপনারা সব সময়ে বলে বেড়াচ্ছেন যে গ্যাট চুক্তির ফলে ওষুধের দাম বেড়ে যাবে। জানি না এই গ্যাট চুক্তি পড়েছেন কিনা, আপনি তো পড়াশুনো জানা, স্বাস্থ্যমন্ত্রী, আপনি আমাদের অ্যাসুরেন্স দিন যে ওষুধের মান উন্নত করেছেন। আজকে স্কেল থেকে এবং মাল্টি ন্যাশনাল থেকে যে ওষুধ কিনছেন ১০ পারসেন্ট ইন্টারেস্ট। গভর্নমেন্ট এডস যে ৩০ কোটি টাকার এসেছে এবং তাই দিয়ে ব্রিটিশ প্রকল্প যে হাতে নিয়েছেন সেই সম্পর্কে আমাদের কিছু জানান। আমি জানি না অথচ আমার বিধানসভা কেন্দ্রে ৮০-৯০টি বেডবিশিষ্ট একটি আয়ুর্বেদিক হাসপাতাল তৈরি করলেন। আমি নিজে সেখানে গিয়ে হাসপাতালটি ঘুরে দেখলাম এবং দেখলাম যে ৫-৬জন ছাড়া বাকি সব খালি বেড পড়ে রয়েছে। আপনি তো হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক এবং

ইউনানি হাসপাতাল করেছেন কিন্তু কতজন এই হাসপাতালগুলোতে যায় বা জানে বলতে পারেন? হোমিওপ্যাথিক ডাঃ ভোলা চক্রবর্তী ছাড়া তো ডাক্তার নেই। তার অ্যাপয়েন্টমেন্ট পেতে গেলে তো চিঠি করে দিতে হয়। আমার কেন্দ্রে যে আয়ুর্বেদিক হাসপাতালটি রয়েছে তাতে প্রায় ৭৫-৮০টি বেডই খালি, কেবল ৫-৬টি বেডে রোগী আছে। আমি নিজের থেকেই তাদের কাছে উৎসাহ দিয়ে এলাম, আপনি আমাকে এই ব্যাপারে কিছু জানালেন না। এখন মানুষের এডস রোগ হলে হাসপাতালে ভর্তি হওয়ার বিরাট অসুবিধা হচ্ছে। এডস মানসিক রোগী এবং ক্যান্সার রোগীদের চিকিৎসার একটা বিরাট সমস্যার সৃষ্টি হচ্ছে। ক্যান্সার হলে মানুষকে আজকে ক্যান্সার হাসাপাতালে ছুটতে হচ্ছে এবং এম এল এদের এই ব্যাপারে একটা চিঠি লিখে দিতে হচ্ছে।

[3-20 — 3-30 p.m.]

আজকে লোকে ক্যান্সার হলে এম এল এ-র থেকে চিঠি নিয়ে চিত্তরঞ্জন ক্যান্সার হসপিটালে যাচ্ছে। এইডস এর রোগী, মাদকাশক্ত রোগীর তাদের হাসপাতালে আসন সংখ্যা অত্যন্ত কম। আপনাকে আর একটা কথা বলি, বি সি রায় পলিক্লিনিক রিসার্চ ল্যাবরেটরিতে আপনি ওখানে গিয়েছেন, স্বনামধন্য ঐ ব্যক্তির নামে যে পলি ক্লিনিক যেহেতু বিধান রায়ের নামে পলিক্লিনিক সেইজন্য ওটাকে আপনি খাটো করার চেষ্টা করছেন। আসলে দেখাতে চেয়েছেন বিধান রায়ের থেকে জ্যোতিবাবু বড় ব্যক্তি। ওখানে মেডিসিন, ডায়োবেটিক, সার্জিকাল, গাইনোকোলজি, আই ডেন্টাল সবগুলির বিভাগ ছিল, এখন সবগুলি বন্ধ। আপনি ওখানে আমার সঙ্গে ৩ বার গিয়েছেন, ১লা জুলাই ওখানে গিয়ে আপনি মালা পরিয়েছেন, আমার মঞ্চে বক্তৃতা করেছেন তার ব্যবস্থা আমি করে দিয়েছি, দূরদর্শনে তার ছবি বেরিয়েছে। বি সি রায় পলি ক্লিনিক আজকে টোটালি মেস হয়ে গিয়েছে, ওখানে রঞ্জিত ঘটক ২০ বছর ১০ মাস ধরে আছে, হেমেন সেনগুপ্ত ২৩ বছর ১০ মাস ধরে আছে, শিপ্রা সেনগুপ্ত ১৬ বছর ৬ মাস, লক্ষ্মীকান্ত ঘোষ ২৭ বছর ৭ মাস, আশিষ বসাক ২৫ বছর ৮ মাস, অজিত দাস ২৪ বছর ৫ মাস ধরে ওখানে আছে। ওখানে টোটাল ব্যাপারটা একটা মেস হয়ে গিয়েছে। বি সি রায় পলিক্লিনিক আপনি মডার্নাইজ করার চেষ্টা করছেন না। সমস্ত সুযোগ সেখানে আছে, সমস্ত ইনফ্রাস্ট্রাকচার সেখানে আছে। সেখানে এক্সরে মেশিনারি আছে কিন্তু ৮টি দপ্তর কোনও কাজ করতে পারছে না। ১২ জন ডাক্তারের থাকার কথা সেখানে ৩ জনের বেশি ডাক্তার নেই। একজন সুপারিনটেনডেন্ট চার্জ নিয়ে আছে তিনি আই ডি-হাসপাতালে চার্জে তাকে এখানে কানেকটেড করা হয়েছে। তিনি রোজ সকালে আসছেন একটা হাওয়াই চটি পায়ে দিয়ে ফট ফট করে ঘুরে আবার কিছুক্ষণ পরে চলে যাচ্ছেন। এটা একটা বড় ব্যাপার, আপনি এই ব্যাপারটা দেখবেন আমরা আশা করব। আজকে যে স্বাস্থ্যই সম্পদ কথাটা বলা হয় হেলথ ইজ ওয়েলথ, একটা সামগ্রিক জন চেতনার যে উদ্যোগ একটা মাস্টার প্ল্যান করার যে উদ্যোগ আপনি প্রথমে বলেছেন আপনার একটা নীতি আছে বলেছেন, কিন্তু সেই লক্ষ্যে আপনি পৌঁছাতে পারছেন না। তার জন্য আজকে স্বাস্থ্য দপ্তরের প্রতি মানুষের যে আস্থা সেই আস্থা বা বিশ্বাস আছে কিনা সেটার জন্য আপনি একটা স্যাম্পেল সার্ভে করুন। আপনার উদ্যোগ থাকতে পারে, ব্যক্তিগত প্রচেষ্টা থাকতে পারে কিন্তু তার মানে যে সমস্ত দপ্তর আপনার সঙ্গে ইকোয়ালি রেসপন্স করছে তা নয়। আজকে যে আন্ত্রিকের ব্যাপারটা

সমস্ত লিডিং ডেইলি নিউজপেপারগুলি বলছে একটা মারাত্মক আকার ধারণ করেছে, সেখানে আপনার দপ্তর বলেছে এটা মারাত্মক কিছু নয়। গত ২ বছরে এই রোগের আক্রান্তের সংখ্যা এবং মৃত্যুর সংখ্যা দেখলে কখনই প্রমাণ হয় না, এই রোগ কি রকম মারাত্মক আকার নিয়েছে। সেইজন্য আমি বলব রাজ্যের স্বাস্থ্য দপ্তরের কাছে সাধারণ মানুষের যে প্রত্যাশা ছিল সেটা পূরণ হচ্ছে না। কলকাতাতে আপনি নিজে একবার উদ্যোগ নিয়েছিলেন একটা অল ইন্ডিয়া ইন্সটিটিউট অফ মেডিক্যাল সায়েন্স স্থাপন করা যায় কিনা, এর জন্য দিল্লির সাহায্য দরকার। এই ব্যাপারে দরকার হলে আমরা সুবিধা অসুবিধার বিষয়গুলি নিয়ে একবার সর্বদলীয় প্রতিনিধি নিয়ে দিল্লি যেতে পারি। আজকে মানুষ চিকিৎসার জন্য ম্যাড্রাসে ছুটছে, বাইপাস সার্জারির জন্য ম্যাড্রাসে ছুটছে। চোখের জন্য নেত্রালয়ে যেতে হচ্ছে, হার্ট অপারেশনের জন্য ডাঃ শেঠির কাছে যেতে হচ্ছে বি এম বিড়লা হার্ট রিসার্চ সেন্টারে। এখন যদি অল ইন্ডিয়া ইন্সটিটিউট অফ মেডিক্যাল সায়েন্স ধাঁচে একটা সেন্টার হয় তাহলে ভাল হয়। স্বাস্থ্যমন্ত্রীকে বলব রাজ্যের স্বাস্থ্যদপ্তর সম্বন্ধে আপনি আস্থা পূরণ করতে পারেননি হেলথ ফর অল বাই ২০০০ এ.ডি. যে স্লোগান তা পূরণ হচ্ছে না। স্বাস্থ্য দপ্তর পিছন দিকে ছুটছে তাই এই বাজেটের বিরোধিতা করে কাট মোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য দপ্তরের যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থান করা হয়েছে তাকে সমর্থন করে আমি দু-চারটি কথা এখানে বলতে চাই। এতক্ষণ ধরে কংগ্রেসি বন্ধুদের কথা শুনে মনে হচ্ছিল যে আমরা বোধহয় অন্য গ্রহের মানুষ। ভারতবর্ষের একটি অঙ্গরাজ্য হচ্ছে পশ্চিমবাংলা, সুতরাং পশ্চিমবাংলা ভারতবর্ষের বাইরে নয়। ভারতবর্ষের অর্থনীতি, ভারতবর্ষের স্বাস্থ্য নীতি, ভারতবর্ষের শ্রমনীতি, ভারতবর্ষের আর্থ-সামাজিক অবস্থা, সমস্ত কিছুই পশ্চিমবঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য। আমরা কোনও ভিন্ন গ্রহ বা গ্রহান্তরে অবস্থান করছি না। স্বাধীনতার পর ৪৭ বছর পার হয়ে গিয়েছে এবং স্বাস্থ্য দপ্তর হচ্ছে এমনই একটা দপ্তর যাদের কর্মী গ্রাম পর্যন্ত রয়েছে। বিরোধীরা বলছেন সেই কর্মীরা কিছু করছে না। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে তার ভাষণে বলেছেন আমার বিভাগের প্রশাসন ব্যবস্থা ত্রুটিহীন বলে আমি দাবি করি না। আমাদের প্রশাসন ব্যবস্থাকে আমরা ত্রুটিহীন বলে আমরা মনে করি না। আমার এটা নিয়ে ভাবনা-চিন্তা করছি। আমাদের ত্রুটিবিচ্যুতি যা আছে তা আমরা দ্ব্যার্থহীনভাবে স্বীকার করি। যারা কাজ করে তাদের কিছু ভুলত্রুটি থাকতে পারে। আপনারা কাজ করতেন না, তাই আপনাদের কোনও ভুল ত্রুটি থাকেনি। মাননীয় মন্ত্রী মহাশয় একটা কথা বলেছেন কেবলমাত্র রোগ নিরাময়ের প্রবণতাই নয়, রোগ নিবারণই হচ্ছে আমাদের উদ্দেশ্য। সমাজের সর্ব অংশের মানুষের কাছে উন্নত চিকিৎসা ব্যবস্থা পৌঁছে দেওয়ার স্বাস্থ্য দপ্তরের উদ্দেশ্য। মানুষের কাছে যদি সামান্যতম খরচায় হোমিওপ্যাথি, আয়ুর্বেদি, ইউনানি চিকিৎসা ব্যবস্থাকে পৌঁছে দেওয়া যায় তার জন্য পদ্ধতি অবলম্বন করতে তিনি অগ্রসর হচ্ছেন। আমি এবারে ইকনমিক রিভিউ থেকে ভারতবর্ষের জন্ম-মৃত্যুর হারটা বলছি। ১৯৮৮ সালে ভারতবর্ষে জন্মের হার ৩১.৫, আর সেখানে পশ্চিমবঙ্গে ২৮.৪ ; ১৯৮৯ সাল ভারতবর্ষে জন্মের হার ৩০.৬ আর সেখানে পশ্চিমবঙ্গে ২৭.২ ; ১৯৯০ সালে ভারতবর্ষে জন্মের হার ৩০.২, আর পশ্চিমবঙ্গে ২৮.২ ; ১৯৯২ সালে ভারতবর্ষে জন্মের হার ২৯.০, আর পশ্চিমবঙ্গে

২৪.৬। **মৃত্যুর হার ভারতবর্ষের ক্ষেত্রে ১৯৮৮ সালে ১১.০, পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৮.৪ ; ১৯৯২ সালে ভারতবর্ষের ক্ষেত্রে ১০.০ পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৮.৩ ; শিশু মৃত্যুর হার, ভারতবর্ষের ক্ষেত্রে ১৯৮৮ সালে ভারতবর্ষে ৯৪, আর পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ৬৯ ; ১৯৯২ সালে ভারতবর্ষে ৭৯, আর পশ্চিমবঙ্গে ৬৪। স্বাস্থ্য দপ্তর যে ১০০ ভাগ কাজ করছে এটা মন্ত্রী মহাশয় নিজেও দাবি করনে না। পরিকল্পনা কর্মসূচির নামে কংগ্রেসি আমলে সঞ্জয় গান্ধীর নেতৃত্বে মানুষের উপর এক ভয়াবহ অত্যাচার শুরু হয়েছিল।**

আজকে মানুষের চেতনা বৃদ্ধির মধ্যে দিয়ে এই কর্মসূচিকে সফলতার দিকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। তারপর বন্ধ্যাত্বকরণের ব্যাপারে মায়েরা যে সমস্ত ব্যবস্থা গ্রহণ করছেন সেখানেও স্বাস্থ্য দপ্তর একটা বিরাট ভূমিকা পালন করে চলেছেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে আরও পরিসংখ্যান উল্লেখ করে বলেছেন যে স্বাস্থ্যকেন্দ্রগুলিতে আসবাবপত্র এবং যন্ত্রপাতি দেওয়া হচ্ছে। তাছাড়া ১৯৯৩-৯৪ সালে পি এস সি থেকে ৬৬৮ জন নতুন ডাক্তার নিয়োগ করার ব্যবস্থা করা হচ্ছে। এরমধ্যে ৩৩২ জন ডাক্তারকে শীঘ্রই নিয়োগ করা হচ্ছে। ২০ জন সিস্টার নার্স, ২০ জন সিনিয়র নার্স, ৭৭৮ জন জি এন এম নিয়োগ করে স্বাস্থ্য পরিষেবাকে মানুষের কাছে পৌছে দেওয়ার চেষ্টা হচ্ছে। সাথে সাথে মানুষের কাছে হোমিওপ্যাথিক ও আয়ুর্বেদিক চিকিৎসা পৌছে দেওয়ার চেষ্টা হচ্ছে। পশ্চিমবঙ্গে মেডিক্যাল এডুকেশন সার্ভিসের ১৪শো পদের মধ্যে মাত্র ৩।শো পদ খালি আছে। এখানে আলোচনা প্রসঙ্গে প্র্যাকটিসিং এবং নন প্র্যাকটিসিং ডাক্তারদের কথা উঠেছে। নন প্র্যাকটিসিং ডাক্তারদের বিশেষ অ্যালাউন্স দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। অনেক চিকিৎসক যারা শিক্ষক হিসাবে কাজ করেছিলেন তারা চলে যাচ্ছেন, তাদের ক্ষেত্রে অ্যাপিলের যে ব্যবস্থা আছে সেটা আপনারা সাবজেক্ট কমিটির চেয়ারম্যানের কাছে জেনে নেবেন। একটা পুঁজিবাদী রাষ্ট্রে যেখানে যে যাই উৎপাদন করুক না কেন তার লক্ষ্য থাকে to earn maximum profit, not to serve the maximum number of people of the society. গ্রহান্তরের মানুষ নন। ডাক্তারদের ক্ষেত্রেও সেটা প্রযোজ্য, কারণ ডাক্তাররা এই আর্থ সামাজিক অবস্থার মধ্যে বড় হয়ে সে তাই সব সময় চেষ্টা করে বেশি রোজগার করার। মাননীয় মন্ত্রী মহাশয়কে একটি বিষয় ভাবার জন্য বলব, যদিও আমি জানি যে এই পুঁজিবাদী ব্যবস্থায় এই ভারতবর্ষের মধ্যে তা হয়তো সম্ভব নয়, তবুও বিবেচনার জন্য বলছি। আমাদের যত মেডিক্যাল কলেজ ও বিশ্ববিদ্যালয় আছে তার প্রতিটি ইঁট বহন করেছে যে সব শ্রমিক, মজুর স্বাধীনতার পর ৪৭টা বছর কেটে গেলেও তাদের ঘরের ছেলেমেয়েরা এইসব বিশ্ববিদ্যালয় বা মেডিক্যাল কলেজগুলিতে পড়ার মতোন সুযোগ পায় না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, যেমন মাননীয় মুখ্যমন্ত্রী, রাজ্য সরকারের কোটা আছে সেই রকম যার অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়া মানুষ তাদের জন্য বিশেষ কোনও কোটা এই সমস্ত মেডিক্যাল কলেজ ও বিশ্ববিদ্যালয় রাখা যায় কিনা চিন্তা করে দেখুন এবং সেই কোটায় যোগ্যতার ভিত্তিতে যারা আসবে তাদের শিক্ষার পূর্ণ দায়িত্ব গ্রহণ করতে পারেন কিনা চিন্তা করে দেখুন। এটা হলে মানুষের কাছে আমরা একটা দৃষ্টান্ত তুলে ধরতে পারব। তারপর ইউনানি এবং আয়ুর্বেদ চিকিৎসা সম্পর্কে জনমত গড়ে তোলা দরকার এবং জনগণকে এ সম্পর্কে বিশেষ ভাবে ওয়াকিবহাল করানো দরকার।

আর একটা এই যে মৃত্যুর হার যেটা আন্ত্রিক রোগের ক্ষেত্রে ছিল ১.৫ শতাংশ, এর আগে সেটা ছিল তিন শতাংশ, নেমে এসেছে। নেমে আসার জন্য আমাদের আত্ম সন্তুষ্টির কোনও সুযোগ নেই। একটা মানুষও যাতে আন্ত্রিকে মারা না যায় সেই জন্য আমাদের যত্নবান হতে হবে। আর একটা ব্যাপার, হাসপাতালের ক্ষেত্রে ডাক্তার বাবুদের একটা অংশ যেমন তাদের উপর যে অর্পিত দায়িত্ব, তা যথাযথ ভাবে পালন করার চেষ্টা করেন, আবার একটা বড় অংশ ডাক্তারবাবুদের মধ্যে আছেন, যারা নিজেদের ডাক্তার হিসাবে সমাজের প্রতি তার যে একটা দায়বদ্ধতা আছে, কোনও দায় দায়িত্ব আছে, সেটা মনে করেন না। অথচ তাদের ডাক্তারী পড়বার ক্ষেত্রে পয়সাটা আসে কিন্তু সমাজের সাধারণ মানুষের ঘর থেকে, পয়সা আসে। এই ডাক্তারদের একটা অংশ তারা হাসপাতালে চিকিৎসা করবার থেকে নার্সিং হোমে চিকিৎসা করবার ক্ষেত্রে অধিক সময় ব্যয় করেন। কুচবিহার যখন স্বাস্থ্যমন্ত্রী গিয়েছিলেন, এটা ওখানে আলোচিত হয়েছে, এটা অত্যন্ত সঠিক এবং বাস্তব যে স্বাস্থ্যমন্ত্রী হবার পরে প্রশান্ত বাবু একেবারে প্রতিটি জেলায় প্রচন্ড ভাবে ঘুরেছিলেন, হাসপাতালগুলো পরিদর্শ করে বাস্তব অবস্থা উপলব্ধি করবার চেষ্টা করেছিলে করেছিলেন এবং হাসপাতালের কাজে একটা গতি এসেছিল। কিন্তু সেই সময় আমরা কুচবিহারে দেখলাম, কুচবিহারে একজন চিকিৎসক আছেন, সার্জেন, ডাঃ এস আর সাহা, আমি এখানে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ডাঃ এস আর সাহা রোগীর সাথে নার্সিং হোমে চিকিৎসার ক্ষেত্রে একটা চুক্তি করেন তিন হাজার টাকা হলে এই অপারেশনটা হবে, চুক্তি করে অপারেশন টেবিলে নিয়ে গিয়ে অর্দ্ধেক কেটে দিয়ে আট হাজার টাকা না দিলে আর কারা যাবে না, ভয়ানক অবস্থা তোমার হয়ে গেছে এবং এই ডাক্তারকে কুচবিহার থেকে অন্যত্র সরিয়ে দেবার জন্য আমরা বারে বারে জেলা শাসক, সি এম ও এইচ তাদের কাছে ডেপুটেশন দিয়েছি এবং কুচবিহারের বিভিন্ন সংগঠনের পক্ষ থেকেও বলা হয়েছে ঐ ডাক্তার জহ্লাদ হয়ে গেছে ও আর ডাক্তার নেই, আমি আজকেও মাননীয় বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব, উনি যদি ভাল ডাক্তারও হয়ে থাকেন, উনাকে অন্য জায়গায় দিন, আমরা কুচবিহারের মানুষ আর ওকে চায় না। বহু মানুষকে উনি বিপথে পরিচালিত করেছেন, এবং তার বিভিন্ন দালালরা রয়েছে সাইকেল রিক্সা স্ট্যান্ডে, মোটর স্ট্যান্ডের সামনে দাঁড়িয়ে থাকে, সেখানে ওরা আসামের রোগীদের নিয়ে এসে এই কাজটা করে, কুচবিহারে লোকাল মানুষ তার কাছে যায় না। কিন্তু কুচবিহারের ডাক্তারদের কাছে নির্ভরশীল, ধুবড়ির মানুষ, সেখানকার মানুষেরা প্রতারিত হচ্ছে, এই ডাক্তারের দ্বারা। ডাঃ এস আর সাহার কাছে তারা প্রতারিত হচ্ছে। আর একটি বিষয়, এটা অত্যন্ত সঠিক, কিছু কিছু হাসপাতালে কিছু কিছু ডাক্তার রয়েছে ২০/৩০ বছর ধরে, তারা সেখানে মৌরসি পাট্টা গেড়ে ফেলেছে। কুচবিহারের এমন বেশ কিছু ডাক্তার আছেন আমরা চাই একটা নির্দিষ্ট নীতির মধ্যে দিয়ে ডাক্তারদের একটা সময় অন্তর বদলির একটা ব্যবস্থা কায়েম করা হোক সারা রাজ্যে। নির্দিষ্ট কোনও ব্যক্তির বিষয় নয়। সারা রাজ্যে ডাক্তারদের ক্ষেত্রে একটা নির্দিষ্ট সময় অন্তর অন্তর বদলির ব্যবস্থা করতে হবে। কারণ কিছু সংখ্যক ডাক্তার এমন মৌরসী পাট্টা গেড়ে বসেছে, কোন কাজ তারা করছে না মাস গেলে শুধু মাইনে নিচ্ছে আবার কিছু ডাক্তার সঠিক কাজ করছে। কিন্তু সামগ্রিক ভাবে এই বেঠিক কাজ করার ডাক্তারদের জন্য যারা সঠিক কাজ করছে, তাদের বদনাম হয়ে যাচ্ছে এই ডাঃ এস আর সাহার জন্য। ওখানে জি সি ভট্টাচার্য একজন ডাক্তার আছেন, অত্যন্ত ভাল ডাক্তার, অথচ দুর্নাম হয়ে যাচ্ছে। আর

একটা বিষয় আমি এখানে দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে এই যে বিভিন্ন হাসপাতালগুলোতে রাজ্যের কোনও নির্দিষ্ট নয়, গোটা রাজ্যের হাসপাতালগুলোতে রোগীদের জন্য যে খাদ্য সরবরাহ করা হয়, এই খাদ্যের গুণগত মান এবং পরিমাণগত দিক এইগুলো পরীক্ষার একটা স্থায়ী ব্যবস্থা থাকা দরকার। কি খাদ্য সরবরাহ করা হচ্ছে কেমন খাদ্য সরবরাহ করা হচ্ছে, সেটা রোগীর খাবার যোগ্য কি না এবং কুচবিহারের ক্ষেত্রে যেটা আমরা মাঝে মাঝে অভিযোগ শুনি, মন্ত্রী মহাশয় এর দৃষ্টি আকর্ষণ করছি, এই বিষয়ে যথাযথ তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করবার জন্য যে কুচবিহারের যিনি খাদ্য সরবরাহ করেন আর যারা খাদ্য নিচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ, এদের মধ্যে একটা অশুভ বিষয় রয়েছে। যার ফলে সঠিকভাবে খাদ্য সরবরাহ হয় না। এই ক্ষেত্রে মাঝে মাঝে কুচবিহারের অশাতির সৃষ্টি হয়। এই বিষয়টার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। তারপরের বিষয়টা হচ্ছে, মানসিক রোগ নিরাময়ের যে কেন্দ্রগুলো রয়েছে, গোটা রাজ্য জুড়ে, এই বহরমপুরে যেটা রয়েছে মেন্টাল হাসপাতাল, আমাকে সেখানে একজন রোগীর দেখাশুনা করবার জন্য কয়েকবার যেতে হয়েছিল। আমার সেখানে গিয়ে মনে হয়েছে জেলখানার সঙ্গে এর কোনও ফারাক নেই। অবস্থাটা সেই জায়গায় পৌচেছে। এই বিষয়গুলোর উপর আর একটু দৃষ্টি দেওয়ার দরকার। আর একটু যত্নবান হওয়া দরকার।

[3-40 — 3-50 p.m.]

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী কুচবিহারের নিশিগঞ্জের বংশীরহাটে গিয়ে একটা স্বাস্থ্য কেন্দ্র উদ্বোধন করেছিলেন, কিন্তু সেখানে এখন পর্যন্ত স্বাস্থ্য পরিষেবা যথাযথ ভাবে মানুষের কাছে পৌছে দেবার ব্যবস্থা হয় নি। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং যথাযথ ব্যবস্থা নেবার জন্য তাকে অনুরোধ করছি। কুচবিহার শহরে রাজবাড়ির প্রাঙ্গনে প্রয়াত স্বাস্থ্য মন্ত্রী, উত্তরবঙ্গের গণ-আন্দোলনের বিশিষ্ট নেতা ননী ভট্টাচার্য একটা হোমিওপ্যাথিক মেডিক্যাল কলেজের শিলান্যাস করেছিলেন। আজ পর্যন্ত সেখানে কোনও কাজ হয় নি। সেটা হবে, কি হবে না, সে বিষয়ে অন্য কোনও সিদ্ধান্ত হয়েছে কিনা, যদি হয় তাহলে কত দিনের মধ্যে কাজ শুরু হবে, আশা করি মন্ত্রী মহাশয় তা আমাদের জানাবেন। কুচবিহারের সাহেবের হাট এক নং ব্লকে ৮০ সালে একটা গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্র স্থাপনের জন্য জমি অধিগ্রহণ করা হয়েছিল। ১৪ বছর হয়ে গেল আজ পর্যন্ত সেই জমিতে কোনও কাজ হয় নি। আদিবাসী অধ্যুষিত ঐ এলাকার স্বাস্থ্য কেন্দ্রটি নির্মাণের জন্য ১৪ বছরেও সরকারের কোনও সিদ্ধান্ত গৃহীত হল না। আমি দাবি করছি আদিবাসী অধ্যুষিত এলাকার জন-স্বাস্থ্যের স্বার্থে অবিলম্বে পূর্বের সরকারি সিদ্ধান্তটি কার্যকর করা হোক। কংগ্রেস আমাদের স্বাস্থ্য বাজেটের বিরোধিতা করছে। আমি তাদের কাছে প্রশ্ন রাখছি আগামী দিনে আমাদের দেশে স্বাস্থ্য পরিষেবা বলে কিছু আর থাকবে তো? কারণ গ্যাট চুক্তির মধ্যে দিয়ে ওষুধ-পত্র আমাদের দেশের সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। নিশ্চয়ই মাননীয় মন্ত্রীর বাজেটের মধ্যে কিছু ত্রুটিবিচ্যুতি আছে, সেটাই স্বাভাবিক, কারণ যারা কাজ করেন তাদের কিছু ত্রুটিবিচ্যুতি হয়, যারা কোনও কাজ করেন না তাদের কোনও ত্রুটিবিচ্যুত হবার প্রশ্নই থাকে না। আমরা জানি আমাদের স্বাস্থ্য মন্ত্রী একজন কাজের মানুষ। তিনি আরও দক্ষতার সঙ্গে সমস্ত রকম ত্রুটিবিচ্যুতি দূর করে এই দপ্তরকে সামগ্রিক সাফল্যের দিকে এগিয়ে নিয়ে যাবেন, এই আশা রেখে তার বাজেটকে সমর্থন জানিয়ে, বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ

করছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী ৩২, ৩৩, ৩৪ নং দাবির অধীনে যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করেছেন তার বিরোধিতা করে, আমাদের আনা কাট মোশনকে সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, কিছুক্ষণ ধরে আমাদের শাসক দলের সদস্যদের বক্তব্য শুনলাম এবং মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণটি পড়লাম। দুটো মিলিয়ে আমার মনে হচ্ছে পশ্চিমবাংলায় স্বাস্থ্যের কোনও সমস্যা নেই, তারা পশ্চিমবঙ্গে স্বাস্থ্য সংক্রান্ত সমস্ত অভাব পূরণ করে ফেলেছেন। আমার মনে হচ্ছে ওরা খরগোশের তো গর্তে মুখ গুঁজে ঐ সমস্ত কিছু ভাবছেন। তাই ওরা বাস্তব অবস্থাটা দেখতে পাচ্ছেন না। ওরা ভাবছেন যেহেতু ওরা দেখতে পাচ্ছেন না, সেহেতু কেউ বাস্তব অবস্থাটা দেখতে পাচ্ছে না। এই অবস্থায় এসে ওরা আজকে দাঁড়িয়েছেন। সরকারি দলের মাননীয় সদস্যরা কি নিজেদের এলাকার অসহায়, গরিব মানুষগুলোর দিকে একবার তাকিয়ে দেখেন না? মানুষগুলো একটু চিকিৎসার জন্য, একটু সেবা পাবার জন্য হাসপাতালে যাচ্ছে, কিন্তু সেখানে কি ব্যবহার পাচ্ছে তাও কি দেখতে পান না? প্রকৃতপক্ষে আমার মনে হয় ওরা সবই জানেন, কিন্তু যেহেতু সরকারি দলের আছে সেহেতু সত্যি কথা বলবার ওদের সাহস নেই। তাই আবোল তাবোল কথা বকে যাচ্ছেন। আজকে যে কোনও স্বাস্থ্য কেন্দ্রে, যে কোনও মহকুমা হাসপাতালে, যে কোনও সদর হাসপাতালে গেলেই বোঝা যায় অবস্থাটা কোথায় এসে দাঁড়িয়েছে। এক একটা বেডে দুজন করে রুগী শুয়ে আছেন, মাটিতে কেবল মাত্র একটা করে চাদর বিছিয়ে রুগীদের রেখে দেওয়া হয়েছে, তারা যন্ত্রণায় কাতরাচ্ছেন, কেউ তাদের দিকে দৃষ্টি দিচ্ছেন না। এই হচ্ছে প্রতিটি হাসপাতালের চিত্র। এই হচ্ছে আজকে পশ্চিমবঙ্গে স্বাস্থ্য পরিষেবার বাস্তব অবস্থা। অথচ বামফ্রন্ট তথা সি পি এম বার বার বলেন তারা গরিব মানুষের জন্য কাজ করেন। অথচ আজকে তারাই রাজ্যের গরিব মানুষদের বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছেন। আজকে সর্ব স্তরের সরকারি হাসপাতালগুলিকে তারা নরক-কুন্ড পরিণত করেছেন। অপর দিকে আজকে বামফ্রন্ট প্রাইভেট নার্সিং হোম এবং পিয়ারলেসের হাসপাতালকে উৎসাহিত করছেন।

আজকে তাই আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি। আজকে সমস্ত হাসপাতালগুলির দিকে একবার তাকিয়ে দেখুন যে তার কি অবস্থা। আমাকে কয়েকবার কিছু রোগীর ব্যাপারে আপনার কাছে আসতে হয়েছিল। কারণ তারা মুমূর্ষু রোগী, কিন্তু ফ্রি বেড-এর সুযোগ পাচ্ছিল না বলে তারা হাসপাতালে ভর্তি হতে পারছিল না। পেয়িং বেডের ভাড়া দেওয়াও তাদের ক্ষমতা ছিল না। একটি রোগীকে ভর্তি করেছিলাম পি জি হাসপাতালে। মুমূর্ষু রোগী, পেয়িং বেডে ভর্তি হয়েছিল, কিন্তু ওষুধ কেনার পয়সা নেই। আমি আপনাকে বলবার পর তিন দিন পরে আপনি সময় দিয়েছিলেন, কিন্তু তখন রোগী মারা গেছে। আজকে হাসপাতালে ভর্তি হবার পর যদি রোগী বলে যে, তার ওষুধ কেনার পয়সা নেই, তাহলে কি সেই রোগী বিনা চিকিৎসায় মারা যাবে? রোগী ভর্তির ব্যাপারে বিধায়করা চিঠি দিলে বলা হচ্ছে ওতে হবে না, মন্ত্রীর চিঠি লাগবে, কিন্তু সেক্ষেত্রে কি মন্ত্রীর চিঠির জন্য রোগীর মৃত্যু আটকে থাকবে? কাজেই এদিকটা একটু ভাববেন। আমি নিজে ৩২ বছরের একটি হার্টের রোগীকে পি জি হাসপাতালে ভর্তি করেছিলাম। সেখানে চিকিৎসা চলাকালীন সে জন্ডিসে আক্রান্ত হল। আশ্চর্যের বিষয় হল, হাসপাতাল কর্তৃপক্ষ বললেন, জন্ডিস রোগীকে

থানে রাখা যাবে না, তাকে চলে যেতে হবে, যে কিনা হার্টের রোগের কারণে সেখানে ভর্তি রয়েছে। আজকে পি জিই হোক বা মেডিকাল কলেজই হোক, ভর্তির জন্য হাসপাতালে রোগী গেলেই বলে দেওয়া হচ্ছে এখানে রোগীর চাপে ভর্তি করতে পারছি না, অন্যত্র দেখুন। এর পাশাপাশি আমরা দেখছি, অনেক হাসপাতাল, বিশেষ করে হাওড়ার সাউথ জেনারেল হাসপাতাল, যে হাসপাতালে এখন চারজন ডাক্তার রয়েছে, ছয়জন নার্স আছেন, সুইপাররা আছে এবং তাদের থাকাবর জন্য কোয়ার্টারও রয়েছে, কিন্তু হাসপাতালে কোনও বেড নেই, রোগী নেই। হাসপাতালে ঐ বিশাল বাড়িটিতে বহিঃর্বিভাগ ছাড়া আর কোনও চিকিৎসার ব্যবস্থা নেই, কিন্তু সেখানে অনেক রোগীর চিকিৎসা পাবার সুযোগ রয়েছে। কলকাতা এবং হাওড়া সদর হাসপাতালে যখন চিকিৎসার কোনও সুযোগ দেওয়া যাচ্ছে না তখন হাওড়া সাউথ জেনারেল হাসপাতালে কেন চিকিৎসা এবং অপারেশনের সুযোগ করে দেবেন না? এর আগেও আমি বেলগাছিয়ার কিসমৎ হাসপাতালের কথা বলেছি। একজন সহৃদয় মহিলার দান করা। ঐ হাসপাতালেও ডাক্তার আছেন, নার্স আছেন, কিন্তু কোনও রোগী বা বেড নেই। আগে সেখানে ছয়টি বেড ছিল, কিন্তু তার একটিও সেখানে রাখেননি। এ ব্যাপারে বারবার সি এম ও এইচকে বলেছি, কিন্তু তিনি আজও কোনও ব্যবস্থা নেননি। আপনাকে ব্যাপারটা জানাবার পর আপনি সি এম ও এইচকে ব্যবস্থা নেবার জন্য বলেছিলেন, কিন্তু আজও তিনি কোনও ব্যবস্থা নেননি।

[3-50 — 4-00 p.m.]

অর্থাৎ একদিকে দেখছি যে অনেক হাসপাতাল, অনেক হেলথ সেন্টারকে পঙ্গু করে রেখেছেন, সেখানে ডাক্তার আছে, কিচেন আছে, নার্স আছে, কিন্তু রুগীর সেবার জন্য যে ব্যবস্থা সেটা করছেন না। সেই ব্যাপারে যাতে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য দৃষ্টি দিতে বলব। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য বললেন যে প্রশাসন এবং পরিষেবা দিয়ে অনেক কিছু করা হয়। আপনি হোমিওপ্যাথি কলেজের ব্যাপারে যে কথা বলেছেন, আমার হাওড়া কেন্দ্র সম্পর্কে এখানে লিখেছেন যে ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে নবনির্মিত ১০০ শয্যা বিশিষ্ট মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি মেডিক্যাল কলেজ হাসপাতালটি চালু করা হয়েছে। আপনি এই অসত্য কথা লিখবেন কি করে? আপনি জানেন যে এই মহেশ ভট্টাচার্য হোমিওপ্যাথি কলেজ উদ্বোধন করার জন্য জ্যোতি বসু দিন দিয়েছিলেন। তিনি যাবেন বলে সব ঠিক হয়েছিল, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী জেনেছিলেন যে ৮০ লক্ষ টাকা দিয়ে ১০ বছর সেখানে ঘরবাড়ি তৈরি হয়েছে। কিন্তু হাসপাতালের শয্যা, অপারেশন থিয়েটার, ডাক্তার, নার্স ইত্যাদি সেই সবের ব্যবস্থা তারা করতে পারেন নি। তার ফলে সেখানে জ্যোতি বসু মহাশয় উদ্বোধন করতে যান নি। তারপরে সেখানে বেসরকারি ভাবে সেটা উদ্বোধন করা হয়েছে, শুধু বহিঃর্বিভাগ চলছে এবং তাতে এক টাকা দিয়ে কার্ড করিয়ে চিকিৎসা চলছে। আর সেখানে স্পেশালিস্ট হোমিওপ্যাথি ক্লিনিক আছে সেখানে ১০ টাকা করে নিয়ে চিকিৎসা করা হয়। ১০০ বেডের কোনও ব্যবস্থা নেই। এই অসত্য কথা তিনি বললেন কি করে? কাজেই এইসব কারণে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন, তাকে বিরোধিতা করে আমাদের ছাঁটাই কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী প্রশান্তকুমার শূর মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখান রেখেছেন, তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। এখানে অনেক উদ্বেগের কথা মাননীয় বিরোধী দলের সদস্যরা বললেন এবং বেশ কিছু বাস্তব চিত্র তুলে ধরার চেষ্টা করলেন। এই বাস্তব চিত্রে তারা কিছু ব্যর্থতার কথা তুলে ধরার চেষ্টা করেছেন এবং তার জন্য বামফ্রন্টের নীতি, স্বাস্থ্য মন্ত্রীর নীতি দায়ী সেটা দেখাবার চেষ্টা করেছেন। কিন্তু বিষয়টা এইভাবে দেখলে চলবে না। দেশ আজকে অনেকদিন হল স্বাধীন হয়েছে। আপনারা কেন ন্যাশনাল হেলথ পলিসি এতদিনেও করে উঠতে পারলেন না? আমাদের এই দেশ বিশাল জনসংখ্যার দেশ। আমাদের এই সুন্দর দেশের কর্তৃত্বে আপনারাই প্রথমদিকে ছিলেন। আপনারা পরিকল্পনা অর্থনীতি, সমাজতান্ত্রিকধাঁচে সমাজ ব্যবস্থা, এই সমস্ত ভাল ভাল কথা বলেছিলেন। কিন্তু সেই ক্ষেত্রে স্বাস্থ্য সম্পর্কে কোনও জাতীয় নীতি করলেন না। সেই নিরিখে যদি বিচার করা যায় তাহলে বোঝা যায় যে কাদের ব্যর্থতা কতটুকু। স্বাস্থ্যের ব্যাপারে অসুবিধা আছে, সকলের কাছে চিকিৎসা পৌঁছে দেওয়া যাচ্ছে না, মানুষের আর্থিক সঙ্কট আছে। এই সব বাস্তব কথা তুলে এগুলির জন্য বামফ্রন্টের ব্যর্থতা, এটা বলা যাবে না। এর জন্য আমাদের সকলেরই দায়িত্ব আছে এবং এই বিষয়ে আপনাদের অনেক বেশি দায়িত্ব ছিল। শুধু এই নয়, ১৯৭৮ সালে কাজাখাস্তায় আন্তর্জাতিক স্বাস্থ্য সম্মেলন হয়েছিল। সেখানে ভারতবর্ষ থেকেও যাওয়া হয়েছিল। সেই সম্মেলনে বলা হয়েছিল যে ২০০০ সালের মধ্যে সমস্ত পৃথিবীর মানুষকে এই কর্মসূচির আওতায় আনতে হবে, এই সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ১৯৭৮ সালে ভারত সরকার সেখানে সই করেছিলেন যে ২০০০ সালের মধ্যে সকলের কাছে স্বাস্থ্য পৌঁছে দেওয়া হবে। সেই সময় থেকে যদি আমরা দেখি তাহলে দেখা যাবে যে কেন্দ্রীয় সরকার স্বাস্থ্যের খাতে যে টাকা ব্যয় করেন, আমাদের রাজ্য সরকার তার থেকে বেশি টাকা ব্যয় করেন।

এই অবস্থার মধ্যে তারা করেন। তাহলে কি করে আপনারা দাবি করবেন যে রাজ্য সরকারের কোনও চিন্তা ভাবনা নেই? আমরা ভাবছি না, চিন্তা করছি না এটা বলার কোনও জায়গায় থাকছে না। এই কথা ঠিক যে এখন পর্যন্ত সমস্ত মানুষের কাছে সমস্ত বিষয়গুলি পৌঁছে দেওয়া যাচ্ছে না। বিরাট আর্থিক দায়-দায়িত্ব রাজ্য সরকারের, কিন্তু ক্ষমতা অত্যন্ত সীমিত। সেইজন্য সমস্তটা দেওয়া সম্ভব হচ্ছে না। আমরা লক্ষ্য করছি এক দিকে যেমন মানুষের স্বাস্থ্য যাতে নষ্ট না হয় সেটা দেখা হচ্ছে, স্বাস্থ্য চেতনা বোধ বাড়ানো বহুমুখী কর্মসূচি গ্রহণ করা হচ্ছে অন্য দিকে যে শিশু গর্ভে আসছে সেই দিন থেকে লক্ষ্য রাখা হচ্ছে। মায়েদের এবং সমস্ত শিশুদের সমস্ত রকম সুযোগ দেওয়ার চেষ্টা করা হচ্ছে এবং ইম্যুনাইজেশনের ক্ষেত্রে সমস্ত রকম ব্যবস্থা নেওয়া হচ্ছে। আজকে পশ্চিমবাংলায় আর একজন শিশুও ইম্যুনাইজেশনের বাইরে যায় না। কংগ্রেস আমলে এটা ছিল না। বহুমুখী প্রকল্প এই ক্ষেত্রে নেওয়া হচ্ছে। দরিদ্র শিশু থেকে আরম্ভ করে সমস্ত শিশু যারা জন্মগ্রহণ করছে তাদের প্রথম থেকে ইম্যুনাইজেশন স্কীমের মধ্যে আনা হচ্ছে এবং এই ব্যাপারেগুলি গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। তারা দীর্ঘদিন ক্ষমতায় ছিলেন, এটা তারা করতে পারেননি। আগে দেখা যেত শিশু বড় হয়ে চোখে অন্ধ হয়ে যেত, কেউ রাতকানা হয়ে যেত, তারপর তাদের হাসপাতালের দোরগোড়ায় দৌড়তে হত। আগের পরিসংখ্যান এবং এখানকার পরিসংখ্যান মিলিয়ে দেখুন

শিশু মৃত্যুর হার কমেছে, যক্ষা রোগ কমেছে, প্লেগ রোগ কমেছে। আপনারা বিচার করে দেখবেন প্রতিষেধক দেওয়ার ক্ষেত্রে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তাতে এই জিনিস হয়েছে। এই ব্যাপারে নিশ্চয়ই সরকার কৃতিত্বের দাবি করতে পারে। "ইউনিসেফ" সারা পৃথিবী জুড়ে কাজ করে, "ইউনিসেফ" যে কাজ করছে সেটা অস্বীকার করার জায়গা নেই। কিন্তু রাজ্য সরকার তৎপরতার সাথে সেই কাজটা করছে এবং সেই পরিষেবা সকলের কাছে পৌছে দিচ্ছে। এটা একটা গুরুত্বপূর্ণ কাজ। আপনাদের আমি চ্যালেঞ্জ করে বলতে পারি পশ্চিমবাংলায় একজন শিশু জন্ম নিয়েছে, সেই শিশু ইমুনাইজেশন প্রকল্পের মধ্যে আনা হয় নি এই রকম নেই। এটা একটা বিরাট সাফল্যের দিক। আপনারা স্পেশালাইজড হাসপাতালের কথা বলেছেন। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয় বসে আছেন তাকে অনেক আপনারা গালাগালি করলেন। প্রশান্তবাবুকে সুদীপবাবু বললেন গোঁয়ার। ব্যক্তিগত ভাবে সারা ভারতবর্ষ ঘুরে সুপার স্পেশালাইজড হাসপাতালগুলি দেখে অভিজ্ঞতা সঞ্চয় করে পশ্চিমবাংলায় ক্ষেত্রে সুপার স্পেশালাইজড হাসপাতাল করে সুপার স্পেশালাইজ সার্ভিসের ব্যবস্থা সীমিত আর্থিক ব্যবস্থার মধ্যে করার চেষ্টা করা হচ্ছে। হাড়ের চিকিৎসার ক্ষেত্রে পশ্চিমবাংলার সঙ্গে কার তুলনা আছে? হাড়ের ব্যাপারে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার তুলনা নেই। পরিসংখ্যান থেকে বলা যায় চক্ষু চিকিৎসার ক্ষেত্রে পশ্চিমবাংলায় নতুন নতুন ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে হাসপাতালগুলিতে। হার্ট সার্জারির ব্যাপারে মেডিক্যাল কলেজে নতুন ইউনিট খোলা হয়েছে। সম্প্রতি যে ব্যবস্থা নেওয়া হয়েছে হাসপাতাল স্তরে যেটা সম্ভব সেটা করা হয়েছে। চক্ষু, হার্ট, কিডনি চিকিৎসার ব্যাপারে এক একটা হাসপাতাল নির্বাচন করে সেই সেই হাসপাতালে সেইভাবে চিকিৎসা ব্যবস্থা করবার চেষ্টা করা হয়েছে। এই কথা ঠিক নয় যে চিন্তা ভাবনা করা হচ্ছে না। চিকিৎসা পরিষেবার নানাভাবে পৌছে দেবার চেষ্টা করা হচ্ছে। পরিবার পরিকল্পনার মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণ একটা কঠিন কাজ। আমাদের যে আর্থ সামাজিক কাঠামো তাতে যেভাবে দারিদ্র বাড়ছে তাতে এটা একটা কঠিন কাজ। এই জায়গায় দাঁড়িয়ে পরিবার পরিকল্পনার ক্ষেত্রে বলতে পারি পশ্চিমবাংলা যে কোনও রাজ্যের থেকে এগিয়ে।

[4-00 — 4-10 p.m.]

একথা ঠিক যে আমাদের রাজ্যে বছরে ১৩ লক্ষ করে জনসংখ্যা বেড়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রী শ্রীমতী ছায়া বেরা সেকথা পরিসংখ্যান দিয়ে বলেছেন। এটাকে নিয়ন্ত্রণে আনতে হবে। এরজন্য পরিকল্পনা গ্রহণ করে যে চেষ্টা করা দরকার তা এই সরকারের পক্ষ থেকে করা হয়েছে। আমি আপনাদের কাছে বিনয়ের সঙ্গে বলব যে মাননীয় মন্ত্রী মহাশয় তার বক্তব্যের মধ্যে মিথ্যা বক্তব্য লেখেন নি বলে তার বাজেট স্পীচ স্লিম বলে দেখা যাচ্ছে। কিন্তু যেটুকু বলা যায়, যতটুকু করা যায়, সেই কথাটুকুই তিনি তার বক্তব্যের মধ্যে রেখেছেন। তিনি আন পপুলাস হতে পারতেন, কিন্তু আনস্ক্রুপুলাস হন নি। এরজন্য আপনাদের তাকে ধন্যবাদ দেওয়া উচিত ছিল। এই যে ঔদাসীন্য রয়েছে, সর্ব ভারতীয় স্তরে যে ঔদাসীন্য রয়েছে, তার থেকে আমরা বাইরে নেই। তবে আমরা যে কিছু করতে চাই—আপনারা বলেছেন বেশিরভাগটাই মাইনে দিতে চলে যায় তা হচ্ছে এই পরিমাণ বাজেট বরাদ্দ। কর্মচারী যারা কাজ করছেন তাদের তো মাস গেলে মাইনে দিতে হবে, এটা তো করতেই হবে। এতে মাথাভারী হয়ে যায়, কাজকর্ম হয় না, তা ঠিক নয়, ডাঃ সেন আপনি তো ভাল ভাবেই জানেন, প্রাইভেট

প্র্যাকটিস বন্ধ করার ব্যাপারে আমরা, বামফ্রন্টের পক্ষ থেকে প্রথম থেকেই এর বিরুদ্ধে বলেছিলাম। আপনাদের আমলে প্রাইভেট প্র্যাকটিস করবেন না বলে অনেকে লিখতেন। কিন্তু বাইরে তারা প্র্যাকটিস করতেন। আপনাদেরই মন্ত্রিসভার অনেক সদস্য পর্যন্ত ঐ সমস্ত ডাক্তার, যারা প্রাইভেট প্র্যাকটিস করতে তাদের কাছে চিকিৎসার জন্য যেতেন। আপনিই বলুন তো, একজন ইঞ্জিনিয়ার যদি বলেন যে তিনি ঠিকাদারীর ব্যবসা করবেন, তাকে মানবেন? একজন অ্যাডভোকেট যদি বলেন যে তিনি উকিলের কাজ করবেন, এটা কি আপনারা মানবেন? ঠিক তেমনি একজন শিক্ষক যদি বলেন তিনি প্রাইভেট টিউশনি করবেন, তাকে কি সমর্থন করবেন? সেইজন্য বলছি ডাক্তারবাবুররা যেটা করছেন তাকে বন্ধ করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বার বার চেষ্টা করা হয়েছে, এর জন্যই তো প্রাইভেট প্র্যাকটিস বন্ধ করার জন্য—এবারে আমরা বিল এনেছিলাম। তাতে তো পরিষ্কার করে বলা হয়েছে কারা টিচিংয়ে থাকবেন আর কারা প্রাইভেট প্র্যাকটিসে থাকবেন। এতসব বলা সত্ত্বেও যে এথিক্স, যে নৈতিকতা তাদের কাছে আশা করেছিলাম, সেটা পাওয়া যাচ্ছে না। আমরা দেখছি সেই কাজগুলো হয়ে যাচ্ছে। এখন বলুন কার গায়ে দেব? গায়ে হাত দেবার ক্ষেত্রে আমাদের এথিক্স দাঁড়িয়ে যাচ্ছে। কাদের গায়ে হাত দেব? শেষ পর্যন্ত যাবে হাউস স্টাফের উপরে সব চাপ গিয়ে পড়বে। সুদীপবাবুই তখন দেখা যাবে নীলরতন হাসপাতালে গিয়ে বলবেন একজন রোগী সেখানে আসলে। হাউস স্টাফের গায়ে হাত দিতে পারবেন না। সব জায়গায় একটা হৈচৈ পড়ে যাবে। সেজন্য বাস্তব দিকের দিকে দৃষ্টি রেখে কাজ করা দরকার। মাননীয় মন্ত্রী আমাদের রাজ্যে এ আই আই এম এস এর মতো একটি হাসপাতাল করতে চেয়েছিলেন। পূর্বাঞ্চলে, আমাদের কলকাতায় এটি হওয়া দরকার, যেখানে এটি একটি থিকলি পপুলেটেড এরিয়া, নানা সমস্যা এখানে রয়েছে। কিন্তু তা সত্ত্বেও এ আই আই এম এস এর মতো হাসপাতাল আমাদের রাজ্যে করা গেল না। আমরা জয়েন্ট ডেপুটেশনে অল পার্টি গিয়ে বলেছিলাম। উনি বলেছিলেন এ আই আই এম এস এর মতো একটি হাসপাতালের ব্যাপারে মুভ করছেন। আপনারা এই বাস্তব অবস্থাটাকে বোঝার চেষ্টা করুন। আমরা আশা করেছিলাম যে আপনারা এই বাস্তব অবস্থাটা বুঝবেন। কিন্তু তা না করে বলে গেলেন এখানে ওষুধের ব্যাপারে কথা উঠেছে। একশোটি ওষুধের জায়গায় বর্তমানে ৩২টি ওষুধ করা হয়েছে হাসপাতালগুলিতে। এখন দেখা যাচ্ছে যে, ডাক্তারবাবুরা যা প্রেসক্রিপশন করছেন সেই ওষুধ পাওয়া যাচ্ছে না। এখন এই ৩২টি ওষুধও হাসপাতালে দেওয়া যাচ্ছে না। ডাক্তারবাবুরা যে সমস্ত ওষুধের কথা লিখছেন, এমন ব্রান্ড নেম লিখছেন যারফলে রোগীদের সেই সমস্ত ওষুধ বাইরে থেকে কিনতে হচ্ছে বহু দাম দিয়ে। ফলে তারা এসে বলছেন যে বেশি দাম দিয়ে তাদের ওষুধ কিনতে হচ্ছে। এইক্ষেত্রে ডাক্তারবাবুদের দৃষ্টিভঙ্গি একটা প্রশ্ন এসে যাচ্ছে এবং এর সাথে সাথে আমাদের অর্থের প্রশ্ন এসে যাচ্ছে। হাসপাতালে যে ওষুধ অপ্রতুল হয়ে যাচ্ছে, এটা বাস্তব। এই বাস্তব অবস্থাকে সামনে রেখে যে ভাবে আপনি বাজেট স্পীচ রেখেছেন, তাতে যে কথা বলার চেষ্টা করেছেন তাকে আমি সমর্থন করছি এবং কংগ্রেসের পক্ষে যারা এখানে বললেন তার সম্পূর্ণ বিরোধিতা করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী প্রশান্তকুমার শূর মহাশয় তার দপ্তরের ব্যয় বরাদ্দের যে দাবি পেশ করেছেন আমি সেই দাবির বিরোধিতা

করছি এবং আমাদের পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে, সেই মোশনের সমর্থনে আমার বক্তব্য আমি রাখছি। আমাদের সরকারি পক্ষের মাননীয় সদস্যরা এমনভাবে বক্তৃতা করলেন সেটা শুনতে গিয়ে মনে হল যে আমাদের রাজ্যে চিকিৎসা ব্যবস্থা এমন একটা পর্যায়ে রয়েছে যেখানে সমস্ত রকমের চিকিৎসার সুযোগ আমরা পাচ্ছি এবং কংগ্রেসিরাই শুধু এর নিন্দা করছেন। আজকে ভাবতে লজ্জা লাগে যে সেই বিংশ শতাব্দির আমলে সাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের সাহিত্যে উপন্যাসে আমরা দেখেছি ম্যালেরিয়া, কালাজ্বর এবং কলেরা রোগের কথা। আজকে সেই ম্যালেরিয়া, কালাজ্বর এবং কলেরা রোগ আবার ফিরে এসেছে। ৩০ বছর পরে মানুষ আবার এইসব রোগে আক্রান্ত হচ্ছে। এমন কি টিবি রোগের প্রকোপ বেড়ে চলেছে। মাননীয় মন্ত্রীমহাশয় সাফল্য দাবি করতে পারতেন যদি আমরা বুঝতাম ন্যাশনাল হেলথ পলিসি ভালো হত। আজকে এই পলিসি ঠিক না হওয়ার জন্যে স্বাস্থ্য ব্যবস্থা ভালো করা যায় নি। আজকে আপনারা ন্যাশনাল লেপ্রেসি প্রোগ্রামকে ইমপ্লিমেন্ট করতে পারেন নি। ন্যাশনাল টিবি ইরাডিকশন প্রোগ্রাম কতটুকু ইমপ্লিমেন্ট করতে পেরেছেন। কোনওটাই ইমপ্লিমেন্ট করতে পারেন নি। তারপরে ন্যাশনাল ব্লাইন্ডনেস ইরাডিকেশন প্রোগ্রামও ইমপ্লিমেন্ট করতে পারেন নি। আজকে কেন্দ্রীয় সরকারের টাকা রাজ্য সরকার ঠিকমতো কাজে লাগতে পারছেন না, পলিসি কোনও গ্রহণ করতে পারছেন না। রাজ্যের যে হাসপাতালগুলো আছে সেখান আমরা কাকে কাজ করতে বলব, কাজের কোনও পরিবেশ নেই। হাসপাতালগুলো যে আছে তার হাউস স্টাফই ভরসা, তাদের দিয়েই বলতে গেলে চলে কারণ বড় ডাক্তারদের তো আবার এক একটা দিন আছে দেখবার, তারমধ্যে তো অর্দ্ধেক সময় হাসপাতালে থাকেনই না। একে তো হাসপাতালগুলো কেবল হাউসস্টাফ এবং ইন্টার্নি দিয়ে চলছে, শুনছি সেটাও তুলে দেবার কথা হচ্ছে। একে তো হাউস স্টাফের সংখ্যা অপ্রতুল, তাতেও যা চলে ওরাই বলতে গেলে চালায়। এতে যেটুকু চিকিৎসার সুযোগ পাওয়া যেত এরপরে সেটাও পাওয়া যাবে না। এরপরে শুনছি এম ডিরা থাকবে। একে তো এম ডি ছাত্র সংখ্যা কম তারপরে হাউস স্টাফ তুলে দিলে কি করে হাসপাতাল চলবে আমাদের জানা নেই। আমি আরেকটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে যে, এম বি বি এস কোর্স যে পড়ানো হয় ক্যালকাটা মেডিক্যাল কলেজ, এস এস কে এম, নীলরতম সরকার হাসপাতালে এবং আর জি কর হাসাপাতলে, সেখানে ডুয়েল সিস্টেম চালু আছে। এইসব হাসপাতালে একদিকে প্রিন্সিপাল সেখানে ছাত্র-ছাত্রী পঠন পাঠনের দিকে নজর রাখবেন, পড়াশুনার ব্যাপারগুলো দেখেন আর আরেক দিকে সুপারেনটেনডেন্ট হাসপাতালের চিকিৎসা দেখেন। এই যে মেডিক্যাল কলেজ হাসপাতালগুলোতে এই ডবল অ্যাডমিনিস্ট্রেশন, এতে অকাজই বেশি হচ্ছে। সেখানে বলা হচ্ছে প্রিন্সিপালের উপরে সব দায়িত্ব দিলে ওভার বার্ডেনড হয়ে যাবে আবার সুপারেনটেনডেন্টের ক্ষেত্রেও একই প্রশ্ন দাঁড়াচ্ছে। এরফলে চিকিৎসকদের উপরে প্রিন্সিপালের কোনও নিয়ন্ত্রণ থাকে না। আবার ডাক্তার শিক্ষক যারা আছেন তাদের উপরে সুপারেনটেনডেন্টের কোনও নিয়ন্ত্রণ থাকে না। সুতরাং এইক্ষেত্রে যদি প্রিন্সিপালের অধীনে ভাইস প্রিন্সিপাল করে সুপার পোস্ট কে ভাইস প্রিন্সিপাল পোস্টে আনা যায় তাহলে ভালো হয়। সেক্ষেত্রে আমার মনে হয় পোস্টের মধ্যে এবং অ্যাডমিনিস্ট্রেশনের মধ্যে একটা ইউনিটি আসবে। কেউ কাউকে মানবে না এই জিনিসটা থাকবে না। তারপরে হেলথ ডাইরেক্টরেট এটা কংগ্রেস আমলেও ছিল এখনও আছে। কিন্তু এই ডাইরেক্টরেট পদে অনেক ভালো ডাক্তার নিয়ে আসছেন।

আমরা দেখছি ডি এইচ সব ক্ষমতা হেলথ সেক্রেটারি থেকে অনেক বেশি। ডি এইচ এস ইচ্ছামতো হেলথ সেন্টারগুলোতে ডাক্তার ট্রান্সফার করেন, হেলথ সেক্রেটারিকে ঠুটো জগন্নাথের মতো বসিয়ে রাখা হয়েছে। ডি এইচ এসের নিচে আবার এ ডি এইচ এস পদেও ডাক্তার নিয়োগ করা হয়েছে। এরা ডাক্তার মানুষ অ্যাডমিনিস্ট্রেশনের কিছুই বোঝে না অথচ ওদের হাতে ক্ষমতা বেশি থাকে। কোনও ডাক্তারকে বদলি করতে হলে ডি এইচ এস সই করবেন, সেখানে হেলথ সেক্রেটারি কোনও ক্ষমতা নেই। এইসব ডি এইচ এসদের এখানে নিয়ে এসে হাসপাতালে যে চিকিৎসার সুযোগটা ছিল তার থেকে মানুষ বঞ্চিত হচ্ছে।

[4-10 — 4-20 p.m.]

অথচ অ্যাডমিনিস্ট্রেশনের ব্যাপারে অনভিজ্ঞ থাকার ফলে চিকিৎসা শাস্ত্রে জ্ঞান থাকলেও ঠিকমতো কাজ করতে পারে না। এটা অন্তত আপনি ঠিক করুন কিভাবে নজর রাখবেন। আর এটা জিনিস দেখতে পাচ্ছি, বিভিন্ন জায়গাতে এ ভি এস, এ আর ডি নেই, মন্ত্রী মহাশয়কে বারবার বলেছি, উনি গতবারে বলেছিলেন চলুন কোথায় যাব, আমরা বলেছিলাম ঠিক আছে চলুন আমাদের সঙ্গে, আমরা আপনাকে ঘুরিয়ে দেখিয়ে দেব এ ভি এস আর এ আর ডি কোনও হাসপাতালে নেই। চ্যালেঞ্জ করতে পারি, আপনি ডেট দিন, আমি নাম করে বলছি এই তিনটি হাসপাতালে যদি এ ভি এস এ আর ডি থাকে তাহলে আমি অন্তত বিধানসভার সদস্য থাকব না। আমি একটা জেলার মধ্যে ঘুরিয়ে আপনাকে দেখিয়ে দিতে পারি খানাকুল পি এইচ সি তে এ ভি এস, এ আর ডি নেই, সাপে কামড়ানোর ওষুধ নেই, কয়েকদিন আগে রোগী গিয়েছিল সেখানে থেকে ফিরে চলে এসেছে। আরামবাগে সাব-ডিভিসনাল হাসপাতালে ওষুধ নেই, শ্রীরামপুর হাসপাতালে ঔষধ নেই, সেখানে কুকুরে কামড়ানোর ঔষধ নেই। আজকে হাসপাতালে ঔষধ নেই, আমরা যেমন বলেছি, তেমনি বিধায়করাও জানেন কুকুরে কামড়ানোর ওষুধ নেই। বিংশ শতাব্দীর শেষে যখন মানুষেরা অন্য গ্রহে যাওয়ার কথা চিন্তা করছেন তখন সেখানে বিংশ শতাব্দীর শেষে সাধারণ মানুষকে আজকে জলাতঙ্ক রোগে আক্রান্ত হতে হচ্ছে। আপনি জবাবি ভাষণে স্পেসিফিক ডেট দিন, আমরা কংগ্রেস সদস্যরা আপনাকে নিয়ে যাব। আপনি হাসপাতালগুলিকে নার্সিং হোমের মতো ব্যয় বহুল করে তুলেছেন, বেডের ভাড়া দিতে হবে, খাবারের জন্য পয়সা দিতে হবে। কিন্তু যে কন্ট্রাকটার খাবার দিচ্ছে তা খাওয়া যায় না। আজকে হাসপাতালে বেড চার্জ দিতে হবে, খাবারে জন্য চার্জ দিতে হবে। নার্সিং হোম থেকেও হাসপাতালে এখন খরচ অনেক বেশি। এই সরকার গরিবের সরকার, আজকে আপনাদের সরকার চোখের মণি নয় চোখের ছানি হয়ে গেছে। গ্রামবাংলার মানুষ চিকিৎসা থেকে বঞ্চিত, তারা হাসপাতালের উপর আস্থা রাখতে পারছে না, তারা নার্সিং হোমে যেতে বাধ্য হয়, হাসপাতালে গিয়ে মানুষ চিকিৎসার সুযোগ পাচ্ছে না। যত বঞ্চিত হচ্ছে ততই নার্সিং হোমে যাওয়ার প্রবণতা বেড়ে গিয়েছে। আপনারা কি করে বলেন সাফল্যের কথা, আপনার কর্মচারিরা অসুস্থ লোককে বেড প্যান দিতে চায় না, অসহায় রোগী যখন সে আর্তনাদ করে তখন বেড প্যান চেয়েও সে পায়না। এই তো অবস্থা। আপনারা বাইরে গিয়ে মানুষের কাছে বলবেন হাসপাতালের স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে, আর এখানে বলবেন সব ঠিক আছে, তাই আমি আপনার এই ব্যয় বরাদ্দের দাবিকে সম্পূর্ণ বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনগুলিকে সমর্থন করে আমার

বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**ডাঃ অনুপম সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখান উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন এখানে আনা হয়েছে তাকে সমর্থন করে আমি এখানে দু-চারটি কথা বলতে চাই। আমাদের দলের মাননীয় সদস্যরা হেলথ সম্বন্ধে অনেক কথা বলেছেন, পরিকল্পনা থেকে আরম্ভ করে অনেক কিছুরই এখানে অভিযোগ আনলেন। আমি সেইসবের মধ্যে না গিয়ে বর্তমানে ওয়েস্ট বেঙ্গলে যে হেলথ স্ট্রাকচার রয়েছে সে সম্বন্ধে দু-চারটি কথা এখানে বলব এবং যেটা নাকি এতদিন আমাদের পশ্চিমবঙ্গে ফলো করা হত সেটা কিভাবে আস্তে আস্তে ভেঙ্গে পড়েছে সেটা আমি এখানে জানাতে চাই। সর্বপ্রথমে আমি আপনাকে হাসপাতালগুলির পরিচালনার ক্ষেত্রে কাজের যে পদ্ধতি রয়েছে সেখানে আমরা সমস্ত জেলা হাসপাতাল থেকে আরম্ভ করে হেলথ সেন্টারগুলো পর্যন্ত দেখতে পাচ্ছি সেই ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। আমি স্পেসিফিকভাবে আমার জেলার সদর হাসপাতাল সম্বন্ধে বলব। সদর হাসপাতালে ৪১০টি বেড আছে, সেখানে ১৬ জন সার্জন আছে। তার মধ্যে জেনারেল সার্জন হচ্ছে পাঁচ জন, গায়নি হচ্ছে পাঁচ জন, ই এন টি সার্জন তিন জন। আই সার্জন তিন জন, মোট ১৬ জন সার্জন। কিন্তু সেখান ও টি রয়েছে একটি। আরেকটি ও টি সেখানে তৈরি করেছিল বামফ্রন্ট সরকার, সেখানে এয়ারকুলার থেকে সব কিছু ছিল সেগুলি এখন চুরি হয়ে গিয়েছে, কিন্তু সেই ও টি এখনও চালু হয়নি। সেখানে কোনও নার্সিং স্টাফ প্রভাইড করা হয়নি। কয়েকদিন আগে সেই ওটিটা নতুন করে ওপেনিং করার ব্যবস্থা করা হচ্ছে, সেটা কতদিন চলবে জানি না। স্বাধীনতার আগে থেকে ওখানে একটা মেডিকেল স্কুল ছিল, সব মেডিক্যাল স্কুলকে আজকে মেডিক্যাল কলেজে পরিণত করা হয়েছে, কিন্তু ঐ মেডিক্যাল স্কুলটিকে এখনও মেডিক্যাল কলেজে পরিণত করা হয়নি। ওখানে পাঁচটা ই সি জি মেশিন আছে, সেই পাঁচটা মেশিন মাসে একদিন বা দু-দিন করে চলে। হাসপাতালের ডাক্তাররা ইনডেন্ট করে দিচ্ছে, আর তাদের একস্ট্রা পয়সা পাইয়ে দেওয়া হচ্ছে। এই রকম অবস্থা সেখানে চলছে। এবারে মেডিসিন অফ সাপ্লাই সম্বন্ধে বলব। হেলথ সাবজেক্ট কমিটির চেয়ারম্যান একটা স্কীম তৈরি করেছিল এক টাকা করে একটা কার্ড সবাইকে করতে হবে হাসপাতালে রোগী দেখাতে হলে। লোকেরা এক টাকা দিয়ে সেই কার্ড করেন, কিন্তু হাসপাতাল থেকে তার কোনও মেডিসিন পান না।

এমন কি সামান্য স্যালাইন থেকে কমন অ্যান্টিবায়োটিক পর্যন্ত সেখানে পাওয়া যায় না যা দিয়ে রোগীদের চিকিৎসা করা যায়। আমি নিজে একজন ডাক্তার মানুষকে যখন আমি বলি যে হাসপাতালে যান চিকিৎসার জন্য তখন দেখি তারা বিরক্তি প্রকাশ করে বলেন যে ওখানে কিছুই পাওয়া যায় না, ওখানে আমরা যাব না। আজকে হাসপাতালগুলির এইরকম একটা অবস্থা সৃষ্টি হয়েছে। কিছুদিন আগে আমার একটা এক্সপিরিয়েন্স হয়েছিল। কিছুদিন আগে জলপাইগুড়ি সদর হাসপাতালের অ্যাডভাইসারি কমিটির আমরা যারা মেম্বার, আমাদের এক সি এম ও এইচ ডি এম ও কে লোকজন রাত্রি ১১টা পর্যন্ত আটকে রেখেছিল, এ

আর ভি সাপ্লাই-এর দাবিতে অ্যাসিওর্ড হওয়ার পর আমাদের মুক্ত করা হয়েছিল। আমাদের জলপাইগুড়ির যিনি মন্ত্রী, তিনি স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে ফোনে কথা বলে তার ব্যবস্থা করেছিলেন। অ্যান্টি ভেনাম এটা খুব এসেনসিয়াল। মফস্বল শহরে সেগুলি একদম পাওয়া যায় না। ইদানিং দেখা যাচ্ছে যে ম্যালেরিয়া দারুণভাবে বেড়ে গিয়েছে। একজন বক্তা বললেন যে এটা ডুয়ার্স থেকে আসছে। তা কিন্তু নয়। আমাদের পার্শ্ববর্তী রাজ্য যেগুলিতে ম্যালেরিয়া ইর‍্যাডিকেশনের কাজ ভালভাবে হয়নি সেখানে থেকে আসছে। এখন ম্যালেরিয়া ইর‍্যাডিকেট করতে গেলে যে ওষুধটা দরকার সেটা হচ্ছে প্রেমাকুইন। এটা খুব এসেনসিয়াল। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন যেটা সাপ্লাই করে তার সাপ্লাই খুবই অপর্যাপ্ত। তার সাপ্লাই পেতে গেলে এত নিয়ম কানুনের মধ্যে দিয়ে যেতে হয় যে আমাদের মতোন ডাক্তার যারা ৪২ বছর ধরে চিকিৎসা করছেন তাদের পক্ষে ম্যালেরিয়া চিকিৎসা করা অসম্ভব হয়ে পড়ে। যাই হোক, আমি যে কথাটা বলছিলাম, সাপ্লাই অব মেডিসিন ইন মফস্বল হসপিটাল সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন, আমি কিন্তু বলব, এই সাপ্লাই অব মেডিসিন ইন মফস্বল হাসপাতাল এটা এত পুওর যে তা দিয়ে চিকিৎসা চলে না। এর ফলে সাধারণ মানুষরা হাসপাতালে যেতে চান না। আপনারা যে কোনও মফস্বল টাউনে যান দেখবেন যে ব্যাঙে-এর ছাতার মতোন নার্সিং হোম গজিয়ে উঠেছে। সেখানে কারা কাজ করছে? আমাকে হয়ত নার্সিং হোমে থাকতে হয়, সেখানে আমি এমন দেখেছি যে সদর হাসপাতাল থেকে ডি এম ও রিকোয়েস্ট করছেন নার্সিং হোমের মালিককে যে দুটি ক্যাটগার্ড লোন দিন মেজর অপারেশন করার জন্য। সরকারি হাসপাতালের সুপার বা সি এম ও এইচ লোন চাইছেন নার্সিং হোম থেকে দুটি ক্যাটগার্ড দিন অপারেশন করব। স্যার, মফস্বলে যে স্বাস্থ্য ব্যবস্থা আগে ছিল সেটা এখন ভেঙ্গে পড়েছে। আপনি জানেন যে আগে প্রত্যেক ব্লকে প্রাইমারি হেলথ্ সেন্টার ছিল এবং ২০/২৫ টা করে বেড তাতে ছিল! সেখানে সার্জেন, গায়নাকোলজিস্ট, মেডিসিন ইত্যাদির বিশেষজ্ঞরা থাকতেন, ডেলিভারি থেকে মাইনর সার্জারির চিকিৎসা হত। তারপর সাবসিডিয়ারি হেলথ সেন্টার সেখানেও ৫/৬টা বেড থাকত। সেখানে মেটারনিটি বেড, অ্যাকিউট কেস-ডাইরিয়া ইত্যাদির চিকিৎসা হত।

**(এই সময় মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় পরবর্তী বক্তার নাম ঘোষণা করার জন্য মাইক বন্ধ হইয়া যায়।)**

যাই হোক, এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনগুলি সমর্থন করে শেষ করছি।

**শ্রী সুভাষ রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের মাননীয় মন্ত্রী প্রশান্ত শূর মহাশয় ৩২, ৩৩, ৩৪ নং দাবি সম্বলিত ব্যয় বরাদ্দের যে প্রস্তাব উত্থাপন করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে এবং বিরোধীরা যে ছাঁটাই প্রস্তাব উত্থাপন করেছেন, তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। এই পর্যন্ত বিরোধী দলের সদস্যারা যে বক্তব্য রাখলেন তাতে করে মনে হচ্ছে, যেমন এমন একটা অবস্থা তৈরি হয়েছে, যে সম্পূর্ণ চিকিৎসা ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, জনসাধারণ চিকিৎসা ও স্বাস্থ্য সেবার সুযোগ থেকে সম্পূর্ণ রূপে বঞ্চিত হচ্ছে। কিন্তু আসল অবস্থাটা এর সম্পূর্ণ বিপরীত। আমরা লক্ষ্য করি বিধায়ক

সাবে ব্যাপক সংখ্যক মানুষ প্রতিদিন আমাদের কাছ থেকে আয় সম্বলিত সুপারিশ পত্র নিতে আসেন এবং সেখানে তারা স্বাস্থ্য কেন্দ্রে গিয়ে, হাসপাতালে গিয়ে তার চিকিৎসা করানোর সুযোগ এবং আনুসঙ্গিক পরীক্ষা করার সুযোগ লাভ করতে পারছেন। যে কথা বলা হচ্ছে ক্রটি বিচ্যুতি সম্পর্কে, এই ক্রটি বিচ্যুতির কথা বলে বিরোধী সদস্যরা আজকে এই স্বাস্থ্য দপ্তরের যে উল্লেখ যোগ্য ভূমিকা, কয়েকটি ক্ষেত্রে যা গ্রহণ করতে পেরেছেন, সেইগুলো আড়াল করার চেষ্টা করছেন। ক্রটি বিচ্যুতির কথা মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় পরিষ্কার ভাবে স্বীকার করেছেন, এই ক্রটি বিচ্যুতি সত্ত্বেও আমরা দেখব ব্যাপক সংখ্যক দরিদ্র বঞ্চিত মানুষ, তারা আজকে চিকিৎসা ও স্বাস্থ্য সেবার সুযোগ লাভ করার অবস্থায় রয়েছেন। তারা বিধায়কদের কাছ থেকে এই সমস্ত সুপারিশ পত্র নিয়ে যাচ্ছে এবং চিকিৎসার সুযোগ তারা লাভ করছে। আজকে এখানে যে কথা বলা হয়েছে যে ক্রটি বিচ্যুতি আছে এবং অব্যবস্থা আছে, আজকে আমাদের চিন্তা করতে হবে, এই যে দপ্তর, দপ্তরের কাজটা হচ্ছে প্রধানত সেবামূলক এবং সামাজিক দায় বদ্ধতার অনুভূতি যদি না থাকে, যারা এই প্রশাসনের সঙ্গে যুক্ত রয়েছে, তার মধ্যে সেবার মনোভাব যদি না থাককে তাহলে ক্রটি বিচ্যুতি দেখা দিতে বাধ্য। আজকে ব্যাপক সংখ্যক মানুষ বামফ্রন্ট সরকারের যে দৃষ্টিভঙ্গি এবং নীতি, সেই নীতি মনে রাখার ফলে ৭৫ ভাগ লোক চিকিৎসার সুযোগ পাচ্ছে। তার জন্য মন্ত্রী মহাশয়ের কিছু কিছু অসুবিধা থাকা সত্ত্বেও, অপূর্ণতা থাকা সত্ত্বেও বিভিন্ন রকম ব্যবস্থা নিয়েছে। আজকে গ্রাম পঞ্চায়েত এলাকায় সেখানে যে সমস্ত হোমিওপ্যাথি ডিসপেনসারি আছে, সেখানে চিকিৎসা ব্যবস্থা রয়েছে, কিছু কিছু ক্ষেত্রে অভিযোগ রয়েছে, এই চিকিৎসা কেন্দ্রগুলোতেও ঠিক মতো চিকিৎসা হয় না, এই জন্য মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন, এইগুলো ভাল করে খোঁজ খরব দিন। এই যে হোমিওপ্যাথি চিকিৎসার সুযোগ, বঞ্চিত মানুষ খেটে খাইয়া মানুষরা যাতে নিতে পারেন সেই ব্যবস্থা করুন। বিত্তমান মানুষরা তাদের নিজেদের পয়সা খরচ করে চিকিৎসার সুযোগ লাভ করতে পারেন, তারা নার্সিং হোমে যেতে পারেন অন্য যে সব বেসরকারি চিকিৎসালয় আছে, সেখানে যেতে পারেন। কিন্তু সাধারণ মানুষ যাদের পয়সা খরচ করার সামর্থ নেই, তারা আজকে এই যে সরকারি হাসপাতালে চিকিৎসার জন্য যাচ্ছে, তার জন্য প্রতিনিয়ত বিধায়ক হিসাবে আমরা সেই দায়িত্ব পালন করে থাকি।

[4-30 — 4-40 p.m.]

আজকে আর এ রাজ্যের প্রশাসনিক কর্মকৌশল শুধুমাত্র প্রশাসন যন্ত্রের ওপর নির্ভর করছে না। বিশেষ করে হাসপাতালের এবং স্বাস্থ্য কেন্দ্রের প্রশাসনিক কাজকর্ম যাতে সুষ্ঠুভাবে চলে তা দেখার জন্য ভিজিটিং কমিটি আছে, বিধায়করা তার সদস্য। হাসপাতাল কর্তৃপক্ষ যদি বিধায়কদের মিটিং-এ না ডাকেন এবং তাদের পরামর্শ যদি না গ্রহণ করেন তাহলে বিধায়করা অভিযোগ করতে পারেন এবং সেই অভিযোগের ভিত্তিতে নিশ্চয়ই মন্ত্রী মহাশয় ব্যবস্থা নিতে পারেন। সুতরাং বিধায়করা এ ক্ষেত্রে তাদের দায়-দায়িত্ব অস্বীকার করতে পারেন না। বিরোধীরা এখানে আজকে বক্তৃতা রাখতে গিয়ে কোনও ক্ষেত্রের সামান্য কিছু ক্রটিবিচ্যুতিকেই বড় করে দেখাচ্ছেন এবং সেগুলিই উল্লেখ করছেন। এই দপ্তরের সাফলতার দিকগুলি তারা উল্লেখ করছেন না। যে সমস্ত বিষয়গুলির বিস্তারিত তথ্য দিয়ে মাননীয় মন্ত্রী মহাশয় তার

বাজেট ভাষণে উল্লেখ করেছেন। এ রাজ্যের বহু গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথি ডিসপেনসারি চালু করা হয়েছে। রাজ্যে যে আয়ুর্বেদ চিকিৎসা ব্যবস্থা চালু আছে তারও উন্নতি সাধনের চেষ্টা হচ্ছে। সব রকম চিকিৎসা ব্যবস্থা মিলিয়ে সামগ্রিক ভাবে শতকরা ৭০ ভাগ মানুষের স্বাস্থ্য রক্ষার চেষ্টা করা হচ্ছে। এর মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতি—অর্থাৎ খেটে খাওয়া দরিদ্র বঞ্চিত মানুষদের স্বার্থ রক্ষার চেষ্টা করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণের মধ্যে উল্লেখ করেছেন রাজ্যে ৪৩৯টি হোমিওপ্যাথি ডিসপেনসারি আছে এবং তিনি ৩১৫০টি হোমিওপ্যাথিক ডিসপেনসারি করতে চান। এবিষয়ে আমার তার কাছে আবেদন, প্রতিটি গ্রাম পঞ্চায়েতের যাতে একটা করে হোমিওপ্যাথিক ডিসপেনসারি চালু হয় তার জন্য তিনি প্রয়োজনীয় ব্যবস্থা নিন। সেগুলি যাতে ঠিক ঠিক তাদের যেগুলি বর্তমানে চালু আছে—দায়িত্ব পালন করে তার জন্যও তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। সঠিক চিকিৎসা ব্যবস্থা চালু রাখার স্বার্থে ডিসপেনসারিগুলিকে সঠিকভাবে চালু করার জন্য তিনি সচেষ্ট হোন। আমাদের সাবজেক্ট কমিটি সুপারিশ করেছেন, আমাদের স্বাস্থ্য বিভাগের প্রশাসনিক এবং পরিষেবামূলক পরিকাঠামোর পরিবর্তনের কোনও প্রয়োজন নেই। সাধারণভাবে সাবজেক্ট কমিটির এই সুপারিশকে অবশ্যই সমর্থন করা যেতে পারে। কিন্তু যে সমস্ত পিছিয়ে পড়া এলাকা আছে, যেখানে বেশিরভাগ গরিব মানুষরা বাস করেন—যে সমস্ত তফসিলি জাতি এবং উপজাতি অধ্যুষিত এলাকা আছে, সে সমস্ত এলাকায় প্রয়োজনে পরিকাঠামোর পরিবর্তন ঘটাতে হবে। অবশ্য সাবজেক্ট কমিটিও একথা বলেছেন। সুতরাং তারা সঠিক সুপারিশই করেছেন। তাদের সুপারিশ বা সিদ্ধান্তকে আমি পূর্ণ সমর্থন করছি। এইমূল নীতির ফলে আমাদের রাজ্যের ব্যাপক সংখ্যক মানুষ চিকিৎসার সুযোগ লাভ করবেন। এই প্রসঙ্গে আমি উল্লেখ করছি যে আমাদের গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রগুলিতে বর্তমানে অনেক শূন্য পদ রয়েছে।

সেই নার্সের পদ পূরণ করবার জন্য তিনি ইতিমধ্যে ব্যবস্থা গ্রহণ করেছেন। প্রায় এক হাজার চিকিৎসক নিয়োগ করবার কথা। তারমধ্যে ৩৩২ জন ডাক্তার নিয়োগ করবার সিদ্ধান্ত ইতিমধ্যেই সরকার গ্রহণ করেছেন। এই সিদ্ধান্ত কার্যকর হলে সাধারণ মানুষ ব্যাপকভাবে উপকৃত হবেন। এই আর্থ সামাজিক ব্যবস্থায় হয়ত চিকিৎসার সবরকম সুযোগ করে দেওয়া যাচ্ছে না, কিন্তু বেশি সংখ্যক মানুষকে যে চিকিৎসার সুযোগ-সুবিধা করে দেওয়া হয়েছে এটাও কম কৃতিত্বের কথা নয়। আগে এখানে বিশেষ বিশেষ চিকিৎসার কোনও ব্যবস্থা ছিল না বলে অনেককে পশ্চিমবাংলার বাইরে যেতে হত, কিন্তু বর্তমানে তার অনেক ব্যবস্থাই এখানে করে দেওয়া হয়েছে, যার উল্লেখ মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় উল্লেখ করেছেন। যেমন ক্যালকাটা মেডিক্যাল কলেজে বাইপাস সার্জারি, এস এস কে এম কিডনি ট্রান্সপ্ল্যানটেশনের ব্যবস্থা করা হয়েছে। আগে জলাতঙ্ক রোগের ওষুধ বিদেশ থেকে আনতে হোত। এই অসুবিধা দুর করবার জন্য পাস্তুর ইনস্টিটিউটে ১৯৯৪-৯৫ সাল থেকে ঐ ওষুধ প্রস্তুতির কাজ শুরু করা হবে। উল্লেখযোগ্য এসব দিকের কথা কিন্তু বিরোধী সদস্যরা উল্লেখ করেননি। আজকে স্বাস্থ্য দপ্তরের কৃতিত্ব কিন্তু এসব কার্যকলাপের মাধ্যমেই প্রমাণিত হয়েছে সেজন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ দাবি পেশ করেছেন তাকে পূর্ণ সমর্থন করে সঙ্গে সঙ্গে বিরোধীদের আনিত কাটমোশনের বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্য মন্ত্রী যে ব্যয় বরাদ্দ

পেশ করেছেন তার বিরোধিতা করে, আমার কাট মোশনের সমর্থনে আমি বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বর্তমানে পশ্চিমবঙ্গের যে স্বাস্থ্য পরিকাঠামো এবং তার পরিপ্রেক্ষিতে যে স্বাস্থ্যচিত্র সেটা অত্যন্ত করুন। আজকে পশ্চিমবঙ্গে, যে স্বাস্থ্য ব্যবস্থা তাকে কোনও অর্থেই স্বাস্থ্য ব্যবস্থা বলা চলে না এই কারণেই বলা চলে না, কারণ বর্তমানে এই রাজ্যে জনগণের এক পঞ্চমাংশও আধুনিক চিকিৎসার সুযোগ পাচ্ছেন না, পঞ্চাশ শতাংশের বেশি মানুষ বিশুদ্ধ পানীয় জলের সুযোগ থেকে বঞ্চিত এরকম একটা অবস্থা। প্রতি বছর লক্ষ লক্ষ মানুষ এই রাজ্যে কলেরা, আন্ত্রিক, ম্যালেরিয়া, টি বি ইত্যাদি রোগে আক্রান্ত হচ্ছেন এবং তাদের মধ্যে শত শত মানুষ মারা যাচ্ছেন। বর্তমানে রাজ্যে ড্রাগ অ্যাডিকশন বেড়েছে এবং তারফলে মানসিক রোগীর সংখ্যাও বেড়েছে। এইভাবে দেখা যাচ্ছে, গোটা রাজ্যের স্বাস্থ্য পরিকাঠামো ভেঙ্গে পড়েছে। যদিও ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিকাঠামো সবচেয়ে বড় এবং সরকারি কর্মচারিদের এক-তৃতীয়াংশই এই পরিকাঠামোর সঙ্গে যুক্ত, কিন্তু উপযুক্ত নির্দেশনা, পরিকল্পনা, সমন্বয় এবং কর্মদক্ষতার অভাবে এতবড় পরিকাঠামো নিয়েও জনস্বাস্থ্য রক্ষায় সরকার চরম ব্যর্থ। আজকে এটা একটা দুর্নীতির আখড়ায় পর্যবসিত হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বেদনার কথা হল, আগে এই রাজ্যের মেডিক্যাল চিকিৎসা-ব্যবস্থা এমন উন্নত জায়গায় ছিল যারজন্য বিভিন্ন রাজ্য থেকে মানুষ চিকিৎসার জন্য এই রাজ্যে আসতেন। কিন্তু আজকে এমন একটা অবস্থা হয়েছে যারজন্য রাজ্যের মানুষকে পর্যন্ত চিকিৎসার কারণে বাইরে চলে যেতে হচ্ছে। অধিকাংশই চলে যাচ্ছেন দক্ষিণ ভারতে। আজকে পশ্চিমবাংলার চিকিৎসার ব্যবস্থার এমনই একটা করুণ অবস্থা।

[4-40 — 4-50 p.m.]

এই সরকার জনমুখী সরকার বলে দাবি করে, কিন্তু আজকে পশ্চিমবঙ্গে যে চিকিৎসা ব্যবস্থা চলছে সেটা কার্যত দুই ধরনের চিকিৎসা ব্যবস্থা তারা চালু করেছেন। ভি আই পিদের জন্য কিছু সরকারি হাসপাতালে সুযোগ-সুবিধা আছে, চিকিৎসা ব্যবস্থা আছে। প্রয়োজনে, অপ্রয়োজনে সরকারি টাকায় তারা বিদেশে চিকিৎসার সুযোগ পান। কিন্তু রাজ্যের আপামর জনসাধারণের জন্য যেটুকু চিকিৎসার ব্যবস্থার সুযোগ ছিল সেগুলি আরও সঙ্কুচিত করা হয়েছে। আজকে আপনি প্রকাশ্যে নগ্নভাবে বাজেট ভাষণে বলেছেন যে গ্রামাঞ্চলে মানুষের জন্য আধুনিক চিকিৎসা নয়, হোমিওপ্যাথি, ইউনানি, আয়ুর্বেদের উপরে তাদের ভরসা করে চলতে হবে। আজকে সরকার এই দৃষ্টিভঙ্গি নিয়ে চলেছেন। আজকে জনসাধারণের জন্য এই রকম একটা ব্যবস্থা করা হচ্ছে এবং সমস্ত অপকর্মের দায়-দায়িত্ব ডাক্তারদের উপরে চাপিয়ে দিতে চাচ্ছেন। উনি বলেন যে ডাক্তাররা গ্রামে যেতে চান না। কিন্তু কেন যেতে চান না? আমরা দেখছি যে নিয়োগের ক্ষেত্রে দীর্ঘসূত্রতা চলছে এবং সেখানে স্বজন-পোষণ, দলবাজি, এই এগুলি আছে। তারপরে ডাক্তারদের নিরাপত্তার অভাব আছে, স্বাস্থ্যকেন্দ্রে উপযুক্ত চিকিৎসার সাজ-সরঞ্জাম নেই। যে মানসিকতা নিয়ে তরুন ডাক্তাররা গ্রামে যাবেন তাদের মানসিকতা ভেঙ্গে দিচ্ছেন। আপনাদের নিজেদের অক্ষমতার দায়-দায়িত্ব সমস্ত ডাক্তারদের উপরে চাপিয়ে দিচ্ছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মেডিক্যাল শিক্ষার ভারতবর্ষের মধ্যে পশ্চিম একটা গর্বের বস্তু ছিল। আজকে মেডিক্যাল শিক্ষার ক্ষেত্রে, এম বি বি এস, ডিগ্রি, ডিপ্লোমা, নার্সিংয়ের ডিগ্রি, ডিপ্লোমা, প্যারা মেডিক্যাল, টেকনিক্যাল ইত্যাদি যে সমস্ত মেডিক্যাল শিক্ষা

আছে সমস্ত শিক্ষায় আজকে পশ্চিমবাংলায় একটা সঙ্কট দেখা দিয়েছে শিক্ষার ক্ষেত্রে চর দুর্নীতি হচ্ছে, পঠন পাঠনের ক্ষেত্রে ক্রমশ অবনতি ঘটছে। এই ব্যাপারে যেমন সরকা তেমনি শিক্ষা প্রতিষ্ঠানগুলির কর্তৃপক্ষের চর উদাসীনতা এবং অকর্মণ্যতা দেখা দিয়েছে এ তার ফলে এই জিনিস ঘটে চলেছে। আজকে শিক্ষার মান নিয়ে চিন্তা-ভাবনা করে একে য ঢেলে সাজানো না যায় তাহলে ভবিষ্যতে আরও বিপর্যয় দেখা দেবে। মাননীয় উপাধ্য মহাশয়, উনি মেডিক্যাল এডুকেশন সার্ভিস চালু করলেন। এটা চালু করার নামে এম বি ' এস শিক্ষা ক্রমে একটা চরম বিপর্যয় ডেকে এনেছেন। এটা ঠিক যে শিক্ষার ক্ষেত্রে সর্বক্ষ নিষ্ঠাবান শিক্ষার প্রয়োজন। কিন্তু যা করছেন সেই ব্যাপারে বাস্তব অবস্থার দিকে তাকা হবে। বাস্তব ভিত্তিতে পদক্ষেপ নিতে হবে। সেটা না দেখে যদি একটা সিদ্ধান্ত নেওয়া হ তাহলে সেটা ফলপ্রসূ হতে পারে না। এটা করতে গিয়ে যে বিষয়ে দৃষ্টি দেওয়া দরকার সে হল শিক্ষার কাঠামো, বাসস্থান, লাইব্রেরির সুযোগ-সুবিধা, এগুলি সমাধান করা। কিন্তু এগু তিনি করলেন না অথচ এই রকম একটা সিদ্ধান্ত তিনি নিলেন। দিল্লিতে ইন্ডিয়ান ইন্সটিটিউশ অব মেডিক্যাল সায়েন্স, চণ্ডীগড়ে, পি জি এস আই যে সমস্ত ইন্সটিটিউশন আছে তা সেখানে খানিকটা এই সব জিনিসের দিকে নজর দিয়েছে এবং তার ফলে এগুলি অনে কার্যকর হয়েছে। কিন্তু আপনি এটা করলেন না। আপনি বাজেট ভাষণে বলেছেন যে ৩৫০ পদ খালি রয়েছে। এই রকম অবস্থায়, আমি নাম করে বলছি যে ডাক্তার অবনি রায়চৌধু কল্যাণ মুখার্জি, সুকুমার রায় প্রমুখ এই রকম প্রথিতযশা ডাক্তাররা হাসপাতালে কলেজগু থেকে চলে গেলেন। তার ফলে মেডিক্যাল শিক্ষার মান অবনমন ঘটল। মাননীয় মন্ত্রী মহাশ এই সম্পর্কে বলবেন। এই যে মেধার ভিত্তিতে ভর্তি না করে কোটা সিস্টেম করলেন, এ কি গণতান্ত্রিক এটা কি শিক্ষার মান উন্নয়নের পরিপূরক?

আপনারা আসার ১৭ বছরের পরেও কোটা সিস্টেম রেখে দিয়েছেন, আগে ছি আজও আছে। ইন্টারনির ক্ষেত্রে নিজ নিজ প্রতিষ্ঠানে হাউস স্টাফ হিসাবে থাকার এক সুযোগ ছিল। আপনারা সেখানে পোস্ট গ্র্যাজুয়েটের নাম করে রেসিডেনসিয়াল এডুকেশ নাম করে সেটাকে তুলে দিচ্ছেন। হাউস স্টাফ হিসাবে থেকে ডাক্তারদের সাহায্য করা এ নিজেদের শেখার একটা প্রয়োজন ছিল এবং তার মধ্যে যথেষ্ট যৌক্তিকতা ছিল, এটা অত্য প্রয়োজনীয়। কিন্তু আপনারা সেটা তুলে দিতে চাইছেন। এর মাধ্যমে আপনারা শিক্ষার মান নিম্নগামী করতে সাহায্য করছেন। আজকে হাসপাতালের পরিকাঠামোর অবস্থা কি? আপনা হাসপাতালের উন্নতি করার জন্য চার্জ বাড়ালেন। আপনারা বললেন এর থেকে যা আয় হ তা হাসপাতালের পরিকাঠামোতে ব্যয় হবে। কিন্তু আজকে অবস্থাটা কি? হাসপাতালগুলি বেশির ভাগ ওষুধ পাওয়া যাচ্ছে না। আজকে এমন অবস্থা যে কলকাতার বড় ব হাসপাতালগুলিতে নার্সিং হোমের মতো ব্যয় বহুল হয়েছে। সরকারি হাসপাতালগুলিতে রোগীদ বলা হয় তোমরা গজ ব্যান্ডেজ গজ, সেলাই-এর সুতো কিনে আনো। হাসপাতালগুলি এ আর এইগুলি সাপ্লাই করে না। ওষুধের কথা তো ছেড়েই দিলাম। আজকে এই রক অবস্থায় গিয়ে দাঁড়িয়েছে হাসপাতালগুলি। কি করুণ অবস্থা বুঝুন। আজকে জলাতঙ্ক রোগে প্রতিষেধক পাওয়া যায় না। আজকে জলাতঙ্ক রোগের অ্যান্টি র‍্যাবিস ভ্যাকসিন পাওয়া যা না, সাপে কামড়ানোর অ্যান্টি স্নেক ভেনাম পাওয়া যাচ্ছে না। কি করুন অবস্থা। মানুষ

বিনা চিকিৎসায় মরতে হচ্ছে। আজকে ডাক্তাররা কি অসহায়, তারা এই ওষুধ দিতে পারছেন না। র‍্যাডিক্যাল কেয়ারের জন্য যে প্রাইমারি ট্রিটমেন্ট সেটা পাওয়া যাচ্ছে না। টি বি-র ওষুধ পাওয়া যাচ্ছে না। এইগুলি তো মিনিমাম জিনিস, আগে এই রকম প্রবলেম ছিল না। গ্যাসট্রোএনটারাইটিসে উন্নত বৈজ্ঞানিক চিকিৎসা ব্যবস্থার যুগে হাসপাতালে রোগী মারা যাচ্ছে। এর চেয়ে বেদনা দায়ক আর কিছু নেই। এর কোনও প্রতিষেধক ব্যবস্থা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য ব্যবস্থা আজকে এই রকম একটা অবস্থায় গিয়েছে। নার্সদের ক্ষেত্রে আমরা দেখতে পাচ্ছি ট্রেনি নার্স যারা আছে তাদের দিয়ে কার্যত হাসপাতালের কাজগুলি করানো হচ্ছে। তার ফলে তাদের ট্রেনিং ব্যহত হচ্ছে, অপর দিকে যে সমস্ত নার্স পাশ করে বসে আছে তারা বেকার হয়ে বসে আছে। ২০০০ নার্স আজকে অ্যাডিকোয়েট কোয়ালিফিকেশন নিয়ে পাশ করে বসে আছে, তাদের চাকুরি হচ্ছে না। এই রকম করুণ অবস্থা।

**(এই সময় লাল বাতি জ্বলে উঠে)**

আজকে গ্যাসট্রো-এনটারাইটিশ প্রতি বছর হচ্ছে, গত বছর মারাত্মক অবস্থা হল, এই বছরের জন্য যে আগাম ব্যবস্থা নেওয়া দরকার, সেটা করা হল না। প্রতিবছর কি কারণে হচ্ছে তার থেকে শিক্ষা নিয়ে একটা সতর্কতামূলক যে ব্যবস্থা নেওয়া দরকার, সেটা করা হচ্ছে না। জনগণের প্রতি ন্যূনতম দায়িত্ব নেই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার সময় কম, আপনি লাল বাতি জ্বালিয়ে দিয়েছেন। আমি যে কাট মোশন এনেছি সেইগুলিকে সমর্থন করে এবং বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলার স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে আলোচনা করার আগে আমি এই সর্বহারাদের প্রতিনিধি যারা এখানে এসেছেন তাদের বক্তব্য শুনলাম। এত দিন ধরে তারা বিধানসভায় বলে গেল আমার এলাকায় হাসপাতাল নেই, হাসপাতালে ওষধ নেই, চিকিৎসা ব্যবস্থা নেই। দীর্ঘ ১৭ বছর ধরে এই বিধানসভায় চিৎকার করে তারা যে কথাগুলি বলে গেল আজকে তাদের কথাগুলি শুনে মনে হল এইগুলি মিথ্যা ছাড়া কিছু নয়। মোশনের সময় বলেন আমার এলাকায় ওষুধ নেই, আমার এলাকায় হাসপাতালে ডাক্তার নেই, কোনও চিকিৎসা ব্যবস্থা নেই। এই সর্বহারার প্রতিনিধি যারা এখানে আছেন তাদের মধ্যে পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রী জ্যোতিবাবুর যে দপ্তর সেটা হল সব চেয়ে দুর্নীতিগ্রস্ত দপ্তর এবং সেটা হল পুলিশ দপ্তর এবং অস্বাস্থ্যকর ডিপার্টমেন্ট যেটা আছে সেটা হল স্বাস্থ্য মন্ত্রীর স্বাস্থ্য দপ্তর। এর চেয়ে অস্বাস্থ্যকর এবং দুর্নীতি পরায়ণ দপ্তর পুলিশ দপ্তরের পর আর কিছু নেই। মন্ত্রী মহাশয় চেষ্টা করেন বলে তার ভাষণে উল্লেখ করেছেন। কিন্তু তার পরিকাঠামো শুধু নয়, মানসিকতার শুধু অভাব নয়, সরকার এর তরফ থেকে কিভাবে বঞ্চনা করা হচ্ছে, সেই ইতিহাস আমি আপনার কাছে রাখতে চাইছি। লোক বাড়ছে, রোগীর সংখ্যা বাড়ছে, দিনের পর দিন চিকিৎসার খরচ বাড়ছে, পথ্যের খরচ বাড়ছে, আর আপনাদেরই বামফ্রন্ট সরকার বাজেটের টাকা যা দিচ্ছেন ১৯৯৩-৯৪ সালে বাজেটে অ্যাকচুয়াল পেয়েছিলেন মোট বাজেটের ২.৩ পারসেন্ট।

আর এবারের বাজেটে কি পেয়েছেন ১,৪৩৯ কোটি টাকার মধ্যে স্বাস্থ্য দপ্তর পেয়েছে ২.২ পারসেন্ট টোটাল বাজেটের। এর মানে তাহলে কি দাঁড়ায়? গত বছরের বাজেটে যে টাকা ছিল এই বছরে তা আরও কমে গেল স্বাস্থ্য দপ্তরে। ওষুধের দাম বেড়েছে, চিকিৎসার খরচ বেড়েছে, রোগীদের পথ্যের খরচ বেড়েছে, ডাক্তারবাবুদের মাইনে বেড়েছে, সমস্ত খরচ বেড়েছে আর বাজেটে টাকা কমেছে। এ হচ্ছে আপনাকে বঞ্চনা করা হয়েছে। আমরা প্রতিবাদ করলে অন্য কথা বললেন, বামফ্রন্ট সরকারই বলছে এটা থেকেই পরিষ্কার বোঝা যাচ্ছে—স্বাস্থ্য দপ্তরের টাকার দরকার নেই। কিন্তু অন্যদিকে পুলিশ দপ্তরের টাকা বেড়ে যাচ্ছে। কারণ পুলিশের প্রয়োজন আছে ভোটের জন্য। সারা পশ্চিমবাংলার মধ্যে গ্রামবাংলায় মানুষের চিকিৎসা কথা একবার চিন্তা করে দেখেছেন? সেখানে চিকিৎসার ব্যবস্থা নেই বলে আজকে কলকাতার বড় বড় হাসপাতালগুলিতে ভীড় হয়। সেখানে শতকরা ৭০ ভাগ লোক বাস করে, কিন্তু কি করুণ অবস্থা সেখানকার হাসপাতালগুলিতে। হেলথ সেন্টার প্রাইমারি সেন্টার, সাবসিডিয়ারি হেলথ সেন্টারগুলির কি করুণ অবস্থা তা আমি আপনাকে দেখিয়ে দিচ্ছি। আপনার ডিপার্টমেন্টের কি করুণ অবস্থা! কারও একটা অসুখ করলে বিড়লা রিসার্চ ইনস্টিটিউটে, কোঠারি রিসার্চ সেন্টারে, ক্যালকাটা মেডিক্যাল রিসার্চ ইনস্টিটিউটে চলে যেতে হয়। চক্ষু চিকিৎসার জন্য যেতে হয় শঙ্কর নেত্রালয়ে, আর সব রকম চিকিৎসার জন্য যেতে হয় ভেলোরে। অথচ ডাঃ ভট্টাচার্য, যিনি শঙ্কর নেত্রালয়ে চিকিৎসা করেন, তিনি এই কলকাতারই একজন ডাক্তার। তিনি এখানে চিকিৎসার সুযোগ পান না। আপনার চেষ্টা থাকা সত্ত্বেও কেন হচ্ছে না? তার কারণ পরিকাঠামো নয়, তারজন্য, যে মানসিকতা দরকার হাসপাতালে চিকিৎসার ব্যাপারে কো-অর্ডিনেশন কমিটির কাছ থেকে বাধা পেতে হবে। হাসপাতালের সুপার ঘেরাও হয়ে যান। কো-অর্ডিনেশন কমিটির কথা শুনলে তাকে ঘেরাও হতে হবে। মেডিক্যাল কলেজের সুপারিনটেনডেন্ট ঘেরাও হয়েছেন। সমস্ত জায়গায় কো-অর্ডিনেশন কমিটিই হচ্ছে শেষ কথা। কো-অর্ডিনেশন কমিটি না বললে ডাক্তারবাবু চিকিৎসা করতে পারেন না। কো-অর্ডিনেশন কমিটির কথায় চিকিৎসা হয়, তারাই ব্যবস্থা করে। জি ডি এ হাসপাতালে চিকিৎসার ব্যবস্থা করে। তারা যদি (জি ডি এ) কাজ না করে তাহলে সব বন্ধ হয়ে যায়। তাদের হাতে প্রত্যেকটি হাসপাতাল দাঁড়িয়ে আছে। আপনার হাসপাতালের মধ্যে অবস্থাটা কী, আপনি যে স্ট্যাটিসটিক্স দিয়েছেন, এরমধ্যে কি আছে? ১৯৮৪ সালে হেলথ ক্লিনিক্স ছিল ১,১১৭টি। আজ তা হয়েছে ১,১১৭। ১৯৮৪ সালে যা ছিল, আজও তাই আছে। যে বই আপনি আমাদের দিয়েছেন, তাতে হেলথ ক্লিনিক্স-এর সংখ্যা দেখতে পাচ্ছি ১,১১৭। হাসপাতাল, ১৯৯১ সালে ছিল ৩৯২, ১৯৯২ সালে ঐ ৩৯২ এবং ১৯৯৩ সালেও ঐ ৩৯২, অর্থাৎ এক জায়গায় দাঁড়িয়ে আছে। হেলথ সেন্টারগুলো একটা জায়গাতেই দাঁড়িয়ে আছে। হেলথ সেন্টারগুলো যে সংখ্যা ছিল এখনও সেই সংখ্যাতেই রয়ে গেছে। এই হেলথ সেন্টারগুলো গ্রামাবাংলার লোকেদের চিকিৎসা ব্যবস্থা করার জন্য করা হয়েছিল, কিন্তু প্রতিটি ক্ষেত্রে দেখা যাবে যে, এই সেন্টারগুলোতে ওষুধ নেই, ডাক্তার নেই, অথচ রোগী আছে। চিকিৎসারই কোনও ব্যবস্থা নেই। অধিকাংশ জায়গায় জীবণদায়ী ওষুধের ব্যবস্থা নেই। তারপরে ব্লাড ব্যাঙ্কে রক্ত পাওয়া যায় না। তারপরে রুর‍্যাল হসপিটালগুলোর অবস্থা সেই একই রকম। হাসপাতালগুলোতে যেসব ওষুধ আছে সেগুলো বেআইনি পথে বাজারে বিক্রি হয়ে যাচ্ছে। একটা অসাধু চক্র সব সময়ে কাজ করছে। এমন কি রোগী ভর্তির ক্ষেত্রেও টাকা পয়সার

লেনদেন চলছে। শুধু তাই নয়, সেন্ট্রাল মেডিক্যাল স্টোর্স থেকেও বহু টাকার ওষুধ চুরি হয়ে যাচ্ছে। সরকারের কোনও নজর নেই। রাত্রে বেলা রোগীর বিছানাতে কুকুর ঢুকে যাচ্ছে। হাসপাতালে শুয়োর কুকুরে বেডের চারপাশে ঘুরে বেড়াচ্ছে তারজন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে, মালদহ হাসপাতালে সদ্য প্রসূতির শিশুকে কুকুরে টেনে নিয়ে গেছে। তারপরে এ ছাড়া তো সন্তান চুরি করার ব্যাপারটা রয়েই গেছে। ইঁদুর কুকুরে উপদ্রবে প্রসূতি মায়েরা শান্তিতে হাসপাতালে থাকতে পারে না। তাছাড়া হাসপাতালগুলোতে তো সমাজ বিরোধীদের আড্ডাখানা রয়েইছে। এইসব সমাজ বিরোধীদের অত্যাচারে মানুষ টিকতে পারে না। মহিলা রোগিনীদের উপরে অস্বাভাবিক এবং পাশবিক অত্যাচার করে এইসব সমাজ বিরোধীরা এবং তার কোনও ব্যবস্থা নেওয়া হয় না। বেশিদূরে যেতে হবে না। কলকাতার হাসপাতালগুলোর অবস্থা কি সেখানে বড় বড় হাসপাতালগুলো যেমন চিত্তরঞ্জন সেবা সদন নীলরতন প্রভৃতি হাসপাতালগুলোতে সাধারণের কোনও চিকিৎসা নেই। এমন কি এম এল এ হলেও তার কোনও নিস্তার নেই, তাকেও কোন কেয়ার নেওয়া হচ্ছে না। কোমরে বুকে ব্যাথা হলে যদি কেউ এক্সরে করাতে যায় হাসপাতালে তাহলে দেখা যাবে যে বেশিরভাগ সময়ে এক্সরে মেশিন খারাপ। আর গরিব লোকেদের পক্ষে বাইরে গিয়ে এক্সরে করানো খুব অসুবিধা। কিন্তু তাসত্ত্বেও লক্ষ লক্ষ টাকা খরচ করে বাইরে গিয়ে এক্সরে করাতে হয়। আর যাদের অবস্থা একটু ভালোর দিকে তারা আর এখানে চিকিৎসা না করিয়ে বাইরে চলে যায়, হয় আমেরিকা বা ইউরোপ গিয়ে চিকিৎসা করিয়ে আসে। এইভাবে এখানকার মানুষ তারা পশ্চিমবঙ্গে চিকিৎসা না করিয়ে বাইরে চলে যাচ্ছে চিকিৎসা করানোর জন্য, বা হাসপাতালে না গিয়ে নার্সিং হোমে চিকিৎসা করাচ্ছে। সুতরাং এই অবস্থায় আমাদের স্বাস্থ্যমন্ত্রী গর্ব করছেন যে আমাদের এখানে স্বাস্থ্য ব্যবস্থা এত ভালো।

[5-00 — 5-10 p.m.]

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে বাজেট প্রস্তাব তিনি আমাদের সামনে উত্থাপন করেছেন তাকে আমি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। সমর্থন কেন জানাচ্ছি তা আমি বলছি। আজকে এই বাজেটকে সমর্থন করছি এই কারণে মেডিক্যাল এডুকেশন এটাও একটা বিরাট অঙ্গ স্বাস্থ্য বিভাগের। স্বামী বিবেকানন্দ বলেছিলেন, Edcuation is the manifestation of perfection already in man. আমাদের এখানে চিকিৎসার যে অঙ্গগুলি আছে হোমিওপ্যাথিক, আয়ুর্বেদিক ইত্যাদি যে চিকিৎসা ব্যবস্থাগুলি আছে সেখানে ইতিপূর্বে বামফ্রন্ট সরকারের ক্ষমতার পূর্বে তার কোনও সমন্বয় সাধন করবার চেষ্টা হয়নি। এটা জোর গলায় বলা যায়। এখানে দেখা যাচ্ছে হোমিওপ্যাথিক চিকিৎসা একেবারে ভেঙে পড়েছিল মানুষ মনে করতেন এইসব চিকিৎসা ব্যবস্থার দ্বারা মানুষের উপকার হত, আজকে দেখা যাচ্ছে সেইসব চিকিৎসার ব্যবস্থার উন্নয়নে বিশেষ ব্যবস্থা হচ্ছে। যে এডুকেশন অর্থাৎ পারফেকশন অর্থাৎ সম্পূর্ণতা, সেই সম্পূর্ণতা আনবার একটা বিশেষ প্রচেষ্টা চলেছে এবং সমন্বয় সাধন করে মানুষের যে উপকার করতে পারে হোমিওপ্যাথিক চিকিৎসা এবং আয়ুর্বেদিক চিকিৎসা সেটা আজকে তার পরিবর্তন এবং তার শিক্ষার উন্নয়নে দেখা যাচ্ছে। মাননীয় মন্ত্রী তার যথেষ্ট চিন্তা যথেষ্ট প্রচেষ্টা নিয়ে তিনি এগিয়ে চলেছেন কিভাবে সমন্বয় সাধন করে এগুলিকে মানুষের উপকারে লাগানো যাবে। আজকে প্রত্যেকটি সাবসিডিয়ারি হসপিটালে

হোমিওপ্যাথিক চিকিৎসাকে কাজে লাগাবার চেষ্টা চলছে। চিকিৎসা ব্যবস্থাকে একটা গণ প্রচেষ্টায় নিয়ে যাওয়ার চেষ্টা চলছে। বামফ্রন্ট সরকারের আগে এই প্রচেষ্টা ছিল না। পঞ্চায়ে ব্যবস্থাকে এর সঙ্গে বিশেষ ভাবে যুক্ত করা হচ্ছে। পঞ্চায়েতি রাজের মাধ্যমে চিকিৎ ব্যবস্থাকে আরও চাঙ্গা করার চেষ্টা হচ্ছে। যেটা মূল স্পিরিট এই চিকিৎসা ব্যবস্থার বিকেন্দ্রীক ও তৃণমূলে মানুষের উপকার করার যে মনোভাব সেটা বামফ্রন্ট সরকারের আমলে দে যাচ্ছে। আজকে এর যে সুফল এই সুফল হয়েছে স্বাস্থ্য বিভাগ এবং স্বাস্থ্য ব্যবস্থার জন স্বাস্থ্য ব্যবস্থার মধ্যে যে বিভিন্ন ব্যবস্থা নিয়েছেন তার মধ্যে যেমন এন আর এস মেডিক্যা কলেজ অ্যান্ড হসপিটালে কিডনির চিকিৎসার জন্য ব্যবস্থা করেছেন। এই কিডনির চিকিৎস জন্য লোককে আগে ভেলোর ছুটে যেতে হতো। এখানে এই চিকিৎসা ব্যবস্থা চালু কা একটা বলিষ্ঠ পদক্ষেপ গ্রহণ করেছেন। আমাদের কোস্টার বেল্টে ফাইলেরিয়ার আক্রমা মানুষ জর্জরিত। ফাইলেরিয়া এমন একটা জিনিস যাতে মানুষকে বিকলাঙ্গ করে দেয়। এ রোগের জন্য যদি একটা বিশেষ উদ্যোগ নেন তাহলে ভাল হয়। উড়িষ্যার সংলগ্ন কোস্টা বেল্টে খেজুড়ি, দক্ষিণদাঁড়িতে এই ফাইলেরিয়া নিধনের জন্য যাতে বিশেষভাবে সচেষ্ট হ তার জন্য অনুরোধ জানিয়ে এই ব্যয় বরাদ্দকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্ত শেষ করছি।

[5-10 — 5-20 p.m.]

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ এখানে উত্থাপ করেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। আমি প্রথম থেকেই বিরো দলের সদস্যদের বক্তব্য শুনছিলাম। তারা গেল গেল রব করলেন, স্বাস্থ্য দপ্তর বলে কিছ নেই, ডাক্তার নেই ইত্যাদি। সত্যবাবু কি সবই অসত্য কথা বলবেন, কোনও সত্য ক বলবেন না। ডাক্তার তরুন অধিকারী কোনও দিকটা বললেন। এই স্বাস্থ্য দপ্তরের দুটো দি আছে একটা হচ্ছে কিউরেটিভ এবং আরেকটা হচ্ছে প্রিভেনটিভ। তিনি কিউরেটিভের দিক বললেন না। পুরানো প্রশাসনের যে স্ট্রাকচার সেই স্ট্রাকচারকে নতুন ধাচে নিয়ে আসতে গেলে অনেক সময় লাগে। আজকে গ্রামে ডাক্তার যেতে চাইছে না। কিন্তু এখন এটা আস্তে আস্তে সম্ভব হচ্ছে। মাস এডুকেশনের মাধ্যমে রোগ প্রতিষেধক এটাকে আমরা আজকে গ্রামে গ্রামে ছড়িয়ে দিতে পেরেছি। খেটে-খাওয়া মানুষ সাধারণ মানুষ যাদের কাছে শিক্ষা এবং স্বাস্থ্য ব্যাপারটা ছিলই না বলতে গেলে তাদের আমরা এর মধ্যে নিয়ে আসছি, এইসবগুলো আপনাদের চোখে পড়ে না। আজকে আমাদের এখানে মৃত্যুর হার কমছে, সেনসাস রিপোর্ট কি বলছে। অল ইন্ডিয়া মৃত্যুর হার এক হাজার পপুলেশনে আমাদের এখানে মৃত্যুর হার ৮.৩ এবং ইন্ডিয়াতে সেখানে ১০.০ পারসেন্ট। তাহলে কোনটা বেশি কোনটা কম। শিশু মৃত্যুর হার দেখুন ১৯৯২ সালে ওয়েস্ট বেঙ্গলে ছিল ৬৪ পারসেন্ট, আর অল ইন্ডিয়া ফিগার হচ্ছে সেখানে ৭৯ পারসেন্ট। এটা আপনারা দেখবেন না। আজকে আমরা পশ্চিমবাংলাতে যে স্বাস্থ্য পরিকাঠামো তৈরি করেছি গ্রাম পঞ্চায়েতকে যুক্ত করে, পঞ্চায়েত সমিতিকে যুক্ত করে, বিভিন্ন কমিটি করা হয়েছে এম এল এ-রা সেই কমিটিতে থাকবেন, মিউনিসিপাল এলাকায় চেয়ারম্যান সেই কমিটিতে থাকবেন, এইসব করা সত্ত্বেও কিছু ফাক আছে জেনেও বলছি, এই কাঠামোর মধ্যে এই সীমাবদ্ধতার মধ্যে যেটুকু করা যায় সেটু

করার চেষ্টা আমরা করছি। আমরা চাই বিরোধী দল আমাদের সঙ্গে সহযোগিতা করুন। স্বাস্থ্যর ব্যাপার নিয়ে এখানে রাজনীতি করা ঠিক নয়। আমরা আশা করি আপনারা সেই সহযোগিতার হাত প্রসারিত করবেন। আপনারা বলছেন হাসপাতাল বাড়েনি, কিন্তু হাসপাতালের বেড বেড়েছে। পরিসংখ্যান দেখুন নতুন নতুন চিকিৎসার দিক খুলেছে। আমরা অভিজ্ঞতার মাধ্যমে আজকে দেখছি। তিনি এখানে এসে চিকিৎসা করালেন। দেখা গেল কি? দেখা গেল, শিবের ব্রত করে তিনি উপবাস করেছিলেন এবং সেই অবস্থায় মন্দিরে গিয়ে পূজা দিয়েছিলেন।

তার নার্ভের যন্ত্রণা হচ্ছিল। সেখানে শুধু শুধু ২।।/৩ হাজার টাকা দিয়ে তিনি সি টি স্ক্যান করিয়ে ঘরে ফিরে গেলেন। ওখানকার ডাক্তারবাবু তাকে যে ওষুধ দিয়েছিলেন এখানকার স্পেশ্যালিস্ট ডাক্তার তাকে সেই ওষুধ একই ওষুধ দিলেন, শুধু ওষুধের নামটা চেঞ্জ করে দিলেন। কাজেই আমার প্রশ্ন কেন, নেত্রালয়ে যাবেন? নেত্রালয়ে যাবার তো কোনও প্রয়োজন নেই। আমাদের এখানে মেডিক্যাল কলেজে আই এস রায়ের মতোন চোখের ডাক্তার ছিলেন, সুনীল বাগচির মতোন ডাক্তার অছেন রনবীর মুখার্জির মতোন ডাক্তার আছেন, এই কলকাতা শহরে কাজেই এখান থেকে নেত্রালয়ে যাবার কোনও প্রয়োজন আছে বলে আমি মনে করি না। হার্ট অপারেশন মেডিক্যাল কলেজে হতে পারে। তা যদি হয় তাহলে এরজন্য কেন আপনারা অন্যত্র যাবেন? অবশ্য কেন যান তার কারণ আমি জানি। তার কারণ হচ্ছে কিছু লোকের আর্থসামাজিক অবস্থার একটু পরিবর্তন হয়েছে। বামফ্রন্টের আমলে অর্থনৈতিক অবস্থার বিকেন্দ্রীকরণ হওয়ার ফলে গ্রাম, শহরে মানুষের হাতে কিছু পয়সা এসেছে এবং সেখানে গ্রামে লোকরা তাদের প্রতিবেশিকে বলতে পারবেন যে কলকাতায় গিয়ে চিকিৎসা করিয়ে এলাম এইজন্য তারা গ্রাম থেকে এখানে আসছেন এবং শহরের বিত্তবানরা পশ্চিমবাংলার বাইরে যাচ্ছেন। অর্থাৎ তারা যে বিত্তবান এটা জাহির করার জন্য বা অন্যের কাছে স্টাটাস মেনটেন করার জন্য তারা এটা করছেন। তা ছাড়া ঐ কংগ্রেসিদের কিছু কিছু ফ্যান আছেন যারা কলকাতায় বসবাস করেন কিন্তু যেহেতু কালকাতায় বামফ্রন্ট সরকার আছে অতএব এখানকার হাসপাতাল খারাপ কাজেই চলো নেত্রালয়ে—এই বলে তারা বাইরে যাচ্ছেন। এটা করা আমি মনে করি ঠিক নয়। এখানে ভাল চিকিৎসা হয় এবং তার সমস্ত ব্যবস্থাই আছে। কলকাতার মতোন বড় বড় চাইল্ড স্পেশালিস্ট ভারতবর্ষের আর কোথায় আছেন। ডাঃ শিশির বসু, ডাঃ খাটুয়া, রফি আহমেদের মতোন চাইল্ড স্পেশালিস্ট ভারতবর্যে আছেন কিনা আমার সন্দেহ আছে। কাজেই আপনাদের জেনে রাখা ভাল যে এখানে সঠিকভাবেই চিকিৎসা হয়। এর পর আমি আরও কয়েকটি কথা বলব। যে সমস্ত ক্রটিবিচ্যুতি আছে সেগুলি কাটানো দরকার। যেমন হাসপাতালের কমিটি মিটিংগুলি যাতে সঠিক সময় সঠিক ভাবে হয় সেটা দেখা দরকার। সঙ্গে সঙ্গে তার রিপোর্ট আসছে কিনা তাও দেখা দরকার। হাসপাতালে যেসব ওষুধ দেওয়ার কথা তার চার্ট টাঙ্গিয়ে দেওয়া দরকার। সুদীপবাবু যে প্রস্তাব দিয়েছেন তার সঙ্গে আমি সহমত পোষণ করে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি যে অল ইন্ডিয়া ইন্সটিটিউট অব মেডিক্যাল সায়েন্সের ধাঁচে কলকাতায় যাতে একটি হাসপাতাল তৈরি হয় তার জন্য আপনি চেষ্টা করুন। কেন শুধুমাত্র দিল্লির মধ্যেই সমস্ত রকমের এক্সপেরিমেন্ট বা পরীক্ষা-নিরীক্ষার কাজ সীমাবদ্ধ থাকবে? কলকাতাতেও যাতে এইসব পরীক্ষা-নিরীক্ষা ঠিকভাবে হতে পারে তারজন্য এখানেও অল ইন্ডিয়া ইন্সটিটিউট অব মেডিক্যাল সায়েন্সের ধাঁচে একটি

হাসপাতালে হোক। এরজন্য প্রয়োজনীয় ব্যবস্থা যা নেওয়া দরকার মাননীয় মন্ত্রী মহাশয় তা নিন। স্যার, এই পরিকাঠামো এবং সীমাবদ্ধ ক্ষমতার ভেতর দিয়েও মাননীয় মন্ত্রী মহাশয় এগিয়ে চলেছেন এবং স্বাস্থ্য ব্যবস্থা নতুন নতুন দিক খুলে দেবার চেষ্টা করছেন। আগামীদিনে তিনি আরো বেশি বেশি করে এগিয়ে যেতে পারবেন এই আশা করে তার বাজেটকে আবার সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে স্বাস্থ্য দপ্তরের বাজেটের উপর আলোচনা শুনলাম। আমি প্রথমেই এই বাজেটের বিরোধিতা করে আমাদের কাট মোশনগুলি সমর্থন করছি। স্যার, এতক্ষণ ধরে যা আলোচনা হল তাতে আপনি বুঝেছেন যে বামফ্রন্ট সরকারের আর কোনও দপ্তর সম্পর্কে এতবেশি সমালোচনা হয়নি। বামফ্রন্টে যারা বললেন তারাও বলতে পারেন নি যে এই দপ্তরে কাজ ভাল হচ্ছে। স্যার, এই স্বাস্থ্য দপ্তরের চেহারা একটা সিক এলিফ্যান্টের মতোন। বিরাট চেহারা নিয়ে যে নড়তে পারছে না, গুডস ডেলিভারি দিতে পারছে না। স্যার, প্রশান্তবাবু বড় ডাক্তারও নন, বড় প্রশাসকও নন কিন্তু উনি যখন মন্ত্রী হলে তখন লোকে আশা করেছিল যে উনি ওর পারসোন্যাল অ্যাটেনশন দিয়ে এই স্বাস্থ্য দপ্তরের নূন্যতম পরিষেবার কাজের উন্নতি করতে পারবেন। কিন্তু প্রশান্তবাবুর প্রথম দিকের উৎসাহ কোনও কারণে চলে গিয়েছে, স্বাস্থ্য দপ্তর আরও অসুস্থ হয়ে পড়েছে। আমি দু রকমের অ্যাপ্রোচ থেকে স্বাস্থ্য দপ্তরের কাজকর্ম-এর সমালোচনা করব। একটা হচ্ছে ম্যাক্রো অ্যানালিসিস থেকে যে ওভার অল ফিগারের দিক থেকে পশ্চিমবাংলা কোথায় আছে এবং ভারতবর্ষ কোথায় আছে এবং আর একটা অ্যাকচুয়াল এক্সপিরিয়েন্স থেকে। আমার অবশ্য বলার, বিশেষ দরকার নেই তার কারণ আমার বন্ধু তরুন অধিকারী এবং ডাঃ গৌরীপদ দত্ত আমার কাজকে সহজ করে নিয়েছেন। সাবজেক্ট কমিটি যে রিপোর্টটা দিয়েছেন সেটা যদি মন্ত্রী মহাশয় ভালোভাবে পড়েন তাহলেই বুঝবেন যে ওর ৭ বছরের মন্ত্রিত্ব ব্যর্থ। সাবজেক্ট কমিটির রিপোর্টে বলছে যে ন্যাশনাল প্রোগ্রামে ইট ওয়াজ "It was schocking to note that all the vertical programme, except partial success of Family Welfare Programme and UIP, had not been able to fullfil even the mechanically allotted quotas. All these programmes could not improve the health status of the people as expected. The preventive diseases like Malaria, Filaria, Tuberculousis etc.

তিনটে অসুখ যার উপর ন্যাশনাল প্রোগ্রাম আছে, ম্যালেরিয়া, ফাইলেরিয়া, টিউবারকিউলোসিস, তার টার্গেটে আপনি রিচ করতে পারেন নি। সাবজেক্ট কমিটি বলছে, এই গুলো বাড়ছে। তার কারণ বাজেটারী অ্যালোকেশন গন্ডগোল আছে। বিশেষ করে এই যা মোট বাজেট ৫১৩ কোটি ৮৫ লক্ষ টাকা, তার মধ্যে ৭১ ভাগ চলে যাচ্ছে মাইনে দিতে। স্বাস্থ্য দপ্তরের বাজেটের ৭১ ভাগ চলে যাচ্ছে মাইনে দিতে, ১৩ পারসেন্ট যাচ্ছে ড্রাগ ইত্যাদিতে, আর বাকিটা হচ্ছে এস্টাববলিশমেন্টের জন্য খরছ। তার ফলে আপনার দপ্তর হয়েছে একটা মাইনে দেবার দপ্তর, ৭০ পারসেন্ট টাকা মাইনে দিতে চলে যাচ্ছে। অথচ আপনি মুখে বড় বড় কথা বলছেন, স্ট্যাটাস ইমপ্রুভ করতে চান, গরিব মানুষদের চিকিৎসা দিতে চান। Our Stretagy is very poor. কিন্তু আপনি পাবলিক হেলথের জন্য কত

পারসেন্ট দিয়েছেন বাজেটে, ১৪ পারসেন্ট, যেটা বলছে প্রিভেনটিভ মেজারের জন্য। কিন্তু কলকাতায় গত বছর গ্যাসট্রো এনট্রাইসিস এপিডেমিক হয়েছিল, এই বছরও কলেরা এবং গ্যাসট্রোএনট্রাইটিজে ২০ হাজার লোক অ্যাফেকটেড হয়েছে। Gasto-enteritis is turning into the cholera and hepatitise. আজকে এটাই হচ্ছে অবস্থা। আজকে হেলথ মিনিস্টারের অ্যাডমিশন মতো ২০০ বেশি এই রোগে মারা গেছে। বড়লোকরা তো এই রোগে মারা যায় না, পুয়োর লোকেরা যারা আন্ডার প্রিভিলেজড তারা রাস্তা থেকে জল খায়, পুকুরের জল খায়, তারাই এইসব রোগে আক্রান্ত হচ্ছে এবং মারা যাচ্ছে। অথচ আপনারা বলছেন, আপনারা গরিবের সরকার, আপনারা গরিবদের বাঁচাতে পারেন নি। গরিবদের জন্য কোনও বড় প্রিভেনটিভ মেজার নিতে পারেন নি। কেন্দ্রীয় সরকারের যে প্রোগ্রামগুলো ছিল, সেইগুলো ছিল টাইম বাউন্ড প্রোগ্রাম। সেখানে লোক নেবার উপর আপনারা জোর দিয়েছেন, তারপর সেই সব টাইম বাউন্ড প্রোগ্রামগুলো শেষ হয়ে গেলে, সেই লোকগুলো স্বাস্থ্য দপ্তরেই থেকে যাচ্ছে। ফলে স্বাস্থ্য দপ্তরের সেটা বার্ডেন হয়ে যাচ্ছে। "It is unforturnate that the Central assistance for upgradation of the obstetric and Gynaecological service at the block level could not be implemented due to dearth of Gynaecologist." কেন্দ্রীয় সরকারের টাকা আপনি কাজে লাগাতে পারেন নি। এটা আমার রিপোর্ট নয়, আপনার দলের লোক, তিনি এই রিপোর্ট তৈরি করেছেন। আর কি বলছেন, The eagerness of Health Department for creation of new posts were not approved by the Committee. আপনি শুধু পোস্ট তৈরি করেছেন, কয়েকটা লোককে চাকরি দিয়েছেন, মানুষকে সার্ভিস দিতে পারেন নি। এবারে আমি অ্যাকচুয়াল ফিগারে যাচ্ছি, ডাঃ তরুন অধিকারী এই সম্পর্কে বলেছেন। মিনিমাম নিডস যেটা দেবেন, তার হচ্ছে স্বাস্থ্য শিক্ষা এবং বাসস্থান। তা আপনারা দিতে পারেন নি। অসীম বাবুর যা বাজেট, মোট বাজেটের ১.৮১ পারসেন্ট হেলথের জন্য বরাদ্দ হয়েছে। সেইজন্য হেলথের ইনফ্রাস্ট্রাকচারটা স্ট্যাটিক হয়ে গেছে। ফিগার দেখুন, আপনার বেডের সংখ্যা ছিল ১৯৮৫ সালে ৬৫ হাজার ৩১৯, সেটা মাত্র আজকে ৬৭ হাজার ৭৫ হয়েছে। হেলথের ব্যাপারটা আজকে স্ট্যাটিক হয়ে আছে। দু বছর ধরে এই সংখ্যা হয়েছে। যেখানে এই রাজ্যের টোটাল পপুলেশন হচ্ছে প্রায় ৬।। কোটি, সেখানে টোটাল হসপিটাল বেড হচ্ছে মাত্র ৬৭ হাজার ৭৫। প্ল্যানের টাকা নেই, মাইনে দিতে চলে যাচ্ছে। এই নিয়ে নতুন ইনফ্রস্ট্রাকাচর হবে কি করে? আমি আর একটা ফিগার দিচ্ছি, ডাক্তার এবং নার্সের রেশিও কমার কথা, কিন্তু বেড়ে যাচ্ছে।

[5-20 — 5-30 p.m.]

মন্ত্রী মহাশয়, আপনি বোধ হয় অল ইন্ডিয়া স্ট্যাটিস্টিক্সটা দেখেন নি। অন্যান্য স্টেট কত এগিয়ে গেছে তা আপনি দেখছেন না। প্রশান্তবাবু আপনার জানা দরকার প্রাইমারি হেলথের প্ল্যান অ্যালোকেশনের ক্ষেত্রে সেভেন্থ প্ল্যানে মহারাষ্ট্র অ্যালট করেছিল ২৮১ কোটি ৪২ লক্ষ টাকা। সে জায়গায় পশ্চিমবাংলার অ্যালোকেশন হচ্ছে ৯৮ কোটি ৯৩ লক্ষ টাকা। ওদের ২৮১ কোটি ৪২ লক্ষ টাকা, আপনার ৯৮ কোটি ৯৩ লক্ষ টাকা লেস দ্যান ওয়ান থার্ড। আপনি বলবেন মহারাষ্ট্র বড় রাজ্য। কিন্তু পশ্চিমবাংলার মতো রাজ্য তামিলনাড়ু

অ্যালট করেছে ১৫০ কোটি টাকা। আর আমাদের চেয়ে ছোট রাজ্য রাজস্থান করেছে ১২১ কোটি টাকা। আর ইউ পি-র ৪৪০ কোটি টাকার সেভেন্থ প্ল্যানে আউট লে ছিল। এ ক্ষেত্রে পশ্চিমবাংলার পজিশন ছিল ১০ নম্বরে। তারপর এইটথ প্ল্যানে উত্তরপ্রদেশের অ্যাপ্রুভড প্ল্যান আউট লে হচ্ছে ৫১৭ কোটি টাকার, মহারাষ্ট্রের ৫৫৩ কোটি টাকার, আর পশ্চিমবাংলার ২৮১ কোটি টাকার! জাস্ট হাফ। রাজস্থানের মতো ছোট রাজ্যের ৩৯০ কোটি টাকার। আমাদের প্ল্যান অ্যালকেশন যদি প্রতিটি রাজ্যের চেয়ে কম হয় তাহলে কি করে আপনারা এই রাজ্যের স্বাস্থ্যের উন্নতি করবেন! এরপর দেখা যাক পারফরমেন্স—অ্যাডিশনাল ফান্ড ফর হেলথ কেয়ার, এই স্কীমে আপনি দেখুন, ন্যাশনাল ম্যালেরিয়া ইর‍্যাডিকেশন প্রোগ্রাম-এর জন্য, এন এল ইপিতে ব্লাইন্ডনেস এবং টি বি প্রতিরোধের ক্ষেত্রে, এই চারটে ক্ষেত্রে আপনাদের পজিশন হচ্ছে ৮ থেকে ১৯ নম্বরে। এবং এটা গৌরীবাবু তার ড্রাফট রিপোর্টে স্বীকার করেছেন। তবে উনি অল ইন্ডিয়া স্ট্যাটিসটিক্স দেন নি। এই চারটে ক্ষেত্রে ভারতবর্ষের সমস্ত বড় রাজ্যের চেয়ে আপনার অ্যালকেশন কম। আপনি জানেন এগুলো মেইনলি সেন্ট্রালি ফান্ডের প্রোগ্রাম। কিন্তু এর ও ফল কি হচ্ছে? সাবজেক্ট কমিটি বলেছে—মেক্যানিক্যালি ফিক্সড টার্গেট যেগুলো আছে সেগুলোতেও আপনি রীচ করতে পারেন নি। এটা আপনার সব চেয়ে বড় ফেলিয়র। সে ন্যাশনাল টি বি কন্ট্রোল প্রোগ্রামই হোক, ন্যাশনাল ম্যালেরিয়া ইর‍্যাডিকেশন প্রোগ্রামই হোক, ন্যাশনাল লেপ্রসি ইর‍্যাডিকেশন প্রোগ্রামই হোক, ন্যাশনাল ব্লাইন্ডনেস কন্ট্রোল প্রোগ্রামই হোক, আপনি কোনওটারই টার্গেট রীচ করতে পারেননি। হ্যাঁ, ফ্যামিলি প্ল্যানিং আপনার সাকসেস আছে। তবে আই পি পি ফোরের বেশিরভাগ টাকাই ইন্ডিয়া গভর্নমেন্টের কাছ থেকে আসে, আপনারা রিলেটিভলি সাকসেসফুল—পশ্চিমবাংলার বার্থ রেট কম, অনেক কমে গেছে। কিন্তু ওভার অল ফ্যামিলি ওয়েলফেয়ারের হিসেব আমি আপনাকে দিচ্ছি, এক্সেপটিং স্টেরিলাইজেশন সমস্ত প্রোগ্রাম টার্গেট ফেল করেছে। আমি একটা একটা করে বলছি ফ্যামিলি ওয়েলফেয়ারের কি টার্গেট, কি অ্যাচিভমেন্ট দেখুন।

স্টেরিলাইজেশন টার্গেট ছিল ৪ লক্ষ, হয়েছে ৩ লক্ষ। লুপে টার্গেট ছিল। ৩.২৫ লক্ষ, করেছেন ১.৪৯ লক্ষ। ফ্যামিলি ওয়েলফেয়ার রিলেটিভ সাকসেস হয়েছে, মেকানিকাল টার্গেট রিচ করতে পারেননি। সি সি ইউ, সেখানে টার্গেট ছিল ৪.৫০ লক্ষ। এটা ফ্যামিলি ওয়েলফেয়ারের একটি অংশ। সেখানে পৌঁছেছেন ৩.৪২ লক্ষে। ও পি ইউজার টার্গেট ছিল ২.৪৪ লক্ষ, পৌঁছেছেন ১.২৫ লক্ষে এক্ষেত্রে ন্যাশনাল পপুলেশন কাউন্সিলের টার্গেটে রিচ করতে পারেননি। টি টি ইম্যুনাইজেশন ফর এক্সপেকটেড মাদার, সেখানে টার্গেট ছিল ১৯ লক্ষ, পৌঁছেছেন ১৫ লক্ষে। ডি পি আই ইম্যুনাইজেশন, সেখানে টার্গেট ছিল ১৮১ লক্ষ, করেছেন ১৫৭ লক্ষে। গত বছর ফ্যামিলি ওয়েলফেয়ারের টার্গেটে রিচ করতে পারেননি। পোলিও ভ্যাকসিনেশনে টার্গেট ছিল ১৮.১৩ লক্ষ, পৌঁছেছেন ১৫.৯৫ লক্ষে। বি সি জি ভ্যাকসিনেশনে টার্গেট ছিল ১৮.১৬ হাজার, পৌঁছেছেন ১৫.৯১ লক্ষে। মিজলস ভ্যাকসিনেশনে টার্গেট ছিল ১৮.১৬ লক্ষ, করেছেন, ১২.৭৮ লক্ষে। এদিকে বলছেন যে, প্রিভেন্টিভ মেজার নেওয়া হচ্ছে! ডি টি ইম্যুনাইজেশনে টার্গেট ছিল ১৪.১৭ লক্ষ, পৌঁছেছেন ৬.৮৪ লক্ষে। টি টি ভ্যাকসিনেশনে টার্গেট ছিল ১২.৪৩ লক্ষ, পৌঁছেছেন ৫.৮৩ লক্ষে। আমার কাছে ১৬টা ডিফারেন্ট চার্ট আছে। তাতে সারা ভারতবর্ষের সঙ্গে কম্পেয়ার করে দেখলে দেখা যাবে যে,

ফ্যামিলি ওয়েলফেয়ার এবং ভ্যাকসিনেশনের ব্যাপারে কোনও টার্গেট আপনারা রিচ করতে পারেননি। সেজন্যই বলছি, রাজ্যে ফ্যামিলি ওয়েলফেয়ার এবং হেলথে মিনিমাম সার্ভিসটুকু পর্যন্ত দেওয়া যায়নি। আমি একটি দপ্তরের ব্যাপারে মাইক্রো অ্যানালিসিস দিচ্ছি। আজকে প্রাইমারি হেলথ সেন্টারগুলির কি অবস্থা— তমলুক হাসপাতাল, সেখানে বেড সংখ্যা ২৫০, কিন্তু রোগী রয়েছে মাত্র ১২৫ জন। অবিনাশ দত্ত মেটারনিটি হোম, সেখানে ১২০ টি বেড রয়েছে, কিন্তু পেশেন্টদের কোনও খাবার দেওয়া হচ্ছে না। গত ৪৫ দিন ধরে তারা দুধ এবং রুটি খেয়ে আছে। মাইক্রো লেভেলে এরকম অনেক উদাহরণ আছে। কলকাতার হাসপাতালগুলির উন্নতির স্বার্থে ম্যানেজমেন্ট কমিটি করেছেন এবং তারজন্য পি জি হাসপাতালে সার্জেন সুপারিনটেনডেন্টের ঘরে দুজনকে বসিয়ে দিয়েছেন, যাদের নাম গোপাল এবং পিন্টু। তারা সর্বদা এস এস এর ঘরে বসে থাকেন। তারা অর্ডার দিলে তবে সেখানে রোগী ভর্তি হয়, আপনি বললেও সেখানে রোগী ভর্তি করা যায় না। আজকে আপনি এফ আর সি এস, এম আর সি পি ডাক্তারদের পার্টি কমরেডদের নিয়ে নির্দেশ দেবার জন্য ম্যানেজমেন্ট কমিটির নামে হাসপাতালের মধ্যে পার্টি অফিস করেছেন। কিন্তু তাতে হাসপাতালগুলির ইমপ্রুভমেন্ট হয়নি। সেখানে সি টি স্ক্যান ১০ মাস বন্ধ। ই সি জি, যেটা বাইরে একদিনে করা যায়, তারজন্য সেখানে দিনের পর দিন ঘুরতে হয়। সেখানে রোগী গেলেই বলে দেওয়া হচ্ছে কোঠারিতে যাও, ডানকানে যাও। এর বিরুদ্ধে কি স্টেপ নিয়েছেন? এভাবে সরকারি চিকিৎসা-ব্যবস্থা চলতে পারে না। তাই এই বাজটে বরাদ্দের বিরোধিতা করছি।

[5-30 — 5-40 p.m.]

**শ্রীমতী ছায়া বেরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের বাজেট বরাদ্দ নিয়ে মাননীয় সদস্য যারা আলোচনায় অংশ গ্রহণ করেছেন এবং একে সমৃদ্ধ করার চেষ্টা করেছেন, তাদের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি কয়েকটি কথা এখানে বলতে চাই। আপনারা সকলেই জানেন যে ১৯৮৩ সালে ৪২ তম সংবিধান সংশোধনের মাধ্যমে যে স্বাস্থ্য নীতি তৈরি হয়েছিল সেই স্বাস্থ্য নীতিতে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গির উপরে রাজ্য সরকারের স্বাস্থ্য ব্যবস্থা যথেষ্ট পরিমাণে নির্ভর করে, বিশেষ করে পরিবার কল্যাণের যাবতীয় কাজ কেন্দ্রীয় সরকারের নীতির উপরে নির্ভরশীল। স্বভাবতই আমার বক্তব্যে অনিবার্য ভাবে দেশের এবং কেন্দ্রীয় সরকারের কিছু কথা এসে যাবে। আপনারা জানেন যে স্বাস্থ্যের উপরে আলোচনা শুধুমাত্র কিউরেটিভ বা প্রতিষেধক দিক নিয়ে আলোচনা করলে চলে না। কারণ স্বাস্থ্য সম্পর্কে আলোচনা করতে গেলে গোটা সামাজিক যে উন্নয়ন তার পরিপ্রেক্ষিতে আমাদের বিচার করতে হবে। তবে আমি আমার বিভাগ সম্পর্কে আলোচনা সারিবদ্ধ রাখার চেষ্টা করব। আপনারা জানেন যে ১৯৮৩ সকালে জেনেভায় যখন ইউ এন এতে পপুলেশন অ্যাওয়ার্ড নিতে তৎকালীন প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী গিয়েছিলেন তখন সেখানে তিনি বক্তৃতা দিয়েছিলেন। তিনি সেই বক্তৃতায় উল্লেখ কবেছিলেন, শুধুমাত্র জনসংখ্যা বৃদ্ধি সংযত করাই আমাদের কাজ নয়। আমাদের কাজ হবে শিশুর স্বাস্থ্য মানের পরিপ্রেক্ষিতে গোটা দেশকে সমৃদ্ধ করা। সুতরাং শিশুকে স্বাস্থ্যবান করে গোটা দেশকে সমৃদ্ধ করতে গেলে যা করা দরকার ছিল, সেটা কি করা হয়েছিল? এখন কথা হচ্ছে পরিবার কল্যাণের কথা যদি বলা যায় তাহলে আপনারা জানেন যে পরিবার কল্যাণের কাজ মূলত হচ্ছে জনসংখ্যা

নিয়ন্ত্রণ করা কিন্তু জনসংখ্যা নিয়ন্ত্রণ করতে গেলে কতকগুলি বিষয়ের উপরে গুরুত্ব দিতে হয়। যেমন শিশুর মৃত্যু হার কমানো, স্বাস্থ্যবান শিশুর সুরক্ষার ব্যবস্থা করা, সংসদ গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে মহিলাদের মতামতকে মর্যাদা দেওয়া, নারীর অধিকারকে প্রতিষ্ঠিত করার পরিবেশ তৈরি করা, তাদের কাজ এবং শিক্ষার অধিকারকে প্রতিষ্ঠিত করা। এক কথায় স্বাভাবিক উন্নয়নের গতিকে শক্তিশালী করার মধ্যে দিয়ে এই কাজগুলি করা সম্ভব হবে। এবারে আসুন বিচার করে দেখি যে ভারতবর্ষে আমরা এই ব্যবস্থাগুলি কি ভাবে করতে পেরেছি। এটা আমার কথা নয়, The State of the World children, 1994 UNICEF যেটা প্রকাশ করেছে, তাদের প্রতিবেদন তারা উল্লেখ করেছে যে ৪৭ বছর পরেও ভারতবর্ষে এখনও প্রায় ১৬ শতাংশে বেশি মানুষ বিশুদ্ধ পানীয় জল পায়না। আমাদের এখানে ভারতবর্ষের মানুষ মাত্র ১৬ শতাংশ অ্যাডিকোয়েট সেনিটেশন বলতে যা বোঝায়, সেই অ্যাডিকোয়েট সেনিটেশন শুধু মাত্র ১৬ শতাংশ মানুষের জন্য প্রযোজ্য এবং ইউনিসেফ-এর এই প্রতিবেদনে যা বলা হয়েছে, সেটা কেন্দ্রীয় সরকারের এই বছরের যে ইকোনমিক সার্ভে রিপোর্ট বেরিয়েছে, সেই রিপোর্টে স্বীকার করে নেওয়া হয়েছে। আমরা ইউনিসেফের প্রতিবেদনে দেখছি যে সেখানে বলা হয়েছে Improved health is one of the most powerful weapons for attacking poverty অথচ যেখানে সকলে একথা বলছেন, সেখানে আপনারা জানেন যে এখনও ৪৮ শতাংশ মানুষ আমাদের দেশে দারিদ্র সীমার নিচে বাস করছে। যারা স্বাস্থ্য নিয়ে চিৎকার করছেন, যারা একথা বলছেন যে আমরা সকলের জন্য স্বাস্থ্য চাই, আমি সেখানে আশা করব যে এই রকম একটা দেশে কেন্দ্রীয় সরকার সেই গুরুত্ব দিয়ে, সেই দৃষ্টিভঙ্গিতে সার্বিক উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করবেন।

কিন্তু আমরা এসে কি দেখতে পাচ্ছি সেখানে দেখতে পাচ্ছি সমস্ত স্বাস্থ্য পরিষেবার জন্য আমাদের যে জি ডি পি, মাত্র ৩.৩ শতাংশ প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায়। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যাও বা করা হয়েছিল, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সেটা দাঁড়ালো ১.৯ শতাংশ। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কিছু বাড়ল। কিন্তু মুদ্রাস্ফীতি যে জায়গায় রয়েছে তাতে বাড়াটা কোনও বৃদ্ধি বলে গণ্য হবে না। ১৯৯৩ সালের বিশ্বব্যাঙ্কের প্রতিবেদনে বলা হয়েছে উন্নয়নশীল দেশ যেগুলি রয়েছে সেই উন্নয়নশীল দেশের মধ্যে ভারতবর্ষ পড়ে। সার্বিক স্বাস্থ্য পরিষেবার জন্য উন্নয়নশীল দেশগুলি ব্যয় করে মাথা পিছু ৪১ ডলার আর সেখানে ভারতবর্ষ সামগ্রিকভাবে ব্যয় করে ২১ ডলার। সব রাজ্যের ব্যয় নিয়ে বলছি। বিশ্বব্যাঙ্কের প্রতিবেদন বলে দিচ্ছে, ভারতবর্ষকে পরামর্শ দিচ্ছে স্বাস্থ্য সরকারি ব্যবস্থার উপর নয়, ব্যক্তিগত ব্যবস্থার উপর নির্ভর করতে হবে। এই পরামর্শ তারা দিচ্ছে! বর্তমান কেন্দ্রীয় সরকার, তাদের যে বাজেট বরাদ্দ তাতে তাদের নীতি যে গ্রহণ করেছেন সেটা স্পষ্ট বোঝা যাচ্ছে। বিশ্বব্যাঙ্কের এই পরামর্শ তারা নির্দেশ বলে মেনে নিয়েছেন সেই ভূমিকা আমরা দেখতে পাচ্ছি। আমরা সেই জন্য দেখতে পাচ্ছি এই বছরের ভারত সরকারের আর্থিক সমীক্ষার বলা হচ্ছে স্বাস্থ্য পরিষেবা এটা কিভাবে হবে। গ্রামীণ এলাকায় এটা আরও সংহত করা হয়েছে, সম্প্রসারণ নয়, কনসোলিডেশনের কথা বলা হয়েছে। সুদীপবাবু বলেছেন সকলের জন্য স্বাস্থ্য ২০০০ সালের মধ্যে। এই স্লোগান থেকে কেন্দ্রীয় সরকার পেছিয়ে এসেছে। গত বছর এখানে প্ল্যানিং কমিশনের জে এস বাজাজ সাংবাদিক সম্মেলন করে বলে গিয়েছিলেন

নট হেলথ ফর অল health for the under privileged। কাজেই শুরুতে আসছি, বিশ্বব্যাঙ্কের পরামর্শকে নির্দেশ বলে মেনে নিয়ে কেন্দ্রীয় সরকার কাজ করছে বলে আমার মনে হচ্ছে। আমার মনে হচ্ছে এই জন্য শুধু বিশ্বব্যাঙ্কের প্রতিবেদনে নয় আর্থিক সমীক্ষার রিপোর্টে কি বলছে? বলছে কিউরেটিভ, রেফারেল কেসে এই উভয় পরিষেবার ক্ষেত্রে ইউজারদের কাছে থেকে চার্জ নেওয়ার কথা বলা হয়েছে। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার এক রকম বলছে আর আপনারা রাজ্যের কাছে দাবি করছেন অন্য রকম। আমরা দেখতে পাচ্ছি ১৯৯৪-৯৫ সালের যে আর্থিক বাজেট সেই বাজেটে ৩৬৫ কোটি টাকা স্বাস্থ্য পরিষেবা এবং পরিবার কল্যাণের জন্য দিয়েছেন কেন্দ্রীয় সরকার। সমগ্র বাজেটের শতাংশ দিয়ে হিসাব করে আমরা দেখেছি ভারতবর্ষের ৯০ কোটি লোকের জন্য স্বাস্থ্য পরিষেবার জন্য ধরা হয়েছে ১.৪ শতাংশ। আজকে শুধু ইউনিসেফের রিপোর্টে নয় ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং এমন কি কেন্দ্রীয় সরকার যে সমস্ত কমিটি করেছে সেই কমিটিগুলির রিপোর্টে বলছে সমস্ত জায়গায় সার্বিক উন্নয়নের জন্য সামাজিক উন্নয়নের জন্য সব চেয়ে বেশি খরচ করতে হবে শুধু স্বাস্থ্য দপ্তরের জন্য নয় প্রধানত ৯টি বিভাগ আছে যেমন কৃষি সেচ, বন্যা, নিয়ন্ত্রণ, শিক্ষা স্বাস্থ্য, আরবান ডেভেলপমেন্ট এবং হাউসিং এই সমস্ত ডিপার্টমেন্টে। এতগুলি দপ্তর নিয়ে ১৮ হাজার কোটি টাকা খরচ করেছে কেন্দ্রীয় সরকার অর্থাৎ কেন্দ্রীয় সরকারের যে বাজেট তার ১১.৬ শতাংশ এই সমস্ত ডিপার্টমেন্টে বরাদ্দ করা হয়েছে। আর ঋণ শোধ করতে চলে যাচ্ছে, ৪৮ হাজার কোটি টাকা। অর্থাৎ সিংহভাগ চলে যাবে, কেন্দ্রীয় সরকার বিদেশ থেকে বা অন্যান্য জায়গা থেকে যে ঋণ নিয়েছে তা শোধ করতে।

[5-40 — 5-50 p.m.]

তাহলে স্বাস্থ্য কী হবে? কিভাবে আপনারা স্বাস্থ্যকে রক্ষা করতে পারবেন বলতে পারেন? এটা আপনাদের বিবেচনা করতে বলছি। এবারে আসুন, স্বাস্থ্য সম্পর্কিত ব্যাপারে ৪৫ সদস্যের কমিটি, পি উপেন্দ্র কমিটি, তারা গত লোকসভার অধিবেশনে প্রতিবেদন পেশ করেছেন, তাতে তারা কি বলেছেন? তারা বলেছেন, রুর্যাল ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টারে গত বছরে ১৫২ কোটি টাকা ছিল, আজকে তাকে কমিয়ে ১৩১ কোটি টাকা করেছেন। আর্বান ফ্যামিলি ওয়েলফেয়ার ২৮ কোটি টাকা ছিল, এবারে সেটাই রেখে দিয়েছেন। মুদ্রাস্ফীতি যে জায়গায় গিয়েছে আপনাদেরই নীতির জন্য, সেখানে পরিবার কল্যাণ বলুন, যাই বলুন, স্বাস্থ্য সেবা কি করে সম্ভব হবে? এই দৃষ্টিভঙ্গির জন্য কি করে করা সম্ভব হবে? শুধু তাই নয়, পি উপেন্দ্র কমিটি এরজন্য ক্ষোভ প্রকাশ করেছেন। পরিবার কল্যাণের জন্য কেন্দ্রীয় সরকার যে টাকা বিভিন্ন রাজ্যের জন্য ধার্য করেন, সেখানে জনসংখ্যার উপর ভিত্তি করে টাকা ধার্য করেন। ৬০ শতাংশ জনসংখ্যার উপরে মূল্য দেওয়া হয়, আর বিভাগীয় কাজকর্ম যারা করেন, সেই ব্যাপারে এক শতাংশ মূল্য দেওয়া হয়। পি উপেন্দ্র কমিটি বলেছেন এটা ভেবে দেখা দরকার। যে সমস্ত রাজ্যে লোকেরা ভাল কাজ করে তাদের উৎসাহ দেওয়া দরকার প্রি-ন্যাটাল ডায়াগনস্টিক যে বিল যৌথ সংসদীয় কমিটির কাছে বিবেচনার জন্য পাঠানো হয়েছিল, তারা ডিসেম্বর মাসে তা বিবেচনা করে পাঠিয়েছেন অথচ আজও আপনারা তাকে আইনে রূপান্তরিত করেন নি। সেজন্য অবিলম্বে আইনে পরিণত করার জন্য তারা আবেদন করেছেন। আমি শুধুমাত্র মন্ত্রী হিসাবে নয়, একজন মহিলা হিসাবে দাবি করছি,

আমাদের দাবি থাকছে পরিবার কল্যাণ বিভাগের কেন্দ্রীয় মন্ত্রীর কাছে যাতে আইনগুলো পাস হয়। এতগুলো কথা আপনাদের কাছে তুললাম এই পরিস্থিতিতে দাঁড়িয়ে। আমাদের বিভাগের সম্বন্ধে যেটুকু বলতে চাই সেটা হচ্ছে, আমাদের রাজ্য সরকারের সীমাবদ্ধতার কথা আপনারা জানেন। তার মধ্যে দাঁড়িয়েও আমরা ৫৩৮ কোটি টাকা এই বিভাগের জন্য রেখেছি, এটা মোট বাজেটের ৫.৭ শতাংশ। সেখানে কেন্দ্রীয় সরকার মাথাপিছু বাজেট বরাদ্দের থেকে ধার্য করেছেন ২৬ টাকা। আর আমরা মাথাপিছু ধার্য করতে পেরেছি ৭৬ টাকা। এই কাজ করার পরেও এখানে আপনারা ছাঁটাই প্রস্তাবগুলো কেন দিয়েছেন তা জানিনা। ছাঁটাই প্রস্তাবগুলো আমি অগ্রাহ্য করছি। আপনারা বিষয়টি খতিয়ে দেখছেন না। সৌগতবাবু এখানে ভাসা ভাসা ভাবে বলে গেলেন, আমাদের উদ্দেশ্যটা কি, টার্গেটটা কি? আমরা তো এর বিরোধিতা করে এসেছি। আমরা কেন্দ্রীয় সরকারকে বার বার বলেছি, টার্গেট এখানে দেবেন না। কোন রাজ্য কি কাজ করছে তা দেখুন। আমাদের উদ্দেশ্য হচ্ছে শিশু মৃত্যুহার কমানো। মৃত্যুর হার যাতে কম হয়, জন্মের হার যাতে কমে এবং জনসংখ্যাকে যাতে নিয়ন্ত্রণ করা যায়, এগুলো করাই হচ্ছে আমাদের উদ্দেশ্য। কাজেই কাজের ফলাফলের উপরে নির্ভর করে পরিকল্পনা করা দরকার। এক একটা পরিস্থিতিতে দাঁড়িয়ে আজকে পরিকল্পনা করা দরকার। আশা করি যে কেন্দ্রীয় সরকার এটা মেনে নেবেন। আশা করি যে তারা এটাকে পরিবর্তন করবেন। তারা এটা ভাবছেন। এখানে সৌগতবাবু ছাঁটাই প্রস্তাব রেখেছেন। আরও অনেকে রেখেছেন। কেউ বলেছেন, আমরা ভালভাবে কাজ করি না। এটা আমরা তো সমীক্ষা করি না, কেন্দ্রীয় সরকার করেন। বার্থ রেটে যে পজিশন আছে, আমরা বার্থ রেটে চতুর্থ স্থানে আছি। আর ডেথ রেটে ভাল পজিশনে আছি। তাহলে খারাপ কোথায়? সৌগতবাবু বলছেন জিরোতে আনতে হবে। তিনি হয়ত কিছু জানেন না, নয়তো বলতে হবে, যেহেতু ছাঁটাই প্রস্তাব আনতে হবে, তাই বালসুলভ বলেছেন, চপলতা দেখিয়েছেন। জিরোতে কোথাও পৌছলো না, পশ্চিমবাংলা জিরোতে পৌছে যাবে? কেন্দ্রীয় সরকার বলেছেন দুহাজার সালের মধ্যে ১.২তে আনতে। ২ হাজার সালের মধ্যে জিরোতে আসতে হবে বলছেন। ২ হাজার ১৬ সালের মধ্যে জিরোতে পৌছাতে হবে। আমাদের পশ্চিমবঙ্গকে যদি ২ হাজার সালের মধ্যে জিরোতে আসতে হয় তাহলে ভারত সরকারকেও জিরোতে আসতে হবে। সুতরাং এইসব হাস্যকর প্রস্তাব করার কোনও যুক্তি আছে? এইসব প্রস্তাব কখনই সমর্থন করা যাবে না। ডাঃ তরুণ অধিকারী যে প্রস্তাব দিয়েছেন আমরা তার বিবেচনা করব। উনি দেশের কল্যাণ চেয়েছেন এবং বলেছেন বাজেট বরাদ্দ বেশিরভাগ টাকা যাতে গ্রামেগঞ্জে গরিব মানুষদের চিকিৎসা খাতে খরচ করা হয় এবং তারজন্য তারা সব রকমের চেষ্টা করবেন। এটা শুনেও ভাল লাগল, যাইহোক এইকথা বলে আপনাদের সবাইকে অভিনন্দন জানিয়ে ব্যয় বরাদ্দকে সমর্থন করার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সহকারি শ্রীমতী ছায়া বেরা ভারতবর্ষের সার্বিক পরিস্থিতি পরিপ্রেক্ষিতে যে বক্তব্য রেখেছেন আমি মনে করি বিরোধীদলের বন্ধুরা এতে বিতর্ক থাকা সত্ত্বেও এটা ভাবতে চেষ্টা করবেন। আমাদের বিরোধীদলের প্রধান বক্তা সৌগত রায় নেই, ডাক্তার তরুণ অধিকারী বক্তব্য রেখেছেন তিনি বললেন যে আমাদের এখানে মেডিক্যাল এডুকেশন সিস্টেমটাই খারাপ। এখানে স্বাস্থ্য, শিক্ষা যে ব্যবস্থা আমরা

করেছি সেই ব্যবস্থার ফলে ভাল ভাল চিকিৎসকরা হাসপাতাল ফেলে পালিয়ে যাচ্ছে এবং এতে খুব ক্ষতি হচ্ছে। তারফলে আজকে নার্সিং হোমগুলো গজিয়ে উঠছে। এরফলে মানুষ আজকে পিয়ারলেস হসপিট্যাল, ক্যালকাটা হসপিট্যাল, বেলভিউ ইত্যাদি হসপিট্যালগুলোতে ভর্তি হচ্ছে। সরকারি হাসপাতালে চিকিৎসা পাচ্ছে না। আমাদের নাকি শয্যা সংখ্যা বাড়েনি। আরও বেশি বাড়ানো দরকার। আপনাদের জানিয়ে রাখি যে, এই শয্যা সংখ্যা শতকরা ৯০ শতাংশের বেশি অবৈতনিক। আমাদের দেশের বর্তমান যে অবস্থা তাতে প্রায় ৫০ শতাংশ মানুষ দারিদ্র সীমার নিচে বসবাস করে এবং সেখানে যে চিকিৎসা পায় তাতে সরকারি চিকিৎসার থেকেই পেয়ে থাকেন এবং তাদের জন্যই এই বেডের ব্যবস্থা। আর আপনারা বললেন যে এখানে কোনও চিকিৎসার পরিবেশ নেই, জনসেবার কোনও ব্যবস্থা নেই যারফলে বেসরকারি হাসপাতালে গিয়ে লোকে চিকিৎসা পায় তাতে শতকরা কতজন এই চিকিৎসা পায় বলতে পারেন? কতজন লোক এই চিকিৎসার সুযোগ পায় সেটা একটু বিবেচনা করে দেখবেন। এবং যারা প্রথমে সেখানে ভর্তি হয় আবার সেখান থেকে ফিরে এসে সরকারি হাসপাতালের চিকিৎসা নেয়। বেসরকারি হাসপাতালে ভর্তি হতে গেলে প্রথমেই ৩ হাজার, ৫ হাজার ১০ হাজার মতো টাকা জমা দিতে হবে। এই ডিপোজিট না দিলে ভর্তি হতে পারবে না। সেখানে সরকারি হাসপাতালে এই জমা টাকা দেওয়া তো দূরের কথা বিনে পয়সায় ভর্তি হয়। আপনারা যদি তথ্য চান তাহলে আমি দিতে পারি এই ধরনের বেসরকারি হাসপাতাল থেকে কত রোগী আমাদের সরকারি হাসপাতালে ভর্তি হচ্ছে বা হয়েছে। যখন যথা সর্বস্ব খুইয়ে ফেলছে তখন আর কোনও গতি থাকে না, ওদিকে চিকিৎসারও দরকার এবং টাকা জোগাড় করার কোনও সুযোগ থাকে না, তখন আমাদের এই সরকারি হাসপাতালে এসে চিকিৎসা নেয় এবং তারা সুস্থ হয়ে এখানে চিকিৎসা পেয়ে বাড়ি ফিরে যায়।

[5-50 — 6-00 p.m.]

এই তথ্য আমি দিতে পারি যদি আপনারা চান, এই তথ্য আমার কাছে আছে। আমি মনে করি বিধায়ক সৌগত রায় তিনি নিশ্চয় জানেন, তিনি যে হাসপাতালের সঙ্গে যুক্ত আছেন এই হাসপাতালে বেশি সংখ্যক এই ধরনের রোগীরা চিকিৎসা পেয়ে বাড়িতে যান। আমরা এই কথা বলতে পারি এই যে চিকিৎসা ব্যবস্থাটা এটা কিন্তু আপনাদের রাজনৈতিক গুরু ডাঃ বিধানচন্দ্র রায় যিনি শুধু ভারতবর্ষের একজন খ্যাতনামা চিকিৎসক নন, আন্তর্জাতিক ক্ষেত্রে তার সুনাম আছে, তিনি এটা শুরু করেছিলেন। তিনি আপনাদের থেকে কম বুদ্ধিমত্তা লোক নন। বরঞ্চ আপনাদেরকে তিনি অনেক উপদেশে দিতে পারেন, শিক্ষা দিতে পারেন। বিধানচন্দ্র রায় চিকিৎসার ক্ষেত্রে যে নেতৃত্ব দিয়েছিলেন সেটা আমি অনুসরণ করছি, শুধু আমি নই, আমার আগে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী যিনি ছিলেন ননী ভট্টাচার্য মহাশয় তিনিও সেটার চেষ্টা করেছিলেন। কিন্তু হাইকোর্টের ইনজাংশনের ফলে তিনি সেটা বন্ধ করে দিতে বাধ্য হয়েছিলেন। আমি শুধু এটা মনে করি প্রশাসনকি নির্দেশ দিলে হবে না, আইন করে লড়াই করে এই ধরনের তথাকথিত চিকিৎসককে শিক্ষা দিতে হবে। কলকাতা হাইকোর্টের ডিভিসন বেঞ্চ এবং সুপ্রীম কোর্টে যেখানে দিনে ৩০-৪০ হাজার টাকা ব্যয় করে সুকুমার মুখার্জির মতো বড় বড় ডাক্তাররা কেস করেছিলেন, সেখানে আমরা জয়ী হয়েছি। শুধু তাই নয়, সেই রায় বলেছে ভারতবর্ষের কোনও বিচারালয়ে যদি এই রকম কেস পেন্ডিং থাকে সেইগুলিও

বাতিল হয়ে গেল। সুকুমার মুখার্জির মতো ৪ জন ডাক্তার আজকে তাদেরকেও রাখতে চেয়েছিলাম, অপশন দেননি বটে তাদেরকে পোস্টিং করেছিলাম, কিন্তু তারা থাকেননি। এক বুঝতে পারে কি? আমরা তো এই ব্যবস্থা করেছিলাম একদিকে যেমন তারা ২ বছরের বেশি শিক্ষকতা করতে পারেন এবং আমরা কিছু অ্যালাউন্সও দিয়েছিলাম, কিছু সুযোগ সুবিধার কথা বলেছিলাম, কিন্তু কেন তারা গ্রহণ করলেন না! বড় বড় চিকিৎসা যারা শিক্ষক, তারা আমাদের নতুন প্রজন্মের যারা চিকিৎসক হবেন তাদেরকে ভালভাবে পড়াবেন এই মানসিকতা কেন তাদের থাকবে না। কেন এথিক্স থাকবে না। এখানে শিক্ষকতা করার পর তারা নার্সিং হোমে সারাদিন কাটাবে। আপনারা এটা চান, কিন্তু আমরা তা চাই না। আমরা নতুন নতুন অভিজ্ঞ চিকিৎসক, গবেষক তাদের আমরা উৎসাহ দিচ্ছি। ১৮৪৫ সালে প্রথম মেডিক্যাল কলেজ হয়েছিল। আমরা তখন পরাধীন ছিলাম। পরাধীন থাকাকালীন কলকাতা শহরে চিকিৎসা ব্যবস্থার উন্নতি হয়েছিল, কিন্তু যখন আপনারা দিল্লির গদিতে বসলেন তখন থেকে এই চিকিৎসা ব্যবস্থা অবনতি হতে শুরু করল। আপনারা তার দিকে কোনও নজরই দিলেন না। আজকে আন্তর্জাতিক অর্থ ভান্ডারের সাহায্য ছাড়া আমাদের দিন চলে না, সংসার চলে না। বেসরকারি শয্যা সংখ্যা অন্যান্য রাজ্যে যা আছে, আমাদের এখানে তার থেকে কম আছে। এস এস কে এম নিউরোলজির ক্ষেত্রে একটা ফ্লোর আলাদা করে করা হয়েছে। ( টি-র দুটো ফ্লোর করা হয়েছে। সেখানে আজকে কিডনি ট্রান্সপ্ল্যানটেশন শুরু হয়েছে এবং সে পারসেন্ট অপারেশন আজকে সাকসেসফুল হচ্ছে। আমি গর্বের সঙ্গে বলতে পারি আমাদের এখানকার গ্যাস্ট্রো-এন্ট্রাটাইটিস ডিপার্টমেন্ট ইস্টার্ন ইন্ডিয়ার মধ্যে বেস্ট। হার্টের রোগের আরও ভালো চিকিৎসার জন্য গান্ধী হাসপাতালে আমরা আরও আধুনিক যন্ত্রপাতি বসাচ্ছি। মেডিক্যাল কলেজের কার্ডিও থোরাসিক ডিপার্টমেন্ট খুব ভালো। বাইপাস সার্জারি, ওপেন হার্ট সার্জারি ভালভ বসানো পেস মেকার বসানোর এস এস কে এমের রেজাল্ট খুব ভালো। আপনারা বলেন লোকে নাকি ভেলোর যাচ্ছে, যশলোক হাসপাতালে যাচ্ছে, অ্যাপোলো হাসপাতালে যাচ্ছে, বিড়লা হার্ট ক্লিনিকে যাচ্ছে। কিন্তু আমাদের কাছে খবর অন্য রকম। আমাদের কাছে লোকে আসছে, তারা বলছে আমাকে একটা চিঠি করে দিন, অন্য জায়গায় দু লক্ষ টাকা খরচ করে চিকিৎসা করাবার ক্ষমতা আমাদের নেই, আমরা অত টাকা দিতে পারব না। ও হাসপাতালেই ভালো চিকিৎসা পাচ্ছে। অন্যান্য জায়গার থেকে এখানে তারা ফ্রিতে চিকিৎসা ব্যবস্থা পাচ্ছে' সুতরাং আমাদের ভাবতে হবে আপনারা এত সব কথা বলছেন কাদের জন্য

[6-00 — 6-10 p.m.]

আমাদের দেশটা কাদের জন্য? আমরা কি ঐ ১০ পারসেন্ট যারা রিচ পিপল তাদের কথাই ভাবব তাদের জন্যই বড় বড় বক্তব্য রাখব, না গ্রামে যে ৭০/৭৫ ভাগ মানুষ বাস করেন এবং যারা দরিদ্র মানুষ তাদের কথা ভাবব? আমরা নিশ্চয় গরিব মানুষ যারা তাদের কথাই ভাবব এবং তাদের জন্য চিকিৎসা ব্যবস্থা আগে করব। সেইজন্যই আপনারা দেখবেন গ্রামের মানুষ যারা তাদের জন্য ১২৫০টি স্বাস্থ্য কেন্দ্র আমাদের রয়েছে, মহকুমা হাসপাতাল রয়েছে রুর‍্যাল হাসপাতাল রয়েছে, স্টেট জেনারেল হাসপাতাল রয়েছে, ডিস্ট্রিক্ট হাসপাতাল রয়েছে। অর্থাৎ ডিস্ট্রিক্ট হাসপাতাল পর্যন্ত বলতে পারেন সেটা গ্রাম্য পরিবেশে রয়েছে। গ্রাম দরিদ্র কৃষক ক্ষেতমজুর এবং অন্যান্য শ্রমজীবী মানুষ যারা দু বেলা ঠিকমতোন খেতে পায়

সেই মানুষদের জন্য আমাদের আগে ব্যবস্থা রয়েছে। ওষুধ নিয়ে আপনারা যারা বলেছেন াদের কথা আমি শুনেছি আমি যাব সেখানে। এ আর ভি, এ ভি এস ইত্যাদির কথা লেছেন। আমি বলছি, ওষুধের ব্যবস্থা বর্তমানে যেটা করেছি সেটা আমি ঘুরে ঘুরে দেখেছি। য় প্রাথমিক হাসপাতাল যত জায়গায় আছে তারা বলছে এখন আমরা সমস্ত ওষুধ পাচ্ছি। বপ্রসাদ সরকার মহাশয় বললেন, গজ ব্যান্ডেজ পাওয়া যায় না। আমি ওকে বলছি, একটা ষ্টান্ত দেবেন, জায়গার নাম দেবেন আমি যাব আপনার সঙ্গে। আজকে আর সেদিন নেই। াফটার ডিসেন্ট্রালাইজেশন.....................

(গোলমাল)

আমি যাব আপনার সাথে। আমি বলছি, ডিসেন্ট্রালাইজেশন হবার পর আপনারা জানবেন ে আমূল পরিবর্তন হয়েছে। ওষুধ সরবরাহের ক্ষেত্রে আমরা ৪টি কোয়ার্টারে টাকা দিই। মরা যে কমিটি করেছি তাতে সভাধিপতি মহাশয়কে চেয়ারম্যান করে, ডি এমের রিপ্রেজেনটেটিভকে সদস্য করে, সি এম ও এইচ ওয়ান যিনি ওষুধপত্র ইত্যাদি ব্যাপারগুলি স্থন স্টোর দেখেন তাকে দায়িত্ব দিয়েছি। তাছাড়া অ্যাডমিনিস্ট্রেটার অথবা একজন কন্ট্রোলার ব অ্যাকাউন্টস জানেন তাকে সদস্য রেখে পারচেসটা করছি। চিফ মেডিক্যাল অফিসার ইজ সার্ভে ফার্স্ট অ্যান্ড অ্যাসেস দি টোটাল রিকোয়ারমেন্টস অব দি ডিস্ট্রিক্ট। সেইভাবে আমাদের ওষুধটা সরবরাহ করা হয়। এখন এই অবক্ষয় কেন? মিঃ সরকার মাননীয় সদস্য, তিনি মাদের সমাজের কথা জানেন, অধিক বলে লাভ নেই। ইউ মাস্ট নো হোয়াট ইজ হোয়াট দি সোসাইটি। ইট ইজ এ ক্যাপিটালিস্টিক সোসাইটি। ইট ইজ নট এ সোসালিস্টিক সাইটি। এই ক্যাপিটালিস্টিক সোসাইটিতে কি হয় আপনি সবই জানেন সুতরাং সেইভাবে দের সব কিছু চিন্তা করতে হচ্ছে । এই অবস্থাতেও আমরা চিন্তা করছি যাতে গ্রামের দের উপকার করতে পারি। আজকে আমি বলতে পারি, আমরা লেপ্রসি পেশেন্টদের তিন টাকা করে বাড়িয়েছি তাদের খাদ্যের জন্য। এক সময় গৌরীপুর থেকে ডাক পেয়ে খানে গিয়েছিলাম। তারা বললেন, আমাদের প্রোটিন একটু বেশি দরকার। তাদেরও একই দের ডায়েট ছিল। সেখানে তিন টাকা করে আমরা বাড়িয়েছি। হিল স্টেশনের জন্য যেমন টাকা করে এখনই বাড়ানো হল তেমনি টি বি রোগীদের জন্য স্পেশ্যাল দু টাকা করে বাড়িয়েছি। সাধারণ ক্ষেত্রে রোগীদের ৭ টাকার জায়গায় ৯ টাকা করেছি। অনেকে দাবি রে বলেছিলেন যে আপনরাও কিছু টাকা চার্জ করছেন না কেন অন্যান্য স্টেটও তো কিছু চার্জ করে। এটা আমার অবশ্য ঠিক জানা নেই। আমরা বলেছিলাম, না গরিব মানুষকে বেরর টাকাটা দিতে হবে তা হয় না। আমরা সেখানে নিই নি। তারপর স্পেশ্যাল টেনডেন্টদের সম্পর্কে কয়েকটি কথা বলা হয়েছে। সমস্ত কাট মোশনের বিরোধিতা করে ই এ সম্বন্ধে দেখলাম কিছু ক্ষোভ বিরোধীদের রয়েছে। স্পেশ্যাল অ্যাটেনডেন্টদের সম্পর্কে তে গিয়ে মাননীয় সৌগতবাবুকে খাটো করতে চাই না। কিন্তু পরিষ্কার বলছি দেয়ার ইজ রিজন।

কিন্তু আমি এই দপ্তরের ভার নিয়ে অর্ডার দিয়েছি দেয়ার শুড নট বি এনি অ্যাপয়েন্টমেন্ট ফ্রি স্পেশ্যাল অ্যাটেনডেন্ট। এর দুর্নীতিগ্রস্ত। আমি ফ্রী বেড দিচ্ছি, অসহায় লোক, কিন্তু

তার থেকে একজন স্পেশ্যাল অ্যাটেনডেন্ট পাঁচ জনের থেকে টাকা নিয়ে এই ধরনের দুর্নী করছে। আপনি কত উদাহরণ চান? আমি সেই জন্য বন্ধ করে দিয়েছি। আমরা স্পেশ্যা অ্যাটেনডেন্ট রাখব না। আমাদের অভাব অনটন আছে, মেয়েদের কাজের দরকার আছে, কি দেয়ার ইজ এ লিমিটেশন। এর বেশি করতে পারি না। আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্য সঠিক পদ্ধতিতে নিয়োগ করতে পারি কি না, সেই ব্যাপারে কতকগুলো পথ নিয়ে সেইগুলো চেষ্টা করছি। একটা কথা বারবার বললেন, আন্ত্রিকের কথা, কলেরার কথ আপনারা একটু অ্যাডভাইস করুন তো, আমি আপনাদের অ্যাডভাইস নেব। ওয়ার্ল্ড হেল অর্গানাইজেশন বলছেন যে ভ্যাকসিন ইজ ইনএফেকটিভ, তাহলে আমরা ভ্যাকসিনের কথ ভাবব না চিকিৎসার কথা ভাবব? এই ভাবে নতুন করে কিছু ভাবা যায় না। কনভেনশনা মেথডে আমরা যেভাবে কাজ করতে চাই, তাকে উৎসাহিত করুন। এতদিনেও সারা ভারতব সেন্ট পারসেন্ট ড্রিঙ্কিং ওয়াটারের ব্যবস্থা হল না কেন? আমি আরবান ডেভেলপমেন্ট দপ্তরে চার্জে ১০ বছর ছিলাম। ভারত সরকারের নিরিখ ছিল একটা ভিলেজে একটা টিউবওয়ে হলে ইট ইজ টু বি টেকেন দ্যাট দি ভিলেজ ইজ সাফিসিয়েন্টলি অ্যান্ড ফুললি সাপোর্টে বাই দি সেফ ওয়াটার সাপ্লাই, তার মানে কি কেউ অ্যাকসেপ্ট করতে পারেন? আপনা একটা টিউবওয়েলে চলবে কি আমি যে কথাটা বলছি, এই যে আন্ত্রিক হচ্ছে, এই ধরনে এক ভিলেজে একটা টিউবওয়েল হলে, তাহলে আন্ত্রিক বন্ধ করতে পারবেন? সে ব্যবহার করবে যেখান থেকে জল পাবে। সুতরাং কথাটা ভারতবর্ষের চেহারাটা দেখে বলুন লেট দি ওয়ার্ল্ড হেলথ অর্গাহনাইজেশন অ্যাডভাইসার্স ডিসাইড। হোয়াট শুড ডিসকাশড।

**শ্রী সৌগত রায় ঃ** কলেরার ভ্যাকসিন না দিতে বলছে ডবলিউ এইচ ও?

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** ইয়েস। আর একটা কথা, আমি একটা পেপারে পড়ে ইন্ডিয়া গভর্নমেন্টকে তারা বলছে ইউ ডিক্লেয়ার ইন্ডিয়া অ্যাজ অ্যান এপিডেমিক ইন কলে আপনারা পড়ে দেখবেন। আমি কিন্তু এর বিশ্বাসযোগ্যতা জানি না, কিন্তু আমাদের ডিরেক্ট জেনারেল অব হেলথ সার্ভিসেস, গভর্নমেন্ট অব ইন্ডিয়া, তিনি বলছেন না, উই আর নট গোয়িং টু ডিক্লেয়ার সো। সুতরাং কথাটা হল, আমাদের আজকে সমস্ত জিনিসটা দেখতে হবে আমরা কি ভাবে, যা আমাদের আর্থিক অবস্থা আছে এর মধ্যে করতে হবে। এটা ঠিক, যে আপনারা বলছেন, আমরা চিকিৎসা ব্যবস্থার কথা আলোচনা করছি, না, স্বাস্থ্য দপ্তরের সম্পর্কে আলোচনা করছি? আমি বলতে চাই পি ডবলিউ ডি, পি এইচ ই, সোশ্যাল অর্গানাইজেশন পাবলিক হেলথ, এইগুলো সবকে নিয়ে একটা কো-অর্ডিনেটেড ওয়েতে কাজ করতে হবে এইভাবে যদি না হয় তাহলে আপনারা যেমন উত্তরাধিকারী, আমরাও তেমনি উত্তরাধিকারীর মতো কাজ করে যাব। কিন্তু আজকে আমাদের দেখতে হবে সাধারণ মানুষ এর যদি স্বা রক্ষা করতে চাই, তাহলে আমাদের যে পরিমাণ অর্থ আছে, সেটাকে কি ভাবে পরিকল্পনা মাফিক কাজে লাগাতে পারি, সেটা দেখতে হবে। সেটা কিন্তু আমরা চেষ্টা করছি। সেজন্য বার বার আমরা বলছি, উই ওয়ান্ট কন্সোলিডেশন এবং এটা বোধ হয় সাবজেক্ট কমিটি বলছে—যা আছে তা অন্তত সঠিকভাবে ব্যবহৃত হোক, সেই জায়গাগুলোতে ভাল চিকিৎসা হোক, সব জায়গায় চিকিৎসক থাকুক। কিন্তু আমাকে খুবই দুঃখের সঙ্গে বলতে হচ্ছে আমরা এখন পর্যন্ত ১৯৮ জন ডাক্তার দিয়েছি। শুধু তাই নয়, ৭৮ সাল থেকে ৫২

১০০০ জনকে, তারপর ৬৬৮ জনকে, তারপরেও ৩৩২ জনকে নিয়োগপত্র দিয়েছি এবং আরও ৫০০ জনের নাম লিস্ট করে রেখেছি। কিন্তু পারসেন্টেজ অব জয়েনিং কত? ৭৮ সালে ৫২% ৮১ সালে ৫০%, ৮৪ সালে ৩৫%, ৮৭ সালে ৪৮%, এবং ৮৯ সালে ৫৭%। আর এ বছরের পারসেন্টেজটা একটু বেশি। প্রকৃত অবস্থাটা রিপোর্ট ব্যাক হলে বুঝতে পারব। এখন ৬২% এখানে প্রাইমারি হেলথ কেয়ারের কথা বলা হল। আমাদের সাড়ে বারো শো হেলথ সেন্টার আছে। তারপর রুর‍্যাল হাসপাতাল, স্টেট জেনারেল হাসপাতাল, সাব-ডিভিসনাল হাসপাতাল এবং ডিস্ট্রিক্ট হাসপাতাল আছে। সব জায়গায়ই ডাক্তার দেওয়ার দরকার আছে। একজন সদস্য বললেন যে, ডাক্তাররা ডিস্ট্রিক্ট হসপিটাল, সাব-ডিভিসনাল হাসপাতালে বেশি যেতে চায়। ইট ইজ ক্যারেক্ট। আমরা এক একজন ছাত্রকে ডাক্তার করতে ৫ লক্ষ, ৬ লক্ষ টাকা ব্যয় করছি। সুপ্রিম কোর্টের অর্ডার অনুযায়ী এক একজন পি জি টি কে তিন বছর ধরে ৯৫০ টাকার জায়গায় ১৮৫০ টাকা করে দিচ্ছি। তাদের রেসিডেনসিয়াল করেছি যাতে ক্লিনিক্যাল সাইড দেখতে পারে— দে ক্যান অ্যাটেন্ড পেশেন্টস। চিকিৎসা ব্যবস্থার স্বার্থে যেখানে ডাক্তার প্রয়োজন সেখানেই ডাক্তার বাড়াবার চেষ্টা করছি। ডাক্তারীর ছাত্ররা ১৮ টাকা, ২০ টাকা, ২১ টাকা মাইনে দেয়, আর আমাদের ছাত্র প্রতি খরচ হচ্ছে ৫ লক্ষ, ৬ লক্ষ টাকা। অথচ ঐ যে ১৮/২০ টাকা মাইনে দেয়, তারজন্য তারা গ্রামে যাবেনা! আমার কথা হচ্ছে ডাক্তাররা কেন গ্রামে যায় না তা আমাদের একটু চিন্তা করে দেখতে হবে। চাকরির জন্য দরখাস্ত করছে, ইন্টারভিউ দিচ্ছে, সিলেকশন হচ্ছে, ভাইভা ভেসি হচ্ছে—তারপর অ্যাপয়েন্টমেন্ট লেটার দেবার পর বলছে, 'আমি যাব না।' এই হচ্ছে অবস্থা!

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্রশান্তবাবু, ১ মিনিট। আমার মনে হচ্ছে এই আলোচনা নির্দিষ্ট সময়ে শেষ হবে না। সুতরাং সভার অনুমতি নিয়ে আমি আলেচনার সময় আরও ১৫ মিনিট বাড়িয়ে দিচ্ছি। আশা করছি এতে কারও আপত্তি নেই।

(১৫ মিনিট সময় বৃদ্ধি করা হয়।)

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** আপনারাও বিষয়টা একটু ভেবে দেখুন। আমি যোগেশবাবুর বক্তব্য শুনেছি। আমি অ্যাপ্রিসিয়েট করছি। ডাক্তাররা যে পরিবেশে মানুষ হয় সেই পরিবেশ থেকে গ্রামের পরিবেশে গিয়ে বসবাস করার মানসিকতা তাদের বেশির ভাগেরই থাকবে না। যে সব ফ্যামিলি থেকে তারা আসে এবং যে সব ফ্যামিলিতে তারা বিয়ে করে, সেসব ফ্যামিলির ছেলে বা মেয়েরা শুরু থেকে যেভাবে মানুষ হয় এবং যেভাবে শিক্ষালাভ করে তাতে তারা গ্রাম্য পরিবেশে বসবাস করতে চায় না। যার ফলেই তারা গ্রামে যেতে চায় না। কিন্তু হোয়াট উই ওয়ান্ট? আমরা রাজনৈতিক কর্মী হিসাবে কি চাই? আমরা চাই গ্রামের গরিব মানুষরা, যারা ঠিকমতো খাদ্য পাচ্ছেনা, পুষ্টিকর খাদ্য পাচ্ছেনা তারা একটু পুষ্টিকর খাদ্য পাক, একটু পানীয় জল পাক এবং একটু প্রয়োজনীয় চিকিৎসার সুযোগ পাক। সেদিন একটা পত্রিকায় পড়লাম—চিনের কৃষিযোগ্য জমির এবং আমাদের কৃষিযোগ্য জমির পরিমাণ প্রায় সমান। অথচ তাদের প্রোডাকশন ৪০ কোটি টন, আর আমাদের প্রোডাকশন ১৯ কোটি টন। দিস ইজ ডিফারেন্ট। আমি তাদের বলেছি—আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করুন। আমি কল্যাণীতে গিয়েছিলাম। দিস ইজ ফার্স্ট টাইম আই হ্যাভ সিন, সেখানকার জে এন

এম হাসপাতালের অ্যাক্টিং সুপারিনটেনডেন্ট একটি সিস্টেম ইন্ট্রোডিউস করেছেন। সিস্টেমটা হল, কোনও ডাক্তার লেট করে এলে হি উইল হ্যাভ টু প্রডিউস লেট স্লিপ। লেট স্লিপ দেবার পরই তিনি জয়েন করতে পারবেন। এই সাত বছরে এই সিস্টেমটা আমি প্রথম দেখছি এবং এটাই হওয়া উচিত, কারণ হাসপাতালে ডাক্তার হচ্ছে লিডার অফ দি টিম। এমারজেন্সি ওটিতে সার্জেনের প্রবেশের জন্য ও টি শুড বি কেপ্ট রেডি বাই এইট থার্টি। ইফ দি সার্জন ইজ ডিটারমাইন্ড টু গো ওটি বাই এটি থার্টি, আই অ্যাম শিওর, উইদিন এ উইক ইচ অ্যান্ড এভ্রি এমপ্লয়ী উইল বি রিয়ালি ডিসিপ্লিন্ড। এই জিনিস ইন্ট্রোডিউস করতে হলে মোস্ট ম্যান শুড বি সিনিয়িরার সুতরাং আমি জে এন এম হাসপাতালের কথা যা বলছিলাম সেটা খুবই আনন্দের কথা। সেখানে কো-অর্ডিনেশন, ফেডারেশন, নার্সিং স্টাফ, ডাক্তার সবাই বলেছেন যে, তারা সবাই খুশি এই সিস্টেম ইন্ট্রোডিউস করবার জন্য। তারা সবাই বলেছেন, আমরা এই সিস্টেমকে গ্রহণ করেছি। আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে সাধারণ মানুষকে সাহায্য করবার চেষ্টা করছি। এক্ষেত্রে আমাদের কোনও দোষ ত্রুটি নেই বলছি না কিন্তু প্রাইভেট হসপিটালের উপর নির্ভর করবেন না। আপনারা যারা সার্ভিস করেন তাদের জন্য এটা নয়।

যা হোক, আলোচনা ভাল হয়েছে বলে আমি আনন্দিত। আশা করি আপনারা সবাই আমাকে সমর্থন করবেন। আর একটি কথা, পাঁচটা মেডিক্যাল কলেজে ওয়ান ওয়ে ট্রাফিক বলে একটি পত্রিকা লিখেছিল। তাতে বলা হয়েছিল, গভর্নমেন্ট হসপিটালে স্টাফেরা আসে যা মাইনে পায়। কিন্তু বাঙ্গুর হসপিটাল সম্পর্কে কেউ যদি এটা বলেন আমি তাকে চ্যালেঞ্জ করছি। ইট ইজ দি বেস্ট হসপিটাল। আজকে মেডিক্যাল কলেজগুলোতে ১ লক্ষ ৬৯ হাজার রোগী অ্যাডমিশন নিয়েছেন এবং তাদের মধ্যে ডিসচার্জড হয়েছেন ১ লক্ষ ৫০ হাজার মেডিক্যাল কলেজে ৫ লক্ষ ৬০ হাজার, ও পি ডি তে ৩৫ লক্ষ ৪৯ হাজার। কথা হচ্ছে এটাই শুধু নয়। আমাদের থাউজ্যান্ড অ্যান্ড ল্যাকস অব পিপল আর বিইং সার্ভড বাই দিজ হসপিটালস। মেডিক্যাল সায়েন্সের কথা বলছি, লিডার অব দি অপোজিশন সমস্ত পেপার নিয়ে গেছেন, ১৫০ কোটি টাকার স্কীম করা হয়েছে এবং ইন্ডিয়া গভর্নমেন্টের কনসালটেন্টকে দিয়ে আমরা করিয়েছি। আপনাদের মিনিস্টার এবং ডেপুটি চেয়ারম্যান অব দি প্ল্যানিং কমিশন, তিনি আমাদের অ্যাসিওর করেছেন টাকা দেবেন বলে। প্রাইম মিনিস্টারের সঙ্গে আমাদের গভর্নরের কথা হয়েছে, প্রাইম মিনিস্টারের সঙ্গে আমাদের চিফ মিনিস্টারের কথা হয়েছে। প্রাইম মিনিস্টার এই বিষয়ে সম্মতি দিয়েছেন। লিডার অব দি অপোজিশন যদি একটু ইনিসিয়েটিভ নেন তাহলে উই ক্যান গো টুগেদার ফর দিস পার্টিকুলার পারপাস। আমরা ১১৬ একর জমি কল্যাণীতে পেয়েছি, ১৫০ কোটি টাকার স্কীম হয়েছে। ধীরে ধীরে যদি কেউ অনুযায়ী আমরা কমপ্লিট করতে পারি তাহলে এটা ভাল হবে। উই ওয়ান্ট ইওর কো-অপারেশন।

## Demand No. 32

**Mr. Speaker :** There are 11 (eleven) cut motions to Demand No. 32 by Shri Subrata Mukherjee, Shri Saugata Roy, Shri Sobhan Deb Chattopadhyay, Shri Prabir Kumar Banerjee and Shri Deba Prasad

Sarkar. Now I put to vote all the cut motions except cut motion nos. 2, 3, 5, & 6 for which I understand division will be demanded.

The motion (cut motion nos. 1, 4, 7, 8, 9, 10, & 11) that the amount of the Demand be redued by Rs. 100/- were then put and lost.

The motion (cut motion) nos. 2 & 3 of Shri Subrata Mukhejee and Nos. 5 & 6 of Shri Saugata Roy that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and a division was taken with the following results.

**NOES**

Abdul Haque, Shri

Basu, Shri Subhas

Barman, Shri Jogesh Chandra

Bera, Shri Shrimati Chhaya

Bouri, Shri Haradhan

Chakrabarty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Chatterjee, Shrimati Nirupama

Dakua, Shri Dinesh Chandra

Das, Shri Bidyut Kumar

Das, Shri Debesh

Dey, Shri Lakshmi Kanta

Dutta, Dr Gouripada

Ghosh, Shri Biren

Ghosh, Shrimati Minati

Goswami, Shri Kshiti

Hazra, Shri Haran

Jam-Adar, Shri Badal

Jana, Shri Haripada

Jana, Shri Manindra Nath

Kar, Shrimati Anju

Kar, Shri Nani

Mahata, Shri Kamala Kanta

Majhi, Shri Nandadulal

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Rabindra Nath

Mondal, Shri Raj Kumar

Mozammel Haque, Shri

Mukherjee, Shrimati Mamata

Mukherjee, Shri Narayan

Mukherjee, Shri Nirmal

Munda, Shri Chaitan

Neogy, Shri Brajo Gopal

Paik, Shri Sunirmal

Pakhira, Shri Ratan Chandra

Pradhan, Shri Prasanta Kumar

Ray, Shri Dwijendra Nath

Ray, Shri Subhash Chandra

Saha, Shri Kripa Sindhu

Sanyal, Shri Kamalendu

Shish Mohammad, Shri

Sinha, Shri Prabodh Chandra

Soren, Shri Khara

Sur, Shri Prasanta Kumar

**AYES**

Abdul Mannan, Shri

Adhikari, Dr. Tarun

Banerjee, Shri Prabir

Bandyopadhyay, Shri Sudip

Gyan Singh Sohanpal, Shri

Lahari, Shri Jatu

Roy, Shri Saugata

Sen, Dr. Anupam

**Abst.**

Sarkar, Shri Deba Prasad

Purkait, Shri Prabodh

Ayes 8 being and Noes 44 and Abst-2 The cut motions were lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved that a sum of Rs. 4,02,16,15,000 be granted for expenditure under Demand No. 32, Major Heads : "2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)"

(This is including of a total sum of Rs. 1,34,05,40,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

## Demand No. 33

The motions Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee and Shri Prabir Banerjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved that a sum of Rs. 67,15,35,000 be granted for expenditure under Demand No. 33, Major Heads : "2210—Medical and Public Health (Excluding Public Health)"

(This is including of a total sum of Rs. 22,38,45,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

## Demand No. 34

The motions Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee and Shri Prabir Banerjee that the amount of Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta moved that a sum of Rs. 69,10,91,000 be granted for expenditure under Demand No. 34, Major Heads : "2211—Family Welfare"

(This is including of a total sum of Rs. 23,03,65,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-28 p.m. till 11 a.m. on Monday, the 6th June, 1994. at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 6th June, 1994 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 4 Ministers of State, and 140 Members.

[11-00 — 11-10 a.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আপনি কি অপোজিশনকে বয়কট করেছেন? আজকে আমাদের একটি কোয়েশ্চেনও নেই।

**মিঃ স্পিকার ঃ** যেদিন রুলিং পার্টির কোনও কোয়েশ্চেন থাকে না, অপোজিশনের সব কোয়েশ্চেন থাকে, সেদিন তো এই প্রশ্ন তোলেন না? সুতরাং এই কথা ঠিক নয়। বসুন।

## Starred Questions
## (to which oral answers were given)

### কৃষি জমির খাজনা

*২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সম্প্রতি এক বিভাগীয় নির্দেশে এই রাজ্যে সেচ এলাকায় ১২ বিঘা এবং অসেচ এলাকায় ১৮ বিঘার কম কৃষি জমির খাজনা রেহাই দেওয়ার সরকারি সিদ্ধান্ত পুনঃ বিবেচনা করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, পুনরায় সরকারি নির্দেশ জারি করার কারণ কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) না। কোনও পুনর্বিবেচনা করা হচ্ছে না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এই প্রশ্নের উত্তরে বললেন যে ১২ বিঘা এবং ১৮ বিঘা জমিতে সেচ এবং অসেচ এলাকায় খাজনা মুকুব করা হয়েছিল, তা বহাল আছে, কোনও পরিবর্তন হয়নি। আমার জিজ্ঞাস্য হচ্ছে, আপনি জানেন কি সরকারি যে সার্কুলার, তার নম্বর হচ্ছে ডি. এস. কালেকশন। ৩২০৭(২৫৬) এল অ্যান্ড এল. আর. এস., ডেটেড ১২।৭।৯৩, এই তারিখের যে সার্কুলার, তাতে জোর করে যাদের ১২ বিঘা এবং ১৮ বিঘার কম পরিমাণ কৃষি জমি আছে, তাদের খাজনা দেওয়া থেকে

রেহাই দেওয়া হয়েছে। কিন্তু এই ধরনের রেহাই দেওয়ার বিষয়টি স্বয়ং সিদ্ধ কিভাবে বিবেচনা করা সম্ভব নয়। এরফলে ১২/৭/৯৩ তারিখে যে সার্কুলারটি দেওয়া তারপর থেকে ১২ বিঘা ১৮ বিঘার কম যাদের জমি তাদের সুদ, তস্য সুদ নিয়ে বকেয়া খাজনা আদায় করা হয়েছে। আমি আপনাকে একেবারে স্পেসিফিক ইন্সট্যান্স, ডকুমেন্ট দিতে পারি। পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় এই রকম ঘটনার উদাহরণ আছে।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় সদস্য প্রবোধ পুরকাইত এবং কমল গুহ এই বিষয়ে জানতে চেয়েছিলেন। আমি আজকেই এই বিষয়ে বিবৃতি দেব, সব পরিষ্কার করতে। সরকারের কোনও সার্কুলার নেই। আপনি ঐ যে সার্কুলারের কথা বললেন, ওটি আমাকে দেবেন, আমি দেখব। সরকারের যে কোনও সার্কুলার নেই সেটা আমি আজকে পরিষ্কার করব। আজকে স্পিকারের নির্দেশে, এই পর্ব হয়ে যাওয়ার পর আমি বিবৃতি দেব, তখন যে প্রশ্ন করবেন, আমি সব উত্তর দেব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** তাহলে এই যে সার্কুলার, এটা কি প্রত্যাহার করে নেওয়া হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** সেটা আমি দেখে নেব। এখানে আছে কি কি আমরা সার্কুলার করেছি। তবে আপনি যখন বলছেন সেটা সার্কুলার করেছি। যাইহোক ওটা দেবেন, তারপর সব দেখে ব্যবস্থা নেব। কিন্তু আগে সমস্ত অবস্থাটা শুনুন।

আপনি এটা জেনে রেখে দিন যে সার্কুলার দেওয়ার অধিকার শুধু বোর্ড অফ রেভিনিউয়ের, এটা ডি. এম. বা ডি. এল. আর ও দিতে পারে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, তাহলে ডি. এম. বা এ ডি. এম যে সার্কুলারগুলো দিচ্ছেন সেগুলো বিধিবদ্ধ হচ্ছে না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনি একটু ধৈর্য ধরে থাকুন একথা আমি আবার রিপিট করছি, এর উপরে আমি স্পিকারের নির্দেশে কোয়েশ্চেন আওয়ারের পরে কলিং অ্যাটেনশনের জবাবে উত্তর দেব। সেখানে আমি পরিষ্কারভাবে ১৯৯২ সালে বোর্ড অফ রেভিনিউয়ের কি সার্কুলার ছিল এবং ১৯৯৩-৯৪ সালে কি সার্কুলার হয়েছে, কত তারিখে হয়েছে, তার ডেট ইত্যাদি পরিষ্কারভাবে বুঝিয়ে বলব। ১৯৯৩ সালে কোনও সার্কুলার হয়নি। আপনি আপনার নাম্বার দিয়ে দেবেন এবং খাজনা রায়তিদের যেসব কাগজপত্র আপনার কাছে আছে সেগুলো দিয়ে দেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আমার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে, যারা নির্দিষ্ট জমির মালিক এবং ১৮ বিঘার নিচে যাদের জমি, তাদের খাজনা, জমি রেকর্ড করার ক্ষেত্রে এবং রায়তিদের হাল দাখিলা খাজনা শোধ করার ক্ষেত্রে বঙ্গাব্দ ১৪০০ মধ্যে যদি প্রমাণ না দেখাতে পারে তাহলে ১৩৬২ সাল থেকে ১৩৮৫ সাল, এই ১৫-১৬ বছরের খাজনা মীমাংসা সাপেক্ষে খাজনা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে, এটা কি আপনার অনুমতি নিয়ে দেওয়া হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** অসেচ এলাকাতে তো কোনও খাজনা নেওয়ারই কথা নয়। প্রশ্ন যেটা ছিল এবং আপনি যেটা বললেন তাতে কথা হচ্ছে এটা বিধিবদ্ধ করা হবে কিনা। আমি সব প্রশ্নের উত্তর দেব, আপনি একটু ধৈর্য ধরে থাকুন। তবে আপনি কাদের কাদের কাছ থেকে এই ধরনের খাজনা নেওয়া হয়েছে তার কাগজপত্রগুলো দেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** আপনার সার্কুলার প্রমাণটা কি ২নং জমাবন্দি খাতায় লেখা থাকে? এই ব্যাপারে বারে বারে বলা সত্ত্বেও ওরা জানাতে চাইছে না, তাই আপনার কাছ থেকে জানতে চাই।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনি যেটা বললেন সেটা টেকনিক্যাল ব্যাপার। আপনি যে প্রশ্নের এখানে জবাব চাইছেন এরসঙ্গে এটা ওঠে না। আপনি প্রশ্নটা পড়ে দেখুন, সেখানে আপনার ৪ একর ৬ একর সম্পর্কে যে নির্দেশ ছিল, আইন যা ছিল সেটা পুনরাবৃত্তি করেছেন কিনা জানতে চাওয়া হয়েছে। তারপরে আপনি যে প্রশ্ন করলেন তার সঙ্গেও এটা যুক্ত নয়। সুতরাং এই ব্যাপারে বোর্ডের যেসব নির্দেশ আছে সেগুলো ভাল করে দেখতে হবে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** এই যে ১৮ এবং ১২ বিঘা জমির নিচে যারা মালিক তাদের কাছ থেকে যে জমির খাজনা নিচ্ছে,—আপনি তাদের বিরুদ্ধে, যারা বেআইনিভাবে খাজনা নিচ্ছেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি এই ব্যাপারে লিখিত জবাব দেব আপনি তার কপি পাবেন। আমি একমাত্র লোক যে কোনও কিছু পিছনে করি না, যখন হাতে পাবেন তখন প্রশ্ন করবেন আমি বেঁচে থাকলে, আর আপনি বেঁচে থাকলে তখন অনেক প্রশ্ন করতে পারবেন, তখন জানতে চাইবেন, আমি বলব।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যেটা উত্তর দিলেন দেবপ্রসাদবাবুর প্রশ্নের উত্তরে এটা খুব পরিষ্কার হল না। আপনি যেটা বললেন পিছনের দরজা দিয়ে কিছু করি না, এই ব্যাপারে আমি বলি, ১৭ বছর পরে আপনারা বকেয়া খাজনা মিটিয়ে দেবার জন্য সুদ সমেত, একটা নোটিশ জারি করেছেন, খাজনা মুকুব এটা কংগ্রেস আমলে হয়ে গিয়েছিল, এখন আবার এই বকেয়া খাজনাগুলি কিসের ভিত্তিতে চাইছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** প্রশ্ন হচ্ছে বকেয়া ব্যাপার নয়, বকেয়া যদি বলেন তাহলে বলি, বকেয়া জোতদার হবে এক রকম আর ঐ বকেয়া ৪ একর সেচ এলাকায় আর ৬ একর অসেচ এলাকায় তাদের বকেয়া। এখানে সমস্ত বকেয়া সুদ সমেত দিতে হবে, এই রকম কোনও সার্কুলার থাকলে আমাদের দেবেন তারপরে কথা বলবেন। কারণ দুটো জিনিস হচ্ছে আলাদা। বকেয়া অনেক রকমের হয় যেমন ইনকাম ট্যাক্স বকেয়া আদায় করবে কি করবে না, এর তো লিস্ট বেরোয় এখানে দেখুন যতবার কথা উঠেছে। দুর্ভাগ্য দেখছি, সবচেয়ে বেশি টাকার মালিক তাদের অনেক জমি আছে তাদের কাছে এই ধরনের নোটিশ

গিয়েছে, তারা কিছু বলছে না। এই ইমিডিয়েটলি এই সম্বন্ধে আমরা কিছু করতে পারি। আমরা গত ২।৩ বছরে যেটা বুঝেছি, আমাদের বর্তমান আইনের যে ফাঁক যেগুলি প্রা খাজনা হয়ে গেছে, যাদের কাছে প্রাপ্য যে সমস্ত খাজনা আছে সেস, রয়ালটি ইত্যাদি বিষ যেটা আগের বছরে দেয় হওয়া দরকার তার থেকে অনেক কম নেওয়া হয়েছে সেটা যা যথোপযুক্ত পুরোপুরি আদায়ের চেষ্টা হয় এটা হচ্ছে বকেয়া। এর পরে আর একটা ? আছে সেখানে কয় বছর দেয় বাকি আছে কত আছে সেটার উত্তর আছে। সেইজন্য এক চেষ্টা যে কোনও সরকারকে করতে হবে যে আইন আছে, সেই আইন অনুযায়ী যাদের কা যেটা প্রাপ্য সেই প্রাপ্যটা আদায় করার জন্য চেষ্টা করতে হবে। তা না হলে পর তারা কে কিছু দেবেন না, দেয় নেই এই কথাটা বড় মিষ্টি। এই রকম সবাই যদি দেয় নেই কথা বলেন তাহলে সেটা যারা বলছেন তারা এবং সকলেই এটা করবেন।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে ১২ এবং ১৮ বিঘার জমি ব্যাপারে যে প্রশ্নটা আছে সেখানে জমির একটা খাজনা আছে এবং একটা সেস আছে। গ ফল থাকলে তার একাট ট্যাক্স আছে। বামফ্রন্ট সরকার সিদ্ধান্ত নিয়েছিলেন যে ১২ এ ১৮ বিঘার ক্ষেত্রে খাজনাটা মকুব করা হল কিন্তু সেসটা সেখানে মকুব করা হয়নি। এ সেসটা অনেক জায়গায় আদায় হয়, অনেক জায়গায় আদায় হয় না। সেসটা তো দিতে বাধ মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে ব্যাপারটা ক্লিয়ার করে দেবেন কি যে কোনটা মকুব ক হয়েছে—১২ এবং ১৮ বিঘার ক্ষেত্রে খাজনা এবং সেস দুটিই মকুব হয়েছে, না, খাজনা শুধু মকুব হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় সদস্য জানেন যে যেটা ছাড় হয়েছিল সেটা হচ্ছে শু খাজনাটা। সেস যেটা সেটা ছাড় হয়নি। আপনারা জানেন যে সেসের পরিমাণটা অত্যন্ত কম তখন অনেক লোক বলেছিলেন যে এই যে খাজনাটা তুলে দিচ্ছে এর মতলব সুবিধার ন দেখে কি হবে। তখন তারা বলেছিলেন একমাত্র রেন্ট রিসিপ্ট হচ্ছে one of the mai proof of the ownership of the land. সেইজন্য তখন আমাকে বোঝাতে হয়েছি গ্রামে গ্রামে ঘুরে যে দেখ এই সেস রিসিপ্টটাও অ্যাজ গুড অ্যাজ জমির মালিকানা এস্টাবলি করার পক্ষে। এখন যেটা ব্যাপার সেটা গভর্নমেন্টের দোষ নয়, সেটা কর্মচারিদের। এখা বলে শুধু নয়, গভর্নমেন্ট যে সিদ্ধান্ত করেন সমস্ত কর্মচারিরা যদি সেটা মনপ্রাণ দি একান্তভাবে করেন তাহলে বাকি পড়বে কেন? যায় না। গ্রাম গ্রাম থেকে আমার কা কমপ্লেন করেছে অ্যামাউন্টটা অত্যন্ত কম বলে যায় না। আর বাকি ব্যাপার যেটা বলেছে সেটা আমি দেখব। এখনই ১৬ বছরের হোক, ১২ বছরের হোক একসাথে দিতে হবে গরিবকেও দিতে হবে—এটা কোন কান্ডজ্ঞানসম্পন্ন লোকের কথা নয়। আদায় করতে হ কিস্তিতে কিস্তিতে আদায় করতে হবে—এটুকু কমন সেন্স আমার আছে। সেইজন্য বলছি, এ নয়, এটা আমাকে দেখতে হবে যে খোদার উপর কে খবরদার করেছে। কার নির্দেশে করেছে কাদের তারা ডিস্ক্রেডিটেড করতে চায়। ল্যান্ড রিফরমসের ব্যাপারে এখানে যেটা হচ্ছে ? ব্যাপারে শুধু এখানে নয়, ভারতবর্ষেই শুধু নয়, বাইরেও কাদের গায়ে জ্বালা ধরছে দেখতে হবে। তারা বলছে এটা কিছুই নয়। এর কোনও ভিত্তি নেই—এটা প্রমাণ করার জন্য তারা উঠে পড়ে লেগেছে। তাদের খুঁজে বের করে লোকের কাছে তুলে ধরব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গত আর্থিক বছরে—১৯৯৩/৯৪ সালে খাজনা আদায়ের লক্ষ্যমাত্রা কত ছিল এবং কত আদায় হয়েছে?

**মিঃ স্পিকার ঃ** না, না, এই অতিরিক্ত প্রশ্ন হবে না, এরজন্য নোটিশ দিতে হবে।

**লোক আদালত**

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১১) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৯৩ সালে রাজ্যে অনুষ্ঠিত লোক আদালতের সংখ্যা কত ;

(খ) উক্ত সময়ে মোট কতগুলি মামলা আপোস-মীমাংসার জন্য লোক আদালতগুলির সামনে উপস্থাপিত করা হয়েছিল ; এবং

(গ) তন্মধ্যে কতগুলি মামলার নিষ্পত্তি হয়েছে?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ**

(ক) ২ (দুইটি)

(খ) ১৪৬ টি।

(গ) ৯৬ টি।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে তথ্য তাতে ১৪৬টা মামলা আপোষ মীমাংসা দুটি অনুষ্ঠিত লোক আদালতের সামনে হাজির করা হয়েছিল, তার মধ্যে ৯৬টা কেস মীমাংসা হয়েছে। এই যে ৯৬টা নিষ্পত্তিও হল, এই মামলাগুলোতে ক্ষতিপূরণ বাবদ কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** ইন্ডিভিজুয়াল কেস বলা যাবে না, এক সঙ্গে যে ক্ষতিপূরণ সেটা আদায় করা হয়েছে সেটা ১৫ লক্ষ ৮৬ হাজার ৫০০ টাকা আর একটায় ১৩ লক্ষ ২০ হাজার ৫০০ টাকা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ১৪৬ টার মধ্যে ৯৬ টা মামলার নিষ্পত্তি হয়েছে, যে টাকা আপনি বললেন দেওয়া হয়েছে, অবশিষ্ট মামলা সমেত বর্তমানে কতগুলো এই ধরনের মামলা আছে যেগুলোর নিষ্পত্তি হয়নি?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** যখন নোটিশ করা হয়, তখন যে সমস্ত কেস উপস্থিত হয়, সেইগুলো মোটামুটি মীমাংসা করা হয়। মোট কত মোকর্দমা হয়েছে তা বলা যাবে না, আলাদাভাবে নোটিশ দিলে বলা যাবে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ৯৪ সালে এই সমস্ত মামলাগুলো মীমাংসা করার জন্য কতগুলো লোকআদালত বসাবার ব্যবস্থা করেছেন, তার সংখ্যা কত?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** ১/৪/৯৪ পর্যন্ত কুচবিহারে একটা করা হয়েছে, সেখানে ১৪ লক্ষ টাকা অ্যাওয়ার্ড হয়েছে। এরপরে আবার নিশ্চয়ই করা হবে, বর্ষা চলে গেলে লোক আদালত করা হবে।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কলকাতা হাইকোর্টে একটা লোক আদালত বিচারপতি দিলীপ বসুর নেতৃত্বে চলছে। তার সঙ্গে সরকারি লোক আদালতও চলছে, এটার সঙ্গে সরকারি যে লোক আদালত তার কোনও সম্পর্ক আছে কি না?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** মাননীয় বিচার পতি দিলীপ বসু তার নিজের কায়দায়, তিনি হাইকোর্টে একটা লোক আদালত করেছেন। আমার মনে হয় সরকারি যে সমস্ত লোক আদালত আছে, তাদের কাছে এটা একটা চ্যালেঞ্জ। আমাদের যে নিয়মে করা হচ্ছে, আমাদের বিভিন্ন জেলায় একটা অ্যাডভাইসারি বোর্ড আছে, ডি. এম. তার চেয়ারম্যান এবং জন প্রতিনিধিরা সেই কমিটির সদস্য। তারা এক সঙ্গে মিটিং করে লোক আদালত অ্যারেঞ্জ করেন। আর দিলীপ বসু যা করছেন সেটা উনার নিজস্ব কায়দায় করেছেন, নিজস্ব কিছু লোক নিয়ে তিনি লোক আদালত করেন হাইকোর্টে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী বললেন যে ১৪৬টা কেস এই লোক আদালতে এসেছে, কিন্তু আপনি জানেন রাজ্যের বিভিন্ন আদালতে প্রচুর কেস দীর্ঘদিন ধরে বিচারাধীন রয়েছে, এই পেন্ডিং কেসগুলো দ্রুত নিষ্পত্তি করার জন্য লোক আদালতের মাধ্যমে ব্যবস্থা নেবেন কি?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** আপনি জানেন, বর্তমানে লোক আদালতে মোটর দুর্ঘটনা সংক্রান্ত কেসগুলো নেওয়া হচ্ছে। অন্যান্য বিভিন্ন যে কেসগুলো সিভিল এবং ক্রিমিন্যাল, সেইগুলো হাইকোর্টে মীমাংসা হয়। বর্তমানে কেন্দ্রীয় ৮৭ সালের প্রস্তাবিত লিগ্যাল এইড সার্ভিসের অথারিটিজ অ্যাক্ট নিয়ে চিন্তা ভাবনা করছেন, সেটা পাশ করানো গেলে আমাদের আশা সারা ভারতবর্ষে এই ধরনের কেসগুলো লোক আদালতের মাধ্যমে নিষ্পত্তি করা যাবে, এ ছাড়া এখন কিছু করার উপায় নেই।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** বিচারপতিরা আইন এবং বিচার ব্যবস্থার সঙ্গে যুক্ত, কিন্তু তারা নিশ্চয়ই আইনের উর্ধ্বে নন। এখানে আইনসভা আছে, রাজ্য সরকার আছে—এখানে যে কোনও লোক-আদলত হলে তা তো নিশ্চয়ই সরকারি নিয়ম অনুযায়ী—কম্পোজিশন, ফরমেশন অ্যান্ড ডাইরেক্টিভ মতোই তো চলবে, না, কি সরকারি ব্যবস্থার বিরুদ্ধে দাঁড়িয়ে, সরকারি ব্যবস্থাকে কালিমালিপ্ত করে লোক-আদালত গঠনের কারও কোনও অথরিটি আছে?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** হাইকোর্টের বিচারপতি ইচ্ছা করলে ওটা করতে পারেন, সরকারের ঠেকাবার কোনও উপায় নেই।

**শ্রী ননী কর ঃ** মাননীয় বিচারপতি দিলীপ বসু এবং আমি একই থানায় বাস করি। হাবড়া থানায় তার বাড়ি। তিনি সরকারি গাড়ি নিয়ে, সরকারি স্টাফ নিয়ে সেখানে যান এবং সেখানেও লোক-আদালত করেন। সাধারণ লোকের ধারণা হয় বিচারপতি সরকারি ব্যবস্থা

াই ঐ কাজ করছেন। এই কাজ কি তিনি করতে পারেন? এর ফলে আইনের প্রতি, ার ব্যবস্থার প্রতি সাধারণের আস্থা নষ্ট হতে চলেছে। যাতে মানুষের আস্থা নষ্ট না হয় জন্য সরকারের তরফ থেকে কোনও ব্যবস্থা গ্রহণ করা হবে কি?

**শ্রী আবদুল কায়ুম মোল্লা ঃ** হাইকোর্টের বিচারপতিদের সরকারি গাড়ি দেওয়া হয় বা ারপতির নিজেদের ব্যবহার করেন, বিনিময়ে টাকা দেওয়া হয়। আমরা বর্তমানে ঠিক রছি সবাইকে সরকারি গাড়ি দেওয়া হবে। হাই কোর্টের বিচারপতিরা ঐ জাতীয় কোর্ট াতে পারেন, সেই ক্ষমতা তাদের আছে। ঐ বিষয়ে আমাদের কিছু বলার নেই।

**মিঃ স্পিকার ঃ** আমাদের দেশে যে বিচার ব্যবস্থা চালু আছে তাতে নিয়ম হচ্ছে সুপ্রিম র্ট স্তরে কেন্দ্রীয় সরকারকে এবং হাই কোর্ট ও লোয়ার কোর্টের স্তরে রাজ্য সরকারকে ় কিছু ব্যবস্থা করে দিতে হয়। ঘর-বাড়ি, ট্রান্সপোর্ট স্টাফ, সিকিউরিটি ইত্যাদি সরকারকে ে হয়।

[11-30 — 11-40 a.m.]

কিন্তু প্রশাসনিক দায়িত্ব যেটা—আমার মনে হয়—রাজ্য স্তরে হাইকোর্টের এবং রাষ্ট্রীয় ে সুপ্রিম কোর্টের আছে যেটাতে রাজ্য সরকার এবং রাষ্ট্রীয় সরকার বিচার ব্যবস্থায় ীভাবে সরাসরি হস্তক্ষেপ করতে পারে না। সাংবিধানিক বাধা আছে। কোনও জুডিসিয়াল ফিসার যদি কোনও অন্যায় করে, মিস-ইউজ অফ অফিস করে তার তদন্তের ব্যাপারে, াসনিক ব্যাপারে দায়িত্ব রাজ্য স্তরে চিফ জাস্টিস, হাইকোর্টের আছে আর রাষ্ট্রীয় স্তরে চিফ াস্টিস সুপ্রিম কোর্টের আছে। রিসেন্টলি আপনারা দেখেছেন সুপ্রিম কোর্টের জাস্টিস রামস্বামীর ন্স। হাইকোর্টের জাস্টিস থাকাকালীন তার বিরুদ্ধে অভিযোগ এসেছিল। সুপ্রিম কোর্টকে মিটি করে লোকসভায় রিপোর্ট দিতে হয়েছিল। সংবিধান অনুযায়ী তাকে ওখানে চাকরিতে রখাস্ত করা যায় না। লোকসভায় একটা নোটিশ এনে বাই ইমপিচমেন্ট সরিয়ে দেওয়া যায় কি সেটার জন্য সুপ্রিম কোর্ট বলেন। এটা একটা কঠিন পদ্ধতি। ভারতবর্ষের ইতিহাসে বার এই জিনিস হয়েছিল। রবি রায় যখন স্পিকার ছিলেন তখন রামস্বামীর ইমপিচমেন্ট া হয়েছিল। সুপ্রিম কোর্ট এ ব্যাপারে ৩ জন সদস্যের একটি কমিটি করেছিলেন। তারা কোয়ারি করে মনে করেছিলেন কিছু একটা মিস-ইউজ অফ অফিস হয়েছিল। তারা পচমেন্ট প্রসিডিওয়ের জন্য লোকসভাতে রিপোর্ট পাঠাল। পরে অবশ্য ভোটের কারণে দাঁড় নো গেল না। এটা কঠিন পদ্ধতি, বিতর্ক আছে, বলার ব্যাপার আছে, আমাদের দেশের ব্যবস্থা আছে তাতে জুডিসিয়াল অফিসারের ক্ষেত্রে রাজ্য সরকার ডিসিপ্লিনারি অ্যাকশন ে পারে না। সো মাচ সো কোনও জুডিসিয়াল স্টাফ, ক্লারিকাল স্টাফ, ক্লাশ ফোর স্টাফ ের আছে যতক্ষণ পর্যন্ত না রিপোর্ট করেন তার বিরুদ্ধে কোনও ডিসিপ্লিনারি ব্যবস্থা ে পারি না। এটাই হচ্ছে পদ্ধতি। কঠিন ব্যাপার। এর পরিবর্তন আনা উচিত কিনা সেটা টের ব্যাপার। আমি মন্ত্রী থাকাকালীন একাধিকবার হাইকোর্টের চিফ জাস্টিসের সঙ্গে কথা ছিলাম। করা যায়নি। এটা নিয়ে ডিবেট চলছে। সুতরাং কি করা যাবে।

## ইলিশ মাছ আমদানি

*২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** মৎস্য বিভাগের ভারপ্র মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আগামী মরশুমে বাংলাদেশ থেকে ইলিশ মাছ আমদানির কোনও ব্যবস্থা গ্র করা হবে কি না ; এবং

(খ) হলে, কলকাতাসহ মফস্বল জেলার বিভিন্ন শহরে উক্ত মাছ বিক্রয়ের জন্য নূ কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) আগামী মরশুমে বাংলাদেশ থেকে ইলিশ মাছ আমদানির ব্যবস্থা গ্রহণ ক হচ্ছে।

(খ) কলকাতাস্থিত "বেনফিশ"-এর (ওয়েস্ট বেঙ্গল স্টেট ফিশারমেন্স কো-অপারেটি ফেডারেশন) নিজস্ব বিক্রয় কেন্দ্রগুলি থেকে ইলিশ মাছ বিক্রয়ের ব্যবস্থা ক হবে। মফস্বল জেলাগুলিতে জেলাভিত্তিক সেন্ট্রাল ফিশারমেন্স কো-অপারেটি সোসাইটিগুলির মাধ্যমে বিক্রয়েরও ব্যবস্থা করা হবে।

আমদানি বেশি হলে এবং "বেনফিশ" ও জেলায় সেন্ট্রাল ফিশারমেন্স কো অপারেটিভ সোসাইটিগুলির চাহিদা মেটাবার পরে উদ্বৃত্ত ইলিশ মাছ পাইক বাজারে বিক্রয় করার কথা চিন্তা করা হবে।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাছ আমদানি করার ব্যাপারে কারও সঙ্গে **কি** কথাবার্তা এগুচ্ছে

**শ্রী কিরণময় নন্দ ঃ** ইতিমধ্যে আমরা ট্রেডিং কর্পোরেশন অফ বাংলাদেশ থেকে অফ পাই। বাংলা দেশ হাইকমিশন জানিয়ে দিয়েছে ট্রেডিং কর্পোরেশন অফ বাংলাদেশ থেকে ধরনের চুক্তি করা যাবে না। পরবর্তীকালে ট্রেডিং কর্পোরেশন অফ বাংলাদেশ কনসোটিয়া কাছ থেকে দরখাস্ত পেয়েছি হাইকমিশনের মাধ্যমে, বাংলাদেশ সরকার ট্রেডিং কর্পোরেশন বাংলাদেশকে এবারে রপ্তানি করার জন্য নির্দেশ দিয়েছেন। কিন্তু ভারতীয় হাইকমিশন আপত্তি থাকার জন্য চুক্তি করতে পারছি না। আমরা আমাদের হাইকমিশনারকে জানিয়েছি নতুন ভাবে তারা যদি সিদ্ধান্ত নেন তাহলে আমরা এগুতে পারব।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** গত বারের অভিজ্ঞতায় দেখা গেল, এই মাছ আমদানি হওয় ফলে বাজারে এক শ্রেণীর মাছের ব্যবসায়ীরা বিচলিত হয়ে পড়ে। তারা এই মাছ কি বাজারে বিক্রি করছে এবং প্রচার করছে এটা বাংলাদেশের পদ্মার ইলিশ, ঐ মাছ ঠিক ন যাতে ঐভাবে ওরা প্রচার না করতে পারে এবং এই মাছ যাতে সঠিকভাবে বিক্রি করা য সেই ব্যাপারে আপনি কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমরা বাজারগুলি নিয়ন্ত্রণ করি না, সংবাদপত্র, দূরদর্শন, আকাশবাণীর মাধ্যমে সংবাদ প্রচার করা হয়েছিল যে, গতবারে বাংলাদেশ থেকে যা আম করেছিলাম—কেন না একেবারে শেষের দিকে সেপ্টেম্বরের ২৯ তারিখে বাংলাদেশ

া মাছ আসে এবং নভেম্বরের মধ্যে তা শেষ হয়ে যায়, ৮২ মেট্রিক টন মাছ ছিল—সমস্ত বেনফিস কলকাতা এবং জেলাগুলিতে সেন্ট্রাল ফিসারমেন কো-অপারেটিভ াইটি, বিভিন্ন মিউনিসিপ্যালিটি, কর্পোরেশন এবং বিধায়করা যাদের রেকমেন্ড করেছেন কেম এজেন্সির মাধ্যমে বিক্রি করা হয়েছিল, একটা ইলিশও পাইকারি বাজারে যায় নি। ধরনের প্রচার যেমন হয়েছে আমরাও প্রচারের মাধ্যমে জানিয়েছি এবং ভাল সাড়া াছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—যে গত বছর যখন বাংলাদেশ ঃ ইলিশ মাছ আসত মাননীয় বিধায়করা রেকমেন্ড করলে সেভাবে বাজারে বিক্রির ব্যবস্থা ছেন। বহুবার যেখান দিয়ে মাছ আসে সেই বনগাঁ, চাঁদিপাড়ায় মাছ বিক্রির কোনও ফিক্সড আছে কিনা আর সরকারী বাজার থেকে পাবলিক মার্কেটে অনেক কম দামে বিক্রি হচ্ছে, ানে কোনও ফিক্সড প্রাইস আছে কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** গতবারে আমরা ফিক্সড প্রাইসেই বিক্রি করেছি। চোরা পথে কত াছে সেটা ধর্তব্যের মধ্যে নয়। আমরা ফিক্সড প্রাইসেই বিক্রি করেছি।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—যে, সরকারি ভাবে যে মাছ া হয়েছে এ ছাড়া চোরাপথে যে মাছ আসছে সেই মাছের ব্যাপকভাবে নিয়ন্ত্রণের কোনও স্থা আছে কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** চোরাপথে মাছ আসার ব্যাপারে কোনও নোটিশ নেই, আমাদের ব চুক্তি করে আসে না, সে সম্বন্ধে কিছু বলতে পারব না।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ফিক্সড দামে বিক্রি ছেন, ওখানকার বাজারে কম দাম হওয়া সত্ত্বেও কি মাছ বেশি দামে কিনতে হচ্ছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** গত বছর আমাদের হাতে সময় কম ছিল, একটি মাত্র এগ্রিমেন্ট াছিল, এবারে যখন এগ্রিমেন্ট করা হবে তখন বিভিন্ন সময়ের জন্য বিভিন্ন রকম এগ্রিমেন্ট া হবে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে, গত বছর কলকাতার রে বেনফিস মফস্বলে কোনও কোনও স্তরে ইলিশ মাছ বিক্রির ব্যবস্থা করেছিলেন, এবারে আমদানি করবেন তাতে বর্ধমান সহ মফস্বলে বিক্রির ব্যবস্থা করবেন কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** অনেকগুলি জেলার মৎস্যজীবী সম্প্রদায় সমবায় সমিতি সভাপতির কমেন্ড নিয়ে মাছ নিয়েছিলেন, তাতে বর্ধমানও ছিল। এবারেও যাতে যায় তার ব্যবস্থা রে।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** আমি দুটি প্রশ্ন করছি। বাংলাদেশ থেকে যে দামে কেনা হয়েছিল ই ক্রয় মূল্যের উপর এখানে বিক্রয় মূল্য কত ধার্য করা হয়েছিল, আর এম. এল. এ.- র রেকমেন্ডের কথা বলছেন তাহলে মুগবেড়িয়ায় কটা স্টল দেওয়া হয়েছিল?

আনতে আমাদের যা খরচ হয়েছে তার উপর নমিনাল একটা প্রফিট যুক্ত ক বেনফিশের কমিশন এজেন্টদের একটা নমিনাল কমিশন দিয়ে মাছটা বিক্রি করা হয়েছে। আ এই এজেন্সির ব্যাপারে আমি মুগবেরিয়ার একজনের নামও রেকমেন্ড করিনি।

**শ্রী তপন হোড় ঃ** কলকাতা এবং বিভিন্ন মফস্বল শহরে বর্তমানে ইলিশ মাছের দ কত?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এখনও ইলিশ ধরা শুরু হয়নি, সুতরাং এ-সম্বন্ধে কিছু বলত পারব না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** গতবার যখন ইলিশ আমদানি করা হয় শহরে একট উৎসাহ এসেছিল এবং প্রথম দু-তিনদিন স্টলগুলিতে ঢোকাই যাচ্ছিল না। সে সময় আপ চিত্রাভিনেতা তাপস পালের স্ত্রীকেও স্টলের একটা সুযোগ দিয়েছিলেন যেখান থেকে তিনি মাছ বিক্রি করেছেন। তখন একটা ভয়ঙ্কর চাহিদা ছিল। কিন্তু আপনি কি মার্কেট সার্ভে কর দেখেছেন যে, চাহিদা এবং যোগানের মধ্যে পার্থক্য কতটা? কারণ আগে যেখানে মাছ ন পেয়ে মানুষকে ফিরে আসতে দেখেছিলাম, পরে কিন্তু সেই একই মাছ স্টলগুলোতে বিক্রি হচ্ছিল না। কাজেই এবারে থ্রু স্টাডি রিক্যুইজিশনটা করছেন কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমাদের এখানে আমদানি এবং চাহিদার মধ্যে পার্থক্য রয়েছে গতবারই বলেছি, ইলিশ মাছ আমদানি করবার ব্যাপারে শুধুমাত্র এখানকার মানুষকে মা খাওয়ানো বা লাভটা জড়িত নয়, দু-দেশের মধ্যে ট্রেড রিলেশন গড়ে তোলাটাও একটা মু উদ্দেশ্য। গতবার যতটা পেরেছি ততটা আমদানি করেছি, কিন্তু একটি ইলিশ মাছও পচে নষ্ট হয়নি, সবটাই বিক্রি হয়েছে।

**শ্রী রবীন দেব ঃ** বাংলাদেশ থেকে যে ইলিশ মাছ আসছে সেগুলো বেনফিশে স্টলগুলির মাধ্যমে বিক্রি হবে বলেছেন। আমার প্রশ্ন, এই বিক্রিটা কি শুধুমাত্র চালু স্টলগু থেকেই হবে, নাকি নতুন স্টল দেওয়া হবে? আর একটি প্রশ্ন, এই স্টল পাবার ক্ষেত্রে শ কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমরা কলকাতা কর্পোরেশন এবং তার সংলগ্ন এলাকায় ৫০টি স্টল খুলবার সিদ্ধান্ত করেছি এবং তারমধ্যে কলকাতা কর্পোরেশনের কাছ থেকে স্টলের জন্য যতগুলো স্থানে জায়গা পাওয়া গেছে সেখানে স্টল চালু করেছি। বাকি জায়গাগুলো যদি পাওয়া যায় তাহলে শুধুমাত্র ইলিশ নয়, সেখান থেকে বেনফিশের অন্যান্য প্রডাক্টও বিক্রি করা হবে।

**শ্রী সুভাষ বসু ঃ** রানাঘাটে চার-পাঁচ দিন আগে লালগোলা করে প্রায় দেড়শ ঝুড়ি মাছ এসেছে। ব্যাপারটা আপনার নজরে এসেছে কিনা যে, মাছটা কোথায় গেছে এবং সুষ্ঠুভাবে সেটা ডিস্ট্রিবিউটেড হয়েছে কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** মাছের বাজার আমরা নিয়ন্ত্রণ করি না ; অন্যান্য জিনিসপত্রের দাম যেভাবে নিয়ন্ত্রিত হয় সেভাবে এটার দামও নিয়ন্ত্রিত হয়। সুতরাং লালগোলায় মাছের ব্যাপারটা নিয়ন্ত্রণ করবার দায়িত্ব আমাদের নয়।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** ভারতের হাই কমিশনার ট্রেডিং কর্পোরেশনের আপত্তির কারণটা জানিয়েছেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমি যতদূর জেনেছি, ভারত থেকে বাংলাদেশে বা বালংদেশ থেকে ভারতে যেসব জিনিস রপ্তানি বা আমদানি হয় তার পারফর্মেন্স গ্যারান্টির একটা টাকা আটকে ছিল এবং পরবর্তীকালে ঐ টাকার ব্যাপারে অসুবিধা সৃষ্টি হয়। শুনেছি, তারজন্যই নাকি আপত্তিটা উঠেছে।

**রুগ্ন শিল্প**

*২৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৯) **শ্রী মোজাম্মেল হক ঃ** শিল্প-পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গে মোট কতগুলো শিল্প সংস্থা কি কি কারণে রুগ হয়ে পড়েছে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ**

১৬৩ (একশত তেষট্টি)

সাধারণত শিল্প সংস্থাগুলি নিম্নলিখিত কারণসমূহের জন্য রুগ্ন হইয়া থাকে ঃ—

(ক) শিল্পের অভ্যন্তরীণ অবস্থা বা বাহিরের বা উভয় বিষয়ই ইহা সৃষ্টি করে থাকে;

(খ) অভ্যন্তরীণ অবস্থা বলিতে পরিচালকবর্গের বিভিন্ন রকমের ব্যর্থতা যথা যন্ত্রপাতি আধুনিকিকরণে অক্ষমতা ও উৎপাদিত শিল্প সামগ্রীর চালুবাজারের সুরক্ষা ও নতুন বাজার অধিকারের জন্য উৎপাদিত শিল্পদ্রব্যের প্রয়োজনীয় রূপান্তরের সঠিক সময়োপযোগি কার্যকর বাস্তবায়নে আগ্রহী হইতে বিরত থাকা ;

(গ) কোনও কোনও ক্ষেত্রে পরিচালকবর্গ পূর্ব-পরিকল্পিত উপায়ে নিজেদের স্বার্থে (খ) অংশে উল্লিখিত কারণগুলির সৃষ্টি করিয়া থাকেন ;

(ঘ) পরিচালকবর্গের অভ্যন্তরীণ দ্বন্দ্ব ;

(ঙ) কোনও শিল্পসংস্থায় রুগ্নতার লক্ষ্যণ দেখা দিলেও উহা অবিলম্বে প্রতিকারের জন্য সংশ্লিষ্ট ব্যাঙ্ক বা আর্থিক লগ্নিকারি সংস্থাগুলির ব্যবস্থা অবলম্বনে ব্যর্থতা ;

(চ) সার্বিক দৃষ্টিভঙ্গিতে শিল্পের রুগ্নতা সরকার অনুসৃত আর্থিক ও শিল্পনীতি হইতে সৃষ্টি হইয়া থাকে ;

উল্লিখিত নীতি সমূহের প্রণয়ন ও বাস্তবায়ন কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই রাজ্যে ১৬৩টি রুগ্ন শিল্প আছে, তার মধ্যে সুস্থ করার জন্য রাজ্য সরকার কি আর্থিক সাহায্য করেছেন, করে থাকলে তার সংখ্যা কত?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এটা নোটিশ দিলে আমি ডিটেলস দিয়ে দেব।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ২৬৩টি পশ্চিমবাংলায় রুগ্নশিল্প আছে, এই তথ্য দিলেন। এর মধ্যে স্টেট পাবলিক সেক্টর এবং সেন্ট্রাল পাবলিক সেক্টরে কতগুলি আছে এবং হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশন যেটা রুগ্ন হয়ে পড়ে আছে, এই ব্যাপারে আপনি হস্তক্ষেপ করে এর রুগ্নতা কাটানোর ব্যাপারে কী সাহায্য করতে পারেন জানাবেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এই প্রশ্ন আসে না। আমি প্রশ্নে বলেছি যে কতগুলি কারখানা প্রাইভেট সেক্টরে এবং পাবলিক সেক্টরে এই অবস্থায় আছে।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি যতগুলি শিল্প সংস্থার উল্লেখ করলেন, তার মধ্যে কতগুলি বি. আই. এফ. আরে গেছে এবং কতগুলি বিবেচনাধীন আছে, আপনার দপ্তর এগুলি রক্ষা করার জন্য কী ভূমিকা পালন করছেন?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** বি. আই. এফ. আর.-এর ৩০/৪/৯৪ পর্যন্ত আমার কাছে হিসাব আছে, আমি সেটা বলে দিচ্ছি। এই ১৬৩টির মধ্যে প্যাকেজ অ্যাপ্রুভড হয়েছে ৩২টি। প্রাইমাফেসি কনক্লুশন ফর ওয়াইন্ডিং আপ অ্যান্ড অবজেকশন ইনভাইটেড ৬টা—এর মধ্যে ২টো প্রাইভেট সেক্টরে, ৪টি পাবলিক সেক্টরে। ফাইনাল অর্ডার পাশড ফর ওয়াইন্ডিং আপ ৩৯টি। এগুলি প্রাইভেট সেক্টরে। রিজেক্টেড/ড্রপড/নট মেন্টেনেবল ২১টা—এগুলি প্রাইভেট সেক্টরে। ফ্যাক্টরি আউট সাইড দি স্টেট ৭টি। এগুলি প্রাইভেট। পেন্ডিং ১৮টা প্রাইভেট সেক্টরে, ১২টা পাবলিক সেক্টরে। জুট মিলস অ্যান্ড আদারস ইউনিট লুক আফটার বাই সি অ্যান্ড ডিপার্টমেন্ট ২৫টা প্রাইভেট সেক্টরে। হেয়ারিং হেল্ড অ্যাজ পার অর্ডার অব হাইকোর্ট ১টা। এটাও প্রাইভেট সেক্টর। নো হেয়ারিং হেল্ড সো ফার ২টো। এটা প্রাইভেট সেক্টর।

**শ্রী দেওকিনন্দন পোদ্দার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই ১৬৩টির মধ্যে ছোট কত, মাঝারি কত, আর বড় কত আছে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** সবই ছোট, বড়, মাঝারি ভাগ করে এখন আমার পক্ষে বলা সম্ভব নয়। আপনি যদি চান আমি পরে দিয়ে দিতে পারব।

[11-50 — 12-00 Noon]

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, রুগ্ন শিল্প হিসাবে চিহ্নিত এবং খুব পুরানো শিল্প যেটা মাননীয়া ইলা পালচৌধুরি করেছিলেন স্মল টুল ম্যানুফ্যাকচারিং কোম্পানি যেগুলি উল্টোডাঙ্গা এবং কৃষ্ণনগরে অবস্থিত—এর মধ্যে একটা বন্ধ হয়ে গিয়েছে, একটা ধুঁকছে, এই শিল্পগুলির অবস্থা কি? এই স্মল টুল ম্যানুফ্যাকচারিং কোম্পানিকে বি. আই. এফ. আর.-এ পাঠানো হয়েছে কিনা এই ব্যাপারে যদি একটু আলোকপাত করেন তাহলে ভাল হয়।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এই কোম্পানি বি. আই. এফ. আর.-এ পাঠানো হয়নি ূর আমার কাছে খবর আছে সেটা বলছি। আমি এটা রেকর্ড থেকে দেখতে পাচ্ছি। ানি জানেন এটা বি. আই. এফ. আর.-এ যাক বা না যাক এই ব্যাপারে আমি ২-৩ চেষ্টা করেছি। আমি নিজে গিয়েছি সেখানে। যারা এই কারখানার মালিক তাদের সম্পূর্ণ হযোগিতার জন্য আমি বেশি দূর এগোতে পারিনি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় রুগ্ন কারখানার একটা হিসাব দিয়েছেন। নীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই রুগ্ন কারখানা উনি কাদের বলছেন, কি হিসাবে ছেন? কোনও কোনও কারখানা পর পর তিন বছর লোকসান করলে তাকে রুগ্ন বলা । সিক ইন্ডাস্ট্রিস কন্ট্রোল অ্যাক্টে এটা বলা হচ্ছে। আবার রিজার্ভ ব্যাঙ্কের গাইড লাইনে ; হচ্ছে কোনও কারখানা যদি নিট ওয়ার্ক যদি জিরো হয়ে যায়, যদি লস তার শেয়ার পিটালকে ইরোড করে দেয় তাহলে সেটাকে রুগ্ন কারখানা বলছে। মাননীয় মন্ত্রী মহাশয় । ক্লারিফাই করে বলে দিন কী হিসাবে রুগ্ন ধরছেন। আমি জানতে চাই কারখানা যাতে না হয়ে যায় তার জন্য রাজ্য সরকার কোনও মনিটরিং কমিটি করেছেন কিনা? শ্রম র এবং অন্যান্য দপ্তর যেগুলি লেবার দপ্তরের সঙ্গে কনসার্ন?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** প্রথম প্রশ্নে উত্তরে আমি বলছি এই রুগ্নটা নির্ধারিত হয় গমা' আইন অনুযায়ী। সেখানে যাদের রুগ্ন বলা হয় আমারও সেই গুলিকে রুগ্ন বলি। দের পুনর্গঠনের জন্য রাজ্য সরকার চেষ্টা করছে। কোনও কমিটি না হলেও নিয়মিত ন্ন দপ্তর—আমার দপ্তর, কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দপ্তর, শ্রমদপ্তর—আমরা মাঝে মাঝে বসছি, ব্যাপারে কতদূর কি করা যায় সেটা চেষ্টা করছি।

**শ্রী আবুল হাসানাত খান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ১৬৩টি কারখানা রুগ্ন হয়ে ে রয়েছে এবং কি কারণে রুগ্ন হয়ে পড়ে রয়েছে সেই ব্যাপারে ব্যাখ্যা করেছেন। চমবাংলায় যে সমস্ত কারখানা বন্ধ হচ্ছে বা রুগ্ন হচ্ছে এর মধ্যে কোনও কারখানা শ্রমিক ন্তোষের বন্ধ হয়েছে বা রুগ্ন হয়েছে কিনা জানাবেন কি? এবং এই ভাবে বন্ধ হলে তার খ্যা কত?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** বর্তমানে যে ভাবে কারখানা রুগ্ন হয়েছে তাতে শ্রমিক ন্তোষের জন্য বন্ধ হয়েছে এটা মোটেই ধরতব্বের মধ্যে নয়। একেবারে নেই বলব না, র আগে যে কারণগুলি বললাম সেইগুলিই হল মূল কারণ। যদি কোনও শ্রমিক অসন্তোষের া বন্ধ হয় তাহলে ওই সমস্ত উদ্ভূত কারণেই হয়েছে।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে উনি কৃষ্ণনগর এস. টি. এম. রখানা নিয়ে অনেক আলোচনা করেছেন। কিন্তু ঠিকমতো কিছু করতে পারেন নি। আমার ব্য হচ্ছে মাননীয় মন্ত্রী মহাশয় কলকাতা থেকে সুদূর কৃষ্ণনগরে এসে কৃষ্ণনগরের গেস্ট উসে এস. টি. এম.-এর মালিককে ডেকেছিলেন সাড়ে তিনশো শ্রমিকের রুজিরোজগার বন্ধ না যায় তার জন্য। অথচ সেই মালিক উপস্থিত হল না মন্ত্রীর ডাকে। তারজন্য মাননীয় মহাশয় কী ব্যবস্থা গ্রহণ করেছেন? মালিকের বিরুদ্ধে কী ব্যবস্থা গ্রহণ করেছেন, কোনও

শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা? কারণ আপনি তাকে ডাকলেন, কিন্তু সে উপস্থি হল না। পরবর্তীকালে কারখানা খোলার জন্য কী ব্যবস্থা গ্রহণ করেছেন সেটা জানতে চাই

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** আমাকে যেটা জানানো হয়েছিল তা হচ্ছে তারা ঠিক সময়ম খবর পাননি। যদিও ব্যাঙ্কের প্রতিনিধিরা এবং আমাদের শ্রমিক ইউনিয়ন ওখানে যে দু আছে তাদের সকল প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। তারা পরে উপস্থিত হয়েছিলেন ব আমাকে জানিয়েছিলেন। পরে তারা জানিয়েছিলেন যে তারা শ্রমিকদের সঙ্গে আলোচনা ক প্যাকেজ তৈরি করে পরে জানাবেন। আমরা যা খবর পেয়েছি, সেই ব্যাপারে কিছু হয়নি তবে সরাসরি তারা আসবেন না এটা বলেন নি। তারা সময় মতো আসতে পারেননি ব তারজন্য তারা দুঃখ প্রকাশ করেছেন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে আমার সাপ্লিমেন্টারি হল এ যে, ইস্টার্ন পেপার মিল, যেটি ভি. আই. পি. রোড দিয়ে গেলে দেখতে পাবেন, সেখান ১,২০০ লোক কাজ করত। রাজারহাটে তারা একটা স্ট্রাকচার করেছিল। এখন সেটি ক হতে হতে প্রায় শেষ অবস্থায় এসে পৌঁচেছে। সামনের জমিতে বাড়িও হয়ে যাচ্ছে। ফ্যাক্টরিটা রিভাইভ করার ক্ষেত্রে আপনার কাছে কোনও ইনফর্মেশন আছে কিনা, বা কোনও পদক্ষেপ নিচ্ছেন কিনা?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এটা সম্পর্কে ডিটেল্ড ইনফর্মেশন আমার কাছে নেই। ত ব্যাঙ্ক মারফৎ একটা আলোচনায় বসার চেষ্টা হয়েছিল এটা বলতে পারি। এখনও কোনও স্কীম তারা আমাদের কাছে দিতে পারেন নি। চেষ্টা হয়েছে, এর বেশি কিছু বলার মতো ত আমার কাছে নেই।

## মাদ্রাসার অনুমোদন

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩০১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

> ১৯৯৪-৯৫ আর্থিক বছরে রাজ্যে কতগুলি মাদ্রাসাকে অনুমতি দেওয়া হবে ব আশা করা যায়?

**শ্রী আনিসুর রহমান ঃ**

> বিষয়টি ১৯৯৪-৯৫ আর্থিক বৎসরে অনুমোদিত ব্যয় বরাদ্দের উপর নির্ভরশীল

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** আপনি বললেন যে এবারের বাজেটের উপরে নির্ভর ক ঠিক করতে হবে। আমার প্রশ্ন হচ্ছে, ১৯৯৩-৯৪ সালে কতগুলিকে অনুমোদন দিয়েছেন

**শ্রী আনিসুর রহমান ঃ** আমরা নির্দিষ্ট সংখ্যা বলি না দুটি কারণে। আপনারা জানেন যে আমাদের শিক্ষা দপ্তরের যে বাজেট তাতে এখন নিয়ম আছে, সাবজেক্ট কমিটিতে আলোচনা হয় তারপর বিধানসভায় পেশ করা হয়। খুব সঙ্গত কারণেই সেজন্য সংখ্যাটা বলি না দ্বিতীয়ত, সাধারণ বিদ্যালয় এবং মাদ্রাসা শিক্ষার যে বরাদ্দ তা একই হেডে আছে। য ফলে সাধারণ বিদ্যালয়ের ক্ষেত্রেও কিছু বলি না, মাদ্রাসার ক্ষেত্রেও কিছু বলি না। গত বছরে

যেটা বলেছেন যা হয়েছে, গত বছরের নির্ধারিত সংখ্যা ছিল ৩২টি। এর মধ্যে ২৩টি ছিল ক্লাশ এইট থেকে টেন পর্যন্ত এবং ৯টি ছিল ক্লাশ সিক্স থেকে এইট পর্যন্ত। পরবর্তীকালে হাইকোর্টে কেস হয়। যদিও এর পরবর্তী সময়ে আমরা ২০টি হাই মাদ্রাসা এবং ৫টি জুনিয়র থেকে জুনিয়র হাই মাদ্রাসা করেছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** আমি জানতে চাইছি, ১৯৯৩-৯৪ সালে নতুন বিদ্যালয় ক'টি হয়েছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** ১৯৯৩-৯৪ সালে কোনও নতুন বিদ্যালয়ের পরিকল্পনা ছিল না। তবে দু'ধরনের কাজ অবশ্য হয়েছে। ক্লাশ সিক্স থেকে এইট পর্যন্ত এবং ক্লাশ এইট থেকে ক্লাশ টেন পর্যন্ত যে আপ-গ্রেডেশন হয়েছে তার সংখ্যা ছিল যথাক্রমে ২৩ এবং ৯টি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাদ্রাসা শিক্ষার ব্যাপারে শিক্ষকদের প্রচুর অভিযোগ আছে যে তারা নিয়মিত বেতন পাচ্ছেন না। স্কুলগুলির রক্ষণাবেক্ষণ হচ্ছে না, অস্বাস্থ্যকর একটা পরিবেশ তৈরি হচ্ছে। বাচ্চারা যে খেলাধূলা করবে তার ব্যবস্থা নেই। মাদ্রাসা শিক্ষার ব্যবস্থার সঙ্গে সাধারণ শিক্ষা ব্যবস্থার একটা ফারাক আছে। এখানে যারা পড়াশোনা করছে তাদের এই সমস্ত অসুবিধাগুলো দূরীকরণে, মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার উন্নয়নে রাজ্য সরকার কি সঠিক পদক্ষেপ গ্রহণ করেছেন? এই সমস্ত স্কুলে যেসব ছাত্ররা যা বা যেসব স্কুল নতুন করে খোলা হচ্ছে, সেখানে যে সমস্ত ছাত্ররা পড়াশোনা করতে যায়, তাদের ভবিষ্যৎ নিরাপত্তা থাকবে কিনা?

[12-00 — 12-10 a.m.]

**শ্রী আনিসুর রহমান ঃ** যদিও বিষয়টা প্রাসঙ্গিক নয়, তবুও সুবিধার জন্য বলছি, আমার একটা জিনিস খুব ভাল লেগেছে যে সুদীপবাবু মাদ্রাসা শিক্ষা সম্পর্কে জানার চেষ্টা করেছেন। আপনারা জানবেন যে, হায়ার মাদ্রাসা। এবং সিনিয়র মাদ্রাসাতে একই সিলেবাস, একই কারিকুলাম এবং একই ধরনের সুযোগ-সুবিধা শিক্ষকদের। কিছু সিনিয়র মাদ্রাসাতে কিছুটা পার্থক্য ছিল, তারা একসঙ্গে বেতন পেতেন না। এখন সেই পার্থক্য কাটিয়ে ওঠা গেছে। তাছাড়া সিনিয়র মাদ্রাসার যে সুপার ছিলেন তাকে হেড মাস্টারের সমতুল্য করে আগে তিনি যে স্কেল পেতেন না, এখন সেই স্কেলের ব্যবস্থা করেছি এবং হেড মাস্টারের স্কেল পাচ্ছেন। সুতরাং হায়ার এবং সিনিয়র মাদ্রাসাতে অন্যান্য স্কুলে যে রকম সুযোগ সুবিধা এক্ষেত্রেও একই ব্যবস্থা। তবে এই মাদ্রাসা স্কুলগুলো কয়েকটি জায়াগায় অবস্থিত সেই কারণে কিছু সমস্যা রয়েছে, সেগুলোও কাটিয়ে ওঠার চেষ্টা করছি এবং এই বিষয়ে সমবেত চেষ্টা দরকার।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### ল-ক্লার্কস কাউন্সিল

*২৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩২৫) **শ্রী মোজাম্মেল হক ঃ** আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের আইনজীবীদের অধীনে কর্মরত "ল-ক্লার্কসদের" স্বার্থে "ল-ক্লার্কস কাউন্সিল" গঠনের জন্য আইন প্রনয়নের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে নাগাদ এই আইন প্রণীত হবে বলে আশা করা যায়?

**আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রস্তাবটি রাজ্য সরকারের পরীক্ষাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

### চিংড়ি মাছ বিদেশে রপ্তানি

*২৯। (অনুমোদিত প্রশ্ন নং *২৫৪) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্য থেকে গড়ে প্রতিবছর বিদেশে রপ্তানি করা চিংড়ি মাছের পরিমাণ কত ;

(খ) ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ঐ বাবদ বিদেশি মুদ্রার পরিমাণ কত; এবং

(গ) ভবিষ্যতে চিংড়ি চাষ বাড়ানোর জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) গড়ে প্রায় ৭,০০০ টন চিংড়ি প্রতি বছর বিদেশে রপ্তানি হয়ে থাকে।

(খ) চিংড়ি রপ্তানি থেকে অর্জিত বিদেশি মুদ্রার পরিমাণ ১৯৯২-৯৩ আর্থিক বছরে ১৫৯.৩১ কোটি টাকা এবং ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ২০৯.২৭ কোটি টাকার সমান।

(গ) ১। বাগদা চিংড়ি চাষ বাড়ানোর জন্য এই রাজ্যের উপকূলবর্তী তিনটি জেলায় বি. এফ. ডি.-এর মাধ্যমে ব্যাঙ্ক ঋণ ও সরকারী অনুদানের ব্যবস্থা করা হয়েছে।

২। গলদা চিংড়ি চাষের বৃদ্ধির জন্য প্রতিটি জেলাতেই ব্যাঙ্ক ঋণ ও সরকারি অনুদানের ব্যবস্থা আছে।

৩। বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় প্রায় ১৬৭১ হেঃ এলাকায় নোনা জলে চিংড়ি চাষের প্রকল্প গড়ে তোলার উদ্যোগ চলছে।

৪। চিংড়ির বীজ উৎপাদনের জন্য দীঘাতে একটি হ্যাচারি স্থাপন করা হয়েছে।

### ভূমি রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪ আর্থিক বছরে রাজ্যে ভূমি রাজস্ব আদায়ের কোনও লক্ষ্যমাত্রা ছিল কিনা ;

(খ) থাকলে, বছরওয়ারি লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(গ) প্রকৃত আদায়ের পরিমাণ বছরওয়ারি কত ছিল?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ)

| আর্থিক বছর | টাকার পরিমাণ |
|---|---|
| ১৯৯১-৯২ | ১,১০০ লক্ষ |
| ১৯৯২-৯৩ | ৭৬০ লক্ষ |
| ১৯৯৩-৯৪ | ১০৭০.৬৫ লক্ষ |

(গ)

| আর্থিক বছর | টাকার পরিমাণ |
|---|---|
| ১৯৯১-৯২ | ৬০৭ লক্ষ |
| ১৯৯২-৯৩ | ৮৬২.০৭ লক্ষ |
| ১৯৯৩-৯৪ | ৬৫৪ লক্ষ |

(ফেব্রুয়ারি '৯৪ পর্যন্ত)

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motion. The first is from shri Sudip Bandyopadhyay on the subject of boat accident near Sagardweep and inaction of the State Government, and the second from Shri Saugata Roy on the subject of reported capsize of a trawler, Gitanjali, near Namkhana resulting in death of number of passengers, and the third from shri Sobhandeb Chattopadhyay on the subject of alleged spread of gastroenteritis and cholera in Calcutta and other districts of the State.

The subject matters of the Motions do not call for adjournment of the Business of the House. Regarding the first and second, the members may call attention of the Minister concerned on the subjects through calling attention, mention etc. Regarding the third, a statement on he same subject has already been made in the House by the Minister-in-charge of Health and Family Welfare Department on 3/6/94 in reply to Calling Attention notice on the same subject. Therefore, it is out of order.

Therefore, I withhold my consent to the motion.

On member may, however, read out the text of one of the other two motions.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—১৪ই জানুয়ারি গভীর রাতে সাগরমেলায় সাগরদ্বীপের কাছে চেমাগুড়িতে ডুবে গিয়েছিল লঞ্চ 'মা অভয়া', সঠিক কতজনের মৃত্যু হয়েছিল, তদন্তের ফল প্রকাশ যা দু'মাসের মধ্যে হওয়ার কথা ছিল, তা চারমাস অতিক্রান্ত হয়ে গেল। এরই মধ্যে একই জায়গায় ঘটে গেল আরেকটি মর্মান্তিক নৌকাডুবির ঘটনা। ৬৬ জনের সলিল সমাধি ঘটল। এইসব দুর্ঘটনার নৈতিক দায়িত্ব পরিবহনমন্ত্রী নেবেন না। সাগরদ্বীপে মুড়িগঙ্গা এলাকায় বারবার দুর্ঘটনা ঘটছে। রাজ্য সরকার নীরব সাক্ষী। সমগ্র ফেরি সার্ভিস চলাচলের ব্যাপারটাকে রাজ্য সরকার নিজের পরিচালন ব্যবস্থার মধ্যে নিয়ে আসুন। অবিলম্বে তদন্তের প্রকাশ করুন।

## Calling Attention

**Mr. Speaker :** Today, I have received four notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| i) Reported sinking of the trawler 'Gitanjali' in the river Muriganga at Chemaguri on 3/6/94. | : | Shri Gyan Singh Sohanpal, Shri Abdul Mannan, Shri Sibaprasad Malik, Shri Tapan Hore, Shri Anjan Chatterjee, shri Deba Prasad Sarkar, Shri Dipak Mukherjee, Shri Birendra Kumar Moitra, Shri Saugata Roy and Shri Nani Kar. |
| ii) Steps taken by the Government to save the prople of arsenic affected Baruipur. | : | Shri Sobhandeb Chattopadhayay |
| iii) Low rate of wages of Bidi Workers at village areas of Nadia district. | : | Shri Kamalaendu Sanyal |
| iv) Environment of Calcutta and its remedy. | : | Shri Satya Ranjan Bapuli |

This is not specific.

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal and other on the subject of Reported sinking of the tralwer 'Gitanjali' in the river Muriganga at Chemaguri on 3. 6. 1994.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made n 7th of June, 1994.

**Mr. Speaker :** Yes, Mr. Prabir Banerjee, you have given a notice of privilege.

## NOTICE OF PRIVILEGE

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে বলছি গত শুক্রবার ৩রা জুনে সংবাদপত্রে 'প্রতিদিন' বলে একটি কাগজে যে খবর বেরিয়েছে সেটা আমি পড়ে শোনাচ্ছি—মাননীয় কংগ্রেস বিধায়কের সপরিবারের ফিজিওথেরাপির খরচ পড়েছে ২৬ হাজার টাকা।

এক কংগ্রেস বিধায়কের পারিবারিক ফিজিওথেরাপির বিল দেখে পে অ্যান্ড অ্যাকাউন্ট অফিসের কর্মীরা বিস্মিত। সম্প্রতি বিধানসভা সেক্রেটারিয়েট থেকে বিলটি পে অ্যান্ড অ্যাকাউন্টস অফিসে এসেছে। মাত্র ৮০ দিনের ফিজিওথেরাপি বাবদ বিল ২৫,৬০০ টাকা। বিলে দেখা যাচ্ছে এক ডাক্তারবাবুর প্রেসক্রিপশন অনুযায়ী ওই বিধায়ক, তার স্ত্রী, পুত্র ও কন্যা। চারজনে ৮০ দিন ফিজিওথেরাপিস্টের সেবা নিয়েছেন এবং প্রতিদিন তার জন্য ৮০ টাকা করে দিতে হয়েছে। বিধায়ক হলেন উত্তর ২৪ পরগনার গাইঘাটা কেন্দ্রের প্রবীর ব্যানার্জি। এখানে আরও অনেকের কথা আছে, চশমা নিয়েও লিখেছেন। আমি এটা এইজন্য বলছি, আজকে যে বিল নিয়ে সম্প্রতি ২৫,৬০০ টাকা নেওয়া হয়েছে বলা হয়েছে এটা সত্য নয়। দ্বিতীয়ত, স্যার আর একটি জিনিস ওরা বলছেন, বিধানসভার সেক্রেটারিয়েট থেকে বিলটি পে অ্যান্ড অ্যাকাউন্টস অফিসে গিয়েছে বলা হয়েছে, এখানে উল্লেখ করা দরকার, পে অ্যান্ড অ্যাকাউন্টস অফিস থেকে আমি কোনও বিল নিই না ; আমি ওখানে জমাও দিইনি। আর একটি জিনিস বলা হচ্ছে, আমার পুত্রের নামে বিল নিয়েছি, আমি পরিষ্কার জানাচ্ছি, আমার একটি পুত্র আছে, সে সম্পূর্ণ সুস্থ। আমার সকলের কাছে প্রার্থনা, ভবিষ্যতে তার জন্য যেন কোনও বিল নিতে না হয়। চতুর্থত, আমার কোনও কন্যা সন্তান নেই, একটি মাত্র আমার পুত্র আছে। অথচ বলা হয়েছে, আমি কন্যার নামে বিল নিয়েছি। আমার বক্তব্য হচ্ছে, এখানে সংবাদপত্র এই তথ্য কোথা থেকে পেলেন? আজকে স্যার, এই নিউজ বেরোনোর পর থেকে যখন রাস্তায় যাচ্ছি, মানুষ একটু বক্র দৃষ্টিতে দেখছে, একটু মুচকি হাসছে, এটাতে স্যার সামাজিক সম্মান নষ্ট হচ্ছে বলে আমি মনে করি। স্যার, আর একটি জিনিস, মজার ব্যাপার দেখতে পাচ্ছি, রাস্তাঘাটে, বাইরে, অ্যাসেম্বলির ভেতরে ওরা ধরেই নিয়েছেন, শুধু আমি নই, যে কোনও বিধায়ক যদি বিল করেন সবটা যেন বানানো, ফিকটিসিয়াস—এই ধারণাটা হয়ে গেছে। মেডিক্যাল বিল মানে—ফিকটিসিয়াস। এখানে আমাকে বলার পর, লাস্টে যেটা বলা হচ্ছে, বিধানসভার যে আইন, যে আইনে আপনি সবাইকে প্রোটেকশন দেন, সেখানে বলা হচ্ছে একটা জায়গায় কারুর চশমার ব্যাপারে। এক বিধায়ক হাউসে ৫ দিন এসে ১৩ হাজার টাকা বিল নিয়েছেন গত হাউসে, সে কথাও বলা হয়েছে। তার পরে কূপনের ব্যাপার নিয়েও উল্লেখ করা হয়েছে। তারপরে বলেছে, আপনাকে উদ্দেশ্য করে, আসলে ১৯৫০ সালের নিয়মনীতি আজও চলছে। সময়ের সঙ্গে তাল মিলিয়ে তার পরিবর্তন বা সংশোধন হয়নি। বিধানসভার এন্টাইটেলমেন্ট কমিটি এ ব্যাপারটি দেখেন। যেমন নিয়ম

অনুযায়ী ট্রেনে বা বিমানে কাজে গেলে ট্রেন ভাড়ার অর্ধেক এবং বিমান ভাড়ার সিকি ভাগ বিধায়করা ইন্সিডেন্টাল চার্জ হিসাবে পেয়ে থাকেন। লক্ষ্যণীয় হল কোনও সরকারি অফিসার এমন কি খোদ মুখ্যমন্ত্রীও এক্ষেত্রে ৩৯ টাকার বেশি পান না। আগে রেলভাড়া কম ছিল, বিমানভাড়াও ছিল কম। সেই অনুযায়ী এটা ঠিক হয়েছিল ১৯৫০ সালে। ইতিমধ্যে রেলভাড়া, বিমানভাড়া বহুগুণ বেড়ে গেছে। নিয়ম সংশোধন হয়নি। অনেক কিছু লেখা আছে। আমার পরিষ্কার বক্তব্য হচ্ছে, এতে আমার সামাজিক সম্মান নষ্ট হয়েছে, হাউসের বিধায়ক হিসাবে আমার সম্মান নষ্ট হয়েছে। হাউসের অবমাননা করা হয়েছে। স্যার, এটা যদিও আপনার ব্যাপার, আপনি যদি মনে করেন ভবিষ্যতে অসুখ আমার হতে পারে, যদি প্রয়োজন হয়, অবশ্যই বিল নেব, এতে আমার প্রিভিলেজ আছে। আমার যদি ভারি অসুখ করে—অনেকে আমেরিকা গিয়েছেন, নাম বলতে চাই না, নিয়েছেন—ভবিষ্যতে অসুখ হয় তাহলে আপনার কাছে আমি দাবি করব আমেরিকা পাঠানো হোক, সেক্ষেত্রে ২৬ হাজার কেন, প্রয়োজনে ২৬ লক্ষ টাকা নেব। আজকে যে ভাবে নিউজ বের করে আমার সামাজিক সম্মান নষ্ট করা হয়েছে—আর যদি প্রয়োজন হয়, বন্ধ করে দিন, নেব না—এই ধরনের সংবাদ দেওয়া ঠিক নয় তাই এই ঘটনাটার জন্য আশা করব আপনি আমাকে প্রোটেকশন দেবেন।

**Mr. Speaker :** As is our usual practice, we will write to the Press for their comments. After getting their reply we will take whatever steps is necessary. Secretary will write to them for their comments on the report and we will take action after that.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Third Report of the Subject Committee on Environment, 1994-95

**Shri Birendra Kumar Moitra :** Sir, I beg to present the Third Report of the Subject Committee on Environment, 1994-95 on Pre-Budget Scrutiny of the Environment Department.

## Laying of Reports & Accounts

### The Annual Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd. along with the Audit Report for the year 1989-90

**Shri Probodh Chandra Sinha :** Sir, with your kind permission, I beg to lay the Annual Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd. along with the Audit Report for the year 1989-90.

### The Annual Accounts of the Hooghly River Bridge Commissioners along with the Audit Report for the year 1990-91.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Accounts of the Hooghly River Bridge Commissioners along with the Audit Report for the year 1990-91.

## STATEMENT UNDER RULE—346

**Mr. Speaker :** Now, Hon'ble Minister Shri Benoy Krishna Chowdhury will make a statement.

[12-10 — 12-20. p.m.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

মাননীয় অধ্যক্ষ মহোদয়,

খাজনা আদায় সংক্রান্ত বিষয়ে মাননীয় সদস্য শ্রী প্রবোধ পুরকায়েত এবং শ্রী কমল গুহ উল্লেখ করেছেন যে সরকারের নীতির বিরুদ্ধে, সেচ সেবিত জমির ক্ষেত্রে ৪ একর এবং সেচ সেবিত নয় এমন জমির ক্ষেত্রে ৬ একর পর্যন্ত জমিরও খাজনা আদায়ের জন্য জোর জুলুম করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার নির্দেশ অনুযায়ী আমি এ বিষয়ে আমার বক্তব্য পেশ করছি। সরকারের নীতি এ বিষয়ে পরিষ্কার। ৪ একর (সেচ সেবিত) এবং ৬ একর (সেচ সেবিত নয়) জমির জন্য কোনও খাজনা দিতে হয় না। এই আইন পাস হবার পর এতদিন এ বিষয়ে বিশেষ কোনও অভিযোগ উত্থাপিত হয়নি। ১৯৯২ সালে এই ধরনের কিছু অভিযোগ পাওয়ায় ১৯৯২ সালের ৬ই ফেব্রুয়ারি তারিখের ১০৪৮ সি. অ্যান্ড এস. নং রাজস্ব পর্ষদের পুনঃ-নির্দেশের তৃতীয় অনুচ্ছেদের মাধ্যমে এই বিষয় আবার সবিস্তারে বলা হয় যে সেচ সেবিত ৪ একর এবং সেচ সেবিত নয় এমন জমির ক্ষেত্রে ৬ একর পর্যন্ত জমির মালিককে কোনও খাজনা দিতে হবে না। জমির সেস নির্ধারিত এবং তা আদায়ের জন্যই শুধু সম-প্রকৃতির জমির খাজনার পরিমাণ ধরে সেসের হিসাব করা হয়।

খাজনা আদায় সংক্রান্ত সর্বশেষ যে নির্দেশ রাজস্ব পর্ষদ থেকে এই বছর দেওয়া হয়েছে (নং-২০০৪ সি. অ্যান্ড এস. তারিখ—২২শে মার্চ, ১৯৯৪) সেখানেও রাজস্ব পর্ষদের উপরোক্ত ১৯৯২ সালের নির্দেশের তৃতীয় অনুচ্ছেদের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

সুতরাং, সরকারি নির্দেশ যথাযথই আছে। কিন্তু মাননীয় সদস্যরা যখন এ বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন তখন আমি দপ্তরকে বিস্তারিত তদন্ত করে সংশ্লিষ্ট জেলাগুলি থেকে প্রকৃত অবস্থার বিবরণ আনতে নির্দেশ দিয়েছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আদেশ দেওয়া হয়েছে।

এখন দেখা যাচ্ছে এটা পর্ষদের ব্যাপার নয়। সেইজন্য এই ব্যাপারটা জন্য পর্ষদ দায়ী নয়। এই ব্যাপারটা ২৪-পরগনায় এ. ডি. এম. দেখছে। সুতরাং এই ব্যাপারে তদন্ত না করে গভর্নমেন্ট কিছু বলতে পারে না। আজকে এই ব্যাপারে একজন মাননীয় সদস্যর প্রশ্ন ছিল। এটা ঠিকই যে আমরা খাজনা আদায়ের উপর জোর দিচ্ছি।

তারপর যেটা তুললেন যে লক্ষ্যমাত্রা আছে কিনা সে সম্পর্কে বলছি, লক্ষ্যমাত্রা না হলে হয় না। সেইজন্য যেটা করা হয়েছিল, আমরা যখন থেকে জোর দিয়েছি, ১৯৯০/৯১

সালে যে খাজনা অ্যাকচুয়ালি আদায় হয়েছে আমরা চেষ্টা করেছিলাম তার ডবল হয় কি দেখতে। দেখলাম, এটা হয় না। পরের বছর থেকে ২৫ পারসেন্ট—এখানে সব পুরানো শু সুদ সমেত দিত, তা তো হয় না, তা হলে ১০/১২ গুণ হত, অ্যাকচুয়ালি যে খাজনা আদা হয় সেটা বলে দিচ্ছি। সেখানে আমি ফিগারগুলি দিয়ে দিচ্ছি। ১৯৯১/৯২ সালে আদায় হ ৬ কোটি ৭ লক্ষ টাকা। তারপর ১৯৯২/৯৩ সালের ব্যাপারে। এর আগের ফিগারগু দেখলে দেখবেন যে একটু বেশি, একটু কম হয়েছে। তারপর ৭ কোটি লক্ষ্যমাত্রা সত্ত্বে আদায় হল ৮ কোটি ৬২ লক্ষ ৭ হাজার টাকা। তাহলে লক্ষ্যমাত্রার চেয়ে বেশি হল। এ আমরা বুঝলাম। সেইজন্য এটা হচ্ছে, যেটা পাওনা, নতুন করে তা নয়, বকেয়া শুধু স শুদ্ধু তা নয়। আপনারা জানেন যে রিয়েলাইজেশনটা অনেক সময় অনেক কম হয়। সে রিয়েলাইজেশনটা আমরা কয়েক বছর ধরে চেষ্টা করছি কতখানি আমরা তুলতে পারি। তা দেখা গিয়েছে যে বাড়াতে পেরেছি। এরপর আরও বাড়বে। ইতিমধ্যে ৬ কোটি ৫৪ ল হয়েছে, সেটা প্রায় ৮ কোটি ছাড়িয়ে যাবে। আগের ফিগারগুলিও দিচ্ছি এবং তাহলে বুঝবেন কি ভাবে বাড়ছে। যেমন ধরুন, ১৯৮১/৮২ সালে মাত্র ২ কোটি ৮০ লক্ষ টাক তারপর ক্রমশ ৩ কোটি ৩০, ৫ কোটি ৮২ লক্ষ, ৫ কোটি ৪০ লক্ষ, ৫ কোটি ২৯ লক্ষ আবার একটু কমে ৪ কোটি ২২ লক্ষ, ৪ কোটি ৮৫ লক্ষ, ৫ কোটি ৮ লক্ষ, ৫ কো ২৮ লক্ষ, ৫ কোটি ৫০ লক্ষ, আবার ৬ কোটি, তারপর ৭ কোটি ৯৫ লক্ষ হয়েছে। এক কথা বলি, কেউ কেউ যেটা ইন্ডিকেট করতে চাইলেন যে এরকম নির্দেশে দেওয়া হয়েছে, সে নির্দেশ দেওয়া হয়নি। শুধুমাত্র যাদের কাছ থেকে যেটা প্রাপ্য খাজনা সেটা যাতে যথাসম্ভ সবটা আদায় হয় তারজন্য ক্রমাগত প্রচেষ্টা হচ্ছে। তাতে কিছু কিছু কালেকশন হচ্ছে এরকম ভাবে কোনও জায়গায় বলা হয়নি, সেই রকমের কোনও নির্দিষ্ট সার্কুলার এখন পর্যন্ত আমার হাতে কেউ দিতে পারেননি। আরও একটা মজা হচ্ছে, দুটোর তফাৎ দেখবেন—ন নিয়ে বাজার গরম করার চেষ্টা হচ্ছে সেটা হচ্ছে, ওরা সেচ এলাকায় ৪ একর আর অসে এলাকায় ৬ একর জমিতে ছাড়ের কথা যেটা বলছেন সেটা মুখে বলছেন আর দেখ, কাে কি করছে। এই সরকার নাকি ১৬ বছরের সুদ সমেত আদায় করছে। এত মাথা খারা হয়নি। লক্ষ্যমাত্রার ক্ষেত্রে যে মুহূর্তে আমরা বুঝেছি এটা বাস্তব সম্মত নয় বা হয়নি সে মুহূর্তে ২৫ পারসেন্ট করে বাড়াবার চেষ্টা করছি। সেখানে যারা আছে তাদের কি এ কান্ডজ্ঞান নেই যে যাদের ছাড় দেওয়া হয়েছে, যাদের কাছে প্রাপ্য নয়, ১৬ বছর ধরে যাদে কাছ থেকে আদায় হল না, কেন হল না সেটা না দেখে করবে? আর যাদের নেওয়া হয়নি সে ক্ষেত্রে এইটুকু কান্ডজ্ঞান আছে যে এক সাথে দিতে পারে না। অ্যাকুমুলেটেড লোন বেশি হলে সব সময় কিস্তি হয়। সেসের পরিমাণ জানেন যে কি পরিমাণে সেটা আছে। অনেক সময় যায় না, আমরা জানি তারা যায় না কারণ অল্প। যদি সেখানে বাদ থাকে তাহলে এক সঙ্গে দিতে পারে না। উপরের দিকে দেখবেন, সেখানে কিন্তু আসছে না। তাহলে কি বামফ্রন্ট সরকারের নীতি এটা বলতে চান?

যে গরিবকে মারে, তারা নিজেদের পায়ে কুড়ুল মারছে এবং যারা জমিদার জোতদার তারা ফাঁকি দিচ্ছে। সেই লিস্ট দিয়ে দেব। যেমন ইনকাম ট্যাক্সের ক্ষেত্রে যারা যারা ডিফল্টার তারা হচ্ছে বড় বড় ফিল্ম স্টার, যে সমস্ত বড় বড় ক্যাপিটালিস্ট, মনোপলিস্ট, সেই রকম

তাদের ক্ষেত্রে করছে না, এদের ক্ষেত্রে করছে, এটা সাধারণ কমন সেন্স থেকে চিন্তা করা উচিত। সেই জন্য বলছি কেন এনকোয়ারি করছি আমার বক্তব্যের শেষে আছে। কারণ আমি জানি এবং আপনারাও ভাল করে জানেন আমার নিজের অফিসারদের সঙ্গে যোগাযোগ করে কি করেন সেই খবরও আছে। সেই জন্য সেই ক্ষেত্রে কিছু হওয়ার দরুণ গোটা বামফ্রন্টের যদি ইমেজের উপর আঘাৎ আসে তাহলে আপনাদের থেকে আমি বেশি কনসার্ন হব। হোল্ডিং সম্পর্কে জানেন, ৫৮ লক্ষের বেশি। যদি ১০ হাজার আপনাদের বের করতে বলা হয়, আপনাদের মাথা ঘুরে যাবে। কিছু কিছু এখানে ওখানে করে রয়েছে। তারজন্য এই সমস্ত হয়েছে। আপনাদের তরফ থেকে অনেক কংক্রিট কেস দিয়ে গেছে। সেই সব কেস নিয়ে এনকোয়ারি করছি, আমার বক্তব্যের শেষে আছে। কারণ আমি জানি এবং আপনারাও ভাল করে জানেন, আমার নিজের অফিসারদের সঙ্গে যোগাযোগ করে কি করেন, দপ্তরে দপ্তরে ঘুস দিয়ে কাজ হচ্ছে। একজন আমাকে এও বলে গেছে, আমি বিষয়টা এনকোয়ারির জন্য বলেছি, খাজনা নেবার জন্য ঘুষ চাইছে, আমি এনকোয়ারি করছি, সব রকম আছে। সেই কংক্রিট কেস দেবেন। দু চার জনের জন্য হোল অ্যাডমিনিস্ট্রেশনকে ক্লেম করবেন না, এই ভাবে চলতে পারে না। কংক্রিট কেস দিলে আমি কোনওটা ফেলে রাখব না।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** এই সম্পর্কে কিছু বলতে চাই।

**মিঃ স্পিকার ঃ** মন্ত্রী বলার পর আর কোনও ডিবেট হয় না। আই অ্যাম সরি, আই কান্ট অ্যালাও ইউ।

## MENTION CASES

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে রাজ্যের আই. এ. এস. অফিসাররা অপমানিত বোধ করছে। মুখ্যমন্ত্রী এবং বিদ্যুত মন্ত্রী দুজন মিলে ঠিক করেছিলেন যে তথ্য দপ্তরের বিশেষ সচিব দীপক ঘোষ বিদ্যুত সচিব হচ্ছেন, এই কথাটা কৃষ্ণমূর্তি দীপক ঘোষকে জানিয়েছেন। কিন্তু পূর্বতন বিদ্যুৎ সচিব অন্য একজন সচিবকে দায়িত্ব দিয়ে চলে গেছেন। কিন্তু আমরা সংবাদপত্রে যা দেখেছি সেটা হচ্ছে রাজ্যের আই. এ. এস. অফিসাররা এতে ক্ষুব্ধ এবং তারা আজকে মুখ্যমন্ত্রীর কাছে স্মারক পত্র পর্যন্ত দিতে চাইছেন।

তারা মিট করছেন। আমি মনে করি আই. এ. এস.-দের সম্মান রক্ষা করা দরকার। রাজ্য সরকারের দ্বারা ওদের সম্মান ভুলুণ্ঠিত হচ্ছে। একজন সিনিয়র আই. এ. এস. অফিসারকে জনসমক্ষে হেয় হতে হচ্ছে এবং মুখ্যমন্ত্রীও কোনও সদুত্তর দিতে পারছেন না, এটা নিন্দনীয়। আমি রাজ্য সরকারের মনোভাবের নিন্দা করছি। এ বিষয়ে আমি আই. এ. এস. অ্যাশোসিয়েশনের মুভমেন্ট এবং বক্তব্যকে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই সরকার আমলাতন্ত্রের উপর নির্ভর করে নির্বাচনী বৈতরণী পার হন। যখন তারা ওদের প্রশস্তি করেন তখন ওরা তাদের প্রশংসা করেন। আর যখনই তারা সরকারের ভুল বা অন্যায় ধরিয়ে দেন তখনই মর্যাদাহানি করা হয়। তাদের মর্যাদা যাতে রক্ষিত হয়, দীপকবাবু যাতে তার কাজে যোগদান করতে পারেন তারজন্য আমি বিষয়টির প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বিদ্যুত

দপ্তরের প্রশ্নের দিন ছিল, আমরা ঠিক করেছিলাম শঙ্করবাবুকে এ বিষয়ে জিজ্ঞাসা করব। কিন্তু তিনি আজকে এখানে এসে উপস্থিত হননি এবং তার প্রশ্নও আসেনি। জানি না বি এ. কমিটিতে এ বিষয়ে অন্য কোনও সিদ্ধান্ত হয়েছে কিনা। যাই হোক আমি দাবি করছি আই. এ. এস. অফিসারদের অবমাননা থেকে মুক্তি দেওয়া হোক।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের সামনে একটা বিষয় উত্থাপন করতে চাইছি। আমি এর আগেও এখানে উল্লেখ করেছি যে, কেন্দ্রীয় সরকার যথেচ্ছভাবে বিভিন্ন সরকারি ক্ষেত্রগুলিকে বেসরকারিকরণ করছে। শুধু তাই নয়, বিদেশি সংস্থার কাছে আমাদের দেশকে তুলে দিচ্ছে। এ রকম একটা ডিপার্টমেন্ট, রেলের কথা এর আগেই বলেছি—রেলের যাত্রী নিবাস বেসরকারিদের হাতে তুলে দেওয়া হয়েছে অনেক ঘটা করে। কিন্তু আজকে আমি যেটা উল্লেখ করতে চাইছি, সেটা হচ্ছে—অত্যন্ত গুরুত্বপূর্ণ টেলি-কমিউনিকেশন ডিপার্টমেন্টের অনেকগুলি নিগমকে সঠিকভাবে কার্যকর করার বদলে—এত দিন ছিল বিভিন্ন মেশিনারি তৈরি করার ক্ষেত্রে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থার পাশাপাশি কিছু বেসরকারি সংস্থাকেও ব্যবহার করা হ'ত—এখন নতুন যে টেলি-কমিউনিকেশন পলিসি ডিক্লেয়ার করা হয়েছে তাতে একেবারে বিদেশিদের হাতে, মাল্টি-ন্যাশনালদের হাতে সমস্ত কিছু তুলে দেওয়া হবে। তাদের জন্য ১৬% প্রফিট গ্যারান্টি করা হবে। কিন্তু আজ থেকে ১৩ বছর আগে, '৮১ সালে সারিন কমিটি যে সুপারিশ করেছিল সেটাকে তোয়াক্কা না করে কেন্দ্রীয় সরকার টেলি-কমিউনিকেশনের বেসিক সার্ভিসকে প্রাইভেটের হাতে তুলে দিচ্ছে। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের এই ভয়ঙ্কর পলিসির বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি এবং এর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার জন্য রাজ্য সরকারের কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এ রাজ্যে প্রায় ২০০ কোটি টাকা পি. এফ.-এর বকেয়া পড়ে আছে। এই নিয়ে আমি এর আগে এই হাউসে আলোচনা করেছি। পি. এফ. কমিশনার এ রাজ্যে যাদের পি. এফ. বকেয়া আছে তাদের অ্যাকাউন্ট সিজ করার একটা সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু সম্প্রতি রাজ্য সরকারের একটা সিদ্ধান্ত প্রশ্নে উঠছে যে, পি. এফ. বকেয়া রাখার ব্যাপারটাকে রাজ্য সরকার সঠিক গুরুত্ব দিচ্ছে কিনা। মোট ১৩৫-টা ডিফালকেটিং ইউনিটের ব্যাঙ্ক অ্যাকাউন্ট সিজ করা হয়েছিল। কিন্তু রাজ্য সরকারের মুখ্য সচিব প্রত্যক্ষভাবে পি. এফ. কমিশনারকে বলেছেন—কয়েকটা সরকার সংস্থার অ্যাকাউন্টকে যেন ফ্রি করে দেওয়া হয়। তিনি নিজে চিঠি লিখে রিকোয়েস্ট করেছেন যে, এতগুলি অ্যাকাউন্টকে ফ্রি করে না দিলে ওরা মাইনে দিতে পারবে না। এর সব চেয়ে বড় উদাহরণ রাজ্য বিদ্যুত পর্ষদ।

যাদের ২৬ কোটি টাকা বাকি ছিল। উদাহরণ হিসাবে আমি বলতে পারি, রাষ্ট্রীয় পরিবহন কর্পোরেশন। কলকাতা এবং অন্যান্য রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে রাজ্য সরকার অ্যাসিওরেন্স দিয়েছেন এর পরে ওরা নিয়মিতভাবে প্রভিডেন্ট ফান্ড জমা দেবেন। কিন্তু যেখানে রাজ্য সরকারি সংস্থায় এত টাকা বাকি থাকছে সেখানে প্রভিডেন্ট ফান্ড আদায় করার ব্যাপারে একটা সিরিয়াস প্রশ্ন উঠছে। রাজ্য সরকারের রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে মাসে ৫ কোটি টাকা জমা দিতে হবে। তারা আগে প্রভিডেন্ট ফান্ড জমা দেননি, তারা এখন ৩ কোটি টাকা জমা দেবেন কিনা এটা সন্দেহের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আজ পর্যন্ত রাজ্য সরকারের পুলিশ কানোরিয়ার পাশারিকে ধরতে পারেনি যে রেমিংটন নিয়েছে। ইনক্লাবের মালিক

ব্যাপোরিয়াকে ধরতে পারেনি। এর থেকেই বোঝা যায় রাজ্য সরকার প্রভিডেন্ট ফান্ডের ব্যাপারে সিরিয়াস নয়।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী রাজকুমার মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়া মহকুমা শহরে সংলগ্ন যে সমস্ত সেচ বিভাগ, পি. ডবলু. ডি. এবং কালেকটোরেট-এর জমিগুলি আছে সেই সমস্ত জমিগুলির উপর বিভাগীয় অনুমতি না নিয়ে বহুতল বাড়ি তৈরি হচ্ছে। এর আগে ঐ সমস্ত জমিগুলির উপর কিছু বাড়িঘর তৈরি হয়েছিল, কিন্তু তারা লিজ নিয়েছিলেন। সেটা প্রায় ২০/২৫ বছর আগেকার কথা। এখন সেই লিজ ওভার হয়ে গেছে, পুনরায় তারা লিজ নেয়নি। ইদানিং যে সমস্ত বাড়িঘর তৈরি হচ্ছে, বিভাগের কাছ থেকে কোনও রকম লিজ না নিয়েই তৈরি হচ্ছে। এই বাড়িঘর তৈরি করার জন্য, বহুতল বাড়ি তৈরি করার জন্য প্রভিসনাল পারমিশন উলুবেড়িয়া পৌরসভা দিচ্ছেন। আমি যে কথাটা বলতে চাই, সরকার ওদের কাছ থেকে কোনওরকম রেভেনিউ পাচ্ছে না, অথচ বাড়ির মালিকরা বছরে প্রায় লক্ষ লক্ষ টাকা রোজগার করছে, কারণ তারা সেই সমস্ত বাড়িগুলি ভাড়া দিচ্ছেন, ব্যবসা করছেন আর সরকার রেভেনিউ থেকে বঞ্চিত হচ্ছে। আমি তাই সবিনয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করতে চাই এই ব্যাপারটি গুরুত্ব সহকারে দেখুন। যারা বাড়িঘর তৈরি করছে তাদের কাছ থেকে রেভেনিউ পেতে পারেন কিনা।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই ভুটভুটি নিয়ে, মেকানাইসড বোট নিয়ে ইতিপূর্বে বহু অ্যাক্সিডেন্ট হয়ে গেছে এবং তারজন্য মাননীয় মন্ত্রী শ্রী শ্যামল চক্রবর্তী মহাশয় একটি কমিটি করেছেন তার মধ্যে আমি ১ জন মেম্বার আছি। এখন সেই কমিটির রুলস অ্যান্ড রেগুলেশন্স তৈরি হচ্ছে। কিন্তু প্রশ্ন হচ্ছে, কিছুদিন আগে সাগরে একটা বিরাট অ্যাক্সিডেন্ট হয়ে গেছে। প্রশাসন যন্ত্র সম্পূর্ণ উদাসীন। আজকে যে ভুটভুটিগুলি চলছে সেগুলি চলার জন্য লাইসেন্স নেই। আর ট্রলারে করে মানুষ নিয়ে যাবার তো কোনও অধিকারই নেই। পুলিশ আছে, প্রশাসন আছে, কিন্তু কোনও তদারকি ব্যবস্থা নেই। ইতিপূর্বে রায়দিঘিতে, পাথরপ্রতিমা, কাকদ্বীপ, নামখানায় অ্যাক্সিডেন্ট হয়েছে, এর ফলে ২৬ জন মানুষ মারা গেছে, বহু মানুষ জলে ডুবে গেছে। এই যে ভুটভুটি বা মেকানাইসড বোটগুলি চলে এগুলির কোনও সায়েনটিফিক অ্যারেঞ্জমেন্ট নেই। ছোট বোট আর বিরাট মেশিন বসানো। এইসব বোটগুলিতে কত লোক ধরে তার কোনও নিয়ম বাধা নেই, কোনও কিছু ঠিক নেই। পারাপার ঘাটে কোনও পুলিশ থাকে না, প্রশাসন এ ব্যাপারে দেখে না। আজ পর্যন্ত প্রশাসনের তরফ থেকে কন্ট্রোল করার মতো কিছু নেই। দিনের পর দিন অ্যাক্সিডেন্ট হচ্ছে। সরকার দেখছে, মানুষ ডুবছে, মরছে, তারপর সংবাদপত্রে খবর বেরুচ্ছে। তারপর তদন্ত হয়ে শেষ হয়ে যাচ্ছে। এইসব অ্যাক্সিডেন্ট যাতে না হয় তারজন্য সরকারি তরফ থেকে আজ পর্যন্ত কোনও উদ্যোগ নেই। যার জন্য অ্যাক্সিডেন্ট হচ্ছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, এ ব্যাপারে অবিলম্বের মধ্যে ব্যবস্থা গ্রহণ করে ভুটভুটি বা মেকানাইসড বোট চালানোর ব্যবস্থা করা হোক।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি বিষয়ের

প্রতি আমি কেন্দ্রীয় সরকারের যোগাযোগ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্য সরকার যখন চিট ফান্ডগুলির বিরুদ্ধে সঠিক পদক্ষেপ গ্রহণ করছেন এবং যখন গ্রামাঞ্চলের সাধারণ মানুষ পোস্ট অফিসে টাকা জমা রাখার জন্য নূতন পাশ বই খোলার জন্য শয়ে শয়ে আসছে তখন হুগলি জেলার প্রত্যন্ত গ্রামাঞ্চলে ছোট ছোট পোস্ট অফিসগুলিতে পাশ বই সরবরাহ বন্ধ করে দেওয়া হয়েছে। আমার ধারণা চিট ফান্ডগুলিকে উৎসাহিত করতে এবং রাজ্য সরকারের স্বল্প সঞ্চয় থেকে যে অতিরিক্ত আয়ের সম্ভাবনা ছিল তাকে পরোক্ষভাবে বাধা দেওয়ার উদ্দেশ্যে ছোট ছোট পোস্ট অফিসে পাশ বই সরবরাহ করা বন্ধ হয়েছে এবং সাধারণ মানুষকে বঞ্চিত করা হচ্ছে। সেজন্য নিয়মিত পাশ বই সরবরাহ করে যাতে সাধারণ মানুষ টাকা রাখার সুযোগ পায় তার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি একটি বিষয়ে আকর্ষণ করছি। নদীয়া জেলার কৃষ্ণনগর শহরে এবং নদীয়ার হরিণঘাটায় বড় জাগুলিয়ায় জুনিয়ার বেসিক ট্রেনিং বিদ্যালয় দুটি সরকারি নির্দেশে বন্ধ করে দেওয়া হয়েছে। এর ফলে প্রাথমিক শিক্ষকরা বেসিক ট্রেনিং নিতে পারছেন না। সেই সরকারের নির্দেশ অনুযায়ী বেশিক ট্রেনিং বিদ্যালয় দুটি বন্ধ করে দেওয়া হল। আমি আশ্চর্য হচ্ছি যে প্রাথমিক শিক্ষকদের জুনিয়ার বেসিক ট্রেনিং হচ্ছে তাদের শিক্ষকতা করার জন্য হায়েস্ট ক্রাইটেরিয়া সেখানে কিসের ভিত্তিতে বিদ্যালয় দুটি বন্ধ করে দেওয়া হল? এতে শিক্ষকরা বেসিক ট্রেনিং থেকে বঞ্চিত হচ্ছেন, এমন কি যারা অধ্যাপনা করছেন কৃষ্ণনগরের তারা আজকে কি করবেন? তারা বেকার হয়ে গেলেন তারা বেতন পাচ্ছেন, বরখাস্ত হননি কিন্তু কাজ কিছু হচ্ছে না এবং যারা অশিক্ষক কর্মচারী আছেন তারা কাজ করছেন না, দিনের পর দিন বসে আছেন। মাননীয় শিক্ষা মন্ত্রী এই নির্দেশ প্রত্যাহার করে যাতে বিদ্যালয় দুটি খোলা হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক শিক্ষা এবং মাননীয় অর্থমন্ত্রীর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয়, বেতন কমিশনে যে বেতন বৃদ্ধি হয়েছে পুরুলিয়া প্রাথমিক শিক্ষকরা এখন পর্যন্ত সেই বকেয়া টাকা পাননি। ফলে জেলার সর্বত্র একটা ক্ষোভ সংগঠিত হচ্ছে এবং তারা ডেপুটেশন দিচ্ছেন। ডি. পি. সি. কর্তৃপক্ষ এবং ডি. আই. বলেছেন যে আলাদা ২ কোটি টাকা দিচ্ছেন। আমি মাননীয় অর্থমন্ত্রীকে জানাচ্ছি যে অবিলম্বে এমবার্গো তুলে দিয়ে প্রাথমিক শিক্ষকরা যাতে বকেয়া টাকা পান তার জন্য অনুরোধ জানাচ্ছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা শ্যামপুরের পরিবহন ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। হাওড়া থেকে গাদিয়াড়া, শিবগঞ্জ ইত্যাদি যেসব বাসরুটের লাইসেন্স দেওয়া হয়েছে সেসব রুটে সুষ্ঠুভাবে বাস চলে না। ওয়ান ফাইন মর্নিং শিবগঞ্জের বাস চলাচল একেবারে বন্ধ হয়ে গেছে। এ-ব্যাপারে হাওড়ার ডি. এম., আর. টি. ও., এমন কি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু সবাই নীরব দর্শক। বাসগুলি যেভাবে চলাচল করছে তাতে মানুষকে প্রাণ হাতে করে চলাচল করতে হচ্ছে। ঘন্টার পর ঘন্টা অপেক্ষা করবার পরও শ্যামপুরের মানুষ বাসের দে

: না। মালিক পক্ষকে ডাকলেও তারা আসেন না। আমার প্রশ্ন, পরিবহন ব্যবস্থাটা কি রুকে মালিক পক্ষের হাতে চলে গেছে? তাহলে পরিবহন মন্ত্রীর থাকার প্রয়োজনটা কি বা ভার আর. টি. এ. থাকবারই বা প্রয়োজন কি? তাই আমি আপনার মাধ্যমে মাননীয় রবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, শ্যামপুরের মানুষ যাতে নিরাপত্তা নিয়ে যাতায়াত তে পারেন তারজন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সমর হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি র্ষণ করছি। কুটির জ্যোতি প্রকল্পের মাধ্যমে তফসিলি এবং আদিবাসী মানুষদের বিদ্যুত ের ব্যাপারে একটি স্কীম গ্রহণ করা হয়েছে যে, একটি পোল থেকে ৩০ ফুটের মধ্যে ত দেওয়া হবে। এরফলে তার দূরবর্তী মানুষরা আমাকে জিজ্ঞাসা করছেন যে, কেন রা এ-ব্যাপারে বঞ্চিত করা হচ্ছে। যাতে এই প্রকল্পের মাধ্যমে সকল তফসিলি এবং দিবাসীদের বিদ্যুত দেওয়া হয় তারজন্য আমি আবেদন রাখছি।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বারষ্ট্র মন্ত্রীর দৃষ্টি র্ষণ করতে চাইছি। গত শনিবার চারজন সমাজবিরোধী রামরাজাতলা মন্দিরের মধ্যে ঢুকে দিরেতা বাবলুকেগুলি করে মারে এবং সেখানে সে চার ঘন্টা পড়ে থাকবার পর মারা কিন্তু পরদিন সকাল ৮টা পর্যন্ত পুলিশ সেখানে যায়নি। আমি নিজে সকাল সাড়ে টার সময় থানায় ফোন করেছি, কিন্তু তারা বলেছেন যে, তাদের কাছে এরকম কোনও র নেই। একটি লোককে গুলি করে মারা হোল যেখানে, তার ৫০০ মিটারের মধ্যেই রামরাজাতলা পুলিশ ফাঁড়ি, চক্রবেড়িয়া বা চ্যাটার্জি হাট পুলিশ ফাঁড়িও একই দূরত্বের । অথচ পুলিশ বলছে যে, তারা কোনও খবর পাননি। রামরাজাতলা মন্দিরের আশপাশ যত্রতত্র আজকে মদ বিক্রি হচ্ছে। ইতিমধ্যে সেখানে পাঁচটা খুনও হয়ে গেছে। জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি, অবিলম্বে অপরাধীদের গ্রেপ্তারের র করা হোক এবং মদ বিক্রি বন্ধ করা হোক।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পূর্তমন্ত্রীর দৃষ্টি র্ষণ করছি। বাজকুল-এগরা রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ এবং এটা দিঘা যাবার বিকল্প রাস্তা। পুর, পটাশপুর, এগরা প্রভৃতি অঞ্চলের বহু মানুষ ঐ রুটে যাতায়াত করেন। রাস্তাটির বড় বড় গর্ত, ফলে বাস লোক নামিয়ে গর্ত পার হয়ে আবার বাসে লোক তুলে য়াত করতে হয়। ফলে যে কোনও সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। অবিলম্বে টি ওয়াইডেনিং এবং স্ট্রেনদেনিং করবার জন্য আমি আবেদন রাখছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় র মন্ত্রীর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৩ বছরে পুর থানা অঞ্চলে প্রায় এক শতের বেশি ডাকাতি হয়ে গেছে। থানার এক শত গজের রাত্রি ৯টার মধ্যে ৩ মাসের মধ্যে ৪ বার ডাকাতি হয়ে গেল। আমরা বারবার শনের কাছে বলা সত্ত্বেও যেহেতু পুলিশ এবং ডাকাতদের মধ্যে একটা যোগসাজস রয়েছে জন্য কোনও ডাকাতকে ধরা হচ্ছে না। জনৈক সি. পি. এম. অঞ্চল প্রধানের বাড়িতে ৫ ডাকাতকে শেল্টার দেওয়া হয়েছিল। এই খবর পুলিশকে দিলে পুলিশ আগাম সেই খবর

প্রধানকে জানিয়ে দেয়। ফলে সেই ৫ জন ডাকাতের মধ্যে ৪ জন পালিয়ে যায়, ম একজনকে ধরা হয়। আজকে গোটা বারুইপুর অঞ্চলে ডাকাতরা অবাধে বিচরণ করে পুলিশ এবং ডাকাতদের মধ্যে যোগসাজস থাকার ফলে ডাকাতরা যে সমস্ত ডাকাতি কর তার শেয়ার তারা নিচ্ছে। আমি বারবার এস. পি.-র কাছে বলেছি, স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ বলেছি কিন্তু কোনও ফল হয়নি। তাই, আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী তথা পুলিশ মন্ত্রীর দৃ আকর্ষণ করছি উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রী প্রতি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩ এবং ৪ তারিখে যে ঝড় হয়ে সেই ঝড়ে মুর্শিদাবাদ জেলা বিপর্যস্ত হয়েছে। এর আগেও কয়েকটি ব্লকের খুবই ক্ষতিগ্র হয়েছিল এবং মানুষের জীবন এবং ধন-সম্পত্তি নষ্ট হয়েছিল। দুঃখের বিষয় হচ্ছে, এই ঘট হবার পরে বিশেষ করে বিদ্যুতের যে বেহাল অবস্থা হয়েছিল তাকে পুনরুদ্ধার করার জ সঠিক পরিকল্পনা সব ব্লকের ক্ষেত্রে নেওয়া হয়নি। যদিও মুর্শিদাবাদ জেলার কেন্দ্র বহরমপু একটু চেষ্টা করা হয়েছে, কিন্তু বর্ডার এলাকায় যেখানে প্রতিদিন চুরি-ডাকাতির প্রশ্ন থা যেমন জলঙ্গি, রানিনগর, ডোমকল ইত্যাদি জায়গায় টেলিফোন বিপর্যস্ত, বিদ্যুত ব্যবস্থা বিপর্য হওয়ার ফলে প্রায় সব কিছু অচল অবস্থা হয়ে পড়েছে। কাজেই এগুলি পুনরুদ্ধার কর জন্য আমি আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্ব বিষয়ে এই হাউসের কাছে রাখছি। আমার বিধানসভা কেন্দ্রে নৈহাটি মিউনিসিপ্যাল এরি এবং পঞ্চায়েত এরিয়ার মাঝখানে হচ্ছে রেল লাইন এবং সুষ্ঠু যোগাযোগ ব্যবস্থার অভা পঞ্চায়েত এলাকার মানুষের সত্যিকারের উন্নয়নের ক্ষেত্রে ব্যাহত হচ্ছে। এই ব্যাপারে রা সরকারের এবং কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের কাছে আবেদন করেছিলাম। কেন্দ্রীয় রে দপ্তর আবেদনে সাড়া দিয়ে ১৯৮৯ সালের ১লা মার্চ পি. ডবলিউ. ডি.-র সেক্রেটারিকে চি দিয়ে জানিয়েছিলেন যে নৈহাটি স্টেশনের পাশে একটি সাবওয়ে করার প্রশ্নে রাজ্য সরকা পক্ষ থেকে কেন্দ্রীয় রেল দপ্তরের কাছে একটি আবেদন পাঠানো হোক। কিন্তু আজকে বছর হয়ে গেল এখনও পর্যন্ত একটা প্রস্তাব রাজ্য সরকারের পক্ষ থেকে পাঠানোর উদ্য তারা নিতে পারলেন না। আজকে মতীশবাবু বাজেট প্লেস করতে যাচ্ছেন, আমি তার কা আবেদন করব যে এই ধরনের একটা প্রস্তাব পাঠাবার ব্যবস্থা করা হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে। পশ্চিমবঙ্গ সরকার যখন বি রায়তদের জমি দখল করার চেষ্টা করছেন, সেই সময়ে বিগ রায়তরা ভূমিজীবী সংঘের সদস্য হয়ে সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাচ্ছেন। এই রকম অবস্থায় কিছু সরকারি কর্মচারী কিভাবে বি রায়তদের হাতে এই জমিগুলি তুলে দিচ্ছে তার একটা দৃষ্টান্ত আমি এখানে তুলে ধরছি। ৩১শে মে হরিশচন্দ্রপুরে বি. এল. আর. ও. এবং বি. ডি. ও. মিলে ১৬০ বিঘা জমি ১২ শত আম গাছ কেটে বাগানকে জমি করেছে। যে কারণে এই জমি ভেস্ট হওয়া উচি সেই জমিত ভেস্ট করেনি, বি. এল. আর. ও. ঘুস খেয়ে প্রায় এক শত বিঘা জমি

কতকগুলি দালালের মাধ্যমে জোতদারের লোকেদের হাতে তুলে দিয়েছে। তাছাড়া ঐ জমিগুলিতে যারা আজকে ৫০ বছর ধরে বসবাস করছে তাদের এসে বলছে যে এর মধ্যে ভেস্ট জমি আছে, আর ভেস্টটা রায়তদের বলে দেখিয়ে দিয়েছে। আমি মন্ত্রী মহাশকে লিখিতভাবে দেব। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে কি উদ্দেশ্যে এই জমিগুলি জোতদারের হাতে তুলে দেওয়া হল সেটা তদন্ত করা হোক এবং এই মাপ সঠিক হয়েছে কিনা সেটা দেখার জন্য কলকাতা থেকে লোক নিয়ে গিয়ে আবার মাপা হোক এবং ঐ জমিগুলিকে উদ্ধার করা হোক।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী অঞ্জন চ্যাটার্জি** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিচার বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র কাটোয়ায় একটা অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজের আদালতের জন্য আমাদের ওখানকার বার অ্যাশোসিয়েশন মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে লিখিত প্রস্তাব দিয়ে আবেদন জানিয়েছেন এবং আমি ব্যক্তিগত ভাবে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানিয়েছি। আমাদের কাটোয়া সাব ডিভিসনে প্রায় ১০ লক্ষ মানুষের বাস। এখানে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ আদালত স্থাপন করবার জন্য যে পরিকাঠামো দরকার সেই পরিকাঠামো প্রস্তুত। এখানে রাজ্য সরকারের উদ্যোগে একটা তিন তলা বিল্ডিং হয়েছে, সেই বিল্ডিং-এ এখনও কোনও কাজ হচ্ছে না। এখানে সমস্ত রকম ফারনিচার সহ সমস্ত রকমের ইনফ্রাস্ট্রাকচার রয়েছে। এখানে যদি আদালত খোলা হয় আমাদের মহকুমার সমস্ত মানুষ উপকৃত হবে। শুধু তাই নয় এই যে বিলম্বিত বিচার ব্যবস্থা রয়েছে তার সুযোগ সম্প্রসারিত হবে। দীর্ঘ দিন ধরে বহু মামলা যেগুলি বর্ধমান কোর্টে জমা হয়ে রয়েছে সেইগুলি সত্বর বিচারের সুযোগ পাবে।

**শ্রী আবদুল মান্নান** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় তথ্য এবং বেতারমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হচ্ছে, আমরা সংবাদপত্রে দেখলাম ঘোড়দৌড় যেটা কলকাতার রেসকোর্স মাঠে হয় তার প্রদর্শন দূরদর্শনের মাধ্যমে প্রচার করা ব্যবস্থা করা হচ্ছে। আমরা ঘোড়দৌড়-এর বিরোধী। আমাদের এক প্রশ্নের উত্তরে মাননীয় অর্থমন্ত্রী এই ব্যাপারে বলতে একটু কুণ্ঠা বোধ করছিলেন। করের স্বার্থে এখনও এটা তোলা হয়নি। এখান থেকে কয়েক কোটি টাকা কর হিসাবে তোলা হয়। ঘোড়দৌড় মাঠে যাওয়ার ব্যাপারে এক শ্রেণীর মানুষের মধ্যে প্রচলন আছে। সাধারণ মানুষের মধ্যে সেই প্রভাব পড়েনি। এটা যদি দূরদর্শনের মাধ্যমে করা হয় তাহলে এটা সাধারণ মানুষের মধ্যে প্রভাব পড়বে। এমনিতেই তো আমাদের রাজ্যের সংস্কৃতির উপর আঘাত নেমে আসছে দূরদর্শনের অনেকগুলি অনুষ্ঠানের মাধ্যমে। আমরা এর বিরুদ্ধে বলেছি। তারপর যদি এই ঘোড়দৌড় দূরদর্শনের মাধ্যমে দেখাবার ব্যবস্থা করা হয় তাহলে সাধারণ মানুষ, গ্রামের মানুষের উপর এর প্রভাব পড়বে। আমার দাবি রাজ্য সরকার যোগাযোগ করুন কেন্দ্রীয় সরকারের সাথে যাতে দূরদর্শনের মাধ্যমে এই ঘোড়াদৌড় দেখানো না হয় তার ব্যবস্থা করুন।

**শ্রী সুভাষ গোস্বামী** : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের রাজ্যে বেশ

কিছু শহর এবং গঞ্জ এলাকায় মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তি নিয়ে সমস্যা দেখা দিয়েছে। এই সমস্যা দিনের পর দিন বাড়ছে। তার উপর বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক ঘর নেই, শিক্ষক নেই, ছাত্র-ছাত্রিদের চাপ দিনের পর দিন বেড়ে চলেছে। এই সরকার প্রথম থেকে শিক্ষার ক্ষেত্রে যতখানি গুরুত্ব আরোপ করা দরকার সেটা করে আসছে এবং তার ফলও যথেষ্ট পাওয়া গিয়েছে। ভর্তির জন্য যদি ছাত্র-ছাত্রিদের পড়াশোনা ছেড়ে দিতে হয় তাহলে এর চেয়ে দুর্ভাগ্যের আর কিছু থাকে না। আমার বিধানসভা কেন্দ্র ছাতনায় ছাতনা বাসুলি বালিকা বিদ্যাপীঠে ৪টি ক্লাশে সাড়ে পাঁচশ ছাত্রী পড়াশোনা করে। প্রতি বছর অষ্টম শ্রেণীতে ৭০/৮০ জন পাশ করে বেরিয়ে যায় নবম শ্রেণীতে ভর্তি হওয়ার জন্য। এই বছর অর্ধেক ছাত্রী ভর্তি হবার সুযোগ পাচ্ছে না। ভেকেশনের আগে পর্যন্ত তারা এই সুযোগ পায়নি। তারা বাধ্য হয়েছে বি. ডি. ও. অফিসে অবস্থান করতে, জেলা পরিষদের অবস্থান করতে। অবিলম্বে যদি এই সমস্যার সমাধান না করা হয় তাহলে এই সমস্ত ছাত্রীরা বাধ্য হবে পড়াশোনা ছেড়ে দিতে। মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সরকারের আর্থিক সঙ্গতির কথা জেনে বলছি যে কোনও শর্তে যাতে এখানে উচ্চ বিদ্যালয় স্থাপন করা যায় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা যেন মাননীয় মন্ত্রী মহাশয় করেন।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমি বিধানসভায় এর আগেও বলেছি যে, জলপাইগুড়ির ফালাকাটাতে একটি রেগুলেটেড মার্কেট করা দরকার। কেননা, ফালাকাটা অঞ্চলে চাষবাসের যথেষ্ট উন্নতি হয়েছে। কিন্তু চাষীরা তাদের উৎপাদিত সামগ্রী ঠিকমতো বিক্রি করতে পারছেন না। আলিপুরদুয়ারে মহকুমা বেসিসে একটি রেগুলেটেড মার্কেট এবং ফালাকাটাতে একটি সাব-মার্কেট করবেন বলে অফিসাররা বলেছেন। কিন্তু আমাদের দাবি যে, আলিপুরদুয়ার মহকুমায় যেতে গেলে শিলতোর্সা নদী যেটি আছে, সেখানে স্থায়ী সেতু নেই। সেজন্য যাতায়াতের প্রচন্ড অসুবিধা আছে। তাই ফালাকাটাতে প্রিন্সিপ্যাল মার্কেট, নিয়ন্ত্রিত বাজার স্থাপন করা হোক। ফালাকাটা সহ মাদারিহাট ব্লক, আলিপুরদুয়ার ব্লক, পার্শ্ববর্তী কুচবিহারের মাথাভাঙ্গা ইত্যাদি বিস্তীর্ণ অঞ্চল রয়েছে। ঐ সমস্ত এলাকার চাষীরা যাতে তাদের জিনিসপত্র ঠিকমতো বিক্রি করতে পারেন এবং আমদানি রপ্তানি করতে পারেন, সেই সুযোগ যাতে সৃষ্টি হয়, সেজন্য আমি মাননীয় কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বারাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা কুলতলির অন্তর্গত মৈপিট বৈকুণ্ঠপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে কিশোরি মোহনপুর গ্রামে সি. পি. এম. দলের মদতপুষ্ট কিছু গুন্ডা বাহিনীর লোক, যাদের নাম হচ্ছে কালিপদ সাঁতরা, সুবল দাশ, মাণিক হালদার, গৌর হালদার, প্রবীর দাস, এরা গত দু' তারিখে আমাদের দলের সমর্থক বিমল আচার্যকে মারধোর করে মাথা ফাটিয়ে দিয়েছে। তিন তারিখে আমাদের দলের পঞ্চায়েত সদস্য পঞ্চানন জানা যখন বিমল আচার্যকে দেখে সাইকেলে করে ফিরছিলেন তখন ঐ গুন্ডা বাহিনীর লোকেরা তাকে মারধোর করে তার সাইকেল কেড়ে নিয়েছে। আমাদের দলের আর একজন সমর্থক মনোরঞ্জন মন্ডল, যে রায়তি পাট্টা পেয়ে বসবাস করছে, একজন গরিব মানুষ, তার জমিতে দেওয়ালের গোড়া থেকে মাটি কেটে নিয়ে তাকে উচ্ছেদ করবার চেষ্টা করছে। এই সমস্ত

ঘটনার কথা পুলিশকে জানিয়েও কোনও ব্যবস্থা হয়নি। কুলতলি থানাতেও এই ঘটনার কথা জানানো হয়েছে। কিন্তু স্থানীয় পুলিশ প্রশাসন নীরব দর্শক। শাসক দলের সমর্থকরা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই কাজগুলো অবিলম্বে বন্ধ হয়। তা না হলে এলাকার জনসাধারণ ঐ গুন্ডা বাহিনীর বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলবে এবং তাতে শান্তি-শৃঙ্খলা ব্যহত হওয়ার আশঙ্কা রয়েছে। অবিলম্বে যাতে শাসকদলের সমর্থকরা এই অত্যাচার বন্ধ করে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবিতে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর হস্তক্ষেপ চাই।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি বিষয়ে, সেটি হচ্ছে এই যে, সাঁইথিয়া—বোলপুরে যে ৩৩ কে. ভি. ওভারহেড লাইন আছে, সেটি স্থানীয় কর্তৃপক্ষ নোটিশ দিয়ে মাঝে মাঝে শাট-ডাউন করে দিয়ে লাইনের রিপেয়ারের কাজ করছেন। আসলে সাঁইথিয়ার এই লাইনটি বহু পুরনো, সেজন্য ঠিকভাবে কাজ করে না। সেজন্য বোলপুর এবং তার সারাউন্ডিং এলাকায় যাতে বিদ্যুৎ সরবরাহ অক্ষুন্ন রাখা যায় এবং বিদ্যুৎ সরবরাহ ব্যহত না হয় তার জন্য এখানে একটি ৩৩ কে. ভি. লাইন করা দরকার। আমি বারবার করে বলছি যে বোলপুর এবং শান্তিনিকেতনে বিদ্যুত ব্যবস্থা অব্যাহত রাখতে গেলে বোলপুরে একটি ৩৩ কে.ভি. লাইন করা দরকার।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নদীয়া জেলার তেহট্ট থানায় গ্রামীণ বিদ্যালয়ের ভীষণ অভাব। সেই কারণে বেতাই ২নং ব্লকের সাধুবাজার, পাথরঘাটা ১নং গ্রাম পঞ্চায়েতের অধীন গ্রাম পাথরঘাটাতে গ্রামীণ জুনিয়ার হাইস্কুল করা হোক। এছাড়া তেহট্ট থানায় নদীর পশ্চিমপাড়ে যতটুকু তেহট্ট ব্লক ২ অবস্থিত, তার পোলযুন্ডা গ্রাম পঞ্চায়েতের বড়েয়া গ্রামে জুনিয়ার হাইস্কুল করা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে। এখানে তেহট্টতে এসে পড়া ছাত্র-ছাত্রিদের পক্ষে খুবই কষ্ট দায়ক। সেই কারণে এইসব গ্রামে গঞ্জে যাতে জুনিয়ার হাইস্কুল হয় তার ব্যবস্থা করুন। ক্লাশ ফোর পর্যন্ত পড়ার পরে অনেকেই ওখানে পড়া ছেড়ে দিচ্ছে। সুতরাং ওইসব এলাকাতে জুনিয়ার হাইস্কুল করা অত্যন্ত প্রয়োজন এবং আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র গোঘাটে এবং আরামবাগে যতগুলো বাস রুট আছে তাতে আমরা দেখছি যে বাসের সংখ্যা ক্রমশ কমে যাচ্ছে। নতুন ভাড়া বৃদ্ধি সত্ত্বেও বাসের সংখ্যা বাড়ছে না এবং ভীষণ অনিয়মিত বাস চলছে। এরফলে যাত্রী সাধারণের ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। সরকারি বাসও অনিয়মিত চলছে, অবিলম্বে এর ব্যবস্থা নেওয়া হোক এই দাবি আমি রাখছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, কংগ্রেসি (আই) দল নির্বাচনের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে জিনিসপত্রের দাম কমিয়ে দেবেন। কিন্তু সেখানে আমরা দেখছি যে নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম ক্রমশ বেড়েই চলেছে। এই মুহূর্তে ১৮ টাকার থেকে ২০ টাকা পর্যন্ত চিনি

খোলাবাজারে বিক্রি হচ্ছে। আন্তর্জাতিক মাত্রা যেমন বোফর্স কেলেঙ্কারি একচেটিয়া হয়ে গেছিল তেমনি এই চিনি কেলেঙ্কারি ঘটতে চলেছে। কেন্দ্রীয় সরকার কংগ্রেস অবাধে চিনি আমদানি করার অনুমতি দিয়েছেন, এর ফলে চিনির দাম ক্রমেই বেড়ে চলেছে। এটা নিয়ে ফাটকা চলছে। এই [**] দল ভোটের আগে চিনির ব্যবসায়িদের কাছ থেকে দেড় হাজার দু হাজার কোটি টাকা নিয়ে বসে আছে যার ফলে আজকে এই দুরবস্থা। এর ফলে রেশন ব্যবস্থাও বিপর্যস্থ। ইতিমধ্যে মাননীয় মুখ্যমন্ত্রী এই বিষয়ে বলেছেন। সি. পি. এমের পলিটব্যুরো বলেছে যে এই অবস্থার অবসান হোক। মনমোহন সিং, কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন যে চিনিতে ভরতুকি আর দেবেন না। আমাদের যে ১০ লক্ষ টন চিনি পাওয়ার কথা সেটা দেওয়া হোক, এই দাবি আমি আপনার মাধ্যমে জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** সৌগত রায়, এই নামটা বাদ যাবে।

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটি খুব জরুরি বিষয়ে আপনার মাধ্যমে তথ্য ও সংস্কৃতি মন্ত্রীর এবং বিধানসভার সকল সদস্যর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কাছে একটি বই এসেছে, বইটা ক্লাশ ফাইভের। বইটার নাম 'শিশু ব্যকরণ'। বইটি লিখেছেন মুরারিমোহন চট্টোপাধ্যায়। এই বইটি কদম্বগাছি হাইস্কুলের পঞ্চম শ্রেণীর পাঠ্য। এই বইটিতে মহরমের উপরে একটি প্রবন্ধ লেখা আছে। ওই প্রবন্ধতে বলেছে যে ইসলামের পয়গম্বর হজরত মহম্মদ এই মাসে জন্মগ্রহণ করেছেন। স্যার, আপনি জানেন যে হজরত মহম্মদ রবিয়াল আওয়াল মাসে জন্মগ্রহণ করেছিলেন। সেখানে বলা আছে যে হজরত মহম্মদের মৃত্যুর পরে তার ছেলে খালিফা হলেন। আমরা জানি যে হজরত মহম্মদের মৃত্যুর আগেই তার ছেলে মারা যায়। এবং হজরত মহম্মদের পরে মহঃ আবুবকর এবং মহঃ ওমর খালিফা হয়েছিলেন।

ছেলের মৃত্যুর পর খালিফা হলেন এর মদিনা কন্যা সন্তান মাবিয়ার সম্পর্কে এরা বলছে মাবিয়া তার স্বামী ছিল না তার জামাতা ছিলেন হজরত আলি। তিনি এখানে যে কথা বলছেন মবিয়া ছিল সিরিয়ার রাষ্ট্র প্রধান, তিনি কখনও স্বামী তো নয়, তার সঙ্গে মহম্মদের কোনও সম্পর্ক ছিল না। এখানে আরও যে বিষয়টা বলা দরকার সেটা হচ্ছে এই যে বিরোধটা হয়েছিল সেখানে বিরোধ হয়েছিল হোসেনের সঙ্গে, হাসানের সঙ্গে নয়। আলির মৃত্যুর পর খালিফা হয়েছিলেন হোসেন এবং কারবালা প্রান্তরে ১০ই মহরম তারিখে এজিদের সঙ্গে যুদ্ধে মারা যান। এজিদ ছিলেন মাবিয়ার পুত্র। এখানে যেটা বলা দরকার সেটা হচ্ছে বাচ্ছাদের বই পড়াবার জন্য এই বই মুরারিবাবু লিখেছেন, তিনি একটি উচ্চ বিদ্যালয়ের সহায়ক প্রধান শিক্ষক তিনি কংগ্রেস করতেন, বাড়ি মধ্যমগ্রামে, তিনি এখন বি. জে. পি ঘেঁসা হয়েছেন, বিষয়টা সেটা নয়, এখানে এই রকম ভাবে বিকৃতভাবে হজরত মহম্মদ এর জীবনী যে কোনও ধর্মপ্রাণ মানুষের কাছে সৎ মানুষের কাছে বিকৃত তথ্য উপস্থিত করলে ক্ষোভ জমতে পারে। অবিলম্বে বইটি বাতিল করার দরকার, মুরারিবাবুকে গ্রেপ্তার করা দরকার, এবং যেস্কুলে এই পাঠ্যটা চালু আছে সেটা সম্বন্ধে খোঁজ করা দরকার এই বইটি পাঠ্য হিসাবে কেন ঠিক করা হল, এই বিষয়টা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

* Expunged as ordered by the Chair.

## ZERO HOUR

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গতকালকে পত্রিকাতে দেখেছি, আজকাল পত্রিকাতে, দূরদর্শনের মাধ্যমে ঘোড়দৌড় দেখানো হবে। এই ব্যাপারে আবদুল মান্নান ... বলেছেন কি ভাবে বলেছেন আমি জানি না, কিন্তু এই যে দূরদর্শনে ঘোড়দৌড় দেখনো ...রে এই ব্যাপারে তীব্র প্রতিক্রিয়া আমাদের আছে। ইতিমধ্যে দূরদর্শনের মাধ্যমে মেট্রো ...নেলের মাধ্যমে কোটি কোটি টাকা খরচ করে সারা ভারতবর্ষের মধ্যে যে বিকৃতরুচিকে ...প্লানি করা হচ্ছে তাতে শিশু মনে যুব মনে একটা প্রভাব বিস্তার করবে। ঘোড়দৌড় ...খানোর মধ্যে দিয়ে জুয়াকে দেখানো হবে টি. ভি.-তে এতে যুবকরা আকৃষ্ট হবে, তাতে ...লেমেয়েদের মধ্যে একটা জুয়া খেলার প্রবণতা দেখা দেবে। এর দ্বারা যুব মনকে ক্ষতিগ্রস্ত ...বার চেষ্টা তারা করছে। কেন্দ্রের কংগ্রেস সরকার একের পর এক জন বিরোধী প্রচার ...রছে এবং সারা দে...র শিশুদের মধ্যে যে জুয়াড়ি তৈরির প্রবণতা তার ব্যাপারে আমি ...ক্কার জনাচ্ছি। দলমত নির্বিশেষে সমস্ত মানুষের কাছে এই জিনিস তারা প্রচার করতে যাতে ... পারে তার জন্য সমস্ত স্তরের মানুষকে এই অপপ্রচারের বিরুদ্ধে এগিয়ে আসতে হবে। ...ইজন্য আমি দলমত নির্বিশেষে সমস্ত সদস্যদের কাছে আবেদন করব এবং বলব আমরা ...লে মিলে এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি রুচিহীন এই ঘটনার ব্যাপারে সোচ্চার প্রতিবাদ ...নাচ্ছি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয় আপনার ...ষ্টি আকর্ষণ করছি। কাশিপুর নর্থ সুর্বাবন হাসপাতাল ১৯৮১ সালে বামফ্রন্ট সরকার ...ধিগ্রহণ করেছিল। সেই হাসপাতালের শয্যা সংখ্যা ১৩৭টি। কিন্তু সেখানে ৪০-৫০টির বেশি ...তে রোগি থাকে না, বাকি শয্যাগুলো কাজে আসে না। যেখানে কাশিপুর, বরানগর, সিথি, ...ম, আলমবাজার এইসব এলাকার লোকেরা এই হাসপাতালে যেতে পারে, কিন্তু সেই ...সপাতালের দুর্দশা চোখে না দেখলে বিশ্বাস করা যায় না। ওখানে কংগ্রেস দলের পক্ষ ...কে একটা গণ অবস্থান করা হচ্ছে। স্যার, আপনি কয়েকদিন আগে মেয়ো হাসপাতাল ...য়ে বললেন, এটা খোলার উদ্যোগ নেওয়ার জন্য সরকারকে বলেছিলেন। একটি সুন্দর ...তিষ্ঠান, একটা ভাল হাসপাতাল কেবল সুপারভিসনের অভাবে ১০০টি আসনখালি পড়ে ...ছে। আপনি হেলথ সাবজেক্ট কমিটিকে যেমন নির্দেশে দিয়েছিলেন মেয়ো হাসপাতালটি ...রে দেখার জন্য, তেমনি আপনি এই হাসপাতালের ব্যাপারে একটা নির্দেশ দিন যাতে হেলথ ...বজেক্ট কমিটি এই হাসপাতালটি পরিদর্শন করে এসে আপনাকে একটা রিপোর্ট দেন। ...৮১ সালে সরকার এই হাসপাতালটাকে গ্রহণ করেছেন, কিন্তু যথাযথভাবে হাসপাতালটাকে ...তে সাহায্য করছেন না।

**শ্রী তপন হোড় ঃ** (অ্যাবসেন্ট)

**শ্রী কমলেন্দু স্যান্যাল ঃ** স্যার, অবাধ প্রতিযোগিতার দৌড় আজকে সমস্ত জায়গাকে ...প্রাণিত করছে। আমি তারই একটা নমুনা রাখছি কবিতার মাধ্যমে।

দৌড় প্রতিযোগিতায়,
গল্পের কচ্ছপ জেতে, খরগোস হেরে যায়।
এ সত্য সবাই জানে, বোধ করিসেই টানে
হাঁড়িচাচা ছুটে যায়।
ফুটন্ত বসন্ত দিনে কোকিলের জলসায়।
কুহুতানে শিখরিত মুকুলিত আমবন,
হাঁড়িচাচার 'চ্যা-চ্যা' শুনে ফিঁয়ে রাজা রেগে যান,
গর্দভ রাগিনী শুনি, বে রসিক কে এমন?
হাঁড়ি, চাচা রেগে বলে, "তুমি বললেই হাঁড়ি?
মহান চুক্তির বলে,
আমি হেথা এনু চলে,
কোকিলের জলসায়, আমিও গাইতে পারি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা মানবিক প্রশ্নের প্রতি এবং শিল্পি, সাহিত্যিকদের মতো প্রকাশের স্বাধীনতা ও অধিকারের প্রতি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, কয়েকদিন আগে বাংলাদেশের লেখিকা ডঃ তসলিমা নাসরিন কলকাতায় এসেছিলেন এবং কলকাতার মানুষ ব্যাপকভাবে নির্বাচিত কলাম, নষ্ট মেয়ে, এবং লজ্জা নামক তার উপন্যাসগুলো পড়েছে। আমরা সংবাদপত্র দেখে বিস্মিত হলাম তসলিমার বিরুদ্ধে ঢাকায় গ্রেপ্তারি পরোয়ানা জারি হয়েছে। তার মতো একজন সাহিত্যিককে পালিয়ে বেড়াতে হচ্ছে। তসলিমার এই গ্রেপ্তারি পরোয়ানা প্রমাণ হয়ে গিয়েছে মৌলবাদিরা কত সক্রিয়। এর আগে তার পাশপোর্টও বাজেয়াপ্ত করা হয়েছিল। এই গ্রেপ্তারি পরোয়ানা সারা পৃথিবীর মানুষের মত প্রকাশের বা স্বাধীনতার উপর একটা আঘাত এবং সেই স্বাধীনতার জন্য যারা লড়াই করছেন তাদের উপর এই আঘাত করা হচ্ছে। তাই আমি মনে করি তসলিমার মতের সঙ্গে কেউ একমত হতেও পারে, আবার কেউ একমত নাও হতে পারে, নারীর স্বাধীনতার অধিকার, এই ব্যাপারে কেউ একমত হতেও পারে আবার কেউ একমত নাও হতে পারে। তাই আমাদের এই হাউস থেকে সিদ্ধান্ত নেওয়া উচিত, বাংলাদেশের সরকার যেন তাকে গ্রেপ্তার না করে এবং তার স্বাধীনতা যেন এই ব্যাপারে এই হাউস থেকে আমরা দাবি করছি।

**শ্রী দীপক মুখার্জি ঃ** স্যার, ঘটনাটা দ্বিতীয়বার হাউসে উঠছে, এর আগে রবীন মন্ডল মহাশয় ব্যাপারটা উত্থাপন করেছেন। দিল্লি, মাদ্রাজ, কলকাতা, বোম্বে এবং হায়দ্রাবাদ এই পাঁচটি জায়গাতে ঘোড়দৌড় হয় এবং টার্ফ ক্লাব মান্ডি হাউসকে অ্যাপ্রোচ করেছে যখন রেস চলবে তখন যেন সেটা লাইভ টেলিকাস্ট করা হয়। আজকে কেন্দ্রীয় সরকার চাইছে ঘরে ঘরে ছেলে-মেয়েরা যেন জুয়ায় মেতে উঠুক। আমাদের সংস্কৃতির উপর আক্রমণ জোর করে চাপিয়ে দেওয়া হচ্ছে, আমাদের সংস্কৃতিকে ধ্বংস করে দেওয়া জন্য। দূরদর্শনের ডিরেক্টর সেই

ব্যাপারে কাজে নেমে পড়েছেন। আমাদের আশঙ্কা যে কোনও মুহূর্তে এটা দেখানো আরম্ভ হবে। আপনার মাধ্যমে আমি দাবি জানাচ্ছি, অবিলম্বে এই আদেশ বাতিল করা হোক।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলকাতা শহরে জলনিকাশি ব্যবস্থার অবস্থা যা তাতে আমি আগাম জানিয়ে দিচ্ছি যে সামনের বর্ষাতে কলকাতা কিন্তু জলে ভাসবে। কলকাতা শহরের জল বের করে দেওয়ার জন্য যে পাম্পিং স্টেশনগুলি রয়েছে তার মেশিনপত্রগুলি অধিকাংশই অকেজো। কয়েকদিন আগে সংশ্লিষ্ট এম. আই. সি. বলেছিলেন যে মেশিনগুলি নাকি সারানো হচ্ছে। আমি দায়িত্ব নিয়ে বলছি সেই মেশিনগুলি সারানো হয়নি। জলনিকাশি ব্যবস্থা সম্পূর্ণ অকেজো। যদি এখনই সঠিক পদক্ষেপ না নেওয়া হয় তাহলে আগামী বর্ষাতে কলকাতা পরিপূর্ণভাবে ডুববে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগেও আমি এই প্রসঙ্গে বলেছিলাম যে আমার এলাকাতে ৮ দিনের মধ্যে তিনটি ডাকাতি হয়েছে। আবার ১৫ দিন যেতে না যেতেই আবার একটা ডাকাতি হয়েছে। ওখানকার গ্রাম এলাকাতে বিহার থেকে কিছু কিছু অস্ত্র এসে গিয়েছে যাকে বলে থ্রি নট। স্যার, এইসব ডাকাতি তিন জন অফিসার এবং একটি মাত্র গাড়ি নিয়ে পুলিশের পক্ষে কন্ট্রোল করা যাচ্ছে না—এটা প্রমাণ হয়ে গিয়েছে। সেখানকার মানুষরা রাত্রে ঘুমাতে পারছেন না, রাত্রে জেগে তারা গ্রাম পাহারা দিচ্ছেন। সামসিতে পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও সেখানে ডাকাতি হয়েছে, ফতেপুরের আধ কি. মি. মধ্যে পুলিশ ক্যাম্প থাকা সত্ত্বেও সেখানে ডাকাতি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, মালদহের আইনশৃঙ্খলার পরিস্থিতি নিয়ে আলোচনা করা হোক এবং সেখানে আরও কিছু অফিসার নিয়োগ করা হোক। তা ছাড়া যে সমস্ত পোস্ট খালি আছে সেখানেও লোক নিয়োগ করা হোক।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বি. জে. পি.-কে পশ্চিমবাংলার মানুষ সম্পূর্ণভাবে প্রত্যাখ্যান করেছে। বি. জে. পি. পশ্চিমবাংলায় স্থান না পাওয়ায় তারা শেষনের নাম করে নানান রকমের অপপ্রচার চালাচ্ছে। শেষনের ডানা ছাঁটা হচ্ছে, এরজন্য সি. পি. এম. কংগ্রেস যৌথভাবে চেষ্টা করছে ইত্যাদি বলে নানান জায়গায় তারা অপপ্রচার চালাচ্ছে এবং হ্যান্ডবিল বিলি করে প্রচার করছে যে সি. পি. এম. কংগ্রেস এক হয়ে এইসব করছে। স্যার, আমরা দেখলাম যে শেষন সাহেব পশ্চিমবাংলায় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেছিলেন। তার সঙ্গে মুখ্যমন্ত্রীর অনেক কথা হয়েছে। পশ্চিমবাংলায় নাকি পরিচয়পত্র চালু করা হবে না এই চুক্তিতে নাকি তারা শেষন সাহেবকে সমর্থন করবেন—এই মর্মে সংবাদ আমরা জানতে পারলাম। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী নিজেই বলেছেন যে, এটা আমরা সমর্থন করি না। আমরা চাই, কয়েকজন মিলে এই নির্বাচন কমিশনার থাকবেন। আজকে যদি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী এরকম চেষ্টা করেন তাহলে সেটা গণতন্ত্রের বিরোধী হবে। আপনার মাধ্যমে তাই স্যার, বলব, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী বিধানসভায় এসে স্টেটমেন্ট করুন যে এ ব্যাপারে পশ্চিমবাংলার স্ট্যান্ড কি?

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পশ্চিমবাংলার ৭ কোটি জনগণের পক্ষ থেকে বিশেষ করে গ্রামীণ জনগণের পক্ষ থেকে একটি দাবি উপস্থিত করছি। জনস্বাস্থ্য রক্ষার কারণে Diploma in Community Medical Service course. এ তিন বছরের উপর শিক্ষা পেয়ে প্রায় ৩।। শো ডাক্তার যারা গ্রামগঞ্জে নিযুক্ত রয়েছেন বেঙ্গল মেডিক্যাল কাউন্সিল তাদের রেজিস্ট্রেশন না দেওয়ার ফলে তার প্রেসক্রিপশন করতে পারছেন না, ডেথ সার্টিফিকেট দিতে পারছেন না। স্যার, আপনি জানেন, বামফ্রন্টের প্রয়াত জননেতা প্রমোদ দাশগুপ্তের প্রচেষ্টায় ১৯৮০ সালে কলকাতা গেজেট নোটিফিকেশনে বলা হয়েছিল ওরা communicative disease, malnutrition, insecticides, poison. ইত্যাদি তারা চিকিৎসা করতে পারবে। ১৯১৪ সালের অ্যাক্টের ৬ এর এফ আর্টিকল অনুযায়ী এদের রেজিস্ট্রেশন দেওয়া হবে বলে ক্যালকাটা গেজেটে নোটিফিকেশন হয়। কিন্তু কিছু ভেস্টেড ইন্টারেস্টের জন্য আজ পর্যন্ত ঐ ৩৫০ জনকে এখনও পর্যন্ত রেজিস্ট্রেশন দেওয়া হয়নি। ফলে গ্রামের মানুষ ট্রিটমেন্ট পাচ্ছে না। গ্রামের সাত কোটি মানুষকে কোয়াকদের হাতে ছেড়ে দেওয়া হয়েছে। সেই জন্য অবিলম্বে কমিউনিটি মেডিক্যাল সার্ভিস কোর্সে যারা পাশ করেছে, তাদেরকে রেজিস্ট্রেশন দেবার ব্যবস্থা করা হোক যাতে প্রাইমারি হেলথ সেন্টার এবং সাব সেন্টারে তারা চিকিৎসা করতে পারে।

[1-20 — 2-00 p.m.] (Including adjournment)

**ডাঃ তরুণ অধিকারী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শুক্রবার হেলথ বাজেট এর পর, গত শনিবার আমি, সুদীপবাবু এবং প্রাক্তন বিধায়ক ডাঃ সুদীপ্ত রায় আমরা তিন জন মিলে নর্থ সুবার্বন হাসপাতাল দেখতে গিয়েছিলাম। দুঃখের বিষয় সেখানে আমাদের অভিজ্ঞতা অত্যন্ত শোচনীয়। ১১ টার সময় গেছি, তখনও হাসপাতালে সুপারিন্টেন্ডেন্ট আসেননি, ডাক্তাররা আসেননি, বেশির ভাগ কর্মীও এসে পৌছননি। অধিগ্রহণের পর যদি একটা সরকারি হাসপাতালের এই অবস্থা হয় তবে গ্রামের দিকে কি হচ্ছে সেটা সকলেই বুঝতে পারছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে আপনার নির্দেশ মতো আমাদের সাবজেক্ট কমিটিকে বড়বাজারের একটি হাসপাতাল খোলার ব্যাপারে পাঠানো হয়েছিল। মেয়ো হাসপাতাল সম্পর্কেও কিছু উদ্যোগ নেওয়া হচ্ছে শুনতে পাচ্ছি। সেই রমক যদি আমাদের এখান থেকে হাউস কমিটিকে ঐ হাসপাতালে পাঠানো এবং সেই কমিটি যদি পরিদর্শন করেন যাতে সেখানে চিকিৎসা ব্যবস্থা সুষ্ঠ ভাবে পরিচালনা করা যায়, সেই ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, কারণ আমি যে ঘটনার কথা বলছি, গত শনিবার চার তারিখে দূরদর্শনের বাংলা সংবাদ আমি নিজে শুনেছিলাম যে পুকুর কোনা গ্রামে, সেখানে সি. পি. এম.-এর অত্যাচারে গ্রাম ছেড়ে পালাচ্ছে, সি. পি. এম. তাদের তাড়িয়ে দিচ্ছে। দূরদর্শনের উত্তর ২৪ পরগনার কংগ্রেস সভাপতি তার নামে এই সংবাদ প্রচারিত হয়েছে। এটা আপনার নির্বাচন কেন্দ্র। আপনার কাছেও লোকেরা নিশ্চয়ই এই খবর দিয়েছে। অনাথ বন্ধু হালদার একটা জমি কিনেছে, সেই জমিটা মন্দির এর নাম করে কংগ্রেসিরা দখল করতে চাইছে। ধর্মের দিক থেকে তিনি হিন্দু বলে জমির কিছু অংশ তিনি মন্দিরের জন্য ছেড়ে দিতে রাজি ছিলেন। কিন্তু কংগ্রেসিরা সমস্ত জমির দখল

নিতে চাইছেন। সেই জমির দাগ নং হচ্ছে ৫৩৬/৫৫০। এটা নিয়ে গোলমাল হয়েছে। বারে বারে আমাদের পক্ষ থেকে ডায়েরি করা হয়েছে, ৯টা ডায়রি করা হয়েছে এবং শুরু হয়েছে ৯০ সাল থেকে এবং শেষ ডায়রি করা হয়েছে মে মাসের ৩ তারিখে এবং ঐ শনিবার, ঐ দিনই আমাদের যে বন্ধু অনাথ বন্ধু হালদার, তার ছেলেকে বিড়ান চৌমাথায় শিবরাম হালদারকে তারা সেখানে মারে। মারার পর কংগ্রেস সভাপতির কাছে তারা যায়। তারপর খবরটা প্রচারিত হয়।

স্যার, এই বিধানসভায় এই মুহূর্তে সকলের সঙ্গে দূরদর্শনের প্রতিনিধিও আছেন— কংগ্রেসের কোনও একজন ফোতো মানুষ কি লিখে দেবে আর তাই দূরদর্শনের মাধ্যমে প্রচারিত হবে। আমি বিধায়ক হিসাবে আপনার সামনে, সকলের সামনে বলছি, ঐ প্রচার শুধু ভুল নয়, উদ্দেশ্যমূলক। সেখানে কংগ্রেসের অত্যাচার আমাদের লোকেরা ঢুকতে পারছে না। তিনি পুলিশের কাছে নালিশ করেছেন, বিধায়ক হিসাবে আপনার কাছে নালিশ করেছেন, পাশের কেন্দ্রের বিধায়ক হিসাবে আমাকেও জানিয়েছেন। অবশ্য দূরদর্শনকে এ বিষয়ে দোষ দিয়ে লাভ নেই। কংগ্রেসের চাপে ওঁরা ঐসব প্রচার করতে বাধ্য হল। তথাপি আমি আমাদের তথ্য ও সংস্কৃতি মন্ত্রীকে বিষয়টি দেখতে অনুরোধ করছি। জানি না তিনি এ বিষয়ে আমাদের কিছু সাহায্য করতে পারবেন কিনা! আমার বক্তব্য হচ্ছে দূরদর্শনের মাধ্যমে যে প্রচার হয়েছে ঘটনা তার ঠিক উল্টো। তাই আমি পুকুরকোণার ঘটনার দূরদর্শনের অপপ্রচারের নিন্দা করছি।

**মি স্পিকার :** এখন বিরতি। আমরা আবার মিলিত হব দু'টোর সময়।

(At this Stage the House was adjournd till 2-00 p.m.)

[2-00 — 2-10 p.m.]

**(After Recess)**

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS DEMAND Nos 25 & 79

**Mr. Deputy Speaker :** There are 4 cut motions on Demand No. 25 and 3 cut motions on Demand No. 79. All the cut motions are in order and taken as moved.

### Demand No. 25

**Shri Saugata Roy, Shri Sobhandeb Chattopadhyay, Shri Abdul Mannan & Smt. Sabitri Mitra :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100./-

### Demand No. 79

**Shri Prabir Banerjee, Shrimati Sabitri Mitra :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, পি. ডব্লু. ডি দপ্তরের ২৫ নম্বর ডিমাণ্ড এবং ৭৯ নম্বর ডিমাণ্ডে যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তার বিরোধিতা করে এবং কাট-মোশনের সমর্থনে বক্তব্য রাখছি। আমি এর আগেরবার বলেছিলাম, ২৫ নম্বর ডিমাণ্ডে ৩৫টি হেড আছে এই হেডগুলি বাজেট বক্তৃতায় ভাগ ভাগ করে দিন। ২৫ নম্বর দাবির অধীনে ১৮০ কোটি ৬৯ লক্ষ ১৩ হাজার টাকা আর ৭৯ নম্বর দাবির অধীনে ১৮৬ কোটি ৯ লক্ষ ৭৩ হাজার টাকার ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন। আপনার এই বাজেট বক্তৃতায় পড়ে দেখলাম, আপনি প্রতিটি ছত্রে, প্রতিটি জায়গায় একটা অসহায় আত্মসমর্পণের ভঙ্গিতে বলেছেন পি. ডব্লু. ডি দপ্তর অর্থাভাবে, অর্থ কষ্টে এমনভাবে ভুগছে যে এখানে যে পরিকল্পনা, যে প্ল্যানিং করা উচিত অর্থের অভাবের জন্য সেই কাজ আপনি করতে পারছেন না। অথচ পি. ডব্লু. ডি এমন একটি দপ্তর যেখানে গ্রামাঞ্চলের যারা বিধায়ক আছেন বা বিভিন্ন জায়গার যারা বিধায়ক আছেন তাদের দাবি থাকে খুব বেশি এই দপ্তর থেকে। কিন্তু আমরা দেখছি, টাকা না পাওয়ার জন্য আপনার দপ্তরের কাজকর্ম সম্পর্কে মানুষ হতাশ এবং মানুষের অভিযোগ অত্যন্ত তীব্র। আমি আপনাকে প্রথমে বলি, গত ১ বছরে বিভিন্ন সময়ে বিভিন্ন কারণে আপনি বলেছিলেন, মূলত বন্যাজনিত পরিস্থিতিতে আপনার দপ্তরের অধীনস্থ রাস্তাগুলি মেরামত করার জন্য আপনার প্রয়োজন ৯ হাজার ৬১৩.১৩ লক্ষ টাকা। আর আপনি সেখানে পেয়েছেন ২৯৮.৮০ লক্ষ টাকা। অর্থাৎ এই থেকেই বোঝা যাচ্ছে বা প্রমাণিত হচ্ছে, প্রত্যাশার তুলনায় এই দপ্তর যে টাকা পাচ্ছে তাতে কখনও কোনও দপ্তরে কাজের বাতাবরণ সৃষ্টি করতে পারে না। আপনাকে জানতে হবে বর্তমান দুনিয়ার যোগাযোগ ব্যবস্থা যদি সুদৃঢ় না হয় তাহলে ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ-টা কিন্তু হওয়ার ক্ষেত্রে প্রচণ্ড আঘাত পায়। আজকে যোগাযোগের অভাবে যেভাবে পরিলক্ষিত হচ্ছে তাতে আমাদের অভিযোগ— নতুন রাস্তাঘাট নির্মাণ তো করতে পারছেন না সেটা অন্য কথা—কিন্তু আপনার যেটা হচ্ছে না সেটা একজিসটিং স্ট্রাকচার বা সেট-আপ যেটা আপনার আছে তার রক্ষণাবেক্ষণের কাজ হচ্ছে না। মানুষের অভিযোগ এই জায়াগায় গিয়ে দাঁড়িয়েছে যে রক্ষণাবেক্ষণ হচ্ছে না, মেরামতের কাজ হচ্ছে না। পি. ডব্লু. ডি দপ্তর মানে এই দপ্তরের কাছে মানুষের কোনও প্রত্যাশা থাকবে না। কতকগুলি সেতু নির্মাণ করে দেওয়া, কতকগুলি রাস্তা তৈরি করা হবে বলে পরিকল্পনা নেওয়া ছাড়া এই দপ্তরের কাছ থেকে ব্যাপক প্রত্যাশা আজকে মানুষের কাছে কিছু নেই। সে কারণে এই দপ্তর সম্বন্ধে আমাদের মূল অভিযোগ যে, এই দপ্তর অর্থাভাবে ভুগছে এবং এই দপ্তরের মেরামতির কাজ হচেছ না। নতুন রাস্তাঘাট হবার চিন্তা বাতুলতা মাত্র। আমরা আপনার বাজেট বক্তব্যে দেখেছি জাতীয় সড়কগুলি রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে আপনি বলেছেন আপনি চেয়েছিলেন ২৩২৫ লক্ষ টাকা পেয়েছেন ১৫৭৫ লক্ষ টাকা, একেবারে পান নি তা নয়। কেন্দ্রীয় সরকারের দেওয়া আপনার রাজ্য সরকারের তুলনায় পাওয়ার ক্ষেত্রে এবং কেন্দ্রীয় সরকারের চাওয়া-পাওয়ার ক্ষেত্রে শতকরা আনুপাতিক হারে কেন্দ্রীয় সরকার জাতীয় সড়ক নির্মাণের ক্ষেত্রে যে পরিমাণ অর্থ দিয়েছেন আপনার চাহিদা অনুসারে তাতে আমার মনে হয় না যে সেটা অপ্রতুল। আপনি চেয়েছেন ২৩ কোটি ২৫ লক্ষ পেয়েছেন ১৫ কোটি ৭৫ লক্ষ, আর আপনার সরকারের কাছে চেয়েছিলেন ৯৬ কোটি ১৩ লক্ষ পেয়েছেন ২ কোটি ৯৮ লক্ষ। তুলনামূলকভাবে আলোচনা করলে দেখা যাবে। কেন্দ্রীয় সরকারের বঞ্চনা, কেন্দ্রীয় ভূতল পরিবহন আপনাকে অর্থ দিচ্ছে না এই কথা বলে আপনার দায়-

য়িত্ব আপনি এড়িয়ে যেতে পারেন না। আমাদের অভিযোগ জাতীয় সড়ক রক্ষণাবেক্ষণের জের জন্য যে টাকা দিল্লী থেকে আসছে সেই ফান্ড ডাইভারসন হচ্ছে। জাতীয় সড়কের বস্থা আজ কোথায় গিয়ে পৌঁছেছে। জাতীয় সড়ক বহু অংশে মানুষের চলাচলের অযোগ্য য় পড়েছে, যে টাকা আসছে প্রকৃত ইউটিলাইজেশন হচ্ছে না। এর পর আপনার নিজের পুরের বাইরে পঞ্চায়েত, জেলা-পরিষদ, পৌরসভার অনেক রাস্তার দায়-দায়িত্ব আপনাকে হণ করতে হবে। আমি বলছি আপনাকে খুব সুস্পষ্টভাবে মন্ত্রিসভায় দাঁড়িয়ে বলতে হবে। . ডব্লিউ. ডি. মানুষের দৈনন্দিন যে প্রত্যাশা সেই প্রত্যাশা পূরণ করার ক্ষেত্রে সেই পরিমাণ ন্ড যদি না করা যায় তাহলে হবে না। আমরা বলছি এই গভর্নমেন্ট ব্যাংকরাপ্ট হয়ে ছে। এই গভর্নমেন্টের যে প্ল্যান আউট-লে যে টাকা ধরা হয় ইট ইজ কমপ্লিটলি এ াংকরাপ্ট গভর্নমেন্ট। প্ল্যান আউট-লে ইউটিলাইজেশন হচ্ছে না এবং প্ল্যান আউট-লে তে ৫০০ কোটি টাকা ইউটিলাইজেশনটা ১৫৫০ কোটি টাকার মত ৭৫০ কোটি থেকে ৮৫০ কাটি টাকার মতো। এই দপ্তরের পরিকল্পনা অনুযায়ী যে বাজেট তৈরি করেছেন সেই বাজেট কানওভাবেই ইমপ্লিমেন্ট হচ্ছে না। সুতরাং এই দপ্তর সম্বন্ধে আমাদের অভিযোগ ভারতবর্ষের কোনও রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের ন্যাশনাল হাইওয়ের The condition of the ational Highways in West Bengal is worse than that in any other tate of India. আপনি জানেন বাঙ্গালোর, মাদ্রাজ, অন্ধ্রপ্রদেশের হাইওয়ের উপর দিয়ে খন গাড়ি যাবে তখন মনে হবে ছুটন্ত গাড়ি, আর পশ্চিমবঙ্গের হাইওয়ের উপর দিয়ে যখন াড়ি চলে তখন কি অবস্থা হয়। রক্ষণাবেক্ষন, মেরামতির ক্ষেত্রে এই সরকার একেবারে র্থ। আমি এই দপ্তরকে সেই অভিযোগে অভিযুক্ত করছি। আমরা বার বার বলছি এটা ংশ শতাব্দীর শেষ প্রান্তে এসে যোগাযোগ ব্যবস্থার উপর প্রায়রিটি দিতে হবে। আপনার কার পক্ষে কিছু করা সম্ভব নয়, গভর্নমেন্ট প্রায়রিটি না দিলে হবে না। ১৭ বছর ধরে মতায় থেকে আজ কেন্দ্রীয় সরকারের দিকে আঙুল তুলে আমাদের কেন্দ্রীয় ভূতল পরিবহন ছু দিচ্ছে না দিচ্ছে দেখলে হবে না। ১৭ বছর ধরে এই সরকার কি কাজ করেছে। তার পষ্ট ফিরিস্তি দেওয়া যেতে পারে। আজও আপনার বক্তব্যে দেখেছি কেন্দ্রীয় সরকারের বিশ্ব াংকের টাকা এবং আই. এম. এফের লোন নেওয়া সম্বন্ধে অভিযুক্ত করেছেন। কিন্তু এই াজ্যে এমন অনেকগুলি পরিকল্পনা হচ্ছে যেটা ডাইরেক্টলি এডেড বাই দি ওয়ার্ল্ড ব্যাংক ন্যান্স। বিশ্ব ব্যাংকের টাকা দিয়ে কি কি হচ্ছে? বিশ্ব ব্যাংকের সহায়তায় জাতীয় সড়ক াবর থেকে রানীগঞ্জ অবধি হচ্ছে আর মেদিনীপুরের শালবনীতে বনসম্পদ উন্নয়নের ভার ই দপ্তর করছেন। ওয়ার্ল্ড ব্যাংকের অর্থ সাহায্যে ৯টি পলিটেকনিক সম্প্রসারণের কাজ হাতে নওয়া হয়েছে। এই পলিটেকনিকের কাজগুলি বিশ্বব্যাংকের সহায়তার মধ্যে দিয়েই নিতে চ্ছে। সেই ৯টি হচ্ছে আচার্য জগদীশচন্দ্র পলিটেকনিক, জ্ঞানচন্দ্র পলিটেকনিক, মধ্য-কলকাতা লিটেকনিক, স্কুল, ক্যালকাটা পলিটেকনিক, রামকৃষ্ণ ইনস্টিটিউট অফ প্রিন্টিং, বিড়লা ইন্সটিটিউট অফ প্রিন্টিং টেকনোলজি, এবং যোধপুর উইমেন্স পলিটেকনিক।

[2-10 — 2-20 p.m.]

ওয়ার্ল্ড ব্যাংকের টাকাতে ১৯৯৪-৯৫ সালে এগুলো সংস্কারের কাজে হাত দিয়েছেন। ছাড়া ১৯৯৩-৯৪ সালে একইরকমভাবে আপনি ওয়ার্ল্ড ব্যাংকের সহায়তায় আরও কতগুলো

পলিটেকনিকের কাজে হাত দিয়েছেন যেকথা আপনি আপনার বাজেট বক্তৃতায় ছয়ের পাত বলেছেন। এ-কাজগুলো যেমন ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় হচ্ছে তেমনি এশিয়া উন্নয়ন ব্যাঙ্ক আপনাকে সহায়তা করছেন। অর্থাৎ ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা বামফ্রন্ট সরকারের কতকগু দপ্তর কি পরিমাণ টাকা নিচ্ছেন তার একটা সম্যক ধারণা আপনার বাজেট বক্তব্য থেকে নিতে পারি। সেজন্য আমাদের মূল অভিযোগ, রাজ্যের মানুষের চাহিদার তুলনায় এখানকা রাস্তাগুলির অবস্থা অত্যন্ত ভয়াবহ, দুর্দশাগ্রস্ত। তারজন্য রাজ্য সরকার এই দপ্তরকে আর একটি অ্যাকটিভ করবার ব্যাপারে আপনি উদ্যোগ নিন। আপনার দপ্তরের আর একটি কা হচ্ছে পূর্ণাবয়ব মূর্তি স্থাপন করা। আমরা বলেছি যে, ইন্দিরা গান্ধীর মূর্ত স্থাপনের ব্যাপা আর দেরি করবেন না, এবারের তাঁর জন্মদিনে পূর্ণাবয়ব মূর্তি যেন স্থাপিত হয়। রাজী গান্ধীর মূর্তি স্থাপনের ব্যাপারে গতবার বলবার পর আপনি আমাদের প্রস্তাব দিতে বলেছিলে কিন্তু আজ পর্যন্ত রাজ্য সরকারের পক্ষ থেকে রাজীব গান্ধীর মূর্তি স্থাপন করা হবে কি হ না সে কথাটা পর্যন্ত আপনার বাজেট বক্তৃতায় উল্লেখ করতে পারেননি। ভারতবর্ষের প্রধানমন্ত্রী কাদের সঙ্গে সংগ্রাম করতে গিয়ে জীবন দিয়েছেন সেটা সর্বজনবিদিত। এর দ্বারা তাদের প্রতি অবহেলা এবং মূর্তি স্থাপনে অনিহাই প্রতিফলিত হচ্ছে। এ-ব্যাপারে আপনাদের যদি অর্থে অসুবিধা থেকে থাকে তাহলে স্থান ঠিক করে দিন, আমাদের দলের পক্ষ থেকে মূর্তি তৈরি করে দেব এবং তারপর আপনারা মূর্তি স্থাপন করবেন। আজকে কি কারণে তাদের মূর্তি স্থাপিত হচ্ছে না সেটা আপনাকে জানাতে হবে। লোকমাতা রাণী রাসমনির দ্বিশত ক জন্মবার্ষিকি পালিত হচ্ছে, কিন্তু এ-ব্যাপারে সরকারের পক্ষ থেকে কোনওরকম উদ্যো আয়োজন দেখতে পাচ্ছি না। এসপ্লানেডে তার একটি মূর্তি রয়েছে, কিন্তু সেই মূর্তির মাঝখানে ফাটল ধরেছে। লোকমাতা রাণী রাসমনির সৃষ্টি দক্ষিণেশ্বর কালীমন্দির। ব্রিটিশ আমলে তা যে ভূমিকা ছিল তার স্বীকৃতি পর্যন্ত রাজ্য সরকার দিচ্ছেন না। আমি দাবি জানাব, কলকাত শহরের বুকে লোকমাতা রাণী রাসমনির একটি ব্রোঞ্জের মূর্তি আপনারা প্রতিষ্ঠা করুন। তা একটি মূর্তি আপনার হেফাজাতে আমি দাবি করছি, লোকমাতার মূর্তি স্থাপনে উদ্যোগ নিন

এরপর আমি দ্বিতীয় হুগলি সেতুর প্রশ্নে আসছি। এই দ্বিতীয় সেতুর উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় মন্ত্রী জগদীশ টাইটলার এসেছিলেন। ঐ মঞ্চে জ্যোতিবাবু, বুদ্ধদেববাবু ছিলেন এবং আরও অনেকে ছিলেন, কিন্তু পি. ডব্লু. ডি. মন্ত্রী হওয়া সত্ত্বেও আপনি নিচে বসেছিলেন। সেখানে পি. ডব্লু. ডি. মন্ত্রী হিসাবে আপনাকে মঞ্চে স্থান দেওয়া উচিত ছিল। কিন্তু যেহেতু আপনি ছোট শরিক দলের মন্ত্রী, তাই আপনার ওয়েটও কম এবং সেজন্য আপনাকে নিচে বসিয়ে রাখা হয়েছিল। কিন্তু দ্বিতীয় সেতুর কাজ আরম্ভ করা, সেটা হল না। এই হুগলি দ্বিতীয় সেতুর প্রশ্নে একটা পরামর্শদাতা কমিটি নিযুক্ত করা হয়েছে। তারা ১ কোটি ৪৭ লক্ষ টাকার একটা প্রস্তাব গ্রহণ করেছে। এই সেতু কবে নাগাদ হতে পারে, এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলাপ-আলোচনা কতদূর এগিয়েছে সেটা আমাদের জানাবেন। কারণ বিবেকানন্দ সেতুর কাছে এটা হওয়ার কথা হয়েছে, কেন্দ্রীয় সরকার নীতিগত ভাবে এই প্রস্তাব মেনে নিয়েছেন। এই সেতু সম্পর্কে আপনাদের অভিমত কি সেটা ব্যক্ত করতে হবে। দক্ষিণেশ্বরে বিবেকানন্দ সেতু যেটা আছে সেটা আজকে ভগ্নদশায় রয়েছে, একটা মারাত্মক অবস্থায় রয়েছে আগের বছর বক্তৃতায় বলেছিলেন কেন্দ্রীয় সরকার এই কাজ করবেন। এবারে বক্তৃতায়

বলেছেন যে ৩ শত লক্ষ টাকা চেয়েছেন। ১৫০ লক্ষ টাকা দিতে পারছে, বাকি টাকা দিতে পারছেন না বলে বিলম্ব হচ্ছে। আজকে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে এই ৩ কোটি টাকার ব্যাপার নিয়ে যদি এটা ঝুলে থাকে তাহলে বিবেকানন্দ সেতুর কাজ সম্পূর্ণ করার ব্যাপারে আপনাকে যথাযথ উদ্যোগ নিতে হবে বলে আমার নিজের মনে হচ্ছে। এছাড়া লিলুয়াতে যে উড়াল পুল, সেটাও হচ্ছে না। তারপরে বন্ডেল গেটে একটা উড়াল পুল হওয়ার ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে, লেক গার্ডেনের উড়াল পুল সম্পর্কে সিদ্ধান্ত হয়েছে, কিন্তু এগুলির কোনও কাজ এখনও এগিয়ে যায়নি। আমরা বারবার বিধানসভায় লেক গার্ডেন উড়াল পুল, লিলুয়া উড়াল পুল বন্ডেল উড়াল পুলের ব্যাপারে উল্লেখ করেছি। রেল টাকা স্যাংশন করেছে, কিন্তু রাজ্য সরকার টাকা দিতে পারছে না। এই তিনটি উড়াল পুল সম্পর্কে মানুষের দীর্ঘদিনের ক্ষোভ প্রতিফলিত হচ্ছে। কিন্তু এই দাবি পূরণ করা হচ্ছে না। সেজন্য আপনার কাছে আমাদের দাবি যে আপনি এই উড়াল পুলগুলি সম্পর্কে আপনার বক্তব্য সুস্পষ্ট ভাবে এখানে ব্যক্ত করুন। আমি আগেও বলেছি এবং আজও বলছি। আপনার দপ্তরের অধীনে দিল্লির বঙ্গ ভবন আছে। সেখানে বহুদিন ধরে মিসম্যানেজমেন্ট চলছে। আমরা বহুবার বলেছি যে বঙ্গভবনে একটা এস. টি. ভি. বুথ বসান। এটা বহু মানুষ চায়। সেখানে রুম সার্ভিস টেলিফোনের কোনও ব্যবস্থা নেই। বাইরে থেকে একটা টেলিফোন এলে সে যদি ৭ তলায় থাকে তাহলে তাকে ডাকতে গেলে যে সময় লাগে, সেই সময়ে অপরদিক থেকে যিনি ফোন করেছেন তিনি ভাবছেন যে আসবে না, তিনি ফোন ছেড়ে দিচ্ছেন। অথচ খুব সহজভাবে একটা পি. বি. এক্স চালু করলে, একজন অপারেটর রাখলে, সমস্যাটা মিটে যায়। অথচ সেটা করা হচ্ছে না। এবারে আমি রাজভবন সম্পর্কে আসছি। এটা চার্জড অ্যামাউন্টের মধ্যে পড়ছে, কাজেই এটা নিয়ে বেশি কিছু বাজেট বক্তৃতায় বলা যায় না বা বাজেটে মন্ত্রীর বক্তৃতায়ও বিশেষ কিছু বলার থাকে না। কিন্তু আমরা দেখছি যে রাজভবনের রক্ষাণাবেক্ষণের জন্য ৫০ লক্ষ টাকা খরচ হয়। এর আগে একজন প্রাক্তন রাজ্যপাল ত্রিভুবন নারায়ন সিং, তিনি এই খরচ কমানোর জন্য রাজভবনের মূল ভবন থেকে সরে এসে একটা ছোট কুটিরের মধ্যে থেকে গেছেন। আমি নীতিগতভাবে দাবি করছি যে এই বিশাল পরিমাণ টাকা যেটা এর রক্ষাবেক্ষণের জন্য খরচ হচ্ছে সেটা কমানোর চেষ্টা করুন। এবারে আমি রাইটার্স বিল্ডিংয়ের রোটান্ডা সম্পর্কে আসছি। রেনোভেশন অব রোটান্ডার জন্য প্রতি বছর ৫/৬ লক্ষ টাকা খরচ হচ্ছে। এত টাকা কি করে খরচ হচ্ছে? রেনোভেশন অর মেন্টেনেন্স যাই বলুন না কেন, ১৯৯৩-৯৪ সালের জন্য বাজেট এস্টিমেটস ধরা ছিল ৬ লক্ষ টাকা। ১৯৯৪-৯৫ সালে শুধু রেনোভেশনের জন্য ধরা হয়েছে ৪ লক্ষ টাকা। কিন্তু এই সম্পর্কে বিস্তৃত কিছু বলা হয়নি। কাজেই এই বিষয়ে আমরা আপনার কাছে জানতে চাই। আমরা আরও আপনার কাছে জানতে চাই, আমাদের মুখ্যমন্ত্রীর দপ্তর খোদ রাইটার্স বিল্ডিংয়ের মধ্যে, আমরা শুনেছি যে ১২ লক্ষ টাকা শুধু তার ঘর সাজানো হয়েছে। আবার ২ লক্ষ ৭৫ হাজার টাকা খরচ করে সেখানে এয়ার কন্ডিশন প্লান্ট বসানো হয়েছে। মুখ্যমন্ত্রীর ঘরে ৩/৪টি মেশিন বসানো তাতে আমাদের আপত্তি নেই।

[2-20 — 2-30 p.m.]

এই প্ল্যান্ট বসানোর যে পরিকল্পনা, হয়ত বসেছে ইতিমধ্যে, এটা ঠিক নয়। এটা পাওয়ার যোগ্য তারা নয়। মুখ্যমন্ত্রী পি. এ. বা সি. এ. এটা ব্যবহার করতে পারে না। মুখ্য

মন্ত্রীর পর্যায়েও এটা করতে পারে না। আজকে মহাকরণে মুখ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে কে করে তার যে পারসোনাল স্টাফ তারা যে সাজসরঞ্জাম ভোগ করছে বর্তমানে এটা কখন মেনে নেওয়া যায় না। মহাকরণে চিফ মিনিস্টারের কক্ষ সাজাতে কত টাকা খরচ করেন এ অমি জানতে চাই। ইকুয়ালি জানতে চাই সল্ট লেকে বাস ভবন সাজাতে আসবাবপত্র এব অন্যান্য সাজসরঞ্জাম দিতে কত টাকা লেগেছে। আজকে এই কথাগুলি আপনাকে বলতে হবে। সারা বাজেট বক্তৃতায় প্রতিটি রন্ধ্রে প্রতিটি ছত্রে ছত্রে বলছেন টাকা নেই এবং সে জন্য দুঃখ প্রকাশ করেছেন। সেখানে এই খরচগুলি কেন হচ্ছে? আমরা দেখলাম সল্ট লেকে ৫০ লক্ষ টাকা খরচ করে হাই-কোর্টের বিচারপতিদের বাড়ি তৈরি করার প্রস্তাব আছে। আমি জানতে চাই আপনারা কি সব বিচারপতিদের সেখানে নিয়ে হাজির করবার চেষ্টা করছেন এটা আমাদের খোলাখুলি জানা দরকার। আরও দেখলাম এম. এল. এ.-দের জন্য এবং ফো গ্রেডের বিধানসভার কর্মচারিদের জন্য কলকাতার ডালহৌসি এলাকায় একটা মাল্টি স্টোরে বিল্ডিং হবে। এটা কিসের জন্য? এম. এল. এ. হোস্টেল কি এখানে শিফট করে চলে আসছে নাকি এম. এল. এ.-দের জন্য ইন অ্যাডিশন টু দ্যাট আরও একটা বিল্ডিং হবে যা জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ আছে যেটা ডালহৌসি পাড়ায় হবে? এটা সম্বন্ধে আমাদের জানা আগ্রহ আছে। এর উদ্দেশ্যটা কি, এর পারপাসটা কি? আরও একটা বিষয় এখানে লেখা আছে, সেখানে আপনি বলেছেন আপনার অফিস কমপ্লেক্স ক্যামাক স্ট্রিটে উঠিয়ে নিয়ে যাবেন একদিকে আপনারা ডিসেন্ট্রালাইজেশনের কথা বলছেন অন্য দিকে সেন্ট্রাল অফিস ক্যামাক স্ট্রিটে তৈরি করবার চেষ্টা করছেন। এই প্রস্তাব কোনও অবস্থাতেই সমর্থণ যোগ্য নয় আমাদের হিসাব বলছে পশ্চিমবাংলায় মোট যে রাস্তা আছে তার পরিমাণ হল ২৩ থেকে ২৫ হাজার কিলোমিটার। এই রাস্তা যদি রক্ষণাবেক্ষণ করতে হয় অহলে আপনার দরকার ৭০ থেকে ৭৫ কোটি টাকা। আপনি সেখানে ২৫-৩০ কোটি টাকার বেশি পাচ্ছেন না ন্যাচারালি আপনার দপ্তর সমস্ত কাজ করে উঠতে পারছে না। এর পর আমি আসছি আপনার দপ্তরের সাথে বিল্ডিং কন্সট্রাকশন ছাড়া আপনার দপ্তরের অধীনে থেকে কাজ করে এই রকম অনেকগুলি দপ্তর আছে। যেমন স্বাস্থ্য দপ্তর, শ্রম দপ্তর, শিক্ষা দপ্তর, কারিগরি শিক্ষা দপ্তর তথ্য সংস্কৃতি দপ্তর এবং আবাসন দপ্তর। এই আবাসন দপ্তর আপনাদের দিয়ে কেন করায় জানি না, তাদের নিজেদের তো স্ট্রাকচার আছে। এতগুলি দপ্তরের বিল্ডিং কন্সট্রাকশন করে আপনার দপ্তর, এই দপ্তরগুলির সাথে আপনার দপ্তরের একটা কো-অর্ডিনেশন দরকার। আমি এই কথা বারে বারে বলি কোনও বড় দপ্তরের ফিনান্সিয়াল ডিসিপ্লিন আনতে গেলে একজন ফাইনান্সিয়াল অ্যাডভাইসর থাকা দরকার। এই রাজ্যে সরকার ফিনান্সিয়ালি এত ইন্ডিসিপ্লিন এবং প্রায়রিটি ঠিক করতে এত ব্যার্থ একটা ডিপার্টমেন্ট চালাতে গেলে একজন ফাইনান্সিয়াল অ্যাডভাইসর দরকার। সে টাইম টু টাইম মানথলি অডিট রিপোর্ট তৈরি করে দেবে। এই সিস্টেম যদি চালু করা যায় তাহলে ডিপার্টমেন্টের মধ্যে একটা ফাইনান্সিয়াল ডিসিপ্লিন আসতে পারে। কিন্তু আপনার সরকার সেটা করতে পারবে না। আপনার দেউলিয়া সরকার, সমস্ত কাজ ডে টু ডে ঠিক করে চালাবেন। পশ্চিমবাংলার যে বিধায়ক আছে তারা তাদের কেন্দ্রের জন্য একটা রাস্তা দাবি করতে পারে। কিন্তু আপনি ১৯৯৪-৯৫ সালে ৬০ কিলোমিটার নূতন রাস্তা তৈরি করবেন ঠিক করেছেন। সারা রাজ্যে মাত্র ৬০ কিলোমিটার নূতন রাস্তা হবে। এটা প্রত্যাশার তুলনায় কতখানি নগন্য সেটা বোঝ

যাচ্ছে। এর পর আমি কয়েকটি বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করব। মুর্শিদাবাদের জঙ্গিপুরের রঘুনাথপুর ব্রিজ এটা দীর্ঘ দিনের দাবি।

আপনি এটা আর কিছুতেই করতে পারলেন না। মেদিনীপুর শহরের রাস্তার কি অবস্থা তা আপনি একবার স্পট ভিজিট করে দেখে আসুন। আপনি কিছু কিছু স্পট ভিজিট করুন, দেখবেন চলাচলের পক্ষে রাস্তাগুলো সব অযোগ্য হয়ে গেছে। পি. ডবলু. ডি. ওয়ার্ক লোড নিতে পারছে না। এই দপ্তরকে আরও অনেক দপ্তরের কাজ দেখতে হচ্ছে এবং সব মিলিয়ে একটা মেস হয়ে গেছে। আমি আপনাকে অনুরোধ করব, পি. ডবলু. ডি.-র জন্য যে আর্থিক বরাদ্দ হয়েছে, তা বৃদ্ধি করার জন্য আপনি সরকারকে বলুন। আপনি অত্যন্ত সচেতন, তাই আপনার কাছে অনুরোধ করব, আপনি রাজ্য সরকারের কাছে আরও অর্থ বরাদ্দের জন্য দাবি করুন। রাস্তাঘাটের আজকে যে অবস্থা দাঁড়িয়েছে, এই দুর্দশা বামফ্রন্ট আমলে তৈরি হয়েছে যা আগে কখনও ছিল না। আমি সেই কারণে আমাদের কাট মোশনকে সমর্থন করে এবং এই বাজেট বরাদ্দের বিরেধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে মাননীয় পূর্তমন্ত্রী মহোদয় যে বাজেট রেখেছেন, তাতে ২৫ নম্বরে আছে ১৮০ কোটি ৬১ লক্ষ ১৩ হাজার টাকা এবং ৭৯ নম্বর দাবিতে আছে ১৮৬ কোটি ৯ লক্ষ ৭৩ হাজার টাকা, এই যে টাকা বরাদ্দ তিনি চেয়েছেন, মাননীয় সুদীপবাবু তার বিরোধিতা করে বললেন যে এটা উনি মেনে নিতে পারছেন না। উনি আরও বললেন যে রাজ্য সরকার একদম ব্যর্থ হয়েছে। বামফ্রন্ট সরকারের আমলে রাস্তার দুরবস্থা হয়েছে, রাস্তার অবস্থা খুবই খারাপ। আমি আপনাদের একটু স্মরণ করিয়ে দিতে চাই যে, আমরা ছোট বেলায় যখন স্কুলে যেতাম তখন সাত মাইল দুরমুজ করে যেতাম। আমাদের খাল পেরিয়ে যখন স্কুলে যেতে হত তখন অন্য লোকজনদের লক্ষ্য করে আমাদের বলতে হত, আপনারা এখন অন্য দিকে তাকান, আমরা রাস্তা পার হচ্ছি, আমাদের অন্য জিনিসটা উপরে উঠে যাচ্ছে। এই ছিল তখন রাস্তার অবস্থা। আর এখন ওখানে রাস্তার সেই অবস্থা নেই। কথা হচ্ছে এই যে, মানুষ যখন বুড়ো হয়, তখন চোখে ছানি পড়ে, চোখে দেখতে পায় না। কংগ্রেস এখন বুড়ো হয়ে গেছে। তাই আপনাদের ছানি অপারেশন করান। আগে আরামবাগে কি অবস্থা ছিল সেই কথা কি আপনারা ভুলে গেছেন? তখন কি ছিল, মানুষের আরামটা ছিল না, মানুষ পড়ে যেত বাঘের মুখে। এখন আর সেই অবস্থা আরামবাগে নেই। সেখানে চওড়া চওড়া রাস্তা হয়েছে। এখন আর একটিও কাঠের ব্রিজ নেই, সব পাকা ব্রিজ হয়েছে। আমাদের শ্রদ্ধাভাজন বিদ্যাসাগর মহাশয়কে এক সময়ে নদী পার হওয়ার জন্য নদীতে ঝাঁপ দিতে হয়েছিল। আমরা মানুষের সেই সমস্ত দুঃখকষ্ট দেখে আরামবাগের চেহারা পাল্টে দিয়েছি, গ্রামের রাস্তাগুলোর চেহারা সব পাল্টে দিয়েছি। আমরা যে কাজগুলো করেছি সেই কথাগুলো একটু বলুন? কিন্তু সেই কথা না বলে আপনারা এখানে অন্য কথা বলে মানুষের কাছে আমাদের ইজ্জৎ একদম ঢিলে করে দিতে চাইছেন। পুরনো দিনে গাঁয়ের রাস্তাগুলোতে গরুর গাড়িগুলো তখন হাঁড়ি অবধি ঢুকে যেত, গরুগুলোকে মেরে মেরেও কোনও কাজ হত না। লেজগুলো মুড়ে দেওয়ার ফলে কোনও অ্যাকশন হত না। আমাদের পঞ্চায়েতগুলো এখন সেইসব রাস্তায় মোরাম বিছিয়ে দিয়ে, পিচ ঢেলে অন্য রকম চেহারা এনে দিয়েছে। রাস্তার দু'পাশে গাছ লাগানো হয়েছে। সেই গাছে এখন পাখি ডাকে। গাছে

গাছে মধু হয়, আর সেই মধু আপনারা খান। এখন গ্রামের চেহারা সম্পূর্ণ পাল্টে গেছে। কাজেই, আপনারা চোখে দেখুন, ছানি কাটান। আমাদের বামফ্রন্ট সরকার 'সতী' নদীতে সেতু নির্মাণ করেছে। শোধপুরে উড়াল পুল হয়েছে, শ্রীরামপুরে উড়াল পুল হয়েছে। কলকাতার হুগলি নদীতে ব্রিজ তৈরি হয়েছে, বিদ্যাসাগর ব্রিজ হয়েছে। জলপাইগুড়িতে প্রশাসনিক ভবন হয়েছে। কাজেই, এইসব কাজ যেগুলো হয়েছে সেই কাজগুলো উল্লেখযোগ্য কাজ। তবে একথা ঠিক যে আমাদের অর্থের অভাব আছে। এই কথা আমরা স্বীকার করি।

[2-30 — 2-40 p.m.]

বিরোধীদলের সদস্যদের যে চাহিদা তা যদি সব কিছু পূর্ণ করতে হয় তাহলে বাজেটের টাকায় কুলবে না। আমাদের মনে রাখতে হবে যে পশ্চিমবঙ্গ একটা অঙ্গ রাজ্য, সেই অঙ্গরাজ্যের মধ্যে থেকে আমাদের কাজ চালাতে হবে। এই দপ্তরের যে সাবজেক্ট কমিটি আছে, তারা কতগুলি রেকমেন্ডেশন বলেছেন যে, দুর্গাপুর রাস্তার যেভাবে উন্নতি হওয়া উচিত ছিল সেইভাবে হচ্ছে না। আপনারা তো জানেন টাকা নেই, টাকা না থাকলে কি করে কাজ করা সম্ভব? কাজেই দুর্গাপুর ব্রিজের উন্নতি এখন করা সম্ভব নয়। কংগ্রেসিরা আমাদের ভালো কিছু দেখতে পাচ্ছে না, কারণ তাদের চোখে তো ছানি পড়েছে, ছানি না কাটালে ভালো কিছু দেখতে পাবে না। সাবজেক্ট কমিটি যেটা বলেছে সেটা হচ্ছে যে পুরনো রাস্তাগুলোর যে তৈরি হয়েছিল সেগুলোর মেরামতি অবিলম্বে আবশ্যক। কারণ পাঞ্জাব বডির লরি এইসব রাস্তার উপর দিয়ে যাবার ফলে রাস্তার ক্ষমতা নেই সেই ওজন বহন করার, ফলে পটলের মতো ফুলে যাচ্ছে এবং পেট মোটা হচ্ছে। এইসব রাস্তাগুলোর ধারে অসংখ্য ঘরবাড়ি হয়ে গেছে এবং রাস্তার ধারে ধারে যে গাছগুলো রয়েছে সেগুলো কেটে ফেলা হচ্ছে এবং ওইসব জায়গায় ঘরবাড়ি তৈরি করা হচ্ছে। আমাদের সর্বদা মনে রাখতে হবে যে এটা হচ্ছে আমাদের জাতীয় সম্পদ। কিন্তু সেই সম্পদকে আমরা নিজেরাই নষ্ট করছি। এত ঘরবাড়ি রাস্তার ধারে ধারে হয়ে গেছে লোকের চলাফেরার রাস্তা নেই। এরফলে স্কুল কলেজে সাইকেলে করে যেতে গিয়ে রাস্তা না থাকার ফলে অ্যাকসিডেন্ট হচ্ছে। এমনও দেখা যাচ্ছে যে, কোনও বাবামায়ের একটি মাত্র ছেলে এইভাবে ইস্কুলে যেতে গিয়ে মারা গেল। সুতরাং সবাই মিলে রাস্তার এই এনক্রোচমেন্ট বন্ধ করতে হবে। আমাদের সম্পত্তি হচ্ছে পশ্চিমবঙ্গের জাতীয় সম্পত্তি। তারপরে রাস্তার পাশে যে ড্রেনেজে, সেগুলো মরে গেছে, ফলে জল যেতে পারছে না। এবং রাস্তার নিকাশিগুলো আমাদের বার করতে হবে। তা না হলে রাস্তা আর রাখা যাবে না। পাণ্ডুয়ার জি. টি. রোডের যে জায়গাগুলো আছে সেগুলো, এনক্রোচ হয়ে যাচ্ছে এবং নতুন নতুন ঘরবাড়ি গজিয়ে উঠছে। অথচ জল নিকাশের কোনও ব্যবস্থা নেই। পাণ্ডুয়া হাসপাতালের অধিকাংশ জায়গা ভেঙ্গে পড়েছে। রোগি কোনও সময়ে এরফলে মারা পড়বে। তারপরে খয়রাতে একটি গ্রামীণ হাসপাতালে তৈরি করা হয়েছে, এর আউটডোর খোলা হয়েছে কিন্তু আজ পর্যন্ত হাসপাতালটি চালু করা হয়নি। ওখানে ইঞ্জিনিয়াররা গিয়ে টাকা নিয়ে আসছেন কিন্তু কাজ এখনও শেষ করা হচ্ছে না। অবিলম্বে এর খোলার ব্যবস্থা করা দরকার। সুতরাং গ্রামীণ এবং শহর সব মিলিয়ে যতটুকু সমস্যা আছে তার সমাধান করতে হবে। এরজন্য সকলের সহযোগিতা দরকার, সেখানে বিরোধীপক্ষকেও এগিয়ে আসতে হবে। রাস্তা ঘাটকে সুন্দর করার জন্য সবাইকে এগিয়ে আসতে হবে। আমাদের আর্থিক সঙ্গতি কম

এর ফলে অর্দ্ধেক রাস্তা মেরামতিই হয় না। একটি রাস্তা তৈরি হলে তাকে ঠিকমতো যে বাঁচিয়ে রাখা খুবই মুশকিল। সেই কারণে মানুষের চেতনা বাড়ানো দরকার, রাস্তা যে জাতীয় সম্পত্তি এটা বিবেচনা করে আমাদের চলতে হবে এবং এই রাস্তাকে আরও সুন্দর করে গড়ে তুলতে হবে।

শুধু মাত্র সরকারকে দোষারোপ করলে হবে না, সরকারি কর্মচারীকে দোষারোপ করলে হবে না, আমরা সকলে মিলে যদি একযোগে রাস্তাকে রক্ষণাবেক্ষণ করি এবং উপযুক্ত করে তুলি আন্তরিকতার সঙ্গে সকলে কাজ করি তবে জাতীয় সড়কগুলি রক্ষা করতে পারব। মানুষের জীবনে যে দুঃখ কষ্টগুলি নেমে আসছে সেটাকে প্রতিরোধ করতে পারব এবং আগামী দিনে নূতন নূতন যে রাস্তাগুলি করার ব্যাপারে গণ উদ্যোগ সৃষ্টি করা দরকার তা শুধু সরকারি অর্থে করলেই হবে না, সেখানে জনগণের যে অবদান আছে তারা বিনামূল্যে জমি সরকারকে দিচ্ছে সেটাও নিতে হবে। ৬ কি. মি., ৭ কি. মি. রাস্তা প্রত্যেক বছরে বাজেটের মধ্যে ঢুকছে আবার চলে যাচ্ছে, বেলুড় থেকে পাণ্ডুয়া রামেশ্বরপুর পর্যন্ত একটা রাস্তা আমাদের প্রাক্তন মন্ত্রী ছিলেন ভবানী মুখোপাধ্যায় তখনও সেটা নিয়ে বারে বারে লেখা হয়েছে, সেটাকে প্রত্যেক বারে কুমিরের ছানার মতো তখনও সেটা নিয়ে বারে বারে লেখা হয়েছে, সেটাকে প্রত্যেক বারে কুমিরের ছানার মতো একবার করে দেখানো হয়েছে, আবার চলে গেছে, কিন্তু এবারে দেখছি সেটা আর বাজেটে নেই ; ভ্যানিশ হয়ে গেছে। আগামী দিনে এই রাস্তাগুলি যাতে যত্ন সহকারে দেখা হয় তার জন্য আমি আপনার কাছে অনুরোধ করব। প্রয়োজনে বিধায়করা যাবেন এবং যেখানে কাজ হচ্ছে সেখানের বিধায়করা যাতে থাকেন সেটাও দেখা দরকার। এনক্রোচমেন্ট যেটা হচ্ছে সেটা উদ্ধার করতে হবে। সেটা নিয়ে যেকোনো যে করবে সেটা হতে দিলে হবে না। রাস্তায় জলের নিকাশি ব্যবস্থা করতে হবে। বর্ষাকালে রাস্তা সারানোর নাম করে ঐ একঝুড়ি পাথর আর পিচ নিয়ে এসে ঝপাস করে ফেলে দিল ওতে রাস্তা সারানো হয় না, চুল ছাড়া চুলের খোঁপা বাঁধা যায় না। সেইজন্য শুকনো দিনে রাস্তা মেরামত করতে হবে। আপনার বাজেট প্রস্তাবে যে দিকগুলি নিয়ে বলা হয়েছে সেই দিকগুলি ভাল দিক, এর জন্য যা টাকা দরকার সেটা আপনি পাচ্ছেন না। আপনার যত টাকার কাজ আছে তাতে অফিসার পুষতে আপনার টাকা চলে যাচ্ছে, সাদা হাতি পুষতেই খরচ হয়ে যাচ্ছে। কিভাবে কাজ করলে এই রাস্তাগুলিকে সংহত করা যায় সেটার দিকে নজর রাখতে হবে, এবং যে রাস্তাগুলি আছে সেটার মেরামতির দিকে নজর দিতে হবে। বহু জায়গায় ব্রিজ হয়েছে, ব্রিজের কাছ থেকে হরিণখোলায় সেখানে নদী থেকে বালি তোলা হচ্চে, ঐ ভাবে বালি নিলে ব্রিজ নষ্ট হয়ে যাবে। সেইজন্য বলছি এইদিকে নজর রাখতে হবে জাতীয় স্বার্থে যাতে আমাদের সব কিছু ঠিকঠাক থাকে তার জন্য, আমরা সরকার পক্ষ থেকে যেমন বলছি তেমনি বিরোধী পক্ষের লোককে বলব আসুন আমরা সকলে একসঙ্গে কাজ করি। এনক্রোচমেন্টের একটা মামলা হল, সেই মামলায় আপনার লোকেরা সাক্ষী দিলেন না, তাই মামলায় আপনারা হেরে গেলেন, সেখানে সেটেলমেন্ট হল সেটা রেকর্ড হয়ে গেল, তার পর সেখানে পাণ্ডুয়া জি. টি. রোডের ধারে ৬০/৭০ হাজার টাকা কাঠা হয়ে গেল, সেখানে একটা গাছের দাম ১ লক্ষ টাকা হয়ে গেল, সেখানে এই ব্যাপারে কড়া হাতে শক্ত হাতে এই এনক্রোচমেন্ট বন্ধ করতে হবে। জাতীয় স্বার্থে জাতির

জন্য সমস্ত মানুষকে সেবা করার জন্য এই বাজেটে যে প্রস্তাব করা হয়েছে সেটাকে সম্পূ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে পূর্ত দপ্তরের ভারপ্র মন্ত্রী মহাশয় ২৫ এবং ৭৯ নম্বর দাবি সম্পর্কে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন আমি ত বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনগুলোর সমর্থনে আমি এখানে বক্তব্য রাখছি। বাজেট বই উনি আমাদের দিয়েছেন সেই বই পড়ে কোনও জায়গায় আমরা আশার আলো দেখতে পাইনি এবং সব জায়গাতেই একটা হতাশার ভাব ফুটে উঠেছে। আপনার দপ্তর কা করতে গিয়ে বার বার একটা জায়গাতেই ধাক্কা খেয়েছে, সেটা হল অর্থের সমস্যা। আপনা যে টাকা প্রয়োজন সেই টাকা আপনি অর্থ দপ্তর থেকে পাননি। দুর্ভাগ্যজনক হলেও এক সত্য কথা, এতবড় একটা সত্য কথা, এতবড় একটা দপ্তব, যে দপ্তরের উপর সারা পশ্চিমবঙ্গ রাস্তাঘাট রক্ষণাবেক্ষণ, হাসপাতাল রক্ষণাবেক্ষণ এবং পলিটেকনিকের রক্ষণাবেক্ষণের কা করতে হয় সেই দপ্তরের জন্য প্ল্যান বাজেটে বরাদ্দ করা হয়েছে মাত্র দুই পারসেন্ট। সুত এই বাজেট বরাদ্দর দ্বারা এই সমস্যার সমাধান হবে না বলে আমরা মনে করি। মূল বাজে সরকারের যে দৃষ্টিভঙ্গি তার থেকেই বোঝা যায় কি কাজ হবে না হবে, তাই আমরা প্রথ থেকে বিরোধিতা করে আসছি। গত বছর বাজেট অ্যালোকেশনে যে টাকা ছিল প্রথম তি মাসে তার থার্টি পারসেন্ট পাওয়ার কথা, দ্বিতীয় তিন মাসে থার্টি পারসেন্ট পাওয়ার ক এবং পরবর্তী সময়ে ফর্টি পারসেন্ট পাওয়ার কথা। কিন্তু আপনি পেয়েছেন সেন্ট পারসেন্ট। প্রথম তিন মাসে আপনি ফাইভ পাবসেন্ট টাকা পেয়েছেন, দ্বিতীয় মাসে ফাইভ পারসেন্ট টাকা পেয়েছেন, আর শেষে আপনি ৪৫ পারসেন্ট টাকা পেয়েছেন। সুত এই টাকা দিয়ে এতবড় একটা রাজ্যের রাস্তা-ঘাটের সমস্যার সমাধান আপনি করবে করে। আপনার বাজেটের ২৫ নং দাবির অধীনে নন প্লান এক্সপেন্ডিচারে ১২০ কোটি লক্ষ ৫৯ হাজার টাকা পাশাপাশি স্টেট আপনি খরচ দেখিয়েছেন ৩২ লক্ষ ৩৮ হাজার এটা একটা হতাশাব্যঞ্জক চিত্র। এই টাকা দিয়ে আপনি কি কাজ করবেন। আমরা সমা করি বা না করি এই টাকার দ্বারা কখনও উন্নয়ন করা সম্ভব নয়। আমরা দেখল সন্দেশখালি উপনির্বাচনের সময়, মুখ্যমন্ত্রী সেখানে যাবেন, আপনার দপ্তর অন্য জায়গা থে টাকা নিয়ে এসে সেখানে রাস্তা তৈরি করে ফেলল। আমরা চাইছি প্রত্যেকটি জায়গায় নির্ব হোক এবং আপনারা যেখান থেকে পারুন টাকা নিয়ে এসে সেখানে রাস্তা তৈরি করে দিন আজকে বামফ্রন্ট সরকারের আমলে প্রোমোটাররা পুকুর বুজিয়ে বাড়ি তৈরি করছে, ফলে চাষ করা যাচ্ছে না। রাস্তার ঐ বড় বড় গর্তগুলো যদি মৎস্যমন্ত্রী মাছ চাষের ব্যবস্থা ক দিতে পারেন তাহলে আমাদের রাজ্যে মাছের সমস্যা মিটে যাবে। এর সঙ্গে সেভেন্থ প্লা যে কন্টিনিউয়িং কাজ সেখানে মোট ৭ কোটি ৪৫ লক্ষ টাকার কাজ আপনার চলছে। নম্বর বাজেটে নন-প্ল্যানে আপনি কত খরচ করবেন, সেখানে ৭৮ কোটি ৭৯ লক্ষ হাজার টাকা। নন-প্ল্যানে আরেকটি খরচ ধরা হয়েছে ২ কোটি ৩৮ লক্ষ টাকা। স্টেট প্লা ৭৮ লক্ষ টাকা।

এটা অত্যন্ত হতাশাব্যঞ্জক—৯০ থেকে ৯২ পারসেন্ট টাকা নন প্ল্যানে কর্মচারিদের মাহিনা এবং অন্যান্য মেন্টেনেন্সে খরচ হচ্ছে। এর ফলে রাস্তাঘাট তৈরি করার জন্য বা অন্যান্য কাজ করার জন্য যে টাকা দরকার সেই টাকা আপনার হাতে থাকছে না। তা ছাড়া বাজেট বই-তেই আপনি উল্লেখ করেছেন যে সঠিক সময় যে টাকাটা বাজেটে বারদ্দ করা আছে তা আপনি হাতে পাচ্ছেন না। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার তাই জিজ্ঞাস্য, এই দপ্তর সম্পর্কে আপনি নতুন কোনও চিন্তা ভাবনা করছেন কিনা সেটা আশা করি জবাবি ভাষণের সময় একটু বলবেন। এই প্রসঙ্গে মহারাষ্ট্রের কথাটা একটু বলতে চাই। মহারাষ্ট্রে আমরা দেখেছি নতুন রাস্তা যেগুলি হচ্ছে সেখানে তারা কতকগুলি রাস্তা প্রাইভেট সেক্টারের হাতে তুলে দিচ্ছেন। আমি নিশ্চয় আপনাকে একথা বলতাম না যে আপনি রাস্তা প্রাইভেট সেক্টারের হাতে তুলে দিন কিন্তু যেহেতু আপনি পারছেন না, এখানে রাস্তাঘাট তৈরি হচ্ছে না এবং প্রতিটি মাননীয় সদস্য যখন এই বিধানসভায় তার নিজের এলাকার রাস্তাঘাটের দুরাবস্থা নিয়ে দিনের পর দিন মেনশন করে যাচ্ছে সেইহেতু আমি বলছি, কিছু রাস্তা প্রাইভেট সেক্টারের হাতে দিয়ে তাদের দিয়ে করাতে পারেন কিনা দেখুন। তা ছাড়া আপনিও নিজেও আশঙ্কা প্রকাশ করে বলেছেন যে 'যদি সব কিছু ঠিকঠাকভাবে চলে, টাকা পয়সা পাওয়া যায় তাহলে কাজ শেষ করতে পারবেন।' সেইজন্যই আমার এই প্রস্তাব যে মহারাষ্ট্র যা করছে যে বিশেষ রাস্তা তারা প্রাইভেট সেক্টারের হাতে তুলে দিচ্ছে যেমন হিন্দুস্তান কনস্ট্রাকশনকে দিয়ে রাস্তা তৈরি করাচ্ছে এবং সেই রাস্তা থেকে টোল তুলে তাদের টাকাটা তুলে নিচ্ছে—এরকম কিছু করতে পারেন কিনা দেখুন। এর ফলে একদিকে যেমন উন্নয়নের কাজ চলছে অপর দিকে সরকারকেও টাকা খরচ করতে হচ্ছে না। এর পব আমি রাস্তার মেন্টেনেন্সের বিষয়ে আসছি। অনুরূপভাবে বিশেষ বিশেষ রাস্তার মেন্টেনেন্স প্রাইভেট সেক্টার বা কনট্রাক্টরদের হাতে ৫ বছর বা কিছু সময়ের জন্য তুলে দিয়ে তাদের বলা যায় যে এই রাস্তার মেন্টেনেন্সের দায়িত্ব তোমাদের দেওয়া হল। বামপন্থী বন্ধুরা হয়ত বলবেন, এতে পি. ডবলু. ডি.-র কর্মচারিরা বেকার হয়ে যাবেন। আমি সেইজন্য বলছি, ব্যাপকভাবে না করে বিশেষ বিশেষ রাস্তা যেগুলি খুবই গুরুত্বপূর্ণ বা ইন্ডাস্ট্রিয়াল বেল্টের সঙ্গে যুক্ত সেগুলির ক্ষেত্রে এটা করতে পারেন কিনা দেখুন। কারণ এই ইনফ্রাস্ট্রাকচার না থাকার জন্য আমাদের রাজ্যে নতুন শিল্প আসছে না। ৫ বছরের জন্য যদি কন্ট্রাক্ট দেন তাহলে সেই ৫ বছরের রাস্তা সারাবার বা মেন্টেনেন্সের দায়িত্ব সেই কন্ট্রাক্টরের হাতেই থাকবে। তা ছাড়া সরকারি স্তরে কিভাবে রাস্তা সারানো হয় এই দপ্তরের মন্ত্রী হিসাবে আপনি নিশ্চয় সেটা জানেন—যেখানে তিন ইঞ্চি পিচ দেওয়ার কথা সেখানে ১।। ইঞ্চি পিচ দিয়ে রাস্তা সারিয়ে দিয়ে চলে যায়। এরপর আমি আমার এলাকার কয়েকটি সমস্যার কথা বলব। আপনাকে আমি চিঠিও দিয়েছি এবং আপনার দপ্তরের সঙ্গে যোগাযোগ করেও বলেছি যে ধপধপি এবং শঙ্করপুরের মধ্যে যে কাঠের ব্রিজটি আছে সেটা বারবার ভেঙ্গে যাচ্ছে। আপনি জানেন, বারুইপুর সব্জি এবং ফলের জন্য বিখ্যাত ম্যাকিসিমাম ফল এই বারুইপুর থেকে বিভিন্ন জায়গায় যায়। এই কাঠের ব্রিজটি বারবার ভেঙ্গে যাওয়ার ফলে সব্জি এবং ফল উৎপাদকরা তাদের উৎপাদিত পণ্য আনতে ভীষণ অসুবিধায় পড়েন এবং এখানকার ব্যবসা বাণিজ্যের খুবই ক্ষতি হয়। অবিলম্বে এখানে যাতে একটি পাকা সেতু নির্মাণ করা যায় তারজন্য পুনরায় আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এরপর আপনি জানেন যে বারুইপুর একটি পুরানো শহর। এখানে কুলপি রোডে যে

রেলওয়ে ক্রশিংটি আছে সেটা বন্ধ থাকার ফলে সেখানে তীব্র যানজটের সৃষ্টি হয়। এর ফলে সেখানকার সাধারণ মানুষ এবং ব্যবসাদাররা দারুণ অসুবিধার মধ্যে পড়েন। এখানে একটি ফ্লাইওভার নির্মাণ করার জন্য কিছুদিন আগে আমি কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে দরবার করেছিলাম। মাননীয় রেলমন্ত্রী আমাকে বললেন, এই ফ্লাইওভার করার জন্য আমরা ৫০ পারসেন্ট দেব রাজ্য সরকারকে ৫০ পারসেন্ট দিতে হবে এবং রাজ্য সরকারের কাছ থেকে এই মর্মে একটি প্রস্তাব আসতে হবে, তা না হলে আমদের পক্ষে করা সম্ভব নয়। আপনি জানেন বারুইপুর হচ্ছে গেটওয়ে অব দক্ষিণ ২৪ পরগনা। এখানে রেলগেটে যে তীব্র যানজট হচ্ছে তার অবসানকল্পে আপনার কাছে এখানে একটি ফ্লাই ওভার নির্মাণের জন্য আমি এই সভায় দাবি রাখছি। এর পর আমি আরও দুটি ফ্লাইওভার নিয়ে বলব। যদিও এটা আমার এলাকার মধ্যে পড়ে না কিন্তু সেখানকার মানুষরা এই দুটি ফ্লাই ওভার স্যাংশন হয়ে যাওয়া সত্ত্বেও তার কাজ না হওয়ায় বিক্ষুব্ধ বলে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই দুটি ফ্লাইওভার হল লেক গার্ডেন এবং বন্ডেল গেট। এর কাজ এখনও শুরু হচ্ছে না।

[2-50 — 3-00 p.m.]

আর একটা প্রশ্ন হল যে কাজগুলো একটা সময় সি. এম. ডি. এ. করেছিল ৭৩ সালে তৈরি করা রাস্তা, এই রকম একাধিক রাস্তা আছে, সেই রাস্তাগুলো মেন্টিনেন্স করছে না, জেলা পরিষদও করছে না, পি. ডবলিউ. ডি.-ও করছে না। কে রাস্তাগুলো মেন্টিনেন্স করবে ঠিক নেই, মেন্টিনেন্স জেলা পরিষদও করছে না, পি ডবলিউ. ডি.-ও করছে না। ঐ সব রাস্তা থেকে পিচ উঠে গেছে, খোয়া উঠে গেছে, ব্যবহারের অযোগ্য হয়ে গেছে। আমার এলাকায় একটা রাস্তা নাজিরপুর রোড, এটা সি. ইউ. ডি. পি.-তে ৬ লক্ষ টাকা স্যাংশন হয়েছিল ৯০-৯১ সালে। আমি জেলা পরিষদের কাছ থেকে খোঁজ নিয়ে জানলাম, জেলা পরিষদ বলছে সেই টাকার কোনও হদিশ দেন। সেখানকার মানুষ এই জন্য অত্যন্ত ক্ষুব্ধ। দীর্ঘ চেষ্টার পর পঞ্চায়েত সমিতির মাধ্যমে এক লক্ষ টাকা দিয়ে ইঁট দিয়ে সারানো হয়েছে। অথচ ৬ লক্ষ টাকা স্যাংশন হবার পর সেই রাস্তার কোনও উন্নয়ন হচ্ছে না, টাকার কোনও হদিশ নেই। আমার কাট মোশনে আমি বলেছি একটা পুরানো শহর হচ্ছে এই বারুইপুর শহর, আজকে অনেক শহরে বাইপাস তৈরি হয়েছে, আমি আগেও বলেছি বারুইপুর ফল উৎপাদনে পশ্চিমবঙ্গের শীর্ষ স্থানে আছে। পেয়ারা থেকে আরম্ভ করে সমস্ত রকম ফল এবং সব্জি উৎপাদন হয় বারুইপুরে। এই বৃহৎ এলাকায় হাইয়েস্ট সব্জিও উৎপাদন হচ্ছে। কিন্তু আজকে সেই রকম কোনও ব্যবস্থা নেই, মূল যে রাস্তা কুলপি রোড সেটাকে বাইপাস তৈরি করে ব্যবস্থা করা। বিভিন্ন শহরে দেখতে পাচ্ছি বাইপাস করে শহরকে বাঁচানোর চেষ্টা হয়েছে। সেই জন্য অবিলম্বে বারুইপুরে ঐ বাইপাস তৈরি করার জন্য আপনার দপ্তরকে নির্দেশ দিন। বারুইপুর পৌরসভার সঙ্গে আমি এই সম্পর্কে যোগাযোগ করেছিলাম, তারা বলছে, তারা নাকি দু বছর আগে লিখিতভাবে প্রস্তাব দিয়েছে, কিন্তু আজ পর্যন্ত কোনও রকম ইনভেস্টিগেশন অথবা কোনও টেকনিক্যাল ম্যান দিয়ে পরীক্ষা করা হয়নি। আদি গঙ্গার পাশ দিয়ে দেড় কিলোমিটার রাস্তা যদি তৈরি করা হয় তাহলে পুরানো শহর বারুইপুরকে বাঁচানো যাবে এবং দক্ষিণ ২৪ পরগনার মূল সংযোগকারি যে রাস্তা তাকে বাঁচানো যেতে পারে এবং শহরটাকে বাঁচানো যেতে পারে। এটা আপনার কাছে দাবি জানাচ্ছি। এর সঙ্গে সঙ্গে আমি আপনার

কাছে জানাতে চাই, আপনার বাজেটে আপনি বলেছেন যে মাত্র নুতন করে ৬০ কিলোমিটার রাস্তা আপনি তৈরি করবেন। এই ৬০ কিলোমিটার রাস্তা এই বিরাট রাজ্যে, এটা কোনও আশার কথা নয়। প্রত্যেকটা এম. এল. এ.-দের এলাকায় রাস্তাঘাটের প্রয়োজন রয়েছে, ৬০ কিলোমিটার রাস্তা দিয়ে পশ্চিমবাংলার কজনের কি উন্নয়ন হবে সেটা বুঝতে পারছি না। সঙ্গে সঙ্গে বলি, এই রাজ্যে ব্যবসা বাণিজ্য আসছে না, বাইরের শিল্পপতিরা আসছে না, তার মূল কারণ হচ্ছে তাদের যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, যোগাযোগ এবং সংযোগ করার যে রাস্তা, সেটা তৈরি করতে পারছেন না, ফলে ৬০ কিলোমিটার রাস্তা এটা আশার কথা নয়। তবে আপনি বলেছেন বিশ্ব ব্যাঙ্ক এবং এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, তাদের টাকায় যে কাজগুলো করছেন, সেইগুলো করবেন। আমি আশা করব সেই কাজগুলো যথাযথ ভাবে হবে। অর্থমন্ত্রীর কাছ থেকে যে টাকাগুলো পাচ্ছেন সেটা ঠিকভাবে কাজে লাগানো হবে কি না, সেটা আমি জানি না তবে যে টাকা আপনি বিদেশিদের কাছ থেকে পাচ্ছেন সেটাকে কাজে লাগান। এই বলে বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থনে বক্তব্য রেখে আমার কথা শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, পূর্ত (সড়ক) এবং (নির্মাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় যে বাজেট এখানে উপস্থিত করেছেন তাকে আমি আন্তরিকভাবে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী মহাশয়ের সিন্সিয়ার কনফেশনের জন্য আমি তাকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। তিনি পরিষ্কার ভাষায় বলেছেন, 'আমি অর্থ পাইনি, কাজ করতে পারিনি।' এটা তিনি অকপটে স্বীকার করেছেন। এই বুকের পাটা সকলের থাকে না। কিছুক্ষণ আগে সুদীপবাবু বক্তৃতা করতে গিয়ে—মুখ্যমন্ত্রীর ঘরের জন্য কত টাকা খরচ হয়েছে, ইত্যাদি অপ্রাসঙ্গিক কথা বললেন। আমরা যদি সিদ্ধার্থ শংকর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তাঁর ঘরের জন্য কত টাকা খরচ হয়েছিল ইত্যাদি বলি তাহলে ওঁরা কিন্তু রেগে যান। যাই হোক ঐকথা এখানে বলাটা কোন রুচিবোধের পরিচয় নয়। মুখ্যমন্ত্রীর বসবাসের সুখ-সুবিধার জন্য কত খরচ হয়েছে, এই প্রশ্ন উত্থাপন অত্যন্ত নিচ চিন্তা ভাবনারই পরিচয় বলে আমি মনে করি। ভারতবর্ষের প্রধান মন্ত্রীর জন্য কত টাকা খরচ হচ্ছে তা কিন্তু বামফ্রন্ট মানুষরা কখনোই জিজ্ঞাসা করেন না।

এই অভাব অনটনের মধ্যেও মাননীয় মন্ত্রী মহাশয় মালদায় আলাল ব্রিজ চালু করেছেন। এর জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। সঙ্গে সঙ্গে আমি তাঁকে একথাও স্মরণ করিয়ে দিচ্ছি যে, তিনি বলেছিলেন ওখানে রাস্তা চওড়া করা হবে, কিন্তু এখনো হ'ল না। যখন ওখানে ব্রিজ ছিল না তখন ঐ রাস্তা দিয়ে যত গাড়ি যাতায়াত করত বর্তমানে তার চেয়ে দশগুণ বেশি গাড়ি যাতায়াত করছে। রাস্তাটা খানিকটা চওড়া করা হয়েছে, সবটা হয়নি। সেটা হওয়া দরকার। আমি তাঁকে দোষ দিচ্ছি না। রাজ্যে তাঁর দায়িত্বে ২২ হাজার কিলোমিটার রাস্তা আছে। ওঁদের মতই তাঁর ২৫% রাস্তা অবিলম্বে মেরামত করা দরকার। আর পি. ডাবলু. ডি. (রোড-এর মধ্যে ১২,০০০ কিলোমিটার রাস্তা আছে। তাঁদের নিজস্ব রাস্তা মেরামত করতেই ২৪০ কোটি টাকা দরকার। অথচ মাননীয় মন্ত্রী মহাশয় এই বাজেটের মধ্যে দিয়ে পাচ্ছেন মাত্র ৩৩ কোটি টাকা। তা উনি কি করবেন! উনি অসহায়, অপারক।

আমাদের অভাব আছে। কিন্তু আমাদের দেখতে হবে যে, আমরা আজকের দিনে কোনও জিনিসটাকে সব চেয়ে বেশি গুরুত্ব দিয়ে দেখব? সবার আগে আমাদের রাস্তা এবং ইরিগেশনের বাঁধগুলিকে রক্ষা করতে হবে। আজকে দেশের আর্থিক উন্নতি এবং সামগ্রিক উন্নতি মূলত রাস্তার ওপর নির্ভর করছে। এই সত্যটা আজকে ঠিকমতো বিবেচিত হচ্ছে কিনা জানি না! বিধায়ক হিসাবে গ্রামে গেলে বর্তমানে আর লোকে বলেনা, জি. আর. দিন, মাইলো দিন। বলে—রাস্তা মেরামত করে দিন, রাস্তা পাকা করে দিন, পীচ্ করে দিন। তারা এখন প্রতিদিন এই দাবি জানাচ্ছে। আজকে দেশের মানুষ চাইছে রাস্তা, রাস্তা মেরামত না করা হলে তাদের কাছে আমাদের জবাব দেবার কিছুই থাকছে না। আমি ইতিমধ্যে বলেই এসেছি—যদি রাস্তা না হয় তাহলে সামনের বার আমি নির্বাচনে দাঁড়াব না। একথা আমি বলতে বাধ্য হয়েছি।

আমাদের আগেকার সব রাস্তা—যা এখনো চলছে—৮ ফুট চওড়া। সেই রাস্তার ওপর দিয়ে ১২ ফুট লরি যাচ্ছে। ফলে চাকা আর রাস্তার ওপর থাকছে না, রাস্তার বাইরের মাটি ভেঙে চলে যাচ্ছে। রাস্তা ভার সহ্য করতে পারছে না, রাস্তা ভেঙে যাচ্ছে। এই অবস্থায় কেবল মন্ত্রীকে দোষ দিয়ে লাভ নেই। তিনি টাকা না পেলে কি করবেন!

আজকে সবচেয়ে বড় কথা, আমাদের সুযোগ্য স্পিকার মহাশয় সাবজেক্ট কমিটি করে দিয়েছেন। আমি একটা সাবজেক্ট কমিটির চেয়ারম্যান। আমি এখন পর্যন্ত কোনও রিপোর্ট দিতে পারি নি। কিন্তু পি. ডব্লু. ডি.-র সাবজেক্ট কমিটি এবং তার চেয়ারম্যান ইতিমধ্যে তিন তিনটে রিপোর্ট এই বিধানসভায় পেশ করেছেন। অথচ সরকারের অর্থ বিভাগ সেই রিপোর্ট পড়ে দেখেছেন কিনা আমরা জানি না বা পড়ে থাকলেও গুরুত্ব দিয়েছেন বলে মনে হচ্ছে না। রিপোর্টে তাঁরা বলেছেন—বছরের প্রথম তিন মাস ৩০%, তারপরে তিন মাস ৩০% এবং শেষ ৬ মাস বাকি ৪০% বাজেটের টাকা যেন অর্থ বিভাগ থেকে পূর্ত বিভাগকে দেওয়া হয়। এ বিষয়ে এখনো কিছুই হ'ল না। এখনো বছরের শেষে সমস্ত টাকা ছাড়া হচ্ছে।

[3-00 — 3-10 p.m.]

এবারে যে লাস্ট রিপোর্ট দিয়েছেন তাতে সাবজেক্ট কমিটি লিখেছেন It is also evident from the discussion with the high officials of the Construction Board, a wing of the Public Works Department and records supplied by them that Rs. 645.17 lakhs could not be utilised and spend due to late release of fund. এখানে ৬৫৪ কোটি টাকা খরচ করা গেল না, অথচ এত প্রয়োজন ছিল। সুতরাং এটা অর্থ বিভাগকে ভাবতে হবে এবং বলতে হবে। দ্বিতীয় কথা, অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার ৩ বছর চলে গেল, কিন্তু বাজেট বক্তৃতার কোথাও দেখতে পেলাম না অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় জেলাগুলি থেকে যে রাস্তাগুলির রেকমেন্ড করা হয়েছে তার সার্ভে করা হবে কিনা, ল্যাণ্ড অ্যাকুইজিশনের কোনও নোটিশ দেওয়া হবে কিনা যাতে নবম পঞ্চবার্ষিক পরিকল্পনায় রাস্তাগুলি হতে পারে। এখানে কংগ্রেসের একজন সদস্য বলছিলেন, মহারাষ্ট্র সরকার নাকি কিছু রাস্তা প্রাইভেট পার্টিকে দিয়ে করাচ্ছে। আমাদের অর্থের সামর্থ নেই, অথচ এলাকার লোকজন রাস্তাঘাট চাচ্ছেন। এইরকম ক্ষেত্রে প্রাইভেট পার্টিকে দিয়ে

...ত করানো যায়। যারা ইউজারস তারা লিখে দেবে যে আমরা ট্যাক্স দেব, আমরা মেরামত ...বে। জেলা-পরিষদকে দিন, তারা প্রাইভেট পার্টিকে দিয়ে করিয়ে নেবে এবং ঐ রাস্তা দিয়ে ...তে গেলে তারা পয়সা দেবে, এমনকি সাইকেল নিয়ে গেলে পয়সা দেবে। পয়সা দিতে ...রা রাজি আছে, কিন্তু তারা চায় রাস্তা হোক, মেরামত হোক। আমাদের ওখানে বাঁধের ...র রাস্তা ছিল, সেই রাস্তা আপনিও নিতে পারছেন না আর ইরিগেশন ডিপার্টমেন্টও ...মত করছে না। ওখানে বিরাট হাট আছে, ৭৩ লক্ষ লোক এর পাশ দিয়ে যায়। সেখানে ...০ বছর ধরে রাস্তা মেরামত হচ্ছে না। আমাদের দেশের লোকেরা শান্ত, তাই কিছু বলে ... প্রাইভেট পার্টিকে দিয়ে করিয়ে দিন, আমরা গ্যারান্টি দেব। এমন লোকও আছে, উই ... স্টান্ড গ্যারেন্টি ফর দি মানি, সমস্ত সম্পত্তি লিখিয়ে দেব। তৃতীয় কথা, অনেকে রাগ ...—উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের যে ফারাক তা দূর হচ্ছে না। উত্তরবঙ্গের জন্য যে টাকা ...চ করছেন, দক্ষিণবঙ্গে তার থেকে অনেক বেশি টাকা খরচ হচ্ছে। দক্ষিণেশ্বর সেতু ...মত করার জন্য ১৪৭ লক্ষ টাকা চেয়েছেন এবং আপনি ভাবছেন এর সাথে সাথে আর ...টি সেতু তৈরি করার জন্য। এখানে বিদ্যাসাগর সেতু রয়েছে, হাওড়া সেতু আছে অর্থাৎ ...টি সেতু হয়ে গেল। এবার আর একটা সেতুর কথা ভাবছেন। কিন্তু উত্তরবঙ্গে শীলতোরষা ...তু আছে। ১৯৭১ সালে বন্যায় ক্ষতিগ্রস্ত হয়ে পড়ে আছে। ৩/৪/৫ লক্ষ টাকা লাগবে, ...গুলি কিন্তু মেরামত করা হচ্ছে না, অথচ গঙ্গার উপর আর একটা সেতু তৈরি করার ... ভাবছেন যেখানে করতে গেলে চড়া পড়ে যাচ্ছে, তার উপর সেতু তৈরি করছেন। ...ত্তরবঙ্গের লোক বঞ্চিত হচ্ছে বলে তারা মনে করছে এবং সেইজন্য তারা আন্দোলনও ...রছে। এই বঞ্চনার ভাবনাটাকে দূর করতে হবে। আলিপুরদুয়ার এবং জলপাইগুড়ির রাস্তাগুলি ... রি-কনস্ট্রাকটেড হয়েছে? সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেয়নি তা আমি জানি। ছোট-ছোট ...গুলি রি-কনস্ট্রাকশন হচ্ছে না। সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দিচ্ছেন না, আপনি কী করবেন? ...বং আপনাকে ভাবতে হবে এই যে বঞ্চনার ভাবটা ফুটে উঠছে এটাকে দূর করতে হবে, ... বিচার করবেন। উত্তরবঙ্গের মালদা জেলা হচ্ছে আমার জেলা। এটা বর্ডারে অবস্থিত। ...বং এর রাস্তাগুলি মেরামতের বহু প্রয়োজন আছে। ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে কনস্ট্রাকশন ... তৈরি হয়েছিল। তারা বিশেষ কাজ করত, স্কুল বিল্ডিং করত। এখন আর তাদের ...মব কাজ নেই। কিন্তু ডিপার্টমেন্ট আছে। মাথাভারী প্রশাসনের জন্য ডিপার্টমেন্টের বহু টাকা ...চ হচ্ছে। এখন একে তুলতে গেলে আপনার বিরুদ্ধে কথা উঠবে, কারণ ডায়রেকটোরেট ... গেছে। কিন্তু তা সত্ত্বেও আপনাকে চেষ্টা করতে হবে কি করে অ্যামালগামেট করা যায়। ...রেরা অনেক কষ্টে অ্যামালগামেট করেছেন। এরজন্য হাইকোর্টে কেস হয়েছে। কিন্তু এটা ...ব ক্ষেত্রে আপনাকে ভাবতে হবে।

আমাদের মাথাভারী প্রশাসন কমাতে হবে। আপনার যে টাকা আপনি পাচ্ছেন ...পারেশনেটেলি সেই টাকা কি ইউটিলাইজ হচ্ছে? আপনার ইনফ্রাস্ট্রাকচার আছে, অনেক ... কাজ করতে পারবেন, টাকা যখন পাচ্ছেন না এইগুলি কমাতে হবে। ভাবতে হবে। ... গ্রামে গিয়ে দেখেছি, আগে গ্রামের রাস্তা মেরামতের জন্য লোক থাকত, এখন থাকে ... আপনার উপরের অফিসারের তো কিছু কমতি নেই। দ্বিতীয় কথা এখন রোড খালাসির ...পয়েন্টমেন্ট হয় না। একটা কথা সবিনয়ে নিবেদন করছি, এনক্রোচমেন্ট, এর মালিককে

আমি নিজের টাকা খরচ করে টেলিগ্রাম আপনার দপ্তরে করেছি, আপনাকে দেখাব, আপনার রাস্তা ঘিরে বেগুনের ক্ষেত হয়েছে। আপনি অধিষ্ঠিত হবার পর আপনাকে মিনতি করে বলেছিলাম আপনি আমার এলাকায় চলুন, রাস্তা মেরামতের কথা বলব না আপনি শুধু দেখে আসুন যে আপনার অফিসারের গাফিলতিতে বছর বছর রাস্তা বেহাত হয়ে যাচ্ছে ওদের তুলতে গেলে পরে খুবই অসুবিধার মধ্যে পড়তে হবে। আপনি মন্ত্রী হবার পর আপনাকে দরখাস্ত দিয়েছিলাম একটা লম্বা রিপোর্ট। মুসলমানরা জমি কিনছে ওখানে, করছে বি.জে.পি.'র কিছু লোক মন্দির করে রেখে দিয়েছে। ওখানকার ইঞ্জিনিয়াররা দিচ্ছে, কাজ হয় না, কেন হয় না? আপনি বলেছিলেন সার্ভে হবে, কিন্তু হল না? কেন হল না? দায়িত্ব আরোপ করতে হবে। রাস্তা হওয়ার সঙ্গে সঙ্গে আপনার পি. ডব্লিউ. ডি.-র লোক রাস্তায় বাড়ি করে বসে আছেন, একটা বাড়ি করা দেখেই সেখানে ১০টা বাড়ি হয়ে গেছে কেউ তুলতে পারছে না, এই বিষয়টা একটু দেখবেন। দ্বিতীয় কথা হল দেগঙ্গা থেকে বেলিয়াঘাটা একমাত্র বারাসাত লিংক রোড মেরামত হচ্ছে না, ফলে যাতায়াতের অসুবিধা হচ্ছে, যে কোনও মুহূর্তে অ্যাকসিডেন্ট হতে পারে। সেটা কেউ দেখছে না। পুরুলিয়ার ১৯৯১ সালের বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে, ঝালদা বেগুনপোতা ব্রীজ ১৯৪১ সালে ভেঙ্গে গিয়েছিল মেরামত হচ্ছে না। একটা কথা বলছি, কতকগুলি থানা আমার এলাকায় ১৯৬০ সালে হয়েছিল, এখন পি. ডবলিউ. ডি. বলছে ও থানা আমার এলাকায় নয়, অন্য থানার পুলিশ বলছে পি. ডবলিউ. ডি. করবে, ঝরঝর করে জল পড়ছে, সমস্ত কাগজ ভেসে যাচ্ছে হাসপাতালের বাড়িগুলি তৈরি করছে না, তারপর রাস্তার পাশের আমের গাছগুলি কেটে নিয়ে যাচ্ছে। ভি. আই. পি. রোড রাস্তার পাশে এনক্রোচ করছেন মালদাতে ঘটছে, এগুলির দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করে আমরা বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয় আজকে যে বরাদ্দের বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের মাননীয় সদস্যদের আনীত কাটমোশন সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমার কথা হচ্ছে দেশের অগ্রগতি যার উপর নির্ভর করে তার নাম রাস্তা।

পি. ডব্লউ. ডির প্রধান কাজ হল রাস্তা তৈরি এবং তার রক্ষণাবেক্ষণ করা। এছাড়া তাদের বিল্ডিং নির্মাণ, ব্রিজ নির্মাণ প্রভৃতি বিভিন্ন উইং-এর কাজ আছে। মাননীয় মন্ত্রী বলেছেন যে, ৬০ হাজার কিলোমিটার নতুন রাস্তা তাঁরা পশ্চিমবঙ্গে তৈরি করবেন। কিন্তু আমার বক্তব্য হল, যেভাবে এই দপ্তর চলছে তাতে নতুন রাস্তা তৈরি হওয়া তো দূরের কথা, যে রাস্তাগুলি আছে সেগুলোও দীর্ঘদিন ধরে ব্যবহারের অনুপযোগী হয়ে রয়েছে এরমধ্যে ন্যাশনাল হাইওয়ের কোনও কোনওটা রিপেয়ার করা হলেও স্টেট হাইওয়েগুলোর মেন্টেনেন্স হচ্ছে না এবং তারফলে মানুষকে চরম সঙ্কটের মধ্যে দিন কাটাতে হচ্ছে। রাস্তাকে কেন্দ্র করে যে সমস্যা সেটা প্রতিনিয়ত বাড়ছে। এখানে নতুন রাস্তা নির্মাণের কথা মন্ত্রী মহাশয়, বলেছেন, কিন্তু আমরা দেখছি, অষ্টম পরিকল্পনার কয়েকটি বছর চলে যাবার পর চতুর্থ এবং পঞ্চম পরিকল্পনার অনেক রাস্তা আজও হয়নি। কাজেই দেখা যাচ্ছে, এগুলো পরিকল্পনা অনুসারে কাজ হচ্ছে না। আমরা এও দেখেছি, ১০-১৫ কিলোমিটার একটি রাস্তার কাজ শুরু হল এবং এক কিলোমিটার রাস্তাও তৈরি হল, কিন্তু তারপর ২-৩ বছর ধরে

...র কিছুই হল না। এরপর ৩-৪ বছর পর যখন আবার পরবর্তী অংশের কাজ শুরু হল ...নে দেখা গেল আগের তৈরি এক কিলোমিটার রাস্তা খারাপ হয়ে গেছে। এরজন্য পরিকল্পনার ...টি এবং মাথাভারী প্রশাসন দায়ী বলে আমি মনে করি। বর্তমানে রাজ্য সরকার এই ...প্তরকে ঠুঁটো জগন্নাথ করে রেখেছেন। এর কারণ হল, আজকে যারা বড় বড় রাস্তাগুলির ...জ জেলা-পরিষদের মাধ্যমে শুরু করেছেন। এতে আমার কোনও আপত্তি নেই। কিন্তু প্রশ্ন ...ল, জেলা পরিষদে যখন টেকনিক্যাল মানের প্রচণ্ড অভাব তখন দক্ষতা নিয়ে ইঞ্জিনিয়ারিং ...কে শুরু করে বিভিন্ন স্তরের কর্মীরা ডিপার্টমেন্ট বসে আছেন। কিন্তু তাদের দিয়ে কাজটা ... করিয়ে জেলা পরিষদকে দিয়ে করানো হচ্ছে। ছোট শরিক দলের মন্ত্রী বলেই আপনাকে ...টো জগন্নাথ করে বসিয়ে রাখা হয়েছে। যেটুকু করার সেটাও আপনি আর্থিক কারণে করতে ...রছেন না, কিন্তু সেটা বলতে পারছেন না, কারণ আপনার পূর্বসুরী যতীন চক্রবর্তীর এটা ... কী অবস্থা হয়েছে সেটা আপনি জানেন।

আজকে রাজ্যে যে অবস্থা এসে দাঁড়িয়েছে তাতে এই দপ্তরকে পঙ্গু করে রেখে দেওয়া ...য়েছে। আর একটা কথা আমি বলতে চাই। এই দপ্তরের অধীনে চীফ ইঞ্জিনিয়ার আছেন, ...পারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার আছে এবং এক্জিকিউটিভ ইঞ্জিনিয়ার আছেন। আমরা দেখেছি যে ...দের এমন একটা সিস্টেমে কাজ হচ্ছে যে একটা দপ্তর থেকে আর একটা দপ্তরে খুব অল্প ...ময়ের মধ্যে বদলি করে দেওয়া হচ্ছে পি ডবলিউ ডি (রোড) থেকে ন্যাশনাল হাইওয়েতে ...চ্ছে, ন্যাশনাল হাইওয়ে থেকে দুর্গাপুর এক্সপ্রেস ওয়েতে যাচ্ছে, আবার দুর্গাপুর এক্সপ্রেস ...য়ে থেকে পি. ডবলিউ ডি কনস্ট্রাকশনে যাচ্ছে। এইভাবে বিভিন্ন জায়গায় তাদের বদলি করা ...চ্ছে। আমরা দেখছি যে একটা জায়গায় এসে কাজ ভালভাবে বুঝে নিতে যে সময় লাগে ...ই সময়ও দেওয়া হচ্ছে না, তার আগেই বদলি করে দেওয়া হচ্ছে। আমরা দেখেছি যে ...পুর এক্সপ্রেস ওয়েতে চিফ ইঞ্জিনিয়ার মিঃ গাঙ্গুলি এলেন ১/৪/৯২ তারিখে। তিনি ...বার চলে গেলেন ১৪/৮/৯২ তারিখে। মাত্র ৪ মাস তিনি সেখানে ছিলেন। তারপরে ... ৮/৯২ তারিখে সেখানে এ কে দাম এলেন, তিনি আবার চলে গেলেন ১২/৩/৯৩। যদি ...ও প্রমোশন হয় বা রিটায়ার হয় তাহলে সেটা আলাদা কথা। কিন্তু আমরা দেখছি যে ...জন এসে কাজ বুঝে নেবার আগেই তাকে অন্য জায়গায় বদলি করে দেওয়া হচ্ছে। ...ই এই অল্প সময়ের মধ্যে যদি এইভাবে বদলি হয় তাহলে কাজের গতি মন্থর হবেই। ...কে পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় দেখছি যে অহেতুকভাবে ট্রান্সফার করে দেওয়া হচ্ছে ... এর ফলে সমস্ত কাজ থমকে যাচ্ছে। এই ব্যাপারটাতো আপনি দেখতে পারেন, এর ... তো আর অর্থের প্রয়োজন হয়না। এই ব্যাপারে আপনার জবাবি ভাষণে আশা করি ...দের জানাবেন। আর একটা বিষয় হচ্ছে জাতীয় সড়ক। আপনি এখানে লিখেছেন, আশা ... যায় শান্তিপুর বাই পাশ-এর দ্বিতীয় পর্যায়ে কাজটির অনুমোদন কেন্দ্রীয় সরকারের কাছ ...কে খুব শীঘ্র পাওয়া যাবে।" কিন্তু আমরা জানি যে ২ কোটি ৭৪ লক্ষ টাকা ইতিমধ্যে ...দ্রীয় সরকার অনুমোদন করেছেন। ১৯৭৮ সাল থেকে ১৯৯৪ সাল পর্যন্ত কলকাতা থেকে ... বেঙ্গলের যোগাযোগের এই রাস্তাটি দেরি হলেও অনুমোদন হয়েছে। ১৯৯৭ সালের মধ্যে ...টা সমাপ্ত করার কথা বলা হয়েছে ভূতল পরিবহন দপ্তর থেকে। মন্ত্রী মহাশয়ের কাছে ... জানতে চাই যে এই কাজটি কতদিনের মধ্যে শুরু করতে পারবেন এবং শেষ করতে

কতদিন সময় লাগবে, কেন্দ্রীয় সরকার এই খাতে কত টাকা বরাদ্দ করেছেন বা ইয়ার ওয়াইজ কোনও টাকা দিচ্ছেন কিনা, বা কিভাবে দিচ্ছেন, সেটা মন্ত্রী মহাশয় নিশ্চয় আমাদের জানাবেন। আর একটা বলতে চাই। আমাদের জেলায় গৌরাঙ্গ সেতু আছে। সেই সেতুটি যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে যে কোনও সময়ে বিপদজনক অবস্থার সৃষ্টি হতে পারে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে আপনার দপ্তর এই বিষয়ে কি ভাবছেন, কোনও রকম সিদ্ধান্ত নিয়েছেন কিনা মেরামত করার জন্য? আমরা দেখছি যে রাজ্য সরকার পিয়ারলেসের কাছ থেকে সাহায্য নিতে শুরু করেছে। কিছু দিন আগে আমরা দেখেছি যে এই সরকারের আবাসন দপ্তর ৫০ হাজার ফ্ল্যাট তৈরি করছেন পিয়ারলেসের সঙ্গে যৌথ উদ্যোগে। তারপরে ক্রীড়া দপ্তরের মন্ত্রী পিয়ারলেসের সঙ্গে যৌথ উদ্যোগে কাজ করছেন। এটা যদি হয় তাহলে আপনি বসে আছেন কেন? আপনিও পিয়ারলেসের সঙ্গে যৌথ উদ্যোগে রাস্তার কাজ শুরু করুন। আমরা বিভিন্ন জায়গায় দেখছি যে রাস্তার প্রয়োজন রয়েছে। কাজেই আপনাকে বলব যে আপনি মুখ্য মন্ত্রীকে বলে ৪/৫টি জেলা বেছে নিয়ে কাজ শুরু করুন। আমরা দেখছি যে কোথাও হয়ত একটা স্কুল আছে, কোথাও হয়ত একটা হাসপাতাল আছে কিন্তু সেখানে রাস্তা না থাকার জন্য মানুষ ঠিক মত যেতে পারছে না। আজকে যেখানে রাস্তার দরকার সেখানে আপনার বাজেটে টাকা বেশি বরাদ্দ করা দরকার, সেখানে দেখা যাচ্ছে যে টাকা বরাদ্দ করা হয়েছে সেটাও ছাঁটাই করা হচ্ছে।

[3-20 — 3-30 p.m.]

আপনি পিয়ারলেসের সঙ্গে যৌথ উদ্যোগে ৪-৫টি জেলা বেছে নিয়ে কাজ শুরু করুন। আজকে পশ্চিমবাংলার রাস্তাঘাটের অবস্থা যে জায়গায় গিয়ে দাঁড়িয়েছে অন্যান্য প্রদেশের তুলনায় তা একটা বিপর্যয়ের মুখে এসে দাঁড়িয়েছে। তাই আমি এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় পশ্চিমবাংলার পূর্ত এবং সড়ক দপ্তরের মন্ত্রী যে ব্যায়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দপ্তর তার নিজের দায়-দায়িত্ব সম্পর্কে যথেষ্ট সজাগ এবং সচেতন। এই দপ্তরের দক্ষতা এবং যোগ্যতা প্রশ্নাতীত। যথেষ্ট সংবেদনশীল এবং দায়িত্বশীল হয়ে কাজকর্ম করছে। আমরা দেখতে পাচ্ছি এই দপ্তরের প্রয়োজনীয় অর্থের অভাব রয়েছে তার জন্য অনেক জরুরি কাজকর্মে হাত দেওয়া সম্ভব হচ্ছে না। অনেক কাজকর্ম বিলম্বিত হচ্ছে। তাই মন্ত্রী মহাশয় তাঁর যে বাজেট ভাষণ রেখেছেন সেই ভাষণের মধ্যে আমরা লক্ষ করেছি একটা হতাশার সুর, একটা করুণ আর্তনাদের সুর। কিন্তু প্রয়োজন থেমে থাকবে না যে কোন উপায়েই হোক এই প্রয়োজন মেটাতে হবে। আজকে এই ভাবনা কিন্তু একার পূর্ত দপ্তরের নয়, এই রাস্তাঘাটের সঙ্গে সকলের যোগ আছে, প্রতিটি মানুষের আছে। তাই সমগ্র মন্ত্রীসভাকে ভাবতে হবে এই ব্যাপারে। বর্তমান যুগ হচ্ছে গতির যুগ। আমরা চাই কত সময়ে কত দ্রুত এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে পারি। সেই অবস্থায় দাঁড়িয়ে যদি কোথাও যেতে এক ঘন্টার জায়গায় দেড় ঘণ্টা লেগে যায় তাহলে আমাদের এই গতির যুগে উল্টো দিকে হাঁটতে হবে। তাই যৌথভাবে গুরুত্ব দিয়ে সমস্ত মন্ত্রীসভাকে ভাবতে হবে কি করে যে সমস্ত ভাঙ্গাচোরা রাস্তা আছে সেইগুলিকে মেরামত করে উপযুক্ত মানের করা যায়

যাতে করে যান-বাহনের ক্ষয়ক্ষতি কম হয় এবং যাতায়াতের কম সময় লাগে। অনেকগুলি কাজ যেগুলি দীর্ঘদিন ধরে চলছে সেইগুলি যাতে সত্বর মেরামত করা যায় সেটা দেখতে হবে। এই মেরামতের কাজ যে ভাবে বিলম্বিত হচ্ছে তাতে আমরা দেখতে পাচ্ছি যে টাকায় যে কাজ হওয়ার কথা সেই টাকায় সেই কাজ হচ্ছে না, বরাদ্দের পরিমাণ অনেক বেশি বাড়াতে হচ্ছে। টাকা অনেক বেশি লেগে যাচ্ছে। জিনিসপত্রের দাম বৃদ্ধির জন্য রাস্তা তৈরি করতে যে সমস্ত মেটিরিয়াল দরকার তার দাম যেভাবে দিনের পর দিন বেড়ে চলেছে তাতে নির্মাণ এবং মেরামতের কাজের জন্য অর্থ বরাদ্দ অনেক বেশি হয়ে পড়ছে। আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন খাতে মেরামতের জন্য যে টাকা দরকার সেখানে খুব কম, ৫-১০ শতাংশ টাকা মিলছে। যার জন্য কাজগুলিকে করে ওঠা যাচ্ছে না। এখন তালি মারা এই দপ্তরের কাজ হয়ে দাঁড়াচ্ছে। উপযুক্ত মানের মেরামত হচ্ছে না, নতুন রাস্তা তৈরি করা প্রায় বন্ধ হয়ে গিয়েছে। এই যখন অবস্থা তখন আমাদের ইতিবাচক দিকের কথা ভাবতে হবে কি করে আমরা এই দপ্তরের জন্য আরো বেশি অর্থ সংস্থান করতে পারি। আমাদের ভাবতে হবে মোটর ভেইকেল রেভিনিউ যেটা দেওয়া হয় তার পরিমাণ আমরা বৃদ্ধি করতে পারি কিনা। কারণ রাস্তাঘাট খারাপ থাকার জন্য যানবাহনের ক্ষতি হচ্ছে বেশি। রাস্তা যদি উপযুক্ত মানের হয় তাহলে যানবাহনের যন্ত্রপাতির ক্ষয় ক্ষতি কম হবে। আখেরে ওদেরই লাভ হবে বেশি। তাই রোড ট্যাক্স-এর পরিমাণ যাতে বৃদ্ধি করতে পারি সেটা এখন আমরা বিবেচনা করে দেখতে পারি।

আজকে বেশ কিছু জেলাতে আমরা দেখছি যে দীর্ঘদিন ধরে যে সমস্ত রাস্তা নতুন করে করা দরকার, ব্লাক টপ করা দরকার, ছোটখাট যে সমস্ত সেতু গড়ে তোলা দরকার, সেগুলো টাকার অভাবে হাত দেওয়া সম্ভব হচ্ছে না, ডাইনে আনতে বাঁয়ে কুলোচ্ছে না। এইভাবে যদি একটি দপ্তর চলে তাহলে সেটা সামগ্রিকভাবে অর্থনীতিরই ক্ষতি করবে। আজ যখন আমরা ভাবছি নতুন নতুন শিল্প কল-কারখানার কথা, দেশি-বিদেশি শিল্পপতিদের এখানে পুঁজি বিনিয়োগ করার জন্য আহ্বান জানাচ্ছি নতুন নতুন ইণ্ডাস্ট্রী করার জন্য, তখন তারা এসে যদি আমাদের রাজ্যে এসে রাস্তাঘাটের এই হাল দেখে, তখন স্বাভাবিকভাবেই তাঁরা বিমুখ হয়ে যাবেন। তাঁরা আগ্রহ দেখাবে না। যে কোনও একটি দেশের উন্নয়নের মানদণ্ড হিসাবে দেশের রাস্তাঘাটের অবস্থার কথা তুলে ধরা হয়। এটা অস্বীকার করার উপায় নেই, আমরা যাঁরা জনপ্রতিনিধি, আমাদের প্রথমেই যে কথাটা প্রথমে মনে আসে তা হচ্ছে যোগাযোগ ব্যবস্থা, রাস্তাঘাটের দাবি, স্বাস্থ্যকেন্দ্রের দাবি, শিক্ষাকেন্দ্রের দাবি, এই মূল বিষয়গুলিকে বারেবারে আমরা বিধানসভা কক্ষে তুলে ধরি। কিন্তু আমরা যে উত্তর পাই তাতে বেশিরভাগ ক্ষেত্রেই নেতিবাচক উত্তর পাই, টাকার সংস্থান নেই। যারজন্য সেই সমস্ত কাজে হাত দেওয়া হচ্ছে না, হাত দেওয়া সম্ভব হচ্ছে না। মানুষের ধৈর্যের একটা সীমা আছে, ক্রমশ তা ছাড়িয়ে যাচ্ছে। আমরা দেখছি যে প্রতিটি জেলাতে, বাঁকুড়া জেলাতে এইরকম কতকগুলি গুরুত্বপূর্ণ রাস্তা আছে, সেগুলি উপযুক্ত মানের নয়। সেই সমস্ত রাস্তায় যে সমস্ত ট্রাফিক যানবাহন চলে, সেই অনুযায়ী রাস্তার মান যা হওয়া দরকার, যে স্পেসিফিকেশনের হওয়া দরকার তা সেখানে নেই। অসংখ্য যানবাহন চলাচল করে। সেখানে রাস্তা ওয়াইডেনিংয়ের কাজ শুরু হয়েছে, তবে কবে যে তা শেষ হবে জানি না। বাঁকুড়া থেকে বিষ্ণুপুর, পুরুলিয়ার যে সমস্ত রাস্তায় যানবাহন বেশি

বেশি করে চলে সেই সমস্ত রাস্তাগুলোকে ওয়াইডেনিং করতে হবে। বাঁকুড়া, বিষ্ণুপুর রাস্তায় সেই রকমের কাজ চলছে। কিন্তু তা সেই রকম মানের নয়। বাঁকুড়া, পুরুলিয়ার ঐ রাস্তায় কয়লা বোঝাই লরি, ট্রাক ১৫-২০ টন মাল বোঝাই করে চলাচল করে। যে রাস্তা ঐ মানের নয়, সেখানে দিয়ে যদি ঐভাবে লরিগুলো যায়—যেগুলো ৯-১০ টনের উপযোগী—তাহলে স্বাভাবিকভাবেই রাস্তাগুলো নষ্ট হয়ে যাবে। সেগুলো থরো রিপেয়ারিংয়ের কাজ বেশ কিছুদিন চলার পর বন্ধ হয়ে আছে। কারণ থরো রিপেয়ারিং করার ক্ষমতা পূর্ত দপ্তরের নেই। বিশেষ জায়গা থেকে এক, দুই, তিন কিলোমিটার করে এই কাজ করা হচ্ছে। এইভাবে অনেকটা এগিয়ে যাবার পর দেখা যায় যে পূর্বে যেখানে রিপেয়ারিং করা হয়েছিল সেগুলো আবার খারাপ হয়ে গেছে। সেজন্য এই দপ্তরের কাজের উপরে সতর্ক দৃষ্টি রাখার জন্য একটি ভিজিলেন্স সেল খোলার দরকার আছে। বিভিন্ন জায়গায় দেখা যায় যে রাস্তা জবরদখল হয়ে যাচ্ছে, হঠাৎ করে রাস্তার উপরে গুমটি বসে যাচ্ছে, রাস্তা অবরোধ হচ্ছে এবং যানবাহন চলাচল বন্ধ হয়ে যাচ্ছে, যানজট হচ্ছে, দুর্ঘটনা ঘটছে। তা সত্ত্বেও কোনও প্রতিকার হচ্ছে না। আমি তাই প্রস্তাব রাখছি যে পূর্ত দপ্তরের অধীনে একটি সেল খোলা হোক যারা রাস্তা জবরদখল হলে সঙ্গে সঙ্গে কর্তা-ব্যক্তিদের নজরে আনবে যাতে তাদের সেখান থেকে উঠিয়ে দেওয়া যায়। সঙ্গে সঙ্গে করলে কাজটি যত সহজে করা যায়, দীর্ঘদিন যদি তারা বসে থাকে তাহলে সেখান থেকে তাদের উচ্ছেদ করা কঠিন হয়ে পড়ে।

[3-30 — 3-40 p.m.]

এই অবস্থার প্রতি একটু নজর দেওয়া উচিত এবং এর একটা পরিকাঠামো গড়ে তোলার প্রয়োজন। অনেক সময়ে দেখি যে রাস্তার খুব ধারে ঘরবাড়ি গড়ে উঠছে। মানুষ যেভাবে ঘরমুখি হচ্ছে, গঞ্জনমুখি হচ্ছে তাতে কোনও রকম নিয়মকানুন না মেনেই একটার পর একটা বাড়ি গড়ে তুলছে। ফলে রাস্তাগুলো জল নালাতে পরিণত হচ্ছে। রাস্তার উপর দিয়ে জল ছুটে যাচ্ছে, বেরুবার রাস্তা খুঁজে পাচ্ছে না। এর ফলে যানবাহন চলাচলের বিরাট অসুবিধা হচ্ছে। সুতরাং রাস্তাকে অক্ষুন্ন রাখার জন্য, জলমুক্ত রাখার জন্যে ড্রেনেজ না করে কোনও উপায় নেই। অনেক সময়ে জলা-জমিতে রাস্তা বসিয়ে দিচ্ছে যারজন্য চলাচলের অসুবিধা হচ্ছে। সেই কারণে জমা জল বার করবার জন্যে যে কোনও জায়গায় বাড়ি করলে হবে না। জল যাতে যাওয়ার পথে বাধাপ্রাপ্ত না হয় সেই দিকটা দেখতে হবে। তারপরে বহু সময়ে দেখা যায় যে রাস্তার ধারে এনক্রোচমেন্টে ভরে গেছে। যে কেউ এসে রাস্তা আটকে দোকানপাট বা ঘর করে নিল, তা যাতে না হয় সেই দিকটা দেখতে হবে। সবচেয়ে বড় কথা হচ্ছে আমাদের আর্থিক সঙ্গতি খুবই কম, সুতরাং আমাদের অগ্রাধিকারের ভিত্তিতে সব কাজ করতে হবে। যেটি আগে প্রয়োজন সেই কাজটা আগে করতে হবে, এইভাবে করলে কাজের অগ্রগতি হবে, এই কথা বলে বাজেট-বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় পূর্তবিভাগের যে মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। আমার পূর্ববর্তী বক্তা যে বক্তব্য রাখলেন তাতে শুধু রাস্তাঘাট ভেঙ্গে গেছে, কোথাও কোনও উন্নতি নেই তাই শুনলাম

াষকালে শুধু সমর্থন করতে হয় তাই বাজেটের সমর্থন করে বক্তব্য শেষ করলেন। আমাদের ন্ত্রী এই বাজেট বইতে মাঝে মাঝেই কৃতিত্বের দাবি করেছেন। অনেকগুলো কলমে পূর্ত দপ্তর ড়ক এবং পূর্ত নির্মাণ পর্ষদ কি কি কাজ করেছেন সেটা নিয়ে ব্যাখ্যা করে বলেছেন। এই জেটের বরাদ্দ আমার মনে হয় আরও বেশি করে বাড়ানো দরকার। আজকে কি শহর কি জলা সর্বত্র বেহাল অবস্থা, আপনাদের দলের লোকেরাই এই রাস্তাঘাটের দুরবস্থা কথা বর্ণনা রেছেন এবং সত্যিকথা বলতে গেলে এই বাজেটের বিরোধিতা করলেন। এমন কি মাননীয় খ্যমন্ত্রী পর্যন্ত ১৯৯১ সালে এই দপ্তরের সম্পর্কে কটুক্তি করেছিলেন। আমার যা মনে হয় াননীয় মন্ত্রীর টাকার অভাবে কোনও কাজ করতে পারছেন না। কয়েকদিন আগে আমি ক্তিগত ভাবে কয়েকটি জায়গায় গিয়েছিলাম, আমি নিজের চোখে সেখানকার রাস্তাঘাটের যে ল দেখলাম তাতে দুঃখ লাগল। আপনারা তো একটাই কথা বলবেন যে কেন্দ্রীয় সরকার কা দিচ্ছে না। কিন্তু যে টাকা পাচ্ছেন তা দিয়ে কেন রাস্তা সারানো হচ্ছে না, একটা রাস্তাও ল অবস্থাতে নেই।

আর কেন্দ্র টাকা দিচ্ছে না বলে আমরা ঠিকমতো কাজ করতে পারছি না, আজকে খানে বিরোধিতা করছি এই জন্য, আমি কিছু সাজেশন দিচ্ছি, আমি গতবারে যেটা বলেছিলাম খানে দেখতে পাচ্ছি পশ্চিমবঙ্গে এই মুহূর্তে বর্ষা শুরু হচ্ছে, বর্ষা শুরু হওয়ার সঙ্গে সঙ্গে ন্ট্রাক্টররা কাজ করছে এখন। সরকারও খরচ করছেন, কন্ট্রাক্টাররা টাকা নিচ্ছে, রাস্তায় পিচ চ্ছে, পাথর পড়ছে আবার সেইগুলি ভেঙে নষ্ট হয়ে যাচ্ছে, টোটাল গেট আপটা ভালভাবে বি হচ্ছে না। আমরা কয়েকদিন আগে একটি রাজ্যে গিয়েছিলাম ব্যাঙ্গালোরে, সেখানে খলাম অত্যাধুনিক মেশিন দিয়ে কাজ হচ্ছে। মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ বোম্বে, দিল্লি, ঙ্গালোরের মতো রাজ্যে সেখানে যে ভাবে মডার্ন মেশিন দিয়ে কাজ করা হচ্ছে, যদিও খানে আর্থিক সঙ্গতি কম, তবুও তারই মধ্যে যে প্যাচওয়ার্কগুলি হচ্ছে সেইগুলি যদি বর্ষার গে হত তাহলে কিছু সুফল পাওয়া যেত। ন্যাশনাল হাইওয়ের ব্যাপারে যেখানে পশ্চিমবঙ্গ কার যে পরিমাণ টাকা ডিমান্ড করেছিলেন সেটা পুরোপুরি পাওয়া যায়নি। সেইজন্য াকে বলতে হবে যে টাকা আমরা দাবি করছি সরকারের কাছ থেকে যেমন গতবারে ীয় স্বার্থে রক্ষণাবেক্ষণের জন্য মোট যে টাকা চাওয়া হয়েছিল তার অর্দ্ধেক টাকাও পাওয়া নি। সেই জন্য সেখানে যাতে টাকা পাওয়া যায় তার জন্য মাননীয় মন্ত্রীকে উদ্যোগ নিতে ে। সেতুর কাজ হয়ে গেছে বলেছিলেন, সোদপুরে উড়ালপুলের কাজ শেষ হয়েছে বলেছেন, ন্তু কাজটা শেষ হয়নি। আবার দেখছি পূর্ত দপ্তর-এর বারবার আপত্তি সত্ত্বেও ফ্লাই ভারের তলার স্টলগুলি বিক্রি হচ্ছে, এইগুলি বন্ধ হওয়া দরকার। ঐটা উদ্বোধন হওয়ার র পূর্ত দপ্তর যাদেরকে দেবেন তখন তারা সেইগুলি নেবেন। আবার দেখছি কেন্দ্রীয় সরকার্যেক এম. পি.-কে ১ কোটি টাকা করে দিচ্ছেন নিজস্ব এলাকাকে ডেভেলপ করার জন্য। রালে দেখেছিলাম তারা ৫ লক্ষ টাকা করে দিচ্ছেন একটা টার্মে তারা ২৫ লক্ষ টাকা করে বেন, ফ্রম পূর্ত দপ্তর। তারা ওখানে যে কমিটি করেছেন সেই কমিটির নাম দিয়েছে পি. ডব্লিউ. ডি. রোডস এবং ট্রান্সপোর্ট কমিটি, তারা পরিবহন এবং পূর্ত দপ্তরকে একসঙ্গে করে য়েছেন। সেখানে প্রত্যেক বিধায়ককে বলা হচ্ছে আপনারা ২৫ লক্ষ টাকা খরচ করতে রেন নিজস্ব এলাকার বিভিন্ন রাস্তার উন্নয়নের জন্য। মাননীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাব

আমাদের ওখানে রাস্তা হওয়ার ব্যাপারে, যদিও সেটা বইয়ের মধ্যে ইনক্লুড করা হয়নি অর্থের অভাব থাকা সত্ত্বেও তিনি বলেছেন সেটার কাজ আমরা শুরু করব, আশা করব সেটার কাজ শেষ হবে। সেইজন্য বলব সড়ক ব্যাপারটা যেহেতু আমাদের দৈনন্দিন জীবনের সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত, সেইটার ব্যাপারে তাই আলোচনা করতে গিয়ে আমি বলব বিরোধিতা থাকা সত্ত্বেও মাননীয় মন্ত্রী যে আর্থিক অবস্থার মধ্যে দিয়ে কাজ করতে চাচ্ছেন সেই টাকা অর্থ দপ্তরের কৌলিন্যে তিনি পাচ্ছেন না। সেইজন্য কাজ শেষ করার ইচ্ছা থাকলেও অর্থমন্ত্রীকে বলব এই বাজেটে আরও টাকা বরাদ্দ করা উচিত। আজকে দৈনন্দিন জীবনে মানুষ যাতে অসুবিধার মধ্যে না পড়ে, সুস্থভাবে চলাচল করতে পারে সেইজন্য শুধু রাস্তাঘাট নয়, অনেক বাড়ি ভেঙে পড়ছে, দমদম সেন্ট্রাল জেল আলিপুর সেন্ট্রাল জেল এর বিল্ডিংগুলি ভেঙে পড়ছে, সেখানে কয়েদিরা যাতে ভালভাবে থাকতে পারে তার ব্যাপারেও নজর দেওয়া দরকার। এই বাজেটে আরও টাকা বরাদ্দ করা দরকার, সেইজন্য এই বাজেটের বিরোধিতা করে আমাদের কাটমোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ২৫ নম্বর ও ৭৯ নম্বর দাবির অধীনে যে ব্যয়-বরাদ্দ মাননীয় মন্ত্রী মহাশয় এখানে পেশ করেছেন তাকে সমর্থন করছি। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় অনেক নতুন নতুন রাস্তা তৈরির কথা বলেছেন এবং আগামী দিনে অনেক নতুন নতুন পরিকল্পনা গ্রহণ করতে চলেছেন। আমাদের মেদিনীপুর জেলায় এবারে বন্যার পরে আপনার পূর্ত দপ্তর থেকে ২৭ কোটি টাকা দেবেন বলেছিলেন রাস্তাঘাট পুনর্নির্মাণ করবার জন্য। কিন্তু তারপর আমরা শুনতে পেলাম জেলা পরিষদের কাছে মাত্র চার কোটি টাকা গিয়ে পৌঁছেছে। এই যদি আপনার অবস্থা হয় তাহলে আপনার দপ্তর কি করে চলবে, রাস্তাঘাট কি করে চলবে। ফলে বেশিরভাগ রাস্তার অবস্থা বেহাল হয়ে যাচ্ছে শুধু রাস্তাঘাট তৈরি করলেই হবেনা, তার মেইনটেনেন্সেরও ব্যবস্থা করতে হবে। যদি সেটার ব্যবস্থা না করা যায় তাহলে রাস্তাগুলো নষ্ট হয়ে যাবে। ফলে এটাই একটা বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। আমার বিধানসভা কেন্দ্রে একটা জায়গায় ১৮ কিলোমিটার রাস্তায় বেশিরভাগ জায়গায় অবস্থা খারাপ, একটু বৃষ্টি হলেই সেখানে জল জমে যায়। বাসে কয়েক কিলোমিটার যাবার পরই লোকদেরকে বাস থেকে নামিয়ে দেওয়া হয়, তাঁদেরকে হেঁটে যেতে হয়। ওখানে মহম্মদপুরে একটা স্বাস্থ্যকেন্দ্রে ১০টি বেড আছে ঐ স্বাস্থ্যকেন্দ্রটিতে মহিলাদের প্রসূতিবও ব্যবস্থা ছিল। কিন্তু হাসপাতালটি ভেঙ্গে এমন অবস্থায় গিয়ে পৌঁছেছে যে সেই হাসপাতাল বন্ধ করে দিতে হয়েছে। সেই হাসপাতালটি রিপেয়ারিং-এর কোনও ব্যবস্থা আপনার দপ্তর থেকে করা হয়নি। এই যদি অবস্থা হয় তাহলে হাসপাতালগুলো চলবে কি করে তা আমি বুঝতে পারছি না। এইজন্য দীর্ঘমেয়াদি পরিকল্পনা করা দরকার এবং সেই পরিকল্পনার মধ্যে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা যাতে করা যায় সেইজন্য আপনার কাছে কয়েকটি প্রস্তাব দিতে চাই। বিভিন্ন দপ্তরে যে ভর্তুকি দেওয়া সেই ভর্তুকির টাকাটা এই পূর্ত দপ্তরকে দেওয়া হোক। এটা নিয়ে আলাপ-আলোচনা করা হোক। আমাদের শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর সঙ্গে বসেও এই ব্যাপারে আলোচনা করা হোক। ন্যাশনাল হাইওয়েগুলোর পাশে দোকান বসে গেলে একটা বিপদজ্জনক অবস্থা তৈরি হয়। এইজন্য এই দপ্তরকে সেদিকে নজর দিতে হবে। আমার কেন্দ্রের কয়েকটি

ব্যাপারে আমি লিখিতভাবে প্রতিবাদ করেছি, কিন্তু এই ব্যাপারে কিছু হয়নি। জনপ্রতিনিধি হিসাবে আমাদের নানা ধরনের সমস্যার মোকাবিলা করতে হচ্ছে, আমাদের নানান ধরনের সমস্যায় পড়তে হচ্ছে। রাস্তাঘাট একোয়ার করে থাকলে, বসে থাকলে সেই ব্যাপারে আইনানুগ ব্যবস্থা আপনি গ্রহণ করুন এবং আইনমন্ত্রী এখানে আছেন তার সঙ্গে বসে এই ব্যাপারে আলাপ-আলোচনা করুন। নন্দীগ্রাম থেকে মালতলা পর্য্যন্ত একটা রোড হওয়ার কথা ছিল কিন্তু সেই রোডটি এখনও হয়নি, সেইরকম অবস্থাতেই পড়ে আছে।

দিঘার রাস্তাটিও অবিলম্বে চওড়া করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে পশ্চিমবঙ্গের পর্যটনের মানচিত্রে দিঘা হচ্ছে অন্যতম ব্যস্ত পর্যটন কেন্দ্র। কলকাতা এবং পশ্চিমবঙ্গ ও পশ্চিমবঙ্গের বাইরে থেকে অসংখ্য পর্যটক দিঘাতে যান ভ্রমণ করতে তাদের পরিবার পরিজন নিয়ে। এই দিঘার রাস্তাটি অবিলম্বে চওড়া না করলে মানুষের অসুবিধা হচ্ছে। কাজেই দিঘার রাস্তাটি যাতে অবিলম্বে চওড়া করা যায় সেটা আপনি দেখুন। এগরা, ভগবানপুর রাস্তাটির একেবারে বেহাল অবস্থা। দিঘার গুরুত্বপূর্ণ রাস্তাটি জাতীয় সড়ক হিসাবে বিবেচনা করছেন কাজেই অবিলম্বে এটা চওড়া করার ব্যবস্থা করুন। যাইহোক, এসব সত্ত্বেও আপনি পশ্চিমবঙ্গের রাস্তাঘাটের উন্নয়ন ও সম্প্রসারণের যে পরিকল্পনা নিয়েছেন তারজন্য আপনার বাজেটকে সমর্থন করে এবং বিরোধীদের কাটমোশনের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী শিবদাস মুখার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয় তার দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাটমোশনগুলির প্রতি সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বইতে অনেক কথা বলেছেন কিন্তু একটি কথা বলেন নি সেটি হচ্ছে পশ্চিমবঙ্গে ওয়েব্রিজ নেই। পশ্চিমবঙ্গের বাইরে থেকে মাল পরিবহনকারি যেসব বিশাল বিশাল ট্রাক আসে এই ওয়ে ব্রিজ না থাকার ফলে তারা পুলিশের সহায়তায় সেগুলি খালাস করে দিয়ে চলে যায়। এই ওয়েব্রিজ তৈরি করার জন্য আমি দাবি রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয়ও জানেন, পশ্চিমবঙ্গবাসীও জানেন যে এখানে একটা অশুভ আঁতাত চলছে ইঞ্জিনিয়ার ও মাফিয়াডনদের সঙ্গে। এর কোনও প্রতিকার মাননীয় মন্ত্রী মহাশয় করতে পারেননি। এর ফলে রাস্তার টেন্ডারই হোক, হাসপাতাল বা বাড়ির জন্য টেন্ডারই হোক তা চলে যাচ্ছে ঐ অশুভ আঁতাতে লোকেদের কাছে। আপনার দপ্তরের কর্মচারী এবং ইঞ্জিনিয়াররা এই অশুভ আঁতাতে জড়িত থাকার জন্য এবং দুর্নীতি পরায়ণ হওয়ার জন্য আসল ঠিকাদার যারা তাদের হাতে কাজগুলি না গিয়ে ঐ অশুভ আঁতাতের মদতপুষ্ট লোকের হাতে যাচ্ছে ফলে কাজকর্ম ঠিকমতোন হচ্ছে না। এমন কি ৩৪ নং জাতীয় সড়ক যেটি আছে—সেখানে কিছুদিন আগে আপনি নদীয়া থেকে মুর্শিদাবাদ যাবার পথে বক্তব্য রেখেছিলেন এবং সেই বক্তব্য আনন্দবাজার, বর্তমান প্রতিটি সংবাদপত্রে প্রকাশিত হয়েছিল ফলাও করে যে এই ৩৪ নং জাতীয় সড়কের কাজ যাতে ভালভাবে হয় তারজন্য আপনি তত্বাবধান করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি, কলকাতা থেকে বহরমপুর পর্যন্ত এই রাস্তাটি ভালভাবে এবং পরিকল্পনামাফিক হয়নি। এর কারণ হচ্ছে সেই একই যে কথা আমি আগেই বলেছি। আপনি এরজন্য কিছুই করতে পারছেন না। আপনি ভাল লোক হতে পারেন, আপনার সদিচ্ছা থাকতে পারে কিন্তু পুলিশ, প্রশাসন এবং তারসঙ্গে মাফিয়া, মস্তান, ডন ইত্যাদি ও আপনার দপ্তরের দুর্নীতিগ্রস্ত ইঞ্জিনিয়ার

ও কর্মীদের জন্য আপনি সঠিক পদক্ষেপ নিতে পারছেন না। আমরা সংবাদপত্রে দেখেছিলাম, এখানে অনেক সময় কথাও শুনেছি, যে তৃতীয় হুগলি সেতু তৈরি করার পরিকল্পনা নাকি আছে, যদি থেকে থাকে এবং শুনেছি বিভিন্ন দেশের সঙ্গে কথাবার্তাও চলছে, আমরা সংবাদ পত্রের মাধ্যমে জানতে পেরেছি, যদি তৃতীয় হুগলি সেতু তৈরি হয় বা হবে কি না সেই সম্পর্কে আপনার বাজেট বরাদ্দে একটি শব্দও লেখা নেই। তাই আপনার কাছে দাবি করছি এই ব্যাপারে আপনার কাছে কোনও তথ্য যদি থেকে থাকে, বিদেশি কোনও সংস্থার সঙ্গে কথাবার্তা হয়ে থাকে তৃতীয় হুগলি সেতু তৈরি করার জন্য তাহলে সেটুকুও জানাবেন না, আপনার কাছে এই অনুরোধ থাকল। পরবর্তী ক্ষেত্রে আপনি দেখেছেন যে অনেক সেতুর কথা আছে এবং বিভিন্ন সেতুতে টোল প্রথা চালু আছে। আমাদের চৈতন্য সেতু যেটা বর্ধমান সংযোগকারী সেতু এবং কলকাতা হাওড়ার সঙ্গে যুক্তকারি সেতু, সেখানে টোল তোলার নামে যে অত্যাচার চলছে, তা অবর্ণনীয়। কাদের দিয়ে এই টোল তোলা হয়? আপনার গাড়িতে যদি আপনি লাল বাতি না জ্বালিয়ে যান বা পাইলট কার না নিয়ে যদি.যান, আপনার গাড়ি নিয়ে যাবেন, কতিপয় আনলাইসেন্সড লোক সেই চৈতন্য সেতু থেকে কিভাবে রসিদ বিহীন টাকা আদায় করছে। আপনি জানেন, কারণ আপনার দলের লোক নদীয়া জেলার, তারা আপনাকে বলেছে, কিন্তু আপনি কিছু করতে পারেননি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে বলতে বাধ্য, উনি অনেক স্মৃতি সৌধ নির্মাণের কথা বলেছেন। পলাশির যুদ্ধকে স্মরণীয় করে রাখার জন্য সেখানে একটা মনুমেন্ট আছে এবং সেখানকার যে সমস্ত রেলিংগুলো আছে, সেইগুলো খুলে নেওয়া হচ্ছে। আমাদের দলের থেকে বর্তমানে সেখানে এম. এল. এ আছেন, তিনি সব জানেন, আগে আপনাদের এম. এল. এ. ছিল, সেই ইতিহাসকে ধরে রাখার জন্য একটা ব্যবস্থা করুন। সেই স্মৃতি সৌধকে নষ্ট করে দেওয়া হচ্ছে। যারা করছে তাদের গ্রেপ্তার করার জন্য পুলিশের উপর চাপ সৃষ্টি করুন। ওখানে যে রাস্তা আছে, সেই রাস্তা এত খারাপ যে পর্যটকরা সেখানে যেতে পারেন না। অথচ দর্শনীয় স্থান হিসাবে এখানে শুধু পশ্চিমবাংলার মানুষ যান না, পশ্চিমবাংলার বাইরে থেকেও পর্যটকরা ঐ স্মৃতি সৌধ দেখতে যান। কিন্তু রাস্তাটা খারাপ হয়ে যাওয়ার জন্য তারা যেতে পারছেন না। তাই অনুরোধ করব, পলাশির মনুমেন্ট দেখতে যাওয়ার জন্য যে রাস্তাটা আছে সেটাকে ভাল করুন, রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করুন। এখানে মন্ত্রী মহাশয় বলেছেন ৩২ নং দাবিতে আছে যে তিনি জাতীয় নাট্যকার, বিপ্লবি, শহিদ, সমাজ সংস্কারক, সাহিত্যিক ইত্যাদি এদের স্মৃতি রক্ষার জন্য মূর্তি স্থাপন করবেন। আমি আপনার কাছে দাবি করছি নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়, তিনি নদীয়ার মানুষ, তার স্মৃতি সৌধ যাতে তৈরি করা হয়, তার অবদান কোনও জাতীয় স্বাধীনতা সংগ্রামির চেয়ে কম নয়। তিনি সাজাহান, মেবারপতন এই সব নাটক লিখেছিলেন। তিনি শুধু নাট্যকার ছিলেন না, তিনি সমাজ সংস্কারকও ছিলেন। সুতরাং দ্বিজেন্দ্রলাল রায় এর একটি মূর্তি যাতে প্রতিষ্ঠিত হয়, সেটা কলকাতায় হতে পারে বা নদীয়াতেও হতে পারে, এটা করার জন্য আবেদন করলাম।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন, "নদীয়া জেলার পায়রাডাঙ্গায় গোয়া মুক্তি আন্দোলনের শহিদ নিত্যানন্দ সাহার একটা আবক্ষ মূর্তির মডেল পরিবর্তন সাপেক্ষে অনুমোদন হয়েছে। ভাস্করের কাছ থেকে সে সম্পর্কে মতামত পেলে পরবর্তী কাজ করা হবে।" আমি

নরিত্ব নিয়ে বলছি ভাস্করের মতামত এসে গেছে, কিন্তু আপনার ডিপার্টমেন্টে সেটা আপনার নজরে এনেছে কিনা জানি না। অবিলম্বে যাতে পায়রাডাঙ্গায় ঐ মূর্তিটি প্রতিষ্ঠিত হয় তার জন্য আমি আপনাকে পুনরায় অনুরোধ করছি। আমার মনে হয় হবে বা করা হবে বলার চেয়ে না বলা ভাল। যদি করেনই তাহলে বলবেন যে কবে কাজ শুরু করবেন এবং কবে শেষ করবেন। আপনি কতগুলো পলিটেকনিক স্কুলের নাম এখানে উল্লেখ করেছেন, তার মধ্যে কৃষ্ণনগরের নাম আছে। কিন্তু পরবর্তী পর্যায়ে যেখানে আপনি বিশ্বব্যাঙ্কের সহায়তার কথা বলেছেন সেখানে কৃষ্ণনগরের কথা উল্লেখ করেননি। কৃষ্ণনগরে শুধু বিপ্রদাস পাল চৌধুরি পলিটেকনিকই নেই, সেখানে বিপ্রদাস পালচৌধুরি কলেজও আছে। দুটি শিক্ষা প্রতিষ্ঠানের বাড়িগুলোর ডিলাপিডেটেড কন্ডিশন হয়ে গেছে। ঐ বাড়িগুলোর সম্পর্কে অনেক দিন আগেই আপনার কাছে রিপোর্ট এসেছে। ওখানকার ঐ স্কুল, কলেজগুলির একটা অ্যাডভাইসারি কমিটি আছে, আমি তার সদস্য ডি. এম. হচ্ছেন ওখানকার গভর্নিং বডির সভাপতি। গভর্নির বডির মিটিং থেকে একটা রেজলিউশন করে পাঠানো হয়েছিল আপনার কাছে। কিন্তু আজ পর্যন্ত সেখানে কোনও রকম মেরামতি কাজ আরম্ভ করা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আজকে আবার আপনাকে অনুরোধ করছি, কৃষ্ণনগরের দীর্ঘ দিনের পুরনো বিপ্রদাস পলিটেকনিক কলেজ এবং বিপ্রদাস পাল চৌধুরি কলেজ যাতে ধ্বংস হয়ে না যায় তার জন্য আপনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আপনার বাজেট ভাষণের ৩৭ নং অনুচ্ছেদে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কথা বলেছেন। খুব ভাল কথা। কিন্তু আপনি শুধু নামটা উল্লেখ করেই ছেড়ে দিলেন কেন? কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিল্ডিংগুলিতে বাউন্ডারি ওয়াল দেওয়া প্রয়োজন। কিন্তু আপনি সে কথার উল্লেখ করেননি। রক্ষণাবেক্ষণের অভাবে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাসগুলির অবস্থা দুর্বিসহ হয়ে উঠেছে। বিশেষ করে ছাত্রিরা যেখানে থাকে সেখানে তারা যথেষ্ট নিরাপত্তর অভাব বোধ করছে। এমন অবস্থার সৃষ্টি হয়েছে—ওখানে সামান্যতম গোলমাল হলেই হস্টেল সুপারিন্টেন্ডেন্ট এবং অধ্যক্ষ ছাত্রিদের ইউনিভার্সিটি চত্বর ছেড়ে চলে যেতে বলেন। ছাত্রিদের বাড়ি পাঠিয়ে দেওয়া হয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়, আপনাকে অনুরোধ করছি, আপনি যাতায়াতের পক্ষে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বাড়ি-ঘরগুলি, বিশেষ করে ছাত্রাবাসগুলি একটু লক্ষ্য করে দেখবেন, তাহলেই সমস্ত বিষয়টা আপনার কাছে স্পষ্ট হয়ে যাবে। আপনি বাজেট ভাষণের মধ্যে শুধুমাত্র কল্যাণী বিশ্ববিদ্যালয় নামটার উল্লেখ করেছেন। সেখানে কি কাজ করবেন, কত টাকা ব্যয় করবেন, কোনও কিছুই বলেননি। আপনার জবাবি ভাষণের সময় অনুগ্রহ করে সেটা আমাদের জানাবেন এবং যে টাকা খরচ করবেন তা যাতে সঠিকভাবে খরচ হয় তা দেখবেন।

মাননীয় মন্ত্রী মহাশয়, হরিণঘাটায় পশুপালন কেন্দ্রের গবাদি পশু রাখার যে ঘরগুলি আছে সেগুলি বেআইনিভাবে জবর দখল হয়ে গেছে। আপনাকে আমার অনুরোধ সেগুলি অবিলম্বে উদ্ধারের ব্যবস্থা করুন। জবর দখলকারিদের উচ্ছেদ করার ব্যবস্থা করুন।

মাননীয় মন্ত্রী মহাশয়, শুধু নদীয়া জেলা নয়, সমগ্র পশ্চিম বাংলার সর্বত্র রাস্তাঘাটের অবস্থা খুবই বেহাল। বেশির ভাগ রাস্তাই মানুষ এবং যানবাহন চলাচলের অনুপযুক্ত হয়ে

পড়েছে। পশ্চিমবাংলার যে স্থানটির নাম আজকে পৃথিবীতে সব চেয়ে বেশি প্রচারিত হচ্ছে সেই মায়াপুরে ইস্কনের দোল-যাত্রায় হাজার হাজার লোক পশ্চিমবঙ্গের বাইরে থেকে আসে সেখানকার রাস্তাটির অবস্থাও খুবই খারাপ। সেই রাস্তাটি অন্তত একটু ভালভাবে মেরামত এবং পুনর্নির্মাণের জন্য আপনাকে আমি অনুরোধ করছি।

পরিশেষে আমি আমাদের কাট মোশনের সপক্ষে এবং বাজেট প্রস্তাবের বিরোধিতায় আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র পুরকাইত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত সড়ক এবং পূর্ত নির্মাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উপস্থিত করেছেন আমি তার বিরোধিতা করছি। তিনি তার ২৫ নম্বর ডিমান্ডে ১৮০ কোটি ৬১ লক্ষ ১৩ হাজার টাকা এবং ৭৯ নম্বর ডিমান্ডে ১৮৬ কোটি ৯ লক্ষ ৭৩ হাজার টাকা মঞ্জুরির জন্য চেয়েছেন। কিন্তু মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে রাস্তাঘাটগুলির কি হাল তা এখানে মাননীয় সদস্যরা যাঁরা আজকে বিতর্কে অংশগ্রহণ করলেন, সরকার পক্ষের এবং যারা বিরোধীপক্ষের আছে তাদের প্রত্যেকের কথায় একই সুর যে রাস্তাঘাটের অবস্থা ভয়ানক এবং ভয়াবহ। চলাচলের অযোগ্য এইরকম একটা জায়গায় এসে দাঁড়িয়ে আছে। বিভিন্ন জায়গায় যে সেতু নির্মাণ করার কথা বা যে সেতুগুলি ভেঙে পড়েছে সেগুলিকে পুনর্নির্মাণ করা, সরকারি বাসভবন এবং হাসপাতালগুলি পুনর্নির্মাণের ক্ষেত্রে নানারকম ত্রুটি-বিচ্যুতির কথা সদস্যরা এখানে উল্লেখ করেছেন। আমি বলতে চাই, মানুষের প্রয়োজনে রাস্তাঘাটগুলির সারানো প্রয়োজন এবং যোগাযোগ ব্যবস্থার উন্নতি ঘটানো দরকার। জীবন-যাপনের জন্য মানুষকে এক প্রান্ত থেকে অন্য প্রান্তে পৌঁছে দেবার জন্য রাস্তার প্রয়োজন। নতুন করে রাস্তাঘাট তৈরি করা, যে রাস্তাগুলি আছে সেগুলির রক্ষণাবেক্ষণ করা, বা বন্যায় যে রাস্তাগুলির ক্ষতিগ্রস্থ হয়ে গেছে সেগুলির পুনর্নির্মাণ করার জন্য বিপুল পরিমাণ অর্থের প্রয়োজন। আপনার বাজেট বক্তৃতার মধ্যে আপনি নিজেই সেই করুণ অবস্থার কথা স্বীকার করেছেন এবং আপনি বলেছেন বিগত ২ বছরে অর্থ যে বরাদ্দের দাবি করেছিলেন সেখানে ছাঁটাই করা হয়েছে এবং বলেছেন বরাদ্দকৃত অর্থ সবটা পাবেন কিনা অর্থ দপ্তরের কাছ থেকে সে বিষয়ে অনিশ্চিত অবস্থায় আছেন। তাই আপনি বলেছেন, আর্থিক সংস্থার কাছ থেকে বিকল্প হিসাবে তাদের কাছ থেকে অর্থ নিতে হবে। কোনও কোনও সদস্য বলেছেন আর অপেক্ষা কেন করছেন, বহুজাতিক সংস্থার কাছ থেকে অর্থ অন্যান্য দপ্তর নেবার জন্য পা বাড়িয়েছেন, আপনি কেন অপেক্ষা করছেন? একটু আগে সরকারপক্ষের মাননীয় সদস্য শ্রী শক্তি বল বললেন, তিনি প্রাইভেট সংস্থার কাছ থেকে টাকা নেওয়ার বিরোধী। তিনি ভরতুকির কথা বলেছেন। কিন্তু মাননীয় মন্ত্রী নিজেই পরিচ্ছন্নভাবে ইঙ্গিত দিয়েছেন আগামী দিনের আর্থিক সংস্থার কাছে হাত পাতবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সামনেই বর্ষা। এখন পর্যন্ত রাস্তাঘাটগুলির অবস্থা কি? সব ভেঙেচুরে গেছে রাস্তায় গর্ত হয়ে গেছে, ইট বেরিয়ে গেছে। স্টোনচিপগুলি সব উঠে গেছে। সামান্য বৃষ্টি হলেই চৌবাচ্চা সৃষ্টি হয়। এইসব দেখে মনে হয়, পূর্ত দপ্তরের মন্ত্রী মহাশয় মৎস্য দপ্তরের মন্ত্রীর সঙ্গে যোগাযোগ করে ঐ সব গর্তে মাছ চাষের ব্যবস্থা করলে ভাল হয়। গাড়িগুলি

ঐ সব রাস্তা দিয়ে চলতে পারে না, অত্যন্ত ধীর গতিতে যায়। যে কোনও অবস্থায় অ্যাক্সিডেন্ট ঘটে যেতে পারে। সুতরাং এইসব রাস্তাগুলি অবিলম্বে মেরামত করা দরকার এবং তারজন্য যে অর্থের প্রয়োজন তা গুরুত্ব সহকারে দেখার প্রয়োজন আছে। আমরা যারা বিধানসভার সদস্য, তাদের নিজ নিজ নির্বাচনী কেন্দ্রের অর্ন্তগত যে সমস্ত রাস্তাঘাটগুলি আছে সেগুলির পুনর্নির্মাণ বা নতুন রাস্তা যেগুলি ধরা হয়েছে সেগুলির কথা সদস্যরা বারবার উল্লেখ করেছেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা যায়, বছরের পর বছর ধরে সেগুলি যে অবস্থায় আছে, সেই অবস্থাতেই পড়ে আছে।

আপনার বরাদ্দকৃত যে স্বল্প অর্থ সেই স্বল্প অর্থের যে কাজগুলি নেওয়া হয়, সেতু, নূতন রাস্তা বা পুরাতন রাস্তার পুনর্নির্মাণ যাই হোক না কেন পরিকল্পিত ভাবে টাকার সদ্ব্যবহার না করেন তাহলে আপনার চাহিদা অনুসারে যে অর্থের অভাবে কাজগুলি করতে পারবেন না বলে মনে করি, কারণ আপনার ইঞ্জিনিয়ার দপ্তরের যে টেন্ডারগুলি হয় তখন দেখা যায় যে এক শ্রেণীর অসাধু দলের সঙ্গে যোগাযোগ করে বর্ষার সময়ে কাজ আরম্ভ করা হয়। পিচ, স্টোন চিপস রাস্তায় ফেলে কিছুদিন রেখে আর এক জায়গায় গিয়ে ফেলা হয়। একই মেটিরিয়েলস বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে মেপে দেখিয়ে টাকা নেওয়া হয়। এরপর রোডসের জন্য যে পিপেতে পিচ দেওয়া হয় তুলনামূলকভাবে তার কোয়ালিটি ভাল, কিন্তু পি. ডবলিউ. ডি.-র জন্য যে পিচ আপনি দেন তা চৌবাচ্ছায় ঢেলে রাখতে হয়, সেই পিচ দিয়ে রাস্তা তৈরি হল, বর্ষার সময়ে বৃষ্টির জল ঢুকে রাস্তা ভেঙ্গে গেল। এই অবস্থা কেন? দুটি বিভাগকে আপনি দুরকম পিচ দিচ্ছেন, পূর্ত দপ্তরের অনেক ইঞ্জিনিয়ার এই কথা আলোচনা করেন, তারা বলেন যে রাস্তা ভেঙ্গে যাবার এটাও একটা কারণ। অপরদিকে আমি বলতে চাই—এটা নিয়ে বার বার আলোচনা হয়েছে, দু-একজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন, রাস্তার কাজ হচ্ছে স্পেসিফিক সেই কাজ গ্রামের পঞ্চায়েত এবং জনপ্রতিনিধিদের উপর ভার দিতে পারেন, তাহলে স্পেসিফিক দেখাশোনার জায়গা হয়। দেখাশোনার সুবিধা হয়, এ সম্পর্কে কি ব্যবস্থা রেখেছেন তার উল্লেখ করবেন। এ ছাড়া পি. ডবলিউ. ডি.-র রাস্তার দুটো পাশই এনক্রোচ হয়ে যাচ্ছে এবং সেখানে পাকা বিল্ডিং হচ্ছে এ সম্বন্ধে আপনার দপ্তর নীরব। এ ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এ ব্যাপারে একটা সুনির্দিষ্ট ঘোষণা থাকা দরকার। এই পাকা বিল্ডিংগুলির জন্য রাস্তা চলাচলের অযোগ্য হয়ে উঠেছে সে ব্যাপারে এলাকার জনপ্রতিনিধিদের সাথে যোগাযোগ করা দরকার।

(মাইক বন্ধ হয়ে যাওয়ায় মাননীয় সদস্য তার আসন গ্রহণ করেন।)

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত, পূর্ত সড়ক এবং পূর্ত নির্মাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধীদলের আনা কাটমোশনকে বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। আমি প্রথম থেকে শুনেছিলাম এবং আশা করেছিলাম গঠনমূলক সমালোচনা করবেন এবং আমাদের সরকারের ভুল ত্রুটি ধরিয়ে দেবেন, আমরা সেটাকে কাটিয়ে উঠব। দেখালাম ওদের উদ্দেশ্যটা শুধু বিধানসভায় দাঁড়িয়ে বিরোধিতা করা। একজন মাননীয় সদস্য বললেন আপনাদের চোখে ছানি পড়েছে, তা না হলে গঠনমূলক আলোচনা করতেন। বিরোধীদলের একজন মাননীয়

সদস্য বললেন এক শ্রেণীর মাফিয়া ডন তারা নাকি টাকা পয়সা খায়। ওনার বাড়ি থেকে ১০০ গজের মধ্যে পি. ডবলিউ. ডি. রোডসের অফিস ওনার বাড়ির চারিদিক ঘিরে নদীয়া জেলার কন্ট্রাক্টাররা বসে আছেন, উনি দাঁড়িয়ে তার নামটা বলতে পারলেন না। কোনও দলের কাউন্সিলার তার সঙ্গে যুক্ত। আমার যেখানে বাড়ি সেই কৃষ্ণনগর কংগ্রেসের দখলে।

কৃষ্ণনগরের বিধায়ক শ্রী শিবদাস মুখার্জি। তার বাড়ির ১০০ গজের মধ্যে কী ঘটনা ঘটছে তিনি জানেন না? আপনাদের কাজ হচ্ছে সরকারের সমালোচনা করা। এখানে দোষ দিচ্ছে ইঞ্জিনিয়ারদের। কিন্তু পি. ডব্লু. ডি. ইঞ্জিনিয়াররা বলছেন যে, তারা কাজ করতে পারছেন না। এই অবস্থা কারা সৃষ্টি করেছেন পশ্চিমবঙ্গে? এখানে পি. ডব্লু. ডি. ব্যাপারে কথা বলছেন, কিন্তু কৃষ্ণনগরের মিউনিসিপ্যাল কমিশনার-এর নামটা তো বলতে পারলেন না। পি. ডব্লু. ডি.-র হয়েছিল তাতে ৮ টনের গাড়ি চলতে পারত, কিন্তু বর্তমানে রাস্তাগুলির বহন ক্ষমতা কত? সীমান্তবর্তী এলাকার রাস্তাগুলি কেন খারাপ হচ্ছে? বর্ডার এলাকার রাস্তাগুলি কেন খারাপ হচ্ছে? বর্ডার এলাকার রাস্তাগুলি দিয়ে সি. পি. ডব্লু. ডি.-র স্টোন-চিপস ভর্তি যে গাড়িগুলি যাচ্ছে তার ওজন কত— আপনাদের আমলে তৈরি ৮ টনের রাস্তা দিয়ে আজকে সি. পি. ডব্লু. ডি. ২৫ টনের লরিগুলি চলে যাচ্ছে। আপনাদের আমলে একটি রাস্তা দিয়ে দিনে তিনটি বাস চলাচল করত, কিন্তু আজকে মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে এবং তারফলে দিনে অনেক বেশি বাস চলছে। আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে যতটুকু করবার সেটা আমরা করছি। আপনারা সমস্ত তথ্যটা বললেন না, শুধু বললেন—কিছু হয়নি, এটা করতে হবে, ইত্যাদি। ১৯৭২ সালে যিনি আমার প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন সেই আনন্দমোহন বিশ্বাস ছিলেন এখানে মন্ত্রী। তিনি শুধুমাত্র রাস্তার পরিকল্পনাই করে গেছেন ১৯৭২, ১৯৭৩ সালে, কিন্তু সেসব রাস্তা আজকে আমাদের করতে হচ্ছে। ১৯৮৩-র উপনির্বাচনের প্রাক্কালে ভারতের প্রাক্তন অর্থমন্ত্রী শ্রী প্রণব মুখার্জি নদীয়া জেলার রানাবাঁধ ব্রিজের শিলান্যাস করেছিলেন. কিন্তু পরে পশ্চিমবঙ্গ তারজন্য টাকা দিলেন না। এইভাবে নির্বাচনের আগে তিনি মিথ্যা কথা বলে ব্রিজটির শিলান্যাস করে গিয়েছিলেন। এটা ঠিক নয়। এখানে বিরোধী পক্ষ থেকে ছোট শরিক দল বলে একজন কটাক্ষ করেছেন। ২৯৫ জনের মধ্যে ছোট দল বলতে কি বুঝায়? আপনাদের একটির কাজ—শ্রদ্ধেয় মুখ্যমন্ত্রীর প্রতি রাজনৈতিক আক্রমণ, কিন্তু এই আক্রমণ করে কোনও লাভ হবে না। আমি আশা করেছিলাম, বিরোধী দল এখানে গঠনমূলক সমালোচনা করবেন এবং আমাদের এই বিধানসভার ঐতিহ্য বজায় রাখবেন। কথা তা নয় নিজেদের দুর্নীতি, নিজেদের অপকর্মের বোঝা বামফ্রন্টের ঘাড়ে চাপিয়ে দিচ্ছেন। আমি অবাক হয়ে যাচ্ছি, উনি মাফিয়া ডনের কথা তুলে যে কথা বললেন, আপনি তার নাম কেন বলতে চাচ্ছেন না? আপনার বাড়ি থেকে এক শত গজের মধ্যে, আপনি নামটা বলুন না? আপনি নাম বলছেন না। আজকে রাস্তার বিষয়ে যে আলোচনা চলছে, হ্যাঁ, কিছু সমস্যা আছে। রাস্তা তৈরির ক্ষেত্রে আমার এলাকায়ও কিছু সমস্যা আছে। মেনটেনেন্সের ব্যাপারে আমাদের সরকারি কর্মচারী যারা আছেন, তাদের একটু লক্ষ্য রাখা দরকার। এস. ইউ. সি.-র মাননীয় সদস্য যে কথা বললেন সেই সম্পর্কে আমি তাকে এ কথা বলতে চাই যে প্রত্যেক বিধায়কদের তাদের নিজেদের এলাকার রাস্তা-ঘাট রক্ষণাবেক্ষণের জন্য দপ্তর থেকে কত টাকা স্যাংশন করা হল সেই সম্পর্কে কপি সদস্যদের কাছে পাঠানো হয়। আমিও আমার এলাকার ব্যাপারে কপি

পেয়েছি। সেই অনুযায়ী জনপ্রতিনিধি হিসাবে আমাদের দেখা কর্তব্য যে কোন এলাকায় কি কাজ হচ্ছে। কোনও কোনও জায়গায় হয়ত কিছু ত্রুটি-বিচ্যুতি থাকতে পারে। কিন্তু সেই সব জায়গায় গিয়ে যদি কাজকর্মের খোঁজ-খবর না নেন, শুধু বিধানসভায় দাঁড়িয়ে যদি অভিযোগ করেন, তাহলে সমস্যার সমাধান হবে না। আপনাদের আমলে যে সমস্ত সমস্যার সৃষ্টি হয়েছিল সেগুলিকেও এই সরকারের দেখতে হচ্ছে। প্রণব মুখার্জি যে ব্রিজ উদ্বোধন করে গেছেন, সেটাও আপনারা করেননি। সেসব কথা মানুষকে বললে তারা সেগুলি মানতে চায় না। তারা বলছে যে ১৯৮৩ সালে যেটা উদ্বোধন হয়েছে সেটা কেন হচ্ছে না? কিন্তু এটা করতে গেলে যে টাকার দরকার সেটা কেন্দ্রীয় সরকার আমাদের দিচ্ছেন না। মাননীয় সদস্য সুদীপবাবু কর্ণাটকের কথা, মধ্য প্রদেশের কথা বললেন যে সেখানে রাস্তাঘাট ভাল। আমি সাবজেক্ট কমিটির সদস্য হওয়ার সুবাদে বিভিন্ন জায়গায় ঘুরেছি। মধ্যপ্রদেশ শহরটি হচ্ছে পাহাড়ের কাছে। সেখানে তাদের রাস্তা-ঘাট করার জন্য দূর থেকে পাথর আনতে হয় না, সেখানে এগুলি আনার সুবিধা আছে। কিন্তু আমাদের এখানে সেই সুবিধা নেই। আমাদের পাথর আনতে গেলে যে টাকা খরচ পড়ে সেটা আমাদের দেওয়া হয় না। আপনাদের সময়ে রাস্তা তৈরি করার জন্য কোনও পরিকল্পনা ছিল না। আপনারা বেশির ভাগ ন্যারো রাস্তা, ন্যারো কালভার্ট করেছেন। সেই সব ন্যারো রাস্তা এবং কালভার্ট দিয়ে বাস ঠিকমতো চলতে পারে না। আজকে আমাদের সেগুলি দেখতে হচ্ছে এবং সেগুলি বড় করতে হচ্ছে। তাছাড়া আমরা দেখছি যে কিছু কিছু কাজ নুতন করে শুরু করা হচ্ছে। এবারে জেলা পরিষদের মাধ্যমেও কিছু কিছু কাজ করা হচ্ছে। আজকে পঞ্চায়েতের মাধ্যমে, জেলা পরিষদের মাধ্যমে ঐ মাফিয়া ডনদের নিয়ন্ত্রণ করা যায় কিনা সেটা দেখা হচ্ছে। আপনি মাফিয়া ডন সম্পর্কে অনেক কথা বললেন। আপনি তো নদীয়া জেলার সভাপতি, নরেশ চাকি আপনাকে মানছে না। আপনাদের মধ্যে এই সব আছে। আমি যে কথা বলতে চাই, কৃষ্ণনগর শহরের আপনার পাশের বিধায়ক বিধান সভায় আসতে পারবেন না। ঐ যে মাফিয়া ডনের যে কথা আপনি বলছেন, তারা যদি এটা শোনে তাহলে আপনি বাড়ি যেতে পারবেন না।

আপনি এই ব্যাপারটা বিধানসভার স্পিকারকে জানান। আজকে উনি যেটুকু বলেছেন এটাই বড় কথা, কৃষ্ণনগরে উনি গেলে আর ফিরে আসতে পারবেন না।

**(এ ভয়েস ঃ—আপনি তো দুটি খুনের আসামী)**

আমি ৫ই মে বেকসুর খালাস পেয়েছি। আমার বিধানসভা এলাকা এবং নদীয়া জেলায় যে ভাবে কাজ করলে ভাল হবে সেটা আমি বলছি। জেলা পরিষদের মাধ্যমে রাস্তাগুলি মেরামত করা দরকার। আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত দপ্তরের মন্ত্রী ২৫ এবং ৭৯ নম্বর দাবি যেটা উত্থাপন করেছেন আমি তার চরম বিরোধিতা করছি এবং আমাদের পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করে দু-চারটি কথা বলতে চাই। মাননীয় সদস্য সুশীল বিশ্বাস মহাশয় বক্তৃতা করতে উঠে বললেন কংগ্রেসিদের চোখে ছানি পড়েছে নাকি। আমি ওনাকে বলছি তখন কি আপনি কানে তুলো দিয়ে বসেছিলেন নাকি যখন শক্তি প্রসাদ বল মহাশয়, বীরেন্দ্রকুমার মৈত্র মহাশয় বক্তৃতা করছিলেন? শক্তিপ্রসাদ বল মহাশয়

বলছিলেন নন্দীগ্রামে একটা রাস্তা আছে যেখানে বৃষ্টি হলে বাস থেকে নামিয়ে মানুষকে রাস্ত দিয়ে হেঁটে আসতে হয়। বীরেনবাবু তো অনেক হতাশাব্যঞ্জক কথা বলেছেন সেইগুলি আ নূতন করে উল্লেখ করতে চাই না। আমি এই কথা বলতে চাই শাসক দলের সদস্য হলে ত্রুটিগুলি স্বীকার করে জনগণের কাছে ক্ষমা চেয়ে নিতেন। ১৭ বছরে এই দলকে কোথা কোন জায়গায় নিয়ে পৌছে দিয়েছেন। ক্ষমা চাওয়া উচিত বিধানসভার অভ্যন্তরে। এখানে কথা উঠেছে, হ্যাঁ, আমাদের মাননীয় সদস্য শোভনদেব চ্যাটার্জি বলেছেন যখন এই দপ্তর টাক যোগান দিতে ব্যর্থ হয়েছে, নূতন রাস্তা তৈরি করতে পারছে না, রাস্তা সারাতে পারছে ন তখন কিছু কিছু বেসরকারি প্রতিষ্ঠানের হাতে তুলে দেওয়া যায় না? প্রিন্সিপ্যালি না বলছি কিন্তু যদি সরকারের প্রয়োজন হয়, আমাদের দাবি মতো সরকার যদি কাজগুলি করে তাহলে এই প্রশ্ন ওঠে না। এই প্রশ্ন উঠছে যখন আপনারা মায়া কান্না কাঁদছেন। ছোট শরিক দল বলে কী অবস্থা। ১৯৯১ সালের একটা বর্তমান পত্রিকার কাটিং আমার হাতে আছে। যখন রবীন্দ্র সরোবরে টোডি পার্ক হবে না ফ্লাই ওভার হবে এই নিয়ে মুখ্যমন্ত্রী কী বলেছিলেন পূর্ত দপ্তর কার? না মতীশ রায়ের। এই ব্যাপারে কে বলবে? মতীশ রায় বলবে না, সুভাষ চক্রবর্তী বলবে। উনি বলছেন কে আবার মতীশ রায়? কি হবে না হবে সুভাষ চক্রবর্তী বলবে। এটা আমাদের কথা নয়, মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর কথা সেই দিন সেচ দপ্তরের বাজেট বরাদ্দে অংশগ্রহণ করতে উঠে বলেছিলাম সেচ দপ্তরের মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় যে ভাবে আড়ালে আড়ালে কাঁদতে হয়, ক্ষোভ প্রকাশ করতে হয়, সামনে কিছু বলতে পারেন না মতিশবাবুর সেই একই অবস্থা। এই বাজেট বইতে তিনি সেই কথা উপেক্ষা করেছেন ধন্যবাদ জানাই মন্ত্রী মহাশয়কে যে তিনি এটা স্বীকার করেছেন।

তিনি স্বীকার করেছেন এইজন্য তাকে ধন্যবাদ জানাই। আজকে এইজন্যই তাকে বলতে চাই যে, তার বাজেট বইয়ের দুটি জায়গায়, একটি জায়গায় বলেছেন বিশ্বব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়ে একটি প্রকল্প তিনি রচনা করেছেন, এবং আর একটি জায়গায় বলেছেন, এশিয় উন্নয়ন ব্যাঙ্কের কাছ থেকে টাকা নিয়েছেন, আপনাকে বলি, ছোট শরিক বলে আপনার দপ্তরকে ওরা দাবিয়ে রাখতে চান। কিন্তু মানুষের যা প্রয়োজন, তা করা দরকার এবং মানুষের কাছে জবাব দেওয়াও প্রয়োজন। তাই বিশ্বব্যাঙ্কের কাছ থেকে এবং এশিয় উন্নয়ন ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে আপনি ঠিক করেছেন, আপনি আরও বেশি করে টাকা নিয়ে কাজ করুন। আপনি বলেছেন যে বিদ্যাসাগর সেতু তৈরি করেছেন। আমি দক্ষিণবঙ্গের মানুষ সেখানকার একজন বিধায়ক। বিদ্যাসাগর সেতু হওয়ার পরে মেদিনীপুর জেলার মানুষ কতটা উপকৃত হয়েছেন তা বলতে পারেন? কারণ তারজন্য যে রাস্তা করার দরকার ছিল সম্পূর্ণ তা করতে পারেন নি। এন. এইচ. সিক্স-এর সঙ্গে সংযোগকারি রাস্তা আপনি তৈরি করেননি সেজন্য সেখানকার মানুষ বাসে যেতে পারছেন না। বিদ্যাসাগর সেতুর সংযোগকারি রাস্তা আপনি তৈরি করেননি। তাই এই সেতু যে উদ্দেশ্যে তৈরি হয়েছিল—হাওড়ার যানজট দূর করা এবং দক্ষিণ বঙ্গের মানুষ কলকাতা মহানগরিতে আসতে পারবেন—সেই ব্যবস্থা সম্পূর্ণ করে দিতে পারেননি। আমি এখানে কয়েকটি সুনির্দিষ্ট প্রস্তাব রাখতে চাই। 'নন্দকুমার দীঘা রোড', সেখান দিয়ে লালবাতি জেলে অবসর বিনোদনের জন্য প্রায়শই কোনও না কোনও মন্ত্রী দিঘা যান। ঐ রাস্তায় ৫৪টি বাম্প আছে। আপনার অফিসাররা সেগুলো দেখতে পা

না। প্রায়শই সেই রাস্তায় অ্যাক্সিডেন্ট হয়, অ্যাক্সিডেন্ট হয় ঐ বাম্পগুলির জন্য। সেগুলোকে দূরিকরণের কোনও ব্যবস্থা নেবেন কিনা তা আপনার জবাবি ভাষণে সুস্পষ্টভাবে জানতে চাই। আমাকে কাঁথি যেতে আসতে হয়, তারজন্য প্রায়ই বাসে যেতে হয়, পথে দুটি ন্যাশনাল হাইওয়ে পড়ে—একটি, এন. এইচ. সিক্স, বোম্বে রোড, এবং আর একটি হচ্ছে মেছেদা এবং হলদিয়া হাই রোড। মেছেদা থেকে হলদিয়া, এই পথে দুটি শিল্পাঞ্চল পড়ে—একটি কোলাঘাট, আর একটি হলদিয়া। কিন্তু সেখানকার রাস্তাটির কি অবস্থা তা জানেন? তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি, অবিলম্বে এই রাস্তাটি সারাবার ব্যবস্থা করুন। আপনি নিজে গিয়ে একবার দেখে আসুন, আমার নিজের কেন্দ্র কাঁথি মহকুমা সদর হাসপাতালের কি অবস্থা? কালকেই ওখানে কথা হচ্ছিল স্থানীয় মানুষদের সঙ্গে। তারা বলছিলেন, আগামীকাল পি. ডব্লু. ডি.-র বাজেট আছে, আপনি বলুন মন্ত্রী মহাশয়কে। ওখানকার ডাক্তারবাবুরা বলছিলেন যে, আপনি মন্ত্রী মহাশয়ের কাছে বলুন, মহকুমা সদর হাসপাতালের কি অবস্থা। আকাশ থেকে জল পড়তে না পড়তেই ঘরগুলো সব জলমগ্ন হয়ে যায়। আমি তাই মন্ত্রী মহাশয়ের কাছে দাবি করছি সেগুলো যাতে অবিলম্বে সারাইয়ের ব্যবস্থা করেন। কারণ তা না হলে ঘরগুলো সব নষ্ট হয়ে যাবে। মহকুমা সদর হাসপাতালের ঘরগুলো সারাবার যে দায়িত্ব আপনার আছে, আপনি সেই দায়িত্ব পালন করুন। এখানে এনক্রোচমেন্টের কথা অনেকে বলেছিলেন। বিস্তীর্ণ এলাকা, পি. ডব্লু. ডি.-র রাস্তায় বিভিন্ন জায়গায় কোথাও কোথাও এনক্রোচমেন্ট হতে পারে। কিন্তু আপনার দপ্তরে যখন অফিসাররা আছেন, তারা কি এগুলো দেখতে পান না? আমার মহকুমা শহরে আপনার দপ্তরের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের অফিস যেখানে আছে, সেখানে শহরের উপরে পি. ডব্লু ডি.-র যে রাস্তা আছে, সেখানে কোনও রকম নিয়ন্ত্রণ নেই, কোনও সুপারভিসন নেই। আমি জানতে চাই, এটি বন্ধ হবে কিনা। এখানে মাননীয় সুদীপবাবু যে প্রশ্ন তুলেছিলেন, বীরেন মৈত্র মহাশয় যে প্রশ্ন তুলেছিলেন এবং ক্ষোভ প্রকাশ করলেন—জ্যোতিবাবুর জন্য মহাকরণে যে বিলাস ঘর, তা নিয়ে বললেন। সিদ্ধার্থ রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন আপনারা এই রকম প্রশ্ন তুলেছিলেন। তিনি যখন পশ্চিমবাংলার থেকে চলে যান, তখন বিলাস বহুল ল্যাট্রিন তৈরি করেছিলেন বলে আপনারা বলেছিলেন ওটাকে ভেঙে দাও। আপনারা বলেছিলেন যে আপনারা এই রকম বিলাসবহুল কিছু তৈরি করবেন না।

মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর সঙ্গে লড়াইয়ে নামলেন কিন্তু শেষ অবধি নির্লজ্জের মতো পি. ডব্লিউ ডি. তারই ঘরে লিফট বসিয়ে দিলেন। সুতরাং এই দপ্তর চূড়ান্তভাবে ব্যর্থ, একে কোনও ভাবেই সমর্থন করা যায় না। কাজেই আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মতীশ রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ সময় ধরে বিশেষ করে বিরোধীদলের বন্ধুরা যে বক্তব্য রেখেছেন আমি সেটা ভালভাবে শুনে বিশেষভাবে উপলব্ধি করার চেষ্টা করেছি। প্রথমেই আমি যেটা বলতে চাই বিধানসভাতে সেটা হচ্ছে যে, আমাদের বিরোধীদলের সদস্যরা এবং আমাদের বামফ্রন্ট সরকারের সদস্য বন্ধুরা একটা জায়গায় তারা এক হয়েছেন যে পূর্ত ও সড়ক দপ্তরের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে গেলে যে অর্থের প্রয়োজন আমরা সেই অর্থ পাচ্ছি না। সেই কথা আমার এই বাজেট বক্তৃতার মধ্যে কোথাও গোপন করিনি।

কিন্তু আমার প্রথমে যে বক্তব্য সেটা হচ্ছে যে, আপনারা কতগুলি বাস্তব সত্যকে অস্বীক করে বক্তব্য রাখবার চেষ্টা করেছেন। আজকে বিরোধীদলের বন্ধুদের কাছে যেটা আশা করেছিল সেটা হচ্ছে যে, বিগত বন্যায় বিশেষ করে উত্তরবঙ্গে এবং দক্ষিণবঙ্গের মেদিনীপুর, হুগ এবং বাঁকুড়া ও পুরুলিয়ার কিছু কিছু অংশে বন্যা যেভাবে ধ্বংস করে দিয়ে গেছিল এ বিপর্যয়ের মধ্যে ফেলে দিয়েছিল তা আমরা কাটিয়ে উঠতে পেরেছি। আমি আজকে বিধানসভা দাঁড়িয়ে গর্বের সঙ্গে শুধু এটুকু বলতে পারি যে উত্তরবঙ্গের যোগাযোগ ব্যবস্থা বিশেষ ক জাতীয় সড়ক এবং স্টেট হাইওয়ের যে সমস্ত এলাকা ভাঙ্গন ধরেছিল এবং সেতু ভে গিয়েছিল আমরা দু সপ্তাহের মধ্যে সেই যোগাযোগ ব্যবস্থাকে পুনরুদ্ধার করে মানুষের স্বাভা জীবনযাত্রা চালু করতে পেরেছি। একথা তো কেউ একটি বারও বললেন না। আমি বিভা মন্ত্রী হিসাবে সেখানে ৯ দিন থেকে কাজ করিয়েছি। উত্তরবঙ্গে যখন ভয়াবহ অবস্থা, বন্য পরে ৪ দিনের মাথায় আমি যাই। তখনও যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন, আমি হাঁটা পথে ভ ভেঙ্গে মানুষের মধ্যে গেছি, তাদের কথা শুনেছি এবং যোগাযোগ ব্যবস্থাকে যাতে তব করতে পারি তার চেষ্টা করেছি। আমি আপনাদের কাছে আশা করেছিলাম যে এই কথাগু অন্তত বলবেন। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে বন্যার ক্ষয়ক্ষতি এবং সড়ক ব্যব যে ক্ষয়ক্ষতি হয়েছে তারজন্য কেন্দ্রীয় সরকারের কাছে আবেদন করেছিলাম। আমাদের অথ যে দাবি পেশ করেছিলেন তার কথা কেউ তো বললেন না। আমরা বন্যার জন্য যে দ করলাম তাতে কেন্দ্রীয় সরকার একটি পয়সাও দিলেন না। আমরা কি পশ্চিমবঙ্গের মা নই, আমাদের এই দুঃখদুর্দশা কি তারা উপলব্ধি করতে পারেননি? আমাদের যে ৬০০ কে টাকার দাবি ছিল কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন তাতে একটি পয়সাও দিলেন ন আমরা আমাদের মুখ্যমন্ত্রীর যে নীতি সেই নীতি অনুসরণ করে চলেছি। সেখানে বলা হয় পশ্চিমবঙ্গের তার আত্মমর্যাদায় তার সম্পদ নিয়ে মাথা উঁচু করে দাঁড়াবে এবং সেই ভা বেঁচে থাকবে এবং দাঁড়াবে।

মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সিদ্ধার্থশঙ্কর রায় যখন বিরোধীদলের নেতা ছিল মাননীয় মুখ্যমন্ত্রী, আমি আমার বক্তব্যে এই কথা উল্লেখ করেছি, যে তিনিও বললেন বিরো দলের পক্ষ থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর মূর্তির আদল যেভাবে তৈরি করার প্রস্তাব দেবে রাজ্য সরকার সেই প্রস্তাব গ্রহণ করে সেইভাবে মূর্তি তৈরি করবেন। মাননীয় সিদ্ধার্থ বিরোধীদলের নেতা হিসাবে তিনি একজনকে দায়িত্ব দেন, আমার যতটুকু খেয়াল আ ডেপুটি লিডার অফ দি অপজিশনকে দায়িত্ব দেন। তিনি তখন শিল্পীর ল্যাবরেটোরিতে গি মূর্তির আদল দেখে মূর্তি নির্বাচন করে আসেন। এবং সেই মতে ডেপুটি লিডার, দি ডে ডেপুটি লিডার শিল্পীর ল্যাবরেটোরিতে গিয়ে প্রত্যক্ষভাবে মূর্তি দেখেন এবং তার যে বক্ত মূর্তি দেখে, সেটা বলার পরে তার কাছ থেকে সম্পূর্ণ অনুমতি পাওয়ার পরে মূর্তি তৈ করার ক্ষেত্রে যে প্রস্তাব দিয়েছিলেন সেই কাজে আমরা এগিয়ে যাই। পরবর্তীকালে বর্ত বিরোধীদলের নেতা জয়নাল আবেদিন সাহেব বিরোধীদলের নেতার দায়িত্বে আসার পরে তি একটি চিঠি দেন এবং সেই চিঠির পরিপ্রেক্ষিতে আমরা চিঠি দিয়ে জানাই যে মূর্তি সম্পূর্ণভা নির্বাচন হয়ে গেছে। তাতে উনি বললেন যে এটা মানেন না। এবং প্রস্তাব দিলেন যে অবে নতুন করে মূর্তির আদল তৈরি করার চিন্তাভাবনা করছেন। তিনি প্রস্তাব দিলেন যে সেটা

গান্ধীর তরফ থেকে এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। আমরা কোনও বিতর্কে না গিয়ে, বিশেষ করে মুখ্যমন্ত্রীর সঙ্গে যখন এই বিষয়ে আলোচনা করি তিনি বললেন এটা তো সাংঘাতিক কথা। একজন বিরোধীদলের নেতা অনুমোদন দিয়ে যাবেন, সেই বিরোধীদলের আরেকজন নেতা বলবেন সেই নেতা কি করেছেন না করেছেন আমরা সেটা মানি না, এতো এক অদ্ভুত ব্যাপার। যাইহোক, আমরা সেই ব্যাপারে কোনও বিতর্কে জড়িত না হয়ে আমরা জয়নাল সাহেবের যে অনুরোধ, সেই অনুরোধ রক্ষা করে পরবর্তীকালে বললাম, যে মূর্তি অতীতকালে ডেপুটি লিডার অফ দি অপোজিশন অনুমোদন দিয়েছেন তার ক্ষেত্রে যদি কোনও বক্তব্য থাকে এই বিষয়ে, তাহলে মূর্তি দেখে সেটা মতামত জানাবেন। এবং সেটা জানাবার পরে আমরা আবার সেটা সংশোধন করে কাজ করব। সুতরাং ওনারা যে প্রস্তাব দিয়েছেন কি আমরা সেটা বিশ্বভারতীর কলা ভবন, আর কারা আছেন আমার সঠিক খেয়াল নেই সেইভাবে আমরা কাজ এগোচ্ছি। আমরা সত্যকে গোপন করিনি, জয়নাল সাহেব কেন যে সত্যকে গোপন করে হাউসকে বিভ্রান্ত করতে চাইছেন আমার জানা নেই। তাদের দলের ভিন্ন মত থাকায় আজকে ইন্দিরা গান্ধীর মূর্তি বসাতে বিলম্ব হচ্ছে।

সেখানে আমি জিজ্ঞাসা করতে চাই যে, সেখানে কোনও কারণ দেওয়া আছে যে কেন পছন্দ হল না? তার চেহারা বাঁকা কি আদল ভাল না বা পোজিশন ভাল না বা পোশ্চার ভাল এই রকম কোনও কারণ দিয়েছিলেন?

কেন্দ্রীয় সরকার তাদের প্রতিশ্রুতি মতো যদি অর্থ সাহায্য না দেয় সেক্ষেত্রে আমরা পশ্চিমবাংলার মানুষকে বিপদের মুখে ঠেলে দিতে পারি না। আমার সেইজন্য অর্থ না পাওয়া সত্ত্বেও আমাদের প্রশাসনের পক্ষ থেকে সীমিত ক্ষমতার মধ্যে থেকে সীমিত অর্থ দিয়ে কাজ করেছি। আমরা আশা করেছিলাম এই ব্যাপারে আপনাদের কাছ থেকে সঠিক গঠনমূলক বক্তব্য পাব। সেই জায়গায় আপনারা আমাদের কি হতাশ করেছেন। আমি আপনাদের কাছে যে কথাটা বলতে চাই সুদীপবাবু আমাদের বিরোধী দলের বন্ধু তিনি তার বক্তব্যর মধ্যে বলেছেন জাতীয় সড়কের ক্ষেত্রে ৩০ থেকে ৩৩ কোটি টাকা আমরা চেয়েছিলাম, পেয়েছি ১৬ কোটি টাকা। আমরা সেখানে ইতিমধ্যে কাজ করেছি ২৪ কোটি টাকার। আমরা আপনাদেরকে শোনাচ্ছি প্রতি বছরে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত সড়কগুলি আছে সেখানে আমরা যে পরিমাণ কাজ করি এবং কেন্দ্রীয় সরকার যে পরিমাণ বরাদ্দ করেছেন তাতে আমাদের ২১ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে। এখন ওরা বলছেন আমরা তো বলেছিলাম চিন্তা করব, কিন্তু টাকা দেব এই কথা বলিনি, তাই আপনারা এখন ওটা রাজ্যের কোষাগার থেকে দিয়ে দিন। যখন কাজ হয়ে গেল টাকার দাবি করলাম তখন বলছে টাকা দেওয়া যাবে না। অদ্ভুত কেন্দ্রীয় সরকারের মনোভাব, এই ব্যাপারে আমি আপনাদের কাছে অনুরোধ করছি পশ্চিমবাংলার সড়ক ব্যবস্থার উন্নতি সামগ্রিকভাবে আমরা চাই। আমি বিভাগীয় মন্ত্রী হিসাবে আপনাদের কাছে বলতে চাই পশ্চিমবাংলায় এমন কোনও জেলা নেই যেখানে প্রতি বছর প্রত্যেক জেলায় আমি যাইনি। মেদিনীপুরের দুর্ভাগ্যের কথা আমি জানি, বিগত বন্যায় মেদিনীপুর জেলায় কি অবস্থা হয়েছিল, আমরা আমাদের সীমিত আর্থিক অবস্থার মধ্যে বিগত বছরে সড়ক ব্যবস্থার উন্নতির জন্য মেদিনীপুর জেলাকে সবচেয়ে বেশি টাকা বরাদ্দ করেছি, প্রয়োজনের তুলনায় যদিও কম। তবে সেই টাকাটা সম্পূর্ণ সহায়ক হিসাবে পরিপূর্ণ। কিন্তু আজকে

আপনারা যে কথাগুলি তুলছেন সেই কথাগুলি কি? আমাদের একজন বামফ্রন্টের মাননীয় সদস্য উল্লেখ করেছেন বিধানচন্দ্র রায়ের আমলে, প্রফুল্লচন্দ্র সেনের আমলে এমন কি সিদ্ধার্থশঙ্কর রায়ের আমলে যে রাস্তাগুলি আপনারা করে গিয়েছিলেন আধুনিক ব্যবস্থার সঙ্গে পরিপূরক এটা সহায়ক কিনা সেটা আপনারা চিন্তা করুন। আজকে সেই রাস্তা দিয়ে যখন বর্তমান পরিবহন ব্যবস্থায় সেখান দিয়ে ভারী ট্রাক যাচ্ছে তখন সেই রাস্তা সেই ওজন বহন করতে পারছে না তার দায় বামফ্রন্ট সরকারের উপর পড়ছে। আপনারা ৮ ফুটের রাস্তা তৈরি করেছেন, আজকে কি সেই রাস্তা দিয়ে পরিবহন চালানো যায়? সেখানে ডাবল লাইন করা দরকার। বর্তমানে ১ কি. মি. রাস্তা করতে গেলে ১০ লক্ষ টাকা লাগে, এই রাস্তার জন্য কেন্দ্রীয় সরকারের যে দায়-দায়িত্ব—সেই ব্যাপারে সুদীপবাবু বললেন কেন্দ্রীয় সরকারের কোনও দায়িত্ব নেই, কেন্দ্রীয় সরকার কোনও অন্যায় করেনি। আমি আবার অনুরোধ করছি তাঁর দলের নেতাকে উত্তরবঙ্গের সিলতোর্সা, বুড়িতোর্সার উপর যে সেতু নির্মাণের জন্য জাতীয় সড়কের সঙ্গে সংযোগকারি রাস্তা আছে, সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকার পার্লামেন্টে দাঁড়িয়ে বললেন সেন্ট্রাল রোড ফান্ড থেকে প্রতি বছরে আমরা বিভিন্ন রাজ্যকে এই পরিমাণ টাকা দেব। পার্লামেন্টের সেই সিদ্ধান্তের ভিত্তিতে পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ হল ১৫ কোটি টাকা।

সেই ব্যাপারে তো আপনারা দিল্লিতে কোনও ডেলিগেশন দিলেন না। সেন্ট্রাল রোড ফান্ড থেকে পশ্চিমবঙ্গের প্রাপ্য ১৫ কোটি টাকা প্রতি বছরে আমাদের পাওনা। গত তিন বছরে আমাদের পাওনা ৪৫ কোটি টাকা। মাননীয় সদস্যদের আমি জানাচ্ছি আমরা পেয়েছি মাত্র তিন কোটি টাকা। কেন্দ্র অর্থ সাহায্য করছেন জাতীয় সড়কের জন্য, কিন্তু সেই টাকা আমরা পাচ্ছি না। উত্তরবঙ্গে জাতীয় সড়কের সাথে সংযোগকারি একটা সেতু তৈরি হবে সেই এলাকাটার নাম হচ্ছে ফালাকাটা—পুন্ডিবাড়ি, তোর্সা নদীর উপরে। এই সেতুটা হলে অন্য পাঁচটি রাজ্যের সুবিধা হবে। আপনারা শুনলে আশ্চর্য হবেন। যে আধুনিক প্রযুক্তির ক্ষেত্রে যেভাবে রাস্তা বা সেতু তৈরি করলে সুবিধা হয়, আমরা কেন্দ্রীয় সরকারের কাছে বিগত এক বছর আগে সেই প্রস্তাব পাঠিয়েছিলাম। কেন্দ্রীয় সরকার এক বছরের মধ্যে সেই ব্যাপারে কোনও সিদ্ধান্ত জানাতে পারেননি। মাত্র দেড় মাস আগে মিনিস্ট্রি অফ সারফেস ট্রান্সপোর্ট থেকে আমাদেরকে জানানো হল আপনারা যে প্রস্তাব অনুযায়ী কাজ শুরু করুন রাজ্যের অর্থাগার থেকে টাকা দিয়ে, আমরা পরবর্তীকালে সেই টাকাটা দিয়ে দেব। পরিকল্পনা হল কেন্দ্রীয় সরকারের কাছে আমরা প্রস্তাব পাঠালাম এক বছর আগে, কিন্তু তারা এক বছরের মধ্যে কোনও সিধান্ত নিতে পারলেন না, আজও টাকা বরাদ্দ করতে পারলেন না। সেই জন্য মাননীয় বিরোধী দলের বন্ধুদের বলছি, হ্যাঁ, ভারতবর্ষ একটা দেশ এবং পশ্চিমবঙ্গ হচ্ছে একটি অঙ্গরাজ্য। পশ্চিমবঙ্গ যদি এই সড়ক ব্যবস্থার ক্ষেত্রে পিছিয়ে পড়ে তাহলে আগামী প্রজন্মের মানুষ আপনাকে ক্ষমা করবে না। সেইজন্য গঠনমূলক ভাবনা-চিন্তা নিয়ে পশ্চিমবঙ্গের স্বার্থে আপনারা কিছু ভাল চিন্তা করার চেষ্টা করুন। আমি আপনাদেরকে আরেকটা কথা বলতে চাই, আমাদের যে অর্থ আমরা রাজ্য সরকারের কাছ থেকে পাই রাজ্য পরিকল্পনার ক্ষেত্রে, সেখানে বঞ্চনা শুরু হয়েছে দিল্লি থেকে। আমাদের রাজ্যের আয়ের উৎস আপনারা বিভিন্ন কায়দায় টেনে নিয়েছেন আমি সেই কারণে বলছি, পশ্চিমবাংলার আজকে যে অর্থনৈতিক সঙ্কট, তারজন্য মূলত দায়ি কেন্দ্রীয় সরকারের আর্থ-সামাজিক নীতি। আমাদের বিরোধী ব

দীপবাবু বলেছেন আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর ঘরের জন্য কত খরচ হয়েছে, তার বাসভবনের জন্য কত খরচ হয়েছে পি. ডবলু. ডি. দপ্তরকে তা বলতে হবে। যদি তিনি লিখিত প্রশ্ন করেন নিশ্চয় আমি তার জবাব দেব। আমি মাননীয় বিরোধী বন্ধুদের কাছে জিজ্ঞাসা করতে চাই পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর নির্দিষ্ট কোনও সরকারি বাসভবন থাকবে কি থাকবে না? আগে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর সরকারি কোনও নির্দিষ্ট বাসভবন ছিল না। সেই বাসভবন আমরা নির্দিষ্ট করতে চাই এবং সেই বাসভবনের জন্য যা প্রয়োজন সেটা নিশ্চয় আমরা খরচ করব।

বিরোধীদলের বন্ধুরা সে ব্যাপারে কি চিন্তাভাবনা করছেন আমি জানি না। আমি সেই কারণেই জ্যোতিবাবুর কি খরচা হচ্ছে আমি বলতে পারব না। আমাদের বিরোধীদলের নেতা অধিকারবলে তিনি একটি সরকারি আবাসন পাবার অধিকারি। তার জন্য যে আবাসন আমরা নির্দিষ্ট করেছি—শুধু তার বাড়ির ফার্নিচারের জন্য পূর্ত মন্ত্রী হিসাবে আমি ১ লক্ষ টাকা বরাদ্দ করেছি।

(গোলমাল)

তার বাড়ির ফার্নিচারের জন্য ১ লক্ষ টাকা বরাদ্দ করেছি। এবং এর বাইরেও যদি কোনও প্রয়োজন হয় রাখার—তিনি তো প্রত্যাখ্যান করেননি। আমি সেই কারণে বলছি যে, এটি তার ন্যায্য প্রাপ্য বিরোধীদলের নেতা হিসাবে এবং তার মর্যাদা যে জায়গায় থাকা উচিত আমরা সেটা স্বীকার করি এবং তাকে উপযুক্ত মর্যাদা দেওয়ার জন্যই তার বাড়ির আসবাবপত্রের জন্য ১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমি সেই কারণেই বলছি, জ্যোতিবাবুর ক্ষেত্রে নোটিশ দেবেন, জানিয়ে দেব। আমি এবারে যে কথায় আসতে চাই সেটা হচ্ছে—ইন্দিরা গান্ধীর মূর্তি নিয়ে সুদীপবাবু একটা প্রশ্ন তুলেছেন সেই সম্পর্কে। তিনি বলেছেন ইন্দিরা গান্ধীর মূর্তি স্থাপনের ক্ষেত্রে আমরা শৈথিল্য দেখাচ্ছি। আমি বলতে চাই, আমাদের তরফ থেকে কোনও শৈথিল্য নেই। ইন্দিরা গান্ধীর মূর্তির ব্যাপারে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় বলেছিলেন—যখন সিদ্ধার্থবাবু এই বিধানসভায় বিরোধী দলের নেতা ছিলেন—যে, বিরোধী দল ইন্দিরা গান্ধীর মূর্তির ক্ষেত্রে যে আদল তারা ঠিক করে দেবেন সেই আদলের ভিত্তিতেই ইন্দিরা গান্ধীর মূর্তি তৈরি হবে। সিদ্ধার্থবাবু যখন বিরোধীদলের নেতা ছিলেন তখন তার নির্দেশে মূর্তির আদল যে শিল্পী তৈরি করবেন তার ল্যাবরেটরিতে গিয়েই তারা সেটার চূড়ান্ত সিদ্ধান্ত দিয়ে এলেন। আমাদের দুর্ভাগ্য, জয়নাল সাহেব যখন বিরোধী দলের নেতা হলেন, তখন তিনি এসে বললেন, সিদ্ধার্থবাবু যে সিদ্ধান্ত দিয়ে গিয়েছেন আমি সেই সিদ্ধান্ত মানি না। তিনি মাননীয় সোনিয়া গান্ধীর কাছে সেই ব্যাপারটা পাঠিয়ে দিলেন। সোনিয়া গান্ধীর পক্ষ থেকে একজন প্রতিনিধি এসে ইন্দিরা গান্ধীর মূর্তির আদলটা দেখে তিনি বললেন, মূর্তির যে আদল তৈরি হয়েছে আমার চিন্তাতে সেটা সঠিক নয়। জয়নাল সাহেব আমাদের চিঠি দিয়ে জানিয়ে দিলেন যে, এটার পরিবর্তন হওয়া দরকার। মাননীয় মুখ্যমন্ত্রী এই বিধানসভায় প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, বিরোধীদলের পরামর্শ এবং চিন্তাতেই ইন্দিরা গানধীর মূর্তি কলকাতায় প্রতিষ্ঠিত হবে। আমরা সেই কারণেই আবার শিল্পীকে নির্দেশ দিয়েছি যে, সোনিয়া গান্ধীর প্রতিনিধি যে পরামর্শ দিয়েছেন সেই পরামর্শের ভিত্তিতে যেটুকু পরিবর্তন করা দরকার তা পরিবর্তন করে মূর্তি ঢালাই করে এই বর্তমান আর্থিক বছরে ইন্দিরা গান্ধীর মূর্তি যাতে

কলকাতার বুকে প্রতিষ্ঠিত হয় রাজ্য সরকার সে ব্যাপারে সমস্ত দিক থেকে চেষ্টা করছেন এবং আমরা আশা করি এটা বাস্তবে কার্যকর করতে পারব। রাজীব গান্ধীর মূর্তির ক্ষেত্রে সুদীপবাবু একটি প্রশ্ন তুলেছেন। আমি মাননীয় সদস্যকে বলতে চাই, আমরা বামপন্থী ফ্রন্টের পক্ষ থেকে যারা আছে, আমাদের কাছে কোনও রাজনৈতিক ছুঁতমার্গ নেই। আজকে আমি বিস্তৃত তথ্য দিচ্ছি না, শুধু ওদের বিবেকের কাছে আবেদন রেখে বলছি, আমাদের কলকাতার বুকে যে সমস্ত জাতীয় নেতা, প্রখ্যাত ব্যাক্তির মূর্তি ইতিমধ্যেই আমরা স্থাপন করেছি, কংগ্রেস রাজত্বে তার চার ভাগের এক ভাগও হয়নি। নেহেরুর মূর্তি বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে। এমন কি ওরা বলেন যে, পশ্চিমবাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায় এর মৃত্যুর পর প্রফুল্লচন্দ্র সেন মুখ্যমন্ত্রী হয়েছিলেন, তারপর সিদ্ধার্থশঙ্কর রায় মুখ্যমন্ত্রী হয়েছিলেন তারাও ডাঃ বিধানচন্দ্র রায়ের মূর্তি করেননি। এর পর বামফ্রন্ট সরকার আসার পরে আমাদের মুখ্যমন্ত্রী বলেন যে, ডাঃ বিধানচন্দ্র রায়ের মূর্তি রাইটার্স বিল্ডিং এর উল্টো দিকে হবে। সেই মূর্তি বামফ্রন্ট সরকার করেছে। আমরা মনে করি জাতীয় নেতা, যারা সকলের আদরণীয়, সব মানুষের কাছে তার সম্মান আছে, তাদের সকলের মূর্তি হবে। নদীয়া জেলার সদস্য শিবদাস মুখার্জি বললেন পলাশির যে স্মৃতি স্তম্ভ আছে, সেটা আজকে বিনষ্ট হতে চলেছে। আমি বলি বামফ্রন্ট সরকারের আমলে বিনষ্ট কিছু হবে না। বামফ্রন্ট সরকারের আমলে যে স্মৃতি স্তম্ভ আছে, তার উজ্জ্বলতা বেড়েছে। নিত্যানন্দ সাহা, গোয়া মুক্তি আন্দোলনের তো, তার মূর্তি সম্পর্কে প্রশ্ন তুলেছেন। আমি এই বিধানসভায় বলছি বর্তমান আর্থিক বছরেই নিত্যানন্দ সাহার মূর্তি তার এলাকা পায়রডাঙ্গায় বসাচ্ছি, তার ব্যবস্থা পূর্ত দপ্তর করেছে। এমন কি কৃষ্ণনগরে নদীয়া জেলার অন্যতম সুসন্তান কবি দ্বিজেন্দ্রলাল রায়ের মূর্তির ব্যাপারে কোনও কিছু করেননি কংগ্রেস ৩০ বছর ক্ষমতায় থাকাকালীন। ওরা কিছুই করেননি। কৃষ্ণনগরের প্রগতিশীল সাহিত্যিক তারা চিঠি দিয়েছেন যে নদীয়াতে যে সেতু আছে সেটা ডি এল রায়ের নামে নামকরণ করা হোক। এই ব্যাপারটা আমরা গুরুত্ব দিয়ে বিচার করছি। অন্যান্য যে সমস্ত মূর্তির প্রশ্ন আছে, আমাদের বামফ্রন্ট সরকারের নীতি হল জাতীয় নেতা, আমাদের দেশের যে সমস্ত কবি, সাহিত্যিক, যারা দেশের কাছে বরেণ্য, তাদের মূর্তি পশ্চিমবাংলার বুকে উপযুক্ত স্থানে বসিয়ে দেব। তার মধ্যে আছে আমাদের পশ্চিমবাংলার সন্তান, ভারতবর্ষের অন্যতম সুসন্তান চলচ্চিত্র পরিচালক সত্যজিত রায়ের মূর্তি আমরা প্রতিষ্ঠা করার কথা চিন্তা করছি। আমরা কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের মূর্তি প্রতিষ্ঠা করার চেষ্টা করছি। এমন কি এর বাইরেও আরও কয়েকজন প্রখ্যাত শেষ করব। কয়েকজন বিরোধী সদস্য যা বলেছেন, আমরাও আবার সেই প্রস্তাব করেছি, তারা বললেন লেক গার্ডেন্সের ফ্লাই ওভারের কি হবে, বন্ডেল রোডের ফ্লাই ওভারের কি হবে, লিলুয়ার ফ্লাইওভারের কি হবে? আমি এই হাউসের সামনে বলছি, এই তিনটে ফ্লাই ওভারের ক্ষেত্রে প্রকল্পের অনুমোদন আমরা ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের যে এই ব্যাপারে আলোচনার বিষয় ছিল, সেটা চূড়ান্ত হয়েছে, আমরা এই প্রকল্পগুলোর কাজ বর্তমান আর্থিক বছর থেকেই শুরু করব। ওরা ক্ষমতায় ছিলেন, সিদ্ধার্থবাবু প্রায় ৬ বছর ক্ষমতায় ছিলেন একটা মাত্র উড়ালপুল করে গিয়েছিলেন আর আমরা বামফ্রন্ট দায়িত্বে আসার পর মালদা জেলার রদবাড়িতে উড়ালপুল করেছি শ্রীরামপুরে উড়ালপুল করেছি, সোদপুরে উড়ালপুল ইতিমধ্যেই তৈরি হয়ে গেছে, পুরুলিয়ায় উড়ালপুল সমাপ্তির পথে এবং এর বাইরে আরও কয়েকটা উড়ালপুলের প্রস্তাব আমাদের

রছে। ওরা পশ্চিম বাংলায় যোগাযোগ ব্যবস্থার কথা কিছুই চিন্তা করেন নি, নিজেদের অন্তর্দ্বন্দ্ব নিয়েই সময় কাটিয়ে দিয়েছিলেন। একজন বন্ধু, আগ মার্কা বামপন্থী দলের নেতা, সে ইউ. সি. দলের সদস্য বললেন—কলকাতার রাস্তায় এমন গর্ত যে, সে গর্তে মাছ চাষ করা যায়। আমি তাকে জিজ্ঞাসা করছি, এক বিঘত জলে যদি মাছ চাষ করা যায় তাহলে সেখানে কি ধরনের মাছ হতে পারে? কংগ্রেস সদস্যরাও এখানে মাছ চাষের কথা বললেন। আমি বিধানসভার সদস্যদের অবগতির জন্য বলছি, যখন কংগ্রেস এখানে ক্ষমতায় ছিল তখন তারা মৎস্য দপ্তরের দায়িত্বেও ছিলেন। সে সময়ে তারা মাদারিহাট থানার রাঙাবেলিয়া গ্রামে একটা গ্রামের একটা পুকুরকে মাছ চাষের উপযুক্ত মনে করে সেখানে মাছ চাষের জন্য ৬ লক্ষ টাকা খরচ করেছিলেন। যখন আমরা ক্ষমতায় এলাম তখন সেই পুকুরটার তত্ত্বাবধান করতে গিয়ে দেখলাম পুকুরটায় একটাও মাছ নেই, কয়েকশো ব্যাঙাচি রয়েছে, আর খরচের খাতায় ৬ লক্ষ টাকা খরচ দেখানো হয়েছে। ওরা এই ধরনের মাছ চাষ করতেন বলেই রাস্তার গর্তেও মাছ চাষের কথা বলছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমার মনে হয় এই আলোচনা নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হবে না, আরও কিছু সময় প্রয়োজন হবে। সে জন্য আমি সভার অনুমতি নিয়ে আরও ১৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি। আশা করেই এতে কারও আপত্তি নেই।

(এই সময় পূর্ত বিভাগের ব্যয়-বরাদ্দের দাবির উপর আলোচনার সময় ১৫ মিনিট বৃদ্ধি করা হয়।)

**শ্রী মতীশ রায় ঃ** আর একজন কংগ্রেস সদস্য অভিযোগ করেছেন—হাই কোর্টের জজ সাহেবদের জন্য বাসভবন নির্মাণের চিন্তা ভাবনা, মোটেই ভাল চিন্তা নয়। ওরা কি খবর রাখেন আমি জানি না। সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি আমাদের মুখ্যমন্ত্রীকে বলেছেন,—হাই কোর্টের বিচারপতিদের জন্য এবং সুপ্রিম কোর্টের কয়েকজন বিচারপতির জন্য কলকাতায় উপযুক্ত আবাসনের ব্যবস্থা করতে হবে। যেটাকে উপযুক্ত স্থান হিসাবে আমরা মনে করেছি সেখানেই সুপ্রিম কোর্টের বিচারপতির উপদেশ অনুযায়ী কাজ করতে যাচ্ছি। এখন ওরা বলছেন, 'কেন হাই কোর্টের জজদের জন্য বাসস্থান তৈরি হবে?' ওরা যখন পশ্চিম বাংলায় ক্ষমতায় ছিলেন তখন কোনও কাজই করেননি। আমরা যখন বিভিন্ন কাজ করছি এবং আরও বিভিন্ন কাজ করার চেষ্টা করছি তখন ওরা কেন্দ্রের সঙ্গে যুক্তি করে পশ্চিম বাংলাকে শ্মশান করে দিতে চাইছেন। একজন সদস্য বললেন ক্যামাক স্ট্রিটে সরকারি প্রশাসনিক ভবন করার কী প্রয়োজন আছে? অথচ তারাই আবার বলছেন, রাইটার্স বিল্ডিংস' ঘিঞ্জি হয়ে গেছে। বিধানবাবুর আমলে নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং তৈরি হয়েছিল। পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর আমলে আমরা নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং-এর চেয়ে আধুনিক এবং সুন্দর সরকারি প্রশাসন ভবন ক্যামাক স্ট্রিটে তৈরি করব। সেখানে আন্তর্জাতিক স্তরের মিটিং হবার জন্য, দিল্লির বিজ্ঞান ভবনের মতো হল থাকবে। সেই ভবন তৈরি করার উদ্যোগ আমরা নিয়েছি এবং ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছি।

আমরা ১০ কোটি টাকা ব্যয়ে সেই ভবনের কাজ শেষ করব। আমাদের রাজ্য সরকারের প্রশাসনের দিক থেকে, কাজের দিক থেকে এটা নিতান্ত প্রয়োজন এবং সেই কারণে এই কাজ

করছি। এম. এল. এদের বাসস্থান এখানে আছে। আমাদের পূর্ত দপ্তরের বাইরে যে ব্যবস্থা আছে সেখানে এম. এল. এদের বাসভবন অর্থাৎ থাকার ব্যবস্থার উপযুক্ত পরিবেশ সৃষ্টি যাতে হয় তারজন্য রাজ্য সরকার চেষ্টা করছেন। কিন্তু মুশকিল হচ্ছে, আপনারা এখানে সমালোচনা করবেন, আর দিল্লিতে গিয়ে বলবেন রাজ্য সরকার যে সমস্ত পরিকল্পনা নিচ্ছে এগুলি নন-প্ল্যানের খরচ, যাতে না হয় আটকে দিন। আপনারা চিন্তা করে মিলিয়ে দেখুন ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যের মন্ত্রীরা এবং এম. এল. এদের যে সমস্ত সুযোগ-সুবিধা দেওয়া হয় পশ্চিমবাংলায় তার থেকে কম আছে কিনা? আমরা সেক্ষেত্রে সবচেয়ে বেশি সজাগ। আমরা জনপ্রতিনিধি বলে নিজেরা যখন দাবি করি তখন আমরা সেইদিকে দৃষ্টি রেখে আত্মত্যাগের মোহ নিয়ে কাজ করতে পারি এবং সেই কাজে ব্রতী হয়ে কাজ করে যাচ্ছি। সেইজন্য আপনাদের কংগ্রেস শাসিত রাজ্যের এম. এল. এরা কিম্বা দিল্লিতে সংসদের যে সদস্য, আপনারা সমালোচনা করেন। প্রধানমন্ত্রী দাঁড়িয়ে লোকসভায় বলেছিলেন যে, কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন প্রতিটি সাংসদকে প্রতি বছর ১ কোটি টাকা করে দেবেন তাদের নিজেদের সংসদীয় এলাকায় কাজ করার জন্য। তার কিছুদিন পরে আপনাদের অর্থমন্ত্রী বললেন, প্রধানমন্ত্রী সংসদের কি বলেছেন তা আমি জানি না, তবে আমি প্রতিটি সাংসদকে ১ কোটি টাকা করে দেব না। তিনি বললেন, ২০ লক্ষ টাকা পর্যন্ত দেওয়া যাবে সেই কারণে বলছি, মানুষকে ধাপ্পা দিয়ে লাভ নেই। আজকে আপনারা গঠনমূলক, উন্নয়নমূলক কাজের কথা বলছেন। আজকে গ্রামের দিকে তাকিয়ে দেখুন। আমি শুধু একটি মাপকাঠির কথা উল্লেখ করতে চাই। কংগ্রেসের রাজত্বের সময় প্রতি বছর ভাদ্র কিম্বা কার্তিক মাসে কলকাতায় আমরা লক্ষ লক্ষ ভিখারির সমাবেশ দেখতাম। কারণ গ্রামে খাওয়া-পরার কাজ পেত না তাই কলকাতায় ছুটে আসতেন। কিন্তু বামফ্রন্ট সরকার আসার পর গ্রামের অর্থনীতি এমন জায়গায় গিয়ে দাঁড়িয়েছে, রাস্তাঘাট এইরকম জায়গায় বলেই, অর্থনৈতিক উন্নতি হয়েছে বলেই এটা সম্ভব হয়েছে। তাই আপনারা যতই সমালোচনা করুন না কেন, আমরা মানুষের অধিকারকে বিশ্বাস করি। তাই সুনির্দিষ্ট সময়ে আমরা নির্বাচনের সম্মুখীন হই এবং মানুষ আমাদের বিপুলভাবে সমর্থন জানায় আর আপনাদের দূরে সরিয়ে রাখেন। গত ১৭ বছর ধরে একই ইতিহাস চলছে এবং আমি বিশ্বাস করি আগামী দিনেও সেই একই ইতিহাস চলবে। সেই কারণে আমি জোর দিয়ে বলতে চাই, পশ্চিমবাংলার সড়ক ব্যবস্থার উন্নতির জন্য যে কাজের ইঙ্গিত আমরা দিয়েছি সেই ইঙ্গিত কার্যকর করার জন্য আমরা প্রতিজ্ঞাবদ্ধ এবং কার্যকর করব। পশ্চিমবঙ্গের উন্নতির জন্য সমস্ত মানুষের সাহায্য এবং সহানুভূতি আমাদের পিছনে আছে, আমরা সে ভাবে এগিয়ে যাব। পূর্ত দপ্তরের ব্যাপারে আমি কোনও দুর্নীতির অভিযোগ বিরোধীদলের সদস্যরা আনতে পারেন নি। তা সত্ত্বেও দুর্নীতি সম্বন্ধে আমার দপ্তর সম্পূর্ণ সজাগ। ইতিমধ্যে বর্তমান আর্থিক বছরে ৪ জন অফিসারের বিরুদ্ধে আমি প্রশাসনিক ব্যবস্থা নিয়েছি। সেজন্য বিরোধীদলের আনীত কাট মোশনের প্রত্যেকটি বিরোধিতা করে আমি যে ব্যয় বরাদ্দের দাবি এখানে পেশ করেছি, আশা করি সবাই সেটাকে অনুমোদন দেবেন এবং সেভাবেই আমরা কাজ করব এই কথা বলে আন্তরিক অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, একটা ব্যাপার হচ্ছে স্বর্গীয়া প্রয়াতা ইন্দিরা গান্ধীর মূর্তির ব্যাপারে মাননীয় মন্ত্রী বললেন যে, উনি জানেন। এটা কি

একটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছে। উনি বলে গেলেন মাননীয় জয়নাল আবেদিন পিছনে না করার জন্য দায়ী। আমি উল্লেখ করছি ৭ই মার্চ, ১৯৯৪ উনি মিসেস সোনিয়া গান্ধীর প্রাইভেট সেক্রেটারিকে একটি চিঠি লিখেছেন। একটা রাজ্যের মন্ত্রী প্রাইভেট সেক্রেটারিকে চিঠি লিখতে পারেন না।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** পয়েন্ট অফ অর্ডারে পয়েন্ট অফ ইনফরমেশন হয় না। আপনি বসুন।

(গোলমাল)

## Demand No.—25

**Mr. Speaker :** There are four cut motions to Demand no. 25. All the cut motions are in order and have already been moved. I put the cut motion no. 2 (moved by Shri Sobhandeb Chattopadhyay) to vote because I understand a division will be demanded on cut motion nos. 1, 3, and 4.

The motion (cut motion no. 2 moved by Shri Sobhandeb Chattopadhyay) that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

[5-10 — 5-20 p.m.]

The motions (Nos. 1, 3 and 4) that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and a division taken with the following results.

**NOES**

Abdul Haque, Shri
Abdul Quiyom Molla, Shri
Abu Ayes Mondal, Shri
Abul Hasanat Khan Shri
Anisur Rahaman, Shri
Bagdi, Shri Bijoy
Bal, Shri Sakti
Basu, Shri Nihar Kumar
Bose, Shri Shyamaprasad
Basu, Shri Subhas
Baora, Shri Samar

Bera, Shri Bishnupada
Biswas, Shri Benay Krishna
Biswas, Shri Kali Prasad
Biswas, Shri Kamalakshi
Biswas, Shri Sushil
Bouri, Shri Haradhan
Chakraborty, Shrimati Tania
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Anjan
Chatterjee, Shrimati Nirupama
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Bidyut Kumar
Das, Shri Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh Nath
Das, Shri S. R.
Das, Shri Soumindra Chandra
Deb, Shri Rabin
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Narendra Nath
Dhar, Shri Padmanidhi
Duley, Shri Krishna Prasad
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Malin
Ghosh, Shri Susanta
Goswami, Shri Subhas
Hazra, Shri Haran
Hajra, Shri Sachindra Nath
Hajra, Shri Samar
Hore, Shri Tapan
Id. Mohammed, Shri
Jam-adar, Shri Badal
Jana, Shri Manindra Nath
Joardar, Shri Dinesh

Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Lakshmi Ram
Koley, Shri Barindra Nath
Mahato, Shri Satya Ranjan
Majhi, Shri Nandadulal
Maji, Shri Pannalal
Majhi, Shri Raicharan
Mondal, Shri Rabindra Nath
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sailendranath
Mitra, Shri Biswanath
Moitra, Shri Birendra Kumar
Mostafa Bin Quasem, Shri
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Narayan
Munda, Shri Chaitan
Murmu, Shri Debnath
Murmu, Shri Sarkar
Nath, Shri Monoranjan
Oraon, Shri Jagannath
Pakhira, Shri Ratan Chandra
Pathak, Shri Patit Paban
Patra, Shri Amiya
Pradhan, Shri Prasanta Kumar
Ray, Shri Matish
Saha, Shri Kripa Sindhu
Sanyal, Shri Kamalendu
Sarkar, Shri Sisir Kumar
Sahis, Shrimati Bilasibala
Sen Gupta, (Bose), Shrimati Kamal
Singh, Shri Lagan Deo
Sinha, Shri Prabodh Chandra
Sk. Nazmul Haque, Shri

Touab Ali, Shri

Unus Sarkar, Shri

**AYES**

Abdul Mannan, Shri

Abdus Salam Munshi, Shri

Banerjee, Shri Prabir

Bandyopadhyay, Shri Sudip

Bapuli, Shri Satya Ranjan

Das, Shri Sailaja Kumar

Das, Shri Sanjib Kumar

De, Shri Ajoy

Lahiri, Shri Jatu

Md. Abul Karim Choudhury, Shri

Mukherjee, Shri Sibdas

Nurul Islam Chowdhury, Shri

Pande, Shri Sadhan

Roy, Shri Saugata

Rubi Nur, Shrimati

Zainal Abedin, Dr.

**Abst :**

Purkait, Shri Probodh

The Noes being 84 and Ayes—16 the motions were lost.

The motion of **Dr. Asim Kumar Dasgupta** that a sum Rs. 1,80,61,13,000 be granted for expenditure under Demand No 25 Major Heads : "2059—Public Works, 2202—General Education (Buildings), 2205—Art and Culture (Buildings), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 2216—Housing (Buildings), 2230—Labour and Employment (Buildings), 2235—Social Security and Welfare (Social Welfare) (Buildings), 2401—Crop Husbandry (Buildings), 2403—Animal Husbandry (Buildings), 2404—Dairy Development (Buildings), 2406—Forestry and Wild Life (Buildings), 2408—Food, Storage and Warehousing (Buildings), 2852—Industries (Excluding Public Undertakings and Closed & Sick Industrties) (Buildings), 2853—Non Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on

Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) Tribal Areas Sub-Plan) (Buildings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed & Sick Industries) (Buildings)".

(This is inclusive of a total of sum of Rs. 60,20,60,000 already voted on account in March, 1994.)—was then put and agreed to.

**Demand No. 79**

**Mr. Dy. Speaker :** I now put to vote all the cut motions except cut motion no. 1 on which I understand division will be demanded.

The motions (cut motion nos 2 & 3) that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost

The motion (cut motion no. 1) that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and a division was taken with the following results :—

**NOES**

Abdul Haque, Shri

Abdul Quiyom Molla, Shri

Abu Ayes Mondal, Shri

Abul Hasanat Khan, Shri

Anisur Rahaman, Shri

Bagdi, Shri Bijoy

Bal, Shri Sakti

Basu, Shri Nihar Kumar

Bose, Shri Shyamaprasad

Basu, Shri Subhas

Baora, Shri Samar
Bera, Shri Bishnupada
Biswas, Shri Benay Krishna
Biswas, Shri Kali Prasad
Biswas, Shri Kamalakshi
Biswas, Shri Sushil
Bouri, Shri Haradhan
Chakraborty, Shrimati Tania
Chakraborty, Shri Umapati
Chatterjee, Shri Anjan
Chatterjee, Shrimati Nirupama
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Bidyut Kumar
Das, Shri Debesh
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh Nath
Das, Shri S. R.
Das, Shri Soumindra Chandra
Deb, Shri Rabin
Dey, Shri Lakshmi Kanta
Dey, Shri Narendra Nath
Dhar, Shri Padmanidhi
Duley, Shri Krishna Prasad
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Malin
Ghosh, Shri Susanta
Goswami, Shri Subhas
Hazra, Shri Haran
Hajra, Shri Sachindra Nath
Hajra, Shri Samar
Hore, Shri Tapan
Id. Mohammed, Shri
Jam-adar, Shri Badal
Jana, Shri Manindra Nath

Joardar, Shri Dinesh
Kar, Shrimati Anju
Kar, Shri Nani
Kisku, Shri Lakshmi Ram
Koley, Shri Barindra Nath
Mahato, Shri Satya Ranjan
Majhi, Shri Nandadulal
Maji, Shri Pannalal
Majhi, Shri Raicharan
Mondal, Shri Rabindra Nath
Mondal, Shri Raj Kumar
Mondal, Shri Sailendranath
Mitra, Shri Biswanath
Moitra, Shri Birendra Kumar
Mostafa Bin Quasem, Shri
Mozammel Haque, Shri
Mukherjee, Shri Narayan
Munda, Shri Chaitan
Murmu, Shri Debnath
Murmu, Shri Sarkar
Nath, Shri Monoranjan
Oraon, Shri Jagannath
Pakhira, Shri Ratan Chandra
Pathak, Shri Patit Paban
Patra, Shri Amiya
Pradhan, Shri Prasanta
Ray, Shri Matish
Saha, Shri Kripa Sindhu
Sanyal, Shri Kamalendu
Sarkar, Shri Sisir Kumar
Sahis, Shrimati Bilasibala
Sen Gupta, Shri Dipak
Sen Gupta, (Bose), Shrimati Kamal
Singh, Shri Lagan Deo

Sinha, Shri Prabodh Chandra
Sk. Nazmul Haque, Shri
Touab Ali, Shri
Unus Sarkar, Shri

**AYES**

Abdul Mannan, Shri
Banerjee, Shri Prabir
Bandyopadhyay, Shri Sudip
Bapuli, Shri Satya Ranjan
Das, Shri Sailaja Kumar
Das, Shri Sanjib Kumar
Dey, Shri Ajoy
Lahiri, Shri Jatu
Md. Abul Karim Choudhury, Shri
Mudi, Shri Anil
Mukherjee, Shri Sibdas
Pande, Shri Sadhan
Roy, Shri Saugata
Rubi Nur, Shrimati
Zainal Abedin, Dr.

**Abst :**

Purkait, Shri Probodh

The Ayes being 15 and Noes 82 the motions was lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 1,86,09,73,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges." was than put and agreed to.

[5-20 — 5-30 p.m.]

## POINT OF ORDER

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি আইনের উর্ধ্বে নন এই কথা আপনাকে প্রথমেই জানিয়ে দিই। আমি একাধিকবার বলেছে আপনি আইনের উর্ধ্বে নন। এই হাউস পরিচালনার দক্ষতা না থাকে, আমি অনুরোধ করব চেয়ার থেকে নেমে যান।

(তুমুল গোলমাল)

আজকে ৩৩২ আমি বলব বলে এসেছি। আপনি চালাতে পারবেন না, চলে যান।

(তুমুল গোলমাল)

A member may, with the permission of the Speaker, make a personal explanation although there is no question before the House, but in this case no debatable matter may be brought forward, and no debate shall arise.

আপনাকে নোটিশ দেওয়ার পরেও আপনি ৩৩২-তে বলতে দিলেন না কেন এই কথা আপনার কাছে জানতে চাই। কেন ৩৩২-তে বলতে দিলেন না? ৩৩২-তে আপনাকে বলা হয়েছে, আপনি ইঙ্গিত করেছেন বলতে দেবেন। কেন দেননি বলতে? মাননীয় পূর্ত মন্ত্রী এই হাউসে যে বক্তব্য রাখলেন সেটা গোটা হাউসকে বিভ্রান্ত করেছেন। আমি মনে করি উনি ক্যাবিনেট মিনিস্টার, তিনি এখানে হাউসকে বিভ্রান্ত করেছেন। উনি লিখেছেন নট টু সোনিয়া গান্ধী বাট টু দি প্রাইভেট সেক্রেটারি অফ সোনিয়া গান্ধী। এই মর্যাদা বোধ! এখানে কি লিখেছেন? 7. 3. 94, D. O. No. 799-C. S., Private Secretary to Mrs. Sonia Gandhi. I am happy to let you know that Government of West Bengal have decided to install a double life-size bronze statue of Smt. Indira Gandhi, ex-Prime Minister of India in a suitable place in Calcutta. Shri Ramesh Chandra Pal, Sculptor was selected by the Selection Committee to prepare the said statue and the clay model so prepared by the sculptor was examined and inspected by then Deputy Leader of the Congress Legislature Party.

সিদ্ধার্থবাবু লেখেননি, আপনি মিথ্যা কথা বলেছেন। মিথ্যা কথা বলেছেন। আপনি মিথ্যাবাদী। The clay model of the statue was duly approved by then Deputy Leader of the Congress Legislature Party. সিদ্ধার্থবাবু যায়নি। অসত্য কথা বলেছেন, বিভ্রান্ত করেছেন। প্রাইম মিনিস্টারের কাছে নয়, সোনিয়া গান্ধীর প্রাইভেট সেক্রেটারির কাছে ক্যাবিনেট মিনিস্টার কাতর আবেদন করছে।

Shri Ramesh Chandra Pal then converted the clay model of the statue into plaster of paris and we requested the Leader of the Opposition, W. B. Legislative Assembly to inspect the plaster of paris model and furnish his views so that we can proceed with the work.

Ramesh Pal acted upon the suggestion of Sri G. R. Santosh to the extent possible I request you to kindly send a competent representative to Calcutta for inspection.

A letter was also written to the Private Secretary to Mrs. Sonia Gandhi to send a man. Mrs. Sonia Gandhi instead of replying to him sent the letter to me that "please ask Shantiniketan Kala Bhawan or send any expert to examine the model."—He has misled the House.

I would now request to kindly send a competent representative to Calcutta for inspection of the plaster of paris model of this statue and furnish the views so that we can take further action in the matter.

(At this stage the Hon'ble Speaker took the Chair)

**Mr. Speaker** : Dr. Abedin, what's the matter ?

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ স্যার, অ্যাজ এ পার্সোনাল এক্সপ্লানেশন আমি ৩৩২-তে বলছি।

**মিঃ স্পিকার** ঃ ডাঃ আবেদিন ৩৩২-তে বলতে গেলে চেয়ারের একটা অনুমতি নিতে হয়।

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ স্যার, চেয়ার থেকে অনুমোদন দিয়েছেন। এখানে উনি আমাকে বলেছেন।

"I would now request to send competent representative for inspection of the plaster or paris model and furnish the views so that we can take further action in the matter. The State Government is very keen to install the statue of late Indira Gandhi as early as possible' To. The Private Secretary of Mrs. Sonia Gandhi, 10, Janapath Road, New Delhi

With regards, Yours sincerely,

Matish Roy.

মতীশ রায় সোনিয়া গান্ধীকে এই চিঠিটা লিখেছিলেন। সোনিয়া গান্ধী রাজীব গান্ধী ফাউন্ডেশন থেকে আমাকে পাঠিয়ে দিলেন। উনি বললেন যে, তুমি একটা রিকোয়েস্ট কর স্যার,

I am reading the leter. It is necessary.—"We have received D O. No. 799 CS dated March 7, from Sri Matish Roy, Minister-in-Charge, Public Works Department, Government of West Bengal, Writers' Buildings, Calcutta—Copy enclosed. About life size bronze statue of Indira Gandhi the letter is self-explanatory. We should take immediate step to get the statue examined by eminent sculptor or artist preferably from Shantiniketan. You may communicate your recommendation directly to the State Government under intimation to us. With kind regards.

Yours Sincerely

**Mr. Speaker** : I believe there have been series of letters. not one. But what was the earliest letter in point of time. That time you

were not the Leader of the Opposition. Hon'ble Shri Siddhartha Sankar Roy was the Leader of the Opposition. What was that letter ?

**Dr. Zainal Abedin :** That letter Shri Siddhartha Sankar Roy can explain, not me.

[5-30 — 5-40 p.m.]

**শ্রী মতীশ রায় :** মাননীয় স্পিকার মহাশয়, মাননীয় সিদ্ধার্থ রায় যখন বিরোধীদলের, নেতা ছিলেন মাননীয় মুখ্যমন্ত্রী আমি আমার বক্তব্যে এই কথা উল্লেখ করেছি যে তিনি বললেন বিরোধী দলের পক্ষ থেকে শ্রীমতী ইন্দিরা গান্ধীর মূর্তির আদল যেভাবে তৈরি করার প্রস্তাব দেবেন রাজ্য সরকার সেই প্রস্তাব গ্রহণ করে সেইভাবে মূর্তি তৈরি করবেন। মাননীয় সিদ্ধার্থবাবু বিরোধীদলের নেতা হিসাবে তিনি একজনকে দায়িত্ব দেন, আমার যতটুকু খেয়াল আছে ডেপুটি লিডার অফ দি অপোজিশনকে দায়িত্ব দেন। তিনি তখন শিল্পীর ল্যাববেটোরিতে গিয়ে মূর্তির আদল দেখে মূর্তি নির্বাচন করে আসেন। এবং সেই মতে ডেপুটি লিডার, দি দেন ডেপুটি দেখে সেটা বলার পরে তৈরির তার কাছ থেকে সম্পূর্ণ অনুমতি পাওয়ার পরে মূর্তি তৈরি করার ক্ষেত্রে যে প্রস্তাব দিয়েছিলেন সেই কাজে আমরা এগিয়ে যাই। পরবর্তীকালে বর্তমান বিরোধীদলের নেতা জয়নাল আবেদিন সাহেব বিরোধীদলের নেতা দায়িত্বে আসার পরে তিনি একটি চিঠি দেন এবং সেই চিঠির পরিপ্রেক্ষিতে আমরা চিঠি দিয়ে জানাই যে মূর্তি সম্পূর্ণভাবে নির্বাচন হয়ে গেছে। তাতে উনি বললেন যে এটা মানেন না। এবং প্রস্তাব দিলেন যে, আবার নতুন করে মূর্তির আদল তৈরি করার চিন্তা ভাবনা করছেন। তিনি প্রস্তাব দিলেন যে সোনিয়া গান্ধীর তরফ থেকে এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। আমরা কোনও বিতর্কে না গিয়ে, বিশেষ করে মুখ্যমন্ত্রীর সঙ্গে যখন এই বিষয়ে আলোচনা করি তিনি বললেন এটা তো সাংঘাতিক কথা। একজন বিরোধীদলের নেতা অনুমোদন দিয়ে যাবেন সেই বিরোধীদলের আরেক জন নেতা বলবেন সেই নেতা কি করেছেন আমরা সেটা মানিনা, এ তো এক অদ্ভুত ব্যাপার। যাইহোক, আমরা সেই ব্যাপারে কোনও বিতর্কে জড়িত না হয়ে আমরা জয়নাল সাহেবের যে অনুরোধ সেই অনুরোধ রক্ষা করে পরবর্তীকালে বললাম যে মূর্তির অতীতকালে ডেপুটি লিডার অফ দি অপোজিশন অনুমোদন দিয়েছেন তার ক্ষেত্রে যদি কোনও বক্তব্য থাকে এই বিষয়ে, তাহলে মূর্তি দেখে সেটা মতামত জানাবেন। এবং সেটা জানাবার পরে আমরা আবার সেটা সংশোধন করে কাজ করব। সুতরাং ওনারা যে প্রস্তাব দিয়েছেন কি আমরা সেটা বিশ্বভারতীর কলা ভবন, আর কারা আছেন আমার সঠিক খেয়াল নেই সেইভাবে আমরা কাজ এগোচ্ছি। আর সত্যকে গোপন করিনি, জয়নাল সাহেব কেন যে সত্যকে গোপন করে হাউসকে বিভ্রান্ত করতে চাইছেন আমার জানা নেই। তাদের দলের ভিন্ন মত থাকায় আজকে ইন্দিরা গান্ধীর মূর্তি বসাতে বিলম্ব হচ্ছে।

**Mr. Speaker :** Mr. Matish Roy, the earlier model that was approved by the Deputy Leader of the Opposition, why was it disapproved by the subsequent Leader of the Opposition ?

সেখানে আমি জিজ্ঞাসা করতে চাই যে, সেখানে কি কোনও কারণ দেওয়া আছে যে কেন পছন্দ হল না? তার চেহারা ভাল, কি আদল ভাল না বা পজিশন ভাল না, বা পোশ্চার ভাল নয় এই রকম কোনও কারণ দিয়েছিলেন?

**Shri Matish Roy** : No reason was given to us.

**Dr. Zainal Abedin** : Sir, it is a wrong statement, erroneous statement of Hon'ble Minister that in point of time I had said that I did not approve the statue. While I became Leader of the Opposition, on the 6th of January, Mr. Speaker, Sir, I got a letter from PWD Minister requesting me to examine the statue and to give my opinion. In reply I wrote, I am not an expert, I'll request Shrimati Sonia Gandhi to send someone who was closed to Shrimati Indira Gandhi to examine the statue. I have never seen the statue. I do not know the finesse or otherwise of the statue of the sculptor. Immediately I told that "I am not the competent man. I am sending this letter to Shrimati Sonia Gandhi. Rajiv Gandhi Foundation will depute a man."

Sir, the Minister is wrong. I never said that I have seen. I did not approve. I have written him. Copy of the letter is available here saying that I am not an expert. I am not going to examine. Please note that I have referred your letter to Shrimati Sonia Gandhi either herself to examine or send and expert who was closed to Shrimati Indira Gandhi so that they can comment on the statue. Accordingly, the same way the State Government approached an expert. They examined, they co-operated with the expert. He gave his opinion. Then it was immediately forwarded to him and to the Rajib Gandhi Foundation and he has written a letter. I have read his letter. But it was not to Shrimati Sonia Gandhi but to the Private Secretary of Shrimati Sonia Gandhi—that views of the expert have been implemented. Subsequently, the Rajib Gandhi Foundation told me. Then I have immediately contacted them They contacted Santiniketan to bring some experts. The expert came examined and gave his opinion. I have again forwarded to him The matter is—he convened meeting on the 18th May. But he had cancelled the meeting giving him the information that he will call another meeting at some point of time where myself or any representative will go and take part in the proceedings for further action in the matter So he is totally wrong.

My next point is—he has alleged that he has given me rupees 10 lakhs for furniture. Let him come forward. It is entitled to every minister. Let him come forward. Of the one lakh rupees how many thousand of rupees have been spent so far for the furniture ? Next, with [****].

Note ** Expunged as ordered by the Chair.

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** That will not go on record. Unnecessary contro-ersy has been raised by the Leader of the Opposition. There appears be no misunderstanding on the part of the Minister. He has referred the approval made by the former Leader of Opposition through the eputy who was then the Deputy Leader of Opposition and subsequent- when the new Leader of Opposition was appointed, certain disputes the Opposition might have been sought for clarification as regards e approval of his skill on a model or portrait. That is not any point f controversy. The government is proceeding for the preparation of a atue or a bronze model of late Indira Gandhi. Steps are being taken. o there should be no further debate on this. The matter stands closed.

All aspersions against the Chair are expunged.

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অমি একটা ইনফর্মেশন এই হাউসের সামনে খতে চাই। আজকে আমাদের এখানে যখন প্রশ্নোত্তর পর্ব চলছিল তখন অনুমোদিত প্রশ্ন ব ১৮৩ উত্থাপন করেছিলেন আমাদের মাননীয় সদস্য প্রশান্ত প্রধান। কিন্তু আড়াইটের য় আকাশবাণী থেকে যে বুলেটিন পড়েছে তাতে বলেছে এই প্রশ্ন রেখেছেন প্রশান্ত ঘোষ। টা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। এটা ইচ্ছা করেই ভুল ছেপে দেওয়া হয়েছে। আমরা প্রায়ই খতে পাচ্ছি আমাদের বিধানসভার সদস্যদের নাম বিকৃত করে প্রচার করা হচ্ছে। আকাশবাণী কে যে সমস্ত সংবাদদাতাকে খবর সংগ্রহের জন্য পাঠাচ্ছে তারা তাদের কাজ ঠিকমতো রে না, তারা তাদের দায়িত্ব পালন করছে না। এটা হাউসের প্রতি অবমাননা।

Now discussion on Voting on Demands.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand No. 54

**Mr. Speaker :** There are twelve cut motions to this Demand hich are in order and taken as moved.

**Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Prabir anerjee, Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the mount of the Demand be reduced by Rs. 100/-.

### Demand No. 86

**Mr. Speaker :** There are two cut motions to this Demand which re in order and taken as moved.

**Shri Saugata Roy, Shri Prabir Banerjee :** Sir, I beg to move hat the amount of the Demand be reduced by Rs. 100/-.

[5-40 — 5-50 p.m.]

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে বাজেট এখানে পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনটাকে সমর্থন করে আমি এখানে কয়েকটি কথা বলছি। স্যার, আজকে পশ্চিমবাংলার খাদ্য দপ্তরটা হয়ে দাঁড়িয়েছে ভিক্ষে চাওয়ার দপ্তর এবং চাঁদা তোলার দপ্তর। দুর্নীতি এবং চুরিতে এই দপ্তর পরিপূর্ণ, এই দপ্তর তার নিজের দায়-দায়িত্ব ঠিকমতো পালন করতে পারছে না এবং সেই দায়িত্ব কেন্দ্রের উপর চাপিয়ে দিয়ে নিজেরা মুক্তি পেতে চাইছে। আমি একে একে বলব কিভাবে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে কিছু ভুলভাল কথা বলে নিজেদের দিক থেকে আর্থিক মুক্তি পেতে চাইছে। এই রাজ্য সরকার খাদ্য সংগ্রহ করতে সব থেকে বেশি ব্যর্থ এবং চালকল মালিকদের সঙ্গে গাঁটছড়া বেঁধে রেখেছে এবং কিছু কিছু ক্ষেত্রে আড়াই লক্ষ টন সংগ্রহ মাত্রা রেখেছিল সেটাও তারা সংগ্রহ করতে পারেননি। গত বছর ১ লক্ষ ৪১ হাজার টন খাদ্য সংগ্রহ করতে পেরেছে। এই সরকার শুধু বিবৃতি দিয়ে বলছে কেন্দ্র আমাদের কিছু দিচ্ছে না। আমি একটা ছোট্ট তথ্য আপনার কাছে রাখছি। ভারতবর্ষের অন্যান্য রাজ্যে সেন্ট্রাল পুল কতটা দিচ্ছে। চালের ক্ষেত্রে অন্ধ্রপ্রদেশ দিয়েছে ৩,২৯৬ হাজার টন ; হরিয়ানা ৯০৯ টন ; পাঞ্জাব ৪,৫০৯ টন ; উত্তরপ্রদেশ ১,১৮৬ টন, আর পশ্চিমবঙ্গ দিয়েছে ১৬৮ হাজার টন। তার মানে কি? পশ্চিমবঙ্গ যেভাবে খাদ্য সংগ্রহ করতে ব্যর্থ সেইভাবে যদি পাঞ্জাব, হরিয়ানা, অন্ধ্রপ্রদেশ ব্যর্থ হত তাহলে ভারতবর্ষে পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে দেবার মতো কোনও চাল থাকত না। গমের ক্ষেত্রে দেখুন, পশ্চিমবঙ্গ কানাকড়ি টাকাও দিচ্ছে না। সেখানে হরিয়ানা দিচ্ছে ১৩ লক্ষ ৭২ হাজার টন ; পাঞ্জাব দিচ্ছে ১৪ লক্ষ ৮৯ হাজার টন ; উত্তরপ্রদেশ দিচ্ছে ৪ লক্ষ ৯৭ হাজার টন, আর পশ্চিমবঙ্গের সেখানে কোনও কন্ট্রিবিউট নেই। এটাকে একটা ভিখারির দপ্তর বলতে পারেন। এরা কেবল কেন্দ্র দিচ্ছে না কেন্দ্র দিচ্ছে না বলে। চালকল মালিকদের সঙ্গে অশুভ আঁতাত ফলে আজকে সংগ্রহের লক্ষ্যমাত্রা পূরণ হচ্ছে না। মাঝে মাঝেই একটা অভিযোগ তোলা হয়, কেন্দ্র থেকে চাল, গম ঠিকমতো রাজ্য পাচ্ছে না। পশ্চিমবাংলা কি সত্যই চাল, গম কেন্দ্র থেকে পাচ্ছে না? কম পাচ্ছে? অন্যান্য রাজ্যের তুলনায় কি সত্যিই কম পাচ্ছে?

স্যার, আমার কাছে ১৯৯৩ সালের ডিসেম্বর পর্যন্ত হিসাব আছে। ১৯৯২/৯৩ সালের যে কমপ্লিট ফিগার আমার কাছে আছে সেটা যদি ধরি তাহলে দেখব যে পশ্চিমবঙ্গে যা চাল, গমের অ্যালোকেশন হচ্ছে পশ্চিমবঙ্গে তা অফটেক করতে পারছে না। তার মানে কেন্দ্র দিচ্ছে কিন্তু সেটা আমরা নিচ্ছি না, নিতে পারছি না। অথচ বক্তৃতায় দেখুন, দেখবেন কেন্দ্রের বিরুদ্ধে বিষোদগার এবং কেন্দ্রের কাছে আরও দাবি জানানো হচ্ছে। উদাহরণস্বরূপ আমি বলতে পারি, ১৯৯২/৯৩ সালে আমাদের অ্যালোকেশন ছিল ৯৮০ হাজার টন, ৯ লক্ষ ৮০ হাজার টন, এটা গমের ক্ষেত্রে এবং সেখানে অফ টেক হয়েছে ৭ লক্ষ ১১ হাজার টন। তার মানে প্রায় ২ লক্ষ ৬৯ হাজার টন অফ টেক করেননি। আপনারা জানেন যে পশ্চিমবঙ্গের মানুষ প্রচুর পরিমাণে চাল খায়। এই চালের ক্ষেত্রে ১৯৯২/৯৩ সালে অ্যালোকেশন ছিল ৯৩১.৮২ হাজার টন কিন্তু সেখানে আমরা নিয়েছি ৪৯৪.২ হাজার টন। এ ক্ষেত্রে আমাদের অফটেক হচ্ছে লিটিল মোর দ্যান ফিফটি পারসেন্ট। এরপর ওরা কোনও মুখে কেন্দ্রের কাছে

অ্যালোকেশন বাড়াবার কথা বলেন তা আমরা বুঝতে পারি না। যেখানে প্রায় ৫ লক্ষ টন ৯২/৯৩ সালে অফটেক করতে পারেননি সেখানে কোনও মুখে বলেন যে কেন্দ্র দিচ্ছে না? অথচ দেখুন যাদের সত্যিকারের প্রয়োজন তাদের অফ টেকের রেশিও কত হাই। কেরালা, এটা একটা ডেফিসিট স্টেট। মুলত তারা চালের উপর নির্ভরশীল। কেরালার জন্য ১৯৯২/৯৩ সালে অ্যালোকেশন ছিল ১৭৯২ হাজার টন, সেখানে তাদের অফটেক হচ্ছে ১৭৭৮ হাজার টন—৯০ পারসেন্টের বেশি তারা অফটেক করেছে। চালের ক্ষেত্রে আপনি যেখানে ৫৫ পারসেন্ট অফ টেক করেছেন সেখানে কোনও যুক্তিতে আপনি অ্যালোকেশন বাড়াবার দাবি করতে পারেন? এর পর আমি তামিলনাড়ুর কথায় আসি। তামিলনাড়ুর জন্য ১৯৯২/৯৩ সালে অ্যালোকেশন ছিল ৮৩৫ হাজার টন, ওরা অফটেক করেছে ৭৭৩ হাজার টন—প্রায় ৮৫ পারসেন্ট। আপনি এখানে যা তথ্য দিয়েছেন তা অসত্য। টোটাল অ্যালোকেশনের ক্ষেত্রে ৫টি ডেফিসিট রাজ্যের কথা যদি ধরি তাহলে দেখা যাবে অন্যান্য স্টেট যেখানে অ্যালোকেশন কমছে সেখানে পশ্চিমবঙ্গে কিন্তু কমছে না। মহারাষ্ট্রে ১৯৯১/৯২ সালে টোটাল অ্যালোকেশন ছিল ২ লক্ষ ৯৮ হাজার টন, ১৯৯১/৯২ সালে টোটাল অ্যালোকেশন ছিল ২ লক্ষ ৯৮ হাজার টন, ১৯৯২/৯৩ সালে ১৮৭৬ হাজার টন, ১৯৯৩/৯৪ সালে ১৩৬৩ হাজার টন। মহারাষ্ট্রে শার্পলি ওদের যা অ্যালোকেশন ছিল সেটা কমেছে। তামিলনাড়ুতে টোটাল অ্যালোকেশন ১৩০২ হাজার টন থেকে কমে ১ লক্ষ ৯৫ টন, তারপর ৮১৭, এইভাবে শার্পলি কমেছে। কিন্তু পশ্চিমবঙ্গে মোর অর লেস একই রয়েছে। পশ্চিমবঙ্গে আপনারা অফটেক করতে পারছেন না কিন্তু অ্যালোকেশন রয়েছে। আপনারা নিজেরা অফ টেক না করে কেন্দ্র বিরোধী কিছু অপপ্রচার চালাবার চেষ্টা করছেন। তারপর আর একটা ঘটনার কথা বলি। পশ্চিমবঙ্গে ফেয়ার প্রাইস শপের নেট ওয়ার্ক ইজ ওয়ান অব দি ওয়াস্ট ইন ইন্ডিয়া। ভারতবর্ষের মধ্যে যতগুলি রাজ্যে এই নেটওয়ার্ক খারাপ পশ্চিমবঙ্গ তার মধ্যে অন্যতম। কি রকম অবস্থা দেখুন। অন্ধ্রপ্রদেশে ফেয়ার প্রাইস শপের সংখ্যা ৩৭.২ হাজার, আসামে ২৭ হাজার, বিহারে ৪৪ হাজার, মধ্যপ্রদেশে ৩৬ হাজার, উড়িষ্যাতে ২২ হাজার, উত্তরপ্রদেশে ৭৪ হাজার আর পশ্চিমবঙ্গে মাত্র ২০ হাজার দুশো। অর্থাৎ পশ্চিমবঙ্গে ফেয়ার প্রাইস শপের সংখ্যা কম। পশ্চিমবঙ্গের জন্য অ্যালোকেশন কম নয় কিন্তু মহারাষ্ট্রের অ্যালোকেশন ১৯৯২/৯৩ সালে কম থাকলেও তাদের শপের সংখ্যা আপনার দেড়গুণ। পশ্চিমবঙ্গে নেট ওয়ার্ক আপনার তৈরি করতে পারেননি। চালকলের মালিকদের আপনারা বলছেন যে তোমরা ইচ্ছামতো বাজারে বিক্রি কর। তাদের বলছেন স্মাগলড করে দাও বিহার, বাংলাদেশে। আপনি নিজেই একটা হিসাব দিয়ে বলেছেন যে ১০ পারসেন্ট স্মাগলড হয়ে বাইরে চলে যাচ্ছে। আপনি স্মাগলিং আটকাতে পারছেন না। আপনি আপনার কাজ করতে পারছেন না অথচ কেন্দ্রের কাছে আরও অ্যালোকেশন চাইছেন। এটা কোনও খাদ্যমন্ত্রীর বক্তব্য? না এটা একটা ব্যর্থতার ইতিহাস? আজকে যে জিনিসটা মন্ত্রী মহাশয় বুঝতে চাইছেন না, বা বুঝতে পারছেন না যে সেক্ষেত্রে উনি বারবার বলছেন যে রেশনে ইস্যু প্রাইস কেন্দ্রীয় সরকার বাড়িয়ে দিচ্ছে, কেন্দ্রীয় সরকার কি করবে? ফুড সাবসিডি তিন হাজার কোটি টাকা গত বছর পর্যন্ত দেওয়া হয়েছে। বছরে বছরে কি দু হাজার করে ফুড সাবসিডি বাড়বে? সাবসিডি বাড়ানো মানে কি, ইনফ্লেসন বাড়ানো, ইনফ্লেশন বাড়ানো মানে কি, গরিব মানুষের উপর লোড চাপিয়ে দেওয়া। কিন্তু তা সত্ত্বেও, আপনাদের এত প্রচার সত্ত্বেও কেন্দ্রীয় সরকার গত বছর ৩ হাজার কোটি

[5-50 — 6-00 p.m.]

টাকা ফুড সাবসিডি দিয়েছে। আপনি বলবেন যে ইস্যু প্রাইস বাড়ল কেন? একদিকে বলছে যে কৃষকদের আরও বেশি সংগ্রহ মূল্যদিতে হবে, আপনার তো এখানে সংগ্রহ নেই, কিন্তু যে পাঞ্জাব এবং হরিয়ানা, অন্ধ্র এবং অন্যান্য রাজ্য যারা সেন্ট্রাল পুলে কন্ট্রিবিউট করে তাদেরকে যদি আমরা ন্যায্যমূল্য না দিই, সেই কৃষকদের যারা বাঁচিয়ে রেখেছে, আপনি যে ডুবিয়ে রেখেছেন, আর আপনি যাদের চাল, গম খেয়ে পশ্চিমবাংলাকে পি. ডি. এস. বাঁচিয়ে রেখেছেন, তাদের সংগ্রহ মূল্য বাড়ানো হয়েছে, প্রকিয়োরমেন্ট প্রাইস বাড়ানো হয়েছে, কেন লাস্ট বেড়েছে তার কারণ আপনি জানেন যে হুইপ প্রকিয়োরমেন্ট প্রাইস ২৭৫ থেকে ৩৩০ টাকা পার কুইন্টাল এপ্রিল জুন ৯৩-তে বাড়ানো হয়েছে, তাতে ইস্যু প্রাইস বাড়ানো হয়েছে ৩০০ থেকে ৪০২ টাকা পার কুইন্টল। কিন্তু সঙ্গে সঙ্গে নয় ওটা এপ্রিল জুনে বেড়েছে, ৮ মাস কেন্দ্রীয় সরকার ইস্যু প্রাইস আটকে ফেব্রুয়ারি ৯৪ থেকে ইস্যু প্রাইস বাড়িয়েছে, অন্যায় করেছে? যদি আপনি না বাড়াতেন তার মানে কি, আপনার ফুড সাবসিডির পরিমাণ আরও বেড়ে যেত। বাজেট ডেফিসিট আরও বেড়ে যেত, আপনাকে তো সেটা সামলাতে হয় না সারা দেশের অর্থনীতি যাদের সামলাতে হয়, তারা এটা করে। আর ভারতবর্ষে এতদ সত্ত্বেও পি. ডি. এস. কত পারসেন্ট? ভারতবর্ষে এসত্ত্বেও পি. ডি. এস. মার্কেট হচ্ছে ৫০ পারসেন্ট মার্কেটে প্রাইসটা নির্ধারিত হবে, ইনফ্লেশন কি রকম রেখেছেন ডিমান্ড এবং সাপ্লাই এর উপর মার্কেটে প্রাইসটা নির্ধারিত হবে। পি. ডি. এস. একটা স্ট্যাচুটারি মার্জিন্যাল এফেক্ট রাখে না। পি. ডি. এস. ভারতবর্ষে এখনও বাজারে মোট চাহিদা ফুলফিল করার কাছাকাছি যেতে পারেনি। সুতরাং যখন প্রকিয়োরমেন্ট প্রাইস সরকার বাড়াবে, ইস্যু প্রাইস কন্সিকোয়েন্টলি বাড়াতে হবে, নইলে সাবসিডির পরিমাণ বেড়ে যাবে। এই সহজ অর্থনৈতিক তত্ত্বটা আপনার কাছে পরিষ্কার হচ্ছে না কেন আমি জানি না। এবং আজকে কি হচ্ছে, আজকে দেখা যাচ্ছে যে হুইট এর অফটেক কমে যাচ্ছে সারা দেশে, কেন্দ্রীয় সরকারও যে হুইট বা রাইস অ্যালোকেশন, তার থেকে অফটেক কমছে। কমছে কেন, কমছে তার কারণ যে আপনি বাজারে স্থিরতা এলে ইস্যু প্রাইস আর মার্কেটে প্রাইস প্রায় সমান সমান হয়ে যায়। আপনি দেখুন, জানুয়ারি ৯৪-তে হোল সেল প্রাইস দিল্লিতে ছিল ৪৩৫ টাকা পার কুইন্টাল। সেখানে পি. ডি. এস. প্রাইস ছিল ৩৩০, আট মাস আমরা আটকে রেখেছিলাম, ৩২ পারসেন্ট ডিফারেন্স হয়েছে। কিন্তু ফেব্রুয়ারিতে প্রকিয়োরমেন্ট প্রাইস বাড়ানোর রেট্রোস্পেকটিভ এফেক্ট দিয়ে ৪০২ পি. ডি. এস. প্রাইস হল, হোল সেল প্রাইস ৪৩৫ হল। প্রাইস ৪৩৫ হল। ডিফারেন্সটা কমে ৭ পার্সেন্টে এল। যেই বাজারের সঙ্গে পি. ডি. এস. এর ডিফারেন্স কমে যাবে অমনি আপনার অফটেক জেনারেলি কমে যাবে এবং তাই হচ্ছে। দেখা যাচ্ছে ৯৩-৯৪ সালের এপ্রিল ডিসেম্বরে হুইট সারা দেশে সাত মিলিয়ন অ্যালোকেটেড ছিল, ৪.৩ মিলিয়ন টন মাত্র অফটেক হয়েছে। রাইসের ক্ষেত্রে অ্যালোকেশন ছিল ৯.২৯, সেখানে অফটেক হয়েছে মাত্র ৬.৭৬। সুতরাং আমাদের পি. ডি. এস. কোনও ভাবেই কমেনি, ফুড সাবসিডির পরিমাণও কমেনি। কিন্তু জেনারেলি মার্কেটে একটা স্টেবিলাইজিং ফোর্স হিসাবে পি. ডি. এস.-টা কাজ করেছে, মার্কেট প্রসেস বাকিটা দেখেছে। গত বছর আপনি জানেন যে আমরা রেকর্ড হুইট প্রকিয়োরমেন্টা করেছি দেশে ১২.৮৩ মিলিয়ন টন। আপনি দেখবেন ব্যর্থ, রাইস প্রকিয়োরমেন্ট গতবার হয়েছে ১০.৯ মিলিয়ন টন। তার আগের বছর হয়েছিল

.৫ মিলিয়ন টন। আপনি এইগুলো দেখে শেখেন না, যে পশ্চিমবাংলায় আপনি কত বড় ...অথচ বলছেন কৃষিতে আপনার উৎপাদন বেড়েছে। আর প্রতি বছর ভিক্ষার ঝুলি নিয়ে ...ছেন, সেই ভিক্ষার ঝুলিও আপনার ভরছে না, তারপর কেন্দ্রের বিরুদ্ধে কয়েকটা সস্তা স্লোগান দিয়ে আপনি দায়িত্ব শেষ করছেন।

আমি আপনার এই নীতির সম্পূর্ণ বিরোধী। আপনি কেরোসিন নিয়ে অনেক কথা বলেছেন। আপনার তো দায়-দায়িত্ব নেই, আপনাকে ফরেন এক্সচেঞ্জ আনতে হয় না এবং কেরোসিনও বিদেশ থেকে আনতে হয় না। আপনি কি বলছেন, পশ্চিমবাংলা বার বার কেরোসিনের ব্যাপারে ডিস্ক্রিমিনেটেড হচ্ছে। কিন্তু আমরা দেখছি কেরোসিন অ্যালোকেশনের ব্যাপারে পশ্চিম বাংলার ভারতবর্ষের মধ্যে ফোর্থ। কেরোসিন অ্যালোকেশনে হাইয়েস্ট হচ্ছে মহারাষ্ট্র, তারপর উত্তরপ্রদেশ, তারপর গুজরাট এবং তারপরই আমাদের পশ্চিমবঙ্গ। প্রায় ৬১,১৪৭ মেট্রিক টন আমাদের কেরোসিন অ্যালোকেশন। আমাদের চেয়ে পপুলেশন বেশি বিহারের, তাদের অ্যালোকেশন আমাদের চেয়ে কম। আমাদের সমান পপুলেশন মধ্যপ্রদেশের, তাদের অ্যালোকেশন আমাদের চেয়ে কম, অর্দ্ধেক। আর আপনি চিৎকার করে আকাশ ফাটাচ্ছেন। মহারাষ্ট্র, গুজরাট আমাদের চেয়ে বেশি ইন্ডাস্ট্রিয়ালি অ্যাডভান্সড স্টেট, তাদের প্রয়োজন আছে। উত্তর প্রদেশ সাইডে আমাদের তিনগুণ, পপুলেশন'ও আমাদের তিনগুণ, তাদের বেশি প্রয়োজন থাকতেই পারে। কিন্তু অন্য কোনও রাজ্য তো কমপ্লেন করছে না। আপনার অ্যালোকেশন যেখানে ৬১,১৪৭ মেট্রিক টন সেখানে সিমিলার সাইজের রাজ্য তামিলনাড়ুর মাত্র ৫৪,৬১২ মেট্রিক টন অ্যালোটমেন্ট, আর বড় রাজ্য কর্ণাটকের মাত্র ৩৪,৯৯৫ মেট্রিক টন। বিহারের ৩৭,৯০৬ মেট্রিক টন। বাচ্ছা ছেলের মতো আবদার করলেই হ'ল। এবং বেশি কেরোসিন চাই বললেই কেরোসিন পাওয়া যাবে। আমাদের ৩০% কেরোসিন বিদেশ থেকে আনতে হয়। আপনারা চাইলেই দিয়ে দেবে। তারপর আপনি এল. পি. জি.-র ওয়েটিং লিস্টের কথা বলেছেন। এল. পি. জি. আমাদের দেশে তৈরি হয় এবং বিদেশ থেকেও আনতে হয়। কেন্দ্রীয় সরকার ঠিক করেছেন, কেরোসিন পাবলিক ডিস্ট্রিবিউশনে যা দিচ্ছেন দেবেন, সাথে সাথে কেউ যদি পারে বিদেশ থেকে এনে বিক্রি করতে তাহলে তাকে সে সুযোগও দেবেন। ডাই করা কেরসিন বাজারে ইতিমধ্যেই আসতে শুরু করেছে, কেরসিন ...যাদের ক্ষমতা আছে তারা সেটা কিনবেন। সাধারণ মানুষদের পি. ডি. এস. থেকে যেমন দেওয়া হচ্ছে তেমনই দেওয়া হবে। ফলে পি. ডি. এস.-এ কেরোসিনের অ্যালোকেশন এবং অফটেক কিছুটা কমবে। এল. পি. জি.-র ক্ষেত্রে আপনি বলছেন, আমাদের রাজ্যে বিরাট ওয়েটিং লিস্ট। আমাদের রাজ্যে ওয়েটিং লিস্ট হচ্ছে ৯.১৯ লক্ষ। আর উত্তরপ্রদেশে ওয়েটিং লিস্ট হচ্ছে ১২.১২ লক্ষ, মহারাষ্ট্রে ১৬২৯ লক্ষ। মহারাষ্ট্র নিজে তেল প্রোডিউস করে, তাদের ১৬ লক্ষ ওয়েটিং লিস্ট রয়েছে। তার কারণ এল. পি. জি.-র স্টেজ রয়েছে। সমস্তটাই আমরা নিজেরা প্রোডিউস করি না। সে জন্য কেন্দ্রীয় সরকার বলছেন,—যখন এত ডিমান্ড রয়েছে তখন প্রাইভেট সেক্টর এল. পি. জি. সাপ্লাই করতে পারবে, যাদের ক্ষমতা আছে তারা কেউ বেশি দাম দিয়ে তা কিনতে পারবে, ব্ল্যাকে কেনার বদলে। লেট দেম বাই। আপনাদের শুধু ইকনমি অফ স্কেয়ারসিটি, বাচ্চা ছেলের মতো চাই চাই করছেন। নিজেদের ন্যূনতম দায়িত্ব পালন করতে পারছেন না। এটা কোনও কাজের কথা নয়। আপনাদের ফুড বাজেটের পিছনে

এই যে ফিলোজফি, এটাকে আমি টোটালি ডিক্রাই করছি। হ্যাঁ, চিনির ব্যাপারে প্রবলেম হচ্ছে। আপনি নিশ্চয়ই কাগজে দেখেছেন যে, গত বছর মহারাষ্ট্রে ড্রট হয়েছে। আপনি চিনি উৎপাদন করেন না। একটা চিনি-কলও রাজ্য সরকার চালাতে পারেননি। সব ক'টার ক্ষেত্রেই ব্যর্থ হয়েছেন। পলাশিতে, আমেদপুরে চিনি-কল ছিল, খৈতান, না, কাকে দিয়ে দিয়েছেন। মহারাষ্ট্রে ড্রট হয়েছে বলে সুগার বেড অ্যালকোহল পর্যন্ত পাওয়া যাচ্ছে না। চিনির দাম কমাবার জন্য বিদেশ থেকে ইমপোর্ট করার ব্যবস্থা হচ্ছে। সেটা নিয়ে একটু গন্ডগোল হচ্ছে—এফ. সি. আই., না এফ. টি. সি. কে করবে? আন্তর্জাতিক বাজারের দাম এবং আমাদের বাজারের দামের ব্যাপারেও একটা গোলমাল আছে। তবে প্রধান মন্ত্রী স্বয়ং বিষয়টা দেখছেন। আমাদের দেশে মহারাষ্ট্র, অন্ধ্র, উত্তরপ্রদেশ চিনি উৎপাদন করে, তারা কিছু বেশি চাইলে বোঝা যেত—আপনারা চিনির ন্যূনতম উৎপাদনের ব্যবস্থা করতে পারেননি, গুড় পর্যন্ত উৎপাদন করতে পারেন না। এই হচ্ছে ১৭ বছরে বামফ্রন্টের কন্ট্রিবিউশন।

[6-00 — 6-10 p.m.]

হ্যাঁ, এটা ঠিকই, ইনফ্লেশন যে লেভেলে গিয়েছিল সেই লেভেল থেকে কমে গিয়েছিল, কিন্তু আবার বেড়েছে ইস্যু প্রাইস বাড়ার জন্য দেশের প্রধান সমস্যা ফিসক্যাল ডেফিসিট কন্ট্রোল করে ইনফ্লেশন কন্ট্রোল কি করে করা যায় তারজন্য চেষ্টা করা হচ্ছে। পি. ডি. এস. নাকি আই. এম. এফের চাপে হচ্ছে—এটা ঠিকই নয়। তারপর বলেছেন ইন্টার-ন্যাশনাল মানিটারি এজেন্সি—আপনি নামটাও তো ঠিক করে লেখেন না। আপনার বাজেট বক্তৃতার পেজ ২-তে আছে ইন্টার-ন্যাশনাল মানিটারি এজেন্সি। এখানে কাদের কথা বলছেন জানি না, ম্যানিটারি বানানটাও ভুল। কারও নির্দেশে হচ্ছে না। দেশের অ্যাজ এ হোল ফিসক্যাল ডিসিপ্লিনকে কন্ট্রোল করার চেষ্টা করছি। ভারত সরকার সব ক্ষেত্রেই যে সফল হয়েছে, তা নয়। এবারে আসি ডিপার্টমেন্টের দু-একটি করাপশনের ব্যাপারে। আপনার দপ্তরটিকে পঙ্ককুন্ড বানিয়ে ফেলেছেন। আমি ১৩ এপ্রিল একটি প্রশ্ন করেছিলাম। আপনি রিটিন অ্যানসার দিয়েছেন। প্রশ্নটা ছিল, রেশন দোকানে আয়োডাইজড্ সল্ট সরবরাহ হচ্ছে না—এর কারণ কি? নিয়মিত ছিল, রেশন দোকানে সরকার কি ব্যবস্থা নিয়েছেন? আপনি বলেছিলেন, সত্য নয়, আয়োডাইজড্ সল্ট সরবরাহ হচ্ছে। কিন্তু ফ্যাক্টটা কি? আবার সেই বিখ্যাত নারায়ণ কর্মকার এসে গেছে। এর আগে অনেকবার নাম করেছি। কোথা থেকে এইসব জালি মাল নিয়ে আসেন জানি না। আয়োডাইজড্ সল্ট ৫ রেক আপনার আসার কথা ছিল। সেখানে ৩ রেক মাত্র সেছে অর্থাৎ ৫ হাজার টন। তার মধ্যে ৪০০ টন পি. ডি. এস. এসে গেছে। বাকিটা বাজারে রয়েছে। এটাকে দিয়েছেন? এটা ডিস্ট্রিবিউট করে মদনলাল, গৌরিশঙ্কর, এই পার্টি আয়োডাইজড্ সল্ট পেয়েছে। আপনি আয়োডাইজড্ সল্ট নিয়েও ডিপার্টমেন্টকে দুর্নীতি করতে দেবেন? আমরা সবাই রাজনীতি করেই, প্রয়োজন সকলেরই থাকে, কিন্তু তাই বলে ডিপার্টমেন্টকে এইভাবে বিক্রি করে দিয়ে নয়, কোনও বিশেষ লোকের কাছে। আপনি নিজেই স্বীকার করেছেন ই. সি. এস. সি.-তে ১ কোটি ১৬ লক্ষ টাকা লোকসান হয়েছে। চাল, ডালে ক্ষতি হল কেন? আপনি নিজেই স্বীকার করেছেন ২ কোটি টাকা ডাল ব্যবসায় ক্ষতি হয়েছে। সেই নারায়ণ কর্মকার, মদনলাল, গৌরি শঙ্কর তাদের সাথে আপনাদের কি সম্পর্ক আমি জানি না, ই. সি. এস. সি. বলছে, ৫ হাজার টন-ডাল আপনি কিনতে চান, বাজারে ৫ লক্ষ

টন ডাল লোকের লাগে। আপনি সেক্ষেত্রে ৫ হাজার টন ডাল কিনে কি করবেন? বাজারে ইমপ্যাক্ট ক্রিয়েট করতে পারবেন? আপনার এখানে শুনছি, ই. সি. এস. সি. পামোলিন ইমপোর্ট করেছে। আপনি সেই ফাইল পাবলিক অ্যাকউন্টস কমিটির কাছে দিচ্ছেন না কেন? যে পার্টির কাছ থেকে কেনা হয়েছিল তার সম্পর্কে তদন্ত হোক। কেরল সরকার এই ব্যাপারে পাবলিক অ্যাকাউন্টস কমিটিকে দিয়ে ইনভেস্টিগেশন করেছে। ই. সি. এস. সি. যে পামোলিন ইমপোর্ট করল যে পার্টির কাছ থেকে তার ডিটেলস দিচ্ছেন না কেন? অথচ এদিকে বলছেন, পামোলিন কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না, আর ইমপোর্ট করতে হচ্ছে না, সেইজন্য আপনি দুঃখে আছেন। আমি আপনাকে বলি, পামোলিনের যে কোটা দিয়েছে তা লিফট করার ক্ষমতা আপনার নেই। আপনার দপ্তরে আমি দেখছি, ই. সি. এস. সি.-র ফাইলে আছে, সেখানে কমার্শিয়াল ম্যানেজার বলছে, It is for a long time the lifting of oil has became very slow. We should take up vigorous steps to push up lifting of oil. ২১-১-৯৪ তারিখে ই. সি. এস. সি.-র কমার্শিয়াল ম্যানেজার এই নোট দিয়েছেন। এক হাজার টন তেলের মধ্যে আপনি মাত্র ৪০০ মন তেল তুলতে পেরেছেন। আপনি বলছেন আরও বেশি এডিবল অয়েল দরকার, আপনার তোলার ক্ষমতা নেই, কোনও মেকানিজম আপনার এখানে নেই। আমি জিজ্ঞাসা করেছিলাম এটা কি ঠিক আপনার এসেন্সিয়েল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশনের লোকেরা কোনও কাজে লাগছে না, বসে আছে? আপনি উত্তর দিয়েছেন—কি রকম অসত্য উত্তর দেন,—আমি জিজ্ঞাসা করেছিলাম হোয়েদার it is a fact that 800 people have been sitting idle. আপনি উত্তর দিলেন নো, কোয়েশ্চেন ডাজ নট অ্যারাইজ। আপনার এসেন্সিয়েল কমোডিটিজের প্রোজেক্ট রিপোর্টের ১১ পাতায় তার যুক্তি হিসাবে বলেছেন The West Bengal Essential Commodities supply corporation Limited has a total man-power of 808 who are sitting idle due to lack of business. আপনার প্রোজেক্ট রিপোর্ট বলছে লোকগুলো আইডিল বসে আছে সেজন্য লেভি সুগারের ব্যবস্থা করা দরকার। আপনি যখন উত্তর দিচ্ছেন তখন বলছেন না আমার লোকেদের কাজ আছে, এ প্রশ্ন উঠে না। একটা কথা আপনারা দপ্তরটাকে পচিয়ে দিয়েছেন। আজ থেকে নয়, স্বর্গত নির্মলবাবুর সময় থেকেই ব্যাপক দুর্নীতি যে ভাবে আপনারা করছেন যে আপনারা পশ্চিমবঙ্গের মানুষদের ন্যুনতম প্রয়োজন মেটাতে পারছেন না। আপনার দপ্তরের কোনও দায়িত্ব কোনও জিনিসের প্রয়োজন মেটানোর ক্ষমতা আপনার নেই। এখন কোথাও কিছু না পেয়ে আপনি আপনার এমপ্লয়িদের খাতার ব্যবসায়ে লাগাবেন ঠিক করেছেন। আপনাদের বোর্ড মিটিংয়ে ঠিক করেছেন সরস্বতী প্রেস থেকে ট্রেনিং নিয়ে সেটা চালাবেন। আপনার ডিপার্টমেন্টের পুরো মেকানিজম ভেঙ্গে পড়েছে। ব্যর্থ হয়েছে। আপনি ডি-হোর্ডিং এ ১১ কোটি ৯২ লক্ষ টাকার মাল ধরেছেন। মালগুলি কোথায় ধরে কার মাধ্যমে বিক্রি হল—আপনাদের সেই নারায়ণ কর্মকার, না মদনলাল গৌরিশঙ্কর? গত ৫ বছরে আপনার ডিপার্টমেন্ট যে কেস করেছেন তার এসেন্সিয়েল কমডিটিজ অ্যাক্টে কতজন কনভিকশন হয়েছে। How many people have been convicted ? আমি জানতে চাই আপনি কতদিন বড়বাজারে ডিহোর্ডিং করেছেন পশ্চিমবঙ্গের বর্ডারে কত টন স্মাগলিং চাল আটকাতে পেরেছেন? আপনারা যে কায়দায় সরকার চালাচ্ছেন তাতে এই দপ্তর চলতে পারে না। আপনারা পশ্চিমবঙ্গের মানুষের ন্যূনতম প্রয়োজন মেটাতে পারছেন না, তখন দিনের পর

দিন রেশন দোকান বেড়ে যাচ্ছে। পশ্চিমবঙ্গের জনসংখ্যা থেকে স্পিউরিয়াস রেশন কার্ড বেশি হয়ে গেছে আমি নাম করতে চাই না, আপনারা দলের একজন মন্ত্রীর এ ব্যাপারে প্রসিদ্ধ আছে। প্রকিওরমেন্টে, ডিস্ট্রিবিউশনে ট্রেডিংয়ে আপনার দপ্তর ব্যর্থ এই দপ্তর ব্যর্থতা এবং দুর্নীতির পঙ্ক কুন্ডে ডুবে গেছে। কি করবেন? আমরা যখন বলছি এই দপ্তর জনগণকে ন্যূনতম রিলিফ দিতে পারছেন না বিবেকের খাতিরে আপনার ছেড়ে দেওয়া উচিত সেই প্রশ্ন রেখে আবার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 p.m.]

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী নরেন দে মহাশয়ের বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি দু-একটি কথা হাজির করতে চাই। মাননীয় বিধায়ক সৌগত রায় বারংবার একটা কথার উল্লেখ করেছেন যে ভয়াবহ দুর্নীতিতে আমাদের খাদ্য ও সরবরাহ দপ্তর ডুবে আছে। আমি যে দিন তারা এই কথা ঘোষণা করেছেন সেই দিনটির ইতিহাস তুলে ধরতে চাই।

আজকের কাগজে সকাল বেলায় চোখে পড়েছে, পাঁচশ কোটি টাকা, আমার আপনার টাকা, সেই টাকা দিয়ে বিদেশ থেকে চিনি আনা হয়েছে। সাবমেরিন কেলেঙ্কারি, বোফর্স কেলেঙ্কারি, তার সঙ্গে আজকে কংগ্রেস যুক্ত করল চিনি কেলেঙ্কারি। সেখানে দাঁড়িয়ে ওরা যখন দুর্নীতির কথা বলেন তখন নিজেদের দিকেও তাকানো দরকার। অবশ্য একথা আমাদের বলতে হচ্ছে, আমাদের খাদ্য ও সরবরাহ বিভাগের সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে নীতি তার একটা ভয়ঙ্কর দ্বন্দ্ব রয়েছে। আমরা বারবার শুনছি, গণ-বন্টন ব্যবস্থায় আর ভরতুকি নয়। আন্তর্জাতিক অর্থ ভান্ডার এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশে কেন্দ্রীয় সরকার একথা বলে আসছেন যখন বিভিন্ন পুঁজিবাদী দেশগুলো কৃষিতে ভরতুকি দেওয়া হচ্ছে এবং তার মাধ্যমে তারা রপ্তানি বাড়াচ্ছেন, তখন ভারতবর্ষের অর্থমন্ত্রী বলছেন—কৃষিতে আর ভরতুকি নয়। এরকম একটা পরিস্থিতিতে আমাদের রাজ্যের খাদ্যমন্ত্রী অত্যন্ত দৃঢ়তার সঙ্গে দপ্তর পরিচালনা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দপ্তর সম্পর্কে বলার আগে আমি ওদের একটু অতীতের দিকে তাকাতে অনুরোধ করছি। ১৯৪৩ সালকে নিশ্চয়ই ভুলতে পারেননি। তখন ভারতবর্ষের বুকে ব্রিটিশ সরকার চলছে। তখন মুনাফার পাহাড় গড়ে তুলবার কারণে দেশের বুকে একটা মন্বন্তর ঘটেছিল এবং তাতে বাংলায় বহু মানুষের মৃত্যু হয়েছিল। তারপর ১৯৪৪ থেকে সিভিল সাপ্লাই দপ্তর এবং রেশনিং ব্যবস্থা চালু হবার মধ্যে দিয়ে একটা নতুন চেহারা হাজির হোল। সৌগতবাবু এখানে বারবার বলেছন যে, পশ্চিমবঙ্গ উৎপাদনে ঘাটতি রাজ্য। আমরা তাকে বিনয়ের সঙ্গে স্মরণ করতে বলি দেশ বিভাগের কথা। দেশ বিভাগের পর আমরা দেখলাম, আমাদের ধানের জমি এবং পাটের জমিগুলো পূর্ব পাকিস্তানে চলে গেল। কিন্তু পশ্চিমবঙ্গের ধানের জমিতে পাটের চাষ করতে হল ভারতবর্ষের বৃহত্তর স্বার্থের দিকে তাকিয়ে সে সময় পশ্চিমবঙ্গের দেশপ্রেমি কৃষকসমাজ কাজটাকে মেনে নিয়েছিলেন। সে সময়ে জওহরলাল নেহরু এবং বিধানচন্দ্র রায় এক যুক্ত ভাষণে বলেছিলেন, দেশ বিভাগের ফলে পশ্চিমবঙ্গের যে খাদ্য ঘাটতি সেটা কেন্দ্রীয় ভান্ডার থেকে পূরণের দায়িত্ব কেন্দ্রীয় সরকার পালন করবেন আজকে কেন্দ্রীয় সরকারে যারা প্রতিনিধিত্ব করছেন তারা প্রতিনিয়ত গণবন্টন ব্যবস্থা তুলে দেবার চেষ্টা করছেন। এক্ষেত্রে তাদের যে ঐতিহাসিক দায়িত্ব সেই দায়িত্ব পালন করবেন

ক্ষেত্রে তারা পশ্চাদপসারণ করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর. এ. কিদোয়াই এর সময় ১৯৫৩-৫৪ সালে আমরা দেখেছিলাম, পশ্চিমবঙ্গে রেশনিং ব্যবস্থা তুলে দেওয়া হল। তারপরে সারা বাংলা জুড়ে শুরু হোল খাদ্য আন্দোলন। সেই খাদ্য আন্দোলনের চাপে ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবঙ্গে রেশনিং ব্যবস্থা চালু করতে তারা বাধ্য হয়েছিলেন। সৌগতবাবু সেদিনের কথা তো বললেন না। সেদিনও গণবন্টন ব্যবস্থার দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করেননি, এফ. সি. আই. এর হাতে তুলে দিয়েছিলেন। আজকে যারা কেন্দ্রীয় সরকারে বসে আছেন তাদের কাছে ঐতিহাসিক দায়িত্ব তারা কেন পালন করেননি তার জবাব নিশ্চয়ই আমরা চাইতে পারি। এফ. সি. আই. প্রথম দিকে বলেছিল যে তারা রাজ্য সরকারের কথা মতো কাজ করবে। কিন্তু আমরা লক্ষ্য করেছি যে কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থ ভান্ডারের অঙ্গুলি হেলানোর ফলে রেশন ব্যবস্থার জনপ্রিয়তা নষ্ট করার জন্য একের পর এক পদক্ষেপ নিয়েছে। এফ. সি. আই.-এর মাধ্যমে রাজ্যের চাহিদার তুলনায় বরাদ্দ করে এবং যা বরাদ্দ হয় তার তুলনায় আবার সরবরাহই কম করে। মাননীয় সদস্য যে হিসাব-নিকাশ দিলেন, আমি সেই কন্টকিত স্ট্যাটিসটিক্সের মধ্যে যেতে চাচ্ছি না। তবে চাল এবং গম কি ভাবে বরাদ্দ হয়, কিভাবে সরবরাহ হয়, তার একটা হিসাব আমি এখানে রাখতে চাই। ১৯৯০ সালে চাল এবং গমের বরাদ্দ ছিল ১৯ হাজার ৩৪০ মেট্রিক টন, কিন্তু সরবরাহ হয়েছে ১৫ হাজার ৩৪৭ মেট্রিক টন। ১৯৯২ সালে চাল এবং গমের বরাদ্দ ছিল ১৮ হাজার ৮৯৫ মেট্রিক টন, কিন্তু সরবরাহ হয়েছে ১৪ হাজার ৭০ মেট্রিক টন। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে। আমরা আরও লক্ষ্য করেছি যে ইচ্ছাকৃতভাবে সরবরাহ অনিয়মিত করা হচ্ছে। শ্রমিকদের মধ্যে অযথা অসন্তোষ সৃষ্টি করার জন্য খারাপ মানের খাদশ্যস্য সরবরাহ করা হচ্ছে। এরই সঙ্গে আর একটি দিক আপনাদের নজরে আনছি। আমরা জানি শত্রুকে ঘায়েল করার জন্য অস্ত্রের প্রয়োজন হয়। পশ্চিমবঙ্গের মানুষকে ঘায়েল করার জন্য ৫টি অস্ত্র এক সঙ্গে কেন্দ্রীয় সরকার ব্যবহার করছেন। শুধু পশ্চিমবঙ্গ নয়, সারা ভারতবর্ষে সাধারণ জিনিসের ক্ষেত্রে আমরা কি দেখছি? আমরা দেখছি যে একদিকে প্রশাসনিক আদেশ বলে জিনিসের দাম বাড়ানো হচ্ছে। অন্যদিকে কেন্দ্রীয় বাজেটে জিনিসের দাম বাড়ানো হয়েছে। রেল বাজেটের মধ্যে দিয়ে জিনিসের দাম বাড়ানো হয়েছে। সড়ক পরিবহনের মাধ্যমে জিনিসের দাম বাড়ানো হয়েছে। এবারে লক্ষ্য করেছি যে বাজেটের আগে চাল, গম, চিনি, পেট্রোল, গ্যাসের দাম প্রশাসনিক আদেশ বলে বাড়ানো হয়েছে। আমরা লক্ষ্য করেছি যে এ পদ্ধতিতে চলার ফলে খোলা বাজারের সঙ্গে রেশনের দামের ফারাক থাকছে না। ধারাবাহিক ভাবে এই প্রক্রিয়া চালানো হচ্ছে যাতে রেশনের প্রতি মানুষের আকর্ষণ কমে যায়। মাননীয় সদস্য অপটেকের কথা বলেছেন। এটার অন্যতম কারণ হিসাবে আমি একথা বলতে চাই, খোলা বাজার আর রেশনের মাধ্যমে দামের ফারাক কমিয়ে দেওয়া। এই ভাবে গণবন্টন ব্যবস্থাকে বন্ধ করে দেবার জন্য সুচারু পদক্ষেপ নিয়ে এই জায়গায় পৌঁছানো হয়েছে অভিজ্ঞতার ভিত্তিতে আমরা দেখছি যে বর্তমানে বামফ্রন্ট সরকার এফ. সি. আই.-র হাত থেকে বন্টনের দায়িত্ব নিজেদের হাতে গ্রহণ করেছে। মাননীয় সদস্য সৌগতবাবু চালকলের মাধ্যমে সংগ্রহের কথা বললেন। আপনাদের নিশ্চয়ই স্মরণ আছে, গতবার চালকল থেকে যা সংগ্রহ করা হয়েছিল তা সর্বকালীন রেকর্ড তেরি হয়েছিল। সংগ্রহের এই সাফল্য নষ্ট করার জন্য আমরা দেখেছি এফ. সি. আই. চালকলের মালিকদের সময়মতো যাতে টাকা না দেওয়া হয় তার

জন্য কতকগুলি আসুবিধার সৃষ্টি করতে আরম্ভ করেছে তারা চালের গুণমানের প্রশ্ন তুলে, গানিব্যাগের প্রশ্ন তুলে, গুদামে রাখার জায়গায় অভাবের কথা বলে চাল সংগ্রহের ক্ষেত্রে বাধার সৃষ্টি করে। এটা কেন করল? তার কারণ হচ্ছে আমাদের চালের সংগ্রহের পরিমাণ কমিয়ে একটা সংকট সৃষ্টি করার চেষ্টা চলছে। এফ. সি. আই. ঠিক করেছে যে তারা খোলা বাজারে চাল বিক্রয় করবে। তারা দেশি হোক বা বিদেশি হোক, যারা বেশি দাম দেবে তাদের কাছে এই খাদ্যশস্য বিক্রয় করবে, এই রকম একটা জায়গায় নিয়ে যেতে চাইছে। আর একটা কথা হচ্ছে, কেন্দ্রীয় বাজেটে ঘোষিত হয়েছে যে এফ. সি. আই.-কে কোনও ভরতুকি দেওয়া চলবে না। সর্বজনীন গণবন্টন ব্যবস্থা তুলে দেওয়া হচ্ছে। আন্তরাজ্য কর্ডনিং প্রথার বিলোপ করে রেশনিং ব্যবস্থাকে চরম সংকটের দিকে ঠেলে দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ ঐতিহাসিক কারণেই ঘাটতি রাজ্য। কিন্তু বামফ্রন্ট সরকার ভূমি সংস্কারের মাধ্যমে, উন্নত সেচ ব্যবস্থা এবং কৃষি সহায়তার মাধ্যমে উৎপাদন বৃদ্ধি করে একটা বিশেষ জায়গায় এসে পৌঁচেছে।

[6-20 — 6-30 p.m.]

ওনারা যখন সরকারের ছিলেন ১৯৭৭ সালে আমাদের সরকারের আসার আগে পর্যন্ত চালের উৎপাদন ছিল ৭৭.০১ মেট্রিক টন। আজকে ১৯৯৩ সালে চালের উৎপাদন বৃদ্ধি পেয়ে হয়েছে ১১৭.৩৬ লক্ষ মেট্রিক টন। ওনারা এটা অস্বীকার করতে পারবেন না। চাষ যোগ্য জমি বৃদ্ধি পায়নি, উৎপাদনের মান এবং যোগ্যতা বাড়িয়ে এই জায়গায় পৌঁছেছি। আজকে ঘাটতির পরিমাণ কমে এসেছে, ৩৫.৯১ লক্ষ মেট্রিক টন হয়েছে। আমাদের এখনও যে ঘাটতি আছে এই কথা আমরা অস্বীকার করি না। ঘাটতির অন্য একটা কারণ আছে। এই ক্ষেত্রে সীমান্ত রক্ষার প্রশ্ন জড়িত। আমাদের সীমান্ত দিয়ে অন্য রাষ্ট্রে প্রচুর পরিমাণে চাল চলে যাচ্ছে। ফলে আমাদের তো ঘাটতি রাজ্য, তার উপর আরও সমস্যা তৈরি হচ্ছে। এই কথাগুলি আপনারা অস্বীকার করতে পারেন? মূল্য বৃদ্ধির স্বপক্ষে যুক্তি দিয়ে কেন্দ্রীয় সরকার বলেছেন যে চাষিদের স্বার্থে সংগ্রহ মূল্য বাড়ানোই এর কারণ। এটা সত্যের অপলাপ ছাড়া কিছু নয়। মূল্য বাড়ানো হয়েছে ৫৪ পাসেন্ট চালের ক্ষেত্রে এবং গমের ক্ষেত্রে গড় দাম বেড়েছে ৯৭ পারসেন্ট। জিনিসপত্রের দাম বেড়েছে সেই জন্য খাদ্যশস্যের দাম বেড়েছে এই ভাবে কথাটা চিন্তা করলেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী নরেন্দ্রনাথ দে মহাশয় যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেট বরাদ্দকে শুধু সমর্থন করছি না, তিনি যে পদক্ষেপ গ্রহণ করেছেন সেই পদক্ষেপকে সমর্থন করে এবং তাকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী নরেন্দ্রনাথ দে মহাশয় তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি সেই দাবির বিরোধিতা করছি। আমাদের পক্ষ থেকে কয়েকটি যে কাট মোশন আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখব। সরকার পক্ষের মন্ত্রীদের বাজেট ভাষণের কপি যখন আমরা পাই তখন সেই বইটাতে কেন্দ্র বিরোধী বক্তব্য থাকে। সরকার পক্ষের সদস্যরা যখন আলোচনায় অংশগ্রহণ করেন তখন একই সুরে কথা বলেন। সবাই তারা কেন্দ্র বিরোধী কথা বলেন। সরকারের

ব্যর্থতাটা তুলে ধরার চেষ্টা করেন না, সেটা খতিয়ে দেখার চেষ্টা করেন না। কেবলমাত্র কেন্দ্রে বৈষম্যমূলক আচরণ, বিমাত্রিসুলভ আচরণ এই সমস্ত কথা তারা বলেন। এই রাজ্যে গণ বন্টন ব্যবস্থা ঠিক না করে আগে কেন্দ্র বিরোধী কথা বলতে দ্বিধা বোধ করেন না। পশ্চিমবঙ্গের স্বার্থে আমরা কেন্দ্রের বিরুদ্ধে কথা বলেছি, তাতে আমরা দ্বিধা বোধ করিনি। এটা আপনারা অস্বীকার করতে পারবেন না। আপনাদের কৃষিমন্ত্রী বছরের পর বছর তার বাজেট বক্তৃতায় বলেছেন যে তিনি নাকি প্রতি বছর উৎপাদন বাড়িয়ে চলেছেন। পশ্চিমবাংলায় যখন চালের উৎপাদন বাড়িয়ে চলেছেন তখন সংগ্রহ এতে কম কেন? আপনি কয়েকদিন আগে উত্তর দিতে গিয়ে বলেছেন ১৯৯৪ সালের মার্চ পর্যন্ত ১ লক্ষ ১৬ হাজার টনের মতো আপনি চাল সংগ্রহ করেছেন।

সেখানে অন্ধ্রপ্রদেশের কংগ্রেস সরকার ৬ মাসে ৩৯ লক্ষ টন খাদ্য সংগ্রহ করতে পেরেছে। আপনার থেকে ৩৫ গুণ বেশি অন্ধ্রপ্রদেশের কংগ্রেস সরকার যদি এটা করতে পারে তাহলে এই ক্ষেত্রে আপনার ব্যর্থতা কেন? এর জবাব আপনি দেবেন। কংগ্রেসের বিরুদ্ধে যাই বলুন না কেন, একই আয়তন, একই লোকসংখ্যা এবং একই চাষযোগ্য জমি সেখানে তারা ৩৯ লক্ষ টন খাদ্য সংগ্রহ করেছেন ৬ মাসে, সেখানে আপনি ১ লক্ষ ১৬ হাজার টন সংগ্রহ করতে পেরেছেন। আপনার বিরুদ্ধে বলব না? আপনার দপ্তর এমন একটা জায়গায় এসে গিয়েছে যে মন্ত্রী বড় না আমরা বড় সেই প্রশ্ন সকলের সামনে এসে দাঁড়িয়েছে। আপনি বলছেন মুসুর ডাল কিনবেন, জোর করে কিনতে চাইছেন। নুনে আপনার আড়াই কোটি টাকা লস হয়েছে। আপনি ই. সি. এস. সি.-তে লস দিলেন। আপনি জোর করে কিনে রাখলেন, তারপর যে ব্যবসাদারদের কাছ থেকে কিনলেন সেই ব্যবসাদারদের কাছে গিয়ে হাতে-পায়ে ধরে সেটা বিক্রি করলেন। তাতে আপনি আড়াই কোটি টাকা লস করলেন। এর জন্য কি কেন্দ্র দায়ী? নাকি সরকারি আমলারা দায়ী? আপনি মুসুর ডাল কিনতে যাচ্ছেন, আপনার দপ্তরের তোয়াক্কা না করে কিনতে যাচ্ছেন, আমলারা বাধা দিচ্ছেন। আমরা বুঝতে পারছি না আপনার কথা ঠিক হবে না আপনার আমলাদের কথা ঠিক হবে। আপনি পুরুলিয়া ফসফেটে কি করছেন? দার্জিলিং-এর চা বাগানের ব্যাপারে কি করলেন? যে সময়ে কেনার কথা সেই সময়ে কিনলেন না, আপনি কিনলেন এপ্রিল মাসে।

সেটা এখন কাজে লাগছেনা, শিলিগুড়িতে গোডাউনে পড়ে আছে। সময়ে না কেনার জন্য যে টাকা লস হলো, তারজন্য আপনার দপ্তর জবাব দেবে না? দার্জিলিংয়ের চা বাগানের জন্য পুরুলিয়া ফসফেট ডিসেম্বর, জানুয়ারি মাসে কেনা উচিত ছিল, কিন্তু তা না কিনে এপ্রিল মাসে কিনলেন কেন? এত দেরিতে কিনে সেটা ব্যবহার করতে পারছেন না, শিলিগুড়ির গোডাউনে রাখতে হয়েছে এবং তারজন্য ভাড়া দিতে হচ্ছে। এরপর আমরা বলব যে আপনি যা করছেন তা ঠিক করছেন? আপনার দপ্তরের মধ্যে কোরাপশন কিভাবে হয় তা আপনি জানেন, অথচ তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিতে পারছেন না। কোনও সরকারি সংস্থাতে যে টাকা ফিক্সড রাখা হয়, তারজন্য রিজার্ভ ব্যাংকের একটা গাইড লাইন আছে। তিন চারটি ব্যাঙ্কে খোঁজ নিতে হয় কে বেশি ইন্টারেস্ট দিচ্ছে। রিজার্ভ ব্যাঙ্কের কাছে খোঁজ নিয়ে নেগোটিভ করা যায় এর জন্য। কলকাতা শহরের তিন-চারটি দালাল আছে। আমি একটা নাম বলতে পারি, যেখানে টাকা ম্যাচিওর হয়নি, সেই টাকা নিয়ে গিয়ে ঐ দালালের কথা মতো

অন্য জায়গায় রাখা হয়েছে। পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের নিউ মার্কেট ব্রাঞ্চ থেকে এক কো টাকা তুলে নিয়ে গিয়ে ইউনিয়ন ব্যাঙ্কে রাখলেন, যদিও ঐ টাকার ম্যাচিওর হয়নি। কোনও ব্যাঙ্কে যদি এক কোটি টাকা ফিক্সড ডিপোজিট রাখা হয় তাহলে তারজন্য যে নেগোশিয়ে করে তাকে ব্যাঙ্কে এক লক্ষ টাকা হোয়াইট মানি দেয়। এইভাবে ই-সি-এস-সি.র টাকাগুলো ইন্টারেস্ট মার খাচ্ছে। ই-সি-এস-সি.র টাকা যাতে মার খায়, তারজন্য দালাল আছে তা এই কাজ করেছে। তারা পরে ব্যাঙ্কের কাছ থেকে মোটা টাকা নিয়েছে। ই-সি-এস-সি এ যে ক্ষতিগ্রস্ত হচ্ছে, তারজন্য আমরা বলব না? ই-সি-এস-সি.তে আগে নির্মলবাবু চেয়ারম্যা ছিলেন। তিনি মারা যাওয়ার পর নিজের দলের মধ্যে কে ঐ পদে যাবেন তা নিয়ে ঝগড় হচ্ছে এবং তারজন্য ঐ পদে কাউকে বসাতে পারেন নি এখনও। আমাদের দিদি কিছুক্ষ আগে এখানে সেন্ট্রাল গভর্নমেন্টের বিরুদ্ধে খুব বললেন, কেন্দ্র চিনি দেয় না। রেশ দোকানগুলো থেকে যেভাবে চিনি ব্লাক হয়, আমি একটি দোকানের নাম বলতে পারি। এ সপ্তাহের আগে একটি রেশন দোকান থেকে ১১।। কুইন্টাল চিনি ডিস্ট্রিবিউট হয়ে গেল। এ চিনিগুলো যাদের দিয়েছেন, সেটা আপনি জেনেছেন, আপনার কাছে কমপ্লেন এসেছে। কি আপনি কিছু বলতে পারছেন না। কারণ সে আপনার দলের একজন সমর্থক। তার না হচ্ছে সুশীল সাহা। দোকানের নং এ. আর. ২৫৩৪, জোড়া মন্দিরের কাছে। তারা এর্কদি ৫০ কেজি চিনি ১৫৩৩ সপ্তাহে ব্লাক করেছে। আপনার কাছে কমপ্লেন করা হল যে, এ চিনি বিক্রি হয় নি। এই চিনি যারা রেশন কার্ড হোল্ডার তাদের দেওয়া হয়নি। চিনিটা বাইে বিক্রি করা হয়েছে। যেহেতু আপনার দলের সঙ্গে যোগাযোগটা ভাল হয়েছে, তাদের সঙ্গে ম্যানেজ করতে পারলে ভাল হয়, সেজন্য আপনি এর বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারলেন না সেন্ট্রাল গভর্নমেন্ট যা আপনার দপ্তরের জন্য দেয় তা আপনি প্রপারলি ডিস্ট্রিবিউট করতে পারেন না। সেগুলো কালোবাজারে চলে যাচ্ছে। ই-সি-এস-সি.তে দিনের পর দিন যেভা চলছে তা আপনি জানেন। আমাদের সময়ে এটি যখন তৈরি হয়েছিল তখন একটা উদ্দে নিয়ে তৈরি হয়েছিল। আমরা প্রফিট দিতাম। কিন্তু আপনাদের সময়ে কোনও বছরে প্রফি একসিট করতে পারছেন না। আপনার দলের কাউকে সেখানে চেয়ারম্যান নিযুক্ত করতে পারছেন না। আপনি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমকে এমন একটা অবস্থায় নিয়ে এসেছে যে সেটাকে একটা ব্যবসায় রূপান্তরিত করে দিয়েছেন।

[6-30 — 6-40 p.m.]

আপনি সেলস্ ট্যাক্স নিয়েছেন দু-দুবার কিন্তু সেলস্ ট্যাক্স জমা পড়ছে না। আপনা কোনও ট্রেড লাইসেন্স নেই। আপনি ৭.১৫ পয়সা দরে পার কুইন্টাল সুপার ফাইন চা কিনছেন কিন্তু পি. ডি. এসের বন্টনের কোনও সুব্যবস্থা নেই। এতে না লাভ না লোকসা চলছে। পি. ডি. এসের ক্ষেত্রে আপনার পারপাস এবং টেন্ডেন্সি হচ্ছে লাভ করার সেই সাধারণ মানুষকে আপনার খেসারৎ দিতে হচ্ছে। আপনি কেরোসিনে ব্ল্যাক মার্কেটিং বন্ধ করতে পারছেন না। কেরোসিন তেল যতটুকু পাচ্ছেন সেক্ষেত্রেও ব্ল্যাক মার্কেটিং হয়ে যাচ্ছে বন্ধ করতে পারছেন না। সাধারণ মানুষকে ন্যায্য দামে কেরোসিন পর্যন্ত দিতে পারছেন না আসলে আপনার অ্যাডমিনিস্ট্রেশন, ইনফ্রাস্ট্রাকচার বলে কিছু নেই। যার ফলে গণবন্টন ব্যবস্থা আজকে বিপর্যস্ত হয়ে পড়ছে। শুধু কেন্দ্রের বিরুদ্ধে স্লোগান দিলে চলবে না। এছাড়া করপোরে

ে কি, আপনার একটা ছোট পার্টি ২-৩টে ডিপার্টমেন্ট, তার থেকে যে টাকা পয়সা পাচ্ছেন ওই দিয়ে তো পার্টি চলছে। পি. ডি. এস. সুষ্ঠভাবে বন্টনের ব্যবস্থা করুন এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের সভায় খাদ্য সরবরাহ বিভাগের যে বাজেট বরাদ্দ ৫৪ নং, ৮৬ নং দাবির যে উত্থাপন করেছেন সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমি এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করে এই জিনিসই উপলব্ধি করেছি যে, বিরোধীদলের সদস্যরা বক্তব্য রাখতে গিয়ে শুধু বিরোধিতাই করে গেলেন কোনও গঠনমূলক সমালোচনা তাদের বক্তব্যের মধ্যে শুনতে পেলাম না যার দ্বারা আমাদের মতো নতুন সদস্যরা অনুপ্রাণিত হতে পারি। বিরোধীপক্ষ এই সরকারের ত্রুটি-বিচ্যুতি তুলে ধরবেন যার দ্বারা সরকার আগামী বছরে শোধরাতে পারে। কিন্তু তার কিছুই দেখা গেল না। আমি একথা বলতে চাই সেটা হচ্ছে যে, আমাদের বামফ্রন্ট সরকার শুধু তাই নয়, গোটা ভারতবর্ষের যে মানুষগুলো দারিদ্র সীমার নিচে আছে তাদের ক্ষেত্রে কায়েমি ক্ষমতার নামে তাদের ন্যায্যমূল্যের প্রয়োজনীয় ব্যবস্থা, জিনিসপত্র দেওয়া হচ্ছে না। তাছাড়া পশ্চিমবঙ্গের যে শরণার্থি এসেছিল তাদেরই পরিপ্রেক্ষিতে রেশন ছিল সীমিত। আমাদের যে লোকসংখ্যা তাতে ৫০ জন মাথা পিছু ধরলে খাদ্য লাগবে ১৭৭.৩৬ মেট্রিক টন। অথচ আমাদের সংগৃহীত খাদ্য যেটা পাচ্ছি সেটা হচ্ছে ৯৩.৮৯ মেট্রিক টন। সুতরাং এই পরিমাণ খাদ্য নিয়ে আমরা দেশের লোককে কিভাবে সরবরাহ করব জানি না।

স্বভাবতই ৩৬ লক্ষ টন চাল এবং গম আমাদের রাজ্যের মানুষের জন্য যেটা প্রয়োজন সেই রেশন আমরা দিতে পারছি না। অপরদিকে জিনিসপত্রে দাম যেভাবে বেড়েছে সেইদিক থেকে দেখলে আগামী দিনে রেশন ব্যবস্থা ঠিক থাকবেন কিনা সন্দেহ আছে। আজকে চালের দাম হচ্ছে ৭ টাকা, এই অবস্থায় চালের জন্য গমের জন্য যদি পয়সা দিতে হয় তাহলে ভর্তুকির পরিমাণ বাড়বে। এমন একটা দিন আসছে যেখানে হয়ত রেশন ব্যবস্থার প্রয়োজন হবে না। কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়েছে তাতে রেশন ব্যবস্থা সম্পূর্ণ ভেঙে পড়বে, এই জন্য তারা একটার পর একটা জিনিসের দাম বাড়িয়ে চলেছেন। আমরা বলছি দ্রব্যমূল্য বৃদ্ধি হচ্ছে, ওনারা বলছেন চাষীরা উৎপাদন করছেন তাদের ন্যায্য দাম দিতে হবে, সেটা যদি বিচার করেন তাহলে দেখবেন চাষীদের ক্ষেত্রে বেড়েছে ৫৪ শতাংশ, রেশনে বেড়েছে ৯৭ শতাংশ, এটা কিসের জন্য? এফ সি. আই. টু স্টেট গভর্নমেন্ট, এই অবস্থার জন্য এতটা বেড়েছে এটা চাষীরা পায়নি। স্বভাবতই যে ভাবে জিনিসপত্রের দাম বেড়েছে সেটার পরিসংখ্যানটা দিচ্ছি, এই সাড়ে ৩ বছরে ২১. ৬. ৯০-তে সাধারণ চাল ছিল ২৮৯ টাকা, মিহি চাল ... টাকা অতি মিহি চাল ৩৭০ টাকা, গম ২৩৪ টাকা। ১/১১/৯২-তে সাধারণ চাল ... টাকা, মিহি চাল ৬১৭ টাকা, অতি মিহি ৬৪৮ টাকা, গম ৪০২ টাকা অর্থাৎ সেইগুলি ... হার ৮৫ শতাংশ, মিহি চাল ৭৮ শতাংশ, অতি মিহি চাল ৭৫ শতাংশ, গম ৭২ শতাংশ। শুধু তাই নয়, যেটা আদিবাসী ট্রাইবালদের জন্য দিচ্ছে সেটাও সাড়ে ৩ বছরে বৃদ্ধির ... সাধারণ চাল ১০৪ শতাংশ মিহি চাল ৯০ শতাংশ, অতি মিহি চাল ৮৭ শতাংশ, গম ... শতাংশ। এই ভাবে গম ও চালের দাম বেড়েছে, স্বভাবতই রেশনিং ব্যবস্থা উঠে যাবে। ... পরিস্থিতির মধ্যে ১০ বছরে চালের যা পারসেন্টেজ বেড়েছে ১৬৮ শতাংশ, গম ১৩৪

শতাংশ, চিনি ৪ টাকা থেকে ৯.৫, এই ভাবে গোটা ব্যবস্থাটা দাঁড়িয়েছে, জিনিসপত্রের দ বেড়েছে। আর একটা জিনিস শুনলে আশ্চর্য হয়ে যাবেন পশ্চিমবঙ্গে কয়লা যেটা রাণীগ পুরুলিয়া, আসানসোল বেল্টে আছে, আমাদের এই কয়লা আমাদের এখানেই আছে, আম যদি কয়লা পাই তাহলে ঐ গাছ কাটা বন্ধ হয়ে যাবে, এনভারনমেন্ট, ফরেস্ট তখন র পাবে। আমাদের এখানকার কয়লা গোটা ভারতবর্ষে সরবরাহ হবে আর আমাদের এখা কেন্দ্রীয় সরকার জিনিসগুলি ঠিক দামে সরবরাহ করবেন না, সুদীপবাবু যদি এই তথ্য সঠি থাকে তাহলে লড়াই করবেন। অ্যালোকেশন '৮৯-তে আমাদের ৭৮০ মেট্রিক টন ছি সাপ্লাই হয়েছে ৪১০.৬৮ মেট্রিক টন অর্থাৎ টোটাল অ্যালোকেশন ৫২ শতাংশ কম। '৯ সালে ৩৩ শতাংশ, '৯১ সালে ৩২ শতাংশ, '৯২ সালে ১৯ শতাংশ, '৯৩ সালে ১ শতাংশ কম। টোটাল অ্যালোকেশন পারসেন্টেজ এই অবস্থায় এসেছে। আমাদের যা অ্যালোকেশ সবচেয়ে বেশি নেমেছে যেটা সেটা হচ্ছে ১৩ শতাংশতে পৌঁচেছে। এই ভাবে বিভিন্ন ভা আমাদের রেশনিং ব্যবস্থায় অর্থনৈতিক অবরোধ করে পশ্চিমবঙ্গকে অকোয়ার্ড অবস্থায় ফেল যায় তার জন্য কেন্দ্রীয় সরকার চেষ্টা করছেন। ভূয়া রেশনিং ব্যবস্থার সম্বন্ধে সুদীপব বলছিলেন ফ্রি সেল গ্যাস, ও কেরোসিন কারা করছেন? কংগ্রেসের কিছু কিছু নেতা কি লাইসেন্সে এল. পি. জি. এবং কেরোসিনের ব্যবস্থা করছেন, লাইসেন্সিং যারা আছে তাদে এক্ষেত্রে কি হবে, বেকার ছেলেরা ফ্রি সেলের জন্য এল. পি. জি. এবং কেরোসিনের ব্যাপা তারা কংগ্রেসের এম. পি. দেরকে ধরার জন্য দিল্লি ছুটছে এই ফ্রি সেলের ব্যাপারে পশ্চিমব সরকারের থেকে একটা লাইসেন্স ব্যবস্থা থাকা দরকার। বসিরহাটে ছাত্র আন্দোলনের সম নুরুল ইসলাম কেরোসিনের জন্য গুলি খেয়েছিল, তখন ছিল পারিবারিক রেশন কার্ড, সে রেশন কার্ড অনেক জায়গায় ভূয়া ছিল অর্থাৎ সেখানে অক্ষরে লেখা থাকত না, সংখ্যা লে থাকত। একমাত্র রেজিস্টার্ড এবং প্রধানের কাছে লিপিবদ্ধ থাকত আর কোথাও কোন জায়গায় এই লিস্ট থাকত না বা পাওয়া যেত না।

আমরা নোটিফায়েড এরিয়ায় রেশন কার্ড করেছি এবং পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে মালগু যাতে সঠিকভাবে পৌঁছাতে পারে তার ব্যবস্থা করেছি। এখানে এফ. সি. আই, এম. আ ডিস্ট্রিবিউটার এবং এম. আর. ডিলারের মাধ্যমে এই মালগুলো দেবার ব্যবস্থা আছে। আমর আগের থেকে ব্যবস্থাটাকে ভাল করেছি। সুতরাং সৌগতবাবু এখানে যা বললেন তা উদ্দে প্রণোদিত। আমি খাদ্যমন্ত্রীর বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-40 — 6-50 p.m.]

**শ্রী জটু লাহিড়ি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, খাদ্যমন্ত্রী মহাশয় আজকে তা দপ্তরের যে ব্যয়-বরাদ্দ এখানে রেখেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কা মোশনগুলোকে সমর্থন করে আমি এখানে দু-একটি কথা বলতে চাই। স্যার, খাদ্যমন্ত্রীর বক্ত বক্তৃতায় গত কয়েক বছর ধরে একটা ট্রার্গেট, নিজেদের অপদার্থতা এবং দপ্তরের দুর্নী এইগুলিকে আড়াল করবার জন্য সব দোষ ঐ নন্দ ঘোষের উপর, ঐ কেন্দ্রীয় সরকারে উপর চাপিয়ে দিয়েছেন। উনি বছর বছর জনসংখ্যার একটা হিসাব দিয়ে যান, আমাদের এ খাদ্য ঘাটতি হয়েছে, এত খাদ্য উৎপাদন বেড়েছে এবং ভূমিসংস্কারের ফলেই এত সব সম্ভ হয়েছে এসব কথা বলেন। আরও বলেন কংগ্রেস আমলে খাদ্য উৎপাদন কম ছিল। ওনাদের

বক্তব্য ভূমি সংস্কারের ফলে নাকি খাদ্য শস্যের উৎপাদন অনেক বেড়েছে। কিন্তু যাদের জন্য বেড়েছে সেই জনসাধারণ কিন্তু পাচ্ছে না। সেটাকে কাটিয়ে উঠবার জন্য উনি জনসংখ্যার একটা চিত্র প্রত্যেক বছরই দেখান। যেমন কালিপুজোর সময় ছেলেরা বলে, আসছে আসছে বছর আবার হবে, তেমনি আমাদের খাদ্যমন্ত্রীও প্রত্যেক বছর কেন্দ্রীয় সরকারকে দোষ দেন। আমরা দেখতে পাচ্ছি অধিকাংশ সপ্তাহেই রেশনের দোকানে চাল, গম, চিনি নেই। এর পাশাপাশি দেখুন ট্রেনে করে, বাসে করে হাজার মণ চাল প্রতিদিন বিধিবদ্ধ এলাকার ঢুকছে। একদিকে আপনারা আইনের কথা বলেন, আর সেই আইনকে ফাঁকি দিয়ে কিভাবে চাল ঢুকছে। আপনারা দুর্নীতিকে প্রশ্রয় দেন, আপনারা চোরাচালানকে প্রশ্রয় দেন। আপনারা চোরাচালানকে যখন প্রশ্রয় দিচ্ছেন তখন কর্ডনিং ব্যবস্থা রাখছেন কেন? এই কর্ডনিং ব্যবস্থার জন্য যেখানে হাজার হাজার টাকা ব্যয় হচ্ছে। এখানে একজন সদস্য বলেছেন রেকর্ড পরিমাণ খাদ্যশস্য নাকি উৎপাদন হয়েছে। ৭৫ থেকে ৮০ হাজার টন খাদ্যশস্য উৎপাদন হয়েছে। প্রফুল্লচন্দ্র সেনের আমলে যখন খাদ্যশস্য উৎপাদন হত ৬৮ হাজার টন—তখন আপনারা তাকে জোতদারদের দালাল, মজুতদারদের দালাল বলতেন—তখন সেখানে লেভি আদায় হত চার থেকে পাঁচ হাজার টন। অর্থাৎ দু-পারসেন্টেরও বেশি। এখন সেই দুই পারসেন্টও হচ্ছে না। এবারে ১ কোটি ১৭ লক্ষ টন চাল উৎপাদন হয়েছে। আপনারা কত লেভি আদায় করেছেন? মাত্র এক লক্ষ টন। অর্থাৎ এক পারসেন্টের কম। এতে আপনাদের লজ্জা করে না? আপনারা জোতদারদের দালাল হয়েছেন, তাদের কাছ থেকে আপনারা লেভি আদায় করেন না। কাজেই আপনারা আপনাদের নিজেদের করণীয় কাজ না করে শুধু দোষ দিয়ে যান কেন্দ্রীয় সরকারকে। এই জায়গায় আপনি আজকে খাদ্য দপ্তরকে এনে দাঁড় করিয়েছেন। আপনারা গ্রামবাংলার মানুষদের কথা অনেক বলেন, গ্রামের দরিদ্র লোকদের কথা অনেক বলেন, শহরের দরিদ্র লোকদের কথাও বলেন, এ ক্ষেত্রে আমার নিজের একটা প্রস্তাব আছে, সেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি বিবেচনার জন্য সম্ভবত কেন্দ্রীয় সরকারও এ বিষয়টা নয়ে চিন্তা ভাবনা করছেন। আমার প্রস্তাবটা হল, কলকাতা, হাওড়া, আসানসোল ইত্যাদি যেসব জায়গায় বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থা আছে সেখানে যাদের ক্রয় ক্ষমতা বেশি তাদের একটা সীমা নির্ধারণ করে যাদের ক্রয় ক্ষমতা কম তাদের রেশনকার্ড দিন যাতে তারা খাদ্যটা ঠিকমতোন পায়। আর গ্রামেও যাদের ক্রয় ক্ষমতা বেশি তাদের রেশনকার্ড দেবার দরকার নেই। তাতে হবে কি, যাদের ক্রয়ক্ষমতা সীমাবদ্ধ তাদের সত্যিকারের উপকার হবে। আর যাদের ক্রয় ক্ষমতা বেশি তাদের বাজার থেকে কিনতে হবে। এর ফলে কর্ডনিং যেমন উঠে যাবে তেমনি সরকারি কোষাগারে অর্থ বাঁচবে। এরপর আমি দুর্নীতি নিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমরা জানি উত্তরবাংলায় যত চাল উৎপাদন হয় তার একটা ম্যাক্সিমাম অংশ বাংলাদেশে পাচার হয়ে যায়। এ ব্যাপারে স্বরাষ্ট্র দপ্তর থেকে আপনার দপ্তরকে বলা হয়েছিল যে সীমান্তের ১০ কিঃ মিঃ মধ্যে যাতে খাদ্য শস্যের কোনও ট্রেড লাইসেন্স না দেওয়া হয়। আপনার দপ্তর কিন্তু সে কথা শোনেনি। বর্ডার এলাকায় যেখানে খাদ্যশস্যের ট্রেড লাইসেন্স দেওয়া আছে সমীক্ষা করে দেখা গেছে যে একটা গ্রামে যেখানে মাসে যা খাদ্যশস্যের প্রয়োজন তার থেকে ১০০ গুণ বেশি খাদ্যশস্য বিক্রি হচ্ছে। অর্থাৎ এই খাদ্যশস্য বাংলাদেশে যাচ্ছে। আপনারা দপ্তর এদিকে নজর দিচ্ছে না কারণ এই দপ্তরটা আকণ্ঠ দুর্নীতিতে নিমজ্জিত হয়ে

আছে। সে কেরোসিন থেকে শুরু করে সব ক্ষেত্রে এই অবস্থা। সেখানে ডিলারদের সঙ্গে এমন আঁতাত গড়ে উঠেছে যে এই দপ্তর একটা দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। আপনাকে তাই বলব, স্বরাষ্ট্র দপ্তর যে প্রস্তাব রেখেছেন যে সীমান্ত এলাকার ১০ কি. মি. মধ্যে ট্রেড বাতিল করা—সেটা আপনি কার্যকর করুন, সেখান থেকে ট্রেড লাইসেন্স উইথড্র করুন। এটা করলে সীমান্তে চোরা চালান কমবে, বাংলাদেশে পাচার হবে না। এই কথা বলে, বাজেটের বিরোধিতা করে, আমাদের দলের আনা কাট মোশনগুলি সমর্থন করে শেষ করলাম।

[6-50 — 7-00 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় খাদ্যমন্ত্রী তাঁর দপ্তরের ১৯৯৪/৯৫ সালের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, আমাদের রাজ্যের খাদ্যনীতি কি হবে সেটা সম্পূর্ণভাবে নির্ভর করে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গির উপর। তার কারণ পশ্চিমবাংলা একটা খাদ্যে ঘাটতি রাজ্য হিসাবে ঘোষিত। মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেট ভাষণ যদি ভালভাবে পড়া যায় তাহলে দেখা যাবে একটা করুন অবস্থা। গোটা ব্যবস্থাটা বিপর্যস্ত, একটা ধ্বংসস্তুপ-এর উপর দাঁড়িয়ে আছে। মাননীয় মন্ত্রী মহাশয় খুব সাহসিকতার সঙ্গে এটা বলেছেন এবং সেখানে কোনও জিনিস গোপন করার চেষ্টা করেননি।

আজকে মাননীয় বিধায়ক আবদুল মান্নান মন্ত্রী এবং আমলাদের দুর্নীতির কথা বললেন। কিন্তু তাকে বলতে চাই পশ্চিমবাংলার গ্রামে গ্রামে এবং প্রত্যেকটি শহরে আজকে যেটা আলোচিত হচ্ছে সেটা হচ্ছে চিনি। চিনি আজকে ১৮/১৯, কোনও কোনও জায়গায় ২০ টাকা দরে পর্যন্ত চিনি কিনতে হচ্ছে। এই চিনি নিয়ে কেন্দ্রে মন্ত্রী এবং আমলাদের মধ্যে কি কি ভয়ানক চুলোচুলি হয়ে গেল সেটা আবদুল মান্নান সাহেবের চোখে পড়েনি। আজকে যদি এই বাজেটটা পড়েন তাহলে দেখা যাবে আজকে রেশন ব্যবস্থা বিপর্যস্ত কেন, কারণ কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ আচরণের জন্যই এটা ঘটেছে। কয়লা আসছে না কেন, কংগ্রেস। এল পি. জি. আসছে না কেন, কংগ্রেস। কেরোসিন আসছে না কেন, কংগ্রেস। প্রত্যেকটি ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গি বাজেটের মধ্যে যথার্থ ভাবে প্রতিফলিত হয়েছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। তবে এটাও বলা যায়, আমাদেরও কিছু করার আছে। আমাদের এই বন্টন ব্যবস্থা এমন জায়গায় গেছে গ্রামে, কিন্তু মন্ত্রীকে ধন্যবাদ তিনি প্রফুল্ল সেন মহাশয়ের মতো গ্রামের মানুষকে কাঁচকলা খেতে বলেননি, গ্রামের মানুষকে মাইলো খাওয়াননি। কিন্তু যাতে মাইলো, কাঁচকলা গ্রামের মানুষকে খেতে হয় তার জন্য কেন্দ্রীয় সরকার ষড়যন্ত্র করছে। যে আর্থিক নীতির উপর দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার চলছে, তার প্রভাব পশ্চিমবাংলায় পড়তে বাধ্য তা সত্ত্বেও আমি বলব আমাদের এই সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়েও এই গণবন্টন ব্যবস্থাকে গতিশীল করা যায়। এর মধ্যে সরকারি দপ্তরের কো-অর্ডিনেশন এর কিছু অভাব আছে এবং কিছু কিছু জায়গায় দুর্নীতি যে হচ্ছে না তা নয়। সেই জায়গায় দাঁড়িয়ে আজকে এটাকে চেক আপ করার দরকার আছে। এটা না করতে পারলে মানুষের মধ্যে ক্ষোভ যেটা আছে সেটা বাড়বে। কারণ জনসাধারণ পুস্তক পড়ে বা বিভিন্ন খবরের কাগজ পড়ে সংবাদের মাধ্যমে এই সব কিছু জানতে পারছে না, যেটা আমরা পারছি, গ্রামের মানুষ তা বুঝতে পারছে না। কাজে কাজেই আজকে খুব ভাল ভাবে তাদের এটা জানানো দরকার। আপনি

একটা পিকচার দিয়েছেন কলকাতার বিধিবদ্ধ রেশন এলাকায় বিধি বদ্ধ রেশনের মাধ্যমে চাল, গম, চিনি, ছাড়াও দেশলাই, সাবান এবং জনতা কাপড় আপনি দিচ্ছেন। কিন্তু ঘটনা হচ্ছে গরিবদের কাছ থেকে একটা দাবি উঠেছে এবং বিভিন্ন বাম কৃষক সংগঠনগুলোর দাবি ছিল যে এই ধরনের নিত্য প্রয়োজনীয় যে কতকগুলো জিনিস আছে, আজকে সেইগুলো রেশনের মাধ্যমে বন্টন করার দরকার আছে। আমাদের দাবি ছিল অন্তত ছয় মাস সস্তা দরে দেবার আশ্বাস দিন। আমাদের সীমা বদ্ধতার মধ্যে এই চেষ্টা করে যেতে হবে। এটা করতে গিয়ে যা করার দরকার, তা হচ্ছে প্রচুর যে ভুয়ো রেশন কার্ড আছে, ভুয়ো কার্ড আছে এটা মেনে নিচ্ছি, কিন্তু গ্রামাঞ্চলে বহু গরিব মানুষ আছে যারা লোকের বাড়িতে কাজ করে তাদের কোনও রেশন কার্ড নেই এবং রেশন কার্ড না থাকলে ভোটার লিস্টে নাম তোলায় অসুবিধা হয়, সেই জন্য আপনার দপ্তরকে সমালোচনার সুরে বলতে পারি, আমি বলছি এই ব্যাপারে এমন একটা ব্যবস্থা করুন যাতে ভুয়ো রেশন কার্ড—সমস্ত রেশন কার্ড বা তা না করে নুতন করে রেশন কার্ড করা যায় কি না। ভুয়ো রেশন কার্ড ধরার পাশাপাশি যেসব গরিব মানুষ এখনও রেশন কার্ড হোল্ড করে না, তারা যাতে রেশন কার্ডের সুবিধা পেতে পারে সে বিষয়টা আমি আপনাকে দেখতে অনুরোধ করছি। এটা আজকে [illegible] গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। ইতিপূর্বে আপনি প্রশ্নোত্তরে বলেছেন যে, আমাদের খাদ্যশস্যে এখনও কিছু ডেফিসিট আছে। আমরা জানি কেন্দ্রীয় সরকার প্রাইভেটাইজেশনের নামে, মডার্ন ইক[illegible]ম এস্টাবলিস করার নামে, বিশ্ব ব্যাঙ্কের চাপে এবং গ্যাট চুক্তির ফলে সঠিকভাবে ফুড প্রোকিয়রমেন্ট করবে না। তাহলে এ ক্ষেত্রে আমাদের কি করণীয় আছে? এই জায়গাটা বিশেষ ভাবে আজকে আপনাকে চিন্তা করে দেখতে হবে। যদিও আমাদের সীমাবদ্ধতা আছে, তথাপি সীমিত ক্ষমতার মধ্যেও আমাদের এ বিষয়গুলি দেখতে হবে। তা না হলে আমাদের গ্রামের মানুষদের কাছে আমাদের জবাবদিহি করতে খুবই অসুবিধায় পড়তে হবে। তারপর কয়লা[illegible] ক্ষেত্রে মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে পিকচার আমাদের সামনে তুলে ধরেছেন তা খুবই ভয়ঙ্কর। আমাদের বীরভূম জেলার প্রায় অর্ধেক এলাকা কয়লা উত্তোলনের এখন পর্যন্ত কোনও উদ্যোগ গ্রহণ করেনি। বর্ধমানের আসানসোল, দুর্গাপুর বেল্ট এবং বাঁকুড়া, পুরুলিয়া ও বীরভূম জেলার মাটির নিচে যে কয়লা সঞ্চিত হয়ে আছে, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, সেই কয়লা উত্তোলনের জন্য এখন পর্যন্ত কোনও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়নি। কাজেই এ বিষয়ে আপনি আর একবার ওদের দৃষ্টি আকর্ষণ করুন যাতে ঐ সঞ্চিত কয়লা আমরা ব্যবহার করতে পারি। আমাদের রাজ্যে এল. পি. জি.-র যথেষ্ট অভাব রয়েছে। এখানে যে এল. পি. জি সরবরাহ করা হচ্ছে তার একটা হিসাব আপনি দিয়েছেন। আমরা দেখছি যে, অন্যান্য রাজ্যের তুলনায় আমাদের রাজ্যকে যথেষ্ট কম পরিমাণে এল. পি. জি. সরবরাহ করা হচ্ছে। অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু প্রভৃতি রাজ্যের এম. এল. এ.-রা দুটো, তিনটে চারটে করে এল. পি. জি.-র কোটা এনজয় করে। আমরা সাবজেক্ট কমিটির সঙ্গে ঐসব রাজ্য ট্যুর করে এটা জানতে পেরেছি। অনেক রাজ্যে এম. পি.-দের মতো এম. এল. এ.-রাও এই সুযোগ পেয়ে থাকেন। আমরা এই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছি। এই ব্যাপারটা একটু দেখা দরকার। আমরা এই সুযোগটা পেলে কিছু মানুষকে এর মাধ্যমে এল. পি. জি. পাওয়ার ক্ষেত্রে কিছুটা সাহায্য করতে পারি। পরিশেষে আমি বলব, মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি নানান সীমাবদ্ধতার

মধ্যেও আজকে এখানে যে দলিল—ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপনের মধ্যে দিয়ে—সাবমিট করেছেন তাতে আপনি কেন্দ্রীয় কংগ্রেসি সরকারের নগ্ন চরিত্র প্রকাশ করে দিয়েছেন। তার জন্য আপনাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এর পাশাপাশি আমাদের যা করণীয় তা সঠিকভাবে করার জন্য আপনাকে আমি অনুরোধ জানাচ্ছি এবং আপনার ব্যয়-বরাদ্দের দাবিকে সমর্থন করে বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে খাদ্য মন্ত্রী শ্রী নরেন্দ্রনাথ দে-র বাজেট বরাদ্দের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থনে কিছু বক্তব্য রাখছি। একটু আগে মাননীয় খাদ্য খুবই উৎসাহিত হয়েছিলেন, যখন পি. ডাবলু. ডি-র বাজেট নিয়ে গোলমাল হচ্ছিল। উনি আমাদের বললেন, 'ওয়াক-আউট করে চলে যান।' আমরা যদি চলে যেতাম তাহলে ওর পক্ষে খুব ভাল হ'ত। গতবারে ওর উত্তরে অসন্তুষ্ট হয়ে প্রতিবাদে আমরা ওয়াক আউট করেছিলাম। কিন্তু আজকে আমরা ঠিক করেছি ওয়াক আউট করব না, এখানে থাকব এবং আমাদের দলের পক্ষ থেকে খাদ্য বাজেট এবং খাদ্য দপ্তর সম্পর্কে যে যে অভিযোগ করা হচ্ছে তার উত্তর মন্ত্রীর কাছ থেকে ১/২ করে শুনব। গতবার ওর জবাবি ভাষণ আশানুরূপ হচ্ছিল না বলেই আমরা প্রতিবাদে চলে গিয়েছিলাম। আমি মাননীয় মন্ত্রীকে দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আজকে কিন্তু আমরা ওয়াক আউট করতে পারছি না, ওকে অবলিগেটেড করতে পারছি না।

[7-00 — 7-10 p.m.]

সৌগত রায় ১৯৯২ সালের একটা হিসাব দিয়েছেন। আমি ১৯৯০-৯১ সালের অফ-টেকের কথা বলব। পার্লামেন্টে কোশ্চেন-অ্যাসারের সময় এই প্রসঙ্গ উঠেছিল। এখানে বরাদ্দের যে পরিমাণ তার পুরোটা যে অফ-টেক করতে পারছেন না। এই ন্যুনতম সত্যটুকু আপনার মুখ দিয়ে কোনও অবস্থাতেই স্বীকার করানো যায়নি। ১৯৯১ সালের জানুয়ারি টু ডিসেম্বর এতে দেখা যাচ্ছে, গমের বরাদ্দের পরিমাণ ছিল ১১ লক্ষ ১১ হাজার টন আর অফটেক হয়েছে ৯ লক্ষ ১০ হাজার মেট্রিক টন। অর্থাৎ ২ লক্ষ মেট্রিক টন অফ-টেক করলেন না ১৯৯১ সালে চালের ক্ষেত্রে বরাদ্দের পরিমাম ছিল ৮ লক্ষ ৫৩ হাজার টন আর অফটেক করলেন ৬ লক্ষ ৯২ হাজার টন। এবার আমি ১৯৯০ সালে যাই। চালের বরাদ্দের পরিমাণ ছিল ৮ লক্ষ ৫৫ হাজার টন। সেখানে রাজ্য তুলেছে ৫ লক্ষ ৯২ হাজার ৫০০ মেট্রিক টন আপনারা কত চাচ্ছেন আর কত পাচ্ছেন সেইসব প্রশ্ন তুলে লাভ নেই। সব থেকে বড় কথা বরাদ্দকৃত পরিমাণটাও আপনার অফ-টেক করতে পারছেন না। আপনারা ইচ্ছামতো চাইতে পারেন, কিন্তু কেন্দ্রীয় সরকার যেটা বরাদ্দ করেছেন সেটাও আপনারা অফ-টেক করতে পারছেন না। তাই আপনাকে ১৯৯০-৯১ এবং ১৯৯২ সালের হিসাব দিয়ে আপনাকে অভিযুক্ত করছি যে আপনার সরকার বরাদ্দকৃত চাল, গম তুলতে পারছেন না। এটা আপনার দপ্তরের ব্যর্থতা। এরপরে আসব প্রোকিওরমেন্টের ব্যাপারে, এটা আমি অন্য দিক দিয়ে আসতে চাই। গত পরশুদিন প্রশ্ন-উত্তরের সময়ে বলেছিলাম। আপনি বললেন, এত টার্গেট করেছি—২ লক্ষ ৫০ হাজার মেট্রিক টন আর আদায় হয়েছে লেভি ১ লক্ষ ৪৭ হাজার আমি কিন্তু সেইদিকে যাচ্ছি না। মোট উৎপাদনের কত পারসেন্ট লেভি আদায় করেছেন?

টোটাল প্রডাকশনের ১ থেকে ২ পারসেন্টের কাছা-কাছি লেভি আদায় হয়েছে। প্রফুল্লচন্দ্র সেন যেখানে যে সুস্পষ্ট খাদ্যনীতি ঘোষণা করেছিলেন, আজ পর্যন্ত কোনও খাদ্যমন্ত্রী তার মতোন সেই দিক-নির্দেশ করতে পারেননি। তিনি ভোটের দিকে তাকাননি, তিনি রাজ্যের দিকে তাকিয়েছিলেন। আর আপনারা ভোটের দিকে তাকিয়ে সংগ্রহের দিকে তাকাচ্ছেন না। ভোটের পাশাপাশি আপনারা নোটের দিকেও তাকাচ্ছেন বলে কোনও কোনও সদস্য মন্তব্য করছেন। সুতরাং সুস্পষ্ট করে বলার সময় এসেছে সংগ্রহের ব্যর্থতার পূর্ণ দায়-দায়িত্ব আজকে আপনাদের নিতে হবে। গত ১০ বছরের হিসাব যদি নিই তাহলে দেখব সরকারি তরফে সংগ্রহের চূড়ান্ত ব্যর্থতা। বড় চালকল মালিকদের সঙ্গে গোপনে লেন-দেনের ব্যবস্থায় সংগ্রহের পুরো ব্যবস্থাকে ভেঙে দিয়েছে। আপনারা তো পলিসির কথা বলেন, ধনী লোকেদের রেশন কার্ড দেওয়া হবে কিনা এই প্রশ্নে একটা সিদ্ধান্ত নিতে পারলেন না। এই কলকাতা শহরে এমন মানুষ আছে যাদের কাছে রেশন কার্ড আছে, কিন্তু রেশন কার্ড দিয়ে কখনও একদিনও রেশনে চাল তোলেনি। সুতরাং এই সব ধনী লোকেদের রেশন কার্ড রেখে একটা বিরাট চাহিদার মাত্রা বাড়িয়ে রেখে লাভ কি? সুতরাং এ ব্যাপারে সুস্পষ্ট নীতি গ্রহণ করুন এবং সেই সমস্ত লোকেদের রেশন কার্ড বাতিল করে দিন। কি মাপকাঠিতে করবেন, কিভাবে বিচার করবেন সে ব্যাপারে সরকারের সঙ্গে আপনার ডিপার্টমেন্ট আলোচনায় বসুন। দ্বিতীয়ত, স্পিকার মহাশয় বলেছিলেন, এম. এল. এদের একটা করে ছাপ মারতে হয় রেশন কার্ড নেবার জন্য। রেশন কার্ড নিয়ে এইসব ফার্স করে কি লাভ? একটা মানুষ যখন এলাকা থেকে আসে তখনই ছাপ মারতে হয়। যেখান থেকে কার্ড বিতরণ হচ্ছে দালালের হাতে যদি দরখাস্ত না পড়ে, সরাসরি ভাবে ঐ দরখাস্ত নিয়ে গিয়ে রেশন অফিসারের কাছে যদি জমা দেওয়া হয় তাহলে কোনওদিনও রেশন কার্ড পাবে না। আমি চিঠি দিয়েছিলাম, হয়নি, কিন্তু যখন কোনও লোককে বলেছিলাম যে দালালের মাধ্যমে ওখানে জমা দাও টেমপোরারি রেশন কার্ড ৩ মাসের মধ্যে হয়ে গেছে। ২১ নম্বর রিপন স্ট্রিটে গিয়ে দেখুন। আপনি একটা সার্ভে ভিজিট করুন আমি আপনাকে দেখিয়ে দেব কি ভয়নাক অবস্থা ওখানে চলে। কোথাও কোথাও সার্টিফিকেটের জন্য ডেথ অফ বার্থ লাগে। আপনি চোরাচালান বন্ধ করতে পারছেন না, চাল এবং অয়েল সিডস বাংলাদেশ হয়ে নেপালে চলে যাচ্ছে। ২০ পারসেন্ট বাংলাদেশ এবং নেপালের বর্ডার ক্রশ করে অন্য রাজ্যে চলে যাচ্ছে। বর্ডারে কোনও প্রপার অ্যারেঞ্জমেন্ট নেই। বি. এস. এফের সাথে একটা অ্যাডমিনিস্ট্রেটিভ কো-অর্ডিনেশন নেই, একটা সমন্বয় নেই। এর জন্য আপনাকে স্বীকার করতে হয়েছে যে চোরাচালান হচ্ছে, কেন হচ্ছে? ১৭ বছর আগে বাজেট বক্তব্যে যা বলেছিলেন ১৭ বছর পরের বাজেট বক্তব্যে বলতে হচ্ছে যে চোরাচালান হচ্ছে। এটা আমরা মানতে প্রস্তুত নই। সুতরাং আজকে যদি ঘাটতি থাকে তাহলে আপনাদের ব্যর্থতার জন্যই সেই ঘাটতি হচ্ছে। আপনাদের ভিজিলেন্স অ্যান্টিকোরাপশন একটা হিসেব দিচ্ছে যেখানে বলছে ১৯৮৬ সাল থেকে ১৯৯৩ পর্যন্ত কালোবাজারি, মজুতদারি এবং ভেজাল দেওয়ার জন্য গ্রেপ্তার হয়েছে এদের হিসেব অনুযায়ী ১৯৮৬ থেকে ১৯৯৩ পর্যন্ত একটা হিসেব নিয়ে দেখছিলাম, পর পর আপনাদের এই বাজেট বক্তব্য থেকে ১২ হাজারের কিছু বেশি মানুষকে গ্রেপ্তার করেছেন। এই টোটাল অ্যারেস্টেড ১২ হাজার। যারা ব্ল্যাকমার্কেটিয়ার্স, হোর্ডিং এবং ভেজাল দেওয়া জন্য দায়ি তাদের মধ্যে কতজনের কনভিকশন হয়েছে? Not even hundred persons; twelve thousand were arrested for adulteration,

hoarding and blackmarketing best only a hundred persons with convic ed. আমি বলতে চাই আপনি কাউকে ধরলেন, ধরে পুলিশের হাতে ঢুকিয়ে দিলেন আপ জানবেন সেই জিনিস পুলিশের হাত ঘুরে আবার সেই মজুতদারের গো-ডাউনে চলে যাচ্ছে আপনার তরফ থেকে প্রপার ড্রাইভ হচ্ছে না। তার জন্য আমি আপনাকে বলছি যে ; হাজার মানুষ গ্রেপ্তার হল মামলার ক্ষেত্রে গাফিলতি যাতে না হয় তার জন্য আপ স্পেশ্যাল কোর্টের অ্যাপয়েন্টমেন্ট দিন। ভিজিলেন্স কমিশন পানিশড রেকমেন্ডেড ভেজাল দেওয় জন্য অ্যাডালটারেশনের জন্য, যারা আজকে ব্ল্যাকমার্কেটিয়ার্স যারা গ্রেপ্তার হচ্ছে তাদের জ একটা বিশেষ আদালতের ব্যবস্থা করুন এবং এই বিশেষ আদালতের মাধ্যমে আপনি ক নামুন। আপনাদের কোনও মজুত উদ্ধারের অভিযান হয়নি। এই গভর্নমেন্ট ১৭ বছরে কোন ডি-হোর্ডিং অপারেশন করেননি এবং এই মজুতদাররা মনে করছে এটা তাদের একটা স্বর্গরা হয়ে গেছে। গ্রেপ্তার হয়ে ছাড়া পেয়ে যেতে কোনও অসুবিধা নেই। সুতরাং বহাল তবিয় এই কারবারের সঙ্গে যুক্ত হয়ে থাকছে। আমি আজকে আর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্র আপনার দৃষ্টি আকর্ষণ করব, ওয়েস্ট বেঙ্গল এসেন্সিয়েল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশ রাজ্য ব্যবসায় কিছু করতে পারেনি, এর মাধ্যমে ব্যবসা করবার উদ্যোগ যদি নেওয়া হে তাহলে ব্যবসার চেহারা বদলে যেত। এই এসেন্সিয়েল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশনে য কাজ কর্ম করে তারা কি করে? ১৯৮-৮৮-তে বিনিয়োগের পরিমাণ ছিল ২৩৪.৬২ কো টাকা, ১৯৮৭-৮৮ থেকে ১৯৯২-৯৩-এর মধ্যে কত আসছে ৬০.৪৫—এটা আপনাদের হিসাব, আমাদের নয়—৫ বছরের মধ্যে এসেন্সিয়েল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশনের ব্যবসা ২৩৪.৬২ কোটি টাকা থেকে ৬০.৪৫ কোটি টাকায় নামিয়ে আনলেন?

[7-10 — 7-20 p.m.]

এটা দপ্তর চলছে একটা? প্রফিটের দিকটাও লজ্জাজনক। ১৯৯০-৯১ সালে প্রফি করেছিলেন ৩.৬৪ কোটি টাকা, ১৯৯১-৯২ সালে প্রফিট করেছিলেন ১.৮৬ কোটি টাক ১৯৯২-৯৩ সালে কোনওরকম প্রফিট হয়নি। এসেনসিয়াল কমোডিটিজ সাপ্লাই কর্পোরেশ ১৯৭০-৭১ সালে যেখানে সাড়ে তিন-চার কোটি টাকা লাভ হয়েছিল সেখানে ১৯৯২-৯ সালে কোন প্রফিট হয়নি। এটা আপনাদেরই বাজেট বই এর বক্তব্য। এই কর্পোরেশন উদ্দেশ্যে তৈরি হয়েছিল, আজকে সেই উদ্দেশ্য শুধু ব্যর্থতাই নয়, এর প্রয়োজনিয়তাও ফুরিয় যাচ্ছে এবং সেটা আপনাদের হাতে পড়ে। সৌগতবাবু এখানে কেরোসিন এবং পি. ডি এ নিয়ে বলেছেন। আমি এখানে সিমেন্ট নিয়ে বলতে চাই। গত বছর একটা চিঠি পেয়েছিল — একটি মিউনিসিপ্যালিটির কতগুলো ফর্মের প্রফর্মা ছাপিয়ে সই করে সিমেন্ট নে হয়েছিল কম দামে সরকারের কাছ থেকে। পরে আমি ঐ পৌরসভার চেয়ারম্যানকে ঐ লেটা হেড নিয়ে যখন প্রশ্ন করি তখন তিনি বললেন—এটা সম্পূর্ণভাবে ফলস্-লেটার হেড। এ ব্যাপারে আপনাকে বারবার প্রশ্ন করা সত্ত্বেও আপনি তার কোনও উত্তর দেননি। ইট ওয় এ সিরিয়াস সিমেন্ট স্ক্যান্ডাল। সরকারি দামে যারা এভাবে বিভিন্ন কোম্পানিকে সিমেন্ট সরবরাহ করেছিলেন তাদের কি পানিশমেন্ট দেওয়া হল সেটা আমরা আজও জানতে পারিনি একটু আগে তপন হোড় মহাশয় গ্যাট চুক্তি সম্পর্কে বলতে গিয়ে বলেছেন যে, এরফলে ভরতুকি উঠবে, দ্রব্যমূল্য বৃদ্ধি হবে। গ্যাটচুক্তি, যা নিয়ে পার্লামেন্টে বিতর্ক হয়েছিল, পা

দেখেছেন সেটা উনি? গ্যাট চুক্তির ব্যাপারটা যদি উনি পড়ে থাকতেন তাহলে কখনই বলতেন না যে, এর ফলে সাবসিডি উঠে যাবে, দ্রব্যমূল্য বৃদ্ধি ঘটবে। এভাবে মানুষকে বিভ্রান্ত করবার ব্যাপারটা আপনাদের রাখতে হবে।

ফেয়ার প্রাইস শপের ব্যাপারে আপনাদের পোজিশন হচ্ছে অষ্টম স্থানে। ইউ আর ইন এইট্থ্ পোজিশন অব রিগার্ড টু ফেয়ার প্রাইস শপ ইন ইণ্ডিয়া। রুর্‌্যাল এরিয়ার ফেয়ার প্রাইস শপের ক্ষেত্রে আপনাদের পোজিশন ফিফটিনথ্ পোজিশনে। আর কনজিউমার প্রটেকশন অ্যাক্ট, এটা কতটুকু ইমপ্লিমেন্ট করেছেন এ রাজ্যে সেটা তো বলছেন না! এসব কথা বলে রুড-বেসড্ আউটলুক নিয়ে তো খাদ্যনীতি তৈরি করবেন। কেবলমাত্র কেন্দ্রের দিকে তাকিয়ে থেকে তাদের দোষারোপ করে নিজেদের ব্যর্থতা ঢাকা যায় না। সেজন্য খাদ্য বাজেটের বিরোধিতা করে, কাট্ মোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রী সুশান্ত ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ৫৪ এবং ৮৬ ব্যয়-বরাদ্দের দাবি যা পেশ করেছেন, আমি তাকে সমর্থন করছি। বিরোধীদের বক্তব্যের উপর আমি কিছু বলতে চাই। দীর্ঘ আলোচনা হয়েছে। আমাদের পক্ষের তপন হোড় এবং অন্যান্য সদস্যগণ বলেছেন, কংগ্রেস পক্ষ থেকে সৌগতবাবু সহ চারজন সদস্য তাঁদের বক্তব্য রেখেছেন। বক্তৃতার মধ্যে দিয়ে অনেক সংখ্যা তত্ত্ব এসেছে, আমি তার মধ্যে যাচ্ছি না।

কিন্তু ঘুরেফিরে যে কথা বলার চেষ্টা করেছেন, আমরা গ্রাম-বাংলা থেকে নির্বাচিত হয়ে এসেছি প্রতিনিধি হিসাবে, কাজেই সেই বিষয়ের উপর আমি কিছু বলতে চাই। এর আগে বাজেটের আলোচনার শেষে মতীশ রায় জবাবি ভাষণে যে কথা দিয়ে শেষ করেছিলেন, আমি সেই কথা দিয়ে শুরু করতে চাই। আজকে পশ্চিমবাংলার উৎপাদনের যে অগ্রগতি, তার যে সফল্য সেটা মানুষ জানে, সেকথা ব্যাখ্যা করার প্রয়োজন নেই। একটু ফ্যান, একটু ভাতের জন্য ভিক্ষার পাত্র হাতে নিয়ে গ্রাম থেকে শহরের দিকে যাবার যে অবস্থা ওদের সময়ে ছিল, সেই অবস্থা আজকে নেই। এটা আজকে সকলেই স্বীকার করেছেন। আমরা গ্রাম-বাংলার প্রতিনিধি হিসাবে আগে যখন গ্রামে সভা করতে যেতাম তখন মানুষ আমাদের বলত যে আমাদের রিলিফে মাটি কাটার ব্যবস্থা করে দিন, রেশানে চাল গম দেবার ব্যবস্থা করে দিন। এখন গ্রামে সভা করতে গেলে, মিছিল, মিটিং করতে গেলে সেই সব কথা আমাদের শুনতে হয় না। এখন তারা আমাদের কাছে দাবি করে যে রাস্তাটা পিচ করে দিন, সেচের ব্যবস্থা করে দিন, বিদ্যুতের ব্যবস্থা করে দিন, কিন্তু খাদ্যের ব্যবস্থা করে দেবার জন্য তারা দাবি করে না। গ্রামের মানুষ ওদের ভোট দিয়ে নির্বাচিত করে পাঠিয়েছে। আজকে বিধানসভায় দাঁড়িয়ে ওরা যে সব কথা বলছেন, সেই সব কথা যদি গ্রামের মানুষের কাছে গিয়ে বলেন তাহলে তারা ওদের তাড়িয়ে দেবে আমি সেকথা জোরের সঙ্গে বলতে পারি। আমি কৃষক পরিবার থেকে এসেছি। আমার বাবা লাঙ্গল দিয়ে চাষ করেন। আগে কৃষকদের কাছ থেকে ওরা কিভাবে লেভি আদায় করেছে সেটা আমরা জানি। সাধারণ মানুষ, যাদের ১০ বিঘা, ১৫ বিঘা জমি আছে, তারা নিজেদের উৎপন্ন ফসল নিজেদের বাড়িতে রাখতে পারত না, সেগুলি পাশের বাড়িতে বা অন্য জায়গায় রাখত। কারণ কখন লেভীবাবুরা আসবে তার জন্য দিন গুণত। সেই সব কথা আমরা ভুলতে পারিনি। তাই আজকে ওরা যে সব কথা বলেছেন

তার সঙ্গে বাস্তবের মিল নেই। ওরা যে সব সংখ্যাতত্ত্বের অবতারনা করেছেন, আমি তার মধ্যে যেতে চাই না। কিন্তু যে কথা না বললেই নয়, সেটা হচ্ছে, আজকে পশ্চিমবাংলার মানুষ খাদ্যশস্য উৎপাদনের সঙ্গে সঙ্গে যে সফলতা অর্জন করেছেন তাতে ওদের প্রচণ্ড ক্ষোভ। আজকে কৃষককে ফসলের দাম দিতে ওদের গায়ের জ্বালা ধরে। সেজন্য পাঞ্জাবের কৃষকের কাছ থেকে যে গম পাওয়া যেত সেই গম না কিনে আমেরিকার থেকে ওরা গম কিনছেন বেশি দামে। এই জিনিস ওরা কেন করেছেন তার জবাব ওরা দিতে পারছে না। ভারতবর্ষের কৃষক, ভারতবর্ষের মানুষের জন্য ওদের কোনও দায়-দায়িত্ব নেই। ওরা নির্বাচনের সময়ে যে সব প্রতিশ্রুতি দিয়ে থাকেন, তারপরে সেগুলি কিভাবে ভুলতে হয় সেটা ভাল করে রপ্ত করে রেখেছেন। তাই বাজেট বরাদ্দ সম্পর্কে ব্যাখ্যা করতে গিয়ে যে কথা বলেছেন তার সঙ্গে পশ্চিমবাংলার সাধারণ মানুষ এক মত হতে পারে না। তারা আপনাদের বিরোধিতা করতে বাধ্য হবে। আমরা দেখেছি যে মানুষের বছরের বেশির ভাগ সময়ে কাজ থাকত না, তারা বসে থাকত। আজকে সেই অবস্থার পরিবর্তন হয়েছে। এখন মানুষের যখন কাজ থাকে না, তখন তাদের কাজ দিয়ে বাঁচিয়ে রাখার ব্যবস্থা করা হয়েছে। সে জন্য সাবসিডি দিয়ে ৩।। টাকা করে চাল সরবরাহ করার এক প্রকল্প নেওয়া হয়েছে। সেই কথা আপনারা একবারও উল্লেখ করলেন না। ১৯৯২-৯৩ সাল, এই দুই বছরে পশ্চিমবাংলায় যে পরিমাণ চাল গ্রামের ভূমিহীন কৃষি-শ্রমিকদের দেওয়া হয়েছে তার সংখ্যা হচ্ছে ১ কোটি ৫৬ লক্ষ ৪২ হাজার ৪৬২ টন। এই বিরাট সংখ্যক মানুষকে ৩।। টাকা দামে প্রতি সপ্তাহে এক কে.জি. করে চাল দেওয়া হয়েছে। ১৯৯২ সালে ভূমিহীন কৃষি শ্রমিকদের জন্য যে চাল ভরতুকি দিয়ে সরবরাহ করা হয়েছে তার পরিমান হচ্ছে ৪৪,০৭০,৫ মেট্রিক টন। ১৯৯৩ সালে এটা দাঁড়িয়েছে ৪৬,৭৮১ মেট্রিক টন। আগে ভাদ্র মাস, কার্তিক মাসে মানুষকে খাদ্যের জন্য ঘুরে বেড়াতে হত। আজকে গ্রামের মানুষ ভাদ্র মাস, কার্তিক মাস বলে কিছু জানে না।

[7-20 — 7-30 p.m.]

আজকে ভাদ্র, আশ্বিন, কার্তিক ও অঘ্রান মাস বলে আলাদা করে কিছু দেখা হয় না, সব একাকার হয়ে গেছে। এখন মানুষ দুবেলা দু-মুঠো নুন পান্তা জোগাড় করতে পারছে, খাদ্যের জন্য হাহাকার করতে হয় না। আজকে আর মাকে মিথ্যা সান্ত্বনা দিতে হয় না যে বাবা চাল আনতে গেছে। এ দিকে জল ফুটতে থাকে আর হাঁড়িতে মাকড়শার জাল বুনতে থাকে। এই অভিজ্ঞতা আমাদের আগে ছিল। আজকে আর সেই জিনিস নেই। আজকে আপনারা বাজেটের বিরোধিতা করছেন মানে অতীতের সেই অবস্থা ফিরিয়ে আনতে চাইছেন। আজকে আমরা যে জায়গায় দাঁড়িয়ে আছি সেই জায়গায় দাঁড়িয়ে এই সরকার গণ-বন্টন ব্যবস্থা চালু কবার কথা বলেছিল। সেই গন বন্টন ব্যবস্থা চালু করেছে। সেটাকে আপনারা ঠেকিয়ে রাখতে পারেননি। কেন্দ্র চক্রান্ত করেও ঠেকিয়ে রাখতে পারেনি। এই সরকার গণ বন্টন ব্যবস্থার যে দায়িত্ব নিয়েছে সেটা পালন করে যাচ্ছে। দিল্লির সরকার এই গণ-বন্টন ব্যবস্থাকে চক্রান্ত করে বন্ধ করে দিতে চেয়েছিল, কিন্তু এই সরকার তা হতে দেয়নি। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নরেন্দ্রনাথ দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্য বাজেটের ব্যয়-বরাদ্দের

উপর অংশ গ্রহণ করে বিরোধী পক্ষের মাননীয় সদস্যরা কয়েকটি মামলি কথা বলেছেন। আর বিরোধিতা করা দরকার, সেটা সংসদীয় রীতি এবং সেই রীতি নিহাত বজায় রাখার জন্য বিরোধিতা করেছেন। সৌগতবাবু প্রথমেই অভিযোগ করেছেন চাল সংগ্রহের ব্যাপারে। আমি আগে বিধানসভায় দাঁড়িয়ে বলেছি আমাদের এই রাজ্যে বড় বড় চাল কলগুলির লেভি আদায় টোটাল প্রোডাকশনের পারসেন্ট বলেছি। বড় চাল কলগুলির লক্ষ্যমাত্র ঠিক করেছি। ঠিক হয়েছে আড়াই লক্ষ মেট্রিক টন। ইতিমধ্যে আমরা—সেপ্টেম্বর মাস পর্যন্ত সময় আছে—শতকরা ৫০ ভাগ আদায় করতে পেরেছি। এবারে বোরো ধান ভাল হয়েছে; আরো লেভি আদায় করতে পারব। প্রশ্ন তুলেছেন আমাদের রাজ্যে আমরা নাকি গমের লেভি আদায় করি না। আমাদের রাজ্যে গম সাড়ে পাঁচ থেকে ছয় লক্ষ টন হয়। কেন্দ্রীয় সরকার গমের লেভি আদায়ের কথা বলেন নি। সৌগতবাবু এক ধাপ এগিয়ে এসে গমের লেভি আদায়ের কথা বলেছেন। অফ-টেকের প্রশ্নে একটা বিতর্ক হওয়া দরকার। এখানে পার্লামেন্টের প্রশ্ন তোলা হয়েছে। কোথায় কি অফ-টেক হয়, কোথায় কি অ্যালাইনমেন্ট হয় সেই ফিগার যদি দেখা যায় তাহলে দেখা যাবে অফ-টেক কম হয়েছে। এই ফিগারের মধ্যে একটা ফ্যালাসি আছে। আমরা অনেক সময় দেখি যে শিলিগুড়ি পয়েন্টে নর্থ বেঙ্গলে বিভিন্ন কারণে চাল দেওয়া হচ্ছে না বা অন্য কোন গোডাউনে, এস. সি. আই বেস গোডাউনে চাল নেই, গম নেই, তাই দেওয়া হচ্ছে না। তখন আমরা পাই না। তখন আমাদের অফ-টেক কমে গেছে দেখানো হয়। কেন্দ্রীয় সরকারের গোডাউনে চাল গম না থাকার কারণে অফ-টেক হয় না, তখনও তার দায়ভারটা এসে পড়ে রাজ্য সরকারের উপর। এই বিষয়টা পরিষ্কার হয়ে যাওয়া দরকার। এই যে লো অফ-টেক হয় এটা অধিকাংশ সময় কেন্দ্রের গোডাউনে চাল গম চিনি না থাকার জন্য হয়। আর একটা কারণ আছে। এই প্রশ্নটা আমরা বারে বারে তুলেছি। পশ্চিমবাংলার উত্তরবঙ্গে দু-তিনটি জেলা, দার্জিলিং এবং চা-বাগান অঞ্চল ছাড়া বাকি জেলার মানুষ সেদ্ধ চাল খেতে পছন্দ করে। কিন্তু ওরা দেয় আতপ চাল।

বারবার এই কথা বলেও আমরা এর কোন সুরাহা করতে পারি নি, আতপ চাল দেওয়া হয়। এরজন্য অফ-টেক কিছু কম হয়। এবারে যেভাবে চাল ও গমের দাম রেশনে বাড়িয়ে দেওয়া হয়েছে তাতে বাজারে, বিশেষ করে গ্রামাঞ্চলে রেশনের দামের সঙ্গে বাজারের দাম সমান হয়ে গেছে, অথবা বাজারের দাম কমে গেছে। এইক্ষেত্রে অফ-টেক কম হয়েছে। কার্তিক একটা প্রশ্ন তুলেছেন যে চাল ও গমের দাম বাড়াতে হবে, কেননা কৃষকদের বেশি দাম দিতে হবে। সাপোর্ট প্রাইস যদি বাড়াতে হয় তাহলে বারবার ভর্তুকি বাড়ানো চলে না। এই ব্যাপারে আমি একটি পুস্তিকা বার করেছি। আমি দেখিয়েছি, কেন্দ্রীয় সরকার কৃষককে সাপোর্ট প্রাইস দিচ্ছেন ৫৪ পারসেন্ট, আর ইস্যু প্রাইস বেড়েছে ৯৪ পারসেন্ট। এটা যে কি ধরনের যুক্তি হয়, এই কথাটা দিল্লিতে আমি বলেছিলাম। আমি বলেছিলাম, তোমরা যে যুক্তি দিচ্ছ, সাপোর্ট প্রাইস বাড়াচ্ছ, তাই ইস্যু প্রাইস বাড়িয়েছ, এই যুক্তি টেঁকে না। আমি দেখিয়েছি, গত চার বছরে ৯৭ পার্সেন্ট ইস্যু প্রাইস আর সাপোর্ট প্রাইস বেড়েছে ৫৪ পারসেন্ট। এটা কি করে হয়? অতএব এই যুক্তি ঠিক না। কেরোসিন তেল আমাদের বাড়ানো হচ্ছে না। সেই একই কোটা থেকে গেছে। তারই মধ্যে আমাদের ভাগ করে দিতে হচ্ছে। আমাদের এখানে চাষে কিছু কেরোসিন তেল লাগে। ছোট ছোট কিছু কল-কারখানা

আছে, সেখানে কেরোসিন তেল লাগে। এই ব্যাপারে আমরা বারবার বলেছি। কিন্তু সুরাহা হয় নি। এল.পি.জি.র ব্যাপারে এম.পি.রা কোটা পায়, এম.এল.এ.-রা পায় না অন্য রাজ্যে তারা নাকি পাচ্ছেন, এটা বলা হয়েছে। আপনাদের বোধহয় স্মরণ এম.এল.এ.-রা ন্যূনতম একটা কোটা পাক, এই নিয়ে এই হাউসে যে প্রশ্ন উঠেছিল, সেটাই প্রতিনিধিত্ব করে কেন্দ্রীয় মন্ত্রীর কাছে একটি চিঠি লিখেছিলাম যে, ওয়েস্ট হাউসে এটা নিয়ে আলোচনা হয়েছে। এম.এল.এ.দের একটা কোটা দেওয়া হোক। সম্পূর্ণ নেগলেট করে উত্তর দিয়েছেন যে এটা সম্ভব নয়। এখান চিনি দামের ব্যাপ আপনারা দেখেছেন যে এই বিষয়ে সারা দেশব্যাপি তোলপাড় হচ্ছে। আমাদের এখানে চিনির প্রোডাকশন কম হয়েছে, সৌগতবাবু এই বিষয়ে ঠিকই বলেছেন। প্রোডাকশন হয়েছে এটা যদি তাঁদের জানা ছিল, তাহলে যেটুকু কম হয়েছে তারজন্য বিদেশ আমদানি করার ব্যবস্থা আগে থেকে তাঁরা করতে পারতেন? আমাদের এখানে চিনির প্রোডাকশান যা হয়, আগে নিয়ম ছিল ৪৫ পারসেন্ট পি.ডি.এস.-এ যাবে। কেন্দ্রীয় সর এখন বললেন যে এত দেবার দরকার নেই। তাঁরা ৫ পারসেন্ট কম করে সেটা ৪০ পার করে দিলেন। এটা কার স্বার্থে করা হল এটা নিশ্চয়ই ভেবে দেখা দরকার। নিশ্চয়ই বড় চিনিকলের মালিকদের স্বার্থে এটা করা হল। কেন্দ্রীয় সরকার-এর দায়িত্ব হচ্ছে ওপেন মা কত চিনি ছাড়া হবে তাঁরা বলে দেবেন। অক্টোবরে তাঁরা বললেন ৭ লক্ষ টন চিনি বাজ ছাড়। মিল মালিকরা ৭ লক্ষ টন চিনি ছেড়ে দিলেন। নভেম্বরে বলেন ৭ লক্ষ ২০ হাজ টন ছাড়ার কথা। তারপর আমরা দেখছি চিনির কোটা যখম কমে গেল, ডিসেম্বর, জানু ফেব্রুয়ারি, মার্চ এবং এপ্রিলে অনেক কমে গেল, মে মাস এসে গেল, তখন ৪ লক্ষ হাজার টন চিনি তারা বিক্রি করবেন। এ সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কোন নিয়ন্ত্রণ মিল মালিকরা যখনই দেখছে যে চিনির কোটা কমিয়ে দেওয়া হলো, বাজারে চিনির ধরবে, তখন সাগর মিলের ওনাররা চিনির দর বাড়িয়ে দিল। এপ্রিল মাসে যে দরে করেছে, মে মাসে যখন ৪ লক্ষ ৯০ হাজার টন নেমে এলো, তখন চিনির দর দেড় থেকে দু'টাকা করে বাড়িয়ে দিল।

[7-30 — 7-40 p.m.]

আমি দিল্লিতে টেলেকস্ করে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রীকে জানিয়েছি যে ওঁনারা যে ৫, ৬, লক্ষ করে চিনির বিভিন্ন কোটা করে দিচ্ছেন এবং তার সুযোগ বারেবারে নিচ্ছে ব্যবসাদার আপনাদের কি চিনির কমজাম্পশন প্রত্যেক মাসেই কখনো বাড়ে কখনো কমে? আপন জানুয়ারিতে এক রকম, ফেব্রুয়ারিতে এক রকম এই জিনিসটা কেন হবে? চিনির কঞ্জাম্পশ একটা স্টেডিনেস থাকা তো দরকার। কিছুটা হয়ত বাড়তে পারে যখন কোনও উৎসব যেমন পুজোর সময়ে বা ঈদের সময়ে বা দেওয়ালি ইত্যাদি সময়ে কিছুটা চিনির দাম বাড়তে পারে। সেইসব সময়ে বাজারে চিনির দাম বাড়ার সম্ভাবনা থাকতে পারে। কিন্তু অক্টোবর নভেম্বর ৭ লক্ষ ২০ হাজার এবং এপ্রিলে সেটাই হল ৫ লক্ষ ৪০ হাজার, তারপর লক্ষ ৯০ হাজার এইসব হবে কেন? নভেম্বরে যা হয়েছে তারপরে সেটাই কমিয়ে যে দেও হল অ্যাবরাপ্টলি তার সুযোগ কিন্তু নিচ্ছে ব্যবসাদাররা। আমি কেন্দ্রের কাছে দুটি বলেছি যে আপনারা প্রত্যেক মাসে চিনি ছাড়ার একটা নির্দিষ্ট নিয়ম করুন এবং সম অফ কন্ট্রোল অর্থাৎ কিছুটা নিয়ন্ত্রণ থাকার দরকার। এই ওপেন মার্কেটে অর্থাৎ বাজারে

করে বিক্রি হবে তার উপরে কেন্দ্রীয় সরকারের কোনও নিয়ন্ত্রণ থাকবে না? যা খুশি ব্যবসারদাররা করবেন এ কি করে হয়। সুতরাং এইসব যে ঘটছে তা আমি জানিয়েছি এবং তাতে একথাও জানিয়েছি যে, এই যে চিনির ক্রাইসিস হয়েছে এটা অন্তত সামাল দেওয়ার জন্য আমাদের যে চিনি আছে সেটা ৬০/৪০ রেসিও না করে ৫০/৫০ রেশিও করুন, অন্তত এই সামালটা দেওয়া যাক। পি. ডি. এসে চিনির কোটা বাড়িয়ে দিন তাহলে অন্তত এই দুরবস্থার থেকে কিছুটা রেহাই পাওয়া যাবে। গরিব মানুষ এবং সাধারণ মানুষের ক্ষেত্রে এই জিনিসের মূল্য কিছুটা কন্ট্রোলে থাকবে। কিন্তু কেন্দ্রীয় সরকার কোনওটাই শুনবেন না। এইসব কথা তারা শুনবেন না, নিজেদের খেয়াল খুশিমতো চলবে এবং এটা করতে তাদের কি অসুবিধা জানি না। হঠাৎ করে চিনির কোটা কমিয়ে দিচ্ছেন আর চিনির দাম বাড়িয়ে দিচ্ছেন কোনও কন্ট্রোল নেই। সুতরাং এই অবস্থার মধ্যে দিয়ে চলছে। তারপরে পামোলিনের ব্যাপারে বলছি, পামোলিন আমরা তুলতে পারছি না। এটা একটা অদ্ভুত ব্যাপার, এপ্রিল মাসে আমরা ১ হাজার টন পামোলিন পেয়েছিলাম এবং সেই সময়ে আমাদের বলা হয়েছিল যে ২০শে জুনের মধ্যে বিক্রি করতে হবে। ইতিমধ্যেই আমরা ৯০০ টনের মতো বিক্রি করে দিয়েছি, আর তুলতে পারছি না। আমি দিল্লিতে চিঠিও লিখেছি যে পামোলিন আমরা ও. জি. এলে আনব এবং বিদেশ থেকে ই. সি. এস. সিতে আনব কিন্তু আমাদের ২০ পারসেন্ট ইমপোর্ট ডিউটির সুযোগ দিতে হবে। এস. টি. সি. অর্থাৎ স্টেট ট্রেডিং কর্পোরেশন তারা পি. ডি এসে তেল দেওয়ার জন্য ২০ পারসেন্ট ইমপোর্ট ডিউটির সুযোগ পায়। আমি মিঃ অ্যান্টোনি, কেন্দ্রীয় ফুড সাপ্লাইয়ের মিনিস্টার তার সঙ্গে টেলিফোনে কথাও বলেছিলাম। তাকে বলেছিলাম যে আমরা ই. সি. এস. সি.-র পক্ষ থেকে পামোলিন আনব, পি. ডি. এস. দেবে। আপনারা বলেছেন যে পি. ডি. এসে যদি দেওয়া হয় তাহলে ৬৫-এর জায়গায় ২০ পারসেন্ট ডিউটিতেই চলবে। তাহলে আমরা কেন এই সুযোগ পাব না? উনি তাতে বললেন যে এটা ওনলি ফর এস. টি. সি.। তাতে আমি বললাম যে, তা কেন হবে, আমাদের তো সেটা পি. ডি এস. দেবে, আমরা কেন এই সুযোগ পাব না? তখন উনি বললেন যে চিঠি পাঠান, আমরা দেখছি। আমরা আবার চিঠি দিয়েছি কিন্তু এখনও পর্যন্ত কোনও উত্তর পাইনি। আমি কালকের ভোরেই দিল্লি যাচ্ছি, সেখানে আরও বলব যাতে আমরাও ২০ পারসেন্ট ইমপোর্ট ডিউটিতে বিদেশ থেকে পামোলিভ ওয়েল পেতে পারি। এই তেলের যাতে ফাটকাবাজির সুযোগ না হয়, তেলের মূল্য যাতে নিয়ন্ত্রণে থাকতে পারে এর উদ্যোগ আমরা গ্রহণ করব। পামোলিনের ব্যাপারে একটি কথা বলি অন্যদের সঙ্গে তুলনা আমি করছি না, আমরা ১ হাজার টন পামোলিন তুলে ৯ হাজার বিক্রি করেছি। সেখানে ইউ. পি. ১,৫০০ টন তুলে ৩০০ টন বিক্রি করেছে। মুশকিল হচ্ছে কি জানেন আপনারা যেসব কথা বলেন সেগুলো অনেক সময়ে ভুল তথ্যের ভিত্তিতে বলেন। আসলে আপনারা কাকে কান নিয়ে গেল শুনলেন তার পেছনে ছুটলেন। আপনারা যদি সরকারি তথ্যের ভিত্তিতে কথা বলেন তাহলে সুবিধা হয়। এখানে যেমন আবদুল মান্নান বললেন যে মন্ত্রী আমলা বিরোধ খবরের কাগজে প্রায় বেরিয়ে পড়েছে। আসলে কিছু কাগজ আছে যারা প্রায় ভুল খবর ছেপে থাকে। সেই কারণে আমরা তার বিরুদ্ধে একটা পুস্তিকা বার করেছি। ওই পুস্তিকাতে বলা হয়েছে যে খবরগুলো কিভাবে ভুল ছাপা হয়েছে এবং সঠিক ঘটনাটি কি। এই বিষয়ের উপরে মাত্র ২

ঘন্টা সময়, তারমধ্যে যদি এইভাবে সময় নষ্ট হয়ে যায়, ভুল খবরের ভিত্তিতে যদি বক্তব্য বলতে থাকেন তাহলে তো মুশকিল। আমরা চাই কাগজ সমালোচনা করুক, কাগজ মারে প্রেস, এই প্রেস লিডস বাই ডিজপোজাল। সত্য ঘটনা উদ্ঘাটনটাই প্রেসের প্রাণ। আমি সব সংবাদপত্রের কথা বলছি না, সঠিক সাংবাদিকতা নিয়েও কিছু কিছু সংবাদপত্র ম্যালাইন করছে।

এই সমস্ত বিষয়গুলি নিয়ে আপনারা বিধানসভায় যা বললেন তাতে কয়েক মিনিট চলে গেল। এখানে সারের কথা বলেছেন, সারের কথা বলেছেন, সারে ই. সি. এস. সি.-র কোনও লস হয়নি, ই. সি. এস. সি. যে সার কিনছে সেটা নিয়মানুযায়ী ঠিকই আছে, আপনাদেরকে কে খবর দিয়েছে আমি জানিনা, সোর্স অফ ইনফর্মেশন ঠিক নেই। এই যে বললেন ব্যাঙ্কে যে টাকা রাখা হয়ে সেটার ফিক্সড ডিপোজিট ম্যাচিওর করার আগে আপনারা ট্রান্সফার করেছেন, এই ব্যাপারে বল, কোনও টাকাই ম্যাচিওর করার আগে ট্রান্সফার করা হয়নি, আর যেটা হয়েছে ই. সি. এস. সি.-র সাথে হয়েছে, কোনও টাকা তাতে ই. সি. এস. সি. লস করেনি। আপনাদের যে সাপ্লায়ার তাকে ধরুন যেন ঠিক ঠিক সংবাদ সরবরাহ করেন। মাননীয় সদস্য আবদুল মান্নান একটি রেশনিং শপের কথা বলেছেন, আমি সঙ্গে সঙ্গে আমাদের এখানকার অফিসারদের বলেছি যেন রেশন শপ এনকোয়ারি করা হয়। আমাদের দপ্তরে যে দুর্নীতি নেই এই কথা বলছি না, দুর্নীতির কোনও অভিযোগ এলে চুপ করে বসে থাকব, এই রকম অভিযোগ শুনতে রাজি নই। আমরা ইতিমধ্যে গত বছরে অনেকগুলি রেশনিং-এর বিরুদ্ধে অ্যাকশন নিয়েছি, প্রথমে বলি সিকিউরিটি ডিপোজিট ফরফিট করেছি ২২ জনের, সাসপেন্ড হয়েছে ১০টি রেশনিং দোকান, ক্যান্সেল করতে বাধ্য হয়েছি, ৩৬টি দোকানের অন্যান্য পানিশমেন্ট ৪০টি দোকানের ক্ষেত্রে নেওয়া হয়েছে। আমাদের এই আর্থ সামাজিক অবস্থার মধ্যে দুর্নীতি রয়েছে, দুর্নীতির খবর পেলে সঙ্গে সঙ্গে ছুটে যাই এবং সেখানে ব্যবস্থা গ্রহণ সঙ্গে সঙ্গে করি। মাননীয় সদস্য জটু লাহিড়ি মহাশয় বলেছেন, যাদের ক্রয় ক্ষমতা নেই, রেশন ব্যবস্থার সুযোগ পায় না, তাদের জন্য ব্যবস্থা করুন। এখন বললেই বলবেন কেন্দ্রের বিরুদ্ধে বলছে, সত্যিকথা বলতে গেলে কেন্দ্রের বিরুদ্ধে বলতেই হয়। আপনারা এই ব্যাপারে জানেন যে নূতন খাদ্য নীতি আমাদের ভারতবর্ষে হবে, কেন্দ্রীয় সরকার সেটা নিয়ে করলেন, কমিটিও হল, কমিটিতে প্রথম তিন জন ছিল, পরে ২ জন আমি আর হরিয়ানা থেকে যুক্ত করা হল।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনার আর কত মিনিট লাগবে?

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আপনি ১০ মিনিট আরও দিয়ে রাখুন, তার মধ্যে আমি শেষ করব।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি আপনাদের অনুমতি নিয়ে ১০ মিনিট সময় বাড়িয়ে নিচ্ছি, আশাকরি এতে আপনাদের আপত্তি নেই।

(নয়েজ)

**শ্রী নরেন্দ্রনাথ দে ঃ** আমরা সেই রিপোর্ট গত বছরে ৯৩ সালের জুলাই মাসে দিয়ে দিয়েছি। সেই রিপোর্ট এখনও কেন্দ্রীয় সরকারের ঘরে পড়ে রয়েছে, কোনও উচ্চবাচ্য নেই

বলতে গেলেই এটা বলতে হয়। এখানে মাননীয় সদস্য তপন হোড় মহাশয় বলেছেন, ভূয়া রেশন কার্ড আছে, তবে রেশন কার্ড নেই এমন মানুষও আছেন। আমরা সেখানে যতটা সম্ভব চাইছি ভূয়া রেশন কার্ড যাতে না থাকে, যাদের নেই তারা সকলে রেশন পাবে। আপনি বলেছেন, নূতন করে রেশন কার্ড দিতে, সেটা আমাদের ভাবনার মধ্যেই আছে। আরও দু-একটা জিনিস বলি, ই. সি. এস. সি.-র টার্ন ওভার অনেক কমে গিয়েছে, আগে আমাদের এখানে কেন্দ্রীয় সরকার যা তেল দিত সেটা আমাদের এখানে রিফাইন করে রেশনে দিতাম। আমাদের সিমেন্ট ব্যবসা কমে গিয়েছে, আমরা অন্যান্য ব্যবসার দিকে ঝুঁকছি। আমরা চেষ্টা করছি এফ. সি. আই. থেকে যে চিনি দেওয়া হয়, সেটা ই. সি. এস. সি. যাতে লিড করতে পারে।

[7-40 — 7-48 p.m.]

আমরা বিদেশ থেকে রেশন দোকানে চিনি দেওয়ার জন্য উদ্যোগ গ্রহণ করছি। আমরা ছাত্র-ছাত্রিদের জন্য সস্তায় খাতা দেওয়া যায় কিনা সেটা আমরা চেষ্টা করছি। আমরা নিজেরা খাতা তৈরি করে রেশন দোকানে তা পৌঁছে দেব। আমরা গম পিষে ময়দা তৈরি করে, সেই ময়দা থেকে যদি পাউরুটি তৈরি করি তাহলে আমরা রেশন দোকানের মাধ্যমে পাউরুটি দিতে পারব। আমি আপনাদের সকলের কাছে অনুরোধ করছি, আমরা চেষ্টা করছি প্রত্যেক জেলায় একাধিক ডিপার্টমেন্টাল স্টোর খোলার জন্য। আপনাদের কাছে আমি অনুরোধ করছি এই ব্যাপারে আপনারা আমাদের সঙ্গে সহযোগিতা করুন। মহকুমা শহরে আপনারা যদি আমাদেরকে একটা করে ঘর খুঁজে দিতে পারেন তাহলে আমরা সেখানে ডিপার্টমেন্টাল স্টোর করব। আমরা গণবন্টন ব্যবস্থায় বিশ্বাসী। কেন্দ্রীয় সরকার সেভেন্থ ফাইভ ইয়ার প্ল্যানে গণবন্টন ব্যবস্থাটাকে জোরদার করতে চাইছে। আমাদেরও সেই রাজনৈতিক সদিচ্ছা আছে, তাই আমরাও এখানে গণবন্টন ব্যবস্থাটাকে রাখব এই ইচ্ছা আমাদের আছে। অন্যান্য বড় বড় শহর থেকে আমাদের কলকাতা শহরে প্রাইস ইন্ডেক্স কম। কলকাতার প্রাইস ইন্ডেক্স হচ্ছে ৬.৯ পারসেন্ট; বোম্বে ৮৮৬ পারসেন্ট ; মাদ্রাজ ৭.৮ পারসেন্ট। আমরা এখানে চেষ্টা করছি। কেন্দ্রীয় সরকার এই চেষ্টা করুক জিনিসপত্রের দাম বাড়িয়ে আস্তে আস্তে এই গণবন্টন ব্যবস্থাটাকে মিনিং লেস করে দেব, চাল, গমের দাম এমন একটা জায়গায় পৌঁছে দেবে যখন রেশন দোকানে লোক আর আসবে না। এই অবস্থার মোকাবিলা করার জন্য আমরা চেষ্টা করে যাচ্ছি। কেন্দ্রীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন ১৫ কোটি টাকার একটি শস্য ভান্ডার গঠন করা হবে। আমরা সেই শস্য ভান্ডার যদি তৈরি করতে পারি, তাহলে অনেক উপকার হবে। আমাদের রাজ্যে সেই উদ্যোগ আমরা গ্রহণ করছি। আরেকটা বিষয় হচ্ছে টার্নওভার ট্যাক্সের জন্য অর্থমন্ত্রী মহাশয় বলেছেন টার্নওভার ট্যাক্সের জন্য চাল, গম, চিনির দাম বাড়বে না। আরেকটা কথা আমি বলি, এফ. সি. আই. মাঝে মাঝে ওপেন মার্কেটে চাল, গম ইত্যাদি বিক্রি করে। সেটা এক এক রাজ্যে এক এক দাম হয়। ধরুন ওপেন মার্কেটে যে গমটা ইউ. পি.তে ৩৮০ টাকা, সেই গমই আবার বিক্রি হচ্ছে পশ্চিমবঙ্গে ৪৪০ টাকায়, আবার মনিপুরে সেই গমই বিক্রি হচ্ছে ৪৫০ টাকা। সারা দেশে একই দামে চাল, গম যাতে বিক্রি হয় তার জন্য আমরা বলেছি। আমরা বলেছি আমরা সবাই ভারতের নাগরিক। কেউ উত্তর প্রদেশ থেকে বলে সে কম দামে মাল কিনবে, আর আমি নাগাল্যান্ড বা মনিপুরে থাকি বলে

আমরা বেশি দামে মাল কিনব, এটা হতে পারে না।

আমরা বলেছিলাম যে ট্রান্সপোর্ট কস্ট যা হবে সেটা সমস্ত ভাগ করে চারিয়ে দিন তাতে ভারতবর্ষের মধ্যে জাতীয় চেতনার উদ্ভব হবে। শুধুমাত্র বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে শ্লোগান তুললেই হবে না, কংগ্রেসের তরফ থেকেও বিচ্ছিন্নতাবাদের বিরুদ্ধে লড়াই-এর কথা বলা হয় কিন্তু সেখানে কার্যকর ব্যবস্থা করা হয় না। আমরা তাই বলি, সমস্ত ভারতবর্ষে একই দামে চাল, গম বিক্রি করার ব্যবস্থা করা দরকার। দিল্লিতে গিয়ে যদি আপনারা এই বক্তব্য রাখতে পারেন, তাদের কনভিন্স করতে পারেন তাহলে অন্ততপক্ষে ভারতবর্ষে বিচ্ছিন্নতাবাদ রোধের পক্ষে পজিটিভ স্টেপস গ্রহণ করা সম্ভব হবে। পরিশেষে আমি বলব, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যতই চেষ্টা করা হোক না কেন আমাদের এই রাজ্যে গণ বন্টন ব্যবস্থা বিপর্যস্ত করার সেখানে আমাদের চেষ্টা হবে এই গণবন্টন ব্যবস্থা অটুট রাখার। এই কথা বলে আমি বাজেটকে সমর্থন করার জন্য সকলকে অনুরোধ জানিয়ে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**Mr. Deputy Speaker :** There are twelve cut motions to Demand no. 54. All the cut motions are in order and have already been moved.

The motion of Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Prabir Banerjee and Shri Deba Prasad Sarkar that the amount of the demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,07,35,33,000 be granted for expenditure under Demand No. 54. Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 35,78,50,000 already voted on account in March, 1994.), was then put and agreed to.

## DEMAND NO.—86

**Mr. Deputy Speaker :** There are two cut motions to Demand no. 86. All the cut motions are in order and have already been moved.

The motions Shri Saugata Roy and Shri Prabir Banerje that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,98,00,,000 be granted for expenditure under Demand No. 86. Major Heads : "3456—Civil Supplies".

(This is inclusive of a total sum of Rs. 1,00,00,000 already voted on account in March, 1994.), was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7.48 p.m. till 11 a. m. on Tuesday, the 7th January, 1994 at the Assembly House, Calcutta

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 7th June 1994 at 11.00 a.m.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 18 Ministers, Ministers of State and 152 Members.

[11-00 — 11-10 a.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### "যুবমানস" ও "পশ্চিমবঙ্গ" পত্রিকা

*৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৩০) **শ্রী আব্দুল মান্নান ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে "যুবমানস" ও "পশ্চিমবঙ্গ" পত্রিকা দুইটির মোট কত সংখ্যা ছাপা ও বিক্রি হয়েছে ; এবং

(খ) এজন্য মোট কত টাকা ব্যয় হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) "যুবমানস" আমাদের বিভাগ থেকে ছাপা হয় না।

পশ্চিমবঙ্গ ৪১টি সংখ্যা ছাপা হয়েছে। বিক্রি হয়েছে মোট ১,১৩,১২০ কপি।

(খ) ৩২ লক্ষ ৮১ হাজার ৯৬৬ টাকা।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন পশ্চিমবঙ্গ পত্রিকা ১ লক্ষ ১৩ হাজার ১২০টি বিক্রি হয়েছে। পশ্চিমবঙ্গ পত্রিকার দাম এক টাকা করে, কমিশন বাদ দিলে এক লক্ষ ১৩ হাজার ১২০ টাঃ আদায় হয়েছে। কিন্তু খরচ হয়েছে ৩২ লক্ষ ৮১ হাজার ৯৬৬ টাকা। তাহলে দেখা যাচ্ছে ৩১ লক্ষ ৭১ হাজার টাকা বর্তমান আর্থিক বছরে লস দিয়ে বেচা কেনা করে। আমার জিজ্ঞাস্য, বর্তমানে যে ফাইনান্সিয়াল ক্রাইসিস চলছে, উন্নয়নের কাজ বন্ধ হয়ে যাচ্ছে, সেখানে পশ্চিমবঙ্গ পত্রিকা প্রচারের জন্য এত টাকা সাবসিডি দেওয়া হচ্ছে, এটা বন্ধ করার জন্য কোনও পরিকল্পনা নিয়েছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের সরকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ, সাংস্কৃতিক দিকগুলো এবং সাহিত্য বিষয়ে যোগ্যতার সঙ্গে প্রচারের জন্য সরকারি পক্ষ থেকে এই পত্রিকা প্রকাশ করা হয়। শুধু এই রকম পত্রিকা আমাদের রাজ্যেই নয়, অন্যান্য রাজ্য থেকেও প্রকাশ করা হয় এবং কেন্দ্রীয় সরকারও সেখানে অল্প দামে এই রকম পত্রিকা বার করেন এবং এর জন্য ভর্তুকি দেওয়া হয়। তবে যদি কোথাও এই খরচের পরিমাণ কমানোর জায়গা থাকে তাহলে সেই খরচ কমানোর জন্য নিশ্চয়ই চেষ্টা করা হবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** এটা একটা সরকারি প্রচারের সংখ্যা, রবীনবাবু প্রায়ই দূরদর্শন সম্পর্কে বলেন যে সেখানে বিরোধীদের বক্তব্য দূরদর্শনের মাধ্যমে প্রচার করা হয় না। যে বছরটার কথা আমি মেনশন করেছি, এতে দেখেছি বিভিন্ন যে সব লেখা আছে, আর্টিকল যেগুলো বেরিয়েছে, তার মধ্যে কিছু পরিচিত রাজনৈতিক ব্যক্তিত্ব আছে, তাদের লেখা সম্পর্কে আমি কিছু বলতে চাইছি না। কিন্তু সরকার একটা বছরের মধ্যে বিরোধী রাজনৈতিক দলের কোনও ব্যক্তিত্বের আর্টিকল বার করেননি। এই যে বৈষম্য, এই বৈষম্যের কারণ কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে সংখ্যা বেরিয়েছে, বিশেষ করে চলচ্চিত্র বিশেষ সংখ্যা, সেখানে কোনও রাজনৈতিক ব্যক্তিত্বের কোনও লেখা নেই, সেখানে চলচ্চিত্র জগতের যার ব্যক্তি তাদের লেখা রয়েছে। রবীন্দ্র সংখ্যা, সেখানে রাজনৈতিক ব্যক্তিত্বের কোনও লেখা নেই সেখানে যারা শিল্প সাহিত্য জগতের পুরুষ বা মহিলা তাদের লেখা বেরিয়েছে। বিশেষ সংখ্যাতে কোনও রাজনৈতিক ব্যক্তিত্বের কোনও লেখা থাকে না। আর সাধারণ সংখ্যা সেখানে রাজনৈতিক ব্যক্তিত্বের লেখা বেরোয়, সেখানে আপনারা বিরোধী দলের পক্ষ থেকে যদি কোনও প্রবন্ধ আমাকে জমা দেন, তাহলে নিশ্চয়ই সেইগুলো যাতে প্রকাশ করা হয় সেই বিষয়ে যত্নবান থাকব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** নিয়মিত সংখ্যাগুলিতে বিরোধী রাজনৈতিক দলের কোনও ব্যক্তি লেখা নেওয়া হয় না। মাননীয় মন্ত্রী মহাশয়, আমার আপনার কাছে জিজ্ঞাস্য, আপনারা বিরোধী রাজনৈতিক মনোভাবের কবি, সাহিত্যিকদের কাছে "পশ্চিমবঙ্গ" পত্রিকায় লেখা দেবার জন্য কখনও কোনও আবেদন করেছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** বিশেষ সংখ্যায় প্রকাশের জন্য ঐভাবে চিঠি লিখে লেখা দেবার জন্য আবেদন করা হয়। কিন্তু নিয়মিত সংখ্যার জন্য কারও কাছে কোনও আবেদন করা হয় না। যারা নিজেরা লেখা পাঠান তাদের লেখার গুণাগুণ বিচার করে তা প্রকাশ করা হয়।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে কি এরকম কোনও তথ্য আছে, যে বিরোধী দলের কোনও নেতা "পশ্চিমবঙ্গ" পত্রিকায় প্রকাশের জন্য কোনও লেখা পাঠিয়েছিলেন, কিন্তু তা আপনারা বাতিল করে দিয়েছেন?

**মিঃ স্পিকার ঃ** না, হবে না, নট অ্যালাউড।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি যে হিসাব দিলেন তাতে আমরা দেখছি এই পত্র-পত্রিকাগুলি প্রকাশ করতে সরকারকে বেশ কিছু টাকা ভরতুকি দিতে হচ্ছে। শিল্প, সাহিত্য, সংস্কৃতি মানুষের কাছে পৌঁছে দেবার জন্যই জনস্বার্থে এই ভরতুকি দিতে হচ্ছে। অনুরূপভাবে পরিবহনের ক্ষেত্রেও সবটা ব্যবসায়ী দৃষ্টিভঙ্গির মাধ্যমে পরিচালিত হয় না, ফলে সেখানে খানিকটা ভরতুকি দিতে হয়। আগামী দিনেও আপনি এই পত্র-পত্রিকাগুলি যে দৃষ্টিভঙ্গি দিয়ে পরিচালিত করছেন তাই করবেন, না ব্যবসায়ী দৃষ্টিভঙ্গির মাধ্যমে পরিচালিত করবেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সরকারের পক্ষে কোনও পত্র-পত্রিকা কখনই ব্যবসায়ী দৃষ্টিভঙ্গির

সাহায্যে প্রকাশ করা হয় না। সঠিক তথ্য মানুষের কাছে পৌঁছে দেবার লক্ষ্যেই এগুলি প্রকাশ এবং প্রচার করা হয়। এক্ষেত্রে লাভ-লোকসান প্রধান বিষয় নয়।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** "পশ্চিমবঙ্গ" পত্রিকার ১ লক্ষ ১৩ হাজার সংখ্যা প্রকাশ করতে ৩২ লক্ষ টাকা ব্যয় হচ্ছে। অথচ আমরা দেখছি এই প্রত্রিকাটি মোটেই জনপ্রিয় নয়, কেদমই চলে না, এটা গণশক্তির সেকেন্ড এডিশন। সুতরাং পত্রিকাটিকে মানুষের কাছে গ্রহণযোগ্য না করতে পারলে প্রতি বছর ৩২ লক্ষ টাকা করে লোকসান দিতেই হবে। নিরপেক্ষ দৃষ্টিভঙ্গির ভিত্তিতে পত্রিকাটিকে প্রকাশ করার কোনও পরিকল্পনা রাজ্য সরকার গ্রহণ করতে পারেন না কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে পরিকল্পনা ভিত্তিতে পত্রিকাটি চলছে সেটা যথাযথ এবং বিজ্ঞান সম্মত। প্রচারের সংখ্যা আমরা যত বাড়াব ঘাটতির পরিমাণ-ও ততই বাড়বে। তথাপি আমরা চেষ্টা করছি আরও বেশি সংখ্যক মানুষের কাছে এই পত্রিকা পৌঁছে দিতে। ফলে ঘাটতির পরিমাণ যেটা বাড়বে সেটার দায়িত্ব পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করবে।

## পুরুলিয়া জেলায় সেচ

*৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) ভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় ডিপ-টিউবওয়েলের মাধ্যমে সেচের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত পরিকল্পনা কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**ডাঃ ওমর আলি ঃ**

(ক) বর্তমানে এরকম কোনও পরিকল্পনা সরকারের নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** আমি জানতে চাইছি, পুরুলিয়া জেলায় যে ডিপ-টিউবওয়েল করা হয়েছে, সেখান থেকে জল নিয়ে বিভিন্ন ব্লকে পানীয় জল এবং চাষের কাজে লাগানো হচ্ছে। আমি জানতে চাইছি, এইভাবে সার্ভে করে পুরুলিয়া জেলাকে ডিপ-টিউবওয়েলের আওতায় এনে ইরিগেশনের কোনও নির্দিষ্ট পরিকল্পনা সরকারের আছে কিনা?

**ডাঃ ওমর আলি ঃ** পানীয় জলের জন্য ডিপ-টিউবওয়েল করা আর কৃষি কাজের জন্য ডিপ-টিউবওয়েল করা এই দুটোর মধ্যে গুণগত পার্থক্য আছে। পুরুলিয়া জেলায় পানীয় জলের জন্য যে ডিপ-টিউবওয়েল করা হয়েছে সেখানে জলের ব্যবহার খুবই কম হয়, কিন্তু কৃষির জন্য যদি ডিপ-টিউবওয়েলের জল ব্যবহার করা হয় তাহলে অনেক বেশি জল ব্যবহার করা হয়। মাটির তলার জলের অবস্থান অনুযায়ী কৃষি কাজে ডিপ-টিউবওয়েল

ব্যবহার করলে সেই মাটির তলার জল তুলতে পারা যাবে কিনা তা বিচার-বিবেচনা ক হয়। এক্ষেত্রে পুরুলিয়া এলাকায় মাটির তলার জল যে একেবারে নেই তা নয়। কিন্তু কৃষি জন্য যদি তুলে ব্যবহার করা হয় তাহলে অদূর ভবিষ্যতে পানীয় জলের সমস্যা দেখা দে তাছাড়া পুরুলিয়া জেলার এই অংশটা রিচার জোন হিসাবে কাজ করে। এই মাটির তল জল অন্যান্য এলাকাকে সমৃদ্ধ করে। সুতরাং ঐ জল তুলে নিয়ে অন্য এলাকায় জল পাবার আশঙ্কা আছে। সব কিছু বিচার-বিবেচনা করে এই সিদ্ধান্তে এসেছি, আপাতত গভীর নলকূপ চাষের জন্য বসানোর কোনও পরিকল্পনা নেওয়া হবে না।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** পুরুলিয়া জেলায় ক্ষুদ্র সেচ দপ্তর কৃষি সেচ ব্যবস্থার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন এবং কতটুকু সাকসেসফুল হয়েছে?

**ডাঃ ওমর আলি ঃ** পুরুলিয়া জেলায় আমরা এ পর্যন্ত ১২৪টি নদীয়ার সেচ প্র করেছি। ৯৯২০ হেক্টর জমি সেচসেবিত হয়েছে। ওখানে জোড় বাঁধ আছে, সেখানে বাঁধের উপর এম. আই. স্কীম করেছি। সম্পূর্ণ হয়েছে ৪৫টি স্কীম (সারফেস ফ্লো স্কীম), সেবিত এলাকা হয়েছে ৫ হাজার ৯০৯ হেক্টর জমি। ২টি সারফেস ফ্লো স্কীমের কাজ চল সম্পূর্ণ হলে ১৫০ হেক্টর জমি সেচসেবিত হবে। পুরুলিয়া জেলার জন্য সেচ কুয়ো সম্প হয়েছে ৩৮২৬টি। সেচসেবিত এলাকা হচ্ছে, ৪৫৯১ হেক্টর। আরও ১৯৩৭টির কাজ চল এটা সম্পূর্ণ হলে ২৩২৪ হেক্টর জমি সেচসেবিত হবে। আরও ৩টি ঐ ধরনের স্কীম কাজে হাত দেওয়া হয়েছে যার দ্বারা ভবিষ্যতে আনুমানিক আরও ১০০ হেক্টর জমি আওতায় আনা সম্ভব হবে। মোট ৪টি সারফেস ফ্লো ইরিগেশন স্কীম তৈরির পরিকল্পনা হয়েছে এবং আগামীদিনে ঐ স্কীমগুলি রূপায়ণের মাধ্যমে মোট ১৬৯ হেক্টর জমি আওতায় আনা সম্ভব হবে।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** পুরুলিয়া জেলায় যে সমস্ত লিফট ইরিগেশনগুলি সেগুলি কেরোসিন এবং ডিজেলে চলে। এখন ইলেকট্রিফিকেশন করার ব্যবস্থা কর আমার প্রশ্ন কতগুলি কেরোসিনে চলছে আর কতগুলি ইলেকট্রিকে চলছে?

**ডাঃ ওমর আলি ঃ** আমাদের রাজ্যে যে সমস্ত জায়গায় বিদ্যুতের সম্প্রসারণ সেইসব এলাকার নদীসেচ প্রকল্পগুলি বিদ্যুতায়িত করার জন্য পরিকল্পনা গ্রহণ করেছি সেই অনুযায়ী পুরুলিয়া জেলায় নদী সেচ প্রকল্পের কাজে বিদ্যুতায়িত করা হচ্ছে। এখন সংখ্যা বিদ্যুতায়িত হয়েছে এবং কত সংখ্যা ডিজেলে চলছে এই মুহূর্তে আমি বলতে না। আপনি পরে আমার কাছ থেকে জেনে নিতে পারেন অথবা নোটিশ দিলে পরে দেব।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—পুরুলিয়া জে আর. এল. আই. আছে ঠিকই, আর. এল. আই.-গুলিতে ওয়াটার গ্যালারি করে কি এল. আই. এর ব্যবস্থা করেছেন, ওয়াটার গ্যালারি সিস্টেমে নদীগুলিতে যথেষ্ট জল পা যাচ্ছে, আমার প্রশ্ন হল এই রক্ষ স্তরে অগভীর নলকূপ করা যায় কিনা সেটা পুনর্বিবে করে দেখবেন?

**ডাঃ ওমর আলি ঃ** ওখানে অগভীর নলকূপ করা সহজ ব্যাপার নয়, আপনি জানেন ন্টু নিচু স্তরে পাথুরে এলাকা, অগভীর নলকূপ বসাতে গেলে আমাদের যে পদ্ধতি আছে তে হবে না, পদ্ধতি পরিবর্তন করে অগভীর নলকূপ বসালে সেটা খুব ব্যয় সাপেক্ষ হবে। । সময়ে নিশ্চিন্ত হওয়া নাও যেতে পারে, তাই সব কিছু ভাবনা চিন্তা করে মাটির তলার ল ব্যবহার করার দিকে পুরুলিয়ার ক্ষেত্রে অন্যভাবে চিন্তা করছি।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি—পুরুলিয়া জেলায় যে র. এল. আই.-গুলি রয়েছে তার মধ্যে কতগুলি সচল এবং কতগুলি অচল?

**ডাঃ ওমর আলি ঃ** নোটিশ দিলে বলতে পারব।

### ডঃ সুকুমার সেনের "বাংলা ভাষার ব্যুৎপত্তি অভিধান"

*৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *৯৭) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক ভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

> ডঃ সুকুমার সেন রচিত "বাংলা ভাষার ব্যুৎপত্তি অভিধান" প্রকাশের কাজটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

> ডঃ সুকুমার সেন রচিত 'বাংলা ভাষার ব্যুৎপত্তি অভিধান' গ্রন্থটি এখন ছাপার কাজ চলছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বাংলা ভাষা, সাহিত্য অনুশীলনের ক্ষেত্রে অভিধানটি খুব ল্যবান এবং সহায়ক, মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—অভিধানটি প্রকাশের রে সুলভ মূল্যে ভাষা অনুরাগী বিশেষ করে ছাত্র ছাত্রীদের কাছে বিতরণের কোনও ভাবনা ন্তা করছেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমরা এখন ছাপার কাজে ব্যস্ত, যাতে খুব দ্রুত বইটি প্রকাশিত য—আনুমানিক আড়াই লক্ষ টাকা ব্যয় হবে—প্রকাশ হবার পরে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে বং বিভিন্ন গবেষণার সাথে যারা যুক্ত তারা যাতে সুলভ মূল্যে পেতে পারেন তার জন্য চষ্টা করব। হয়ত ভর্তুকি দিতে হবে, তা হলেও যাতে মানুষের কাছে পৌঁছে দিতে পারা যায় তার চেষ্টা করব।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এর সাথে সচিত্র কিশোর অভিধান প্রকাশ করছেন এই চিত্র কিশোর অভিধান বইটি একই সাথে প্রকাশিত হবে বলে কি আশা করা যায়?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** শেষোক্ত বইটি আগেই প্রকাশিত হবে বলে আশা করি।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন—ডঃ সুকুমার সেনের ভাষার ইতিবৃত্ত বইটি অত্যন্ত মূল্যবান গ্রন্থ, বাংলা ভাষা অনুরাগীদের কাছে অত্যন্ত দরকারি,

সব ছাত্র-ছাত্রী বিশেষ করে কলেজের ছাত্র-ছাত্রীদের কাছে। বইটি কম দামে বিক্রি করার কোনও ব্যবস্থা করবেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, কোনও ব্যক্তির লিখিত বইয়ের উপর আমরা কিছু করতে পারি না, যদি তিনি সত্ব ছেড়ে দেন তাহলে করা যায়, উনি যে বইটির সত্ব ছেড়ে দিয়েছেন তার জন্য তাকে ৫০ হাজার টাকা দিতে হয়েছে। কিন্তু আপনি যে বইটির কথা বলছেন তার সত্বাধিকারি ডঃ সুকুমার সেন নিজে, তিনি নিজে অথবা তার পরিবারবর্গ যতক্ষণ আমাদের কাছে সত্ব না ছেড়ে দিচ্ছেন ততক্ষণ আমরা সুলভ মূল্যে বইটি প্রকাশ করতে পারব না।

তবে যে সমস্ত বই মূল্যবান, সাহিত্য, গবেষণার ক্ষেত্রে মূল্যবান সেইগুলিকে আমরা বিভিন্ন সময় প্রকাশ করার চেষ্টা করি। সত্বাধিকার একটা নির্দিষ্ট রয়েলটি দিয়ে কিনে এবং সেই বইটা সুলভ মূল্যে প্রকাশ করার চেষ্টা করি। আপনি যে বইটার কথা উল্লেখ করেছেন এটা আমাদের বিবেচনার মধ্যে থাকবে।

[11-20 — 11-30 a.m.]

### জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌর কর্মীদের বেতন

*৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭১) **শ্রী আবুল হাসনৎ খান, শ্রী ইউনুস সরকার** এবং **শ্রী শিশিরকুমার সরকার :** পৌর বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভায় শ্রমিক কর্মচারিরা বিগত ১৯৯৩ সালের জুন মাস থেকে তাদের বেতন পাচ্ছেন না ;

(খ) সত্যি হলে, এর কারণ কি ; এবং

(গ) এই সমস্যা সমাধানে সরকার কোনও উদ্যোগ গ্রহণ করেছেন কি না?

**শ্রী অশোক ভট্টাচার্য :**

(ক) পৌর শ্রমিক কর্মচারিদের বেতন দেবার দায়িত্ব পৌরসভার। জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌর শ্রমিক কর্মচারিদের সংগঠন এবং মুর্শিদাবাদের জেলা শাসক সরকারের নজরে এনেছেন যে ঐ পৌরসভার শ্রমিক কর্মচারিরা বিগত ১৯৯৩ সালের জুন মাস থেকে তাদের প্রাপ্য বেতন পাচ্ছেন না।

(খ) এর কারণ পৌরসভায় আর্থিক বিশৃঙ্খলতা ও অন্যান্য অনিয়ম। ১৯৯৩ সালে কিছু অভিযোগের ভিত্তিতে ডি. এল. বি. অনুসন্ধান করে একটি রিপোর্ট দেয় তাতে দেখা যায় যে পৌরসভার পৌরকর ও অন্যান্য প্রাপ্য টাকা আদায়ের পরিমাণ খুব কম, বহু সংখ্যক দৈনিক ভিত্তিতে মজুর বেআইনিভাবে নিয়োগ করা হয়েছে এবং পৌরসভার কমিশনার, কন্ট্রাক্টর এবং অনেক পৌর কর্মচারী মোটা টাকা অগ্রিম হিসাবে নিয়েছেন এবং তা আদায় হয়নি। উন্নয়নমূলক কাজের জন্য যে অর্থ পেয়েছিল তা ব্যয়িত হয়েছে দৈনিক ভিত্তিতে নিযুক্ত মজুরদের বেতনের জন্যে।

(গ) সরকার ১৯৯৩-৯৪ সালে পৌরসভার প্রাপ্য টাকা যথাসময়ে মঞ্জুর করেছেন। তাছাড়া আর্থিক সংকট কাটাতে গত মে মাসে ৫,০০,০০০ টাকা (পাঁচ লক্ষ টাকা) চাঙ্গি করের অংশ হিসাবে অগ্রিম প্রদান করেছেন। পৌরসভার আয় বৃদ্ধির জন্য কেন্দ্রীয় মূল্যায়ন পর্ষদ নতুনভাবে জিয়াগঞ্জ আজিমগঞ্জ পৌরসভার জমি বাড়ির মূল্যায়ন শুরু করেছেন।

**শ্রী আবুল হাসানাৎ খান ঃ** এই পৌরসভার শ্রমিক কর্মচারিরা দীর্ঘ দিন ধরে বেতন পাচ্ছে না, তারা অনাহারে অর্দ্ধাহারে দিন যাপন করছেন। যার ফলে ওই পৌরসভার কর্মচারিরা আন্দোলনে নেমেছে। এই পৌরসভার বোর্ডের গাফিলতির জন্য এই সংকট সৃষ্টি হয়েছে। এই পৌরসভাকে বাতিল করে দিয়ে সেখানে ডি. এমকে নিয়োগ করা যায় কিনা এই বিষয়ে আপনি বলুন।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কোনও পৌরসভা, সেই বোর্ড যে কোনও রাজনৈতিক দলের দ্বারা পরিচালিত হোক না কেন, শুধু মাত্র অভিযোগের ভিত্তিতে তাদের বাতিল করি না, বাতিল করা যায় না। এই পৌরসভার বোর্ডের বিরুদ্ধে যে ধরনের আর্থিক অনিয়মের অভিযোগ এসেছে তার ভিত্তিতে ডাইরেক্টরেট অফ লোকাল বডিজ, তারা তদন্ত করছে। এই তদন্তে অনেকগুলি অভিযোগ প্রমাণিত হয়েছে। ইতিমধ্যে কমিশনার এবং কিছু ঠিকাদার এবং কিছু কর্মচারী প্রায় ১৩ লক্ষ টাকা অগ্রিম হিসাবে নিয়েছে। ৭৯ জনকে বেআইনি নিয়োগ করেছে। এই সমস্ত কারণে আমরা সেই পৌরসভাকে শোকজ করেছি। শোকজের জবাব এখনও পাওয়া যায়নি। জবাব পাওয়ার পর আমরা কি ব্যবস্থা নিতে পারি সেটা নেব। পৌরসভাকে বাতিল করা আমাদের ইচ্ছা নয়।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** রাজ্য সরকারের প্রবণতা হচ্ছে কংগ্রেস পরিচালিত বোর্ড হলে আর্থিক অবোরোধ সৃষ্টি করে তাকে ভেঙ্গে দেওয়া।

**মিঃ স্পিকার ঃ** এটাতো স্টেটমেন্ট হল, এটা তো কোয়েশ্চেন পুট হল না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** আমি কোয়েশ্চেন করছি। এটা স্যার, মুর্শিদাবাদের ব্যাপার, বহরমপুরকে একইভাবে ভেঙে দেওয়া হয়েছিল, তারপর সমস্ত মানুষ আপনাদের শিক্ষা দিয়েছে। জিয়াগঞ্জ-আজিমগঞ্জ কংগ্রেস পরিচালিত বোর্ড, এখানে একই পদ্ধতিতে ভাঙার যে পরিকল্পনা চলছে, যে পদ্ধতি চলছে তাতে এই বোর্ডটাকে ভেঙ্গে দেবার সমস্ত পরিকল্পনা পাকা। আমি প্রশ্ন করতে চাই কংগ্রেস পরিচালিত বোর্ড হলে তার প্রতি বিমাতৃসুলভ আচরণ এবং মনোভাব দেখিয়ে যে চরম অবস্থার সৃষ্টি করছেন তাতে তো শ্রমিক কর্মচারিরা মাইনে পাচ্ছে না, তারা অনাহারে অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে, এই অবস্থা থেকে তাদের মুক্তি দিতে একটা অনারেবেল সেটেলমেন্ট করার জন্য মন্ত্রী মহাশয় একটা বৈঠক ডেকে সমস্যার সমাধান করতে পারেন না?

সেগুলোতে আপনাদের লোকও আছে, কংগ্রেসের লোকও আছে। সুতরাং এই ব্যাপারে মন্ত্রী উদ্যোগ নিয়ে কংগ্রেস পরিচালিত বোর্ড বলে তাদের খরচের খাতায় লিখে না দিয়ে

সেখানে যান, আপনার নিজের উদ্যোগ নিয়ে সেখানে যাওয়া প্রয়োজন। জিয়াগঞ্জ-আজিমগঞ্জে গিয়ে সেখানে ঐ পুরসভার লোকজনদের সঙ্গে কোনও আলোচনা করবেন কিনা এটা আমি আপনার কাছে জানতে চাইছি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কংগ্রেস পরিচালিত পৌর বোর্ড বলে তাদের প্রতি কোনও বিমাতৃসুলভ আচরণ করা আমাদের নীতি নয়। গত ১৯৯৩-৯৪ সালে আমরা এই পৌরসভাকে প্ল্যান বাবদ এবং নন-প্ল্যান খাতে মোট ২৬ লক্ষ টাকা দিয়েছি। একই সঙ্গে জঙ্গিপুর পৌরসভা, যেটি বামফ্রন্ট পরিচালিত পৌরসভা তারা পেয়েছে ২৩ লক্ষ ২৭ হাজার টাকা। তাহলে আপনি কি ভাবে বলছেন যে জঙ্গিপুর পৌরসভাকে বেশি টাকা দিয়েছি এবং পৌরসভাকে কম টাকা দিয়েছি? সুতরাং এই অভিযোগটি একেবারেই সঠিক নয়। কাজেই এত অনিয়ম করা সত্ত্বেও আমরা মে মাসে তাদের ৫ লক্ষ টাকা অক্ট্রয় বাবদ অগ্রিম দিয়েছি যাতে তারা এই সমস্যার সমাধান করতে পারেন। এছাড়া আমি কিছু আলোচনা করতে পারি কিনা এটা আপনি জানতে চেয়েছেন। আমি আগামী ১২ তারিখে সেখানে সমস্ত পৌরসভাগুলিকে ডেকেছি তাদের সমস্যাগুলো শুনব বলে। প্রতিটি পৌর বোর্ড যে নিয়ম এবং নীতি—রুলস অ্যান্ড রেগুলেশনস আছে—আর্থিক নিয়ম যেগুলো আছে সেগুলো তাদের মানতে হবে। ঐ নিয়ম যদি বামফ্রন্ট পরিচালিত পৌরসভা না মানে, বা কংগ্রেস পরিচালিত পৌরসভা যে কেউই যদি না মানে তাদের বিরুদ্ধে আমরা ব্যবস্থা নেব।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কর্মচারিদের বেতনের একটা অংশ রাজ্য সরকার দিয়ে থাকে এবং আর একটা অংশ পৌরসভাকে সংগ্রহ করে দিতে হয়। আমার বক্তব্য হল, রাজ্য সরকার-এর দেয় বেতন বাবদ যে অর্থ, সেইক্ষেত্রে রাজ্য সরকারের কোনও গাফিলতি আছে কিনা যে, বেতনের টাকা রাজ্য সরকার সময় মতো দেয়নি। আমি নির্দিষ্ট ভাবে জানতে চাইছি যে, রাজ্য সরকারের দেয় যে অর্থ, সেইক্ষেত্রে রাজ্য সরকারের কোনও ত্রুটি আছে কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** না, এইক্ষেত্রে কোনও ত্রুটি নেই। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে ডি. এ., এ. ডি. এ. ৮০ শতাংশ অর্থ পৌরসভাগুলোকে দিই। আমরা সেটা জেলা শাসক-এর মাধ্যমে দিই। এছাড়া, অক্ট্রয়, এন্ট্রি ট্যাক্স, ট্রেড ট্যাক্স, ফিকসড ডি. এ., অ্যাড-হক ফিকসড গ্রান্ট বাবদ সব টাকা আমরা পৌরসভাকে দিয়েছি। জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভা কোনও অভিযোগ আমাদের কাছে জানায়নি যে তাদের প্রাপ্য টাকা আমরা দিইনি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, যদিও এটা জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌরসভার ব্যাপার, তবুও আপনি সুদীপবাবুর প্রশ্নের উত্তরে ইন জেনারেল কতকগুলো উত্তর দিলেন। আপনি যে অতিরিক্ত উত্তর দিয়েছেন তারই পরিপ্রেক্ষিতে আপনার কাছে জানতে চাইছি—পৌরসভাগুলোর ম্যাকসিমাম আপনাদের দল পরিচালিত, আমাদের দলেরও কিছু আছে—সবাই ব্যাপক হারে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে চলে যাচ্ছে, যার ফলে পৌরসভাগুলোর লায়াবিলিটি হয়ে যাচ্ছে, অনেক পৌরসভা তারফলে বেতন দিতে পারছে না। নির্বাচনের আগে পৌরসভাগুলো ব্যাপক হারে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছে।

[11-30 — 11-40 p.m.]

আপনি যে হিসাব দিয়েছেন তাতে একটা বিচ্ছিরি অবস্থায় রয়েছে, এখানে পরিবর্তন হয়ে যাবার ফলে রাজনৈতিক সংকট দেখা দিয়েছে। এই কারণে আমি স্পেসিফিক একটা উদাহরণ দিয়ে বলছি যে, কালিয়াগঞ্জে যতগুলো অ্যাপয়েন্টমেন্ট হয়েছে তার পরবর্তীকালে সেইগুলো পৌরসভার উপরে লায়াবিলিটি হয়ে যাচ্ছে, সেক্ষেত্রে কী করবেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** কর্মী নিয়োগের ক্ষেত্রে নিয়ম আছে যে, যেকোনও পৌরসভায় স্বীকৃত পদের এগেন্সটে কর্মী নিয়োগ করতে পারেন। 'সি' গ্রেডে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের মাধ্যমে কর্মী নিয়োগ করতে পারেন এবং 'ডি' গ্রেডের কর্মী পৌরসভা তার নিজস্ব উদ্যোগে করতে পারেন।

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে পৌরবোর্ড জিয়াগঞ্জে এবং আজিমগঞ্জে ৫ বছরের জন্য হয়েছে, তাদের কাছ থেকে ১৩ লক্ষ টাকার চুরির অভিযোগ পাওয়া গেছে। আপনার কাছে জানতে চাইছি যে ৩১ তারিখে ওখানকার কর্মচারিরা কর্তৃপক্ষকে জানিয়েছিল যে তাদের অর্দ্ধেক বেতন দেওয়া হোক তারা কাজে যোগদান করবে, কিন্তু কর্তৃপক্ষ রাজি হয়নি। পৌরবোর্ড রাজি হয়নি, তার উপরে চাপ সৃষ্টি করে আপনারা রাজি করাতে পারবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমি আগামী ১২ তারিখে মুর্শিদাবাদ জেলাতে যাচ্ছি সেখানে তাদের সঙ্গে সভা হবে, সমস্ত পৌর প্রধানদের নিয়ে। জিয়াগঞ্জ, আজিমগঞ্জের বিষয়টি তখন আলোচনায় উঠবে। জেলা শাসক কি প্রস্তাব দিয়েছেন আমার জানা নেই। আমি কথা বলব, তারা এই প্রস্তাব মানবেন কিনা জানিনা, তবে আপনি যেটা বললেন সেই বিষয়েও বলব।

**শ্রী অজয় দে ঃ** স্যার, আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, আপনি এর আগে বলেছেন কোনও বোর্ড ভাঙার পরিকল্পনা বা ইচ্ছা এই সরকারের নেই। জিয়াগঞ্জ ও আজিমগঞ্জের বিরুদ্ধে অভিযোগ এসেছে তদন্ত হচ্ছে, আপনি শো-কজ করেছেন, ১২ তারিখে যাচ্ছেন বলেছেন, আপনার নিশ্চয় জানা আছে, পশ্চিমবঙ্গে ৮/৯টি বামফ্রন্ট পরিচালিত পৌরসভায় কর্মচারিরা অবসর নিয়েছেন, তাদের ২ কোটি টাকা প্রভিডেন্ট ফান্ডের যে টাকা সেটা জমা পড়েনি, এল. আই. সি.-র টাকা জমা পড়েনি। বর্ধমান পৌরসভায় এই রকম টাকা জমা পড়েনি। আপনার সঙ্গে পৌর সংগঠনের সভা হয়েছে, চেয়ারম্যানকে ডেকেছেন, আবার অতিরিক্ত টাকা দিয়েছেন, সেই টাকায় আবার কর্মচারিদের মাইনে হয়ে গেছে। সমস্ত বামফ্রন্ট পরিচালিত পৌরসভার বিরুদ্ধে কোনও শো-কজ করেছেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** পি. এফ.-এর ব্যাপারে যদি আলাদা করে নোটিশ দেন তার জবাব আমি দেব। বামফ্রন্ট বা যে কোনও পৌরবোর্ডই হোক না কেন পি. এফ.-এর টাকা বা যে কোনও কর্মচারির টাকা তারা যদি ভেঙ্গে থেকে থাকে তাহলে সেটা অন্যায়। প্রত্যেকটি পৌর সংস্থাকে এই ব্যাপারে আমরা চিঠি দিয়েছি, এই রকম জিনিস করা অন্যায়। কিন্তু কোন কোন পৌরসভা এটা করেছেন তার ব্যাপারে জানতে হলে আলাদা ভাবে নোটিশ দিলে আমি জানাতে পারব।

**রাজ্যের ডিপ-টিউবওয়েল ও আর. এল. আই. প্রকল্প**

*৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮) **শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের ডিপ-টিউবওয়েল ও আর. এল. আই. প্রকল্পের পাইপ-লাইনগুলি সংস্কারে কোনও কর্মসূচি সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, উক্ত কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**ডাঃ ওমর আলি ঃ**

(ক) আছে।

(খ) পাইপ লাইন বসানোর জন্য মোট খরচের শতকরা দুই ভাগ (২ শতাংশ) প্রতি বৎসর পাইপলাইন মেরামতির জন্য সাধারণ বরাদ্দ থাকে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** স্যার, আমাদের রাজ্যে বিগত কয়েক বছরে ক্ষুদ্র সেচের সম্প্রসারণের ফলে সেচ সেবিত এলাকার পরিমাণ বেড়েছে। কিন্তু এই যে পাইপ লাইনের সংস্কারের অভাবে বহু সেচের জল বিপুল পরিমাণে নষ্ট হচ্ছে, আপনি বললেন শতকরা ২ ভাগ টাকা বরাদ্দ আছে, কিন্তু এই মুহূর্তে যে অবস্থা হয়েছে তাতে করে ঐ রুটিন মাফিক সারালে যে বিপুল পরিমাণে জল নষ্ট হচ্ছে তাকে রক্ষা করা যাবে না, এই ব্যাপারে আপনি কোনও কমপ্রিহেনসিভ প্রোগ্রাম নেওয়ার কথা ভেবেছেন কিনা জানাবেন কি?

**ডাঃ ওমর আলি ঃ** '৭৯-'৯০ সালে একটা নর্মস ঠিক হয়েছিল মেরামতির বিষয়ে সেখানে বলা হয়েছিল যে একটা পাইপ লাইন-এর আয়ু ৫০ বছর হতে পারে সেটা ধরে নিয়ে পাইপ লাইন এর কাজ করতে যত টাকা খরচ হবে তার শতকরা ২ ভাগ সেই পাইপ লাইনগুলি মেরামতির কাজে ব্যবহার করা হবে। ইতিমধ্যে পাইপ লাইন বসানোর খরচ অনেক বেড়ে যাওয়ার ফলে শতকরা ২ ভাগ মানে প্রায় বছরে পাইপ লাইন এর কাজ মেরামতির জন্য ১০ হাজার টাকা লাগবে। কিন্তু আগেকার নর্মস অনুযায়ী যে টাকা আমাদের দপ্তর পাচ্ছে সেই টাকার পরিমাণ না বাড়ার ফলে আমরা সমস্ত খারাপ হয়ে যাওয়া পাইপ লাইনগুলিকে একসঙ্গে মেরামতি করে উঠতে পারছি না। তাই আবার নূতন নর্মস তৈরি করে অর্থ দপ্তরের সঙ্গে কথা বলে তাদের অনুমোদন নিয়ে বরাদ্দ বাড়ানোর জন্য চেষ্টা করছি এবং সেটা করতে পারলে আমরা আরও বেশি সংখ্যক খারাপ হয়ে থাকা পাইপ লাইন মেরামতি করতে সক্ষম হব। পাইপ লাইন মেরামতি না হওয়ার ফলে যে জল অপচয় হচ্ছে সেই জল ব্যবহার করে আরও বেশি এলাকাকে সেচ সেবিত করতে পারব।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** পাইপ লাইনের সঙ্গে সঙ্গে বহু জায়গায় পাম্প হাউসগুলিও নষ্ট হয়ে গেছে। আমরা সাবজেক্ট কমিটির পক্ষ থেকে বিভিন্ন জেলা পরিদর্শন করতে গিয়ে দেখলাম পাম্প হাউসগুলি খারাপ হয়ে যাওয়ার ফলে মেশিনগুলো নষ্ট হচ্ছে। স্টাফ সেখানে

থেকে কাজ করতে পারছে না। পাইপ লাইন মেরামতের সঙ্গে সঙ্গে পাম্প হাউসগুলো মেরামতির কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**ডাঃ ওমর আলি ঃ** ব্যাপারটা একই রকম দাঁড়াচ্ছে। আমাদের অপারেশন মেইনটেনেন্সের জন্য যে অর্থ বরাদ্দ থাকে তার একটা অংশ আমরা এই পাইপ লাইন এবং পাম্প হাউস ইত্যাদি মেরামতি করে থাকি। পাইপ লাইন মেরামতি বা পাম্প হাউসের জন্য আলাদা করে কোনও টাকা ধরা থাকে না। আগেকার নর্মস অনুযায়ী ক্যাপিটাল কস্টের যে পারসেন্টেজ রক্ষণাবেক্ষণের জন্য ধরা হয় সেটা বাড়াতে না পারলে আমরা এইগুলো মেরামতি করতে পারছি না। আমরা চেষ্টা করছি এবং অনেকগুলির মেরামতির কাজ আমরা হাতে নিয়েছি এবং আরও অনেক কাজ আমরা হাতে নেব। তবে সবটা নির্ভর করছে বরাদ্দকৃত অর্থের পরিমাণের উপর।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** পাম্প হাউস এবং পাইপ লাইনের মেরামতির ক্ষেত্রে নিশ্চিতভাবে ডিপার্টমেন্টের লোকেরা তা করবেন। কিন্তু এই ব্যাপারে স্থানীয় পঞ্চায়েতকে সরাসরিভাবে যুক্ত করার কোনও পরিকল্পনা দপ্তরের আছে কি?

**ডাঃ ওমর আলি ঃ** হ্যাঁ, সেই পরিকল্পনা নিশ্চয় আছে। সর্বস্তরে আমরা পঞ্চায়েতকে যুক্ত করে কাজ করতে চাই। এই ব্যাপারে আমরা জেলা পরিষদের সভাধিপতিদের সঙ্গে কথা বলেছি, আমরা বলেছি আপনাদের হাতে ক্ষুদ্র সেচ বাবদ যে টাকা আছে সেটা আপনারা ব্যয় করতে পারেন এবং তার একটা অংশ থেকেও এই কাজগুলো আপনারা করিয়ে নিতে পারেন। সেখানে যত রকমের টেকনিক্যাল দেওয়া সেগুলো আমাদের দপ্তর দেবেন। আমি আবার আমার দপ্তরের ইঞ্জিনিয়ারদের বলব জেলা পরিষদের সভাধিপতি এবং কর্মাধ্যক্ষদের সঙ্গে যোগাযোগ রাখতে।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পাইপ লাইন সংস্কার সম্বন্ধে যা খরচ করছেন সেটা তো বলতে পারে না। পাইপ লাইন সংস্কারের জন্য আপনার কত খরচ হয়েছে?

**ডাঃ ওমর আলি ঃ** আমি তো আগেই বলেছি পাইপ লাইনগুলো মেরামতির জন্য এবং পাম্প হাউসগুলো মেরামতির জন্য এই খাতে আলাদাভাবে কোনও টাকা বরাদ্দ থাকে না। যা খরচ মেইনটেনেন্সের জন্য ধরা হয় তার শতকরা ২ ভাগ। এই দুইভাগ টাকা যদি ধরা হয় তাহলে হিসাব অনুযায়ী আমাদের ডিপ টিউবওয়েলের পাম্প হাউস বা পাইপ লাইন মেরামতির জন্য ১৯২০ টাকা এবং আর. এল. আইয়ের জন্য চার হাজার টাকা ধরা হয়। কিন্তু এখন যেহেতু মেরামতি করতে গেলে আরও বেশি টাকা লাগছে, তাই অর্থ দপ্তরের সঙ্গে আমরা কথা বলেছি।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এই পরিকল্পনা অনুযায়ী যে সব ব্লকে এখনও ডিপ টিউবওয়েল নেই সেগুলি করার পরিকল্পনা আছে কিনা? যে সব ব্লকে ডিপ টিউবওয়েল পাম্পগুলি সম্পূর্ণ অচল বা ডিফাঙ্কট হয়ে পড়ে আছে সেগুলি সারানোর জন্য ইতিমধ্যেই কী পরিকল্পনা গ্রহণ করেছেন জানাবেন কি?

**ডাঃ ওমর আলি ঃ** আমাদের বিশ্বব্যাঙ্কের যে প্রকল্প সেই প্রকল্পের মেয়াদ ৩১শে মার্চ শেষ হয়েছে। মাননীয় সদস্য জানেন যে বিশ্ব ব্যাঙ্কের প্রকল্প গ্রহণ করার সময় জেলাওয়ারি যে বরাদ্দ সংখ্যা ছিল সেই অনুযায়ী প্রত্যেক জেলার সাইট সিলেকশন কমিটি তাদের অনুমোদিত তালিকা আমাদের কাছে পাঠিয়েছেন। তার সবগুলিই আমরা করব। যে যে ব্লকে নেই আর জেলা পরিষদ আমাদের কাছে পাঠান নি নতুন করে সেগুলি করতে পারব না। দ্বিতীয় দফার যে পরিকল্পনা বিশ্বব্যাঙ্কের কাছে জমা দিয়েছি সেটা এলে তাতে যে সংখ্যা নির্ধারিত হবে তখন জেলাতে যে বরাদ্দ হবে—যেগুলি এবারে হয়নি—তারা যদি অনুমোদন করে আমাদের কাছে পাঠান তাহলে সেগুলি আমরা নিশ্চয় করব। আর অচল হয়ে থাকা ডিপ টিউবওয়েল, আর. এল. আই. আমাদের অ্যাগ্রো ইঞ্জিনিয়ারিং ডাইরেক্টরেট থেকে যেমন ঠিক করা হয় তেমনি মাইনর ইরিগেশন কর্পোরেশন থেকেও করা হয়। মাইনর ইরিগেশন কর্পোরেশনের খুবই আর্থিক সংকটের জন্য অনেকগুলি অচল গভীর নলকূপ, আর. এল. আই. চালু করতে পারিনি। তবে যেভাবেই হোক না কেন এই অচল নলকূপের সংখ্যা শতকরা ১০ ভাগ বা ১১ ভাগের বেশি নয়। যেগুলি মেরামত করতে পারিনি আর্থিক কারণে সেগুলি আমাদের ডাইরেক্টরেটের অধীনে নিয়ে এসে যাতে চালু করা যায় সেইজন্য আমরা একটা উদ্যোগ গ্রহণ করেছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে সমুদ্রোপকূলবর্তী স্যালাইন এলাকার ৬০টি ব্লকের মানুষরা এই ডিপ টিউবওয়েলের পরিকল্পনার ক্ষুদ্রসেচ থেকে বঞ্চিত হচ্ছে। এইসব এলাকায় ডিপ টিউবওয়েল করার কী পরিকল্পনা মাননীয় মন্ত্রী গ্রহণ করেছেন জানাবেন কি?

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল প্রশ্নের সঙ্গে এর সঙ্গতি না থাকলেও মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি যে পশ্চিমবাংলার ৪টি জেলার ৬০টি সমুদ্রোপকূলবর্তী ব্লকে অল্প গভীরতায় জলটা লোনা। এখানে শ্যালো টিউবওয়েল বসানো উচিত নয়। ডিপ টিউবওয়েল বসালে অনেক গভীরে গিয়ে সেখানে দেখছি ইতিমধ্যে এই ৪টি জেলার ১৮টি ডিপ টিউবওয়েল জল লোনা হয়ে গিয়েছে। এই যে লোনা হয়ে গেল তাতে চাষের কাজ ব্যহত হয়ে গেল। শুধু তাই নয় সেখানে সেই লেয়ারটা লোনা হয়ে গেল। ফলে পানীয় জল হিসাবে ভবিষ্যতে এটা ব্যবহার করতে পারা যাবে না। সেইজন্য সতর্কতা অবলম্বন করতে হয়েছে। সমুদ্রোপকূলবর্তী এলাকার ৬০টি ব্লকের মাটির তলার জল খুবই পরিকল্পিত উপায়ে ব্যবহার করতে হবে। সেইজন্য গভীর নলকূপের কাজ হাতে নেওয়া উচিত হবে না, নিই নি। অন্যভাবে চিন্তা করছি। আমরা দেখছি কি করে অন্য উপায়ে সেচের সুযোগ বাড়ানো যায়।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মালভূমি এলাকাতে যেখানে আর. এল. আই. রয়েছে, জলের রিসোর্সেস যেখানে রয়েছে সেখানে পাইপ লাইন আছে। সেখানকার গরিব চাষীরা এক্সটেনশন পাইপ লাইনের জন্য আমাদের কাছে বারে বারে আবেদন করেন। এক্সটেনেশন করে সেচ সেবিত এলাকা বাড়ানোর কথা মাননীয় মন্ত্রী মহাশয় বিশেষভাবে চিন্তা করবেন কি?

[11-50 — 12-00 Noon]

**ডাঃ ওমর আলি ঃ** আমাদের প্রত্যেকটি নদী সেচ প্রকল্পে কিংবা ডিপ টিউবওয়েলে

নির্দিষ্ট যে কমান্ড এরিয়া ধরা হয় তার জন্য নির্দিষ্ট দৈর্ঘ্যের পাইপ লাইন তৈরি করা হয়, কোনও কোনও ক্ষেত্রে যদি এক্সটেনশনের প্রপোজাল আসে, এটা সম্প্রসারিত করার প্রস্তাব আমাদের কাছে আসে তখন আমরা বিবেচনা করে দেখি যে সেই নদী সেচ প্রকল্পে জলের উপযুক্ত সরবরাহ আছে কি না, পাইপ লাইন সম্প্রসারিত করলে সেই এলাকা পর্যন্ত জল পৌঁছে দিতে পারব কি না। মাননীয় বিধায়ক নির্দিষ্টভাবে যদি কোনও পরিকল্পনা দেন, কোন কোন নদী সেচ প্রকল্পে পাইপ লাইন এক্সটেন্ড করতে হবে, আমরা গুরুত্ব দিয়ে যদি জলের প্রাচুর্য থাকে তাহলে আমরা নিশ্চয়ই পাইপ লাইনের এক্সটেনশন করে দেব।

**শ্রী ইউনুস সরকার ঃ** বেশির ভাগ ক্ষেত্রে পাইপ লাইন অকেজো হয়ে রয়েছে আর পাইপ লাইন অকেজো হয়ে থাকা ছাড়াও ফিল্ড চ্যানেল যেগুলো রয়েছে। মাটির উপর যে সব চ্যানেল আছে, সেইগুলোকে পাইপ লাইন করা অথবা পাকা করার কোনও পরিকল্পনা আছে কি না, যাতে জলের অপচয় বন্ধ করা যায়?

**ডাঃ ওমর আলি ঃ** সাধারণ ভাবে আমাদের নদী সেচ প্রকল্প কিংবা গভীর নলকূপ প্রকল্পে পাইপ লাইনের মাধ্যমে জল সরবরাহ করা হয়ে থাকে, কাঁচা নালা দিয়ে জল সরবরাহ করা হয় না। তবে যেগুলো এখনও পর্যন্ত পাকা যায়নি বা পাইপ লাইন করা যায়নি, অথচ কৃষকরা জল চাইলেন, সেখানে আমরা তখন মাঠ নালার মধ্যে দিয়ে গ্রাভিটি ফ্লো ইরিগেশনের কথাটা বিবেচনা করে মাঠ নালার মধ্যে দিয়ে জল পাঠাই। তারপর পরে সেগুলো পাকা করে দিই, অথবা পাইপ লাইন করে দিই। তবে আপনি যে কাঁচা নালার কথা বলছেন সেটা এখানে প্রাসঙ্গিক নয়, এই সব কাজগুলো সি. এ. ডি. এ. করে। যাই হোক যেখানে এই ধরনের প্রকল্প আছে কিন্তু পাইপ লাইনের ব্যবস্থা এখনও পর্যন্ত হয়নি, সেখানে আমরা পাইপ লাইন করে দেব।

## কৃষি সেচে ভর্তুকি

*৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬০) **শ্রী তপন হোড় ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্য যে, রাজ্যে চাষাবাদে জন্য সেচের ক্ষেত্রে কৃষকদের ভর্তুকি দেওয়া হয়ে থাকে ; এবং

(খ) সত্যি হলে, ভুর্তকির পরিমাণ কিরূপ?

**ডাঃ ওমর আলি ঃ**

(ক) সত্য নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** সেচ এলাকা এবং অসেচ এলাকায় একর প্রতি কত সেচ কর ধার্য করা হয় এবং এই সেচ করের ব্যাপারে কেন্দ্রীয় সরকার সম্প্রতি একটা নীতি নিয়েছে যে বিভিন্ন রাজ্যে কি পরিমাণ সেচ কর দেওয়া হতে পারে। আমাদের রাজ্যে যে নির্দিষ্ট পরিমাণ

সেচ কর আছে, যেটা আপনি বলবেন তার সঙ্গে আরও ১৪ গুণ সেচ কর বাড়াবার কোন প্রস্তাব কেন্দ্রীয় সরকার দিয়েছেন কি না, জানাবেন?

**ডাঃ ওমর আলি ঃ** আমাদের গভীর নলকূপ কিংবা নদী সেচ প্রকল্প থেকে প্রতি একর ইঞ্চি জলের জন্য খরচ হয় ১৮ টাকা। আর আমরা কৃষকদের কাছ থেকে যে কর নিই, সেটা পাঁচ টাকা পার একর ইঞ্চি। হিসাব করলে দেখা যায় যে, ৫ টাকা একর ইঞ্চি হিসাবে বোরো ধানের সময় প্রতি একরে ২৪০ টাকা করে ধার্য করা হয়। বৈদ্যনাথ কমিটির সুপারিশ মানতে হলে এটাকে ১৪ গুণ বাড়াতে হবে। আমাদের মাননীয় সেচ মন্ত্রী সেদিন এই বিধানসভায় বলেছেন যে, আমাদের পক্ষে ঐ সুপারিশ মেনে নেওয়া সম্ভব নয়। আমাদের এ রাজ্যে ভূমি সংস্কারের ফলে ল্যান্ড হোল্ডিং-এর প্যাটার্ন একদম পাল্টে গেছে। এখন আমাদের ক্ষুদ্র সেচ প্রকল্পের অধীন যে কৃষকরা আছে তাদের বেশিরভাগই প্রান্তিক এবং ক্ষুদ্র কৃষক। এমনিতেই চাযের খরচ বেড়ে গেছে—সার, কীট-নাশক, কৃষি যন্ত্রপাতি ইত্যাদি সমস্ত মিলিয়ে চাষের খরচ বেড়ে গেছে এবং কৃষকরা তাদের ফসলের লাভজনক দাম পাচ্ছে না। কলকারখানায় তৈরি জিনিসের দামের সঙ্গে কৃষকদের উৎপন্ন ফসলের দামের কোনও সমতা থাকছে না। সুতরাং তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। তারপর যদি জল-কর বাড়ানো হয় তাহলে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের অনেক সমস্যা দেখা দেবে। সেজন্য আমরা জল-কর বাড়াবার বিষয়টা আপাতত বিবেচনা করছি না।

**শ্রী তপন হোড় ঃ** বৈদ্যনাথ কমিটির সুপারিশ মানতে রাজ্য সরকারকে কেন্দ্রীয় সরকার বাধ্য করবেন কিনা, এ বিষয়ে আপনার কাছে কোনও খবর আছে কি?

**ডাঃ ওমর আলি ঃ** না, এরকম কোনও খবর আমাদের কাছে নেই।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, কমান্ডিং এরিয়ার চাষীরা ডিপ টিউবওয়েল বা আর. এল. আই.—থেকে জল নেবার জন্য টাকা জমা দেবার পর যদি কোনও কারণে জল না পায় তাহলে তাদের সেই টাকা ফেরৎ দেবার কোনও ব্যবস্থা আছে কি?

**ডাঃ ওমর আলি ঃ** নিয়ম হ'ল—জল-কর অগ্রিম নেওয়া হয়। যদি কোনও কারণে টাকা নেবার পরে জল সরবরাহ করা সম্ভব না হয়, তাহলে পরবর্তী সেচের ক্ষেত্রে সেই টাকা অ্যাডজাস্ট করার নিয়ম আছে। মাননীয় সদস্যর কাছে এরকম যদি কোনও নির্দিষ্ট ঘটনা থাকে যে, টাকা অ্যাডজাস্ট করা হয়নি জল না পাওয়ার জন্য তাহলে তিনি সেটা আমাদের নজরে আনতে পারেন। আমরা নিশ্চয়ই সেটা দেখব।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বিভিন্ন জেলায় সেচের অবস্থা বিভিন্ন রকম। পুরুলিয়া জেলায় খুবই কম জল পাওয়া যায়। এই অবস্থায় সেচ করের রেট সব জেলায় কি একই?

**ডাঃ ওমর আলি ঃ** করের রেট জেলাওয়ারি আলাদা নয়, ফসলওয়ারি আলাদা। খরিফে এক রকম, রবিতে আর এক রকম এবং বরো অন্য রকম। যেখানে জল দেওয়া হয় সেখানেই কর নেওয়া হয়। যেখানে টাকা নেওয়া সত্ত্বেও প্রকল্প থেকে জল দেওয়া সম্ভব হয় না সেখানে পরবর্তী সেচের ক্ষেত্রে টাকাটা অ্যাডজাস্ট করা হয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received two notices of Adjournment Motions. The first one is from Shri Saugata Roy on the subject of reported unwillingness of the foreign and national capitalists to invest their capital in the State because of labour problem and lack of infrastructure and the second one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of alleged farcical manner in which literacy campaign is being conducted in the State.

The subject matter of the Motions do not call for adjournment of the business of the House. Both the Members may get opportunity of discussing the said subjects during Commerce and Industries Budget and the Education Budget respectively. The Members may also call the attention of the Minister concerned on the subjects through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motions.

One member may, however, readout the text of the Motion.

[12-00 — 12-10 p.m.]

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা .আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল ঃ—

পশ্চিমবঙ্গে সাক্ষরতা নিয়ে ব্যাপক প্রহসন চলছে। প্রাথমিক অবস্থায় যখন কেন্দ্রীয় সরকারের অনুদান এসেছেন তখন বামপন্থীরা সেই অর্থের ব্যাপক অপচয় করেছেন এবং যথেচ্ছভাবে খরচ করে দলীয় স্বার্থসিদ্ধি করেছেন। এখন শতকরা ১০ ভাগ স্কুলও পরিচালিত হচ্ছে না কারণ বিনা পারিশ্রমিকে মাস্টার ট্রেনার ও ভলান্টিয়ার ট্রেনাররা পড়াতে রাজি হচ্ছেন না।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received nine notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| Urge for stopping the sell of piece-fruit to prevent spreading of Cholera and Gastro-enteritis. | : | Shri Tapan Hore |
| Demand for opening of Honours Course in Betai Dr. B. R. Ambedkar College in the district of Nadia. | : | Shri Kamalendu Sanyal |

| | | |
|---|---|---|
| 3. Alleged accumulation of garbage in Calcutta. | : | Shri Saugata Roy |
| 4. Reported cease work by the House-staff of the S. S. K. M. Hospital. | : | Shri Anjan Chatterjee an Shri Lakshman Seth |
| 5. Reported erosion of the river Ganga of Nehru Nagar Colony under Serampore Municipality of Hooghly district. | : | Shri Jyoti Chowdhury |
| 6. Reported power cut in different districts of South Bengal due to sudden closure of 4 units of Kolaghat Thermal Power Station. | : | Shri Ajoy Dey |
| 7. Function of 'Lok Adalat' by Justice Dilip Bose at different places of West Bengal. | : | Shri Satya Ranjan Bapul |
| 8. Reported death of a person struck by lightning at Depal and Contai Sub-division of Midnapore district. | : | Shri Mrinal Kanti Roy |
| 9. Latest position of enquiry about the dacoity including the abduction of bridegroom in the house of one Chandramohan Pal at Pakurganj village under P. S. Islampur on 4. 6. 94. | : | Shri Birendra Kumar Mo... |

I have selected the notice of Shri Anjan Chatterjee and Shri Lakshman Seth on the subject of 'Reported cease work by the House staff of the S. S. K. M. Hospital'.

The Minister-in-Charge may please make a statement to-day possible or give a date.

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী প্রশান্তকুমার শূর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শনিবার রাত্রি সাড়ে ৮, ... সময় অমূল্য দাস বলে একজন বয়স্ক ব্যক্তি, তার ছেলে এসে আমাকে বলে, বাবার হৃদ... হয়েছে, তাকে এখনই ভর্তি করতে হবে। ওকে বাড়িতে রাখা যাচ্ছে না। আমি ... সার্জেন সুপারিনটেন্ডেন্টকে টেলিফোন করে বলি তাকে ভর্তির ব্যবস্থা করুন। উনি রি... পার্কের নেতাজী নগর কলোনির অধিবাসী। তার ছেলে এবং তার ৩ জন বন্ধু ট্যাক্সি ক... তাকে যখন নিয়ে যাচ্ছেন তখন তিনি ট্যাক্সিতে উগ্র হন এবং তার নিজের এবং তার ছে...

জামা-কাপড় ছিঁড়ে ফেলেন। স্বাভাবিকভাবেই আমাদের যে নির্দেশ ছিল সেটা হল এই, যদি এই ধরনের কোনও রোগী রাত্রিবেলা যায় তাকে যে কোনও জায়গায় রেখে দিতে হবে, রাত্রিতে তাকে ভর্তি করতেই হবে। কোনও রোগীকে আপনারা রাত্রিতে ছেড়ে দেবেন না। যেহেতু আমাকে বলা হয়েছিল হৃদরোগে আক্রান্ত হয়েছে তখন এস. এস. এমারজেন্সি বিভাগে বলে রেখেছি যে কার্ডিওলজিতে পাঠিয়ে দিতে। কার্ডিওলজিতে পাঠিয়ে দেবার পরে সেখানে একজন ডাক্তার ছিলেন, আর একজন হাউসস্টাফ ছিলেন, তার নাম বোধহয় শতাব্দী সরকার। তাকে ভর্তি করতে চায় না। তারপরে অনেক আবেদন নিবেদন করার পরে তাকে ভর্তি করেছে, করার পরে হাত, পা, বাঁধে, তাও ছিঁড়ে ফেলে। তখন ওরা বললে তাকে একটা গার্ড রেলিং দেওয়া হোক যাতে পড়ে না যায়, আর একজন আর. এম. ও.-কে ডেকে পাঠান। তখন সিস্টার ইন চার্জ অ্যাটেন্ডেনটদের বলেন রেল গার্ড বা রেলিং দিয়ে দেওয়া হোক। অ্যাটেন্ডেন্টরা বলে আমরা পারব না, আমরা কোথায় রেলিং পাব, আমাদের পক্ষে সম্ভব নয়। তারপরে প্রায় পৌনে একটা পর্যন্ত ছেলে এবং ৩ বন্ধু তারা চেষ্টা করছে, অনুনয়, বিনয় করেছে, বলেছে এর একটা চিকিৎসার ব্যবস্থা করুন। হাউস স্টাফ বলেন যে ক্যাচ পেশেন্ট আনবেন না। পরের দিন সকালে আমাকে বলেন তারা অনেকক্ষণ চেষ্টা করেছে কিন্তু কোনও প্রতিবিধান না হওয়ায় প্রায় পৌনে একটা বা একটা-দেড়টার সময়ে তারা যখন দেখল কোনও ব্যবস্থা হল না তখন ঐ ৩ বন্ধু এবং তার ছেলে তারা পেশেন্টকে নিয়ে বাড়ি চলে যায়। আমি রবিবার কার্ডিওলজি বিভাগের হেড অফ দি ডিপার্টমেন্ট ডাঃ এ. কে. মাইতি, তাকে ফোন করে বলি সোমবার পৌনে ১১টার সময়ে আপনার অফিসে থাকবেন, সার্জন সুপারিন্টেন্ডেন্ট থাকবেন, সিস্টার ইন চার্জ থাকবেন এবং যে ডাক্তার ডিউটিতে ছিলেন সেই ডাক্তার থাকবেন হাউস স্টাফ থাকবেন, ৪টি ছেলে যারা পেশেন্টকে নিয়ে গিয়েছিল তাদের নিয়ে যাব এবং আমি এই জিনিসটা শুনতে চাই। সেই অনুযায়ী গতকাল সোমবার পৌনে ১১টার সময় আমি হেড অফ দি ডিপার্টমেন্ট অফ কার্ডিওলজি ডাঃ এ. কে. মাইতির অফিসে যাই, সবাই থাকেন। আরও একজন কার্ডিওলজিস্ট সেই সময়ে উপস্থিত ছিলেন। তিনিও সমস্ত কথা শুনেছেন, আমি প্রথমে বলি যে, শনিবারের ঘটনা সম্বন্ধে ছেলে এবং বন্ধুরা এখানে বলুক, সেই সময়ে তারা হাউস স্টাফকে দেখিয়ে বলে যে উনি বলেছেন ক্যাচ পেশেন্ট আনা চলবে না। ভর্তি করা হবে না। আমি যে ডাক্তার উপস্থিত ছিলেন তাকে জিজ্ঞাসা করি আপনি শুনেছেন এ কথা? তিনি বলেছেন আই হ্যাভ নট লিসন, আমি বললাম ঠিক আছে, সিস্টার ইন চার্জকে আমি ডাকালাম, সিস্টার ইন চার্জ যথারীতি বলেন পেশেন্ট খুব ভায়োলেন্ট ছিল, আমি বলেছিলাম এখানে রেলিং দিতে অ্যাটেন্ডেন্টরা অস্বীকার করেছে।

ওরা বলেছিল যে আপনারা আর. এম. ও.-কে কল দিন। কল বুক পাঠিয়েছিল এবং সেই কল বুকে দুটি কথা লিখেছিল স্ট্রোক দিয়ে মেডিসিন স্পেশ্যালিস্টকে আসতে হবে এবং আমাদের যে নিউরোলজিস্ট আছে, যদি অ্যাভেলেভেল হয় তাদের চান। দুটি কথা স্ট্রোক দিয়ে লিখেছিলেন। কেউ অ্যাভেলেভেল হয়নি, কেউ আসেনি। সেই অবস্থায় তারা বার বার চেষ্টা করে দেখেছিল। তারপর তারা দেখল অসহায় বাবাকে নিয়ে কি হবে, তখন তারা বাড়িতে নিয়ে গিয়েছিল। এই কথা ঠিক যখন তারা চলে যায় তখন তারা বলেছিল সই করে যান।

তারা সই করে যায়নি, চলে গিয়েছিল। আলোচনার মধ্যে সবাই ছিল, একজন কার্ডিওলজিস্ট উপস্থিত ছিলেন, তিনি তার কথা বলেছেন, সিস্টার ইন চার্জ কথা বলেছেন, ওখানকার হেড অফ দি ডিপার্টমেন্ট ডাঃ মাইতি ছিলেন, ডাঃ স্যান্যাল ছিলেন, তারা তাদের কথা বলেছেন। আজকাল পত্রিকায় দেখলাম লিখেছে যে, "মন্ত্রীর সুপারিশে রোগী ভর্তি বন্ধ করতে হবে; আমি অধিক রাতে, প্রায় ১টা, ২টো, আড়াইটার সময় মন্ত্রীর টেলিফোন পাই, এম. এল. এ.-দের টেলিফোন পাই, এম. পি.-র টেলিফোন পাই, বিভিন্ন এলাকার জনপ্রতিনিধিদের টেলিফোন পাই যে খুব কঠিন রোগ সেরিব্রাল অ্যাটাক হয়েছে, হার্ট অ্যাটাক হয়েছে, কিডনির ট্রাবেল দেখা দিয়েছে, সাপে কেটেছে, এদের এখুনি ভর্তি করতে হবে। এই রকম নানা টেলিফোন পাই। সুতরাং সেখানে আমাকে বলতেই হয়, অনুরোধ করতেই হয় এই ধরনের রোগীকে আপনারা ভর্তি করবেন। যদি জায়গা না থাকেও তাহলে রাত্রে কোনও রোগীকে ছেড়ে দেবেন না। এই ইনস্ট্রাকশন আমি দিয়েছি। আমি যখন এই হাউস স্টাফকে বলেছিলাম তখন সবাই সেখানে উপস্থিত ছিলেন। জিজ্ঞাসা করতে পারেন, বিশেষ করে সৌগতবাবুর এলাকা এবং তিনি সেখানে ম্যানেজিং কমিটির সদস্যও বটে, তিনি জিজ্ঞাসা করতে পারেন। তাদের সবাইকে নিয়ে আলোচনা করেছি, সবাইয়ের সামনে আলোচনা করেছি। কেউ বলেননি ছেলেরা কেউ অসভ্যতা করেছে, মেজাজ দেখিয়েছে। এই কথা কেউ বলেননি। ছেলেরো আবেদন করেছে চিকিৎসার ব্যবস্থা করুন। ঔষধ যা লিখেছে অন্যান্য ডাক্তার সবাই বলেছেন যে সঠিক ঔষধ লিখেছেন এবং সেই ঔষধ প্রয়োগ করলে রোগী শান্ত হত। হাউস স্টাফ যা বলেছে তাকে পরিষ্কার বুঝিয়ে দিয়েছি যে মন্ত্রীকে কেন এই ধরনের কেসে অনুরোধ করতে হয় ভর্তি করার জন্য। বলেছি রাত্রে কাউকে ছাড়বেন না। কারণ পথে যদি দুর্ঘটনায় মারা যায়, তাহলে আমাদের সরকারকে নানা ভাবে সমালোচিত হতে হবে। এটা আমি সকলকে বলেছি, সমস্ত হাউস স্টাফকে বলেছি, সমস্ত হেড অফ দি ডিপার্টমেন্টকে বলেছি, হাসপাতাল কর্তৃপক্ষকে বলেছি। এটা আমি সাধারণভাবে পশ্চিমবাংলায় যারা চিকিৎসা ব্যবস্থার সাথে যুক্ত তাদের সবাইকে বলেছি। দিস ইজ মাই জেনারেল ইনস্ট্রাকশন টু অল কনসার্নড। সুতরাং যে ব্যবহার সেই দিন করা হয়েছে আমার মনে হয় এটা অমানবিক ব্যবহার করা হয়েছে এবং কল বুক পাঠানো হয়েছে কিন্তু ডাক্তার আসেনি। যদি তাদের বলা হত আপনারা একটু বসুন আমরা চেষ্টা করছি। তাদের যদি একটু সহানুভূতি দেখানো হত তাহলে অনেক কাজ হত। রেলি দিতে হবে তারা বুঝবে কি করে। এটা ভায়োলেন্ট রোগী, তারা বুঝবে কি করে? কার্ডিওলজি ব্যাপারটা তারা বুঝতে পারবে না। সুতরাং এই অবস্থায় আমি শুধু এই হাউস স্টাফকে বলেছি এই ধরনের কথা ভবিষ্যতে বলবেন না। মন্ত্রী হিসাবে আমার দায়িত্ব আছে, সেই দায়িত্ব আমাকে পালন করতে হবে।

আমি লোক পাঠাব এবং সেই লোককে ভর্তি করতে হবে, এই ধরনের পেশেন্টকে ভর্তি করতে হবে। তারপর, আজকে আমি দেখছি যে, দেবাশীষ ব্যানার্জি বলে একজন—অল বেঙ্গল ট্রেণী ডক্টরস' অ্যাশোসিয়েশনের সম্পাদক—তিনি বলছেন, তারা নাকি সিদ্ধান্ত নিয়েছেন ধর্মঘট করছেন। আজ থেকে সমস্ত ধর্মঘট। এবং আমাকে বলেছেন, এখানেও লেখা আছে যে—হাউস স্টাফদের দাবি যে স্বাস্থমন্ত্রীকে ক্ষমা চাইতে হবে। ক্ষমা আমি চাইব না। যদি আমার মুখ্যমন্ত্রী কোনও নির্দেশ দেন, সেই নির্দেশ আমি পালন করব। তবে আমি যদি মন্ত্রী

কি, এই ধরনের রোগী ভর্তি করতে হবে। না হলে হাসপাতালের কোনও মূল্য থাকে না। হাউস স্টাফ বলেছেন 'ক্যাচ পেশেন্ট', এই ধরনের হাউস স্টাফকে আমাদের দরকার ছে কিনা? তার হাসপাতালে থাকার অধিকার আছে কিনা? এই ধরনের যখন যা খুশি রব' এটা আমি বরদাস্ত করব না।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Home (Police) epartment will make a statement on the subject of reported killing of o persons by truck drivers on 30. 5. 94 in Calcutta suburbs. Atten-on called by Shri Birendra Kumar Maitra on the 1st June, 1994.

**hri Jyoti Basu :**

*Ir. Speaker, Sir,*

I rise to make the following statement in response to the Calling ttention Notice given by Shri Birendra Kumar Maitra, regarding the ported killing of two persons by truck drivers on 30. 5. 94 in Calcutta uburbs.

On the 31st May, 1994, at about 01-30 hrs. a Basanti bound truck as reportedly stopped by some alleged miscreants at Bantala. some ther vehicles which were coming behind also stopped there. The driv-s and helpers of the trucks chased the alleged miscreants and caught old of two of them viz., Dilip Munda and Nemai Munda of Khanaberia S Tilgala and beat them up. These two persons sustained severe juries on their persons.

In the morning, the villagers of Khanaberia received this informa-ion and rushed to the place of occurrence. The police personnel sta-ioned at the police camp located about half a kilometre away from the lace of occurrence also went there. The villagers, however, became gitated and the truck drivers and the helpers fled, leaving behind the njured persons. On getting this information, the SP., South 24-Parganas ent the Dy. SP (Town) and the IC., Tiljala to attend to the situation. hey persuaded the villagers to withdraw a roadlock which had been set p by them. The injured persons were shifted to hospital. Both expired n the hospital.

The villagers complained to the police that the deceased persons were crossing the road for guarding a fishery located near the place of occurrence and the dirvers and the helpers assaulted them without any provocation. The agitated mob tried to set the stranded trucks on fire.

Two matadors and one truck were seized by the police and in subsequent raids, two drivers were arrested. A strong police picket has been posted in the area to maintain law and order.

Two cases have been started at Tiljala PS. and investigations into the incidents are proceeding.

**Mr. Speaker :** This statement is made today on the Calling Attention notice given by Shri Birendra Kumar Moitra. The date of the statement was communicated earlier. But he is absent today. It is a very unhappy state of affairs. The Member concerned should never remain absent.

## STATEMENT ON CALLING ATTENTION

Now, the Minister in-Charge of the Home (Police) Department will make a statement on the subject of reported mysterious death of a Journalist at Matigara of Siliguri on 1. 6. 94.

(Attention Called at by Shri Saugata Roy, Shri Shish Mohammad and Shri Khara Soren on the 2nd June, 1994.)

**Shri Jyoti Basu :**

*Mr. Speaker, Sir,*

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Shri Saugata Roy, regarding the mysterious death of a journalist at Siliguri on 1. 6. 94.

On June 1, 1994, at about 05.00 hours, constable N. N. Roy and B. N. Das and others of Matigara P.S. who were on night foot patrol at Dagapur Tea Estate reported at the P. S. that the dead-body of a male person was found lying at a place about 200 yards away from Chamta Bridge on NH 31. Several heavy vehicles appeared to have passed over the dead-body.

A Sub-Inspector from the police station immediately went to the place of occurrence. On searching the pockets of the victim's wearing apparel, he found an Identity Card identifying him as Bikash Chandra Ghosh, Sub-Editor of Uttar Banga Sambad.

Inquest was held over the dead-body. No chappal or shoes were found and there was no sign of any pools of blood in and around the place of occurrence. No marks of injuries other than those caused by the running over by heavy vehicles could be detected on the body

The Sub-Inspector informed the Uttar Banga Sambad office and one Rabin Bhattacharjee and four others of the office identified him as Bikash Chandra Ghosh. After inquest the dead-body was sent to the North Bengal Medical College Hospital for post-mortem examination.

Investigation reveals that the deceased used to stay in a mess situated at Aurobindo Pally, Siliguri with two others in the house of one Santiranjan Ghosh. The deceased left the mess on May 31, 1994, at about 10.00 hours and did not return. He also did not attend the office of the Uttar Banga Sambad on May 31, 1994. The deceased was to be married to one Madhumita Dutta, daughter of Chandmohan Dutta of Rupali Tea Estate, P. S. Malbazar, Dist. Jalpaiguri on June 5, 1994. The deceased's movement from 10.00 hours on May 31, 1994 to 05.00 hours on June 1, 1994, could not be readily ascertained.

The doctor, conducting the post-mortem has opined that death was due to injury, ante-mortem and homicidal in nature.

A specific case has been started over the incident and investigation of this case has been entrusted to the CID.

[12-20 — 12-30 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of Transport Department will make a statement on the subject of reported sinking of the trawler 'Gitanjali' in the river Muriganga at Chemaguri on 3. 6. 1994.

(Attention called by Shri Gyan Singh Sohanpal, Shri Saugata Roy, Shri Birendra Kumar Maitra, Shri Dipak Mukherjee, Shri Deba Prasad Sarkar, Shri Shiba Prasad Malick, Shri Abdul Mannan, Shri Nani Kar, Shri Tapan Hore and Shri Anjan Chatterjee on the 6th June, 1994)

**Shri Jyoti Basu :**

Mr Speaker, Sir,

I rise to make a statement on the Calling Attention Notice under Rule 198 of the Rules of Procedure and conduct of Business given by the Hon'ble Members of the House on 6. 6. 1994.

At about 11.45 a.m. on 3. 6. 94, Geetanjali, a fishing trawler, started from Chemaguri for Mouzumi Island with reportedly about 110 to 130 passengers. Regular ferry services had been suspended Administration at the time because of inclement weather and the stranded passengers persuaded the staff of the trawler to ferry them across. On

the way to Mousumi Island at about 12 noon the trawler rolled dangerously several times and then turned over because of strong wind and turbulent water. Another fishing trawler, which was in the vicinity, rushed to the site and could rescue some passengers.

Rescue operations were started immediately on receipt of information of the disaster by the officials and non-officials of Sagar and Namkhana 'Pachayat Samitis. The local MLA, who was present in the area at the time, also participated in the rescue operation. Vessels of the West Bengal Surface Transport Corporation were also pressed into service. As soon the report of the incident reached the district headquarters D.M. and S.P. South 24-Paraganas rushed to Chemaguri. Rescue attempts were renewed from the early hours of 4. 6. 94 with the vessels of the West Bengal Surface Transport Corporation and the speed boats of Civil Defence inspect of bad weather conditions which did not permit use of smaller boats. Shri Subodh Chowdhury, MOS Transport, reached the accident site in the morning of 4. 6. 94. State Government helicopter was also pressed into service to make an serial search for retrieval of the dead bodies.

I was in Madras on the date of the accident and on hearing the news I came back in the night of 4.6.94 and rushed to the accident site in the morning of 5.6.94. I camped in the area till the afternoon of 6.6.94.

25 dead bodies could be recovered till 2 p.m. on 6.6.94 স্যার, এবং গতকাল বিকালে একটি বাচ্চা ও দুইজন মহিলার মৃতদেহ পাওয়া গেছে। এটা আমি রিপোর্টের মধ্যে দিতে পারিনি। Out of which 10 could be identified so far. Special arrangements have been made for post-mortem and quick disposal of bodies.

So far 70 persons who have survived could be traced. Attempts are also being made through police stations and panchayats to ascertain whether any other person in these areas has not returned home following the mishap.

Three vessels of the West Bengal Surface Transport Corporation two vessels belonging to the Calcutta Port Trust, four speed boats of the Civil Defence and State Government helicopter have been engaged in rescue and search operations from 4. 6. 94 and till to-day these operations are being continued.

I would like to announce here that the State Government has decided to sanction an ex-gratia relief of Rs. 10,000/- to the family of

each of the persons who died as a result of this accident. It has also been decided that a high level inquiry into the incident will be conducted by the Commissioner, Presidency Division. In this connection it may be mentioned that Shri Jahar Jana, who was reportedly driving the trawler at the time of the incident, has already been arrested.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার আজকে এক বোনের অপারেশন হয়েছে, আমি সকাল বেলায় এখানে আসতে পারিনি, আপনার কাছে নোটিশ দিয়েছিলাম কিন্তু রক্ত দিতে দেরি হওয়ার জন্য আর ট্যাক্সি পেতে দেরি হওয়ার জন্য আমার সভায় আসতে দেরি হয়ে গেছে। সেইজন্য আপনার কাছে আমি ক্ষমা চাইছি, সভার কাছে ক্ষমা চাইছি, মুখ্যমন্ত্রীর কাছেও ক্ষমা চাইছি, ভবিষ্যতে এই জিনিস আর হবে না।

## Statement under rule 346

**Mr. Speaker :** Now, Hon'ble Chief Minister will make a statement

**Shri Jyoti Basu :** Sir, I want to make a statement on the views of the Govt. in regard to the recommendations of the Education Commission constituted under the Chairmanship of Dr. Ashok Mitra.

The State Government set up an Education Commission vide Notification No. 6324-P-Home (Political) Department dated 13th August, 1991 under the Chairmanship of Dr. Ashok Mitra. The objectives were to review the developments since 1977 in the content and quality of education at different levels and stages ; to evolve a feasible programme of educaional goals, both short and long-term; to review problems in the implementation of mass literacy campaigns and to evolve an outline or appropriate institutions and policies. The Commission submitted its Report in August, 1992.

The Hon'ble Members have already been given a copy of the Report of Dr. Ashok Mitra Commission.

There are 118 conclusions and recommedations vide Chapter Nineteen of the Report.

Based on the Government's intention to implement or examine further or otherwise, these 118 recommendations may be grouped under four categories as below :—

(a) 72 recommedations have been accepted by the Government (Vide paras 19.10, 19.11, 19.13 to 19.23, 19.25, 19.26, 19.28 to 19.32, 19.34, 19.36 to 19.38, 19.40 to 19.44, 19.48, 19.49, 19.53, 19.56, 19.57, 19.61, 19.64, 19.65, 19.68, 19.70, 19.72, 19.72, 19.73, 19.75, to 19.78,

19.80 to 19.85, 19.87, to 19.91, 19.93, 19,95, 19.97, to 17.102, 19.103, 19.106, 19.108 to 19.111, 19.115 and 19.118),

(b) 32 recommendations requires further examination after discussion at different levels and necessary financial provision, before decision (vide paras 19.12, 19.24, 19.33, 19.39, 19.45 to 19.47, 1950 to 1952, 1954, 1955, 19.58, 19.60, 19.62, 19.63, 19.66, 19.67, 19.69, 19.71, 19.74, 19.79, 19.86, 19.92, 19.94, 19.96, 19.101, 10.105. 19.107 and 19.112 to 19.114);

(c) The Government regrets its inability to accept 3 recommendations (vide paras 19.27, 19.35 and 10.104), and

(d) 11 recommendations are general statements which have been noted (vide paras 19.1 to 10.9, 19.116 and 19.117).

To facilitate discussion by Hon'ble Members, a note on the different recommedations and the State Government's views thereon is enclosed.

If the Hon'ble Speaker is graciously pleased to fix a date for discussion by the Hon'ble Members, the Government may enrich itself through such discussion and take effective steps.

**Mr. Speaker :** We will discuss it with Business Advisory Committee and fix up a date and time for discussing the matter in the house.

## Mention Cases

**Mr. Speaker :** Now, mention. As time is short, we will take up some of the Mentions.

[12-30 — 12-40 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, তাঁর এই বিষয়টা তার দৃষ্টিতে আনতে চাইছি। গত কালের পেপারে আমরা দেখলাম কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী একটি মিটিং ডেকেছিলেন ইণ্ডিয়ান সুগার মিল অ্যাশোসিয়েশনের কর্মকর্তাদের সঙ্গে এবং তারা বলেছে সাড়ে চৌদ্দ থেকে সাড়ে পনেরো টাকাতে তারা চিনি দেবে। আপনার কাছে আমার বক্তব্য হচ্ছে আগে বাজারে আট টাকা করে চিনি পাওয়া যেত। মাঝখানে সেটা বেড়ে দাঁড়াল ১৮ থেকে ১৯ টাকা। এখন আবার সেটা সাড়ে চৌদ্দ থেকে পনের টাকায় করে হচ্ছে। এই চিনি নিয়ে যে কেলেঙ্কারি হল তাতে কেন্দ্রীয় সরকারের স্বরূপ উদ্‌ঘাটিত হয়ে গেছে। এরজন্য তিনি আমলাদের দোষারোপ করেছেন। উদারনীতি চিনি শিল্পের ক্ষেত্রে প্রবেশ হওয়ার ফলে এবং রেশনে চিনি না থাকার ফলে এই চিনির দ্রব্যমূল্যবৃদ্ধি ঘটেছে। অবিলম্বে তাই ১০ লক্ষ মেট্রিক টন চিনি এই রেশন সরবরাহের মাধ্যমে আনা দরকার। ইতিমধ্যে

আমরা খবরের কাগজে দেখলাম যে পাবলিক অ্যাকাউন্টস কমিটি এই ব্যাপারে তদন্ত করবেন। কিন্তু সংসদীয় গণতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী এটা সময়-সাপেক্ষ। আমার দাবি এই ব্যাপারে সি বি আই. তদন্ত করুন এবং রাজ্যের মুখ্যমন্ত্রীর মাধ্যমে আমি কেন্দ্রীয় মন্ত্রীর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যাণ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। এটা একটা মর্মান্তিক ঘটনা। নদীয়া জেলার কৃষ্ণনগরের শঙ্কচার্য বলে মহিলাদের একটি হোম আছে। কয়েক বছর আগে বহু ব্যয় করে এই হোমটি তৈরি করা হয়েছিল। এখানে চল্লিশ, পঞ্চাশ জন মহিলার থাকার ব্যবস্থা আছে। সেখানকার সুপার সুধা সরকার তিনি মেয়েদের মানসিকভাবে এবং শারীরিকভাবে অত্যাচার করেন এবং তার ফলে মালিতা মণ্ডল গায়ে আগুন লাগিয়ে মৃত্যু বরণ করেন। সেখানকার মেয়েরা বিভিন্নরকমভাবে নির্যাতনের মধ্যে দিয়ে দিন কাটাচ্ছেন। এই ব্যাপারটা দেখার জন্য আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীমতী নন্দরাণী দল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ঘাটালের একটা বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিরোধীদলের পক্ষ থেকে মাননীয় সদস্যা সাবিত্রী মিত্র বার বার নারী নির্যাতনের ঘটনা এই বিধানসভায় উত্থাপন করেন। কংগ্রেসের পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতির সম্পাদক সত্য মণ্ডল গত ২ মে স্বামী পরিত্যক্তা মহিলার ঘরে ঢোকার চেষ্টা করে এবং মহিলা চিৎকার করার ফলে সেখান থেকে পালিয়ে যায়। এই ব্যাপারে এফ. আই. আর করা হয়েছে এম. ও. নম্বর ৩৭৯। পশ্চিমবাংলার নারী নির্যাতন এবং ধর্ষণের যে ঘটনা ঘটেছে, বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিকে ক্ষুন্ন করার জন্য কংগ্রেসের এটা একটা পরিকল্পিত চক্রান্ত এই বিষয়টা খতিয়ে দেখতে আমি অনুরোধ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে উত্থাপন করছি। আমরা লক্ষ্য করেছি যে বর্ডার এলাকায় যে সমস্ত জেলাগুলি আছে সেই সমস্ত জেলার অঞ্চল প্রধানরা দু-হাতে রেশন কার্ড বিলি করছেন। ইতিমধ্যেই ৪ লক্ষ রেশনকার্ড ধরা পড়েছে। অঞ্চল প্রধানদের ক্ষমতা আছে রেশন কার্ড দেওয়ার। এর ফলে বাংলাদেশ থেকে বা ওপার থেকে লোক এসে এখানে একটা রেশনকার্ড করে নিয়েছে এবং ঐ করে ভোটার লিস্টে নাম লিখিয়ে নিচ্ছে। তারা এপারে এসে এখান থেকে জিনিসপত্র ওপারে নিয়ে যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি হাউস থেকে যখন চলে যাচ্ছিলেন তখন আমি ওঁকে বললাম যাবেন না, আপনার দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য রাখব যে অঞ্চল প্রধানরা দুহাতে রেশন কার্ড বিলি করে সমস্যার সৃষ্টি করছেন এবং এই অধিকারটা তাদের হাত থেকে কেড়ে নিন। ইতিমধ্যেই ৪ লক্ষ রেশন কার্ড ধরা পড়েছে, আরো কত ধরা পড়বে জানি না। প্রধানরা এইভাবে দুহাতে টাকা নিয়ে রেশনকার্ড বিলি করছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন, বিষয়টি গুরুত্বপূর্ণ, আমরা লক্ষ্য করছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব, এ বিষয়ে একাই তিনি উদ্যোগ নিয়ে ব্যবস্থা করুন।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী ও মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, স্বাস্থ্য দপ্তরের সঙ্গে পূর্ত দপ্তরের কাজের ক্ষেত্রে সমন্বয় না থাকার ফলে কিছু কিছু অবাঞ্ছিত ঘটনা ঘটছে। সম্প্রতি চন্দননগর হাসপাতালে জরুরি ভিত্তিতে একটি ঘরের কড়ি বরগা বদলানোর সিদ্ধান্ত নেওয়া হয়। পি. ডবলু. ডি'র মনোনীত সংস্থা যারা সেই কাজ করছিলেন সেখানে স্পেসিফিকেশন অনুযায়ী যে কাঠ দেওয়ার কথা তা না দিয়ে অত্যন্ত নিম্নমানের কাঠ দিয়ে কড়ি বরগা তৈরি করে কাজ শুরু করেন। এর ফলে ভবিষ্যতে একটা বড় ধরনের অবাঞ্ছিত ঘটনা ঘটে যেতে পারে, অপ্রীতিকর ঘটনা ঘটে যেতে পারে। স্থানীয় কাউন্সিলার এবং সমস্ত জনসাধারণ এই অভিযোগ নিয়ে এম. এল. এ. এবং সেখানকার মেয়রের সঙ্গে যোগাযোগ করেন এবং তাদের দৃষ্টিগোচর করেন এবং তাদের হস্তক্ষেপে এই কাজ বন্ধ করা হয়। হাসপাতালের অ্যাডমিনিস্ট্রেটর, তিনি এ ব্যাপারে হস্তক্ষেপ করতে পারতেন কিন্তু তার কোনও অধিকার নেই, তিনি করেন নি। এরকম আরো অনেক ঘটনা ঘটে। আমার অনুরোধ, এসব ব্যাপারে অবিলম্বে হস্তক্ষেপ করা হোক।

**শ্রী জ্যোতি চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে শিল্প মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র শ্রীরামপুরে হেস্টিংস জুট মিল আজ দীর্ঘ ৯ মাস ধরে বন্ধ থাকার ফলে ৫ হাজার পরিবার অনাহারে, অর্দ্ধাহারে দিন কাটাচ্ছেন কিন্তু শ্রম দপ্তর এ ব্যাপারে উদাসীন। দীর্ঘ ৯ মাসের মধ্যে মাত্র তিন/চারটি মিটিং হয়েছে কিন্তু কোনও সুরাহা হয়নি। উদাসীনতার হাত থেকে শ্রমিক কর্মচারিরা মুক্তি পাওয়ার জন্য দু মাস আগে তাদের এক প্রতিনিধিদল মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে কিন্তু সেখানেও উদাসীনতার লক্ষ্যণ দেখা যাচ্ছে। এই অসহায় অবস্থা থেকে সেখানকার শ্রমিক কর্মচারিদের বাঁচানোর জন্য আমার দাবি, অবিলম্বে এই মিলটি খোলার ব্যবস্থা করা হোক।

**শ্রী দেবনাথ মুর্মু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একদিকে গাজল ব্লকের গাজল হাট এবং অন্যদিকে বামুনগোলা ব্লকের পাকুয়াহাট—এই দুটি হাটের মধ্যে সংযোগ রক্ষাকারী যে রাস্তা সেই রাস্তায় টাঙ্গন নদীর উপর একটি সেতু নির্মাণের জন্য বহুদিন পূর্বে তৎকালীন পূর্তমন্ত্রী শ্রী যতীন চক্রবর্তী ধরণী সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন কিন্তু আজ পর্যন্ত সেই সেতুর কাজ হাতে না নেওয়ার ফলে সেখানকার মানুষদের মধ্যে বিক্ষোভ বাড়ছে। সেই কারণে আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ জানাব যাতে অবিলম্বে এই সেতুটি নির্মাণ করা হয়।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার কালিগঞ্জের দুটি গ্রাম পঞ্চায়েত এলাকা জুড়ানপুর এবং হাটগাঝার ১০টি গ্রামে ৫/৭ হাজার বিঘা জমি জল মগ্ন হয়ে থাকে সেই জন্য ভাগীরথী নদীর জগৎখালি বাঁধে একটা স্লুইশ গেট করা হয়, সেটা এই জন্য কর

হয় বেশি বৃষ্টি হলে যাতে জলটা নদীতে ছেড়ে দেওয়া যায় এবং নদীর জলটা যখন উঁচু হবে তখন নদীর পার্শ্ববর্তী এলাকায় যাতে জল ঢুকতে না পারে এবং ফসল নষ্ট না হতে পারে। কিন্তু সেই স্লুইশ গেটটি দীর্ঘদিন হল অচল হয়ে পড়েছে, তার ফলে ঐ সব এলাকার ৫/৭ হাজার বিঘা জমি জলমগ্ন হয়ে থাকে। সেই জন্য আমার মন্ত্রী মহাশয়ের কাছে দাবি যাতে এই স্লুইশ গেটটি অবিলম্বে মেরামতের ব্যবস্থা করা হয়।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। নিম্ন দামোদর নিকাশি প্রকল্প আজকে প্রায় ১০/১২ বছর হল সার্ভে করে অনুমোদন হয়ে পড়ে রয়েছে, কার্যকর করার ব্যবস্থা হচ্ছে না। তার জন্য বহু জায়গায় চাষীরা মার খাচ্ছে, সেটা অবিলম্বে কার্যকর না করতে পারলে প্রতি বছর হাওড়ার কিছু অঞ্চল এবং হুগলির বিস্তীর্ণ এলাকা জলে ডুবে যাবে এবং প্রতি বছর ডুবে যাচ্ছে এবং চাষীদের প্রভূত পরিমাণে ক্ষতি হচ্ছে, পরবর্তী পর্যায়ে চাষীরা ঋণ পরিশোধ করতে পারছে না। সুতরাং অবিলম্বে যাতে নিম্ন দামোদর প্রকল্প কার্যকর হয়, সেই ব্যবস্থা করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রীর একটি গুরুতর বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার অন্তর্গত মানিকনগর গ্রাম আমাদের নদীয়ার মধ্যে হলেও এমন একটা জায়গায় ঐ গ্রামটা অবস্থিত সেটা বর্ধমান জেলায় বলা যেতে পারে। একটা দ্বীপের মতো জায়গা। সেখানকার সেচ ব্যবস্থা করার জন্য দুটি রিভার লিফট সেখানে স্থাপিত হয়েছে সেখানে মোটর রয়েছে, মেশিন রয়েছে কিন্তু বিদ্যুত সংযোগের অভাবে সেইগুলো চালু করা যাচ্ছে না, আর. এল. আই.-গুলো অকেজো হয়ে পড়ে রয়েছে। বিদ্যুত পর্ষদ থেকে বিদ্যুতের কানেকশন দিতে গিয়ে পর্ষদের কর্মীরা বিদ্যুত সংযোগ করতে পারেনি ফিরে আসতে হয়েছে। একটা সাম্প্রদায়িক জিগির তুলে এই জিনিস করা হয়েছে। যে গ্রামের উপর দিয়ে মানিকনগর গ্রামে বিদ্যুত যাবে, সেই গ্রামের লোক সাম্প্রদায়িক জিগির তুলে বিদ্যুত যেতে দেয়নি। কারণ ঐ গ্রামে অন্য সম্প্রদায়ের লোক বাস করে। এই যে হীন মনোভাবাপন্ন মানুষের চিন্তা ধারা, তার জন্য ঐ দুটো আর. এল. আই.-এর বিদ্যুত কানেকশন দেওয়া যাচ্ছে না। এই সম্পর্কে আমি বারবার জেলা শাসক-এর দপ্তরে বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি, বিদ্যুত কানেকশন যায়নি দীর্ঘ ১৫ বছরের মধ্যে। সুতরাং যুদ্ধাকালীন পরিস্থিতি বিবেচনা করে একটা কার্যকর ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়া জেলায় দীর্ঘদিন ধরে পুলিশ এবং প্রশাসনের সংস্কারের প্রয়োজন রয়েছে। আপনি জানেন পুরুলিয়া জেলাকে বিহার এবং পশ্চিমবাংলার ১০টি জেলাকে ঘিরে রেখেছে। সেখানে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চলছে, আনন্দমার্গিদের কার্যকলাপ চলছে। সমাজ বিরোধীদের প্রাদুর্ভাব ঘটছে, ধানবাদ ও টাটার মাফিয়াদের যাতায়াতের পথ হয়ে দাঁড়িয়েছে এই পুরুলিয়া। যার ফলে পুরুলিয়া জেলায় একটা ডামাডোল অবস্থা চলছে। সেইজন্য আমি দাবি করছি যে রঘুনাথপুর সাবডিভিসন হয়েছে কিন্তু এখনও ফুলফ্রেজেড ওয়েতে কাজ হচ্ছে না। সেটা যাতে হয় তার ব্যবস্থা করুন।

নূতন ভাবে মানবাজার এবং ঝালদাকে আরও দুটি মহকুমাতে পরিণত করা হোক। বান্দ থানায় ১৯টি গ্রাম পঞ্চায়েত এবং একটি মিউনিসিপ্যালিটি রয়েছে, কিন্তু সেখানে মাত্র একটি থানা রয়েছে। ফলে সেখানে আইন শৃঙ্খলা রক্ষায় অসুবিধা দেখা দিয়েছে। সেইজন্য কোটশিলা একটা নূতনভাবে থানা তৈরি করা হোক। অযোধ্যা হিলসে একটা স্থায়ী ফাঁড়ি করার ব্যবস্থা করা হোক। কারণ অযোধ্যা ২২ হাজার ফুট উঁচুতে অবস্থিত এবং সেখানে ১৫ হাজার উপজাতি বসবাস করে। অথচ ওখানে কোনও পুলিশি ব্যবস্থা নেই। ফলে কোনও অসুবিধা দেখা দিলে তাদের বাগমুন্ডি থানাতে নেমে আসতে হয়। বাগমুন্ডি থানায় ১,২০০ কোটি টাকা খরচ করে হাইডাল প্রোজেক্ট হচ্ছে, ভারতবর্ষের বিভিন্ন প্রান্তের মানুষ সেখানে আসছেন। অতএব বাগমুন্ডি থানাকেও আপ-গ্রেড করে সেখানে আরও বেশি সংখ্যায় পুলিশ মোতায়েন করার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ তরুন অধিকারি ঃ** আমার বিধানসভা কেন্দ্র নৈহাটির মামুদপুর গ্রাম পঞ্চায়েতের বাসিন্দারা আজকে এক অসহায় অবস্থার মধ্যে পড়েছে। সেখানে কংগ্রেসের সঙ্গে সি. পি. এম.-এর লড়াই নয়, আর. এস. পি.-র সঙ্গে ফরোয়ার্ড ব্লকের লড়াই নয়, সি. পি. এম.-এর সঙ্গে সি. পি. আই.-এর লড়াই নয়, সি. পি. এম. প্রধানের সঙ্গে বিরোধী সি. পি. এম.-এর ফলেই এক অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সি. পি. এম.-এর নির্বাচিত প্রধানের সঙ্গে বিরোধ সি. পি. এম.-এর ফলে এলাকার সমস্ত উন্নয়নমূলক কাজ আজকে বন্ধ হয়ে গেছে। পানীয় জল সরবরাহের কোনও কাজ হচ্ছে না, রাস্তার কোনও কাজ হচ্ছে না, এন. এল. ই. জি. পি.-র কোনও কাজ হচ্ছে না, ডি. আর. ডি. এ.-র কোনও কাজ হচ্ছে না, আই. আর. ডি. পি.-র কোনও কাজ হচ্ছে না। সমস্ত রকম পরিকল্পনা বাঞ্চাল হয়ে যেতে বসেছে। অথচ এ বিষয়ে প্রশাসন নীরব, মন্ত্রী নীরব নির্বিকার। আমি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীকে অনুরোধ করছি, আপনি আর নির্বিকার হয়ে বসে থাকবেন না, নৈহাটির মামুদপুর অঞ্চলের অসহায় মানুষগুলোকে বাঁচান।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের বিদায় নীতি, শিল্প নীতির ফলে এবং আই. এম. এফ. ও বিশ্ব ব্যাঙ্কের শর্তপূরণ করতে গিয়ে আমরা দেখছি আমাদের রাজ্য সহ দেশের জনগণের উপর ক্রমাগত অসহনীয় বোঝা চাপানো হচ্ছে। ইতিমধ্যে কেন্দ্রীয় খাদ্য মন্ত্রীর কেলেঙ্কারির কথা এখানে উল্লিখিত হয়েছে। যখন চিনির দাম হুহু করে বাড়ছে তখন কেন্দ্রীয় অর্থ মন্ত্রী আশ্বাস দিচ্ছেন—সেপ্টেম্বর মাসের পর চিনির দাম কমবে। আগে বলা হয়েছিল চিনির দাম '৯০ সালের জুলাই মাসের মধ্যে নামিয়ে আনা হবে। এখন '৯৪ সালের জুন মাসে দাঁড়িয়ে বলছেন—চিনির দাম সেপ্টেম্বরে কমবে। আমরা দেখছি একই সঙ্গে জিনিসের দাম এবং কেলেঙ্কারি হুহু করে বাড়ছে। একটু আগেই নব-নির্বাচিত বিধায়ক বললেন কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। তিনি রাজ্য সরকারের কাছে সে বিষয়ে আবেদন রাখলেন। আমি তার উদ্দেশ্যে বলছি,—রাষ্ট্রায়ত্ত সংস্থা জেশপের অর্ডার কেন্দ্রীয় সরকার বাতিল করে দিয়েছেন। এইভাবে আজকে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থার হাজার হাজার শ্রমিককে কর্মহীন করার প্রচেষ্টা চলছে। টেক্সমেকো, চিত্তরঞ্জন লোকোমোটিভ কারখানার মতো সংস্থাগুলিকে ধ্বংস করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। এরই বিরুদ্ধে প্রতিবাদ জানাতে সমস্ত রাষ্ট্রায়ত্ত সংস্থার শ্রমিকরা আগামী

১৪ জুলাই ধর্মঘটে সামিল হচ্ছেন। আমি কেন্দ্রীয় সরকারের ক্রমাগত মানুষের বিরুদ্ধে চাপ এবং বোঝা বাড়াবার প্রচেষ্টার বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। মনমোহন সিং-এর আশ্বাসবাণী সম্পর্কে আমাদের কাছে—শান্তির ললিতবাণী শোনাইছে ব্যর্থ পরিহাস।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, কলকাতার ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থার সার্বিক ব্যর্থতার ফলে ট্রাফিক জ্যামে কলকাতার জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। একে অপ্রশস্ত রাস্তা তার পট-হোল এবং সর্বোপরি হকার ও ট্রাফিক নিয়ন্ত্রণ ব্যবস্থার ব্যর্থতার ফলে এক নক্কারজনক অবস্থার সৃষ্টি হয়েছে। কলকাতার নগর জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। ফুটপাথগুলি হকারদের দখলে চলে গেছে। তীব্র পানীয় জলের সংকট দেখা দিয়েছে। এই নক্কারজনক অবস্থা থেকে কলকাতাবাসীদের মুক্তি দেবার জন্য, নাগরিক জীবনের সুখ সাচ্ছন্দ ফিরিয়ে দেবার জন্য আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এস. এন. ব্যানার্জি রোড দিয়ে রাণী রাসমনি রোড হয়ে বিধানসভায় উপস্থিত হতেই ঘণ্টাব পর ঘন্টা সময় চলে যাচ্ছে। কোনও বাস স্টপেজে ঠিকমতো দাঁড়াচ্ছে না। স্টপেজ অতিক্রম করে বাস চলে যাচ্ছে। আমি দাবি করছি নগর জীবনের এই সংকট দূর করার জন্য অবিলম্বে ট্রাফিক প্ল্যানিং করা হোক।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয় গতকাল যে বিবৃতি দিয়েছেন তাতে চাষীরা আশ্বস্ত হয়েছেন। কিন্তু সেই বিবৃতিতে যে নোটিফিকেশনের কথা অছে সেটা টেবিলে রাখার জন্য অনুরোধ করছি যাতে আমরা দেখতে পাই এবং এক্সপ্লেন করতে পারি। জেলাতে বি. এল. আর. ও এবং ডি. এল. আর. ওর কাছে ১৭/১৮ তারিখে যে ডেপুটেশন দিয়েছিলাম তাতে ওরা বলছে, সরকারি আইন মেনেই চলছে। যারা আগে দরখাস্ত করেছিলেন তারাই পেতে পারবেন, যাদের দরখাস্ত করা নেই তারা পাবেন না। এটা ক্লারিফাই করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। ৪ একর জমির জন্য দরখাস্ত করার একটা সময় ছিল, সেই সময়টা পেরিয়ে গেছে। আমি অনুরোধ করছি, এই ব্যাপারটা একটু ক্লারিফাই করা হোক।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় প্রাণী সম্পদ ও বিকাশ মন্ত্রী শ্রী মেহবুব জাহেদি এখানে আছেন। তিনি যে উদ্যোগ নিয়েছেন সেটা ঠিকই, কিন্তু প্রবলেম হচ্ছে, আমি এর আগেও বলেছি এখনও বলছি, আগামীকাল খাটাল মালিকরা এসপ্ল্যানেড ইস্টে বিক্ষোভ সমাবেশ করবেন এবং দুধ সরবরাহ বন্ধ রাখবেন। আপনি জানেন, কলকাতা এবং বৃহত্তর কলকাতা এলাকার সাধারণ মানুষ এই সমস্ত খাটালের দুধের উপর নির্ভর করে থাকে। এই সমস্ত খাটালের মালিকরা আগামীকাল দুধ সরবরাহ বন্ধ রাখবে। এমনকি তারা বলেছে দুধ নষ্ট করে দেবে। এটা খুবই আতঙ্কের বিষয়। আমি এই কথা মন্ত্রী মহাশয়কে বলেছিলাম। উনি বললেন, আমি নিজে দুধ সরবরাহ করব। উনি কিভাবে দুধ সরবরাহ ঠিক রাখবেন সে ব্যাপারে আমাদের আশ্বস্ত করুন। কারণ সিটু একরকম কথা বলছে আর সরকার এক রকম কথা বলছে। ওদের প্রস্তাব হচ্ছে, হরিণঘাটায় এত দূরে না রেখে কলকাতার আশে-পাশের জায়গায় ঠিক করুন। কালকে দুধ সরবরাহ কিভাবে ঠিক থাকবে আমি জানি না। কারণ ওরা সংকটের কথা বলছে। আপনি আশ্বাসবাণী শুনিয়ে আমাদের আশ্বস্ত করুন।

**শ্রী মেহবুব জাহেদি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন, আপনাদের স পরামর্শ করেই বলতে গেলে এই খাটাল উচ্ছেদের পদক্ষেপ নিয়েছি। কারণ কলকাতার অবস্থা তাতে এই কলকাতা থেকে খাটাল না সরালে অদূর ভবিষ্যতে সাংঘাতিক অবস্থা স হবে। এখনই তার ফল ফলছে। সেইদিকে দৃষ্টি রেখেই এটা করেছি। এখন প্রত্যেকে অধিকার আছে বয়কট করার। কিন্তু আপনি যে কথা বলছেন দুধ ফেলে দেবেন, এটা এক অপরাধ, এই অপরাধ কম কথা নয়। আমি তাদের বলেছিলাম হরিণঘাটায় চলুন, কল্যাণী চলুন, আলো দেব, অন্যান্য সুযোগ দেব, সব ব্যবস্থা আমি করে রেখেছি। ওরা লিখিতভা আমাকে বলেছেন, কলকাতা থেকে ৩০ মিনিট দূরত্বের আশে-পাশে জায়গায় করুন। এইরক একটা জায়গা কলকাতার আশে-পাশে আছে কিনা আমি জানি না। আপনারা যারা কলকাত থাকেন বলতে পারবেন কলকাতা থেকে ৩০ মিনিটের বাইরে খাটাল দেওয়া যায়। ১১/১২ টাকা করে দুধ বিক্রি করছে, এখনও করেন। আমি বলেছি, ১০ টাকা করে আমাদের দাও, আমরা সরবরাহ করব এবং সেই দুধ কমপ্লিটলি পাস্তুরাইজড। যেখানে দুধ অভাব হবে আমরা সেখানে বুথ করে হোক, যে কোনও ব্যবস্থা করে হোক সরবরাহ কর ওরা আমার কাছে বলতে শুরু করেছেন খাটাল কলকাতা থেকে সরিয়ে নিতে রাজি সরকারকে দায়িত্ব নিতে হবে, আলো দিতে হবে, অন্যান্য সুবিধা দিতে হবে। আমি সদস্যদে অনুরোধ করব, আপনারা বোঝান, কলকাতা থেকে খাটাল সরিয়ে নিন। আমার ধারণা ছি কলকাতায় ১১০৪টি খাটাল আছে, আমি অনুমানের ভিত্তিতে বলেছিলাম। কিন্তু ওরা যে কাগজ দিয়েছেন তাতে ওরা বলেছেন—হিসাব করে দেখলাম—১ লক্ষ ৫২ হাজার গরু মোষ কলকাতার ভিতরে আছে। এটা ওদের বক্তব্য, যদিও আমার বক্তব্য নয়। এদিক আমি অনুরোধ করব আপনাদের কাছে—আমি অসুবিধাগুলি দেখছি আপনারা আমাদের স থাকুন। ওদের বোঝান, যাতে খাটালটাকে বাইরে নিয়ে যায়।

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বোলপুর শান্তিনিকেতন বাস স্ট্যান্ড আজ দীর্ঘদিন ধরে অর্দ্ধ সমাপ্ত অবস্থায় পড়ে আছে এবং দেশ বিদেশের নানা জায়গায় মানুষ যখন বোলপুর শান্তিনিকেতনে আসেন তখন এই বাস স্ট্যান্ড অত্যন্ত কুৎসিত দেখায়। এই বাস স্ট্যান্ডে জন্য কিছু কিছু টাকাও অ্যালট করা হয়েছে কিন্তু সেই টাকা আমরা দেখতে পাচ্ছি না। বোলপুর পুরসভার দায়িত্বে এটা ছিল, বোলপুর একটা আন্তর্জাতিক শহর, এর একটা আছে। এই বাস স্ট্যান্ডের ব্যাপারে যাতে প্রয়োজনীয় ব্যবস্থা এবং সংস্কার করার আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বলে চলে গেলেন, একটা কথা বলছিলাম, নীতিগতভাবে কোনও সুস্থ লোক খাটাল অপসারণের বিরোধিতা করবে না, এ ব্যাপারে কোনও সন্দেহ নেই। খাটালের জন্য চোকেজ হয় কলকাতার মধ্যে বিভিন্ন ধরনের অসুখ হয়। আমি জানিনা বামফ্রন্ট সরকারের হঠাৎ হঠাৎ একটা খেয়াল হয়, হঠাৎ চিটফান্ড হঠাৎ খাটাল। ১৭ বছর ধরে ক্ষমতায় রয়েছেন, রাতারাতি খাটাল তুলে দিতে হবে এবং সেই খাটাল একা কলকাতা শহরে যা দুধ সাপ্লাই করে বিকল্প দুধের ব্যবস্থা না করে কি করে খাটাল কোথায় নিয়ে যাবেন? গরুগুলিকেই বা কোথায় রাখবেন? আমি সেদিন প্রাণী সম্পদ

...রে গিয়ে জিজ্ঞাসা করেছিলাম কোথায় রাখবেন? শুনলাম হরিণঘাটায় পাঠিয়ে দেব নয়ত ...দের দিয়ে দেব। আমার বক্তব্য হচ্ছে অপারেশন যদি করতে হয় প্রতিদিন ক্লাশ হচ্ছে, ...মারি হচ্ছে গরুগুলিকে কোথায় নিয়ে যাচ্ছেন বিকল্প দুধের ব্যবস্থা করার জন্য কী উদ্যোগ ...চ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে পাস্টুরাইজ দুধের ব্যবস্থা করবেন। বাজে কথা, যে ...ী হরিণঘাটা, বেলগাছিয়া সেন্ট্রাল ডেয়ারি রাখতে পারছেন না, মাদার ডেয়ারির উপর ...লকাতা নির্ভর করে সেখানে হঠাৎ করে খাটাল উচ্ছেদ করলে কী অবস্থা হবে। প্ল্যান করে ...দ্যোগ নিয়ে কাজ করুন।

**(মাইক বন্ধ হওয়ায় মাননীয় সদস্য তার আসন গ্রহণ করেন।)**

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পর্যটন ...ভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুরে নরঘাট বিধানসভার এলাকাভুক্ত ...লদিনদীর তীরবর্তী স্থান রাজ্য সরকারের বহুল পরিমাণ জায়গা আছে, পঞ্চায়েত সেখানে ...ফুপালা লাগিয়ে খুবই সুদৃশ্য ব্যবস্থা রচনা করেছেন। সেজন্য মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি ... ও. এস. আই. থেকে দীঘা যান মাঝখানে বিশ্রাম নেবার জন্য কোনও জায়গা নেই, ...জন্য হলদি নদীর তীরবর্তী জায়গাটিকে যদি গড়ে তোলা যায় যাত্রীরা বিশ্রাম করতে পারেন ...বং বাসগুলিও অপেক্ষা করতে পারে। তাই এই রকম একটি জায়গা গড়ে তোলার জন্য ...মি মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এক কালের অধ্যাপক ...মিতির নেতা এবং বর্তমানের উচ্চ শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেসরকারি কলেজের ...ক্ষকরা ২ থেকে ৪ মাস মাইনে পাচ্ছেন না। আমি যে কলেজে কাজ করি বামফ্রন্ট ...কেরের একজন প্রভাবশালী বিধায়ক আমাকে বলেছেন যে তার পুত্রবধুও ৪ মাস মাইনে ...পায়নি।

বামফ্রন্ট সরকারের নীতি ছিল মাস পয়লা মাইনে দেবে। অধ্যাপকরা কোথাও ২ মাস ...ইনে পায়নি, কোথাও ৪ মাস মাইনে পায়নি। আমাদের অধ্যাপক সমিতির নেতা বর্তমানে ...চ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী হয়ে বসে আছেন। তার কাছে আবেদন করব অধ্যাপকদের স্বার্থে, শিক্ষকদের স্বার্থে, শিক্ষকদের পরিবারের স্বার্থে তারা যাতে মাস পয়লা মাইনে পান তার ...বস্থা করুন।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী আবুল হাসনাত খান ঃ** মাননীয় মন্ত্রী স্পিকার স্যার, আমি আপনার কাছে একটা উদ্বেগজনক বিষয় তুলে ধরব। এটা নিয়ে এর আগে আলোচনা হয়েছে, সেটা হচ্ছে গঙ্গার জল প্রসঙ্গে। এই গঙ্গার জল ক্রমশ কমে আসছে। ফারাক্কার ব্যারেজে জল কমে আসছে। ...র ফলে ফারাক্কার নিয়ে এক কিলোমিটার দূরে চড়া পড়ে যাচ্ছে। উপযুক্ত পরিমাণ যদি ...ঙ্গার জল প্রবাহিত না হয় তাহলে কলকাতা বন্দর শুকিয়ে যাবে, হলদিয়া বন্দর শুকিয়ে ...বে, পশ্চিমবাংলার অর্থনীতি শুকিয়ে যাবে। আমাদের রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছে ...প দিক যাতে বিহার এবং উত্তরপ্রদেশ বেশি করে জল না টেনে নেয়। পশ্চিমবাংলায় গঙ্গার

প্রবাহ মাত্রা যাতে ঠিক রাখা হয় সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করু তা না হলে পশ্চিমবাংলাকে বাঁচানো যাবে না, পশ্চিমবাংলার সর্বনাশ হয়ে যাবে।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। গত কাল বাজেট বক্তৃতায় উনি বলেছেন যে পশ্চিমবাংলায় বহু বিশি ব্যক্তির এবং নেতার সম্মান জানানোর উদ্দেশ্যে বিভিন্ন জায়গায় মূর্তি স্থাপন করা হচ্ছে রাস্তা-ঘাটের নামকরণ করা হচ্ছে তাদের নামে। আমি যে জিনিসটা বলব সেটা আইন ক বন্ধ করা যায় কিনা আপনি দেখবেন। আমি যখন এই হাউসে আসছিলাম তখন দেখলা একটা হার্ডওয়ারের দোকান একজন বিশিষ্ট ব্যক্তির নামে নামকরণ করা হয়েছে। তারপ আমরা বিভিন্ন জায়গায় দেখি নেতাজির পিঁয়াজির দোকান, তারপর আমরা লক্ষ্য করি দেশবন্ধু নামে মিষ্টির দোকান, বাঘাযতীনের নামে মুদির দোকান। এই রকম সমস্ত নানা মহামানবে নামে দোকান। আমরা অন্য কোনও জায়গায় দেখিনি লেনিনের নামে কোনও দোকান আ বা অন্য দেশের মহান নেতার নামে দোকান আছে। তারপর দেখি দুর্গা মিষ্টান্ন ভান্ডা জাতীয় নেতার নামে রাস্তা-ঘাট হবে। এই জিনিস হওয়া উচিত কিন্তু আমাদের জাতী নেতাদের নামে দোকান হবে এটা বাঞ্ছনীয় নয়। এই সমস্ত জিনিস যাতে আইন করে ব করা যায় তার ব্যবস্থা আপনি করুন। জাতীয় নেতাকে সম্মান জানানোর জন্য রাস্তা-ঘাটে নামকরণ করা হোক, কিন্তু এই জিনিস মেনে নেওয়া যায় না। এর আমি প্রতিবাদ জানাচ্ছি

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষি বিপণন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ব্রেস ব্রিজের কাছে প্রয়াত জননেতা হেমন্ত বসুর একটা রেগুলেটেড মারকেট খোলা হয়েছে। কিন্তু কিছু দিন হল এখানে যে আইন আছে—ওয়ে বেঙ্গল এগ্রিকালচারাল প্রডিউস মারকেটিং অ্যাক্ট ১৯৭২ অ্যাজ অ্যামেন্ডেড তার ১৭ নং ধারাকে অগ্রাহ্য করে আলিপুর মারকেট কমিটি হঠাৎ বেড়া লাগিয়ে ২ পারসেন্ট ট্যাক্স আদায় করছে। বজবজ মহেশতলা সাতগাছিয়া উপর দিয়ে যে ট্রাক যাবে, এমন কি বড়বাজার থেকে খিদিরপুর হয়ে যে ট্রাকগুলি মুদিখানার জিনিস আনছে, যে ট্রাকগুলিতে কৃষি সামগ্রী নেই তাদের উপর থেকে ২ পারসেন্ট ট্যাক্স আদায় করছে। ট্যাক্স আদায় করছে এতে আপত্তি নেই কিন্তু যেজন্য আপত্তি সেটা দেখার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে এখানে যে মারকেট এরিয়ার যে ডেফিনেশন আছে তার বিপরীতে কাজ করছে। অর্থাৎ বজবজ সাতগাছিয়া, মহেশতলা মারকেট এরিয়ার মধ্যে পড়ে না। আলিপুর রেগুলেটেড মারকেট কমিটির আমি একজন সদস্য, এটা যে করা হল কোনও মিটিং হল না। আমি ... একজিকিউটিভ অফিসারকে জানালাম, তিনি এটা অগ্রাহ্য করলেন। এই ভাবে জোর করে লেভি আদায় করার জন্য সমস্ত জিনিস-এর দাম বেড়ে যাচ্ছে। খুজরো ব্যবসায়ীরা এই অজুহাত দেখিয়ে আরও ২ পারসেন্ট চাপিয়ে জিনিস বিক্রি করার ফলে আরও জিনিসপত্রের দাম বেড়ে যাচ্ছে। আইনের বিপরীতে কাজ করছে, এটা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি।

প্রায়ই জননেতার নামে যে মার্কেট হচ্ছে, সেটা হোক। কিন্তু এই ভাবে দূরবর্তী মার্কেট যারা লাইসেন্স হোল্ডার নয়, তাদের কাছ থেকে লেভি আদায় করা যায় না। এটা বন্ধ হোক

মাননীয় মন্ত্রী মহাশয় বিষয়টি নিজে একটু দেখুন। এটা অন্যায় হচ্ছে। আমি বিষয়টি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে প্রতিকারের জন্য বললাম।

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আমাদের ওখানেও প্রতিটি মার্কেটে ফিঃ বাবদ টাকা নেওয়ায় হচ্ছে। শুধু এক জায়গায় নয়, প্রত্যেক জায়গাতেই এটা হচ্ছে। আমাদের ওখানেও আলু, পেঁয়াজ ইত্যাদির উপরে টাকা নেওয়া হচ্ছে। মন্ত্রী মহাশয় এখানে আছেন, তিনি এই বিষয়ে কিছু বলুন?

**মিঃ স্পিকার ঃ** আজকে তো এই বিভাগের বাজেট আছে। আপনি বাজেট নিয়ে যখন আলোচনা হবে তখন বলবেন। মন্ত্রী মহাশয় তখন উত্তর দেবেন।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, বাংলার সংস্কৃতি ও ঐতিহ্যের সাথে জড়িত কলকাতার ন্যাশানাল লাইব্রেরী। কেন্দ্রীয় সরকারের চরম অবহেলায় এই লাইব্রেরীটির আজকে নাভিশ্বাস উঠেছে। গত দশ বছরে এই লাইব্রেরিতে কোনও বিজ্ঞানের বই কেনা হয়নি। কেন্দ্রীয় অনুদান কেন্দ্রীয় সরকার হ্রাস করে দিয়েছেন এবং কর্মী সংখ্যাও কমিয়ে দিয়েছেন। কেন্দ্রীয় সরকারের চরম অপদার্থতার জন্য আজকে লাইব্রেরীটি এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। এরই পাশাপাশি ওখানে কংগ্রেস সমর্থিত একটি ইউনিয়নের দাপটে সাংঘাতিক অবস্থা চলছে। আমি নিজে গিয়ে দেখে এসেছি, কংগ্রেসের সমর্থকরা ডেপুটেশনের মাধ্যমে চরম বিশৃঙ্খলা সৃষ্টি করছেন। একদিন তো লাইব্রেরী থেকে একজন পাঠককে বাইরে বার করে দিয়েছেন। সবচেয়ে দুর্ভাগ্যের বিষয়, কংগ্রেসের পক্ষে মদত দিচ্ছেন কংগ্রেসের এক নেত্রী, শিক্ষার সঙ্গে সম্পর্কহীন, জাল ডক্টরেট ডিগ্রিধারি শ্রীমতী ঘন্টেশ্বরি। এই লাইব্রেরীর ঐতিহ্যের সাথে জড়িত বহু গবেষক ও শিক্ষার সাথে যুক্ত বহু খ্যাতনামা ব্যক্তি। রাজ্য সরকার কংগ্রেস নেতাদের হাত থেকে এই লাইব্রেরীটিকে বাঁচান।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা বারুইপুরের জনসংখ্যা ক্রমবর্ধমান। কিন্তু সেই অনুপাতে সেখানে স্কুল নেই। একটিমাত্র উচ্চ মাধ্যমিক স্কুল আছে মেয়েদের জন্য এবং একটিমাত্র স্কুল আছে ছেলেদের জন্য। এক লক্ষ কুড়ি হাজার ছাত্রাছাত্রী এবং বারুইপুরের জনসংখ্যা প্রায় চার লক্ষ, সেখানে এত কম স্কুলে মানুষ পড়াশোনা করতে পারছে না, মাঝরাস্তা থেকে পড়াশোনা ছেড়ে দিতে হচ্ছে। অনেক দূরবর্তী স্কুলে গিয়ে পড়াশোনা সম্ভব নয়, বলে মেয়েরা মাঝ রাস্তাতে পড়াশোনা ছেড়ে দিতে বাধ্য হচ্ছে। ওখানে অনেক স্কুল অনুমোদনের জন্য আবেদন করে বসে আছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি, তিনি যেন সেগুলি দেখেন এবং বিবেচনা করেন। কারণ বহু ছাত্রছাত্রী, যারা পড়াশোনা করতে চায়। তাদের যাতে মাঝ রাস্তাতে পড়াশোনা বন্ধ না হয় তারজন্য তিনি ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সুনির্মল পাইক ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি। আমার এলাকা [illegible]। এটি মেদিনীপুর জেলার মধ্যে একটি তফসিলি কেন্দ্র বলে পরিচিত। এখানে তিনটি

মেটাল্ড রোড—একটি উত্তর খেজুরি টু দক্ষিণ খেজুরি, আর একটি কুঞ্জপুর টু তালপাটি এবং জনকা টু মেদিনীপুর, ভায়া গোপিচক—এই তিনটি রাস্তা নির্মাণের প্রোপোজাল রয়েছে। এর মধ্যে দুটি অন গোয়িং এবং একটি রিসেন্টলি বাজেটেড। কিন্তু দেখা যাচ্ছে যে ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি, মেদিনীপুর বছরের পর বছর ধরে কোনও টাকা দিচ্ছে না, যদিও প্রত্যেক বছরই স্টেট বাজেটে টাকা অ্যালটেড হচ্ছে। সেটি শিডিউল্ড কাস্ট কম্পোনেন্ট প্ল্যানের মধ্যে আছে, এই টাকা কিন্তু কখনও কাটা যায় না। খেজুরি ইজ হোল্ডিং দি হায়েস্ট পপুলেশন ইন দি ডিস্ট্রিক্ট অব মেদিনীপুর অ্যাজ পার অফিসিয়াল এস্টিমেট অফ ডি. এম., মেদিনীপুর। তাই আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর এই ব্যাপারে হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এসপ্লানেড তথা ধর্মতলায় যে বাসস্ট্যান্ড রয়েছে, সেখান থেকে দেশের বিভিন্ন প্রান্তে যাবার বাস ছাড়ে। আমিও এখান থেকে বাসে করে আমার কেন্দ্রে যাই। এখানে অনেক এম. এল. এ. আছেন তারাও এখান থেকে বাসে করে যাতায়াত করেন। কিন্তু বাসস্ট্যান্ডটির অবস্থাটা কি দাঁড়িয়েছে? একেবারে ভাঙাচোরা অবস্থায় এসে দাঁড়িয়েছে। এবারে বৃষ্টি আসছে। এই সময়ে অবস্থাটা আরও শোচনীয় হয়ে দাঁড়াবে।

[1-10 — 1-20 p.m.]

মহানগরীর কলকাতার কেন্দ্রের বাস স্ট্যান্ডটির যে অবস্থা সেই ব্যাপারে আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধর্মতলার যে বাসগুমটি রয়েছে সেটা পরিপূর্ণভাবে সারানো না হলেও অন্ততপক্ষে জমা করা জলগুলো বার করার ব্যবস্থা করুন। একেবারে কর্দমাক্ত অবস্থা রয়েছে, এর একটা ব্যবস্থা করা হোক। এই বাসগুমটি শহরের কেন্দ্রস্থল, এখানে বিভিন্ন প্রান্তর থেকে লোক এসে বাসে উঠে। সুতরাং দূরবস্থার কথা চিন্তা করে অবিলম্বে সংস্কারের ব্যবস্থা করুন।

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয়ের উপর মাননীয় মুখ্যমন্ত্রীর এবং সভার দৃষ্টি আকর্ষণ করছি। জলপাইগুড়ি জেলার ডুয়ার্স অঞ্চলে কুচবিহারের সংলগ্ন এলাকা শিল্প বহুল এলাকা। এই ডুয়ার্স অঞ্চলে ১৫৩টি চা বাগান রয়েছে, এই চা বাগানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার চা উৎপাদন হয়। কিন্তু চা বাগানের মালিকরা জন জীবন যাতে স্বাচ্ছন্দে থাকে সেই দিকে কোনও দৃষ্টি দিচ্ছে না। এখানকার বিভিন্ন গণ সংগঠনগুলো অনুরোধ করছে এই চা বাগানের শিল্প স্থাপনের সাথে সাথে যাতে সুচিকিৎসার ব্যবস্থা হয় এই কথা চা বাগানের মালিকদের যাতে বলা হয় সেইদিকে দৃষ্টি দিচ্ছি। চা বাগানের এখানে যাতে ছোট ছোট কারখানা গড়ে উঠে এবং মানুষ যাতে তার স্বাচ্ছন্দ পেতে পারে সেইদিকে দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করছি।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কার জল আমরা পাচ্ছি না, আমাদের বরাদ্দ ৪০ হাজার কিউসেক জল, কিন্তু সেখানে ১৭ হাজার কিউসেক জলে নেমে এসেছে। কেন্দ্রীয় সরকার আবার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে কিছু জল বাংলাদেশে দিতে হবে। এরফলে

ভাগীরথী, হুগলির জলের পরিমাণ আরও কমবে এবং হলদিয়া বন্দর ও কলকাতা বন্দর বুজে যাবে। আমরা জানি যমুনার জল বন্টনকে কেন্দ্র করে ৪-৫টি রাজ্যকে যুক্ত করা হবে তেমনি গঙ্গার জল বন্টনকে কেন্দ্র করে উত্তর প্রদেশ, বিহারকে যুক্ত হওয়ার দরকার। পশ্চিমবঙ্গ নিম্নভাগে অবস্থিত, স্বাভাবিকভাবেই গঙ্গার জল বন্টন থেকে বঞ্চিত। গঙ্গার জল থেকে বঞ্চিত হওয়ার ফলে ভাগীরথী নদীতে চড়া পড়েছে, হুগলি নদীতে চড়া পড়েছে। ফলে হলদিয়া বন্দর এবং কলকাতা বন্দর বুজে যাচ্ছে। সুতরাং গঙ্গার জল বন্টনের ব্যাপারে উত্তরপ্রদেশ এবং বিহারকে যুক্ত করা হোক।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ডাক্তাররা এখন গ্রামে যেতে চাইছে না, তারা মনে করে যে তারা তাদের পয়সায় পড়ে, সুতরাং ওদের ইচ্ছেতেই সব হবে। কিন্তু সরকারেরও যে এদের পড়ানোর পেছনে কত টাকা ব্যয় করতে হয় সেটা ওরা জানে না। বিশেষ করে গ্রামাঞ্চলে চাষী যাদের চাষের ফসল থেকে সবচেয়ে বেশি রাজস্ব আসে সেখানে তারা যদি অসুস্থ হয়ে পড়ে তাদের চিকিৎসার কোনও সুযোগ থাকছে না। সেখানে যদি ডাক্তার না থাকে তাহলে চলবে না, সেই কারণে আমি অনুরোধ করছি আমার কেন্দ্রে একটি স্বাস্থ্যকেন্দ্র পাণ্ডুগ্রাম আছে, যেখানে দীর্ঘদিন ধরে অচল হয়ে পড়ে আছে, তার ব্যবস্থা নেওয়ার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় দামোদর নদীর উপর জামালপুরের কাছে করলাঘাটে '৮২ সালে একটা কাঠের ব্রিজ তৈরি হয়েছে, কাঠের ব্রিজটি তৈরি হওয়ার ফলে শুধু বর্ধমান জেলার একাধিক ব্লক নয়, বাঁকুড়া জেলার একাধিক মানুষ তারা দৈনন্দিন যাতায়াতের জন্য বিশেষভাবে উপকৃত হচ্ছেন, বিশেষ করে কলকাতা শহরে যাতায়াতের ক্ষেত্রে। কিন্তু বর্ষাকালে সেই ব্রিজটি খুলে নেওয়া হয়, শুধুমাত্র ৬ মাসের জন্য এই ব্রিজটি চালু থাকে। মাননীয় পূর্ত মন্ত্রীর কাছে অনুরোধ এবং দাবি ব্রিজটি যাতে স্থায়ীভাবে করা যায় তার জন্য আপনার মাধ্যমে এই দাবি আমি জানাচ্ছি।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীঘা কাঁথির গুরুত্বপূর্ণ রাস্তাটিতে ইপিছাবনি ব্রিজ অবস্থিত। দীঘা শঙ্করপুর যাতায়াতের জন্য রাতদিন অসংখ্য গাড়ি ঐ ব্রিজ দিয়ে যাতায়াত করে। ব্রিজটি খারাপ অবস্থায় রয়েছে, ব্রিজটির দুই প্রান্তে কোনও প্রোটেকশন নেই। গাড়িগুলি যখন বাম্প পেরোয় তখন দুলতে দুলতে যায়। যদি কোনও রকম দুর্ঘটনা ঘটে তাহলে গাড়ি ১০/১২ ফুট নিচে গড়িয়ে পড়বে। তাই ব্রিজটিকে তৈরি করা এবং ব্রিজের দুই প্রান্তে প্রোটেকশন দেওয়া একান্ত দরকার, তাই এই ব্যাপারে আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী পরেশনাথ দাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পঞ্চায়েত নির্বাচন ১ বছর পার হয়ে গেল, এর মধ্যে বিভিন্ন জায়গায় পঞ্চায়েতের সদস্যগণ মারা গিয়েছেন বা খুন হয়ে গেছেন। স্বাভাবিকভাবে সেই এলাকার প্রতিনিধিত্ব সংশ্লিষ্ট পঞ্চায়েতগুলিতে হচ্ছে না। আমি আপনার কাছে অনুরোধ করতে চাই

এই সমস্ত জায়গায় অবিলম্বে নির্বাচনের ব্যবস্থা করতে হবে যাতে সুষ্ঠুভাবে পঞ্চায়েতের কা
সম্পন্ন করা যায়।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সমাজ কল্যা
দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকায় কাটোয়ায় ১ ও ২ নম্ব
ব্লকে বিরাজ সংখ্যক তফসিলি জাতি এবং দরিদ্র শ্রেণীর মানুষের বাস, এদের শিশুদেরকে
যাতে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের মধ্যে আনা যায়, যার অর্থ রাজ্য সরকার ও কেন্দ্রী
সরকার দেন, এই প্রকল্পে কাটোয়া ১ ও ২ নম্বরকে যদি আনা যায় সেই দাবি আমি দীর্ঘদি
ধরে জানাচ্ছি। তাই আমি পুনরায় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এ
রকম ভাবে পিছিয়ে পড়া ২টি এলাকাকে যাতে আই. সি. ডি. এস. প্রকল্পের মধ্যে আন
যায়, তার জন্য অনুরোধ জানাচ্ছি।

[1-20 — 2-00 p.m.] (Including adjournment)

**শ্রী ইউনুস সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী
দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী চিকিৎসা সম্পর্কে কঠোর মনোভাব নিয়েছে
আমাদের জেলার বিভিন্ন জায়গায় স্বাস্থ্য ব্যাপারে যে অসুবিধা হয়েছিল সেই ব্যাপারে দৃষ্টি
বলছি। মুর্শিদাবাদ জেলায় তিন, চারটে ব্লকে কুকুর কামড়ানো রোগির সংখ্যা প্রায় ১৫০ জ
কিন্তু সেখানে ভ্যাকসিন পাওয়া যাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে আমি দেখা করেছিলা
তিনি বলেছেন সি. এম. ও. এইচ নাকি রিকোয়ারমেন্ট দেয়নি। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে
অনুরোধ করছি এই ব্যাপারে আপনি দৃষ্টি দেবেন যাতে সেখানে কুকুরে কামড়ানোর ভ্যাকসিন
পাওয়া যায়।

**শ্রী অতুলচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার এলাকার
একটা সমস্যার প্রতি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার নির্বাচনী এলাকা
গোকুলপুর ২নং ব্লকে নোটা, তেতুলিয়া, খারবাণি, এই তিনটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তার
ছিল না। একটিতে ডাক্তার এসেছে, তিনি সপ্তাহে একদিন, দুইদিন ধরে আসেন। এইসব
জায়গায় যাতে তাড়াতাড়ি ডাক্তার আসে তারজন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী শিশিরকুমার সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়
ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই সভার অনেকে অবগত আছেন গত ৩রা জুন, মুর্শিদাবাদ
জেলার একটা বিরাটা অংশের উপর দিয়ে খড়গ্রাম, নবগ্রাম, লালবাগ, জিয়াগঞ্জ, এইসব
জায়গায় উপর দিয়ে ঘূর্ণিঝড় বয়ে যায় এবং হাজার হাজার মানুষ গৃহহারা, টালির সমস্ত ঘর
ভেঙ্গে গেছে। তারপর আবার বৃষ্টি নেমেছে। তার ফলে মানুষ আজকে ফাঁকা আকাশের নিচে
দাঁড়িয়ে আছে এবং বিদ্যুতের অবস্থাও বেহাল হয়ে পড়েছে। বিদ্যুতের তার, টেলিফোনের তার
ছিঁড়ে সব লন্ডভন্ড হয়ে পড়েছে। ঐ এলাকা অন্ধকারে ডুবে আছে। তাই আমি বিদ্যুৎমন্ত্রী
এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সমস্ত গরিব মানুষের জন্য ত্রিপলের ব্যবস্থা
করা যায়।

**শ্রী কমলেন্দু স্যান্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সারা রাজ্য জুড়ে পঞ্চায়েত, মিউনিসিপ্যালিটি এবং র্পারেশনের মাধ্যমে রাজ্য সরকারের উদ্যোগে বৃক্ষ প্রতিযোগিতা শুরু করা হোক। অশ্বথ, . তেতুল, আমগাছ এইসব বড় বড় গাছগুলো সংরক্ষিত করা হোক। বিপুল পরিমাণে গাছ ট নষ্ট করা হচ্ছে। বর্তমানে বৃক্ষ রোপণ শুরু হয়েছে। যদি বৃক্ষরোপণ প্রতিযোগিতায় সাহ আমরা যোগাতে পারি বছর বছর তাহলে আমরা বৃক্ষকে দীর্ঘদিন ধরে বাঁচিয়ে রাখতে রব।

## Zero Hour

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি একটা গুরুতর বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ রতে চাই। আপনি জানেন যে সম্প্রতি খবর বেরিয়েছে খবরের কাগজে যে পাকিস্তানি য়েন্দা সংস্থা ইন্টার সার্ভিস ইন্টালিজেন্স, তার একটা চক্রান্ত ফাঁস হয়েছে। তাদের চক্রান্ত চ্ছ কলকাতা সহ দিল্লি এবং অন্যান্য জায়গায় রাজনৈতিক নেতাদের খুন করার এবং ভিন্ন যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাকে ধ্বংস করার পরিকল্পনা ধরা পড়েছে। তাদের কাছ কে প্রশ্ন করে জানা গেছে তারা কাশ্মীরি গোয়েন্দা বাহিনীর চর। কিন্তু সব থেকে বিস্ময়কর ন হল যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের কাছে একজন বিধায়কের সার্টিফিকেট পাওয়া গে। এই পাকিস্তানি গোয়েন্দা বাহিনীর সঙ্গে আমাদের এখানকার কোন কোন বিধায়ক যুক্ত টা দেখা হোক। ইতিমধ্যে সেখানে টাকা-পয়সাও এই ব্যাপারে লেন-দেন হয়েছে। যখন শরে গণতান্ত্রিক প্রক্রিয়া চালু করার প্রচেষ্টা হচ্ছে তখন এই কাজ করা হচ্ছে। আমি জন্য স্বরাষ্ট্র দপ্তরকে বলব এটা একটা গুরুত্বপূর্ণ বিষয়, এই বিষয়টার দিকে নজর দিন। মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি এটার দিকে নজর দিন এবং সকল নৈতিক শক্তিকে এই ব্যাপারে সচেতন থাকার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য ননী কর যেটা লেন সেটা অত্যন্ত উদ্বেজনক ঘটনা। পশ্চিমবাংলায় ইতিমধ্যেই ২৫৬ জন পাকিস্তানি চর শ্রয় নিয়েছে। এরমধ্যে আসিফ রেজ্জাক খান ধরা পড়েছে। স্যার, এই ঘটনা থেকেই প্রমাণ যে আমাদের এই রাজ্যের স্বরাষ্ট্র দপ্তর এবং তার গোয়েন্দা বিভাগ কত অপদার্থ। এখানে সে এক সময় পাকিস্তানি চররা বই বিক্রি করেছে, আমাদের খুন করার চক্রান্ত করেছে। রা পশ্চিমবাংলাকে বেছে নিয়েছে অত্যন্ত নিরাপদ জায়গা হিসাবে। এক সময় শিখরাও এই শ্চিমবঙ্গকে বেছে নিয়েছিল জায়গা হিসাবে। আজকে সবাই বুঝে গিয়েছে যে পশ্চিমবঙ্গের ফ্রন্টের সরকার একটা অপদার্থ সরকার এবং এর গোয়েন্দা দপ্তর একেবারে অপদার্থ। এই য়েন্দা দপ্তর এখানে রয়েছে শুধু সি. পি. এম পার্টিকে সাহায্য করার জন্য। আর যে র্টিফিকেটটা ধরা পড়েছে সেটা একজন সি. পি. এম. এম. এল. এ.-এর যাতে সে জামিন পায়। স্যার, আমি আবার বলছি, পশ্চিমবঙ্গ সরকারের গোয়েন্দা দপ্তর একটা অপদার্থ এবং জন্যই পাকিস্তানি চররা পশ্চিমবঙ্গকে বেছে নিয়েছে। মুখ্যমন্ত্রীকে বলব, অবিলম্বে এই গোয়েন্দা দপ্তরকে ঢেলে সাজান।

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় কারামন্ত্রী একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। বোলপুর সাবজেলটি দীর্ঘদিন ধরে সমাপ্ত হয়ে পড়ে আছে অথচ এই জেল এখনও পর্যন্ত ওপেন করা হল না। সমস্ত প্রিজনারদের বোলপুর থেকে সিউড়িতে আনতে হয় আবার সিউড়ি থেকে রোলপুরে নিয়ে যেতে হয়। এটা এক রেগুলার প্রসেস হয়ে গিয়েছে। অথচ একটা মডার্ন সাবজেল বোলপুরে করা হয়েছে। জল লাইট সমস্ত কমপ্লিট সেই ভবনের খালি কর্মচারী স্যাংশন করার অভাবের জন্য সেটা ওপেন করা যাচ্ছে না। পশ্চিমবঙ্গের মধ্যে এই মডার্ন সাবজেলটির যাতে অবিলম্বে ওপেন করা হয় তারজন্য কারামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অজয় দেঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সুতোর মূল্য বৃদ্ধিজনিত কারণে পশ্চিমবঙ্গের তন্তুজীবীরা যে সমস্যায় পড়েছেন তার থেকে তাদের বাঁচানোর জন্য কেন্দ্রীয় সরকার ১৫ পারসেন্ট ভরতুকি দিয়ে ৩০ লক্ষ কে. জি. সুতো পশ্চিমবঙ্গের তন্তুজীবীদের মধ্যে বন্টন করার জন্য একটা প্রকল্প নিয়েছেন। কিন্তু স্যার, রাজ্য সরকারের টালবাহনার জন্য সেই সুতো তন্তুজীবীদের কাছে পৌঁছাচ্ছে না। কেন্দ্রীয় সরকার বলেছিলেন কার্ডের মাধ্যমে অর্থাৎ কার্ডধারী তন্তুজীবীদের মধ্যে বিতরণের জ্য ১৫ পারসেন্ট ভরতুকি দিয়ে ৩০ লক্ষ কে. জি. সুতো দেবেন কিন্তু সেই সুতো প্রকৃত তন্তুজীবীদের কাছে রাজ্য সরকার পৌঁছে দেওয়ার ব্যবস্থা করেননি। অবিলম্বে সেই সুতো যাতে প্রকৃত তন্তুজীবীদের কাছে পৌঁছায় তারজন্য ব্যবস্থা গ্রহণের উদ্দেশ্যে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

**(After Adjournment)**

[2-00 — 2-10 p.m.]

## DISCUSSION ON MINISTER'S STATEMENT

**Mr. Speaker :** Mr. Motish Roy, you have something to lay on the table.

**শ্রী মতীশ রায়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, গতকাল বিধানসভায় আমাদের বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন একটা প্রশ্ন তুলেছেন। আমি বলেছিলাম ইন্দিরা গান্ধী মূর্তি স্থাপনের ক্ষেত্রে যে বিলম্ব ঘটছে তার অন্যতম কারণ হচ্ছে কংগ্রেসের বিরোধী দলের নেতা যিনি অতীতে ছিলেন শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় তিনি প্রয়াত ইন্দিরা গান্ধীর আদল কি হবে তিনি এবং তার প্রতিনিধি বিধানসভায় যিনি ছিলেন, সেই চূড়ান্ত সিদ্ধান্ত দেবার পরেও ডাঃ আবেদিন বিরোধী দলের নেতৃত্ব গ্রহণ করার পর আবার নূতন করে সেই প্রস্তাব তুলেছেন যে ইন্দিরা গান্ধীর মূর্তির আদল নিয়ে আমার বক্তব্য আছে। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য সিদ্ধার্থশঙ্কর রায় যখন বিরোধী দলের নেতা ছিলেন, তার পক্ষ থেকে যে চিঠিটা সরকারের কাছে দেওয়া হয়েছিল, আমি হাউসের সামনে সেটা পড়ে শোনাচ্ছি এবং মাননীয় স্পিকারের কাছে তা পেশ করছি।

To
The Deputy Secretary to the
Government of West Bengal
Public Works Department
Writers' Building
Calcutta - 700 001

**Preparation of a double size bronze statue of Indira Gandhi the ex-Prime Minister of India.**

Dear Sir,

With reference to your letter No. 8714-CS dated 1st July, 1992 addressed to Shri Siddhartha Sankar Ray I am to inform you that as per his instruction we have inspected the double life size clay model of late Indira Gandhi prepared by the sculptor Ramesh Chandra Pal on 0th of August, 1992. We are glad to inform you that the double life size model has been done by the said sculptor to our satisfaction. You are, therefore, requested to kindly take further steps so that the bronze statue can be installed at an earliest possible date.

Thanking you,

Shri Satya Ranjan Bapuli

সত্যবাবু এখানে আছেন, তিনি নিজে যদি এই ব্যাপারে কিছু বলতে চান, আমার কোনও আপত্তি নেই। আমি যে কথা বলেছিলাম, ইন্দিরা গান্ধীর মূর্তি স্থাপনের ক্ষেত্রে সরকার পক্ষ থেকে কোনও গাফিলতি হয়নি। কংগ্রেস লেজিশলেচার পার্টি পরবর্তীকালে যে প্রশ্নের অবতারণা করেছে, তার জন্য দেরি হয়েছে। আমি কোনও সত্যকে গোপন করিনি। মিঃ স্পিকার স্যার, এই চিঠিটি আপনার টেবলে রাখছি।

**Mr. Speaker :** Dr. Abedin, in this letter no where your name has been referred to. This letter relates to a statement of facts and to a situation prevailing at a certain point of time. Now that situation has changed. It is a different situation now. Hon'ble Minister is stating the Government's views at a certain point of time.

**Dr. Zainal Abedin :** Sir, if the Hon'ble Minister is absolutely correct in his stand what prompted him to write to the Private Secretary of Smt. Sonia Gandhi to come and inspect the statue at a very later date. If he is dependant on the views of the leadership of the CLP. what prompted the Minister to invite the Private Secretary of Smt Sonia Gandhi at a very later date. He invited Smt. Sonia Gandhi to come and inspect the model and give her opinion. It means that he is not at all dependant on the opinion of the leadership of the Congress .

Legislature Party. He had already obtained the opinion of the leadershi of the CLP, then what prompted him to write again. When my prede cessor gave the opinion that this would be the model, he should nc have to write again. He had already solicited the opinion of my pre decessor. I told him categorically that I am not competent to give m opinion on this matter. The opinion can be obtained from those wh lived with Smt. Indira Gandhi for long. I referred the matter to Smt Sonia Gandhi. Because of the urgency of the matter I sent FAX messag to Smt. Sonia Gandhi, with the approach to come and give her opinion or sent some experts. The Rajiv Gandhi Foundation decided to send Dr L. P. Sihare for this purpose. It was decided that Dr. L. P. Sihare would come and examine the model. Unfortunately, Dr. Sihare wa indisposed. Then Rajiv Gandhi Foundation wrote to me that Shri G R Santosh would come and see the model in place of Dr. L. P. Sihare as he was not keeping well. Shri G. R. Santosh came and inspect the model. Ultimately, he gave his objection in writing. Subsequently, the Rajiv Gandhi Foundation wrote to me categorically on October 25, 1993 "Dear Dr. Abedin, Please refer to the correspondences relating to the inspection of the clay model of Smt. Indira Gandhi, prepared by Shri Ramesh Pal, Sculptor. We regret that it will not be possible for us to approve the model. With kind regards, yours Sincerely."

[2-10 — 2-20 p.m.]

Sir, so far this model is concerned...

**Mr. Speaker :** Dr. Abedin, I want to summarise the whole thing You have come to this decision or this position because he wrote further letter to you. You intimated to him that were not in a position either to approve or disapprove of the model prepared by your sculptor So, you wanted further opinion of expert from Madam Sonia Gandhi who would send somebody and approve it. To that extent you agree that you were not in a position to give your opinion. Then what happened thereafter ? What had been done ?

**Dr. Zainal Abedin :** Sir, I am not competent enough to give my opinion for which I wrote Mrs. Sonia Gandhi.

**Mr. Speaker :** Mr. Roy, you please cut short the matter. Please enlighten the House one aspect—what was the reason to further write to him and to Madam Sonia Gandhi when a final letter had been received by you approving the model. What was the occasion for further correspondence on the matter ?

**Shri Matish Ray :** Mr. Speaker, Sir, I received a letter from the present Leader of the Opposition. After receiving that letter I replied to him that this matter has already been finally resolved by your predecessor Leader of the Opposition through his authorised person. So far my memory goes I sent a copy of the letter which was written to me by Satya Ranjan Bapuli the then Deputy Leader of the Congress Legislature Party dated 13th August, 1992. After receiving my reply Dr. Abedin again sent a letter to me whatever decision has been taken by the State Government. I am going to approach Mrs. Sonia Gandhi to send her competent person to make inspection about the clay model of the deceased Indira Gandhi prepared by Ramesh Chandra Pal. I did not raise any objection for there inspection of that clay model. But after inspection of the model that gentleman made some observations about the face cutting of late Mrs. Indira Gandhi. This is all. But my whole question is whether this was inspected by the then Congress Legislature Party or not ? Whether Satya Ranjan Bapuli was the competent person who was nominated by the then Leader of the Opposition Shri Siddhartha Shankar Roy ?

I believe Mr. Bapuli is where. He can explain the whole position. So far as I remember, during my personal talk with him he told me that 'I did not go to the laboratory alone'. He had been to the laboratory along with the hon. members Shri Saugata Roy, Shri Subrata Mukherjee and other three Congress Legislature Party members and they were all satisfied with the present model. So, It is not a fault on the part of the State Government.

**Mr. Speaker :** What is the present position of the model now? Where does it stand ?

**Shri Matish Roy :** According to their suggestion we have taken necessary steps. Work is going on.

....(noise and interruption)...

**Mr. Speaker :** Yes, Mr. Bapuli, come with you explanation.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রয়াতা ইন্দিরা গান্ধীর মূর্তি নিয়ে—এটা ঠিকই যে মাননীয়া ইন্দিরা আমাদের প্রয়াতা প্রধান নেত্রী—গতকাল থেকে বিধানসভায় যে অবস্থা শুরু হয়েছে আমি মনে করি সেটা খুব একটা হেলদি নয়। নেত্রীর প্রতি শ্রদ্ধা জানানোর জন্য একটা মূর্তি বসানো হবে পশ্চিমবঙ্গ সরকার ঠিক করেছেন, আমাদের জানিয়েছেন তারপর গতকাল থেকে একটা বিতর্কের ঝড় বয়ে যাচ্ছে। আমরা মূর্তিটা বসাতে চাই, আমার

সঙ্গে মাননীয় সৌগত রায়, শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং শ্রী সাধন পান্ডে আমরা কয়েকজন মিলে গিয়েছিলাম, সঙ্গে একজন শিল্পীও ছিলেন। আমরা অনেকক্ষণ ধরে দেখে কিছু কিছু পরিবর্তনের কথা বলেছিলাম, আমরা বলেছিলাম যে এইগুলি পরিবর্তন করা দরকার, শিল্পীও উপস্থিত ছিলেন এবং এগ্রি করেছিলেন যে ফটোর সঙ্গে মিলছে না। করে দেব। আমরা মাননীয় সিদ্ধার্থ রায়ের সঙ্গে কথা বলে কনসেন্ট দিয়েছিলাম যে করে দিন আমার মনে হয় তারপর যা হয়েছে আমার সঙ্গে কোনও ব্যক্তিগত আলোচনা নয়, আমরা গিয়ে মডেল অ্যাপ্রুভ করে দিয়েছিলাম। আমার মনে হয় আর তর্ক না করে যত শীঘ্র বসানো যায় সে ব্যবস্থা করলে তার প্রতি প্রকৃত শ্রদ্ধা জানানো হবে।

**Shri Saugata Roy :** Sir, my contention is quite simple. I think the Hon'ble Minister is playing politics on a very sensitive issue. the matter is quite simple. Let me clarify. On 16th August, after inspecting the model of the statue with some M. L. As Shri Bapuli, the then Deputy Leader of the Opposition of the Congress Legislature Party had written to the Minister giving his approval with certain modification of the model that was shown to us by Shri Ramesh Pal. The question is very simple. Immediately after receipt of the letter the Minister should had ordered the Department to instruct the concerned sculptor to start work on the bronze model. There was no need for him to refer further to any person. In the meantime Dr. Abedin became the Leader of the Opposition of the Congress Legislature Party only in January 1993 So a period of four months had elapsed. What I want to know from the Hon'ble Minister that what he was doing for these four months Was he sleeping as he usually does in his chamber ? He did not do anything. Then he wrote to Dr. Abedin long after he became the leader of the opposition that "you please give a fresh opinion". So for four months he did nothing. He slept on Mr. Bapuli's letter and when he asked Dr. Abedin of his opinion Dr. Abedin would only give his opinion and Dr. Abedin's opinion was, he could not give judgement on the matter without referring it to an expert. Dr. Abedin had only done this It is the Minister who has played politics with the whole matter Instead of giving a straight forward instruction to the sculptor to go ahead with the work he slept for four months and then tried to play politics with the whole matter and that what he has been doing since yesterday. Dr. Abedin never wrote to him first. He is telling the untruth Dr Abedin never wrote a letter. He give only the reply.

[2-20 — 2-30 p.m.]

Let the correspondence be placed on the table. You are misleading the House. You are playing politics. During the last four months you did nothing. Dr. Zainal Abedin did not write to him. Where is Dr

Zainal Abedin's letter to you ? We challenge. The Minister is lying before the House.

(Noise)

**Dr. Zainal Abedin :** Sir, the Minister is lying before the House. The last letter came to me. I quote—

"**Preparation of a double Life Size Bronze** Statue of **Sm. Indira Gandi, Ex-P.M. of India**.

I am directed to say that in absence of your taking office the Deputy Leader of the Opposition, West Bengal Legislative Assembly, was requested vide this Department Letter No. 139/C.S. dt. 29. 12. 92 (copy enclosed) to make it convenient to visit the Studio of the Sculptor Shri Ramesh Chandra Paul at any date and offer his views about the model so as to help this department to proceed further in the mater. Since you have assumed charge as the Hon'ble Leader of the Opposition, West Bengal Legislative Assembly, you are now requested kindly to see if it will be convenient for you to visit the studio of Shri Ramesh Chandra Paul, the Sculptor, at RUPA BHARATI, No. 2,Raja Naba Krishna Street, Calcutta - 5, during 10 a.m. to 12 a.m. or from 6 p.m. to 8 p.m. on any date of a thorough inspection of the PLASTER OF PARISH model of the statue of Sm. Indira Gandhi and to furnish your valued opinion about the model to enable this department to proceed further in the matter.

This may kindly be treated as extremely urgent as the statue will have to be completed within September, 1993."

It is absolutely untrue. The Honourable Minister has written me first, not I. The gentleman is not aware of the misunderstanding. The file is here. Immediately I have written that I am not competent. I am writing to Shrimati Sonia Gandhi chairperson of the Rajib Gandhi Foundation. Let the expert come. I am not capable of giving my views on the whole matter. So the Minister is misleading the House. You just expel him from the House for making this deliberate and wrong statement in the House. You are not capable of becoming a Minister of this Government. Sir, he has deliberately misled the House.

**Mr. Speaker :** Now, the chapter should be treated as closed. We will now proceed to the next subject. We will take up the debate on the Voting on Demand No. 38—Information and Publicity first with the consent of the House.

(Voices ; AYES)

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No-38

**Mr. Speaker :** So, we are taking up Demand No. 38 first

There are 12 cut motions to this Demand which are in order

**Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Prabir Banerjee, Shri Deba Prasad Sarkar**
Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs 100/-.

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে ৩৮ নম্বর দাবির ... ব্যয় মঞ্জুরির যে দাবি এখানে উত্থাপিত হয়েছে, তার বিরোধিতা করে এবং আমাদের ... মোশনের সমর্থনে আমার বক্তব্য রাখছি। মাননীয় তথ্য মন্ত্রী প্রথমে আমাদের ... আপনার দপ্তরের সচিবের কি করলেন? দীপক ঘোষ একজন সিনিয়র অফিসার, তাকে ... রাজ্য সরকার এই যে অপকর্ম ঘটালেন এবং আই. এ. এস-দের সম্মানে হানী ঘটল, ... জন্য তো রাজ্য সরকারের দায় দায়িত্ব আছে। আপনি তাকে রিলিজ করে দিলেন ... পরবর্তীকালে দেখা গেল বিদ্যুত দপ্তর তাকে নিতে চাইছে না—খেই হারিয়ে ফেলেছে। ... যেমন আপনার দপ্তরের অবস্থা, খেই হারিয়ে ফেলেছে—এই দপ্তরের ক্ষেত্রে সেই ... অবস্থা। আপনার তথ্য দপ্তরের বরাদ্দের আনুপাতিক হার অন্যান্য দপ্তরের তুলনায় ... বেশি। ১৯৭৬-৭৭ সালে আমরা যখন চলে যাই তখন বরাদ্দ ছিল ২ কোটি ৪ লক্ষ ... আর ১৯৯৪-৯৫ সালে তা হয়েছে ১৭ কোটি ১৯ লক্ষ ৬৭ হাজার টাকা। অর্থাৎ ... যে বৃদ্ধি ঘটেছে তা অন্যান্য দপ্তরের সঙ্গে আমি তুলনা করে দেখেছি যে অন্যান্য দপ্তর ... পারসেন্টেজ অনুযায়ী পায় না। কিন্তু কি হচ্ছে এই দপ্তর থেকে? পশ্চিমবাংলার ... সংস্কৃতিকে টোটালি অপসংস্কৃতির দিকে বইয়ে দেওয়া হয়েছে। এই রাজ্যে তথ্য দপ্তর ... সত্ত্বেও আপনাদেরই মন্ত্রী সভার অন্যতম একজন সদস্য যেভাবে এই দপ্তরের উপরে ... বিস্তার করে অপসংস্কৃতির জোয়ার বইয়ে দেবার চেষ্টা করছেন সেটা পশ্চিমবাংলার ... বিরোধী। পশ্চিমবাংলার বুকে আপনাদের গণনাট্য সংঘ নামের যে পরিচিতি ছিল ... কাতকার, সোনাম, বাপি লাহিড়ি, মিঠুন চক্রবর্তী' এরা সেই সংস্কৃতিকে ধূলিসাৎ ... দিয়েছে। এরই সাথে 'চলি কা পিছে ক্যা হ্যায়' ইলা অরুণের কণ্ঠে শুনতে হচ্ছে ... অনুষ্ঠানে। কোনও লজ্জা আছে আপনাদের? পশ্চিমবাংলার সংস্কৃতিকে তথ্য সংস্কৃতি ... কোথায় নিয়ে যাচ্ছে? একটা রাজ্যের, একটা দেশের মানুষ বেঁচে থাকে সংস্কৃতির উপরে নির্ভর করে। পশ্চিমবাংলার সরকার এটাকে কোন জায়গায় নিয়ে যাচ্ছে? আপনাকে এ সম্পর্কে কোনও আপত্তি করতে দেখি না। সেজন্য আপনাকে বলি, আপনার আপত্তি করার বা কি করার নেই। কারণ আমরা যখন দেখি যে রাত্রি দেড়টার সময়ে মানঙ্কি টুপি পরে মন্ত্রী মুখ্যমন্ত্রী সল্টলেকে নিজে ঐ অনুষ্ঠান দেখতে যান, তখন বুঝতে পারি যে স্বয়ং মুখ্যমন্ত্রী ... ধারক এবং বাহক। পশ্চিমবাংলায় আজকে সংস্কৃতি যেভাবে চলছে, তারজন্য আপনাকে বলছি—শক্ত হাতে রাস্তা ধরার চেষ্টা বুদ্ধদেববাবু করেছিলেন, কিন্তু তিনি পারেননি, বুদ্ধদেববাবু সুভাষবাবুর সঙ্গে লড়াইতে পারেননি—সবকিছু নিয়ে এই দপ্তর একটা চ্যালেঞ্জের মুখে

এসে দাঁড়িয়েছে, সুতরাং এর বিরুদ্ধে, সংস্কৃতির অধঃপতনের বিরুদ্ধে যদি দাঁড়াতে না পারেন তাহলে বাংলার ঐতিহ্য ধ্বংস হয়ে যাবে। সেজন্য আমি বলব, আপনাকে কতকগুলো পদক্ষেপ গ্রহণ করতে হবে। আপনি জানেন যে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলে বেআইনি ভিডিও প্রদর্শনী হচ্ছে। মোট ভিডিও প্রদর্শনীর জন্য হল আছে ৬,৫০০টি। তারমধ্যে ৫,৯০০টি বেআইনিভাবে চলছে। এগুলোকে রাজ্য সরকার নিয়ন্ত্রণে আনতে পারছেন না। ভিডিও অনেক ক্ষেত্রে অপসংস্কৃতির পীঠস্থান হয়ে উঠেছে এবং স্থানীয় পুলিশ প্রশাসনের সঙ্গে অশুভ আঁতাত জড়িয়ে আছে, যেজন্য এই ভয়ানক সমস্যা সম্পর্কে আপনার সরকার সচেতন হচ্ছে না। আপনাদের সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে চলেছে তারা। কলকাতার এস. এ. ব্যানার্জি রোডে চলে যান, সেখানে 'রিগ্যাল' হলে "যোলা সাল কি জোয়ানি" ছবি চলছে দেখতে পাবেন। আপনার কোনও পোস্টার হোর্ডিং যদি মনে হয় যে এটা সমাজের ক্ষেত্রে অধঃপতনের কারণ হতে পারে, তাহলে সেই হোর্ডিং সেন্সর বোর্ড পাশ করলেও সেই হোর্ডিং এবং ব্যানারকে নামিয়ে দিতে পারেন।

[2-30 — 2-40 p.m.]

আপনার সরকার এই কাজ করতে পারেন। আজকে মধ্য কলকাতায় চৌরঙ্গি এলাকাতে যে বিজ্ঞাপন দেওয়া হচ্ছে তার প্রপারলি কোনও রেড হচ্ছে না। এটা আপনার দপ্তরের চূড়ান্ত ব্যর্থতা, এই সম্পর্কে সরকারের সেচতন হওয়ার দরকার। আমরা কোনও কোনও বিষয়ে আপনাদের সিদ্ধান্তের সঙ্গে দ্বিমত হইনি বা পোষণ করিনি যেমন কেবল টি. ভি-র মাধ্যমে যে চলছিল তার মধ্যে আবার এম. টি. ভি.-তে যে যৌনতার অনুপ্রবেশ ঘটেছিল সেটা কেন্দ্রীয় সরকার তৎপরতা সঙ্গে সেই প্রতিষ্ঠানটিকে বন্ধ করার চেষ্টা করেছেন এবং এতে পশ্চিমবঙ্গ সরকারও যে উদ্যোগ নিয়েছিল আমরা তার বিরোধিতা করিনি। আপনাদের আমলে সংবাদপত্রের উপরে যেভাবে আক্রমণ করা হচ্ছে, সাংবাদিকদের যেভাবে নিরাপত্তার অভাব দেখা দিয়েছে তা আগে কখনও ছিল না। আপনাদের আমলে বিভিন্ন সময়ে সংবাদপত্রে আপনাদের মন্ত্রিসভার বিরুদ্ধে কিছু কিছু যদি সংবাদ প্রকাশিত হয় তাহলে অমনি আপনারা এই সংবাদপত্রকে হুমকি দেন। আপনার জেনে রাখবেন সংবাদপত্রে স্বাধীনতার উপরে এইভাবে হস্তক্ষেপে সুস্থ সংসদীয় গণতান্ত্রিক রীতিনীতি বিরুদ্ধ। আপনাদের জনস্বার্থের বিরুদ্ধে কাজের ব্যাপারে যখন কোনও সংবাদপত্র লেখে অমনি ওরা আপনাদের শত্রু হয়ে যায় এবং বরাহনন্দন ও শয়তান বলে আখ্যা দেন। আবার যখন ওইসব সংবাদপত্র কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বা বফর্স কেলেঙ্কারি সম্পর্কে লেখে যেটা একটা অসত্য ঘটনার উপরে নির্ভর করে লিখিত, সেক্ষেত্রে আপনারা তাদের বাহবা দিচ্ছেন। সুতরাং এই তো আপনাদের মানসিকতা, মনোভাব। আসলে আপনাদের মানসিক চেতনা খুব নিম্ন মানের। আমরা রাজ্যের মানুষকে Right to Information and freedom of press is now being totally attacked. সেইরকম প্রেসকেও আমরা স্বাধীনতা দিয়েছি। কিন্তু সেই স্বাধীনতার আপনাদের আমলে নষ্ট হয়ে গেছে। সরকারি মুখাপেক্ষি হয়ে দাঁড়িয়েছি। এরপরে আমি সংবাদপত্রের বিজ্ঞাপনের বিষয়ে আসছি—গত আর্থিক বছরে সংবাদপত্রে বিজ্ঞাপন দিয়েছে ২ কোটি ৩০ লক্ষ সেখানে গণশক্তি, আপনাদের কাগজ, কত টাকার বিজ্ঞাপন পেয়েছে বলতে পারেন? আপনার দলীয় মুখপাত্র গত কয়েক বছর ধরে দৈনন্দিন কলকাতা শহর থেকে যে সংবাদ প্রকাশিত হয়ে থাকে তাতে আপনাদের

গণশক্তি একটি দলীয় মুখপাত্রকে সরকার যেভাবে পৃষ্ঠপোষকতা করে যাচ্ছেন এটা এক নজির স্থাপন করে যাচ্ছে। সেই কারণে আজকেই সকালে আমি বলেছি যে, কাগজটি বেরে এই দুটোর মধ্যে কোনও পার্থক্য নেই। আপনারা ১ লক্ষ ৩৩ হাজার কাগজ ছাপিয়েছে আর ৩২ হাজার টাকা এরজন্য খরচ করেছেন কিন্তু কজন লোক এই কাগজ পড়ে বলতে পারেন? আসলে আপনারা সংস্কৃতির অবক্ষয় ঘটাচ্ছেন। তারপরে আপনারা কি করলেন- মহাকরণে যেখানে প্রেস কর্ণার এতকাল ধরেছিল সেখানে থেকে তুলে দিলেন। এখন যেখা প্রেস কর্ণার করেছেন সেখানে কোনও সাংবাদিকই বসছেন না। আমাদের কাছে খবর আ যে গণশক্তির সাংবাদিকও ওখানে বসছেন না। আপনাদের আমরা এটুকু বলতে পারি প্রেস কর্ণারকে আপনারা ওখান থেকে সরিয়ে দিলেন সেই প্রেস কর্ণারকে আমরা যদি আব ক্ষমতায় ফিরে আসি ওই জায়গাতে বসাব। ওদের সেই জায়গা আবার ফিরিয়ে দেব। সুত আপনাদের যে অগণতান্ত্রিক মানসিকতার বিরুদ্ধে, আমরা লড়ব। আপনারা যে অন্যায়ভা দমনপীড়নমূলক ভাবে প্রেস কর্ণার ভেঙ্গেছেন আমরা সুযোগ পেলে সেটা ফিরিয়ে আন

আপনাদের গণতান্ত্রিক মানসিকতার বিরুদ্ধে অন্যায়ভাবে দমন পীড়ন মনোভাবের দি দিয়ে প্রেস কর্ণারকে ভেঙেছেন এবং যে ঘটনার পট ভূমিকায় যে কাজ করেছেন আমাদের ঘৃণার সঙ্গে প্রত্যাখ্যান করতে হচ্ছে। আমাদের এই বিরোধীদের প্রস্তাব বিবে করুন সংসদীয় গণতন্ত্রের স্বার্থে রাইট টু ইনফর্মেশন, ফ্রিডম অফ প্রেস এর স্বার্থে তার ফিরিয়ে দিন। ইলেকট্রনিক বিপ্লবের কথা পুরনো সেটা ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার এনেছে আমরা আনন্দিত এবারে বাজেট অধিবেশনে আপনি আপনার বাজেটে সেকেন্ড চ্যানেল রাজ্যের হাতে তুলে দিতে হবে এটা উল্লেখ করেননি বুদ্ধদেববাবুর মতোন। আমার হয়েছে এই ব্যাপারে আপনার বোধগম্য জ্ঞান একটু বেশি বুদ্ধদেববাবুর থেকে। পশ্চিম সরকারের যে পত্রিকা সেটাকে আপনারা দলবাজিতে পরিণত করেছেন। টি ভি-র সেক চ্যানেল রাজ্য সরকারের হাতে দিলে সেখানে আপনার পার্টির কর্মসূচি হোপ '৮৬ আনন্দে জাগো এটাকে যে ডাইরেক্ট টেলিকাস্ট করবেন না তার কোনও গ্যারান্টি নেই। ভাষায় সরকারের কাজকর্ম করার কোনও সার্থকতা নেই, ব্লকে ব্লকে একটা করে মেশিন পাঠিয়ে দিলেই বাংলায় সমস্ত কাজকর্ম হবে সেটা আমরা ধরে নিতে পারি না আপনাদের চরম ব্যর্থতা। আপনাদের কথা ছিল সমস্ত দপ্তরগুলিতে ব্লক থেকে জেলা পর্যন্ত জনসাধারণের যাবতীয় ফর্ম বাংলায় অনুবাদ করে দেবেন। কত পারসেন্ট ফর্ম অনুবাদ করতে পেরেছেন? শুধু ব্লকে ব্লকে কতকগুলি টাইপ মেশিন পাঠিয়ে দিলেই হবে সেইজন্য বলছি মাতৃভাষা মাতৃদুগ্ধ এটার ব্যাপারে নিজেদের মানসিকতাকে উপলব্ধি করতে হবে। কিন্তু প্রকৃত অর্থে বাংলায় কাজ করার যে উদ্দীপনা মানসিকতা এই সরকারের হয়নি। সংস্কৃতি শাখা সম্বন্ধে বলব, বঙ্গ সংস্কৃতির প্রসার পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় করা উচিত, কতকগুলি মেলা হয়, আমাদের এখানে এই সংস্কৃতির পুনরুজ্জীবনের ক্ষেত্রে মেলাগুলি অত্যন্ত সুদূরপ্রসারী এফেক্ট আছে। যেমন শান্তিনিকেতনের পৌষমেলা, চুরুলিয়া নজরুল মেলা, বীরভূমের কেন্দুলিয়া মেলা, হাওড়ার ভারতচন্দ্র মেলা, জলপাইগুড়ির জল্পেশ মেলা এইগুলি লোকসংস্কৃতির প্রাণ-প্রাচুর্যে ভরা। এই মেলাগুলির তরফে এখানে অভিযোগ উঠছে রাজ্য সরকারের তথ্য দপ্তর থেকে, এখানে যত লোক সংস্কৃতি শাখা আছে সেইগুলি

একটা আর্থিক অনুদান আপনাদের সরকারের পক্ষ থেকে কেন দেওয়া হচ্ছে না। এই ব্যাপারে আপনি উদ্যোগ নেবেন এটা আমাদের আশা। রডন স্কোয়ার সম্বন্ধে বলব, আপনারা সেখানে চেষ্টা করেছিলেন বাণিজ্যিক কমপ্লেক্স করবেন, সেখানে বাধা পাওয়াতে আপনারা বাণিজ্যিক কমপ্লেক্স করা থেকে পিছিয়ে গিয়েছিলেন। এমনিতেই কলকাতার সবুজ কম, পরিবেশ দূষণে কলকাতা ভুগছে, তা সত্ত্বেও বলেছেন বাণিজ্যিক কমপ্লেক্স করবেন, এখন আবার বলছেন সেখানে সংস্কৃতি কেন্দ্র করবেন, কেন্দ্রীয় সরকার টাকা দেবে। এখানে কেন্দ্রীয় সরকার আপনাদেরকে যে টাকা দেবে সেটা কিসের ভিত্তিতে দেবে, কলকাতার সবুজকে ধ্বংস করার জন্য? সেখানে তো আপনারা বাণিজ্যিক কমপ্লেক্স করবেন সাংস্কৃতিক কেন্দ্র করার নামে, এতে আমরা একমত নই। কলকাতা এমনিতেই পরিবেশ দূষণে ভুগছে, কলকাতার সবুজ শেষ হতে বসেছে এই অবস্থায় সেখানে সংস্কৃতি কেন্দ্র করার নামে উপরে সংস্কৃতি কেন্দ্র করবেন আর নিচে স্টল দিয়ে দেবেন এই জিনিস হতে পাবে না। সেইজন্য বলছি দলবাজির মাধ্যমে কখনও সুস্থ সংস্কৃতি কেন্দ্র গড়ে তোলা যায় না, আপনাদের এই ব্যাপারে সজাগ ও সতর্ক থেকতে হবে।

[2-40 — 2-50 p.m.]

আপনারা চলচ্চিত্রকারদের স্মৃতি নিয়ে বলছেন। আপনারা স্বর্গীয় সত্যজিৎ রায়ের জন্য যা করেছেন তা সত্যিই প্রশংসনীয়। বুদ্ধদেববাবু সত্যজিৎ রায়ের স্মৃতিরক্ষার জন্য যেসব কাজকর্ম করেছেন তা দেখে সত্যিই আমরা আনন্দিত। আপনারা উৎপল দত্তকে নিয়ে অনেক কিছু করেছেন, ঋত্বিক ঘটককে নিয়ে যা করেছেন তা ভালো, কিন্তু উত্তমকুমারকে নিয়ে আপনারা কিছু করেননি। এখানে অনিলবাবু আছেন, যিনি শিল্পী সংসদের সভাপতি, সেই অনিলবাবু যিনি আপনাদের সঙ্গে আগে ছিলেন, আমার সঙ্গে অনেক অনুষ্ঠানে তিনি গিয়েছিলেন, এখন তিনি আপনাদের দিকে গেছেন। উত্তমকুমারের স্মৃতি রক্ষার জন্য আপনারা কী করেছেন? উত্তমকুমার যেহেতু সি. পি. এমের তাঁবেদারি করেননি তাই উত্তমকুমারকে একটা মালা দিতে, তার মরদেহের প্রতি শ্রদ্ধার্ঘ জানাতে আপনাদের সরকারের তরফ থেকে কেউ যায়নি। যেহেতু উত্তমকুমার সি. পি. এমের তাঁবেদারি করেনি, জয়ধ্বনি করেননি তাই উত্তমকুমারের স্মৃতি রক্ষার্থে আপনারা কোনও পদক্ষেপ গ্রহণ করেননি। তার স্মৃতি রক্ষার জন্য আপনারা কি পদক্ষেপ গ্রহণ করেছেন তা আজকে আপনাকে এই হাউসে বলতে হবে। ইস্টার্ন মেট্রোপলিটান বাইপাসের ধারে একটা ফিল্ম ইন্সটিটিউট করার কথা ছিল। সেই ফিল্ম ইন্সটিটিউট উদ্বোধন করতে প্রধানমন্ত্রী এলেন, কেন্দ্রীয় তথ্যমন্ত্রী এলেন, বুদ্ধদেববাবু ছিলেন। কলকাতা মেট্রোপলিটান বাইপাসের ধারে পুণের ফিল্ম ইন্সটিটিউটের ধাঁচে একটা ফিল্ম ইন্সটিটিউট করার কথা ছিল, তার অগ্রগতি কী সেটা আপনি আমাদের জানাবেন। এখন আমরা শুনতে পাচ্ছি যে জমির উপরে আপনারা ভিত্তি প্রস্তর করেছিলেন সেই জমির মালিক নাকি আদালতে মামলা করে দিয়েছে। রূপায়ণে আজকে চলচ্চিত্র পরিস্ফুটনের কাজ হচ্ছে। আপনারা বলেছেন যারা ওখান থেকে পরিস্ফুটনের কাজ করছে তারা দু'লক্ষ টাকা করে পাচ্ছে। কিন্তু রূপায়ণ থেকে পরিস্ফুটনের কাজ করলে এক লক্ষ থেকে এক লক্ষ কুড়ি হাজার টাকা বেশি পাওয়া যায় না। একটা বাংলা ছবি আটটা থেকে দশটার বেশি প্রিন্ট করতে পারেনা। আপনারা বলুনতো রূপায়ণ থেকে ফিল্ম প্রিন্ট করে দু'লক্ষ টাকা পেয়েছেন কোন প্রযোজকরা? রূপায়ণের

আপনার সায়েন্টিফিক মেশিনারি নেই। তাই পরিস্ফুটনের জন্য প্রযোজকরা ওড়িষ্যা চলে যাচ্ছে মাদ্রাজে চলে যাচ্ছে। সেখানে তারা অতিরিক্ত অর্থ বরাদ্দ পাচ্ছে। তাহলে আপনার এখানে এক লক্ষ টাকায় বা এক লক্ষ কুড়ি হাজার টাকায় কেন তারা কাজটা করবেন। আপনি রূপায়ণ যে উদ্দেশ্য নিয়ে করেছিলেন সেই উদ্দেশ্যকে সফল করতে গেলে আপনাকে কিছু পজিটিভ আউটলুক নিতে হবে। বামফ্রন্ট সরকারের দুটি ভালো কাজ হয়েছে একটা নন্দন আরেকটা চন্দন। এই নন্দনে আপনারা নিশ্চয় ভালো কাজ করেছেন। নন্দন আজকে বাংলার কৃষ্টি ও সংস্কৃতিকে একটা স্থান করে নিয়েছে। নন্দনের বিষয়ে প্রশংসা করতে আমাদের কোনও আপত্তি নেই। একে আরও ভালো করতে গেলে সরকার যে পদক্ষেপ নেবে সেই ব্যাপারে আমরা সব সময় সহযোগিতা করব। আপনারা রাজ্য সরকারের সহায়তায় চলচ্চিত্র নির্মাণে উৎসাহিত করেন। ডবলু. বি. এফ.ডি. সি. ফিল্ম করার জন্য অনুদান দিয়ে থাকেন ডবলু. বি. এফ.ডি.সি-র টাকায় পদ্মা নদীর মাঝি পরিবেশন হয়েছে। কিন্তু এটার পরে আর কোনও বাংলা বই ডবলু. বি. এফ. ডি. সি. পরিচালনা করেনি। আমাদের কংগ্রেস আমলে সোনার কেল্লা তৈরি হয়েছিল। এই সিনেমা থেকে আপনারা রাজ্য সরকারের কত আয় হয়েছিল তা আপনি আপনার দপ্তর থেকে দেখবেন। আপনাদের তত্ত্বাবধানে, আপনার রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে যে বাংলা ছবিগুলি তৈরি করছেন এবং যে পরিমাণ টাকা আপনার অনুদান দিচ্ছেন, সেই অনুদানের শতকরা ২৫ ভাগের বেশি টাকা আপনাদের রিয়েলাইজেশন হচ্ছে না এবং এটা হচ্ছে না বলেই গৌতম ঘোষদের মতো পরিচালকরা আর কোনও বাংলা ছবি করতে এগিয়ে আসছেন না। উৎপল দত্ত, শেখর চ্যাটার্জি এদের দিয়ে আপনারা অনেক বই করেছেন, যে ছবিগুলি করেছেন সেই ছবিগুলিতে কিন্তু ঘুরেফিরে আপনারা রাজনৈতিক অনুপ্রবেশ ঘটিয়েছেন।

তারমধ্যে এক আধখানা ছবি বাদ দিলে রিয়েলাইজেশন দিতে পারল না টাকার। এটাই হচ্ছে আপনাদের ব্যর্থতা। এই প্রসঙ্গে আপনার কাছে জানতে চাই যে এই যে, ২৫ পার্সেন্ট রিয়েলাইজেশন হয়েছে—এখানেই আমাদের আপনাদের বিরুদ্ধে অভিযোগ—এখানে কত টাকা বরাদ্দ হয়েছিল এবং তারমধ্যে কত টাকা রিয়েলাইজেশন হয়েছে তার একটা হিসাব আপনি আমাদের দিন। আমরা অবশ্য বুঝতেই পারছি কি ফিগারটা আসবে, তবুও আপনি আশা করি সেটা বলবেন। সেইজন্য আপনাদের বলছি, এল. কে. ডি. সি'র সঙ্গে যৌথ উদ্যোগের ব্যবস্থা নিন কারণ তাদের কাজকর্ম বিস্তৃত, তাদের কাজ করার পরিধি অনেক বেশি। তাদের সঙ্গে আপনারা করুন। আপনার গোটা বাজেট বক্তৃতায় আপনি ফিল্ম ফেস্টিভ্যালের ব্যাপারে সরকারের ভূমিকাকে খুব বড় করে দেখিয়েছেন। ফিল্ম ফেস্টিভ্যালের সময় কেন্দ্রীয় সরকারের সঙ্গে আপনার দপ্তরের পরামর্শ এবং যোগাযোগ রক্ষা করে কাজ করার কথা ছিল। কিন্তু এ ব্যাপারে আপনার দপ্তর একেবারে ব্যর্থ। কোন্ মানের ছবি দেখালে বা যে শ্রেণীর মানুষেরা এই চলচ্চিত্র উৎসব দেখতে আসবেন তাদের কোন্ ধরনের ছবি দেখালে তার কিছুটা প্রতিফলন হতে পারে, সেটা সফল হতে পারে সেটা আপনারা ঠিক করতে পারেন নি। কিন্তু আপনাদের পাল্লায় পড়ে এই চলচ্চিত্র উৎসব বিকেম এ টোট্যাল ফ্লপ। কেন্দ্রীয় সরকারের দায়িত্ব থাকলেও একথা স্বীকার করতে আমার কোনও আপত্তি নেই যে আপনার দপ্তর-এর যেভাবে এই ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যালের সঙ্গে ইনভলভড্ হওয়া উচিত ছিল সেইভাবে

আপনারা ইনভলভড হতে পারলেন না। আপনার দপ্তরের কিছুটা ভাল কাজ নিশ্চয় আছে, চলচ্চিত্র উন্নয়ন নিগম তার ইনফ্রাস্ট্রাকচার, তার কাজ করার ক্যাপাসিটি নিয়ে বলা যেতে পারে যে তারা কিছু কিছু ক্ষেত্রে ভাল কাজ করেছেন। এর পর যে প্রসঙ্গে আসবো সেটা হচ্ছে আপনার একটা ভি. ডি. ও. ফিল্ম কমপ্লেক্স নির্মাণ করবেন এবং শিক্ষাদানের জন্য অত্যন্ত আধুনিক কেন্দ্র করবেন ইতালি সরকারের সহযোগিতায়। রূপায়ণের পাশে আরও একটি কমপ্লেক্স আপনারা তৈরি করবেন বলে বলেছেন। এখন ইতালি সরকার কি কি চুক্তিতে এই সহযোগিতা দিচ্ছেন সেটা আমরা আপনার কাছ থেকে জানতে চাই। ইতালি সরকারের সঙ্গে যৌথ উদ্যোগে কী ধরনের পরিকল্পনা নিয়ে সরকার এগুচ্ছেন সে ব্যাপারে আশা করি আপনি সুস্পষ্টভাবে বলবেন। তারপর দুস্থ কলা-কুশলীদের জন্য রাজ্য সরকার সিনে টেকনিশিয়ান ওয়েলফেয়ার ফাণ্ড করেছেন। তাতে কোনওবার ২০ জন, কোনওবার ৪০ জন বা ৩০ জনকে সাহায্য করছেন। এটা প্রয়োজনের তুলনায় খুবই কম। এক কথায় অপ্রতুল বলা যায়। দুস্থ কলা-কুশলীদের রাজ্য সরকারের তরফ থেকে আরো বেশি সাহায্য করার জন্য রাজ্য সরকারকে আমি তৎপর হতে বলব। এরপর আমি আসব বসুমতী পত্রিকা সম্বন্ধে। বসুমতী পত্রিকা শিলিগুড়ি থেকে প্রকাশ করার আপনাদের যে সিদ্ধান্ত সেটা একটা ভুল সিদ্ধান্ত। কলকাতাতেই আপনারা বসুমতী পত্রিকাকে দাঁড় করাতে পারতেন যদি সঠিকভাবে এর পরিচালনা করতেন। আপনারা এই পত্রিকাটিকে নিয়ে যা করেছেন তাতে আপনাদের জিজ্ঞাসা করি, লোকে বসুমতীও পড়বে, আবার গণশক্তিও পড়বে এটা হয় নাকি? একই সরকারের স্পনসরশিপে বসুমতী কাগজ বেরুবে এবং তাতে সেইভাবে লেখা হবে আবার গণশক্তিও বেরুবে—দুটো একসঙ্গে লোকে কিনবে কেন? কাজেই এখানে আপনারা ভুল সিদ্ধান্তের বলি হলেন। বসুমতী পত্রিকা শিলিগুড়িতে গেল এবং সেখানে গিয়েও দেখা যাচ্ছে এই পত্রিকাটি উঠে যাবার উপক্রম হয়েছে। এর পর আমি প্রত্নতত্ত্ব শাখা নিয়ে কয়েকটি কথা বলব। আপনি আরো আর্কিওলজিক্যাল মিউজিয়াম করুন। জনসাধারণ কিন্তু এই দপ্তর সম্বন্ধে একটু ওয়াকিবহাল নয়। সংরক্ষণের ব্যাপারে, গবেষণা ও খননের ব্যাপারে গ্রামের মানুষ এবং পঞ্চায়েতকে ওয়াকিবহাল করানো দরকার। স্যার, আমরা পরিবেশ দূষণ, জল, শব্দ দূষণের কথা শুনেছি কিন্তু এই সরকারের আমলে সংস্কৃতিতে দূষণ লেগেছে—পশ্চিমবঙ্গ কালচারালি পলিউটেড হয়ে গিয়েছে। পশ্চিমবঙ্গের কৃষি-সংস্কৃতি আজ দূরারোগ্য ক্ষয় রোগে আক্রান্ত। বাংলার কৃষ্টি সংস্কৃতি যদি না বাঁচে তাহলে মহামতী গোখলের যে কথা "What Bengal thinks today, India thinks tomorrow." সেটা আর হবে না, আপনাদের জন্য বাংলার কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য একেবারে শেষ হয়ে যাবে, তালিকায় সর্বশেষ নাম হবে পশ্চিমবঙ্গের। আপনি যদিও এই দপ্তরের মন্ত্রিত্বে নতুন এসেছেন কিন্তু আপনাদের দলের রাজত্বের ১৭ বছর পার হয়ে গিয়েছে। বাংলার সংস্কৃতি আজ শেষ হতে চলেছে। এই কারণে এই বাজেটের বিরোধিতা করে, আমাদের কাটমোশনগুলির প্রতি সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী উমাপতি চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তথ্য এবং সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, তাকে অনুমোদন করে আমি কয়েকটি কথা সভায়

রাখতে চাই। আমি প্রথমে বলতে চাই যে মাননীয় প্রবীরবাবু বলছেন যে পশ্চিমবাংলা সংস্কৃতিতে ক্ষয় রোগ ধরে গেছে। ভারতবর্ষ একটা যে রাষ্ট্র, তার একটা অংশ হচ্ছে পশ্চিমবঙ্গ, গোটা ভারতবর্ষে যদি ক্ষয় রোগ ধরে থাকে তাহলে পশ্চিমবঙ্গ তা থেকে বা যাবে না। বরং উল্টো দিক দিয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং তার সংস্কৃতি দপ্তর চে করছে, কীভাবে সুস্থ এবং জীবনমুখী একটা সংস্কৃতি চর্চা বা সংস্কৃতিকে বাঁচিয়ে রাখা য তার জন্য একটা বিকল্পভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে, সেই চেষ্টাটাকে তারা দেখতে পাচ্ছেন না এটা দেখা তাদের পক্ষে সম্ভব নয়। কারণ এই সংস্কৃতিটা হচ্ছে সমাজের উপরি কাঠামো সমাজের ভিত্তি হচ্ছে অর্থনীতি আর উপরি-কাঠামো হল সংস্কৃতি। তারা গোটা ভারতবর্ষে যে অর্থনীতিটা গড়েছেন সেটা হচ্ছে আমাদের সামন্ত এবং বুর্জোয়াদের স্বার্থের ধারক এ বাহক। এবং ভারতবর্ষে তারা চান সেই ধরনের সংস্কৃতি গড়তে। যে সংস্কৃতির দ্বারা সাধা মানুষের কোনও কল্যাণ হবে না, ভারতবর্ষের যে ঐতিহ্য তার কোনও কল্যাণ হবে না, সে রক্ষা পাবে না। এখানে যে বিভিন্ন ধরনের বৈচিত্র রয়েছে তা রক্ষা পাবে না, বিভিন্ন যে ছো ছোট উপজাতিগুলো রয়েছে, বিভিন্ন বর্ণ, সম্প্রদায় এবং ভাষা, আচার-ব্যবহারের যে পথ রয়েছে, সেই বৈচিত্র্যগুলো পরিস্ফুট হবে না, তাদেরকে উল্টো পথে নির্ভর করতে হ ভারতবর্ষের সরকারকে বা ভারতবর্ষের শাসকশ্রেণীকে পিছিয়ে পড়া সংস্কৃতির উপর। এ এক দিয়ে উগ্র যে বুর্জোয়া সংস্কৃতি তার ধারক-বাহক হচ্ছে তারা, দুদিক দিয়ে তারা মানুষ বিভ্রান্ত করছে। একদিক দিয়ে পিছিয়ে পড়া সংস্কৃতিকে টেনে আনছে আর এক দিক দি বুর্জোয়া সংস্কৃতিকে টেনে রাখছে। ভারতবর্ষে কী ঘটেছে, অর্থনীতিতে কী ঘটছে, সমাজে ঘটছে, সব সংস্কৃতিতে কী পরিবর্তন আসছে এই সব দিক দিয়ে মানুষ যাতে করে লক্ষ না দেয় বা দৃষ্টি না দেয়, সেই দৃষ্টিটাকে সরিয়ে রাখবার জন্য তারা অন্য পথে হাঁটছে। এ দোষি করছে এই পশ্চিমবঙ্গ সরকারকে, যে চেষ্টা করছে জীবনমুখি সংস্কৃতিকে রক্ষা করবে জন্য তাকে তারা দোষী করছে। এটা স্বাভাবিক, ভারতবর্ষের শাসক শ্রেণী প্রথম থেকে একটা বাজার চাইছে, গোটা ভারতবর্ষে একটা বাজার চাইছে, কিন্তু দেশের লোক ঐক্য থাক, দেশের যে বিভিন্ন বৈচিত্র হয়েছে, সেই বৈচিত্রটা ধরে যে ঐক্য আনার প্রচেষ্টা কোনওদিনই করেনি এবং করা তার পক্ষে সম্ভব নয়। সেই দৃষ্টিভঙ্গি দ্বারা তারা পরিচালি হয়নি এবং হওয়া সম্ভবও নয়। এটা শুধু তারা নয়, এর সুযোগ সাম্রাজ্যবাদীরাও নিচ্ছে সাম্রাজ্যবাদীরা চাইছে ভারতবর্ষের অর্থনৈতিক দিক থেকে ভারতবর্ষকে যেমন গ্রাস করতে দেশের বাজারটাকে দখল করতে তেমনি সংস্কৃতিটাকেও দখল করবার জন্য চক্রান্ত করছে সেই চক্রান্তের পথে সাহায্য করে দিচ্ছে এই আমাদের ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার দোদুল্যমানতা। যত বেশি বেশি করে অর্থনৈতিক দিক দিয়ে ভারতবর্ষে ঢুকছে তত চে করছে সমস্ত দিক দিয়ে যে আক্রান্ত হচ্ছে, সাম্রাজ্যবাদীরা তাকে গ্রাস করবার চেষ্টা কর সমস্ত দিক দিয়ে, কি প্রচার মাধ্যমে, কি টেলিভিশন, কি সংস্কৃতি, কি চলচ্চিত্র, সমস্ত দি দিয়ে সাম্রাজ্যবাদীরা এই দেশকে যেমন অর্থনৈতিক দিক দিয়ে লুঠ করতে চায়, এরা সংস্কৃতিকে ধ্বংস করে দিতে চায়, এরা মূল্য বোধকে বিপর্যস্ত করে দিতে চায়, এই চক্রান্ত এক দি দিয়ে সাম্রাজ্যবাদী শক্তি যেমন করছে, অন্য দিক দিয়ে আমাদের দেশের শোসক শ্রেণী চালিয়ে নিয়ে যাচ্ছে। এই পটভূমিতে দাঁড়িয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকার যেটুকু তার সীমা ক্ষমতা আছে তার মধ্যে দাঁড়িয়ে কাজ করে যাচ্ছে। সেটাকে যদি আমরা বিচার না ক

হলে প্রবীর বাবুদের কথায় আমরা ভেসে যাব। উনি সমস্ত বাজেট বক্তৃতায় যা বলতে চাইছেন, সমস্ত যা কাজ করতে চাইছেন, সেইগুলোর দিকে একবারও গেলেন না।

আমাদের রাজ্য সরকার আমাদের রাজ্যের সংস্কৃতিকে রক্ষা করার জন্য এবং তাকে আরও সম্প্রসারিত করার জন্য যে কাজ-কর্মগুলো করে চলেছে সেগুলো সম্বন্ধে সুদীপবাবু একটা কথাও বললেন না। তিনি টুকরো টুকরো কয়েকটা ঘটনার কথা এখানে উল্লেখ করলেন। কোথায় রডন স্কোয়ার, কোথায় ভি. ডি. ও. পার্লার, কোথায় সাংবাদিকদের উপর কি ভুল-ত্রুটি হয়েছিল—এই সব বলে গেলেন। এই সমস্ত কথার মধ্যে দিয়ে তিনি এই সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করলেন এবং দর্শক, সাংবাদিক ইত্যাদি এখানে আজকে যারা উপস্থিত আছেন তাদের সকলকেই বিভ্রান্ত করার চেষ্টা করলেন। আমাদের সরকার কী চাইছেন? সমাজের ব্যাপক অংশের মানুষদের বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচির মধ্যে সংযুক্ত করে তাদের সমাজ সচেতন করে তুলতে। এটাই হচ্ছে আজকে সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন। সমাজ সচেতনতার মধ্যে দিয়ে সমাজের ব্যাপক অংশের মানুষদের গণ-কল্যাণ কর্মসূচির অংশীদার করে তুলতে চাইছে আমাদের সংস্কৃতি বিভাগ। সেই উদ্দেশ্যে তারা বিভিন্ন জল-কল্যাণমুখী কর্মসূচিগুলিকে রাজ্য স্তর থেকে ব্লক স্তর পর্যন্ত নিয়ে যাবার চেষ্টা করছেন। সমস্ত স্তরের মানুষদের কাছে তারা সর্ব ক্ষেত্রের প্রকৃত ঘটনা, প্রকৃত তথ্য তুলে ধরে তাদের সচেতন করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। এই মূল দৃষ্টিভঙ্গিকে সামনে রেখে সামগ্রিক-ভাবে আমাদের তথ্য বিভাগ পরিচালিত হচ্ছে। প্রকৃত তথ্য মানুষের কাছে পৌঁছে দেবার আজকের দিনে একটা গুরুত্বপূর্ণ মাধ্যম হচ্ছে টি. ভি.। টি. ভি. নিয়ে আমাদের দেশে '৬৪ সাল থেকে অনেক চিন্তা ভাবনা, আলাপ আলোচনা হয়েছে। আমাদের দেশের বিভিন্ন স্থানে, বিভিন্ন ক্ষেত্রে যে বিভিন্ন বৈচিত্র রয়েছে তারই পরিপ্রেক্ষিতে আমাদের দেশে এই শক্তিশালী প্রচার মাধ্যম টি. ভি.-কে কি ভাবে সঠিক পথে পরিচালিত করা যায় তা নিয়ে দীর্ঘ আলোচনা এবং গবেষণার পর সংসদে শেষ পর্যন্ত ১৯৯০ সালে প্রসার ভারতি বিল পাস হয়েছে। কিন্তু আইন পাস হলে কি হবে, সেটাকে কার্যে রূপ দেওয়ার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার এখন পর্যন্ত কোনও রকম প্রচেষ্টা নিচ্ছেন না, তারা নানা রকম টাল-বাহানা করছেন। গুরুত্বপূর্ণ প্রচার মাধ্যমটিকে কেন্দ্রীয় সরকার নিজেদের রাজনৈতিক এবং শ্রেণী স্বার্থে ব্যবহার করছেন। এমন কি টি. ভি.-তে এমন সব প্রোগ্রাম প্রচারিত হয় যা বাবা-মায়েরা এক সঙ্গে ছেলে-মেয়েদের নিয়ে দেখতে পারেন না। ঐসব টি. ভি. প্রোগ্রামের মধ্যে দিয়ে আমাদের গোটা দেশে সামাজিক অবক্ষয় ক্রমশ বেড়ে চলেছে। এই বিষয়টা আমি আমাদের বিরোধী বন্ধুদের একটু ভেবে দেখতে অনুরোধ করছি। আমরা এবং দেশের বিভিন্ন স্তরের প্রগতিশীল মানুষরা বার বার দাবি করছেন—এই গুরুত্বপূর্ণ প্রচার মাধ্যমটি কখনই কেন্দ্রীয় সরকারের একার কব্জায় থাকা উচিত নয়। এমন কি আমাদের দেশের আর্থ সামাজিক পরিস্থিতিতে বেসরকারি প্রতিষ্ঠানের হাতে তুলে দেওয়া চলে না। অতএব প্রতিটি রাজ্যে এ বিষয়ে রাজ্যে পরিচালনার জন্য একটা করে অর্থবহ কমিটি গঠন করা দরকার। আমাদের রাজ্যেও সেরকম কমিটি হবে এবং টি. ভি.-র পরিচালন কর্তৃপক্ষ তাদের কথা শুনে চলবেন। এই মতামতকে কেন্দ্রীয় সরকার গুরুত্ব দিলেন না। ওরা ভাবলেন ঐরকম কমিটি হলে আমাদের রাজ্যের টি. ভি. প্রোগ্রাম সি. পি. এম.-এর কব্জায় চলে যাবে। কিন্তু ওরা ভুলে যাচ্ছেন আমাদের রাজ্য সরকার আজকে গোটা

রাজ্যের মানুষের চিন্তার প্রতীক। অজিত পাঁজা যখন কেন্দ্রীয় সম্প্রচার মন্ত্রী ছিলেন তখন তিনি কাঁথিতে রিলে সেন্টার স্থাপনের ক্ষেত্রে বলেছিলেন সেখানে ২০ কিলোমিটার দূরের মানুষও দূরদর্শনের অনুষ্ঠান দেখতে পাবে। কাঁথি, দীঘা, শঙ্করপুর আমাদের রাজ্যের গুরুত্বপূর্ণ পর্যটন কেন্দ্র, সেখানে সারা ভারতবর্ষ থেকে পর্যটকরা যান। সুতরাং তাদের পক্ষে দূরদর্শনের অনুষ্ঠান দেখার সুবিধা হবে এবং পর্যটন কেন্দ্রের আকর্ষণও বাড়বে। বর্তমানে সেই রিলে সেন্টার থেকে ১০ কিলোমিটার দূরে দূরদর্শনের ছবি গিয়ে পৌঁছায় না। দূরদর্শনের পরেই আর একটা গুরুত্বপূর্ণ প্রচার মাধ্যমে হচ্ছে সংবাদপত্র। সংবাদপত্রের কথা বললেই ওরা 'গণশক্তি'-র কথা তোলেন। কিন্তু কলকাতার বাইরে যে ছোট ছোট ৫০০ সংবাদপত্র আমাদের সরকারের কাছ থেকে নিয়মিত সাহায্য পাচ্ছে সেটা ওরা দেখতে পান না। 'গণশক্তি' একটা শ্রেণীর পত্রিকা যদি হয় তাহলে আমাদের কলকাতার এবং ভারতবর্ষের বিভিন্ন শহরের যে সব পত্রিকাগুলি আছে—আনন্দবাজার, যুগান্তর, স্টেটসম্যান ইত্যাদি তারা কী শ্রেণীর পত্রিকা?

(এই সময় লাল আলো জ্বলে উঠে)

আমার সময় শেষ হয়ে যাবার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় উত্থাপিত বাজেটকে সমর্থন করে, বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী আবদুল মান্নান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় তথ্য ও সংস্কৃতি মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস মহাশয় তার দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন আমি সেই দাবির বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যেসব কাট-মোশন এসেছে তার সমর্থনে আমি বিতর্কে অংশগ্রহণ করছি। আমি আশা করেছিলাম, আমাদের দলের আজকে যিনি বিতর্কের সূচনা করলেন, শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয়, তার বক্তব্যের কিছু উত্তর সরকার পক্ষের মাননীয় সদস্য যিনি একটু আগে বিতর্কে অংশগ্রহণ করলেন তিনি রাখবেন। কিন্তু তার কাছ থেকে আমরা কিছুই শুনতে পেলাম না। মন্ত্রী মহাশয়ের কাছ থেকে পাব বলে মনে হয় না। কারণ আমরা বিগত ১৭ বছর ধরে এটা জেনে গেছি। একই বক্তব্য শুনি। কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ আর রাজ্য সরকার সংস্কৃতিতে বিপ্লব এনে দিয়েছেন—এই একই বক্তব্য আমরা পাই। স্বাভাবিকভাবেই ওদের যে চরিত্র, যে মানসিকতা—মন্ত্রী মহাশয়ের জবাবি ভাষণে তারই প্রতিফলন ঘটবে। তবু ও আমি মন্ত্রী মহাশয়কে কতকগুলি স্পেসিফিক কথা বলব। উনি ওনার জবাবি ভাষণে সেগুলির উত্তর দেবেন আশা করি। আমরা প্রায়ই দেখি দূরদর্শন এবং রেডিওর সমালোচনা করেন। আজকে মন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরকালে বলেনন, বিরোধীপক্ষের কোনও লোক "পশ্চিমবঙ্গ পত্রিকায়" প্রচারের জন্য লেখা দেননি, প্রকাশের জন্য লেখা দেননি। আমি মন্ত্রী মহাশয়কে বলব, আপনার মন্ত্রিসভার যারা সদস্য আছেন কিম্বা কিছু দিন আগে দূরদর্শনে বিমানবাবু—আপনাদের পার্টির নেতা—আলোচনায় অংশগ্রহণ করলেন। রেডিওতেও আপনাদের অনেকেই যান, যুবনেতা, ছাত্র নেতারা যান বিতর্কে অংশগ্রহণ করতে। যারা অংশগ্রহণ করতে যান তারা কি আকাশবাণী কিম্বা দূরদর্শনের গল্ফ গ্রিনে গিয়ে বসে থাকেন, কখনও তাদের স্টেশন ডিরেক্টর ডাকবেন? দূরদর্শন আপনাদের নেতাদের চিঠি পাঠান কিম্বা টেলিফোন করে বলেন অমুক দিন একটা আলোচনা সভায় অংশগ্রহণ করবেন? যদি

করেন, তাহলে আসুন, এই ভাবেই তো অ্যাপ্রোচ করা হয়। সেখানে গিয়ে বসে থাকতে হয় না। এইভাবে তারা দূরদর্শনের বিতর্কে অংশগ্রহণ করার সুযোগ নেন। আর পশ্চিমবঙ্গ পত্রিকায় বিরোধীদলের পক্ষ থেকে যদি লেখা দেয় তাহলে আপনি ছাপবেন এতই নিকৃষ্ট ধরনের লোক পেয়েছেন আমাদের? বিরোধীপক্ষের সদস্যদের আপনারা কতটা সুযোগ দিয়েছেন? গত ১ বছরে ৪১টি সংখ্যা বেরিয়েছে পশ্চিমবঙ্গ পত্রিকার। বিরোধীদলের সমর্থনে ১০টি লাইনও লিখেছেন বা লেখার সুযোগ দিয়েছেন? আর আজকে কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন? মন্ত্রী হয়েছেন বলে আপনি সব জান্তা নন। কেন্দ্রীয় সরকার আকাশ থেকে উড়ে আসেনি। লোকসভায় ২৭০টি আসনের মেজরিটি আছে। এইসব জনপ্রতিনিধিরা আপনাদের দয়ায় আসেনি। কেন্দ্রীয় সরকার যতগুলি সিট পেয়েছে তার ২০ পারসেন্ট আপনারা পাননি। যেদিন পাবেন সেদিন বলবেন। সেইজন্য বলছি, কেন্দ্রের বিরুদ্ধে যখন সমালোচনা করবেন—আপনি আচরি ধর্ম অপরে শেখাও। আপনাদের নিয়ন্ত্রিত যে সমস্ত পত্রিকাগুলি প্রকাশ করেন তাতে বিরোধীদলের সদস্যদের কতটুকু সুযোগ দেন—এই কথা আগে বলুন, তারপর বলবেন কেন্দ্রীয় সরকার সুযোগ দেয় না। আপনারা কী মানসিকতা নিয়ে চলেছেন সেকথা মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায় বলেছেন।

তারপর বলছেন যে ২৯টি পত্রিকাতে বিজ্ঞাপন দিয়েছেন তাতে ২ কোটি কত টাকা খরচ করেছেন। ২ কোটি ৩০ লক্ষ টাকার ব্যয় বরাদ্দ ছিল কলকাতা থেকে প্রকাশিত ২৯টি সংবাদপত্রে দিয়েছেন, জেলার ক্ষেত্রে কটি পত্রিকাকে দিয়েছেন? আমি সব কাগজ আনন্দবাজার, যুগান্তর, স্টেটসম্যান, টেলিগ্রাফ এদের নাম বলছি না, দুটি কাগজ আকবর-ই-মসলিদ এবং 'বর্তমান' বাংলা কাগজে কত বিজ্ঞাপন দিয়েছেন, তাহলেই বোঝা যাবে। যে সংবাদপত্রগুলি আপনাদের কাজের সমালোচনা করে, আপনাদের দুর্নীতি ফাঁস করে দেয়, যে সংবাদপত্র আপনাদের বশংবদ হয়ে কাজ করে না আপনাদের তাদের বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে বৈষম্য করেন। বলুন না আকবর-ই-মসলিদে কতগুলি বিজ্ঞাপন দিয়েছেন? বললে বলেন নোটিশ দেবেন। একটা সরকার যে দলেরই হোক, তখন তার পরিচয় কংগ্রেস, কমিউনিস্ট নয়, সবাই আপনার কাছে সমান ব্যবহার আশা করে, কেন বৈষম্য করেন? আজকে বসুমতি পত্রিকার উন্নয়নের জন্য দাবি করছেন, আমরা গোড়া থেকে যখন শিলিগুড়িতে নিয়ে যান তখন থেকে বাধা দিয়েছিলাম। আপনি গতবারে বলেছিলেন ৫ হাজার পত্রিকা প্রকাশিত হচ্ছে, কাগজে দেখা যাচ্ছে ৬৯ লাখ না কত টাকা লস গেছে। একদিকে পশ্চিমবঙ্গ পত্রিকা আপনাদের দলের আপনাদের সরকারের বাহবা, কাল্পনিক সাফল্য প্রচার করার জন্য আছে, গত বারে আপনি ৩২ লক্ষ টাকা পশ্চিমবঙ্গ পত্রিকাতে লস দিয়েছেন, আর বসুমতিতে ৬৯ লক্ষ টাকা লস দিয়েছেন, তা এগুলি কি গৌরী সেনের টাকা যেদলের প্রচারের জন্য টাকা খরচ করবেন? সংস্কৃতির কথা বলছেন, আমরা বলি যত বিজ্ঞাপনের উন্নতি হবে তত সংস্কৃতির উপর আঘাত আসছে, পাশ্চাত্যের অপসংস্কৃতির আমাদের সংস্কৃতিকে গ্রাস করার ষড়যন্ত্র করছে সেটা যদি দূরদর্শন করে আমরা তাদের বিরুদ্ধে বলব। যখন দূরদর্শনের সমালোচনা করব চলিকা পিছে কোন সংস্কৃতিকে নির্দেশ করছে? আপনাদের মুখ্যমন্ত্রী মহাশয় যার দয়ায় আপনি মন্ত্রী হয়েছেন তিনি রাত জেগে সিনেমা স্টারের নাচ দেখছেন ১৯৮৬ সালের এপ্রিল মাসে। কিশোর-কিশোরীরা যখন এটা দেখবে তাদের মনে—তাদের কাছে আদর্শ পুরুষ,

জ্যোতিবাবু, সুভাষবাবু নাচ দেখছেন, যখন বেহালায় ভেজাল তেল খেয়ে মানুষে পঙ্গু হয়ে যাচ্ছে মুখ্যমন্ত্রী মহাশয় রাত জেগে উদ্দাম নাচ দেখছেন চলিকা পিছে। এতে কিশোর কিশোরীরা প্রভাবিত হবে রাজ্যের মুখ্যমন্ত্রী মহাশয় যদি এই আচরণ করেন তার কাছ থেকে এটরা যেটা শিখবে সেটা ভেবে আমরা আতঙ্কগ্রস্ত হয়ে যাচ্ছি।

[3-10 — 3-20 p.m.]

দূরদর্শনের আক্রমণ নয়, আপনার সহকর্মী মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর মানসিকতা আজকে আমাদের কিশোর কিশোরীদের এই ভাবে এগিয়ে নিয়ে যাচ্ছে। আপনারা সংস্কৃতির কথা বলছেন? আমাদের রাজ্যে যে সংস্কৃতি নিয়ে আমরা গর্ববোধ করতাম আপনাদের ১৭ বছরের রাজত্বকালে সেটা কোথায় হারিয়ে গেছে। আপনি বলুন, আপনি তো গ্রামের লোক, আপনি কি দেখেছেন? আমাদের মা-রা ঠাকুমারা, বাড়ির লোকেরা তরজা গান, যাত্রা পালা দেখার জন্য রাত্রি বেলায় হারিকেন নিয়ে যেত। পুরুলিয়ার ছৌ নাচ, পুরুলিয়ার বাইরে আনতে পারলেন না। কংগ্রেস আমলে যেখানে তরজা গান যাত্রাপালাকে একটা ভাল জায়গায় নিয়ে গিয়েছিল সেখানে আপনি চিৎপুরে গিয়ে দেখুন সেখানে সব মাথায় হাত দিয়ে বসে আছে আমাদের সংস্কৃতিতে হিন্দি সিনেমার গান ছিল না, আমাদের ছিল যাত্রাপালা, তরজা গান, কবি গান, পুরুলিয়ার ছৌ নাচ এইগুলি হচ্ছে আমাদের প্রাচীন সংস্কৃতি। এইগুলি হচ্ছে আমাদের গর্ব। এই নিয়ে আমাদের অনেক সাহিত্যিক অনেক সাহিত্য রচনা করেছেন। এই যে অপসংস্কৃতি আসছে এটা ইলেক্ট্রনিক্স মিডিয়া আনছে না, আপনাদের ব্যর্থতা, আপনাদের পুরানো সংস্কৃতিকে উৎসাহ না দেওয়ার জন্য, এই ব্যাপারে উদ্যোগ না নেওয়ার জন্য এই জিনিস হতে পেরেছেন। আপনার ভাষণে বলেছেন সরকারি স্তরে বাংলা ভাষা চালু করছেন এবং কোথাও কোথাও উর্দু ভাষা চালু করবেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব কোথায় আপনি বাংলা ভাষা চালু করেছেন? কি কাজ আপনি শুরু করেছেন? একটা ব্যাপারে আপনাকে ধন্যবাদ জানাব মাননীয় মন্ত্রী মহাশয় এই ভাষণে তার ব্যর্থতার কথা স্বীকার করেছেন? ৪ পাতায় আপনি এক জায়গায় লিখেছেন "মন্ত্রী থেকে শুরু করে নিচু তলার সরকারি কর্মিবৃন্দের মধ্যে আন্তরিকতাপূর্ণ আগ্রহ সৃষ্টি করা না হলে এত বড় যুক্তি সঙ্গত সিদ্ধান্তও কার্যকর করা যায় না। দুঃখের বিষয় সেই নিষ্ঠা সর্বস্তরে সৃষ্টি করা যায়নি।" অর্থাৎ মন্ত্রী, আমলা এবং সাধারণ নিচু তলার কর্মীদের মধ্যে সরকারি স্তরে বাংলা ভাষা চালু করবার জন্য যে উদ্যোগ নেওয়া দরকার সেটা তারা নিতে পারেনি। এটা আপনি স্বীকার করেছেন। এর জন্য আপনারা সহকর্মী মন্ত্রীরা দায়ী। বাংলা ভাষায় কটা কলিং অ্যাটেনশনের উত্তর মাননীয় মুখ্যমন্ত্রী দেন সেটা তাকে জিজ্ঞাসা করবেন। প্রতিটি কলিং অ্যাটেনশনের উত্তর তিনি ইংরাজিতে দেন, বাংলায় দিতে পারেন না। রাজ্যের মুখ্যমন্ত্রী বাংলা মাধ্যমে শিক্ষা ব্যবস্থা চালু করবেন বলছেন, তার জন্য তিনি জোরদার সওয়াল করছেন, কিন্তু মুখ্যমন্ত্রী যখন লিখিত ভাষণ দেন বিধানসভায় তখন তিনি বাংলা ভাষাতে দেন না। তিনি কি বাংলা ভাষার মর্যাদা দেন? আপনারা মুখে এক কথা বলেন আর কাজে এক করেন। উর্দু ভাষায় আপনি উর্দু একাদেমির কাজ শুরু করতে পারেননি। ৪টি মহকুমায়, ইসলামপুর আসানসোল, কলকাতা এই রকম ৪টি মহকুমায় আপনি বলেছেন উর্দু ভাষায় চিঠি দিলে উর্দু ভাষায় উত্তর দেবেন উর্দুতে চিঠি লিখে উর্দুতে উত্তর পায়নি। এই অবস্থা আপনি তৈরি করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব একটা বিষয়ে। আমাদের রাজ্যে—আমি সংখ্যাটা ঠিক বলতে পারব

না, প্রায় ২৫-৩০টা হবে সাদা-কালো চলচ্চিত্র তৈরি হয়ে পড়ে আছে। এখন রঙিন চলচিত্র না হলে প্রকাশ করা যায় না। আমি অনুরোধ করছি সাদা-কালো চলচিত্র যেগুলি তৈরি হয়ে পড়ে আছে সরকারি নিয়ম নীতির ফলে সেইগুলি রিলিজ করা যাচ্ছে না, এইগুলি আপনি দেখুন। কারণ যে সমস্ত শিল্পী এতে অংশগ্রহণ করেছিলেন, যারা ডিরেক্টর আছেন তাদের প্রতিভা দেখার সুযোগ পাচ্ছে না। এই গুলিকে আপনি রিলিজ করার ব্যবস্থা করুন। এই কথা বলে ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-20 -- 3-30 p.m.]

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী শ্রী কান্তি বিশ্বাস যে ব্যয় বরাদ্দের দাবি নিয়ে এখানে বক্তব্য পেশ করেছেন আমি সেই বক্তব্যের সমর্থনে বক্তব্য রাখতে চাই। আমাদের বিরোধীপক্ষের সদস্যরা ইতিমধ্যে তাদের বক্তব্য রেখেছেন এবং ওদের বক্তব্যর ডিরেকশন কোন দিকে ছিল সেটা বলা মুশকিল। কারণ কখনও কখনও কিছু বিষয়ে ওরা যথেষ্ট প্রশংসা করেন আবার পর মুহূর্তে হঠাৎ অকারণে চিৎকার করে কিছু গালাগাল করার চেষ্টা করেন। যাই হোক ওরা বিরোধী পক্ষে আছেন যেহেতু সেইহেতু ওদের বিরোধিতা করতেই হবে যেটা ওদের মূল কাজ, কিন্তু আমাদের বামফ্রন্টের মন্ত্রিসভার পক্ষ থেকে যদি কোনও স্বদর্থক বক্তব্য থাকে সেটা ওরা দেখতে পান না। তবে অস্বীকার করার জায়গা নেই এতে সত্য পরিস্ফুট হচ্ছে মানুষের সামনে, তাই ওরা লজ্জার মাথা খেয়ে কিছুটা লজ্জিত হয়ে তারা প্রশংসার বাণী উচ্চারণ করলেন। যাইহোক যে দপ্তরের বিষয়ে আমরা এখানে আলোচনা করছি সেই দপ্তরের বিষয়টা খুব কঠিন জটিল বিষয় এবং বামফ্রন্ট সরকার রাজ্যে ক্ষমতাসীন হওয়ার পর সাংস্কৃতি এবং তথ্যের বিষয়ে যে অবস্থাটা হাতে পেয়েছিলেন সেই অবস্থাটা একটু বিচার করে দেখতে হবে এবং সেখান থেকে আজকে কোথায় এসে দাঁড়িয়েছে এটাও দেখতে হবে। অবক্ষয় হচ্ছে আমরা দেখছি, চারিদিক থেকে অবক্ষয় হুহু করে আসছে, এই অবক্ষয় কংগ্রেস আমলে প্রধানত হয়েছিল আমরা দেখেছিলাম। তখন সংস্কৃতির নাম করে এক ধরনের বেলেল্লাপনা বিশেষ করে যুবগোষ্ঠীর মান মানসিকতা চূর্ণ করে দিয়েছিল, তখন সংস্কৃতির কথা ভাবা যেত না। পরিবেশ পরিস্থিতি এমন জায়গায় নেমে যাচ্ছিল, মূল্যবোধ এমন জায়গায় নামিয়ে আনা হয়েছিল তখন কংগ্রেসের একটা জন কৌশল ছিল বাংলার যে মনোভাব বাংলার যে সাংস্কৃতি চিন্তা ধারা যে চিন্তা ধারায় এখানকার তরুণ সমাজ উদ্বুদ্ধ হয়েছিল এবং যুব সমাজের ভিত ধরে নাড়িয়ে দিয়েছিল নিজেদের প্রয়োজনে ব্যবহার করেছিল এরা সেটা স্বীকার করতে চান না। অপসংস্কৃতির হাত ধরে তরুণ যুব সমাজকে বিপথে পরিচালিত করার চেষ্টা করেছিলেন এরা। কোনও জিনিস সার্থকভাবে চিন্তা করা যাবে না এই জায়গায় তারা যুবকদের নিয়ে গিয়েছিলেন। আমরা জানি যারা প্রফেট অফ ডুংস্টে ধ্বংসের দেবতা তারা নিঃসন্দেহে ধ্বংস করেন কিন্তু যারা গড়েন, গড়বার কাজ যথেষ্ট কঠিন যথেষ্ট শ্রমসাধ্য

যথেষ্ট মননশীল সেই গড়ে তোলার কাজটা এসে দাঁড়াল বামফ্রন্টের হাতে।

আজকে এই কথা অস্বীকার করবার কোনও জায়গা নেই। গ্রামে, শহরে আজকে সমস্ত জায়গায় পরিবেশকে অনেকখানি সুস্থ করা সম্ভব হয়েছে। সংস্কৃতির দিক থেকে একটা সুস্থ ভাবনা বামফ্রন্ট সরকার তৈরি করতে পেরেছে। নিঃসন্দেহে এই অগ্রগতিতে এই দপ্তরের যে ভূমিকা ছিল, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে থেকেও এই বামফ্রন্ট সরকার সেটাকে পালন করতে পেরেছে। এখানে সুদীপবাবু লোক সংস্কৃতির কথা বলেছেন। লোক সংস্কৃতির কথা তোলবার অধিকার ওদের কে দিয়েছে? এই লোক সংস্কৃতিকে গ্রামের মানুষের কাছে নিয়ে গেছে এই বামফ্রন্ট সরকার। বামফ্রন্ট সরকার তার কাজকর্মের মধ্যে দিয়ে এটাকে প্রকাশ করেছেন। কাজেই আজকে লোকসংস্কৃতি নষ্ট হয়ে যাচ্ছে এই চিত্র আপনি কোথায় পেলেন। আসলে চিত্রটা হচ্ছে, যেটা ওনারা স্বীকার করতে চাইছেন না। বিভিন ক্ষেত্রে যারা শিল্পী, যারা সারাটা জীবন এইজন্য দিয়েছেন তাদের প্রতি আপনাদের এই বেদনা কোথায় ছিল। তাদের স্বীকৃতি দেবার চেষ্টা আমরা করেছি। আমরা সবাইকে স্বীকৃতি দিতে পারিনি। কিন্তু যেটুকু পেরেছি দিয়েছি। বলেছি তোমাদের প্রতি সমাজের যে ঋণ আছে আমরা যতটুকু পারলাম সেই ঋণ শোধ করার চেষ্টা করলাম। বামফ্রন্ট সরকার সেই কাজটা করেছেন। আমরা কোনও দিন তাদের প্রতি অশ্রদ্ধা দেখাইনি। আপনাদের আমলে আপনারা বাংলা চলচ্চিত্রকে কোথায় নিয়ে গিয়ে দাঁড় করিয়েছিলেন। বাংলা চলচ্চিত্র তখন পুরোপুরি ধ্বংস হয়ে গিয়েছিল। সেই জায়গা থেকে আমরা বাংলা চলচ্চিত্রকে তুলে নিয়ে এসেছি। তারজন্য আমাদের অনেক সময় লেগেছে বামফ্রন্ট সরকারের আমলে অনেক বাংলা চলচ্চিত্র শ্রেষ্ঠত্ব লাভ করেছে, অনেক পুরস্কার পেয়েছে। আমাদের সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে থেকে এই জিনিসগুলোকে আমরা উপস্থিত করেছি। প্রকাশনাই বলুন, বাংলা একাদেমিই বলুন, মূল্যবান বিষয়গুলোকে নিয়ে এসে আবার আবার পরিবেশনার কাজ আরম্ভ করেছি। মানুষের মরা মনগুলিকে আবার ফিরিয়ে নিয়ে এসে আমরা আবার ফিরিয়ে আনবার জন্য আমরা আমাদের প্রচেষ্টা শুরু করেছি। বামফ্রন্ট সরকার এই কাজ করেছে। একটা জিনিসকে অসুস্থ অবস্থা থেকে ফিরিয়ে আনা একটা কঠিন কাজ এই কাজটা অত্যন্ত সতর্কতার সঙ্গে করা হয়েছে। মানুষের মনের মধ্যে সেই জিনিসটাকে সৃষ্টি করবার জন্য যে আর্থিক সীমাবদ্ধতা, তার মধ্যে দিয়েই আমাদের কাজ করতে হয়। মন্ত্রিসভা ও মন্ত্রকের বিভিন্ন অফিসার যারা আছেন এবং সংস্কৃতি কর্মীরা যেভাবে কাজ করছেন তা প্রশংসনীয়। আর্থিক সীমাবদ্ধতার জন্য আমরা এই সুযোগগুলি কাজে লাগাতে পারছি না। সুতরাং এখানে চমৎকারভাবে বাজেট বক্তব্য পেশ করা হয়েছে এবং আমরা যা করতে পারি এবং যা করতে চাই তা সুন্দরভাবে বলা হয়েছে। এই বাজেট বক্তব্যকে সম্পূর্ণভাবে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

Sri Md. Yakub (Urdu)

شری محمد یعقوب (اردو)

Hon'ble Dy. Speaker Sir!

نہ سمجھو گے تو مٹ جاؤ گے اے ہندوستاں والو!
تمہاری داستاں تک بھی نہ ہوگی داستانوں میں

آج Information & Cultural Affairs کے منسٹر انچارج نے جو بجٹ یہاں پیش کیا ہے اس کی میں حمایت کرتے ہوئے دو چار باتیں یہاں رکھنا چاہتا ہوں۔ سب سے پہلی بات تو یہ ہے کہ ہمارے مخالف اپوزیشن دوستوں نے ہمارے یہاں کے جو انفارمیشن ڈیپارٹمنٹ کے جو کام ہوئے ہیں ان پر تنقید کرتے ہوئے بہت ساری باتیں کہی ہیں۔ میں ان کو یہ یاد دلانا چاہتا ہوں کہ مرکزی جو حکومت ہے اس کا رویہ کیا ہے۔ اس پر کم ان لوگوں نے غور کیا ہے کیونکہ آج ترقی پذیر زمانے میں جبکہ ٹی وی ایک اہم Mass Media ہے اس ٹی وی کے ذریعے مٹرو چینل، اسٹار چینل اور کیا کیا ہیں سارے دن رات جو پروگرام ہمارے عوام کے سامنے پیش کئے جاتے ہیں وہ ہمارے ملک کے ادب اور تہذیب کے سخت خلاف ہیں۔ ان کے جو پروگرام پیش کئے جاتے ہیں ان میں جو عریانیت ہے وہ ہم اپنی زبان سے آپ کے سامنے بیان نہیں کر سکتے ہیں۔ ظاہر بات ہے کہ جب مرکز میں ٹی وی کے ذریعے ایسے پروگرام سارے ہندوستان میں پیش کئے جا رہے ہیں تو مغربی بنگال اس سے الگ تو نہیں ہے۔ اس کی آنچ اس کا پرچھاؤں ہمارے دامن پر ادب و تہذیب کو دھکا پہنچا رہا ہے۔ ہماری موجودہ گورنمنٹ کی جو پالیسی ہے ہم انفارمیشن اور کلچرل ڈیپارٹمنٹ کے ذریعے اس کے خلاف لڑائی لڑ رہے ہیں۔ ہم اپنے ادب و تہذیب کو لوگوں کے سامنے رکھنے کی کوشش کر رہے ہیں۔ جو ہمارے ممبر اپوزیشن بھائی ہیں انکو چاہیے کہ اپنے ملک کی فضا کو سمجھتے ہوئے اپنے ملک کے معاشی حالات کو دیکھتے ہوئے، بیکاری، بے روزگاری اور بہت ساری پریشانیوں کو مدنظر رکھتے ہوئے ٹی وی کے ذریعے جو کلچر پیش کئے جا رہے ہیں انکی سخت مخالفت وہ ہمارے ساتھ مل کر کریں۔ دوسری بات یہ ہے کہ یہ لوگ اخباروں کے بارے میں کہتے ہیں۔ بے شک اخباروں کی آزادی ہے انہیں جمہوری حق حاصل

ہے لیکن کسی اخبار یا اس کے رپورٹر کو یہ حق نہیں پہنچتا کہ وہ اپنے قلم کی روانی سے ایسی باتوں کا ذکر کرے جو لوگوں کے سامنے ایک تفرقہ پیدا کر دے یا گروہی گروپ آپس میں لڑائی جھگڑے کی بنیاد کو ہوا دیں یا ایسی باتیں جو بے بنیاد ہوں جو ہمارے ملک ملت کو خطرہ میں ڈالیں۔ ایسی باتیں لکھنے کا انہیں حق نہیں ہے۔ آزادی کا مطلب یہ نہیں کہ ہم جو چاہیں جب چاہیں جو بات چاہیں لکھ دیں۔ اس کی سخت مخالفت انہیں بھی کرنی چاہیئے۔ آزادی کے دائرے میں رہ کر وہ اخبار میں اپنی باتیں لکھ سکتے ہیں۔ ایسے میں کوئی سوال پیدا نہیں ہوتا ہے۔

اس کے ساتھ ساتھ ہم ہمارے انفارمیشن منسٹر کی توجہ مبذول کرانا چاہتے ہیں کہ ہماری مادری زبان ——— ہمارا تو میں اردو میں کہہ رہا ہوں لیکن میری مادری زبان بنگلہ ہے۔ ظاہر بات ہے کہ بنگلہ کی ترقی کے لئے ایک پالیسی فکسڈ ہوئی ہے کہ تمام کام کاج administrative level میں بنگلہ میں ہو رہا ہیں۔ لیکن ابھی تک نہیں ہو رہا ہے۔ اس کا ذکر وہ اپنی رپورٹ میں کر چکے ہیں۔ اس کے لئے ہم ان کا شکریہ ادا کرتے ہیں لیکن ہم کہیں گے کہ بنگلہ دیش ہمارے پڑوسی ملک ہے۔ وہاں کی مادری زبان کے لئے سختی سے عمل کیا جاتا ہے۔ چاہے وہ آفس ہو، عدالت یا کورٹ کچہری میں ہو تمام جگہ بنگلہ زبان کے ذریعہ Correspondence (کام کاج) ہوتے ہیں، لکھے جائیں گے۔ اگر بنگلہ میں نہیں لکھے جائیں گے تو سخت سے سخت کارروائی (سزا) دی جائے گی۔

ساتھ ساتھ ہم یہ کہیں گے کہ کلچرل منسٹر صاحب ساری جگہوں میں ہیں آپ ان پر ذرا غور کریں آپ سے ہم کہیں گے کہ ہوڑہ کے الیڑیا میں رابندر ناتھ سے متعلق بہت دنوں سے demand ہے کہ اسکا Renaissance کیا جائے انہیں نئے طریقے سے بنایا جائے لیکن وہ آج بھی نہیں ہو پایا۔ جو ہمیں ہر لحاظ بارہا سامنے ہیں جو ابھی District town ہے وہاں پر اندر را۔ کون کس حال میں ہے۔ ہم اکثر اس راستے سے گزرتے ہیں اسکی ترقی کے لئے ہم لوگوں کا Demand ہے ایسے بہت سے کلچرل سنٹر ہیں جن پر نظر دینی چاہیئے۔ ساتھ ساتھ شہر کلکتہ میں ایک علاقہ خضر پور کا علاقہ ہے جو Working class اور Industrial کا علاقہ ہے۔ ہمیں افسوس کے ساتھ یہ کہنا پڑ رہا ہے کہ وہاں کوئی ایسا سنٹر آج تک تیار نہیں ہوا جیسا ہونا چاہیئے۔ ہم کہیں گے کہ اس طرف بھی وہ تھوڑا توجہ دیں نظر دوڑائیں تا کہ وہاں بھی یہ سنٹر ہم بنا سکیں۔ ساتھ ساتھ ہم یہ بھی کہیں گے کہ گاؤں دیہاتوں میں وہاں کے لوک پنچایت کے ذریعہ جو فیسٹول اُتسو یا تہوار مناتے ہیں ان کو بڑھاوا دیں ان کے وہ اپنے کلچر میں ان کو بڑھاوا دینے کی طرف وہ توجہ دیں تا کہ وہ آگے بڑھ سکیں۔

ساتھ ساتھ سنیما کے بارے میں ہم کہیں گے کہ جہاں تک ہماری یادداشت تازہ ہے یاد ہے کہ اس قبل ہماری گورنمنٹ کی یہ پالیسی رہی ہے کہ ہر سنیما ہال میں کم از کم مہینے (۴ ہفتوں) میں ایک ہفتہ ہماری بنگلہ فلم کی نمائش کی جائے گی لیکن افسوس ہے کہ ایسا ابھی تک نہیں ہو پایا ہے۔ ہم کہیں گے کہ اس پر بھی غور کرنا چاہیئے۔ ساتھ ساتھ یہاں جو فلمیں بنتی ہیں ہماری حکومت کی

[illegible]

[illegible] "Communalism" کے خلاف [illegible]

[illegible] easily [illegible]

[illegible]

[illegible] pluralities [illegible]

[illegible]

[illegible]

[illegible] (Advertisement) [illegible]

[illegible]

[illegible]

[illegible] اور اخبارات [illegible] Magazine [illegible]

[illegible]

[illegible] ختم کرتا ہوں۔

[3-30 — 3-40 p.m.]

**শ্রী শক্তি বল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় মাননীয় তথ্যমন্ত্রী তার দপ্তরের যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলব। মাননীয় মন্ত্রী মহাশয় খুব সঠিকভাবেই এবং সঠিক সময়ে বলিষ্ঠভাবে বাংলার সংস্কৃতির, বাংলার ঐতিহ্যকে রক্ষা করার জন্য যেভাবে বক্তব্য রেখেছেন তারজন্য তার বাজেটকে সমর্থন করছি। আমার সময় কম হওয়ায় সংক্ষেপে কয়েকটি পয়েন্ট নিয়ে বলব। প্রথমেই প্রসার ভারতী বিল নিয়ে বলব। এই বিল ১৯৯০ সালে অনুমোদন পাওয়া সত্ত্বেও আজকেও তাকে আনা গেল না, সেই বিল ঠান্ডা ঘরে পড়ে আছে। সেই প্রসার ভারতী বিল সম্পর্কে মাননীয় মন্ত্রী মহাশয় খুব বলিষ্ঠভাবে তার বক্তব্য রেখেছেন। আজকে আমরা দেখছি প্রচার মাধ্যমগুলি আমাদের সংস্কৃতির মেরুদন্ড ভেঙ্গে দিচ্ছে। কেন আজও এই বিল অনুমোদন পেল না তা কেন্দ্রীয় সরকারকে আমি ভাবতে বলব। এরজন্য কি এখানকার বিরোধী সদস্যরা একটি কথাও বলবেন না? আজকে আমাদের সংস্কৃতি, ঐতিহ্য, মূল্যবোধকে বিদেশি গণমাধ্যমগুলি যেভাবে ধ্বংস করতে চাইছে সেটা নিয়ে কি বিরোধী সদস্যরা একটি কথাও বলবেন না? আজকে আমরা দেখছি বিদেশি গণ মাধ্যমগুলির হতে সমস্ত কিছু ছেড়ে দেওয়া হচ্ছে। অবশ্য গতকাল দেখলাম, একজন কংগ্রেসি সদস্য উদ্বেগ প্রকাশ করে ঘৌড়দৌড়ের কথা বললেন। শুধু ঘৌড়দৌড় নয়, আজকে টি. ভি.-র মেট্রো চ্যানেলে যেসব ছবি দেখানো হয় বিরোধীদলের সদস্যরা তো মাঝে মাঝে তা দেখেন, তারা বুলন তো, সেইসব ছবি কি পরিবারের লোকজনদের নিয়ে দেখা যায়? এ ব্যাপারেও কি আপনারা প্রতিবাদ জানাবেন না? মাননীয় মন্ত্রী মহাশয় খুব জোরাল ভাবে তার বক্তৃতায় এইসব কথা তুলে ধরার চেষ্টা করেছেন। তিনি বলেছেন সমস্ত গণ মাধ্যমগুলোকে আজকে বিদেশি প্রচার সংস্থাগুলির হাতে তুলে দেওয়ার ফলে কিভাবে আমাদের সংস্কৃতি ধ্বংস হচ্ছে। এ নিয়ে তো সকলেরই উদ্বেগ প্রকাশ করা উচিত। আমাদের এই পশ্চিমবঙ্গেই তো রবীন্দ্রনাথ, বিদ্যাসাগর জন্মেছিলেন। সেই সংস্কৃতির জগতের মানুষদের আজকে যেভাবে ঐ মেট্রো চ্যানেল ধ্বংস করার চেষ্টা করছে সেই ঐ ঘোড়দৌড় থেকে শুরু করে অর্ধউলঙ্গ দেহ দেখানোর মধ্যে দিয়ে তার বিরুদ্ধে আমি মনে করি সকলের প্রতিবাদ করা উচিত। এরপর আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আমাদের পশ্চিমবাংলার সিনেমা হলগুলি নিয়ে কয়েকটি কথা বলব। এখানকার সিনেমা হলগুলিতে যাতে বাংলা সিনেমাগুলি প্রাধান্য পায় তারজন্য আইন করেই হোক বা যে কোনও ভাবেই হোক আপনি ব্যবস্থা করুন। আমার মেদিনীপুর জেলার খড়গপুরে এক একটা হল আছে যেখানে বাংলা সিনেমা কোনওদিন ঢোকেই না। কলকাতা শহরেও এরকম অনেক হল আছে যেখানে বাংলা ফিল্ম ঢোকে না। এর পর আমি ভি. ডি. ও. সম্পর্কে কয়েকটি কথা বলব, তবে তার আগে এখানকার সিনেমা হলগুলিতে যাতে বাংলা ছবি দেখানো হয় তার ব্যবস্থা করার জন্য পুনরায় অনুরোধ করব। ভি. ডি. ও. হলগুলি পশ্চিমবাংলার সংস্কৃতিকে একেবারে ধ্বংস করে দিচ্ছে। ব্যাঙ-এর ছাতার মতোন এই ভি. ডি. ও. হলগুলি গজিয়ে উঠছে। তাদের লাইসেন্স আছে কি নেই জানা যায় না। তাদের ধরলে আবার হাইকোর্ট থেকে অর্ডার নিয়ে এসে সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে কাজ করে যাচ্ছে। পুলিশের সঙ্গে এই ভি. ডি. ও. হল মালিকদের একটা যোগসাজস থাকছে। জেলাশহর এবং গ্রামাঞ্চলে এই যে ভি. ডি. ও. হলগুলি রমরমিয়ে ব্যবসা করে যাচ্ছে এটা কি করে বন্ধ করবেন জানি না। কিন্তু এতে আমাদের সিনেমা শিল্প ধ্বংসের দিকে যাচ্ছে।

ভি. ডি. ও.-তে লোকে কম পয়সা দিয়ে দেখে আর নগ্ন ফিল্ম দেখে, ওখানে ব্লু ফিল্মগুলোও দেখানো হয়। ব্লু ফিল্মের যে সমস্ত লাইব্রেরীগুলো আছে তা কলকাতায় এবং জেলা কেন্দ্রেও হয়েছে এই রকম খবর আমরা পাই, এইগুলো সম্বন্ধে খোঁজ নেওয়া উচিত। আমি আপনাকে বলব অনুগ্রহ করে এইগুলো লক্ষ্য দিন এবং সবচেয়ে বড় জিনিস হচ্ছে আজকে বড় ফিল্ম, দৈর্ঘ্য ফিল্ম যেগুলো, সেইগুলো সিনেমা শিল্প, সেইগুলো আজকে আঘাত পাচ্ছে। এই ব্লু ফিল্মগুলো আজকে বহিঃপ্রকাশের জন্য এবং যাতে করে এই ভি. ডি. ও হলগুলোতে—একটা বই আজকে বাজারে প্রকাশ হয়নি, তার আগেই ভি. ডি. ও. ক্যাসেট বেরিয়ে গেছে, ক্যাসেটগুলো তারা দেখাতে আরম্ভ করে। ধরুন কলকাতায় রিলিজ হবার আগেই গ্রামাঞ্চলে সেই সমস্ত ক্যাসেটগুলো দেখানো হচ্ছে, লোকে আপনার কোনও হিন্দি

ফিল্মও, যেগুলো নাম করা ফিল্ম সেইগুলোরও তাই হচ্ছে। সুতরাং এইগুলো আপনাকে লক্ষ্য দেবার জন্য বলব। আর একটা জিনিস বলব পরিশেষে, আপনি তথ্য চিত্র যা করছেন, সেটা খুব প্রশংসার যোগ্য। কিন্তু আমাদের দেশে সিনেমা হলে সিনেমা আরম্ভ হবার আগে গভর্নমেন্টের যে তথ্য চিত্র দেখানো হত, সেইগুলো যাতে করে আবার দেখানো হয় সেই ব্যবস্থা করব, এই বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অনিল চ্যাটার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, এই বাজেট বরাদ্দের দাবিকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধী দলের আনা কাটমোশনকে সমর্থন না করে আমি আমার বক্তব্য শুরু করছি। অনেক কেন'র উত্তর আমি দিতে পারি, সংক্ষিপ্ত সময়ে দেব না। সুদীপবাবু আমাকে কংগ্রেসের লোক বলে দাবি করেছেন, গর্ববোধ করেছি। উনি যদি বলতেন আমি আকালি দলের লোক, তাতেও আমি ক্ষুন্ন বোধ করতাম না। কোনও রাজনৈতিক মঞ্চ নয়, যেখানে আমার অনেকগুলো বিশেষ গুণপনার জন্য আমাকে দেখা না গেছে। আপনারা নিশ্চয়ই হতাশ হন কারণ এখনও ভারত সরকার আমাকে তাদের তিনটে উপদেষ্টা কমিটি থেকে বাদ দেননি। আপনাদের সুপারিশে যদি বাদ দেন তখন গর্ব বোধ করব, এই রকম একটা মানসিকতা নিয়ে আমি আপনাদের সকলকে নিয়ে ঘর করতে পেরেছি। এখানে এসেও এই নূতন সংসারে খুব বেমানান ব্যক্তি হিসাবে এখানে জাহির করতে পারিনি। অতএব যেটা সমর্থন করার, সেটা সমর্থন করব, ধিক্কার জানাবার ক্ষেত্রে আমার হাঁটু কাঁপবে না, দীর্ঘ ৪২ বছর অভিনয় করার সুবাদে অন্তত হাঁটু কাঁপবে না, বাক রোধ হয় না, এই প্রতিশ্রুতি দিয়ে সামান্য দু-চারটি কথা বলব কথাগুলো আপনাদের মনে করিয়ে দেবার জন্য। আপনারা যে জানেন না তা তো নয়, আমাকে ঘন ঘন দেখেছেন সুব্রত মুখার্জি মহাশয়ের অফিসে যেতে, আমার কলাকুশলী কর্মী এবং দুস্থ শিল্পীদের জন্য বারবার গিয়ে অনুরোধ করতাম যে দয়া করে কিছু করুন সুব্রতবাবু। সুব্রতবাবু আমাদের সমস্যাগুলোকে সবে বুঝতে আরম্ভ করেছিলেন, কিছু প্রতিশ্রুতিও দিয়েছিলেন, দুর্ভাগ্য বশত পালা বদল হল, উনার মন্ত্রিত্ব গেল, তার কথা শোনবার সুযোগ আমাদের হয়নি, এবং এই সরকারের সঙ্গেও দীর্ঘদিনের সম্পর্ক, আজকে হঠাৎ করে নূতনভাবে কেন আমাকে বলা হচ্ছে আমি জানি না, যে যখনই যে কোনও সরকার কোনও ভাল কাজ করেছে, তাকে সমর্থন করেছি, সাধুবাদ জানিয়েছি, এটা করার মানসিকতা যদি আমার না থাকত তাহলে আজকে দিল্লি বম্বে দৌড়ে গিয়ে ভারত সরকারের কতকগুলো ইনস্টিটিউশনের উপদেষ্টা হিসাবে কাজ করতে পারতাম না। এইগুলো করার যোগ্যতা হয়েছে আমি একজন সামান্য কর্মী হিসাবে চলচ্চিত্র শিল্পের এবং সাহিত্যে সংস্কৃতির ক্ষেত্রে নিজেকে অত্যন্ত ক্ষুদ্র একজন কর্মী হিসাবে মনে করি। কিন্তু লাগাতার কাজ করেছি, কিছু কাজ নিশ্চয়ই করেছি, সেই সুবাদে যেখানে যখন থাকার আমি থাকি। এটা যদি আমার অপরাধ হয় আমি কিছু করতে পারব না। এটা ঘটে গেছে আমার জীবনে। চলচ্চিত্র শিল্পের দুস্থ কলাকুশলি কর্মী শিল্পীদের অবস্থার কোনও উন্নতি হয়নি, এই কথা সুদীপবাবু বলেছেন। প্রভূত উন্নতি হয়েছে। আগের কংগ্রেস সরকারের আমলে সরকারি খরচে একটা ছবি প্রযোজনার কথা উল্লিখিত হয়েছে। কিন্তু প্রকৃত সত্য তা নয়। এ ব্যাপারে আমি ওদের স্মরণ করতে সাহায্য করছি, ওদের সময়ে 'পথের পাঁচালি'-ও হয়েছিল। অর্থাৎ দুটো ছবি প্রযোজিত হয়েছিল। পরবর্তীকালে বামফ্রন্ট সরকার ৩০-টি ছবি প্রযোজনা করেছে। তার মধ্যে ১৪-টা

ছবি জাতীয় এবং আন্তর্জাতিক স্বীকৃতি ও পুরস্কার পেয়েছে। শুধু তাই নয় কংগ্রেস আমলে ওরা কোনও ছবি সামান্য দামেও বিদেশে বিক্রি করতে পারেননি। ওরা শুনে আনন্দ পাবে যে, এখন যে সব নতুন চিত্র পরিচালক কাজ করছেন, তারা যথেষ্ট যোগ্যতার পরিচয় দিচ্ছেন। তাদের ছবি বিদেশের বাজার পাচ্ছে। এখানে বলা হ'ল,—এই সব ছবির পেছনে যে টাকা ইনভেস্টেড হচ্ছে তার ২৫ ভাগও ফেরৎ আসছে না। এটা সর্বৈব অসত্য।

[3-40 — 3-50 p.m.]

এন. এফ. ডি. সি.-র সঙ্গে আমাদের কোনও বিরোধ নেই। আমরা তাদের সঙ্গে সহযোগিতা চালিয়ে আসছি। এটা কোনও নতুন ঘটনা নয়। এটা নিয়ে আমরা কেউ লজ্জা পাই না, আমরা কারও কাছে কোনও দুঃখ প্রকাশ করি না। এন. এফ. ডি. সি. একটি অটোনমাস বডি। ভবিষ্যতেও আমরা যে কোনও অটোনমাস বডির সঙ্গে, যে কোনও স্টেটের সঙ্গে সহযোগিতা করতে প্রস্তুত।

কলাকুশলী, কর্মীদের ক্ষেত্রে আপনারা জানেন ১৯৮১ সালে ভারত সরকার একটি ওয়েলফেয়ার অ্যাক্ট তৈরি করেছিলেন। তারা যখন ঐ অ্যাক্ট তৈরি করেন তখন কোনও ব্যক্তি বিশেষ বা কোনও রাজনৈতিক দল, বিরোধী পক্ষ, কেউ কোনও রকম বিরোধিতা করেন নি। সেই আইন পাস হয়েছিল, অ্যাক্ট হয়েছিল। সেই অ্যাক্টে অনেকগুলো কথা স্পষ্টভাবে বলে দেওয়া হয় যে, অ্যাক্টটি রূপায়িত হলে আমাদের যে চলচ্চিত্র শিল্পকে ভারত সরকার শিল্প হিসাবে স্বীকৃতি দেননি, তাকে সে স্বীকৃতি দেওয়া হবে। অন্যান্য স্বীকৃত শিল্পের কর্মীরা যে সব সুযোগ সুবিধা পেয়ে থাকেন—ঐ অ্যাক্টে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, চলচ্চিত্র শিল্পের কলাকুশলী এবং কর্মীরাও সেসব সুযোগ সুবিধা পাবেন। কিন্তু আজ পর্যন্ত সে আইন রূপায়িত হয়নি। ফলে আজও গোটা দেশে এই শিল্পে এক্সপ্লয়টেশন চলছে। আইন কার্যকর না হওয়ার ফলে এখনও পর্যন্ত আমাদের দেশে চলচ্চিত্র শিল্পের কলাকুশলি, কর্মীরা শিল্প শ্রমিক হিসাবে কোনও সুযোগ সুবিধাই পান না। এর ফলে যে-সব কলাকুশলী, কর্মীর সন্তানদের স্কুল-কলেজে যাবার কথা ছিল তারা এখন পাশের পাড়ার চায়ের দোকানে চাকরি করছে। কিন্তু এমনটা তো হবার কথা ছিল না।

এ রকম অবস্থায় আমরা দিল্লিতে গিয়ে কাউকে কিছু বোঝাতে পারলাম না। আমরা বার বার দিল্লিতে গিয়ে আইন রূপায়ণের জন্য বলে যখন ব্যর্থ হলাম তখন পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার নিজের থেকে এগিয়ে এসে এখানে কলাকুশলী, কর্মীদের জন্য একটি 'ওয়েলফেয়ার ফান্ড' করলেন। আপনাদের শুনে নিশ্চয়ই ভাল লাগবে যে, ইতিমধ্যেই বামফ্রন্ট সরকার এ ক্ষেত্রে ১০ লক্ষ টাকারও বেশি টাকা ব্যয় করতে পেরেছেন দুঃস্থ কলাকুশলী, কর্মীদের জন্য। প্রায় ৬০০ অ্যাপলিকেশন অ্যাটেন্ড করা গেছে। আজকে এই মুহূর্তে আপনারা বেশি চিৎকার করলে আমি যদি হার্টফেল করে মারা যাই, মিনিট ৬-এর মধ্যে আমার বিধবা স্ত্রী অন্তত পাঁচ হাজার টাকা পাবেন। এটুকু অন্তত বামফ্রন্ট সরকার করতে পেরেছেন। এর জন্য আমরা ভীষণ কৃতজ্ঞ এবং এটাই স্বাভাবিক।

শুধু অনিল চ্যাটার্জিকেই ক্যান্ডিডেট করে ভোটে দাঁড় করানো হয়েছে এবং তিনি এম. এল. এ. হয়েছেন, তাই নয়। বর্তমানে এই শহরের শেরিফ'ও একজন চলচ্চিত্র ব্যক্তিত্ব। অথচ এই মাটিতেই ছবি বিশ্বাস, দুর্গাদাস ব্যানার্জিকে কংগ্রেস রাজত্বে কোনও স্বীকৃতি দেয়

য়েনি। ওরা দেননি। মাঝে মাঝে হয়ত আনন্দ অনুষ্ঠানে ওরা উপস্থিত হয়েছিলেন এবং ওদের গলায় মালা পরিয়ে দিয়েছেন।

এখানে উত্তমকুমারের নাম উল্লেখ করা হ'ল। আমি শুধু শিল্পী সংসদের সভাপতিই নই, কলাকুশলীদের একটা ট্রেড ইউনিয়নেরও সভাপতি, নন্দনের সভাপতি, দিল্লি-বোম্বের বিভিন্ন সংস্থার ট্রাস্টি এবং ভারত সরকারের লেবার মন্ত্রকের উপদেষ্টা। আমাকে এই সব ক'টি সংস্থার কাজ এক সঙ্গে করতে হয়। উত্তমকুমারের জন্য সরকার কি করলেন, না করলেন সেটাই বড় কথা নয়। এর চেয়েও বড় কথা হচ্ছে, তার জন্য অনেক কিছু করা হয়েছে, আরও করা হবে। আমি একটা দুঃস্থ কলাকুশলী সংগঠনের সঙ্গেও যুক্ত। সেখানে আমরা এক পয়সাও সরকারের কাছ থেকে নিই না। কংগ্রেস সরকারের কাছ থেকে নিইনি, এই সরকারের কাছ থেকেও নয়। প্রয়োজন বোধে অনুরূপ আরও সংগঠন গঠিত হতে পারে। কারণ আমরা নিজেরা আমাদের নিজেদের আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, আপনজনদের সুখে দুঃখে পাশে থাকব না, সে রকম পরিস্থিতি বোধ হয় এখনও হয়নি এ দেশে।

সুদীপবাবুকে বলি, উত্তমকুমারের নামে হাসপাতালে একাধিক বেড আছে। তার নামে নিয়মিত বছরে ২ বার ছবি হয়। (এ ভয়েস ঃ—গভর্নমেন্ট কী করেছে?) দুর্গাদাস এবং ছবি বিশ্বাসের জন্য আপনারা কি করেছেন? উত্তমকুমার, অনিলবাবুরা তো পরে এসেছে। আপনারা কী করেছেন স্মরণ করার চেষ্টা করুন, খানিকটা পাপমুক্ত হবেন। এখানে ভি. ডি. ও. পার্লারের কথা উল্লেখিত হয়েছে। এই নিয়ে চলচ্চিত্র শিল্পের তরফ থেকে আমরা বারবার রাস্তায় বেরিয়ে আন্দোলন করেছি, আমাদের প্রযোজকদের সঙ্গে কাঁধে-কাঁধ মিলিয়ে রাস্তায় আন্দোলন করেছি। কেবল টি. ভি. লাইসেন্স দেবার ক্ষমতা ভারত সরকারের। এ ব্যাপারে বিল পার্লামেন্টের রাখা হয়েছে, ডিবেট শুরু হয়নি। আমি জানি, ডিবেট হবে, কেবল টি. ভি.-র লাইসেন্সের ব্যাপারে ফয়সালা হয়ে যাবে। এই ব্যাপারে বামফ্রন্ট সরকারের চিন্তা-ভাবনা করার কথা নয়। তারপর চোলি কা পিছের কথা উল্লেখ করেছেন। এর ছাড়পত্র ভারত সরকার দেয়। বোর্ড অফ সার্টিফিকেশন বামফ্রন্ট সরকারের হাতে নেই। একথা সহজে ভুলে যান কেন? আপনারা অনেকে আছেন এই সার্টিফিকেশন বোর্ডের সদস্য। আমরা তাদের নিয়েই ঘর করি, অজানা তথ্য নয়। এবার নন্দনের কথায় আসি। এই নন্দন নিয়ে আমরা গর্ব বোধ করছি। পৃথিবীর বড় বড় ফিল্ম যোদ্ধারা এই কথা মাটিতে দাঁড়িয়ে বলে গেছেন এইরকম কমপ্লেক্স পৃথিবীতে নেই, এত থিয়েটার, নানারকম কাজকর্ম—এগুলি বাংলার গর্ব। আমি এই কারণে বলছি, এখানে শুধু বাংলার ছবি দেখানো হয় না, ভারতবর্ষের যে কোনও প্রান্তের একজন যদি ভাল চলচ্চিত্র নির্মাণ করে তার ছবিও এখানে দেখানো হয় এবং তাকে ডেকে নিয়ে এসে সম্মানিত করা হয়। সর্বভারতীয় পরিবার গড়ে তুলতে পেরেছি। উড়িষ্যায় কোনও কালার ল্যাবরেটরি নেই। যেসব ফিল্ম সেখানে তৈরি হয় সেগুলি মাদ্রাজে গিয়ে প্রসেসড হয়। আর একটা স্টেটে যদি ৪/৫টি ছবি তৈরি হয় তাহলে সেখানে কালারর ল্যাবরেটরি হয় না, চলতে পারে না। রূপায়ণ একটি মাত্র জায়গা যেখানে ক্যাশ ইন্সেন্টিভ দেওয়া হয়। অবশ্য রূপায়ণে কিছুদিন আগে একটা দুর্ঘটনা ঘটেছিল, যন্ত্রপাতি বিগড়ে গিয়েছিল, সেইগুলি বিদেশ থেকে আনতে সময় লেগেছিল। যারা সেখানে কাজ করছিলেন বা করবেন বলে ঠিক করেছিলেন তাদের মধ্যে অনেকেই এখন ফিরে এসেছেন। যে ত্রুটিগুলি আছে

সেগুলি আমরা স্বীকার করছি। মডার্ন ল্যাবরেটরি যাকে বলা হয় সেটা হচ্ছে রূপায়ণ। আপনি মাদ্রাজে যান, বোম্বেতে যান, একই কথা শুনবেন। হ্যাঁ, ত্রুটি আছে, সংশোধনের অবকাশও আছে। ইন্সেনটিভ বাড়ানোর কথা সরকার চিন্তা করছেন। শর্ট ফিল্ম, ডকু মেন্ট্রির ক্ষেত্রে ইনসেনটিভ দেওয়া হয়। ভি. ডি. ও. কমপ্লেক্স যদি তৈরি হয় তাহলে এটা ভারতবর্ষের মধ্যে প্রথম হবে। জমি নিয়ে একটা ডিসপিউট দেখা দিয়েছে। এই ফিল্ম ইনস্টিটিউট অনেক আগেই হওয়া উচিত ছিল। জমি নিয়ে যদি ডিসপিউট থাকে তাহলে অন্যত্র হবে, যদি না ভারত সরকার পিছিয়ে যায়। বরকত সাহেব যখন রেলমন্ত্রী ছিলেন তখন মেট্রো রেল স্টেশনে উত্তমকুমারের নামে একটা স্ট্যাচু বসবে বলে ঠিক হয় আর টালিগঞ্জের রেল স্টেশনে আমরা দাবি করেছিলাম ছবি বিশ্বাসের নামে হবে, কিন্তু হয়নি।

তিনি মন্ত্রিত্ব হারালেন, মন্ত্রক রইল, কিন্তু প্রাক্তন মন্ত্রীর কোনও সিদ্ধান্তের অন্যথা করলেন না। এমনটি তো হবার কথা নয়, আপনাদের আমলে আপনারা যা সিদ্ধান্ত নিয়েছিলেন বামফ্রন্ট সরকার তো নাকচ করে দেননি, দিলে অনেক কাজকর্ম আটকে যেত। নাগরিক হিসাবে তা আমরা স্বীকার করি, দুর্ভাগ্যবশত মন্ত্রিত্ব গেছে, আমাদের করে নেবার দায়িত্ব এই মানসিকতা আমাদের আছে, নাগরিক হিসাবে তা গোলমাল হবার কথা নয়। আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের শেষে বলছেন দায়ী করা হয়েছে বামফ্রন্ট সরকারকে। আপনারা জানেন না এমন কোনও কমিটি ছিল না যেখানে পশ্চিমবঙ্গ সরকারের রিপ্রেজেন্টেটিভ থাকেনি। কি সিদ্ধান্ত কোথায় হবে কে থাকবে কে থালিগার্ল হবে, দেখেছেন তো থালি হাতে নিয়ে মোমবাতি নিয়ে যিনি নেচেছে তিনি আমাদের পছন্দ করা লোক নয়, আপনাদেরই পছন্দ করা লোক। একটা মিথ্যা প্রচার করে দেওয়া হয়েছে আমরা নাকি শিবাজী গনেশনকে চাই না, কেউ বলেনি। সিদ্ধান্ত নেয় একটা কমিটি, সর্বভারতীয় মানুষ সেখানে থাকেন আমিও ছিলাম, অনেকে ছিলেন, এই কথাগুলি ঠিক নয়। আমি আপনাদের কাছে আবার আবেদন করব প্রথমে বক্তব্য রাখলেন আমি বলতে চাই সিনে ওয়াকারস ওয়েলফেয়ার অ্যাক্ট রূপায়িত হয়নি, ইমপ্লিমেন্ট হয়নি। শ্রদ্ধার সঙ্গে বিরোধীপক্ষের সদস্যদের নীতির কথা বললাম আপনারা এই আইনটা তৈরি করেছিলেন যখন, তখন আমরা কেউ বিরোধিতা করিনি। আমার আলো জ্বলে গেছে, সবুজ সংকেত পেলে এগিয়ে যাবার কথা এখানে নিয়ম অন্যরকম তাই বলছি দয়া করে দেখুন দুস্থ, দুঃখী কলাকুশলীরা যাতে লাভবান হয়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এতক্ষণ ধরে তথ্য এবং জনসংযোগ দপ্তরের বিভিন্ন বক্তার বক্তব্য শুনলাম এবং তার সঙ্গে ইদানিংকালের সরকারি শিল্পী শ্রী অনিল চ্যাটার্জি মহাশয়ের বক্তব্য শুনলাম। আগে বিনোবাভাবেকে সরকারি সাধু বলা হত, এখন একজন নূতন সরকারি চলচিত্র শিল্পী হয়েছেন দেখে ভাল লাগল। কমিউনিস্টরা সব সময়ে শিল্পী কলা-কুশলিদের নৈবেদ্যর উপরে মন্ডার মতো বসিয়ে রাখে। অনিলবাবুকে তাই করেছে। অনেক কথা উনি বলেছেন, আমরা জানি উনি এই ফোরামের নন, বক্তৃতা দেবার অভ্যাস নেই। উনি কটা কমিটির মেম্বার কি কি করেছেন বলতেই সময় লেগেছে। অনিলবাবু আলোচনার বিষয়বস্তু নয়, পশ্চিমবঙ্গ সরকার কি করেছেন? বলার মধ্যে বললেন আমি অনিল চ্যাটার্জি মরে গেলে আমরা স্ত্রী ৫ হাজার টাকা পাবেন। উনি এতেই সন্তুষ্ট। আমি জানি না এত সহজে সন্তুষ্ট

হওয়া সহজ কিনা? ১৩ বছর ধরে একটা ফান্ড তৈরি করে ১০ লক্ষ টাকা পেয়েছেন এবং আমি দেখছি মাননীয় রবীন দেব মহাশয় একটু উত্তেজিত হচ্ছেন, অনিলবাবুর নির্বাচনে জেতার পিছনে ওর একটা ভূমিকা ছিল, সাইলেন্ট রিগিং হয়েছিল। ১৯৮১-৮২ সাল থেকে ১৯৯৩-৯৪ পর্যন্ত ১০ লক্ষ খরচ হিসাবে একটা বিরাট অ্যাচিভমেন্ট মনে করছেন। আমি মূল বক্তব্যে আসছি অনিলবাবুকে ছেড়ে কান্তিবাবুকে নিয়ে পড়ি। প্রথমে ওকে অভিনন্দন জানাই উনি বোধ হয় গিনেস বুকে নাম তুলেছেন, প্রথমে বিধানসভার সদস্য না হয়ে ৬ মাস মন্ত্রী ছিলেন, তারপর চলে গিয়ে আবার রিভাইব করে এলেন, এজন্য ওকে স্বাগত জানাই।

(গোলমাল)

এইভাবে আপনারা যদি আমাকে বলতে না দেন তাহলে মন্ত্রীর একটা কথাও আপনাদের শুনতে দেব না।

(গোলমাল)

রবীন দেব, আপনাকে বলছি, জ্যোতিবাবু যখন বলবেন তখন একটা কথাও আপনাদের শুনতে দেব না। আমার সাথে এই রকম করবেন না, আর যার সাথে করুন করবেন। তপন হোড়, আপনার মাথা ফাটিয়ে দিয়েছে, আপনি আবার [*] করছেন? এই ভাবে [*] করবেন না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** দালালি কথাটা বাদ যাবে।

**শ্রী সৌগত রায় ঃ স্যার,** আমি বুঝতে পারছি বামপন্থীরা খুব উত্তেজিত এবং নূতন মন্ত্রী এসেছেন, তাকে সমর্থন করতেই হবে। আমি প্রথমে এই তথ্য এবং সম্প্রচার দপ্তরের যে বাজেট এসেছে তার বিরোধিতা করছি এবং আমাদের আনা কাট মোশনের সমর্থন করছি। এই দপ্তরের বাজেট খুব কম, মাত্র ১৭ কোটি ১৯ লক্ষ টাকা। আগের থেকে বেড়েছে। সবটা যদি দেখি এর যে মূল হেড, ৩৮ নম্বর হেডে দেখতে পাচ্ছি বেশির ভাগ টাকা নন-প্ল্যানে চলে যাচ্ছে। মূল হেডে টাকার পরিমাণ হচ্ছে ১৫ কোটি ৯৪ লক্ষ টাকা তার মধ্যে ১৪ কোটি ৩৭ লক্ষ টাকা হচ্ছে পরিকল্পনা বহির্ভূত খাতে এবং নূতন কাজ করার জন্য আছে মাত্র ১ কোটি ৫৬ লক্ষ টাকা। এই টাকা দিয়ে তথ্য এবং জনসংযোগ এবং সংস্কৃতির কাজ খুব বেশি করা যায় না এটা সবাই বুঝতে পারবেন। আমরা তথ্য সম্প্রচার সম্পর্কে খুব সজাগ। রবীন্দ্রনাথ ঠাকুরের এই ব্যাপারে কিছু বক্তব্য ছিল, সেটা আমরা বিশ্বাস করি, বামপন্থীরা এটা বিশ্বাস করে না। তথ্যের ব্যাপারে রবীন্দ্রনাথ বলেছিলেন ;

"চিত্ত যেথা ভয়শূন্য,  
উচ্চ যেথা শির,  
জ্ঞান যেথা মুক্ত, যেথা গৃহের প্রাচীর,  
আপন প্রাঙ্গন তলে দিবস শর্বরী,  
বসুধারে রাখে নাই খন্ড ক্ষুদ্র করি,

Note * Expunged as ordered by the Chair.

যেথা বাক্য হৃদয়ের উৎস মুখ হতে,
উচ্ছ্বসিয়া ওঠে, যেথা নির্বারিত স্রোতে
দেশে দেশে দিশে দিশে কর্মধারা ধায়
অজস্র সহস্রাধিক চরিতার্থ তায়
যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
বিচারের স্রোতপথ ফেলে নাই গ্রাসি—
পৌরুষের করেনি শতধা।"

কমিউনিস্টরা হচ্ছে মানুষের গলাকে চেপে ধরে, মানুষের বক্তব্যকে চেপে দেয়, সাপ্রেস করে সেই জন্য সারা পৃথিবীর ইতিহাসে দেখুন ৭০ বছরের কমিউনিস্ট শাসনে সোভিয়েত ইউনিয়নে নূতন করে সংস্কৃতি তৈরি হয়নি। এখানেও কমিউনিস্টরা সেই কাজ করার চেষ্টা করছে। কিন্তু সীমিত ক্ষমতা, এই সীমিত ক্ষমতা নিয়ে একটা রাজ্যের মধ্যে ওদের সবটা চেপে দেবার ক্ষমতা নেই। যেখানে সুযোগ পাচ্ছে সেখানেই তথ্য এবং সংস্কৃতিকে চেপে দেওয়ার চেষ্টা করছে। তাই বারে বারে মন্ত্রীদের এবং মুখ্যমন্ত্রীর সাংবাদিকদের বিরুদ্ধে বিষোদগার শুনি কোথাও শুনি সাংবাদিকদের আক্রমণ করা হচ্ছে, কোথাও শুনি অসাংবাদিক কর্মীদের আক্রমণ করা হচ্ছে। তারপর দেখলাম রাইটার্স বিল্ডিংসের প্রেস কর্ণার সরিয়ে দেওয়া হল এবং প্রেসের অধিকারকে খর্ব করা হল। ওনারা আসলে সমালোচনা সহ্য করতে পারেন না। সেই জন্য ওরা বশংবদ কিছু সাংবাদিক তৈরি করতে চাইছেন। কিন্তু তারা চাইলেও সাংবাদিকদের বশংবদ করতে পারেন নি। ওরা সংবাদপত্রকে ক্ষুদ্র ক্ষমতায় সামান্য কিছু, ২ কোটি টাকার মতো বিজ্ঞাপন দেন। বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে গণশক্তিকে ডিসপ্রোপোরশনেটলি বিজ্ঞাপন দেওয়া হয়। এই হাউসে আমি এই ব্যাপারে ১০ বার বলেছি, এই ব্যাপারে আর বলে আমার এনার্জি নষ্ট করতে চাই না। ওরা যে ক্ষুদ্র সেটা বারে বারে ছোট ছোট অ্যাকশনের মাধ্যমে ওরা দেখিয়েছেন। বামপন্থীদের বক্তব্য শুনলাম, সবার মধ্যে যেন গেল গেল রব। সব অপসংস্কৃতি এসে যাচ্ছে বিদেশ থেকে এম. টি. ভি. এবং অন্যান্য কি কি চ্যানেলের মাধ্যমে ওরা খুব ভয় পাচ্ছে। আমার বক্তব্য খুব সহজ। বিজ্ঞান এবং কারিগরি অগ্রসর হচ্ছে, তাকে চেপে রেখে দেওয়া যাবে না। চিন বি. ভি. সি. বন্ধ করে দিয়েছে, এখানকার বামপন্থীরা চাইবে বিদেশি টি. ভি. বন্ধ করে দিতে, এটা সম্ভব নয়। যদি টি. ভি.-কে মানুষের কাছে পৌছতে হয় তাহলে আমাদের দূরদর্শনের আরও বেটার প্রোগ্রাম প্রডিউস করতে হবে। আমি এই কথা বলব বিদেশের যে কোয়ালিটি অফ প্রোগ্রাম সেটা আমাদের দূরদর্শন মিট করতে পারে না।

[4-00 — 4-10 p.m.]

ইন কোয়ালিটি অব প্রোগ্রাম—মানুষকে জোর করে প্রোগ্রাম দেখানো যায় না। তাহলে সোভিয়েত ইউনিয়নে এতবড় আপহিভ্যাল হত না। মানুষের কাছে অ্যাপিল করতে হয় বেটার নিউজের জন্য, না হলে তারা সি. এন. এন.-কে দেখবে। কান্তিবাবু, তাই বলছি, আপনি বেটার নিউজ না করলে সি. এন. এন.-কে বন্ধ করতে পারবেন না। আপনি জোর করে যা করার কথা ভাবছেন আমরা তার বিরুদ্ধে। ভারতবর্ষের দূরদর্শনের প্রোগ্রামে এবং নিউজে যা দেখানো হয় তাকে আন্তর্জাতিক মানে নিয়ে আসতে হবে। তারজন্য যে রেভোলিউশন দরকার তা করতে হবে। একটা খুব সহজ কথা 'কালচার'—এই কথা আপনারা বলেন। আবার এই কমিউনিস্টদের মুখে শুনি অপসংস্কৃতির কথা। এই কমিউনিস্টদের মুখে এই অপসংস্কৃতির কথা মানায় না। কারণ এদের দুটো মুখ, ইউ আর টু ফেসড। আপনাদের দুটো মুখ থাকে, এক মুখে বলছেন গেল গেল·আবার অন্যদিকে টাকা তোলার জন্য ভিডিও পার্লারগুলোর উপরে ট্যাক্স বাড়িয়েছেন। আপনাদের নীতি হল ইফ ইউ ক্যান নট বিট দেম, জয়েন দেম। এগুলোকে যখন আপনারা বন্ধ করতে পারছেন না, তখন এদের কাছ থেকে কত টাকা তোলা যায় তার জন্য চেষ্টা করছেন—চেষ্টা করছেন রেস কোর্স থেকে কত টাকা তোলা যায়, ক্যাবারে থেকে কত টাকা তোলা যায়। আপনাদেরই মন্ত্রিসভা থেকে এটা করছেন, আর এখানে মাঝে মাঝে শেখানো বুলি, কালচারের কথা বলে গেল গেল রব তুলছেন। সুস্থ সংস্কৃতি এইভাবে গেল গেল রব তুলে করা যায় না। যদি মনে হয় সংস্কৃতি খারাপ, তাহলে তার পাশাপাশি একটা প্যারালাল সংস্কৃতি তৈরি করতে হবে। আপনারা ১৭ বছর ক্ষমতায় আছেন, এতগুলো বছরে বামফ্রন্ট সরকার কি করেছেন? সরকারি শিল্পী অনিল চট্টোপাধ্যায়কে ভাড়া করে সরকারি প্রযোজনা করা যায় না, তাতে শিল্প তৈরি হয় না, সাহিত্য তৈরি হয় না, সংস্কৃতি তৈরি হয় না, পৃথিবীর কোথাও তৈরি হয়নি। কমিউনিস্টরা পৃথিবীর কোথায় অবদান রাখতে পেরেছে? আপনারা এখানে যখন ক্ষমতায় ছিলেন না তখন এখানে আই. পি. টি. এ. হয়েছিল। ক্ষমতায় ছিলেন না, তখন একটা অ্যাডভার্স সিচুয়েশনের মধ্যে—সেই সময়ে কমিউনিস্ট পার্টি নিষিদ্ধ ছিল—আই. পি. টি. এ. হয়েছিল। তাই এসেছিল কাইজি আমেদ, খাজা আব্বাস, সলিল চৌধুরি থেকে আরম্ভ করে সুচিত্রা মিত্র, দেবব্রত বিশ্বাস, জ্যোতিরিন্দ্র মৈত্র। এ সবই আই. পি. টি. এ.-র প্রোডাক্ট। ১৭ বছর ক্ষমতায় থেকে আপনারা কি দিতে পেরেছেন? আপনারা ১৭ বছরে বামফ্রন্টের আমলে আমাদের একজন নতুন প্রোডাক্ট দিতে পারেননি, দিতেও পারবেন না। সরকারি প্রযোজনায় শিল্প তৈরি করা যায় না। আপনি বলেছেন যে আপনারা ৩০টি ছবি তৈরি করেছেন। এখানে বুদ্ধদেববাবু যখন সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ছিলেন তখন যারা যারা বামপন্থী ছিলেন, তারা এসে তার কাছ থেকে টাকা নিয়ে চলে গেছেন। কিন্তু সবই জলে গেছে। উৎপল দত্তের 'ঝড়' রিলিজ হয়নি। শেখর গাঙ্গুলির 'মা' রিলিজ হয়নি। শ্যাম বেনেগালের 'আরোহন' রিলিজ হয়নি। শ্যাম বেনেগালের এত ছবি চলে

অথচ এটাকে বের করা গেল না। এই টাকা কার টাকা? রাজ্যের মানুষের টাকা। আপনারা ভেবেছিলেন একটা প্যারালাল ফিল্ম তৈরি করবেন, একটা সংস্কৃতি তৈরি করবেন—একটাও করতে পেরেছেন? আপনি যেটা করতে পারতেন—একজিবিশন করা, একটা প্যারালাল চ্যানেল তৈরি করা ইত্যাদি। ১৭ বছরে এই সমস্ত করতে পারলেন না। আপনি বাংলা ছবি দেখাবার ব্যবস্থা করবেন বলেছিলেন। কিন্তু আপনারা যেটা পারতেন, একটা একজিবিশন হল করে রাজ্য সরকার ইনফ্রাস্ট্রাকচারাল সাপোর্ট দিতে পারতেন। এটা করতে পারলে বাংলা ছবি চলতে পারত। কিছু বাংলা ছবি আজকে হয়েছে, কিন্তু সেগুলো মানুষ দেখে না। জোর করে বাংলা ছবি মানুষকে দেখানো যায় না। মানুষকে দেখাতে গেলে ভাল ছবি করতে হয় যাতে তা দেখে তাদের মনোরঞ্জন হয়। এমন ছবি করলে চলবে। কিন্তু তারজন্য, ছবির মনোন্নয়নের জন্য সরকারের সাপোর্ট করতে হবে। তা না করে সরকার নিজে ছবি তৈরি করবে, এইভাবে ছবি করে কোনও ইন্ডাস্ট্রি চলতে পারে না, কোনও শিল্প চলতে পারে না, কোনও সংস্কৃতি গড়ে উঠতে পারে না। আপনারা শিল্পের মনোন্নয়ন করতে পারেন নি। এখানে আপনাদের বেসিক ফ্যালাসি যে, ইনফ্রাস্ট্রাকচার বানিয়েছেন, 'নন্দন'-এর কথা বলেছেন। তাছাড়া অন্য কোনও ইনফ্রাস্ট্রাকচার আপনারা তৈরি করতে পারেননি। যা করতে পেরেছেন তা খুবই মাইনিউট, খুবই ইনসিগনিফিক্যান্ট। আপনাদের জেলায় জেলায় যে ইনফ্রাস্ট্রাকচার আছে, কতকগুলো রবীন্দ্রভবন আছে, আর কলকাতায় আছে 'গিরিশ মঞ্চ', 'মধুসূদন মঞ্চ', 'শিশির মঞ্চ' আর একটা হচ্ছে নন্দন কমপ্লেক্স। আপনারা সুস্থ সংস্কৃতির জন্য কি ইনফ্রাস্ট্রাকচার তৈরি করেছেন? আপনারা দাবি করেন যে একটা একাদেমি করেছেন—নাট্য একাদেমি করেছেন এবং সংগীত একাদেমি করেছেন। কিন্তু আপনারাই বলুন, নাট্য একাদেমি বা সংগীত অ্যাকাদেমি থেকে কোনও ব্রাইট শিল্পী বেরিয়ে এসেছে? কারেন্ট কালচার থেকে কোনও পপুলার শিল্পী বেরিয়ে এসেছে? কালচারের নিয়মই হচ্ছে ইট ফলোস ইটস ওন রুটস। জোর করে এটা রাতারাতি ইমপোজ করতে পারবেন না। আজকে অনেকেই সুমনের গান শুনছে, আবার নচিকেতার গানও শুনছে। কিন্তু পচা গান কেউ শুনছে না। আবার দু'দিন বাদে এরাও চলে যাবে। আগে অনুপ জালোটার গজল চলত।

তারপরে পঙ্কজ উদাসের ভজন এবং গজল যেমন এক সময়ে খুব ভাল চলত, এখন যেমন তার দুটোর কোনওটাই চলে না। আসলে এটাকে ইনফ্লুয়েন্স করার ক্ষমতা আপনাদের নেই। এক সময়ে যেমন বিটলস চলত, ৮০ সালেতে যেমন মাইকেল জ্যাকসন চলত তেমনি এখন অন্য কিছু চলছে। এই চেঞ্জগুলো যেমন হচ্ছে হোক কিন্তু এর পাশাপাশি যদি কিছু পার্মানেন্ট কালচার ভ্যালু আপনারা ধরে রাখতে পারে দ্যাট ক্যান অ্যাট প্রেজেন্ট বুল ওয়ার্ক। কত আর্টিস্ট তো এল গেল, রবীন্দ্র সঙ্গীত কেন এখনও থেকে গেল এবং কেন থেকে গেল বাংলার সেই পুরনো গানগুলো বলতে পারেন? রামকুমারের পুরনো গানগুলো নতুন করে

রিভাইভ করতে গেলে কি সরকারি সাহায্যের দরকার হত—তা নয়, তার কারণ যদি কালচারের মধ্যে পার্মানেন্ট অ্যাসথাটিক ভ্যালু থাকে তবেই তা বেঁচে যাবে। সেটা তো সরকারি সমর্থনের উপরে নির্ভর করবে না। এইসব সহজ সত্য না বুঝে আপনারা একটা ন্যারো পারসিয়ান অ্যাঙ্গেল নিয়ে কালচারটাকে দেখার চেষ্টা করছেন। সেই কারণে আমি আপনাদের জিজ্ঞাসা করি—রাজ্য সরকার তো ৪-টে প্রাইজ দেয় (১) দীনবন্ধু প্রাইজ, ১টা আলাউদ্দিন প্রাইজ, ১টা গগনেন্দ্র প্রাইজ এবং ১টা লালন প্রাইজ। 'দীনবন্ধু' প্রাইজ তাপস সেন, যিনি লাইটের জগতে বিপ্লব এনেছিলেন। তবে শুধুই আগমার্কা বামপন্থী। আলাউদ্দিন প্রাইজ পেয়েছেন শম্ভু ভট্টাচার্য, যিনি কথক নাচের, রাণার নাচে বিখ্যাত। পুরনো গণ নাট্যের মেম্বার, আগমার্কা বামপন্থী। গগনেন্দ্র প্রাইজ—সোমনাথ হোড়, দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়ে এবং মন্বন্তরের ভাল ছবি এঁকেছেন, আগমার্কা সি. পি. আই. কিছুটা সি. পি. এম. ঘেঁষা। আর লালন প্রাইজ তো চাইমুদ্দিনকে দিয়েছেন। এই ৪-টের মধ্যে একটাকেও কি আন কমিউনিস্টকে দেওয়া যেত না? নাটকের প্রাইজ দেওয়ার ক্ষেত্রে মনোজ মিত্র, যিনি আপনাদের সমালোচনা করেন, তাকেও তো প্রাইজ দিতে পারতেন? আসলে আপনাদের দৃষ্টিভঙ্গির অভাব আছে এবং সব জিনিসটাকেই ন্যারো দৃষ্টিভঙ্গি নিয়ে দেখেন। আপনারা একটা প্রাইজ দেখান তো নন কমিউনিস্টকে দিয়েছেন? আপনাদের কোনও দৃষ্টিভঙ্গি নেই, ইউ আর সিম্পলি মিসিং ইন দ্যাট অ্যাঙ্গেল অলটুগেদার। আপনারা তো গণনাট্যের ৫০ বছর করলেন। আপনাদের লজ্জা করে না গণনাট্যের ৫০ বছরের সঙ্গে একটা পর্যটন উৎসব জুড়ে দিলেন। একই জায়গায় সুভাষ চক্রবর্তীকে দিয়ে টাকা তোলালেন কারণ তা না হলে গণনাট্য উৎসব হবে না। এবং গণনাট্য উৎসবের শেষ হল পর্যটন দিয়ে, তাতে চলি কা পিছে কেয়া হ্যায়, এই গান দিয়ে শেষ করা হল। 'চলি কা পিছে কেয়া হ্যায়' লোকে দেখবে কি দেখবে না সেটা আমি আপনাদের বক্তৃতা দিয়ে ডিটারমিন করতে পারব না। লোকের ভাল লাগলে এনটারটেন ভ্যালু থাকলে সেটা দেখবে। আবার পর্নোগ্রাফি হলেই বা ব্লু ফ্লিম হলেই লোকে দেখবে না এটা ঠিক নয়, কারণ ডেনমার্কে ২০ বছর আগেই এই পর্নোগ্রাফি লিগ্যালাইজ করা হয়েছিল। কিন্তু তারমানে এই নয় যে ডেনমার্কে শুধু পর্নোগ্রাফি চলে। ওরা ভাল ছবি করতে পারে। সুতরাং রেস্ট্রিকশন করে কালচারের উপরে তা সব সময়ে প্রয়োগ করা যায় না। আজকে মানুষকে বাকরুদ্ধ যে করা হচ্ছে আমাদের তা করা সম্ভব নয়। ডেমোক্রেটরা কমিউনিস্ট নয়, তারা প্রতিবাদ করবেই। এই কারণেই তসলিমাকে নিয়ে আমি হাউসে বলেছি। রাজনৈতিকভাবে ওয়াইজ কিনা জানিনা বা এটাও বলি না যে, তার সঙ্গে সব ব্যাপারে একমত, কিন্তু একটি লোককে শুধু লেখার জন্য তার হাত বন্ধ করে দেবে এটাও ঠিক নয়।

সুতরাং আমি যেকথা বলছিলাম তারই পুনরাবৃত্তি করে আবার বলছি যে, পপ কালচারকে বাঁচাতে হবে। 'ছৌ'-কে, 'কুম্ভিরা'-কে 'ভাওয়াল'-কে এবং বাউলকে বাঁচাতে হবে। আপনারা

এগুলো বাঁচান। আপনারা সার্পোটিং নয়। জয়দেবের কেন্দুলিতে যে মেলা হয় সেটা আপনারা অরগ্যানাইজ করুন, স্থানীয় লোকেদের নিয়ে অরগ্যানাইজ করুন। সুদীপ, যে মেলাগুলোর কথা বললেন সেগুলো কি আপনারা অরগ্যানাইজ করেছেন? স্থানীয় লোকেদের নিয়ে অরগ্যানাইজের ব্যবস্থা করুন। আপনারা কি জেলায় গিয়ে পার্টির লোকেদের দিয়ে এবং নিজেদের কিছু লোক দিয়ে একটা সাংস্কৃতিক মেলা করলেন, তাতে কেউ যায় নি। আপনারা জানেন না ইউ ডু নট নো হাউ ব্যাডলি অ্যাটেনডেট ইয়োর প্রোগ্রাম। সেইজন্য কান্তিবাবুকে বলব, আপনাদের অ্যাপ্রোজ চেঞ্জ করুন। আমি বারে বারে এই হাউস থেকে বলেছি 'বসুমতি' কাগজটা কলকাতার থেকে প্রকাশনা যে বন্ধ হয়ে গেছে ইট ইজ আনওয়াইজ ডিসিসন। আমি কান্তিবাবুর সঙ্গে দেখা করেছি এবং তাতে বলেছি যে শিলিগুড়িতে বসুমতি চলছে না এবং এই বসুমতি কাগজ আমরাই অধিগ্রহণ করেছিলাম It should be তাকে আপনারা এখান থেকে সরিয়ে দিলেন। আপনারা চিট ফান্ডের বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছেন খুব ভাল করেছেন। এই দুটি কাগজ যে এরজন্য বন্ধ হয়ে গেল, তার মালিকরা অন্যায় এবং চুরি করার জন্য ব্যবস্থা নিয়েছেন ঠিক করেছেন কিন্তু এর সাংবাদিকদের কি হবে সেটা ভেবেছেন কি? অনিলবাবু তো এঃ চিৎকার করলেন কিন্তু এই পশ্চিমবঙ্গের সাংবাদিকদের জন্য একটা রিলিফ ফান্ড এই সরকার তৈরি যাতে করেন তারজন্য তো বললেন না। ৫ হাজার টাকা একটা শিল্পী মরে গেলে তার পরিবার পাবে কিন্তু একজন সাংবাদিক কাজ করতে করতে যদি না খেতে পেয়ে মরে যায় তার ক্ষেত্রে কি ব্যবস্থা নেবেন সেই ব্যাপারে তো কোনও বামপন্থীও তো একটি কথাও বললেন না। যে কাগজ বন্ধ হয়ে যায় তার মালিক বেঁচে যায় কিন্তু শেষ পর্যন্ত গরিব সাংবাদিকরাই কিছু পায় না। সেইজন্য আমি আপনাকে বলছি যে, যে কায়দায় আপনারা এই বাজেট এনেছেন তার আমি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যে বাজেট এখানে উত্থাপন করেছি, সেই বাজেট বির্তকে সরকার পক্ষের যে সকল মাননীয় সদস্যগণ আমার এই বাজেট প্রস্তাবকে সমর্থন করেছেন আমি তাদের ধন্যবাদ জানাচ্ছি। বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ বাজেট বির্তকে অংশগ্রহণ করে কিছু কথা বলেছেন। আমি বিনীতভাবে সেইসব কথার সম্পর্কে কিছু বলব, আমার মূল বক্তব্যে যাওয়ার আগে আমি একটি প্রচলিত প্রথার ব্যতিক্রম ঘটিয়ে আপনার অনুমতি নিয়ে বিরোধী পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব এসেছে, পরে সময়ের অভাবে তার উত্তর দেওয়া সম্ভব নাও হতে পারে, সেই জন্য সেই সম্পর্কে আমি আমার মতামত এখানে প্রকাশ করছি। যেহেতু ছাঁটাই প্রস্তাব বিরোধী পক্ষের একটা মৌলিক সংসদীয় অধিকার, সেই অধিকার তারা এখানে প্রকাশ করেছেন, সেই সম্পর্কে আমি আমার বক্তব্য আপনার মাধ্যমে এখানে নিবেদন করছি। বিরোধী পক্ষ থেকে যে ছাঁটাই প্রস্তাব এখানে এসেছে তার মধ্যে একটি কথা বলা হয়েছে, প্রথমে বলি, সৌগতবাবু বলেছেন যে বিভিন্ন স্তরে সরকারি কাজে বাংলা ভাষা ব্যবহারে অক্ষমতা। এই ব্যাপারে একটি কথা এখানে উল্লেখ করতে চাই, '৭৭ সালে পশ্চিমবাংলার তৈরি হয়নি, '৪৭ সালে তৈরি হয়েছে এবং পশ্চিমবাংলা ভারতবর্ষের একটি মাত্র রাজ্য নয়, পশ্চিমবাংলার মতো আরও ২৫টি রাজ্য আছে। এই দৃষ্টিভঙ্গির কোণ থেকে আমরা যদি বিষয়টি ভাবি, আমি কি সৌগতবাবুর দৃষ্টি আর্কষণ করতে পারি, পশ্চিমবঙ্গ সরকার '৬০ সালে অফিসিয়াল ল্যাঙ্গুয়েজ বিল পাস করেছিল, বাংলা ভাষা সরকারি কাজে ব্যবহার করা হবে। এই আইন পশ্চিমবঙ্গ সরকার পাস করেছিলেন। তার পরে ১২ বছর তো আপনারা সরকারে ছিলেন, কতটা কার্যকর করেছেন? কিন্তু সেটা আমার কৈফিয়ৎ নয় আমার যা বক্তব্য, আপনারা কি করবেন না করবেন সেটা বাংলার মানুষ জানে। আমাদের যতখানি করার কথা আমরা ততটা করতে পারিনি। আমরা জানি একটা ভাষাকে যদি

সর্বস্তরে ব্যবহার করার হয় তাহলে যে ভাষা কেন্দ্রিক আন্দোলন করা দরকার, যে ভাষায় গণতান্ত্রিক আন্দোলন বাংলাদেশে হয়েছিল, আমাদের দেশে সেই আন্দোলন গড়ে উঠতে পারেনি। সেই আন্দোলনের মধ্যে দিয়ে দীর্ঘদিনের প্রচলিত বিষয়টিকে পরিবর্তন ঘটানো যায়। আমরা বিগত ১৭ বছর ধরে চেষ্টা করছি, কিন্তু সেই গণ আন্দোলন, ভাযাগত গণ আন্দোলন এর তরঙ্গ শীর্ষে দাঁড়িয়ে যে পরিবর্তন ঘটানো যায়, সেই পরিবর্তন এখনও ঘটাতে আমরা পারিনি। খানিকটা সাফল্য অর্জন করেছে, কিছুটা ব্যর্থতা আছে। যে ব্যর্থতা আছে সেটাকে আমরাই কাটাতে পারব। মাতৃভাষাকে ব্যবহার করার ব্যাপারে এটা বলার পরে আপনি ভি. ডি. ও. পার্লার আছে, সেখানে কিছু সেন্সার বই দেখানো হয়, আনসেন্সারড বইও দেখানো হয়, আইন লঙ্ঘন করেই করা হয়। পুলিশের পক্ষ থেকে রেইড করা হয়, গ্রেপ্তার করা হয়, এই সমস্ত কাগজগুলি চলছে। কিন্তু এটা আমাদের জানা উচিত পুলিশের পক্ষ থেকে খালি তৎপরতা দেখিয়ে রাজ্যব্যাপী বা দেশব্যাপী যে সমস্ত ভি. ডি. ও. পার্লার-এ সেখানে যে সমস্ত অশ্লীল বই দেখানো হয়, বেআইনি বই দেখানো হয় তাকে সম্পূর্ণভাবে বন্ধ করা যায় না। নিশ্চয় সরকারের পক্ষ থেকে ভূমিকা থাকবে, কিন্তু এটাকে যদি বন্ধ করতে হয় তাহলে যে সাংস্কৃতিক গণ আন্দোলন দরকার, সেই গণ আন্দোলন সৃষ্টি করবার জন্য আমরা সমস্ত গণ সংগঠন পঞ্চায়েত ও পৌরসভার কাছে আবেদন জানাচ্ছি এবং আমি আশা করব দলমত নির্বিশেষে সমস্ত মাননীয় সদস্যগণ এই বিষয়ে তৎপর হবেন এবং বাংলার সংস্কৃতিকে ধ্বংস করার জন্য যে চক্রান্ত, সেই চক্রান্তকে ব্যর্থ করবার জন্য আমরা সকলের কাছ থেকে সহযোগিতা পাব, এই জন্য এই ছাঁটাই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। আর একটা ছাঁটাই প্রস্তাব এখানে এনেছেন, মাননীয় সদস্য মান্নান সাহেব, এই রাজ্যের সাংবাদিকদের প্রতি হেনস্থা করা হয় ইত্যাদি ইত্যাদি। মান্নান সাহেব গত ডিসেম্বর মাসে সারকারিয়া গঠিত প্রেস কাউন্সিল যে চিঠি আমাদের দিয়েছেন, তাতে পশ্চিমবাংলার সাংবাদিকদের অধিকার, সাংবাদিকদের মর্যাদা এবং রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গির সেই সম্পর্কে ভূয়সী প্রশংসা হয়েছে। প্রেস কাউন্সিলের চেয়ারম্যান সারকারিয়ার কাছ থেকে যে চিঠি আমরা পেয়েছি, যদি এটা জানেন তাহলে সাংবাদিকদের প্রতি আমরা কি ব্যবহার করি সেই সম্পর্কে আপনাদের পক্ষ থেকে এই প্রস্তাব উত্থাপন করতে পারতেন না। আমি বিনয়ের সাথে জিজ্ঞাসা করতে চাই, জরুরি অবস্থার সময়ে সাংবাদিকদের সঙ্গে ভাল ব্যবহার করেছিলেন? ৬৪তম সংবিধান সংশোধনের মাধ্যমে ডিফার্মেশন বিলের নাম করে শুধু বাংলায় নয় ভারতবর্ষের সাংবাদিকদের কণ্ঠ রোধ করার চেষ্টা করেছিলেন।

ভুলে যাবেন কি আপনারা সেইসব কথা? আমি সেইসব আলোচনার মধ্যে যেতে চাই না। সংবাদপত্র এবং সাংবাদিকদের প্রতি যে দায়িত্বশীলতার পরিচয় আমাদের থাকার দরকার, সেই দায়িত্বশীলতা আমাদের আছে। তাই এই ছাঁটাই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। সচিবালয় থেকে প্রেস কর্ণার সরিয়ে নেওয়ার ব্যাপারে বলা হয়েছে। ভারতবর্ষের একটি রাজ্যেও আপনি দেখাতে পারবেন না যে মুখ্যমন্ত্রীর ঘরের কাছাকাছি প্রেস কর্ণার আছে। এমন কি দিল্লিতেও কেন্দ্রীয় সরকারের যে অফিস আছে, সেখানেও কোনও প্রেস কর্ণার কোনও মন্ত্রীর ঘরের সামনে নেই। আমাদের এখানে আমরা সাংবাদিকদের সম্মান দিয়ে বিনয় চৌধুরির ঘরের সামনে নতুন প্রেস কর্ণারে সাংবাদিকদের বসার ব্যবস্থা করেছি। তাই আমি এই ছাঁটাই

প্রস্তাবের বিরোধিতা করছি। পশ্চিমবাংলায় ২৮টি রবীন্দ্রভবন আছে সবগুলি রবীন্দ্রভবনই সরকারি নয়, কিছু বে-সরকারি রবীন্দ্রভবনও আছে। এখানে মাননীয় সদস্য ইয়াকুব সাহেব বলেছেন বারাসাত এবং উলুবেড়িয়া রবীন্দ্রভবনের কথা। এগুলো ব্যক্তিগত উদ্যোগে হয়েছিল। তবে আমরা আমাদের ডিপার্টমেন্টের তরফ থেকে উদ্যোগ নিয়ে এই রবীন্দ্রভবনগুলিকে উন্নত করবার জন্য চেষ্টা করব। তাই এই ছাঁটাই প্রস্তাবের আমি বিরোধিতা করছি। মাননীয় সদস্য দেবপ্রসাদবাবু এবং সৌগতবাবু অপসংস্কৃতির কথা বলেছেন। এই ব্যাপারে দুটো দিক আছে। সংস্কৃতির ক্ষেত্রে সরকারের একটা ইতিবাচক ভূমিকা থাকে, আর অপসংস্কৃতির ক্ষেত্রে সরকারের একটা নেতিবাচক ভূমিকা থাকে। সাংস্কৃতিক কাজকে সরকার উৎসাহিত করবে, আর অপসংস্কৃতির কাজকে সরকার নিয়ন্ত্রণ করবে। কিন্তু কোনও সংস্কৃতিকে সরকার নিয়ন্ত্রণ করুক আমরা এটা চাই না। অপসংস্কৃতিকে নিয়ন্ত্রণ করবার জন্য আমাদের প্রয়াস নেওয়া দরকার। সুস্থ সংস্কৃতির জন্য আমাদের উদ্যোগী হওয়া উচিত। মাননীয় সদস্য সুদীপবাবু এখানে অনেকগুলি বিষয় উল্লেখ করেছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সকল সদস্যর অনুমতি নিয়ে সভার সময় ৩০ মিঃ বাড়ানো হল।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** তিনি উল্লেখ করেছেন সরকারি পক্ষ থেকে সংবাদপত্রগুলোকে কি হারে বিজ্ঞাপন দেওয়া হয়। আমি বিধানসভায় এই প্রশ্নের উত্তর এর আগে দিয়েছিলাম, তবু কেন তিনি আবার এখানে এই প্রশ্ন করলেন আমি জানি না। এই ব্যাপারে একটা ছাঁটাই প্রস্তাবও দেওয়া হয়েছে। আমরা যে হারে বিজ্ঞাপন দিই, সেই রেটটা হল আনন্দবাজারে কলাম সেন্টিমিটার ৩৪০ টাকা ; বর্তমানে ১০৬ টাকা আর গণশক্তি ৮৫ টাকা। ১৯৯৩-৯৪ সালে আনন্দবাজার পত্রিকাকে আমরা বিজ্ঞাপন দিয়েছিলাম ৩৫,৯৯,৮৭৮ টাকার, সেখানে আজকাল বিজ্ঞাপন পেয়েছিল ৩১,৭৬,১৬৯ টাকার, গণশক্তি বিজ্ঞাপন পেয়েছিল ১৯,৬৫,০০০ এবং বর্তমান পেয়েছিল ১৩,৫১,৯০০ টাকা। তাহলে গণশক্তি কি আনন্দবাজারের থেকে বেশি হয়ে গেল? এখানে মান্নান সাহেব অখবর-ই-মুজরিকি পত্রিকার কথা বলেছেন। মান্নান সাহেবকে বলি কোনও পত্রিকা যদি সাম্প্রদায়িকতার ব্যাপারে জঘন্যতম ভূমিকা পালন করে তাহলে তাকে আমরা রাখব কি?

সুদীপবাবু মেলার কথা বলেছেন। আপনি বোধহয় জানেন না, মেলার কথা যেটা আপনি উল্লেখ করলেন, সমস্ত মেলায় আমরা অর্থ সাহায্য করি। নজরুল মেলা থেকে আরম্ভ করে বিভিন্ন মেলায় আমরা সাহায্যে করে থাকি। আপনি যে তথ্যটা দিয়েছেন সেটা ঠিক নয়। আমি আবার বলছি, বিভিন্ন মেলায় আমরা সাহায্য করে থাকি। আপনারা কলকাতার সবুজায়নের কথা বলেছেন এবং রডন স্কোয়ার সম্পর্কে বলেছেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে আমাদের আলোচনা হয়েছে। রডন স্কোয়ারের উপরের অংশটি বহাল রেখে নিচের সাংস্কৃতিক কেন্দ্র হবে। কলকাতার সবুজায়নের প্রতি আপনাদের যদি দরদ তাকে তাহলে নিশ্চয় যখন আমাদের নগর উন্নয়ন দপ্তর নিয়ে আলোচনা হয়েছে তখন সেকথার উল্লেখ করেছেন। আমি আপনাদের বলছি, কলকাতায় সবুজায়ন গত ১৭ বছর ধরে যা হয়েছে আগে তা বিন্দুমাত্র

হয়নি। অতএব সবুজায়নের ব্যাপারে বামফ্রন্ট সরকার যে সচেষ্ট তার প্রমাণ আমরা রাখতে পেরেছি। সত্যজিৎ রায় ফিল্ম ইনস্টিটিউটের বিষয় উল্লেখ করেছেন। এ ক্ষেত্রে জমির একটি ক্ষুদ্র খন্ড নিয়ে বিরোধ আছে, আমরা সেটা মিটিয়ে নেব। কেন্দ্রীয় সরকার আমাকে জানিয়েছেন যে সত্যজিৎ সহযোগিতায় এই কাজ আমরা সম্পূর্ণ করতে পারব। সৌগতবাবু স্টার টি. ভি. এবং সি. এন. এনের বিরোধিতা করতে চাননি। কিন্তু কিছুদিন আগে দিল্লিতে পার্লামেন্টের কমিটি মিটিং-এ কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী পরিষ্কারভাবে বলেছেন যে স্টার টি. ভি., জি. টি. ভি., সি. এন. এন. এই সমস্ত নাম করা যে সমস্ত দূরদর্শন কোম্পানিগুলি আছে তাদের আক্রমণের মোকাবিলা করার জন্য সরকারের পক্ষ থেকে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। এই আশ্বাস সেখানে তিনি দিয়েছেন অথচ আপনি এর বিরুদ্ধাচরণ করছেন না বলছেন। আমরা মনে করি, এই সমস্ত গণ মাধ্যমে বৈদুতিক গণমাধ্যম ভারতবর্ষের আকাশকে লঙঘন করতে চাইছে এবং এগুলি ভারতবর্ষের আকাশে ধূমকেতুর মতোন আবির্ভূত হয়েছে। ভারতবর্ষের সংস্কৃতিকে যদি রক্ষা করতে হয় তাহলে এর বিরুদ্ধাচারণ করে মিলিতভাবে আমাদের এর মোকাবিলা করা উচিত। প্রসার ভারতী সম্পর্কে কয়েকজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন। ১৯৯০ সালে প্রসারভারতী আইন পাস হয়েছে। তার আগে ১৯৭৮ সালে আকাশ ভারতী বিল উত্থাপন করা হয়েছিল কেন? এত অনীহা কেন আপনাদের? প্রসার ভারতী বিল, তাতে অনেক কথা বলা আছে। যদিও সব ক্ষেত্রে আমরা একমত নই, সেখানে আমাদের কিছু সুপারিশ আছে প্রসার ভারতীর ব্যাপারে। তবে তার আগে ১৯৭৮ সালে মোরারজি দেশাই যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন এই আকাশ ভারতী বিল উত্থাপন করা হয়েছিল। ৪ বছর অতিক্রান্ত হয়ে গিয়েছে আইন পাস হওয়ার পর কিন্তু আপনারা সেটা কার্যকর করছেন না। তাহলে কি এটা মনে করে নিতে হবে যে, বিদেশি যে বৈদ্যুতিক আক্রমণ তার কাছে কেন্দ্রীয় সরকার নীতি স্বীকার করবেন? আমরা তো মনে করি যৌতভাবে এই আক্রমণের মোকাবিলা করা উচিত। পুরষ্কারের কথা বলা হয়েছে। এইসব কথা আপনারা না বললেই পারতেন। মাননীয় সদস্য যিনি বলেছেন তিনি তো সংস্কৃতিবান মানুষ। আচ্ছা, অসীমা চ্যাটার্জিকে আমরা পুরষ্কৃত করলাম—তিনি কি বামপন্থী? তিনি কি সি. পি. এমের সমর্থক? বঙ্গাব্দের নতুন শতাব্দী উপলক্ষ্যে ইন্ডোর স্টেডিয়ামের পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে শ্রীমতী অসীমা চ্যাটার্জিকে আমরা বিশেষ সম্মান দিয়েছি। ভবতোষ দত্ত মহাশয়কে পুরষ্কৃত করেছি, সম্মান জানিয়েছি—তিনি কি কমিউনিস্ট পার্টির লোক? মাদার টেরিজাকে পুরষ্কৃত করেছি—তিনি কি বামপন্থী মানুষ? এই সমস্ত কথা আপনাদে.. .. বলাই ভাল। অবশ্য আমরা জানি আপনারা এই সমস্ত কথা বলেন তার কারণ আপনাদের বলার মতো কথা কিছুই নেই। আপনি বললেন, মাত্র ৯/১০ লক্ষ টাকা দেওয়া হয়েছে দুস্থ শিল্পিদের। ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার দুস্থ শিল্পিদের সাহায্য করার জন্য আইন করেছিলেন। একটা টাকাও তারা কি এরজন্য ব্যয় করেছিলেন? ১৯৮১ সালে কেন্দ্রীয় সরকার এ সম্পর্কে আইন করলেও গত ১৩ বছরে কেন্দ্রীয় সরকার দুস্থ শিল্পিদের জন্য একটা পয়সাও ব্যয় করেননি। আমরা ১১ লক্ষ টাকা ব্যয় করেছি সরকারের পক্ষ থেকে আর আপনারা এরজন্য ব্যঙ্গ করছেন? কেন্দ্রীয় সরকার ১ পয়সাও ব্যয় করেননি—এই হচ্ছে আপনাদের ভূমিকা।

(গোলমাল)

যাই হোক, আমি আর এ নিয়ে বিতর্কে যেতে চাই না। পরিশেষে বলব, একটা দেশের অর্থনৈতিক অবস্থা যদি পঙ্গু হয় তাহলে তা মেরামত করা যেতে পারে, একটা দেশের শিক্ষাব্যবস্থা যদি পঙ্গু হয় তাহলে তা মেরামত করার চেষ্টা করা যেতে পারে কিন্তু একটা দেশের সাংস্কৃতিক জীবন যদি ধ্বংস হয়ে যায় তাহলে তাকে পুনরুজ্জীবিত করতে বহু বছর লাগে। বিশ্বের ইতিহাস এই শিক্ষাই আমাদের দেয়।

[4-30 — 4-40 p.m.]

সেই জন্য আজকে ভারতবর্ষের সাংস্কৃতিক জগত যে ভাবে আক্রান্ত হয়েছে, আপনাদের সঙ্গে আমাদের যত রাজনৈতিক ভাবে, আদর্শগত বিরোধ থাকুক না কেন, আমি সমস্ত বিরোধ ভুলে গিয়ে, আমি সমস্ত বিতর্ককে দূরে সরিয়ে রেখে, আপনাদের কাছে আবেদন করব, বিরোধী পক্ষের কাছে আবেদন করব, আসুন যৌথভাবে, মিলিতভাবে শুধু বাংলার সংস্কৃতি নয়, আজকে ভারতবর্ষের সংস্কৃতিকে রক্ষা করবার জন্য আমাদের যৌথভাবে প্রয়াস নিতে হবে। আমি রাজনীতি করতে চাই না, গত দুদিন আগে আমরা কাগজে দেখলাম একজন সম্মানিত মন্ত্রী নিজেকে সংযমি রাখতে না পেরে বিমান সেবিকার সঙ্গে অশ্লীল আচরণ করবার ফলে মন্ত্রী সভা থেকে বরখাস্ত হয়েছে, তিনি কোন দলের লোক আমি তা বলতে চাই না, সেই বিষয়ে আমি যেতে চাই না। কিসের ফসল এটা? আমাদের অবক্ষয়ী সংস্কৃতির বিস্ময় ফল, যে অবক্ষয়ি সংস্কৃতি তার এটা বিষময় ফল, যে অবক্ষয় সংস্কৃতির বিষময় ফল হিসাবে আমাদের এই রাজ্যে একটা কিশোর মা বাবাকে খুন করতে উদ্যত হয়। আমাদের রাজ্যের কিশোর কিশোরিদের মধ্যেও, শুধু ভারতবর্ষে নয়, এই বাংলাতেও কিশোর কিশোরিদের মধ্যে অপরাধ প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। যে সমস্ত সমীক্ষা হয়েছে দিল্লিতে, সমীক্ষায় বলছে দূরদর্শনের ভূমিকা এই বিষয়ে সব থেকে কার্যকর। আসুন ঐক্যবদ্ধ ভাবে কিশোরদের মধ্যে অপরাধ প্রবণতা, শিশুদের মধ্যে অপরাধ প্রবণতা, সম্মানিত ব্যক্তিদের মধ্যে পর্যন্ত অপরাধ প্রবণতা, এই অপরাধ প্রবণতাকে যদি মোকাবিলা করতে হয়, একটা সরকারের পক্ষে সেটা করা সম্পূর্ণভাবে সম্ভবপর নয়। তার জন্য দরকার আমাদের ব্যাপক সাংস্কৃতিক আন্দোলন তৈরি করা, তার জন্য দরকার আমাদের গণ সংস্কৃতিকে গড়ে তোলা। এই বিষয়ে আমরা আপনাদের কাছে একান্তভাবে সাহায্য চাইব যাতে মিলিত উদ্যোগের মধ্যে দিয়ে এই কাজকে আমরা সমাধা করতে পারি। এখানে যে অর্থের কথা বলেছেন, আমাদের এখানে যে মোট বাজেট, সেই মোট বাজেটের ০.২ অংশের টাকা আমরা তথ্য এবং সংস্কৃতি দপ্তরের জন্য বরাদ্দ রেখেছি এবং নিশ্চয়ই আমাদের সরকারের যে দায় দায়িত্ব আছে, মানুষের প্রতি আমাদের যে কর্তব্য পরায়ণতা আছে, সেই দায়িত্ব প্রতিপালন করতে গিয়ে একটা রাজ্য সরকারের পক্ষে আর্থিক ক্ষমতা যেখানে একেবারে সীমিত, সেখানে আমাদের তথ্য এবং সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে এর বেশি টাকা আমাদের পক্ষে বরাদ্দ করা সম্ভব হয়নি। কিন্তু কেন্দ্রে আমি দূরদর্শন এবং আকাশবাণী বাদ দিচ্ছি, কেন্দ্রের দূরদর্শন এবং আকাশবাণীকে বাদ দিয়ে যে তথ্য দপ্তর এবং সংস্কৃতি দপ্তর, যেটা মানব বিকাশ বিভাগের অধীনে আছে, সেই তথ্য এবং সংস্কৃতি বিভাগের জন্য কেন্দ্রীয় সরকারের যে বরাদ্দ, তাদের যে মোট বাজেট, সেই মোট বাজেটের ০.১ শতাংশ সেখানে বরাদ্দ করেছে। আর আমরা ছোট্ট রাজ্য সরকার সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে থেকে আমরা ০.২ শতাংশ আমরা তথ্য এবং সংস্কৃতি দপ্তরের

ন্য বরাদ্দ করেছি, যদিও এই টাকা যথেষ্ট নয়। কিন্তু আমাদের বিভিন্ন দায় এবং দায়িত্ব তিপালন করবার জন্য এই বিভাগের জন্য প্রয়োজনীয় যে অর্থ, সেই অর্থ আমরা দিতে ারিনি। আমরা চাই আমাদের অর্থের পরিমাণ যাই থাকুক না কেন, সেই অর্থের সাথে যাতে ণ উদ্যোগ সৃষ্টি করতে পারি, গণ সচেতনতা তৈরি করতে পারি এবং ব্যাপক মানুষকে ঙ্গে নিয়ে ন্যস্ত দায়িত্ব যাতে যোগ্যতার সঙ্গে পালন করতে পারি সেই উদ্যোগকে আমরা তরি করতে চাই এবং সেই সৃজনশীলতার মধ্যে দিয়ে আমরা ন্যস্ত দায়িত্ব পালন করতে ই। চলচ্চিত্র শিল্পের কথা যেটা বলেছেন যে বাংলা চলচ্চিত্র শিল্পের ক্ষেত্রে সংকট আছে। টা ঠিকই বাংলা চলচ্চিত্র শিল্পকে সুবিধা দেবার জন্য আমরা এন্টারটেনমেন্ট ট্যাক্স, অ্যামিউজমেন্ট াক্স, বিভিন্ন রকম ট্যাক্সের ক্ষেত্রে আমরা অনেক সুযোগ দিয়েছি। একটা উদ্যোগ আমরা িয়েছিলাম, আমার যিনি পূর্বসুরি ছিলেন, মাননীয় বুদ্ধদেব ভট্টাচার্য মহাশয়, তিনি উদ্যোগ িয়েছিলেন যে কতকগুলো হলে যেখানে বাঙালি অধ্যুষিত এলাকা, সেখানে সম্পূর্ণভাবে াংলার ছবি দেখানোর জন্য কোনও ব্যবস্থা করা যায় কি না। কিন্তু আমরা দেখেছি, আমরা িল্লির সঙ্গে যোগাযোগ করে দেখেছি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এই অনুমতি পাওয়া াবে না। ফলে সেই উদ্যোগ নেওয়া সত্ত্বেও আমরা এটাকে কার্যকর করতে পারিনি। কিন্তু াংলা চলচ্চিত্রকে একটু জনপ্রিয় করবার জন্য, তাদের খরচ কমানোর জন্য, তার টিকিটের াম কমানোর জন্য আমরা ট্যাক্সের ক্ষেত্রে কিছু কনসেশন দিয়েছি, যেমন নেপালি ভাষার াধ্যমে যে চলচ্চিত্র সেখানে আমরা কিছু কনসেশন এর ব্যবস্থা করেছি যাতে এর মাধ্যমে ই চলচ্চিত্রকে বাংলার ক্ষয়িষ্ণু চলচিত্রকে যাতে আমরা রক্ষা করতে পারি, এদের উজ্জীবিত রতে পারি, শক্তিশালী করতে পারি, তার চেষ্টা আমরা করছি। এখানে একটা প্রসঙ্গ সেছে ভি. ডি. ও. পার্লার সম্পর্কে। কোনও বই যখন রিলিজ হয়, কোনও বই যখন ছাড়া য় তার আগেই হলে সিনেমা দেখানোর আগে সেখানে আমাদের ভি. ডি. ও. ক্যাসেট বরিয়ে যায় এবং তার ফলে চলচিত্র শিল্প মার খায়। এই বিষয়টা আমরা জানি, কিন্তু এই বিষয়টার উপর যদি হস্তক্ষেপ করতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এগিয়ে আসতে হবে। সিনেমাগ্রাফি অ্যাক্ট আছে, কপি রাইট অ্যাক্ট আছে এবং সেইগুলোর মধ্যে দিয়ে সেইগুলোকে সংযত করতে হবে। সেই ক্ষেত্রে সেন্ট্রাল বোর্ড অব সার্টিফিকেশন যেটা আছে, সেই সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন সেটাকে কার্যকর করবার জন্য কেন্দ্রীয় সরকারের য নীতি সেই নীতি যাতে কার্যকর করা হয় তার জন্য বলিষ্ঠ ভূমিকা নিতে হবে। শুধু যদি একটা বোর্ড গঠন করা হয়, বোর্ডের পক্ষে থেকে এত বিশাল দেশে কোথায় কোথায় আইন ভঙ্গ করা হচ্ছে, কোথায় কোথায় আইনকে লঙ্ঘন করা হচ্ছে তা দেখা কোনওক্রমে সম্ভবপর য়। সেই জন্য সেন্ট্রাল বোর্ড অব ফিল্ম সার্টিফিকেশন এর যে বোর্ড আছে, তার সিদ্ধান্ত যদি সঠিকভাবে তারা কার্যকর করতে পারে, তার জন্য উপযুক্ত পরিমাণে আমাদের ব্যবস্থা করতে হবে। আর আমি এই প্রসঙ্গকে এইটুকু বলতে চাই, আজকে ফিল্ম এবং দূরদর্শন, আকাশবাণী, এদেরকে যদি সঠিকভাবে পরিচালিত করতে হয়, শুধু বাণিজ্যিক ভিত্তিতে যদি এটাকে পরিচালিত করবার চেষ্টা করা হয় তাহলে সর্বনাশ হবে।

কয়েক দিন আগে পার্লামেন্টে মাননীয় মন্ত্রী কে. পি. সিংদেও মহাশয় বলেছেন, 'এত টাকা আমরা লাভবান হয়েছি।' দূরদর্শন এবং আকাশবাণী আমাদের শক্তিশালী গণমাধ্যম।

শ্রাব্য-দৃশ্যের মাধ্যমে আমরা সমাজে প্রভাব ফেলতে পারি। তাদের মূলধন করে দেশে সংস্কৃতিকে, মূল্যবোধকে উচ্চ-গ্রামে পৌঁছে দেওয়া যায়। সুতরাং তাদের ক্ষেত্রে আমাদের অবশ্য বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি ত্যাগ করতে হবে। কিছু টাকা লাভ করার আশায় সি. এন. এ ইত্যাদির সঙ্গে প্রতিযোগিতায় নেমে যদি ক্রাউড পুলার অশ্লীল ছবি করার দৃষ্টিভঙ্গি নি দূরদর্শনকে ব্যবহার করি, আকাশবাণীকে ব্যবহার করি তাহলে ভারতবর্ষের ভবিষ্যত অন্ধকারাচ্ছ হবে এবং আমাদের সংস্কৃতির জগত, আমাদের জাতীয় জীবন সম্পূর্ণরূপে পঙ্গু হয়ে যাবে আজকে আমরা এই বিপদের মুখোমুখি দাঁড়িয়ে আছি। সেজন্য আমি আমার বাজেট বরাদ্দের সমর্থনে এবং বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতায় শুধু এই কথাই বলব যে, বিতর্ক ছেড়ে দিন, সমালোচনা থাকে করুন, আরও সমালোচনা থাকলে আরও করুন, আমরা ত নিশ্চয়ই মাথা পেতে মেনে নেব।

তারপর বসুমতির কথা বলেছেন। কয়েক মাসে বসুমতির বিক্রি দ্বিগুণ হয়েছে। ৪ হাজার ছিল, বিক্রি ৮ হাজারের উপরে গিয়েছে কয়েক মাসের মধ্যে। বসুমতির বিক্রি আরও বাড়বে। ইতিপূর্বে আমাদের নিউজ প্রিন্টের কোটার কোনও অনুমোদন ছিল না, ফলে খোলা-বাজার থেকে নিউজ-প্রিন্ট কিনতে হ'ত, মাসখানেক আগে দিল্লি থেকে অনুমোদন পেয়েছি, এখন আর খোলাবাজার থেকে নিউজপ্রিন্ট কিনতে হচ্ছে না। এর ফলেও আমাদের লোকসান কিছুটা কমবে। দ্বিতীয়ত সৌগতবাবু জানেন ৩৫ জন কর্মচারী মামলা করে এখানে বসে আছেন, ওখানে কাজে যোগ দেননি, তাদের বসিয়ে মাইনে দিতে হচ্ছে। ফলে খরচ কিছুটা বেড়েছে। আমরা আশা করছি খরচের পরিমাণ কমাতে পারব, লাভজনক হবে। যাই হোক এই দায়িত্বপূর্ণ বিভাগের দায়িত্ব আমরা সকলের সহযোগিতা নিয়ে পালন করতে চাই। সে জন্য আমি সকলের কাছে সাহায্য সহযোগিতার আবেদন জানাচ্ছি। আজকে ভারতবর্ষের সংস্কৃতি এবং মূল্যবোধ যেভাবে আক্রান্ত হচ্ছে তাতে সেই আক্রমণকে ব্যর্থ করার জন্য সং- উদ্যোগ গ্রহণ করার জন্য আমি সকলের কাছে আবেদন জানাচ্ছি। সাথে সাথে আমার বাজেট বরাদ্দের দাবিকে সমর্থন করার আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Saugata Ray, Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee, Shri Prabir Banerjee and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs 17,19,67,000 be granted for expenditure under Demand No. 38, Major Heads : "2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity."

(This is inclusive of a total sum of Rs. 5,73,25,000 already voted on account in March 1994), was then put and agreed to.

[4-40 — 4-50 p.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি আন্ডার রুল ২৯০-এ

য় কোনও ডিসকাশনের সময় বাড়াতে পারেন হাউসের অনুমতি নিয়ে। বি. এ. কমিটির মিটিং-এ বিভিন্ন ডিপার্টমেন্টের আলোচনা করার সময় ফিক্স করে দেওয়া হয়। সেইমতো আমরা টাইম ভাগ করে নিই। আমাদের ৫০ পারসেন্ট টাইম অ্যালট করে দেন আর গভর্নমেন্টের ৫০ পারসেন্ট টাইম অ্যালট করে দেন। বাজেট যেহেতু ছেপে আসছে সেহেতু এই সময়টা আমরা কার্টেল করতে বলেছি। এর পরেও আমরা দেখতে পাচ্ছি, রোজ মন্ত্রী মহাশয় তাদের নির্ধারিত সময়ে বক্তব্য শেষ করতে পারছেন না। চিফ হুইফ তার যে সময় অ্যালট করে দিয়েছেন সেই সময়তে হচ্ছে না, সেইজন্য প্রত্যেকদিন টাইম বাড়িয়ে দেওয়া হচ্ছে এবং অতিরিক্ত সময় মন্ত্রী মহাশয়কে দেওয়া হচ্ছে। এরদ্বারা বিরোধীপক্ষকে ডিপ্রাইভড করা হচ্ছে, বঞ্চিত করা হচ্ছে। এটা একটা ব্যাড নজির সৃষ্টি হচ্ছে। যদি সময় বাড়াবার দরকার হয় তাহলে চিফ হুইফকে বলুন, তিনি বি. এ. কমিটির মিটিং-এ বলবেন যে সময় বাড়াতে হবে। আমাদের যিনি ওপেনার তার যদি বেশি সময় লাগে, তাহলে সেই সময়টা অন্য মেম্বার-এর কাছ থেকে কেটে নেওয়া হচ্ছে। অথচ মন্ত্রী মহাশয়দের কারও সময় কেটে নেওয়া হয় না। এটা একটা খারাপ নজির তৈরি হচ্ছে। এইভাবে অতিরিক্ত সময় বাড়িয়ে একটা অপকৌশল করার, পিছনের দরজা দিয়ে অতিরিক্ত সময় নেওয়া এটা ঠিক নয়। বিরোধীপক্ষকে এইভাবে বঞ্চিত করা হচ্ছে। আপনার প্রোটেকশন চাইছি এবং গভর্নমেন্টের চিফ হুইফকে অনুরোধ করছি এই ব্যাপারটি দেখুন।

**ডেপুটি স্পিকার ঃ** উইথ দি কনসেন্ট অফ দি হাউস আমি টাইম এক্সটেন্ট করেছি। এটা ঠিকই, অনেক মেম্বারস মাঝে মধ্যে এক-আধ মিনিট সময় নেয়। সেইজন্য হাউসের কনসেন্ট নিয়ে টাইম বাড়িয়েছি। এটা ঠিক আছে।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আপনি আমাদের স্পিকারের কাছ থেকে সময় কেটে নিচ্ছেন এই পক্ষ-পাতিত্ব কেন হবে? এটা হতে পারে না।

**ডেপুটি স্পিকার ঃ** আপনাদেরও সময় দেওয়া উচিত এটা ঠিকই। এটা দেখা যাবে।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANT

### Demand Nos. 47, 48, 55 & 58

**Mr. Deputy Speaker :** There is one cut motion to Demand No. 55 by Shri Abdul Mannan. It is in order. Mr. Abdul Mannan may please move this motion.

**Shri Abdul Mannan :** Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে ৪৭, ৪৮, ৫৫ এবং ৫৮ নম্বর এই ৪টি দাবি উপস্থাপন করেছেন মাননীয় মন্ত্রী মহাশয়রা। সবই কৃষি এবং কৃষি বিপণন। আমি এর উপর আমার বক্তব্য রাখছি। প্রথম কথা মাননীয় মন্ত্রী মহোদয়রা আজকে একটা জিনিস পরিষ্কার করে দিয়েছেন। এটা কৃষির বক্তব্য বলে আমরা মনে করি না, এই সরকারের বক্তব্য এটা পরিষ্কার করে দিয়েছে, ইট ইজ মিরর, ওয়েস্ট বেঙ্গল ইজ স্ট্যাগন্যান্ট

এটা তারই প্রতিফলন। এটা কৃষি প্রধান দেশ, কৃষির শেয়ার কত ৪৫ পারসেন্ট, এখন কত ৩৪ পারসেন্ট। মাননীয় মন্ত্রী মহাশয় স্বীকার করেছেন ৩৪ পারসেন্টের বেশি নয়, ইন্ডাস্ট্রিয়াল ইকনমি মরিব্যন্ড, সার্ভিসে নূতন এডিশন কিছু নেই, রাজ্য সরকারের পক্ষে হতাশা, কৃষি ৩৪ পারসেন্টের বেশি ইনক্রিজ করতে পারেনি, সারা ভারতবর্ষে গড় ৪৫ পারসেন্ট, আজকে এই চিত্র আপনি তুলে ধরেছেন। অনেক কথা আপনি বলেছেন আপনার বাজেট বক্তব্যে আবার অনেক কথা, যেগুলি বলা উচিত ছিল সেগুলি কৌশলে এড়িয়ে গেছেন। আপনি বলেছেন আপনার খাদ্যোৎপাদন বাড়ছে, সারা ভারতবর্ষে যা বাড়ছে সেই তুলনায় কি আপনার এখানে বাড়ছে? আজকে আপনাকে মানতে হবে ভারতবর্ষে ৩.৭ পারসেন্ট ইনক্রিজ পার অ্যান্নাম, আপনি এখানে ২ পারসেন্টও দেখাতে পারেননি। ১৯৭৭ সালে আপনারা ক্ষমতায় এসেছেন, সেদিন প্রোডাকশন সিরিয়াল কত ছিল, ৮২ লক্ষ মেট্রিক টন, আজকে আপনি বলছেন ১১৪ এটা নাকি ১২০ হতে পারে। ১৭ বছরে কী বাবস্থা করতে পেরেছেন? আপনি কোথাও—আপনি নিজেই দেখাবার চেষ্টা করেছেন—আমি এর আগে যখন কৃষি বাজেটে বক্তব্য রেখেছিলাম তখন বলেছিলাম আপনি এখানে প্রোডাক্টিভিটি ইনক্রিজ করতে পারছেন না, পশ্চিমবঙ্গে দুর্গতির এটাই সবচেয়ে বড় কারণ। আপনি যদি এই কথা বলে সারা ভারতের গড়টা দেখাবার চেষ্টা করেন আপনার বক্তব্যে আপনি উত্তর দেবেন। ভারতবর্ষে প্রোডাকশন সিরিয়াল কতখানি? রাইসের ক্ষেত্রে অন্ধ্র ১২.৯ পারসেন্ট ওয়েস্টবেঙ্গলে ১৫ পারসেন্ট, কিন্তু সিরিয়াল মানে তো শুধু রাইস নয়, হুইটের কি অবস্থা উত্তর প্রদেশে, পাঞ্জাবে ২২.২ পারসেন্ট ওয়েস্ট বেঙ্গলে ৪ পারসেন্ট। ১৯৬৬-৬৭-তে যেখানে ১২ লক্ষ টন হুইট হোত এখন মাত্র ৪ লক্ষ মেট্রিক টন হুইট করতে পারছেন না। আপনি বলছেন এর দাম নাকি কম এজন্য সবাই চাইছে না, ইনক্রিজ করসপন্ডেন্টস তো অন্য ক্রপেও হবে, যেমন হয়েছে সেটা আপনি বলতে পারেন নি। সারা ভারতবর্ষের যে প্রোডাকশন আপনি সেই প্রোডাকশনের ধারে কাছে যেতে পারেননি। ইল্ড পার হেক্টার অফ সিলেক্টেড ক্রপস স্টেট ওয়াইজ দেওয়া আছে, আমি এটা কুইন্টাল হিসাবে বলছি। রাইস পাঞ্জাবে যেখানে ৩৫.১, তামিলনাড়ুতে ৩০.৯ ওয়েস্ট বেঙ্গলে ১৯.৫ পারসেন্ট, তাতেই আপনারা নাচতে আরম্ভ করলেন? ইকনমিক ইনফরমেশন অফ ইন্ডিয়া আপনি এটা দেখুন। আজকে এটাতে আনন্দ করার কিছু নেই, আপনি দেখুন ওয়েস্ট বেঙ্গলে হুইট প্রোডাকশন পার হেক্টর ১৭.৪-এর উপর আপনারা যেতে পারেননি, আর ওখানে ২০.৫ উত্তরপ্রদেশে, পাঞ্জাবে ৩৬.৯ পারসেন্ট, এতে আপনারা আনন্দ করবেন আপনাদের চেলা চামুন্ডারা নৃত্য করবে? এখন আপনি পৌঁছাতে পারেননি, আমাদের কথাটা ঠিক নয় এটা বলতে পারবেন? ইকনমিক সার্ভে থেকে দেখা যাচ্ছে ৩.৭ পারসেন্ট বৃদ্ধি হয়েছে, আপনার এখানে ২ পারসেন্টও বাড়েনি, এর কি জবাব আছে আপনার?

[4-50 — 5-00 p.m.]

আপনার ফিনান্স মিনিস্টার এখানে তার বক্তব্যে বলেছেন এখন পপুলেশন হচ্ছে ৭.২১ ক্রোর্স। এই পপুলেশন প্রি-ইন্ডিপেন্ডেন্স ১৯৪৬-৪৭ সালে ছিল ২.১২ ক্রোর্স। আজকে পপুলেশন যদি তিন গুণ হয় আপনি প্রোডাকশন কতটা বাড়াতে পেরেছেন? আমাদের কার্যকালে পপুলেশনের তুলনায় প্রোডাকশনকে অতিক্রম করতে হয়েছে। মানুষ সবার আগে

আমাদের কনজারভেটিজিমকে অতিক্রম করতে হয়েছে। তখন মডার্ন এগ্রিকালচার আসেনি, মডার্ন ফার্টিলাইজার আসেনি, রাসায়নিক সার ব্যবহার করত না, বায়োলজিক্যাল ফার্টিলাইজার আসেনি, ব্যাকটিরিয়াল ফার্টিলাইজার আসেনি, তখন ইরিগেশনের স্কোপ ছিল না। তা সত্ত্বেও যে রেট অফ প্রোডাকশন আমাদের সময় হয়েছে, আপনাদের সময় তা হয়নি। আমার ধারণা আপনার এই দপ্তর যদি না থাকত তাহলে আজকে পশ্চিমবাংলায় যে প্রোডাকশন সেই প্রোডাকশন কমত না, বরং আরও বাড়ত। চাষীরা তাদের নিজেদের তাগিদে করেছে, এতে আপনাদের কোনও কৃতিত্ব নেই। এগ্রিকালচার ডিপার্টমেন্টের কোনও কৃতিত্ব নেই। চাষ করতে গেলে কৃষিতে কি দরকার? ফার্স্ট ল্যান্ড, দ্বিতীয় হচ্ছে কৃষক, দেন ইমপুটস এবং ফোর্থ হচ্ছে ইরিগেশন। আপনাদের সময় কোনটা বেড়েছে আপনি বলুন? একটা কথা আপনাকে বলতে চাই, এটা ভাল করে দেখবেন আপনি কথাটা ব্যবহার করেননি। ভূমিসংস্কার নিয়ে আপনারা খুব নৃত্য করেন। এটা কংগ্রেসের প্রোগ্রাম। ভূমিসংস্কার হওয়ার পরেও আজকে ফার্টিলাইজারের উপর সাবসিডি কমিয়ে দেওয়ার পরে পটাশ এবং সুপারফসফেটের দাম বেড়ে গিয়েছে তা সত্ত্বেও ফার্টিলাইজারের কনজামশন কমছে না। আপনি বলেছেন শুধু পটাশ কমেছে, বাকি সব ঠিক আছে। আপনার কৃষকরা কোথায় টাকা পেল সেটা দেননি। আপনার বাজেট বক্তৃতায় কোথাও বলেননি আপনার কর্মাসিয়াল ব্যাঙ্ক কত দিয়েছে, কো-অপারেটিভ কত দিয়েছে, সেন্ট্রাল গভর্নমেন্ট কত দিয়েছে, স্টেট গভর্নমেন্ট কত দিয়েছে? আপনি ফোর্থ সোর্সটা কখনই বলতে পারবেন না। মানি লেন্ডাররা সুদে টাকা দেয়। ওরা যে কত টাকা দিয়েছে এটা আপনার জানা নেই। আমাদের এখানে এট দি প্রাইস লেভেল অফ ৭১ শর্ট টার্ম প্রোগ্রামে ৩০০ কোটি টাকা, আজকে সেটা ৫ গুণ হয়েছে, ১,৫০০ কোটি টাকা হয়েছে। আপনি কোথাও এটা বলেননি। আপনাদের এখানে একটা কমিটি হয়েছে, নির্মল মুখার্জির নেতৃত্বে, তিনি ডিটেলস-এ গিয়েছেন। তিনি দেখিয়েছেন ক্রপ লোন যেটা নেওয়া হয় সেটার ৭৬ পারসেন্ট এসেছে ফ্রর্ম প্রাইভেট সোর্স পশ্চিমবাংলায়। কারণ কো-অপারেটিভ ড্রাই হয়ে গেছে, কর্মাসিয়াল ব্যাঙ্ক ড্রাই হয়ে গেছে, সরকার দেউলিয়া হয়ে গেছে। তাহলে ওরা যাচ্ছে কোথায়? ওরা যাচ্ছে মানুষের কাছে, মানি লেন্ডারের কাছে। তারা টাকা দিতে পারছে না প্রিমিয়ামের মাধ্যমে, তখন তারা জমি নিয়ে যাচ্ছে। আপনারা বলছেন ভূমিসংস্কার করে ক্ষুদ্র কৃষকের হাতে জমি দিয়েছেন এবং তা হল ৬২-৭০ পারসেন্ট। কিন্তু এই ক্ষুদ্র কৃষকরা জমি আবাদ করছে না। গত বছরও আমি বলেছিলাম ইউসুফ্যাকচুয়ারি মডগেজ করছে, রেজিস্ট্রি অফিসগুলিতে নিয়ে যাচ্ছে, লিজ রেজিস্ট্রি করে দিচ্ছে। এই জমি ছোট চাষিদের হাতে থাকছে না। আপনাদের যে দাবি যে ভূমিসংস্কারের ফলেই আজকে উৎপাদন বেড়েছে, এই কথা বলবার সুযোগ আসে না। কিছু কিছু ক্ষুদ্র নিজেদের কায়িক পরিশ্রমে প্রোডাকশন বাড়াতে পেরেছে সেখানে সরকারের কোনও ভূমিকা নেই।

কিন্তু মূলত এই শ্রেণীর মানুষ যারা ফাইনান্সার-এর কাছ থেকে টাকা নিয়ে এই জমিগুলো আবাদ করছে, সরকারের এদিকে কোনও দৃষ্টি নেই। ভূমি সংস্কারের ব্যাপারে ল্যান্ড রেভেনিউ বাজেটে আমি এই কথা বলেছিলাম, আপনি বলুন কত ক্রেডিট দিয়েছেন, সোর্সটা কী, গভর্নমেন্ট কত দিয়েছে? আপনি বলেছেন যে আপনি মিনিকিট দিয়েছেন? এই ব্যাপারে নির্মল মুখার্জি কমিটির রিপোর্টে উল্লেখ আছে যে মিনিকিট গিয়ে পৌঁচেছে আফটার সোয়িং

সিজন ইজ ওভার। সেখানে এই কথা বলা আছে। আপনি কি এই কথা অস্বীকার করতে পারেন? মিনিকিট যেগুলো বিতরণ করেছেন তা সময়ে বিতরণ করেছেন? এইড হিসাবে, এই যেগুলো দিচ্ছেন তা তাদের সময় মতো দিন যাতে কৃষকরা ব্যবহার করতে পারে। সুতরাং আপনি জানিয়ে দেবেন, কৃষকরা যে টাকা পেয়েছে তা কোথা থেকে পেয়েছে? ল্যান্ড মডার্নাইজেশনের ক্ষেত্রে সবচেয়ে বড় কথা—ল্যাঙ্গুয়েজ লিটারেসি আছে—যে ল্যান্ড লিটারেসি, এই কথাটা এই সরকার চিন্তা করেছে কি? যেখানে জমির ফ্রাকশন আছে, ৬০ টু ৭০ পার্সেন্ট অব দি ল্যান্ড বিলং টু দি মার্জিন্যাল ফার্মার্স, সেই জমিতে তাদের জীবন ধারণ করতে হবে। সেই জমিতে, কোনও জমিতে কি ফসল হবে, কত সার লাগবে, ক্রপের কি রোটেশন ফল করবে, এর কি কোনও প্রোগ্রাম আছে? আপনার যে ডেমেনেস্ট্রেশন সেন্টার আছে প্রত্যেক ব্লকে—সাবজেক্ট কমিটির মেম্বাররা পেয়েছেন, তাদের কাছে উল্লেখ করেছেন—এগুলোর প্রত্যেকটি নাকি ডিফাঙ্কট হয়ে গেছে, মরিবান্ড হয়ে গেছে। ওখানে কোনও কাজ হয় না, কোনও উৎপাদন হয় না, কোনও ডেমোনেস্ট্রেশন হয় না। আজকে আমাদের সাবজেক্ট কমিটির রিপোর্ট দেওয়া হয়েছে। এই বছরের সাবজেক্ট কমিটির রিপোর্ট কি ভাবে বলেছে—আই হ্যাভ নট রিসিভড। এখানে প্রভাস ফদিকার দেখছি নেই, থাকলে তাকে জিজ্ঞাসা করতাম। ১৯৯২-৯৩ সালের রিপোর্ট আমাদের কাছে আছে। প্রি-বাজেট স্ক্রুটিনিতে সাবজেক্ট কমিটি বলেছে পিকচার ইজ গ্লুমি। বহু জায়গায় দেখা গেছে যে এনকারেজিং কোনও ট্রেন্ড নেই। মূল যে কথাটা আমি বলেছিলাম, যে ফার্মগুলো আছে সেখানে ডেমোনেস্ট্রেশন কিছু হয় না। সবগুলোই ডিফাঙ্কট, মরিবান্ড হয়ে গেছে। এগুলোতে কিছু হয় না। এগুলোতে সরকারের কত টাকা লোকসান হয়েছে তা আপনার দীর্ঘ বক্তৃতায় কিছু বলেননি। আপনি জবাবি ভাষণে এই কথা আমাদের বলবেন, আমরা খুশি হব। ল্যান্ড লিটারেসি খুবই প্রয়োজন। কারণ জমির পরিমাণ কমে গেছে। মার্জিন্যাল স্মল ফার্মারদের ট্রেনিং যদি দেন তাহলে দে বিকাম কনশাস অব দেয়ার ল্যান্ড। ক্রপসের ক্ষেত্রে ইন্টেনসিটি অব ফার্টিলাইজার, ইন্টেনসিটি অব প্রোডাকশনের জন্য, প্রোডাকটিভিটি বাড়াবার জন্য ইরিগেশন এবং পেস্টিসাইডস এবং রোটেশন সম্বন্ধে যদি কৃষকদের ট্রেনিং দেন তাহলে আপনি প্রভূত উপকার করবেন। আপনারা যে কমিটি করেছেন, সেটাতে বলেছেন যে ল্যান্ড লিটারেসির কোনও প্রোগ্রাম নেই। এগ্রিকালচার দপ্তরে আপনার সহকারি মন্ত্রীর ভাষণে এটা আমরা দেখতে পাচ্ছি না। যে কোনও ডিপার্টমেন্ট হোক না কেন, তার তো একটা প্রোগ্রাম থাকবে? আপনাদের ডিপার্টমেন্টেও তো একটা প্রোগ্রাম থাকবে উইথ রিগার্ডস টু ল্যান্ড? কনসোলিডেশনের ব্যাপারে আপনারা বলেননি যে ইউ আর এগেনস্ট কনসোলিডেশন, বিপক্ষে একটা কথাও বলেননি। কো-অপারেটিভ ফার্মিং এখানে হয়নি। ল্যান্ড কনসোলিডেশন, মডার্ন প্রোডাকশনে আজকের দিনে একান্ত প্রয়োজন, কনসোলিডেশন ইজ নেসেসারি। কিন্তু এই সরকার তা ভাবে না। দ্যাট ইজ এ পলিটিক্যাল কোয়েশ্চেন অব ল্যান্ড রেভেনিউ মিনিস্টার, ল্যান্ড রেভেনিউ মিনিস্টার পিছনে বসে আছেন। কো-অপারেটিভের কোনও উদ্যোগ এই সরকারের নেই। কনসোলিডেশন কেবল কয়েকটি কো-অপারেটিভ ফার্মারকে এস-কে-ইউ-এস. থেকে যে লোন দেন তা দিয়ে হয় না। সেখানেও আপনারা আবার সিলেকটিভ করে দিয়েছেন, সবাই লোন পায় না। এখানে ইরিগেশন-এর সেইভাবে ব্যবস্থা নেই, আনসার্টেন ন্যাচারাল জলের ক্ষেত্রে আপনি বলেছেন, বর্ষার জল সময়মতো হয় না। আপনি অপরদিকে

এই ক্ষেত্রে ইরিগেশন অ্যাসিওর করতে পারেন নি। আপনি মোর দ্যান ৪০ পারসেন্ট বলতে পারেননি, রিয়েল যেটা তা ২০ পারসেন্টের বেশি নয়, ইরিগেশন বোথ মেজর অ্যান্ড মাইনর। যেখানে ইরিগেশনের সম্ভাবনা নেই, সেখানে সবাইকে নির্ভর করতে হচ্ছে প্রকৃতির উপরে, ভেরিয়াস অব নেচার, এইভাবে কখনও কৃষি বাঁচতে পারে? ইকনোমি কখনও সমৃদ্ধ হতে পারে। আমি মার্কেটিংয়ের উপরে বক্তব্য রাখার সময়ে এই কথা বলব।

[5-00 — 5-10 p.m.]

আমি জুটের সম্পর্কে উল্লেখ করতে চাই। আজকে এই জুট মিলগুলো প্রায় বন্ধ হতে চলেছে, ধর্মঘট চলছে। আজকে এই জুট প্রায় মরিবান্ড হয়ে পড়েছে। আজকে আপনাদের জুট কর্পোরেশনের সঙ্গে লিয়াজো নেই কেন এবং কো-অপারেটিভ মার্কেটিংয়ের সঙ্গে লিয়াজো নেই কেন? আপনাদের মার্কেটিং ডেভেলপমেন্ট কর্পোরেশন কি করছে? হ্যাভ দে কন্ট্রোল ওভার দি জুট কর্পোরেশন? আজকে সেখানে জুট ফড়েরা ৮০০ টাকা করে বাজারে জুট বিক্রি করছে অথচ জুট চাষীরা ৫০০ টাকা পাচ্ছে না। আজকে আপনি বললেন যে, জুটের প্রোডাকশন নাকি ভাল হচ্ছে না বিকজ অফ ইরাটিক মনসুন। আজকে মিলগুলোর উৎপাদন বাড়ানোর সাথে সাথে ম্যানেজমেন্টেরও এফিসিয়েন্সি বাড়াতে হবে। আপনি বললেন যে মিলের উৎপাদন ব্যহত হচ্ছে বিকজ অফ দি ডিস্ট্রেস অফ ম্যানেজমেন্ট অর ইরাটিক অফ মনসুন। কিন্তু এই উৎপাদন বৃদ্ধির জন্য কি আপনি ট্রেনিংয়ের ব্যবস্থা করেছেন? আপনি প্রপার ব্যবস্থা নিন, আজকে আপনারা ওয়েল সিডের ব্যাপারে আপনারা কিবা ব্যবস্থা নিচ্ছেন। আপনার ১০ বছরের রাজত্বকালে একজন এগ্রিকালচারাল অফিসারকেও তো দেখতে পেলাম না। আজকে আপনার ল্যান্ড রেকর্ড কি করেছেন? বিনয়বাবু তো বসে আছেন, এর কি উন্নতি করতে পেরেছেন? ডু দে নো ইট? এইবার পালসের ব্যাপারে বা ডালের ব্যাপারে কি ব্যবস্থা নিচ্ছেন? এখানে তো উৎপাদন বাড়াতে পারেননি, লোকসানে চলছে। তারপরে এস. এস. সি-র সঙ্গে তো আবার হবনবিং চলছে। আপনার দলের লোক আছে বলেই দপ্তরটি চলছে। আজকে সিড কর্পোরেশন অফ ওয়েস্ট বেঙ্গল বলে একটা সংস্থা আছে। হ্যাজ ইট কাম টু ডিল উইথ দি এগ্রিকালচারাল ইমপ্লিমেন্টস আবার অন্যদিকে আপনার একটা অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন রয়েছে, এই দুটো সংস্থা কতটা সিড উৎপাদন করতে পেরেছে? অ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের রিসার্চ এবং মডার্নাইজেশনের ব্যাপারে আপনারা কি করেছেন? আপনার রিসার্চ এবং অ্যানালেটিক্যাল উইং কি কাজ করছে সেটা একটু জানান। এগ্রিকালচারাল ডেমোনস্ট্রেটাররা ঠিকমতো কাজ করছে না। সুতরাং এই ব্যাপারটা একটু আপনাকে দেখার প্রয়োজন আছে।

বাই হোয়াট মিন্স, এই কথাটা আপনি আমাদের বলে দিন, এর সম্পর্কে কি? কল্যাণী বিশ্ববিদ্যালয়ে যে গবেষণা হচ্ছে, কল্যাণী বিশ্ববিদ্যালয়-এ যে প্রোডাকশন হচ্ছে, বাই হোয়াট মেথড এই ফার্মাররা জানতে পারছে? আপনি ট্রেনিং এর কোনও অর্গানাইজ করেছেন কি? কত দিনের করেছেন, কোথায় কোথায় করেছেন, কি কি ট্রেনিং এদের দিচ্ছেন, তার ডিটেলস্‌টা আপনি এখানে বলেননি। আজকে গোটা পৃথিবী এগিয়ে যাচ্ছে, আপনাকেও এগুতে বাধ্য হতে হবে। আপনারা জনসংখ্যা নিয়ন্ত্রণ করবেন না—ভোটের দরকার—আবার বাইরে থেকেও ভোটের সময় মানুষ নিয়ে আসবেন, মানুষ যদি বাড়ে প্রোডাকশন আপনাকে করতে হবে।

আপনাকে এখনও খাওয়ার জন্য বাইরের অন্য রাজ্যের উপর নির্ভর করতে হয়। দিল্লির উপর নির্ভর করতে হয়। এখানে তো বললেন না কি কি ট্রেনিং দিচ্ছেন, কোথায় কোথায় ট্রেনিং দিচ্ছেন হোয়াট ইজ দি বেসিস অফ সিলেকশন অফ দি ফার্মারস? এখানে পঞ্চায়েত হচ্ছে আইডেন্টিফিকেশন এর ইনভলভেশন, সেটা আপনি কোথাও বলেননি আপনার বাজেটে। সেটা আপনি আমাকে জানিয়ে দেবেন। আজকে একটা কথা আপনি বলতে পারেন, কৃষকদের রাজনীতি করতে হবে, এখানে তো ৭ কোটি ২১ লক্ষ জনসংখ্যা, এর আমি ২৫ শতাংশ বাদ দিলাম আর্বানে, আমাদের এখানে যারা রুর্যাল পপুলেশনে আছে, তার মধ্যে ৭০ শতাংশ আপনার বক্তব্য অনুযায়ী ডিপেন্ডেড অন ইট। আপনি বলেছেন, স্মল মার্জিন অফ ফার্মারসরা ৭০ শতাংশ লান্ড অকুপাইড করেছে, এই যদি অকুপাইড করে একটা মডারেট হিসাবেও আপনাকে ৫ লক্ষ কৃষককে পেনশন ভাতা দেওয়া হচ্ছে। আপনি ২৮ হাজারের বেশি দিতে পারেননি, এখানে আপনি বলবেন হোয়াট ইজ দি বেসিস অফ আইডেন্টিফিকেশন অফ দি রিসিপিয়েন্টস? আপনি যে কৃষক ভাতা দিচ্ছেন, সেখানে ৫ লক্ষ লোক পেল না কেন, এই ২৮ হাজার পেল কেন? এই প্রায়রিটি যে আপনি করলেন এটা কিসের ভিত্তিতে করলেন? হু হ্যাভ আইডেন্টিফাইড? যারা বঞ্চিত থাকল তাদের রেমিডি কি হল? সেই কথাটা আপনি বলবেন। আজকে ল্যান্ড রিফর্মস নয়, আপনি দিচ্ছেন না, ২৮ হাজারকে দিচ্ছেন সেটা তো ভোটের প্রচারের জন্য দিচ্ছেন। আর তো কোনও কাজের জন্য নয়। রিসিপিয়েন্টস হওয়া উচিত ছিল অ্যাট দি মডেস্ট রেট। যদি ১ শতাংশ থাকে তাহলে ৫ কোটি মানুষের মধ্যে ৫ লক্ষ মানুষকে দিতে হয়। আপনি দেননি, আপনি বলেছেন ২৮ হাজার দিতে পেরেছেন। এর বেসিসটা, যাদের, বঞ্চিত করলেন তারা বড়লোক নয়। আপনার এখানে ল্যান্ড লেস এগ্রিকালচার লেবার হচ্ছে ৫০ লক্ষ, বাই নাউ; এর যদি মিনিমাম ওয়ান পারসেন্টকে আপনি দেন তাহলেও আপনাকে বহু লোককে দিতে হবে, আপনি দিচ্ছেন ২৮ হাজার, কিসের ভিত্তিতে বাকিগুলিকে ডি প্রাইভ করছেন? আপনাকে সেন্সাস বলে দিচ্ছে, অ্যাবাভ সিক্সটি হচ্ছে সিক্স পারসেন্ট, কৃষকদেরও সিক্স পারসেন্ট, অ্যাবাভ সিক্সটি তাহলে তাদের কিভাবে হোয়াট আর দি আদার গভর্নমেন্ট পারপাস টুডে? এই কথাটা আপনি বলবেন। আপনি জানেন গোটা ভারতবর্ষের ক্ষেত্রে বিশ্বের চমক সৃষ্টি হয়েছে নিউ ইকনমিক রিফর্মস, ইন্ডাস্ট্রিতে আমাদের যেমন এক্সপোর্ট বেড়েছে, আমাদের গেলবার ২ হাজার ১০০ ডলার এক্সপোর্ট গিয়েছে, আমি মহারাষ্ট্রে গিয়েছিলাম ওরা বলল আদার দ্যান এনিথিং আম রপ্তানি করেছে ৪০০ কোটি টাকা, এখানে আমি শুনলাম ১ হাজার ব্যাগস লিচু চলে গেছে। আপনি হর্টিকালচারের কথা এক লাইনে বলেছেন, হর্টিকালচার ডাইরেক্টলি গোজ টু দি ফারমারস অর দি গ্রোয়ারস, হর্টিকালচারের পর সুপারভিসনের কি কি মেশিনারি আছে, আপনি কতকগুলি চারা বিলি করলেন, এইগুলি বাঁচল কিনা, কেউ দেখল কিনা, আইডেন্টিফিকেশন করলেন কিসের ভিত্তিতে, এটা তো আপনি বলেননি? আজকে মহারাষ্ট্রে ১৫ লক্ষ একর জমি আইডেন্টিফাই করেছে, এটা কি শুধু হর্টিকালচারের জন্য? এরা সব ইমপুট, ইনক্লুডিং প্লান্টস সরকার দেবে। ৩ বছর পরে আফটার দি প্রোডাকশন স্টার্টস। এরা রিলিজ করবে ৭৫ শতাংশ, ২৫ শতাংশ আউট অফ সাবসিডি, এই জাতীয় জিনিস প্রথম নয়। মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় বসে আছেন, উনি বাগানগুলিকে সিলিং এর মধ্যে এনেছেন। বাগান

তো কেটে সাফ। আমাদের মালদা থেকে এত করেও আম রপ্তানি করে ১০ কোটি টাকার বেশি হয়নি। এই বছরে ১ কোটিও হবে না। আপনারা যখন ক্ষমতায় আছেন, তখন সবই চলে গেছে। ১ কোটি টাকাও হবে না। আপনার হর্টিকালচার ফ্রুট রেইজিং ট্রিজ কখন করে কি সুপারভিসন করেছে? সেটা তো আপনি বলতে পারলেন না। আমরা কাগজে দেখলাম, ১ হাজার ব্যাগ লিচু গিয়েছে, ওরা একটা দাবি করেছে হিমঘরের, আজকে সেই কথা তো আপনি বলতে পারলেন না কত ফ্রুটস এখান থেকে গিয়েছে। এখানে আলু নিয়ে একজন চিৎকার করছিলেন।

[5-10 — 5-20 p.m.]

উৎপাদন হচ্ছে, কিন্তু কৃষকরা তার বাজার পাচ্ছে না Not more than one and half দেড় টাকার বেশি দর কোথাও তারা পাইনি, কোথাও আবার এক টাকারও কম, আশি, পঁচাশি টাকা কুইন্টাল। আর এখন আমাদের বেশি দাম দিয়ে আলু খেতে হচ্ছে। আর এদিকে বিপণন মন্ত্রী বলছে কম দামে আলু পাওয়া যাবে। এখন আবার শুনছি ওনার কাছ থেকে দায়িত্বটা নাকি বিনয়বাবু নিয়ে নিয়েছেন। আলুর দাম বাড়ল কেন এই ব্যাপারে প্রকৃত অবস্থার কথা আমরা জানতে চাই। আজকে কেন মানুষকে বেশি দাম দিয়ে আলু কিনতে হচ্ছে। আজকে নর্থ বেঙ্গলে বন্যা হয়ে গেল, মুর্শিদাবাদে বন্যা হয়ে গেল, এই বন্যার পর সেখানকার কৃষকরা কি সাপোর্ট আপনার কাছ থেকে পাবে। What is the support of department to advice the farmers. ক্রপ ইন্সিওরেন্সের আওতায় আপনি কজন ফার্মারকে নিয়ে এসেছেন বলতে পারেন। To what extent farmers have been benefited. ক'জন ফার্মারকে আপনি এই সুযোগের আওতায় এনেছেন। আপনার ডিপার্টমেন্টে ৯৭ কোটি টাকা মাইনে দিতে চলে যায়। আপনার একটা এস্টাব্লিশমেন্ট আছে, তাদের কাজ কি? ক্রপ ইন্সিওরেন্সের কাজ আপনার কতদূর এগোল। বন্যা বিধ্বস্ত এলাকার কৃষকদের অবস্থাটা কি? এই ব্যাপারে আজকে আপনি স্পষ্ট করে কোনও কথা বলতে পারছেন, শুধু এক লাইন বলেই ছেড়ে দিয়েছেন। আপনি আপনার বক্তৃতায় আবোল, তাবোল ভাবে অনেক কথা বলেছেন। তাই রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয়—"অনেক কথা যাও যে বলে, কোনও কথা না বলি, তোমার ভাষার, বোঝার আশা, দিয়েছি জলাঞ্জলি" কলিমুদ্দিন সাহেবের বাজেট বক্তৃতায় রাজ্যের কোনও প্রকৃত চিত্র পাওয়া যায়নি বলে আমরা দুঃখিত। যেমন এক্সপোর্টে আমাদের শেয়ার থাকা উচিত, তেমনি ক্রপ ইন্সিওরেন্স করা উচিত। ক্রপ ইন্সিওরেন্স বলে একটা কথা আছে এটা কৃষক পরিবারগুলো জানেই না। এদের প্রোটেকশনের কি ব্যবস্থা আপনি রাখেননি। নর্থ বেঙ্গল সম্বন্ধে আপনি কি ভাবছেন? একটা ইভোন্টাচ পরিকল্পনা করলেই কি সব হয়ে গেল। এখানে কল্যাণী বিশ্ববিদ্যালয় আছে, তার একটা ব্রাঞ্চ আপনি শিলিগুড়িতে করবে বলেছিলেন, তার কাজ কতখানি হয়েছে সেটা বলবেন। আজকে সেখানে সোশ্যাল টেনশন বাড়ছে, রিজিওনাল ইমব্যালান্স বাড়ছে। আমি কিছুদিন আগে নর্থ বেঙ্গলে গিয়েছিলাম, দেখলাম সেখানে তিন-চার দিন ধরে কোনও পাওয়ার নেই। সেখানে আজকে কোনও ইন্ডাস্ট্রি নেই। নর্থ বেঙ্গলকে কি সুবিধা দেওয়ার কথা আপনি ভাবছেন। আজকে মডার্নাইজেশনের একটা বড় কথা হচ্ছে ল্যাবোরেটরি। আজকে চাষীদের মাটি পরীক্ষার তো একটা সুযোগ করে দিতে হবে। আপনারা মোবাইল ভ্যান এর জন্য রেখেছেন। এক বছরে

কোথায়, কতখানি করেছেন বলুন। যদি কেউ পরীক্ষা করে থাকে তাহলে ফলস এবং কন্ট্রাডিকটারি রিপোর্ট সে পেয়েছে। আজকে কৃষকরা কোনও সুযোগ পায় না। সয়েল টেস্টের কোনও সুযোগ তারা পায় না। আজকে ক্রপ প্যাটার্নকে ঠিক করবে? কেন আজকে ব্লকে একটা করে সয়েল টেস্টিং ল্যাবরেটরি থাকবে না।

আপনি যেখানে ব্যবস্থা করতে পারেন নি সেখানে আপনি মোবাইল ল্যাবোরেটরির কথা বলেছেন। সেখানে মোবাইল ইউনিট গিয়ে স্যাম্পেল টেস্ট করে অ্যাপ্রোপ্রিয়েট অ্যাডভাইস দেবে। এরকম ক'টা করেছেন আপনি বলবেন। আজকে সবচেয়ে বড় কথা, আপনাদের আমলে, বিনয়বাবু যখন থেকে আছেন—এটা আগে ছিল না—অ্যাডালটারেশনের প্রব্লেমটা একটা বড় প্রব্লেম হয়ে দাঁড়িয়েছে বোথ ইন ফার্টিলাইজার অ্যান্ড দ্যাট—এই যে অ্যাডলটারেশনের ব্যাপারটা পেস্টিসাইডস নিয়ে যাচ্ছে, ফার্টিলাইজার নিয়ে যাচ্ছে, সিডস নিয়ে যাচ্ছে চাষীরা—এগুলি সার্টিফাই করবে কে? আপনি ক'টা স্যাম্পেল টেস্ট করেছেন এই সমস্ত ফার্টিলাইজারের যা নিয়ে যাচ্ছে লোকে? এতে কত জন দোষী ব্যক্তি ধরা পড়েছে তার কোনও উল্লেখ আপনি করেননি। এখানে উপায়টাই বা কি? What are the means to detect the adulteration? পানিশমেন্টের কি ব্যবস্থা করেছেন সেটা আশা করি আপনি বলবেন। এর কোনও ব্যবস্থা আপনি কিন্তু সঠিকভাবে করতে পারছেন না। এই সব কারণে এবারে বোরো ক্রপে ইউরিয়ার দুর্দান্ত অভাব হয়েছে। ইউরিয়ার দর ১৪০ টাকার বেশি নয় কিন্তু মানুষকে ২০০ টাকা পার ব্যাগ তা কিনতে হচ্ছে এবং বাধ্য হয়ে তারা তা কিনছে। এক্ষেত্রে আপনার সাপ্লাইটা অ্যাসিওর করে সুপারভিসনটা ঠিকভাবে করা দরকার। যারা অসাধু তারা ডিলারশিপই বা কোথা থেকে পায়? আপনি কি জানেন, কো-অপারেটিভ সোসাইটি রসিদ দিয়ে ২০০ টাকাতে সার বিক্রি করেছে? এটা তারা কি করে করল? আর স্কেয়ারসিটি হলই বা কেন? কেন মনিটারিং করা হল না? এই যে অ্যাডালটারেশন হয় এতে স্পুরিয়াস মাল সাপ্লাই করছে কিনা তাই বা জানছে কি করে? আশা করি এগুলির জবাব আপনি দেবেন। এরপর আর একটা কথা বলছি। কৃষক তো লেবার ছাড়া নয়। আজকে আপনি লেবারের যে হিসাবটা দিয়েছেন সেটার অ্যাকাউন্ট বোধকরি ঠিক নয়। এখন একটা নতুন নিয়ম হয়েছে—কন্ট্রাক্ট সিস্টেম। বীজ তোলা হয় পন হিসাবে। আমি সারা দিন কাজ করব না, আমি কন্ট্রাক্ট নিয়ে পন হিসাবে বীজ তুলে দেব। এটাকে তো আপনি হিসাবের মধ্যে আনেন নি। আর কন্ট্রাক্ট যা হয় তাতে He earns more than fifty per day এখন পাট কাটাও হয় কন্ট্রাক্ট হিসাবে। এক বিঘার পাট কেটে দেব, ১০০ টাকা নেব। দু-জনে কেটে তাড়াতাড়ি শেষ করে দেয়। আপনি ইকনমিক রিভিউতে যেটা দিয়েছেন, আমাদের ওখানে ২৩ টাকা ধরেছেন, এটা কিন্তু ঠিক নয়। আর অর্গানাইজড সেক্টারে যেসব লেবার নেই তাদের সম্পর্কেই বা আপনাদের চিন্তাভাবনা কি সেটা তো আপনি বলেন নি। ইন্ডাস্ট্রিতে কাজ করলে একজন লেবার হলিডে হোম পাবে। এবং অন্যান্য অনেক কিছু পাবে কিন্তু এগ্রিকালচারে যারা আছে তাদের প্রিমিয়াম কি, তাদের বোনাস কি—এ সম্পর্কে কি ভাবছেন তা তো বলেননি। তাদের পি. এফেও নেই। তাদের ওয়েলফেয়ারের জন্য কি চিন্তাভাবনা আপনাদের আছে তা আশা করি বলবেন। আপনি হয়ত বলতে পারেন ফুড ডিপার্টমেন্ট থেকে তাদের সস্তায় খাবার দেওয়ার কথা। কিন্তু ৫০ লক্ষ লেবারের জায়গায় ১।। কোটি

লোককে সস্তায় খাবার দিলেন কেন পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে সাবসিডাইজড রেটে? এই এক কোটি মানুষ কারা যারা এই সুযোগ নিল? তারা কি সি. পি. এমের লোক, না আপনাদের লোক? আপনাদের রাজ্য সম্পাদক তো বলেছেন যে সি. পি. এম. নাকি আপনাদের মন্ত্রীদের বেইজ্জত করে দিচ্ছে। এটা তো বলতেই পারেন কারণ ওরা যা ব্যবহার করেন তা তো আমরা দেখি—তা তো প্রভু-ভৃত্যের সম্পর্কের মতোন ব্যবহার। কাজেই আজকে এই এগ্রিকালচার লেবারদের সম্পর্কে আপনারা কি ভাবছেন, অ্যাভেলেবিলিটি কি, আশা করি মন্ত্রী মহাশয় সেগুলি বলবেন। সরকারি ফার্মগুলির কথা আমি আগেই উল্লেখ করেছি। সেখান থেকে তো ওয়ার্ক কালচারই চলেই গিয়েছে বিনয়বাবুর আমলে। আজকেই আমি একটা অফিসে গেলাম, আমাকে দেখে একটু তৎপরতা বাড়ল। আমি বললাম, আমি ১১টার সময় যাব, বাজেটের উপর আমাকে আজকে বিধানসভায় বক্তৃতা দিতে হবে কিন্তু তা তো হল না, রোটেশন চেঞ্জ করে দিতে হল, সেখানে তো ১২ টার আগে কেউ আসেই না। আপনার অফিস যেগুলি আছে, যেখানে মানুষ যাবে ফর কনসালটেশন। সেখানে ওয়ার্ক কালচার রিভাইভ করার চেষ্টা করুন। They are not available any where before 12. কোথাও কেউ অ্যাটেন কেন না। এ ক্ষেত্রে অ্যাকাউন্টেবিলিটির কি ব্যবস্থা আছে, ইন্সপেকশনের কি ব্যবস্থা আছে আশা করি বলবেন। আমার এখানে আর একটা বলার কথা আছে, সেটা হচ্ছে, বামফ্রন্ট সরকার এবং করাপশন এই দুটি সিনোনিমাস। এখানে সর্বত্র প্রচন্ড দুর্নীতি চলছে। আপনার এই এগ্রিকালচার ডিপার্টমেন্ট এখানে পারচেস হয়, ডিস্ট্রিবিউশন হয়, সেলও হয় প্রকিওরমেন্টের ব্যাপারও আছে। সেলের একটা ডিপার্টমেন্ট আছে যেহেতু মার্কেটিং-টা সঙ্গে আছে। এ ক্ষেত্রে তো আপনাকে বলতে হবে যে করাপশন কতগুলি ধরেছেন, কতগুলি ভিজিলেন্সে গিয়েছে, কি শাস্তি দিয়েছেন, না কি আদৌ কোনও করাপশন নেই, একেবারে বিনোবাভাবের মতোন শুদ্ধ একটা ডিপার্টমেন্ট হয়ে গিয়েছে—এটা তো আপনাকে বলতে হবে। একটা ব্যাপারে আপনাদের ধন্যবাদ, দুজন মন্ত্রী মিলে বাজটে বক্তৃতা করেছেন, বিনয়বাবুর সঙ্গে বোধ হয় পরামর্শ করেননি, এখানে দেখছি গ্যাট কথাটা কোথাও লেখেননি। এখানে বলেননি গ্যাটের জন্যই আমাদের যত দুর্গতি—এর জন্য আপনাদের ধন্যবাদ।

[5-20 — 5-30 p.m.]

এটা ধন্যবাদ। দুই মন্ত্রী বাজেট করেছেন, বিনয়বাবু বোধ হয় পরামর্শ করেননি, গ্যাট কথাটা কোথাও লেখেননি। যে গ্যাটের জন্য আমাদের যত দুর্গতি, তা আপনারা কোথাও লেখেননি। যাই হোক একটা জায়গা রেখেছেন যেখানে গ্যাটের কোনও আলোচনা নেই। এই সরকার তো গ্যাট পড়েনি, বোঝেও নি, কিন্তু চক্রান্ত করে আমাদের ভোট কমাবার জন্য গ্রামে গ্রামে প্রচার করছেন, কিন্তু এখানে কোথাও দেখলাম না। আজকে এই পর্যন্ত এখানে এখনও শিল্পে মন্দাভাব। এখানে শিল্প আসছে না। আপনাকে এগ্রিকালচার দিয়ে পভার্টি ইরাডিকেশন করতে হবে, এগ্রিকালচারিস্ট এবং মার্জিন্যাল স্মল ফার্মার অ্যান্ড লেবারার, এদের ভাগ্য পরিবর্তনের জন্য আপনি কি ব্যবস্থা করেছেন সেটা আমাদের বলবেন। এই সঙ্গে আমি নিবেদন করতে চাই, সেন্ট্রাল গভর্নমেন্ট কিছু স্কীম করেছে, সেন্ট্রালি স্পন্সর্ড স্কীম। এই কথা ঠিক যে সেন্ট্রাল গভর্নমেন্টের স্পনসর্ড যে স্কীম ফর দি ফার্মার্স সেই টাকা এখানে ব্যবহার

হয় না, এই টাকা ডাইভারশন হয়, এই কথা কি ঠিক? স্মল অ্যান্ড মার্জিন্যাল ফারমারদের জন্য এই টাকা এখানে আসে, সেই টাকা এগ্রিকালচার দপ্তরের হাতে আসে না। হয় ফেরৎ যায়, নইলে ডাইভারসন হয়ে চলে যায়, আপনাদের এই কথার জবাব কিন্তু দিতে হবে যে এগ্রিকালচারে যে সেন্ট্রাল সেক্টারে যে স্কীম আছে, সেন্ট্রাল সেক্টারের যে টাকা পেয়েছে, সব টাকা আপনি ইউটিলাইজ করেছেন এবং সব কাজ হয়েছে, কিংবা আপনি কাজ করতে পারেননি, টাকা ফেরৎ গেছে, এর জবাব আপনাকে দিতে হবে। আপনাদের যখন প্রভু ভৃত্যের সম্পর্ক দাঁড়িয়ে গেছে, এটা লজ্জা কেন করবেন, এই সম্পর্কে আমাদের অবগত করবেন। মাননীয় কৃষি বিপণন মন্ত্রী এখানে আছেন, আমি গেলবার ওর কাছে আবেদন করেছিলাম যে কৃষকদের ডিস্ট্রেস সেল করতে হয়, এখানে স্টেট ওয়্যারহাউসিং কর্পোরেশন আছে, সেন্ট্রাল ওয়্যার হাউসিং কর্পোরেশন আছে। আইডিয়াটা হচ্ছে আমি আমার জিনিস ডিস্ট্রেস সেল করব না সাপোর্ট প্রাইসের নিচে বিক্রি হচ্ছে, আমি করব না। আমি স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশনে জমা রাখব, রশিদটা ব্যাঙ্কে দেব, ব্যাঙ্ক আমাকে ৭৫ পারসেন্ট অ্যাডভান্স করব এবং এই জিনিস যা আমি গুদামে রেখেছি, স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশন এই জিনিসটা যখন দাম বেশি হবে, আমি বিক্রি করে ব্যাঙ্কের টাকা শোধ করব, এই কোঅর্ডিনেশন করার কি ব্যবস্থা আপনি করেছেন? আপনি একাধিক বাজার নিয়েছেন, এই উদ্যোগ সাধু, আপনাকে সাধুবাদ জানাই, যদিও আপনার বিরুদ্ধে অপপ্রচার হচ্ছে বলে আপনার রাজ্য সম্পাদক বলেছেন আজকে আমি গুরুত্ব দিচ্ছি আপনার সম্পাদকের কথায়। কারণ কাউন্সিলে জয়েন্ট রেসপন্সিবিলিটি ফার্স্ট অ্যাংস্ট ইকোয়েল, একজন থাকে, বাকিগুলোর সাংবিধানিক মর্যাদা এক। আপনাকে হিউমিলিয়েট করার চেষ্টা করা হচ্ছে, আমরা এর বিরুদ্ধে। আমি চাইছি না ক্যাবিনেট থেকে কাউকে হিউমিলিয়েট করলে সেই দপ্তরের মর্যাদা থাকে কিংবা কাজ করার সুযোগ থাকে। আপনি আমাকে বলুন, কৃষকের ডিস্ট্রেস সেল প্রিভেন্ট করা বোথ জুট এবং পোটাটো, রাইস, এটার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন, এটা জানাবেন। আজকে আমরা দেখতে পাচ্ছি না, কোনও ওয়্যার হাউসিং কর্পোরেশনে কোনও কৃষক তার ফসল মজুত রেখে ব্যাঙ্কে ফাইন্যান্স কিংবা কোঅপারেটিভ ব্যাঙ্ক থেকে কোনও অ্যাডভান্স পাচ্ছে, একটাও পাচ্ছে না। আপনি নিজে কিছু রেগুলেটেড মার্কেট করছেন, আপনার অভিজ্ঞতা দিয়ে আপনি চালাবার চেষ্টা করছেন আপনার দক্ষতায়। আপনার ক্যাপাবিলিটি এবং কমপিটেন্স সম্পর্কে আমাদের কোনও প্রশ্ন নেই। আপনার উদ্যোগকে আমরা সমর্থন করতে চাই। আজকে এ সত্ত্বেও আপনি কৃষকদের জন্য এই ব্যবস্থাটা কি করেছেন, যখন ডিস্ট্রেস করতে হচ্ছে তখন কম দাম। ডিস্ট্রেস সেল হয়েছে বাজারে ৩০০ টাকা, পাঁচশত টাকায় আর এখন ৮০০ টাকা তাহলে ফারমাররা তো এই দাম পাচ্ছে না। গ্রোয়াররা তো এই দাম পাচ্ছে না, এটা আপনি দয়া করে দেখবেন। আপনি আর একটা বিষয় আমাদের বলবেন, আপনি তো মার্কেটিং সাইটটা দেখেন, মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মার্কেটিং মন্ত্রী যে বক্তব্য এখানে রেখেছেন তার উদ্যোগ সাফ হোক। মার্কেটিং ইনফ্রাস্ট্রাকচার করে বলেছেন যে কিছু রিক্সা কিংবা ভ্যান এই সব জাতীয় উদ্যোগ দেবেন। কিছু লিঙ্ক রোড করবেন, গুদাম করবেন, কিন্তু এইগুলোতে পারপাস সার্ভ হচ্ছে কি না, whether these are being implemented by your subordinate officers এটা আপনি ইন্সপেকশন এর কি ব্যবস্থা করেছেন, কারণ আপনার দপ্তর থেকে খবর আসছে যে পারপাসে হয়েছে, ঐ যে চেক্‌পোস্টগুলো আপনি করেছেন

সেখানে বিরাট রকম একটা দুর্নীতির আখড়া বেঁধেছে। আপনি যদি এটা নিজে দেখেন, ঐ চেকপোস্টগুলোতে আপনাদের এমপ্লয়িদের সাবর্ডিনেট যারা, তারা সুপিরিয়ার অফিসারদের ফলস রিপোর্টে সই করতে বাধ্য করছে এবং এখানে কিছু ডেলি ওয়েজেজ ওয়ার্কার আছে, ২৮০ দিন কাজ করলে এর পার্মানেন্সি পায়, আজকে এখানে এমপ্লয়মেন্ট নেই। আপনি যদি এমপ্লয়মেন্ট পোটেনশিয়্যালটা মার্কেটিং এর থ্রুতে কিছু বাড়াতে পারেন এবং প্রকৃত কৃষক আসে তাহলে আমরা সাধুবাদ জানাব এবং এই উদ্যোগকে আমরা সহায়তা করব।

মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি উদ্যোগ গ্রহণ করছেন এবং কলকাতায় করতে চাইছেন। কিন্তু এই মার্কেটগুলির গ্রামে বোধ হয় বেশি প্রয়োজন ছিল। আপনার উদ্যোগ ইউবিকুটাস, সর্বজনীন হওয়া উচিত। আমাদের কনজিউমারস এবং প্রোডিউসার্সদের অভিযোগ হচ্ছে—আমাদের এখানে বাজারে জিনিসের দাম খুব বেশি। তবে 'গ্যাট' কথাটা আপনি এখানে ব্যবহার করেননি, তার জন্য আপনাকে আমি আর একবার ধন্যবাদ জানাচ্ছি। আপনাদের ফরোয়ার্ড ব্লকের শীর্ষ স্থানীয় নেতা ভক্তিবাবু চিনে গিয়েছিলেন, তিনি সেখান থেরে ফিরে এসে একটা বিবৃতি দিয়েছিলেন, তাতে তিনি বলেছেন—সমাজতান্ত্রিক অর্থনীতির সাহায্যেও চিন কোনও জিনিসের দাম কমাতে পারেনি। অবশ্য এখানে দাম কমাবার দায়িত্ব আপনার নয়, অন্য দপ্তরের। কিন্তু আমাদের ফার্মারসরা বঞ্চিত হচ্ছে। বেশি দামে জিনিস বিক্রি হওয়া সত্ত্বেও তারা সেই দাম পাচ্ছে না। আলু যখন ৪ টাকা, ৫ টাকা কে. জি. দরে বিক্রি হচ্ছে তখনও তারা ১ টাকার বেশি দাম পাচ্ছে না। এটা আপনি দেখুন, এ বিষয়ে উদ্যোগ নিন। আপনি তাদের সাহায্যে সহযোগিতা দিন। বাংলা এবং ভারতবর্ষের দারিদ্র দূর করার জন্য শ্রীমতী ইন্দিরা গান্ধী উদ্যোগী ছিলেন। তার উত্তরসূরি হিসাবে বর্তমান জাতীয় সরকার সেই দায়িত্ব নিয়েছে— ভারতবর্ষ যাতে গ্লোবাল ইকনমিতে স্থান গ্রহণ করে সঠিক দায়িত্ব এবং মর্যাদা পায়, সে জন্য আমরা চেষ্টা করছি। আপনার দপ্তরকেও দায়িত্ব সচেতন হবার জন্য আপনার কাছে আবেদন রাখছি। এখানে আপনি যে বাজেট বিবৃতি রেখেছেন তা একটা দেউলে সরকারের ব্যর্থতার ইতিহাস। তাই আমি আপনাদের সবগুলো গ্রান্টের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মিঃ চেয়ারম্যান, স্যার, আমি এই সভাকে একটা ইনফরমেশন দিতে চাই। এই সভার বাইরে লবিতে—যেখানে কাউন্টার আছে, যেখান থেকে আমাদের বই-পত্র দেওয়া হয় সেখানে—একটা শকুন ঢুকেছে। বিধানসভায় যখন শকুন ঢুকেছে তখন আর হাউস চলা উচিত নয়, এটা খুবই খারাপ লক্ষ্যণ।

[5-30 — 5-40 p.m.]

**শ্রী বীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে এখানে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে আমি সমর্থন করে দু' একটা কথা বলার চেষ্টা করছি। দীর্ঘক্ষণ ধরে আমি বিরোধী দলের নেতার বক্তব্য শুনলাম। কৃষি সম্পর্কে বলতে গিয়ে তিনি সামগ্রিক-ভাবে ভাসা ভাসা কিছু কথা বললেন। অথচ তিনি একবারও বললেন না যে, এই দীর্ঘ দিন ধরে ভারতবর্ষে কৃষির অগ্রগতির স্বার্থে যে কাজগুলি করা উচিত ছিল সেগুলি কেন তারা গোটা ভারতবর্ষে করেননি। ভূমি সংস্কারের ক্ষেত্রে, সারের

ক্ষেত্রে, আধুনিক প্রযুক্তি ব্যবহারের ক্ষেত্রে গোটা ভারতবর্ষে এই দীর্ঘদিন ধরে কি হয়েছে, সে বক্তব্য তিনি রাখলেন না। বর্তমানে গোটা ভারতবর্ষের কৃষি ব্যবস্থার সঙ্গে পশ্চিমবঙ্গের কৃষি ব্যবস্থার কোনও তুলনামূলক বক্তব্যও তিনি রাখলেন না। রাখেননি। এই কারণে আমরা জানি তাদের যে বক্তব্য সেই বক্তব্য হচ্ছে অসার। কেন্দ্রীয় সরকারের যে ভূমিকা সেই ভূমিকার কথা বলতে গেলে পরিষ্কার বোঝা যাবে কেন্দ্রীয় সরকার-এর কৃষির উপর যে গুরুত্ব আরোপ করার কথা ছিল তা তারা করেনি। এতৎসত্ত্বেও আমি মনে করি, আমাদের এই রাজ্য সরকার বিভিন্ন বাধা, বিভিন্ন অসুবিধার মধ্যেও সুষ্ঠু পরিকল্পনা নিয়ে কাজ করে চলেছে। আজকে গোটা ভারতবর্ষে অর্থনৈতিক দুরবস্থা দেখা দিয়েছে। আজকে সামগ্রিকভাবে গোটা ভারতবর্ষে অর্থনৈতিক দিক থেকে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার সামনে দাঁড়িয়েও আমাদের রাজ্যে বিভিন্ন ক্ষেত্রে কৃষির অগ্রগতি ঘটছে। এই সরকার তার কাজকর্ম যেভাবে সুচারুরূপে পরিচালনা করছেন গোটা ভারতবর্ষের ক্ষেত্রে পশ্চিমবাংলা আজকে অভাবনীয় পরিবর্তন সাধন করতে সক্ষম হয়েছে। সেইজন্য আমি সমর্থন করি। আমি এই কথা বলতে চাই, পশ্চিমবঙ্গ সরকার তার নিজস্বতায় সমস্ত পরিকল্পনা করতে পারে না। গোটা ভারতবর্ষ একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আছে। সেই কাঠামোর মধ্যে দাঁড়িয়ে একটা অঙ্গ রাজ্যেকে সমস্ত পরিচালনার দায়-ভার গ্রহণ করতে হয়। আমরা লক্ষ্য করছি, কৃষির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যদি সুষ্ঠু পরিকল্পনা থাকত, যদি একটা নীতি থাকত তাহলে আজকে দেশের এই অবস্থা হত না। কোনও গরিব .চাষী, সাধারণ চাষীর উন্নতির চেষ্টার জন্য কোনও পরিকল্পিত নীতি নেই। ভারতবর্ষের জমিদার-জোতদার এই শ্রেণীর লোকেদের কিভাবে আরও বেশি পুষ্ট করা যায়, কিভাবে তাদের আরও বড়লোক করে গড়ে তোলা যায় তাদের স্বার্থেই নীতি পরিচালিত করেছেন বলে আমার মনে হয়েছে। আমরা অনেকদিন ধরে বলার চেষ্টা করছি, কৃষির যদি উন্নতি করতে হয়, তাহলে প্রথম কাজ হচ্ছে ভূমির সংস্কার করতে হবে এবং ভূমি ব্যবস্থার পরিবর্তন সাধন করতে হবে। এইসব ক্ষেত্রে গোটা ভারতবর্ষের ক্ষেত্রে যা হয়েছে আর আমাদের পশ্চিমবাংলায় যা হয়েছে তা আপনারা সকলেই উপলব্ধি করতে পারতেন। সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে কয়েক পারসেন্ট করতে পেরেছে সেখানে আমরা অর্থাৎ এই পশ্চিমবাংলায় ছোট চাষী, ক্ষেত-মজুর এবং সাধারণ চাষিদের মধ্যে থেকে প্রায় ২০ লক্ষ মানুষকে এই অবস্থার মধ্যে আনতে সক্ষম হয়েছি। আমরা ইতিমধ্যে বহু বর্গাদারের নাম রেকর্ডভুক্ত করেছি। সেখানে চাষীরা আজকে যুক্ত হয়ে ফসলের উৎপাদন বাড়াতে সক্ষম হয়েছে। তাই বলছি, আপনারা যে মুষ্টিমেয় মানুষের স্বার্থ রক্ষা করছেন এর যদি পরিবর্তন না করা যায় তাহলে কৃষির অগ্রগতি এবং প্রয়োজন মতো খাদ্যের উৎপাদন সেইভাবে বাড়ানো সম্ভব নয়। সামগ্রিকভাবে ভূমির অবস্থার পরিবর্তন যদি না করার যায় তাহলে দেশের কোনও উন্নতি হবে না। আমি এই কথা বলতে পারি, ভূমি ব্যবস্থার পরিবর্তন করলে দেশের মানুষের আর্থিক সঙ্গতি বাড়বে, অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হবে। তারফলে গোটা ভারতবর্ষের যে অভ্যন্তরীণ বাজার সেই বাজার অনেকখানি উন্মোচিত হবে, খুলে যাবে। এইসব না করার জন্য ভারতবর্ষের অর্থনীতি কঠিন হয়ে পড়েছে। দিনের পর দিন ভারতবর্ষ ঋণের ভারে জর্জরিত হয়ে পড়ছে। গোটা ভারতবর্ষে দেউলিয়া অর্থনীতির অবস্থা সৃষ্টি হয়েছে। আমাদের দেশে কয়েকটি পরিকল্পনা শেষ হয়েছে। প্রথম প্রথম যে সমস্ত পরিকল্পনা নেওয়া হয়েছে

কৃষির উপর তখন গুরুত্ব আরও করা হয়নি। আমি আরও বলতে পারি, যদি আমরা কৃষি উৎপাদন ধরি, আমাদের ভারতবর্ষে যখন স্বাধীন হয়েছিল তখন ৫৯ ভাগ কৃষির থেকে আয় হত। ১৯৬১ সালে সেটা কমে গিয়ে হল ৫৪ ভাগ। ১৯৮১ সালে আমরা দেখতে পাচ্ছি সেটা ৩৪ ভাগে গিয়ে দাঁড়িয়েছে। আর ১৯৯১ সালে সেটা আরও কমে গিয়ে ৩০ ভাগে দাঁড়িয়েছে। অথচ আমাদের দেশে বিরাট সংখ্যক মানুষ কৃষির উপর নির্ভরশীল এবং জড়িত। এখানে কৃষির জমি আছে, জল আছে, অন্যান্য ইনফ্রাস্ট্রাকচার আছে। তবে কেন কৃষির আয় কমল সেটা বলার চেষ্টা করলেন না।

[5-40 — 5-50 p.m.]

আয়টা কেন কমল, কে এর জন্য দায়ী সেটা বোঝবার চেষ্টা করুন। গোটা ভারতবর্ষের যে এই রকম পরিস্থিতি এর জন্য দায়ী কে? আমি সেই কথাই বলতে চাই, এর জন্য আমাদের দেশে কৃষি থেকে যে আয়টা হত সেটা দিন দিন কমতে শুরু করেছে। এর ফলে ভয়াবহ আকার ধারণ করছে। শিল্প বা বিভিন্ন কাজকর্মের ক্ষেত্রে কি বাড়ছে মানুষের আয়, কোথাও না। কিছুদিন আগে সেনসাস হয়েছে, ১৯৯১ সালের আদম-সুমারি থেকে দেখা যাবে কৃষির উপর নির্ভরশীল, উপার্জনশীল ৬৫ ভাগ মানুষ। একদিকে কৃষির উপর নির্ভরশীল মানুষের সংখ্যা কমছে না, আর কৃষিতে যে ভাবে উৎপাদন হবার কথা ছিল তা হচ্ছে না। মানুষের বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা না করতে পারলে দেশ এগোবে কি করে? আমার প্রশ্ন সেখানেই, সেদিকে যে ভাবে নজর দেওয়া উচিত ছিল। কৃষির উপর চাপ কমানো যাচ্ছে না, নূতন করে কৃষির উপর চাপ সৃষ্টি হচ্ছে। আমি মনে করি প্রথম দিকে কৃষির উপর যে জোর দেওয়া উচিত ছিল সেটা না দেওয়ার জন্য এটা হয়েছে। আমি আরও যে কথা বলতে চাই সেটা হল যে, জন্ম লগ্ন থেকে পশ্চিমবঙ্গে বিভিন্ন সমস্যার মধ্যে আছে। এই সমস্ত অসুবিধা থাকা সত্ত্বেও আমরা কোনও রকম চেষ্টার ক্রুটি করিনি, সেটা আমাদের কৃষিভিত্তিক বিভিন্ন পরিকল্পনা এবং উৎপাদন ব্যবস্থা তার থেকে এই কথা বলতে পারি যে কৃষির উন্নতি করতে গেলে যে যে বিষয়ের উপর জোর দিতে হয়—বীজ, সার, সেচ এবং তার প্রযুক্তি এগুলির উপর—এগুলির উপর বেশি জোর দিচ্ছি, আমরা জানি এগুলি ভূমি সংস্কার ছাড়া হবে না. সেই কথাই বলার চেষ্টা করছি। আমি আর একটু বলতে চাই আমাদের এখানে উন্নত ধরনের বীজ তার ব্যবস্থা করা, নিত্য নূতন সব রকম সেচের ব্যবস্থা, আজকে আরও বেশি বেশি নূতন বীজ আমদানি হওয়া দরকার, স্বল্প সময়ের মধ্যে যাতে আরও বেশি ধান উৎপাদিত হয়। ফলন বাড়েনি, আমি মনে করি সেচের কথা ভাবা দরকার। আজও উন্নত ধরনের বীজ আমাদের বিদেশ থেকে আমদানি করতে হয়, তার জন্য অর্থ ব্যয় হচ্ছে আমাদের দেশের ভারতবর্ষের ক্ষেত্রে দেশের অভ্যন্তরে নূতন করে বীজ তৈরি করার যে প্রযুক্তি তা এখনও তৈরি হয়নি। গোটা ভারতবর্ষের ক্ষেত্রে কি কি প্রয়োজন সেটা মেটাতে সক্ষম হচ্ছে না। পশ্চিমবঙ্গে আমরা এই বীজ কিছু কিছু তৈরি করার চেষ্টা করছি। আমরা জানি এই বীজ তৈরি করার ক্ষেত্রে আনুসঙ্গিক কিছু কিছু ঘাটতি আছে। আরও বেশি উন্নত বীজ তৈরি করে তাকে ব্যবহার করার চেষ্টা করছি। আজকে সমস্যা হচ্ছে যে কথা মাননীয় বিরোধীদলের নেতা বলেছেন গ্যাট চুক্তির কথা, বলতে বাধ্য হচ্ছি এই কারণে এটা আকাশ

থেকে পড়ার কোনও ব্যাপারও নয়, এটা মানুষের জীবনের সমস্যার সঙ্গে জড়িয়ে আছে, কিছুদিন আগে সেই চুক্তিতে সই করা হয়েছে, সেই চুক্তির মধ্যে আমরা সর্বত্র লক্ষ্য করছি,—গ্যাট চুক্তির কথা এইজন্য বলছি—আগামী এই বীজ বিদেশ থেকে আনতে গেলে যে পেটেন্ট আছে সেই পেটেন্টের মাধ্যমে—অনেক সময় আমাদের দেশের চাষীরা আমাদের দেশের বীজকে ব্যবহার করতে পারছে না—আনার জন্য যে টাকার দরকার সেই টাকা নেই। অর্থনৈতিক দিক থেকে অন্য জায়গায় পৌঁছেছে—আমাদের দেশের কৃষকদের স্বার্থে—বলতে হয় সেচের সুবিধা করতে হবে। সেচ ব্যবস্থার উন্নতি করতে হবে। আপনারা জানেন আমাদের পরিকল্পনা খাতে আমরা লক্ষ্য করেছি অতীতে অগ্রগতির স্বার্থে ভারতবর্ষে সকলে যে ভাবে কাজ কর্ম করেছেন সেই সমীক্ষা আমার কাছে আছে সেই সমীক্ষা ১৯৭০ থেকে ১৯৭৫ সালের।

যেখানে সরকারি মাধ্যমে সেচ বেড়েছিল ৫.৬ লক্ষ হেক্টর জমিতে। ১৯৭৫-৭৬ থেকে ১৯৮০-৮১ সাল পর্যন্ত সেচ বেড়েছিল ৫.২ লক্ষ হেক্টর জমিতে। আবার ১৯৮০-৮১ সাল থেকে ১৯৮৫-৮৬ সাল পর্যন্ত বেড়েছিল ৬.২ লক্ষ হেক্টর জমিতে। ১৯৮৫-৮৬ সাল থেকে ১৯৯০-৯১ সাল পর্যন্ত সেচ কমে দাঁড়াল ৮০ হাজার হেক্টর জমিতে। তার কারণ আছে। ইতিমধ্যে ভারত সরকারের উপর চাপ সৃষ্টি হচ্ছে। তার ফলে এই কথা বলা হচ্ছে যে আর এই সমস্ত খরচ করার দরকার নেই। বিদেশের কাছ থেকে ঋণ নিচ্ছে ভারত সরকার এবং সেই জন্য তারা চাপ সৃষ্টি করছে। সেই জন্য কমতে শুরু করছে এবং সেখানে দেখতে পাচ্ছি সেচের ব্যায় সংকুচিত করা হচ্ছে। সেই জায়গায় দাঁড়িয়ে এখানে চাষের উন্নতি ঘটছে, সেচের উন্নতি ঘটছে। যার ফলে তিস্তার কথা বলা হয়েছে কেলেঘাই প্রকল্পের কথা বলা হয়েছে, সুবর্ণরেখা প্রকল্পের কথা বলা হয়েছে। এই ভাবে আমরা এগচ্ছি। সারের কথা বলি। কিছু দিন আগে আমি বলেছিলাম সার কেন ব্যবহার হচ্ছে না। ইতিমধ্যে ১ হাজার কোটি টাকা সারের উপর থেকে ভরতুকি কমানো হয়েছে। ফলে সারের দাম বেড়ে গেছে। ইউরিয়া প্রতি ব্যাগে ৩৫ টাকা করে বেড়ে গেছে। সারের দাম বেড়ে গেছে, উপরন্তু সার এই পরিস্থিতির সামনে দাঁড়িয়ে সার মেলা দুষ্কর হয়ে যাচ্ছে। ইতিমধ্যে পশ্চিমবাংলায় সার কারখানা বন্ধ করে দেওয়া হয়েছে, কয়েকটি ইতিমধ্যে বন্ধ হয়ে গেছে। ভবিষ্যতে এই সারের দামের আরও উর্ধ্বগতি ঘটবে। আমি আবার এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং কৃষি বিভাগের কৃষিজ বিপণন শাখার ভারপ্রাপ্ত মন্ত্রী আজকে যে ব্যায় বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করছি এবং আমাদের দলের আনা কাট মোশনকে সমর্থন করছি। আমি ধীরেনবাবু সহ সমস্ত সদস্যদের একটা বিশেষ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিমবঙ্গ সরকার বলছে আমরা কৃষি ক্ষেত্রে খুব গুরুত্ব দিচ্ছি। সরকার যে কৃষিতে গুরুত্ব দিচ্ছে তার প্রমাণ কোথায়? আমি বলতে চাই কোথায় কোথায় এই সরকার কৃষিতে গুরুত্ব দিচ্ছে না। আমি উদাহরণ দিয়ে বলছি মাননীয় মন্ত্রী মহাশয় ১৯৯৪-৯৫ সালের জন্য যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তিনটি খাতে তার পরিমাণ হল ১৩০ কোটি ৯১ হাজার টাকা। পাশাপাশি ১৯৯৩-৯৪ সালের জন্য তিনটি খাতে বাজেট বরাদ্দের পরিমাণ ছিল ১৪৬ কোটি ৮৬ লক্ষ ৬২ হাজার টাকা। ১৯৯২-৯৩ সালে তিনটি খাতে বজেট বরাদ্দের পরিমাণ

হচ্ছে ১৫৬ কোটি ১০ ৪৭ হাজার টাকা। আমি সমস্ত সদস্যের কাছে বিনীতভাবে জানতে চাই ১৯৯২-৯৩ সালে যাদের বাজেট ছিল ১৫৬ কোটি ১০ লক্ষ ৪৭ হাজার, ১৯৯৩-৯৪ সালে যাদের বাজেট ছিল ১৪৬ কোটি ৮৬ লক্ষ ৬২ হাজার টাকা সেখানে ১৯৯৪-৯৫ সালের বাজেট হচ্ছে ১৩০ কোটি ৯১ হাজার টাকা, এই বাজেট দেখে এটা কি প্রমাণিত হয় যে তারা গরিব মানুষের স্বার্থে, কৃষির স্বার্থে বেশি গুরুত্ব দিচ্ছে? আমি ধীরেনবাবুকে জিজ্ঞাসা করতে চাই, আপনি বললেন সেন্ট্রালের সমস্ত কিছু কমে যাচ্ছে বিদেশি আক্রমণে, আপনাদের বাজেট কমছে কার আক্রমণে? ফরোয়ার্ড ব্লকের মন্ত্রী বলে সি. পি. এম.-এর আক্রমণে? এটা আমরা পরিষ্কারভাবে জানতে চাই। এই ব্যাপারটা মাননীয় সদস্যদের বিনীতভাবে ভাবতে বলব।

[5-50 — 6-00 p.m.]

লজ্জা পাবেন বলে সেই কথাটা সুকৌশলে অ্যাভয়েড করে গেছেন, কেবলমাত্র এই বছরের বাজেট বরাদ্দ দিয়েছেন। আমি আপনাকে প্রশ্ন করি, এই বছরের বাজেট বরাদ্দ দিয়েছেন। আমি আপনাকে প্রশ্ন করি, এই বাজেট বরাদ্দ কমিয়ে দিয়ে আপনি কৃষির উন্নতি করবেন? কৃষি বিপণন মন্ত্রীরও একই কথা। ১৯৯২-৯৩ সালে ছিল ৩৭ কোটি ৫৮ লক্ষ ৭০ হাজার টাকা, আর ১৯৯৩-৯৪ সালে ছিল ৩২ কোটি ২৪ লক্ষ ৬৬ হাজার টাকা। আপনি কি জানেন, ১৯৯৪-৯৫ সালে তা এসে দাঁড়িয়েছে ১৭ লক্ষ ৬৭ হাজার টাকায়। এর উপরে দাঁড়িয়ে কিছু বলার নৈতিক অধিকার আছে আপনার? বাজেটের দুটো অংশ আছে, একটা প্ল্যান বাজেট, আর একটা হচ্ছে নন-প্ল্যান বাজেট। নন-প্ল্যান বাজেটে আছে ৬৯.৪৪ পারসেন্ট, আর প্ল্যান বাজেটে আছে ৩২.৪৬ পারসেন্ট। একদিকে যেমন বাজেট বরাদ্দ কমছে, অপরদিকে প্ল্যান বাজেটের পারসেন্টেজ কমছে। এইভাবে কি কৃষির উন্নতি হতে পারে? কোথাও এই শিক্ষাটা আপনি কি পেয়েছেন যেখানে বাজেটের টাকা কমে, প্ল্যান বাজেটের পারসেন্টেজ কমে তবুও কৃষির উন্নতি হয়? এই বিজ্ঞান কোথা থেকে শিখেছেন, দয়া করে বললে আমরা খুশি হব। প্ল্যান বাজেটে আপনি ১১.৯৯ পারসেন্ট কমিয়ে দিয়েছেন, আর নন-প্ল্যানও একই রকম কমিয়ে দিয়েছেন। আমি আর একটি প্রশ্ন করতে চাই, কৃষির উন্নতি হয়েছে বাজেটে ধরা পড়ে না। আমি আপনাদের বলি, আমার এলাকায় কত সেচ প্লাবিত এলাকা তা কি আপনি জানেন? আমাদের ওয়েস্ট বেঙ্গলে পারসেন্টেজ অব কাল্টিভেটেড এরিয়া ৩২.২ পারসেন্ট। হরিয়ানাতে তা ৬৯.৯ পারসেন্ট। পাঞ্জাবে ৯১.১ পারসেন্ট, ইউ. পি.-তে ৪৯.৪ পারসেন্ট আর চণ্ডীগড়ে ৬৬.০৭ পারসেন্ট। এই অবস্থাতে দাঁড়িয়ে আপনি বলছেন পশ্চিমবাংলায় ইরিগেটেড এরিয়া ৩২.২ পারসেন্ট। আমি বিনীতভাবে বলছি, সোর্সটা যদি জানতে চান তাহলে বলছি, লোকসভার বাজেট সেশনের কোয়েশ্চেন নম্বর ২৮৬। মন্ত্রী যে উত্তর দিয়েছেন সেখান থেকে বলছি, ৩২.২ পারসেন্ট সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী। আজকের আনন্দবাজার পড়ে দেখুন—বালুরঘাটের ভাটপাড়ায় অমৃতখন্ড গ্রাম পঞ্চায়েতের অধীনে দশ বারটি গ্রামে প্রায় তিনশো একর জমি শুধু বিদ্যুৎ কানেকশনের অভাবে অনাবাদি পড়ে আছে। এখানে আমাদের মাননীয় সদস্য অজয় দে বলছিলেন, জাস্ট একটা বিদ্যুতের কানেকশন দেবার অভাবে দুটি গ্রাম পঞ্চায়েতের অনেক জায়গা কাল্টিভেটেড করা যায়নি। আপনি তো

এই কাজ করেছেন। আপনারা বলেছেন যে ১৭ বছরে প্লাবন বইয়ে দিয়েছেন। আপনাদের স্ট্যাটিসটিক্স দিয়ে আমাদের নেতা বলেছেন বাড়েনি। আমাদের নেতা যা বলছিলেন, চাষীরা নিজেদের তাগিদে উৎপাদন বাড়িয়েছেন। কিন্তু সরকারি উদ্যোগ কোথায়? বলুন, কোথায় সরকারি উদ্যোগে করেছেন, আমি সেটা বিনীতভাবে জানতে চাইছি? এখানে কংগ্রেস কি করেছে, এইসব বলে পশ্চিমবাংলাকে নষ্ট করবেন না। ১৯৭৭-৭৮ সালের স্ট্যাটিসটিক্স-এর অ্যাপেন্ডিক্সটা খুলে একটু দেখুন। সেখানে বলা হয়েছে 'এরিয়া আন্ডার প্রিন্সিপাল ক্রপ ইন ওয়েস্ট বেঙ্গল' টোটাল ফুড গ্রেন ছিল ৬,৮৫৫.৩ হেক্টর।

আপনাদেরই বইতে লেখা আছে আপনারা খুলে দেখবেন যে ধীরে ধীরে কমের মুখে দাঁড়াচ্ছে। ১৯৯২-৯৩ সালের টোটাল ফুড গ্রেন্স এরিয়া আন্ডার প্রিন্সিপাল কর্পস ইন ওয়েস্ট বেঙ্গল ৬ হাজার ৩২২.৯ আজকে সেই টোটাল ফুড গ্রেন্স সেই জায়গায় বাড়াতে পারেন নি। আপনাদেরই বইয়ের ৮৩ পৃষ্ঠা খুলে দেখুন আর ৮৫ পৃষ্ঠা খুলে দেখুন সেখানে সিরিয়ালস এবং পালসের ১৯৭৫-৭৬ সালে টারগেট দাঁড়িয়েছিল ৮ হাজার ১৮২ টন আর আপনার ১৯৯২ সালে ১২১৯০.২ বেড়েছে, এটা নিশ্চয় বেড়েছে। এতে কি একটা রাজ্যের গতি আছে কিনা বিচার হবে কি? কি রেটে বেড়েছে সেটা আগে জানতে হবে। আমাদের রাজ্যে যদি কেউ ১৫ বিঘা সেচ এলাকা এবং পরের বছর ১৬ বিঘা সেচ এলাকা করে তাহলে কি সেটা বাড়া বলব, সেখানে কমছে না। কিন্তু কি হারে বাড়ছে তার উপরেই নির্ধারণ করে সরকারের গতি। ১৭ বছরে আপনারা কতটা উন্নতি করতে পেরেছেন তার আপনাদেরই দেওয়া বইগুলো যদি দেখেন তাহলে আমরা খুশি হব এবং আপনি যদি পড়েন তাহলে আপনিই বুঝতে পারবেন কি রকম উন্নতি করছে। আপনাকে আবার বলছি ৯৭ পৃষ্ঠা খুলে দেখুন ১৯৮০-৮১ সালে আইলডস রেট অফ সাম সিলেকটেড কর্পস ইন ওয়েস্ট বেঙ্গল বিশেষত রাইসে ১৯৮০-৮১ সালে পার হেক্টর ৮ পারসেন্ট হচ্ছে। আপনাদের আমলে ভূমি সংস্কার হয়েছে, আপনারা বলছেন সেচ বেড়েছে, কিন্তু আজকে জানতে চাই কি রেটে সেচ বেড়েছে। সারা ভারতবর্ষে ৩০.৬ পারসেন্ট বেড়েছে। আপনারা দাবি করেন যে পশ্চিমবঙ্গ ফার্স্ট ক্রপস উৎপাদনে, আপনারাই নাকি পদ প্রদর্শক কিন্তু এই ব্যাপারে কি সেচ বাড়াতে পারলেন বলুন। পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য যেখানে শান্তিপুরের মতো অঞ্চলে নিরীহ কৃষকদের উপরে অত্যাচার করা হল। শান্তিপুরের নিরীহ কৃষকরা চাষের জল চাইতে গিয়ে পুলিশের হাতে মার খেয়ে মরতে হয়েছে। বিদ্যুতের কানেকশন পাওয়ার জন্য বিদ্যুত দপ্তরে দাবি জানাতে গিয়ে আপনাদের পুলিশবাহিনীর হাতে প্রাণ দিতে হয়েছে। আপনারা এইভাবে গ্রামের গরিব কৃষকদের হত্যা করে ঢাক ঢোল পিটিয়ে বাহবা অর্জন করতে চাইছেন। আপনার উৎপাদনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গে ১৩.৯ পারসেন্ট ১৯৮০-৮১ সালে, সেটা ১৯৮৫-৮৬ সালে ১২.৫ পারসেন্টে দাঁড়াল। এটা কমল না বাড়ল সেটা আপনারাই বলুন। তারপরে ১৯৮৯-৯০ সালে ফুড প্রোডাকশন হয়েছে ১৪.৮ পারসেন্ট আবার ১৯৯০ সালে ১৪-তে নেমে গেছে। সুতরাং আপনারা যে ক্রেডিট করেন কার ভিত্তিতে করেন বুঝতে পারলাম না। তা সত্ত্বেও আপনারা বলছেন যে উৎপাদন বেড়েছে, দাম বেড়েছে। আজকে সরকারের যে উদ্যোগ নেওয়ার দরকার ছিল সেই পরিমাণ উদ্যোগ কিন্তু লক্ষ্য করলাম না। আপনারা রাজ্যের যে সম্পদ আছে সেটাকে ঠিক ব্যবহার করতে পারছেন না। আপনার পোটেনশিয়ালিটি বাড়াতে

পারেননি। তারপরে আপনার বাজেট বরাদ্দে যে টাকা আছে সেটা ক্রমশ কমে যাচ্ছে। আমাদের কৃষি খামারগুলোর যে অবস্থা তাতে মনে হয় বামফ্রন্ট সরকার যেন হাড় ভাঙ্গা বেহাল অবস্থায় রয়েছে। আজকে এই কৃষি ফার্মগুলোকে লাভজনক অবস্থায় ফিরিয়ে আনার কোনও চেষ্টাই নেই।

[6-00 — 6-10 p.m.]

আপনি বলছেন আমি মিনিকিটের ব্যবস্থা করেছি, অপ্রিয় হলেও সত্যি কথা, আপনার শাসক দলের লোকেরা স্বীকার করতে বাধ্য কিন্তু তারা এখানে হাউসে বসে করবেন না, এই মিনিকিট যখন চাষিদের কাছে পৌঁছে যায় তখন আর চাষ করার সময় থাকে না। এই ট্রাডিশন কিন্তু আপনারা পাল্টাতে পারলেন না, এই কথা সত্য ঐ মিনিকিট দিয়ে যদি বীজ বপণ করা যায় তাহলে ৫০ শতাংশ বীজ ধান থেকে কিছু হবে কিনা সেটা সন্দেহ থাকে বলে এলাকার চাষীরা তারা আর সেটা চাষ করতে চায় না, সিদ্ধ করে খেয়ে পেলে। তাই আপনাকে ভাবতে হবে, চিন্তা করতে হবে, আপনারা ঠিক করলেন কৃষি ট্রেনিং দেবেন কিন্তু কোথায় সেই রিসার্চের ব্যবস্থা করেছেন, সেই রিসার্চ গ্রাম বাংলার চাষীদের কাছে পৌঁছে দেওয়ার সুযোগ আপনি কোথায় করেছেন? সেই রিসার্চ, সেই প্রযুক্তি গ্রাম-বাংলার মানুষের কাছে পৌঁছে দিচ্ছেন না বলে তারা তাদের নিজেদের মাথা থেকে যে কাজটা করছে নিজেদের বাঁচাতে, বাঁচার তাগিদে পুকুর কেটে, নদী থেকে, খাল থেকে, জল তুলে ছেঁচছে। এবারে দেখুন রেকর্ড কি বলে, আপনি জুট সম্বন্ধে বাজেটের তৃতীয় পৃষ্ঠায় বলেছেন এইসব লক্ষ্য সামনে রেখে কেন্দ্রীয় সাহায্যপুষ্ট বিশেষ পাট উন্নয়ন কার্যসূচি নামে ভারত সরকারের ১০০ শতাংশ অনুদানে একটি প্রকল্প রাজ্যের ১০টি জেলার ২ লক্ষ হেক্টরে চালু রয়েছে। কিন্তু আপনার উন্নয়নের কি হার হয়েছে দেখেছেন কি, আপনাকে ধন্যবাদ, ভারত সরকারের ১০০ শতাংশ অনুদান আপনার দপ্তরের দরকার বলেছেন, আপনার ভবিষ্যতে চাকরি থাকবে কিনা দেখুন, আমার প্রশ্ন এই ১০০ শতাংশ নিয়ে। আপনি দেখুন পারলে কি হয়েছে, পাটে কি হয়েছে, আমাদের দেশের গমকে শেষ করে দিয়েছেন, আপনি কি ভাবছেন জানিনা, গম উৎপাদন কোথায় দাঁড়িয়েছে, সমস্ত জায়গায় দেখুন সাবু বার্লিতে কি অবস্থায় দাঁড়িয়েছে, খুলে দেখুন। গ্রাম-এর বাজেট কি ছিল ১৯৮০-৮১-তে ৯৬.২ হাজার হেক্টর, এখন আপনাদের দাঁড়িয়েছে ৯২-৯৩তে ২০.৩ হাজার হেক্টর। আপনি কি উত্তর দেবেন, লোকে আর ঐসব চাষবাস করতে যায় না। লোককে তো বোঝাতে হবে। আমার নেতা ঠিকই বলেছেন, কি লেখা আছে, আপনার মেশিনারি কিছু আছে, তার স্ট্যাটিসটিক্স-এর নমুনা কি, সেটার নমুনা নেই। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব, আমাদের যা প্রোডাকশন হয় তাকে বাঁচাবার পথ খুলে দিন, প্রোডাকশনকে বাঁচাতে রিসার্চের পথ খুলে দিন গ্রাম-বাংলার জন্য এবং উন্নত মানের সেচের ব্যবস্থা করুন। আজকে কাগজে দেখলাম রুর‍্যাল মার্কেট করতে যাচ্ছেন হুগলি জেলার পাণ্ডুয়ায়, সম্ভবত, আপনি কি পারছেন করতে, সি. পি. এম.-এর লোকরা আপনাকে করতে দিচ্ছেন না। আমাদের নেতা তো বলছিলেন কি অবস্থা, আপনাদের নামে কুৎসা হয়েছে, আপনি নরেনবাবুর বাছা বাছা লোককে নিয়ে এইসব করতে চাচ্ছেন। আজকে আনন্দবাজারে আছে, এই যদি সামগ্রিক পরিস্থিতি হয় সেই কাগজ বলছে, আপনি দয়া করে শুনুন আর. এস. পি.-র একজন, সি. পি. এম.-এর একজন, আবার আর. এস. পি.

বলছে আমাদের দুইজন, সি. পি. এম.-এর দুজনকে নিতে হবে, এই যদি অবস্থা হয় তাহলে রাজ্যের উন্নতি হবে না, পার্টির উন্নতি হবে। এই অবস্থা আজকে সৃষ্টি হয়েছে। আজকে প্ল্যান বাজেটকে সঙ্কুচিত করে কোন দেশের উন্নতি হয়!

আমাদের কৃষি খামার আছে এবং কৃষি প্রযুক্তি সহায়করা আছেন। তারা নতুন টেকনোলজি যেটুকু শিখেছে তা গ্রামাঞ্চলের কৃষকদের কাছে পৌঁছে দেওয়াই হচ্ছে তাদের কাজ। কিন্তু আপনার কোন রেকর্ড আছে। আজকে ৪,৭৫৮ জন কে.পি.এস আপনার দরকার। আর এখনো পর্যন্ত ১,০২৯টি পোস্ট ভ্যাকেন্ট পড়ে আছে। ৪,৭৫৮ জন কে.পি.এস দরকার যারা গ্রাস রুট লেভেলে এই কৃষিটাকে মানুষের কাছে পৌঁছে দেবে। তাহলে আপনি ভাবতে পারেন কৃষির উন্নতি কি করে হবে। নন প্লান বাজেটে ১৯৮৮-৮৯ সালে আপনার ২১৪৫.১৭ লক্ষ টাকা ছিল, ১৯৯০-৯১ সালে ৫১.৪৪ পারসেন্ট ছিল, আর ১৯৯১-৯২ সালে আপনি বিশ্ব রেকর্ড করেছেন ৯৬.৫২ পারসেন্ট। বিশ্বের কোথাও নন-প্লান খাতে এত টাকা খরচ হয়নি। সমাজতান্ত্রিক দেশেও হয়নি। আমি যে কথাগুলো বলছি এইগুলো আমার কথা নয়, এইগুলো কংগ্রেস দলের কথা নয়, সাবজেক্ট কমিটি অঃ এগ্রিকালচারের চেয়ারম্যান শ্রী প্রভাসচন্দ্র ফাদিকার মহাশয় যে রিপোর্ট দিয়েছেন, সেই রিপোর্ট থেকে আমি এই ফিগারটা বললাম। যেখানে ১৯৯১-৯২ সালে আপনার নন-প্লান বাজেট ৯৬.৫ পারসেন্ট হল, সেখানে আপনার প্লান বাজেট বাড়ল ৭.৩৮ পারসেন্ট। এই বইটা যদি ভেগ না হয় তাহলে এই বাজেটকে সমর্থন করা পাপ। এর পরেও যদি আপনারা বলেন আমরা পশ্চিমবাংলার মানুষকে এত সুবিধা দিয়েছি তাহলে আপনারা প্রতারক হবেন। পশ্চিমবাংলার মানুষ এর জন্য আপনাদের ক্ষমা করবে না। আপনার দপ্তরের বাজেট আজকে কমতে কমতে কোথায় গিয়ে দাঁড়িয়েছে দেখুন। আপনি অন্য পার্টির লোক বলে আজকে আপনার দপ্তরের এই অবস্থা। একটু আগে সুদীপবাবু বলছিলেন কান্তিবাবুর দপ্তরের বাজেট নাকি অনেক বেড়েছে। আর এদিকে আপনার বাজেট ক্রমশঃ কমছে। সুতরাং এই বাজেটের দ্বারা আপনি কি কাজ করেন। আপনার এই বাজেটকে সমর্থন করা যায় না। তাই এই বাজেটের আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের পক্ষ থেকে যে কাট মোশন এখানে আনা হয়েছে তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলেন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় কৃষিমন্ত্রী এবং কৃষির বিপণন মন্ত্রী তাদের দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলছি। স্যার, পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের কৃষি দপ্তর এবং কৃষিজ বিপণন দপ্তরের যে সাফল্যজনক ভূমিকা সে বিষয়ে মাননীয় মন্ত্রীদ্বয় কিছু কিছু পরিসংখ্যান দিয়েছেন। আমিও এ বিষয়ে কয়েকটি বক্তব্য রাখব। বিরোধীদলের মাননীয় নেতা এবং মাননীয় সদস্য সঞ্জিতবাবু দীর্ঘক্ষণ ধরে তাদের বক্তব্য রাখলেন। তারা পশ্চিমবঙ্গের কৃষিক্ষেত্রের যে সাফল্য তাকে অন্যমুখী করার জন্য সারা ভারতবর্ষের কিছু পরিসংখ্যান তুলে ধরে বক্তব্য রাখলেন। আমি সেই জায়গা থেকেই শুরু করব। আমরা সকলেই জানি যে ভারতবর্ষ হচ্ছে একটি বিশাল কৃষিপ্রধান দেশ এবং এই দেশের অধিকাংশ মানুষ কৃষির উপর নির্ভরশীল। এই দেশের কেন্দ্রীয় সরকার সারা দেশের জন্য যে অর্থনীতি নিয়ে চলেছেন বা পরিচালনা করছেন তাতে সাধারণ গরিব মানুষদের কথা তারা চিন্তা করেন নি। এই অবস্থায় ভারতবর্ষের একটি

অভঙ্গ রাজ্য পশ্চিমবঙ্গের এখানকার বামফ্রন্ট সরকার একটা অন্য দৃষ্টিভঙ্গি নিয়ে সাধারণ গরিব মানুষদের যতটুকু উন্নতি করা যায় তারজন্য চেষ্টা চালিয়ে যাচ্ছেন। পশ্চিমবঙ্গে যে জমি আছে সেই জমি ভূমি-সংস্কারের মাধ্যমে প্রকৃত গরিব কৃষকদের হাতে তুলে দিয়ে এবং সেখানে উন্নত ধরনের বীজ, সার কৃষিজ যন্ত্রপাতি যোগান দিয়ে ও সেচের সম্প্রসারণের মাধ্যমে কৃষি উৎপাদন অনেক গুণ বাড়িয়ে চলেছেন এবং এইভাবে কৃষকদের অবস্থার উন্নয়ন করতে সচেষ্ট হয়েছেন। এইভাবে বামফ্রন্ট সরকার কৃষিক্ষেত্রে দৃষ্টান্তমূলক নজির স্থাপন করতে সক্ষম হয়েছেন। একথা আমরা সকলেই জানি যে কৃষির উন্নতির ক্ষেত্রে ভূমি-সংস্কারের একটা বিশেষ অবদান আছে। এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গের ভূমিকা সবচেয়ে উল্লেখযোগ্য। সারা ভারতবর্ষের মোট জমির যেখানে মাত্র ২৯ শতাংশ ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের হাতে আছে সেখানে এই পশ্চিমবঙ্গে ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের হাতে আছে মোট জমির ৬০ শতাংশ। তার উপর বামফ্রন্ট সরকার কৃষির উন্নয়নের জন্য যে পদক্ষেপ নিয়েছেন এবং সেচের সম্প্রসারণ ঘটিয়েছেন তাও উল্লেখযোগ্য। প্রসঙ্গত উল্লেখ করা যায় যে পঞ্চায়েতের মাধ্যমে ছোট ছোট সেচ ব্যবস্থা গড়ে তুলে তার মাধ্যমেও চাষীদের সাহায্য করা হচ্ছে। আগেই বলেছি যে উন্নতমানের সার, বীজ, কৃষি সরঞ্জাম যাতে কৃষকরা পেতে পারেন তারজন্যও সরকার থেকে ব্যবস্থা নেওয়া হয়েছে। অভিজ্ঞতা এবং সুযোগকে কাজে লাগিয়ে এখানে তাই কৃষিক্ষেত্রে একটা বিরাট সাফল্য আনা গিয়েছে। বিরোধী দলের সদস্যরা একটা কথা প্রায়ই বলেন যে, এখানে কৃষির যে উন্নয়ন ঘটেছে, উৎপাদন বৃদ্ধি হয়েছে তা নাকি শুধু কৃষকরাই করেছেন। আমি জানি না কৃষকরা কিভাবে নিজেরাই সব কিছু করলেন। জমিতে যদি সেচের সম্প্রসারণ না ঘটত, উন্নতমানের বীজ, সার ইত্যাদির ব্যবস্থা না করা যেত তাহলে কোন যাদুমন্ত্রে উৎপাদন বাড়ত তা আমার জানা নেই। তবে এই প্রসঙ্গে একটা কথা আমি মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দেব যে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার যে কৃষিনীতি নিয়ে চলেছেন তার কুফল আগামীদিনে আমাদের দেশের কৃষক এবং কৃষির উৎপাদনের ক্ষেত্রে ব্যাপকভাবে পড়বে। এই প্রসঙ্গে গ্যাট চুক্তি বা ডাঙ্কেল প্রস্তাবের কথাটা উল্লেখ করা যায়। ভারত সরকার এই চুক্তিতে সই করেছেন।

[6-10 — 6-20 p.m.]

কারণ আমি এই ক্ষেত্রে বলতে চাই সঠিকভাবে মাননীয় সদস্য ধীরেনবাবু বলেছেন যে ভারতবর্ষের কৃষি উন্নতির ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যদি কোনও সঠিক নীতি এবং কর্মসূচি গ্রহণ করে, কৃষি উন্নতির ব্যবস্থা করতেন তাহলে আমরা নিশ্চিতভাবে আমাদের দেশের কৃষি ব্যবস্থার চরম সীমায় পৌঁছাতে পারতাম। কিন্তু কেন্দ্রীয় সরকারের এত বাধা সত্ত্বেও আমাদের রাজ্য কৃষি উৎপাদনে যে রেকর্ড করেছেন, তা অস্বীকার করার উপায় নেই। ধান উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান প্রথম আর আলু উৎপাদনে দ্বিতীয়, এছাড়া পশ্চিমবঙ্গের যে সমস্ত উৎপাদন হয়, যেমন পাট,—পাট ভারতবর্ষের প্রায় ৭০/৮০ শতাংশ পাট উৎপাদন হয় আমাদের রাজ্যে এবং পাট চাষের জমি আমাদের রাজ্যে অধিক সংখ্যক রয়েছে। পাট উৎপাদনের সঙ্গে সঙ্গে রবি শস্যে আমাদের রাজ্যে প্রচুর পরিমাণে হচ্ছে। খরিফ মরশুমের যে সমস্ত শস্য, গম, ডাল শস্য, এই সমস্ত উৎপাদনের ক্ষেত্রে আমরা একটা বিশেষ জায়গায় পৌঁছেছি। তা সম্ভব হয়েছে পশ্চিমবঙ্গ সরকারের কৃষি দপ্তরের বিশেষ ভূমিকার ফলেই এটা হয়েছে। তাদের সীমিত

ক্ষমতার মধ্যে যে কাজ করার ইচ্ছা, তাকে লাগিয়েছে বলেই এটা সম্ভব হয়েছে। তার জন্যই বিরোধী সদস্যরা নানা কথা বলে ভারতবর্ষের নানা পরিসংখ্যান দিয়ে আজকে পশ্চিমবঙ্গ সরকারকে হেয় করতে চাইলেন। বিরোধী সদস্যরা বললেন সেচের ব্যবস্থা নেই। আমি তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই, পশ্চিমবঙ্গে বৃহৎ সেচের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা তা কি ওরা ভুলে গেছেন? ভারত সরকার অন্যান্য রাজ্যের বৃহৎ সেচ পরিকল্পনায় যেভাবে অর্থ সাহায্য করেছেন, এবং সেই সব বৃহৎ সেচ পরিকল্পনা যেভাবে তারা রূপায়ণ করে দিয়েছে, পশ্চিমবাংলার ক্ষেত্রে তা কিন্তু তারা করেননি। পশ্চিমবঙ্গ দীর্ঘকাল ধরে বৃহৎ সেচ পরিকল্পনায় বঞ্চিত হয়েছে। আমরা দেখেছি তিস্তা সেচ প্রকল্প এবং পশ্চিমবাংলার অন্যান্য যে সব বৃহৎ সেচ প্রকল্প, সেইগুলোকে যদি কেন্দ্রীয় সরকার সঠিকভাবে আর্থিক সাহায্য দিতেন তাহলে পশ্চিমবাংলার সেচ দপ্তর আরো বেশি সংখ্যক জমি সেচের আওতায় আনতে পারতেন এবং কৃষি, উৎপাদন একটা বৃহৎ জায়গায় যেতে পারত। সেচ ব্যবস্থার ক্ষেত্রে আজকে বিদ্যুত একটা বড় মাধ্যম। বিদ্যুতের ক্ষেত্রে বলতে চাই কেন্দ্রীয় সরকার যে বঞ্চনা করেছেন— বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্পে কেন্দ্রীয় অর্থ সাহায্যের যে অভাব, যার জন্য সঠিকভাবে বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্প এখনও পর্যন্ত করা গেল না। এই পরিসংখ্যানগুলো তারা তুলে ধরলেন না। কৃষি দপ্তরের যে সমস্ত গবেষণাগার বা মাটি পরিক্ষার সেন্টারগুলো আছে, কৃষকরা যাতে সেই সব সেন্টার থেকে সুবিধা পেতে পারে তার ব্যবস্থা করা হয়েছে। তার ফলে কৃষি উৎপাদনের ক্ষেত্রে একটা রেকর্ড করা সম্ভব হয়েছে। এটা সম্ভব হয়েছে তাদের আন্তরিকতা এবং একটা সুস্পষ্ট নীতি অবলম্বন করা হয়েছে বলেই। কিছু পরিসংখ্যান দিলে বুঝতে পারবেন, মোট খাদ্য দ্রব্যের যা প্রয়োজন পশ্চিমবাংলায়, আমরা জানি সেই প্রয়োজনকে মেটাতে গেলে যে উৎপাদন করতে হবে, আমরা সেই উৎপাদনের কাছাকাছি পৌঁছাতে পেরেছি। ৯১-৯২ সালে আমাদের খাদ্যশষ্য উৎপাদন হয়েছে ১ কোটি ২৮ লক্ষ ৫৬ হাজার ৩০০, ওদের আমলে আমাদের রাজ্যের জন্য যা প্রয়োজন ছিল, তার মাত্র দশ শতাংশ উৎপাদন করতেন। কৃষিমন্ত্রী দৃঢ়তার সঙ্গে বলেছেন রাজ্য সরকার যে পদ্ধতিতে কাজ করে যাচ্ছে, সেই কাজ করার মধ্য দিয়ে আমাদের রাজ্যকে স্বয়ংসম্পূর্ণ খাদ্যশস্যের দিক থেকে রাজ্য হিসাবে প্রতিষ্ঠিত করতে পারবেন। তার সঙ্গে সঙ্গে কৃষি বিপণন দপ্তর একটা বিশিষ্ট ভূমিকা নিয়েছে। আমাদের সারা রাজ্যে ৪৩টি মার্কেট চালু করতে পেরেছে। সেই মার্কেটগুলিতে কৃষকরা এসে যাতে মালপত্র বিক্রি করতে পারেন তার জন্য সুন্দর রাস্তাঘাট করে দেওয়া হয়েছে। সঙ্গে সঙ্গে অবিক্রিত মালপত্র যাতে নষ্ট না হয়ে যায় তার জন্য গুদামজাত করার এবং নানাভাবে রক্ষণাবেক্ষণ করার ব্যবস্থা কৃষি বিপণন দপ্তর নিয়েছে। তাঁরা যে প্রচেষ্টা নিচ্ছেন তার জন্য আমি তাঁদের সাধুবাদ জানাচ্ছি। এই প্রসঙ্গে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি কৃষি-বিপণন দপ্তরের সঙ্গে অন্যান্য দপ্তরের সঠিক সমন্বয় গড়ে তোলার জন্য। সঠিক সমন্বয় গড়ে তুলতে পারলে আমরা আরো একটু সঠিক জায়গায় যেতে পারব। এই ক'টি কথা বলে বাজেট প্রস্তাবকে সমর্থন করে, বিরোধীদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী ৪৭ নং, ৪৮ নং এবং ১৫ নং দাবির অধীনে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমি

কয়েকটি কথা বলতে চাই। আমরা দেখছি পশ্চিমবাংলায় ১৯৮০-৮১ সাল থেকে ১৯৯২-৯৩ সালের মধ্যে কেবলমাত্র চাল বা ধানের উৎপাদনই বৃদ্ধি পেয়েছে, বাকি সমস্ত রকম শস্যের উৎপাদন কমেছে এটা আমার হিসাব নয়। সরকারের আর্থিক সমীক্ষায় যে হিসাব দেওয়া হয়েছে, তাতেই আমরা এটা দেখতে পাচ্ছি। ধান ছাড়া, গম, বার্লি, মেইজ্, প্যাম, জুট, মেস্তা, টোবাকো প্রভৃতির উৎপাদন কমেছে। আর্থিক সমীক্ষায় এরিয়া ইন পার থাউজেণ্ড হেক্টরস ধরে বলা হয়েছে—১৯৮০-৮১ সালে হুইট হয়েছিল ২৮৩.০ ; ১৯৯২-৯৩ সালে ২৭২.১। ১৯৮০-৮১ সালে বার্লি হয়েছিল ৩৫.৪ ; ১৯৯২-৯৩ সালে হয়েছে ৬.১। ১৯৮০-৮১ সালে মেইজ্ হয়েছিল ২৭.৬ ; ১৯৯২-৯৩ সালে হয়েছে ২০.২। গ্রামের উৎপাদন ১৯৮০-৮১ সালে হয়েছিল ৯৬.২ ; ১৯৯২-৯৩ সালে কমে হ'ল ২০.৩। আদার সিরিয়ালস ১৯৮০-৮১ সালে যেখানে হয়েছিল ২৭.৮ ; সেখানে ১৯৯২-৯৩ সালে তা কমে ২০.২ হয়েছে। জুটের উৎপাদন ১৯৮০-৮১ সালে যেখানে হয়েছিল ৬১০.৪ ; ১৯৯২-৯৩ সালে তা কমে হয়েছে ৪৯৩.৩। মেস্তা ১৯৮০-৮১ সালে হয়েছিল ৪৪.৪ ; ১৯৯২-৯৩ সালে তা হ'ল ১১.১। টোব্যাকো ১৯৮০-৮১ সালে হয়েছিল ১৮.৯ ; ১৯৯২-৯৩ সালে হ'ল ১১.৭। সুতরাং আমরা দেখছি বার্লি, মেস্তা, গম, পাট সমস্ত কিছুর উৎপাদন কমে গেছে। এর কারণ হিসাবে বলা যায় রাজ্যে চাষবাসের এলাকা বছরের পর বছর কমে যাচ্ছে। যার ফলে আজকে ধান ছাড়া বাকি সব শস্যের উৎপাদন এই জায়গায় এসে দাঁড়িয়েছে।

[6-20 — 6-30 p.m.]

যেমন দেখা যাচ্ছে, ১৯৯২-৯৩ সালে ক্যানেল সিস্টেমে সেচের যে ব্যবস্থা ছিল সেখানে ১ লক্ষ ৪৪ হাজার ৯৩৬ হেক্টার জমি অর্থাৎ সেচসেবিত এরিয়া কমে গেছে। এই জল যদি না পাওয়া যায় তাহলে নিশ্চয়ই কৃষির ফলন বাড়ানো যায় না। সেচ না পেলে কৃষি উৎপাদন নিশ্চয়ই কমবে। আবার পূর্ববর্তী বক্তা বলে গেলেন প্ল্যান এবং নন-প্ল্যানে কৃষি খাতে টাকা কমে গেছে। তাহলে কিভাবে কৃষিতে উন্নয়ন হতে পারে। এখানে আর. এল. আই এবং ডীপ টিউবওয়েলের সংখ্যা অসংখ্য দেওয়া আছে। যেমন, হাই ক্যাপাসিটি ডীপ টিউবওয়েল ৩ হাজার ৩৩৯টি। মিড্ল ক্যাপাসিটি ডীপ টিউবওয়েলের সংখ্যা ১৪০টি। লো্ ক্যাপাসিটি ডীপ টিউবওয়েলের সংখ্যা ৬৪২টি। শ্যালো টিউবওয়েল ৪ হাজার ৪৮৯টি। আর.এল.আই ৩ হাজার ২৭৪টি। ওপেন ভাগ ওয়েল ৫ হাজার ৫৮৪টি। বাস্তবে দেখা যাচ্ছে প্রচুর ডীপ টিউবওয়েল এবং আর.এল.আই ডিফাংক্ট হয়ে আছে। এই সমস্ত এলাকায় সেচের অভাবে খাদ্যদ্রব্য নিশ্চয়ই উৎপাদন হয়নি। তাই বলছি, সেচের এরিয়া বাড়ানো হয়েছে বলে যে দাবি করা হয়েছে সেটা ঠিক নয়। আসলে ব্যক্তিগত উদোগে স্যালো টিউবওয়েল বসিয়ে চাষবাস করেছেন বলা হয়েছে। কিন্তু এখানে দেখা যাচ্ছে প্রতি বছর সেচের এলাকা হেক্টর প্রতি কমে গেছে। সুতরাং সেচের জন্য বেড়েছে বলে যে কৃতিত্ব আপনারা দাবি করেছেন সেটা ঠিক নয়, ব্যক্তিগত উদ্যোগে হয়েছে বলে আমার ধারণা। আমি এটা ১৯৯৩-৯৪ সালে আর্থিক সমীক্ষা থেকে বলছি। এবার আমি কৃষি মন্ত্রী মহাশয়কে বলতে চাই, এই যে মিনিকিট দেওয়া হয় এটা যাতে উন্নত বীজ দেওয়া হয় এবং সময়মতো দেওয়া হয় তারজন্য অনুরোধ করছি। কারণ এতে ক'রে উৎপাদন বাড়বে। আসলে যে মিনিকিট দেওয়া হয় সেটার ম্যাল ডিস্ট্রিবিউশন হয়। সময়মতো সেগুলি চাষীদের হাতে আসে না। যখন চাষ শেষ হয়ে যায় তখন মিনিকিট

ডিস্ট্রিবিউশন হয়। তখন সেগুলি বাজারে বিক্রি হয় এবং লোকেরা খেয়ে ফেলে। ধান-গম ছোলা প্রভৃতি শস্য বীজ দেওয়া হয়। প্রতিটি ব্লকে যে সীড ফার্মগুলি আছে সেগুলির অবস্থা অত্যন্ত খারাপ। আজকে কৃষির মান উন্নয়ন করবার জন্য পশ্চিবঙ্গে বিখ্যাত কল্যাণী বিশ্ববিদ্যালয় তৈরি হয়। এখন তার জীর্ণ দশা, দলবাজি করে এই এগ্রিকালচার ইউনিভারসিটিটাকে শেষ করে দেওয়া হয়েছে। এখানে মাটি, জল কৃষি সংক্রান্ত বিষয়ে গবেষণা হওয়া কথা, কিন্তু এটি শেষ হয়ে গেছে। তাই বলছি, কৃষির যে উন্নয়ন হবার কথা গত ১৭ বছর ধরে তা হয়নি সুতরাং প্রডাকশান বেড়েছে বলে যা বলা হচ্ছে তা কিন্তু বাস্তবে হয়নি। তাই আমি বলব আমাদের আনীত কাট-মোশনকে সমর্থন করুন। এই বাজেটেরে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঈদ্ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে কৃষি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী নীহার বসু এবং কৃষি বিপণন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী কলিমুদ্দিন সাম্‌স যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন আমি তাকে সমর্থন করছি এবং কংগ্রেসিরা যে কাট-মোশন নিয়ে এসেছেন তার বিরোধিতা করছি। আমি বাজেটের সমর্থনে কয়েকটি কথা বলতে চাই বাজেট বিতর্কে আলোচনা অনেকক্ষণ ধরেই চলছে। সরকার পক্ষের সদস্যরা এবং বিরোধীপক্ষের সদস্যরা বললেন। বিরোধীপক্ষের সদস্যরা যেকথাগুলি বললেন তার সারমর্ম হচ্ছে পশ্চিমবঙ্গে কৃষি ব্যবস্থার কোন উন্নয়ন হয়নি। মাননীয় কংগ্রেসি সদস্যরা কৃষির ক্ষেত্রে ব্যর্থতার কথা বলার চেষ্টা করেছেন। আমরা, বামফ্রন্ট সরকার যখন ক্ষমতায় এসেছিলাম তখন কৃষি ব্যবস্থা বিপর্যস্ত ছিল। কৃষির কোন ইনফ্রাস্ট্রাকচার ছিল না। সেচ সম্প্রসারণ, ভূমি-সংস্কার এবং পঞ্চায়েত কিছুই কোন ব্যবস্থা ছিল না, এই রকম অবস্থার মধ্যে দিয়ে বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর সেই বিপর্যস্ত অবস্থাকে সম্পূর্ণভাবে কাটিয়ে কৃষিক্ষেত্রে অগ্রসর হয়েছে এটা প্রমাণিত হয়ে গেছে। আগে কংগ্রেসিদের আমলে গ্রাম-বাংলার লোকে খেতে পেত না কোদাল হাতে নিয়ে গ্রাম ছেড়ে বিদেশে যেত পেটের দায়ে, খাদ্যের সন্ধানে। তারপর সারা বৎসর কাজ করে খেতে না পেয়ে বিনা পয়সায় আবার সেই গ্রামে ফিরে আসত। আজ সেই অবস্থার পরিবর্তন হয়েছে, বামফ্রন্ট সরকার আসার পরে কৃষি ব্যবস্থার উন্নতি হয়েছে, ভূমি বণ্টন, ভূমি-সংস্কারের মাধ্যমে—কংগ্রেসি আমলে যে বর্গাদারদের উচ্ছেদ করা হত খাস জমি নিজেদের মধ্যে বিলি-বণ্টন হত। জমির মালিকেরা যাকে খুশি তাকে জমির পাট্টা দিত—আমরা সেই সব অবস্থার পরিবর্তন করেছি। জমির অ্যালটমেন্ট করেছি, ভূমিহীন কৃষকদের হাতে জমি তুলে দিয়েছি। বর্গাদাররা যাতে এস্টাবলিশড হয় তার ব্যবস্থা করেছি। তাদের বর্গা রেকর্ড হয়েছে। আমরা জমি চোরদের হাত থেকে জমি কেড়ে নিয়ে গরিব ভূমিহীন কৃষকের হাতে জমি দেওয়ার ব্যবস্থা করেছি এবং এর সঙ্গে সঙ্গে চাষ যাতে ঠিকমতো হয় আমরা সে ব্যবস্থা করেছি। গরিব চাষিদের হাতে বিনা সুদে, অল্প সুদে ব্যাঙ্ক থেকে পঞ্চায়েতের মাধ্যমে লোন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে, কৃষির সরঞ্জাম কিনে দেওয়ার ব্যবস্থা করা হয়েছে পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে। উচ্চ ফলনশীল যে বীজ মিনিকিট বিনা পয়সায় পৌঁছে দেবার ব্যবস্থা করেছি, চাষ করবার জন্য কৃষকদের হাতে ঠিকমতো ব্যবস্থা করেছি। ওঁদের আমলে ওঁরা সেচের কিছুই ব্যবস্থা করেন নি, এখন যে কথা বলছেন যে, পশ্চিমবঙ্গে সেচ ব্যবস্থা সম্প্রসারিত হয় নি, তথ্য দিলেন, বিভিন্ন রাজ্যের কথা তুলে ধরলেন। ওঁরা যখন সরকার থেকে চলে

গেলেন, জনগণ রাখলেন না, তখন কৃষিব্যবস্থা কি ছিল, আর.এল.আই. ক্ষুদ্র সেচ, বৃহৎ সেচ কোনো ব্যবস্থাই ছিল না। আমরা কৃষি ব্যবস্থার সম্প্রসারণ করতে চাইছি। বহু জায়গায়, আর.এল.আই.ডিপ টিউবওয়েল, ক্ষুদ্র সেচ এই সব ব্যবস্থা করেছি, ক্যানেলে জল দেবার ব্যবস্থা করেছি। এক ফসলি জমিকে দু-ফসলী করার ব্যবস্থা হচ্ছে, আরও প্রকল্প গ্রহণ করার ব্যবস্থা করছি। এই যে তিস্তা এবং সুবর্ণরেখা প্রকল্প করা হচ্ছে তার জন্য তো টাকা দিচ্ছে না, বাগড়া দিচ্ছে, কৃষির উন্নতি করতে গেলে আগে সেচের ব্যবস্থা করতে হয়, সেখানেও বাধা সৃষ্টি করা হচ্ছে। পশ্চিমবঙ্গ থেকে যে ট্যাক্স কালেকশন করা হয় সব নিয়ে যাবেন আর পশ্চিমবঙ্গকে পিযে মারবেন। অন্যান্য রাজ্যে টাকা দিচ্ছেন, উন্নতি হয়েছে, আমাদের বামফ্রন্ট সরকার এই সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে কৃষি ব্যবস্থার সম্প্রসারণ করেছে এর ফলে কৃষিতে উন্নতি হয়েছে। আজ চাল উৎপাদনের ক্ষেত্রে এবং আলু চাষের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম স্থান লাভ করেছে। পাট চাষের কথা বলছেন, এখানে উন্নতমানের পাটের চাষ হয় কিন্তু জুট কলগুলি বন্ধ হয়ে যাচ্ছে, তা সত্ত্বেও পাট চাষ বাড়ছে, আরও বাড়ত যদি যা পাট উৎপাদন হচ্ছে এবং বাজারে বিক্রির জন্য আসছে তা কেনার লোক থাকত, আজকে পাট কেনার লোক নেই, জে. সি. আইয়ের লোক আসছে না, পাট কিনছে না।

[6-30 — 6-40 p.m.]

তারা আসছে না, না আসার ফলে পাট চাষীরা গ্রামের ফোড়ে এবং দালালদের অল্প দামে বিক্রি করে দিতে বাধ্য হচ্ছে। সেই জন্য চাষীরা ন্যায্য দাম পাচ্ছে না। পশ্চিমবাংলায় বিপণনের মাধ্যমে কিছু পাট কেনার ব্যবস্থা করা হচ্ছে। তবে খানিকটা হচ্ছে, সবটা কেনা সম্ভব হচ্ছে না। ফসল যখন উৎপাদন হচ্ছে তখন প্রথমে দাম পড়ে যেত। কারণ তখন সেই ব্যবস্থা ছিল না। এখন সেটা হচ্ছে না। চাষীরা ঠিকমতো দাম পায় যাতে তার জন্য বিভিন্নরকম ব্যবস্থা করা হচ্ছে। বিভিন্ন পদ্ধতি অবলম্বন করা হচ্ছে। যার ফলে আপনারা মনে করছেন হয়ত এই কৃষি ব্যবস্থায় পশ্চিমবাংলায় কোনও উন্নতি হয় নি। আজকে আমরা দেখতে পাচ্ছি গ্রামবাংলায় অর্থনৈতিক উন্নতি হয়েছে। এটা কৃষি প্রধান দেশ। পশ্চিমবাংলায় একটা বিশেষ ভৌগোলিক পরিবেশের মধ্যে অবস্থা করছে। এখানে জলবায়ু নানা রকমের হয়, কখনও খরা, কখনও অতি বৃষ্টি। এই প্রতিকূল অবস্থার মধ্যেও পশ্চিমবাংলার গ্রামীণ অর্থনীতির চাঙ্গা হয়েছে। যেহেতু ভারতবর্ষ কৃষি প্রধান দেশ, পশ্চিমবাংলা একটা অংশ রাজ্য, যার ফলে পশ্চিমবাংলাকে কৃষির উপর নির্ভরশীল থাকতে হয়েছে। আগে গ্রাম-বাংলার জমি এক ফসলী ছিল, এখন সেই জমি এক ফসলী থেকে দু-ফসলী, তিন-ফসলী হয়েছে। আমাদের রাজ্যে উচ্চ ফলনশীল ধান হচ্ছে। চাষীদের মধ্যে তাই অনেক উন্নতি হয়েছে। তাদের ছেলে-মেয়েরা লেখাপড়া শিখছে। চাষের জন্য যে সাজ-সরঞ্জাম লাগে সেটা পঞ্চায়েতের মাধ্যমে বিলি করা হচ্ছে, কাউকে কৃষি বলদ দেওয়া হচ্ছে, কাউকে বীজ দেওয়া হচ্ছে। তাদের ব্যাঙ্ক লোন দেওয়া হচ্ছে। আপনারা সেই ব্যবস্থা করেন নি। যে ব্যাঙ্কের মাধ্যমে গ্রাম-বাংলার চাষীদের আর্থিক সাহায্য করা হয় সেই ব্যাঙ্কে আপনারা বন্ধ করে দিতে চাইছেন, ব্যাঙ্কগুলিকে বেসরকারি মালিকদের হাতে তুলে দিতে চাইছেন। আপনারা বিদেশিদের হাতে এই ব্যাঙ্কগুলিকে তুলে দিতে চাইছেন। যার ফলে কৃষি অর্থনীতি মার খাচ্ছে। সমবায়ের মাধ্যমে লোন দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে সেটাও ব্যাহত হবে এর ফলে। আপনারা গ্রাম-বাংলার মানুষের জন্য আগে

ভাবতেন না, এখনও ভাবেন না। যে ব্যাঙ্ক জাতীয়করণ করে ইন্দিরা গান্ধী নাম করেছিল সেই ব্যাঙ্ককে আপনারা ব্যক্তিগত মালিকানার হাতে তুলে দিতে চাইছেন, বিদেশি সাম্রাজ্যবাদীদের হাতে তুলে দিতে চাইছেন। মরক্কোয় যে ডাঙ্কেল চুক্তি হয়েছে, সেই চুক্তি কৃষিতে বিপর্যয় ডেকে আনবে। কৃষি মার খাবে। তার জন্য আপনারা দায়ী থাকবেন। আপনারা সারে ভর্তুকি তুলে নিলেন, যার ফলে সারের দাম বেড়ে গেল। যার জন্য সার পাওয়া যাচ্ছে না। আপনারা ঠিক করেছেন ভারতবর্ষে আর সার উৎপাদন হবে না, গ্যাট চুক্তির মাধ্যমে আপনাদের বিদেশের কাছ থেকে সার কিনতে হবে। ফলে সারের জন্য যে সংকট দেখা দেবে সেটা আরো কিছুদিন বাদে বোঝা যাবে। আপনাদের কথাগুলি জনস্বার্থ বিরোধী। সেই জন্য আপনারা যে কাট মোশন এনেছেন তার বিরোধিতা করছি। বামফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী কৃষি বিভাগের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবি উত্থাপন করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকাইত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং কৃষি বিপণন মন্ত্রী এঁরা যে বাজেট বরাদ্দ পেশ করেছেন, আমি তার উপরে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী তাঁর বিভাগের কাজ সম্পর্কে উল্লেখ করেছেন যে পশ্চিমবঙ্গের কৃষিজাত ফলন বৃদ্ধি হয়েছে। এরজন্য তাঁরা দাবি করেছেন যে সরকার এর কৃষিনীতি এবং প্রচেষ্টার ফলেই এই উৎপাদন বৃদ্ধি হয়েছে। আমি সর্ব প্রথমে বলতে চাই যে, মন্ত্রী মহাশয়ের এই দাবি যথার্থ নয়। আমরা দেখেছি যে কৃষি দপ্তর থেকে পশ্চিমবঙ্গের কৃষকদের জন্য যে সাহায্যের ব্যবস্থা আছে, ব্লকে ব্লকে যে অফিসগুলো আছে, সেখানে প্রতিটি গ্রাম পঞ্চায়েতে কৃষি সহায়ক বলে একজন কর্মী আছেন তাঁরা ব্লকের অফিস থেকে কৃষকদের চাষের সময়ে মিনিকিট দেবেন, ধান চাষের সময়ে মিনিকিট হিসাবে ধানের বীজ এবং অন্যান্য কলাইয়ের বীজ সরবরাহ করবেন। এই যে কৃষি সহায়ক বিভিন্ন ব্লকের অফিসে আছে, তাঁরা সেখানে আছেন কৃষকদের বিভিন্ন সময়ে সাহায্য করবার জন্য, কিন্তু তাঁদের সেখানে দেখা যায় না। বিভিন্ন সময়ে যে মিনিকিট চাষীদের সরবরাহ করার কথা তা দেখা যায় ব্লক অফিসে সময় মত পৌঁছায় না, আবার ব্লক অফিসে তা গিয়ে পৌঁছালেও সময় মত সরবরাহ করা হচ্ছে না। যার ফলে কৃষকদের যে সময়ে বীজ কাজে লাগবে, চাষের সময়ে বীজ কাজে লাগবে, চাষের সময়ে তারা তা পায় না। দেখা যায় যে মিনিকিটগুলো গ্রাম পঞ্চায়েতের অফিসে পড়ে থাকে। শেষ পর্যন্ত তা যখন কৃষকদের হাতে গিয়ে পৌঁছায় তখন তাদের চাষ শেষ হয়ে যায়। তখন দেখা যায় তাদের কেউ তা বাজারে বিক্রি করে, কেউ বা খেয়ে ফেলে। কৃষকদের অন্যান্য প্রযুক্তি সাহায্য যা দেবার কথা, প্রয়োজনীয় সেই প্রযুক্তি সাহায্য ব্লক থেকে তারা পায় না। তাই আজকে পশ্চিমবঙ্গে কৃষিক্ষেত্রে যে উৎপাদন বৃদ্ধি হয়েছে তা কৃষকদের নিজেদের তাগিদে এবং উৎসাহে নিজেরাই করেছে বলা যায়। উৎপাদন বৃদ্ধির এই কৃতিত্ব সরকার যা দাবি করেছেন তা সেজন্য সরকারের কৃতিত্ব নয়। এটা কৃষিক্ষেত্রে বৈজ্ঞানিক যে প্রশিক্ষণ তার দ্বারা নিজেরা উৎসাহ নিয়ে কৃষকরা ফসল চাষ করছে। সামগ্রিকভাবে মন্ত্রী যে দাবি করেছেন যে এটা তাঁর দপ্তরের কৃতিত্ব নয়। পশ্চিমবঙ্গে একমাত্র চালের উৎপাদন ছাড়া গম বা ডালজাত জিনিস, অন্যান্য কৃষি পণ্যের উৎপাদনের হার বিগত বছরগুলোর তুলনায় কম হয়েছে। মাননীয় কৃষিমন্ত্রী জানেন যে কৃষি জমির যে উৎপাদন বৃদ্ধি হয়েছে, এটা বামফ্রন্ট

সরকারের ভূমি-সংস্কার নীতির জন্য, যে কথা আমরা ঐ দপ্তরের বাজেট নিয়ে আলোচনার সময়ে আমরা উল্লেখ করেছি। আমরা বলেছি যে উদ্বৃত্ত জমি, খাস জমি ১৭ বছরের রাজত্বে সম্পূর্ণভাবে উদ্ধার করে কৃষকদের হাতে দিতে পারেননি। আবার যে রায়তি জমি কৃষকরা পেয়েছে তা অন্য লোকের হাতে হস্তান্তরিত হয়ে যাচ্ছে, এটা দেখা যাচ্ছে। তাই উৎপাদনে অনেকাংশে ব্যাহত হচ্ছে। তাই কৃষির উৎপাদন বৃদ্ধি হয়েছে বলে যেটা দাবি করেছেন, এটা সত্য নয়।

[6-40 — 6-50 p.m.]

কিন্তু যে উদ্দেশ্যে করা হয়েছে সেটা ঠিক পূরণ হচ্ছে না। আমরা দেখি সেচ দপ্তরের যে সমস্ত আর এল আই স্কীম আছে তাতে গভীর নলকূপ, স্যালো টিউবওয়েল প্রভৃতি বহু জায়গায় বিদ্যুতের কানেকশানের অভাবে চালু করা যাচ্ছে না। বিদ্যুতের অভাবে সেগুলি ডিফাংক্ট হয়ে পড়ে আছে। ফলে আর এল আই স্কীম ডিফাংক্ট অবস্থায় পড়ে আছে। যে সমস্ত এরিয়াতে সেচের জল দেওয়ার কথা সেই জমিতে জল দেওয়া যাচ্ছে না। ফলে চাষ ব্যাহত হচ্ছে। তারপরে আমাদের পাট একটা গুরুত্বপূর্ণ কৃষিজাত ফসল এবং অর্থকরী ফসল। পাট উৎপাদন একটা বিরাট এলাকা ধরে হয়। এবং বিরাট সংখ্যক মানুষ এই চাষের সাথে যুক্ত। পাট যে উৎপাদিত হচ্ছে এবং বাজারে বিক্রি হচ্ছে সেক্ষেত্রে চাষের ন্যায্য দাম পায় না কারণ আপনার দপ্তরে ঠিকমতো ব্যবস্থা না থাকার ফলে ডিসট্রেস সেলের সুযোগ নিচ্ছে ফড়িয়া এবং মহাজনীরা এবং এর ফলে প্রকৃত উৎপাদকরা মার খাচ্ছে। আবার আপনি এখানে বলেছেন যে মাটি পরীক্ষা করা হবে কৃষি উৎপাদনের ক্ষেত্রে। পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় বিভিন্ন ব্লকে বিভিন্ন মৌজায় যে মাটি আছে, সেখানে একটা মৌজার মাটির থেকে আরেকটি মৌজার মাটির প্রকৃতি আলাদা এবং জমির প্রকৃতিও আলাদা। সেখানে যদিও মাটি পরীক্ষার কথা উল্লেখ আছে কিন্তু বাস্তবিক আমরা দেখতে পাচ্ছি যে ব্লকগুলোতে কৃষি দপ্তরের অফিসগুলোতে যে এক্সটেনশন অফিসার আছে তাদের কাছে মাটি পরীক্ষার কথা কাগজে-কলমে লেখা আছে, কিন্তু বাস্তবে তার কোনও ব্যবস্থা হচ্ছে না। সুতরাং গ্রাম পঞ্চায়েতে যেসব কৃষি সহায়ক আছেন তারা মাটি পরীক্ষার কোনও ব্যবস্থাই করেন না। এখানে দাবি করেছেন যে, উৎপাদনের ক্ষেত্রে মাটির গুণ বিচার করে সেখানে কি ফসল দেওয়ার দরকার, কোনও সময়ে দেওয়ার দরকার, কি পরিমাণে সার লাগবে তা মাটি পরীক্ষা করে নির্ণয় করতে হবে। আমরা দেখছি কৃষকরা মাটি পরীক্ষার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আরেকটি আশ্চর্যজনক ব্যাপার হচ্ছে কৃষি বিমার কোন উল্লেখ নেই এবারকার বাজেট বইতে। কৃষকদের যে ইনস্যুরেন্স দেওয়ার স্কীম ছিল এবং সেখানে ব্লকে যদি ফসল নষ্ট হয়ে যায় বা কোনওভাবে ফসল যদি নষ্ট হয় তাহলে কৃষকদের ইন্স্যুরেন্স দেওয়ার কথা ছিল কিন্তু এইবারও কার বাজেট বইতে তার কোনও উল্লেখ দেখলাম না। কাজেই যদি ইন্স্যুরেন্স করতে হয় তাহলে একটা ব্লক বা পি এস ধরে নয়, মৌজা ধরে করুন যখন অতিবৃষ্টি বা খরা হয় তখন যাতে এই ইন্স্যুরেন্সের সুযোগ নিতে পারে তার ব্যবস্থা করবেন। তারপরে বৃদ্ধ কৃষকদের পেনশন দেওয়ার ক্ষেত্রে এই পরিমাণটা বা সংখ্যা বৃদ্ধি করার দরকার। এই কথা বলে এই ব্যয়-বরাদ্দকে বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষি মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ

পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি বিষয়ে উল্লেখ করতে চাই। আমাদের বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে আমরা ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে কৃষিতে অগ্রগতি ঘটাতে পেরেছি এবং এই ক্ষমতার বিকেন্দ্রীকরণ করাটাই হচ্ছে আমাদের প্রধান কাজের পদক্ষেপ। আজকে কৃষি বলুন বা অন্য দপ্তরের কাজের ক্ষেত্রেই বলুন সর্বত্র আমরা উন্নতি সাধন করতে পেরেছি। আমরা ক্ষমতাকে নিজের স্বার্থে বা দলের স্বার্থে কাজে লাগিয়ে করিনি বলেই সর্বত্র অগ্রগতি করা সম্ভব হয়েছে। তারফলে আমরা দেখতে পেলাম যে বিরোধী দলের নেতা তার বক্তব্যের মধ্যে যেসব কথা বলেছেন তাতে তার কথার মধ্যে দিয়ে এই একটা হতাশার সুর বেরিয়ে এসেছিল।

সবেতেই যেন আমরা ব্যর্থ হয়েছি আর কেন্দ্রের কংগ্রেস সরকার সব দিকে অগ্রগতি ঘটিয়েছেন। আমরা জানি দীর্ঘদিন ধরে কৃষক আন্দোলনের সঙ্গে যারা যুক্ত আছি স্বাধীনতার পর যে আন্দোলন ভারতবর্ষে গড়ে উঠেছিল সেই সময় আমরা কৃষকরা বলেছিলাম দাবি করেছিলাম ভারতবর্ষের যদি উন্নতি করতে হয় তাহলে ৮০ ভাগ মানুষের উন্নতি দরকার। যদি না হয়, কৃষকদের হাতে যদি জমি না দেওয়া যায়, কৃষককে সেচ দেওয়া, কৃষককে সেচ দেওয়া না যায়, সার না দেওয়া যায়, ফসল ন্যায্য দামে না দেওয়া যায় তাহলে এই অগ্রগতি সম্ভব নয়, যতই পরিকল্পনা করা হোক না কেন, সেই পরিকল্পনা ব্যর্থ হতে পারে। আমাদের দেশের যে সর্বনাশ হল তার মূল কারণ কি, ভারতবর্ষ যে বিদেশি ঋণে জর্জরিত হল, বিদেশের কাছে বন্ধক হয়ে গেল, কৃষকদের দাবি যদি ঠিকমতো বিবেচনা করা হত তাহলে কেন্দ্রের কংগ্রেস সরকারের এই পরিণতি হত না। আমি মনে করি এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে, সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে প্রাকৃতিক বন্যায় যে বিপর্যয় হয়েছে—দামোদর পরিকল্পনা করা হয়েছে, সেই পরিকল্পনা ফলে আমরা ডুবে গিয়েছি, যেখানে বন্যা হয়নি সেখানে বন্যা করে দেওয়া হয়েছে, সেই প্রাকৃতিক বিপর্যয়ের মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার লড়াই করেছে, সে চাষীকে বুঝিয়েছে তোমাদেরকে চাষ করতে হবে। পশ্চিমবাংলার চাষীদের যে অগ্রগতি ঘটেছে এটা শুধু কৃষি দপ্তরের কাজ নয় এখানে কৃষি দপ্তর এখন ধান চাষ করছে, পাট চাষ ধরছে, আলু চাষ করছে, পান চাষ করছে, সবজি চাষ করছে। আজকে গ্রাম বাংলায় গেলে দেখবেন, গ্রামে চাষীরা কি বিরাট কর্মব্যস্ত তারা, সব সময় মাঠে রয়েছে। এই যে এতবড় অগ্রগতি ঘটেছে, এটার শুধমাত্র মূল কারণ কয়েকজন মন্ত্রীর ইচ্ছায় এটা সম্ভব হয়নি, অফিসারের ইচ্ছায় সম্ভব হয়নি। পঞ্চায়েতের দ্বারা সম্ভব হয়নি, কৃষকরা জেগেছে যে গ্রামে আমাদের ফসল ফলাতে হবে, সেই ইস্যু নিয়ে তাদেরকে বামফ্রন্ট সরকার যেভাবে সাহায্য করেছে সেইজন্য তারা উৎসাহ উদ্দীপনা নিয়ে মাঠে কাজ করছে। আমাদের সীমাবদ্ধ ক্ষমতা এখনও অনেক পিছিয়ে পড়া গ্রাম আছে যেখানে বিদ্যুৎ পৌছাতে পারেনি, কিন্তু তা সত্বেও যেখানে পৌচেছে সেখানে সমন্বয় কমিটির মাধ্যমে কৃষিকে উন্নত করা হয়েছে। আজকে বিদ্যুৎ দপ্তর, পঞ্চায়েত দপ্তর, সেচ দপ্তর তারা সমন্বয় করে গ্রাম বাংলায় কাজ করছে বলে কৃষিতে অগ্রগতি ঘটানো সম্ভব হয়েছে। এই যে কৃষি দপ্তরের অগ্রগতি এটাকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে। আমরা জানি আমাদের দেশে যে বিপদ দেখা দিয়েছে ডাঙ্কেল প্রস্তাব কার্যকর করার জন্য আজকে তার বিরুদ্ধে জনমত গঠন করতে হবে, কৃষকরা বুঝতে পারছে তাদের সামনে কি সর্বনাশা দিন আসছে, কৃষকরা ভাবছে আন্দোলন ছাড়া বাঁচার কোনও পথ নেই।

স্বাধীনতা আন্দোলনের সময় ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে আমাদের কৃষকরা আন্দোলন করেছে, তারা বড় বড় লড়াই করেছে, তারা ভেবেছিল আমাদের দেশ বাঁচবে, আমরা খেতে পাব, জমি পাব, আমাদের বাড়ির উন্নতি হবে, সেই অবস্থার মধ্যে দাঁড়িয়ে লড়াই করে দেশের স্বাধীনতা এসেছিল, আবার এই ৫০ বছর ধরে অনেক ঝড় ঝাপটার মধ্যে দাঁড়িয়ে তারা এই সরকারের সঙ্গে কাজ করে যাচ্ছে, আমরা মনে করি এই দপ্তরের পক্ষ থেকে অগ্রগতির মাধ্যমে যে ভাবে বিধানসভায় সাবজেক্ট কমিটি করা হয়েছে, সেখানে বিভিন্ন দলমত নির্বিশেষে সদস্যরা রয়েছেন। সেখানে আমাদের মূল্যবান আলোচনার মধ্যে দিয়ে কৃষি দপ্তরের উন্নতি করা যাবে, যেমন পশ্চিমবঙ্গে অনেক কৃষি ফার্ম আছে, অনেক জমি আছে, সেই জমিগুলি অগ্রগতি ঘটাতে পারলে সেই জমিতে আমরা পশ্চিমবাংলার চাষী ভাইদের কাজের ব্যবস্থা করতে পারব। পশ্চিমবাংলায় নূতন অবস্থা সৃষ্টি করতে পারব সেই সম্ভাবনা আছে, তাই পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার কৃষি দপ্তরের মাধ্যমে এই কৃষি ফার্মগুলির অগ্রগতির চেষ্টা চালাচ্ছেন।

আজকে কৃষি বিপণন দপ্তর অনেক উদ্যোগ গ্রহণ করেছেন। পান চাষীরা আজকে অনেক টাকা পাচ্ছে। আজকে পান চাষ থেকে বিদেশি মুদ্রা অর্জন হয়। বাংলার পান আজকে বিদেশের বাজারে স্থান করে নিয়েছে। তাই আমরা মনে করি এই কৃষি বিপণন দপ্তর যে উদ্যোগ গ্রহণ করেছে, তাতে গ্রাম বাংলার কৃষকরা এগিয়ে যেতে পারবে। গ্রামের কৃষকরা এর মাধ্যমে অগ্রগতি ঘটাবেন। তাই আমি মনে করি যে ব্যয়-বরাদ্দ মন্ত্রী মহাশয় এখানে রেখেছেন তা ঠিক, তাই তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী চৈতন মুন্ডা ঃ** (নট প্রেজেন্ট)

[6-50 — 7-00 p.m.]

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি সব থেকে আগে বিরোধী দলের নেতা ডাক্তার জয়নাল আবেদিন মহাশয়কে ধন্যবাদ জানাচ্ছি। তিনি তার বক্তব্যের মধ্যে আমার চেষ্টাটাকে প্রশংসা করেছেন। এই সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই। আলু সম্বন্ধে উনি যে কথাগুলো বলেছেন, আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে সেই বিষয়ে কয়েকটি কথা বলতে চাই। আমাদের পশ্চিমবাংলায় ৫০ লক্ষ টন আলু উৎপাদন হয়। কিন্তু দুঃখের বিষয় মাত্র ২২ লক্ষ টন আলু হিমঘরে রাখবার আমাদের বন্দোবস্ত আছে। হিমঘর আর বেশি না থাকার জন্য আমরা বাকি আলুগুলো রাখতে পারিনা। হিমঘর কম হলেও আমরা ২২ লক্ষ টন আলু রাখি। আমাদের পশ্চিমবাংলায় আলুর সমস্যার সমাধান আমরা কোনও দিন দেখাতে পারিনি। আলু প্রয়োজন মতো আমরা মার্কেটে পাঠাই। কিন্তু এটা ঠিকই আলুর দাম সম্বন্ধে মাঝে মাঝেই গন্ডগোল হয়। আমি খুব দুঃখিত ওনারা সংবাদপত্রকে ভিত্তি করে এখানে কয়েকটা জিনিস বলবার চেষ্টা করেছেন বা বলবার চেষ্টা চালিয়েছেন, যে এই রকম হয়েছে, এই রকম হয়েছে। আজ সংবাদপত্রের যে রোল, সেই রোল খুবই দুঃখজনক। একটা সময় আসতে পারে যখন লোকে পশ্চিমবাংলার সংবাদপত্র আর পড়বে না। আলু সম্বন্ধেই বলুন, বা অন্য কিছু সম্বন্ধেই বলুন, ওদের কোনও খবরের ভিত্তি নেই। আমি অপোজিশন লিডার ডাক্তার জয়নাল আবেদিন মহাশয়কে অপোজিশন লিডার হিসাবেই শুধু শ্রদ্ধা করি না,

দাদা হিসাবেও শ্রদ্ধা করি। আজকে পশ্চিমবাংলার সংবাদপত্রগুলো বামফ্রন্ট সরকারকে বে-ইজ্জত করবার চেষ্টা করছে। ঐসব সংবাদগুলোকে ভিত্তি করেই তিনি এখানে বলবার চেষ্টা করেছেন। আমি অপোজিশন লিডার এবং বিরোধী বন্ধুদের বলতে চাই, সংবাদপত্র মিথ্যা কথা লিখছে। অমুক দপ্তর, অমুক লোকের কাছ থেকে কেড়ে নেওয়া হয়েছে। শুধু বামফ্রন্ট সরকারকে মানুষের সামনে একটা বে-ইজ্জত করবার জন্যই এটা করা হয়েছে। আমি মনে করি বামফ্রন্ট এখনও শক্তিশালী আছে। বামফ্রন্টের মধ্যে কেউ ভাঙ্গন লাগাতে পারবে না। আমরা মনে করি জনসাধারণ আমাদের সঙ্গে আছে।

আর সেবা করেই যাব। আমাদের মধ্যে এসব কিছু নেই। সেজন্য আমি বলতে চাই, দয়া করে এই সংবাদপত্রের উপর ভরসা করবেন না। মাননীয় লিডার অব দি অপোজিশন ডিস্ট্রেস সেল সম্বন্ধে ঠিকই বলেছেন। আমি বলতে চাই, সরকার চাষিদের স্বার্থ রক্ষা করার জন্য ডিস্ট্রেস সেলটাকে কি করে রোখা যায় তারজন্য চেষ্টা করছেন। আমরা মার্কেটিং ডিপার্টমেন্টের মাধ্যমে প্লেজ ফিনান্সের ব্যবস্থা করেছি। যেটা বলছেন যে টাকা নিয়ে এসে চাষিদের ডিস্ট্রেস সেল থেকে বাঁচানোর কথা সেটা ঠিকই। দুর্ভাগ্যের বিষয় আমাদের রিসোর্সের লিমিটেড। তবে এই লিমিটেড রিসোর্সেসের মধ্যেও আমরা চেষ্টা করছি। অবশ্য যেভাবে ফুল ফ্লেজেড থ্রু আউট ওয়েস্ট বেঙ্গল এই প্লেজ ফিনান্সের মাধ্যমে আমরা চাষীদের সেবা করতে চাইছি, তাদের সমস্যার সমাধান করতে চাইছি আজ পর্যন্ত তা অবশ্য পারছি না তার কারণ, ১০ বছরের কথা ছেড়ে দিন, যে তিন বছর আমি এই ডিপার্টমেন্ট পরিচালনা করছি এই তিন বছর ধরে আমরা বারবার দিল্লির কাছে দরবার করা সত্ত্বেও আজ পর্যন্ত একটা পয়সাও কেন্দ্র থেকে পাওয়া যায়নি। এ বছর প্রধানমন্ত্রীর ফান্ড থেকে কিছু টাকা আমরা পেয়েছি এটা ঠিক তবে যে টাকা পেয়েছি সেটা ইয়ারমার্ক করে দেওয়া হয়েছে। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করেছি কোল স্টোরেজের জন্য, প্লেজ ফিনান্সের জন্য টাকা দিতে। এবারে আমি জুট কর্পোরেশন অব ইন্ডিয়া সম্বন্ধে কিছু কথা বলব। আমরা কেন্দ্রীয় সরকারকে বারবার বলেছি যে পশ্চিমবাংলার জুট চাষী ভাইরা এই জুটের মাধ্যমে তাদের এক বছরের যা কিছু খরচা তার তারা জোগাড় করেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় জে. সি. আই. যে জিনিসগুলি কেনাবেচা করে তারজন্য তাদের যে টাকার প্রয়োজন সেই টাকা তাদের দেওয়া হচ্ছে না। এই সভায় তাই আমি মাননীয় সদস্যদের বলছি, আসুন, সবাই মিলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দরবার করি এই বলে যে জুট চাষীদের রক্ষা করার জন্য জে. সি. আই.-কে টাকা পয়সা দিয়ে ব্যবস্থা করা হোক যাতে জুট চাষীরা অসুবিধায় মধ্যে না পড়েন। দাম সম্বন্ধে আমি বলি যে প্রত্যেক বছরই যখন সরকার মনে করেন চাষীদের অসুবিধা হচ্ছে, তারা ঠিকমতোন দাম পাচ্ছে না তখন সরকার থেকে সাপোর্ট প্রাইস ডিক্লেয়ার করে চাষিদের স্বার্থ রক্ষা করার চেষ্টা করা হয়। এরপর আমি আপনাদের বলি, শিলিগুড়িতে আমরা যে ফিশ কমপ্লেক্স করেছি তা এশিয়ার মধ্যে সবচেয়ে বড়। আজ পর্যন্ত এত বড় ফিশ কমপ্লেক্স কোথাও হয়নি। কেন্দ্রীয় সরকার যদিও একটি পয়সা দিচ্ছেন না বিশেষ করে আমার ডিপার্টমেন্টকে তবুও আমরা শিলিগুড়িতে যে ফিস কমপ্লেক্স করেছি, যার কনস্ট্রাকশনের জন্য দু কোটি টাকা খরচ হয়েছে, ১৩০টা স্টল আছে—এটা আমরা করতে পেরেছি। আর যেহেতু শিলিগুড়িকে পশ্চিমবঙ্গের মডেল মার্কেট হিসাবে ডিক্লিয়ার করেছি তাই শুধু ফিশ স্টল নয়,

চাষী ভাইরা অন্যান্য যা কিছু উৎপাদন করেন—আলু, পিঁয়াজ ইত্যাদি তারও কমপ্লেক্স করে চাষী ভাইদের আমরা রক্ষা করার চেষ্টা করছি। শিলিগুড়িতে মডেল মার্কেট হিসাবে ডিক্লিয়ার করার পর যত টাকা খরচ করেছি যদি একটু আমাদের কেন্দ্রীয় সরকার সাহায্য করতেন, তাহলে আজকে শুধু শিলিগুড়ি নয়, শুধু এশিয়া নয়, ওয়ার্ল্ডের মধ্যে একটা ভাল মার্কেট হত চাষী ভাইদের জন্য। সেটাকে একটা মডেল মার্কেট হিসাবে ডিক্লেয়ার করার পর আজ পর্যন্ত যে সহযোগিতাগুলো আশা করেছিলাম, তা পাচ্ছি না। ধুপগুড়ি, সেখানে আমরা ৩০টা স্টল করেছি ফার্মারদের জন্য, চাষী ভাইদের জন্য রেস্ট হাউসের ব্যবস্থা করেছি, লকারের ব্যবস্থা করেছি। কারণ আপনারা জানেন চাষী ভাইরা যখন নিজেদের গ্রাম থেকে তাদের উৎপাদন নিয়ে আসেন বিক্রি করতে, যদি রাত হয়ে যায় তাহলে তারা ফিরতে পারবে না, তার জন্য চাষী ভাইদের জন্য রেস্ট হাউস করেছি, লকারের ব্যবস্থা করেছি। মাল বিক্রি করে সেখানে যাতে তারা থাকতে পারে এবং টাকা পয়সা রাখবার জন্য লকারেরও ব্যবস্থা করেছি। রাস্তার কথা বলি, আমরা রাস্তাঘাটের সঙ্গে সঙ্গে ড্রেনের ব্যবস্থা করেছি। লিঙ্ক রোড তিন বছরের মধ্যে যত লিঙ্ক রোড করেছি—এটা ঠিক সাইন বোর্ড দিতে পারছি না লিঙ্ক রোড করলেও, কিন্তু এই রাস্তা কর্পোরেশন করে দিয়েছে। মিউনিসিপ্যালিটি করে দিয়েছে, পঞ্চায়েত করেছে তা নয়, কিন্তু যখন আপনি খোঁজ নেবেন তখন দেখবেন আজকে লিঙ্ক রোডের যে ব্যবস্থা আছে—কোনও গ্রাম নেই, যত গ্রাম আছে, সেই গ্রামে পাকা রাস্তা করে লিঙ্ক রোড করছি। আমরা এগিয়ে যাচ্ছি। একটা কথা বলি, মেখলিগঞ্জের তিন বিঘাতে সেখানে জুট উৎপাদকদের সুবিধার জন্য ড্রেন সিস্টেম করে দিয়েছি, যেখানে কালভার্ট করা প্রয়োজন সেখানে কালভার্ট করে দিয়েছি, লাইটিং সিস্টেম করে দিয়েছি, একটা আলাদা রোড করে দিয়েছি। ইসলামপুরে একটা মার্কেট আছে, সেখানে একটা ব্রিজ করে দিয়েছি। বেরুবাড়িতে একটা ব্রিজ করে দিয়েছি। ইসলামপুরে ৩৮টা স্টল করেছি, কুচলিবাড়িতে ৭২-৭৩ সালে একটা বিরাট মার্কেট হয়েছিল, তারপর কিন্তু সেটা অর্ফ্যান ল্যান্ড হিসাবে পড়েছিল ফাঁকা জমি, সেটাকে কাজে লাগিয়ে আমরা বিরাট মার্কেট করেছি। যে রকম কালিয়াগঞ্জে একটা রেগুলেটেড মার্কেট কংগ্রেস আমলে হয়েছিল তারপর সেটা অর্ফ্যান ল্যান্ড হিসাবে পড়েছিল, সেটাকে আমরা কাজে লাগিয়ে চাষী ভাইদের জন্য রেস্ট হাউস করেছি, গেস্ট হাউস করেছি এবং একটা শপিং কমপ্লেক্স করে দিয়েছি। এই সব করার ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাব, তিনি বলেছিলেন এইসব করার জন্য যেখানে যেখানে ব্রিজের প্রয়োজন আছে, রাস্তার প্রয়োজন আছে, এই যদি ওদের দেওয়া হয় তাহলে মার্কেটগুলো এগিয়ে যাবে এবং মার্কেট এগিয়ে গেলে চাষীদের মুখে হাসি ফুটবে। লিডার অব দি অপোজিশন চাষিদের ডিস্ট্রেস সেল থেকে বাঁচাবারর জন্য বলেছেন। ডিস্ট্রেস সেল থেকে বাঁচাবার জন্য আমরা চেষ্টা করছি। খুব শীঘ্র আপনারা দেখবেন কলকাতার পাশে ২৪ পরগনায় বেস ব্রিজের পাশে হেমন্ত বোস মেমোরিয়াল রেগুলেটেড মার্কেট করেছি হেমন্ত বোস জন্ম শতবার্ষিকীতে আমরা ওখানে ভাল মার্কেটে করেছি, বিল্ডিং করার ব্যবস্থা করছি। শুধু একটা কথা বলছি এই সব কাজ করতে মার্কেটিং ডিপার্টমেন্টকে কেন্দ্রীয় সরকার একটা পয়সাও দেননি। আমরা এগিয়ে যাচ্ছি চেক পোস্টের ইনকামের মাধ্যমে।

যেখানকার চেক-পোস্ট থেকে যে টাকা আয় হচ্ছে তার ৫০% টাকা সেখানেই খরচ করা হচ্ছে। তা দিয়ে সেখানকার এস্টাবলিশমেন্ট এবং অন্যান্য কাজ চলছে। আমাদের রাজ্যের পান ব্যবসায়ীদের অবস্থা অত্যন্ত কাহিল। অথচ গোটা দেশের মধ্যে পশ্চিমবাংলায় সব চেয়ে বেশি পান উৎপন্ন হয়। কিন্তু দুঃখের বিষয় হচ্ছে আমাদের পান-চাষী ভাইদের জীবন-যাত্রার বিশেষ কোনও উন্নতি ঘটানো এখনও পর্যন্ত সম্ভব হয়নি। এমন কি রেল মন্ত্রীকে বলেও তাদের জন্য রেলের ওয়াগান পাওয়া যায় না। সব চেয়ে দুর্ভাগ্যের বিষয় হচ্ছে—আমাদের যে পান বিদেশে এক্সপোর্ট করা হচ্ছে তার লাইসেন্স পর্যন্ত একজনও পশ্চিমবাংলার মানুষকে দেয়া হয়নি। যাদের দেয়া হয়েছে তারা সব দিল্লি, বোম্বাই-এর লোক।

তারপর লিডার অব দি অপোজিশন এখানে একটা প্রশ্ন রেখেছেন যে, আমাদের এই ডিপার্টমেন্টের অধীন বিভিন্ন ক্ষেত্রে, বিশেষ করে রেগুলেটেড মার্কেটে যারা ২৪০ দিনের বেশি কাজ করেছেন তাদের চাকরির বিষয়ে এখন পর্যন্ত ডিপার্টমেন্ট থেকে কিছু করা হয়নি। আমি তাকে বলছি, ঐ রকম লোক খুব কমই আছে। খুব বেশি লোককে আমরা ঐভাবে কাজ করাই নি। এ বিষয়ে একটা থ্রি মেন কমিটি করা হয়েছে—কমিটির মাধ্যমে আমরা জানতে চাইছি ঐরকম লোক কত আছে। পশ্চিমবঙ্গে রেগুলেটেড মার্কেট কমিটির অধীনে যারা টেম্পোরারি বা ক্যাজুয়াল হিসাবে কাজ করেছে—যাদের ২৪০ দিন হয়ে গেছে, তাদের সবার সম্বন্ধে বামফ্রন্ট সরকার চিন্তা করছে। হাই অফিসিয়ালদের নিয়ে থ্রি মেন কমিটি করা হয়েছে। তাদের এ বিষয়ে তদন্ত করে ইমিডিয়েটলি রিপোর্ট দিতে বলা হয়েছে। যারা দীর্ঘদিন ধরে কাজ করছে তাদের কিভাবে চাকরিতে স্থায়ী করা হবে, কি কি ফেসিলিটি তাদের দিতে হবে, তাও বলতে বলা হয়েছে। ওদের তিন মাস সময় দেয়া হয়েছে।

ডাঃ জয়নাল আবেদিন সাহেব এখানে বসে আছেন, তিনি জানেন যে ১৯৭২ সালে রেগুলেটেড মার্কেট অ্যাক্ট হয়েছে, কিন্তু দীর্ঘ দিন এমপ্লয়িদের জন্য কোনও সার্ভিস রুলস ছিল না, কিছুই ছিল না। সম্প্রতি সেই সার্ভিস রুলস করা হয়েছে এবং তা চালু হবার পর থেকে এমপ্লয়িদের সমস্যার সমাধান করার চেষ্টা হচ্ছে।

**শ্রী আবদুল মান্নান ঃ** হিম-ঘর সম্পর্কে কী করছেন?

**শ্রী কলিমুদ্দিন শামস ঃ** এখন পর্যন্ত অ্যাক্টে যা আছে তাতে হিম-ঘরগুলোর বিরুদ্ধে বিশেষ কোনও ব্যবস্থা গ্রহণ করা যাচ্ছে না। অ্যাক্ট অ্যামেন্ড করলে করা যাবে।

আমি আর বিশেষ কিছু বলতে চাই না। শুধু একটা কথা বলে আমার বক্তব্য শেষ করব। মার্কেটিং ডিপার্টমেন্টের সবেচেয়ে বেশি যা প্রয়োজন তাহল প্লেজ ফিনান্স—ওটার মাধ্যমে চাষিদের ডিস্ট্রেস সেল বন্ধ করা যায়। আমাদের সাউথ বেঙ্গলে একদম মার্কেটিং সোসাইটি নেই। যার ফলে সাউথ বেঙ্গলের চাষী-ভাইরা উৎপাদন সামগ্রীর ভাল দাম পাচ্ছে না। সে জন্য আমরা এখন সাউথ বেঙ্গলে সেই কাজ করতে এগুচ্ছি। দক্ষিণ ২৪-পরগনার আলিপুর সদরে রেগুলেটেড মার্কেট করে বজবজ, মহেশতলা, গার্ডেনরিচ, খিদিরপুর অঞ্চলকে সেই মার্কেটের মধ্যে আনা হচ্ছে এবং এই কাজের মধ্যে দিয়ে রেভিনিউ বাড়াবারও চেষ্টা করছি।

[6-50 — 7-02 p.m.]

আমি বলি, যে হিসাবে মার্কেটিং ডিপার্টমেন্টের রেভেনিউ পাওয়া উচিত ছিল চেক-পোস্টের অভাবের জন্য সেই পরিমাণ রেভেনিউ পাওয়া যাচ্ছে না। যারা বড় বড় আড়তদার তারা লাভবান হচ্ছে। আমি আর একটা কথা বলতে চাই, যদিও আমাদের টাকা-পয়সা নেই, এতৎ সত্ত্বেও চেষ্টা করব সাউথ বেঙ্গলে মার্কেটিং-এর জাল ছড়িয়ে দেওয়া। এর মাধ্যমে চাষী ভাইদের মুখে হাসি ফোটানোর চেষ্টা করব। আমি সকলকে ধন্যবাদ জানাই, বিশেষ করে লিডার অফ দি অপোজিশনকে এবং বিরোধীদলের সদস্যদের। ওনারা এই হাউসের বাইরে আমাকে সহযোগিতা করবেন, কি করবেন না, তা আমি জানি না, তবে এখানে ওনারা আমাকে উৎসাহিত করেছেন। সেইজন্য ধন্যবাদ জানাই। আর আশা করি, কাগজে অর্থাৎ সংবাদপত্রে কি লিখছে, না লিখছে এর উপর কোনওদিন নিজেদের ওপিনিয়ন ফর্ম করবেন না। বিশেষ করে আমার ডিপার্টমেন্ট সম্পর্কে যা কিছু লিখছে এর মধ্যে ৯৫ পারসেন্ট ভিত্তি নেই। আমি গর্ব করি শ্রী জ্যোতি বসু, এমন একজন চিফ মিনিস্টারের আন্ডারের সরকার পরিচালনা করছি, যিনি কোনওদিন কারও ডিপার্টমেন্ট সম্বন্ধে কোনও ইন্টারফেয়ার করেননি। এর থেকে বড় জিনিস হতে পারে না। আমরা ফ্রিলি কাজ করতে পারছি আর পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করছি। এই কথা বলে সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আশা করছি, আমার যে বাজেট আছে আপনারা তা পাস করাবেন পশ্চিমবাংলার খেটে-খাওয়া মানুষের, চাষী ভাইদের উন্নতির জন্য। এইসব মানুষদের এগিয়ে নিয়ে যাবার যে চেষ্টা করছি তারজন্য আপনারা সকলে সহযোগিতা করবেন আশা করি। আমার বাজেটে কাট-মোশন নেই, যদি থাকে তার বিরোধিতা করছি।

**শ্রী নীহারকুমার বসু ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধীদলের নেতা যিনি একজন অভিজ্ঞ এবং পুরাতন পার্লামেন্টারিয়ান, ডাঃ জয়নাল আবেদিন তিনি আমার বাজেটের বিরোধিতার মূল বক্তা। উনি অভিজ্ঞ এবং বহু পুরানো পার্লামেন্টারিয়ান, কিন্তু বিরোধীদলের থাকলেই যে বিরোধিতা করতে হবে সেটা উনি করে দেখালেন। এই যে গতানুগতিক রেওয়াজ এই রেওয়াজের বাইরে তিনি আসতে পারলেন না। নানান তথ্য দিয়ে উনি প্রমাণ করার চেষ্টা করেছেন যে পশ্চিমবঙ্গের কৃষির কোনও উন্নতি হয়নি। উনি এইসব তথ্য কোথা থেকে সংগ্রহ করেছেন তা আমি জানি না, কিন্তু আমি যে তথ্য দেব তা আমাদের ইকনমিক রিভিউতে আছে এবং কেন্দ্রীয় সরকারের স্বীকৃত যে তথ্য আছে। এবার আমি চাষবাস, জমিতে আসি। উনি অভিযোগ করেছেন যে আমরা ভূমি সংস্কার করে গরিব কৃষকদের হাতে যে সব জমি তুলে দিয়েছিলাম তার বেশির ভাগই মহাজনদের হাতে চলে গেছে, গরিব কৃষকদের হাতে আর সেই জমি নেই। আমি রেকর্ড থেকে বলি, সব থেকে রিসেন্ট রেকর্ড, ১৯৯১ সালের কৃষি সুমারি, অ্যাগ্রিকালচার সার্ভে, তাতে বলছে, স্মল হোল্ডিং ১১ লক্ষ ৭ হাজার, পারসেন্টেজ হিসাবে ১৭.৬২। মারজিন্যাল হোল্ডিং ৪৬ লক্ষ ৩৯ হাজার। পারসেন্টেজ হচ্ছে ৭৩.৮২। স্মল এবং মারজিনাল ফারমার হচ্ছে ৯১.৪৬ শতাংশ। এটা ১৯৯১ সালের সার্ভে রিপোর্ট। সুতরাং আমি ওনাকে নিশ্চিত করছি জমি গরিব চাষীদের হাত থেকে বেরিয়ে যায়নি, তাদের হাতেই রয়েছে। তারা চাষ-বাস করছে। চাষ-বাসে আমাদের প্রতি বছর উন্নতি হচ্ছে। উনি হিসাব দিলেন ফুডগ্রেন প্রোডাকশন ভারতবর্ষের যে গড় প্রোডাকশন তার থেকে আমরা কম। না,

তা ঠিক নয়। আমাদের প্রোডাকটিভিটি হচ্ছে ২০৩৬ কে. জি. পার হেক্টার, আর অল ইন্ডিয়ার হচ্ছে ১৩৩৪ কে. জি. পার হেক্টার। এবার গ্রোথ রেট বলি। আমাদের প্রোডাকশন হচ্ছে ৩.২৫ এবং প্রোডাকটিভিটি হচ্ছে ২.৬৬। অল ইন্ডিয়ার প্রোডাকশন হচ্ছে ১.৩৪ এবং প্রোডাকটিভিটি হচ্ছে ১.৫২। পাঞ্জাব, যেখানে নাকি সবুজ বিপ্লব হয়েছে, সেখানে প্রোডাকশন হচ্ছে ১.৭২ এবং প্রোডাকটিভিটি হচ্ছে ১.১৬। আমার হাতে বেশি সময় নেই, উনি ৪৫ মিনিট সময় পেয়েছেন, আমার হাতে ১৫ মিনিট সময়, তবু আমি চেষ্টা করব জবাব দেবার সমস্ত প্রশ্নের। খাদ্য উৎপাদনের ব্যাপারটা বললাম, প্রোডাকশনের ব্যাপারটা বললাম। এবারে চালের ব্যাপার নিয়ে বলি। এই ক্ষেত্রে এত হিসাব-নিকাশের কী আছে? গত ৬ বছর ধরে সারা ভারতবর্ষের মধ্যে চালের ব্যাপারে আমরা প্রথম স্থান অধিকার করে আছি। ৬ বছর আমরা এই জায়গা ছাড়িনি, ৬ বছর এই জায়গা আমরা ধরে রেখেছি। উনি পাটের মূল্যের কথা বলেছেন। ঠিকই। এই কথা আমরা বারে বারে বলছি যে পশ্চিমবাংলায় পাট প্রধান ফসল, অর্থকরি ফসল, কৃষকরা পাটের মূল্য পাচ্ছে না। এর জন্য দায়ী কারা? পাটের সাপোর্ট প্রাইস ঘোষণা করবেন কেন্দ্রীয় সরকার। যে সময় দাম পড়ে যায় আমরা অনেক বলি, কৃষকরা হইচই করে, আন্দোলন করে, তখন সাপোর্ট প্রাইস ঘোষণা করা হয়। এই পাটের মধ্যে ন্যূনতম ২৫ ভাগ কেন্দ্রীয় সরকারের জে. সি. আই.-এর কেনার কথা। আমি এই সভায় দাঁড়িয়ে বলছি গত বছর জে. সি. আই. এক ছটাকও পাট কেনেনি। তাহলে পাটের ন্যায্য দাম কৃষকরা পাবে কি করে? বাধ্য হয়ে তাদের ফোড়েদের কাছে বিক্রি করতে হয়, তাদের সেখানে বিক্রি করতে জোর করে পাঠিয়ে দেওয়া হয়। কেন্দ্রীয় সরকারের জে সি. আই. শতকরা ২৫ ভাগ পাট সরাসরি কৃষকদের কাছ থেকে হাটে গিয়ে কেনার কথা। কিন্তু গত পাটের মরশুমে কেন্দ্রীয় সরকার এক ছটাকও পাট কেনেনি। কৃষকরা ন্যায্য দাম পাবে কোথা থেকে? আপনারা বললেন ইউরিয়া আসেনি বোরো চাষের সময়। ঠিকই, বোরো চাষের সময় ইউরিয়া সরবরাহের ক্ষেত্রে বেশ কিছু দিন অসুবিধা ছিল। সারটা আসে কী করে? কেন্দ্রীয় সরকার প্রতিটি রাজ্যের প্রয়োজন অনুযায়ী সার অ্যালটমেন্ট করে দেন। একটা বিশেষ সময় প্রতিটি রাজ্যকে ডাকা হয়, সেখানে আলোচনার মাধ্যমে ঠিক হয় কোনও কোন ম্যানুফ্যাকচারার কোনও রাজ্যে কি কি সার এবং কত পরিমাণ সার সরবরাহ করবে তার তালিকা তৈরি করে দেওয়া হয়। কিন্তু সেই সার সময়মতো ঢুকছে না। ইউরিয়া নিয়ে যখন হইচই হচ্ছে, আমাদের এখানে যখন বোরো চাষ মার খাচ্ছে, সারা পশ্চিমবাংলায় যখন হইচই পড়ে গেছে তখন আমরা একটা স্পেশ্যাল টিম পাঠিয়ে ছিলাম।

তাদের সঙ্গে বসে পরামর্শ করে একটা অ্যালটমেন্ট করানো হল, এবং রেলওয়েকে ধরে স্পেশ্যাল রেকের ব্যবস্থা করে জেলায় জেলায় পৌঁছে দেওয়া মেন পয়েন্টে। ইউরিয়ার অভাব ছিল প্রথমে, ব্যবসায়ীরা যা করে থাকে অভাবের সুযোগটা নিয়ে বাড়তি দাম নিয়েছে। সুতরাং সময়মতো কেন্দ্রীয় সরকার যদি সারের অ্যালটমেন্টটা করতেন তাহলে ইউরিয়ার এই ক্রাইসিস তৈরি হত না। ইউরিয়ার জন্য চাপ দিয়ে বসে বৈঠক করিয়ে রেলওয়েকে ধরে স্পেশ্যাল রেকের ব্যবস্থা করে আমরা ইউরিয়ার ব্যবস্থা করলাম। উনি সিড কর্পোরেশনের কথা বলছেন, আমি বলি যে ভারতবর্ষের প্রধান প্রধান রাজ্যগুলিতে ৬০-এর দশকে কেন্দ্রীয় সরকার সিড কর্পোরেশন করেননি, ন্যাশন্যাল সিড কর্পোরেশন ৭০ এর দশকের প্রথম দিকে ভারতবর্ষের

রাজ্যগুলিতে সি কর্পোরেশন হয়েছিল, আমরা আরও পরে করেছি। ১৯৮৪ সালে আমাদের পশ্চিমবঙ্গে সিড কর্পোরেশনের পত্তন হয়েছে। কিন্তু মাননীয় সদস্যরা শুনলে খুশি হবেন এই অল্প সময়ের মধ্যেই আমাদের পশ্চিমবঙ্গের সিড কর্পোরেশন ভারতবর্ষে দ্বিতীয় স্থানে চলে গেছে। ইন্ডিয়ান প্রোডাকটিভিটি কাউন্সিল একে স্বীকৃতি দিয়ে দ্বিতীয় স্থানে নিয়ে গেছে। সিড কর্পোরেশনের ম্যানেজিং ডাইরেকটার তাদের কাছ থেকে উপহার নিয়ে এসেছেন। ১০ বছর আগে আমাদের রাজ্যে বেশির ভাগ বিজ বাইরের রাজ্য থেকে আমদানি করতে হত, বিশেষ করে ধান। আজকে জোরের সঙ্গে বলছি, এক মুঠো ধানও বাইরে থেকে আনতে হয় না। ত্রিপুরা, আসাম, উড়িষ্যা আমাদের সিড কর্পোরেশন থেকে ধার নেয়। ন্যাশনাল সিড কর্পোরেশনে উৎপাদন করছে। আলুর বীজ, তৈল বীজ এক ছটাকও বাইরে থেকে আমদানি করতে হবে না। সবই নিজস্ব উৎপাদন। কিছু ডাল শস্য, বাইরে থেকে আনতে হয়, পাটের, গমের বীজ বাইরে থেকে আনতে হয়। আমাদের বীজের ব্যাপারে আমরা স্বয়ংসম্পূর্ণ। বীজ নিগম কর্তৃপক্ষ পশ্চিমবঙ্গে তারা আমাদের স্বয়ংসম্পূর্ণ করেছেন। এটা কম অ্যাচিভমেন্ট নয়। দারুণ অ্যাচিভমেন্ট। ওদের চোখে এ অ্যাচিভমেন্ট পড়ল না। ১৯৭৭ সালে ওরা যখন ছেড়ে যান আমরা ক্ষমতায় আসি, তখন খাদ্যোৎপাদন ছিল ৭৫ লক্ষ মেট্রিক টন, আর আমরা ১৯৯১-৯২-তে খাদ্যোৎপাদন করেছিলাম ১ কোটি ২৮ লক্ষ মেট্রিক টন। কেন্দ্রীয় সরকারের হিসাব বলি, পশ্চিমবঙ্গে যা জনসংখ্যা তাতে মাথা পিছু ক্যালোরি হিসাবে আমাদের পশ্চিমবঙ্গে খাদ্যের প্রয়োজন ১ কোটি ৪০ লক্ষ টন, সেখানে আমরা ১ কোটি ২৮ লক্ষেতে পৌঁছেছি এবং আমাদের খাদ্যের চাহিদা অনুযায়ী মেটাবার ক্ষেত্রে দূরত্বটা আর খুব বেশি দূরে নয়। এটাতেও যদি বলেন যে পশ্চিমবঙ্গে কৃষিতে কোনও উন্নতি হয়নি তাহলে এত গায়ের জোরের কথা, এখানে বলার কিছু নেই।

উনি সয়েল ল্যাবোরেটরির কথা বলেছেন। ঠিকই বলেছেন, ল্যাবোরেটরি প্রয়োজনের তুলনায় আমাদের কম আছে। চাষিদের চাহিদা আছে। আমাদের এখানে তিনটি ল্যাবোরেটরি আছে—কুচবিহারে, রায়গঞ্জে এবং মালদহতে আছে। চাহিদা আছে, চাহিদা বেড়েছে। আমরা দুটি মোবাইল ল্যাবোরেটরি করেছি—মাঝে যান্ত্রিক গোলযোগ ছিল সেটা দূর করেছি। ডাঃ আবেদিন এই কথা বলেছেন যে এতে প্রয়োজন মেটে না। ঠিকই তো এতে প্রয়োজন মেটে না। কিন্তু এতে কি প্রমাণ করে? প্রমাণ করে যে আমাদের রাজ্যের কৃষকরা প্রযুক্তি গ্রহণ করেছে, তারা প্রযুক্তি সচেতন হয়েছে। এটা তো দারুণ অ্যাচিভমেন্ট। যেখানে শতকরা ৫১ ভাগ গরিব কৃষক যারা চাষবাসে লিপ্ত হয়েছে, সেখানে তাদের এই যে প্রযুক্তি সচেতনতা, এটা তো আমাদের কৃষিক্ষেত্রে নিদারুণ অ্যাচিভমেন্ট। এই কথা বললে আমরা খুশি হতাম। এমনিতে আপনারা যখন আমাকে উপদেশ দেন তখন তা আমি গ্রহণ করি। ডাঃ আবেদিন-এর অনেক অভিজ্ঞতা আছে। ওর সঙ্গে বসে অনেক কথাবার্তা বলে অনেক অভিজ্ঞতা আমি গ্রহণ করি। চাষবাসের ক্ষেত্রে ওর অনেক অভিজ্ঞতা আছে। কিন্তু বিরোধী দলের নেতা, তাই বিরোধিতা করতে হবে? উনি কোথা থেকে সংবাদ নিয়ে এসে নানা কথা বললেন। এবারে আমি গ্রোথ রেট-এর কথা বলি। উনি সংখ্যা দিয়ে হিসাব দেখিয়েছেন। উনি সংখ্যা নিয়ে বসে থাকেন। এই হিসাবটা ১৯৮১-৮৩ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত। ওয়েস্ট বেঙ্গলের প্রোডাকশন ৩.২৫ আর প্রোডাকটিভিটি ২.৬৬। অল ইন্ডিয়াতে ছিল ১-৩৪ প্রোডাকশন, আর প্রোডাকটিভিটি ১.৫২। আমি এখন পাঞ্জাবকে সব সময়ে সঙ্গে রাখি, তারা সবুজ বিপ্লব

ঘটিয়েছে। তাদের প্রোডাকশন ১.৭২ আর প্রোডাকটিভিটি ছিল ১.৬৬। এই অবস্থাতেও উনি বলেছেন যে এই রাজ্যে কৃষির উৎপাদন বাড়েনি। এবারে আমাদের স্টেট ডোমেস্টিক কন্ট্রিবিউশনটা বলি। এটা হচ্ছে ৪১,৪০৩ কোটি টাকা। এগ্রিকালচার কন্ট্রিবিউশন করেছে ১২,৩০০ কোটি টাকা। তারমানে ওয়ান থার্ড, প্রায় ওয়ান থার্ড। এই সংখ্যা যত দেব কোনও শেষ নেই, অনেক সংখ্যা দেওয়া যায়। সুতরাং আমি আর সংখ্যা বাড়াচ্ছি না, মোটামুটি আমাদের অগ্রগতিতে বোঝানো যায়, সেটা আমি পেশ করলাম। এখানে কিছু কিছু প্রশ্ন আমাদের সামনে আছে, যে কথাটা আমাদের সাবজেক্ট কমিটি তুলেছে এবং উনিও বলেছেন—সিড ফার্মগুলো ভাল চলছে না। সত্যিই ফার্মগুলো ভাল চলছে না, এই কথা অস্বীকার করে লাভ নেই। সিড ফার্ম কৃষি বিভাগের সঙ্গে যুক্ত একটি সংস্থা। কিন্তু আমাদের রাজ্যের উন্নয়নের প্রক্রিয়াটা বিকেন্দ্রীকরণ করে তৃণমূল পর্যায়ে আমরা নিয়ে গিয়েছি এবং ব্যাপক মানুষকে যুক্ত করে আমাদের এই উন্নতি করা সম্ভব হয়েছে। এটা বুঝেই প্রধানগুলোকে আমরা মানুষের কাছ থেকে বিযুক্ত থাকতে দিই নি।

আমরা গভর্নমেন্ট অর্ডারে প্রত্যেকটি ফার্মের অ্যাডভাইস কমিটি করেছি। পঞ্চায়েত সমিতির সভাপতিদের এই সমস্ত ফার্ম চেয়ারম্যান করেছি, ফার্মের শ্রমিক প্রতিনিধিদেরও এরমধ্যে যুক্ত করেছি। পার্মানেন্ট সরকারি কর্মচারী এতে থাকবে। সরকারি নমিনেশন থাকবে এবং জেলাস্তরে থাকবে থ্রি টায়ার কমিটি। সব ফার্মে হয়ত এখনও ঠিকভাবে কাজ শুরু হয়নি। তবে আমার কাছে খবর আছে বর্ধমান জেলার ফার্মগুলো যেভাবে উদ্যোগ নিয়েছে তাতে বর্ধমান জেলার ফার্মগুলোর কাজ শুরু করে দিয়েছে। বর্ধমান জেলার জেলা পরিষদ এবং পঞ্চায়েতের অধীনে যে ফার্মগুলো আছে তারা কাজ শুরু করে দিয়েছে। এই ফার্মগুলোর লক্ষ্যমাত্রা হচ্ছে উন্নতমানের বীজ উৎপাদন করা এবং স্থানীয় কৃষকদের মধ্যে বিলি করা। খুব ভাল পরিকল্পনা, যেকোনও মূল্যে এর উৎপাদন বাড়াতে হবে। আর্থিক সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও সব জেলাতেই এর সাথে যুক্ত করতে হবে। আমাদের যে আর্থিক সঙ্গতির অভাব একথা আমরা অস্বীকার করি না। কিন্তু সেই সীমাবদ্ধতার মধ্যেও এই ফার্মগুলোকে সক্রিয় করতে হবে। জেলা পরিষদকে পঞ্চায়েতকে সক্রিয় করে স্থানীয় মানুষকে এই কর্মকান্ডের সঙ্গে যুক্ত করতে পারি তাহলে স্থানীয় উন্নয়ন সম্ভব এবং ফার্মগুলোও তাতে সক্রিয় হয়ে উঠবে। এই ফার্মগুলোর দায়িত্ব হচ্ছে উন্নতমানের বীজ সরবরাহ করা। হুগলি জেলার জেলা পরিষদের যে ফার্মগুলো আছে সেখান থেকে আমাকে মিটিং ডেকেছে, আমি নিশ্চয় যাব। তারপরে বীরভূম জেলায় সিসেল ফার্ম তার প্রোডাকশন খুব ভাল, এটা এশিয়ার মধ্যে সর্ববৃহৎ ফার্ম। এখানে জেলা পরিষদ তার নিজস্ব তহবিল থেকে টাকা দিচ্ছে, ফার্ম চালু হয়েছে প্রোডাকশনও শুরু হয়েছে। আমরা যাতে উন্নত প্রক্রিয়াতে সার উৎপাদন করতে পারি তারজন্য আমরা খুব চেষ্টা করছি। আশা করি এতে কার্যকরি হবে এই আশা আমি দিচ্ছি। আপনার ক্রপ ইনস্যুরেন্সের ক্ষেত্রে বলছি ২৮ লক্ষ ২২ হাজার ক্রপ ইনস্যুরেন্স করেছি এবং এতে ২৭ হাজার ৬১৫ জন কৃষক উপকৃত হবে। এরপরে রবি মরশুমে আমরা দিয়েছি ২৫ লক্ষ ১০ হাজার টাকা আর ৯০.৯৮ জন কৃষক উপকৃত। তারপরে খারিফে ১৯৯৩-তে দিয়েছি ১ কোটি ১৬ লক্ষ ৬ হাজার টাকা, এতে উপকৃত হয়েছে ৩৭ হাজার ৮১৫ জন। সাথে সাথে এইকথাও বলে রাখি এই ক্রপ ইনস্যুরেন্সের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে নীতি গ্রহণ করেছেন

তাতে এই ক্রপস ইনস্যুরেন্সের অ্যাক্ট চালু রাখা সম্ভব নয়। ওই নীতিতে যে পরিমাণ টাকা কৃষকদের দিতে হবে সেই পরিমাণ টাকা কৃষকদের পক্ষে দেওয়া সম্ভব নয়। এবং ফলে আস্তে আস্তে ওই ইনস্যুরেন্স অ্যাক্ট চালু রাখা সম্ভব হবে না।

আমি মাননীয় সদস্যদের এই আশ্বাস এবং ভরসা দিচ্ছি যে বামফ্রন্ট ক্ষমতায় আসার পরে কৃষিতে বামফ্রন্টের যে কৃষি নীতি, এই নীতির ফলে কৃষিতে যে অগ্রগতি হয়েছে সেই অগ্রগতি অব্যাহত থাকবে। কারণ এই নীতি হচ্ছে অত্যন্ত কমপ্রিহেনসিভ এবং আমাদের সরকার এই কমপ্রিহেনসিভ নীতি গ্রহণ করতে পেরেছিলেন বলে এই কৃষিতে অগ্রগতি হয়েছে। এই আশ্বাস এবং ভরসা আমি সদস্যদেরকে দিচ্ছি। আমাদের কৃষিতে অগ্রগতি অব্যাহত থাকবে যারা আমাদের এই বাজেটে অংশগ্রহণ করেছেন তাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। ডাঃ জয়নাল আবেদিন ধন্যবাদ জানাচ্ছি এই কারণে হাজার হলেও ওনার বক্তৃতায় অনেকটা গঠনমূলক দিক আছে। সেই কারণে আবার তাকে ধন্যবাদ জানাচ্ছি। বিরোধীদের দেওয়া কাটমোশনগুলির বিরোধিতা করছি এবং আমাদের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছিলাম সেটাকে গ্রহণ করবেন এই আবেদন রেখে সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

### Demand No. 47

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 87,68,03,000 be granted for expenditure under Demand No. 47, Major Heads : "2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and 6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings). (This is inclusive of a total sum of Rs. 29,22,70,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

### Demand No. 48

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,88,39,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation. (This is inclusive of a total sum of Rs. 4,96,15,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

### Demand No. 55

The motion of Shri Abdul Mannan that the amount of the demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 27,44,49,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2415—Agricultural Research and Education and 4415—Capital

Outlay on Agricultural Research and Education (Excluding Public Under-takings)".

(This is inclusive of a total sum of Rs. 9,14,85,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

## Demand No. 58

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 16,52,60,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes".

(This is inclusive of a total sum of Rs. 5,50,90,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-02 p.m. till 11.00 a.m. on Monday, the 13th June, 1994, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 13th June, 1994 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 1 Minister of State and 140 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions
### (to which oral answers were given)

#### গ্রামীণ বৈদ্যুতিকরণ

*৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৭) **শ্রী শক্তি বল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৪-৯৫ সালে নন্দীগ্রাম থানা এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণে মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

১৯৯৪-৯৫ আর্থিক বছরে নন্দীগ্রাম থানা এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য মোট ২৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি আপনাকে নির্দিষ্ট ভাবে জিজ্ঞাসা করেছিলাম যে, আমার বিধানসভা এলাকার নন্দীগ্রামে গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে? এবং সেই ব্যবস্থা পরিপূর্ণ করার জন্য কী পরিমাণ টাকা বরাদ্দ করা হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনার প্রশ্নটা ছিল, '১৯৯৪-৯৫ আর্থিক বছরে নন্দীগ্রাম থানা এলাকায় গ্রামীণ বৈদ্যুতিকরণের জন্য মোট কত টাকা বরাদ্দ করা হয়েছে? আমি জানিয়েছি, ২৭ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। রিয়াপুর সাব-স্টেশন তৈরি হচ্ছে - আন্ডার কন্সট্রাকশন টাওয়ার পজিশন নিয়ে সামান্য কিছু সমস্যা আছে। আর বর্তমান আর্থিক বছরে ২৭ লক্ষ টাকায় ১০টি মৌজায় কাজ হবে। ওখানে টোটাল মৌজা আছে ২৮৯টি, তার মধ্যে ১৫টি মৌজায় আগেই বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন করা হয়েছে। এ বছর আমরা ১০টা করব। তবে রিয়াপুর সাব-স্টেশন না হওয়া পর্যন্ত খুব বেশি মৌজায় আর বিদ্যুত পৌঁছে দেওয়া সম্ভব নয়, দিলে লো ভোল্টেজ প্রবলেম হবে।

**শ্রী শক্তি বল ঃ** গ্রামের মধ্যে কোথাও একটা, কি দুটো খুঁটি পুঁতে দিলেই কি বিদ্যুতিকরণ হয়েছে বলা হবে, না ঘরে ঘরে বিদ্যুত পৌঁছে দেবার পরই বলা হবে? যে মৌজা গুলিতে বৈদ্যুতিকরণ হয়েছে বলছেন সেগুলিতে আদৌ বিদ্যুত পৌঁছয় নি। প্রকৃত

বিদ্যুত সেখানে কবে পৌঁছে দেওয়া হবে এবং সাব-স্টেশনটির কাজ কবে শেষ হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ভারতবর্ষে ভারত সরকারের রুর‌্যাল ইলেক্ট্রিসিটি কর্পোরেশন এই কাজে টাকা ঋণ দেয়, সেই দিয়ে আমরা বৈদ্যুতিকরণের কাজ করি। এই কাজের দুটি ভাগ আছে। কোথাও লাইন টেনে নিয়ে গিয়ে দু' তিনটি আলো জ্বাললেই বলা হয় বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে — মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে। এই রীতি আমরা সমর্থন করি না। কিন্তু এই রীতিতে আগেও কাজ হয়েছে, এখনো হচ্ছে। এটাই চলছে। এটা হল ফার্স্ট ফেজ। সেকেন্ড ফেজ হচ্ছে ইন্টেনসিফিকেশন বা নিবিড়ীকরণ, প্রত্যেক বাড়িতে বাড়িতে বিদ্যুত পৌঁছে দেওয়া হয়। এখন আমরা যেটা করছি সেটা হচ্ছে, ফার্স্ট ফেজে ভার্জিন মৌজায় ইলেক্ট্রিফিকেশন হচ্ছে। আর রিয়াপুরে নদী পার হয়ে লাইন আসবে। সেখানে দুটো টাওয়ার হবে, একটা টাওয়ার বিকর ফিল্ডের ওপর পড়ছে, ফলে একটু সমস্যা হচ্ছে। ব্রিক ফিল্ড ওনার আমাদের কাছে এসেছিলেন, আমি তার সঙ্গে দেখা করেছি। আশা করছি সমস্যার সমাধান হয়ে যাবে। তবে সে বিষয়ে আমি আপনাদের সহযোগিতাও চাইছি। বর্তমান ফাইনান্সিয়াল ইয়ারের শেষের দিকে '৯৫ সালের প্রথম দিকে ওটা চার্জ করতে পারব বলে আশা করছি।

**শ্রী শক্তি বল ঃ** লোকদ্বীপ প্রকল্পের আওতায় নন্দীগ্রাম বিধানসভার কটি মৌজা লিস্টেড হয়েছিল? তারমধ্যে কটি মৌজায় ইতিমধ্যে কোনও কাজ হয়েছে কিনা এবং আদৌ হয়নি এইরকম কটি মৌজা আপনার জানা আছে কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** লোকদ্বীপ প্রকল্পের ডিটেলস আমার কাছে নেই। গ্রামীণ বৈদ্যুতিকরণের এটা আলাদা প্রকল্প। যেখানে লাইন গেলে সেখানে স্বল্পবিত্ত যারা গ্রাহক আছেন তাদের লোকদ্বীপ প্রকল্পে আনা হয়। আমার কাছে ডিটেলস নেই, নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী নির্মল দাস ঃ** দেখা যাচ্ছে বেশ কিছু গ্রামে যেখানে হাইটেনশন লাইনের তার গেছে তা চুরি যাচ্ছে। দেখা যাচ্ছে ৬ মাস ধরে সেই অবস্থায় বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন হয়ে আছে যেমন, কুচবিহার জেলার পাতলাখোয়া, বড়রাংরস প্রভৃতি জায়গা। এছাড়া টোটোরা সেদিন আপনার সঙ্গে কথা বলতে এসেছিল, সময় হয়নি, তারা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলেছেন ওদের লোকদ্বীপের সংযোগের ব্যাপারে। ওরা এটা পাবেন কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** হাই টেনশন লাইন জায়গায় জায়গায় চুরি হচ্ছে ঠিকই। এটা আটকানো খুবই শক্ত। আমাদের রাজ্যে বিদ্যুত দপ্তর আছে। পুলিশের সহায়তায় এবং গ্রামীণ লোকের সহায়তায় সম্ভব হবে। টোটোদের ব্যাপারে আমাদের নজর আছে। বনের মধ্য দিয়ে লাইন টানা হয়েছিল, চুরি হয়ে যায়। এখন ওখানে নন-কনভেনশনাল এনার্জির কথা চিন্তা করছি নিয়ে যাওয়া যায় কিনা লম্বা লাইন বনের মধ্যে না করে। তাছাড়া এটা করতে গেলে ফরেষ্ট ডিপার্টমেন্টের ক্লিয়ারেন্স নিতে হবে, অসুবিধা আছে। সেইজন্য আমরা নন-কনভেনশনাল এনার্জির কথা চিন্তা করছি। এ মাসের শেষের দিকে ডায়রেক্টর যাবেন এটা দেখতে।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় লোকদ্বীপের ব্যাপারে বললেন। নির্দিষ্ট

করে বলবেন যেখানে লাইন গেছে এর অর্থটা কি? সেখানে ১০০ ফুট কিংবা ২০০ ফুটের মধ্যে লোকদ্বীপ প্রকল্প হবে? কিংবা ১০টি পোল যদি লাগে তাহলেও লোকদ্বীপ প্রকল্প হবে? অর্থাৎ দৈঘ্যের ব্যাপারটা কী?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** লোকদ্বীপ আর কুটির জ্যোতি এই প্রকল্পে ভারত সরকার কিছু টাকা দেন, জয়েন্টে এই কাজ হয়। ভারত সরকার দেন ১৫০ টাকা আর আমরা ম্যাচিং শেয়ার দিই ৩০০ টাকা অর্থাৎ ৫৫০, ৬০০ টাকায় বাড়িতে বাড়িতে বিদ্যুত যায়। দুটি করে প্রত্যেক বাড়িতে কানেকশন দিই এবং তারমধ্যে সার্কিট ব্রেকার করে দিই যাতে দুটির বেশি পাওয়ার ড্র করলেই অটোমেটিক্যালি লাইন অফ হয়ে যাবে। বিদ্যুত চুরি যাতে না হয়। লাইন ১ কিলোমিটারের মধ্যে হয় তাহলে ১ কিলোমিটার টেনে করে দিই।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** আপনি জানেন, গ্রামীণ বৈদ্যুতিকরণের যে ইনটেনসিফিকেশন স্কীম এক্ষেত্রে বিগত ১৯৯১-৯২ সালের আর্থিক বছরে ইনটেনসিফিকেশন কোথায় কোথায় দরকার তারজন্য বিভিন্ন এলাকার মৌজা ভিত্তিক স্কীম মৌজা থেকে রিপোর্ট পাঠিয়ে দেওয়া হয়েছে। ১৯৯১-৯২ সালে দু-একটি মৌজায় কাজ হলেও যে মৌজাগুলির রিপোর্ট পাঠানো হয়েছে, তার কাজগুলি শুরু করতে অসুবিধা কোথায়?

[11-10 — 11-20 a.m.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমরা ভার্জিন মৌজার ইলেক্ট্রিফিকেশনের ক্ষেত্রেই বলুন বা ইনটেনসিফিকেশন প্রোগ্রামের ক্ষেত্রেই বলুন, তারজন্য এস্টিমেট তৈরি করে সেটা দিল্লির রুর‍্যাল ইলেক্ট্রিসিটি কর্পোরেশনের কাছে পাঠাতে হয় এবং তারজন্য তারা ১৮.৫ পারসেন্ট ইন্টারেস্টে লোন দেন। সুতরাং বাজেটে আর.এ.সি. লোন হিসাবে যা ধরা থাকে তার বাইরে টাকা আমরা নিতে পারি না। আর এই লোন পাবার ক্ষেত্রে একটা সময়ের গ্যাপ থাকে যারজন্য স্বভাবতই কাজের দেরি হয়ে যায়। আমরা এতদিন পর্যন্ত ইন্টারনাল রেভিনিউ ব্যয় করে জেনারেশন বাড়াবার দিকে জোর দিচ্ছিলাম, কিন্তু এখন আমাদের জেনারেশন একটা জায়গায় পৌঁছেছে। কাজেই লোনটা যদি ঠিকমত পাই তাহলে ইনটেনসিফিকেশনের কাজটা দ্রুত গতিতে করা হবে। এটা আমি ডিটেলসে বাজেট ডিসকাশনের সময় বলেছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে ইনটেনসিফিকেশন প্রোগ্রামের যে কাজগুলি আছে সেগুলো এরমধ্যে পড়ে কিনা; এক্ষেত্রে অ্যালটমেন্ট যা পান তার ডিস্ট্রিবিউশনটা জেলাওয়ারি করা হয় কিনা; গত বছর এই বাবদ ইন্ডিয়া গভর্নমেন্টের কনট্রিবিউশন কত ছিল; এবং গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সাইট সিলেকশন কাদের রেকমেন্ডেশনে হয়?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ভারত সরকার এ-বাবদ কোনও টাকা গ্রান্ট হিসাবে দেন না, লোন হিসাবে দেন এবং এখন সেই সুদের হারও ১৮.৫ পারসেন্ট হয়ে গেছে। এতে আমাদের খুবই অসুবিধা হচ্ছে। এই বৈদ্যুতিকরণ যা আমরা করি সেটা জেলা পরিষদের সভাধিপতি এবং কর্মাধ্যক্ষদের সঙ্গে ডিসকাশন করেই সেটা করা হয়। আর একটি জিনিস করা হয় যাতে অল্প পয়সায় বেশি জায়গায় বৈদ্যুতিকরণ করা যায়। সবটাই ওদের সঙ্গে আলোচনা করেই করা হয়।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** ১৯৭২ থেকে ১৯৭৭ এই সময়ের মধ্যে বিভিন্ন মৌজা

বৈদ্যুতিকরণ করা হয়েছিল এবং সেগুলোতে কাঠের খুঁটি ছিল যা পুরুলিয়ার ভাষায় কাঠের খোঁটায় পরিণত হয়েছে। যেহেতু ঐসব মৌজা বৈদ্যুতিকরণ হয়ে গেছে বলে ধরা হয়েছে তারজন্য সেসব মৌজায় আর বৈদ্যুতিকরণ করা যাবে না? ঐসব আই.টি.ডি.পি. মৌজায় নতুনভাবে বৈদ্যুতিকরণ করবার কথা চিন্তা করবেন কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এটা খুবই দুঃখজনক যে, যেখানে লাইন চুরি বা খুঁটি নষ্ট হয়ে যাবার ফলে আলো জ্বলছে না, কিন্তু বৈদ্যুতিকরণ হয়ে গেছে বলে একবার চিহ্নিত হয়ে গেছে সেসব মৌজায় আর.ই.সি. আর লোন দেবেন না। সেখানে কাজ করতে হলে আমাদের টাকায় করতে হবে। আমরা বাজেটে মোষ্টলি জেনারেশনের উপর জোর দিয়েছি, তবে ইম্পর্টেন্স বুঝে জায়গায় জায়গায় টাকাটা ডাইভার্ট করবার চেষ্টা করছি। তবে এক্ষেত্রে সবচেয়ে ডিফিকাল্টি বা প্রবলেম হচ্ছে, এই রিভাইটালাইজেশন স্কীমের জন্য স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড কোনও লোন পাবে না। আমাদের রেভিনিউ আর্নিং থেকে তাই কিছু টাকা এরজন্য সরিয়ে রাখা হয়, কিন্তু প্রবলেম হচ্ছে, এইরকম মৌজার সংখ্যা ২,২০০র মত যেখানে রিভাইটালাইজেশন দরকার। আর এরজন্য এক একটি মৌজায় ২.৫ লক্ষ করে টাকা দরকার হয়। এতগুলি আমাদের পক্ষে করা মুশকিল। আমরা কিছু কিছু করে এইগুলি করার চেষ্টা করছি, যেগুলি বর্ডার এরিয়া সেইসব জায়গায় বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট ফান্ডের মধ্যে দিয়ে কিছু টাকা আমরা পেয়েছি এবং সেগুলি হচ্ছে বাংলাদেশ বর্ডারের যে মৌজাগুলি আছে, বর্ডার এরিয়া ছাড়া যে অন্যান্য এস.সি.এস.টি. হরিজন এরিয়া রাজ্য সরকারের টাকা দিয়ে করা হবে, এরজন্য এস.সি.এস.টি. ডিপার্টমেন্টের তরফ থেকে আমাদের কিছু টাকা দিয়েছে, সার্বিকভাবে জওহর রোজগার যোজনার মাধ্যমে আমরা যে সিভিল পার্ট, খুঁটি পোঁতার লেবার কিছু কিছু জেলা থেকে সাহায্য পাচ্ছি, সব মিলিয়ে এটাকে তৈরি করার চেষ্টা করা হচ্ছে।

**শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে, রিষড়া পাওয়ার হাউসে আরামবাগ পাওয়ার হাউস থেকে দেওয়ার ব্যবস্থা হয়, ইদানিংকালে গ্রাহক সংখ্যা প্রচন্ড রকম বৃদ্ধি পাওয়ার সিঙ্গুর আরামবাগে প্রচন্ডরকম লো ভোল্টেজ চলছে। আরামবাগ পাওয়ার হাউস হলে লো ভোল্টেজ কমবে, সেটা কবে নাগাদ শেষ হবে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের অরিজিন্যাল যে স্কীম সেখানে আরামবাগে ৪০০ কে.বি. সাবস্টেশন আছে, সেখান থেকে আসে, বক্রেশ্বর-পুরুলিয়া চেষ্টা করা হচ্ছে, পুরুলিয়ায় ৫ থেকে ৬ বছর দেরি, গত বছর ডিসেম্বর মাস থেকে আমরা একটা শর্টটার্ম প্রকল্প নিয়েছি, আরামবাগ পুরুলিয়া সাবস্টেশনের কাছ থেকে একটা লাইন গেছে সাঁওতাল-ডি, হাওড়া ২২০ কে.ভি.। সেখান থেকে ট্যাপ করে সাবস্টেশন করছি, বক্রেশ্বর থেকে আসবে ৪০০, তারসঙ্গে ২০০ যোগ করে দেওয়া হবে। কাজটা একটু ডিলে হয়েছে, জুন মাসে সিঙ্কোনাইজ করার কথা ছিল, আমি মনে করি বিফোর আগস্ট হয়ে যাবে।

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন আপনি বলেছিলেন এক কিলোমিটার দূরে হলে কভার করে গেছে ধরে নিয়ে দেবেন, কত লাইন দেবেন তার কি কিছু সংখ্যা নির্ধারণ করা আছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** কুটিরজ্যোতি, লোকদ্বীপ শতকরা ৯০ ভাগ হলে হবে আমাদের

পুরনো এক্সপিরিয়েন্স থেকে দেখেছি ৫০ ভাগ বাড়িতে টাকা দিয়ে নেয়, আর বাকি ৫০ ভাগের বেশ কিছু সংখ্যক বিদ্যুত ট্যাপ করে, যেখানে ৯০ পারসেন্ট গ্রাহককে টাকা দিতে হচ্ছে না, আমরা শিলিং করে দিয়েছি, দুটো পোষ্টে ৫ যুক্ত ৫, ১০ টাকা দিচ্ছে, ওখানকার মৌজার লোকে যদি নেয় আমরা লাইন দিয়ে দেব এবং সেখানে কোনও সিলিং নেই। গত ৩ বছর ধরে কুটির জ্যোতি, লোকদ্বীপের কোনও কাজ হয়নি, বলা আছে যারা বেনিফিসিয়ারি হবেন সভাধিপতিকে দিতে হবে, অনেক জায়গায় পাওয়া যায় নি, এই খাতে ৬ কোটি টাকার মতো খরচ করতে পারবে।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা দেখছি গ্রামে বিদ্যুতের ব্যবস্থা হলেও শহরাঞ্চলে এস.ই.বি. বিশেষ করে আমার হাওড়া এলাকায় পাশাপাশি সি.এস.সি. রয়েছে সেদিক থেকে দেখা যাচ্ছে যেখানে নূতন নূতন বসতি হচ্ছে সেখানে এস.ই.বি.'র দিক থেকে কোনও ত্রুটি নেই। অথচ স্টেট ইলেক্ট্রিসিটির বেলায় যে সমস্ত এলাকায় নূতন বসতি হয়েছে, সেখানে গ্রুপ অব কনজিউমার দরখাস্ত করেছে, তাদের নানা অজুহাত দেখিয়ে বছরের পর বছর বিদ্যুত দেওয়া হচ্ছে না। আপনার কাছে আমার প্রশ্ন হচ্ছে, গ্রুপ অব কনজিউমার যেখানে নূতন করে লাইন চায়, যেখানে অধিক সংখ্যক কনজিউমার বিদ্যুত চাচ্ছে, সেখানে বিদ্যুত দেবার ক্ষেত্রে আপনার দপ্তরে কোনও সময় সীমা বেঁধে দেওয়া আছে কিনা যে এই সময়ের মধ্যে তারা দিতে বাধ্য?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** বিদ্যুতিকরণ যেটা করা হয় সেটা সিরিয়ালি করা হয়। অর্থাৎ অ্যাপ্লিকেশনের যে ডেট আছে সেই অনুযায়ী করা হয়। আমার কাছে খবর আছে যে ১৯৯২ সালের দরখাস্ত যেগুলি আছে সেগুলি করা হচ্ছে। ১৯৯৪ সালের যারা দরখাস্ত করেছেন, তাদের অন্ততঃ এক বছর অপেক্ষা করতে হবে। আর স্পেসিফিক কেস যদি থাকে যেমন হাসপাতাল, পাবলিক ইউটিলিটি, এগুলি প্রাইওরিটি দিয়ে করা হয়। তাছাড়া অনেক ক্ষেত্রে বিধায়ক, এম.পি. বা পঞ্চায়েত প্রধানরা যদি লেখেন তাহলে সেগুলি অগ্রাধিকারের ভিত্তিতে করা হয়। তবে সাধারণ গ্রাহকদের ক্ষেত্রে সিরিয়ালি করা হয়।

### ল্যাণ্ড ট্রাইব্যুনাল

*৪১। (অনুমোদিত প্রশ্ন নং *৪৪১) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** ২৩.৩.৯৩ তারিখের ৪৫ (অনুমোদিত প্রশ্ন নং ৯৬৮)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ তথ্য অনুসারে ল্যাণ্ড ট্রাইব্যুনাল গঠনের কাজ কোন অবস্থায় আছে; এবং

(খ) কবে নাগাদ ট্রাইব্যুনালের কাজ শুরু হবে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি**

(ক) পশ্চিমবঙ্গ রাজ্য ভূমিজীবী সংঘের এক আবেদনক্রমে মাননীয় কলকাতা হাইকোর্ট রাজ্য সরকারকে আবেদনকারিদের সম্পর্কে পশ্চিমবঙ্গ ল্যান্ড রিফর্ম ট্রাইব্যুনাল

আইনটি কার্যকর করা থেকে বিরত থাকতে এক স্থগিতাদেশ দিয়েছেন। সর্বশেষ প্রাপ্ত খবর অনুযায়ী ৭.৩.৯৪ তারিখেও এই মামলায় নতুন আবেদনকারি যুক্ত হয়েছে। রাজ্য সরকার নিযুক্ত আইনজ্ঞ পরামর্শ দিয়েছেন যে স্থগিতাদেশ অপসারণ বা বদল না হলে ট্রাইব্যুনাল গঠন করা ঠিক হবে না। সে জন্য ট্রাইব্যুনাল গঠনের কাজ এখনও শুরু করা যায়নি।

(খ) উপরোক্ত কারণে এখনই বলা সম্ভব নয়।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে মামলা থাকার ফলে কার্যকরী করা যাচ্ছে না। এখন আইনজীবীদের বক্তব্য কি তারা কি চাচ্ছেন আইনের পরিবর্তন, না নুতন কোনও সংযোজন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** আমরা আইনজীবী দিয়েছি। যেমন সাধন গুপ্ত, বলাই রায়, ভাল ভাল ল'ইয়ার আছে। ভূমিজীবী সংঘ যা আছে, এটা মেদিনীপুরেই বেশি আছে, অন্য জায়গায় অল্প আছে। তারা এটা করেছিল এবং হাইকোর্ট একটা স্থগিতাদেশ দিয়েছে। সেটাকে ভ্যাকেট করতে হবে, তা নাহলে এটা বদল করতে হবে। এই দুটোর মধ্যে একটা করতে হবে। আমরা ভেগারাসলি চেষ্টা করছি। আমাদের রুলস ইত্যাদি সব হয়ে গেছে। আমাদের তরফ থেকে যে চেষ্টা সেটা ভেগারাসলি করা হচ্ছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই ভূমিজীবীদের বক্তব্য কী, তারা কি আইন পুরোপুরি বদল করতে চাইছেন, না নুতন আইন আনতে চাচ্ছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** ভূমিজীবিরা যে মামলা করেছেন সেই মামলার সমস্ত কাগজ-পত্র আমার কাছে নেই। তবে মোটামুটি এটা বোঝা যায় যে যাদের স্বার্থে আঘাত লেগেছে, তারা চান এটা যাতে না হয়। এই হচ্ছে কারণ। ল্যান্ড ট্রাইব্যুনালের মূল ব্যাপারটা বুঝতে হবে। দীর্ঘদিন ধরে হাই কোর্টে মামলা পড়ে আছে। এটা কন্সটিটিউশনে প্রভিশন আছে। সেই অনুযায়ী আমরা করছি। ইতিমধ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল, অন্যান্য ব্যাপারে ট্রাইব্যুনাল হয়েছে। এটা কোনও বে-আইনি নয়। সে জন্য কনসেন্ট পাওয়া গেছে, রুলস লে করা হয়েছে। সেইজন্য এটাকে আইদার ভেকেট করা অথবা যেখানে স্থগিত করেছে সেখানে কমপ্লিটলি বলা যে নূতন করে এটা করতে হবে। এই হচ্ছে ব্যাপার।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, এই আইনের মাধ্যমে বাধা সৃষ্টির ফলে ট্রাইব্যুনালটা যে আটকে গেল, তার ফলে পশ্চিমবাংলায় ভূমিসংস্কারের ব্যাপারে কয়েক হাজার মামলা যেগুলি জড়িত আছে সেইগুলি ফয়সলা করার ব্যাপারে বিকল্প কোনও ব্যবস্থার কথা ভাবছেন কিনা?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** মামলা যেগুলি পড়ে রয়েছে সেইগুলি তাড়াতাড়ি নিষ্পত্তি করার জন্য বিকল্প ব্যবস্থাটা হচ্ছে এই ট্রাইব্যুনাল। প্রধানমন্ত্রীর চেয়ারম্যানশিপে বিভিন্ন রাজ্যে ভূমি সংস্কার বা ভূমি রাজস্ব মন্ত্রীদের নিয়ে বারে বারে মিটিং হয়েছে। মিটিং-এ যে সিদ্ধান্ত হয়েছে সেটা হল এটা। আপনারা জানেন আমি এখানে বহুবার বলেছি ১ লক্ষ ৮০ হাজার একরের মতো জমি আইদার বিফোর অ্যান্ড আফটার ভেসটিং ইনজাংটেড হয়ে পড়ে রয়েছে।

সেইজন্যই এটা আনা হয়েছে। আর অন্য কোনও বিকল্প ব্যবস্থা করা যায় নি। আপনারা ট্রাইব্যুনালটা এখানে পাস করেছেন আপনারা জানেন যে, সেই ট্রাইব্যুনালে যারা কাজ করবেন তারা হাই-কোর্টের জাজেদের চেয়ে বেশি কোয়ালিফিকেশান থাকলে তারাই সেখানে জাজ হিসাবে অ্যাপয়েনটেড হতে পারবে। এইরকম লোক নিয়ে করার কথা ছিল এবং তারা সেটা বিচার করবেন। এটা হলে এইগুলি সব ট্রাইব্যুনালে আনতে পারবে। তখন আর হাই-কোর্টের জুরিসডিকশনে থাকবে না, একমাত্র জুরিসডিকশন থাকবে সুপ্রিম কোর্টের। সেইজন্য এটা তাদের নিজেদের স্বার্থে লাগছে বলে করেছে। এটা অবশ্য বলা যায় না, এটা আইনের ব্যাপার। আমাদের লড়াই করে ভেকেট করতে হবে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ল্যান্ড ট্রাইব্যুনাল গঠন করার ভেতর দিয়ে রাজ্যের প্রকৃত ভূমিসংস্কারের দ্রুত সমাধান করার চেষ্টা করছেন। আমরা লক্ষ্য করছি বৃটিশ আমল থেকে উত্তরবাংলার ডুয়ার্স এলাকায় মার্কেট ফান্ডের হাজার হাজার একর জমি এখনও পর্যন্ত সেটেলমেন্ট না হওয়ার দরুন ৪০-৫০ বছর ধরে বাস করছে সত্তাধিকার পাচ্ছে না, যারা অধিকার করে আছে তাদের সত্ত্ব দেওয়া হয় নি। এটা করতে পারলে কিছু রেভিনিউ আসবে। গত ৪ তারিখে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে টোটো পাড়া এবং বল্লালগুড়ির লোকেরা এসে কথা বলেছে, আপনি সেইদিন উত্তরবঙ্গে গিয়েছিলেন, আপনার সঙ্গে কথা বলার ইচ্ছা ছিল, বলতে পারে নি। সেখানে তাদের জমি আছে, ট্রাইব্যুনালের ব্যাপারটা স্থগিত আছে সেই অবস্থায় মারকেটিং ফান্ডের ল্যান্ড যে জমি টোটোপাড়া এবং বল্লালগুড়ির লোকেরা যাতে দ্রুত সত্ত্ব পায় সেই ব্যাপারে রাজ্য সরকার কি দ্রুত ব্যবস্থা করছেন?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মূল যে প্রশ্ন সেটা হচ্ছে ট্রাইব্যুনাল যেটা পাস করা হয়েছে তার যে রুল তৈরি করা হয়েছে সেটা কার্যকর কেন করা হচ্ছে না সেই সম্পর্কে প্রশ্ন। আপনি যে প্রশ্নটা করেছেন সেটা এর সাথে যুক্ত নয়। নর্দান ডুয়ার্স মার্কেটিং ফান্ডের ল্যান্ড আমাদের সৈরতি ইন্টারেস্ট ল্যান্ড রিফর্মস ডিপার্টমেন্টে ভেস্ট করেছে। আমাদের নীতি অনুযায়ী আমরা শুধু এই জমি নয় যতরকম সৈরতি ইন্টারেস্ট আছে ফেরিঘাট থেকে আরম্ভ করে সব কিছু দিয়ে দিয়েছি। ছোট হলে গ্রামপঞ্চায়েতকে, মাঝারি হলে পঞ্চায়েত সমিতিকে এবং বড় হলে জেলা পরিষদ কে। বড় বলে জেলা পরিষদকে এগুলো দিয়ে দেওয়া হয়েছে। তারমধ্যে যে মামলা সেই মামলা তো এখানে লড়া যায়। এই ইনজাংশনটা নিয়ে তার সাথে এর কোনও কানেকশন নেই। আমি সম্প্রতি হ্যামিলটনগঞ্জে গিয়েছিলাম। তার আগেরদিন জলপাইগুড়িতে আমার ডিপার্টমেন্ট সমস্ত মিটিং করে সেখানে যে প্রবলেম আছে, সেই প্রবলেমগুলো সম্বন্ধে কি করতে হবে তা বিস্তারিত ভাবে আলোচনা করেছি। আমি বলেছি, যে সমস্ত মামলা আছে, যেখানে জমির পরিমাণ বেশি একসাথে কোথাও এক বিঘা আছে, কি এক একর আছে, কোথাও একশো আছে, দু'শ আছে যেখানে আছে, সেখানে বলা হয়েছে বড় বড় জমি যেগুলো ইনজাংটেড হয়ে রয়েছে, সেগুলোর লিস্ট করুন। সেগুলো গুরুত্ব দিয়ে করুন আর আমাকে জানান, যাতে সেগুলো ভালো করে পারসু করে করা যায়, ভিগারাসলি করা যায়। আর আপনি যেটা বললেন সেটা হচ্ছে অন্য বিষয়। আপনাদের প্রবলেম ওখানে নয়। আপনাদের প্রবলেম যা আমি দেখেছি, বহুদিন আগে আমি ইন্সপেকশনে গিয়ে যা

দেখেছিলাম, কেউ তা দেখার নেই, যারা আছে বা নানারকম গোলমাল করে। তারফলে হয়েছে ওদের মার্কেট ফান্ডের জমি, আমি নিজে দশ বার বছর আগে গিয়েছি, দেখেছি যে ধুপগুড়ি এবং ময়নাগুড়িতে ভাল ভাল জমি সব দখল করে নিয়েছে। আমি বলে দিয়েছি, জবরদখল করে সেখানে বাড়িঘর করে ভাল ইনকাম করছে তারা, তারা যখন করেছেন তাদের আমাদের জি. ম্যানুয়াল অনুযায়ী তাদের কাছ থেকে টাকা আদায় করতে হবে। মার্কেট ভ্যালু প্রাইস যেটা আছে তার চার পারসেন্ট নিয়ে এবং রেন্ট তার দশগুন, অর্থাৎ ৪০ পারসেন্ট রেন্ট বা সেলামি, এটা ধার্য করে আদায় করুন। যেমন ধরুন, আলিপুরদুয়ারে রেগুলারাইজ করা হয়েছে। এখানে আমি যা শুনলাম, ওদিকে ফুলসুলিংয়ে কন্টিনিউয়াস বেআইনি ভাবে জবরদখল করছে। জবরদখল করে যারা আছে তাদের এই টাকা দিতে হবে। সেজন্য এগুলো হচ্ছে অন্য বিষয়। তারপরে ওখানে যে কর্মচারী আছে, মার্কেট ফান্ডে যা আছে তাদের মাইনে দিতে হবে, কিন্তু আমাদের ডিপার্টমেন্টের টাকা নেই। আদায় কম হওয়ার জন্য আমি বলে এসেছিলাম কোন মান্ধাতার আমলে যা ধার্য করা হয়েছিল সেই অনুযায়ী রেন্ট আদায় করত, তা থেকে বর্তমান বাজার দর অনুযায়ী রেন্ট ধার্য করলে লাভজনক হবে এবং তাহলে তারা কর্মচারিদের মাইনে দিতে পারবেন, ডেভেলপমেন্ট করতে পারবেন। আর তা না করলে হবে না। সেজন্য এটার সাথে আপনার ওটার ডাইরেক্টলি যোগ নেই।

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ভূমিজীবী সমিতির আবেদনক্রমে হাইকোর্ট ইনজাংশন দিয়েছে, ট্রাইব্যুনাল কেসগুলোকে কার্যকর করার ব্যাপারে বাধা সৃষ্টি করছে তারফলে। ভূমিজীবী, যারা প্রান্তিক চাষি চাষবাস করে খায়, তাদের আঘাত লাগতে পারে তাতে। এই ভূমিজীবী সমিতি বলতে কাদের বোঝাচ্ছে, তারা কারা?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনাদের মুর্শিদাবাদ এবং মেদিনীপুর জেলায় এরা সবচেয়ে বেশি অর্গানাইজড। ভূমিজীবী বলতে এটা বোঝায়, শব্দটা দেখেছেন, তা থেকে বোঝা যায় ভূমির স্বত্ত্ব থেকে, আয় থেকে যারা বাস করে তারা কৃষক 'যঃ কর্ষতি সঃ কৃষক।' সেখানে কিন্তু এটা অধিকাংশই হচ্ছে যাকে সাধারণ ভাষায় বলা হয় জোতদার, এরা খুব অবস্থাপন্ন। খুব গরিব, যারা জমি বন্টন হলে, ঐগুলো ভ্যাকেটেড হয়ে গেলে পর পাবে, তারা তো বাধা দিতে যাবে না। এটা হচ্ছে কমন সেন্স। এর বাইরে যারা, যারা জমি পাবে না, লুকিয়ে রেখেছে, তাদের জমি এরফলে যাবে। তারাই তো বাধা দেবে। এটা তো কমন সেন্স।

## বিদ্যুত চুরিতে ক্ষয়ক্ষতি

*৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৬) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বিদ্যুত চুরির জন্য বিগত তিন বছরে রাজ্য বিদ্যুত পর্যদের ক্ষয়ক্ষতির পরিমাণ কত? (বছরওয়ারি হিসাবে)

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

বিদ্যুত চুরির জন্য পর্যদের ক্ষয়ক্ষতির পরিমাণ নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| ১৯৯১-৯২ | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ |
| ৬০ লক্ষ টাকা | ২৩৫ লক্ষ টাকা | ৩৩০ লক্ষ টাকা |

তিন বছরে মোট ক্ষতি - ৬২৫ লক্ষ টাকা।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার প্রদত্ত তথ্য থেকে দেখা যাচ্ছে যে এই রাজ্যে বিদ্যুতের চুরি কিরকম ভয়াবহভাবে বৃদ্ধি পাচ্ছে। আমার জিজ্ঞাস্য এই যে ব্যাপক বিদ্যুত চুরি এবং যারফলে রাজ্যের কোষাগারের আর্থিক অপচয় এটা বন্ধ করার জন্য আপনার দপ্তর কি কার্যকর পদক্ষেপ নিচ্ছেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমরা সাপ্লাইয়ের ভারপ্রাপ্ত সব আধিকারিকদের নির্দেশ দিয়েছি যে সমস্ত রকমের বিদ্যুত চুরি এবং অবৈধ ট্যাপিং এইগুলোর বিরুদ্ধে তীক্ষ্ণ নজর রাখুন। এটা হচ্ছে অ্যাডমিনিস্ট্রেটিভ সাইড থেকে বন্ধ করা যাবে কি করে বলা হচ্ছে। তবে আমি মনে. করি এরজন্য লোক্যাল পার্টিশিপেশন দরকার এবং সেটা অ্যাডমিনিস্ট্রেটিভলি দরকার। আমরা সমস্ত সাপ্লাইয়ের অফিসে, সাপ্লাইয়ের স্টেশানে সুপারিনটেনডেন্ট এবং অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারকে বলেছি এগুলো চেস করার কথা এবং এরজন্য পুলিশের সঙ্গে ঘনিষ্ট যোগাযোগ করে এগুলো বিচ্ছিন্ন করার কথা বলেছি এবং দোষি ব্যক্তিদের বিরুদ্ধে এফ আই আর করার কথা বলেছি। তবে এফ আই আর করলেই এর শেষ হবে না। এদের চেজ করে কোর্টে নিয়ে যাওয়া হয়, কিন্তু শেষ পর্যন্ত কোনও এফেকটিভ কিছু হচ্ছে না। আমরা সেইরকম কিছু মেজার নিতে পারছি না। এই ব্যাপারে পাবলিকের তো একটা ভূমিকা আছে, আমরা জনপ্রতিনিধিদের কাছ থেকে রিপোর্ট পেলে কনফিডেনশিয়ালি ভিজিলেন্স সেকশনের অফিসারদের কাছে পাঠাই, তাদের বলি পুলিশের সাথে গিয়ে দোষি ব্যক্তিকে অ্যারেস্ট করতে, কিন্তু সেটাতেও খুব একটা এফেকটিভ হবে না। পুলিশের খবর জানাজানি হয়ে যাওয়াতে দোষি ব্যক্তি পালিয়ে যায় অ্যারেস্ট করা যায় না। আর এফ আই আর করেও এফেকটিভ কিছু হয়না। আর কলকাতা শহরে প্রবলেম হল মিটার প্রবলেম। এই মিটার ট্যাপিং , ট্যাম্প হুকিং ইত্যাদি হয়। কিন্তু এই প্রবলেম গ্রামের তুলনায় কম, কারণ শহরাঞ্চলে সঙ্গে সঙ্গে গাড়ি করে যাওয়া যায় সুতরাং জনগণের সক্রিয় সহযোগিতার জন্য অ্যাওয়ারনেস প্রোগ্রাম দরকার। এই ব্যাপারে আমরা সর্ট ফিল্ম তৈরি করেছি, এটা টি.ভিতে দেখান হবে। ভারত সরকারের সংস্থা ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়ামের সহযোগিতায় আমরা ফিল্ম তৈরি করছি, আশা করছি ২-১ মাসের মধ্যে দেখান যাবে।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনার তথ্য থেকে দেখতে পাচ্ছি ডে টু ডে যা রিপোর্ট আসছে এটা খুবই উদ্বেগের বিষয়। আপনার বিদ্যুত পর্ষদের যে ভিজিলেন্স পরিষদ যে ভিজিলেন্স বিভাগ তার অ্যাডভাইসারি হচ্ছেন হান্ডা সাহেব, তিনি তার রিপোর্ট আপনার কাছে দিয়েছেন কাগজে দেখলাম তাতে কলকাতার উপকন্ঠে রাজারহাটে বেশ কিছু বহুতল বাড়িতে বেআইনি বিদ্যুত সংযোগ হয়েছে, চা বাগানগুলিতে বেআইনি বিদ্যুত সংযোগ হয়েছে এবং বহু শিল্প সংস্থায় তারা এইরকম লক্ষ লক্ষ টাকা ফাঁকি দিচ্ছে হান্ডা সাহেবের

রিপোর্টে দেখছি রয়েছে, এই যে মারাত্মক ব্যাধিটা বাড়ছে এই ব্যাপারে আপনার যে নজরদারি বিভাগ কার্যত সেখানেই সর্ষের মধ্যে ভুত না থাকলে এটা হতে পারে না, তাই এটা বন্ধ করার জন্য উচ্চ পর্যায়ের তদন্ত করার কথা চিন্তা করছেন কিনা বলবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমরা দুইভাবে ট্যাকেল করার চেষ্টা করি। একটা হচ্ছে অ্যাওয়ারনেস এর মাধ্যমে আর একটা হচ্ছে টেকনোলজিকালি। আপনি এখানে হাইটেনশন কনজিউমার এর কথা বললেন, এর মধ্যে মালিক এক্সট্রা আছে, এখানে আমাদের যে নর্মাল মিটার আছে এখানে যদি আমরা মাইক্রো প্রসেসবেসড করি তাহলে কেউ যদি ট্যামপারিং করে তাহলে সেইগুলি রেকর্ড হয়ে যায়। এই ব্যবস্থাটা কস্টলি, এক একটা মিটারের দাম ৩৪ হাজার টাকা করে পড়বে ইন্ডাস্ট্রির জন্য এইগুলি আমরা করছি, এখানে আমাদের ট্যামপারিং হলে সেটা রেকর্ড হয়ে যাবে। যাদেরকে উচ্চশক্তি বাল্ক কনজিউমার বলে এটা হচ্ছে তাদের জন্য পাশাপাশি আমাদের যে ইলেক্ট্রিসিটি অ্যাক্ট আছে, এই অ্যাক্টের কিছু ধারা আমরা চেঞ্জ করছি, সেটা আমরা কিছুদিনের মধ্যে ক্যাবিনেটে প্লেস করব, সেটা অ্যাসেম্বলিতেও আসবে। অ্যাক্টের কিছু ধারাকে চেঞ্জ ধরে পানিশমেন্টের ব্যবস্থা করব যাতে সেটা ডেটারেন্ট হয়। তৃতীয়ত আমরা ৬ জনের ডি.আই.জি. লেবেলে একটা টিম করেছি, ২।৩ জনকে নিয়ে একাট ডিস্ট্রিক্ট লেবেলে ধরব, এটা আমাদের সিদ্ধান্ত হয়েছে, ঠিক হয়েছে এরিয়া ওয়াইজ যাতে পুলিশের পাশাপাশি ডি.আই.জি. থ্রু দিয়ে এটার কাজটা করতে পারি। এই ব্যাপারে ফাইলের কাজ আরম্ভ হয়েছে, ডিসকাশন চলছে, মাস ২ এর মধ্যে এটা হয়ে যাবে, এইভাবে চেষ্টা করা হচ্ছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, দয়া করে জানাবেন কি, এই যে তথ্যগুলি আপনি দিলেন, যদিও আপনি বললেন গ্রেপ্তার করা যাচ্ছে না, আজ পর্যন্ত কতজন অপরাধীকে গ্রেপ্তার করা হয়েছে, কতজনের শাস্তি হয়েছে বলবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** একজাক্ট ফিগার আমার কাছে নেই, তারজন্য নোটিশ দিতে হবে। এটুকু বলতে পারি গ্রেপ্তারের সংখ্যা খুবই কম, বেশির ভাগই পালিয়ে যাচ্ছে, তবে গ্রেপ্তার খুব বেশি করা যাচ্ছে না।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি তো বিস্তারিত ব্যাখ্যা দিলেন। আমার প্রশ্নের ২টি পার্ট আছে, একটা হচ্ছে, এই যে চুরি হচ্ছে, এই চুরির মধ্যে যে সমস্ত লাইনগুলি চালু হয়েছে অথবা কারেন্ট দেওয়া যায়নি এইরকম ভাবে এই চুরিটা বেশি না চালু লাইন-এ চুরি বেশি, এই বিষয়টা যদি বলেন তাহলে ভাল হয়। ধরুন ১০ বছর ধরে লাইন চুরি হয়ে গিয়েছে সেই লাইন ফিরিয়ে দেওয়া যাচ্ছে না, রাজারহাটে এইরকম আছে, নুতন চেষ্টা করলে হতে পারবে, এই দুটির ক্ষেত্রে প্রায়রিটি ভিত্তিতে কী ব্যবস্থা আপনার দপ্তরের আছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমি যদি আপনার প্রশ্নটা ঠিকমতন বুঝে থাকি তাহলে আপনার প্রশ্নটা হচ্ছে, কোন কোন জায়গায় লাইন গিয়েছে অথচ কানেকশন দেওয়া হয়নি ফলে সেখানে চুরি হচ্ছে। এটা যদি বলেন তাহলে বলব, হ্যাঁ, সে রকম কিছু আছে। আমার ব্যক্তিগত ধারণা, আমরা যদি সব জায়গাতে কানেকশন দিতে পারতাম তাহলে হয়ত চুরি

কিছুটা কমত। তারা হয়ত ৫/৭/১০ বছর অপেক্ষা করে আছে। এরমধ্যে বিদ্যুত পর্ষদের কিছুটা ব্যাপার আছে। আমরা যদি সকলকে কানেকশন দিতে পারতাম তাহলে আগেই বলেছি যে ডেফিনিটলি চুরি হয়ত কিছু কমত। আমি ব্যক্তিগতভাবে বিশ্বাস করি না সকলেই খারাপ। দ্বিতীয় প্রশ্ন আপনি যেটা করেছেন সেটা হল, কবে নাগাদ এগুলি করা যাবে? এটা বলা ডিফিকাল্ট। কারণ আমাদের আর্থিক অবস্থা ভাল নয়। বিদ্যুত পর্ষদে যতক্ষণ টাকা না আসছে সেটা বলা সম্ভব নয়। তবে এরমধ্যেও গত বছর আমরা প্রায় ১ লক্ষ ২০ হাজার কানেকশন দিয়েছি, এ বছরে আমাদের টার্গেট হচ্ছে ১ লক্ষ ৫০ হাজার নিউ কানেকশন দেবার। নিউ কানেকশন দিলে আমার ধারনা এই যে হুকিং, ট্যাপিং করে বা পাশের বাড়ি থেকে নেয় এগুলি হয়তো কিছুটা বন্ধ হবে। আপনি তো এটাই মিন করছেন?

**শ্রী রবীন মন্ডল ঃ** আমরা যেটা জানতে চাইছি সেটা হচ্ছে, একটা এলাকায় ব্যাপক চুরির জন্য ১০ বছর ধরে হচ্ছে না। আপনার ডিপার্টমেন্টের সঙ্গে আমরা কথা বলেছি, আপনি বলছেন টাকা পয়সার অসুবিধা আছে। আমার প্রশ্ন, প্রায়রিটির ভিত্তিতে এইসব জায়গায় বিদ্যুত দেওয়ার কথা চিন্তা করবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি যেটা বললেন সে ব্যাপারে আগের একটি প্রশ্নের উত্তরে বলেছি যে এটা হচ্ছে রিভ্যাইটালাইজেশন স্কীম। আমাদের যে বৈদ্যুতিকরণ সেটা হচ্ছে ভারজিন মৌজায় বিদ্যুত দেওয়া, বাড়িতে বাড়িতে বিদ্যুত দেওয়া ইত্যাদি। এখন চুরি হয়ে গেলে সেটা হচ্ছে রিভ্যাইটালাইজেশন স্কীম। এর টাকা কিন্তু হিসাবে পাওয়া যায়না। আগের দুটোর টাকা ভারত সরকারের কাছে ঋণ হিসাবে পাওয়া যায় কিন্তু এতে ঋণ পাওয়া যায় না। রাজ্য সরকারের টাকা বা বিদ্যুত পর্ষদ তাদের রেভিনিউ থেকে যদি বাঁচাতে পারে তা দিয়ে করা হয়। তবে এটা খুব হ্যাপাজার্ড ওয়েতে হচ্ছে, খুব সায়েনটিফিক ওয়েতে হচ্ছে তা নয়। আমাদের টাকাটা খুব অল্প। প্রায় ২২ শো মৌজা এরকম আছে আমাদের হিসাব মতো।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে ১৯৭৫ সালে গ্রামীণ বৈদ্যুতিকরণ মানে যা ছিল সেটা হচ্ছে সেখানে একটা পোল বসালেই তাকে ইলেক্ট্রিফায়েড বলে ডিক্লিয়ার করা হত। এরকম মৌজা অনেক আছে যেখানে পোল পোঁতা হয়েছে কিন্তু আদৌ তার যায়নি। বিধানসভায় যে তথ্য দেওয়া হয় যে এত মৌজায় বিদ্যুত গিয়েছে সত্যিকারের অবস্থাটা যদি দেখা যায় তাহলে যাবে ৩০ পারসেন্ট মৌজা এরকম আছে। আপনি বলছেন, এগুলি হচ্ছে রিভ্যাইটালাইজেসন স্কীমে পড়বে এবং টাকার অভাবের জন্য এগুলি করতে পারছেন না। আমার প্রশ্ন, এগুলি যে চুরি হয়েছে এই চুরির কথা থানায় ডায়রি করা হয়েছিল কিনা এবং তার রেকর্ড আছে কিনা, থাকলে পশ্চিমবাংলায় সেই রকম মৌজার সংখ্যা কত?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মৌজার হিসাব তো আমি দিলাম যে ২২ শোর মতন মৌজা। সেখানে লাইন চুরি হয়েছে। যদিও এখন আমাদের বিদ্যুত দেবার মতন ক্ষমতা আছে কারণ আপনারা জানেন যে আমাদের যে টোট্যাল পার্সপেকটিভ তারমধ্যে আছে জেনারেশন, ট্রান্সমিশন, ডিস্ট্রিবিউশন। এরমধ্যে জেনারেশনের ব্যাপারে আমরা প্রথমে নজর দিয়েছিলাম এবং আমাদের বেশিরভাগ টাকাটা সেখানে ব্যয় করেছি। জেনারেশন আজকে একটা সুস্থ জায়গায় এসেছে,

একটু ইমপ্রুভ করেছে তাই এখন আমরা মেনলি রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনে এবং সেখানেও আবার শিডিউল্ড কাস্ট, ট্রাইবস এলাকা এবং হরিজন বস্তি যেগুলি আছে সেইসব মৌজায় বেশি অ্যাটেনশন দিচ্ছি। সব তো একসঙ্গে করা যাবে না।

[11-50 — 12-00 Noon.]

**ডঃ নির্মলচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, বিদ্যুত চুরি রোধ করার দায়িত্ব আপনি সাপ্লাই ডিপার্টমেন্টের ওপর দিচ্ছেন। কিন্তু আমরা দেখছি সাপ্লাই অফিসগুলি দিনের বেলা ১০টা থেকে ৫টা পর্যন্ত চলে। রাতে কেউ অফিসে থাকেনা, অথচ রাতেই চুরি হয়। সুতরাং আপনি এবিষয়ে অন্য কোনও ব্যবস্থার কথা চিন্তা করছেন কি? তারপর আমরা দেখছি অনেকে মিটারের জন্য আবেদন করেও সময় মতো মিটার পান না — অযথা মিটার দিতে দেরি হয় তারা অধৈর্য হয়ে হুকিং ট্যাপিং করে। সুতরাং আপনি দ্রুত মিটার দেবার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করছেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনি যেটা বললেন সেটা সম্বন্ধে কিছুক্ষণ আগেই আমি বলেছি — যদি সবাইকে কানেকশন দিয়ে দেওয়া যায় তাহলে চুরি অনেকটা কমে যাবে। আমি আপনার সঙ্গে এবিষয়ে একমত। কিন্তু আমরা মিটারের অভাবে কানেকশন দিতে পারছিনা। গত বছর আড়াই লক্ষ মিটারের অর্ডার দিয়েছিলাম। মিটার পাওয়ার পর সেগুলি টেস্ট করা হয়। বেশিরভাগই বাইরের, পশ্চিমবাংলায় মাত্র একটা সংস্থা আছে। সব ক্ষেত্রেই টেস্ট করে দেখা যায় ৪০%-এর বেশি মিটারই খারাপ, সেগুলি রিজেক্ট হয়ে যায়। অর্থাৎ ৬০%-এর বেশি পাওয়া যায় না। আমরা আড়াই লক্ষ মিটারের অর্ডার দিয়ে দেড় লক্ষ পেয়েছি। তারমধ্যে কিছু খারাপ মিটার রিপ্লেস করতে ব্যয় হয়ে গেছে। বাকি ১ লক্ষ নতুন মিটার আমরা দিয়েছি। আর্থিক অসুবিধার জন্য আমরা গ্রাহকদের কাছ থেকে ৫০০ টাকা করে নিচ্ছি। ১০টা ইন্সটলমেন্টে ৫০ টাকা করে বিল থেকে শোধ করা হচ্ছে বিলের সঙ্গে অ্যাডজাস্ট করা হচ্ছে। এই সিস্টেম লাস্ট ইয়ারের আগস্ট মাস থেকে শুরু হয়েছে। এর ফলে অবস্থাটা অনেকখানি ইমপ্রুভ করেছে। এ বছর আরও আড়াই লক্ষ মিটারের অর্ডার দিয়েছি। একই সঙ্গে সব আসেনা, অল্প অল্প করে আসে। যেমন যেমন আসছে তেমন তেমন আমরা সাপ্লাই করছি।

**শ্রী প্রভঞ্জনকুমার মন্ডল ঃ** ব্যাপক ট্যাপিং আপনার যে সিস্টেম আছে তাতে যখন রোধ করা সম্ভব হচ্ছে না তখন আপনি এবিষয়ে গ্রামাঞ্চলে থ্রি টায়ার পঞ্চায়েতের সাহায্য নেবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এই প্রশ্নটা খুবই ইমপর্টেন্ট। শুধু আমাদের রাজ্যেই নয়, সর্ব ভারতীয় পর্যায়ে আমরা দেখছি লম্বা লাইন টেনে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন কার্যকর হচ্ছে না। অনেক মাননীয় সদস্যই বিধানসভায় লো ভোল্টেজের অভিযোগ করেন। এই নিয়ে সর্ব ভারতীয় পর্যায়ে ডিসকাশন হয়েছে ইন ফ্যাক্ট আমাদের রাজ্য থেকেই সাজেশন দেওয়া হয়েছে, দূর দূরান্তে লাইন টেনে না নিয়ে গিয়ে সেখানেই স্ট্যান্ড অ্যালোন ছোট ছোট জেনারেশনের ব্যবস্থা করা হোক সোলার উইং, বায়ো-গ্যাস ইত্যাদির সাহায্যে এবং পঞ্চায়েত বা ভলান্টারি অর্গানাইজেশনগুলির কাছে এই কাজ করার জন্য অ্যাপ্রোচ করা হোক। আমাদের এই প্রস্তাব

ভারত সরকার মেনে নিয়েছেন। বর্তমানে স্ট্যান্ড অ্যালোন সিসটেম চলবে, তারপর সেখানকার স্ট্যান্ডার্ড অব লিভিং হাই হলে পরে সেখানে লাইন টেনে নিয়ে যাওয়া হবে। কারণ লাইন টানা খুবই ব্যয় সাপেক্ষ। তারপর আমরা দেখছি অনেক ক্ষেত্রেই গ্রামীণ নাগরিকদের পার্টিসিপেশনের ফলে চুরি বন্ধ হচ্ছে। এবং কানেকশন কুইক আসে। সাকসেসফুল কো-অপারেশন চলছে সিঙ্গুর, হরিপালে। এখানে কানেকশন কুইকলি আসে, ফল্ট অ্যাটেন্ড হয় তাড়াতাড়ি। গ্রামীণ মানুষের অ্যাকটিভ কো-অপারেশন, প্রেসার অ্যান্ড পার্টিসিপেশনের জন্য। চুরি রদ করতে গেলে এ ছাড়া উপায় নেই। বিদ্যুত পর্ষদের পক্ষে দূর-দূরান্তে লাইন টেনে নিয়ে গিয়ে এগুলি করা সম্ভব নয়। সেইজন্য আমরা ভারত সরকারকে সাজেশন দিয়েছিলাম। তারা গ্রহণ করেছেন এবং আশা করছি, সর্ব-ভারতীয় পর্যায়ে চালু করা হবে।

**কাটোয়াতে সেসন-জজ আদালত**

*৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৯৮) **শ্রী অঞ্জন চ্যাটার্জি :** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্ধমান জেলার কাটোয়াতে অতিরিক্ত সেসন-জজ আদালত তৈরি করার জন্য সংশ্লিষ্ট কোর্টের বার-অ্যাশোসিয়েশনের কাছ থেকে আবেদন পাওয়া গিয়েছে; এবং

(খ) সত্যি হলে, এ সম্পর্কে সরকার কী পদক্ষেপ নিয়েছেন/নিচ্ছেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :**

(ক) হ্যাঁ।

(খ) সংশ্লিষ্ট জেলা বিচারকের মতামত চাওয়া হয়েছে। উত্তর প্রাপ্তির পর যথাযথ ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি :** আপনি জানেন, বর্ধমান জেলা, দুর্গাপুর আসানসোল এবং সদরে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজের জন্য আদালত আছে। যারফলে ঐ এলাকার বিলম্বিত যে বিচার ব্যবস্থা তার সুরাহা হচ্ছে। আমাদের এই এলাকায় অর্থাৎ কাটোয়া সাব-ডিভিসনে অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজের আদালতের যে পরিকাঠামো সেই পরিকাঠামো তৈরি আছে। যদি এটা চালু করা যায় তাহলে বিলম্বিত যে বিচার হচ্ছে তার কিছুটা সুরাহা হবে। এ ব্যাপারে গুরুত্ব দিয়ে চিন্তা-ভাবনা করবেন কিনা?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :** চিন্তা-ভাবনা করছি। সেইজন্য বর্ধমান জেলা জজের কাছে চেয়ে পাঠিয়েছি প্রয়োজনীয় ঘর এবং কত অর্থের দরকার হবে। সেইসব উত্তর পাবার পর আরম্ভ করবো হাইকোর্টের সঙ্গে আলাপ-আলোচনা করে নিয়ে।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি :** আপনি ঘর এবং অর্থের কথা বললেন। এছাড়া অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট জাজ আদালত তৈরি করতে কি কি প্রাপ্ত-শর্ত পূরণ করার কথা বলেছেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :** সবকিছু বলবেন ডিস্ট্রিক্ট জাজ। সেই এলাকা তিনি যেগুলি বলবেন সেগুলি নিশ্চয়ই আমরা গ্রহণ করব হাইকোর্টের সঙ্গে কথাবার্তা বলে।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** আপনি বললেন জেলা জজের কাছে মতামত নিচ্ছি, তারপর টাকা-পয়সা এবং ঘরের কথা বললেন। এতে কি মনে করতে পারি কাটোয়াতে আপনি অ্যাসিস্ট্যান্ট জাজ কোর্ট, অ্যাডিশনাল জাজ কোর্ট খোলার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছেন?

**শ্রী আব্দুল কাইয়ুম মোল্লা :** সিদ্ধান্ত গ্রহণ করেছি, সেইজন্য ডিস্ট্রিক্ট জাজকে বলেছি কি কি প্রয়োজন সেটা আপনি জানাবেন।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী নির্মলকুমার দাস :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি অতিরিক্ত সেসন জাজ কাটোয়া সহ রাজ্যের অন্যান্য বিভিন্ন জায়গায় আসছে, আসল প্রশ্ন যেটা সেটা হল এই যে, অ্যাসিস্ট্যান্ট সেসন জাজ হিসাবে সরাসরি অ্যাপয়েন্টমেন্ট দিয়ে সেখানে সাবডিভিসনগুলিতে দেওয়ার কোনও ব্যবস্থাপনা নিচ্ছেন কিনা?

**মিঃ স্পিকার :** নট অ্যালাউড।

**সেচের কাজে সৌর ও বায়ু-শক্তি**

*৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৩৪৫) **শ্রী অমিয় পাত্র :** বিজ্ঞান ও প্রযুক্তি এবং অপ্রচলিত শক্তির উৎস বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে সেচের কাজে সৌর-শক্তি ব্যবহারের কোনও প্রকল্প আছে কি না;

(খ) থাকলে, কোথায়-কোথায় আছে;

(গ) এ-ধরনের প্রকল্পের কার্যকারিতা কিরূপ; এবং

(ঘ) সেচের কাজে বায়ুপ্রবাহের শক্তিকে ব্যবহারের কোনও পরীক্ষা-নিরীক্ষা হচ্ছে কি না?

**ডঃ শঙ্করকুমার সেন :**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে রাজ্যে একটি সৌর সেচ প্রকল্পের কাজ হাতে নেওয়া হয়েছে। প্রকল্পটি রূপায়িত হচ্ছে বীরভূম জেলার বনডাঙ্গা গ্রামে।

(গ) এ ধরনের প্রকল্পের কার্যকারিতা আশানুরূপ। বর্তমানে একটি সৌরপাম্প প্রায় ৫ (পাঁচ) একর জমিতে সেচের জল সরবরাহ করিতে পারে।

(ঘ) পরীক্ষামূলকভাবে সেচের কাজে বায়ু প্রবাহের শক্তিকে কাজে লাগানোর পরিকল্পনা সরকারের আছে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### Losses of State-Owned Unit

*38. (Admitted Question No. *18) **Shri Gyan Singh Sohanpal :** ıll the Minister-in-charge of the Industrial Reconstruction Department pleased to state—

(a) the losses incurred by the State-owned units every year on an average during 1990-91, 1991-92 and 1992-93;

(b) the main factors behind the losses; and

(c) the steps taken/proposed to be taken by the Government, if any, to minimise the losses and the result thereon ?

**Minister-in-charge of the Industrial Reconstruction Department :**

(a) The net losses (provisional) incurred by the State owned units under Industrial Reconstruction Deptt. are as stated below :—

1990-91 : Rs. 3137.84 lakhs

1991-92 : Rs. 3522.32 lakhs

1992-93 : Rs. 4129.90 lakhs

(b) The main factors behind the losses may be attributed to technological obsolescence, dearth of working capital, adverse man-machine ratio and loss of market.

(c) State Govt. has already initiated actions to repair/renovate plants and machineries in some units so as to enable them to reduce loss by means of improving productions. Steps have also been taken to modernise some units in phased manner so that they can reduce their loss by diversifications of their products.

All the units are sick and it may not be possible to reduce losses remarkably in near future on the basis of the actions already initiated. However, Britannia Engineering Products & Services Ltd. Carter Pooler Engineering Co. Ltd. and Angel India Machines & Tools (1987) Ltd. have been enable to reduce their net loss during 1993-94 in comparison to that of preceeding year.

### বারাসাত স্টেডিয়াম

*৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৭২) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বারাসাত স্টেডিয়াম নির্মাণে কত টাকা বরাদ্দ করা হয়েছিল;

(খ) তম্মধ্যে ৩১.৩.৯৪ পর্যন্ত কত টাকা খরচ করা হয়েছে; এবং

(গ) কবে নাগাদ উক্ত কাজ সম্পূর্ণ হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) বারাসাতে নির্মিয়মান স্টেডিয়ামে এ পর্যন্ত (৩১.৩.৯৪) ১,৫৩,৪৬,২৭২ টাকা (এক কোটি তিপ্পান্ন লক্ষ ছেচল্লিশ হাজার দুই শত বাহাত্তর) খরচ করা হয়েছে।

(গ) যত শীঘ্র সম্ভব স্টেডিয়ামটির নির্মাণ কার্য শেষ করার প্রচেষ্টা চালানো হচ্ছে।

## Strike by Lawyers

*46. (Admitted Question No. *432) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) whether there was a strike by lawyers all over the State from 10th to 16th May, 1994;

(b) if so, the reasons thereof; and

(c) steps taken by the Government to sort out lawyer's grievances ?

**Minister-in-charge of the Judicial Deptt :**

(a) Yes.

(b) Demanding renovation and reconstruction of Court buildings at Alipore and Howrah.

(c) As a temporary measure Government has agreed to allot some alternative accommodations both at Alipore and Howrah and to get necessary repairing works done to those accommodations. Govt. has also decided to construct new court Buildings at Alipore and Howrah.

## বিদ্যুতায়িত মৌজার সংখ্যা

*৪৭। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮) **শ্রী আবুআয়েশ মণ্ডল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

১৯৯৪ সালের মার্চ পর্যন্ত রাজ্যে বিদ্যুতায়িত মৌজার সংখ্যা কত ছিল?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

২৮,৮০৬ টি মৌজা ৩১.৩.৯৪ পর্যন্ত বিদ্যুতায়িত হয়েছিল।

১৯৯৪ সাল ৩১শে মার্চ পর্যন্ত পশ্চিমবঙ্গে মোট ৩৮০২৪টি (১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী) গ্রামীণ মৌজার মধ্যে ২৮৮০৬টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। নিম্নে বিস্তারিত ভাবে উল্লেখ করা হল।

| ক্রমিক সংখ্যা | জেলার নাম | মোট মৌজা | ২১শে মার্চ পর্যন্ত বৈদ্যুতিকরণের মৌজা সংখ্যা | শতকরা হার |
|---|---|---|---|---|
| ১) | বাঁকুড়া | ৩৫৪০ | ২৩০৪ | ৬৫.০৮% |
| ২) | বীরভূম | ২২২৯ | ২২১৩ | ৯৯.২৮% |
| ৩) | বর্ধমান | ২৫৭০ | ২৪১১ | ৯৩.৮১% |
| ৪) | কুচবিহার | ১১৩৯ | ১১১৮ | ৯৮.১৬% |
| ৫) | দার্জিলিং | ৬৫৯ | ৫১০ | ৭৭.৩৯% |
| ৬) | হাওড়া | ৭৫৫ | ৭৫৫ | ১০০.০০% |
| ৭) | হুগলি | ১৮৯৯ | ১৮৯৮ | ৯৯.৯৫% |
| ৮) | মালদহ | ১৬১৫ | ১৫৯৬ | ৯৮.৮২% |
| ৯) | জলপাইগুড়ি | ৭৩৬ | ৭২৫ | ৯৮.৫১% |
| ১০) | মেদিনীপুর | ১০৪৬৮ | ৫১৬৬ | ৪৯.৩৫% |
| ১১) | মুর্শিদাবাদ | ৪৯২৭ | ১৭৮১ | ৯২.৪২% |
| ১২) | নদীয়া | ১২৫৫ | ১২৫৪ | ৯৯.৯২% |
| ১৩) | ২৪ পরগনা (উত্তর) | ১৬১৯ | ১৪৮২ | ৯১.৫৪% |
| ১৪) | ২৪ পরগনা (দক্ষিণ) | ২১২৫ | ১৭৩৬ | ৮১.৬৯% |
| ১৫) | পুরুলিয়া | ২৪৫২ | ১৪৮০ | ৬০.৩৬% |
| ১৬) | পশ্চিম দিনাজপুর | ৩০৩৬ | ২৩৭৭ | ৭৮.২১% |
| | মোট | ৩৮০২৪ | ২৮৮০৬ | ৭৫.৭৬ |

## Load shedding

*48. (Admitted Question No. *435) **Shri Sanjib Kumar Das and Shri Saugata Ray :** Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

[13th June, 1994]

(a) whether load shedding has come back to the State in a big way, this summer;

(b) if so, reasons thereof; and

(c) steps taken by the Government in the matter?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**হাইকোর্টের বিচারপতিদের বাসস্থান**

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *৪৮৫) **শ্রী দেবনারায়ণ চক্রবর্তী ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি ও অন্যান্য বিচারপতিদের বাসস্থান (কোয়ার্টার) ও যাতায়াতের জন্য গাড়ির কোনও ব্যবস্থা সরকার করেছে কি; এবং

(খ) উত্তর হ্যাঁ হলে, ঐ ব্যবস্থা কবে থেকে চালু হয়েছে?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রধান বিচারপতির বাসস্থান ও গাড়ির ব্যবস্থা সরকার করেছেন এবং নতুন বদলি হওয়া বিচারপতিদের বাসস্থানের ব্যবস্থাও সরকার করেছেন। অন্যান্য বিচারপতিদের মধ্যে কেহ কেহ নিজ বাসভবনে থাকেন এবং কেহ কেহ ভাড়া বাড়িতে আছেন। তার বাড়ি ভাড়া বাবদ মাসিক ২৫০০ টাকা draw করছেন। যাতায়াতের জন্য অন্যান্য বিচারপতিগণ গাড়ির পরিবর্তে বর্তমানে মাসিক ৬০০০ টাকা Car allowance draw করছেন।

(খ) High Court Judges (Conditions Service) Act, 1954

এবং তৎ সম্পর্কিত ১৯৫৬ সালের রুলস-এ হাইকোর্টের বিচারপতিদের বাসস্থান এবং গাড়ি পাওয়ার সংস্থান করা আছে। এই রাজ্যের বিচারপতিগণ সেই মর্মে ১.১১.৮৬ থেকে প্রথমে মাসিক তিন হাজার টাকা হিসাবে এবং তারপর ১.৪.৯০ হতে হতে চার হাজার এবং বর্তমানে ১.৩.৯৪ হতে মাসিক ৬০০০ টাকা করে Car allowance পাচ্ছেন। বাড়ি ভাড়া ১৬.১২.৮৭ হতে তারা মাসিক ২৫০০ টাকা পাচ্ছেন।

**চাষযোগ্য জমির পরিমাণ**

*৫১। (অনুমোদিত প্রশ্ন নং *৫১০) **শ্রী হারাধন বাউরী ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনগ্রহপর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মোট চাষযোগ্য জমির পরিমাণ কত;

(খ) তন্মধ্যে কত পরিমাণ জমি খাস; এবং

(গ) খাসজমির মধ্যে কত পরিমাণ জমির পাট্টা বিতরণ হয়েছে?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রায় ১ কোটি ৪১ লক্ষ একর।

(খ) এ পর্যন্ত মোট ১২.৭০ লক্ষ (আনুমানিক) একর চাষযোগ্য জমি খাস হয়েছে।

(গ) উক্ত পরিমাণ খাস জমির মধ্যে ৯.৪৫ লক্ষ (আনুমানিক) একর জমির পাট্টা বিতরণ করা হয়েছে।

**নতুন আবেদনকারিদের বিদ্যুত সরবরাহ**

*৫২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৭) **শ্রী অজয় দে ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) শান্তিপুর বিদ্যুত সরবরাহ কেন্দ্রে নতুন আবেদনকারিদের বিদ্যুত সংযোগ পেতে বিলম্বের কারণ কী;

(খ) বর্তমানে কোন সাল পর্যন্ত আবেদনকারিদের কানেকশন দেওয়া হচ্ছে; এবং

(গ) এই বিলম্বের অবসান ঘটাতে কোনও পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে কি না?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিলম্বের বেশ কিছু কারণ আছে। তার মধ্যে প্রধান কয়েকটি নিম্নে উল্লেখ করা হল ঃ—

(১) শান্তিপুর অঞ্চলে বর্তমানে রানাঘাট শান্তিপুর ৬৬ কে.ভি. সিস্টেমের মাধ্যমে বিদ্যুত সরবরাহ করা হয় থাকে। সংশ্লিষ্ট বিদ্যুত পরিবহন ও বন্টনকারি লাইন ও সাবস্টেশনগুলি বর্তমানে fully loaded হাওয়া শান্তিপুর অঞ্চলে Low Voltage ইত্যাদির কিছু সমস্যা আছে। নতুন গ্রাহক সংযোগ সংশ্লিষ্ট এলাকার বিদ্যুত পরিবাহি লাইন ও সাবস্টেশনগুলির বর্তমান অবস্থাকে আরও খারাপ করে তুলবে। এই কথা ভেবে যতদিন পর্যন্ত শান্তিপুর অঞ্চলের বিদ্যুত পরিবাহি লাইন ও সাব-স্টেশনগুলি কার্যক্ষমতার প্রয়োজনীয় উন্নতিসাধন না হচ্ছে, ততদিন পর্যন্ত নতুন গ্রাহক সংযোগের ব্যাপারে সামান্য ধীরে চলা নীতি গ্রহণ করা হয়েছে। অবশ্য, নতুন আবেদনপত্র গ্রহণের ব্যাপারে কোনও বিধিনিষেধ আরোপ করা হয়নি।

(২) পি.সি.সি পোল, মিটার ইত্যাদি কয়েকটি অতিপ্রয়োজনীয় সামগ্রির চাহিদার তুলনায় সরবরাহ সামগ্রিকভাবে কম থাকার জন্যও, শান্তিপুর অঞ্চলে নতুন বিদ্যুত সংযোগের আবেদনপত্রগুলি প্রত্যাশামতো সুরাহা করা যাচ্ছে না।

(৩) শান্তিপুর বিদ্যুত সরবরাহ কেন্দ্রে কার্যভারের তুলনায় কারিগরি কর্মির সংখ্যা (সুপারভাইজারি) বর্তমান বেশ কম থাকার জন্যও নতুন বিদ্যুত সংযোগের কাজ বিশেষভাবে ব্যাহত হচ্ছে।

(৪) বেশ কিছু আবেদনকারি নতুন বিদ্যুত সংযোগের জন্য টাকা পয়সা জমা দিলেও বিভিন্ন কারণে বিদ্যুত সংযোগ নেওয়ার জন্য তাদের তরফে প্রয়োজনীয় কাজ সম্পন্ন না করা, আবেদন বকেয়া পড়ার অন্যতম কারণ।

(খ) ৩০.৮.৯০ পর্যন্ত আবেদনকারিদের বিদ্যুত সংযোগ দেওয়া হয়েছে। ডিসেম্বর ৯০ পর্যন্ত আবেদনপত্রগুলির প্রয়োজন বিচার বিবেচনা শেষ হয়েছে এবং খুব শীঘ্র গ্রাহকদের কাছে টাকা জমা দেওয়ার জন্য নির্দেশ পাঠানো হবে।

(গ) হ্যাঁ, এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে। প্রধান কয়েকটি ব্যবস্থা নিম্নে উল্লেখ করা হল ঃ—

(১) শান্তিপুর অঞ্চলে পর্ষদের বিদ্যুত পরিবাহি লাইন ও সাবস্টেশনগুলির বর্তমান কর্মক্ষমতা বৃদ্ধি ইত্যাদির জন্য পর্ষদ কর্তৃপক্ষ বিভিন্ন স্তরে বিভিন্ন মেয়াদের ব্যবস্থা গ্রহণের জন্য সচেষ্ট আছেন। অবশ্য পর্ষদের সামগ্রিক আর্থিক অক্ষমতার জন্য এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনে বাধা থাকলেও পর্ষদ এই ব্যাপারে বিভিন্ন স্বল্পমেয়াদি ব্যবস্থার মাধ্যমে শান্তিপুর এলাকায় বিদ্যুত সরবরাহ ব্যবস্থার উন্নতি ঘটিয়ে বকেয়া আবেদনপত্রগুলি যত তাড়াতাড়ি সম্ভব নিষ্পত্তির জন্য সর্বদা সচেষ্ট আছেন।

(২) পি.সি.সি. পোল, মিটার ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রির সরবরাহ যথাসম্ভব বৃদ্ধি করার ব্যবস্থা করে বকেয়া আবেদনপত্রগুলির যথাসম্ভব শীঘ্র নিষ্পত্তির ব্যবস্থা করার চেষ্টা চলছে।

(৩) কার্যভার (জয়ার্ক লোড) অনুযায়ী শান্তিপুর বিঃ সিঃ কেন্দ্রের জন্য অনুমোদিত কর্মী সংখ্যা ইত্যাদি অনুমোদনের মাধ্যমে শূন্য পদগুলি (বিশেষ করে কারিগরি শাখার সুপারভাইজারি পদগুলি) যথাসম্ভব শীঘ্র পূরণের ব্যবস্থা করে। বকেয়া আবেদনপত্রগুলি দ্রুত নিষ্পত্তির জন্য আপ্রাণ চেষ্টা করা হচ্ছে।

(৪) যে সমস্ত গ্রাহক বিদ্যুত সংযোজনের জন্য প্রয়োজনীয় টাকা পয়সা জমা দিয়েও কোনও কারণে বিদ্যুত সংযোগ নেওয়ার জন্য প্রয়োজনীয় ফরমালিটি সম্পন্ন করতে পারছেন না তাদের সঙ্গে পৃথক ভাবে যোগাযোগ করে সংশ্লিষ্ট সমস্যাগুলির সমাধানের ব্যাপারে যথাযোগ্য পরামর্শ দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে।

### ভূমিরাজস্ব আদায়

*৫৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩২) **শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ১৯৮৭-১৯৯২ সাল পর্যন্ত প্রতি বৎসর গড়ে কিরকম ভূমিরাজস্ব আদায় হয়েছে; এবং

(খ) উক্ত আদায় নির্ধারিত পরিমাণ অনুযায়ী হচ্ছে কি না?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বিগত '৮৭-৯২ সাল (১৩৯৩ - ১৩৯৮ বঙ্গাব্দ) পর্যন্ত প্রতি বৎসর গড়ে ৫,১৮,৮০,০০০ (আনুঃ) (পাঁচ কোটি আঠারো লক্ষ আশি হাজার) টাকা ভূমি রাজস্ব বাবদ আদায় হয়েছে।

(খ) দু-এক বছর ছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ি মোটামুটি আদায় হচ্ছে।

**মেদিনীপুর জেলায় কোলাঘাট থেকে বিদ্যুত সরবরাহ**

*৫৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৫) **শ্রী প্রশান্ত প্রধান :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কোলাঘাট থার্মাল পাওয়ার থেকে মেদিনীপুর জেলার বিভিন্ন এলাকায় বিদ্যুত সরবরাহের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, এতে সরকারের কিরূপ সাশ্রয় হতে পারে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। কোলাঘাট তাপ বিদ্যুত কেন্দ্রটি পশ্চিমবঙ্গ বিদ্যুত উন্নয়ন নিগমের অধীন এবং এই তাপ বিদ্যুত কেন্দ্রটি পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুত পর্ষদের অধীন কোলাঘাট ১৩২ কে.ভি. সাব-স্টেশনটিকে সরাসরি বিদ্যুত সরবরাহ করে। উক্ত সাব-স্টেশনটি মেদিনীপুর জেলার তমলুক, পাঁশকুড়া, ডেবরা, দাশপুর, ঘাটাল ও সবং ৩৩ কে.ভি. সাব-স্টেশনের মাধ্যমে মেদিনীপুর জেলার বিভিন্ন অঞ্চলে ৩৩ কে.ভি. সিস্টেমে বিদ্যুত সরবরাহ করে। এছাড়া হলদিয়া, এগরা এবং হিজলীতে তিনটি ১৩২ কে.ভি. সাবস্টেশনের মাধ্যমে কোলাঘাট তাপবিদ্যুত কেন্দ্রের উৎপাদিত বিদ্যুত সরবরাহ করা হয়ে থাকে।

(খ) ক নং প্রশ্নের উত্তরে উল্লিখিত ব্যবস্থাদির ফলে মেদিনীপুর জেলার সামগ্রিক বিদ্যুত সরবরাহের ব্যবস্থাটি আরও উন্নত হবে এবং সংশ্লিষ্ট বন্টন ও সরবরাহজনিত ক্ষতিকে যথাসাধ্য হ্রাস করা যাবে এবং এইভাবে সরকারের সাশ্রয় হবে।

**ফরাক্কা তাপবিদ্যুত কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকায় বৈদ্যুতিকরণ**

*৫৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫) **শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী ইউনুস সরকার :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ফরাক্কা তাপবিদ্যুত কেন্দ্রের পার্শ্ববর্তী মৌজায় গ্রামীণ বৈদ্যুতিকরণের কোনও ব্যবস্থা এ-পর্যন্ত গ্রহণ করা হয় নি; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিদ্যুতহীন মৌজাগুলিতে বৈদ্যুতিকরণ কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কোনও মৌজার নাম নির্দিষ্ট ভাবে উল্লেখ না থাকার জন্য উত্তর দেওয়া সম্ভবপর নয়।

(খ) উত্তর নিষ্প্রয়োজন।

**পাট্টার মার্ধ্যমে জমি বন্টন**

*৫৬। (অনুমোদিত প্রশ্ন নং *৫৪১) **শ্রীমতী নন্দরাণী ডল ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২ থেকে ১৯৯৪ সাল পর্যন্ত সরকারের পাট্টার মাধ্যমে জমি বন্টনের পরিমাণ কত;

(খ) এর দ্বারা উপকৃত পরিবারের সংখ্যা কত; এবং

(গ) যৌথ পাট্টার পরিমাণ কত?

**ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৬০০০.০০ একর

(খ) ৪৪,০৬৩টি পরিবার।

(গ) বর্তমান সময় পর্যন্ত যে পরিসংখ্যান পাওয়া গেছে তাহাতে দেখা যায় যে যৌথ পাট্টার সংখ্যা ৭০৯০।

**৩৩ কে.ভি. সাব-স্টেশন স্থাপন**

*৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৪) **শ্রী মোজাম্মেল হক ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা সত্যি যে, মুর্শিদাবাদ জেলার অন্তর্গত হরিহরপাড়া ব্লকের চোঁয়া মৌজায় ৩৩ .ভি. সাব-স্টেশন স্থাপনের পরিকল্পনা আছে; এবং

(খ) সত্যি হলে, কত দিনে কাজ শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) সাব-স্টেশনটি নির্মাণের জন্য ১৯৯৪-৯৫ সালের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ

### অনাবাসী ভারতীয়দের বক্রেশ্বর তাপবিদ্যুত কেন্দ্রে বিনিয়োগ

*৫৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৮৫) **শ্রী তপন হোড় :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

এটা কি সত্যি যে, কিছু অনাবাসী ভারতীয় "বক্রেশ্বর তাপবিদ্যুত" কেন্দ্রে বিনিয়োগ করতে আগ্রহ প্রকাশ করেছেন?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

এরূপ কোনও তথ্য রাজ্য সরকারের জানা নেই।

### বাঁকুড়া জেলায় বিদ্যুতায়িত মৌজা

*৫৯। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৯) **শ্রী নন্দদুলাল মাঝি :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত বাঁকুড়া জেলায় (১) কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণ হয়েছে, (২) কতগুলি মৌজায় বৈদ্যুতিকরণ বাকি আছে; এবং

(খ) বাকি মৌজাগুলি কবে নাগাদ বৈদ্যুতিকরণ করা হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৯৯৪ সালের ৩১শে মার্চ পর্যন্ত বাঁকুড়া জেলায় -

(১) ২৩০৪টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(২) ১২০৬টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ বাকি আছে।

(খ) নবম পঞ্চ বার্ষিকী পরিকল্পনার শেষে বাকি মৌজাগুলির কাজ শেষ হবে বলে আশা করা যায় — যদি প্রয়োজনীয় অর্থের ব্যবস্থা হয়।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** To-day, I have received five notices of Calling Attention, namely :–

| | | |
|---|---|---|
| i) Reported dispute between hand-loom and powerloom owners at Begumpur of Hooghly district. | : | Shri Tapan Hore |
| ii) Reported supply of unhygienic foods to Government Hospitals | : | Shri Ajoy De |
| iii) Reported out-break of Malaria at Dhupguri of Jalpaiguri district | : | Shri Anjan Chatterjee |
| iv) Steps taken by Government for eviction of Khatal from Calcutta | : | Shri Lakshman Chandra Seth |

v) *Steps to be taken to solve the rehabilitation problem of the refugees.* : Shri Nirmal Das

I have selected the notice of Shri Lakshman Chandra Seth on the subject of steps taken by Government for eviction of Khatal from Calcutta.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** The statement will be made on 14th June, 1994.

## POINT OF INFORMATION

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সপ্তাহে দুদিন ধরে একটি দলের এ.আই.সি.সি অধিবেশন হল। কোনও দলের অধিবেশন হলে আমাদের কোনও মাথাব্যাথা থাকেনা, কিন্তু যে দলটি কেন্দ্রে সরকারে আছেন সর্বভারতীয় কেন্দ্র অধিবেশনে ভারতবর্ষের মানুষের সে সম্পর্কে একটা উদ্বেগ, উৎকণ্ঠা, এবং জিজ্ঞাসু মনোভাব থাকে। আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করেছিলাম এই রাজ্য থেকে সংসদে নির্বাচিত একজন মাননীয়া শ্রীমতী দলের নেতৃত্ব নিয়ে আমাদের রাজ্যে ৩৫৬ ধারা প্রয়োগ করতে চাইছেন। তারজন্য দরবার করা হয়েছে। আমি সেই সম্পর্কে বলতে চাই যে, রাজ্যের জনগণ ১৭ বছর ধরে তাদের শুভেচ্ছা দিয়ে আমাদের প্রতিষ্ঠিত করেছেন, এবং সাংবিধানিক উপায়ে এই রাজ্যে সরকার পরিচালনা করা হচ্ছে। অসাংবিধানিক উপায়ে কংগ্রেস দলের একটা পক্ষ থেকে ঘৃণ্য, সংসদীয় গণতন্ত্র বিরোধী, হিংস্র প্রতিক্রিয়াশীল চক্রান্ত করছে। আমাদের রাজ্যের জনগণের বিরুদ্ধে। এই রাজ্যে একটা ভয়াবহ পরিবেশ সৃষ্টি করতে চাইছে। অসাংবিধানিক ভাবে রাজ্যের সরকারকে বরখাস্ত করার একটা চক্রান্ত করছে। ১৯৭২ সালে যেরকম পরিবেশ সৃষ্টি করা হয়েছিল কারণ এখন আর ঐরকম অসাংবিধানিক পদ্ধতিতে সরকারে আসা সম্ভব নয় সুপ্রিম কোর্ট সদ্য রায় দিয়েছেন যে কোনও নির্বাচিত সরকারকে বে-আইনিভাবে বরখাস্ত করা যাবে না। আমার মনে হয় আগামী নির্বাচনে এই রাজ্যে সন্ত্রাস সৃষ্টি করতে চাইছে। এজন্য পুলিশ এবং আই.বি. ডিপার্টমেন্টকে সতর্ক নজর রাখতে হবে। এই বিধ্বংসী চক্রান্তের সঙ্গে মোকাবিলা করার জন্য প্রশাসনকে ততপর হবার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেওকীনন্দন পোদ্দার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অব ইনফর্মেশন আছে। আমার পয়েন্ট অব ইনফর্মেশন হল, রাজনৈতিক দলের একটা সেসানে কি আলোচনা হল ক্যান দ্যাট বি এ সাবজেক্ট ম্যাটার অব দিস অ্যাসেম্বলি টু ডিসকাশ? কাজেই সেটা যদি সাবজেক্ট ম্যাটার না হয় তাহলে মাননীয় সদস্য রবীন যা বলেছেন সেটা এক্সপাঞ্জ করা যায়। রাজনৈতিক মঞ্চে অনেক ধরনের কথা হয়, নিজেদের মধ্যে আলোচনা হয়, নানা বিষয়ে আলোচনার মাধ্যমে ঠিক হয়। কাজেই সেটা অ্যাসেম্বলির সাবজেক্ট ম্যাটার নয়। উনি অপ্রাসঙ্গীক বিষয়ে মেনশান করেছেন। কাজেই এটা এক্সপাঞ্জ করা হোক। আমি এই বিষয়ে আপনার

রুলিং চাইছি।

**Mr. Speaker :** Mr. Poddar, Shri Rabindra Nath Mondal has said that a news has appeared in a section of newspapers saying that a section of Congress (I) Members of this House met the Prime Minister and demanded the imposition of Article 356 in West Bengal is it true ?

**Shri Deokinandan Poddar :** Sir, the discussion which has been made within a party meeting can that be a subject matter to be discussed here ? Everything which has been published are they correct ?

**Mr. Speaker :** What he said is that the delegation of this House met the Prime Minister.

**Shri Deokinandan Poddar :** He has mentioned that one elected lady member—I don't know whether that elected lady member is a member of the Lower House or Upper House has requested the Prime Minister— can that be a subject matter for discussion of the House.

**Mr. Speaker :** The subject is the imposition of Article 356, not the discussion. The subject is whether Article 356 can be imposed or not. That is only the subject matter. He has wanted to know whether after the judgement by the Supreme Court, can Article 356 be imposed or not ?

**Shri Deokinandan Poddar :** The question is the matters which were discussed within a party meeting the paper-reports cannot be considered as authentic the political discussion which a political party had discussed in their meeting cannot be considered to be discussed in this august House.

**Mr. Speaker :** Suppose, there is a decision in the CPI (M) party meeting which is going to affect the State Government— that cannot be discussed ?

**Shri Deokinandan Poddar :** Whatever is discussed within the party meeting of the CPI (M), that can be discussed. A lot of things are discussed ........ (At this stage, Shri Satya Ranjan Bapuli rose to speak)

**Mr. Speaker :** Yes, Mr. Bapuli.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য রবীন মন্ডল মহাশয় বিধান সভায় যে বক্তব্য রেখেছেন, আপনি আইনজ্ঞ হিসাবে পার্টিনেন্ট কোয়েশ্চেন তুলেছেন। আমি আপনাকে বলি কারণ আমি সেই ডেলিগেশনে ছিলাম। সুতরাং আপনি যেটা বলেছেন সেটা খুব সঠিক কথা বলেছেন। আমরা সেখানে বলেছি যে রাজ্যের আইন-শৃঙ্খলার চরম দুরবস্থা। আমরা বলেছি যে ভোটার লিস্টে চরম কারচুপি রয়েছে। আমরা বলেছি যে প্রশাসন

সেখানে সম্পূর্ণ সি.পি.এম-এর কুক্ষিগত। আমরা সেখানে বলেছি যে সরকারি কর্মচারিরা স্বাধীন ভাবে কাজ করতে পারছেনা। আমরা সেখানে বলেছি যে আই.এ.এস, আই.পি.এস অফিসার হ্যাভ বিন ফুললি পারচেজড বাই দি মার্কসিস্ট পার্টিস গভর্নমেন্ট। আমরা সেখানে বলেছি যে এখানে ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন সম্ভব নয়। আমরা সেখানে বলেছি যে সেখানে এমন পরিস্থিতি হয়েছে যে ৩৫৬ ধারা করা ছাড়া উপায় নেই। আমরা বলেছি যে সুপ্রিম কোর্ট কোথাও বলেনি যে ৩৫৬ ধারা করা যাবেনা। সুপ্রিম কোর্ট বলেছে যে এটা করতে গেলে উপযুক্ত কারণ দেখাতে হবে। সেখানে ৩৫৬ ধারা প্রয়োগ করা যায় কিনা, আমরা যে সব কারণ দেখিয়েছি, আমরা যদি সুপ্রিম কোর্টের কাছে যাই তাহলে তার পূর্ণ বিচার পাব।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী দেওকিনন্দন পোদ্দার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য বলছিলেন যে, আমাদের নাকি দুটো দল। আমার একটি সিম্পল প্রশ্ন ছিল যে, দলের ইন্টারনাল ম্যাটার নিয়ে অ্যাসেম্বলিতে ডিসকাশন করা যায় কিনা। সোমেনবাবু বা মমতা ব্যানার্জির প্রশ্ন ওঠে না, বেসিক প্রশ্ন হল, পার্টির ভেতরের কথা বাইরে তো যাবেই। বাইরে যাবার জন্যই তো সেখানে কথা হয়। কিন্তু অ্যাসেম্বলির মধ্যে তা নিয়ে আলোচনা করা যায় কিনা এটাই আমার প্রশ্ন ছিল। সরকারি প্রশাসন যন্ত্র আজকে সি.পি.এম পার্টি দ্বারা পরিচালিত হচ্ছে, মানুষের কোনও স্বাধীনতা নেই, নারীর সম্মান নেই, রাজ্যের গণতন্ত্র আজকে সম্পূর্ণ বিপন্ন। গণতন্ত্র আজকে পুলিশের হাতে চলে গেছে, তাই কোনও নারী ধর্ষিতা হলে কিছু হয় না। রাজ্যে কোনও গণতান্ত্রিক আন্দোলন হলে গুলি চালিয়ে তা বন্ধ করা হয়। এসব ক্ষেত্রে আজকে সুপ্রিম কোর্ট নিশ্চয়ই বলবেন যে, রাজ্যে ৩৫৬ ধারা প্রয়োগের প্রয়োজনীয়তা রয়েছে। আপনাদের সঙ্গে আমি একমত। সুপ্রিম কোর্ট তার তার জাজমেন্টে বলেছেন 'ইফ দেয়ার আর সাফিশিয়েন্ট রিজন্স টু ইনভোক আন্ডার ৩৫৬...'। আমার মনে হয়, যা যা ক্ষেত্র এখানে তৈরি হয়েছে তাতে সাফিশিয়েন্ট রিজন্স আছে ৩৫৬ ইমপোজ করবার। সুতরাং সুপ্রিম কোর্টে রায় মাথায় রেখেই বলছি, তারাই বলুন না যে এটা হবে না! এসব দেখে সুপ্রিম কোর্ট যদি বলেন যে হবে তাহলে নিশ্চয়ই হবে।

**মিঃ স্পিকার :** প্রশ্ন যেটা উঠেছে, লেট আস আন্ডারস্ট্যান্ড। সত্যবাবু বলছিলেন রিগিং ইলেকশন হয়েছে, আর কয়েকদিন আগে লিডার অফ দি অপোজিশন এ-ব্যাপারে হাইপার-রিগিং বলে কি একটা শব্দ ব্যবহার করেছিলেন। সত্যবাবু কি ঐ রিগিং এর কথাই বুঝাচ্ছেন?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** আমি ঐ রিগিং এর কথা বলছি না, ভোটার লিস্ট তৈরির ব্যাপারে যে কারচুপি হয় সেটাই বুঝাচ্ছি। আমরা যদি একটু রুটে যাই তাহলে দেখব, সেখানে যে জালিয়াতি হয়, রিগিং হয় তার দ্বারা নিরপেক্ষ নির্বাচন হয় না। যেখানে সরকারি কর্মচারিরা আজকে নিয়ন্ত্রিত হচ্ছেন, গণতান্ত্রিক আন্দোলন হলে গুলি করে মারা হচ্ছে, সেখানে ঐ ধারা প্রয়োগের উপযুক্ত পরিস্থিতি তৈরি হয়েছে। There are sufficient reasons and reasonable apprehension that there cannot be free and fair elections. প্রধানমন্ত্রী আমাদের কথা শুনেছেন। নিশ্চয়ই তিনি আমাদের বক্তব্য ক্ষতিয়ে

দেখবেন এবং ক্ষতিয়ে দেখে নিশ্চয়ই হ্যাঁ বলবেন। কারণগুলি ক্ষতিয়ে না দেখে নিশ্চয়ই তিনি কিছু করবেন না, কারণ তিনি জ্যোতি বসু নন।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** এই প্রসঙ্গে যে বিতর্ক দেখা দিয়েছে তাতে একটি সমস্যায় আমরা প্রথমত পড়ে গেছি। দেওকিনন্দনবাবু আপত্তি জানিয়েছেন যে, কেন কংগ্রেসের ভেতরের খবর বাইরে নিয়ে আসা হবে। তাতে উৎফুল্ল হয়ে সত্যবাবু ভেতরের কথা বাইরে নিয়ে এলেন। তাহলে কংগ্রেসের কোনটা স্ট্যান্ড—ভেতরের কথা বাইরে আসবে না, নাকি সত্যবাবু যেটা বলেছেন সেটাই? আমার মনে হয়, ওদের পার্টিতে বোধ হয় ভাগ রয়েছে এবং সেখানে সত্যবাবু মমতা-ফ্যাকশন এবং উনি বোধ হয় সোমেন ফ্যাকশন। স্যার, ওদের দলকে তাই সার্কাসে পাঠান, কারণ পরপর দুজন বক্তব্য রাখলেন দুরকম। ঐ বৃদ্ধ তেলেগু ব্রাহ্মণের ক্ষমতা হবে না এখানে ৩৫৬ প্রয়োগ করার। সুপ্রিম কোর্টে কেন, রাষ্ট্রসঙ্ঘে যান না; পশ্চিমবঙ্গের জনগণ বামফ্রন্টকে নির্বাচিত করেছেন, তাই একটি কেন, দশটি ব্রাহ্মণ আনলেও এখানে ৩৫৬ প্রয়োগ করবার সাহস আপনাদের হবে না। এখানে কোনও দলের প্রশ্ন ওঠে না। উনি বললেন প্রধানমন্ত্রী ব্যবস্থা গ্রহণ করবেন কি করবেন না জানিনা। আমি বলছি পশ্চিমবাংলার জনগণ এখানে এই সি.পি.এম-এর বিরুদ্ধে বদলা নেবে, নেবে, নেবে।

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের সদস্য যে প্রশ্নটা তুলেছেন যে ৩৫৬ ধারা পশ্চিমবাংলায় প্রয়োগ করার যে দাবি যেটা কংগ্রেস পক্ষ থেকে করা হয়েছে নিয়মিত এই দাবি করা হচ্ছে তার সঠিকতা আছে কিনা এবং তার প্রশ্ন ছিল, তার মনে আশঙ্কা ছিল সত্য সত্যই কংগ্রেসের লোকেরা এই ধরনের দাবি করেছেন কিনা এই পঞ্চায়েত নির্বাচন, মিউনিসিপ্যালিটি নির্বাচন যেটা হয়েছে সেটা পরাজিত হবার পর। সত্য বাপুলিকে ধন্যবাদ, তিনি সত্য কথাটাই বলেছেন। তিনি নিজে অন্যের সঙ্গে গিয়ে প্রধানমন্ত্রীর কাছে তিনি এখানে ৩৫৬ ধারা প্রয়োগ করার দাবি করেছেন। এইজন্য তাকে ধন্যবাদ, তিনি সত্যি কথা বলেছেন। বিধানসভার মধ্যে তারা এই দাবি করতে পারেন না, কারণ তারা সংখ্যায় কম। পঞ্চায়েত নির্বাচনের পর তারা এই কথা তুলতে পারেন না, কারণ সেখানে তারা হেরে গেছেন। এমন কি সন্দেশখালিতে নির্বাচন হল তিনি অনেক কথা বলেছিলেন গত নির্বাচনে তারা যা ভোট পেয়েছিলেন তার চেয়ে অনেক বেশি তফাতে কংগ্রেসকে পরাজিত কান্তিবাবু জয়ী হলেন। জনগণের কাছে গিয়ে বলার তাদের আর কোথাও কোনও জায়গা নেই, এখন তাই তারা ঘুরঘুর করছেন প্রধানমন্ত্রীর কাছে। আর একটা খবর খবরের কাগজে পাওয়া যাচ্ছে, তিনিও ভয় পাচ্ছেন, প্রধানমন্ত্রীও ওনাদের বলেছেন ৩৫৬ ধারার কথা বলে লাভ নেই, সুপ্রিম কোর্টও মেনে নেবে না, শেষ পর্যন্ত আমার গদি চলে যাবে। স্যার, আপনি জানেন আজকে পার্লামেন্টে নির্বাচন কমিশন নিয়ে আলোচনা হচ্ছে, কংগ্রেস কি করবে ঠিক করতে পারছে না। আপনাদের নির্ভর করতে হচ্ছে সি.পি.এম-এর উপর। নূতন ঘটনা হচ্ছে যে এখন নির্বাচন কমিশন আবার নূতন নূতন নির্দেশ দেবার চেষ্টা করছেন। ভোট করতে গেলে বার বার বলছেন যে ফটো তুলতে হবে, তা না হলে নির্বাচন হবে না। এবারের বাজেটে ১০ কোটি টাকা রেখে দেওয়া হয়েছে ভোটারদের ছবি তোলার জন্য, কেন্দ্রীয় সরকার যে টাকা দেবে সেই টাকা দিচ্ছে না বলে ছবি তোলা যায় নি, দিলে তোলা যাবে। শেষনের অফিস থেকে চিঠি এসেছে যে ফটো না তুলে নির্বাচন করলে সেই সরকার সাংবিধানিক

সরকার হবে না। সেইজন্য বিষয়টা নিশ্চিত বিচার হওয়া উচিত, জনগণের কাছে যেতে হবে ওনাদের এখন মেজরিটি হয়েছে। এটা আমরা জানি মেজরিটি যা আছে এটা নির্বাচনের মাধ্যমে মেজরিটি নয়, কিছু এম.পি. কিনে মেজরিটি হয়েছে। তারা পশ্চিমবাংলা সহ ভারতবর্ষের অন্যান্য জায়গায় ৩৫৬ ধারা প্রয়োগ করেছেন এবং সেটা করতে গিয়ে নিজেরা অনেক কমে গেছেন এবং কমতে কমতে এই জায়গায় এসে দাঁড়িয়েছেন। আর একবার প্রয়োগ করার চেষ্টা করলে আপনারা মুছে যাবেন। তখন স্যার আপনি আর অপোজিশন খুঁজে পাবেন না।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** স্যার, রবীনবাবু যে বক্তব্য এখানে রেখেছেন আমাদের দলের দেওকিনন্দন পোদ্দার তার বিরোধিতা করেছেন। প্রশ্ন হচ্ছে যে এই হাউসের মধ্যে এই জাতীয় আলোচনা আসবে কেন? একটা গণতান্ত্রিক দলের সমাবেশ চলছে, সম্মেলন হচ্ছে, সেখানে অনেকরকম কথা বলা যায়, সেখানে রাজ্যের কথা বলা যায় ডেলিগেটস সেখানে তাদের সুখ-দুঃখের ব্যাপার নিয়ে আলোচনা করতে পারে। সেখানে যে সমস্ত কথা হচ্ছে সেটা বলার জায়গায় অ্যাসেম্বলি নয়। দীর্ঘদিন ধরে আমি লক্ষ করছি অনেক অবান্তর কথা অ্যাসেম্বলিতে টেনে আনা হয়। শাসক দলের মন্ত্রীরাও এই কথা বলেন। তবে এটা ওনাদের শিক্ষা নয়, মুখ্যমন্ত্রী জ্যোতি বসু মহাশয় এই শিক্ষা দিয়েছেন। কারণ এটা দেখা যাচ্ছে যে যেখানেই উনি যান, সেখানে যে ব্যাপারে যান সেই ব্যাপারে না বলে শিবের গীত উনি গাইবেন। গতকাল শালকিয়াতে উনি গিয়েছিলেন সাঁতারের উদ্বোধন করতে। সেখানে তিনি অনেক অপ্রাসঙ্গিক আলোচনা শুরু করলেন, মূল বিষয় যেটা সাঁতার, সেই সাঁতারের কথা ছেড়ে দিয়ে চলে গেলেন অন্য কথায়, গণতন্ত্রের কথায় এবং অন্যসব কথাবার্তায়। ফলে ঘোষককে এসে বলতে হল, আপনি সাঁতারের উদ্বোধনের ব্যাপারে যে বক্তব্য সেই বক্তব্যের মধ্যে না গিয়ে অন্য কথায় যাচ্ছেন কেন? এই জিনিসটা ওরা শিখেছেন খোদ মুখ্যমন্ত্রীর কাছ থেকে। ওর কাছ থেকে ঐ সমস্ত শিখে এখানে তা বলছেন। আমাদের দলের আলোচনা সভায় অনেক কিছু আলোচনা হতে পারে। কিন্তু সেইসব আলোচনার কথাবার্তা এখানে বলার ক্ষমতা কে দিল? একটা রাজনৈতিক দলের সভায় আলোচিত কথাবার্তা বলে মেনশনের মতো গুরুত্বপূর্ণ সময়কে নষ্ট করছেন। হাউসে এইরকম অপ্রাসঙ্গিক বিষয় নিয়ে আলোচনা করছেন এবং মূল্যবান সময় নষ্ট করছেন।

**মিঃ স্পিকার ঃ** এখানে মাননীয় সদস্য জটু লাহিড়ী সাঁতারের কথা বললেন। কিছুদিন আগে একজন বলেছিলেন না যে বঙ্গোপসাগরে ফেলে দেবেন? সেজন্য সাঁতার জানতে হবে তো।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, ওরা তো একজনের কথা ভুলে গিয়েছেন, তার নাম হচ্ছে 'ধরমবীর।' আমরা ধরমবীরের বিরুদ্ধে আন্দোলন করেছি। ওরা কি ভুলে গিয়েছেন যে ধরমবীরকে ব্যবহার করে যা করতে চেয়েছিলেন, তার রেজাল্ট কি হয়েছিল? আজকে যারা পশ্চিমবাংলায় ৩৫৬ ধারা প্রয়োগের কথা বলছেন অগ্নিকন্যা, না বারুদকন্যাকে নিয়ে ওরা যে কাজকর্ম করছেন, যে কেন্দ্র থেকে তিনি নির্বাচিত হয়েছেন, সেই এলাকার মানুষদের বিরুদ্ধে এর দ্বারা বিশ্বাসঘাতকতা করার কথা বলছেন। সঙ্গত কারণে হাউসে যখন এই কথাটা

এসেছে, তখন বলতে হয়, কংগ্রেস দল দেওয়ালের যে লিখন সেটা পড়তে পারছেন না। পশ্চিমবাংলার মানুষ বারবার করে ওদের আস্তাকুঁড়ে নিক্ষেপ করেছেন। বর্তমানে যেহেতু পরিস্থিতি ওদের অনুকূলে নেই, প্রতিকূলে, সেজন্য এইসব কথাবার্তা বলছেন। মানুষের কাছে যখন যুক্তি থাকে না, তখন যুক্তিহীন কথাবার্তা বলে। ওরা সেইরকম যুক্তিহীন কথাবার্তা বলে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আপনারা নিশ্চয়ই দেখেছেন যে ওরা বিভিন্ন নির্বাচনে হেরে গিয়েছে। নির্বাচনে হেরে গিয়ে এই ধরনের স্বৈরতান্ত্রিক ক্ষমতার মাধ্যমে ক্ষমতায় আসতে চাইছি। এই সরকার বাতিল হওয়া দরকার, এই কথার প্রবক্তা সত্য বাপুলি মহাশয়। ৩৫৬ ধারা প্রয়োগ করলে ওদের ক্ষমতায় আসার ভিত্তি প্রশস্ত হবে বলে মনে করছেন। কিন্তু তার ফল হবে মানুষ ওদের আস্তাকুঁড়ে নিক্ষেপ করবে। আগামি দিনে পশ্চিমবাংলায় ঐ জিনিস যতবার করার চেষ্টা করবে ততবারই এই অবস্থা হবে। স্যার, আপনি যে কথা বলেছেন, বঙ্গোপসাগরে সাঁতার কাটার কথা, ওরা সাঁতার কাটতে পারবেন না, ডুবে মরবেন। কংগ্রেস দল সে সম্বন্ধে অবহিত নয় বলেই এইভাবে কথাবার্তা বলছে। একটা নির্বাচিত সরকারকে ফেলে দেবার যে ষড়যন্ত্র ওরা করছেন, আশা করি সেই ষড়যন্ত্র থেকে ওরা বিরত হবেন। এটাই হচ্ছে আমার কথা।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সত্য বাপুলি মহাশয় প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলেন এবং সেখানে নানা অসত্য কথা, পশ্চিমবাংলায় ল' অ্যান্ড অর্ডার নেই, ভোটার লিস্টে কারচুপি আছে এইসব বলেছেন। প্রধানমন্ত্রী কাছে এইসব অসত্য কথাবার্তা উনি বলে এসেছেন। কিন্তু প্রধানমন্ত্রীর কাছে তো একটা সোর্স অব ইনফর্মেশন আছে। সেজন্য তিনি সবকিছু বুঝেছেন। তিনি বুঝেছেন যে, ওরা তার কাছে এসে প্যানপ্যানানি করছে, অসত্য কথাবার্তা বলছে। তাছাড়া আপনারা সবাই জানেন যে, এখানে যতবার নির্বাচন হয়েছে, ততবারই কেন্দ্রীয় পর্যবেক্ষক এসেছে নির্বাচন কমিশনের পক্ষ থেকে। তারা বারেবারেই বলেছেন যে, এখানে সুষ্ঠুভাবে নির্বাচন হয়েছে। ওরা জানেন যে এখানে শান্তিশৃঙ্খলা এবং বাক স্বাধীনতা আছে। এরা বিভিন্ন জায়গায় অসত্য কথা বলে মিটিং করছেন। আমাদের উপরে আক্রমণ করছে, আমাদের দলের ছেলেদের হত্যা করেছে। শ্রী নির্মল দাশ ঠিকই বলেছেন যে ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট নির্বাচিত হয়েছিল এবং আমি তখন একজন সদস্য হিসাবে নির্বাচিত হয়েছিলাম। তখন ওই ধর্মবীরকে ধরে ওই কংগ্রেসিরা ৩৫৬ ধারা প্রয়োগ করেন। আবার ১৯৭১ সালে বামপন্থীদের যদি ঐক্য হত তাহলে বামপন্থী বা যুক্তফ্রন্ট সরকার আবার হতে পারত। তারপরে ১৯৭২ সালে জালিয়াতি করে কংগ্রেস সরকার এল এবং ১৯৭৭ সাল পর্যন্ত সিদ্ধার্থশঙ্কর রায়ের মুখ্যমন্ত্রিত্বে এই কংগ্রেস সরকার চলল। তারপরে ১৯৭৭ সালের নির্বাচনে কি হল সেটা আপনারা ভালো করেই জানেন। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার এল, সুতরাং ৩৫৬ ধারার ভয় দেখিয়ে কোনও লাভ হবে না। আমি বহুদিনের সদস্য বিনয় চৌধুরি এবং কামাখ্যাদা আমরা এই কয়জন বহুদিনের সদস্য, আমরা বহুদিন পশ্চিমবঙ্গে রাজনীতি করছি, আমাদের উপরে অনেক ঝড় ঝাপটা গেছে। আপনারা প্রতিদিন রেডিও, টিভিতে অসত্য প্রচার করছেন। আমাদের জ্যোতি বাবু বলেছেন যেই অপরাধ করুন না কেন তার বিরুদ্ধে ব্যবস্থা নেবেন। সেক্ষেত্রে সরকারি দলেরই কেউ হোন না কেন বা যে কোনও দলেরই হোন না কেন, আইন তার নিজের পথে যাবে। ভারতবর্ষে গণতান্ত্রিক মন্ত্রী হিসাবে যদি কেউ

এসে থাকেন তা আমাদের মুখ্যমন্ত্রী। সুতরাং ৩৫৬ ধারা ধমকি দেখিয়ে লাভ নেই, গণতান্ত্রিক পদ্ধতিতে কাজ করুন। আপনাদের যে প্রোগ্রাম আছে সেইভাবে চলুন, আমরাও আমাদের মতো চলি। আর আপনাদের যিনি একজন মহিলা নেত্রি আছেন, যিনি লোকসভার সদস্য তিনি শুধু শুধু চেঁচালে কোনও লাভ হবে না। তাকে পশ্চিমবঙ্গের মানুষ চেনে। এখানে জাতপাতের কোনও ব্যাপার নেই, সাম্প্রদায়িকতা নেই, এখানে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** স্যার, আমাদের চিন্তিত হবার কোনও কারণ নেই, আমাদের প্রধানমন্ত্রী বলে দিয়েছেন যে 'কোমরের জোর থাকলে লড়ে নাও'। ওদের লড়বার ক্ষমতা নেই, সুতরাং আমারও ক্ষমতা নেই। ওরা এত বড় বড় কথা বলছেন, ওদের থোঁতা মুখ ভোঁতা করে দেব।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** স্যার, কংগ্রেসিরা বলছে ৩৫৬ ধারা প্রয়োগ করতে, আই সি সির মিটিংয়ে তারা গিয়ে নানা কথা বলে এসেছেন। প্রধানমন্ত্রী এদেরকে ভালো করেই চেনেন। ওদেরই একজন নেত্রি, তাকেও প্রধানমন্ত্রী ভালো করে চেনেন, তার কথার কোনও মূল্য দেয় না। আজকে তারাই কিনা চিৎকার করছে। আজকে যেটুকু আছেন ৩৫৬ ধারা হলে পরে আর আপনাদের থাকতে হবে না। ওদেরই নেতা শ্রী গনিখান চৌধুরি, এককালে ওদের সভাপতি ছিলেন, তিনি তো লাইন না বসিয়েই রেল চালাবার প্রস্তাব দিয়েছিলেন। তিনি বলেছেন যে আমাদের নাকি বঙ্গোপসাগরে ফেলে দেবেন। আমি বলি এখানে যে কজন হতাশাগ্রস্ত নেতা আছেন, তারা এক দেড় বছর আরও নিশ্চিন্তে ঘুমিয়ে নিন, ৩৫৬ ধারা প্রয়োগ হলে পরে কি পঞ্চায়েত, পৌরসভা, লোকসভা এবং বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের মানুষ আপনাদের ঝেটিয়ে বিদায় করবে। সেই কারণে মাননীয় সত্য বাপুলিকে বলি যে তিনি প্রধানমন্ত্রী চিঠি দিয়ে ক্ষমা চেয়ে নিন, এবং বলুন যা লিখেছেন ভুল লিখেছেন।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৭ বছর ঐ জায়গায় বসতে না পেরে ওদের মধ্যে হতাশা হয়েছে। বুঝেছেন ২৭ বছরেও ভাংতে পারবেন না। তাই তারা ঐভাবে একটা নির্বাচিত সরকারকে ওয়েস্ট বেঙ্গল থেকে টেনে নামাবেন এই কথা বলছেন, ১০৭ বছরের পার্টি আজকে কোনখানে পৌঁছেছে গণতান্ত্রিকভাবে একটা সরকারকে ভাংবেন তার ভাবছেন। তারা প্রধান মন্ত্রীর কাছে দরবার করছে আমরা তো ২৭ বছরেও বসতে পারব না একটাই পথ আছে রাষ্ট্রপতি শাসন করুন। তাদের অবস্থাও ভাল নয়, কচু পাতার জলের মতন তাদের অবস্থা, তারা কিছু রাজনৈতিক পার্টির হাত ধরে কিছু সদস্যকে তারা টাকা দিয়ে কিনে রেখেছেন, যখন তখন পড়ে যেতে পারে। তাই তারাও চিন্তা-ভাবনা করে বলেননি কিছু কারণ অজিত সিং ও তার অনুগামিরা এমন কিছু বেকায়দা দেখলে সরে যাবে। সেইজন্য বলছি, ক্ষমতা থাকলে পশ্চিমবাংলায় নির্বাচন করে আসুন। আর আপনারা যা করে গিয়েছেন মানুষ আর আপনাদের ভোট দেবে না, জনগণের কাছে আমরা প্রকাশ্যে বলি, তাদের সমালোচনা ও আশীর্বাদ নিয়ে আমরা চলি, তাই বলছি স্বৈরতান্ত্রিকভাবে বামফ্রন্টকে ফেলে ঐখানে আর বসতে পারবেন না।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, গত দুইদিন ধরে খবরের কাগজে যে

সংবাদটা দেখছি, সত্যবাবু যেটা বললেন সেটা পড়েছি। খবরের কাগজে ৩৫৬ ধারার মতো গল্পটা এখানেও দেখছি চলে এল। অনেকেই এই ব্যাপারে আলোচনা করেছেন। স্যার, ওদের এ.আই.সি.সি.-র রিপোর্ট ভেতরে ওরা কি করেছেন আমরা জানিনা, বাইরে আমরা যা পড়ছি, খবরের কাগজে যা দেখতে পাচ্ছি, বি.জে.পি.র মতো সাম্প্রদায়িক দলকে ওরা সমর্থন করছে, পাশাপাশি দেখছি পশ্চিমবঙ্গের কংগ্রেস সেখানে গিয়ে দাবি রেখেছে, প্রস্তাব রেখেছে ঝাড়খন্ড মুক্তি মোর্চার মতো পার্টিদের নিয়ে ফ্রন্ট গঠন করার জন্য, পশ্চিমবঙ্গের সি.পি.এম তথা বামফ্রন্টকে হটাবার জন্য। ওরা যে প্রলাপ বকেন এটার ব্যাপারে আমরা সকলেই ওয়াকিবহাল আছি। ওদের নেতা সত্যবাবু উনি নাকি বিশেষ ধরনের আইনজ্ঞ, হঠাৎ বটতলা থেকে সুপ্রিমকোর্টে যাওয়ার জন্য লাফঝাঁফ দিচ্ছেন, আমার প্রস্তাব উনি বটতলা থেকে সুপ্রিম কোর্টে যাওয়ার জন্য একবার লাফ দিয়েই দেখুন না তার যোগ্য জবাব পশ্চিমবঙ্গের জনগণ আপনাদের দিয়ে দেবে।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মিঃ স্পিকার স্যার, একটা রাজনৈতিক দলের অভ্যন্তরীণ বিষয় নিয়ে বিধানসভায় আলোচনা রাখা যায় কিনা সেটা হচ্ছে বিষয়। একটা সাংগঠনিক, প্রশাসনিক দিক দিয়ে আগামী দিনে দেশকে কি অবস্থায় একটা সরকার পরিচালনা করবেন সেটাই আলোচনা মূল বিষয় হয়। কিন্তু এ.আই.সি.সি. তে কি হল, সেখানে একটা নির্বাচিত সরকারকে ৩৫৬ ধারায় ভেঙে দেওয়ার প্রস্তাব ওরা রাখলেন, যারা নিজেরা মনে করছেন গোটা ভারতবর্ষ তারা পরিচালনা করছেন, কিন্তু এখানে সুপ্রিমকোর্ট যে রায় দিয়েছে সেই রায়ের বিরুদ্ধে গেলে ওদেরকে জনগণ ক্ষমা করবে না। ৩৫৬ ধারা প্রয়োগ করে পশ্চিমবঙ্গে গণতন্ত্র আসতে পারে না। আজকে যদি একজন পরীক্ষার্থি বলেন আমাকে এই নম্বরটা বসিয়ে দিন, তারা যদি এইক্ষেত্রে ভাবেন প্রধানমন্ত্রীকে বললেই ৩৫৬ ধারা করে দেবে, রাষ্ট্রপতি শাসন হয়ে যাবে, তাহলে তারা ভুল ভেবেছেন, তাহলে বলব তারা মুর্খের স্বর্গে বাস করছেন। সেইজন্য বলব এই আলোচনা এই বিধানসভায় করা যায়, এটাকে আমরা সমর্থন করছি। একটা রাজনৈতিক দলের আলোচনায় প্রশাসনের ব্যাপারে যদি আপনারা আলোচনা করেন তাহলে এই পরিপ্রেক্ষিতে এই আলোচনার কোনও বাধা নেই।

**শ্রী লক্ষ্মণ চন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস পার্টিতে যে আলোচনা হয়েছে হাউসে তা নিয়ে আলোচনা করা যাবে কিনা সেটা একটা বিতর্কের বিষয়। তবে কোনও দল যদি একটি নির্বাচিত সরকারকে ভাঙতে চেষ্টা করে, ষড়যন্ত্র করে, চক্রান্ত করে তাহলে নিশ্চয় সংসদীয় রীতিতে তা আলোচনা হওয়া উচিত। মাননীয় সদস্য সত্য বাপুলি মহাশয় হাউসে যে অভিযোগগুলি উত্থাপন করলেন তার প্রমাণ দিতে তিনি পারবেন কি? তিনি বলেছেন, নির্বাচনে আমরা কারচুপি করছি, প্রশাসনকে ব্যবহার করেছি, প্রশাসনকে কিনে ফেলেছি ইত্যাদি। কিন্তু এর স্বপক্ষে তিনি নির্দিষ্ট কোনও তথ্য হাজির করতে পারেন নি। সুতরাং হাউসকে তিনি বিভ্রান্ত করেছেন। তা ছাড়া ওরা যেটা ভাবছেন পশ্চিমবঙ্গে রাষ্ট্রপতির শাসন হলেই মানুষ ওদের ভোট দেবেন, তা কিন্তু নয়। মানুষ কখনও কংগ্রেসকে ভোট দেবেন না। কারণ এই দলটা উৎশৃঙ্খল। এ.আই.সি.সি'র অধিবেশনের খাবার ঘরেই আমরা দেখেছি যে কিরকম উৎশৃঙ্খল এরা। কে কার কাছা ধরে টানছে, কে কার চুল ধরে টানছে—সেখানে হুড়োহুড়ি লেগে গেছে। যে দল এতো উৎশৃঙ্খল সেই দলের হাতে পশ্চিমবঙ্গের মানুষ কখনও

ক্ষমতা তুলে দেবেন না। এই দলটা সমাজবিরোধীতে ভর্তি, উৎশৃঙ্খল মানুষে পরিপূর্ণ সুত সেই দল দেশের গণতন্ত্রকে সুদৃঢ় করতে পারে না। আর পশ্চিমবাংলার গণতান্ত্রিক মা কখনও এদের হাতে ক্ষমতা তুলে দেবেন না।

**মিঃ স্পিকার :** What is your personal explanation ?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নামটা বলা হচ্ছে যে আমি সত্য কথাটা বলেছি। স্যার, আপনি একজন আইনজ্ঞ, আপনি সব জানেন। এখা রবীনবাবু ৩৫৬ ধারার কথা বলতে পারেন, হয়ত বলেছেন এবং এখানে কিন্তু প্রশ্ন : আমরা এখান থেকে ও দিকে ১৭ বছরে যাব, না, ১০ বছরে যাব, প্রশ্নটা হচ্ছে, এব নিরপেক্ষ নির্বাচন চেয়েছি।

**মিঃ স্পিকার :** This is not your personal explanation. This is repl This should not be allowed.

## MENTION CASES

**শ্রী অজয় দে :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্র আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার এলাকায় প্রায় ৫ লক্ষ মানুষের বাস। জনসংখ্যা সেখানে যত বাড়ছে স্বাভাবিক কারণে ক্রাইমও বাড়ছে। গে এলাকা জুড়ে দীর্ঘদিন ধরে একটিমাত্র থানা রয়েছে। বিশেষ করে বর্তমানে সামাজিক অবক্ষয় ঘটছে তাতে বিভিন্ন সময় বিভিন্ন ধরনের ক্রাইমের মোকাবিলা করা একটিমাত্র থান পক্ষে সম্ভব হচ্ছে না। আমরা দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছি যে ফুলিয়া এবং হরিণ আউটপোস্ট করা হোক কিন্তু প্রশাসন থেকে সেই দাবি মানা হচ্ছে না। অবিলম্বে এইস জায়গায় আউটপোস্ট করার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী তপন হোড় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এতক্ষণ ধরে এখানে ৩৫৬ ধারার ক শুনলাম কিন্তু আমি অন্য একটি বিষয় বলছি যা পশ্চিমবাংলার কৃষককূলকে অত্যন্ত ভাবি তুলেছে। স্যার, কেন্দ্রীয় সরকার সম্প্রতি সিদ্ধান্ত নিয়েছেন যে ইউরিয়ার ২০ পারসেন্ট মূল্যবৃ ঘটবে। বর্তমানে নতুন চাষের মরশুম শুরু হচ্ছে, এই সময় কেন্দ্রীয় সরকারের এই সিদ্ধান্তে ফলে পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বর্গাদার, ক্ষুদ্রচাষী, প্রান্তিক চাষী পাট্টাদার তারা গভীর সঙ্ক পড়েছেন। গ্যাট চুক্তির পর সার থেকে ভরতুকি তুলে নেওয়া হচ্ছে কিন্তু কেন্দ্র বার ব বলছেন, না, সার থেকে ভরতুকি তুলে নেওয়া হচ্ছে না। বারবার একথা বলা সত্বে কেন্দ্রীয় সরকার ইউরিয়ার মূল্যবৃদ্ধি ঘটাচ্ছেন ফলে কৃষকরা একটা গভির সঙ্কটের মা পড়েছেন। অবিলম্বে কেন্দ্রীয় সরকার এই সিদ্ধান্ত প্রত্যাহার করুন—এই দাবি জানাচ্ছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভ একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কৃষ্ণনগরে নিউ ব্যা অব ইন্ডিয়ার শাখায় গ্রাহকদের লক্ষ লক্ষ টাকা তছরূপ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশ সম্প্রতি সরকারি নির্দেশে নিউ ব্যাঙ্ক অব ইন্ডিয়া পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে রূপান্তরিত হয়েছে

সেখানে একজন চতুর্থ শ্রেণীর কর্মচারীকে সামনে রেখে — তার নাম শ্যামল ঘোষ — অন্যান্য কর্মচারিরা অর্থ আত্মসাৎ করেছে। সেখানকার কর্মচারিদের ইউনিয়নটি সিপিএম দলের 'বেফি'-র অন্তর্ভুক্ত। তারা চতুর্থ শ্রেণীর কর্মচারির পক্ষে কি লক্ষ লক্ষ টাকা আত্মসাৎ করা সম্ভব? ক্ষোভে, দুঃখে, লজ্জায় বাধ্য হয়ে সেই শ্যামল ঘোষ নিজের জীবন বিসর্জন দিয়েছে, সে আত্ম-হত্যা করেছে। কৃষ্ণনগর কোতোয়ালি থানায় তিনজন এবিষয়ে ডায়রি করেছে এবং কেস করেছে, তাদের নাম স্বপন বিশ্বাস, রথীন জোয়ারদার এবং আনন্দ রায়। অথচ পুলিশ এখন পর্যন্ত সেই তছরূপ হয়ে যাওয়া অর্থ খুঁজে বের করতে পারে নি। আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্তঃ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ভারত সরকার আবার আমাদের চা উৎপাদন এবং চা শিল্পের ওপর একটা মারাত্মক আক্রমণ নামিয়ে আনছে। আমাদের দেশে গত তিন বছরে যথাক্রমে ৭০ কোটি, ৬৯ কোটি এবং ৭৫ কোটি কে.জি. চা উৎপন্ন হয়েছে। সাথে সাথে আমাদের দেশ থেকে প্রতি বছর ১৮ কোটি কে.জি. করে চা বিদেশে রপ্তানি হয়েছে। তা সত্ত্বেও বিদেশি বহুজাতিক বাণিজ্যিক সংস্থাগুলিকে তোষামোদ করার জন্য ভারত সরকার কেনিয়া এবং ট্যাঙ্গানিকা থেকে নিকৃষ্ট মানের চা তাদের মাধ্যমে আমাদের দেশে আমদানি করার চেষ্টা করছে। এর ফলে আমাদের দেশের চা শিল্পের শ্রমিক কর্মচারিদের ছাঁটাই হবার সম্ভাবনা দেখা দিচ্ছে। কেন্দ্রীয় সরকারের গৃহীত নীতির ফলে বিদেশি বহুজাতিক সংস্থাগুলির আমাদের দেশের চা শিল্পে মূলধন বিনিয়োগের মাধ্যমে এই যে সর্বনাশা কাজ করতে চলেছে, এর বিরুদ্ধে আমি প্রতিবাদ জানাচ্ছি। এবং এ বিষয়ে সকলকে সোচ্চার হবার জন্য আহ্বান জানাচ্ছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলকাতার সরকারি দুগ্ধ সরবরাহের বিভিন্ন বুথ থেকে পচা দুধ সরবরাহ করা হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বিশেষ ভাবে নোট করতে বলছি— কলকাতার শ্রদ্ধানন্দ পার্কের ৩২৭ নং বুথ থেকে গত ২৭ তারিখ থেকে পচা দুধ সরবরাহ করা হচ্ছে এবং গত ৬ তারিখ থেকে গ্রাহকরা সেখানে দুধ বয়কট করছে। আজকে ১৩ তারিখ হয়ে গেল। এই দীর্ঘ সময় ধরে মানুষ ওখান থেকে দুধ নিচ্ছে না। আমি আড়াইশো মানুষের সিগনেচার করা একটা অভিযোগ-পত্র বা স্মারক-লিপি মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখাতে পারি যে, সেখানে দীর্ঘদিন ধরে পচা দুধ সরবরাহ করা হয়েছে। এটা অত্যন্ত উদ্বেগের বিষয়। আমি নির্দিষ্ট অভিযোগ হিসাবে স্মারক-লিপি-টি মন্ত্রী মহাশয়কে দেখাচ্ছি। আশা করব তিনি যথাযথ ব্যবস্থা নেবেন এবং সেই আশ্বাস আমাদের দেবেন।

**শ্রী সমর হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ সেতুর প্রতি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র জামালপুরে জামালপুর-কাড়ালাঘাটে একটা কাঠের ব্রিজ আছে। সেতুটির সম্বন্ধে ইতিমধ্যেই মাননীয় সদস্য আবু আয়েশ মন্ডল এখানে উল্লেখ করেছেন। ওটি জনস্বার্থে অত্যন্ত গুরুত্বপূর্ণ সেতু। প্রতিদিন

ঐ সেতুর ওপর দিয়ে হাজার হাজার মানুষ পারাপার হয়। সেখানে মানুষদের কাছ থেকে টোল ট্যাক্স নেওয়া হয়। সেজন্যই আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করছি ওটিকে স্থায়ীরূপ দেওয়া হোক। ব্রিজটিকে স্থায়ী ব্রিজে রূপান্তরিত করলে রায়না, খন্ডকোষ, জামালপুর, বাঁকুড়া জেলার এবং হুগলি জেলারও বহু মানুষের যাতায়াতের সুবিধা হবে। আমার বিধানসভা কেন্দ্র থেকে ৩০ কিলোমিটার দূরে বর্ধমানের সদরঘাট ব্রিজ। এরমধ্যে আর কোনও ব্রিজ নেই। সুতরাং ঐ কাঠের ব্রিজটিকে স্থায়ী ব্রিজে রূপান্তর করার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার সীমান্তবর্তী জেলাগুলিতে উত্তরবঙ্গের জেলাগুলিতে, মুর্শিদাবাদে, নদীয়ায়, ২৪-পরগনায় বাংলাদেশ থেকে চোরাচালান ক্রমশ বেড়ে বেড়ে এক ভীষণ আকার ধারণ করেছে। এই দেশ থেকে চোরাচালানি মাল চাল থেকে আরম্ভ করে সমস্ত কিছু জিনিস একই পথে চলে যাচ্ছে। উত্তরবঙ্গের ৬টি সীমান্তবর্তী রাজ্যে, মুর্শিদাবাদ, নদীয়া, ২৪-পরগনা প্রভৃতি এই সমস্ত জায়গায় চোরাচালান হচ্ছে এবং সমাজবিরোধীদের দৌরাত্ম বেড়ে গেছে। এখানে প্রশাসন যন্ত্র বলে কিছু নেই, কারণ প্রশাসন এদের সঙ্গে যুক্ত হয়ে আছে। বিশেষ করে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির কিছু নেতা এই ব্যবসার সঙ্গে যুক্ত হয়ে আছে। আমার কাছে লিখিত অভিযোগ আছে। আমি দেখাতে পারি, সেখানে কিছু কিছু সি.পি. এমের নেতা এই ব্যবসার সঙ্গে যুক্ত থাকার ফলে পুলিশ কিছু করতে পারে না। আমি এই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ প্রার্থনা করছি অবিলম্বে এইসব বন্ধ করার জন্য।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সমবায় মন্ত্রী ও মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, পশ্চিমবাংলায় কৃষি ব্যবস্থায় অর্থ লগ্নিতে সেখানে সমবায় ব্যাঙ্ক, প্যাক্স এবং মার্কেটিং সমবায় যে সমস্ত কর্মচারী আছেন তাদের ক্ষেত্রে সরকার পে-কমিশন গঠন করে ২ বছর আগে পে-ডিক্লেয়ার করেছিলেন। কিন্তু এখন পর্যন্ত সেটা কার্যকর হয়নি। অবিলম্বে এটা চালু করার ব্যবস্থা করতে হবে, নতুবা কৃষি ক্ষেত্রে গ্রামীণ অর্থনীতির ক্ষতি হবে। কারণ এই সমস্ত বিভাগের ম্যানেজাররা অল্প বেতন পান এবং খুবই গুরুত্বপূর্ণ কাজ করেন।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়ার রেমিংটন র‍্যান্ড বহু পুরানো ফ্যাক্টরি। এই ফ্যাক্টরিতে টাইপ-রাইটার, ইলেকট্রনিক টাইপ রাইটার, ইলেকট্রনিক ডুপ্লিকেটর, কপিং মেশিন, ইলেক্ট্রনিক টেলিফোন ইত্যাদি তৈরি করা হয় এবং এর বিরাট বাজার রয়েছে বিশেষ করে সৌদি আরব, ভিয়েতনাম এবং বাংলাদেশ প্রভৃতি বহু জায়গায় রেমিংটন দীর্ঘদিন ধরে ব্যবসা করে আসছে। ১৯৯০-৯১ সাল পর্যন্ত প্রতি বছর কোটি টাকার মুনাফা করত। সেই কারখানাটি ১৯৯৩ সালের নভেম্বরে বন্ধ করে দেওয়া হয়। লক্ষ্য করে দেখা গেছে, যেদিন আর.পি.গোয়েঙ্কা কেশব মহেন্দ্রর কাছ থেকে দায়িত্বভার গ্রহণ করে সেদিন থেকে এই কারখানাটি বন্ধ করার ষড়যন্ত্র শুরু করে। অদ্ভুত ব্যাপার, ১৯৯৩ সালের আগস্ট মাসে পরিবেশ দূষণ হচ্ছে বলে কারখানাটি বন্ধ করে দেওয়া হয়। এরপর অক্টোবর মাসে শিব শঙ্কর পাশারি, গোয়েঙ্কার কাছ থেকে এই কারখানাটির দায়িত্ব ভার গ্রহণ করে। কিন্তু কর্মচারিদের বকেয়া বেতন এখন পর্যন্ত

দেওয়া হয়নি যেখানে রাজ্য সরকার বলছেন অবিলম্বে কর্মচারিদের বেতন দিতে হবে। আমি অবিলম্বে কর্মচারিদের বেতন এবং কারখানাটি খোলার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন, শহরাঞ্চলে এবং পৌরসভা এলাকায় ভাড়াটিয়া আইন চালু আছে, যারফলে বাড়ির মালিক সহজে অন্যায়ভাবে ভাড়াটিয়াদের উচ্ছেদ করতে পারে না। আজকে বামফ্রন্ট সরকারের দীর্ঘ ১৭ বছরের রাজত্বে নানা গণমুখি কার্যকলাপের ফলে দেশে অর্থনৈতিক উন্নতি ঘটেছে এবং তার সাথে সাথে গ্রামীণ এলাকায় শহর এবং গঞ্জ গড়ে উঠেছে এবং ব্যবসা কেন্দ্র হিসাবে তৈরি হচ্ছে। সেখানে অনেক মানুষ ব্যবসা করে জীবিকা নির্বাহ করছে। সেখানে আজকে দেখা যাচ্ছে বাড়ির মালিকরা অন্যায়ভাবে ভাড়াটিয়াদের উচ্ছেদ করার চেষ্টা করছে। যাতে এই সমস্ত ভাড়াটিয়াদের উচ্ছেদ না করা যায় তারজন্য সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়কে আইন চালু করার আবেদন জানাচ্ছি।

[12-50 — 1-00 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটি গুরুত্বপূর্ণ ঘটনার উত্থাপন করছি। স্যার, ১৭ই মে মালদার চাঁচলের ২নং ব্লকে ভাগভাদো গ্রামে সি.পি.এম পার্টির কিছু ক্যাডার এবং কিছু গুন্ডা সন্ধ্যা ৬টা থেকে রাত্রি ৯টা পর্যন্ত তান্ডব চালায়, মাজেদের ঘর বাড়ি ভেঙে দেয়, তার মাকে প্রচন্ড মারধোর করে এবং তিনি এখন হাসপাতালে ভর্তি আছেন। গ্রামের লোকেরা বাধা দিলে তাদেরও ৭/৮ জনের বাড়ি ঘর ভেঙে দেয়। ১৭ তারিখে ঘটনা ঘটেছে, ২৫ তারিখেও ওখানে কোনও পুলিশ যায়নি, কাউকে অ্যারেষ্ট করে নি। আমরা থানায় গেলে বলছে যে যাদের বাড়ি ভেঙেছে তারা তো কোন ডায়েরি করেনি। আমাদের লোক ডায়রি করতে গেলে তাদের বিরুদ্ধে নন বেলেবল কেস দিয়ে তাদের জেলখানায় আটকে রাখা হচ্ছে। তাদের মা হাসপাতালে রয়েছে, বাচ্চারা খেতে পাচ্ছে না, ভাগভাদো গ্রামে এই অবস্থা হয়েছে, আমি আপনার মাধ্যমে বলতে চাই মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে, যে এ ব্যাপারে তদন্ত করা হোক, নিরপেক্ষ দৃষ্টিভঙ্গি দিয়ে এ ব্যাপারটা দেখা হোক, দোষীদের অ্যারেস্ট করা হোক। আর একটা কথা ঐ গ্রামের মানুষেরা আমাকে কতকগুলি ছবি দিয়েছেন সেগুলি আমি আপনার কাছে জমা দিচ্ছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহদয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান-দুর্গাপুরের মধ্যে মানকরে, মানকর কলেজ ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত হয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের জন্মদিনে, এবং মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয় সেই উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন। ৭ বছর হয়ে গেল শুধু মাত্র ৬টি আর্টস সাবজেক্ট পড়ানো হচ্ছে। ওখানে ছাত্র-ছাত্রির সংখ্যা যথেষ্ট এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে প্রতি বছর ভাল ফল করেছে। আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে দাবি করছি শিক্ষার প্রসারের স্বার্থে কমার্স, হিন্দি এবং জিওগ্রাফি এই ৩টি বিষয়ের জন্য যেন সরকার অনুমোদন দেন। বিস্তীর্ণ এলাকার পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রিরা যাতে পড়তে পারে তার

ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারকেশ্বরের বালিয়াড়ি এক নম্বর ব্লকের অন্তর্গত জয়নগর, শ্যামপুর এবং কুঞ্জবন এই তিন জায়গার মানুষের স্বার্থে ওখানকার রাস্তাটি এখনও নির্মিত হয়নি, জনগণের চলাচলের পক্ষে সেটা খুবই বিপদজনক, ঐ রাস্তাটি না থাকায় শহরের সঙ্গে যোগাযোগ ব্যবস্থারও খুব অসুবিধা হচ্ছে। তাই আমি যাতে রাস্তাটি তাড়াতাড়ি নির্মিত হয় তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**ডঃ নির্মল সিনহা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের উপর মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার দুটি অঞ্চলে ধামা উত্তর আর বারুইপুর অঞ্চলে যে একটি মাত্র সড়ক বাইরের সঙ্গে যুক্ত সেই সড়কের দুই দিকে দুটি বিট, একটি বিট সম্পূর্ণ বিধ্বস্ত, আর পশ্চিমদিকের বিটটি খুব ধীর গতিতে হচ্ছে, যারজন্য ওখানে কোনওরমক পণ্য সরবরাহ করা যাচ্ছে না। আমি তাই মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করব, কাজটা যাতে দ্রুত গতিতে হয় তারজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী সুভাষচন্দ্র বসু :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের এবং বিরোধী বন্ধুদের দৃষ্টি আকর্ষণ করছি। কয়েক দিন যাবৎ পশ্চিমবঙ্গে তোলপাড় হচ্ছে খাটাল উচ্ছেদ নিয়ে। সেখানকার গরু মোষ কোথায় নিয়ে যাওয়া হচ্ছে এই নিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করা হচ্ছে। আমি হরিণঘাটার এস.এল.এফ. দুগ্ধ প্রকল্পের মনিটরিং কমিটির একজন সদস্য। ওখান থেকে যেসব গরু-মোষ নিয়ে যাওয়া হচ্ছে সেগুলোকে একটি স্বাস্থ্যকর জায়গায় রাখা হয়েছে। তারজন্য পানীয় জল, খাবার এবং ঘরের যে ব্যবস্থা করে দেওয়া হয়েছে সেটা করা কোনও গৃহস্থ বা খাটালওয়ালার পক্ষে সম্ভবপর নয়। এতদিন পর্যন্ত বিরোধী বন্ধুরা বলতেন খাটালের কারণে কলকাতা অস্বাস্থ্যকর হয়ে গেছে। আজকে তারজন্য সরকার যে ব্যবস্থা করেছেন সেটা যে কোনও সাংবাদিক গিয়ে দেখে আসতে পারেন যে, এর থেকে উন্নত ব্যবস্থা আর কিছু হতে পারে না। ওখান থেকে দুগ্ধ কলকাতায় নিয়ে আসা হচ্ছে। কিন্তু আজকে এ-ব্যাপারে একটা অপপ্রচার চলছে কলকাতা এবং কলকাতার বাইরে। কলকাতাকে অস্বাস্থ্যকর পরিস্থিতি থেকে বাঁচাতে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যবস্থা গ্রহণ করেছেন সে-ব্যাপারে আপনারা সহযোগিতা করুন এবং সেখানে গিয়ে দেখে আসুন গরু মোষের জন্য কিরকম ব্যবস্থা নেওয়া হয়েছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় প্রাথমিক শিক্ষা বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে মেদিনীপুর জেলাতে আট হাজারের মতো প্রাথমিক বিদ্যালয় রয়েছে, কিন্তু সেখানকার ছাত্রছাত্রিরা পাঠ্যপুস্তক পাচ্ছে না, টেক্সট বুক পাচ্ছে না এবং তারফলে তাদের খুবই অসুবিধা হচ্ছে। ব্যাপারটা জেলা পরিষদকে জানানো হয়েছে এবং তারা সেটা শিক্ষা দপ্তরকেও বলেছেন, কিন্তু শিক্ষা দপ্তর থেকে কোনও সাড়া পাওয়া যাচ্ছে না। আজকে বই পাঠাতে যদি আরও বিলম্ব হয় তাহলে ছাত্র-ছাত্রিরা খুবই ক্ষতিগ্রস্ত হবে। তাই আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি, অবিলম্বে যাতে ঐ জেলাতে প্রাথমিক ছাত্রছাত্রিদের জন্য পাঠ্যপুস্তক সরবরাহ করা হয় তারজন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় কেলেঘাই কপালেশ্বরি স্কীম নিয়ে আলোচনা হয়ে গেছে। এটা জি.এফ.সির কাছে গেছে। কিন্তু সেটা পরিবেশ দপ্তর, অর্থ দপ্তর হয়ে ঘুরে আসতে অনেক দেরি হয়ে যাবে যারফলে অনেক অঘটন ঘটে যেতে পারে। কয়েক দিনের মধ্যেই বর্ষা নেমে যাচ্ছে। ইতিমধ্যেই কেলেঘাই-এর দুই পারে রেন-কাট হচ্ছে, ফলে সেখানকার বাঁধ ভেঙে যাবার সম্ভাবনা রয়েছে। বিশেষ করে পটাশপুরের গোকুলপুরের ঘেঁরি বাঁধের যদি মেরামত না হয় তাহলে বাঁধ ভেঙে যাবে এবং তাহলে সবং, পটাশপুর, গোকুলপুর, নন্দীগ্রাম, এগরা প্রভৃতি অঞ্চলে বিপদ দেখা দেবে। তারজন্য কেলেঘাই-এর দুই পার এবং গোকুলপুরের ঘেঁরি বাঁধ অবিলম্বে মেরামত করার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী মোজাম্মেল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। আমার নির্বাচনি কেন্দ্রে ফের সমাজবিরোধীরা কংগ্রেস এবং এস.ইউ.সি'র মদতে পরিপূর্ণ হয়ে আবার সন্ত্রাস সৃষ্টি করতে শুরু করেছে। ইতিমধ্যে ২৯শে মে আমাদের পার্টির কর্মী খোসরুর মল্লিককে খুন করা হয়েছে। সেখানে সন্ত্রাসের ফলে মানুষ এলাকায় ঘরবাড়ি ছেড়ে চলে যাচ্ছে। কাঞ্চন নগর এবং তার পার্শ্ববর্তী এলাকায় তারা আগ্নেয়াস্ত্র নিয়ে ঘোরাঘুরি করছে। সংশ্লিষ্ট যে পুলিশ ক্যাম্প আছে সেখানে মানুষ গিয়ে অভিযোগ করছে। কিন্তু ক্যাম্প থেকে বলা হচ্ছে যে উর্ধ্বতন অফিসারের নির্দেশ নেই। তারপরে পদ্মনাগপুর গ্রামে কংগ্রেসের উপ-প্রধান চক্রান্ত করে ঐ গ্রামের একজন যুবককে খুন করার চেষ্টা করে। সে আহত অবস্থায় থানায় যায় অভিযোগ করতে। কিন্তু থানার অফিসার তার অভিযোগ না নিয়ে তাকেই থানা লক আপে ভরে দেন। এই ভাবে সমস্ত এলাকায় সন্ত্রাসের কাজে তারা আত্মনিয়োগ করেছে। এটা হচ্ছে তাদের শেষ পর্যায়ের পদক্ষেপ। কাজেই এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে কাটোয়া সাব-রেজিস্ট্রি অফিস আছে। সেই সাব-রেজিস্ট্রি অফিসের যে বিল্ডিং আছে সেটা ১০০ বছরের পুরানো এবং অত্যন্ত স্বল্প জায়গা। কাজেই এখানে কাজ চালানো যাচ্ছেনা। এখানে যে কাজ হয় তার ভ্যলুমের কথা শুনলে অবাক হয়ে যাবেন। এই অফিসে এখন পর্যন্ত ৮,৯৩৯টি দলিল রেজিস্ট্রি হয়েছে এবং এতে সরকারের আয় হয়েছে ৭০ লক্ষ ২৪ হাজার ৬৭৫ টাকা। এখানে দলিলের সার্টিফায়েড কপি দেওয়া হয়েছে ৪ হাজার ১৯৪টি এবং তা থেকে আদায় হয়েছে ৪১ হাজার ৯৪০ টাকা। কিন্তু এখানে উপযুক্ত বিল্ডিং না থাকায় সরকারি জিনিস পত্র নষ্ট হয়ে যাচ্ছে। এখানে কাজ করার জায়গা এত কম যে সেখানে কাজ করা যাচ্ছে না। কাজেই অবিলম্বে অফিসটি একটা ভাল জায়গায় স্থানান্তরিত করা দরকার যাতে সরকারি গুরুত্বপূর্ণ যে সমস্ত রেকর্ড আছে সেগুলি নষ্ট না হয়। এর পাশাপাশি আর একটা কথা বলতে চাই যে, এখানে যারা দলিল লেখক আছেন, তাদের জন্য কোনও বিল্ডিং না থাকায় তারা রাস্তার পাশে বসে দলিল লেখেন। কাজেই তাদেরও একটা ঘরের জন্য ব্যবস্থা করা

দরকার। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করব যে বিষয়টির গুরুত্ব বিবেচনা করে সেই অফিসটি স্থানান্তরিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন।

**শ্রীমতী মমতা মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টি হচ্ছে, রাজ্যের একমাত্র মহিলা প্রতিবন্ধীদের জন্য জেল যেটা পুরুলিয়া শহরে তৈরি হয়েছিল, সেটা পরবর্তীকালে স্বাস্থ্য দপ্তর গ্রহণ করে এই মর্মে যে রাজ্যের বিভিন্ন জেলে যে সমস্ত লুন্যাটিক রুগি আছে, বা মানসিক দিক থেকে ক্ষতিগ্রস্ত যে সমস্ত বন্ধনী আছেন, তাদের সেখানে নিয়ে এসে রাখা হবে এবং চিকিৎসা করা হবে। বর্তমানে ঐ মেন্টাল হাসপাতালে একজন সুপারিনটেনডেন্ট এবং ১০ জন নার্স পোস্টিং হয়েছে। আমরা সি.পি.এ.-এর তরফ থেকে সারা রাজ্যের বিভিন্ন জেলে বিনা পয়সায় যে সমস্ত মানসিক ক্ষতিগ্রস্ত মহিলা বন্ধনী আছেন তাদের দেখে এসেছি। কাজেই ঐ মেন্টাল হাসপাতালটি চালু করার ক্ষেত্রে কোথায় বাধা দেখা দিয়েছে সেটা খতিয়ে দেখা এবং অবিলম্বে হাসপাতালটি চালু করার জন্য ব্যবস্থা নিতে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী কমলেন্দু সান্যাল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি গুরুতর বিষয়ে। গত ৩১শে মে এবং পয়লা জুন নদীয়া জেলায় পলশুন্ডা গ্রাম পঞ্চায়েতের ধাওয়াপাড়া গ্রামে ৫০।৬০ জন দুষ্কৃতকারি অনেক বাড়ি লুটপাট করে। এর বিরুদ্ধে থানা ব্যবস্থা গ্রহণ করে এবং থানা দুটি দেশি বন্দুক উদ্ধার করে, অনেক তীর, বল্লম উদ্ধার করে এবং দু-জনকে গ্রেপ্তার করে। অবাক হয়ে যাই হঠাৎ ডি.এস.পি (হেড কোয়ার্টার্স) হাজির হলেন এবং দুষ্কৃতকারিদের পক্ষে বক্তব্য রাখতে শুরু করলেন এবং থানার অফিসারদের থ্রেট করতে আরম্ভ করলেন। কেন এটা করলেন আমি জানি না। আমার মনে হয় এই ব্যাপারে গভির ষড়যন্ত্র আছে। এই ব্যাপারে অবিলম্বে দৃষ্টি দেওয়ার দরকার আছে। অন্য জেলা থেকে পেরিয়ে এসে দুষ্কৃতকারিদের হয়ে কেন ডি.এস.পি. (হেড কোয়ার্টার্স) নাক গলাচ্ছে সেটা বুঝতে পারছি না।

**শ্রীমতী মমতাজ বেগম :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৭ সাল থেকে উল্লেখ করে আসছি এবং প্রশ্ন উত্তর পর্বে কয়েকবার বিষয়টা জানিয়েছি যে আমার বিধানসভা কেন্দ্র রতুয়ার অন্তর্গত মহানন্দটোলা, বিলাইমাড়ি মৌজায় বিদ্যুতায়নের কাজ করা অত্যন্ত দরকার। এখানকার মানুষ বিদ্যুতের অভাবে প্রচন্ড কষ্ট পাচ্ছে। তা ছাড়া এই বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কান্দারন মৌজায় শুনেছি কাজ শুরু হয়েছে। কিন্তু আমি বিভিন্ন ভাবে অভিযোগ পাচ্ছি যে কাজ শুরু হয় নি। আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুতমন্ত্রীর কাছে অনুরোধ রাখবো অবিলম্বে মহানন্দটোলা এবং বিলাইমাড়ি গ্রামে বিদ্যুতের কাজ শুরু করুন এবং কান্দারন মৌজার কাজ সম্পন্ন করুন। ওনারা এখানে ৩৫৬ ধারা প্রয়োগ করবেন বলছেন। ওনাদের আমলে ওনাদের বিদ্যুতমন্ত্রী যিনি ছিলেন তার আমলে বলা হয়েছিল এখানকার প্রতিটি গ্রামে বিদ্যুতায়ন করা হয়ে গেছে। কিন্তু তা হয়নি। বামপন্থী মানুষ, খেটে খাওয়া মানুষ, সাধারণ মানুষ যে সমস্ত এলাকায় বাস করে সেখান দিয়ে বিদ্যুতের লাইন যায় নি। যেখানে যেখানে কংগ্রেসের লোক বাস করে সেখানে বিদ্যুতের লাইন দিয়েছে। আমাদের এই বামফ্রন্ট সরকার জনস্বার্থে কাজ করার জন্য নজির সৃষ্টি করেছেন। এই সরকারের মন্ত্রী

সঠিকভাবে সাধারণ মানুষের স্বার্থে কাজ করে যাচ্ছেন। সেইজন্য দাবি করছি এই এলাকাগুলি বিদ্যুতায়নের কাজ শুরু করুন এবং কান্দারণে বিদ্যুতায়নের কাজ সম্পন্ন করুন।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সুতি দু-নম্বর ব্লক এলাকায় এম.আর.ডিলারদের যে কেরোসিন সাপ্লাই দেওয়া হয় কেরোসিন বড় ডিলারদের মাধ্যমে, কোথাও কোথাও ২০০ লিটারের ব্যারেলে সাড়ে পাঁচ লিটার কেরোসিন তেল কম দেওয়া হয়। একে তো এম.আর.ডিলারদের লভ্যাংশ খুব কম তার উপর এইরকম হারে কেরোসিন তেল কম দেওয়া হচ্ছে। আমরা যে কেরোসিন পাই তা অত্যন্ত কম, কখন মাথা পিছু ১০০ গ্রাম কখন দেড়শো গ্রাম করে প্রতি সপ্তাহে তেল পাই। তার উপর আবার ব্যারেল প্রতি সাড়ে পাঁচ লিটার করে কম দেওয়া হচ্ছে। ইন্সপেক্টারের সামনে ওজন করে দেখা হয়েছিল, সেখানে তিনজন ইন্সপেক্টর ছিলেন, তারা দেখলো প্রতি ব্যারেলে সাড়ে পাঁচ লিটার তেল কম। এই ব্যাপারে আমি অবিলম্বে ফুড অ্যান্ড সাপ্লাই মিনিস্টারের হস্তক্ষেপ দাবি করছি যাতে ব্যারেল প্রতি সাড়ে পাঁচ লিটার তেল কম না আসে, সঠিক মাপে তারা যাতে তেল পায় তার ব্যবস্থা করা হোক। এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে ফুড অ্যান্ড সাপ্লাই দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সেইসঙ্গে সঙ্গে আপনার মাধ্যমে এম.আর ডিলারদের একটি লিখিত আবেদন আপনার মাধ্যমে দাখিল করছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, গত কয়েক মাস আগে কলকাতায় রাণী রাসমনি ছাত্রিনিবাসে একজন তপসিল সম্প্রদায় ভুক্ত শিক্ষার্থি, মৌসুমী সাহা রায় তারই কিছু সহপাঠি ছাত্রিদের দ্বারা নৃশংস ভাবে নিহত হয়েছিল প্রহারের ফলে। সেই ব্যাপারে প্রশাসনিক তদন্ত হয়েছে এবং সংবাদপত্রেও তা বেরিয়েছে। আমি আপনার- মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে, অতীতে বিভিন্ন দুর্ঘটনার ফলে বা গুলি চালনার ফলে নিহত ব্যক্তির জন্য তার পরিবারকে রাজ্য সরকার আর্থিক ক্ষতি পূরণ দিয়েছেন। আমার আবেদন এই যে, পরিবারের মধ্যে খুব মেধাবি ছাত্রি এই মৌসুমী। মৌসুমির পরিবার খুবই দুস্থ। পরিবারের লোকজন তার মৃত্যুর জন্য ভেঙে পড়েছে। সেজন্য আমি আবেদন জানাচ্ছি যাতে তার পরিবারকে সরকারের পক্ষ থেকে ক্ষতিপূরণ, আর্থিক সাহায্য দেওয়া হয় এবং পরিবারের একজনকে যাতে চাকুরি দেওয়া যায় তারজন্য। সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি এই বিষয়টি সহানুভূতির সঙ্গে দেখবেন। তিনি এই ব্যাপারে যে ডিপার্টমেন্টাল অর্ডার দিয়েছিলেন সেটি বেরিয়েছে। মৌসুমির পরিবারের একজনকে চাকুরি দিয়ে আর্থিক অসুবিধার হাত থেকে মাননীয় মন্ত্রী মহাশয় রক্ষা করুন।

**শ্রী বিশ্বনাথ মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত ও সড়ক বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ৩৪ নম্বর জাতীয় সড়ক যে রাস্তাটি গৌরাঙ্গ সেতু থেকে বর্ধমান সহ তিন-চারটি জেলার সাথে যুক্ত আছে। এই রাস্তাটির অবস্থা অত্যন্ত খারাপ। বর্ষা এসে গিয়েছে, ফলে যে কোনও সময়ে ওখানে দুর্ঘটনা ঘটতে পারে। অবিলম্বে রাস্তাটি মেরামত করা দরকার। এই রাস্তা দিয়ে প্রতিদিন কয়েক হাজার বাস ও লরি যাতায়াত করে। আমি অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ

করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় প্রা সম্পদ বিকাশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করছি। প্রা সম্পদ বিকাশমন্ত্রী বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে সঠিক সময়ে, সঠিক ভাবে সিদ্ধান্ত গ্র করেছেন যে কলকাতা মহানগরকে পরিচ্ছন্ন রাখতে, পরিবেশ দূষণের হাত থেকে মুক্ত কর জন্য খাটাল উচ্ছেদ করা হবে। দুর্ভাগ্যের বিষয়, এই পরিকল্পনাকে বানচাল করার জ কংগ্রেসের পৌরপিতা গরু মহিষ নিয়ে কর্পোরেশনের চারিদিকে ঘুরে বিক্ষোভ দেখিয়েছেন। এ দলটি আবার এখানে ৩৫৬ ধারার প্রয়োগ চায়। আমি দীর্ঘদিন যাবৎ বামপন্থী আন্দোলনে সঙ্গে যুক্ত আছি। গত ৯ তারিখে ব্যবসায়িরা মিছিল করে একটি সভা অনুষ্ঠিত করে। সভা সেদিন অনুষ্ঠিত হয়, সেই একই মঞ্চে একজন বামপন্থী ট্রেড-ইউনিয়নের নেতা কী ক উপস্থিত হলেন তা বুঝতে পারলাম না। **(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)**

**শ্রী ননী কর :** মিঃ স্পিকার স্যার, আমি কৃষক সমাজের উপরে নতুন এক ভয়ঙ্ক আক্রমণের বিষয়ে উল্লেখ করছি। গত বৃহস্পতিবার, ৯।৬।৯৪ তারিখ রাত্রি বারটার প আমাদের দেশে ইউরিয়া সারের উপরে দাম বৃদ্ধি ঘটেছে শতকরা ২০ ভাগ। সেখান থে নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয়েছে। অ্যামোনিয়া সালফেট, অ্যামোনিয়া ক্লোরাইড এবং নাইট্রোজে ভিত্তিক সব সারের উপর থেকে নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয়েছে। এই নিয়ন্ত্রণ তুলে নেও হয়েছে অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে। বাজেটে পটাশিয়াম এবং ফসফেটের উপর থেকে দামে নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয়েছিল। ইউরিয়া সারের শতকরা ৩০ ভাগ দাম বাড়ানোর ক কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং ঘোষণা করলেন। যেটা আগে কমিয়ে ১০ ভাগ রা হয়েছিল এবার অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে সেটা বাড়িয়ে ৩০ ভাগ করলেন। আপনি জানবে এটা কখনোই কেন্দ্রীয় সরকারের স্বার্থে যাচ্ছে না। এটা আই এম এফ এবং গ্যাট চুক্তি যে হয়েছে তারফলে করা হয়েছে, এবং এরফলে কৃষকরা তাদের উৎপাদিত জিনিস আর তৈ করতে পারবে না, সারে দাম বাড়বে, জলের দাম, বিদ্যুতের দাম বাড়বে এবং সমস্ত কিছু ভরতুকি উঠে যাবে। এই আক্রমণের বিরুদ্ধে আমাদের সমবেতভাবে প্রতিবাদ করতে হ এবং এটা প্রতিহত করার দরকার।

**শ্রী তুলসী ভট্টরাই :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৯ তারিখে রাত্রে দার্জিলিংয়ে পাহাড়ী অঞ্চলে ভীষণ বৃষ্টির ফলে ওখানে ধ্বস নেমেছে, ওই ধ্বসে ৩ জন লোক মা গেছে এবং ৩ জন লোক উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে তিনদিন ধরে মৃত্যুর সঙ্গে পাঞ লড়ছে। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে অনুরোধ করছি যে এই রাস্তাটি আগে পূর্ত দপ্তরের ছিল কিন্তু গোর্খা পার্বত্য পরিষদকে এই রাস্তা তারা হস্তান্তর করেছেন। এ রাস্তাটি কিছুদিন আগে তৈরি হয়েছিল কিন্তু বৃষ্টির ফলে এই রাস্তায় ধ্বস নামে এবং ৩ জ লোক মারা যায় এবং ৩ জন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। ওই রাস্তার যারা কনট্রাক্টর তাদে জন্য এই দুর্ঘটনা ঘটল এবং অবিলম্বে তাদের সাজা দেওয়ার ব্যবস্থা করা হোক। ও কন্ট্রাক্টরদের ব্ল্যাক লিস্ট করতে হবে। যে তিনজন মারা গেলেন তাদের পরিবারকে কম্পেনসেস দেওয়া হোক এবং ৩ জন যারা অসুস্থ তাদের রিলিফের ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী নন্দরানি দল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার ঘাটাল পৌরসভার ১৩নং ওয়ার্ডে রামপদ হড় নামে এক ব্যক্তি ৩টি নাবালিকা যাদের বয়স ৬, ৭, ১০ তাদের উপরে পাশবিক অত্যাচার করে। এরফলে ওই এলাকার লোক জমায়েত হয়ে ওকে গণ ধোলাই দেয়। এই ঘটনাতে ওই এলাকার মায়েরা আতঙ্কিত হয়ে পড়েছে। সুতরাং আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ওই সমাজের স্বার্থে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়, তাতে তিনি যে দলেরই হোক না কেন। এবং খুঁজে বার করা হোক তিনি কোনও দলের। আজকে এই ধরনের ঘটনা প্রায়ই ঘটছে অথচ মায়েরা লজ্জায় থানায় এইসব বিষয়ে ডায়রি করতে যাচ্ছেন না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাননীয় মুখ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগে মাননীয় সদস্য শ্রী ননী কর মহাশয় যে কথা বলেছেন যে কেন্দ্রীয় কংগ্রেসি সরকার অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডারে ইউরিয়া সারের দাম ২০ বাড়িয়েছে এবং ফসফেট ও নাইট্রোজেনের নিয়ন্ত্রণ মুক্ত করলেন তারই পুনরাবৃত্তি করে আমি বলতে চাই যে এরফলে চাষের ক্ষেত্রে এক জটিলতা সৃষ্টি হবে। চাষের ক্ষেত্রে এই ইউরিয়া অত্যন্ত প্রয়োজনীয় সার। সুতরাং আমার অনুরোধ এই ব্যাপারে একটা রেজলিউশন মুভ করে হাউস থাকতে থাকতে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক। চাষের যে ভীষণ দুরবস্থা সেকথা জানানো হোক। এই রেজলিউশান সর্বসম্মতিক্রমে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক এই দাবি আমি করছি।

[1-20 — 1-30 p.m.]

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ভয়ঙ্কর ঘটনার কথা আপনার মাধ্যমে আমি মাননীয় পরিবহন মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ঘটনাটা ৩রা জুন ঘটেছে। একটা মাছ ধরার ট্রলার চেমাগুড়ি থেকে মৌসুমী দ্বীপ পর্যন্ত যাচ্ছিল। এটার কন্ট্রোল জেলা পরিষদ করছে। এই অবস্থায় সেখানে যে দুর্ঘটনা ঘটে সেটার খবর পেয়ে আমরা সেখানে ছুটে যাই, সেখানে ৩০টি মৃতদেহ আমরা উদ্ধার করেছি, সেখানে দেড়শত মানুষ ছিল। মা অভয়া লঞ্চের ঘটনা কয়েকদিন আগেই সেখানে ঘটেছে তারপরে আবার কয়েক মাসের মধ্যেই সেখানে এই ঘটনা ঘটল। এই ঘটনায় সেখানে মন্ত্রী আব্দুল কায়ুম মোল্লা, পরিবহন মন্ত্রী, সুবোধ চৌধুরি মহাশয় গিয়েছিলেন, ডি.এম. ছিলেন, কিন্তু প্রশ্ন হচ্ছে এখন সেখানে বিস্তীর্ণ এলাকায় ফেরি সার্ভিস বন্ধ। সেখানে হাজার হাজার লোক তারা দাবি করেছেন, মন্ত্রীর কাছে দাবি করেছেন এই ফেরি সার্ভিস এর কাজ উন্নত পদ্ধতিতে বেটার ভেসেল দিয়ে কিংবা স্টিমার লঞ্চ দিয়ে এই কচুবেড়িয়ার সার্ভিসের মতো ফেরি সার্ভিস চালাবার জন্য। আমি তিনবার মুখ্যমন্ত্রীকে টেলিফোন করে এই ব্যাপারে জানিয়েছি, পরিবহন মন্ত্রীকে জানিয়েছি এবং দাবি করছি যাতে ফেরি সার্ভিস সেখানে চালু হয়।

**শ্রী রবীন দেব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে উপস্থাপন করছি। আমাদের রাজ্যে তেল ও প্রাকৃতিক গ্যাস কমিশন এই রাজ্যের প্রতি একটা বঞ্চনা অব্যাহত রেখেছে। ইতিমধ্যে ইছাপুরে ১ নম্বর রিগকে তুলে

নেওয়া হয়েছে, গত কয়েকদিন ধরে রিজিওনাল ডাইরেক্টার চিহ্নিত গন্ফগ্রীন যে রিগটা রয়েছে সেটাকে তুলে দেওয়ার জন্য। এই রাজ্যে তেল উত্তোলনের অবস্থা দীর্ঘদিন ধরে রয়েছে, সেই অবস্থায় এখানে যে তিনটি রিগ রয়েছে তার মধ্যে একটাকে তুলে নেওয়া হয়েছে, একটা অকেজো, আর একটার কাজ শুরু করার পরিকল্পনা নেই। ইতিমধ্যে আমরা দেখছি ও.এন.জি.সি.কে প্রাইভেটের হাতে তুলে দেওয়ার চেষ্টা করছে, এটা একটা রাজ্যের প্রতি বঞ্চনা, এই রিগ যাতে চালু থাকে তারজন্য ও.এন.জি.সি. ওয়ার্কমেনস অ্যাশোসিয়েশন এই ব্যাপারে বিক্ষোভ দেখিয়েছে, এই ব্যাপারে আমি মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুতর বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কেন্দ্রীয় তদন্ত কমিটি একটা রিপোর্ট দিয়েছেন গোটা দেশে ৪৪ লক্ষ বিড়ি শ্রমিকের সম্পর্কে। এদের ব্যাপারে একটা ভয়াবহ চিত্র ফুটে উঠেছে। ৪৪ লক্ষ বিড়ি শ্রমিকের মধ্যে — সরকারের যে নূন্যতম আইন আছে — ২৩ লক্ষ বিড়ি শ্রমিক সেই সুযোগ পাচ্ছেন না। মাত্র ২১ লক্ষ শ্রমিক পাচ্ছেন। আমাদের রাজ্যের ক্ষেত্রে এই যে বিড়ি শ্রমিকরা আছেন তারা অত্যন্ত বাজে অবস্থায় আছেন। সরকারের যে সুযোগ সুবিধা আছে সেটা তারা পাচ্ছেন না। বিড়ি শ্রমিকদের যে নূন্যতম মজুরি সেটা তারা পাচ্ছেন না, তাদের ওয়েলফেয়ার স্কীমের সুযোগ সুবিধাও পাচ্ছেন না, সঙ্গে সঙ্গে তাদের যে হাজার টাকা দেওয়ার সুযোগ আছে সেটাও পৌঁছে দেওয়া যাচ্ছে না। তাই আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই বিড়ি শ্রমিকদের ব্যাপারে চিন্তা-ভাবনা করা হোক এবং যে আইন আছে সেটা কঠোরভাবে প্রয়োগ করা হোক এবং তারা যাতে নূন্যতম মজুরি পায় সেটার ব্যবস্থা করা হোক। এবং সঙ্গে সঙ্গে সরকারের যে সুযোগ সুবিধা আছে সেটা দেখা হোক।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ব্যাপার আপনাকে জানাচ্ছি। আগামী ২১শে জুন নরসিমা রাও সরকারের তিন বছর পূর্ণ হচ্ছে। ১৯৮৯ সালে দেশে যে রাজনৈতিক অনিশ্চয়তা দেখা দিয়েছিল ভি.পি.সিং সরকারের আমলে সেকথা সকলেই জানেন। সেইরকম একটা অনিশ্চয়তার মধ্যে এতবড় একটা দেশ তার যে যাত্রা শুরু করেছিল, নরসিমা রাও-এর সরকার তিন বছর সফল ভাবে কেন্দ্রে সরকার চালিয়ে সেই অনিশ্চয়তা দূর করে দিয়েছেন। সেই সরকারের যে অর্থনৈতিক সংস্কারের পরিকল্পনা সেটা শুধু সারা ভারতবর্ষেই নয়, বিদেশেও সমাদর পেয়েছে। আজ আমেরিকা থেকে পুঁজিপতিরা এ দেশে আসছেন তাদের পুঁজি বিনিয়োগ করতে। স্যার, ভারতবর্ষ তার নিজের পথে চলতে অবিচল। আপনি জানেন, নরসিমা রাও দেশে ফিরে এসে পৃথ্বি উৎক্ষেপণ করে সেটা প্রমাণ করে দিয়েছেন। স্যার, আমরা সদ্য দিল্লি থেকে ফিরলাম কংগ্রেসের অধিবেশনে যোগ দিয়ে। সেখানে কংগ্রেস পার্টির মধ্যে আমরা একটা প্রানবন্ত ভাব লক্ষ্য করেছি। অন্যদিকে নরসিমা রাও সরকারের নিরাপত্তাও পুরোপুরিভাবে প্রতিষ্ঠিত হয়েছে। বামপন্থীরা দেখছি নির্বাচনী সংস্কার বিলের ব্যাপারে নরসিমা রাও সরকারকে সমর্থন করছেন। এতদিন পরে ওদের শুভ বুদ্ধি হয়েছে। দেশের স্বার্থে ওরা নরসিমা রাওকে সমর্থন করুন কারণ কংগ্রেস দলের নরসিমা রাও-এর সরকার ছাড়া অন্য কোনও সরকার দেশের স্থিরতা দিতে পারে না, দেশের অগ্রগতি নিশ্চিত করতে পারে না, বিদেশি নীতিতে স্থায়িত্ব আসতে পারে না, ভারতবর্ষের সুনাম

বাড়তে পারে না। স্যার, আমি আপনার কাছে কৃতজ্ঞ কারণ আপনি আমাকে আসার পরই বলতে দিয়েছেন। এতবড় একটা ঘটনা ঘটতে চলেছে, এই ঘটনার কথা যদি এখানে না বলি তাহলে আমার মনে হয় আমাদের কর্তব্যে ত্রুটি থেকে যাবে। আমি আশা করি, বামপন্থীরা নরসিমা রাও-এর সরকারের কাছ থেকে শিক্ষা নেবেন। স্যার, এই প্রসঙ্গে বলি, আমরা অনুরোধ করা সত্ত্বেও নরসিমা রাও, মাননীয় প্রধানমন্ত্রী এখানে ৩৫৬ ধারা প্রয়োগ করতে চাইছেন না, তিনি বলছেন, ওদের পাপেই ওরা ধ্বংস হয়ে যাবেন, ভেঙে পড়বেন, ৩৫৬ ধারার দরকার নেই। ওর এই গণতান্ত্রিক মনোভাবের প্রতি আমরা সমর্থন জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** সৌগতবাবু তিন বছর পূর্তির কথা বললেন, ২১শে জুন আর একটা বিরাট কি পূর্তির ব্যাপার আছে না ননীবাবু?

**শ্রী রবীন মন্ডল ঃ** স্যার, ২০শে জুন বামফ্রন্টের ১৮ বছর পূর্ণ হচ্ছে।

[1-30 — 1-40 p.m.(including Adjournment)]

**শ্রী ননী কর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় উল্লেখ করেছেন যে কেন্দ্রীয় সরকারে স্থায়িত্ব এসেছে, তিন বছর এই সরকারের পূর্ণ হচ্ছে। স্যার, এই প্রসঙ্গে যে কথাটা উনি বলতে ভুলে গিয়েছেন অথচ সকলের কাছে বলা দরকার সেটা হল, এই নরসিমা রাও সরকার যখন কেন্দ্রে এসেছিলেন তখন কিন্তু তারা মাইনরিটি ছিলেন। তখন তারা ভীতসন্ত্রস্ত ছিলেন। যখন কয়েকজন এম.পি.কে. কিনতে পারলেন তখন এই কথা বলছেন। সৌগত রায় মহাশয় এক সময় এম.পি. ছিলেন, তিনি সব জানেন। ওরা যখন কয়েকজন এম.পি.কে কিনতে পারলেন তখন ওদের অর্থমন্ত্রী তার বক্তৃতার শুরুতে বললেন যে এখন একটা সাংঘাতিক সুযোগ এসেছে, আমরা মেজরিটি হয়েছি। স্যার, নির্বাচন ছাড়া মেজরিটি সেটা কতখানি গৌরবের সেটা ওদের চিন্তা করা দরকার। আর এটাও ঠিক যে আমাদের ভারতবর্ষে এরকম ঘটনা কোনওদিন হয়নি। পন্ডিত নেহেরু, ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধী অনেকে এলেন, গেলেন কিন্তু এইরকম বিদেশিদের কাছে হাত জোড় করে, তাদের পা ধরে থাকা এরকম সরকার অতীতে কোনওদিন হয়নি। স্যার, আমাদের বৈজ্ঞানিকরা পৃথ্বি উৎক্ষেপণ করবেন কিন্তু তা বন্ধ হয়ে গেল কারণ আমেরিকা চায় না। তারপর উনি সেখানে চলে গেলেন এবং তাদের পা ধরে হাত জোড় করে অনুমতি নিয়ে এলেন—এরকম কোনওদিন হয়নি। তারপর এই যে গ্যাট চুক্তি হল, আপনি জানেন, সেই গ্যাট চুক্তির আপনি বিরোধিতা করেছিলেন, ভারতবর্ষের প্রতিনিধি হিসাবে আপনাকে বলতে বলা হয়েছিল কিন্তু সেই গ্যাট চুক্তি সই হয়ে গেল এবং আগামী বছর তা কার্যকর হতে চলেছে। এরা ভারতবর্ষকে অর্থনৈতিক ভাবে পরাধীন করছে। আর পশ্চিমবাংলার মানুষের আশীর্বাদ নিয়ে এখানে বামফ্রন্টের ১৮ বছর পূর্ণ হয়ে গেল। নরসিমা রাও-এর দয়ায় নয়, দেশকে বিক্রি করে দিয়ে নয় বা অন্য কোনও পথে নয়, জনগণের রায়ে পশ্চিমবঙ্গে আমাদের সরকার আছে এবং থাকবে। এটাই আমি ওদের স্মরণ করিয়ে দিতে চাই।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আবার আমরা মিলিত হব দুটোর সময়।

(At this stage the House was adjourned till—2-00 p.m.)

**(After adjournment)**

[2-00 — 2-10 p.m.]

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** অন এ পয়েন্ট অফ ইনফরমেশন স্যার, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুন্দরবনের নদী বাঁধের অবস্থা অত্যন্ত শোচনীয়। দীর্ঘ কয়েক বৎসর যাবত সুন্দরবনের নদী বাঁধে মাটি না পড়ায় সুন্দরবনের প্রায় ১৭টি থানায় বিভৎস অবস্থা দেখা দিয়েছে মাননীয় সেচমন্ত্রী মহাশয় একটা টিম করে প্রত্যেকটি এমব্যাঙ্কমেন্ট দেখার ব্যবস্থা করুন। বর্ষার মরসুমে বিভিন্ন জায়গায় বিরাট ক্ষয়-ক্ষতি হবার আশঙ্কা দেখা দিয়েছে। তাই আমি মাননীয় সেচমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, অত্যন্ত গুরুত্বপূর্ণ সহকারে একটি হাই-পাওয়ার টিম নিয়ে গিয়ে জায়গাগুলি পরিদর্শন করুন। এখানে মাননীয় মন্ত্রী শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয় আছেন। তিনি যেন মন্ত্রী মহাশয়কে এ ব্যাপারে বলেন। সেখানে পঞ্চায়েত যেমন কাজ করছে করুক, ডিপার্টমেন্ট থেকেও অবিলম্বে এমব্যাঙ্কমেন্ট রিপেয়ারের ব্যবস্থা করুন। তা নাহলে এই আসন্ন বর্ষায় ভেঙে গেলে বিরাট ক্ষয়-ক্ষতি হবে। ঐ এলাকার যে ফসল ধান সেটা কলকাতা এবং সারা পশ্চিমবাংলাকে অর্দ্ধেক খাওয়ায়। তাই আমি আপনার মাধ্যমে বলব, যেহেতু এখানে সিনিয়র মিনিস্টার উপস্থিত আছেন, তিনি এই ব্যাপারে বিভাগীয় মন্ত্রী মহাশয়কে বলুন, তিনি যেন অবিলম্বে সুন্দরবন এলাকা পরিদর্শন করেন এবং নদী বাঁধ সারানোর ব্যবস্থা করেন।

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand No. 57

**Mr. Deputy Speaker :** There are three cut motions to Demand No. 57. All the cut motions are in order. I request the members to move their motions.

1. Shri Abdul Mannan
2. Shri Deba Prasad Sarkar

: Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs.100/-

[2-10 — 2-20 p.m.]

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সমবায় মন্ত্রী আজকে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন সেই বাজেট বরাদ্দর আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের তরফ থেকে যে কাট-মোশনগুলি এসেছে সেই কাট-মোশনগুলিকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু পরে আমি পরিসংখ্যান দিয়ে দেখাব, বাজেট বরাদ্দ আগেকার বছর থেকে কি রকমভাবে কমে যাচ্ছে। নিঃসন্দেহে সমবায় দপ্তর একটা গুরুত্বপূর্ণ দপ্তর এবং এই সমবায় আন্দোলনের মাধ্যমে আপনারা সকলেই জানেন, সমাজের দরিদ্র শ্রেণীর মানুষের বিশেষ করে উপকার করা সম্ভব। একদিকে প্রাইভেট সেক্টর আছে, আর একদিকে সরকারি সেক্টর আছে। তার মাঝখানে সমবায় আন্দোলনের মাধ্যমে বিশেষ করে সমাজের দরিদ্র শ্রেণীর মানুষ যাদের অর্থের বল সেইরকম নেই তাদেরকে বিভিন্নভাবে সাহায্য করা, কৃষি ঋণ থেকে আরম্ভ করে আবাসন থেকে আরম্ভ করে বিভিন্ন ব্যাপারে সহায়তা

করা সম্ভব। সেইজন্য এই দপ্তর নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ দপ্তর। কিন্তু দুঃখের সঙ্গে লক্ষ্য করছি, বামফ্রন্ট সরকারের কাছে এই দপ্তরের গুরুত্ব সেইরকম নেই। অত্যন্ত দুঃখের এবং ক্ষোভের কথা, এই দপ্তরের বাজেট বরাদ্দ ক্রমশ কমে আসছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি বলব যে তার মন্ত্রী সভার মধ্যে এই নিয়ে জোরদারভাবে লড়াই করুন এবং বিধানসভার মধ্যে নিশ্চয়ই আমাদের দলের তরফ থেকে আপনার এই দপ্তরের প্রতি সমর্থন থাকবে। আশ্চর্যের ব্যাপার, ১৯৯১-৯২ সালে এই দপ্তরের বাজেট বরাদ্দ ছিল ৩৮ কোটি ৮৭ হাজার টাকা। ১৯৯২-৯৩ সালে সেটা বেড়ে গিয়ে হল ৪৭ কোটি ৭৫ লক্ষ ৪১ হাজার টাকা। কিন্তু ১৯৯৪-৯৫ সালে এবার যে বাজেট বরাদ্দ পেশ করেছেন যেটা আমাদের কাছ থেকে আশা করছেন আমরা সাংসন করবো সেখানে দেখছি বাজেট বরাদ্দ কমে গিয়ে হল ২৯ কোটি ২৩ লক্ষ ৪৪ হাজার টাকা। এ একটা অদ্ভুত ব্যবস্থা, আমরা জানি প্রত্যেক বছর প্রত্যেক বিভাগের বাজেটের বরাদ্দ বাড়ে, আমরা দেখছি, এত গুরুত্ব থাকা সত্ত্বেও এই পরিবর্তন। যেটা একটু আগে বলছিলাম ১৯৯৪-৯৫তে প্রায় অর্ধেক বাজেট বরাদ্দ এসে দাঁড়িয়েছে, ১৯৯২-৯৩ যা ছিল এমন পরিবর্তন কেন হয়ে গেল সেটা আমরা জানতে চাই, এর কারণ কি, এত বরাদ্দ কমিয়ে দেওয়া সত্ত্বেও কোনও প্রতিবাদের ঝড় মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে দলের তরফ থেকে কাগজ বা অন্যান্য প্রচারের মাধ্যমে বিধানসভার চত্বরের মধ্যে আমরা কোনওদিন কিছু শুনতে পাইনি, এর এক্সপ্ল্যানেশন, বাজেট বরাদ্দ কেন কমে গেল এর ব্যাখ্যা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জবাবি ভাষণের নিশ্চয়ই শুনব এটা আশা করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ১৯৭২ সালে যখন আমরা ক্ষমতায় এসেছিলাম তারপরে ১৯৭৩ সালে এই সমবায় আইনের খোল নলচে পাল্টে নূতন আইন করা হয়েছিল। তার কারণ আমরা দেখেছিলাম সে সময়ে সমবায় আন্দোলন যেভাবে চলা উচিত সে ভাবে চলছিল না। এইগুলি কিছু লোকের হাতে কুক্ষিগত হয়ে ছিল এবং সেজন্য আমরা একটা ১৯৭৩ সালে আইন এনেছিলাম যাতে ইউনির্ভাসালাইজেসন অফ মেম্বারশিপ করা যায়, অর্থাৎ সর্বজনীন সবাই যাতে মেম্বার হবার ইচ্ছা করলে হতে পারেন। কো-অপারেটিভ সোসাইটি কারো কুক্ষিগত হয়ে থাক সেটা আমরা চাইনি। সেজন্য ৭৫/৫ ধারা সংযোজন করে বলেছিলাম সর্বজনীন সদস্যভুক্তি করতে হবে। যদি কেউ সোসাইটির মেম্বার হতে চান দরখাস্ত করলেই হয়ে যাবে যদি কিছু বিশেষ ধরনের কোনও আপত্তি না থাকে। আমরা লক্ষ্য করছি তারপর ১৭ বছর অতিক্রান্ত হয়ে গেছে ১৯৭৭ সালের পর থেকে এ পর্যন্ত সদস্য সংখ্যা যারা সমবায় আন্দোলনে যুক্ত হয়েছেন তাদের সংখ্যা এখন দাঁড়িয়েছে মাননীয় মন্ত্রী বাজেট ভাষণ থেকেই উল্লেখ করে বলছি ৩২ লক্ষ ৩১ হাজার এবং আপনারা জানেন এই সদস্য হতে গেলে শেয়ার কিনতে গেলে যে টাকাটা লাগে সেই টাকা সরকার থেকে দেওয়া হয়। কেননা এরমধ্যে এত গরিব মানুষ আছেন যাদের শেয়ার কেনবার টাকা থাকে না, সেজন্য আমাদের সময়ে প্রভিসন ছিল টাকাটা সরকারের তরফ থেকে দেওয়া হবে। ১৯৯১-৯২ সালে এই সদস্য ভুক্তির জন্য বরাদ্দ ছিল ৩৫ লক্ষ টাকা, ১৯৯৪-৯৫ এ বারের বাজেটে এরজন্য বরাদ্দ আছে মাত্র ১ লক্ষ টাকা। সদস্য হয়েছে কত ৩২ লক্ষ ৩১ হাজার লোক, পশ্চিমবঙ্গের জনসংখ্যা কত ৭ কোটি অর্থাৎ ৭০০ লক্ষ, সদস্য হয়েছেন ৩২ লক্ষ ৩১ হাজার, তাহলে শতকরা হিসাবে দাঁড়িয়েছে কত পশ্চিমবঙ্গের ৪.৫ শতাংশ মানুষকে এই ১৭/১৮ বছরের পরেও শতকরা মাত্র ৪.৫ শতাংশ মানুষকে এই সমবায় আন্দোলনের সঙ্গে

যুক্ত করতে পেরেছেন। আমি বলছি এটা অত্যন্ত লজ্জার ও ক্ষোভের কথা। আপনারা বলছেন সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাচ্ছেন দেখা যাচ্ছে আমাদের সময়ের আইনের সুযোগ নিয়ে শতকরা সাড়ে চারটি মানুষকে আন্দোলনের সঙ্গে যুক্ত করতে পেরেছেন, এটা নিশ্চয়ই মন্ত্রী এবং বামফ্রন্ট সরকারের কৃতিত্বের পরিচয় নয়। আমি সেটা বলতে চাই এবং আশা করি যে ভাবে টাকা বরাদ্দ করা হয়েছে এবং যেভাবে পশ্চিমবঙ্গে সমবায় আন্দোলনকে নিয়ে যাওয়া হচ্ছে তাতে এই সমবায় আন্দোলন মোটেই এগোচ্ছে না। আমরা দেখছি, পরে উদাহরণ দিয়ে বলব, একটির পর একটি সমবায় সংস্থাকে আজকে একটি দলের কুক্ষিগত করবার চেষ্টা করা হচ্ছে; কোনটা ফরোয়ার্ড ব্লকের কাছে, কোনটা সি.পি.এমের কাছে মোরসীপাট্টা দেওয়া হচ্ছে। এভাবেই আজকে শীর্ষ সমবায়গুলো চলছে। কিন্তু এটা সমবায় আন্দোলনের পরিপন্থী। কংগ্রেসের কাছে যে সমবায়গুলো আছে সেগুলোও কেড়ে নেবার চেষ্টা করা হচ্ছে। সমবায় আন্দোলনের সঙ্গে যেভাবে রাজনীতিকে যুক্ত করে দিতে চাইছেন তাতে সমবায় আন্দোলনের ভাল হতে পারে না, এই শিক্ষাটা আপনাদের গ্রহণ করা উচিত, কিন্তু সেটা আপনারা গ্রহণ করছেন না। আমরা দেখলাম, ১৯৭৩ সালের সমবায় আইনে ১৯৮৩ সালে সম্পূর্ণভাবে পাল্টে নতুন আইন করা হয় যেটা এখনও চালু রয়েছে, কিন্তু ১৯৮৩ সালে নতুন আইন করবার পর সেটা বহুদিন চালু করেননি। আইনটা চালু হয়েছিল ১লা আগস্ট ১৯৮৭ প্রায় চার বছর পরে। সেই আইনে আমরা দেখলাম, তাতে এমন কতগুলো ধারা রয়েছে যেগুলো সমবায় আন্দোলনের পরিপন্থী। সমবায় আন্দোলনে যে গণতান্ত্রিক অধিকার দেবার কথা, ধারাগুলো তার বিপক্ষে। তারমধ্যে একটি ধারা হল ডেমোক্রাটিক কন্ট্রোল। ওয়ান মেম্বার ওয়ান ভোট এটাই হচ্ছে গণতান্ত্রিক সমবায় আন্দোলনের প্রধান শর্ত, কিন্তু কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্টের সেকশন ৩৩য়ে বলা হয়েছে যে, যে সমস্ত সমবায় সমিতিকে সরকার সাহায্য দিচ্ছেন, কম-বেশি যাই হোক না কেন, সেখানে কমপক্ষে তিনজন অথবা বোর্ড অফ ম্যানেজমেন্টে এক-তৃতীয়াংশ মেম্বার সরকার নোমিনেট করতে পারবেন, অর্থাৎ সেখানে সরকারের কিন্তু তিনটি ভোট। সেখানে যে কোনও মেম্বার বা ডাইরেক্টর যিনি হলেন তাদের একটি ভোট, কিন্তু সরকার নোমিনেটেড মেম্বারদের তিনটি ভোট। এটা গণতান্ত্রিক অধিকারের পরিপন্থী। তাই এই ধারাটি পাল্টাবার প্রয়োজন আছে বলে আমি মনেকরি। নিশ্চয়ই মন্ত্রী মহাশয় এটা দেখবেন যে, সরকারের তিনটি ভোট থাকবার ফলে যারা সরকার নোমিনেটেড হয়ে আসছেন তাদের মধ্যে থেকেই শেষ পর্যন্ত একজন সমবায়টির চেয়ারম্যান নিযুক্ত হচ্ছেন এবং তারফলে যারা সাধারণ সদস্য হয়ে বা ডাইরেক্টর হয়ে আসছেন তাদের চেয়ারম্যান হবার সুযোগ কমে যাচ্ছে। এটা সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাবার মতাদর্শ নয়। তাই এই আইনের পরিবর্তন করতে হবে। ১৯৮৩ সালে যে আইনটা করেছিলেন এবং যা ১৯৮৭ সালের ১লা আগস্ট থেকে চালু হল তার কয়েকটি ধারা ১৯৯৪ সালের এখন পর্যন্ত চালু করা হল না। তারমধ্যে একটি হচ্ছে সেকশন ৩৫ অফ দি কো-অপারেটিভ সোসাইটি অ্যাক্ট। সেখানে বলা হয়েছে যে, কো-অপারেটিভ ইলেকশন অথরিটি করা হবে, কিন্তু আজও ইলেকশন অথরিটি করা হল না। সেকশন ৩৮য়ে বলা হয়েছিল, কো-অপারেটিভ সার্ভিস কমিশন করা হবে, কিন্তু এখনও পর্যন্ত সেই সার্ভিস কমিশন করা হল না। সেকশন ৯৭য়ে বলা হয়েছিল কোর্ট অফ আর্বিট্রেটরস ইন ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়ার কথা, কিন্তু সেটাও করা হল না। আজ পর্যন্ত ১৯৮৩ সালের আইনের তিনটি সেকশন কার্যকর

করতে পারলেন না। কাজেই হয় ঐ তিনটি সেকশনকে তুলে নিন, না হয় অবিলম্বে কার্যকর করুন। তাহলে পরিষ্কার ভাবে বলুন যে আমরা ইলেকশন অথরিটি কমিশন করব না, আমরা সার্ভিস কমিশন করব না, আমরা এগুলি ডিলিট করে দিচ্ছি এই আইনের বই থেকে। আর একটা সেকশন দেখুন, এটা আমার কাছে অন্যায় বলে মনে হয়। সেটা হচ্ছে, সেকশন ২৭, সাব-সেকশন ৯, সেখানে দেখবেন যে প্রভিশন আছে যে ৬ বছর পর্যন্ত একজন অফিস বেয়ারার থাকতে পারবেন। অর্থাৎ একজন সাধারণ মানুষ যদি ডাইরেক্ট ইলেকশনের মাধ্যমে আসে তাহলে তিনি ৬ বছর পর্যন্ত চেয়ারম্যান বা এইরকম কোনও অফিস বেয়ারার থাকতে পারবেন, তারপরে বাধ্যতামূলক ভাবে ৩ বছর গ্যাপ দিতে হবে। তারপরে আবার তিনি নির্বাচিত হয়ে এলে চেয়ারম্যান হতে পারবেন। কিন্তু সরকারি নমিনেশনে যারা আসবেন তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য নয়। তাদের ক্ষেত্রে এটা একজেমশন করে রেখেছেন। তারফলে একজন সাধারণ মানুষ যেখানে ৬ বছরের বেশি এক নাগাড়ে থাকতে পারবেন না, সেখানে যদি সরকারি নমিনেশন নিয়ে আসেন তাহলে সে ১৭ বছর কেন আরও বহুদিন এক নাগাড়ে থাকতে পারবেন। আমি বহু ক্ষেত্রে দেখেছি যে বিভিন্ন সংস্থায় ১৭ বছর ধরে এক নাগাড়ে চেয়ারম্যানের পদে রয়েছেন, আপনি যদি বলেন আমি নাম বলতে পারি। সুতরাং এগুলি নিশ্চয়ই গণতান্ত্রিক আন্দোলন, সমবায় আন্দোলন-এর যে মূল কথা গণতন্ত্রীকরণ, সেটা নিশ্চয়ই এরসঙ্গে মেলেনা। সরকারি নমিনেশনে যারা আসবেন, তাদের কি আলাদা কোনও সত্ত্বা আছে বা নৈসর্গিক কোনও শক্তি আছে যে তারা বছরের পর বছর থাকবেন, আর সাধারণ মানুষকে ৬ বছরের পরে ৩ বছর গ্যাপ দিতে হবে? এই পার্থক্য কেন থাকবে? এটা দূর করা উচিত। তন্তুজ, সি.এল.টি.বি. কনফেড, কাঁদি ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ইত্যাদি জায়গায় যে সব চেয়ারম্যান হয়ে আছেন, তারা ১৯৭৭ সাল থেকে এখনও পর্যন্ত রয়েছেন। এটা কি মৌরসী পাট্টা নাকি যে ১৬।১৭ বছর ধরে থাকতে পারবেন? আপনারা একটা ও.সি-কে ২ বছর, ২।। বছরের বেশি এক জায়গায় রাখেন না। কারণ একজন লোক যদি এক জায়গায় বেশিদিন থাকে তাহলে সেখানে তার একটা স্বার্থ গজিয়ে ওঠে। অথচ জেলা স্তরে বিভিন্ন সংস্থায় ১৬ বছর, ১৭ বছর ধরে এক একজনকে চেয়ারম্যান করে রেখেছেন। এইরকম কেন হবে? এটা যদি না পাল্টানো হয় তাহলে সত্যিকারের সমবায় আন্দোলনের রূপরেখা আসেনা। আপনারা সমবায় আন্দোলনের নামে আপনাদের দলের লোকেদের ভাগ করে এক একটা জায়গায় বসিয়ে দিয়েছেন এবং তাদের বলেছেন, এটা নিয়ে তুমি লুটে খাও, এটা নিয়ে তুমি সন্তুষ্ট থাক, এটা নিয়ে তুমি রাজত্ব কর। এইরকম একটা অবস্থার সৃষ্টি করেছেন। এই অবস্থার যদি পরিবর্তন না হয় তাহলে সত্যিকারের সমবায় আন্দোলনের যে চেহারা সেটা হতে পারেনা। আজকে সমবায়ের ক্ষেত্রে মূল গুরুত্বপূর্ণ জিনিস হচ্ছে সমবায় আন্দোলন কতখানি এগিয়ে গেছে, সাধারণ মানুষের সাহায্যে কতখানি এগিয়ে এসেছে এবং সেটা স্বল্প মেয়াদি ঋণ যেটা এস.কে.ইউ.এস, সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে যেটা দেওয়া হয়ে থাকে। এখানে আমরা দেখছি যে ১৯৭২-৯৩ সালের লক্ষ্য মাত্রা ১২৫ কোটি টাকা ছিল, সেখানে মন্ত্রী মহাশয় এই বইয়ে যে হিসাব দিয়েছেন তাতে দেখছি যে ১২৩ কোটি ১০ লক্ষ টাকা বিনিয়োগ হচ্ছে। এই ফিগার তফাত হচ্ছে কেন? আমার লিখিত প্রশ্ন ৯৯৬, তাতে কয়েকদিন আগে আমি তাকে জিজ্ঞাসা করেছিলাম যে ১৯৯২-৯৩ সালে কত টাকা স্বল্প মেয়াদি ঋণ দেওয়া হয়েছিল? মন্ত্রী মহাশয়

উত্তরে বলেছিলেন যে ৬৯ কোটি ৪৯ লক্ষ টাকা। মন্ত্রী মহাশয় এখন বলছেন যে ১২৩ কোটি ১০ লক্ষ টাকা। তারপরে উনি একটা ব্যাখ্যা দিয়ে বলেছেন যে এটা শুধু খরিফ সিজনের ফিগার। তাহলে এটা আগে পরিষ্কার করে উল্লেখ করা হয়নি কেন? এই দুটোর মধ্যে পার্থক্য কেন থাকবে সেটা তিনি নিশ্চয়ই পরবর্তীকালে যখন তিনি জবাব দেবেন তখন ব্যাখ্যা করে বলবেন?

[2-20 — 2-30 p.m.]

এবারে যেটা বলতে চাই সেটা হচ্ছে চলতি আর্থিক বছরের ৩১.১২.৯৩ তারিখ পর্যন্ত ঋণ আদায়ের পরিমাণ হচ্ছে ৫২ কোটি টাকা। বাজেট ভাষণে বলেছেন এটা মোট আদায় যোগ্য ঋণের ২৫ শতাংশ। আপনারা বুঝে দেখুন। আপনারা জানেন যে ঋণ দেওয়া হচ্ছে চাষিদের সেই ঋণ যদি ঠিকমতো আদায় না হয় তাহলে পরবর্তীকালে কখনও আরও বেশি ঋণ চাষিদের দেওয়া যায় না। যদি অনাদায়ি পড়তে থাকে তাহলে শীর্ষ ব্যাঙ্ক বা 'ন্যাবার্ড' যারা ঋণ দেয় তাদের কাছ থেকে ভবিষ্যতে টাকা আসা দুরূহ হয়ে পড়বে। একটা সার্টেন মিনিমাম লেভেলে যদি আদায় না হয় তাহলে পরবর্তীকালে এই টাকা স্যাংশন হয় না। এটা আমরা নিশ্চয়ই দেখেছি। আজকে দেখতে পাচ্ছি আদায় যোগ্য ঋণের ২৫ পারসেন্ট ঋণ আদায় হচ্ছে এবং এটাকে খুব খারাপ পারফরমেন্স বলব। ২৫ পারসেন্ট যদি আদায় করেন তাহলে পরবর্তীকালে কখনই এই দাদন দেওয়ার পরিমাণ, ঋণ দেওয়ার পরিমাণ আপনারা বৃদ্ধি করতে পারবেন না। এই ক্ষেত্রে অল ইন্ডিয়ার ফিগার অনেক বেশি এই ফিগার আমি পরে দিচ্ছি এই ব্যাপারে পশ্চিমবাংলা অনেক পেছিয়ে আছে। ১৯৭৬ সালে ৫০ কোটি টাকা দাদন দেওয়া হয়েছিল, আপনাদের দেওয়া ফিগার সত্যি বলে মেনে নিয়ে দেখতে পাচ্ছি ১৭ বছরের পরে ১২৩ কোটি টাকাতে পৌঁছেছেন। অথচ প্রতিটি জিনিস, সার বীজ জল সমস্ত জিনিসের দাম বহু গুন বৃদ্ধি হয়েছে। ১৯৭৭ সালের পর থেকে অন্যান্য জিনিসের দাম যে পরিমাণ বৃদ্ধি পেয়েছে, সর্ট ট্রাম লোন বৃদ্ধির ক্ষেত্রে তার প্রতিফলন দেখতে পাচ্ছি না। এই ঋণ দেওয়ার ক্ষেত্রে সমবায়ের একটা গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। চাষিদের যাতে মহাজনদের কাছ থেকে লোন নিতে না হয় তারজন্য এই ব্যবস্থা। কারণ চাষিরা যদি মহাজনদের কাছ থেকে লোন নেয় তাহলে মহাজনরা তাদের কাছ থেকে অনেক বেশি সুযোগ নিয়ে নেবে। চাষ করে ফসল তোলার পরে এই ঋণ ফেরতের যে সুন্দর ব্যবস্থা যেটা সমবায় আন্দোলনের মাধ্যমে করা সম্ভব, সেই ব্যবস্থা অসুন্দর হয়ে যাচ্ছে বলে আমি মনেকরি। ভারতবর্ষে কি হচ্ছে দেখুন। ১৯৮৭ সালে সর্ট টার্ম লোন সারা ভারতবর্ষে দেওয়া হয় ৩৩১৯ কোটি টাকা। তারপরে অন্যান্য বছরের কথা বলছি না। ১৯৯০।৯১ সালে সারা ভারতবর্ষে লোন দেয় ২১৭৫ কোটি টাকা। কম হয়ে গেল। তার কারণ কি? দেবিলাল এসে সব ঋণ মুকুব করে দিলেন। সব মুকুব হয়ে যাবে — গোটা ভারতবর্ষে তার প্রতিফলন পড়ল এবং তার প্রতিফলন পড়ল পশ্চিমবাংলাতেও। সেই বছর পশ্চিমবাংলায় শর্ট টার্ম লোন দেওয়া গেল ৫৪ কোটি টাকা মাত্র এবং গোটা ভারতবর্ষে দেওয়া হল ২১৭৫ কোটি টাকা। ভারতবর্ষের তুলনায় আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় মাত্র শতকরা আড়াই ভাগ লোন দেওয়া হল। পশ্চিমবাংলার গোটা ভারতবর্ষের ৮ ভাগ লোক বাস করে, সেখানে গোটা ভারতবর্ষে শর্ট টার্ম লোন যেটা চাষিদের দেওয়া হয়েছে তার তুলনায় শতকরা আড়াই ভাগ টাকা পশ্চিমবাংলায়

দেওয়া হয়েছে। এই টাকা বাড়াবার জন্য সমবায় আন্দোলনকে জোরদার করতে হবে এবং ঋণ আদায়ের দিকে বেশি নজর দিতে হবে। ঋণ যে আদায় করা দরকার সেটা বোঝা যাচ্ছে যখন মুখ্যমন্ত্রীর ছবি ছাপিয়ে সই দিয়ে সমবায় দপ্তর চাষিদের ঋণ ফেরত দেবার জন্য অনুরোধ করেন। শুধু এই বিবৃতি দিয়ে অনুরোধ করলে কাজ হবে না। প্রয়োজনে আপনাদের মাঠে নামতে হবে, কড়া ব্যবস্থা গ্রহণ করতে হবে। তারজন্য যদি ভোট চলে যায় সেইদিকে দেখতে হবে না। আপনারা যদি দেশের স্বার্থ রক্ষা করতে চান, চাষিদের স্বার্থ রক্ষা করতে চান তাহলে নিশ্চয়ই এই ঋণ আদায়ের পরিমাণ ২৫ শতাংশ থেকে বাড়িয়ে ৭০।৮০ শতাংশে নিয়ে যেতে হবে। আমরা তো ৮৫ পারসেন্ট আদায় করেছিলাম। আপনারা জানেন কিনা জানিনা ১৯৭২ সালে যখন আমরা এলাম তখন রিজার্ভ ব্যাঙ্ক থেকে টাকা দেওয়া পশ্চিমবাংলায় বন্ধ হয়ে গিয়েছিল। তার কারণ আগের যুক্তফ্রন্ট সরকার নৈরাজ্য চালিয়েছিল পশ্চিমবাংলায়, কোনও ঋণ আদায় হত না। যার ফলে আমরা দেখলাম মাত্র ৪ কোটি টাকা দাদন হিসাবে দেওয়া হত। রিজার্ভ ব্যাঙ্ক বলেছিল পশ্চিমবাংলায় অনাদায়ির ঋণের পারসেনটেজ বেশি, সেইজন্য টাকা দেব না। তখন আমরা ঐ নতুন নিয়ম '৭৩ সালে আইন করে কড়া ব্যবস্থা গ্রহণ করে টোটাল রিকভারি ৮৫ পারসেন্টে নিয়ে গিয়েছিলাম। তারফলে আমরা এ পর্যন্ত দাদনের পরিমানকে প্রায় ৫০ কোটিতে নিয়ে যেতে সক্ষম হয়েছিলাম। দীর্ঘমেয়াদি ঋণের ক্ষেত্রে সেই একই ব্যাপার আমরা দেখেছি। ১৯৯০-৯১ সালে ১৪ কোটি ৭ লক্ষ টাকা দেওয়া হয়েছে। কিন্তু প্রয়োজনের তুলনায় তা খুবই কম। কেননা, আজকে চাষিদের বৈজ্ঞানিক ভাবে চাষ করতে হয়, পাম্পসেচ, জলসেচ'এর ব্যবস্থা করতে হয়, হাই ইল্ডিংয়ের জন্য চাষিকে যা করতে হয় তাতে এই টাকা অত্যন্ত কম বলে আমি মনেকরি। আমাদের সময়ে আমরা ৫ কোটিতে পৌঁছেছিলাম। সেই জায়গায় প্রয়োজন ৫০ কোটি বলে মনে হয়। সুতরাং ১৯৯০-৯১ সালে আপনারা ১৪ কোটি টাকা দিতে পেরেছেন বলে মনে হয়। লেটেস্ট ফিগার আপনি দিতে পারেন নি, সেজন্য আমার মনে হয় ১৪ কোটির কাছাকাছি ঘোরাফেরা করছেন। সেন্ট্রাল ল্যান্ড ডেভেলপমেন্ট ব্যাঙ্কের মাধ্যমে এই দীর্ঘমেয়াদি ঋণ যাতে দেওয়া যায়, এটি আপনারা দেখবেন। বেনফেড সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। কয়েকদিন আগে আমাদের সদস্য আব্দুল মান্নানের এক প্রশ্নের উত্তরে মন্ত্রী মহাশয় বলেছিলেন যে বেনফেড জন্মলগ্ন থেকেই দুর্নীতির আখড়া। আমি এর প্রতিবাদ করতে চাই। ১৯৫৮ সাল থেকে এর জন্ম হয়েছে। ১৯৫৮ সাল থেকে ১৯৮১ সাল পর্যন্ত অডিটেড হিসাবে আপনি যদি দেখেন তাহলে দেখবেন যে বেনফেড লাভ করেছে। এর আগে এখানে যিনি চেয়ারম্যান ছিলেন, আলি আহমেদ, সাহেব, তাকে সরাবার একটা পরিকল্পনা করা হয়েছিল। তাকে কিছুতেই বসতে দেওয়া হবে না। আপনারা কেসের পর কেস করেছেন। ঐ ভদ্রলোককে কেসের পর কেস লড়তে হয়েছে। যারফলে এখানে দীর্ঘদিন ডাইরেক্টর ছিলেন না। সেখানে ম্যানেজিং ডাইরেক্টর যারা ছিলেন তারা পরবর্তীকালে আহমেদ সাহেবকে তার কার্যকর ভূমিকা গ্রহণ করতে দেন নি। ১৯৮১ সাল থেকে ১৯৯৪ সাল, এই দীর্ঘ ১৩ বছর বেনফেডে যে দুর্নীতি হয়েছে তা সীমাহীন। আমরা শুনলাম যে এই দুর্নীতির তদন্ত আপনি করাচ্ছেন আপনাদের দপ্তরের সেক্রেটারিকে দিয়ে। এতে সত্যিকারের দুর্নীতি বেরোবে কিনা তাতে আমার যথেষ্ট সন্দেহ আছে। তার কারণ, আগে যারা ম্যানেজিং ডাইরেক্টর ছিলেন তারা এই দুর্নীতির জন্য দায়ী অথবা তাদের সঙ্গে আগের চেয়ারম্যানের একটা বোঝাপড়া নিশ্চয়ই ছিল, অথবা তাদের

অনুমতি নিয়ে এই সমস্ত ঘটেছে, বা হয়ত তিনি এতটা বুঝতে পারেন নি এটা হতে পারে। কিন্তু সত্যিকারের যে সমস্ত দুর্নীতি বেনফেডে হয়েছে তা আপনার দপ্তরের সেক্রেটারিকে দিয়ে তদন্ত করলে হবে না। কারণ, যেমন পুলিশের ছোট কর্তা কেউ যদি খুন করে তাহলে পুলিশের বড় কর্তাকে দিয়ে এনকোয়ারি করলে সত্য ঘটনা কখনও বেরোয় না। শতকরা ৯৯ ভাগ ক্ষেত্রে দেখা যায় ছোট পুলিশের বিরুদ্ধে বড় কর্তা রিপোর্ট দেন না। তেমনি, আপনার দপ্তরের দুর্নীতি আপনার দপ্তরের সেক্রেটারিকে দিয়ে তদন্ত করলে দুর্নীতির খবর বেরোবে না। সেজন্য আমার সাজেসান হচ্ছে, এরজন্য ভিজিলেন্স কমিশন বা সি.বি.আই.কে দিয়ে তদন্ত করান। তখন যিনি দোষি হবেন এবং তারজন্য যে শাস্তি দেবেন তা আমরা নিশ্চয়ই সমর্থন করব। কিছুদিন আগে ১৯৯০ সালে যখন আপনি মন্ত্রী ছিলেন না, ভক্তিভূষণ মন্ডল মন্ত্রী ছিলেন তখন সি.আর.ভট্টাচার্য, এ-আর-সি-এস. তিনি একটি এনকোয়ারি করেছিলেন ৯২ ধারা বলে।

[2-30 — 2-40 p.m.]

এবং সেই ধরেই বলি যে ইনেসপেকশন রিপোর্ট মিঃ ভট্টাচার্য দিয়েছিলেন সেই রিপোর্টটা খুঁজে বার করুন। সেই রিপোর্টের ভিত্তি করেই বেনফ্রেডের জন্য কে দায়ী বার করুন। এই বেনফেডের দুর্নীতির জন্য কোটি কোটি টাকা ক্ষতি হয়ে যাচ্ছে। ২৪ কোটি টাকা এই দুর্নীতির জন্য ক্ষতি হয়েছে এটা মন্ত্রী মহাশয় নিজে স্বীকার করেছেন। আজকে বেনফেডের কত সংস্থাতে কাজকর্ম নেই এবং তারই মধ্যে উইদাউট এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এবং উইদাউট এনিথিং ১৫০ জন ক্যাজুয়াল কর্মি নিয়োগ হয়ে গেল। এই যে কোটি কোটি টাকার ক্ষতি হল এবং ১৫০ জন কর্মি ক্যাজুয়াল নেওয়া হল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হবেন যে এম.ডিকে রক্ষা করার জন্য প্রতিদিন ৫০-৬০ জনের মতো পুলিশ নিযুক্ত করা হয়, যেখানে মুখ্যমন্ত্রীর জন্য এবং তাকে রক্ষা করার জন্য প্রতিদিন মাত্র ৫-১০ জন পুলিশ লাগে। আসলে বেনফেডের এম.ডিকে ইউনিয়নের দ্বারা আক্রান্ত না হওয়ার জন্য এত পুলিশ মোতায়েন করা হয়েছে। সুতরাং সেখানেই আমাদের প্রশ্ন এই বোর্ডকে রক্ষা করার জন্য পয়সা কে দেবে, বোর্ডের নিজস্ব তহবিল থেকে আসবে নাকি রাজ্য সরকারকে দিতে হবে সেটা আমাদের দেখা দরকার। যেখানে মহিলাদের সম্মান থাকছে না, প্রতিটি সময়ে ধর্ষিতা হচ্ছেন, সেখানে পশ্চিমবঙ্গে বেনফেডের এম.ডি.কে রক্ষা করার জন্য পুলিশ মজুত থাকবে তার উত্তর আজকে নিশ্চয় মাননীয় মন্ত্রীর কাছ থেকে পেতে পারি। ৫ বছর ধরে বেনফেডের অডিট হয় নি, আমরা শুনেছি যে এখানে ইলেকশনের কোনও ব্যাপার নেই। মন্ত্রী মহাশয় একটি প্রশ্নোত্তর পর্বে বলেছিলেন যে এখানেও ইলেকশন করবার প্রচেষ্টা চলছে। লাস্টলি যে অর্ডার হয়েছে তাতে হাইকোর্টের অর্ডারে বলা হয়েছিল যে কয়েক সপ্তাহের মধ্যে ইলেকশন করতে হবে। তারপরে আজ পর্যন্ত ২৬ মাস অতিক্রান্ত হয়ে গেছে, ইলেকশন হয়নি। শুনছি নাকি ২৫০ জন যে ভোটার আছে তাতে কোনও মার্কেটিং সোসাইটি আছে এবং তারজন্যই ভোট আটকে রয়েছে। ভোটে তো সবারই অধিকার আছে। এরফলে কি হবে বামফ্রন্ট সরকারের আর কেউ এই ক্ষেত্রে ইলেকটেড হতে পারবে না। এবং ওপাশে দেখা যাবে যে আলি আহমেদ সাহেবই ইলেকটেড হয়ে গেছে। এটাই আপনারা চান। এই কারণে ২৫০ জন ভোটারের কম কি করে করা যায় তার চেষ্টা করছেন, সেখানে আপনাদের

নুগতরা যাতে আসে সেটা দেখছেন। সেই কারণে ডিফলটার বার করা হচ্ছে এবং অডিট রিপোর্ট এমনভাবে তৈরি করা হচ্ছে যে ডিফলটার তৈরি করা যায় তাহলে সুবিধা হবে। এবং পরবর্তীকালে যখন ইলেকশন হবে তখন দেখা যাবে যে ওই ২৫০ জনের মধ্যে একটা চুরিচুপি করে ভোটারলিস্ট তৈরি করা হবে। এইভাবে একটা খারাপ অবস্থার সৃষ্টি করে হয় এই ভোট আপনাদের দখলে যাবে তা না হলে সিপিএমের বা বামফ্রন্ট সরকারের দখলে যাবে। সেখানে এই জিনিস কখনোই সমর্থন করা যায় না এবং এ কখনোই সমবায় আন্দোলনের পরিপূরক নয়। আমি সর্বশেষে কতগুলি প্রশ্ন করতে চাই মাননীয় মন্ত্রীর কাছে উত্তর পাব বলে। বাঁটরা কো-অপারেটিভ ব্যাঙ্ক হাওড়া শাখায় একজন সিপিএমের বিধায়কের পুত্র কোটি কোটি টাকা আত্মসাৎ করেছেন ইহা কি সত্য? (২) উদয়নারায়ণপুরের হিমঘর নিয়ে আর সি এসে দুর্নীতির রিপোর্ট দেওয়া সত্ত্বেও মন্ত্রী কোনও ব্যবস্থা নেন নি কেন? (৩) মুর্শিদাবাদ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান ওখানকার এক সিপিআই(এমের) ১৫ লক্ষ টাকা আত্মসাতের অভিযোগে কি ঐ ব্যাঙ্কের ম্যানেজিং কমিটিকে ভেঙে দিয়ে এ ডি এমকে চেয়ারম্যান (৪) ১৯৯২/৯৩ সালে এন সি ডিসির ৩২০০টি গোডাউন তৈরির জন্য ৬৪ কোটি টাকা মঞ্জুর করেছিল রাজ্য সরকার তার দেয় ৩.৮০ কোটি শেয়ার মানি না দেবার জন্য গোটা স্কীম পরিত্যক্ত হল। এরজন্য সত্যিকারের দায়ী কে? এই কটি প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রী দেবেন এবং এগুলি সত্যি কিনা জানাবেন এইকথা বলে এই বাজেটের বিরোধিতা করে আমাদের কাট মোশনকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমবায় মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তাকে আমরা সমর্থন করছি আর কাটমোশন যা দিয়েছেন বিরোধীপক্ষরা তার বিরোধিতা করছি। যাইহোক, আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা যে বক্তব্য রাখলেন তাতে একটা জিনিস শুনে আমার খুব অবাক লাগল যে সমবায়ের মাধ্যমে নাকি গরিব লোকেদের অনেক উপকার করা যায়। এটা তো আশ্চর্যের কথা, এটা ওরা কবে বুঝলেন, এটা বামফ্রন্টের আমলে হয়েছে। এটা ওরা যখন ছিলেন তখন বুঝতে পারেননি, কারণ সমবায়ের যাবতীয় সম্পদ ওদের জোতদার জমিদার যারা পেটোয়া লোক তাদের ঘরে ঢুকিয়ে দিয়েছিল। আজকে বামফ্রন্ট সরকার যখন জনগণের কল্যাণের লক্ষ্য নিয়ে কাজ করছে তাতে পশ্চিমবঙ্গের জনগণের সাফল্যমন্ডিত হয়েছে, এখানে ওরা যেটা বলছেন যে নূতন এটা আমরা করেছি। আরও বললেন, সার্বজনীন মেম্বারশিপ, খুব গর্বের কথা, মাননীয় বিরোধী পক্ষের সদস্যদের স্মরণ করিয়ে দিই, আপনারা তো অনেক আইন করে গিয়েছিলেন ভাগচাষিকে উচ্ছেদ করা যাবে না, বারো আনা চার আনা ফসল দেওয়া যাবে না, অনেক ভাল ভাল আইন করেছিলেন, কিন্তু সেই আইনের অধিকার মানুষ যখন দাবি করেন তখন পোষা গুন্ডা লেলিয়ে দিয়ে, পুলিশ লেলিয়ে দিয়ে, তাদেরকে হত্যা করে বা জেলে ভরা হয়েছে। কোনওদিন আপনারা সেই আইনকে কার্যকর করেননি। জনগণের আন্দোলনের চাপে পড়ে আইন করেছেন, কিন্তু সেটাকে কার্যকর করেননি, জোতদার জমিদারের স্বার্থে। আজকে বামফ্রন্ট সরকার আসার পরে সেটাকে কার্যকর করেছে, সর্বজনীন মেম্বারশিপ দিয়ে, ১২ লক্ষর বেশি সদস্য সংখ্যা করা হয়েছে। একজন সর্বজনীন সদস্য হবেন গরিব মানুষ ভূমিহীন, তাদের জন্য ১০ টাকা

আপনারা দেবেন, তাদের জন্য অ্যাডমিশন ফিস দিতে হবে, সেখানে বামফ্রন্ট সরকার ৫০ টাকা শেয়ারের বরাদ্দ করেছেন, এটা কি আপনারা লক্ষ্য করেননি। অতএব আইনের বড়াই করা আপনাদের সাজেনা। এটা আপনাদের মনে রাখা দরকার। তাছাড়া আমাদের দেখে খুব আশ্চর্য লাগছে, ৭২ সালে আপনারা একটা আইন করেছিলেন, সেই আইনে গভর্নমেন্ট নমিনিতে ৩ জন করে নমিনি ভোট দেয়, এটা কবে ছিল না, এটা বরাবরই আছে। শুধু তাই নয়, এখানে তো তিন জন নমিনি, সেন্ট্রাল অ্যাক্টে কি আছে, সেখানে আরও বেশি আছে। সেখানে চোখবুজে থেকে এই কথা বললে তো হবে না। এছাড়া এটা তো আপনাদের আমলে ছিল, এখনও আছে। আরও বেশি করে থাকা উচিত। একটা ঘটনা এখানে উল্লেখ করছি, সমবায় গরিবদের জন্য কাজ করে, আপনি তো এক সময় সমবায় মন্ত্রী ছিলেন, আমাদের পশ্চিমবঙ্গে তন্তুজ অ্যাফেক্স কো-অপারেটিভ, ৪ লক্ষ মাত্র তাঁতশিল্পী তার অ্যাফেক্সে, দেড় হাজারের মত প্রাইমারি কো-অপারেশন তাদের অ্যাফেক্সে কাজ করতে হবে, শুধু ৪ লক্ষ থেকে সাড়ে ৪ লক্ষ মানুষের কল্যাণের জন্য তাদের আপনারা শেয়ার বরাদ্দ করেছিলেন। আপনি মন্ত্রী থাকা অবস্থায় ১৬ লক্ষ টাকা দিয়েছিলেন সারা পশ্চিমবঙ্গে তাঁত শিল্পীদের স্বার্থ এতে রক্ষিত হবে? ১২ কোটি টাকা সেখানে বামফ্রন্ট সরকার শেয়ার বরাদ্দ করেছেন। অতএব জনগণের কতটা কল্যাণ আপনারা করেন, সেটা আপনাদের কাছ থেকে জানা গিয়েছে, আপনারা কথায় বড়, না আইনে বড় এটার পরিচয় পাওয়া গিয়েছে। আর একটা কথা বলতে বাধ্য হচ্ছি কারণ আপনারা একটা প্রশ্ন করেছেন যে একজন গভর্নমেন্ট নমিনি কতদিন থাকবেন? একজন গভর্নমেন্ট নমিনি বা নির্বাচিত প্রতিনিধির একদিন বা একটা মাসও থাকা উচিত নয় যদি তিনি কায়েমীস্বার্থের প্রতিনিধি হন এবং দুর্নীতিবাজ হন। আপনারা কিন্তু সেই কাজই করে গিয়েছিলেন। আপনাদের সময় আপনারা যাদের প্রতিনিধি করে গিয়েছিলেন তারা ছিলেন কায়েমীস্বার্থের প্রতিনিধি, জনকল্যাণে তারা কাজ করেন নি। আর বামফ্রন্টের সময় দেখুন, ঠিক উল্টো যারা জনকল্যাণে কাজ করতে চান তাদেরই প্রতিনিধি করা হয়েছে। আপনারা নিজেকে দিয়ে অন্যের বিচার করতে চাইছেন। চোখে হলুদ চশমা পরে সব হলুদ দেখছেন। আপনাদের সময় আপনারা জোতদার, জমিদার, দুর্নীতিবাজদের সুযোগ দিতেন এবং বামফ্রন্টের সময়ও আপনারা তাই মনে করছেন সেই জিনিসই হচ্ছে। এটা একেবারেই ঠিক নয়, সম্পূর্ণ ভিত্তিহীন কথা এটা। স্যার, আপনি জানেন, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক ১৯৭৪ সাল পর্যন্ত কম বেশি লাভ করে গেছে কিন্তু ১৯৭৪ সালের পর থেকে ১৯৮৯/৯০ সাল পর্যন্ত আরও তিন বছর বাদে তারা কোটি কোটি টাকা লোকসান দিয়েছে। কারা ছিলেন সেখানে নির্বাচিত প্রতিনিধি, মনোনীত প্রতিনিধি? সবই তো আপনাদের লোক। তাদের দিয়ে যা কাজ করিয়ে গিয়েছেন তা সকলেই জানেন। সেখানে শুধু লোকসান নয়, তারা প্রচুর টাকা আত্মসাত করেছেন, দুর্নীতি করেছেন, অপচয় করেছেন। বেনফেডের জন্য আপনারা কাঁদছেন কিন্তু একবারও তো এই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের কথা বললেন না? এই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক বামফ্রন্ট সরকার যখন থেকে হাতে নিয়েছেন তারপর থেকে সেখানে গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচনের মধ্যে দিয়ে মাত্র ৫ বছরের মধ্যে ১৮ কোটি টাকার বেশি লাভ করেছে সমস্ত রকমের লেনদেন বাড়িয়ে। এক ১৯৯২/৯৩ সালেই ৫ কোটি টাকা লাভ হয়েছে। আর আপনারা যা করেছিলেন তা জানতে আর কারুর বাকি নেই। স্যার,

ন্দোলন যে জায়গায় ছিল আজ তার আমূল পরিবর্তন হয়েছে। খেটে খাওয়া মানুষ-দরিদ্র
ক, কৃষক এবং মেহনতি জনগণের সক্রিয় অংশ গ্রহণের মধ্যে দিয়ে এই সমবায় আন্দোলন
রাজ্যে প্রকৃত এক আন্দোলনে পরিণত হয়েছে। ১৯৯২/৯৩ সাল পর্যন্ত প্রায় ৮৭ লক্ষের
ণ টোটাল মেম্বারশিপ হয়েছে। তারমধ্যে ১২ লক্ষ ৭ হাজার ইউনিভার্সাল মেম্বারশিপ।
রমধ্যে শিডিউল্ড কাস্ট মেম্বার ১০ লক্ষ শিডিউল্ড ট্রাইবস মেম্বার ৬ লক্ষ। গরিব খেটে
ওয়া মানুষদের অংশ গ্রহণের মধ্যে দিয়ে এখানে সমবায় আন্দোলন সম্প্রসারিত হয়েছে
ং তারই প্রতিফলন ফুটে উঠেছে। গ্রামীণ পরিবারের সংখ্যা ১৫ লক্ষের বেশি। তারমধ্যে
য় ৩২ লক্ষ পরিবারকে কভার করা গিয়েছে। এটা কি ওরা চিন্তা করতে পারেন! ওরা
ছেন, ওদের আমলে ওরা ৫০ লক্ষ টাকা লোন দিয়েছেন, আমরা তা দিতে পারি নি।
তু আমি ওদের জিজ্ঞাসা করি, কাদের লোন দিয়েছিলেন? জোতদার, জমিদারদের, দুর্নীতিগ্রস্তদের
য়েছিলেন। কোনও গরিব মানুষকে কখনো লোন দেননি। তাই তো আপনারা গরিব মানুষদের
রে এদিক থেকে ওদিকে চলে গেছেন। আর বামফ্রন্ট সরকার একটা পাই পয়সা করলেও
া গরিব মানুষদের স্বার্থে করে। তাই তো কো-অপারেটিভ মুভমেন্টের মধ্যে দিয়ে আমাদের
মলে যেখানেই যে সুযোগ সুবিধার সৃষ্টি করা হয়েছে তা গরিব জনসাধারণের স্বার্থেই করা
য়েছে। আমাদের এ জাতীয় কোনও সুযোগ সুবিধা জোতদার, জমিদার, পুঁজিপতি শ্রেণীর
য়েমি স্বার্থের মানুষরা পায়নি। বিরোধী দলের মাননীয় সদস্য অনেক টাকার অঙ্কের কথা
ানে উল্লেখ করলেন - তারা ঐ অত কোটি টাকার লোন ইত্যাদির ব্যবস্থা করেছিলেন।
া যদি হাজার কোটি টাকাও ইনভেষ্ট করে থাকেন তাহলেও সেই টাকার ছিঁটে ফোটাও
রব মানুষ পায় নি, গরিব কৃষকরা পায় নি। সমস্ত টাকাই জোতদার, জমিদারদের পকেটে
য়েছে। আজকে আমরা ইউনিভার্সাল মেম্বারশিপের মধ্যে দিয়ে পাট্টাদারদের, বর্গাদারদের,
ন্তিক চাষিদের, ক্ষুদ্র চাষিদের স্বার্থ রক্ষা করছি। তারা সমস্তরকম সুযোগ সুবিধা পাচ্ছে।
জন্যই আজকে আমাদের রাজ্যে কো-অপারেটিভ আন্দোলন এত জনপ্রিয় হয়েছে, শক্তিশালী
য়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন ওদের আমলে আমাদের রাজ্যের
ড় তিন লক্ষ তাঁত শিল্পীর জন্য মাত্র ১৬ লক্ষ টাকা বরাদ্দ ছিল, আজকে বামফ্রন্ট
কারের আমলে সেই বরাদ্দর পরিমাণ হচ্ছে ১৬ কোটি টাকা। আপনি আরও জানেন কৃষি
ঞ্চলের জনগণের জীবন জীবিকার স্বার্থে ন্যাবার্ড ফিনান্স অত্যন্ত ঘনিষ্টভাবে জড়িত। আমি
দের জিজ্ঞাসা করি, — আপনাদের আমলে কি হয়েছিল? কত টাকা আপনারা রাজ্যের
ন্য আমদানি করতে পেরেছিলেন? এবিষয়ে কোনও ক্ষেত্রেই আপনাদের কোনও গরজ ছিল
। রাজ্যের উন্নয়নের জন্য, রাজ্যের গরিব মানুষদের স্বার্থ রক্ষার জন্য রাজ্যের বাইরে থেকে
সমস্ত ব্যবস্থাগুলি আমদানি করা যায়, যে সুযোগগুলি আমদানি করা যায় সেগুলির দিকে
খনও নজর দেন নি। আপনাদের সর্বদা লক্ষ্য ছিল জোতদার, জমিদার ও দুর্নীতিগ্রস্তদের
কেটের দিকে। কিভাবে তাদের পকেট ভর্তি করে দেওয়া যায় — সেই চেষ্টাই আপনারা
ব সময় করে এসেছেন। যারজন্য রাজ্যের স্বার্থ রক্ষা করার জন্য, রাজ্যের গরিব মানুষদের
র্থ রক্ষা করার জন্য বাইরের সাহায্য রাজ্যে আনার ক্ষেত্রে আপনাদের কোনও উৎসাহ ছিল
। আমি এখানে যদি একটা হিসাব দিই তাহলেই বোঝা যাবে এবিষয়ে আপনাদের দৃষ্টিভঙ্গির
ঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির পার্থক্য। ১৯৭৬-৭৭ সালে হ্যান্ডলুম উইভার্সদের জন্য ন্যাবার্ডের
ক্যাশ ক্রেডিটের পরিমাণ ১ কোটি টাকাও ছিল না। আমরা বামফ্রন্ট ক্ষমতায় আসার মাত্র

কয়েক বছরের মধ্যে — ১৯৮০-৮১ সালের মধ্যে সেটা ২ কোটি টাকায় পৌঁছে ছিল। আর আজকে কত জানেন? শুনলে আপনাদের ভির্মি লেগে যাবে কিনা জানি না! আজকে সেটা হয়েছে ৪৯ কোটি ৭৪ লক্ষ টাকা। ন্যাবার্ড আমাদের রাজ্যে শুধু তন্তুজ বা অ্যাপেক্স সোসাইটি গুলিকেই নয় তাঁত শিল্পীদের যে সমস্ত সমবায় সমিতিগুলি গ্রামে গ্রামে ছড়িয়ে আছে তাদেরও সাহায্য করছে। দরিদ্র তাঁত শিল্পীদের জীবন জীবিকাকে সুনিশ্চিত করার জন্যই এটা করা হয়েছে। এটা আপনাদের মনে রাখা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি অনেক দিন ধরেই কো-অপারেটিভ করছি। ওদের আমলে আমরা দেখেছি কো-অপারেটিভ মুভমেন্টের মধ্যে দিয়ে গ্রামীণ দরিদ্র জনসাধারণের স্বার্থ কোনও ভাবেই রক্ষা করার চেষ্টা করা হত না। আজকে বামফ্রন্ট সরকারের সামগ্রিক সহযোগিতার ফলে কো-অপারেটিভ মুভমেন্ট কি গ্রামে, কি শহরে একটা জীবন্ত রূপ পেয়েছে। গ্রামের গরিব মানুষরা কো-অপারেটিভকে নিজস্ব প্রতিষ্ঠান মনে করছে। ফলে তারা আজকে এই মুভমেন্টে ব্যাপক হারে অংশ গ্রহণ করছে। তাদের অংশ গ্রহণের মধ্যে দিয়ে সমবায় আন্দোলন সার্থকতা-লাভ করেছে। এই আন্দোলনকে আমরা আরও জোরদার করতে চাইছি সাধারণ গরিব মানুষদের, ক্ষুদ্র ও দরিদ্র কৃষকদের অংশ গ্রহণের মধ্যে দিয়ে। আজকে গ্রামের গরিব মানুষরা এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি, ফিশারমেন্স' সোসাইটি, মিল্ক মেনস' সোসাইটি প্রভৃতির সদস্য হচ্ছেন। বামফ্রন্ট সরকারের সহযোগিতায় সেসব সোসাইটিগুলিতে কাজ হচ্ছে। জোতদার, জমিদার, পুঁজিপতিরা কিন্তু সেখানে পাত্তা পাচ্ছে না।

[2-50 — 3-00 p.m.]

জনগণের অংশ গ্রহণের চাপের মধ্যে দিয়ে তারা সেখানে হটে যাচ্ছে। তারা কোনওভাবেই থাকতে পারছে না, দুর্নীতি করতে পারছে না। কোন কোন জায়গায় দুর্নীতি কিছু থাকতেই পারে। সেইসব জায়গায় ওরা (কংগ্রেসিরা) আছে। কোনও কোনও জায়গায় কায়েমি স্বার্থের মুলোৎপাটন করা সহজ নয়। যতদিন সমাজে পুঁজিবাদি অর্থনৈতিক ব্যবস্থা থাকবে, শ্রেণী শোষণ থাকবে ততদিন দুর্নীতির মূলচ্ছেদ করা যাবে না থাকতেই হবে। কারণ এরাই দুর্নীতিকে সহায়তা করে। সেইজন্য মুলোৎপাটন করা যাবে না। তবে যাতে কমানো যায় তারজন্য বামফ্রন্ট সরকার সর্বসময়ে চেষ্টা করে যাচ্ছে। আপনাদের (কংগ্রেসিদের) দল এখানে আছে এবং কেন্দ্রে সরকার চালাচ্ছে। শেয়ার কেলেঙ্কারি, ইলেকশনের চাঁদা, বোফর্স কেলেঙ্কারি এইসব থাকলে দুর্নীতি দূর করা যাবে কি? তবে আমরা এই কথা বলতে পারি, দুর্নীতি আমরা কমাতে পারি এবং কমাচ্ছিও। পশ্চিমবাংলায় কৃষি ক্ষেত্রে কায়েমি স্বার্থের যে জুলুম ছিলতার মুষ্টি আমরা শিথিল করতে পেরেছি। ভূমি সংস্কারের মধ্য দিয়ে বর্গাদারদের হাতে অধিকার দিয়ে, উদ্বৃত্ত জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন-এর মধ্য দিয়ে গরিব চাষিদের স্বার্থ রক্ষার মধ্য দিয়ে কিছুটা দুর্নীতি আমরা দূর করতে পেরেছি। সর্বক্ষেত্রে আমরা দুর্নীতি আরও দূর করতে পারতাম যদি আপনারা মুখে যে কথা বলেন সেটা যদি কাজে করে দেখাতেন। আপনারা কিসের সহযোগিতা করবেন? আপনাদের সহযোগিতা সত্যিকারের সহযোগিতা নয়, বক্তৃতার সহযোগিতা, কার্যকরভাবে সহযোগিতা আপনারা করবেন না। যে আইন ছিল তার আমূল পরিবর্তন করা হয়েছে। আপনারা মামলা করেননি? বেনফেড, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক, তন্তুজ, কনফেড এইসব কো-অপারেটিভের ক্ষেত্রে কারা মামলা করেছে? পশ্চিমবাংলায়

কো-অপারেটিভ আন্দোলন ধ্বংস করে দিচ্ছে মামলার মধ্য দিয়ে। সেইসব মামলা আমরা কিছু সামাতে পেরেছি। তারপর মেম্বারশিপ নিয়ে প্রশ্ন তুলেছেন। যারা ডায়রেক্টর আমরা সেখানে করেছি তারা বরাবর থাকতে পারবে। আর অফিস বেয়ারারদের ক্ষেত্রে ২ টার্ম থাকতে পারবে অর্থাৎ ৬ বছর। ৩ বছর অন্তর ইলেকশন হবে। এর থেকে গণতন্ত্রীকরণ আর কিছু হতে পারে নাকি? আপনারা কিছুই জানেন না। সমবায় আন্দোলনকে শক্তিশালী করার জন্য, গতিশীল করার জন্য, পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সমবায় আন্দোলনকে সেইভাবে পরিচালিত করছেন এবং সেইভাবেই পরিচালিত করা হবে। সেইজন্য বামফ্রন্ট সরকারের পিছনে পশ্চিমবাংলার মানুষ আছে এবং থাকবে। আমরা তাদের সর্বাঙ্গীন উন্নতির জন্য অঙ্গীকারবদ্ধ। এই কথা বলে বাজেটকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী অজয় দে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সমবায় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট-মোশনের সমর্থনে আমার বক্তব্য রাখছি। একটা সমাজকে এগিয়ে নিয়ে যাবার জন্য সমবায় আন্দোলনের উপর জোর দেওয়া উচিত এটা আমরা সকলেই জানি। কারণ বিশেষ করে এক শ্রেণীর ব্যবসাদারদের যে কুক্ষিগত করার প্রচেষ্টা তার হাত থেকে উদ্ধার করে এনে জনসাধারণের মধ্যে সুষ্ঠুভাবে লভাংশ সে যে কোনও বিষয়েই হোক না কেন বন্টন করার উদ্দেশ্য নিয়ে সমবায় গঠিত হয়েছিল। বিভিন্ন ক্ষেত্রে এই সমবায় আন্দোলনকে জোরদার করবার জন্য সমস্ত গভর্নমেন্টই চেষ্টা করে আসেন এবং সে ক্ষেত্রে সমবায় আন্দোলনকে যত বেশি জোরদার করা যাবে তত বেশি করে আমাদের জনস্বার্থ রক্ষা করা সম্ভব হবে। আজকে আমাদের মাননীয় অতীশবাবু বিভিন্ন বিষয়ে বলেছেন, আমি শুধু এইটুকু বলতে চাই যে বর্তমানে আমাদের পশ্চিমবঙ্গে যে দপ্তরটি রয়েছে সমবায় দপ্তর, সেটি চরমভাবে দুর্নীতিতে ভরে গেছে। বিশেষ করে দলবাজি এমন একটা চরম সীমায় গেছে যেটা আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখছি যে কো-অপারেটিভের কাজকর্ম শুধু কাগজে কলমে রয়েছে কিন্তু নিয়ম কানুন কিছু নেই কোনওরকম আইন মানা হয় না, সঠিক যেরকম ভাবে চলা উচিত ছিল সেই পদ্ধতিতে বিন্দুমাত্রও চলছে না। আজকে বিশেষ করে কয়েকটি নির্দিষ্ট বিষয়ে বলতে চাই এবং আশা করব মাননীয় মন্ত্রী মহাশয় তার জবাবি ভাষণে আমাদের সে সম্বন্ধে ওয়াকিবহাল করবেন। এখানে কো-অপারেটিভের হোলসেল কনজিউমার তার অ্যাপেক্স বডি বেনফেডের ব্যাপারে মাননীয় অতীশ বাবু বলেছেন, সেখানে চরম দুর্নীতি হয়ে রয়েছে, শুধু আমার কথা নয়। মাননীয় মন্ত্রী কিছুদিন আগে নিজেই বলেছেন এটা একটা দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। দীর্ঘদিন ধরে নমিনেটেড বডি চলছে, কোনও নির্বাচন নেই, কোটি কোটি টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট, স্টেট গভর্নমেন্ট, ন্যাবার্ড কেন্দ্র থেকে আসে, ১০ বছর ধরে সেখানে অডিট হয়নি। ১০ বছর ধরে অডিট হয়নি এক-আধ টাকার নয়, ১৩ কোটির টাকার আজ পর্যন্ত অডিট হয়নি। এই অবস্থায় আমরা দেখছি এবং মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন কিছুদিনের মধ্যে নির্বাচন হচ্ছে, কিরকম নির্বাচন হচ্ছে, না, যেসব ডিফলটার আছে তাদেরকে ভোটার করে দেওয়া হচ্ছে। তাদের মাধ্যমে নির্বাচন, একটা সাজান নির্বাচন বলা যেতে পারে সেটা করার চেষ্টা করা হচ্ছে বিশেষ করে আমাদের অতীশ বাবু বলেছেন, আমরাও বলতে চাই যে

আপনার সংস্থার কোনও অফিসারকে দিয়ে তদন্ত করলে রহস্য উৎঘাটিত হবে না, আমর দাবি করছি নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করা হোক। আপনারা যে পদক্ষেপ নিতে চলেছে আপনিই বলেছেন যে দুর্নীতির আখড়াতে পরিণত হয়েছে আপনার প্রকৃত পদক্ষেপ হওয় উচিত যেভাবে নমিনেটেড বডিতে হিসাবের গরমিল চলছে তার সুযোগ নিয়ে দুর্নীতি চলে প্রকৃত রহস্য উদঘাটন করতে গেলে নিরপেক্ষ তদন্ত কমিটি গঠন করা দরকার। কিছুদি আগে আমরা হাউসিং ফেডারেশনের যেসব বিষয় নিয়ে আপনার শরিক দলের সঙ্গে গন্ডোগো হয়েছে সে বিষয়েও মাঝপথে থেমে রয়েছে সেই বিষয়টি নিয়ে কি করছেন আমাদের দা সেইসব বিষয়গুলির কথাও বলবেন। আমরা দেখছি একটি বিষয় একটি জায়গায় এ.আর.সি.এ একটি কমিটি করছে সরকারও আর একটি কমিটি করে দিচ্ছেন সেটাকে বাতিল না করে আমরা দেখেছি ধনঞ্জয়পুর সমবায় সমিতিকে এ.আর.সি.এস. একটা নির্দেশ দিলেন রাজ্য সরকার সেই নির্দেশ বাতিল করলেন না হঠাৎ পাশাপাশি আর একটা কমিটি করে দিলেন ফলে দেখা গেল সেখানকার কাজ কর্ম ইচ্ছাকৃত ভাবে বন্ধ করে দেওয়া হল। শুধু তাই না পরবর্তীকালে মামলা মোকর্দমায় গিয়ে দাড়াল এই যে সরকারি নীতি, এ.আর.সি.এস. একটা কমিটি করেছেন, রাজ্য সরকার সেটাকে বাতিল না করে আবার একটা কমিটি করছেন এতে আসলে কাজকর্মের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে, কিসের উপর ভিত্তি করে করছেন, অহেতুক টাল বাহানা চলছে। এল.এ. কমিটি ফুলিয়াতে একটা জমি দেবার জন্য প্রোডাকশন কাম সেল কাউন্টারের জন্য দীর্ঘদিন ধরে নো অবজেকসন হয়ে রয়েছে, আজ পর্যন্ত গভর্নমেন্ট হ্যান্ড ওভার করছেন না এতে কো-অপারেটিভের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে। রাজ্য সরকার টালবাহানা করার ফলে এইগুলি সম্পর্কে সজাগ হওয়ার প্রশ্ন আছে। আমরা কাগজে দেখেছি দপ্তরের পক্ষ থেকে উত্তর ২৪ পরগনার বাগদায় এবং নদীয়ার বগুলায় মিনি জুটমিল খোলা হচ্ছে আমরা কি চিত্র দেখছি, কানোরিয়া এবং ভিক্টোরিয়ার মত বড় বড় জুট মিল যেখানে বন্ধ হয়ে যাচ্ছে সেখানে সরকার মিনি জুটমিল খুলছেন, এটা একটা দলীয় প্রভাব। এতে যে সরকারের আর্থিক সুরাহা কিছু হবে বলে আমরা মনে করিনা। আজকে কোল্ড স্টোরেজের ক্ষেত্রে কোনও নীতি নেই। সেখানে বাইরে থেকে জিনিস ভরে দেওয়া হচ্ছে। কোনও কোনও জায়গায় স্পেস খালি রয়েছে, কিন্তু সেখানে কোনও নীতি গ্রহণ করতে পারছেন না। বিভিন্ন সমবায় সমিতিতে স্টেট নমিনি দেবার ক্ষেত্রে পরিষ্কার বলা আছে যে, কারো বিরুদ্ধে ফৌজদারি মামলা থাকলে বা ডিফল্টার হলে তাকে মেম্বার করা যাবে না। কিন্তু আমাদের কাছে খবর আছে, দলের পক্ষ থেকে, মন্ত্রীর পক্ষ থেকে এই ধরনের চেষ্টা করা হচ্ছে। আমরা দেখছি বাঁকুড়ার কাটিনিয়া ল্যাম্প কো-অপারেটিভ সোসাইটিতে কাশিনাথ মেহতা বলে ঐরকম একজনকে ঢুকিয়ে দেবার চেষ্টা হয়েছে। এইভাবে ডিফল্টারদেরও ঢোকাবার চেষ্টা হয়েছে। এ-ব্যাপারে আমার কাছে লিস্ট আছে। আজকে দলীয় প্রভাব বাড়াবার জন্য কো-অপারেটিভ নর্মস ভেঙে দেবার চেষ্টা হচ্ছে। পশ্চিমবঙ্গের সম্ভাবনাময় একটি সংস্থা গ্যাঞ্জেস প্রিন্টিং সমবায়, যেখানে ছাপার কালি তৈরি হয়, সেখানে গত ১০ বছর ধরে নোমিনেটেড বোর্ড কাজ করছে তারফলে সম্ভাবনাময় ঐ প্রতিষ্ঠানটিকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করবার ক্ষেত্রে কোনও প্রচেষ্টা নেওয়া হয়নি, ফলে প্রতি বছর সেখানে লোকসান হচ্ছে। সেখানে সমবায় এবং শিল্প দপ্তরের জয়েন্টলি নোমিনেটেড বোর্ড করে রাখা হয়েছে। এ-ব্যাপারে সরকারের কোনও সুস্পষ্ট নীতি নেই। নদীয়া জেলার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে দীর্ঘদিন ধরে চরমভাবে দুর্নীতি

চলছে। সেখানে লকার ভেঙে, সেল্ফ ভেঙে টাকা চুরি হয়ে যাচ্ছে, মৃত ব্যক্তির নামে লোন দেওয়া হচ্ছে, কিন্তু কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। ১৯৮৪ সালের আগে থেকে একজন ম্যানেজিং ডিরেক্টর সেখানে ছিলেন নাম দেবপ্রসাদ বন্দ্যোপাধ্যায়। তাকে হঠাৎ সাসপেন্ড করে দেওয়া হল। তিনি কাজের দায়িত্ব পাবার পর ঐ ব্যাঙ্ক থেকে ২.১৭ লক্ষ টাকা যা লোন দেওয়া হয়, তারমধ্যে দুজন মৃত ব্যক্তির নামে লোন তোলা হয় এবং তারফলে তাকে সাসপেন্ড করা হয়। ১৯৮৪ সালে এরজন্য হাইকোর্ট হল, তারপর সুপ্রিম কোর্টের ডিভিসন বেঞ্চে গেল। লাস্ট অফ অল ৫.৫.১৯৯৪ তারিখে রাজ্য সরকারের চিফ একজিকিউটিভ অফিসার যে কেসটা করেছিলেন সেটা কোর্ট ডিসমিস করে দেন। ২৩.৫.১৯৯৪ তারিখে সুপ্রিম কোর্ট তাকে পুনর্নিয়োগের আদেশ দেন, কিন্তু আক্রোশ বলে তাকে জয়েন করতে দেওয়া হয়নি। আমি এ-ব্যাপারে হাইকোর্ট এবং সুপ্রিম কোর্টের কাগজপত্র মন্ত্রী মহাশয়কে দেখাবার জন্য আপনার কাছে রাখছি। আজকে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যানের নামে অনেক অভিযোগ উঠেছে। তিনি কেন্দ্রীয় সরকারের দেওয়া ন্যাবার্ডের টাকা কো-অপারেটিভ ব্যাঙ্ক না রেখে ফরেন ব্যাঙ্ক রেখেছেন এবং ক্যাশ মানি নিয়েছেন। আমাদের টাকা, কৃষকদের টাকা তিনি কিভাবে ফরেন ব্যাঙ্কে রাখেন স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কে না রেখে? অবিলম্বে এ-ব্যাপারগুলি নিয়ে তদন্ত করুন এবং তদন্ত রিপোর্ট মানুষকে জানান। গত বছর ১৭ কোটি টাকার মধ্যে মাত্র ১০ কোটি টাকা খরচ করেছিলেন।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় চেয়ারম্যান, স্যার আজকে সমবায় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশান আনা হয়েছে তার বিরোধিতা করে কয়েকটি কথা এখানে রাখছি। একটু আগে অতীশবাবু বক্তব্য রাখলেন। তিনি সমবায় মন্ত্রীর বাজেটের বিরোধিতা করলেন এবং বেনফেডের চেয়ারম্যানের দুর্নীতির কথা বললেন। বেনফেডের চেয়ারম্যান, আলি সাহেব অনেকদিন থেকে আছেন। বেনফেডের দুর্নীতি আছে, তদন্ত হচ্ছে। কিন্তু এই দুর্নীতির জন্য দায়ী কে? এরজন্য দায়ী কংগ্রেস। বেনফেডের চেয়ারম্যানকে আপনারা সরাতে পারেন নি, তিনি মামলা করে বসে আছেন। এই যে বাস্তুঘুঘুর বাসা, এটা কারা করেছে? হাউসিং ফেডারেশনের বিরুদ্ধে দুর্নীতির কথা উঠেছিল, আমি তার সচীব হিসাবে পদত্যাগ করেছিলাম। আপনারা কো-অপারেটিভের ইলেকশন করতে দিচ্ছিলেন না, আমরা সেই ইলেকশন করার চেষ্টা করেছি। আপনাদের সময়ে কি হয়েছে? জয়নাল সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন পুলিশ দিয়ে টাকা আদায় করা হয়েছে, পেপার ট্রানজাকশন হয়েছে। সেই সময় থেকেই সমবায় আন্দোলন শেষ হয়ে গেছে। সেই সময়ে আমরা দেখেছি যে পুলিশ দিয়ে গরিব মানুষগুলোকে টেনে আনা হয়েছে। এটা কি একটা কো-অপারেটিভ আন্দোলন হল? উনি বললেন, সমবায় আন্দোলন কিছু হয়নি। সমবায় মন্ত্রী একটা ভাল কাজ করেছেন। সেটা হচ্ছে, মহিলা সমবায় সমিতি করেছেন। এটা ৪৭ বছরেও আপনারা করতে পারেন নি। সেইসব কথা উনি বললেন না। উনি বললেন যে কিছু হয়নি। বামফ্রন্ট সরকারের ১৭ বছৰ শাসনে সমবায় আন্দোলনে কিছু হয়নি, এইসব কথা তিনি বললেন। আজকে পি.ডব্লিউ.ডি-কে যদি ৪ লক্ষ টাকা দেওয়া যায় তবে তারা এক মাইল রাস্তা বা একটা বড় হাসপাতাল করতে পারবে। কিন্তু সমবায়

আন্দোলনের মুভমেন্ট শুধু টাকা দিলেই হবেনা। এই ব্যাপারে মানুষের মনকে সমবায়মুখি করে তুলতে হবে। উনি বললেন যে ভারতবর্ষের মধ্যে সমবায়ে পশ্চিমবঙ্গ পিছিয়ে আছে। ডঃ রায়ও এক সময়ে কো-অপারেটিভ আন্দোলন নিয়ে দুঃখ প্রকাশ করেছিলেন। আজকে গ্রামের অবস্থা কি সেটা ভাবতে হবে। শুধু কো-অপারেটিভ বললেই হয়না। এই ব্যাপারে সকলের মনোভাব থাকা দরকার। সমস্ত দলকে নিয়ে না বললে কো-অপারেটিভ মুভমেন্ট সাকসেসফুল হতে পারেনা। কো-অপারেটিভ করতে গেলে সকলকে নিয়ে চলতে হবে। এখানে কংগ্রেসের সদস্যরা আছেন, তারা বললেন যে বামফ্রন্ট সরকার সমবায়ের কিছু করেনি। আমি এখানে একটা হিসাব দিচ্ছি। ১৯৭২ সালে যেখানে শর্ট টার্মস লোন দেওয়া হয়েছে ৮ কোটি টাকা, গত বছরে সেখানে সমবায় সমিতিগুলিকে ঋণ দেওয়া হয়েছে ১৩৫ কোটি টাকা। ১৯৯১-৯২ সালে কৃষি ঋণ দেওয়া হয়েছে ৮০ কোটি টাকা। কেন্দ্রীয় সরকারের সমবায় ব্যাঙ্ক, রাজ্য সরকারের সমবায় ব্যাঙ্ক ৮ শত কোটি টাকার উপরে আমানত করেছে। সেইসঙ্গে সমবায় উন্নয়ন সমিতিগুলি ৮০ কোটি টাকার মত সংগ্রহ করেছে। বামফ্রন্ট সরকারের ১৭ বছরের সমবায় আন্দোলনকে সমৃদ্ধি এবং ব্যাপকতাকে ছোট করে দেখা উচিত নয়। আজকে এই অর্থ এই রাজ্যে ব্যায় হচ্ছে। রাজ্যের বিবিধ কর্পোরেশন এবং সংস্থা এই সমবায় ব্যাঙ্ক থেকে ঋণ পাচ্ছে। এই সমবায় ব্যাঙ্কের অবস্থা কি ছিল? এই ব্যাপারে সমবায় মন্ত্রী ধন্যবাদ পাওয়ার যথেষ্ট দাবি করতে পারেন। দীর্ঘ মেয়াদি ঋণ ১৯৯১-৯২ সালে ৩০ কোটি এবং ১৯৯৩-৯৪ সালে ৮০ কোটি দেওয়া হয়েছে। এই টাকা রাজ্যের ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিরা পেয়েছে। ২৯টি পাইকারি ক্রেতা সমবায় সমিতি এবং ৭৫০টি প্রাইমারি সমিতি হয়েছে। এরা ৪০০ কোটি টাকার ব্যবসা করছে। নির্বাচন সব জায়গায় করা হচ্ছে। রাজ্যে দুটি শীর্ষ সমবায় প্রতিষ্ঠানে মামলার জন্য হচ্ছে না। মহিলা ব্যাঙ্ক স্বাধীনতার ৪৭ বছরের পরেও হয়নি। মহিলা ব্যাঙ্ক এখানে ১৭টি হয়েছে। এখন সদস্য সংখ্যা ৩৯,৪১০ জন। মূলধন ৬১ লক্ষ টাকা। এই ব্যবস্থা অন্য জায়গায় হয়নি। এরজন্য আমি সমবায় মন্ত্রীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, উনি একটা নূতন প্রচেষ্টা আরম্ভ করেছেন। আমি আর একটা কথা আপনাকে বলব। আপনি অবগত আছেন কিনা জানিনা এই চিট ফান্ডে টাকা ঢুকে যাওয়ার পরে এই মহিলা ব্যাঙ্কের মহিলারা কিছু কিছু দোকান থেকে টাকা তুলছে তখন কিছু কিছু লোক বলছে এই টাকা ঢুকে যাবে। আমাদের সি.ই.ও ছেপে দিলেন যে না এই টাকা ঢুকে যাবে না, এই গ্যারান্টি আমি দিতে পারি। কিন্তু পরবর্তীকালে কিছু পলিটিক্যাল পার্টির চাপে পড়ে তিনি বলে দিলেন এই টাকা গ্যারান্টি নেই। এই ব্যাপারে মন্ত্রী মহাশয়কে বলতে হবে সরকার এই টাকার গ্যারান্টি দেবে এবং টাকা ঢুকে যাওয়ার চান্স কম। এটা না হলে এটা ফ্লোরিশ করতে পারবে না আপনি অনেক ভাল কাজ করছেন। উত্তরবঙ্গে আরবান ব্যাঙ্ক ছিল না, সেই আরবান ব্যাঙ্ক হতে যাচ্ছে। আমি রিজার্ভ ব্যাঙ্কের আঞ্চলিক অফিসারের সঙ্গে কথা বলেছি, তিনি বলেছেন হবে। এরজন্য আপনাকে আন্তরিক ধন্যবাদ। আপনার অবগতির জন্য আরও দু-একটা কথা বলতে চাই। গত বছর ঋণ দেওয়া হয়েছে ১০৫ কোটি টাকা। ১৯৭৮ সালের হিসাব তো প্রয়োজন ছিল প্রায় ৪০০ কোটি টাকা। আপনার রাজ্যে ৬৬০০টি কৃষি উন্নয়ন সমিতির মধ্যে ২৫০০ এখন কায়েমি স্বার্থের অধীনে। ১৯৭৬-৭৭ সালের রাষ্ট্রীয় ব্যাঙ্কের তত্ত্বাবধা দেয় ৭০০-সমিতি, এর অধিকাংশ মৃতপ্রায়। এই সমিতিগুলি নিজের ইচ্ছায় যায় নি, জোর করে পাঠিয়েছিল বরকত সাহেব। এই দুই প্রকার সমবায় সমিতিকে কায়েমি স্বার্থ মুক্ত কর এবং

কেন্দ্রীয় সমবায়ের তত্ত্বাবধানে আনতে হবে। প্রাথমিক সমবায় কৃষি উন্নয়ন সমিতির ম্যানেজাররা দীর্ঘদিন আন্দোলন করছে। আমার কাছে আসে। আমি বলেছিলাম যে আপনাদের টাকা দিতে পারবে না। সেইজন্য আমাকে তারা বিক্ষোভ দেখিয়েছিল এবং কালো পতাকা দেখিয়েছিল। আপনি তাদের আশা দিয়েছেন, পে কমিটি করেছেন, আপনি তাদের ঝুলিয়ে রাখবেন না। 'ন্যাবার্ড'-এর নিকট লং টার্ম ফান্ডের যে প্রস্তাব সমূহ যায় সেইগুলির প্রতি 'ন্যাবার্ড' ঠিকমতো দৃষ্টি দেয় না। এই বিষয়ে আপনাকে উচ্চ মহলের সঙ্গে কথা বলতে হবে। সময় মতো প্রান্তিক চাষিরা ঋণ পরিশোধ করলে তারা কিছুটা ঋণের টাকা মুকুব পেতেন, সেই টাকা আপনি যেখানে দিতে পারছেন না, সেখানে আপনি বেতন বাড়াবার কথা বলেছেন। আপনাকে কৃষি ঋণের ক্ষেত্রে রাজ্য সমবায় ব্যাঙ্ক এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের কথাটা মাথায় রাখতে হবে। লেবার ডিপার্টমেন্ট এটাকে ই.এস.আই.এর মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। কলকাতা সমবায় সমিতিকে ৪০ লক্ষ টাকা দেওয়া কি সম্ভব হবে? ই.এস.আই.'এর মধ্যে এটাকে কেন ঢোকাতে হবে। আপনি সমবায় মন্ত্রী, আপনার কাছে সমবায়ের সম্বন্ধে একটা কথা বলি। আপনার হাতে কিন্তু সব রকমের সমবায় নেই। যেমন, মৎস্য সমবায় নেই, হস্তশিল্প সমবায় নেই, দুগ্ধে নেই, তাঁতশিল্পে নেই। সেখানে দুর্নীতি হচ্ছে। তারা একটা কথা বলছে যে নিজের নিজের ডিপার্টমেন্টে পদ সৃষ্টি করে তারা লোক নেবে। কিন্তু সেই লোক আজও তারা নিতে পারে নি। একটা কথা উনি যা বলেছেন তা ঠিকই। কো-অপারেটিভকে আমরা খুব একটা গুরুত্ব দিয়ে দেখি না। তা যদি হত তাহলে এতে দু'ঘন্টার বেশি সময় রাখা হত। হাউজিং ফেডারেশন থেকে রিজাইন করার কথা বলা হয়েছিল, আমরা হাউসিং ফেডারেশন থেকে রিজাইন করে দিয়েছি। সেখানে ৩৫ লক্ষ টাকা লস হয়েছে, সেখানে আপনি ১০ লক্ষ টাকা এক্স-গ্রাশিয়া দিচ্ছেন। এটা কি করে আপনি অর্ডার দিলেন এটা আমরা বুঝলাম না। (এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

[3-20 — 3-30 p.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সমবায় মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমার দলের আনা কাট মোশনকে সমর্থন করছি। আমি মাননীয় প্রবীণ সদস্য বীরেন্দ্র মৈত্র মহাশয়ের শেষ কথার রেশ ধরেই উল্লেখ করতে চাই যে এই রাজ্যের সরকার কো-অপারেটিভকে তত গুরুত্ব দিচ্ছেন না। কিন্তু স্বাধীনতার পর এই গুরুত্বপূর্ণ স্থান দেওয়া হয়েছিল। ষাটের দশকে ভারতবর্ষের প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরুর একটি কথা আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিতে চাই I have said often and I would like to repeat here that three pillars of India right at the base should be the village panchayet, village co-operatives and village school. সেই থেকে ভারতবর্ষে কো-অপারেটিভগুলো তার নিজস্ব বৈশিষ্ট নিয়ে এগিয়ে চলেছে। সমবায়কে যদি একটা দর্শন ধরা যায়, এর একটা আলাদা মূল্য আছে। কেন তার মূল্য আছে, এই প্রসঙ্গে একটা কথা বলা যায় যে It is widely recognised today that because of its special characterstic cooperative belongs neither to the public sector nor to private sector but forms a separate sector which is justifiably termed cooperative sector. কো-অপারেটিভ প্রাইভেট

সেক্টর নয়, পাবলিক সেক্টরও নয়। এর আলাদা দর্শন, এটা নিজস্ব আলাদা দর্শন নিয়ে চলে কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে বামফ্রন্ট সরকার আলাদা কো-অপারেটিভ সেক্টর না বলে এখানে একটা পলিটিক্যাল সেক্টরে নিয়ে যাচ্ছে। এই কথা মাননীয় সদস্য অতীশবাবু বলেছেন, বীরেনবাবু ও খানিকটা সমর্থন করেছেন। মাননীয় মন্ত্রী কি এমন একটা সমবায় সমিতি দেখাতে পারবেন যেখানে গভর্নমেন্ট নমিনি নেই? কোথাও সরকারি লোক বলে নিজের দলের, কোথাও বা বড় দাদাদের চাপে সি.পি.এমের লোক ঢুকিয়ে রেখেছেন। আমি বিনীতভাবে আপনাকে বলি, আপনি নতুন দৃষ্টিভঙ্গি থেকে কো-অপারেটিভকে দেখুন, এটিকে পলিটিক্যাল সেক্টরে নিয়ে যাবেন না। এখানে মাননীয় সদস্য পান্নাবাবু কো-অপারেটিভ এগিয়ে যাচ্ছে এবং আরও অনেক কিছু বললেন। আমি তাকে জিজ্ঞাসা করি, উনি কর্মচারিদের কথা একবারও বললেন না কেন? ১৯৮০ সালে যখন আপনি মন্ত্রী ছিলেন না, তখন কর্মচারিদের জন্য একটি পে-কমিটি ঠিক করে দিয়েছিলাম। নির্মলবাবু প্রয়াত হয়েছেন। কিন্তু এখনও যিনি এই হাউসের মেম্বার আছেন, সরকার পক্ষে যিনি এখানে প্রথমে বক্তব্য রাখলেন, মাননীয় পান্নালাল মাঝি সেই কমিটির সদস্য ছিলেন। তিনি তো একবারও বললেন না যে তার নিজের হাতে রেকমেন্ড করার বিষয় এখনো পর্যন্ত বাস্তবায়িত হল না। আমরা খুব দুঃখের সঙ্গে লক্ষ্য করছি এবং মাননীয় মন্ত্রীকে এই ব্যাপারে জিজ্ঞাসাও করতে চাই যে, তিনি যে বারে বারে বলেছেন, গতবারও বলেছেন, এবারেও বলেছেন যে সমবায় কর্মচারিদের বেতনের ব্যাপারে ১৯৮২ সালে পে কমিশনের রিপোর্ট এর উপরে রেকমেনডেশন রাজ্য সরকারের কাছে তারা পেশ করেছেন। এতেও কিছু না হওয়াতে কর্মচারিরা আন্দোলন শুরু করলেন এবং ১৯৮৬ সালে অনেক আন্দোলনের পরে সরকার তার রিপোর্ট প্রকাশ করলেন। এই খবর অন্য কোনও কাগজের নয়, আপনাদেরই কাগজ গণশক্তির। আপনারা শুনলে খুশি হবেন আপনাদেরই কাগজ গণশক্তিতে ৩০শে ডিসেম্বর, ১৯৮৬ সালে খবরটি বেরিয়েছে। আপনাদেরই পত্রিকা কোনও চ্যালেঞ্জের ব্যাপার নেই। ওই পত্রিকার যে খবর সেটা পড়ে শোনাচ্ছি সমবায় সংস্থার কর্মিদের জন্য গঠিত পে কমিটির রিপোর্ট প্রকাশিত হয়েছে। পশ্চিমবঙ্গ সমবায় কর্মচারি ফেডারেশানের নেতৃত্বে কর্মচারী ফেডারেশনের পক্ষ থেকে এক বিবৃতিতে পে কমিটির রিপোর্ট প্রকাশের জন্য বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানানো হয়েছে। ১৯৮৬ সালে সিপিএমের সিটু কর্মচারী বামফ্রন্ট সরকারকে অভিনন্দন জানাল। তার পরিবর্তে ১৯৯৪ সালে অর্থাৎ আজকে আপনার সেই অভিনন্দনের পরিবর্তে তাদের বঞ্চনা ছাড়া কি দিতে পেরেছেন? আপনি একটি প্রশ্নের উত্তরে পে কমিশনের রিপোর্টের ৪০ পারসেন্ট রাজ্য সরকার দেবেন একথা বলেছিলেন। আমার স্মরণ আছে, আপনি বলেছিলেন যে দেবেন, দেবেন, দেবেন। এই তিনবার বলা মানে আমরা মনে করি গ্যারান্টেড, কিন্তু সেই শর্ত কি আপনারা রাখতে পেরেছেন? সেই শর্ত আপনারা রাখতে পারেন নি। আপনাদেরই 'গণশক্তি' পত্রিকাতে ২৮শে জুলাই ১৯৯১ সালে প্রকাশিত হয়েছে যে, রাজ্য সরকার ৯১-৯২ সালের বাজেটে রাজ্যের সমবায় কর্মচারিদের বেতন পুনর্বিন্যাস সংক্রান্ত প্রশ্নে যে নীতি ঘোষণা করেছেন এবং ঐ বাবদ যে অর্থ বরাদ্দ করেছেন তাকে স্বাগত জানাচ্ছি। পশ্চিমবঙ্গ সরকারের সমবায় কর্মচারি ফেডারেশন (সি আই টি ইউ ডি) সম্পাদক পীযূষ সরকার শনিবার এক বিবৃতিতে বলেছেন তৃতীয় বেতন কমিশনের সুপারিশকে ভিত্তি করে রাজ্যের সমবায় কর্মচারিদের জন্য বামফ্রন্ট সরকার বেতন পুনর্বিন্যাসের যে সিদ্ধান্ত নিয়েছেন এবং এ বাবদ যে অর্থ বরাদ্দ করেছেন

তাতে প্রাথমিক ও জেলাস্তরের সমবায় কর্মচারিরা উপকৃত হবে। এরা তো আর কংগ্রেসের লোক বা ফরোয়ার্ড ব্লকের লোক নয়, বা এরা সিপিআইয়ের লোক নয়, এরা পশ্চিমবঙ্গের সিটু ইউনিয়নের কর্মচারি 'গণশক্তি' পত্রিকাতে আরও বেরিয়েছে ২৮.১.৯২ সালে যে, এইক্ষেত্রে সভাপতি মৃণাল দাস, পীযূষ সরকার ২৮.১.৯২ সালে গণশক্তি পত্রিকাতে বলেছেন যে সারা রাজ্যে সমবায় কর্মচারী ফেডারেশন এ বছর ১লা মার্চ থেকে বর্ধিত চালু হবে। সোমবার রাজ্যের অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত, সমবায়মন্ত্রী সরল দেব, বিভাগীয় সচিব এবং পশ্চিমবঙ্গের সমবায় কর্মচারী ফেডারেশনের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই পবিত্র বিধানসভাতে এসে আপনি বলেছিলেন যে, আগামী মাস থেকে সমবায় কর্মচারিরা তাদের নায্য পাওনা পাবে, কিন্তু এখনো পর্যন্ত তারা তা পায় নি। সরকারি প্রস্তাব যদি সত্য হত তাহলে আমরা হয়ত খুন্ন হতাম কিন্তু সমবায় কর্মিরা তো এরদ্বারা উপকৃত হত। এবং তাতে আমরা অন্তত সমবায় বাজেটকে সমর্থন করতাম। আজকে আপনারা যাদের চোখের জল ফেলালেন তারা কখনো আপনাকে ক্ষমা করবে না। আমি জানি সমবায় কর্মিদের বেতন নিয়ে আপনি ক্যাবিনেট প্লেস করতে গিয়েছিলেন কিন্তু জ্যোতি বাবুর সঙ্গে আপনার মতের অমিল থাকাতে এটা হয়নি। আপনার সমবায় কর্মচারিরা জ্যোতি বাবুর সঙ্গে দেখা করেছিলেন কিন্তু কাজের কাজ কিছু হয়নি। তারপরে সমবায় কর্মচারিদের সিটু নেতারা মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে বলেছিলেন যে অর্থমন্ত্রী তাদের ন্যায্য পাওনা দিচ্ছেন না। আমি যেসব তথ্য দিলাম মাননীয় মন্ত্রীর কাছে তার কোনওটাই অসত্য নয়। আপনাদেরই কাগজে বেরিয়েছে। সবচেয়ে দুঃখের বিষয় যে, আপনার রেকমেন্ড করা সত্ত্বেও সরকারি তরফ থেকে প্রস্তাব স্বীকৃত হয়নি। সুতরাং আজকে এই বাজেটকে সমর্থন করলে ওই সমবায় কর্মচারিদের কাছে আমরা দোষি হয়ে থাকব, ওরা আমাদের ক্ষমা করবে না। এখানেই শেষ নয়, আরও দুর্নীতি কথা আপনার দপ্তর সম্পর্কে জানাচ্ছি ওয়েস্ট বেঙ্গল স্টেট্ কো-অপারেটিভের ব্যাঙ্কের চেয়ারম্যান সম্পর্কে অভিযোগ উঠেছে, যে, তিনি ফরেন ব্যাঙ্ক অফ আমেরিকা, গ্রীনলেজ ব্যাঙ্কে প্রচুর টাকা রেখেছেন এবং তার রেট অফ ইন্টারেস্ট ১৫ পারসেন্ট থেকে ২৫ পারসেন্ট সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে স্টেট গভর্নমেন্ট নাবার্ড স্কীমে ২০ কোটি টাকার থেকে ৭০ কোটি টাকা নিয়েছিলেন সেই টাকা এখানে কাজে লাগানো হয়েছে। আপনি সেই টাকা একবার ২ কোটি একবার ৭ কোটি টাকা বিদেশের ব্যাঙ্কে রেখেছিলেন, কাট মানি নিয়েছিলেন, সেটাও হজম করে দিয়েছেন, আপনি তাকে সাসপেন্ড করলেন না। আপনাদের বামফ্রন্টের নীতি দুর্নীতির বিরুদ্ধে লড়াই করা, কিন্তু ছোট্ট দপ্তরের সেই দপ্তরের এত বড় দুর্নীতি গরিবের টাকা মেরে বিদেশের ব্যাঙ্কে টাকা রেখেছে, স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের টাকা এখনও অ্যাডজাস্টমেন্ট করতে পারেননি, তাকে পুষে রেখেছেন। মাননীয় সমবায় মন্ত্রী তার সমবায় দপ্তরকে এগিয়ে নিয়ে যাবেন এটা যদি ভেবে থাকেন তাহলে আপনার ভাবনাকে আবার নূতন করে ভাবতে হবে। এক্ষেত্রে আপনাকে ডাক্তার দেখানোর দরকার আছে বলে আমি মনে করি। আপনি কর্মচারিদেরকে যে সুযোগ সুবিধা দেওয়ার কথা সেই ব্যাপারে সহানুভূতির সঙ্গে দেখেননি বলে আমি এই বাজেটের বিরোধিতা করলাম এবং কাটমোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী আব্দুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় সমিতির ভারপ্রাপ্তমন্ত্রী যে ব্যয়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন আমি তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধী পক্ষ থেকে যে ব্যয়বরাদ্দের উপর ছাঁটাই প্রস্তাব এসেছে সেই প্রস্তাবের বিরোধিতা করছি, যেহেতু যুক্তিহীন, ভিত্তিহীন সেইজন্য সেইগুলির সম্পূর্ণ বিরোধিতা করছি। আমরা জানি কেউ সেটা স্বীকার না করলেও সমবায়ের মাধ্যমে বামফ্রন্টের আমলে বিভিন্ন স্তরে পিছিয়ে পড়া মানুষদের যা উপকার হয়েছে সেটা একেবারে বাস্তব সত্য একে অস্বীকার করবার উপায় নেই। এই সমবায় ইংরাজ আমলে ছিল, সমবায় কংগ্রেস আমলে ছিল, আমাদের বামফ্রন্টের আমলেও আছে। গুণগতভাবে যে পার্থক্য দেখা যায় সেই পার্থক্যকে বিচার বিশ্লেষণ করলে আমরা সহজে বুঝতে পারব যে এই বামফ্রন্টের আমলে সমবায়ের মাধ্যমে পিছিয়ে পড়া দুর্বল শ্রেণীর মানুষ যারা ক্ষুদ্র চাষি, প্রান্তিক চাষি, যারা পাট্টা পাওয়া মানুষ যারা বর্গাদার, ক্ষেতে খামারে খেটে খাওয়া মানুষ এই সমস্ত মানুষদের যে উপকার করা হয়েছে সেই উপকার ভোলার মতো নয়, সেটা স্মরণ রাখার মতো অবস্থা। এই বাস্তব অবস্থাকে যারা অস্বীকার করছেন, এতে উপকার যারা পেয়েছেন তাদের সম্পর্কে যদি বিরোধী দলের বক্তারা মন্তব্য করেন তাহলে সেই ব্যাপারে বলতে হয়, হাতে দই, পাতে দই, তবু বলে কই কই। এত উপকার করা সত্ত্বেও যদি বলে দই কৈ, দই কৈ তাহলে বলতে হয় খুশির কথা আপনাদেরকে আমরা জানাই, কোনও একটি সংস্থা তার সীমিত শক্তি নিয়ে বামফ্রন্টের ইচ্ছায় জনগণের সার্বিক কল্যাণ সাধন করেন শুধু নয়,—বামফ্রন্টের লিমিটেশন, আছে, তাদের সীমিত শক্তি নিয়ে মাননীয় সমবায় মন্ত্রী যে যোগ্যতার সঙ্গে এখানে কাজ করছেন তাকে আমাদের স্বীকার না করে উপায় থাকে না। আমাদের বামফ্রন্ট সরকার তার সংস্কার নীতি অবলম্বনের ফলে এই পশ্চিমবাংলায় শতকরা ৭০ ভাগ জমি এসেছে প্রান্তিক চাষির হাতে, ক্ষুদ্র চাষির হাতে, পাট্টা যারা পেয়েছে তাদের হাতে। এবং এই পাবার ফলে আমাদের পশ্চিমবাংলায় কৃষি উৎপাদনের যে উন্নতি হয়েছে সেটা অনস্বীকার্য। এটা আজকে সকলেই বলতে বাধ্য হচ্ছেন যে পশ্চিমবঙ্গ চালের উৎপাদনে প্রথম স্থান, আলুর উৎপাদনে দ্বিতীয় স্থান লাভ করেছে এবং অন্যান্য ব্যাপারেও অনেক উন্নতি করেছে। এই উন্নতির মুলে যেসব উপকরণের ভূমিকা রয়েছে তারমধ্যে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা অন্যতম। এক সময় আমরা জানি যে গরিব, খেটে খাওয়া ক্ষুদ্র চাষিরা মাঠে সোনার ফসল ফলানোর জন্য, ছেলে-মেয়েদের মুখে দু মুঠো অন্ন তুলে দেওয়ার জন্য অভাবের সময় ঐ নররাক্ষস, রক্তশোষক মহাজনদের দারস্থ হতেন। সেই মহাজনদের শোষণের কথা আমরা সকলেই জানি, সেকথা নতুন করে বলার প্রয়োজন নেই। আজকে কিন্তু সেই অবস্থাটা আর নেই। আজকে ঐ গরিব চাষি, প্রান্তিক চাষি খেটে খাওয়া মানুষদের ঋণের জন্য মহাজনদের দারস্থ হতে হচ্ছে না, চাষ করার জন্য তারা ঋণ পাচ্ছে সমবায় সমিতি থেকে। সেখানে দীর্ঘমেয়াদি, স্বল্পমেয়াদি — নানান রকমের ঋণের ব্যবস্থা করা হয়েছে। এমন কি অনেক সময় চাষিদের সেই ঋণ সমবায় থেকে মকুব করে দেওয়ার ব্যবস্থাও করা হয়েছে। এইসব কাজ করা হয়েছে পশ্চিমবাংলার খেটে খাওয়া গরিব মানুষদের জন্য। তাহলে এর থেকেই বোঝা যাচ্ছে যে এই সমস্ত পিছিয়ে পড়া মানুষদের কল্যাণের জন্য যথেষ্ট কাজ করে চলেছেন এই সমবায় দপ্তর। তবে যারা কাজ করেন বা এই কাজ করার

দায়িত্ব যাদের উপর সেখানে কাজ করার পথে তারা কিছু ভুল ভ্রান্তি করতে পারেন কিন্তু এর যে ইতিবাচক দিক সেটাকে বিরোধীপক্ষের সদস্যরা যেভাবে উপেক্ষা করছেন সেটা ঠিক নয়। এতে বিরোধীপক্ষের সদস্যরা সত্যের অপলাপই করছেন। তাদের জ্ঞানের অগোচরে কিছু ভুলভ্রান্তি হতে পারে তবে মাননীয় মন্ত্রী মহাশয় সে ব্যাপারে সচেতন ও সজাগ রয়েছে এবং তারজন্য যেসব ব্যবস্থা নেওয়া দরকার সেটা তিনি নিচ্ছেন। এই সমবায় সংস্থার মধ্যে কর্মিদের যে বিভিন্ন বেতনক্রম ও সুযোগসুবিধা তারতম্য রয়েছে মন্ত্রী মহাশয়ের সে দিকেও নজর আছে। কখনও কখনও তাদের প্রতিনিধিদল বিরোধ নিয়ে মন্ত্রী মহাশয়ের সঙ্গে টেবিলে মুখোমুখি বসে তা নিয়ে আলোচনা করেন, কখনও বা দপ্তরের সচিবের সঙ্গে আলোচনা করেন। সেখানে যে বিরোধ বৈষম্য আছে সেটা নিশ্চয় মন্ত্রী মহাশয় আলোচনা করে তার একটা মীমাংসার চেষ্টা করছেন এবং সেখানে এমনভাবে হস্তক্ষেপ করছেন যাতে সমস্যার সমাধান হয়। আমাদের সমবায় দপ্তর কোনও কাজ করতে পারে নি, সম্পূর্ণ ব্যর্থ — এ কথা সত্য নয়। হয়ত কিছু ত্রুটি-বিচ্যুতি আছে, সেগুলি দূর করার দিকে আমাদের নজর দিতে হবে। আশা করব সেগুলি দূর করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় উদ্যোগ নেবেন। এখানে অনেক সমালোচনা হচ্ছে, সমালোচনা হওয়া ভাল। তবে তা কন্‌স্ট্রাকটিভ সমালোচনা হতে হবে। কারণ কন্‌স্ট্রাকটিভ সমালোচনা ভাল, ডেস্ট্রাকটিভ সমালোচনা ভাল নয়। আমি যেটুকু বুঝেছি এবং উপলব্ধি করেছি তাতে আমাদের সমবায় বিভাগ খেটে খাওয়া মেহনতি মানুষদের জন্য যথেষ্ট কাজ করেছে। সেজন্য আমি এই দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। পরিশেষে তার উত্থাপিত বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3-40 — 3-50 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সমবায় বিভাগের মন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের ওপর আমাদের দলের পক্ষ থেকে আমি যে কাট মোশন রেখেছি তার সমর্থনে এবং বাজেটের বিরোধিতায় আমার বক্তব্য রাখছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সীমাবদ্ধতার মধ্যেও জনমুখি দৃষ্টিভঙ্গি থাকলে রাজ্য সমবায় আন্দোলনকে যেভাবে জনস্বার্থে পরিচালিত করা সম্ভব সেভাবে তা করা এ রাজ্যে সম্ভব হয়নি। বামফ্রন্ট সরকারের সংকীর্ণ দলবাজি, চরম দুর্নীতি এবং সমবায় কর্মচারিদের স্বার্থের পরিপন্থী দৃষ্টিভঙ্গি সীমাবদ্ধতার মধ্যেও সমবায় আন্দোলনকে তার নির্দিষ্ট লক্ষ্যে নিয়ে যায় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যক্তিগতভাবে মাননীয় বিভাগীয় মন্ত্রী কিছুটা চেষ্টা করছেন, কিন্তু তার চেষ্টা কতটা সফল হবে, তা আমরা জানি না। কারণ দুর্নীতি যেভাবে বাসা বেঁধেছে, শাসক দলের সর্ববৃহৎ শরিক দল যেভাবে পঞ্চায়েত এবং সমবায় সমিতিগুলিকে কব্জা করে বসে আছে তাতে সমবায় সমিতিগুলিকে দুর্নীতি মুক্ত করার পদক্ষেপ নেবার চেষ্টা তার থাকলেও তা করা তার পক্ষে সম্ভব নয়। কথাটা আমি উদ্দেশ্যহীনভাবে বলছি না। আমি নির্দিষ্ট একটা বিষয় এখানে উল্লেখ করেই বলতে চাইছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভারতবর্ষে শেয়ার কেলেঙ্কারি নিয়ে সারা ভারতবর্ষের বাম এবং গণতান্ত্রিক মনোভাবাপন্ন মানুষরা সোচ্চার। অথচ দুর্ভাগ্যের কথা এই যে, শেয়ার কেলেঙ্কারির সঙ্গে জড়িত যে বিদেশি ব্যাঙ্ক সেই বিদেশি ব্যাঙ্কে আমাদের রাজ্যের সমবায় ব্যাঙ্কের টাকা খাটানো হচ্ছে। এমন কি শেয়ার মার্কেটে খাটানোর অভিযোগও উঠেছে। অর্থাৎ শেয়ার কেলেঙ্কারির সঙ্গে পশ্চিমবঙ্গ রাজ্য সমবায় ব্যাঙ্ক যুক্ত, এই ধরনের

মারাত্মক অভিযোগও উঠেছে। এই অভিযোগ উত্থাপন করেছেন শেয়ার কেলেঙ্কারির বিষয়ে সংসদীয় তদন্ত কমিটির অন্যতম সদস্য মণিশঙ্কর আয়ার এই বছর জানুয়ারি মাসে। তার অভিযোগ, এই রাজ্যের সমবায় ব্যাঙ্কের অন্তত ৪০ কোটি টাকা গ্রিন্ডলেস সহ বিদেশি ব্যাঙ্কগুলিতে খাটানো হয়েছে। যে ব্যাঙ্কগুলির বিরুদ্ধে শেয়ার মার্কেটে টাকা খাটানোর এবং শেয়ার কেলেঙ্কারির সঙ্গে যুক্ত থাকার অভিযোগ উঠেছে। এইরকম সময়ে — যখন শেয়ার কেলেঙ্কারি চলছিল, ১৯৯১ সালের নভেম্বর মাস থেকে শুরু করে ১৯৯২ সালের এপ্রিল মাস পর্যন্ত পোর্ট ফোলিও ম্যানেজমেন্ট স্কীমের ঐ টাকা জমা দেওয়া হল। এবং আপনারা সকলেই জানেন যে, এই স্কীমের টাকা বিদেশি ব্যাঙ্কগুলি শেয়ার মার্কেটে অবৈধভাবে খাটিয়েছিল। জানকি রমন কমিটি এটা এক্সপোজ করার আগে পর্যন্ত তারা এখান থেকে টাকা উইথড্র করেনি এই অভিযোগ উঠেছে এবং এই অভিযোগ পাবার পর গত ৯ মার্চ অ্যাসিস্ট্যান্ট রেজিস্টার, কো-অপারেটিভ, মিঃ বি.বি. সেনগুপ্তকে এনকোয়ারির ভার দপ্তর থেকে দেওয়া হল। বিভাগীয় মন্ত্রী গুরুতর অভিযোগ পেয়ে ২৮ মার্চ, উচ্চ পর্যায়ে তদন্তের জন্য বিভাগিয় সচিব শ্রী অজিত মুখার্জির উপর ভার দিলেন। রিপোর্ট বেরুলো। কিন্তু যে রিপোর্ট বেরুলো তাতে স্বয়ং বিভাগীয় মন্ত্রী সন্তুষ্ট হতে পারেননি। রিপোর্টে বলা হয়েছে, শেয়ার কেলেঙ্কারির সঙ্গে যুক্ত সমবায় ব্যাঙ্ক এইরকম অভিযোগ পাওয়া যায়নি। এইরকম গোল গোল করে রিপোর্ট বেরুলো। এই নোট দিয়ে মন্ত্রীর কাছে পাঠালো। মন্ত্রী সন্তুষ্ট হতে না পেরে আমি মনেকরি সঙ্গত কারণে সমগ্র বিষয়টি পর্যালোচনা করার জন্য বোম্বের রিজার্ভ ব্যাঙ্কের ডেপুটি ডিরেক্টর, বি.আর.মেহেতার কাছে পর্যালোচনার জন্য পাঠিয়ে দিলেন। কিন্তু আমি শুনে আশ্চর্য, এ ব্যাপারে নাকি সবচেয়ে বেশি ক্ষুব্ধ হয়েছেন রাজ্যের সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান অশোকবাবু। উনি আবার বড় শরিকদলের স্নেহভাজন। উনি বিষয়টি নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীর কাছে নালিশ করেছেন যে বিভাগীয় তদন্তে কিছু না পাওয়া গেলেও মন্ত্রী কেন রিজার্ভ ব্যাঙ্কের ডেপুটি ডিরেক্টরের কাছে পাঠালেন। এতে মাননীয় মুখ্যমন্ত্রী নাকি সেই অভিযোগের ভিত্তিতে বিভাগীয় মন্ত্রীর কাছে কৈফিয়ত তলব করেছেন যে কেন মন্ত্রীসভাকে না জানিয়ে রিজার্ভ ব্যাঙ্কের কাছে পর্যালোচনার জন্য পাঠালেন? আমি বিভাগীয় মন্ত্রীকে ধন্যবাদ জানাই যে তিনি সত্য উদ্ঘাটনের জন্য বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন। কিন্তু তার প্রচেষ্টাকে চেপে দেবার জন্য মুখ্যমন্ত্রীর পক্ষ থেকে যেভাবে কৈফিয়ত তলব করা হয়েছে, যেভাবে তার কাজে অন্তরায় সৃষ্টি করা হয়েছে, জেনেশুনে একটা স্ক্যামকে খানিকটা ইনডালজ করা এটা খুবই বিপদজনক। আর একটা গুরুত্বপূর্ণ কথা বলতে চাই, আজকে সমবায় আন্দোলনকে যদি এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে যে ১২ হাজার সমবায় সমিতি রয়েছে এবং যার ২১ হাজার কর্মচারী রয়েছেন তাদের যথাযথভাবে সদব্যবহার এবং পূর্ণাঙ্গ সহযোগিতার ভিত্তিতে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব। কিন্তু অত্যন্ত বেদনাদায়ক কথা, সমবায় কর্মচারিদের যে ন্যায়-সঙ্গত দাবি, তাদের যে বেতন কাঠামো যে দাবির ভিত্তিতে ১৯৮২ সালে পে কমিটি গঠন হয়েছিল এবং ১৯৯০ সালে সরকারি রিপোর্ট বেরুলো। তার ভিত্তিতে অর্থ দপ্তর পে কাঠামো তৈরি করলো এবং বিভাগীয় মন্ত্রী ও অর্থমন্ত্রী ২ জনে মিলে ২৭ জানুয়ারি মহাকরণে প্রেস কনফারেন্সে বললেন, আমরা নতুন বেতন কাঠামো তৈরি করেছি এবং ১ মার্চ, ১৯৮২ সাল থেকে এই বেতন কাঠামো চালু হবে। এরজন্য ৪০ শতাংশ অর্থ দপ্তর দেবে আর বাকিটা সমবায় সমিতি বহন করবে। কিন্তু ১৯৯২ সাল থেকে আজকে ১৯৯৪ সাল আজ

পর্যন্ত এটা কার্যকর করলেন না। ফলে বাধ্য হয়ে কো-অপারেটিভ এমপ্লয়িজ ইউনিয়ন শেষ পর্যন্ত হাইকোর্টের দ্বারস্থ হন এবং গত ১৪ জানুয়ারি হাইকোর্ট থেকে আদেশ হয় ৪ সপ্তাহের মধ্যে এই বেতন কাঠামো ঘোষণা করতে হবে। কিন্তু ৪ সপ্তাহ আক্রান্ত হয়ে গেল আজ পর্যন্ত হাইকোর্টের নির্দেশ পর্যন্ত পালন করছেন না। আজকে আপনাদের যে প্যাকস, প্রাইমারি এগ্রিকালচার কো-অপারেটিভ সোসাইটি যে ৬৬০০ সদস্য এরা এই ৬৬০০ আসলে গ্যাস রুট লেবেলে এইগুলি সমবায় আন্দোলনের ভিত্তি আজকে সেখানে তাদের যে ম্যানেজার আজকে ক্যাডার অথরিটি জেলা ভিত্তিক যা ছিল এদের বেতন পরিবর্তনের কথা ছিল, সেটা ৩ বছর ধরে দিচ্ছেন না। বেতন কাঠামো নূতন করে ঘোষণা করেছিলেন ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ সচিব কারণিকদের বেতন ঘোষণা করেছিলেন ম্যানেজাররাও তাদের থেকে কম দায়িত্ব পালন করেন না। সমবায় কর্মচারিদের এইভাবে বঞ্চিত করলেন। এভাবে সমবায় আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া যায় না। আমার শেষ কথা হচ্ছে ঋণ মকুবের কথা, কেন্দ্রীয় সরকারের ১০ হাজার খেলাবি ঋণ আজ পর্যন্ত সেই ঋণ অনেকেই পায় নি। ৫০ পারসেন্ট রাজ্য সরকারের দেবার কথা, কেন্দ্রীয় সরকার দেওয়া সত্ত্বেও রাজ্য সরকার দিচ্ছেন না। এইসব কারণে আমি এই বাজেটের বিরোধিতা করছি এবং কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**শ্রী অতুলচন্দ্র দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী সরল দেব মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করে বিরোধী দলের আনীত কাট মোশনের বিরোধিতা করে ২/৪ কথা বলছি। আমাদের বামফ্রন্ট সরকারের আমলে সমবায় আন্দোলন একটা গতি পেয়েছে। কংগ্রেস আমলে যেটা একটা হতাশাব্যঞ্জক চিত্র ছিল তার থেকে বামফ্রন্ট সরকারের আমলে তাদের একটা গতির সঞ্চার হয়েছে। আমরা দেখছি মাননীয় বিরোধীদের বক্তব্যে তারা কিছু দুর্নীতির অভিযোগ করেছেন আর অগ্রগতিকে লক্ষ্য করতে পারেন নি। অগ্রগতির ব্যাপারটা তাদের দৃষ্টিভঙ্গিতে তারা উপলব্ধি করতে পারেন নি। সদস্য সংগ্রহের ক্ষেত্রে আমরা দেখছি ২৯ লক্ষ ৩০ হাজার সদস্য তাদের সময়ে ছিল, আর আমাদের ৩২ লক্ষ ৩১ হাজার। তাদের আমলে ঐ ২৯ লক্ষ ৩০ হাজারের মধ্যে গরিবের সংখ্যার শতকরা হার ছিল ১৩ আর আমাদের আমলে গরিব মানুষের সংখ্যা শতকরা ৮০ ভাগ, সেক্ষেত্রে শুধু সংখ্যার পরিবর্তন নয়, গুণগত পরিবর্তনও ঘটেছে। দুর্নীতির কথা বলেছেন, সে কথা বলতে গিয়ে আমি শুধু স্মরণ করিয়ে দিতে চাই, আমি তৎকালীন সমবায় মন্ত্রীর বিধানসভার বাজেটের একটা উদ্ধৃতি দিচ্ছি। ১৯৭১-৭২ সালে ঋণ আদায় ২৫ ভাগ, ১৯৭৩-৭৪ সালে ৪৫ ভাগ, বর্তমানে ২৫। আমাদের রাজ্যে দীর্ঘমেয়াদি সমবায় কৃষি ঋণে আন্দোলন অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চাদপদ। এছাড়া অনাদায়ি ঋণ এই আন্দোলনের গতিকে রুদ্ধ করে রেখেছে। আর আজকে যিনি বক্তব্য রাখলেন মাননীয় অজয় দে, তার কাকা মাননীয় অসমঞ্জ দে মহাশয় কি বলেছেন ১৯৭২ সালের বাজেট বিতর্কে, মহাত্মাগান্ধী বলেছিলেন সমাজবাদ আনতে গেলে কো-অপারেটিভ হচ্ছে সঠিক পথ। পশ্চিমবঙ্গে অবশ্য কো-অপারেটিভে আমরা দেখতে পাচ্ছি চুরি, জোচ্চুরি দুর্নীতি ও স্বার্থপরতা। সেজন্য এটা সম্পূর্ণভাবে ফেল করছে। পশ্চিমবঙ্গে কো-অপারেটিভ মুভমেন্ট ইজ এ গ্রেট ফেলিওর। একথা স্বীকার করতেই

হবে। 'আমি বলব যে আমরা লক্ষ লক্ষ মানুষকে সমবায় আন্দোলনের মধ্যে দিয়ে তাদের কষ্ট লাঘব করতে পেরেছি। এখানে আমার কিছু প্রস্তাব আছে। আমাদের সর্বজনীন সদস্যভুক্তির ব্যাপারে আরও সদস্য বাড়ানো দরকার। কৃষককে সারের বন্টনের ক্ষেত্রে সারে ভর্তুকির টাকা পঞ্চায়েতে চলে যায়, সার গিয়ে পৌঁছায় না। এই ব্যাপারে বেনফেডকে উদ্যোগ নিতে হবে। পঞ্চায়েতের সঙ্গে সম্পর্ক সুদৃঢ় করতে হবে। পঞ্চায়েত সদস্য যাতে ভোটাধিকার পায় আইনে সেটা রাখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাব। যে সমস্ত জিনিস উৎপাদন করা হয় তার বিক্রির জন্যও সমবায়গুলির সঙ্গে সামঞ্জস্য বিধান করা দরকার। সমস্ত ব্লকে কো-অপারেটিভ ইনস্পেক্টর নিয়োগ করার ব্যবস্থা করতে হবে। এই কয়টি কথা বলে বাজেটকে সমর্থন করে এবং কাট মোশন এর বিরোধিতা করে শেষ করছি।

[3-50 — 4-00 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সময় যা আছে চলবে না। তারজন্য ২০ মিনিট সময় বাড়াবার প্রস্তাব সভায় রাখছি।

(সভার সম্মতিক্রমে এই সময় সভার ২০ মিনিট সময় বৃদ্ধি ঘটে)

[4-00 — 4-10 p.m.]

**শ্রী সরল দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের সমস্ত কাটমোশনের বিরোধিতা করে ৫৭ নং দাবির অধীনে ২৪২৫, ৪৪২৫, ৬৪২৫ এই খাতগুলির ২৯ কোটি ২৩ লক্ষ ৪৪ হাজার টাকার ব্যয় মঞ্জুরির আবেদন আমি রাখছি। বিরোধী দলের মাননীয় সদস্য অতীশবাবু ব্যয়বরাদ্দ কমাবার কথা বলেছেন। তিনি বলেছেন, ১৯৯২।৯৩ সালে যেখানে বরাদ্দ ছিল ৪৭ কোটি, সেখানে ১৯৯৩-৯৪ সালে ৪৪ কোটি এবং ১৯৯৪-৯৫ সালে ২৯ কোটি ৩৩ লক্ষ হয়েছে। কিন্তু এটা কেন কমলো? এর মূল কারণ হচ্ছে এর সবটাই সেন্ট্রালি স্পনসোর্ড স্কীম, কিন্তু ১৯৯২ সাল থেকে সেই টাকাটা বন্ধ হয়ে গেছে। দ্বিতীয় আর একটি কথা উনি বলেছেন যে, ১৯৭৩ সালে আইনটা ওরা সংশোধন করেছিলেন এবং ইউনিভার্সাল মেম্বারশিপ ওরাই করেছিলেন। কিন্তু সেটা ওরা কার্যকরি করেননি। আমরা লিগাসি অফ দি পাস্টের কথা চিন্তা করে সেটা কার্যকর করেছি। ১৯৯১-৯২ সালে ইউনিভার্সাল মেম্বারশিপের জন্য আমরা ১ কোটি ৯ লক্ষ টাকা বরাদ্দ করেছিলাম, ১৯৯২-৯৩ সালে সেটা বেড়ে হয়েছে ১ কোটি ৮ লক্ষ টাকা খরচ করা হয়েছে। এবারে সেটা আমরা কমিয়েছি, কমে ১ কোটিতে এসে দাড়িয়েছে। বর্তমানে আমাদের পশ্চিমবঙ্গে সমস্ত মিলিয়ে প্রায় ৭২ লক্ষ মেম্বার এবং তাদের মধ্যে পড়ছে ডেয়ারি, পোলট্রি, কটেজ অ্যান্ড স্কেল ইন্ডাস্ট্রি, ফিশারিজ, এমপ্লয়িজ ক্রেডিট কো-অপারেটিভস ইত্যাদি। আপনাদের হিসাবে ৮.৫ শতাংশ আসছে, কিন্তু সেটা সবটা নয়, কিছুটা 'ল্যাম্পের' কনজিউমারও ধরা আছে। আপনারা এই রাজ্যে ছিলেন ৩০ বছর, কিন্তু আমাদের হয়েছে ১৭ বছর। আজকে ৩২ লক্ষ সদস্যের মধ্যে ৮০ ভাগ হচ্ছেন মার্জিন্যাল ফার্মার। অন্যান্য রাজ্যে কিন্তু ঠিক এর বিপরীত চিত্র।

এরপর রিকভারি সম্পর্কে বলছি। এ-ব্যাপারে আপনাদের সঙ্গে আমি একমত। এরজন্য একটা কো-অপারেটিভ ফান্ড আছে যার মাধ্যমে রিকভারি অফ ফান্ড হচ্ছে, কিন্তু আদায় ২৫ পারসেন্টও নয়; ৩১.৩.৯৪ পর্যন্ত ৫৯ পারসেন্ট রিকভারি হয়েছে। রিকভারির ব্যাপারটা

জোরদার করবার জন্য ব্লকে আমরা রিকভারি ক্যাম্প করছি মাননীয় মুখ্যমন্ত্রীর আবেদন সম্বলিত চিঠি নিয়ে। সর্ট টার্ম ক্রেডিট সম্পর্কে আপনারা যা বলছিলেন রবি এবং খরীপ মিলিয়ে, ওখানে প্রিন্টিং মিস্টেক হয়েছিল। আমাদের টোটাল টার্গেট ছিল ১২৫ কোটি, পৌঁচেছি ১২৩ কোটি ১৪ লক্ষে। এক্ষেত্রে আমরা কিছুটা ইমপ্রুভই করেছি। ২৮টা ন্যাশনালাইজড ব্যাঙ্কের ৪,০০০ ব্রাঞ্চ, তারা দেয় ৪৮ ভাগ, আর সমবায় ব্যাঙ্কগুলি দেয় ৫২ ভাগ। লংটার্ম ক্রেডিটের লক্ষ্যমাত্রা ছিল ১৯৯০-৯১ সালে ১৭ কোটি, দিয়েছি ১৪ কোটি ৭ লক্ষ, ১৯৯১-৯২ সালের লক্ষ্যমাত্রা ছিল ১৯ কোটি, পৌঁছেছি ১৫.৭৭ কোটিতে, ১৯৯২-৯৩ সালে টার্গেট ছিল ১৯.৯০ কোটি। এবারে আমাদের লক্ষ্যমাত্রা ৩৫ কোটি। দীর্ঘমেয়াদির মধ্যে এগ্রি-ইনপুটস দিয়েছি, পাম্পসেটটা দিয়েছি। একেবারে চিত্রটা হতাশাব্যঞ্জক নয়। আপনারা বলেছেন যে বেনফেডে অডিট হয়না। এটা ঠিক নয়। বেনফেডে ১৯৮৮-৮৯ সালের অডিট হয়ে গেছে এবং ১৯৮৯-৯০ সালের অডিট কমপ্লিট হচ্ছে, আমরা এই বিষয়ে জোর দিয়েছি। আপনি বলেছেন যে বেনফেডে সি.আর.ভট্টাচার্যের নেতৃত্বে কমিটি হয়েছিল। হ্যাঁ, হয়েছিল। সেটা ১৯৭৭ সালে বামফ্রন্ট আসার পর ঐ কমিটিতে দুর্নীতির অভিযোগ পেলে আলি আমেদের দ্বারা গঠিত বোর্ডকে সুপারসিড করা হয়েছিল ঐ দুর্নীতির অভিযোগের ভিত্তিতে। তিনি এখন কোর্টে গেছেন। আমরা নির্বাচন করতে চাচ্ছি। তিনি কোর্টে গেছেন, কোর্ট থেকে ইলেকশন অফিসার নিয়োগ করেছেন। আমরা তাকে বলেছি যে দ্রুত নির্বাচন সম্পন্ন করুন। তৃতীয় কথা হচ্ছে, কনফেডে দীর্ঘদিন ভোট হচ্ছিল না। আমরা ভোটের ব্যবস্থা করেছি। ২৫শে জুন সেখানে ভোট হবে। কনফেডের চেয়ারম্যান যিনি আছেন তিনি বামফ্রন্ট মন্ত্রী সভার একজন সদস্য। আমরা সেখানে বলেছি যে ডিফলটাররা বোর্ড অব ডাইরেক্টরে যেতে পারবে, ভোট দিতে পারবে। বেনফেডের ক্ষেত্রেও একই নিয়ম হবে। বেনফেড দলীয় বৈষম্যের যে কথা বলেছেন, সেটাও ঠিক নয়। মাননীয় সদস্য অতীশ সিনহা তার ভাষণে বলেছেন যে, এক বিধায়কের পুত্র, তিনি কোটি কোটি টাকা আত্মসাৎ করেছেন ব্যাটরা ব্যাঙ্কের। কাগজে বললেই সব কথা সত্য হয় তার কোনও প্রমাণ আছে? আমাদের বন্ধু মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার, ওরই দলের দ্বারা পরিচালিত একটা সার্ভিস সোসাইটি একটা অভিযোগ এনেছিলেন। আমরা তদন্ত করে দেখলাম যে অভিযোগ অসত্য। তারপরে বলা হয়েছে, আপনাদের দলের দাদাদের, বামপন্থীদের বড় দাদাদের বসিয়েছেন। এটাও সত্য কথা নয়। আপনারা দেখেছেন যে বালুরঘাট ব্যাঙ্ক যারা পরিচালনা করতেন, তার সভাপতি ছিলেন ফরোয়ার্ড ব্লকের জেলা সম্পাদক। সেখানে সেখানে যখন অভিযোগ এসেছিল, তাকে বরখাস্ত করা হয়েছিল। রায়গঞ্জেও বরখাস্ত করা হয়েছে। মুর্শিদাবাদের ব্যাঙ্ক সম্পর্কে অতীশবাবু অভিযোগ তুলেছেন। সেই ব্যাপারে তদন্ত করার পরে এ.ডি.এম-কে সভাপতি করে আমরা সেই ব্যাঙ্কের বডিকে ভেঙে দিয়েছি। সুতরাং চেয়ারে বসে দলবাজি করা হচ্ছে, এসব কথা ঠিক নয়। তারপরে অভিযোগ তুলেছেন যে সরকারি নমিনিদের বছরের পর বছর রেখে দিয়েদেন। এটা ওদের আমলেও ছিল। এটা নতুন কিছু নয়। ওরাও বছরের পর বছর করে রাখতেন। আর কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন কোনও বিরোধী দলের লোকেদের ওরা সরকারি নমিনি করে ছিলেন সেটা দয়া করে বলবেন কি? .....গোলমাল..... **(এ ভয়েস ঃ মনি স্যান্যাল ছিল।)** *মনি স্যান্যালের কথা* ছেড়ে দিন। আপনারা একটা মনি স্যান্যালের কথা বলছেন, এইরকম আপনাদের বহু লোককে আমরা সরকারি নমিনি করে রেখেছি। কাজেই কথা সেটা নয়। চেয়ারে বসে দুর্নীতি হচ্ছে

শ্রেণী বিভক্ত সমাজে সারা ভারতবর্ষে দুর্নীতি থাকবে, আর পশ্চিমবাংলা একটা ব-দ্বীপ হয়ে থাকবে, তা নয়। স্বয়ং প্রধানমন্ত্রীর বিরুদ্ধেও দুর্নীতির অভিযোগ উঠেছে। আর এসব কথা আপনাদের মুখে শোভা পায়না। আপনারা উদয়নারায়ণপুর ব্যাঙ্ক সম্পর্কে, হিমঘর সম্পর্কে বলেছেন। আমাদের কাছে অভিযোগ এলে আমরা তদন্ত করি। আমাদের কাছে রিপোর্ট এলে আমরা তদন্ত করে দেখবো এবং যদি কারো বিরুদ্ধে দোষ থাকে তাহলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। ব্যাটরা ব্যাঙ্ক সম্পর্কে আমরা কাগজে দেখেছি। আমরা তদন্ত করার জন্য লোক পাঠিয়েছি। আর অভিযোগ এলেই যে সেটা সত্য হবে, একথাও ঠিক কথা নয়। আর একটা কথা বলেছেন যে ১৯৯২-৯৩ সালের আর্থিক বছরে কেন্দ্রীয় সরকার এন.সি.ডি.সি প্রকল্পে ৬৪ কোটি টাকা দিয়েছে, গোডাউন প্রকল্পের জন্য মঞ্জুর করেছেন, অথচ আমরা করিনি। আমাদের প্রস্তাব আছে। কিন্তু এত শেষে এটা এসেছিল, আমরা জেলা থেকে প্রস্তাবগুলি আনতে আনতে ৩১শে মার্চ চলে যাবার ফলে ৩ কোটি ৮০ লক্ষ টাকা আমাদের রাজ্য বাজেট থেকে দেবার কথা ছিল। কিন্তু প্রকল্পগুলি যখন জেলা থেকে সংগ্রহ করে আনা হয় তখন আর সময় ছিলনা। কিন্তু এই বছরে জেলায় জেলায় বিভিন্ন সমবায় সংস্থাতে, বিভিন্ন প্যাক্সে সব দলেরই লোক আছে, তারা যদি সময় সীমার মধ্যে অর্থাৎ জুলাই-আগস্টের মধ্যে তাদের প্রকল্পগুলি জমা দেন তাহলে গোডাউনের জন্য কোনও অসুবিধা হবেনা। এটা কোনও দলীয় ভাবে বিচার করা হবেনা। তারপর ওরা বলেছেন লং টার্ম রিকভারির কথা। লং টার্ম রিকভারির ব্যাপারে আমরা কিন্তু ৫০ উপর ছাড়িয়ে গেছি। আমরা নূতন নূতন প্রকল্প নিয়েছি। মাননীয় সদস্য অতীশবাবু কান্দির কথা বলেছেন। কান্দির যিনি চেয়ারম্যান তিনি আজ আর মিনিটেড নন, তিনি নির্বাচনে জিতে এসেছেন এবার। যদিও সেই ব্যাঙ্কের অবস্থা খুব খারাপ। এটা নিয়ে অ্যাপেক্স ব্রাঞ্চের পক্ষ থেকে রিভিউ করা হচ্ছে। শুধু এটা নয়, অনেকগুলি ব্যাঙ্ক, বলা চলে ৪-৫টি। আমরা সমস্ত গভর্নমেন্ট নমিনি করে সভাপতি করে রেখেছি এই কথাটা সঠিক কথা নয়। আমি আপনাদের বলতে পারি আমাদের অ্যাপেক্স ব্রাঞ্চের নির্বাচনের মধ্যে দিয়ে জিতে এসেছে। আমাদের ভূমি উন্নয়ন ব্যাঙ্ক নির্বাচিত সদস্য দ্বারা পরিচালিত, কো-অপারেটিভ ইউনিয়ান নির্বাচিত বোর্ড দ্বারা পরিচালিত হচ্ছে। যেটা 'বেনফেডে দীর্ঘদিন হয়নি, আমরা সরকারের পক্ষ থেকে সেখানে নির্বাচন করবার জন্য মহামান্য আদালতের স্মরনাপন্ন হয়েছি। তারা যে ইলেকশন অফিসার নিয়োগ করেছেন তাকে আমরা বলেছি দ্রুত কাগজপত্র ঠিক করে নির্বাচনের ব্যবস্থা করুন। আমরা নির্বাচন চাইছি না এই কথা ঠিক নয়। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলি আগে ১৫ মাসের উপর হয়ে গেলে কোনও প্রাইমারি সোসাইটিকে নির্বাচন করতে হলে রুল(৭)-এর একজেমশেনটা নিতে হলে তাকে রাইটার্স বিল্ডিংসের দারস্থ হতে হতো। সেখানে সময় লেগে যেত। সেইজন্য আমি দ্রুত করবার জন্য এ.আর.সি.এস-দের হাতে পাওয়াটা ডেলিগেট করে দিয়েছি যাতে করে রাইটার্স বিল্ডিংসে যেতে না হয়। তা ছাড়া প্যাক্সগুলি রিভাইভ করবার জন্য বি.ডি.পি স্কীমে আনবার ব্যবস্থা করেছি। যে কথা আপনারা বললেন তাতে আমি একমত যে প্যাক্সগুলি ব্যাঙ্কের পিলার। সেইজন্য আমি দুর্বল প্যাক্সগুলিকে পাশাপাশি সবল প্যাক্সের সঙ্গে অ্যামালগামেট করবার সিদ্ধান্ত গ্রহণ করে নির্দেশিকা পাঠিয়ে দিয়েছি। এটা করা হচ্ছে এবং বিভিন্ন জেলা থেকে করা হচ্ছে। আমাদের রাজ্যে ১৭টি জেলা সি.সি.বি আছে, তারমধ্যে ১২টি নির্বাচিত। বাকি কয়েকটি হচ্ছে কোর্টের মামলার জন্য সেইগুলিতে কোথাও নমিনেটেড বডি, কোথাও

স্পেশ্যাল অফিসার আছে। কোর্টে মামলা থাকলে সেখানে আমি কি করতে পারি? সুতরাং সরকারের মূল উদ্দেশ্য হল নির্বাচিত প্রতিনিধি দ্বারা বোর্ড পরিচালনা করা, শাসক দলের লোক বসানো মূল উদ্দেশ্য নয়। মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা বিরোধিতা করার জন্য বিরোধিতা করলেন। এই দেশে প্রচলিত যে আইন ব্যবস্থা আছে তারমধ্যে দাঁড়িয়েও পশ্চিমবাংলাতে ১৭টি মহিলা ব্যাঙ্ক করা হয়েছে ১৪টি জেলাতে। তারমধ্যে ৩টি আপনাদের দলের লোকেরা করেছেন। জটুবাবু এখানে বসে আছেন, উনি জানেন। কংগ্রেসের লোকেরা অরগানাইজ করেছেন বলে আমি বাধা দিই নি। এই ব্যাপারে হাওড়ার মন্ত্রীরাও বলেন। আপনারা তো খুব গণতন্ত্রের কথা বলেন, মহিলাদের কথা বলেন, কিন্তু আপনাদের বোঝা উচিত এই ৭১-৭২ লক্ষ সদস্যের মধ্যে মাত্র সাড়ে পাঁচ হাজার মহিলা ছিল গত ৮০-৯০ বছরের সমবায় আন্দোলনে। আমরা এই দুই-আড়াই বছরে আমাদের সদস্যা হয়েছে ৩৯,৪১০ জন এবং সেখানে আমরা ৭০ লক্ষের মতো টাকা আমানত করতে পেরেছি। টাইনি সেক্টরে ২২ লক্ষ ১০ হাজার টাকা। মেছুনি যারা মাছ বিক্রি করে, যারা সব্জি বিক্রি করে, যারা বিড়ি বেঁধে খায়, যারা গারমেন্টস তৈরি করে তাদের আমরা স্বনিযুক্তি প্রকল্পে এনেছি। কই, এরজন্য তো আমাদের একটুও সাধুবাদ আপনারা দিলেন না? শৈলজাবাবু আছেন, কন্টাই-এর ওরা মহিলা ব্যাঙ্ক রেজিস্ট্রি করার কথা বলেছেন যুগান্তর কাগজে বলেছেন যতবার আমায় বলেছেন ততবারই আমি বলেছি উদ্বোধন করবো আপনাদের দলের হলেও কিন্তু ওরা করতে পারছেনা অথচ কাগজে বলে দিলেন মন্ত্রী সময় দিচ্ছেন না বলে উদ্বোধন করতে পারা যাচ্ছে না। এটা অসত্য কথা। আপনারা মনিশঙ্কর আয়ারের কোটেশন তুলে বলেছেন স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক ক্যান লেন্ড মানি অ্যাজ পোর্টফোলিও ম্যানেজমেন্ট স্কীম। ঐ ঘটনাটা ঠিক নয়। আমরা তদন্ত করে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার কাছে রেখেছিলেন। রিজার্ভ ব্যাঙ্ক বলেছে, পোর্টফলিও স্কীমটা দেবেন না। রিজার্ভ ব্যাঙ্ক তো আমরা চালাই না, আপনারা চালান। **(ভয়েস : রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়া তো ইন্ডিপেনডেন্ট।)** এটা বলবার জন্য বলেন ইন্ডিপেনডেন্ট। আপনাদের রিজার্ভ ব্যাঙ্ক বলেছে শেয়ার স্ক্যাম নেই। আর.বি.আই. এর ডেপুটি গভর্নর বলেছেন এটা শেয়ার স্ক্যাম নয়। দ্বিতীয়ত একটা কাগজের কথা শুনে এখানে বলছেন মুখ্যমন্ত্রী কৈফিয়ত তলব করেছেন, অমুক করেছেন, তমুক করেছেন। এইসব কাগজের কথা শুনে বলছেন। এটা আমার জানা নেই। আপনারা কাগজ দেখে বলছেন। মুখ্যমন্ত্রী এই ধরনের কৈফিয়ত চান নি। আমাকে কোনও ওয়ার্নিংও দেন নি। সেজন্য আমি যে কথা বলছিলাম যে, ওরা পুলিশের দপ্তরের সমবায় সম্পর্কে বলেছেন, পরিবহন দপ্তর সম্পর্কে তুলেছেন, জলপথ সম্পর্কে তুলেছেন, জলপথ সম্পর্কে তুলেছেন। স্পেসিফিক অভিযোগ আপনি আনুন। কোনও স্পেসিফিক অভিযোগ আনলে তা সে যে কোনও দলেরই হোক না কেন তার সম্পর্কে ব্যবস্থা নেব। হোলসেল কনজুমার্সকে রিভাইভের কথা মাননীয় সদস্য বীরেনবাবু বলেছেন। চিন ভারত যুদ্ধের সময়ে সারা ভারতবর্ষে মহল্যা কমিশন সৃষ্টি হয়েছিল। আমাদের রাজ্যে হোলসেল কনজুমার্স ৩২টি আছে। আমরা যখন দায়ভার নিলাম তখন ২৯০ কোটি টাকা ছিল টার্নওভার। তারমধ্যে ২৫০ কোটি ছিল শহরে, আর মাত্র ৪০ কোটি টাকা ছিল গ্রামে। আপনারা দেখেছেন, এই দু'বছরে ক্রমাগত উন্নয়নের মাধ্যমে আমরা প্রায় ৪০০ কোটিতে নিয়ে গিয়েছে। আপনারা যে কথা বলছিলেন, '৭২ সালে এই দপ্তর স্টেলমেট হয়ে গিয়েছিল। তৎকালীন সচিবের এক কলমের আঁচড়ে সমবায় কর্মচারিদের ১৭ বছর প্রোমোশন স্তব্ধ করে দিয়েছিলেন।

কাজের গতি স্তিমিত হয়ে গিয়েছিল। আজকে সেখানে কাজের জোয়ার বাইরে দিয়েছি আমরা। গত বছরে আমরা প্রায় সাড়ে তিনশো থেকে চারশো অফিসারকে প্রোমোশন দিয়েছি, একটা জোয়ার সৃষ্টি করতে পেরেছি সমবায়ে। কো-অপারেটিভের প্রতি আপনাদের দরদ খুব—মায়ের চেয়ে মাসির দরদ বেশি। আপনারা এই কথা জানেন যে গোটা পৃথিবীতে সমবায় কর্মচারিদের বেতন সরকার দেয় না, ভারতবর্ষেও দেয় না, কংগ্রেস শাসিত রাজ্যেও দেয় না। সেখানে এই দাবি আমরা তুলেছি সি আই টি ইউ, টি ইউ সি সি থেকে প্রোমোশনের দাবি তুলেছে। আপনারা এই দাবি তোলেন নি। আপনারা খালি মাঠে গোল দেবার চেষ্টা করছেন। কমিটির সদস্য পান্নাবাবু ছিলেন, আর একটা রিপোর্ট আমরা পেয়েছি। আমরা রিপোর্ট পর্যালোচনা করছি। আপনারা যখন পৃথক ভাবে আমার সঙ্গে দেখা করেন তখন বলেন সমবায় কর্মচারিদের যদি বেতন কাঠামো করে দেন তাহলে রাইটার্স বিল্ডিংসের মতো অবস্থা তৈরি হবে, সমবায় আর থাকবে না। আমার সঙ্গে যখন দেখা করেন তখন এই কথা বলেন, বেতন কাঠামো যদি করে দেন তাহলে সমবায় প্যাক্স উঠে যাবে। আর এখানে বললে কাগজে নাম বেরোবে ছবি বেরোবে, তাই কথাটা বলছেন। একটা কথা বুঝে নিন, সমবায় কর্মচারী যারা আছেন, তাদের প্রতি কিছু সহানুভূতিশীল আমরা। আপনারা জানেন যে আমরা অতীতে ৫০ টাকা থেকে, আমার পুর্বসূরী ভক্তিবাবুর আমলে ৫০ টাকা করে অ্যাড-হক দেওয়া হত।

সেটা আমরা বাড়িয়ে ১০০ টাকা করলাম, কিন্তু ইতিমধ্যে যে কমিটির রিপোর্ট আমাদের কাছে এসেছে, রিপোর্টটি আসবার পরে মন্ত্রিসভায় আলোচিতও হয়। এরসঙ্গে আবার অনেক ডিপার্টমেন্ট আছে, যেমন কটেজ অ্যান্ড স্মল স্কেল ইন্ডাস্ট্রিজের অধীনে তন্তুবায় সমিতিগুলো আছে, ফিশারি ডিপার্টমেন্টের অধীনে ফিশারিজ কো-অপারেটিভগুলো আছে, ডেয়ারি ডিপার্টমেন্টের অধীনে পোল্ট্রী অ্যান্ড ডেয়ারিগুলো আছে। আমরা সমস্ত মন্ত্রীদের সঙ্গে আলোচনাও করেছি, করে মন্ত্রী সভার কাছে বিষয়টি গেছে। আশা করছি এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে এবং ইতিমধ্যে পে কমিটির রিপোর্ট পেয়েছি। তবে এরমধ্যে অনেকগুলো ব্যাপার আছে, এটা তো শুধু আমাদের দলের নয়, সি আই ডিপার্টমেন্টের সমস্ত ব্যাপার আছে, সব ব্যাপারটাই অতি দ্রুত ক্যাবিনেটের কাছে রেখেছি। ক্যাবিনেট থেকে জানালে পরে ব্যবস্থা নেওয়া হবে। আমার কথায় তো ক্যাবিনেট চলতে পারে না সেখানে সম্মিলিত ইচ্ছাতে, কমবাইন্ড উইশডামে বিষয়টা জানাবে। চতুর্থত ৬ হাজার ৬০০টি প্যাক্স টাস্ক ফোর্স গঠন করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাও বলেছিলাম। তাতে বলেছিলাম যে যদি, কোনও রাজ্য পশ্চিমবঙ্গ বলে শুধু নয়, যে কোনও রাজ্য যদি এগুলোকে অর্থাৎ প্যাক্সগুলোকে বিডিবির প্রকল্পে এনে রিভাইভাল করে দেয় তাহলে আমি তাদের ৫০ পারসেন্ট ৫৩ পারসেন্ট শেয়ার দেব। সেখানে আমরা গত বছরে ৪৯৩টি প্যাক্স বিডিবি প্রকল্পে আনলাম কিন্তু কেন্দ্রীয় সরকার কোনও টাকা দিলেন না। এই ৪৯৩টি স্কীমকে বিডিবি প্রকল্পে আনবার পরে সফলতা পেতে শুরু করেছি। এবং ১০ লক্ষ টাকার থেকে সাড়ে ৩ কোটি টাকার আমানতের ব্যবস্থা করেছি। এইভাবে আমরা গতবারে ৪৯৩টি প্যাক্সকে বিডিবি স্কীমে এনেছি। সেখানে কেন্দ্রীয় সরকারের টাকা না পাওয়া সত্ত্বেও এই কাজ আমরা করতে পেরেছি। এবং আমানত প্রকল্পে ভূমি উন্নয়ন ব্যাঙ্ক যারা মূলত দীর্ঘমেয়াদি, ঋণ দিয়ে থাকেন সেখানেও আমানত প্রকল্প চালু করেছি। আমাদের ভূমি উন্নয়ন ব্যাঙ্কের দুটি শাখা পি এল ডিতেও

ইতিমধ্যে ১৫টিতে এই আমানত প্রকল্প করেছি। এটা আনন্দের কথা যে যখন চিট ফান্ডগুলো এই গরিব মানুষদের টাকা নিয়ে বঞ্চিত করছে ঠিক সেই সময়ে আমরা এই রাজ্যে সমবায়ের মাধ্যমে প্রতি বছরে নতুন নতুন করে আমানত প্রকল্প আনতে সক্ষম হয়েছি। শুধু তাই নয়, কুচবিহারে যখন ভয়ঙ্কর বন্যা হল, আলিপুরদুয়ার জলে ভেসে গেল তখন আমাদের রাজ্যে কেন্দ্রীয় সরকার পরিচালিত যে ন্যাশনাল ব্যাঙ্কগুলো তারা কেউ এগিয়ে এল না। আমরা সেখানে এগিয়ে জলপাইগুড়ি জেলাতে এবং কুচবিহারে আর্থিক সাহায্য দিয়েছিলাম। যেখানে কেন্দ্রীয় সরকার পরিচালিত ন্যাশনাল ব্যাঙ্কগুলো আমাদের কাছ থেকে ৭০০ কোটি টাকার প্রতি আমানত নেয় তারা তো একটু সাহায্য করতে এল না। আমরা সেখানে সমবায় ব্যাঙ্কগুলো ভূমি উন্নয়ন ব্যাঙ্কের মাধ্যমে টাকা মঞ্জুর করেছিলাম। আমরা সেখানে গিয়ে বসে থেকে সাধারণ মানুষকে শিখিয়ে দিয়ে, কেমনভাবে দরখাস্ত করতে হয়, কেমন ভাবে টাকা তুলতে হয় সেসব শিখিয়ে দিয়ে টাকা তোলার ব্যবস্থা করেছিলাম। শুধু তাই নয়, গৃহহীনের জন্য গৃহ ঋণ প্রকল্প যে আছে তাতে চাষিদের কে তাদের পাওনা টাকাকে ফ্রিজ করে দিয়ে নতুন করে ঋণ নিয়ে চাষিকে পুনর্বাসন দেওয়ার ব্যবস্থা করেছিলেন। ভারত সরকার পরিচালিত ন্যাশনাল ব্যাঙ্কগুলো আমাদের কাছ থেকে আমানত নিয়ে যায়, তারা এগিয়ে আসেনি। এর ফলে সমবায় ব্যাঙ্কের উপরে আস্থা স্থাপন করতে মানুষ পেরেছে। এরফলে আমরা ৩০০ কোটি টাকার আমানত প্রকল্প করতে সক্ষম হয়েছি আমাদের সমবায় ব্যাঙ্কগুলোর মাধ্যমে। তারপরে অতীশবাবু বেনফেডের দুর্নীতির কথা বললেন এবং গত কয়েকদিন ধরেই তিনি বলছেন যে প্রিন্সিপাল সেক্রেটারিকে দিয়ে তদন্ত করলে বিচার তারা পাবে না। আমরা এই সম্বন্ধে অভিযোগ বিভিন্ন কর্মীর থেকে, সংবাদপত্রের মাধ্যমে পেয়েছি। এর তো একটা প্রাইমাফেসি হবে। একটা বিচার বিভাগীয় তদন্ত দেব কি দেব না সেই ব্যাপারে একটা প্রাইমাফেসি তো হবে। শুধু একটা কাগজের বিবৃতিতেই কয়েকজন লোকের অভিযোগই জুডিশিয়াল এনকোয়ারি করতে হবে এটা ঠিক বুঝতে পারছি না। তারপরে জয়নগর সার্ভিস কো-অপারেটিভ সোসাইটি সম্পর্কে বামপন্থী দলের লোকেরা অভিযোগ করেছেন যে এতে ভয়ঙ্কর দুর্নীতি চলছে। আমি আমার দপ্তরের একজন সৎ অফিসারকে পাঠালাম, সেখানে পাঠিয়ে দেখলাম সমস্ত অভিযোগ ভুয়ো। সুতরাং প্রাইমাফেসি কেস হওয়া দরকার, সেখানে অভিযোগই যদি ভুয়ো হয় কি করা যাবে। তারপরে দেবপ্রসাদ বাবু এসে বললেন যে আপনারা এনকোয়ারি রিপোর্ট পেয়েছেন আমি বললাম এই দেখুন এই তো রিপোর্ট। অভিযোগ এলেই সঙ্গে সঙ্গে জুডিসিয়াল এনকোয়ারি বসাতে হবে? তাহলে রাজ্য সরকারের তো ঐ জুডিসিয়াল এনকোয়ারির পিছনে সমস্ত শক্তি নিয়োজিত করতে হবে। আগে তো দেখা যাক, প্রাইমাফেসি হয় কিনা এবং যেগুলির উল্লেখ করলেন, সেখানে আমাদের শাসক গোষ্ঠীর লোক হলেও রেহাই পায়নি। সুতরাং যেগুলি ব্লাটান্ট ভাবে বলেছেন একটা অভিযোগ করে দিলেন, এটাতো সঠিক নয় যেগুলি ভাল কাজ করলাম, সেইগুলিতে বললেন না! এই যে জুট মিল নিয়ে বলে দিলেন, এরজন্য আমাদের ক্লোজও অ্যান্ড সিক এর মন্ত্রী আছেন, ওরা করবেন, এটা আমার কাজ নয়। আমরা নূতনভাবে সমবায়ে এটা করিনা। এটা আমরা এক্সপেরিমেন্টাল হিসাবে উত্তর ২৪ পরগনার বনগাঁ মহকুমায় করছি জুট গ্রোয়িং এরিয়ায়, নদীয়া জেলায় বগুলায় হচ্ছে, জুট গ্রোয়িং এরিয়ায় আমরা ট্রায়াল প্রোজেক্ট হিসাবে ২টি মিনি জুট মিল করতে চাইছি। যদি তা করতে পারি তাহলে লোকাল এমপ্লয়মেন্ট যেমন হবে, তেমনি জুট গ্রোয়াররাও তারা তাদের

নায্য পয়সা পাবে। কেননা আমরা দেখেছি, আমাদের মার্কেটিং ক্ষেত্রে যেসব এম.জি.এম.সি. এবং জুট কর্পোরেশন যেসব পাট কেনে, বছরের পর বছর তার দাম আমরা পাইনা। সেইজন্য ২টিতে সফলতা লাভ করলে প্রত্যেকটি জুট গ্রোয়িং জেলাতে আমরা জুট মিল করবার চেষ্টা করব এবং জুট গ্রোয়ারদের কাছে সরাসরি আমরা নায্য মূল্যে পাট্টা ক্রয় করতে পারব, তাতে চাষিরা উপকৃত হবে। এটা একটা ভাল কাজ। এই যে একটা ভাল কাজ করতে গেলাম আমাদের দপ্তরের অফিসারদের নিয়ে সকলে এবং যারা সমবায়ের বন্ধু তাদের সকলের সহযোগিতায় এই জমিগুলি আমরা বিনা পয়সায় পেয়েছি। আমরা বগুলাতে বিনা পয়সায় জমি পেয়েছি, বাগদাতে জমি পেয়েছি। বগুলাতে একজন প্রবীণ স্বাধীনতা সংগ্রামি ছিলেন, চন্দ্রকান্ত বসু, তার সোসাইটি তারা আমাদের ৬ বিঘা জমি দান করেছেন। এইসব কাজ যেগুলি ভাল করলাম— খারাপ করলাম, নিশ্চয় বলবেন — দুর্নীতিতে একটা শ্রেণী বিভক্ত সমাজ-গোটা ভারতবর্ষের দুর্নীতির জন্য প্রধানমন্ত্রীর নামে দুর্নীতির অভিযোগ উঠেছে এবং আমাদের অর্থ দপ্তরের প্রতিমন্ত্রী রামেশ্বর ঠাকুরের নামে অভিযোগ উঠেছে—আর সেখানে, এখানে কিছু থাকবে না, এটা ঠিক কথা নয়। সেইজন্য আমি আশাকরি আমাদের মাননীয় সদস্যদের প্রশ্নের জবাব দেওয়ার চেষ্টা করেছি এবং আমি সমস্ত কাটমোশনের বিরোধিতা করে এবং আমার ব্যয়বরাদ্দের দাবি জানিয়ে এবং পরবর্তী অধ্যায়ে তার কিছু সমাধানের আশা করি। স্পেশিফিক দুর্নীতির অভিযোগ আনলে তিনি যতবড় নেতাই হোন না কেন, অভিযোগ যদি সত্য হয় ব্যবস্থা নিতে কুণ্ঠা বোধ করব না। এই কথা বলে ব্যয়বরাদ্দের দাবির প্রতি সমর্থন জানানোর জন্য আপনাদের কাছে আবেদন জানাচ্ছি। আর্বান কো-অপারেটিভ এর রেজিস্ট্রেশনের জন্য আমাদের কাছে কোনও আবেদন আসেনি, আর আর্বান ব্যাঙ্কের অ্যাফেক্স করবার জন্য এখনও অবধি আমাদের কাছে আবেদন আসেনি।

The motions of Shri Deba Prasad Sarkar and Shri Abdul Mannan that the amount of Demand be reduced by Rs.100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.29,23,44,000 be granted for expenditure under Demand No.57, Major Heads : "2425-Co-operation, 4425-Capital outlay on Co-operation and 6425-Loans for Co-operation" (This is inclusive of a total sum of Rs.9,74,60,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

## DISCUSSION ON DEMAND NOS. 69 & 72

**Mr. Deputy Speaker :** There are 24 cut motions on Demand No.69. These are in order and taken as moved. There is no cut motion on Demand No.72.

Shri Saugata Roy
Shri Subrata Mukherjee
Shri Abdul Mannan
} Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs.100/-

Shri Prabir Banerjee } do
Shri Deba Prasad Sarkar }

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা তিন ঘন্টার ডিবেট ছিল, এটা ২ ঘন্টার আলোচনা হবে, এটার ব্যাপারে উভয়পক্ষ সম্মতি জ্ঞাপন করেছেন। আশাকরি, আপনারা সকলে এটাকে সমর্থন করছেন।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুতমন্ত্রী তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের পক্ষ থেকে আনা কাটমোশনগুলি সমর্থন করে কয়েকটি কথা বলছি। আমার মূল বক্তব্য শুরু করার আগে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কয়েকটি জিজ্ঞাস্য যা আছে সেটা বলছি। প্রথম হচ্ছে, সম্প্রতি আপনার দপ্তরের সচিব নিয়োগ নিয়ে অশান্তি হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় অ্যাপ্রুভ করে দিয়েছিলেন যে দীপক ঘোষ আপনার দপ্তরের সচিব হবেন। তাকে আপনি প্রত্যাখ্যান করলেন এবং তারপর আপনার দপ্তরের সচিব পদে সুব্রাহ্মনিয়ামকে নিয়োগ করা হয়েছে। যেহেতু আপনি মিনিস্টার হিসাবে অ্যাকাউন্টেবল টু অ্যাসেম্বলি সেইহেতু আপনার কাছে জানতে চাইছি যে দয়া করে বলবেন, আপনি একজন আই.এ.এস. অফিসারকে রিজেক্ট করে আর একজন আর.এ.এস. অফিসারকে নিয়োগ করলেন কেন সচিব হিসাবে? দ্বিতীয়ত, সামনেই বিশ্বকাপের খেলা। খবরের কাগজে দেখেছি যে বিশ্বকাপের খেলা চলাকালীন যাতে রাত্রিবেলায় বিদ্যুত চলে না যায় তারজন্য আপনি বিশেষ ব্যবস্থা নিয়েছেন। কারণ সেই সময় রাত্রিবেলায় লোডশেডিং হলে এস.ই.বি-র দপ্তরে ভাংচুর হবে। আমি স্পেসিফিক্যালি জানতে চাই, এই বিদ্যুত সরবরাহ বিশ্বকাপ খেলা চলাকালীন যাতে অব্যাহত থাকে তারজন্য আপনি কি বিশেষ ব্যবস্থা নিয়েছেন সেটা বলবেন। তৃতীয়ত, খবরের কাগজে দেখলাম যে ডব্লু.বি.এস.বি'র ইঞ্জিনিয়াররা মঙ্গলবার দিন গণছুটি নিচ্ছেন। তারা ভীষণ ক্ষুব্ধ। আপনি তাদের বলেছিলেন যে জেনারেশন ইমপ্রুভ করলে তাদের সমস্যাটা আপনি দেখবেন। আপনি কিছুই দেখেন নি তাই তারা আগামী মঙ্গলবার গণছুটি নেবেন। এদের সমস্যার সমাধানের জন্য আপনি কি করছেন তা আমাদের জানাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি গতবারের বাজেটের সময় মাননীয় বিদ্যুঅন্ত্রীর কিছুটা প্রশংসাই করেছিলাম। নিশ্চয় এই এই বামফ্রন্টের মন্ত্রীসভায় যে ধরনের অপদার্থরা আছেন তারমধ্যে উনি বৈত্যকুলে প্রহ্লাদ, হংস মধ্যে বকও যথা। যে দেশে বৃক্ষ নাই সে দেশে অ্যারাইডাই বৃক্ষ। শঙ্করবাবু কোথায় ভাল কাজ করেছেন তা বলব কিন্তু সর্বভারতীয় পাওয়ার সিনে পশ্চিমবঙ্গ কোথায় দাঁড়িয়ে আছেসেটা আগে একটু বলা দরকার। এই ব্যাপারটা উনি বাজেট বক্তৃতায় বলেন নি। স্যার, একদিন আমার সঙ্গে কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডাঃ মনমোহন সিং-এর কথা হচ্ছিল। উনি বলছিলেন যে আপনাদের বিদ্যুতমন্ত্রী আমার সঙ্গে কমিটিতে ছিলেন, উনি বেশ ভাল লোক। মাননীয় বিদ্যুতমন্ত্রীর কাছে আমি জানতে চাই যে এন.ডি.সি. কমিটি যেসুপারিশ করেছেন। বিদ্যুতের উপর সেস বসানো হোক কিলোওয়াট প্রতি ১০ পয়সা, তার মানে এর থেকে প্রায় ৮৫ কোটি টাকা বিদ্যুত পর্ষদ পাবে এবং তাতে মেনলি এনভায়রণমেন্টাল প্রবলেমস ও টেকনোলজিক্যাল ইমপ্রুভমেন্টের কাজ করা হবে সেই রিপোর্ট সম্পর্কে উনি কি করছেন সেটা আমরা জানতে চাই। এবারে আমি আসি যে

সর্বভারতীয় ক্ষেত্রে বিদ্যুতের সিনে পশ্চিমবঙ্গ কোথায় দাঁড়িয়ে আছে সে ব্যাপারে। আপনারা জানেন যে কেন্দ্রীয় সরকার তিন বছর আগে বিশ্বনাথ প্রতাপ সিং-এর সময় সিদ্ধান্ত নিয়েছিলেন যে পাওয়ার সেক্টারে বিদেশি পুঁজি বিনিয়োগকে আমরা ওয়েলকাম করবো। বিদেশি সংস্থাগুলি যাতে এতে ইনভেস্ট করেন তারজন্য আমরা তাদের উৎসাহ দেব। আমাদের পশ্চিমবাংলার বিদ্যুতমন্ত্রীর মেজর ফেলিওর হচ্ছে যে পশ্চিমবাংলার পাওয়ার সেক্টারে উনি বিদেশি বিনিয়োগ আনতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। গত ডিসেম্বরের লোকসভায় একটি প্রশ্নের উত্তরে আমরা দেখছি, ৩৩টি পাওয়ার প্রজেক্টের কথা বলা হয়েছে যেটাতে বিদেশি বিনিয়োগ আসবে এবং তারমধ্যে একটি মাত্র পশ্চিমবাংলার ডানকুনিতে ৪০ কোটি টাকার প্রজেক্ট। বামফ্রন্টের লোকদের এতে লজ্জা পাওয়া উচিত। আর মহারাষ্ট্রের ডাভোলে একটা সিঙ্গল প্রজেক্টের জন্য আসছে ৮ হাজার ৪৮০ কোটি টাকার এনড্রোন কম্পানীর। আপনারা যে বিদেশি টাকা চাইছেন না তা তো নয়। আপনারা ও.ই.সি.এফের কাছে যাচ্ছেন। এখানে কিন্তু বিদেশি বিনিয়োগ আপনারা সেইভাবে আনতে পারলেন না। সেখানে আপনি দেখুন পশ্চিমবাংলায় কটি পেন্ডিং পাওয়ার প্রজেক্ট আছে—পুরুলিয়া পাম্প স্টোরেজ ১৪৫৪ কোটিটাকা; গৌরীপুরে ১৫৫ কোটি টাকা; বরাকরে ১৪৭ কোটি টাকা; রাম্মাম ওয়ান অ্যান্ড টু ১৪০ কোটি টাকা এবং ৯০ কোটি টাকা, কোলাঘাটে ১৫১৬ কোটি টাকা; বক্রেশ্বরে ৯০০ কোটি টাকা; অর্থাৎ সব মিলিয়ে মোট ২৭২৬ কোটি টাকা পশ্চিমবাংলায় 'পাওয়ার সেক্টরে ইনভেস্ট হবে। সবগুলো যোগ করে পশ্চিমবাংলায় যা ইনভেস্ট হচ্ছে মহারাষ্ট্রের ডাভোলে এন্ড্রোন একটা পাওয়ার প্রোজেক্টেই তার চেয়ে বেশি টাকা ইনভেস্ট করছে। এটাই শঙ্করবাবুর ফেলিয়র। উনি দূর ভবিষ্যতের দিকে তাকিয়ে পশ্চিমবাংলায় পাওয়ার সেক্টরে ইনভেস্টমেন্ট আনেন নি। শুধু মহারাষ্ট্রেই নয় উড়িষ্যায় আইকনবার্জ একটা ইন ভ্যালি প্রোজেক্ট করছে ১০ হাজার ৫০০ কোটি টাকার। একটা প্রোজেক্টেই ১০,৫০০ কোটি টাকা, মহারাষ্ট্রের চেয়েও বড় প্রোজেক্ট এবং ওটা ৩০০০ মেগাওয়াটের। একটা সিঙ্গল পাওয়ার স্টেশনে ঐ পরিমাণ টাকা ইনভেস্ট হচ্ছে! ম্যানগালোরে একটা প্রোজেক্টে ইউ.এস.এ.-র কোজনটেক্স ৫,০৮৮ কোটি টাকা ইনভেস্ট করছে। আমি মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি, ভবিষ্যতের দিকে তাকিয়ে আপনি এবং আপনার গভর্নমেন্ট এ ক্ষেত্রে রাজ্যে ইনভেস্টমেন্টে ব্যর্থ কেন। যেখানে ৫ বছর আগে পলিসি ডিসিসন হয়েছে পশ্চিমবাংলায় পাওয়ার সেক্টরে ইনভেস্টমেন্ট নিয়ে আসার জন্য সেখানে এটাই আপনাদের বেসিক ফেলিয়র। অন্যান্য রাজ্য এ ক্ষেত্রে প্রাইভেট এবং ফরেন ইনভেস্টমেন্ট যখন আনছে তখন ভবিষ্যতের দিকে তাকিয়ে এ রাজ্য খুবই পিছিয়ে আছে। আমি ফিগার দিলেই এটা আপনারা বুঝতে পারবেন। পশ্চিমবাংলায় ৮ম পরিকল্পনায় টোটাল আউটলে ছিল — যেটা ১৯৯২-৯৩ সালে শুরু হয়েছে — ৩,০১৬ কোটি টাকা অসীমবাবুর ট্রাংক্রেটেড প্ল্যানে। এ ক্ষেত্রে হোল অফ ইন্ডিয়ায় পজিশন হচ্ছে এ রাজ্যের সেভেন্থ। ৬ টি রাজ্যের পরে এ রাজ্যের স্থান। মহারাষ্ট্র সব প্রোজেক্টই প্রাইভেট সেক্টরের মাধ্যমে করছে, তা সত্ত্বেও তাদের সেভেন্থ প্ল্যানের প্ল্যান আউটলে হচ্ছে ৪,৫৭২ কোটি টাকা, আর পশ্চিমবাংলার মাত্র ৩,০১৬ কোটি টাকা, যেখানে বেশিরভাগ ইনভেস্টমেন্টই হচ্ছে স্টেট সেক্টরে বা রাজ্য সরকারের মাধ্যমে। সুতরাং আমাদের রাজ্যে প্রাইভেট ইনভেস্টমেন্ট অন্যান্য রাজ্যের তুলনায় খুবই কম। এটাই আমি বলতে চাইছি এবং একটা অডিটেড রিপোর্টে দেখছি — ১৯৯২-৯৩ সালে এইটথ প্ল্যানের প্রথম বছর পশ্চিমবাংলায় পাওয়ারে ছিল ৪৫২ কোটি ১১ লক্ষ টাকা, ভারতবর্ষের

মধ্যে পশ্চিমবাংলার জায়গা হচ্ছে নাইন্থ। ১৯৯২-৯৩ সালে ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের পাওয়ার সেক্টরে প্ল্যান আউটলে যা ছিল তাতে পশ্চিমবাংলার স্থান ছিল নবমে। আর সেভেন্থ প্ল্যান ধরলে আমাদের স্থান হচ্ছে ৭ম। এটা আমাদের মনে রাখতে হবে যে, অন্যান্য রাজ্য যেখানে ৮ হাজার, ১০ হাজার কোটি টাকার প্রোজেক্ট নিয়ে আসলে ফরেন সেক্টরের মাধ্যমে সেখানে পশ্চিমবাংলায় এখন পর্যন্ত বিগেস্ট প্রোজেক্ট যেটা এসেছে, সেটা হচ্ছে ৪০ কোটি টাকার। এটাই হচ্ছে এ রাজ্যের মেজর ফেলিয়র। নেকস্ট, শঙ্করবাবুর প্রশংসা করার আগে এ রাজ্যের সবচেয়ে বড় ফেলিয়রটা আমি এখানে উল্লেখ করতে চাই। রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের ক্ষেত্রে আমরা দেখছি পশ্চিমবঙ্গ সবচেয়ে ব্যর্থ। বামফ্রন্ট সদস্যরা খুব গ্রাম, গ্রাম করে এখানে চিৎকার করেন, অথচ গ্রামের লোকেদের অন্ধকারে ডুবিয়ে রেখেছেন। এ ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান — তলার দিক দিয়ে সেকেন্ড। বিহারের ঠিক ওপরে। বিহার এবং পশ্চিমবাংলার মতো ভারতবর্ষের আর কোনও রাজ্যে এত গ্রাম আনইলেক্ট্রিফায়েড নেই। এরচেয়ে বড় লজ্জা একটা রাজ্যের পক্ষে কি হতে পারে আধুনিক যুগে! পশ্চিমবাংলায় এখনো আনইলেক্ট্রিফায়েড গ্রামের সংখ্যা ৯,৪৭৮টি। সংখ্যাটার ক্ষেত্রে তলার দিক দিয়ে থার্ড। এরচেয়ে বেশি আছে উড়িষ্যায় এবং বিহারে। আর গুজরাট, হরিয়ানা, হিমাচল প্রদেশ, কর্ণাটক, কেরালা, মহারাষ্ট্র, পাঞ্জাব, তামিলনাড়ুতে একটাও গ্রাম নেই যেখানে বিদ্যুত পৌঁছয় নি। পশ্চিমবাংলার ক্ষেত্রে শঙ্করবাবু একটা হিসাব দিয়েছেন। উনি স্বীকার করেছেন, ওনার হিসাব অনুযায়ী ৯ হাজার ২১৯টি ভারজিন মৌজা আছে যেখানে পুরুষের ছোঁয়া পড়েনি অর্থাৎ বিদ্যুত যায়নি। উনি গত বছর সাড়ে ৩০০ ভারজিন মৌজায় ইলেক্ট্রিফাই করতে চেয়েছিলেন। শঙ্করবাবুর হিসাব মতো ৯ হাজার ২১৯টি গ্রামে বা মৌজায় বিদ্যুত যায়নি। উনি প্রত্যেক বছর যদি সাড়ে ৩০০ গ্রামে ইলেক্ট্রিফিকেশন করেন তাহলে টোটাল ইলেক্ট্রিফিকেশন যদি এই রেটে হয় তাহলে ৯ হাজার ২১৯টি গ্রামে বিদ্যুত যেতে কমপক্ষে ২৫ বছর সময় লাগবে। শঙ্করবাবু বলেছেন, আমি আশা করছি, ২ হাজার ১০ সালের মধ্যে সমস্ত ব্যাক-লগ-ওনার কাছে কোনও শর্ট টার্মের ব্যাপার নেই অর্থাৎ সমস্ত গ্রামে বিদ্যুত পৌঁছে যাবে। এটা হচ্ছে ওনার হিসাব, কিন্তু আমার হিসাব হচ্ছে ২৫ বছর লাগবে। এখন হচ্ছে ১৯৯৪ সাল, তারসঙ্গে যদি ২৫ বছর যোগ করা হয় তাহলে ২ হাজার ২০ সালে চলে যাবে। কিন্তু আমি শঙ্করবাবুকে বলবো, ১০ বছর আগেই পাঞ্জাব, হরিয়ানা এবং হিমাচল প্রভৃতি রাজ্যে কমপ্লিট ইলেক্ট্রিফিকেশন হয়ে গেছে। সুতরাং কি করে প্রোগ্রেস করবেন যদি শঙ্করবাবুর রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের চেহারা এইরকম হয়? তাই আজকে গ্রামের মানুষকে অন্ধকারে রেখে ডুবিয়ে মারছেন। এটাই বামফ্রন্ট সরকারের সবচেয়ে বড় অবদান। তারপর বিদ্যুতের কোথায় উন্নতি হয়েছে সে ব্যাপারে আমি পরে আসছি। শঙ্করবাবুর ৩ বছর হয়েছে মন্ত্রী হয়েছেন। এখন অবস্থাটা কি? উনি বলছেন, পশ্চিমবাংলার হাইডেল টু থারমাল পাওয়ার জেনারেশন রেসিও হচ্ছে ১ : ৯৯। অর্থাৎ ১ হচ্ছে হাইডেল আর ৯৯ পারসেন্ট হচ্ছে থারমাল। রাত্রিবেলা কি হয় পিক টাইমে ফ্রিকোয়েন্সি ফ্লাকচুয়েট যখন করে তখন আমরা দেখি গভির রাত্রে লোড কমে যায়, তখন ট্রিপ করে যায়। উনি তারজন্য রিলে বসাচ্ছেন যাতে লাইন ট্রিপ না করে। ১৭ বছর এই সরকার ক্ষমতায় আসার পর হাইডেল এত নেগলেকটেড যারজন্য রেশিও হচ্ছে ১ : ৯৯। শঙ্করবাবু সেইজন্য করুণভাবে তার বাজেট ভাষণে বলেছেন "These relays, though are saving the State from total grid collapse, have become source of irritation and

displeasure to the public. Since, we have no other alternative solutio I appeal to the people of State to bear with **us**''. আপনি মন্ত্রী হবার আ অন্য মন্ত্রী ১৪ বছর এই দপ্তরে ছিল। তখন বামফ্রন্ট সরকার বিদ্যুতের সঙ্কটের বিরু লড়ছি, লড়ব বলেছেন। আর শঙ্করবাবু বলছেন, আরও কিছুদিন কষ্ট সহ্য করুন, থারমা ইমপ্রুভমেন্ট হলে, পুরুলিয়া পাম্প স্টোরেজ হলে রম্মাম (২) কমিশন্ড হলে হাইডে রোসও ইমপ্রুভমেন্ট করবে তখন আর কষ্টে থাকতে হবে না। এখন অন্ধকারেই থাক হবে। এই হচ্ছে শঙ্করবাবু পশ্চিমবাংলার মানুষের কাছে বাণী। আমি অত্যন্ত দুঃখের স বলতে চাই, বিদ্যুতের অভাব মানে রাজ্যের শিল্প মার খাচ্ছে, কৃষি মার খাচ্ছে, কারখানা হয়ে যাচ্ছে, নতুন শিল্প হচ্ছে না। বিদ্যুতের চাহিদা অর্থাৎ গ্রস সাপ্লাই লাগে ইন্ডাস্ট্রি চল ডোমেস্টিক কনজামশন কতটা? আপনারা মুর্খ, তাই আপনাদের পড়ে শোনাই। শঙ্করব বাজেট বক্তৃতায় আছে ডোমেস্টিকে কত লাগে। ডোমেস্টিক টেবিল (বি) তে আছে, ডোমেস্টি ১১৭০ লাগছে ইন্ডাস্ট্রিতে ৪ হাজার ৪৮৫। ডোমেস্টিকের আড়াই গুণ লাগছে। ইন্ডাস্ট্রি এর ক্ষেত্রে মেইন বিদ্যুত অফ-টেক হচ্ছে না, কারণ রাজ্যে ইন্ডাস্ট্রি নেই। ১৫ পারসেন্ট গ্রো ইন ডিমান্ড ইজ ভেরি পুওর। সেখানে কমার্শিয়াল আর এগ্রিকালচারে হচ্ছে মাত্র ৭৭ এখানে তার মানে ইন্ডাস্ট্রির তুলনায় এক ষষ্ঠাংশ, অর্থাৎ ৬ ভাগের ১ ভাগ এগ্রিকালচা এখানে লোকে গ্রামে এবং কৃষিতে বিদ্যুতের ক্ষেত্রে পিছিয়ে আছে। এটা প্যাথেটিক। আপনা এনারজাইজেসন অফ পাম্পসেট হয়নি, নূতন ইন্ডাস্ট্রি হয়নি, কমারশিয়াল এস্টাবলিস্ট হয়নি, সেজন্য, আমার কষ্ট লাঘব হচ্ছে তাই নিয়ে আমি চিন্তিত নই, রাজ্যে হতাশা এ বেকারির কষ্ট লাঘব হচ্ছে কিনা সেটা দেখা দরকার। মাননীয় শঙ্করবাবুর কাছে জানতে হঠাৎ বিদ্যুত সারপ্লাস হয়ে গেল, জানি শঙ্করবাবু উত্তর দিতে পারবেন না। আজকের যু হচ্ছে নন কনভেনশনাল এনার্জির, নন-রিনিউএবল এনার্জির যুগ। মাননীয় প্রভঞ্জন আছেন আপনার সাগরে ট্রান্স মিশন লাইন যেতে পারে না, অনলি ওয়ে টু সারভাইভ নন কনভেনসনাল এনার্জি, উইন্ড এনার্জি, সোলার এনার্জি, গোবর গ্যাস, ইত্যাদি ইত ট্রান্সমিশন লাইন টানতে হয় না, নন-কনভেনসনাল এনার্জির ক্ষেত্রে মাননীয় শঙ্করবাবু এবং সায়েনটিস্ট হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গ ওয়ান অফ দি ব্যাকওয়ার্ড স্টেট। হিসাব দিচ্ছি, কে রাজ্যে কতটা রিলিজ হয়েছে নন-কনভেনসনাল এনার্জির জন্য, সেখানে পশ্চিমবঙ্গে হ প্যাথেটিক অবস্থা। ১৯৯৩-৯৪ সালে পশ্চিমবঙ্গে মাত্র ১ কোটি ৭৮ লক্ষ যেখানে সেখা মহারাষ্ট্রে ১০ কোটি ৪ লক্ষ, অন্ধ্রে ৬ কোটি ৪২ লক্ষ এবং নন-কনভেনসনাল এনার্জির জ টাকা খরচ হয়েছে ১৯৯৩-৯৪ আপনার জায়গায় এইট্থ, তাহলে আমি বলছিলাম ১৯৯ ৯৩ সালে বিদ্যুত খরচে যদি সেভেন্থ এইট্থ প্ল্যানে টাকা খরচ হয় নন-কনভেনসনাল এনার্জি ১৯৯৩-৯৪ সালে খরচের ক্ষেত্রে আপনি এইট্থ, অথচ দেয়ার ইজ এনাফ মানি অ্যাভেলেব উইন্ড পাওয়ার, সোলার পাওয়ার, বায়ো গ্যাস এইগুলিকে ব্যবহার করুন, সেখানে আপনা বাজেটে টাকা বাড়ল, এটা প্যাথেটিক। কেন্দ্রীয় সরকারের একটা প্রোজেক্ট আছে উর্জগ্রা কেন্দ্রীয় সরকার পুরো টাকা দেবেন, ওদের একটা ডিপার্টমেন্ট আছে সল্ট লেকে তারা জায়গা সার্ভে করে। লোকাল এম.পি. রেকমেনডেশন লাগে। পশ্চিমবঙ্গে এখন পর্যন্ত উর্জগ্রা সারা ভারতবর্ষে এক একটা রাজ্যে ৩০, ৪০, ৫০টা অবধি হয়েছে, পশ্চিমবঙ্গে বনগোপালপু বনডাঙ্গা, রথতলা এবং কালনা, আর আমি অনেক লড়াই করে ইছাপুরে একটা উর্জগ্রা

করেছি, সেটা গাইঘাটার এম.পি. মাননীয় চিত্তবাবু সই দিয়েছেন তাও সি.পি.এম. জায়গা নিয়ে গন্ডোগোল করেছে। সেন্ট্রাল স্পনসর্ড স্কীম হওয়া সত্ত্বেও পশ্চিমবঙ্গে এর পিকচার খুব প্যাথেটিক। তারপর দেখুন আপনারা কেন্দ্রীয় সরকারকে দেখিয়ে শুধু জানান এটা চাই, ওটা চাই, কেন্দ্রীয় সরকারের এখন যে বিদ্যুতটা অ্যাভেলেবেল আছে সেটা নিতে পারছেন না এবং সেখানেও বড় প্যাথেটিক ঘটনা ফারাক্কা এবং চুখা বিদ্যুত দিচ্ছে আপনাদের, যা এনটাইটেলমেন্ট আছে নিতে পারছেন না। আমি হিসাবটা বলি সেটা অন্য রাজ্যের সঙ্গে তুলনা করলে আপনারা বুঝবেন। এখানে পশ্চিমবঙ্গের ড্রয়াল ৫০ পারসেন্ট কম। সেন্ট্রাল সেক্টরের পাওয়ার ইস্টার্ন রিজিয়নে এনটাইটেলমেন্ট ১৫৫৮.৩, সেখানে ড্র করছেন ৭৭২।

[4-40 — 4-50 p.m.]

গুজরাট প্রায় ৯০ পারসেন্ট ড্র করেছে, মহারাষ্ট্র ৪০ পারসেন্ট ড্র করেছে। এখানে চুখা আছে, ফারাক্কা আছে, কিন্তু সেখান থেকে কেন পাওয়ার ড্র করতে পারছেন না? Why you have not been able to draw power from this system? এটা আমি আপনার কাছ থেকে ক্লিয়ার কাট জানতে চাই। আপনি সত্য গোপন করেননি বাজেটে। আপনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে পাওয়ার জেনারেশনের অবস্থা ভাল হয়েছে। আপনি জানেন পাওয়ার জেনারেশনের পশ্চিমবঙ্গের স্থান ১৯৯২-৯৩ সালে ছিল সেভেন্থ, জেনারেশন করেছিলেন ১৫,২৬২ ইউনিট। সে জায়গায় তামিলনাড়ু পাওয়ার জেনারেট করেছিল ২৭,২০০ ইউনিট, মহারাষ্ট্র ৪০,০০০ ইউনিট। তার মানে, ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪ সালে পশ্চিমবঙ্গ থেকে মহারাষ্ট্রে পাওয়ার জেনারেশন হয়েছে আড়াই টাইমস, তামিলনাড়ুতে অলমোস্ট টু টাইমস। আজকে পাওয়ার জেনারেশন আপনারা সেভেন্থ পোজিশনের উপর উঠতে পারছেন না। তাই আমি বলব, still Dr. Sankar Sen is a good man. আজকে এক্ষেত্রে সিনারিও মনে রেখে ভবিষ্যতের প্ল্যান করতে হবে। শঙ্করবাবু বলেছেন যে, উনি মডার্নাইজেশন করছেন। দুর্গাপুরে রিনোভেশন এবং মডার্নাইজেশনের ফার্স্ট ফেজ হয়ে গেছে; বি.টি.পি.এসে ফেজ ওয়ান হয়ে গেছে, কিন্তু সেগেন্ড ফেজ হয়নি; ডি.পি.এলে ফেজ ওয়ান হয়ে গেছে, ফেজ টুর ক্লিয়ারেন্স পাওয়া যায়নি বলে জানিয়েছেন। রাম্মাম ১৯৯৪ সালের ডিসেম্বরে চালু হবে বলেছেন। কোলাঘাট হয়ে গেছে। বক্রেশ্বরে ফার্স্ট দুটি ইউনিট আরলি ১৯৯৩তে চালু হবে বলেছেন। যারা রক্ত দিয়ে বক্রেশ্বর করবেন বলেছিলেন তারা আজকে সেখানে জাপানকে ডেকেছেন এবং পরের দুটো ইউনিট এন.আর.আই. সাধন দত্ত করবেন বলছেন। পুরুলিয়ার পাম্প স্টোরেজ স্কীম ১৯৯৫-৯৬ সালে শুরু করবেন বলেছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে হাইডাল পাওয়ার প্রোজেক্ট খুবই ইম্পর্টেন্ট প্রোজেক্ট। কাজেই পুরুলিয়ার এই পাম্প স্টোরেজ প্রোজেক্টটি কবে পর্যন্ত কমিশন্ড হবে জানাবেন। গৌরীপুর এবং সাগরদিঘী থার্মাল পাওয়ার স্টেশনের ক্লিয়ারেন্স পাওয়া যাচ্ছে না, বলাগর সি.ই.এস.সির অ্যাপ্রেইজালে চলছে। সুতরাং আমি বলছি, পাওয়ার প্ল্যানিংয়ে কনসিডারেবল গ্যাপ রয়েছে। রাজ্যে শিল্প হচ্ছে না, সেজন্য এখানে পাওয়ার সারপ্লাস মনে হচ্ছে। এন.টি.সি.সির পাওয়ার ড্র করতে পারছেন না। আপনি নিজে স্বীকার করেছেন, ট্রান্সমিশনের অবস্থা খুব খারাপ। প্রতি বছর ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন সিস্টেম ইমপ্রুভ করবার ব্যাপারে স্কীম নিচ্ছেন, কিন্তু সেখানে পাওয়ার চুরি হচ্ছে। আপনি নিজে স্বীকার করেছেন যে, এই থেপ্টের ব্যাপারে কিছু করতে পারছেন না। So far as

theft of materials and equipment is concerned the situation is quite distressing আজকে পাওয়ার যারা চুরি করছে তারা সব সি.পি.এম. সমর্থক। এইভাবে বছরে রাজ্যে ২ কোটি টাকার বিদ্যুত চুরি হচ্ছে, এটা দুঃখের বিষয়। আর তারই জন্য আপনি ডব্লু.বি.এস.ই.বির লস কমাতে পারছেন না। প্রতিদিন কয়লা বাবদ কোল ইন্ডিয়াকে এস.ই.বির ১ কোটি টাকা দেবার কথা, কিন্তু সেখানে টাকা বাকি পড়ে গেছে। অপরদিকে অসীমবাবু বলেছেন যে, কোল সেস বাবদ নাকি অনেক টাকা কোল ইন্ডিয়ার কাছে আটকে রয়েছে, আজকে ডব্লু.বি.এস.ই.বিতে একটা মিসম্যানেজমেন্ট চলছে। আমি বলব, যদি এস.ই.বির লস কমাতে না পারেন তাহলে আস্তে আস্তে বিভাগটি আপনার হাত থেকে ছেড়ে দিন। তাই কিছু কিছু ব্যাপারে শঙ্করবাবুর প্রচেষ্টা থাকলেও, কলকাতা এবং তার পাশ্ববর্তী অঞ্চলে লোড ডিস্ট্রিবিউশনটা কন্ট্রোল করে ডোমেসটিক পাওয়ার কিছুটা ইমপ্রুভ করলেও পশ্চিমবাংলার পারসপেকটিভ প্লানে যদি আমরা যাই, পশ্চিমবাংলার প্ল্যানিংয়ে ১০ হাজার, ২০ হাজার কোটি টাকা ইনভেস্ট হবে তারজন্য আপনার প্ল্যানিং নেই। মহারাষ্ট্রের পেনডিং প্রোজেক্ট হচ্ছে ১ লক্ষ কোটি টাকা। গুজরাটে হচ্ছে ৭৫ হাজার কোটি টাকা। পশ্চিমবাংলায় টোটাল ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্ট হচ্ছে ৭ হাজার কোটি টাকাও নয়। আপনার এখানে আর.পি.জি, মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ, সি.এস.সি'র পক্ষ থেকে একটা করা হচ্ছে। আপনি জানেন যে ২ হাজার কোটি টাকায় মহারাষ্ট্রে একটা পাওয়ার প্ল্যান্ট করছে। মিডল কলকাতা বেসড একটা কোম্পানি তারা মহারাষ্ট্রে ৪ হাজার কোটি টাকায় একটা পাওয়ারপ্ল্যান্ট করছে। আর একটা ক্যালকাটা বেসড কোম্পানি তারাও করছে। আপনি নিপনদের কলকাতায় এখনও পর্যন্ত একটা পাওয়ার প্ল্যান্ট করতে উৎসাহ দিতে পারেন নি। সি.ই.এস.সি'র মনোপলি রয়ে গেছে। বিড়লাকে একটা সেট দিয়েছেন। Why don't you open power secton totally to all enterpreneurs. Indian or foreign who are prepared to spend money in the infrastructure. তানা হলে আজ থেকে ১৫ বছর পরে পশ্চিমবাংলার কোনও ভবিষৎ থাকবে না। এই কথা বলে বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 p.m.]

**শ্রী দীপক মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায়, একা কুন্ত কংগ্রেসের নকল বুদির গড় রক্ষা করে চলেছেন। সকলেই এক বাক্যে স্বীকার করেছেন যে পশ্চিমবাংলায় বিদ্যুতের অভাবনীয় উন্নতি হয়েছে। আমি সংখ্যার সাহায্য নিয়ে এটা দেখাচ্ছি। আপনি জানেন যে শিল্পাঞ্চলে এই মুহূর্তে লোড শেডিং নেই। পশ্চিমবঙ্গে রাতে যে চাহিদা তা পূরণ করে উদ্বৃত্ত হচ্ছে। পশ্চিমবঙ্গে ব্রিটিশ এবং কংগ্রেস মিলে যা ওরা করে গিয়েছিল, সেইসময়ে ১৪ শত ৫০ মেগাওয়াট ছিল ইনস্টল ক্যাপাসিটি। আর এই মুহূর্তে ১৭ বছরে শঙ্করবাবুর কৃতিত্বে, জ্যোতি বসুর কৃতিত্বে এবং প্রবীরবাবুর কৃতিত্বে সংযোজিত হয়েছে ২ হাজার ৪ শত ৩২ মেগাওয়াট। ১৯৭৬ সালে সি.ই.এস.সিকে বাদ দিয়ে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের গ্রাহক সংখ্যা ছিল ৩লক্ষ ৬২ হাজার। এই মুহূর্তে সেই সংখ্যা দাড়িয়েছে ১৮ লক্ষ, প্রায় ১৯ লক্ষের কাছাকাছিও যেতে পারে। ওরা যখন চলে গিয়েছিল তখন ওরা রেখে গিয়েছিল ৪৯ হাজার সার্কিট কিলোমিটার লাইন, যা ট্রান্সমিশন অ্যান্ড ডিস্ট্রিবিউশন হয়নি আর এই মুহূর্তে সেটা দাঁড়িয়েছে ১ লক্ষ ৫০ হাজার সার্কিট কিলোমিটার লাইন, যা স্টেট

ইলেক্ট্রিসিটি বোর্ডকে রক্ষণাবেক্ষণ করতে হয়, বিদ্যুত পৌঁছাতে হয়। ওরা এখানে পাম্প সেটের কথা বলেছেন। ওদের সময়ে ১১ হাজার ছিল বিদ্যুতায়িত পাম্পসেট। আর এই মুহূর্তে ৯৪ হাজার সংখ্যাটা দাঁড়িয়েছে। এগুলি ওরা দেখতে পারছেন না। বিদ্যুতায়িত মৌজা উনি বলেছেন, সারা দেশের জাতীয় গড় হিসাবে ৮৫ পারসেন্ট। আর এইরাজ্যে হচ্ছে ৭৪ পারসেন্ট এর কিছু বেশি অর্থাৎ সংখ্যার হিসাবে ১০ হাজার ৯৮১টি মৌজায় বিদ্যুতায়িত হয়েছে। সংখ্যার হিসাবে ওদের সময়ে ছিল ২৮ হাজার ৪৫৪, আর এখন সেটা দাঁড়িয়েছে ৩৮ হাজারেরও বেশি গ্রামে বিদ্যুতায়িত হয়েছে। আমাদের রাজ্যে বিদ্যুত উদ্বৃত্তের জন্য বিদ্যুতমন্ত্রীকে দিল্লিতে ডেকে নিয়ে যাচ্ছে তারসঙ্গে পরামর্শ করার জন্য যে কি করে সঙ্কট কাটানো যায়। পশ্চিমবঙ্গে যেটা গর্বের জায়গা সেটাকে কি করে ধুলিস্মাৎ করা যায় সেটা কংগ্রেসের দলের পক্ষেই করা সম্ভব। আমি কয়েকটি অঞ্চল ধরে এই মুহূর্তে বিদ্যুতের ঘাটতির চেহারাটা দেখাচ্ছি। মাননীয় সদস্য যে প্রশ্নগুলি করেছেন তার প্রতিটির উত্তর দেওয়া যায়। কিন্তু আমার কম বলে আমি সেদিকে যাচ্ছি না। দক্ষিণাঞ্চলে এই মুহূর্তে বিদ্যুত ঘাটতি হচ্ছে ৪ হাজার ২৫৫ মেগাওয়াট ইউনিট। উত্তরাঞ্চলে ৩ হাজার ৮০৭ মেগাওয়াট ইউনিট। পশ্চিমাঞ্চলে হচ্ছে ২ হাজার ৫৭৪ মেগাওয়াট ইউনিট। পূর্বাঞ্চলে হচ্ছে ৩ হাজার ২০১ মেগাওয়াট ইউনিট। সেখানে পশ্চিমবঙ্গে লোড শেডিং নেই। গোটা দক্ষিণাঞ্চলের কংগ্রেসি রাজ্যগুলির চেহারা তুলে ধরে আর লজ্জা দিতে চাইনা। পি.এল.এফ-জাতীয় লক্ষ্য মাত্রা ৫৭ পারসেন্ট এবং সেখানে সারা দেশে এই মুহূর্তে ৫৫ পারসেন্ট। আর পশ্চিমবঙ্গের কোলাঘাট দিচ্ছে ৬৯ পারসেন্ট। এখন নুতন করে বলা হয় অ্যাভেলেবিলিটি ফ্যাক্টর। সেক্ষেত্রে আমাদের ব্যান্ডেলে ৪৮ পারসেন্ট মেরিটোরিয়াল প্রোডাকশন হচ্ছে এবং সাওতালদিতে ৪৪ পারসেন্ট হচ্ছে। সাওতালদি অ্যাওয়ার্ড পেয়েছে, রাষ্ট্রপতি পুরস্কার দিয়েছে। সাওতালদি সবচেয়ে কম তেল খরচ করছে। ওদের সময়ে রেনোভেট করে পাওয়ার পাওয়া যায়নি। ওদের ফেলে যাওয়া প্লান্টকে রেনোভেট করে এখন যে জায়গায় দাঁড় করা হয়েছে তাতে তার থেকে পাওয়ার পাওয়া যাচ্ছে। ওদের এই বিষয়ে গর্বিত হওয়া উচিত। ওরা পশ্চিমবঙ্গের মানুষ কিনা সে বিষয়ে আমাদের সন্দেহ হয়। মহারাষ্ট্রে আমাদের যারা বামপন্থী আছেন, মহারাষ্ট্রের উন্নতি হলে তারা খুশি হন। কিন্তু এখানকার ও উন্নতি হলে ওরা খুশি হননা। এই চোখ দিয়ে যদি দেখেন তাহলে ঐ রকম দেখবেন। সারা দেশের বিদ্যুত সঙ্কটের পটভূমিকায় পশ্চিমবঙ্গের বিদ্যুতের এই অগ্রগতি, আমি মনেকরি যে এটা একটা গৌরবোজ্জল দিক। যদিও এতে আমাদের আত্ম সন্তুষ্টি নেই, আমাদের বিদ্যুতমন্ত্রীও আত্ম সন্তুষ্টি নন। কিন্তু আমরা আত্মসন্তুষ্ট নয়, এই কথা আমি উল্লেখ করে যেতে চাই। মাননীয় বিদ্যুতমন্ত্রীও আত্মসন্তুষ্ট নন। এই জায়গায় দাঁড়িয়ে তিনি বলেছেন এই বিদ্যুত চাহিদার পটভূমিতে এখনও বিদ্যুতের সংযোজন আমরা চাই। আপনারা বলুন সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটিকে যে আমাদের রাজ্যকে নিয়ে না খেলতে। কেন আমাদের রাজ্যের বিদ্যুত প্রকল্পগুলি অনুমোদনের জন্য মাসের পর মাস আটকে থাকে? কিসের জন্য এখনও গৌরীপুর অনুমোদন পায় নি? কিসের জন্য বলাগড় আটকে আছে? কেন সাগরদিঘী আটকে আছে? কেন বজবজ ৪ বছর ধরে আটকে থাকে? লজ্জা করে না আপনাদের? একটু সেন্ট্রাল অথরিটিকে গিয়ে বলুন, একটু কেন্দ্রকে গিয়ে বলুন যে এইগুলি ছেড়ে দেওয়া উচিত রাজ্যের স্বার্থে। এই সব কথা ওনারা বলেন না। স্যার, নুতন করে আক্রমণ আসছে। বিপদটা কি হবে ওনারা এড়িয়ে গিয়েছেন। মহারাষ্ট্রে

এনরন আসছে বলছেন। পরের অন্ধকারময় দিকের কথাটা বললেন না। ওরা আসছে, বিনিয়োগ করছে। বিনিয়োগের উপর ১৬ পারসেন্ট নিশ্চিত লাভের কথা বলা হচ্ছে। আসলে এটা ২৫ পারসেন্টের চেয়ে বেশি। তারপর ফুয়েলের উপর যদি ডিফারেন্স হয় তাহলে সেটার উপর আরও টাকা দিতে হবে। আপনি জানেন স্যার সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির প্রাক্তন চেয়ারম্যান জে.কে.ভাসিস, অশোকা রাও যিনি পাওয়ার ইঞ্জিনিয়ারিং ফেডারেশনের নেতা, তারা সবাই মিলে একটা প্রেস বিবৃতি দিয়েছেন, হুঁসিয়ারি দিয়েছেন এই নীতির বিরুদ্ধে। তারা বলেছেন ১ মেগাওয়াট বিদ্যুত তৈরি করতে ৪ কোটি টাকা খরচ হবে এবং এস.ই.বি গুলোকে বাধ্য করা হবে সেই বিদ্যুত কিনে নিতে। তারা শুধু হবে বন্টনকারি সংস্থা। এনরন আসছে, তাদের দেয় বিদ্যুত গ্যারেনটেড রিটার্ন দিয়ে তুলে দিতে হবে। ফল দাঁড়াবে এই যে এক মেগাওয়াট বিদ্যুত তৈরি করতে যা খরচ হবে তার গ্যারেনটেড রিটার্ন দিতে গিয়ে স্টেট বোর্ডগুলি প্রতি এক মেগাওয়াট এক কোটি ১০ লক্ষ টাকা লস দেবে, পার ইউনিট বিদ্যুতের দাম ৫ থেকে ৬ টাকায় দাঁড়িয়ে যাবে। যেটা নিম্ন মধ্যবিত্ত, মধ্যবিত্তদের নাগালের বাইরে চলে যাবে। উনি গ্রাম বাংলা আলোকিত করার কথা বলেছেন। অসত্য কথা বলেছেন, প্রকৃত চিত্র বললেন না। বিদেশি পুঁজিকে ডেকে আনার যে কি বিপদ সেটা উনি বললেন না। এই ক্ষেত্রে ইন্ডিয়ান ইলেক্ট্রিসিটি অ্যাক্ট, ৪৮, তার অ্যামেন্ডমেন্ট হচ্ছে। দুপায়ে চলার, আত্মনির্ভরতা নীতি লঙ্ঘন করা হচ্ছে। রাজাধ্যক্ষ কমিটির যে সুপারিশ তাকে ফেলে দেওয়া হচ্ছে এবং দিয়ে বিদেশি পুঁজিকে শুধু আই.এম.এফ এবং বিশ্বব্যাঙ্কের চাপে ডেকে এনে আমাদের পাওয়ার সেক্টরকে সোজাসুজি বাতিল করে দেওয়া হচ্ছে। আমাদের দেশে গোড়ে ওঠা 'ভেল' তাকে আজকে বাতিল করে দেওয়া হচ্ছে। বিদেশ থেকে তাদের ডেকে এনে তাদের মেশিনারি, তাদের স্পেয়ার পার্টস, তাদের তৈরি জিনিস নেওয়া হচ্ছে। পশ্চিমবঙ্গে আমরা ঠিক বিপরীত নীতিতে চলি এবং চলতে চাই বলে আমরা এই পথে হাঁটতে চাই না। ওরা যে নীতিতে চলে তাদের মানুষের ক্ষতি, রাজ্যের ক্ষতি এবং দেশের ক্ষতি। এটা যদি তারা ভাল করে বোঝেন তাহলে আমাদের মঙ্গল। আমি একটু বোর্ড পরিচালন ব্যবস্থার মধ্যে যেতে চাই। হ্যাঁ, আমরা স্বীকার করি যে বোর্ড লোকশনে চলে। আমরা জানি বোর্ড কি অবস্থায় আছে। কিন্তু এরসঙ্গে এটাও তো ঠিক সরকারের একটু সমালোচনার আকারে বলতে চাই বিদ্যুত উৎপাদন বাড়ছে, সঙ্গে সঙ্গে বাইরে থেকে পারচেজটা বাড়ছে, কেনাটা বাড়ছে, এতে বোর্ডের ক্ষতি হচ্ছে। এই ব্যাপারে বোর্ডের ম্যানেজমেন্টকে আরও উন্নত করার প্রয়োজন আছে বলে আমি মনেকরি। বিদ্যুত উৎপাদন বাড়ার সাথে সাথে তার কস্ট অফ প্রোডাকশন যা তাতে কস্ট অফ সেলস যা তাতে কিভাবে ডিফারেন্স হচ্ছে তাতে গড়াতেই একটা লসের জায়গা থেকে যাচ্ছে। এই ব্যাপারে বোর্ডগুলোকে আরও ইমপ্রুভ করতে হবে। বোর্ডের সমস্তরকম মনিটরিং করতে হবে, তার মিটার রিডিং তার রিকনসিলিয়েশন তার কন্ট্রোল লেজার সবকিছু করতে হবে। এই ব্যাপারে গাফিলতি করছে একটা অংশ। হ্যাঁ, জানি, এখানে কংগ্রেস আছে, তারা বিরোধিতা করছে, স্যাবোটেজ করছে। তা সত্ত্বেও একটা উন্নতির অবকাশ আছে, বোর্ডকে উন্নত করতে হবে। এটা বোর্ডের কর্তারা যত তাড়াতাড়ি বোঝেন তত ভাল। পাশাপাশি অপচয় বন্ধ করার জন্য মাননীয় মন্ত্রী মহাশয় সুপারিশ করেছেন। আমি মনেকরি সকলের দাবি তোলা উচিত অপচয় বন্ধ করতে হবে। কংগ্রেসের দাবি তোলা উচিত যে কেন একা ডব্লু.বি.এস.ই.বি লাইন লসের দায়িত্ব নেবে। কেন এটা এন.টি.পি.সি নেবে না? কেন

এন.এইচ.পি.সি নেবে না? কেন পি.ডি.সি.এল দায়িত্ব নেবে না? কেন এন.এইচ.পি.সি নেবে না? কেন পি.ডি.সি.এল দায়িত্ব নেবে না? কেন একমাত্র ডব্লু.বি.এস.ই.বি লাইন লসের দায়িত্ব নেবে? ১ পারসেন্ট লাইন লস মানে ৪ কোটি টাকা ক্ষতি। ওরা বাল্ক সাপ্লাই করছে ওদের ভাগ নিতে হবে। উনি রুরাল ইলেক্ট্রিফিকেশনের কথা বললেন। টাকা দেওয়া হয়েছে, কেন এটা ইকুইটিতে কনভার্ট হবে না। যে ঋণগুলি আছে কেন এটা ইকুইটিতে কনভার্ট হবে না। বামফ্রন্ট সরকার তার সমস্তরকম ঋণ ইকুইটিতে কনভার্ট করেছে বোর্ডগুলিকে ভায়াবেল করবার জন্য কেন্দ্রীয় সরকার এটা করুক। কারণ এর থেকে যে কৃষি উৎপাদন হয় সেটা তো জাতীয় সম্পদ, জাতীয় উন্নতি হয় তাতে। কৃষিতে যে ভর্তুকি দেওয়া হয় তাতে অন্য ভাবে ফিরে চলে আসবে। সেই টাকার কেন ব্যবস্থা করবেন না, কেন শুধু বোর্ডের কাঁধে চাপবে? এই ব্যাপারে আমি মন্ত্রী মহাশয়কে বলবো আপনি এই ব্যাপারে আলোচনা করুন। বিদ্যুত চুরি হচ্ছে, এই ব্যাপারে আইন পাল্টানো দরকার, দরকার হলে কঠোর আইন তৈরি করে হুকিং ট্রাপিং বন্ধ করুন। বোর্ডের আউট স্টাডিং রিয়ালাইজেশন করার জন্য আরও জোর দিন। কৃষিতে যে বিদ্যুত দিতে হয়, কেন্দ্রীয় সরকার তার দায়িত্ব নিক। আমার যেটুকু সময় সব মিলিয়ে সবটা বলার চেষ্টা করলাম। আমি এটুকু খালি বলতে চাই যে আমাদের পশ্চিমবাংলায় এই পটভূমিতে দাঁড়িয়ে, আমাদের বিদ্যুতের যে পরিবেশ আছে, সেখানে আমাদের ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশনের লাইনের জন্য মাননীয় মন্ত্রী কিছু ব্যবস্থা করেছেন। এতে কিছু উন্নতির অবকাশ আছে। বাজেট বরাদ্দ কমানো হয়েছে এই ব্যাপারে আমাদের আলোচনার অবকাশ আছে। এই কঠিন পরিস্থিতির মুখে দাঁড়িয়ে, কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে এবং বিদ্যুতের স্বয়ম্ভরতা অর্জনের জন্য সার্বিক অগ্রগতির দিকে নিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাই। আমি এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস ঃ মাননীয়** উপাধ্যক্ষ মহাশয়, ৬৯ নম্বর এবং ৭২ নম্বর ব্যয়-বরাদ্দ নিয়ে যে বাজেট বিতর্ক চলছে আমি সেই বাজেটের বিরোধিতা করে কয়েকটি বক্তব্য রাখছি। মাননীয় বিরোধী দলের সদস্য যেকথা বলছিলেন, আমি সেই পরিপ্রেক্ষিতে বলব পরিসংখ্যানের দিক দিয়ে দেখলে নিশ্চয়ই বিগত দিনের চেয়ে উৎপাদন কিছুটা বাড়তে পারে। কিন্তু কথাটা হচ্ছে, যখন বিদ্যুতের উৎপাদন'এর ক্ষেত্রে সারা ভারতবর্ষে একটা রেকর্ড সৃষ্টি হয়েছে, একটা রেকর্ড উৎপাদনের স্তরে যেরাজ্য যেতে পারত, আজকে পশ্চিমবাংলায় ব্যয়-বরাদ্দ বা তার পরিকল্পনা খাতে অর্থ, ব্যবস্থাপনা ইত্যাদি জোরদার শক্তি যদি থাকত তাহলে পশ্চিমবাংলা শেষ দিকে থাকতে পারত না। আমি বাঙালি, না ভারতবাসী, এইসব আবেগপ্রবণ কথা বলে লাভ নেই। আমি যেখানে লালিতপালিত হয়েছি সেখানকার কথা আমি নিশ্চয়ই বলব, এটা কেউ নাও মানতে পারেন। তবে আবেগ নিয়ে আমি কিছু বলতে চাই না। গ্রামীণ এলাকার একজন সদস্য হিসাবে আমি বলছি। গ্রামীণ এলাকায় বৈদ্যুতিকরণের ব্যাপারে অনেকে বলেছেন সুযোগ-সুবিধা বেড়েছে অতীতের তুলনায় অগ্রগতি ঘটেছে। কিছু উৎপাদন বাড়তে পারে, কিন্তু গ্রামীণ বৈদ্যুতিকরণের ব্যাপারে আমি বলব, কতকগুলো আইটেম অনুযায়ী আমরা কাজ করি। যেমন, ফার্স্ট ভার্জিন্যাল মৌজাকে প্রেফারেন্স দেওয়া হয়। তারপর ইনটেনসিফিকেশনের কাজ যাতে হয়, তারপর লোকদ্বীপ প্রকল্প আছে। তারপর গ্রামে গভীর নলকূপ, শ্যালো টিউবওয়েল,

রিভার লিফট, ডিপ টিউবওয়েল এই পর্যন্ত গ্রামীণ বৈদ্যুতিকরণ হয়। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো ৩৮ হাজার গ্রামীণ মৌজার মধ্যে ২৮ হাজার পরিসংখ্যান নিয়ে, ১৭ বছরে সামান্য কিছু পরিবর্তন হলেও গতি বেড়েছে? বাড়ছে না। বিরোধী দলের বক্তব্য বলে এটাকে কেউ অতিরঞ্জিত বলে ভাবতে পারেন। কিন্তু সরকারি দলের অনেক সদস্যের বক্তব্যে আমি শুনেছি, মেনশনে শুনেছি। ভার্জিন মৌজাতে আজকে কি হচ্ছে? একটা জায়গায় পোল পুঁতে দিয়ে বলা হচ্ছে দ্যাট মৌজা ইজ ইলেক্ট্রিফায়েড। কিন্তু ইনটেনসিফিকেশন যদি গভির ভাবে না হয়, গ্রামের মানুষ যদি সবাই আলোকিত না হয়, গ্রামীণ মৌজাগুলোতে যদি বিদ্যুত না পৌঁছায়, তাহলে শ্যালো টিউবওয়েল, রিভার লিফট কিভাবে হবে? অথচ এগুলো হলে ইন্ডাস্ট্রিয়াল আউটপুট ভাল হতে পারে। ইন্ডাস্ট্রিয়াল আউটপুটের মেইন জিনিস হচ্ছে ইনপুট ভাল হবে, এবং সেটা হচ্ছে বিদ্যুত। আমি মনেকরি ইলেক্ট্রিফিকেশন ইজ দি মেইন ইনপুট অব গ্রোয়িং ইনফ্রাস্ট্রাকচার ইন আওয়ার কান্ট্রি। সেইক্ষেত্রে ইনটেনসিভ ইলেক্ট্রিফিকেশনের কথা বাদ দিয়ে আমি গ্রামীণ এলাকার কথা বলবো। আজকে গ্রামীণ এলাকায় ভয়াবহ অবস্থা। ভার্জিন মৌজাকে ইলেক্ট্রিফায়ের্ড এর ব্যাপারে আমি মন্ত্রী মহোদয়কে ভাবতে বলব। যতই ২৮ হাজার মৌজার বিদ্যুতের কথা বলুন না, গ্রামে ডোমেস্টিক পারপাসে কিছু হচ্ছে না, এগ্রিকালচার পারপাসে কিছু হচ্ছে না। দ্বিতীয়ত, আপনারা অনেক সুযোগ সুবিধার কথা বলতে পারেন, কিন্তু গ্রামে সেই সুযোগ মানুষ পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহোদয় দেখবেন, আমি দু'বছর আগেও বলেছিলাম, অন্যান্য ডিস্ট্রিক্টগুলোতে এই ভার্জিন মৌজায় একটা পোল বসিয়ে ইলেক্ট্রিফায়েড বলে আপনি দেখাচ্ছেন। কিন্তু আমাদের মেদিনীপুর জেলা সবচেয়ে অবহেলিত। বাঁকুড়া জেলা তারপর অবহেলিত।

[5-00 — 5-10 p.m.]

আপনারা ১৭ বছরেও পুরুলিয়াকে ব্যালেন্স আনতে পারেন নি। মেদিনীপুর সবচেয়ে বৃহৎ জেলা এবং ইলেক্ট্রিফায়েড এলাকা কিন্তু সবচেয়ে বেশি অবহেলিত জেলা। আমি গতবারের বাজেটে বলেছি এবারকার বাজেটেও বলছি যে, মেদিনীপুর জেলাতে ইনটেন্সিফিকেশন বাড়তে বাড়তে এমন জায়গায় পৌচেছে যে ভার্জিন মৌজা পর্যন্ত পৌছায় নি। আমি এই ব্যাপারে মন্ত্রীকে আরও জানাচ্ছি যে, কানেকশন যে দেওয়া হয়েছে তাতে আমি মনে করি ঠিকভাবে দেওয়ার ক্ষেত্রে অনেক ত্রুটি আছে। এই ডিপার্টমেন্টের ত্রুটির জন্যে ম্যানুয়েল লেবার এবং মেকানিক্যাল লেবারের কম্বিনেশন ঠিকমতো নেই এবং এরফলে মেকানিক্যাল ট্রাবেল অ্যারাইজ করছে। আমি আপনাকে এই ব্যাপারে স্ট্যাটিসটিক্স দিয়ে বলতে পারি যে, ৬ই জুন থেকে ১২ই জুন মেদিনীপুর, তমলুক এবং কাঁথিতে সন্ধ্যা ৬টা থেকে লোডশেডিং শুরু হয়। আমি যখন সাড়ে ৫টায় সময়ে পৌছলাম তখন থেকে ৩ ঘন্টা আবার রাত ১১টার থেকে ৩টে ৭ তারিখে ৪ টের থেকে ৭ টা। ৮ এবং ৯ তারিখে সীমাহীন লোডশেডিং, ১০ তারিখেও দিনে রাতে এবং ১১ তারিখেও কারেন্ট নেই। আমি মন্ত্রীকে দোষারোপ করে এই পরিসংখ্যানগুলো দিচ্ছি না, তবে এটাই হচ্ছে বাস্তব অবস্থা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে তথ্য দিতে চাই যে, মেদিনীপুর জেলা একটি বৃহৎ সমস্যা সংকুল এলাকা, তারমধ্যে মহিষাদলের মায়াচড় এটি একটি দ্বীপ। এখানে কোনওদিনই ইলেক্ট্রিফিকেশন হবে বলে মনে

য় না। এই ব্যাপারে মাননীয় মন্ত্রীকে একটু দেখতে অনুরোধ করছি। মায়াচড়ের কোনও এলাকাতেই বিদ্যুত নেই। এবং হওয়ার সম্ভাবনাও নেই, এই সমস্ত কারণে এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, বিদ্যুতের ক্ষেত্রে দুটো ডিমান্ড একটা হচ্ছে ৬৯ এবং আরেকটি হচ্ছে ৭২। এই দুটোকেই অগ্রাধিকার দিতে হবে। আমরা যদি বিদ্যুতের উন্নতি করতে চাই তাহলে সবচেয়ে বেশি বিদ্যুতের উপর প্রায়োরিটি দিতে হবে। এখানে ক্রিটিসাইজ হয়তো কিছু কিছু করতে পারি কিন্তু এটা মনে রাখতে হবে যে, বিদ্যুতের ব্যাপারে প্রায়োরিটি দেওয়ার ক্ষেত্রে এর কিছু যে ভুল ত্রুটি থাকবে না এ হতে পারে না। এবং ভুল ত্রুটি যে নেই একথাও বলব না। বিদ্যুতের যে বেসিক প্রয়োজন সেটা দেখতে হবে এবং এখানে তার প্রায়োরিটি যাতে সবচেয়ে বেশি হয় সেই দিকে ইমপর্টেন্স দিতে হবে এবং তারজন্য চেষ্টাও করতে হবে। আমি সারা ভারতবর্ষের শুধু নয়, সারা পৃথিবীর অনেক জায়গা ঘুরে ঘুরে অনেক কিছু দেখে এসেছি এবং সেই সৌভাগ্যও আমার হয়েছে। আমি যখন প্রথম চীনে গিয়েছিলাম নভেম্বর মাসে তখন সেখানে গিয়ে প্রথমে দেখেছিলাম যে তারা বিদ্যুত কিভাবে ব্যবহার করছে। সেখানে আমরা দেখলাম যে বিদ্যুতের ডেভেলপমেন্ট হয়েছে এবং এগিয়ে যাচ্ছে। সেখানকার ডেভেলপমেন্ট দেখলে শুধু পশ্চিমবঙ্গের নয়, সারা ভারতবর্ষের কি রকম চরম অবস্থা সেটা আমরা বুঝতে পারছি। আমি ৭দিন ধরে সাউথ ইস্ট কান্ট্রিগুলোতে গিয়েছিলাম। এই কান্ট্রিগুলোর এখন সবই নন কমিউনিস্ট কান্ট্রি। এই নন কমিউনিস্ট কান্ট্রিগুলো ১৯৪৭ সালে ডাইভার্স স্টেটস হয়ে গেছে তার আগে ৫৬ সাল পর্যন্ত এর কোনও পাত্তা ছিল না। এই অবস্থা দেখে বোঝা যেতে পারে যে আমরা ৫০ বছরেও এইরকম করতে পারব না। সুতরাং এটাই হচ্ছে কোয়েশ্চেন অফ ফ্যাক্টস, তার কারণ হচ্ছে দুটো জিনিস আজকে পৃথিবীতে চলছে তার একটা হচ্ছে ইলেক্ট্রিফিকেশন বা পাওয়ার যাই বলুন আর ২ নং হচ্ছে প্রযুক্তি বা টেকনিক্যাল। উনি দুটোতেই আছেন এবং আমাদের যে এখনও টেকনোলজি ডেভেলপমেন্ট হয়নি এটা স্বীকার করাই ভাল এবং আমরা করতে পারছি না। এটা না করতে পারলে আজকে সারা বিশ্বের যে লড়াই সেখানেও আমরা হেরে যাবো। যে কমিউনিজিমের কথা আমরা বলেছি সেই কমিউনিজিমের কথা আপনাদের কাছে বলছি। আমরা আমেরিকার শক্তির কাছে খানিকটা কোণঠাসা হয়ে গিয়েছি, অস্বীকার করে লাভ নেই। কোণঠাসা হয়েছি দুটি কারণে, একটা হচ্ছে ফিনান্স আর একটা হচ্ছে টেকনোলজির জন্য। আমাদের টেকনোলজির ব্যাপারটা বলি আমাদের আমরা পশ্চিমবাংলার গর্ব বললে হবে না—পশ্চিমবাংলার যে টেকনোলজি দরকার সেটা হয়নি, এটা ভারতবর্ষের ব্যাপার এবং ভারতবর্ষ এই টেকনোলজিতে পিছিয়ে আছে এবং অত্যন্ত পিছিয়ে যাচ্ছে সেই কারণে আমরা উন্নতি করতে পারছি না। পাওয়ার সম্বন্ধে পরিষ্কারভাবে বইতে যেটা লেখা দিয়েছেন, ইকনমিক রিভিউতে যে জিনিসটা আছে ঐ কয়েকটি পাতার মধ্যে, সেই কয়টি পাতার মধ্যে যে ডেভেলপমেন্ট যে উন্নতি হয়েছে সেটার সম্বন্ধে সেখানে বলা আছে, সেটা আপনারা দেখতে পাবেন। সেখানে দেখবেন

৬৩ থেকে ৭১ পাতার মধ্যে যে লেখাগুলি আছে সেখানে দেখতে পাবেন কি ডেভেলপমেন্ট হয়েছে। সেটা যদি বিচার করেন তাহলে দেখবেন সত্যিকারের অন্তত ২/৩ বছরে তার অনেকটা ডেভেলপ করেছেন, আগে এটা হয়নি, এই কথাটা আমরা স্বীকার করতে পারছি যে কোনও কারণেই হোক আমরা বিদ্যুত বেশি দিইনি বলে এর উন্নতির দিকে একে নিয়ে যেতে পারিনি, এখানে আপনাদের উদ্দেশ্য হচ্ছে বিরোধী পক্ষে যারা রয়েছেন তাদের বিচার বিবেচনা করা আমরা পাওয়ারে যে টাকা দিচ্ছি তার চেয়ে বেশি টাকা যাতে পাওয়ারে দেন সেটা আপনারাও বলবেন। আমি আপনাদেরকে বলছি এই কারণে এই ব্যাপারটা একটু দেখবেন, একেবারে বেসিক লাইন ধরলে একেবারে ইমপর্টেন্স দিয়ে প্রায়োরিটির ভিত্তিতে বিদ্যুত্তকে এগিয়ে নিয়ে যেতে হবে। কিছু কিছু ডিফেক্ট আছে, যেমন রুরাল ইলেক্ট্রিফিকেশন আমরা এখনও মনোমত করতে পারিনি। খালি থিওরেটিকালি করলে হবে না, গ্রামে প্র্যাকটিকাল আসপেক্টও দেখতে হবে। অনেকগুলি কারণ আছে, যে কারণগুলি বিয়ন্ড কন্ট্রোল অফ দি পাওয়ার মিনিস্টার আমি বলব আপনি পাচ্ছেন না। যেমন অনেক দুর্বৃত্ত আছে, ট্রান্সফরমারগুলি চুরি করে নিচ্ছে, সামান্য তারের জন্য, বা তামার জন্য এইগুলি আমরা চেষ্টা করলেও কন্ট্রোল করতে পারছি না। যদিও উনি খানিকটা কন্ট্রোল করেছেন। কমিটি করেছেন, তবে কমিটি করা এক জিনিস আর প্র্যাকটিকাল করা আর এক জিনিস। তবে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন যেটুকু হয়েছে সেটা ঠিকভাবে যেটুকু করা দরকার সেটা ঠিক ভাবে হচ্ছে না। অনেক জায়গায় গ্রামেতে বিদ্যুত গেলে চুরি করে নিয়ে নেয়, এই ব্যাপারে যখন উপরতলায় প্লান করা হয় সেইগুলি নিচের দিকে ইমপ্লিমেন্টেশন ঠিকমতো হয় না। আমি আপনাকে বলছি, যেগুলি সাব-স্টেশন আছে সেইগুলি ঠিকমতো রক্ষণাবেক্ষণ হয় না। এই ডিফেক্টগুলি আমাদের আছে আমাদের বাজেটে যে টাকা দরকার সেটা নিশ্চয় দেওয়া উচিত। বাজেট আরও বাড়ালে ভাল হত, বিদ্যুত ক্ষেত্রে প্রযুক্তি ছাড়া এর উন্নতি করতে পারবেন না।

[5-10 — 5-20 p.m.]

এগ্রিকালচারের কথা যদি বলেন তাহলে আমি সাউথ কোরিয়ার কথা একটু বলব। সেখানে অবাক করা ব্যাপার দেখলাম। সাউথ কোরিয়াতে এগ্রিকালচারটা তারা অন্যভাবে করছে। সেখানে তারা প্রযুক্তি এমনভাবে ব্যবহার করছে যাতে সামান্য এক বিঘা জমিতে যে প্রডাকশনটা হচ্ছে সেটা কল্পনা করা যায় না। সেখানে প্রযুক্তিটা তারা এমনভাবে ব্যবহার করছে যাতে প্রডাকশনটা ১০/১২ গুন আমাদের চেয়ে বেড়ে যাচ্ছে। কাজেই আমার কথা হচ্ছে প্রযুক্তির ব্যবহারটা আরও ভালভাবে কি করে করা যায় সেটা দেখতে হবে। বিশেষ করে সূর্যরশ্মি থেকে যে ইলেক্ট্রিসিটি পাওয়া যায় সেটার ডেভেলপমেন্ট আমাদের এখানে হয়নি, তা যাতে হয় তারজন্য চেষ্টা করা উচিত আরও বেশি করে। তবে টেকনোলজি বলতে শুধু দুটোকেই বোঝায় না। এই প্রসঙ্গে কমপিউটার সায়েন্সের কথা বলা যায়। জাপান এ ক্ষেত্রে প্রভূত উন্নতি করেছে। এর মাধ্যমে সারা পৃথিবীটাকে তারা কিনে নেবার অবস্থায় এসেছে। যার কষ্ট অব প্রডাকশন ধরুন ৫ হাজার টাকা তারা সেটা বিক্রি করছে

জায়গায় ৫ লক্ষ টাকাতে। সেখানে এই প্রযুক্তিটা আমরা কিন্তু সেইভাবে ডেভেলপ করতে পারছি না। কাজেই এর উন্নতি করার উপায় কি সেটা দেখতে হবে। শুধু পশ্চিমবঙ্গ নয়, ভারত সরকার যদি এটা নিয়ে না ভাবেন তাহলে একা পশ্চিমবঙ্গের পক্ষে ভেবে সব কিছু আমরা করতে পারব না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বাজেটটা পড়ে দেখলাম। মোটামুটি ইকনমিক রিভিউতে যেটা রেফার করা হয়েছে সেটা বলতে গেলে অনেক সময় লাগবে, সেই সময় আমার নেই, তবে ডেফিনিটলি খানিকটা ইমপ্রুভ করেছে। শর্টফল কিছু থাকতে পারে কিন্তু ডেফিনিট কিছু ইমপ্রুভমেন্ট আমাদের এখানে হয়েছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আমি আবার বলব, প্রযুক্তিটা নিয়ে চিন্তা ভাবনা করুন। এটা হলে আমরা আরও এগিয়ে যেতে পারব। এই বলে এই বাজেটকে আমি পুনরায় সমর্থন করে বলছি এই বাজেটে আরও বেশি টাকা দিলে আরও ভাল হত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শিবদাস মুখার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় বিদ্যুত মন্ত্রী তার দপ্তরের যে ব্যয় বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলির প্রতি সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলছি। স্যার, বর্তমানে যিনি মুখ্যমন্ত্রী আছেন, আগামীদিনেও তিনি মুখ্যমন্ত্রী থাকবেন বলে বলেন, সেই মুখ্যমন্ত্রীর হাতে এক সময় এই বিদ্যুত দপ্তর ছিল। তিনি তার জঞ্জাল প্রবীরবাবুর ঘাড়ে চাপিয়ে দিয়েছিলেন তার নিজের অপকর্ম ঢাকবার জন্য। প্রবীর বাবুর পর তিনি এই জঞ্জাল একজন সজ্জন, শিক্ষিত মানুষের ঘাড়ে চাপিয়ে দিয়েছেন। মুখ্যমন্ত্রী মহাশয় বারবার বিদেশে গিয়ে অনাবাসী ভারতীয়দের এখানে এনে শিল্প স্থাপনের কথা বলেন। তিনি বলেন, বিদেশ থেকে পুঁজি এনে এখানে নাকি এমন বিদ্যুত কেন্দ্র সব করবেন যাতে সারা পশ্চিমবাংলা বিদ্যুতে ভেসে যাবে। কিন্তু পশ্চিমবঙ্গের বিদ্যুতের হাল কি? মুখ্যমন্ত্রী ছিলেন, প্রবীরবাবু ছিলেন, এখন শঙ্করবাবু এসেছেন কিন্তু বিদ্যুতের ক্ষেত্রে পশ্চিমবঙ্গের শীর্ণকায়, কংকালসার রূপ আমরা দেখতে পাচ্ছি। মাননীয় চেয়ারম্যান, স্যার, আমাদের সামনে শঙ্কর-বাবু একটা বাজেট বই পেশ করেছেন। সেই বই-টার ৮ পাতার ৪.২ নং প্যারায় তিনি বলেছেন, আগামী ২ বছরের মধ্যে বকেয়া গার্হস্থ্য সার্ভিস মিটার সরবরাহ করা সম্ভব হবে, যাতে করে গ্রামাঞ্চলে মিটার সরবরাহ করা যায়। তিনি কিছু গালভরা কথা এই বই-টির মধ্যে ছেপে দিয়েছেন, বাস্তবের সঙ্গে এর কোনও মিল নেই। গ্রামাঞ্চলে কোথাও কোনও মিটার নেই। তিনি বলছেন সরবরাহ করবেন। কিসের দ্বারা সরবরাহ করবেন? তারপর ১১ পাতায় উনি বলেছেন, "জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতি স্তরে বিদ্যুত ও অচিরাচরিত শক্তি স্থায়ী কমিটি গঠিত হওয়ার ফলে এই কাজের পরিকল্পনা ও রূপায়ণের ক্ষেত্রে জনসাধারণকে সঙ্গে পাওয়ার একটা বিরাট সুযোগ এসেছে।" আমি জানি না কোন জেলায় এই কমিটি গঠিত হয়েছে! আমাদের নদীয়া জেলা থেকে আমরা বিরোধী দলের তিন জন বিধায়ক এখানে উপস্থিত আছি। এই জাতীয় কোনও কমিটির কোনও মিটিং-এ আমাদের কখনও ডাকা হয় নি। কেউ আমাদের সাহায্য গ্রহণ করছে না, আমাদের উপদেশ শুনছে না। মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করছি, তিনি এবিষয়ে একটু

খোঁজ নিয়ে দেখবেন। তিনি শুধু তাঁর দলের জেলা পরিষদ এবং পঞ্চায়েত সমিতির সদস্যদের বা কর্তা ব্যক্তিদের কথায় চলবেন না। বিরোধী দলের সদস্যদের, বিশেষ করে কংগ্রেস দলের মিটিং-এ ডাকা হয় কিনা, তাঁদের মতামত নেওয়া হয় কিনা সেটা তিনি একটু দেখুন। অবশ্য দলের চাপের মুখে তিনি খবর পেলেও কোনও ব্যবস্থা গ্রহণ করতে পারবেন কিনা সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। মাননীয় মন্ত্রী মহাশয় ঐ ১১ পাতার পরের প্যারাতেই বলেছেন, কতগুলি জেলায় যেমন, হাওড়া, নদীয়া, বীরভূম, বর্ধমান, কুচবিহার, জলপাইগুড়ি, হুগলি, মালদা, মুর্শিদাবাদ, উত্তর ২৪-পরগণা, শতকরা ৯০-১০০ ভাগ মৌজা বিদ্যুতায়িত করা গেছে। এর চেয়ে বড় অসত্য কথা আর কিছু হতে পারে না। আমি এখানে দায়িত্ব নিয়ে বলছি, নদীয়া জেলায় সুভাষবাবুর কেন্দ্র ছাড়া হরিণঘাটার আর কোনও গ্রামে বিদ্যুত পৌঁছে দেওয়া হয় নি। মাননীয় মন্ত্রী মহাশয়কে ভাল মানুষ পেয়ে তাঁর মুখ দিয়ে এই সব অসত্য কথা এখানে পরিবেশন করা হয়েছে। তারপর মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর বাজেট ভাষণের ১২ পাতায় বলেছেন, " কেন্দ্রীয় সরকার সম্প্রতি সীমান্ত অঞ্চলের সামগ্রিক উন্নয়নের জন্য বর্ডার এরিয়া ডেভেলপমেন্ট কার্যসূচী বাংলাদেশ সীমান্তবর্তী অঞ্চলগুলিতে সম্প্রসারিত করেছেন। কেন্দ্রীয় সরকার বক্তব্য উনি মেনে নিয়েছেন। ভাল কথা। কিন্তু পশ্চিমবাংলার ভেতরের যে সমস্ত গ্রামগুলিতে জনসংখ্যার চাপ রয়েছে সেসব গ্রামগুলিতে আগে বিদ্যুত পৌঁছে দিয়ে তারপর সীমান্তের দিকে নজর দিলে কি ভাল হত না? তারপর আমরা পত্রিকায় মাঝে মাঝেই দেখি মন্ত্রী মহাশয় বলছেন—আমাদের এত বিদ্যুত উৎপাদন হয়েছে, আমাদের বিদ্যুত উড়িষ্যায়, বিহারে যাচ্ছে। সাথে সাথে আমরা দেখছি পশ্চিম বাংলার গ্রামগুলি অন্ধকারে ভাসছে। নদীয়া জেলার কল্যাণী শিল্পাঞ্চলে বিদ্যুতের অভাবে শ্রমিকরা কাজ হারাচ্ছে, লোডশেডিং-এর ফলে মালিকরা কারখানা বন্ধ করে দিচ্ছে। শ্রমিকরা বেকার হয়ে যাচ্ছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি শিল্প এবং কলকারখানা যাতে বন্ধ হয়ে না যায় তার জন্য আপনি উদ্যোগ গ্রহণ করুন। মাননীয় চেয়ারম্যান, স্যার, এখানে হুকিং-এর কথা বলা হচ্ছে। আমরা কি দেখছি? কোথাও যদি হুকিং করার জন্য কাউকে ধরে তাহলেই দেখি সিপিএম-এর পঞ্চায়েত সমিতিগুলি থানায় তাকে ছাড়িয়ে নিয়ে আসে। সিপিএম-এর পঞ্চায়েত সমিতিগুলির সঙ্গে যোগসাজশে গ্রামাঞ্চলে হুকিং চলছে। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি পারবেন না, আপনার ক্ষমতা নেই, আপনার বিভাগের অফিসারদেরও কোনও ক্ষমতা নেই এটা বন্ধ করার। আপনি বন্ধ করতে গেলে আপনার মন্ত্রিত্ব থাকবে না। আপনি বেশি কিছু করতে গেলে বুমেরাং হয়ে যাবে। আপনার দলের ছোটখাট নেতারা এবং কর্মীরা আপনার বিরুদ্ধে জেহাদ ঘোষণা করবে। তাই আমি আপনাকে বলছি শহরাঞ্চলের বাইরে—বিশেষ করে কলকাতার বাইরে—কোথাও মিটার রিডিং নেওয়া হচ্ছে না। কোথাও ৩ মাসের, কোথাও ৬ মাসের রিডিং ধরে দেওয়া হচ্ছে। এবিষয়ে আমি আপনাকে বহুবার জানিয়েছি, কিন্তু কোনও প্রতিকার হয়নি। তাই আজকে আবার বাজেট বক্তৃতায় অংশ নিয়ে আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি। বেশির ভাগ ক্ষেত্রেই আমরা দেখছি ভুয়া বিল দেওয়া হচ্ছে মিটার রিডিং না নিয়েই। আপনি যথাযথ মিটার রিডিং-এর ব্যবস্থা করুন, ভুয়া বিল দেওয়া বন্ধ করুন। পরিশেষে

আপনার বাজেটের বিরোধিতা করে, আমাদের কাট মোশনের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী নির্মল দাস :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, ডঃ শঙ্কর সেন তাঁর দপ্তরের ব্যয়-বরাদ্দের অনুমোদন চেয়ে যে দাবি উত্থাপন করেছেন আমি প্রথমেই তাকে সমর্থন করছি। আমরা জানি, আধুনিক সভ্যতায় বিদ্যুত অপরিহার্য, এখানে বিরোধী দলের ৩ জন সদস্যের বক্তব্য শুনলাম। আপনাদের দলের তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় জরুরি অবস্থার অব্যবহিত পরেই বলেছিলেন পশ্চিমবাংলায় বিদ্যুতায়ন কমপ্লিট। যদি আপনাদের বিশ্বাস না হয় তাহলে লাইব্রেরিতে গিয়ে দেখে আসুন। ইমিডিয়েট আফটার এমারজেন্সি তিনি বলেছিলেন সমস্ত পশ্চিমবাংলায় বিদ্যুতায়ন হয়ে গেছে। কারণ হচ্ছে, উনি সমস্ত জায়গায় বিদ্যুতের বদলে খুঁটি পুঁতে দিয়েছিলেন। আর ডঃ শঙ্কর সেন আগেকার যে পাপ সেই পাপের প্রায়শ্চিত্ত করছেন। ডঃ শঙ্কর সেন এবং বামফ্রন্ট সরকার এই ১৭ বছর ধরে সেই সমস্ত এলাকায় বিদ্যুত পৌঁছে দেবার ব্যবস্থা করছেন। আমরা জানি, আজকে হচ্ছে পলিউশনের যুগ। এই পলিউশনের যুগে সবচেয়ে বেশি প্রায়োরিটি দেওয়া দরকার জল বিদ্যুত উৎপাদনে। ডঃ শঙ্কর সেন সেইদিকে অগ্রসর হচ্ছেন। আমরা লক্ষ্য করছি, ইতিমধ্যে তিস্তা প্রকল্পে বিদ্যুত উৎপাদনের ব্যবস্থা হচ্ছে। তার অগ্রগতি সম্পর্কে তিনি নিশ্চয়ই বলবেন। আমরা সাবজেক্ট কমিটির হয়ে সেখানে গিয়ে দেখে এসেছি। আমরা চাইছি, আরও দ্রুত কাজ সম্পন্ন হোক। তারপর আছে রায়ডাক প্রকল্প। এটা একটা সাংঘাতিক পার্বত্য নদী, এই নদী ধ্বংস করে। এর থেকে যদি বিদ্যুত উৎপাদনের ব্যবস্থা করা হয় তাহলে কয়েক শো মেগাওয়াট বিদ্যুত উৎপন্ন হতে পারে। তারপর আমি ডঃ শঙ্কর সেনকে অনুরোধ করবো, আপনি উৎপাদন যে ভাবে বাড়াচ্ছেন তা উপযুক্তভাবে ব্যবহার করা দরকার যাতে করে হাসপাতালগুলি, বিদ্যালয়গুলি জল সরবরাহ প্রকল্পগুলি দুগ্ধ সরবরাহ যে সমস্ত জায়গাগুলি আছে সেগুলি যেন লোড-শেডিং থেকে মুক্ত হয় তারজন্য আপনি এমনভাবে বিদ্যুত সংযোগের ব্যবস্থা করুন। এছাড়া এমন সব কেন্দ্র আছে যেখানে এমন সব ওষুধ পত্র প্রিসার্ভ করা হয়, জীবনদায়ী ওষুধ সেখানে এইরকম ব্যবস্থা গ্রহণ করুন। আমি ইঞ্জিনিয়ারদের সঙ্গে কথা বলেছি। তারা বলেছেন হ্যাঁ, সম্ভব। যে ধরনের নীতি নির্ধারণ করা হোক, কেন্দ্রীয় সরকারের যে বিদ্যুত পলিসি তাতে ইঞ্জিনিয়াররা বলছেন আলটিমেটলি আমাদের দেশের যারা টেকনোলজিস্ট যারা বিজ্ঞানী তাদের অনুশীলন করার সুযোগ বন্ধ হয়ে যাবে। আমেরিকান প্রযুক্তিবিদরা ডায়রেকটিভ দেবেন। মার্কিন সাম্রাজ্যবাদ আমাদের দেশে ইনভেস্টমেন্ট কম করছে, এতে আমি এতটুকু লজ্জিত নই, কিন্তু উইদিন আওয়ার মিনস আমাদের আরও ইগয়ে নিয়ে যাওয়া দরকার। ডঃ অসীম দাশগুপ্তকে বলব, যেভাবে প্রায়োরিটি দেওয়া হয়েছে সেই প্রায়োরিটি অনুযায়ী যেন টাকা কার্টেল করা না হয়। বিদ্যুতের ক্ষেত্রে এক পয়সাও যেন কাটা না হয়, বিদ্যুত মানে বিদ্যুত নয়, বিদ্যুত মানে কৃষি, সেচ এবং অন্য কিছু। আমাদের উন্নয়ন সুনিশ্চিত করার জন্য বিদ্যুতের জন্য বরাদ্দ আরও

বাড়ানো দরকার। সর্বভারতীয় যে গড় তার কথা চিন্তা করে এবং পৃথিবীর উন্নততর যে সব দেশ যারা এগিয়ে যাচ্ছে সেই সমস্ত দেশের কথা চিন্তা করে এটা করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয় গত বছর আলিপুরদুয়ারে গিয়েছিলেন। তাঁর সঙ্গে কথা হয়েছিল। আসামে প্রচুর প্রাকৃতিক গ্যাস আছে। সেই গ্যাস নিয়ে আসার ক্ষেত্রে কতটুকু কি এগিয়েছে বলবেন। মাঝখানে মাননীয় মুখ্যমন্ত্রীর নির্দেশে তিনি ত্রিপুরাতে গিয়েছিলেন, সেখানে প্রচুর গ্যাস আছে। পাইপলাইন দিয়ে সেই গ্যাস এনে—আলিপুরদুয়ার হচ্ছে গেট ওয়ে অফ আসাম—গ্যাস টারবাইন ওখানে স্থাপন করলে অনেক মানুষ উপকৃত হবেন। কারণ চা-বাগানের সর্বত্র বিদ্যুত পৌঁছায়নি, বনাঞ্চলে বিদ্যুত যায়নি। টোটোদের ৯৭০ জন পরিবার এই বিদ্যুত থেকে বঞ্চিত। তাঁরা মনে করেছেন যে—আজকে প্রশ্নোত্তরের উপর তিনি বলেছে যে উত্তরবঙ্গের ঐসব বনাঞ্চলেও বিদ্যুত যাক। ওঁরা যখন শুরু করেছিলেন খুঁটি লাগিয়ে দিয়েছিলেন, পরবর্তীকালে হাইটেনশন যে সমস্ত তার লাগানো হয়েছিল সেসব চুরি যাচ্ছে। সেই চুরি বন্ধ করা দরকার। কুচবিহারে কিছুদিন আগে কনভেনশনে গিয়েছিলাম ওখানে বহু মানুষ বহু জেলা থেকে এসেছিলেন ও পাতলাখোয়, বড়রাংকস থেকে এসেছিলেন, তাঁদের কাছে শুনলাম প্রায় ৬ মাস ধরে বিদ্যুত সংযোগ বন্ধ। মাইনর ইরিগেশনের ক্ষতি হচ্ছে, সাধারণ মানুষের জীবনযাত্রার ক্ষতি হচ্ছে। এর জন্য কো-অর্ডিনেশন দরকার। বিদ্যুত উৎপন্ন হবে, বিদ্যুতের সুযোগ সৃষ্টি হচ্ছে, চাষী, কলকারখানার শ্রমিক কর্মচারী, হাসপাতাল সকলে যেন বঞ্চিত না হয়, সরকারি অফিসাররা বঞ্চিত না হয় তার জন্য কো-অর্ডিনেশন দরকার। হোম ডিপার্টমেন্টের সঙ্গে বিদ্যুত ডিপার্টমেন্টের একটা সমন্বয় দরকার। বিদ্যুত বিভাগ স্বয়ং সম্পূর্ণ নয়। সেজন্য চুরি যাতে বন্ধ হয় তার জন্য হোম ডিপার্টমেন্টের সাথে সমন্বয় করে সাবজেক্ট কমিটি অন ইরিগেশন তাঁদের বলে চিহ্নিত করতে হবে। কোন এলাকা ক্ষতিগ্রস্ত হচ্ছে সেটা না দেখিয়ে শুধু বলে গেলে চলবে না। আমার কাছে নির্দিষ্ট অভিযোগ আছে, এক শ্রেণীর কর্মচারী অফিসে বসে বসে সাবোটেজ করছে। ইউনিয়নের নাম করে বলতে পারি, বিভিন্ন ইউনিয়ন আই.এন.টি.ইউ.সি.র লোকজন উল্টোপাল্টা করছে। সেখানে আজকে ইঞ্জিনিয়ারদের নিয়ে বসতে হবে। প্রকৃত যে সব কর্মচারী রাজ্য সরকারের সমৃদ্ধি চান তাঁদের কে নিয়ে কাজ করা দরকার। চা বাগানে যে বিদ্যুত চুরি হচ্ছে সেটা বন্ধ করতে হবে। যারা যারা টাকা জমা দিয়েছে তাদের কাছে বিদ্যুত পৌঁছে দেওয়া সরকার। আগামী দিনে পলিউশন বন্ধ করার জন্য পলিসি নেওয়া হচ্ছে শুনছি এখান থেকে ট্রাম উঠে যাচ্ছে—অন্য জায়গায় নতুন করে ট্রাম চালানোর জন্য চিন্তা করা হচ্ছে। গ্যাস টারবাইনের ভিতর দিয়ে যদি করা যায় আমাদের সে দৃষ্টিভঙ্গি আছে। আপনি বলছেন আমরা রাজ্যের চাহিদা পূরণ করতে পারছি না, মাননীয় মন্ত্রী মহাশয় তো বলেছেন আমরা শুধু নিজেদের জন্য চিন্তা করি না, আমরা অন্য জায়গায় এমন কি দিল্লিতে পর্যন্ত বিদ্যুত দেব। মাননীয় সৌগতবাবু বলছেন, আমি দেখেছি আমাদের ওখানে যখন বন্যা হয় মাননীয় শঙ্কর বাবু নিজে গিয়ে নিজ হাতে ৩ দিনের মধ্যে সেখানে লাইন দিয়ে ইমিডিয়েটলি আফটার ফ্লাড তিনি ইঞ্জিনিয়ারদের সঙ্গে বসে রেসটোরেশনের কাজ করেছেন। জল সরবরাহের ব্যবস্থা করেছেন, বিদ্যুত সরবরাহের চেষ্টা করেছেন। কেন্দ্রীয় সরকার যে

মাতৃসুলভ আচরণ করছেন প্রকৃত পক্ষে বঞ্চনা করছেন, আজকে কোনও রকম দয়া দাক্ষিণ্য য় যা আমাদের অধিকার এবং দরকার সেটা করার জন্য প্রকল্প নেওয়া হচ্ছে। এটা রাজ্যের র‍্যাল ডেভেলপমেন্ট নয় বিদ্যুত দপ্তরের নিজস্ব কাজ করার কোনও ব্যাপার নয়, অর্থ দপ্তর হযোগিতা করবেন এই কথা বলে মাননীয় শঙ্কর বাবুকে অভিনন্দন জানিয়ে কাট মোশনের রোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় বিভাগীয় মন্ত্রী মহাশয় য় বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করে আমার যে কাট মোশন আছে তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। আজকে বিদ্যুত সম্পর্কে বলতে গিয়ে—সময় আমার খুব ংক্ষিপ্ত আমি যেটা বলতে চাই যে, বিদ্যুত সম্পর্কে সরকারের দৃষ্টিভঙ্গির কথা বলছি। াননীয় মন্ত্রী মহাশয়ের স্মরণে আছে ১৯১৭ সালের বিপ্লবের পরে লেনিন দেশের এবং ামের বিদ্যুতায়নের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছিলেন। একটা দেশের এবং তার র্থনীতির অগ্রগতি তার উপর নির্ভরশীল। সেদিক থেকে বামফ্রন্ট সরকারের আমলে গ্রামের বদ্যুতিকরণের বিষয়টা যেভাবে অবহেলিত তার দ্বারা সরকারের জনমুখী দৃষ্টিভঙ্গি প্রতিফলিত য় না।

[5-30 — 5-40 p.m.]

আপনি জানেন যে, আজকে বৈদ্যুতিকরণের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে সর্বনিম্ন ানে। তার নিচে বোধহয় বিহার, উড়িষ্যার মতো দু'একটি রাজ্য রয়েছে। মন্ত্রী মহাশয়ের নজের বাজেট ভাষণেই উল্লেখ আছে যে, রাজ্যে ৯,০০০ এর মত ভার্জিন মৌজা রয়েছে এবং ২০১০ সাল নাগাদ তাতে বৈদ্যুতিকরণের কাজ শেষ হতে পারে। এই হচ্ছে দৃষ্টিভঙ্গি গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে। যাকে ভিত্তি করে গোটা রাজ্যের অর্থনীতি দাঁড়িয়ে রয়েছে, কৃষি থেকে আরম্ভ করে সবকিছু নির্ভরশীল, সেটা আজকে এভাবে অবহেলিত। কেন্দ্রীয় সরকারের সামগ্রিক নীতি এবং বিদ্যুতের ক্ষেত্রে বামফ্রন্ট সরকারের যে নীতি, এই দুই এর যে সর্বনাশ পরিণতি তারফলে রাজ্যের উপর আঘাত নেমে এসেছে। এক্ষেত্রে একটা বিকল্প দৃষ্টিভঙ্গি বিকল্প পদক্ষেপ নিতে হবে এবং সেটা নিতে হলে স্টেট সেক্টরের দক্ষতা বাড়াতে হবে আজকে এই দক্ষতা বাড়াবার ক্ষেত্রে রাজ্য সরকার ব্যর্থ। কোয়েশ্চেন আওয়ারে উল্লিখি হয়েছে যে, দিনের পর দিন বিদ্যুতের বেআইনি ব্যবহার মারাত্মকভাবে বেড়ে যাচ্ছে। বছ এখানে তিন কোটি টাকার মতো বিদ্যুত চুরি হচ্ছে। গত বছর তিন কোটি টাকার উপর বিদ্যু চুরি হয়েছে বলেছেন। যেটা ৬০ লক্ষ ছিল তিন বছর আগে সেটা এখন বেড়ে তিন কো হয়েছে। এ ব্যাপারে প্রশাসনের নেগলিজেন্সের উপর মারাত্মক সব রিপোর্ট বেরিয়েছে। এখন কিন্তু বিদ্যুত চুরির উপর মনিটরিং ব্যবস্থা কার্যকর করতে কোনও পদক্ষেপ নেওয়া হয়নি ১ বছরে এবং তারফলে ক্রমশই বিদ্যুত চুরি বাড়ছে। সবটাই আল্লার উপর ছেড়ে দেওয়া হয়ে এবং তারজন্য লোডশেডিং, লো ভোল্টেজ ইত্যাদির কারণে কনজিউমাররা সাফার করছে

এদিকে বিদ্যুত উদ্বৃত্ত হচ্ছে বলে অন্য রাজ্যকে বিদ্যুত দিচ্ছেন বলছেন। অন্যদিকে ট্রান্সমিশ লাইনের এমন অবস্থা যে, তার মাধ্যমে পুরো মাত্রায় বিদ্যুত সরবরাহ করতে গেলে লাই অকেজো হয়ে যাচ্ছে। এছাড়াও বিদ্যুত গ্রাহকরা নানাভাবে বঞ্চিত হচ্ছেন। পাঁচ-ছয় মাস প মিটার রিডিং নেওয়া হচ্ছে, আন্দাজে রিডিং লিখে নেওয়া হচ্ছে, অথচ প্রায় বছর বছ বিদ্যুতের দাম বাড়ছে। একদিকে বিদ্যুত চুরি বন্ধ করতে পারছেন না, অন্যদিকে দেখছি—আজকে কাগজেই একটা রিপোর্ট বেরিয়েছে—কৃষ্ণনগরের একজন ব্যবসায়ী বিদ্যুতের ২৩ লক্ষ টাক বাঁকুড়ার তিনজন ব্যবসায়ী বেশ কয়েক লক্ষ টাকা, মুর্শিদাবাদের একজন ব্যবসায়ী ১৫ লক্ষ টাকা জমা দেননি।

**শ্রী শক্তি বল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুত মন্ত্রী মহাশয় যে ৬৯ এব ৭২ নম্বর ডিমান্ডের জন্য ব্যয়-বরাদ্দের দাবি এখানে করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করা এবং বিরোধী পক্ষ থেকে যে সমস্ত কাট মোশন আনা হয়েছে সেগুলির বিরোধিতা কা আমার বক্তব্য রাখছি। আমাকে ৫ মিনিট সময় দেওয়া হয়েছে। কাজেই আমি বিদ্যুত মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করে কয়েকটি সাজেশন এখানে রাখছি। প্রথম কথা হচ্ছে, বর্তমান মডা টেকনোলজির যুগে বিদ্যুত ছাড়া কোনও রাজ্য বা কোনও দেশের উন্নতি হতে পারে ন মাননীয় সদস্য সৌগত রায়, তিনি অধ্যাপক মানুষ, তিনি কেন্দ্রে কিছুদিন মন্ত্রীও ছিলেন এব সাংসদও বটে, তিনি কি করে এসব কথা বললেন সেটা আমি বুঝতে পারছি না। কেন্দ্রী সরকার যেভাবে বেসরকারিকরণের দিকে যাচ্ছেন, শারদ পাওয়ারের যে রিপোর্ট পাওয়া গে তাতে সমস্ত বিদ্যুত কেন্দ্রগুলিকে বেসরকারি সংস্থার হাতে দেবার প্রস্তাব রাখা হয়েছে। এ লিমিটেড ক্ষমতার মধ্যে, এত সীমিত ব্যয় বরাদ্দের মধ্যে আমাদের পশ্চিমবাংলার বিদ্যুত দপ্ত কৌশলে আজকে যে অবস্থায় এসে দাঁড়িয়েছে, বিদ্যুতের যে উন্নতি ঘটিয়েছে, সেটা অতি ব শত্রুও স্বীকার করেছে। আপনার কাছে গ্রামীণ বিদ্যুত কেন্দ্রগুলি সম্পর্কে আমার একটা নির্দি প্রস্তাব আছে। যেহেতু আপনার টাকা কম এবং সীমিত ক্ষমতা, সেজন্য নন-কনভেনশনাল এনার্জির উপরে আপনাকে জোর দিতে বলব। আপনি সাগরদীঘিতে পরীক্ষামূলক ভাবে চাল করেছেন। সেইভাবে গ্রামাঞ্চলেও নন-কনভেনশনাল এনার্জি সোলার সিস্টেম এবং অন্যান ধরনের সিস্টেম যদি ইন্ট্রোডিউস করতে পারেন তাহলে একদিকে টাকা কম লাগবে, অন্যদিকে ন্যাচারাল যে সমস্ত রিসোর্স আছে সেগুলিকে ইন্ট্রোডিউস করে সেই সোর্সকে অ্যাপলাই করতে পারেন এবং এতে বিদ্যুত চুরিও কম হবে। আর একটা জিনিসের উপরে বিশেষভাবে জোর দিতে বলছি, সেটা হচ্ছে ডিস্ট্রিবিউশন সিস্টেমটা সংশোধন করার কথা আপনাকে ভাবতে বলব। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, কোলাঘাটে আমরা উন্নত ধরনের থার্মাল প্ল্যান্ট করেছি যেটা মেদিনীপুরের বুকে অবস্থিত, কিন্তু মেদিনীপুরের মানুষ গ্রাম, জেলা শহর মহকুমা শহর-এর মানুষ সেই বিদ্যুত তারা পায়না। কাজেই এই ডিস্ট্রিবিউশন সিস্টেমটা একটু সংশোধন করার কথা আপনাকে ভাবতে হবে। এটা কি করে কন্ট্রোল করা যাবে সেটা আপনি ভাববেন। গ্রামাঞ্চলের বিদ্যুতের উন্নতির জন্য সোলার ইত্যাদি নন-কনভেনশনাল এনার্জি

কি করে ইনট্রোডিউস করা যায় সেটা একটু ভাবতে বলবো। আর বিদ্যুত চুরি সম্পর্কে বলব যে হুকিং থেকে আরম্ভ করে সমস্ত প্রকারের যে চুরি হয় সেটা সম্পর্কে প্রশ্নের উত্তর স্বীকার করা সমস্ত প্রকারের যে চুরি হয় সেটা সম্পর্কে প্রশ্নের উত্তরে স্বীকার করা হয়েছে, এটা যেন একটা কনভেনশন হয়ে দাঁড়িয়েছে। এই সম্পর্কে আমি নির্দিষ্ট অভিযোগ করেছি। আপনি যদি এলাকাগুলি ঘুরে দেখেন তাহলে দেখবেন যে এরসঙ্গে অনেক সরকারি অফিসের লোকেরা জড়িয়ে আছেন। এটা কি করে বন্ধ করা যায় সেটা দেখতে হবে। একটা নির্দিষ্ট কো-অপারেটিভ করে তাদের উপরে যদি দায়িত্ব দেওয়া যায় এবং তারসঙ্গে যদি পঞ্চায়েতকে ইনভলভ করা যায় তাহলে এই চুরি বন্ধ হবে। কাজেই এগুলি সম্পর্কে আপনাকে ভাবতে হবে। এইসঙ্গে আর একটা কথা বলবো। সেটা হচ্ছে, যে সমস্ত ট্রান্সমিটারগুলি রয়েছে বিশেষ করে গ্রামে সেগুলি নষ্ট হলে ঠিকমতো রিপেয়ার করা হয়না। এইরকম অনেক জায়গায় নষ্ট হয়ে গেছে কিন্তু কিছু করা হয়নি। এর ফলে গ্রামাঞ্চলে চাষের প্রচুর ক্ষতি হয়। মেদিনীপুর শহরে এটা নিয়ে নানা রকম অভিযোগ উঠেছে, অনেকে কমপ্লেন করেছে কিন্তু আজ পর্যন্ত তার কোনও উন্নতি হয়নি। এগুলি আপনাকে দেখতে হবে। জয়েন্ট ভেঞ্চারের মাধ্যমে যাতে কাজ কর্মের উন্নতি হয় সেগুলি দেখা দরকার। এই কয়টি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 — 5-50 p.m.]

**শ্রী ধীরেন সেন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এখানে উত্থাপিত করেছেন, আমি তাকে সমর্থন করে দু'একটি কথা বলতে চাই। আমাদের বিরোধী দলের বন্ধুরা নিশ্চয়ই খুশি যে আজকে দেশে আলো জ্বলছে, লোডশেডিং নেই। এটা বিদ্যুতমন্ত্রীর কৃতিত্ব যে আজ পর্যন্ত পশ্চিমবঙ্গের কোথাও কোনওরকম জলের অভাব হয়নি। পানীয় জল, কৃষির জন্য জল এবং অন্যান্য প্রয়োজনীয় জল যা বিদ্যুত চালিত শক্তির দ্বারা প্রবাহিত হয় এবং এর ফলে কৃষি ক্ষেত্রে যে উন্নতি হয়েছে সেটার তিনি দাবি করতে পারেন। আর একটা কথা বলতে চাই সেটা হল রুরাল ইলেক্ট্রিফিকেশন সম্বন্ধে। বিরোধী পক্ষ তুলনামূলকভাবে অন্য পরিসংখ্যান দিয়েছেন। আমি একটা তুলনামূলক পরিসংখ্যান দিতে চাই। কোন আমলে কত ইলেক্ট্রিফিকেশন হয়েছে। আপনাদের আমলে ১৯৭৭ সাল পর্যন্ত ১০,৯৮১ টি মৌজা ইলেক্ট্রিফিকেশন হয়েছে। আর আজকে ১৯৯৪ সালের ফোর্থ এপ্রিল পর্যন্ত ইলেক্ট্রিফিকেশন মৌজার সংখ্যা হচ্ছে ২৮,৮১০টি। অর্থাৎ ১৭ বছরের রাজত্বকালে এই বামফ্রন্ট সরকার প্রায় ১৮ হাজার মৌজা ইলেক্ট্রিফিকেশন করতে পেরেছে। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব গ্রামে অনেক লোক টাকা জমা দিয়ে রেখেছেন রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের জন্য, কেউ কেউ ২-৩ বছর টাকা জমা দিয়ে রেখেছেন, এই কাজগুলি যাতে তাড়াতাড়ি হয় সেটা তিনি যেন দেখেন। আমি বিশেষ করে বীরভূম জেলার কথা বলছি, সেখানে কয়েক হাজার লোক টাকা জমা দিয়েছে, তাদের বিদ্যুত সংযোগ যাতে তাড়াতাড়ি হয় সেটা তিনি যেন দেখেন। আর একটা আবেদন আমি মন্ত্রী মহাশয়ের কাছে

করতে চাই। পঞ্চায়েত যে টাকাটা মজুরি বাবদ খরচ করে সেটা ইলেক্ট্রিফিকেশনের মজুরি বাবদ খরচ করা যায় কিনা এইভাবে সহযোগিতা করা যায় কিনা সেটা তিনি যেন দেখেন। জওহর রোজগার যোজনায় যে ম্যানুয়াল লেবারের জন্য টাকা খরচ করা হয় সেটা ইলেক্ট্রিফিকেশনের কাজে লাগানো যায় কিনা সেটা তিনি যেন দেখেন। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে সাঁইথিয়া পাওয়ার স্টেশনে ৩১.৫ মেগাওয়াটের ছিল সেটা ৫০ মেগাওয়াটে করার কথা, এই কাজটা যাতে তাড়াতাড়ি হয় সেটা দেখার জন্য বলছি। বিদ্যুত চুরি হচ্ছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এই ব্যাপারে পঞ্চায়েত সাহায্য করতে রাজি আছে। তবে সীমিত সংখ্যক লোক নিয়ে এই চুরি বন্ধ করা যাবে না, এই বিষয়ে মানুষকে মটিভেটেড করতে না পারলে কিছু হবে না। কংগ্রেস এখানে বিদ্যুত চুরি হচ্ছে বলে চিৎকার করছেন। ন্যাশনাল ওয়েলথ, জাতীয় সম্পদ সেটা চুরি বন্ধ হোক। আমাদের সাধ আছে কিন্তু সাধ্য নাই। আপনারা বক্রেশ্বরের ব্যাপারে গড়িমসি করলেন কেন? আপনারা কেন আগে অনুমোদন দিলেন না? আমি আশা করেছিলাম কংগ্রেসি বন্ধুরা গঠনমূলক সমালোচনা করবেন। আপনারা কেন কেন্দ্রীয় সরকারের কাছে তদ্বির করেন না যাতে আমাদের প্রকল্পগুলি তাড়াতাড়ি অনুমোদন পাই। সর্বশেষ যে কথা বলতে চাই সেটা হল সাঁইথিয়ায় বীরভূম বর্ধমান ইলেক্ট্রিক সাপ্লায়ের একটা সোর্স আছে, দ্বিতীয় সোর্স দুর্গাপুর লাইন যেটা সাতগাছিয়া থেকে কাটোয়া পর্যন্ত আছে সেটা যাতে এক্সটেনশন করে দেওয়া হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুতমন্ত্রী ৭৯ এবং ২২ নম্বর দাবি অধীনে যে ব্যায় বরাদ্দের দাবি পেশ করেছেন সেই ব্যাপারে বক্তব্য রাখতে গিয়ে দু-চারটি কথা আমি নিবেদন করতে চাই। বিদ্যুত দপ্তরের বাজেট প্রায় ১৯৯ কোটি ৭১ লক্ষ টাকা এবং অপ্রচলিত শক্তি দপ্তরের বাজেট মাত্র ৯৯ লক্ষ টাকা। প্রথমে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমাদের মতো রাজ্যে যেখানে প্রবলেমেটিক মৌজা রয়েছে একটার পর একটা ব্লকে, একটার পর একটা জেলায়, আপনার বক্তব্যের মধ্যে যোগাযোগের অব্যবস্থা গ্রামীণ প্ররিস্থিতি অত্যন্ত খারাপ, ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশনের সমস্যা রয়েছে সেই ক্ষেত্রে নন-কনভেনশনাল এনার্জির যেসোর্স রয়েছে, সৌর শক্তির যেসোর্স রয়েছে, আপনার মতো প্রথিতযশা ইঞ্জিনিয়ার থাকতে কেন সেটা উপেক্ষিত হবে? আমরা তো দেখতে চেয়েছিলাম যে নন-কনভেনশন্যাল এনার্জিতে এই ডিপার্টমেন্টের বাজেটে অন্তত কয়েক কোটি টাকা পাবে। আমি নিজে জানি, কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে আপনার সঙ্গে অনেকবার আলোচনা করেছেন। কেন্দ্রীয় সরকার এই বিষয় নিয়ে সাহসি যত পদক্ষেপ গ্রহণ করেছেন এবং রাজ্যগুলোকে যে উদ্যোগ গ্রহণ করতে বলেছেন, সেই ব্যাপারে আপনার মতো প্রথিতযশা ইঞ্জিনিয়ার এবং বিদ্যুতমন্ত্রী থাকতে সেই পদক্ষেপ কেন গ্রহণ করা হচ্ছে না, এই উত্তর আপনি দেবেন। আমরা হরিয়ানার মতো রাজ্যে, গুজরাটের মতো রাজ্যে গিয়ে দেখে এসেছি, এমনকি প্রোপার

দিল্লিতে যেভাবে সোলার এনার্জিকে ব্যবহার করা হচ্ছে তা তো অভাবনীয় ব্যাপার। আপনি নিজেই এই কথা স্বীকার করেছেন। এখানে ধীরেনবাবু বলেছেন, আমাদের হাতে এত বিদ্যুত য় লোডশেডিং নেই, গ্রামবাংলা বিদ্যুতে ভেসে যাচ্ছে পশ্চিমবাংলায়। আমার হাতে যদি ফুল চন্দন থাকত তাহলে ওকে একটা টিপ পরিয়ে দিতাম। *পশ্চিমবাংলায় গ্রামগুলো হা-হুতাশ* করতে বিদ্যুতের অভাবে। তার মূল কারণ হচ্ছে ট্রান্সমিশন এবং ডিস্ট্রিবিউশনে ফল্ট এবং হুকিংয়ের জন্য। মার্কসবাদি কমিউনিস্ট পার্টি সমস্ত পঞ্চায়েতে কর্মকর্তারা অলিখিত নির্দেশ গ্রামে গ্রামে দিয়ে দিয়েছে যে বিদ্যুতের লাইন নিতে হবে না, হুকিং কর। নাম লেখাও, ঝান্ডা ধরো, বিদ্যুত পাবে। ইঞ্জিনিয়ারদের এবং ব্লক লেভেলে যে সমস্ত সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার আছেন, তাদের চোদ্দ পুরুষের ক্ষমতা নেই মার্কসবাদি কমিউনিষ্ট পার্টির কমরেডদের ধরেন, হুকিং বন্ধ করেন এবং ডিস্ট্রিবিউশনের ফল্ট বন্ধ করেন। এই জায়গায় যদি তাদের ধরতে না পারেন আপনার দলের সদস্যরা এই কথা বলবেন না, আমার দলের সদস্যরা এই কথা বলবেন, আমি আপনাকে সচেতন করে দিচ্ছি তাহলে কিছু হবে না। আপনি যদি প্রাক্তন পদ্ধতি ফলো করতেন তাহলে এই জায়গায় আসতে পারতেন না। আপনি সরে গিয়েছেন, তাই প্রোডাকশান বেড়েছে। এই সঙ্গে ডিস্ট্রিবিউশনের ফল্টটা যদি মুক্ত করতে চান, তাহলে এই ডাকাতগুলোর হাত থেকে আপনাকে মুক্ত করতে হবে এবং তাহলে ডিস্ট্রিবিউশন সিস্টেম কিছুটা মেক-আপ হবে। আপনার ইঞ্জিনিয়ারদের একটা অংশ, আমি সবাইকে বলছি না, এই বিদ্যুত চুরির সঙ্গে যুক্ত। তাদের সঙ্গে যুক্ত থানার ও.সি.। ও.সি., ইঞ্জিনিয়ার এবং আপনার দলের লোক যুক্ত হওয়ার ফলে গ্রাম বাংলায় বিদ্যুত চুরি হচ্ছে। এটা যদি বন্ধ করতে না পারেন তাহলে গ্রাম বাংলার মানুষ বিদ্যুতের সুফল সঠিকভাবে পাবে না। ১৬.৪ পারসেন্ট প্রোডাকশন অ্যাজ এ হোল বেড়েছে, আমি ধরে নিচ্ছি প্রোডাকশন বেড়েছে। কলকাতার পরিস্থিতির কথা বলতে গিয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যে কথা জানাতে চাই, সি-ই-এস-সি. ডঃ দেবকুমার বসুকে দিয়ে যে কমিটি করেছিল, বিদ্যুতের সারচার্জের ব্যাপারে যে ইরেগুলারিটিজ হয়েছে তাতে ৩৫ কোটি টাকা এদিক ওদিক হয়েছে বলে রিপোর্ট দিয়েছে। সেই রিপোর্ট আপনি প্লেস করছেন না কেন? তা কি মুখ্যমন্ত্রীর ভয়ে, না কি সঞ্জীব গোয়েঙ্কার নির্দেশে এটা করছেন? মুখ্যমন্ত্রী চন্দন বসুকে নিয়ে সঞ্জীব গোয়েঙ্কার ফ্যামিলি সহ বাইরে ঘুরে এলেন, সেজন্য তাদের নির্দেশে কি এটা করছেন? আমি আপনাকে অনুরোধ করব, আপনি শঙ্কর সেন, আপনি ডক্টর শঙ্কর সেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ভাইস চ্যান্সেলর, আপনি ডাঃ দেবকুমার বসুর রিপোর্ট আজকে হাউসে প্লেস করুন। গোয়েঙ্কাকে বলে 'টেক ওভার গোয়েঙ্কা', যাদের সারা ভারতবর্ষে সুনাম সি-ই-এস-সি.কে ধরে নিয়ে বিদ্যুত বলুন, অন্য কোম্পানি বলুন, তারা ইনভেস্টমেন্ট করতে চান। আমরা চাই ভাল ভাল কোম্পানি, যাদের সুনাম রয়েছে, তাদেরকে নিয়ে কাজগুলো করুন। দীপকবাবুর কথা মত যদিও ডব্লু.বি.এস.ই.বি. ইমপ্রুভ করেছে, ভাল কথা, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, গোয়েঙ্কার হাত থেকে এই সি.ই.এস.সি.কে নিয়ে নিন। গোয়েঙ্কার রাহুগ্রস্ত থেকে মুক্ত করে আপনি দায়িত্ব নিন। এই যেটেক ওভার টু গোয়েঙ্কা করে আপনি নিজে দায়িত্ব নিয়ে

চালান। সুতারং গোয়েঙ্কাকে দেবার যে প্রস্তাব সেটা বন্ধ করুন এই দাবি আমি জানাচ্ছি। দেবকুমার বসুর রিপোর্ট আমি এই প্রসঙ্গে হাউসে পেশ করেছি। কলকাতার গ্রাহকদের উপরে কি ধরনের খরচ চাপানো হয়েছে তা এতে লেখা আছে এবং কি ধরনের ইরেগুলারটিজ হচ্ছে বলা আছে। প্রফেসর সৌগত রায় এবং সুকুমার দাস যা বললেন আমিও সেই সুরেই বলছি যে, মেদিনীপুর একটি বিগেস্ট জেলা কিন্তু সেই তুলনায় ইলেক্ট্রিফিকেশন হয়নি। এখানে ১০ হাজার মৌজার মধ্যে মাত্র সাড়ে ৪ হাজার মৌজাতে বৈদ্যুতিকরণ করা সম্ভব হয়েছে। দি বিগেস্ট ডিস্ট্রিক্ট কিন্তু লেস দ্যান ৫০ পারসেন্টেরও বেশি রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন হয়নি। ইজ ইট দি ইনডেক্স অফ রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন, ইজ ইট দি প্যারামিটার অফ ইলেক্ট্রিফিকেশন অফ ওয়েস্ট বেঙ্গল। আপনি নাকি বিদ্যুত দারুণ নজির সৃষ্টি করেছেন - কিন্তু এটা কি বিদ্যুত দেওয়ার নমুনা যে গ্রামে গ্রামে বিদ্যুতে ভরিয়ে দিয়ে লোডশেডিংয়ের অন্ধকারে গ্রামকে রেখে দেওয়া? এই কি বিদ্যুত দেবার কার্যকারিতা বলে? মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব তিনটি বিষয়ের উপরে নজর দেবার জন্যে। আমি টেকনিক্যাল দিকটা তুলে ধরছি। আমাদের সমস্যা হচ্ছে যে, গ্রামে বা জেলায় যেসমস্ত পুরনো খুঁটি আছে সেগুলো বেশি জোরে হাওয়া বা ঝড় হলেই পড়ে যায়। দপ্তরকে খবর দেওয়া সত্ত্বেও রিপেয়ার হচ্ছে না বা রি এস্ট্যাব্লিশমেন্ট হচ্ছে না। অধিকাংশ জায়গায় কানেকশন নেই। তারমধ্যে যেসব জায়গায় কানেকশন আছে তাতেও এতো লো ভোল্টেজে চলছে যে গ্রামের লক্ষ লক্ষ কৃষক পরিবার বিদ্যুত দিয়ে পাম্পসেটের জল ব্যবহার করতে পারছেন না। তাদের হাস্ক মেশিন বা হাই স্পিডের ডিজেল মেশিন দিয়ে জল তুলতে হচ্ছে। এইভাবে ডিজেল মেশিন তারা চালাতে বাধ্য হচ্ছে। মাঝখানে আপনার দপ্তর থেকে একটি সার্কুলার দিয়ে টপ প্রায়োরিটি ভিত্তিতে বলা হল যে, কৃষকরা মাঠে মাঠে রাত ১০টার পরে চাষ করবে। আজকে গ্রামের মানুষদের উপরে দপ্তরের এত অবহেলা কেন? তারা রাতে মাঠে মাঠে চাষ করে পোকার কামড় এবং সাপের কামড় খাবে আর শহরের লোকেরা সারা দিন ধরে বিদ্যুত পাবে এই আপনাদের গ্রামের লোকের প্রতি দরদ। গ্রামের কৃষকরা রাত ১০ টার পরে সারা রাত জেগে বিদ্যুত নেবে এই ধরনের দৃষ্টিভঙ্গির প্রতিবাদ করছি। আমি দাবি করছি বিদ্যুত দপ্তরের কাজের অবহেলার জন্যে গ্রামীণ বৈদ্যুতিকরণ করা সম্ভব হচ্ছে না এবং এর আশু সমাধান দরকার। আজকে গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে আপনাদের দৃষ্টিভঙ্গি যা হওয়া উচিত তা নয়। আপনি নিজে এখানে গতবারের বাজেটে বলেছেন যে টোটাল ৫৩ হাজার ব্যাকওয়ার্ডদের মধ্যে লোকদ্বীপ প্রথম প্রকল্প ১ হাজার ২টি পরিবারকে আলো দেওয়া হয়েছে। যাদের টোটাল ভোট নিয়ে আপনারা এখানে আসেন সেই ব্যাকওয়ার্ড ক্লাশকে অবহেলা। এইসব আদিবাসী, অধ্যুষিত এবং তফসিলি জাতিদের ভোট নিয়ে আপনারা এখানে আসছেন সেই গরিব মানুষদের উপরে এতোবড় বঞ্চনা কেন? এই ৫৩ হাজার ব্যাকওয়ার্ড পরিবারের মধ্যে ১ হাজার ২টি পরিবারকে লোকদ্বীপ প্রকল্পে আলো দেওয়া হয়েছে। সারা ভারতবর্ষে যেখানে ৭৪.৩ পারসেন্ট বৈদ্যুতিকরণ করা হয়েছে সেখানে পশ্চিমবঙ্গে মাত্র ৪ পারসেন্ট বৈদ্যুতিকরণ করা হয়েছে। আপনার ব্লক লেবেলেই বলুন বা ডিস্ট্রিক্ট লেবেলেই বলুন স্ট্রাকচার সেখানে ঠিকমতো হয়নি। বিরোধী দলের কোনও

সদস্যকে রাখার সেখানে সুযোগ রাখেন নি। এমন কি অ্যাডমিনিস্ট্রেটিভ অর্ডার নিয়ে অ্যাডভাইসারি কমিটিতে যে অল পার্টি থাকার কথা ছিল সেটাও তুলে দিয়েছেন। সেখানে সাজেশন রাখা, বক্তব্য রাখা, চিঠি দেওয়া, বলার কোনও সুযোগ নেই, এই জায়গাতে চলে গিয়েছে। আজকে গ্রামে বৈদ্যুতিকরণ করতে গেলে গ্রামের পরিধি বেছে দেখতে হবে সেখান এর কৃষক আছে না কমিউনিস্ট পার্টির কৃষক আছে। এই জায়গায় যদি দৃষ্টিভঙ্গিটা চলে যায় তাহলে গ্রামীণ বৈদ্যুতিকরণ ধাক্কা খাবে। কিছুদিন আগের একটি ঘটনার ব্যাপারে আমি উদাহরণ দিচ্ছি, লিখিত ভাবে '৮৮ সালে আমি জানিয়েছিলাম, আপনার সময়ে নয়, ১৪ জন স্যালো টিউবওয়েলের মালিক তারা গভির নলকূপের জন্য টাকা জমা দিয়ে বসে আছে আমার নিজের বিধানসভা কেন্দ্রে কাপাসদা মৌজায়। এই ব্যাপারে আপনি আমাকে উত্তর দিয়েছেন। আজকে ঐ চাষিরা বসে আছে, এরা সবাই ক্ষুদ্র চাষি প্রান্তিক চাষি আজ পর্যন্ত এই সমস্ত চাষিরা বিদ্যুত পায়নি, ৬ বছর ধরে তারা বসে আছে বিদ্যুত পায়নি। এরজন্য আপনি কনসার্নড অফিসারকে একটা দৃষ্টান্তমূলক শাস্তি দিন, যাদের সঙ্গে এক শ্রেণীর পেটোয়া কন্ট্রাক্টরের যোগ রয়েছে। তারা এক একটা এলাকা ভিত্তিক চুজেন কন্ট্রাক্টরকে বেছে নিয়ে - এক শ্রেণীর ইঞ্জিনিয়ার তারা চুজেন কন্ট্রাক্টরকে বেছে নিচ্ছে — তারা গ্রামীণ বৈদ্যুতিকরণকে ব্যবহার করছে, তার সঙ্গে যুক্ত হচ্ছে আপনার পঞ্চায়েতের অসাধু মানসিকতা এবং হীন মানসিকতার চিন্তা-ধারা। এইজন্য আজকে গ্রামীণ রুরাল ইলেক্ট্রিফিকেশন ধাক্কা খাচ্ছে। মাননীয় বিদ্যুতমন্ত্রী আপনি প্রযুক্তিবিদ, এদিকে আপনাকে দৃষ্টি দিতে বলব। সাম্প্রতিককালে একটা সার্কুলার জারি হয়েছে, গ্রামে স্যালো টিউবওয়েল অথবা মিডিয়াম ডিউটি ডিপ টিউবওয়েল বসাতে গেলে এবং বিদ্যুত সংযোগ নিতে গেলে সুইডের পারমিশন দরকার। সুইড এর দপ্তর হচ্ছে সল্টলেকে, পশ্চিমবঙ্গে ৩৮ হাজার গ্রাম, গ্রামের দরিদ্র মানুষ তারা অনেক কিছু জানেনা, ৬।৭ জন চাষি মিলে একটা মিডিয়াম ডিউটি ডিপ টিউবওয়েল বসানোর জন্য বিদ্যুত দপ্তরের কাছে টাকা জমা দেয়, তার তিন মাস পরে তাদেরকে বলা হচ্ছে কলকাতার সল্ট লেকে গিয়ে সুইডের পারমিশন নিয়ে আসুন। কুচবিহারের, সবং এর কিংবা দক্ষিণ ২৪ পরগনার চাষি সল্ট লেকে সুইড এর থেকে পারমিশন নেবার জন্য অফিস খুঁজে বেড়াবে! আমি আপনাকে অনুরোধ করব, ক্ষুদ্র সেচ দপ্তরের সঙ্গে যোগাযোগ করে সুইডকে যাতে ব্লক ভিত্তিক ডিসেন্ট্রালাইজেশন করা যায়, যাতে করে চাষির বিদ্যুত সংযোগ নেওয়ার ক্ষেত্রে, টিউবওয়েল বসানোর ক্ষেত্রে সুবিধা হয়। চাষের কাজে জল সরবরাহের ক্ষেত্রে কোনওরকম অসুবিধা না হয়, চাষি কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে টাকা নিয়ে কিংবা মহাজনের কাছ থেকে টাকা নিয়ে বিদ্যুত এর জন্য জমা দিচ্ছে, কিন্তু দেখা যাচ্ছে সুইড থেকে অনুমতি পেতে তার ৬ মাস লেগে যাচ্ছে। বিদ্যুত উৎপাদন হচ্ছে ঠিকই, সারা পশ্চিমবঙ্গে কিন্তু লোড শেডিংও চলছে, লো ভোল্টেজ এরজন্য কৃষকরা জল পাচ্ছে না, বিদ্যুত সরবরাহের ক্ষেত্রে, ডিস্ট্রিবিউশনের ক্ষেত্রে এবং ট্রান্সমিশনের ব্যাপারে সম্পূর্ণভাবে মার খাচ্ছে। এক শ্রেণীর অসাধু কন্ট্রাক্টারের চক্রে, এক শ্রেণীর অসাধু ইঞ্জিনিয়ার এবং পঞ্চায়েতের সিস্টেমে পঞ্চায়েতের দলীয় কর্মকর্তারা যুক্তভাবে একসঙ্গে এই ব্যবস্থা আঘাত করছে। তাই এই ব্যবস্থার বিচার ও বিবেচনা করার

জন্য বলব এবং যে দৃষ্টিভঙ্গি এখানে দেখতে পাচ্ছি এই দৃষ্টিভঙ্গির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-00 — 6-10 p.m.]

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিদ্যুতমন্ত্রী মহাশয় তার দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি এই সভায় পেশ করেছেন তা সমর্থন করে এবং বিরোধীদের আনা সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, বিরোধীপক্ষের বক্তব্য শুনে সন্দেহ হচ্ছিল যে তারা পশ্চিমবঙ্গের অধিবাসী, না, মহারাষ্ট্রের অধিবাসী? স্যার, বিরোধী কংগ্রেসের বক্তব্য এমন পর্যায়ে পৌঁছেছে যে তাদের বক্তব্য শুনে মাঝে মাঝে সন্দেহ জাগে যে তারা ভারতবর্ষের অধিবাসী কিনা? মাননীয় সদস্য সৌগত রায় খুব আনন্দ প্রকাশ করলেন বিদেশি কোম্পানিগুলি ভারতবর্ষ ঢুকছে বলে। স্যার, আমরা জানি যে যেসব বিদেশি কোম্পানি এদেশে বিদ্যুত কেন্দ্র করছে সেখানে তাদের ১০০ পারসেন্ট শেয়ার থাকলে তাতে পার মেগাওয়াট তাদের বিদ্যুতকেন্দ্র করতে যেখানে খরচ পড়ছে ৪ কোটি টাকা সেখানে পশ্চিমবঙ্গের কথা না হয় ছেড়েই দিলাম, কেন্দ্রীয় সরকার যদি তা তৈরি করেন তাহলে সেখানে পার মেগাওয়াট খরচা পড়ছে ২ থেকে তিন কোটি টাকা। এই যে বাড়তি খরচা হচ্ছে এটা কেন তার জবাব কি সৌগতবাবুরা দেবেন? ওরা দেখলাম গ্রামের মানুষদের জন্য খুব মায়াকান্না কাঁদলেন? কোনও বিদেশি সংস্থা বা প্রাইভেট সংস্থা কি রুর‍্যাল ইলেকট্রিফিকেশানের কাজ করবে? শস্তায় গ্রামের লোককে বিদ্যুত দেবে? তা তো দেবে না। আজকে ভারতবর্ষে কোনও প্রাইভেট সংস্থা কি রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনের কাজ করেছে? ওরা করলে সেই বিদ্যুতের দাম পড়বে ৫ থেকে ৭ গুন বেশি ফলে ওদের বিদ্যুত আমাদের দেশের গরিব, নিম্নবিত্তের মানুষদের পক্ষে ব্যবহার করা সম্ভব হবে না। তাহলে কাদের স্বার্থে বা কিসের বিনিময়ে তারা বিদেশি সংস্থাগুলিকে ডাকছেন? স্যার, আপনি জানেন যে ভেল একটি উন্নতমানের বৈদ্যুতিক যন্ত্রপাতি নির্মাণের কারখানা। ওয়ার্ল্ড ব্যাঙ্ক তাদের রিপোর্টে স্বীকার করেছেন যে পৃথিবীর ১৫টি ভাল কোম্পানির মধ্যে তেল অন্যতম। আজকে সেই ভেলকে মেরে ফেলা হচ্ছে, খুন করা হচ্ছে। ভেলকে ঋণ দেওয়া হচ্ছে না, তেলের উৎপাদন বন্ধ করে দেওয়া হচ্ছে। ভেলকে কমপিটিশনে থাকতে দেওয়া হচ্ছে না। লজ্জা করে না আপনাদের? এরপরেও আপনারা কথা বলতে আসেন কোন মুখে? কয়েকমাস আগেই আমরা দেখেছি যে ফারাক্কায় এন.টি.পি.সি'র বিদেশি কোম্পানির একটি বিদ্যুত প্ল্যান্ট ধ্বংস হয়ে গেল। এখানে কিন্তু আপনারা খোঁজ নিলেই দেখবেন যে ভেলের পারফরমেন্স অনেক ভাল। ভারতবর্ষের যে ১২৭টি সংস্থা প্রাইজ পেয়েছে তারমধ্যে ১১৩টি সংস্থা ভেলের তৈরি। ভারতবর্ষের ৭২ পারসেন্ট থারমল জেনারেশন ভেলের তৈরি। আজকে সেই ভেলকে বন্ধ করে বিদেশি সংস্থাকে ডাকা হচ্ছে। এরফলে ১৬৫টি সহকারি শিল্প সংস্থা এবং ১৭শো ক্ষুদ্রশিল্প সংস্থার নাভিশ্বাস উঠবে। ৮৫ লক্ষ পাম্পসেট বন্ধ হয়ে যাবে। কাজেই আপনাদের বক্তব্য শুনে আপনারা ভারতবর্ষের পক্ষে, না বিপক্ষে তা বোঝা যায়না। বোঝা যায়না আপনারা ভারতবর্ষের অধিবাসী

কিনা? আপনারা মহারাষ্ট্রের উৎপাদনের কথা বলে বলছেন সেখানে এত উৎপাদন হচ্ছে। কিন্তু মহারাষ্ট্রে যে ক্যাপাসিটি বাড়ানো হয়েছে সে কথাটা বলছেন না। বলছেন, তামিলনাড়ুতে এত হচ্ছে। সেই তামিলনাড়ুতেও যে ক্যাপাসিটি বাড়ানো হয়েছে সেটাও বলছেন না। ১৯৫১ সালে ভারতবর্ষের মধ্যে বিদ্যুত উৎপাদনে পশ্চিমবঙ্গের স্থান ছিল প্রথম। ১৯৫১ সালে ভারতবর্ষে যত বিদ্যুত উৎপাদন হত তার ওয়ান থার্ড হত পশ্চিমবঙ্গে আর ১৯৭১ সালে সেটা হয়ে যায় মাত্র ৮ পারসেন্ট। এরপরও কথা বলতে আপনাদের লজ্জা করে না? এর কোনও প্রতিবাদ করেছেন কি আপনারা? ৮-ম পঞ্চবার্ষিকি পরিকল্পনাতে কত ধার্য হয়েছে পশ্চিমবঙ্গের জন্য? মাত্র ৬ পারসেন্ট। ষষ্ঠ পরিকল্পনায় ধার্য হয়েছিল মাত্র ৫.৫ পারসেন্ট। ১৯৫১ সালে পশ্চিমবঙ্গে যা উৎপাদন ছিল তার থেকে বাড়ানো হয়েছে মাত্র ৬ পারসেন্ট আর উত্তর প্রদেশের জন্য বাড়ানো হয়েছে ২৮.১৭ পারসেন্ট, মহারাষ্ট্রের জন্য ২৪.৫৬ পারসেন্ট, গুজরাটে ২৪.২৫ পারসেন্ট। কাদের অবহেলায় পশ্চিমবঙ্গের এই হাল হয়েছে সেটা আপনারা একটু চিন্তা করে দেখুন। আপনারা পশ্চিমবঙ্গের এই হাল করে আজকে বিদ্যুত নিয়ে কথা বলেন কোন মুখে? আপনাদের বিদ্যুতমন্ত্রী গনিখান চৌধুরি বলেছিলেন লোড শেডিং বন্ধ করা যাবে না। আমেরিকাতেও এই লোডশেডিং হয়। আপনারা আমেরিকার কালচারে বিশ্বাস করেন এবং সেটাই আপনাদের কালচার। আমাদের কালচার কিন্তু তা নয়। আমাদের কোলাঘাট প্রাইজ পেয়েছে। আমি লেটেষ্ট সি.ই.এ-র রিপোর্ট থেকে বলছি, সেখানে দেখা যাচ্ছে যে আমাদের জেনারেশন কত বেড়েছে। ডব্লু.বি.এস.ই.বি, ডব্লু.বি.পি.ডি.সি.এল, ডি.পি.এল-মিলে ১২৩ পারসেন্ট। একমাত্র কর্ণাটক ছাড়া ভারতবর্ষের আর কোনও স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ড এই পরিমাণ জেনারেশন বৃদ্ধি করতে পারে নি। সবাই এর চেয়ে অনেক কম উৎপাদন করে। কোলাঘাট আমাদের আমলে তৈরি হয়েছে। সাঁওতালদি, যেটা আপনাদের পাপ ছিল সেটাকে আমরা কত উন্নত জায়গায় নিয়ে গিয়েছি দেখুন। কোলাঘাটের মতো পি.এল.এফ. ভারতবর্ষের আর কোনও স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডের নেই। পশ্চিমবঙ্গে পারমানবিক বিদ্যুত কেন্দ্র নেই, এরজন্য আপনাদের লজ্জা হওয়া উচিত। ১৯৮২ সালে ইন্দিরা গান্ধী ঘোষণা করেছিলেন—একটা কমিটি তৈরি করেছিলেন পারমানবিক বিদ্যুত কেন্দ্র স্থাপনের জন্য। সেই কমিটি পশ্চিমাঞ্চলে, দক্ষিণাঞ্চলে, উত্তরাঞ্চলে জায়গা খুঁজতে বলেছিল, কিন্তু পূর্বাঞ্চলকে বাদ দিয়েছিল। কেন? এইভাবে আপনারা পূর্বাঞ্চলকে, পশ্চিমবাংলাকে বঞ্চিত করেছেন। তা সত্ত্বেও আমরা এগোচ্ছি। আপনারা কী করেছিলেন? বিদ্যুতের টাকা দিয়ে নেতাজি ইন্ডোর স্টেডিয়াম বানিয়েছিলেন। বিদ্যুতের টাকা দিয়ে কাজ নেই তবু টুল পেতে ১২ হাজার লোককে কাজ দিয়ে দিলেন। এই তো হচ্ছে আপনাদের কালচার! সুতরাং আজকে যে কাজ হচ্ছে তা তো আপনাদের ভাল লাগবে না। যাইহোক আপনারা আর উল্টো-পাল্টা কথা বলে মানুষকে বিভ্রান্ত করবেন না। একটু দেশের পক্ষে দাঁড়ান।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমার মনে হয় বিদ্যুত বিভাগের ব্যয়-বরাদ্দের ওপর আলোচনা নির্দিষ্ট সময়ে শেষ হবেনা, আরও কিছু বেশি সময়ের প্রয়োজন হবে। সেজন্য আমি সভার

অনুমতি নিয়ে সময় আরও ১০ মিনিট বাড়িয়ে দিচ্ছি। আশা করছি এতে কারো আপত্তি নেই।

**(সময় ১০ মিনিট বৃদ্ধি করা হবে।)**

[6-10 — 6-20 p.m.]

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ৬৯ নং ব্যয়-বরাদ্দের দাবি সমর্থন করে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমি সংক্ষেপে আমার কিছু বক্তব্য পেশ করব। আজকে এটা আমি খুব গর্বের সঙ্গে বলতে পারি, ভারতবর্ষের সমস্ত রাজ্যগুলি এবং কেন্দ্রীয় সরকার স্বীকার করেন যে, পশ্চিমবঙ্গ বিদ্যুত উৎপাদনের ক্ষেত্রে একটা অভাবনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। আমি আপনাদের জানিয়ে গর্ব বোধ করতে পারি যে, আজকে লোকচক্ষুর অন্তরালে আমাদের সাঁওতালদির যে অভাবনীয় পারফরমেন্স, তা শুধু পশ্চিমবঙ্গেই নাড়া দেয় নি, সমগ্র ভারতবর্ষকেই নাড়া দিয়েছে। এর ফলে প্ল্যানিং কমিশন বিভিন্ন রাজ্যকে বলছে, 'পশ্চিমবঙ্গে গিয়ে দেখে আসুন কি ভাবে তারা বিদ্যুত উৎপাদনকে একটা সুষ্ঠু জায়গায় আনবার চেষ্টা করছে।' আমাদের কাছে অলরেডি বিভিন্ন রাজ্য থেকে লোকেরা এসেছিলেন। আমি বলবোনা যে, আমাদের সমস্যা নেই। আমাদের গ্রিডের সমস্যা আছে, এটা আপনারা জানেন। আমি অনেকবার এই সভায় বলেছি যে, শুধু উৎপাদন করলেই হবে না, আমাদের গ্রীডের ফ্রিকোয়েন্সি ঠিক জায়গায় মেনটেইন করতে হবে, ঠিক জায়গায় রাখতে হবে এবং যতক্ষণ তা না পারছি সব জায়গায় উৎপাদন করে গেলেও আমাদের সঠিক আশা আকাঙ্খা পূরণ হবে না। আমাদের একই গ্রীডে বিভিন্ন সংস্থা উৎপাদন করছে। কেন্দ্রীয় সরকারের সংস্থাও আছে। তারা সবাই উৎপাদন করছেন, কিন্তু গ্রীড ফ্রিকোয়েন্সিটাকে মেনটেইন করছেন না কেন? আপনারা জানেন কেন্দ্রীয় সরকারের একটা সংস্থা আছে, আমরা তাদের কাজের প্রশংসা করি, ইস্টার্ন রিজিওনাল ইলেক্ট্রিসিটি বোর্ড। এই ইস্টার্ন রিজিওনাল ইলেক্ট্রিসিটি বোর্ড আমাদের সেন্ট্রাল ইলেক্ট্রিসিটি অথরিটির একটা সংস্থা। তারা সমস্ত পূর্বাঞ্চলে এই যে গ্রীড, সেটাকে সর্বক্ষণ কন্ট্রোল করছেন - এভরি মিনিট টু মিনিট। তারা তাদের প্রতিবেদনে কি বলছেন? বলছেন, 'পুর্বাঞ্চলে আমাদের কিছু কিছু সংস্থা আছে যারা ঠিকমতো উৎপাদন করছে না, করলে আজকে গ্রীডের এই সমস্যা হত না। কিন্তু সুখের বিষয় হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের আন্ডারে যে সংস্থাগুলি আছে, তারা প্রচুর পরিমাণ বিদ্যুত উৎপাদন করছে। যারফলে একই গ্রীডের মাধ্যমে আমাদের উৎপাদন অন্য রাজ্যে চলে যাচ্ছে। এটা আমাদের সামগ্রিকভাবে ভাবতে হবে যে, পশ্চিমবঙ্গ ঐ গ্রীডের বাইরে নয়। আমরা গ্রীডের বাইরে চলে এলে আমরা আমাদের চাহিদা মেটাতে পারতাম। কিন্তু বর্তমান অবস্থায় সেটা সম্ভভ হচ্ছে না। অন্যান্য যারা এই গ্রীডে আছেন তাদেরও উচিত গ্রীড ফ্রিকোয়েন্সি মেনটেইন করা। এটা নিয়ে ভারত সরকারের সঙ্গে কথাবার্তা চলছে। আশা করছি এ বিষয়ে একটা জায়গায় আসা নিশ্চয়ই সম্ভব হবে। এবারে আমি জেনারেশনের কথা বলি। সৌগতবাবু বলেছেন বহুজাতিক সংস্থাকে আমরা কেন আনছি না। তারপর উনি মহারাষ্ট্রের কথা বলেছেন,

ইত্যাদি ইত্যাদি। এটা কি একটা মাপকাঠি আমরা কতগুলি বিদেশি সংস্থাকে রোপিং করতে পারলাম? মাপকাঠি এটাই আমাদের যে ডিমান্ড আমরা প্রোজেকশন করছি নেকস্ট থ্রি টু ফাইভ ইয়ারস, আমাদের উৎপাদনের সেই ডিমান্ডকে মিট করতে পারে এইরকমভাবে আমরা প্ল্যানিং করছি কিনা? আমাদের সামনে প্রোজেকশন কি? আমি বিধানসভায় অনেকবার বলেছি, আমাদের সি.ই.এস.সি. ইউনিটে আসবে ৫০০ মেগাওয়াট। আপনারা জানেন, ও.ই.সি.এফ, জাপানি ওভারসিজ ইকনমিক ফান্ড, তাদের দৌলতে বক্রেশ্বর ইউনিট ১ এবং ২ হবে এবং এ বছর তারা বক্রেশ্বর ইউনিট ৩ সেটা অ্যাপ্রাইজাল করেছেন। আমি আশা করছি, এটা তারা গ্রহণ করবেন। ৩ নম্বর ইউনিট বক্রেশ্বরের, ও.ই.সি.এফ, জাপানি লোনে আসবে, জাপানের বাই-লাটারাল লোনে হবে, যদিও কোনওরকম টাই-আপ নেই। শুধু সাড়ে ১২ পারসেন্ট সুদ এই ঋণ শোধ করতে হবে। গ্লোবাল টেন্ডার হবে। এটাই আমাদের লক্ষ আমাদের দেশে যেসংস্থা আছে বিরোধীপক্ষরা যতই যাই বলুন তাদের আহ্বান করব। ভারতীয় র উৎপাদনকারি সংস্থা আছে তার মধ্যে ভেল (বি.এইচ.ই.এল) একটা অন্যতম সংস্থা। আমি নজে ডিসেম্বর মাসে তাদের বিভিন্ন ফ্যাক্টরি ঘুরেছি। তাদের বাঁচিয়ে রাখার চেষ্টা করবো। কন্তু এটা নয়, আন-কনডিশন হবে। আমরা চাই, ইন্টারন্যাশনাল বিডিং হোক। বিদেশিদের সাথে ভেলকে চান্স দেওয়া হোক কমপিট করার জন্য। অর্থাৎ specification must be transparent so that indegenous industry like BHEL, ABL can compete. তারা যেন এই কমপিটিশন করতে পারে। আমরা জানি, ভারত সরকার ৪ কোটি, সাড়ে ৪ কোটি পার মেগাওয়াটের কথা বলেছেন। ভেল কিন্তু ৩ কোটি বা তার কম পার মেগাওয়াট করতে পারে। আমি কিছুদিন আগে দেখেছি, ইকনমিক্স টাইমস, একটা নিউজপেপার তাতে ভেলের অফিসার'সরা প্রতিবেদন দিয়েছেন প্রাইমমিনিস্টারের কাছে, আজকে ভেল কিভাবে আমাদের দেশকে সেবা করতে পারে। আমাদের লক্ষ কি, স্পেসিফিকেশন টেন্ডার করার আগে স্পেসিফিকেশন ট্রান্সপারেন্ট করব যাতে বিদেশি সংস্থা আসুক, দেশি সংস্থা আসুক। সেখানে কমপিটিশন হোক, আমরা দেখব কারা পায়। এটাই আমাদের লক্ষ্য শুধু আন-কনডিশনাল বিদেশি কোম্পানিকে আমরা টেনে নিয়ে আসব আর ৪ টাকা ইউনিট হবে, সাধারণ মানুষ কি, গরিব মানুষ কেউই বিদ্যুত ছুঁতে পারবে না। এইরকম অবস্থায় আমরা যেতে চাই না। আমরা বিশ্বাস করি না বহুজাতিক সংস্থা নিয়ে এসে মাপকাঠি কতটা আনলাম তার উপর সাফল্য নির্ভর করে। আমরা বক্রেশ্বরে ৪।৫ এবং সাগরদিঘী ১ হাজার মেগাওয়াট যেটা পরে হাজার হবে এগুলির জন্য কলকাতার সংস্থা ডেভেলপমেন্ট কনসালটান্ট, তারা মার্কিন সংস্থা নিয়ে আসছেন তাদের সঙ্গে ইভ্যালুয়েশন করছি, ফাইনালাইজ টাই-আপ হয়নি। আমি ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ এইকথা রেখেছিলাম। আমি গর্বিত, মাননীয় অর্থমন্ত্রী (কেন্দ্রীয়) আমি যে কন্ডিশনগুলি দিয়েছিলাম সেই কন্ডিশন সাপোর্ট করেছেন। আজকে যদি আমরা বিদেশি ইনভলভমেন্ট আনি — হ্যাঁ, আমাদের টাকা নেই বলা হচ্ছে ইনভলভমেন্ট হোক, কিন্তু কতগুলি কন্ডিশন সাটিসফাই করতে হবে। It cannot be uncontrolled transaction of foreign investment কত টাকায় আমরা এই কেন্দ্রটি করব তা মূল্যায়নে

সেটা আসুক। কেন্দ্রটি কত টাকায় তৈরি হবে তার স্পেসিফিকেশন যেটা কিছুদিন আগে বলেছিলাম দেশি-বিদেশি সরাসরি সমস্ত সংস্থা পার্টিসিপেট করুক। এবার টেন্ডারে ইভালুয়েশন হোক, কেন্দ্রীয় সংস্থা এবং রাজ্যের বিদ্যুত বিভাগের রিপ্রেজেনটেটিভরা থাকুক। আমরা সবাই মিলে দেখি দেশি সংস্থার প্রতি অন্যায় করা হচ্ছে, কি হচ্ছে না? প্রথম অর্ডার দেওয়ার পরে এই যে প্রোজেক্ট এটা যাতে ঠিক সময়ে হয় যাতে কস্ট ওভাররান টাইম ওভাররান না হয় সেটার দিকে নজর দেওয়া আবশ্যক। এই চারটি কন্ডিশন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিংয়ে প্লেস করেছিলাম, আমি আবার বলি এটাকে ফাইনান্স মিনিস্টার মনে করেছেন ইউনিয়ন গভর্নমেন্টের পাওয়ার ডিপার্টমেন্ট এইগুলিকে নেওয়া উচিত। আমার মনে হয়েছে আলোচনা থেকে যে সব থেকে বড় যেটা আমাদের সামনে সমস্যা আমি আমার প্রতিবেদনে বলেছি সেটা হচ্ছে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন, আমি খুব সাধারণভাবে বলছি সাধারণ মানুষের কাছে বিদ্যুত যতক্ষণ না পৌঁছে দিতে পারছি ততক্ষণ বিদ্যুত বিভাগ সম্পূর্ণ হয়েছে বলা যাবে না, এটা অত্যন্ত শক্ত কাজ। এটা খুব সহজ নয়। এবারে আমি সর্বভারতীয় একটা চিত্র আপনাদের কাছে দিচ্ছি। মাননীয় সৌগত বাবু বলছেন অমুক স্টেট এত হয়েছে, কিন্তু ভারত সরকার কি বলছেন আপনাদের পড়ে শোনাব, তার আগে একটা কথা বলছি। আমি ব্যক্তিগতভাবে মনেকরি এখানে বলছে যে রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশনে এই স্টেটে প্রথমে ভার্জিন মৌজা কতকগুলি ইলেক্ট্রিফাই হল এটা ভাঁওতা ছাড়া কিছু নয়। আমি দিল্লিতে প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যানকে এই কথা বলেছিলাম, এটা আমাদের তৈরি নয়, ভারত সরকারের তৈরি সেটা এখন বুঝতে পারছেন ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের একটা মিটিং হয়েছিল, একটা সাবজেক্ট কমিটি হয়েছিল, সাবজেক্ট কমিটিকি বলেছেন আপনাদের পড়ে শোনাই, The present difinition of village electrification implies that even if one connection is provided, the village is deemed to be electrified. Even though 85% villages have been electrified, only about 28% of the house holds have received electricity. Hamlets and other inner settlement in these villages have mostly remained untouched by rural electrification programme. Also there is still over 90 thousend villages where electricity greed has not reached because of the high cost involved into these farflung areas. এটা সর্বভারতীয় চিত্র, এটা মেনে নেওয়া ভাল। মেনে নিয়ে এর সলিউশন এই কমিটির সভ্য হিসাবে অত্যন্ত বিনীতভাবে কতকগুলি সাজেশন দিয়েছিলাম, এবং সাজেশনগুলি নিয়েই কাজ অগ্রসর হয়েছে। সাগরে কিছু ফারফ্লাং এরিয়া থেকে লাইন টেনে নিয়ে গিয়ে বিদ্যুত নিয়ে যায়। তাতে যে কস্ট ইনভলভ হয় এবং সেই লাইন মেনটেন করার জন্য যে কষ্ট স্বীকার করতে হয় তারজন্য অলটারনেটিভ স্ট্যানডাল সিস্টেম হচ্ছে নন কনভেনশনাল এনার্জি সোর্স এর উপর ভিত্তি করে আমরা পশ্চিমবঙ্গে স্ট্যানডাল সিস্টেম করছি। আপনারা জানেন আমরা হয়ত উর্জাগ্রাম অনেক কিছু করতে পারিনি কিন্তু উর্জার বাইরে অনেক কিছু করেছি। আমরা সাগর আইল্যান্ড প্রকল্প নিয়ে আসছি, যেটা ভারতবর্ষের মধ্যে আগে এ জাতীয় প্রকল্প কেন্দ্রীয় মন্ত্রী নিজে এসেছিলেন, দেখে গেছেন একটা প্রকল্প যেটা ভারতবর্ষের

কোথাও হয়নি। এই প্রকল্পটি আমরা করতে চলেছি, সাগরদ্বীপে হবে। এখানে কো-অপারেটিভ সিস্টেম করেছি, কো-অপারেটিভের ডাইরেক্টার একটি পঞ্চায়েতের প্রধান, যিনি কংগ্রেসের দলের। আমরা ওখানে সভা করেছিলাম, সেখানে সব দল থেকে সকলে এসেছিলেন, সেই সভায় আমরা বক্তব্য পেশ করেছিলাম বলেছিলাম আপনারা বলুন এটা কি হবে?

[6-20 — 6-30 p.m.]

আমি আনন্দিত, সবাই একসঙ্গে আমায় সমর্থন করেছেন, কারণ তারা জানেন যে তাদের কাছে বিদ্যুতের গ্রিড নিয়ে যাওয়া সম্ভব নয় এবং তারজন্য কিভাবে তারা অবহেলিত। আমি একটি ইনস্ট্যান্স দিলাম। আমাদের ফান্ড অত্যন্ত কম। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকার ৫০ পারসেন্ট শেয়ার দিচ্ছেন, আমাদের ৫০ পারসেন্ট দিতে হবে। জেলা পরিষদ কিছু দিচ্ছেন, অন্যান্য সংস্থাও দিচ্ছেন। এভাবে আমরা হসপিটাল এবং ফরেস্ট ডিপার্টমেন্টের বাঙ্গলোয় বিদ্যুত দিয়েছি এবং কিছু কিছু গ্রামেও বিদ্যুত পৌঁছাবার চেষ্টা করছি। বিরাট একটা কিছু অবশ্য করতে পারিনি। সকালে টোটোপাড়ার কথা একজন বলেছেন। ঐরকম দূর অঞ্চল, যেসব জায়গায় শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবরা থাকেন, তাদের কাছে বিদ্যুত নিয়ে যাওয়ার ক্ষেত্রে আমরা প্রথম পদক্ষেপ নিতে চাই। সবচেয়ে অবহেলিত মানুষের কাছে এই প্রকল্পগুলি আমরা নিয়ে যেতে চাই। বনডাঙ্গা অথবা বনগোপালপুর, একটি বীরভূম এবং অপরটি বাঁকুড়া জেলায়। ওখানকার শিডিউল্ড ট্রাইবদের কাছে আমরা বিদ্যুত পৌঁছে দিয়েছি। প্রথম তাদের কাছে যখন যাই, আমি আনন্দিত, তারা আমাকে সামনে রেখে নৃত্য-গানের মাধ্যমে আমাকে আধ কিলোমিটার মিছিল করে গিয়েছিলেন। আমি তাদের জিজ্ঞাসা করেছিলাম যে, ঐ গানের মানে কি? তারা বলেছিলেন যিনি আমাদের গাঁয়ে বিদ্যুত নিয়ে এসেছেন তাকে অভিনন্দন জানানো। যে প্রাপ্য থেকে তারা বঞ্চিত ছিলেন সেটা পেয়ে তারা আমাকে ক্রেডিট দিয়েছেন! এর থেকে লজ্জার বিষয় শহরের মানুষ হিসাবে আর বেশি কিছু নেই। আমাদের কিন্তু লক্ষ্য, সাধারণ দরিদ্র মানুষের কাছে বিদ্যুত নিয়ে যাওয়ার। জানি না, সেটা কতদিনে পারব। আমাদের অনেক অসুবিধা রয়েছে। তবে যে প্রোগ্রাম আমি ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিংয়ে প্লেস করেছি সেই প্রোগ্রামে নন-কনভেনশনাল এনার্জি রিসোর্স ইউটিলাইজ করে দূর-দূরান্তরে গ্রামের সাধারণ মানুষের কাছে বিদ্যুত নিয়ে যাব। সেখানে গ্রিড আবশ্যক নয়। এটা তারা গ্রহণ করেছেন এটা আনন্দের কথা। এ-সম্পর্কে আগামী শনিবার ফাইনাল মিটিং, আশা করি সেখানে বিষয়টা ফাইনালাইজ হয়ে যাবে। এটাই হচ্ছে আমাদের টার্গেট তবে আমাদের অনেক প্রবলেম আছে। কিন্তু আমার মনে হয়, প্রবলেম না থাকলে কিছুর মূল্যও থাকে না। চিন্তা-ভাবনা করে সেসব কাজ করতে হবে। তবে আমার মনে হয়েছে যে, শুধুমাত্র ক্রিটিসাইজ করবার জন্য অনেক সময় আমাদের পার্সোনাল হিট করে এখানে কিছু কথা বলা হয়েছে। সে সম্বন্ধে কিছু বলছি না, তবে আমরা সবাই যখন জনসাধারণের রিপ্রেজেন্টেটিভ তখন তাদের জন্য যে প্রকল্প তাকে আপনারাও সাপোর্ট করুন। এখানে কাট মোশন যা এসেছে সেটা কনট্রাডিক্টরি। এর এক জায়গায় বলা হয়েছে যে, কো-অপারেটিভ

করে এস.ই.বিকে নষ্ট করে দিয়েছি। ভারত সরকারের কিন্তু অন্যরকম চিন্তাধারা। তাদের একটি প্রতিবেদন বলছে যে, রুর‍্যাল ইলেক্ট্রিফিকেশন, এগ্রিকালচারাল পাম্পসেট ইলেক্ট্রিফিকেশন ইত্যাদির কারণে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডগুলি আজকে আর্থিক বিপর্যয়ের মুখে পড়ছে। ৫,০০০ কোটি টাকা আজকে স্টেট ইলেক্ট্রিসিটি বোর্ডগুলির লসের পরিমাণ। এটা ভারত সরকারের প্রতিবেদন। তাদের অলটারনেটিভ আমরা কি দিয়েছি? আমরা বলেছি যে, রাজ্য সরকারের যে ঋণ এস.ই.বিকে দেওয়া হয়েছে, সেই ঋণটাকে ইকুইটিতে কনভার্ট করে দেওয়া হোক। ভারত সরকার কি বলছেন? তারা বলছেন, এস.ই.বিকে কোম্পানি করে আস্তে আস্তে ডিসইনভেস্টমেন্ট করে দাও। অথবা বড় বড় শহরগুলিকে প্রাইভেটাইজেশন করে দাও। আমি সেখানে বলেছিলাম যে, আপনারা প্রাইভেটাইজেশান করতে চাচ্ছেন, আপনারা এস.ই.বিকে ডিসইনভেস্টমেন্ট করতে চাচ্ছেন, তাহলে সাধারণ মানুষ সাধারণ চাষি তারা কোন হারে বিদ্যুত পাবে? তারা কি বিদ্যুত পাবে? আপনারা কোনও ক্রেডিট দিচ্ছেন না। আজকে সমস্ত ভারতবর্ষে যে এগ্রিকালচারাল পলিসি হয়েছে, সেই এগ্রিকালচারাল পলিসির ক্রেডিট সমস্ত রাজ্যের বিদ্যুত পর্ষদকে দিতে হবে। শুধু কমার্শিয়ালের কথা বললেই হবে, সাধারণ মানুষের দিকেও তো তাকাতে হবে। তাদের জন্য পরিষেবামূলক কাজ আমাদের চালিয়ে যেতে হবে। এই কথা বলে আমি আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। আমি জানি কাট মোশন যেটা আনা হয়েছে তার একটা সার্থকতা থাকে, আলোচনা হয়। আমি আশা করবো যে বিরোধী দলের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে সেটা তারা উইথড্র করে নেবেন। তার কারণ এখানে এটার সেই মূল্য নেই। রাজ্য বিদ্যুত পর্ষদ এবং অন্যান্য সংস্থার ইঞ্জিনিয়ার, অফিসার যারা তাদের আপনারা উৎসাহ দিন। তারা পদক্ষেপ নিয়েছেন, এগিয়ে যাচ্ছেন, একটা আপওয়ার্ড ট্রেন্ড হচ্ছে। যদি ডাউন ওয়ার্ড ট্রেন্ড হত তাহলে আমি আপনাদের রিকোয়েস্ট করতাম না। আমি তাই আপনাদের রিকোয়েস্ট করব যে কাট মোশন আপনারা উইথড্র করে নিন। আমাদের যে সংস্থা আছে, তাতে যারা কাজ করছে, তারা উৎসাহিত হোক। তবে কাজ না করার কথা যেটা বলেছেন, এটা ঠিক যে সকলেই কাজ করেনা। কোনও সংস্থাই সকলে কাজ করেনা। কিন্তু মেজরিটি যারা কাজ করছে, কাজের একটা ট্রেন্ড সেগুলি দেখা দরকার। তাদের একটু বাহবা দিন, একটু উৎসাহিত করুন। এই কথা বলে আপনাদের কাট মোশনের বিরোধিতা করে, আমার ব্যয়-বরাদ্দকে সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি।

## Demand No 69

The Motions of Shri Saugata Roy, Shri Subrata Mukherjee, Shri Abdul Mannan, Shri Prabir Banerjee and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs.100/- were then put and lost.

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of **Rs.1,99,71,00,000 be granted for expenditure under Demand No.69, Major Heads : "2801-Power, 4801-Capital outlay on Power Projects, 6801-**

Loans for power projects and 6806-Loans for Consumer Industries'' (This is inclusive of a total sum of Rs.99,85,50,000 already voted on account in March 1994) was then put and agreed to.

### Demand No. 72

The Motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.99,00,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : ''2810-Non-Conventional Sources of Energy'' (This is inclusive of a total sum of Rs.33,00,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

### Adjournment

The House was adjourned at 6-34 p.m. till 11.00 a.m. on Tuesday, the 14th June, 1994 at the Assembly House Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 14th June, 1994 at 11-00 a.m.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 06 Ministers of State and 143 Members.

[11-00 — 11-10 a.m.]

## Starred Questions
## (to which oral answers were given)

### কলকাতা-ঢাকা বাসরুট

*৬০। (অনুমোদিত প্রশ্ন নং *২৭) **শ্রী আব্দুল মান্নান ও শ্রী প্রশান্ত প্রধান ঃ** গত ৬.৪.৯৩ তারিখে বিধানসভায় প্রদত্ত প্রশ্ন নং ৩৩৫ (অনুমোদিত প্রশ্ন নং ১৯২)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা থেকে ঢাকা বাস রুট চালু করার ব্যাপারে রাজ্য সরকার নতুন করে কোনও উদ্যোগ গ্রহণ করেছে কি না ; এবং

(খ) করলে, তার অগ্রগতি কিরূপ?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ

(খ) এ বিষয়ে কোনও সিদ্ধান্ত হয়নি।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি এই বাস রুট চালু করতে কোথায় কোথায় বাধা আছে? কি অসুবিধা আছে? ওদের সঙ্গে গোলমাল হচ্ছে, নাকি ভারত সরকার পারমিশন দিতে গড়িমসি করছে, নাকি দুটি দেশের মধ্যে রিলেশন ঠিকমতো নেই?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমাদের দিক থেকে কোনও সমস্যা নেই। আমরা প্রস্তাব দিয়েছিলাম, অনেক দিন থেকেই আমরা আন্তরিকতার সঙ্গে চেষ্টা চালিয়ে যাচ্ছি। আমাদের ভারত সরকারেও এই বিষয়ে কোনও আপত্তি নেই, তারাও এই বিষয়ে সম্মতি জানিয়েছেন। আপনারা জানেন আমাদের মুখ্যমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয় যখন বাংলাদেশে যান তখন ওদের সঙ্গে কথা বলেন এবং তখন তিনি এই প্রস্তাব উত্থাপন করেছিলেন। আমাদের কেন্দ্রীয় মন্ত্রী যখন বাংলাদেশে গিয়েছিলেন তখন আমাদের মুখ্যমন্ত্রী এই বিষয়ে তাকে উত্থাপন করতে বলেছিলেন। আমাদের কাছে যা রিপোর্ট তাতে তিনি এই বিষয়ে উত্থাপন করেছিলেন। কিছু

দিন আগে আমার বাংলাদেশ যাওয়ার সুযোগ হয়েছিল, আমার সঙ্গে যোগাযোগ মন্ত্রী এবং পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে কথা হয়। অনেকগুলি বিষয় এই ব্যাপারে জড়িত। ভারত-বাংলাদেশ নিয়ে অনেকগুলি সমস্যা আছে, যেগুলিকে একই সঙ্গে সমাধান করার কথা তারা বলছে। এই বিষয়ে আমি আর বেশি কিছু বলতে পারব না, কারণ এটা কেন্দ্রীয় সরকারের সম্পর্কিত বিষয়। আমাদের দিক থেকে এবং ভারত সরকারের দিক থেকে আমাদের কোনও আপত্তি নেই। আমরা চেষ্টা করছি, আন্তর্জাতিক স্তরে বিষয়টা ফয়সালা হলে এটা কার্যকর হবে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বাংলাদেশের সঙ্গে সরাসরি যোগাযোগের জন্য প্রস্তাব ইনিসিয়েট করেছেন। আপনি যে কথাটা বললেন, সর্বশেষ যে পরিস্থিতি সেই ব্যাপারে ভারত সরকারকে রিপোর্ট করা হয়েছে কিনা, হয়ে থাকলে ভারত সরকারের পক্ষ থেকে কোনও উদ্যোগ নেওয়া হয়েছে কিনা? কোন পর্যায়ে এই অবস্থাটা আছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি আগেই বলেছি ভারত সরকারের পক্ষ থেকে এক গুচ্ছ প্রস্তাব আছে এবং ওদেরও আরও অনেক প্রস্তাব আছে। যেমন ঢাকায় বাংলাদেশের করিডোর ব্যবহার করতে দেওয়া যাতে আমরা এখান থেকে যেতে পারি। উল্টো দিকে নেপাল-বাংলাদেশের মধ্যে ভারতের করিডোর ব্যবহার করতে দেওয়া। এই রকম একগুচ্ছ প্রস্তাবাবলি নিয়ে বাংলাদেশের সঙ্গে আলোচনা হয়েছে। এই ব্যাপারে ভারত সরকারকে করতে হবে। তারা এটা করছেন, করেন নি তা নয়। তবে এ সম্পর্কে কোনও সিদ্ধান্ত হয়নি। কেন হয় নি তা আমার বলা বাঞ্ছনীয় নয়। এটা আমার বিষয় নয়, কেন্দ্রীয় সরকারের বিষয়। তারা এটা বলতে পারেন।

**শ্রী রাইচরণ মাঝি ঃ** স্যার, আমাদের কলকাতা থেকে বাংলাদেশের মধ্যে বাস চলাচলের জন্য যে চেষ্টা চলছে তা বাংলাদেশের সঙ্গে একটা সুসম্পর্ক গড়ে তোলার ব্যাপারও বটে। অনেক সময়ে দেখা যায় যে আমাদের দেশের মধ্যে এমন কি পশ্চিমবাংলার মধ্যে বিভিন্ন জায়গাতে বাস মালিকরা সামান্য অজুহাতে ধর্মঘট করলে বাস দেখা যায় সেখানে আসে না। এরফলে অন্য জায়গার সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। সেইক্ষেত্রে অন্য জায়গা থেকে প্রস্তাব এলে আপনি তা বিবেচনা করবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এই প্রশ্নের সঙ্গে আপানার প্রশ্নের সম্পর্ক কি? এর সঙ্গে ঐ প্রশ্নের কোনও সম্পর্ক নেই যার সেই প্রশ্ন এখানে তুলছেন কেন? এর সঙ্গে সম্পর্ক আছে এমন প্রশ্ন তুলুন?

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, এই প্রশ্নের সঙ্গে সম্পর্কিত, একগুচ্ছ প্রস্তাব বাংলাদেশের কাছে দেওয়া হয়েছে। বাংলাদেশ এবং ভারত সরকারের এই একগুচ্ছ প্রস্তাবের মধ্যে কলকাতা বা পশ্চিমবঙ্গ থেকে বাংলাদেশের মধ্যে যোগযোগের উন্নতি সাধনের জন্য রেল যোগাযোগের ব্যাপারে কোনও কথা হয়েছে কিনা এটা আমি জানতে চাইছি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** এ সম্পর্কে আমার কাছে প্রশ্ন না করাই ভাল।

**শ্রী জটু লাহিড়ি ঃ** মাননীয় মন্ত্রীর কাছে অতিরিক্ত প্রশ্ন। আপনি বললেন যে বাংলাদেশের

কাছে একগুচ্ছ প্রস্তাব রাখা হয়েছে। যেমন, ঢাকা থেকে কলকাতা এবং কলকাতা থেকে ঢাকা পর্যন্ত বাসরুটের ব্যাপারে কেন্দ্রীয় সরকার আলোচনা করেছেন। এই ব্যাপারে আপনি কিছু বলতে পারছেন না। কিন্তু আমরা সবাই জানি যে, উত্তরবঙ্গে যেতে গেলে এখন আমাদের ঘুরে যেতে হচ্ছে। আগে যেমন বাংলাদেশের মধ্যে দিয়ে সরাসরি যাওয়া যেত উত্তরবঙ্গে, এখন তা যাওয়া যায় না। কলকাতা থেকে উত্তরবঙ্গে বাংলাদেশের মধ্যে দিয়ে যাওয়া আসা করা যায় কিনা, এই প্রস্তাব পাঠানো হয়েছে কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** করিডোর ব্যবহার করার প্রস্তাবটা তারমধ্যে আছে। ভারতের করিডোর এবং বাংলাদেশের করিডোর পারস্পরিকভাবে ব্যবহার করার ব্যবস্থা আন্তর্জাতিক ক্ষেত্রে আছে। কুচবিহারে যেতে গেলে বাংলাদেশের মধ্যে দিয়ে যাওয়ার যে প্রশ্নটি আপনি করলেন তাতে এটা সম্পর্কিত বলে আমি বলছি। আমাদের এখন বিহারের মধ্যে দিয়ে ট্রেনে করে উত্তরবঙ্গে যেতে হয়। আমরা এখন একটা কাজ শুরু করেছি, যদিও এটি আমার কাজ নয়, পূর্ত দপ্তরের কাজ, তা হচ্ছে ন্যাশনাল হাইওয়ের পাশে দিনাজপুরে বাই-পাস তৈরি হচ্ছে। এরফরে সেখান দিয়ে যাওয়া যাবে। বিহারের নানা রকম সমস্যা আছে, তার প্রতিফলন আমাদের মধ্যে এসে পড়ে। তারজন্য এই চেষ্টা চলছে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি জানতে চাইছি, কানপুরের বাস, এই বাসের এই ক্ষেত্রে বাঁধা কি বাধা?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** বাধা অনেকগুলো আছে। তারমধ্যে কানপুর একটা সমস্যা। যে বাধা ওখানে তৈরি করে, ওখানে এমনিতে ভাগীরথীতে জল নেই, পদ্মাতেও জল নেই। পদ্মার জল নিয়ে আমাদের অসুবিধা নেই, সেই ব্যাপারে ভারত সরকার ঠিক করবেন। কিন্তু গঙ্গার জল নিয়ে আমাদের অসুবিধা হয়ে যাবে। আমরা তারজন্য প্রতিবাদ জানিয়েছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আপনি বলছেন একগুচ্ছ প্রস্তাব রাখা হয়েছে বাংলাদেশের কাছে দু'দেশের সম্পর্ক নিবিড় করার জন্য। আমি জানতে চাইছি, বাস পরিবহন যেমন ঢাকা থেকে কলকাতা পর্যন্ত রেখেছেন, সেই একগুচ্ছ প্রস্তাবের মধ্যে—বাংলাদেশের মধ্যে বহু নদী আছে, সেজন্য এই পথে অনেক নদী পড়ে-জলপথের কোনও প্রস্তাব এরমধ্যে রাখা হয়েছে কিনা?

[11-00 — 11-10 a.m.]

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** আমি আপনাদের অবস্থাটা বুঝতে পারছি, এক গুচ্ছ প্রস্তাবে কি আছে সেটা পশ্চিমবাংলার মানুষের জন্য কেন্দ্রীয় সরকারকে বলব বিধানসভাকে জানান। আর এই বিষয়টি হচ্ছে আন্তর্জাতিক বিষয়, এটা আমাদের বিষয় নয়।

**শ্রী মোস্তাফা বিন কাশিম ঃ** কলকাতা থেকে কাঠমাণ্ডু বাস চালাবার ব্যাপারে কোনও প্রস্তাব আছে কিনা জানাবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** কেন্দ্রীয় সরকারের বৈদেশিক দপ্তর এবং যোগাযোগ দপ্তর তারা

একসঙ্গে প্রস্তাব পাঠিয়েছে, এটা জানিয়েছেন, একসঙ্গে এই প্রস্তাব ওরা বিবেচনা করছেন এবং নেপাল সরকারের সঙ্গে কথা বলছেন। আমরা যেমন প্রস্তাব দিয়েছি তেমনি বিহারের থেকে উত্তর প্রদেশ থেকেও প্রস্তাব আছে, তারা সমস্ত বিষয়গুলি একসঙ্গে ফয়সালা করবেন, এটা ১ বছরের উপর হয়ে গেছে, এই ব্যাপারে তারা এখনও কোনও পদক্ষেপ কেন নিতে পারলেন না আমি জানি না।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** আমাদের আর একটি প্রতিবেশি রাষ্ট্র ভূটান তাদের রাজধানীর সঙ্গে যোগাযোগের জন্য বাস চালাবার ব্যাপারে কোনও প্রস্তাব পাঠিয়েছেন কিনা জানাবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** ভূটানের সঙ্গে এমনিতে আমাদের যোগাযোগ ব্যবস্থা আছে, ওদেরও বাস আছে, আমাদেরও প্রাইভেট অপারেটাররা চালান। তবে এখান থেকে বড় বাস তারা তো যেতে পারবে না, তাই ভাগ করে যেতে হয় ; এই রকম সিকিমের সঙ্গেও আছে।

### ক্ষুদ্র সেচ প্রকল্প

*৬১। (অনুমোদিত প্রশ্ন নং *১০৯) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় এ-রাজ্যে ক্ষুদ্রসেচ প্রকল্পের মেয়াদ বর্তমান বছরে ৩১শে মার্চ শেষ হয়ে গেছে ;

(খ) সত্যি হলে, এই প্রকল্পের মেয়াদ বাড়ানোর জন্য বিশ্ব ব্যাঙ্কের কাছে রাজ্য সরকারের পক্ষ থেকে কোনও আবেদন করা হয়েছে কি না ; এবং

(গ) আবেদন করা হলে, তার ফলাফল কি?

**ডাঃ ওমর আলি ঃ**

(ক) সত্য।

(খ) হ্যাঁ, হয়েছিল।

(গ) বিশ্ব ব্যাঙ্কের তরফ থেকে জানানো হয়েছে যে তাদের নিয়মানুযায়ী প্রকল্পের মেয়াদ আর বাড়ানো সম্ভব নয়।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** বিশ্ব ব্যাঙ্কের আর্থিক সহায়তায় এবং এই প্রকল্পের মাধ্যমে রাজ্যের ক্ষুদ্র সেচ প্রকল্পে মোট কতকগুলি উচ্চ মাঝারি এবং নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ বসানোর কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন তা অনুগ্রহ করে জানাবেন কি?

**ডাঃ ওমর আলি ঃ** বিশ্বব্যাঙ্ক প্রকল্পে যে কম্পোনেন্ট ছিল তা হল তিন ধরনের ডিপ টিউবওয়েল, উচ্চ, মধ্যম এবং নিম্ন, আর অগভীর নলকূপ, সেচকূপ এবং নদী সেচ প্রকল্পের

আধুনিকীকরণ। তিন ধরনের যে গভীর নলকূপ তার ফিগারটা আমি বলছি, আমরা যেটা করেছি সেটা হচ্ছে উচ্চ ক্ষমতাসম্পন্ন ১২ শত, মধ্যম ক্ষমতাসম্পন্ন ৫০০, নিম্ন ক্ষমতাসম্পন্ন ২৯৪০। অগভীর নলকূপ ৫,৪০০ ; সেচকূপ করার কথা ১০ হাজার, নদী সেচ আধুনিকীকরণ করার কথা ২২০, এরমধ্যে আমাদের তিন ধরনের যে গভীর নলকূপ তার ড্রিলিং এর কাজ শেষ করেছি ৩,৭৪৮, ৪,৬৪০ এর মধ্যে আর ৮৯২টি আমাদের বাকি আছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে তথ্য দিলেন তাতে দেখা যাচ্ছে যে এই প্রকল্প রূপায়ণের যে সিদ্ধান্ত ছিল তার অনেক কাজ এখনও বাকি আছে। আমার প্রশ্ন এই নির্দিষ্ট মেয়াদের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত থাকলেও এবং তারজন্য বরাদ্দ টাকা থাকলেও কি কি কারণের জন্য বা অসুবিধার জন্য তা করা সম্ভব হল না জানাবেন কি? এর মেয়াদ ৩১শে মার্চ শেষ হয়ে গিয়েছে।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় সদস্য জানেন যে এই প্রকল্পের জন্য চুক্তি স্বাক্ষরিত হয়েছিল ৮৬ সালে এবং ৫ বছরের মেয়াদের এই প্রকল্প। কিন্তু এখানকার যা টেন্ডারবিধি এবং তার সঙ্গে ওদের যে টেন্ডার ফরমালিটিসের কথা ওরা বললেন তারমধ্যে অনেকটা অমিল থাকার জন্য এবং আমাদের পক্ষে সেইসব নিয়মকানুন মেনে চলার ক্ষেত্রে অসুবিধা থাকার জন্য তা নিয়ে আলোচনা হয়। এই আলোচনাতেই তিন বছর চলে যায়। প্রকল্পটি শুরু হয় ১৯৮৯ সাল থেকে। সুতরাং কাজ শুরু হতেই বিলম্ব হয়েছে। দ্বিতীয়ত পশ্চিমবাংলায় যেহেতু মাটির তলার জলের প্রতুলতা আছে সেইজন্য মাঝে একবার মডিফাই করা হয়েছিল। আগে ছিল মধ্যম গভীর নলকূপ ৪শো বসানো হবে, মডিফাই করে সেটা ৫শো করা হয়েছিল। আগে ছিল নিম্ন ১৮৫০, সেটা ২৯৪০ করা হয়েছিল। সুতরাং কাজও বাড়ানো হয়েছিল। বাড়তি কাজের জন্য বাড়তি সময় নিশ্চয় লাগবে। তা ছাড়া এই ধরনের প্রকল্প যখন আমাদের এখানে চালু হল তখন এর যে ড্রিলিং এজেন্ট যারা ড্রিল করবে সেই ড্রিলিং এজেন্ট পশ্চিমবঙ্গে প্রায় ছিল না বললেই হয়। সেইজন্য প্রথম দিকে পাঞ্জাব এবং ইউ পি থেকে ড্রিলিং এজেন্ট নিয়ে এসে কাজ করতে হয়। কিন্তু তাদের পারফরমেন্স ভাল ছিল না। সুতরাং আমাদের এই ড্রিলিং এজেন্টের দুর্বলতাও একটা কারণ কাজ সময়মতো শেষ না হওয়ার পেছনে। তাছাড়া আমরা একটা নতুন চিন্তা নিয়েছিলাম, আমরা এই প্রকল্প তৈরি করে তার রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার দায়দায়িত্ব পঞ্চায়েতের মাধ্যমে জনসাধারণের হাতে তুলে দেব। এই চিন্তাটা ভারতবর্ষের মধ্যে প্রথম আমাদের রাজ্যের চিন্তা। সুতরাং এই চিন্তা কার্যকর করার ক্ষেত্রে জনসাধারণ এবং জনপ্রতিনিধিদের সঙ্গে আলোচনা করতে গিয়ে আমাদের খানিকটা সময় ব্যয় হয়ে যায়। তা ছাড়া এই সময়ের মধ্যে অনেকবার প্রাকৃতিক দুর্যোগ ঘটেছে এবং তার ফলে আমাদের কাজ ব্যহত হয়েছে। এই সময় অনেকগুলি নির্বাচন হয়েছে—লোকসভা, বিধানসভা, পঞ্চায়েত ইত্যাদির। আপনারা জানেন এই সময় কাজ করা যায় না। তাছাড়া আমাদের কাজের সময় অত্যন্ত সীমিত—জানুয়ারি থেকে জুনের ১৫ তারিখ পর্যন্ত, তারপর বর্ষা আরম্ভ হয়ে যায়, কাজ করা যায় না। তাছাড়া প্রকিওরমেন্টের যে পলিসি বা জিনিসপত্র কেনার যে পদ্ধতি তাতে গ্লোবাল টেন্ডার করতে হয়। এইসব টেন্ডার ফাইনালাইজ করতে অনেক সময় লেগে যায়। আমার অভিজ্ঞতা থেকে বলছি যে তারিখে টেন্ডার ফ্লোট করলাম আর যে তারিখ থেকে মাল পেতে শুরু করলাম তারমধ্যে গ্যাপ থাকে প্রায় এক

বছর। এই প্রকিওরমেন্ট পলিসিও বিলম্বের একটি কারণ।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই প্রকল্পের যে সমস্ত কাজ অসমাপ্ত আছে সেগুলি কিভাবে কত সময়ের মধ্যে সম্পন্ন করা যাবে বলে আশা করা যায়?

[11-20 — 11-30 a.m.]

**ডাঃ ওমর আলি ঃ** বিশ্ব ব্যাঙ্ক কর্তৃপক্ষ আমাদের এক্সটেনশন দিলেন না এবং তারা বললেন যে আমাদের নিয়ম অনুযায়ী আমরা এক্সটেনশন দিতে পারছি না, আপনাদের ত্রুটির জন্য নয়। তারা পরিষ্কার চিঠি লিখে বলেছেন যে আপনাদের পারফরমেন্স খুব সন্তোষজনক। কিন্তু ফোর্থ টাইম এক্সটেনশন আমাদের পক্ষে দেওয়া সম্ভব না আমাদের নিজেদের কারণে। আপনারা আমাদের কাছে দ্বিতীয় পর্যায়ের প্রকল্প জমা দিতে পারেন এবং সেই প্রকল্পে আপনারা নতুন কাজের প্রস্তাব করতে পারেন এবং পুরানো যে কাজগুলি বাকি রয়েছে সেগুলি অন্তর্ভুক্ত করতে পারেন। আমরা দ্বিতীয় পর্যায়ের প্রস্তাব দিয়েছি এবং সেই প্রস্তাবে বাকি কাজগুলি অন্তর্ভুক্ত করেছি। ইতিমধ্যে বিশ্ব ব্যাঙ্ক কর্তৃপক্ষ, যারা দিল্লিতে থাকেন তারা একাধিকবার আমাদের রাজ্যে এসেছেন, কয়েক দফা মিটিং হয়েছে, আরও আলোচনা হবে। সুতরাং আমরা আশা করছি দ্বিতীয় পর্যায়ের অনুমোদন পেলে নতুন কাজ করতে পারব। ২৫১ কোটি টাকার প্রকল্প আমরা দিয়েছি। পুরানো কাজ বাকি যা আছে তা করতে আমাদের ৫১ কোটি টাকার দরকার হবে। তবে যদি অনুমোদন নাও পাই—খুব খারাপটাই ভাবি, তাহলেও এগুলো করার জন্য যে মেটিরিয়াল দরকার, পি ভি সি পাইপ ছাড়া সমস্ত মেটিরিয়াল আমাদের প্রোকিয়র করা আছে, আমরা আমাদের রাজ্য পরিকল্পনা বরাদ্দের টাকা দিয়েই বাকি কাজ আমরা করে দেব।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়রে কাছে আমার একটা মৌলিক প্রশ্ন—বর্তমান বামফ্রন্ট সরকার আদর্শ—গত কারণে আজ পর্যন্ত ওয়ার্ল্ড ব্যাঙ্ক বা আই এম এফ-এর কাছ থেকে কোনও টাকা নিয়ে উন্নয়নের বিরোধী, তাহলে কি কারণে বা কি পরিস্থিতিতে বর্তমান বামফ্রন্ট সরকার বা আপনার ডিপার্টমেন্ট ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছ থেকে বা বিশ্বের অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানের কাছ থেকে টাকা নিতে বাধ্য হয়েছেন? এর মূলে কি রাজ্যের উন্নয়নের স্বার্থ?

**ডাঃ ওমর আলি ঃ** আপনার প্রশ্নটা যতটা না উন্নয়নের উদ্দেশ্যে তার চেয়ে বেশি রাজনীতির উদ্দেশ্যে। রাজনৈতিক দিকটার জবাব আমি দেব না, সেটা অন্যরা দেবেন। কিন্তু উন্নয়নের প্রশ্নে আমি বলব—আমরা কখনও বিদেশ থেকে ঋণ সংগ্রহ করে উন্নয়ন করা হবে না, এ কথা বলি নি। আমরা বলি ঋণের এমন শর্ত হওয়া উচিত নয় যে শর্তে আমাদের নিজেদের আত্ম-সম্মান ক্ষুন্ন হবে অথবা আমাদের দেশের অর্থনৈতিক ব্যবস্থা, রাজনৈতিক ব্যবস্থা বিড়ম্বিত হবে। আমরা ওয়ার্ল্ড ব্যাঙ্কের সহায়তায় যে প্রকল্প রূপায়িত করেছি তাতে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কোনও শর্ত আমাদের ঘাড়ে চাপে নি। বরঞ্চ আমরা যে শর্ত ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে রেখেছিলাম শেষ পর্যন্ত তারা সেটাই মেনে নেন এবং এখন বলছেন, এটা হল

ভারতবর্ষের মধ্যে ইউনিক। এর বিকল্প কোনও নজির নেই।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন ওয়ার্ল্ড ব্যাঙ্ক প্রকল্পে আমাদের সাফল্য ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রশংসা লাভ করেছে। বর্তমানে আমরা যে পরিমাণ ইরিগেশন স্কীম করেছি তা করার আগে আমাদের কি পরিমাণ জমি সেচসেবিত ছিল, এই প্রকল্পের টার্গেট কি ছিল এবং প্রকল্পের কাজ যতটা পর্যন্ত শেষ হয়েছে ততটাতে কি পরিমাণ জমি সেচসেবিত হয়েছে?

**ডাঃ ওমর আলি ঃ** আমাদের পশ্চিমবাংলায় টোটাল ইরিগেশন পোটেনসিয়াল হল ৬১ লক্ষ হেক্টর। তার মধ্যে এখন পর্যন্ত আল্টিমেট পোটেনসিয়াল হল ৩৮ লক্ষ হেক্টর। এই ৩৮ লক্ষ হেক্টরের মধ্যে মাটির-তলার জল থেকে ২৫ লক্ষ হেক্টর এবং মাটির ওপরের জল থেকে ১৩ লক্ষ হেক্টর। আমরা ১৯৯৩-৯৪ সাল পর্যন্ত মাটিরতলার জল এবং মাটির ওপরের জল ব্যবহার করে ২৮ লক্ষ হেক্টর জমিকে সেচসেবিত করতে পেরেছি। গত বচর ছিল ২৭ লক্ষ হেক্টর। অর্থাৎ এক বছরের মধ্যে অতিরিক্ত ১ লক্ষ হেক্টর জমিকে সেচসেবিত করতে পেরেছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর থেকে জানা যাচ্ছে, গত মার্চ মাস পর্যন্ত বিশ্বব্যাঙ্কের এই ক্ষুদ্রসেচ প্রকল্পের কাজ করার সময় ছিল এবং তা উত্তীর্ণ হয়েছে। নীট ফল দাঁড়িয়েছে ক্ষুদ্র সেচ প্রকল্প থেকে যে সেচের জল পেতে পারত তা থেকে বঞ্চিত হয়েছে কৃষক সমাজ। আমার প্রশ্ন, বিশ্বব্যাঙ্ক গত মার্চ মাস পর্যন্ত কত টাকা এই ক্ষুদ্র সেচ প্রকল্পে লগ্নি করেছেন ?

**ডাঃ ওমর আলি ঃ** যখন চুক্তি স্বাক্ষরিত হয় তখন প্রকল্পের ব্যয় ধরা হয়েছিল ১৫৬ কোটি টাকা। কিন্তু ডিভ্যালুয়েশনের ফলে স্পেশ্যাল ড্রাইভ রাইট যখন এস ডি আরের যে উৎপাদন তার ফলে প্রকল্পের ব্যয় দাঁড়ালো ২৯৩ কোটি টাকা। আমরা হিসাব করে দেখলাম ২৬৫ কোটি টাকায় সব কাজ শেষ হয়ে যাবে। আমরা এ পর্যন্ত খরচ করতে পেরেছি ২০৯ কোটি টাকা।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** আমরা জানি, বিশ্বব্যাঙ্কের টাকা সরাসরি কোনও রাজ্য সরকার আনতে পারে না। বিশ্বব্যাঙ্কের যে টাকা আনছে সেচের জন্য তাতে কেন্দ্রীয় সরকার বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কত সুদে এই টাকা পাচ্ছে এবং আমাদের রাজ্য সরকারের কাছ থেকে কেন্দ্রীয় সরকার কত সুদে এই টাকা দিচ্ছে?

**ডাঃ ওমর আলি ঃ** ঠিক কি শর্তে কেন্দ্রীয় সরকার বিশ্বব্যাঙ্কের কাছ থেকে টাকা নিচ্ছেন তা আমি বলতে পারব না, কেন্দ্রীয় সরকার বলতে পারবেন। তবে এটা আমরা জানি, কেন্দ্রীয় সরকার নামমাত্র সুদে এই টাকা বিশ্বব্যাঙ্কের কাছ থেকে নিচ্ছেন এবং আমাদের কাছ থেকে অনেক বেশি সুদে তারা আমাদের টাকা দিচ্ছেন। অর্থাৎ পরের ধনে পোদ্দারি করছেন কেন্দ্রীয় সরকার এবং এটা আমাদের মানতে হচ্ছে।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** আপনি প্রথম প্রশ্নের উত্তর দিতে গিয়ে বললেন বিলম্ব হওয়ার

কতকগুলি কারণ আছে। আমার প্রশ্ন, আপনি মন্ত্রী হবার আগে এই ঘটনা ঘটেছিল। ব্লক স্তরে পঞ্চায়েত সমিতিগুলিকে সাহায্য করার জন্য জেলার জেলা পরিষদের কর্মকর্তারা ডিপ-টিউবওয়েল এবং মধ্যম ও নিম্ন ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ যেগুলি করার কথা তার স্থান নির্ধারণের জন্য মূলত পঞ্চায়েত সমিতিগুলির উপর দায়িত্ব ছিল। বিলম্বের অন্যতম কারণ হচ্ছে, জেলায় জেলায় ব্লকে ব্লকে এই গভীর ও অগভীর নলকূপ খননের জন্য এবং ইনস্টল করার জন্য স্থান নির্ধারণ করতে না পারার একটা অন্যতম কারণ ছিল?

**ডাঃ ওমর আলি ঃ** না, এইরকম ছিলনা। একেবারে গোড়ার দিকে অবশ্য একটা অসুবিধা ছিল। কিন্তু খুব কম সময়ের মধ্যে এই অসুবিধা কাটিয়ে উঠেছে। পঞ্চায়েত সমিতির মাধ্যমে প্রকল্প অনুমোদন করে জেলার সাইট সিলেকশন কমিটি যার সভাপতি জেলার সভাধিপতি তিনি পাঠিয়ে দিয়েছেন। সুতরাং বিলম্বের কারণ এটা নয়।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—আমাদের রাজ্য সরকারের প্রকল্পের সাফল্য হওয়া সত্ত্বেও দ্বিতীয় পর্যায়ে ঋণ দেওয়ার ক্ষেত্রে এবং কেন্দ্রীয় সরকারের মেয়াদ শেষ হয়ে যাবার কারণে পুনর্নবীকরণের ব্যাপারে কেন্দ্রীয় সরকারের ভূমিকা কি এবং কোনও প্রচেষ্টা নিচ্ছেন কিনা?

**ডাঃ ওমর আলি ঃ** আমরা এক্সটেনশনের যে প্রস্তাব দিয়েছিলাম সেটা কেন্দ্রীয় সরকারের মাধ্যমে, আমাদের দিতে হয়, কেন্দ্রীয় সরকার বিশ্বব্যাঙ্ক কর্তৃপক্ষের কাছে সুপারিশ করেছিলেন যাতে পশ্চিমবঙ্গের এই পরিকল্পনা এক্সটেনশন পায়। কেন্দ্রীয় সরকার এই ক্ষেত্রে সহযোগিতা করেছেন। দ্বিতীয় পর্যায়ের প্রকল্প যা আমরা দাখিল করেছি এবং সে ব্যাপারেও কেন্দ্রীয় সরকারের সায় আছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—এক্সটেনশনের কথা তো আপনি বললেন, মূল প্রশ্ন যেটা সেটা হচ্ছে বিশ্ব ব্যাঙ্কের এই প্রকল্প রূপায়ণে আমাদের যে টার্গেট, রাজ্য সরকারের যেটা সফল হয়েছে সেটা দেখে আর কোন কোন আন্তর্জাতিক সংস্থা আমাদের রাজ্যে এই সবুজ বিপ্লবে অংশ গ্রহণ করার জন্য আগ্রহ প্রকাশ করেছেন, বিশেষ করে উত্তর এবং দক্ষিণবঙ্গের জন্য প্রস্তাব এসে থাকলে কোন কোন এলাকায় তা রূপায়ণের জন্য ব্যবস্থা গ্রহণ করছেন?

**ডাঃ ওমর আলি ঃ** ইতিমধ্যে উত্তরবঙ্গে ডাচ জার্মানি সরকারি সাহায্যে একটা প্রকল্প রূপায়িত হচ্ছে, সেই প্রকল্পের কাজ শেষ হয়ে এসেছে আমাদের ওয়েস্ট বেঙ্গল টিউবওয়েল ইরিগেশন প্রোজেক্ট নাম দিয়ে জার্মানির কাছে আমরা একটা প্রকল্প পাঠিয়েছি ভারত সরকারের মাধ্যমে, দ্বিতীয় পর্যায়ে যেকাজের জন্য বলেছি, তাতে বলা হয়েছে যে আরও ৪০০টি উচ্চ ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ, ২৫০টি মধ্যম ক্ষমতা সম্পন্ন গভীর নলকূপ ১৫৬০টি নিম্ন ক্ষমতাসম্পন্ন গভীর নলকূপ ৬ হাজার অগভীর নলকূপ ৬ হাজার সেচকূপ মডার্নাইজেশন অফ আর এল আই ৮০টি। এই ধরনের প্রকল্প দেওয়া হয়েছে, ২০০ কোটি টাকা, সেখানে মডার্নাইজেশন অফ আর এল আই বাদ আছে। এখন আমরা এই নিয়ে কথা বার্তা বলছি,

যদি সেই প্রকল্প আমরা পাই তাহলে আমরা উত্তরবঙ্গে সবচেয়ে বেশি গুরুত্ব দেব দুটি কারণে। একটি হল কৃষির উন্নতির জন্য উত্তরবঙ্গের যে জেলাগুলি পিছিয়ে আছে, দ্বিতীয় হল উত্তরবঙ্গের জেলাগুলির মাটির তলার জল অনেক কম ব্যবহার হয়েছে, ব্যবহার করার মতো অনেক বেশি জল সেখানে সঞ্চিত আছে।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি—বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় এ রাজ্যে ৩ ধরনের নলকূপের কথা বলছেন, বিশেষ করে আমাদের জেলা পুরুলিয়ায় মালভূমি সেখানে এই ৩ ধরনের সেচের ক্ষেত্রে কোনও কিছুই সম্ভব নয়। প্রশ্ন হচ্ছে বিশ্বব্যাঙ্কের সহায়তায় ক্ষুদ্র সেচের ক্ষেত্রে কি ধরনের প্রকল্প গ্রহণ করেছেন?

**ডাঃ ওমর আলি ঃ** পুরুলিয়া জেলাতে বিশ্বব্যাঙ্কের আর্থিক সহায়তায় নলকূপ বসানোর কোনও পরিকল্পনা আমাদের নেই। তার কারণ আগে বলেছি এবং আমরা চাই না যে পুরুলিয়ার মাটির তলার জল ব্যবহার করে ভবিষ্যতে সেখানে জলসঙ্কট আরও তীব্র হয়। সঙ্গে সঙ্গে পুরুলিয়ার রিচার জোনের জন্য অন্য জেলার রিচার কমে গিয়ে সেখানে জল সঙ্কট হয়। সেজন্য আমরা ওপেন ডাগ ওয়েল করার উদ্যোগ নিয়েছি। ওখানে ৫৫০০ ওপেন ডাগ ওয়েল করার কথা, এখন আমাদের ৩৮২৬টি কমপ্লিট হয়েছে, আর ১৯৩৭টির কাজ চলছে, প্রায় কাছাকাছি টার্গেট অ্যাচিভ করেছি। সেছাড়া আমাদের রাজ্যের তহবিল থেকে বিশ্বব্যাঙ্কের সহায়তায় যে আর্থিক সাহায্য পাই তার দ্বারা ঝোরাগুলো এবং বাঁধগুলোকে কাজে লাগিয়ে সারফেস ইরিগেশন স্কীম আমরা চালু করেছি। এম আই স্কীমের ক্ষেত্রে আরও ৪টি ব্লক আমরা হাতে নিয়েছি এবং সেটা হলে পরে পুরুলিয়া জেলার জমি আরও সেচ সেবিত হবে।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বিশ্বব্যাঙ্কের সহায়তায় এই বৃহৎ এবং ক্ষুদ্র সেচ প্রকল্প চলে। এতে রাজ্য সরকার ২০৯ কোটি টাকা খরচা করতে পেরেছেন আপনি বললেন, এক্ষেত্রে আমার প্রশ্ন হচ্ছে যে, ১৯৮৯ সাল থেকে এই কাজ আরম্ভ হয়েছে, এই সময়ের মধ্যে আপনার ক্ষুদ্র সেচ প্রকল্পে রাজ্য সরকার কত টাকা খরচ করতে পেরেছেন?

**ডাঃ ওমর আলি ঃ** আপনি যে প্রশ্ন করলেন সেটা ঠিক বুঝতে পারলাম না। রিএমবারর্সমেন্ট রাজ্য সরকার অ্যালট করেন। আমরা যে খরচ করি তার হিসাব বিশ্বব্যাঙ্কের কাছে দিই। তারা রিএমবার্স করে আমাদের দেয় সেই টাকা রাজ্য সরকার অ্যালট করে এবং খরচ করে।

## এসপ্ল্যানেড-শ্যামপুর বাস রুট

*৬২। (অনুমোদিত প্রশ্ন নং *২৩১) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এসপ্ল্যানেড থেকে হাওড়া জেলার শ্যামপুর পর্যন্ত সাউথ বেঙ্গল বা সি টি সি-র বাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

[ 14th June, 1994 ]

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** হাওড়া জেলার শ্যামপুর একদম শেষ প্রান্তে অবস্থিত। এটি ৩টি জেলার সঙ্গে কানেকশন আছে। মেদিনীপুর এবং ২৪ পরগনার লোকেরা এই জায়গায় মধ্যে দিয়ে যায়, এছাড়া এর শেষ প্রান্তে টুরিস্ট লজ অবস্থিত। হাওড়া জেলার বিভিন্ন জায়গায় সাউথ বেঙ্গল এবং সিটিসি-র বাস চলে, সেই রকম শ্যামপুর থানার অন্তর্গত জায়গায় বাস দেওয়া যায় কিনা জানাবেন কি?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** যদি চালানো সম্ভব হয় চালাব, তারজন্য বিধানসভার সময় নষ্ট করার দরকার নেই। আপনি যদি একটা প্রস্তা দেন তাহলে আমরা যত তাড়াতাড়ি সম্ভব বিষয়টা দেখব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দপ্তরে লিখিতভাবে কি কি সমস্যা সেসব জানিয়েছি, সেখানে যে মানুষ চলতে পারছে না, আরও নানা সমস্যা প্রস্তাবাকারে জানিয়েছিলাম এবং আশা করেছিলাম আজকে আপনাকে ধন্যবাদ দেব প্রস্তাবটা কার্যকর হবার জন্য কিন্তু দেখলাম আপনি অনুমতি দেন নি। সেই কারণে আবার আপনাকে প্রশ্ন করছি এসপ্ল্যানেড থেকে শ্যামপুর পর্যন্ত অলটারনেট বাস চালানোর কোনও ব্যবস্থা করা যায় কিনা?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** চিঠি আমরা আগেই পেয়েছি কিন্তু বাস যথেষ্ট পরিমাণে না থাকার জন্য ওখানে বাস দেওয়া সম্ভব হচ্ছে না। তবে চেষ্টা করছি, বাসের পরিমাণ বাড়লেই বাস দেব।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী পদ্মনিধি ধর ঃ** শ্যামপুর হল হাওড়া জেলার সবচেয়ে দক্ষিণের থানা। ওখানে গাদিয়াড়া এবং অন্যান্য ট্যুরিস্ট স্পট করেছেন, কিন্তু সেসব স্থানে যাতায়াতের জন্য যে প্রাইভেট বাস আছে তাতে মানুষ ভালভাবে যাওয়া-আসা করতে পারেন না। সেজন্য আমি বলব, এসপ্ল্যানেড থেকে না হলেও অন্তত, বাগনান থেকে শ্যামপুর স্টেটবাস চালু করবার কথা আপনি বিবেচনা করবেন কিনা?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** বামফ্রন্ট এবং কংগ্রেস যখন এ ব্যাপারে ঐক্যবদ্ধ তখন চাকরি রাখতে হলে দিতেই হবে।

**শ্রী সৌগত রায় ঃ** সি এস টি সি বা সি টি সি বাস ইন্ট্রোডিউস করবার ক্ষেত্রে কি ক্রাইটিরিয়া আছে সেটা জানতে চাই। হাওড়া জেলার কিছু অংশ দক্ষিণ-পূর্ব এবং পূর্ব রেলের সঙ্গে কানেকটেড, কিন্তু বেশিরভাগ অঞ্চলে কোনও রেললাইন নেই। যেখানে রেললাইন নেই সেখানে অগ্রাধিকার দিয়ে স্টেটবাস দেবার কথা মন্ত্রী ভাববেন কিনা?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** কয়েক বছরের নতুন বাস চালু করবার লিস্ট যদি আপনি দেখতেন তাহলে জানতে পারতেন যে, ঐ ক্ষেত্রেই আমরা অগ্রাধিকার দিচ্ছি, কারণ সেখানে কোনও পরিবহন ব্যবস্থা নেই। সেজন্য হাওড়ার আমতা, উদয়নারায়ণপুর প্রভৃতি অঞ্চল, যেখানে কোনও অবস্থায় যাওয়া যায় না, সেখানে প্রতি বছর আমরা বাস বাড়িয়ে যাচ্ছি এবং মানুষও সেটা গ্রহণ করছেন। দক্ষিণ ২৪ পরগনা এবং মেদিনীপুর জেলার যেখানে ট্রেন যোগাযোগ নেই সেখানেও আমরা বাস দিচ্ছি। তবে এটা ঠিক, এক্ষেত্রে চাহিদার সবটা পূরণ করতে পারছি না। তবে আস্তে আস্তে সেটা পূরণের চেষ্টা করে যাচ্ছি। শ্যামপুরও আমাদের তালিকার মধ্যেই আছে।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** এক সময় আপনি একটি স্টেটমেন্ট দিয়ে বলেছিলেন যে, ওরা সে সময়ে সি এস টি সি বাসে যে বাড়তি অ্যাপয়েন্টমেন্ট দিয়েছিলেন তার দায়ভার আপনার উপর চেপেছে এবং তারজন্য বাসপ্রতি কর্মীসংখ্যা বিরাট। আমার প্রশ্ন, এখন সেটা কমিয়ে এনেছেন কিনা?

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ নট অ্যালাউড।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** হাওড়া থেকে মাথাপাড়া পর্যন্ত যে বাসরুট আছে..........

**মিঃ স্পিকার ঃ** দি কোয়েশ্চেন ইজ নট অ্যালাউড। কনফাইন ইওরসেল্ফ টু দি কোয়েশ্চেন।

**শ্রী জটু লাহিড়ি ঃ** এখন পর্যন্ত সি টি সি-র কতগুলো বাস চলছে এবং কতগুলো রুটে বাস চলছে?

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** বাসের মোট সংখ্যা ১১০। রুটের সংখ্যা এখন বলতে পারছি না।

**মিঃ স্পিকার ঃ** রুটের সংখ্যা বলবেন কেন? জানতে হলে নোটিশ দেবেন।

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** আমার জেলা উত্তরবঙ্গের....... .

**মিঃ স্পিকার ঃ** হাওড়া জেলার উপর প্রশ্ন, কাজেই এটা হবে না।

## কৃষি পেনশন

*৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩৬) **শ্রী মোজাম্মেল হক ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের কৃষি পেনশন প্রাপকগণ ১৯৯৩-৯৪ আর্থিক বছরের কৃষি পেনশন এখনও পান নি ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর সত্য হলে, কারণ কি?

**শ্রী নীহার বসু ঃ**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যারা কৃষি পেনশন পান তারা অনেকে এখনও পাননি। তারা কেন পাচ্ছেন না এবং এই পেনশন কত মাস অন্তর তাদের কাছে পাঠানো হয় সেটা জানাবেন কি?

**মিঃ স্পিকার :** উনি বললেন যে না, প্রশ্ন ওঠে না। তারপরে এই ভাবে সাপ্লিমেন্টারি হয় না। যখন মন্ত্রী বলবেন যে এই প্রশ্ন ওঠে না তখন আপনাকে স্পেসিফিক উদাহরণ দিয়ে বলতে হবে। যদি সেটা দিতে পারেন, দেবেন। তানাহলে এইভাবে হয় না।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় মন্ত্রী মহাশয় ক্ষেতমজুরদের ভরতুকি দিয়ে চাল দেওয়া হয়।

**মিঃ স্পিকার :** নট অ্যালাউড।

**শ্রী অজয় দে :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, কৃষকদের যে পেনশন দেওয়া হয় সেটা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। সেটা বৃদ্ধি করার জন্য রাজ্য সরকারের কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী নীহার বসু :** পেনশন প্রকল্প যখন শুরু হয় তখন ছিল ৬০ টাকা। এখন এটা বাড়ানো হয়েছে। ১৯৯৩ সালের মার্চ থেকে এটা ১০০ টাকা করা হয়েছে।

**শ্রী নিশিকান্ত মেহেতা :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই যে কৃষি পেনশন দেওয়া হয়, এটা পশ্চিমবাঙ্গে দীর্ঘদিন ধরে চলছে। এই কৃষি পেনশন দেবার পদ্ধতি কি? এটা কি প্রতি মাসে দেওয়া হয়, না ৩ মাস অন্তর দেওয়া হয় এর পদ্ধতিটা কি?

**শ্রী নীহার বসু :** সরাসরি যারা পেনশন পান তাদের কাছে টাকা মানি অর্ডার করে পাঠানো হয়। এটা যারা পেনশন পান তাদের নামে বাড়িতে পাঠিয়ে দেওয়া হয়। যেহেতু মনি অর্ডার করে পাঠানো হচ্ছে, সে জন্য প্রতি মাসে পাঠানো অসুবিধা হয় বলে ৩ মাসের টাকা এক সঙ্গে পাঠানো হয়।

**শ্রী নটবর বাগদি :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে পশ্চিমবাংলায় মোট কত জন কৃষককে কৃষি পেনশন দেওয়া হয়েছে এবং কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রী নীহার বসু :** টাকা দেওয়া হয়েছে ৭৯ লক্ষ ৯৮ হাজার ৩ শত। আর ২৬ হাজার ৬৬১ জন পেয়েছেন।

**শ্রী সৌগত রায় :** মাননীয় মন্ত্রী মহাশয়, সরকারের স্কীম হচ্ছে ৬০ বছরের বেশি বয়সের যে সমস্ত কৃষক তাদের পেনশন দেওয়া যারা চাষের কাজ করতে পারে না। এটা শুনলে মনে হবে যে সমস্ত ৬০ বছর বয়সের বেশি কৃষককে বামফ্রন্ট সরকার পেনশন দিচ্ছেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাচ্ছি যে পশ্চিমবাংলায় ৬০ বছরের বেশি বয়স্ক

ষক যারা আছেন, তাদের কত শতাংশ লোককে এখন পর্যন্ত কৃষি পেনশন দেওয়া হয়েছে বং এটা বাড়াবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

[11-50 — 12-00 Noon]

**শ্রী নীহার বসু ঃ** এই মুহূর্তে শতাংশের হিসাব দেওয়া মুশকিল। তবে অনেকে পান না।

**শ্রী সৌগত রায় ঃ** একটা রাফলি বলুন না কত পারসেন্ট পান? ১০ পারসেন্ট না ২ পারসেন্ট সেটা বলুন। আমার মনে হয় ২ পারসেন্টও পান না।

**শ্রী নীহার বসু ঃ** এটা নোটিশ দিলে বলে দেব। আর দ্বিতীয় প্রশ্ন যেটা করেছেন তার উত্তর হল এই মুহূর্তে টাকা বাড়াবার কোনও প্রশ্ন নেই এবং পেনশন হোল্ডারের সংখ্যা বাড়াবার সম্ভবনা নেই। ২ পারসেন্ট হলেও অন্য কোনও রাজ্যে নেই।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলতে চাই যে পদ্ধতিতে কৃষকদের পেনশন দেওয়া হয় সেই পদ্ধতিতে পোস্ট অফিসের মাধ্যমে পেনশেনর জীবিত আছে কিনা এই রিপোর্ট আসতে অনেক বিলম্বিত হয়, অনেক সময় দেখা গিয়েছে যে ১৮ মাস পরেও সে পেনশন পান নি। আমি এইরকম পেনশন প্রাপকের নাম জানি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার জিজ্ঞাস্য এই পদ্ধতি ক্যানসেল করে ব্লক অফিস বা পঞ্চায়েত সমিতির মাধ্যমে পেনশন প্রাপকের কাছে পেনশন পৌঁছে দেওয়ার ব্যবস্থা করার কথা বিবেচনা করবেন কি?

**শ্রী নীহার বসু ঃ** ব্লক অফিসের মাধ্যমে দিলে সেই একই প্রশ্ন থেকে যায় যিনি পেনশন প্রাপক তিনি জীবিত আছেন কিনা সেটা প্রমাণ করে আনতে হবে। আমাদের লক্ষ্য হচ্ছে আমরা সরাসরি পেনশন প্রাপকের কাছে টাকা পৌঁছে দেব। সেটা মানি অর্ডার করেই করতে হবে। প্রতি মাসে মানি অর্ডার করা সম্ভব নয়, বাস্তবে একটু অসুবিধা আছে। সেই জন্য ৩ মাস অন্তর দেওয়া হয়। এই প্রস্তাব ছাড়া অন্য কোনও পদ্ধতির যদি প্রস্তাব দেন যাতে সরাসরি পেনশন প্রাপকের কাছে পেনশন যায় তাহলে সেটা বিবেচনা করে দেখতে পারি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, একজন কৃষি পেনশন প্রাপক মারা গেলে সেই পেনশন তার স্ত্রী বা পরিবারের অন্য কাউকে দেওয়া যাবে কিনা?

**শ্রী নীহার বসু ঃ** স্ত্রী পেতে পারে, পরিবারের অন্য কেউ পাবেন না।

**ডঃ নির্মল সিনহা ঃ** আমার প্রশ্নটা সুভাষ নস্কর মহাশয় করে দিয়েছেন উনি যে প্রশ্ন জিজ্ঞাসা করেছেন তার সঙ্গে আমি কিছু সংযোজন করতে চাই। দেখা গিয়েছে এবং আমার গ্রামে এই রকম ঘটনা ঘটেছে ৩ মাস অন্তর পেনশন দেওয়ার ফলে তার পোস্ট অফিসে যে সময় পেনশন এল গ্রামের পোস্ট অফিসে টাকা আসতে ১৪-১৫ দিন লেগে যায়—সেই ভদ্রলোক মারা গেল। এক মাস অন্তর যদি পেনশন দেওয়া হয় তাহলে সে অন্তত ২ মাস

পেনশন পেত। আমার প্রশ্ন ব্লকের মাধ্যমে এক মাস অন্তর পেনশন দেওয়া যায় তার ব্যবস্থা করবেন কি?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** কৃষি পেনশন যেটা পশ্চিমবাংলায় চালু আছে এই কৃষি পেনশন অন্য কোনও রাজ্যে চালু আছে কিনা বলবেন কি?

**শ্রী নীহার বসু ঃ** না।

### সেচের জলের অপচয়

***৬৪।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৪৩) **শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সেচের জল ব্যবহার করার সময় প্রচুর জল অপচয় হয়, এবং

(খ) সত্যি হলে, অপচয় রোধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**ডাঃ ওমর আলি ঃ**

(ক) সত্যি নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** স্যার, অতিরিক্ত প্রশ্ন সেচের জল অপচয় হয়, এটা নিয়ে মন্ত্রী মহাশয়ের কাছে আমাদের ইরিগেশনের মিটিংয়ে বারবার আলোচনা হয়েছে। বিশেষ করে গ্রাউন্ড ওয়াটার নিয়ে [illegible] সমস্যা আছে। কাঁচা ড্রেনের জন্য জলের যে অপচয় হয়, বাস্তবে আমরা যেটা দেখছি, [illegible] অপচয়ের বিরুদ্ধে, এটা রোধ করবার জন্য আপনি কি কি ব্যবস্থা নিয়েছেন?

**ডাঃ ওমর আলি ঃ** [illegible] হল, ওর প্রশ্নটি ছিল যে প্রচুর পরিমাণে জল অপচয় হয় কিনা? তার জবাবে আমি বলেছি, না হয় না। প্রচুর পরিমাণে অপচয়ের কোনও প্রশ্ন নেই, আর অপচয় যদি না হয় তাহলে অপচয় রোধ করার প্রশ্নটি আসে কি করে? আপনার অবগতির জন্য জানাই কাঁচা ড্রেনের মাধ্যমে দেওয়ার বিষয়টি ক্ষুদ্রসেচের আওতায় নয়। আমরা এখন পাইপ লাইনের মাধ্যমে জল দিই। সেজন্য অপচয় কম হয়। কিছু কিছু ক্ষেত্রে অপচয় হতে পারে। কোনও কারণে পাইপ ফেটে গেলে বা ফুটো হয়ে গেলে তখন কিছুটা জল বাইরে গিয়ে নষ্ট হতে পারে। সেইক্ষেত্রে আমরা জানতে পারলে সেই জায়গায় ভাল পাইপ লাগিয়ে দিয়ে বা ফাটা পাইপ মেরামত করে দিই যাতে জল অপচয় না হয়।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** যেসব আর এল আই সেন্টারে পাইপ লাইন হয়নি, সেইসব সেন্টারে আর এল আই পাইপ লাইন করার সম্ভাবনা আছে কি?

**ডাঃ ওমর আলি :** সমস্ত ক্ষেত্রে আর এল আই স্থাপিত হয়েছে। সর্বক্ষেত্রে পাইপ লাইন করে দেওয়া আছে। পি ভি সি পাইপ আমাদের হাতে এখন না থাকার জন্য আমরা সব জায়গায় পাইপ লাইনের কাজ করতে পারিনি। তবে পাইপ পাওয়া গেলে যেসব জায়গায় করা হয়নি, সেই সব জায়গায় করে দেওয়া হবে।

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় মন্ত্রী মহাশয়, এই সার্ফেস ওয়াটার এবং ক্ষুদ্রসেচের অন্তর্গত বিভিন্ন প্রকল্পের জলের ব্যবহারে সঠিক ভাবে করার জন্য নতুন ভাবে যে ড্রিপ ইরিগেশন সিস্টেম চালু হয়েছে, সেই বিষয়ে আপনার দপ্তরে চালু করার কোনও পরিকল্পনা গ্রহণ করছেন কিনা বা ভাবছেন কিনা?

**ডাঃ ওমর আলি :** দুটি সিস্টেম আছে জল দেবার ব্যাপারে একটি হচ্ছে স্প্রিংকলার সিস্টেম, এবং আর একটি হচ্ছে ড্রিপ সিস্টেম। স্প্রিংকলার সিস্টেম আমরা পাহাড়ি এলাকায় চালু করেছি। দার্জিলিং, কালিংপং এবং কার্শিয়াংয়ে গেলে এই সিস্টেম দেখতে পাবেন। ড্রিপলার ইরিগেশন পদ্ধতিটা অত্যন্ত ব্যয় বহুল। আমরা এটি পরীক্ষামূলকভাবে করেছিলাম। খড়গপুরে আই আই টি এটা করেছেন। অত্যন্ত ব্যয় বহুল বলে আমরা ডিপ ইরিগেশন পদ্ধতি চালু করার সম্ভাবনা দেখছি না।

**শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি :** বর্তমানে যেসব পাইপ লাইন হয়েছে, এই পাইপ যেসব সরবরাহ করছেন, বিশ্ব ব্যাঙ্কের প্রকল্প যেসব হয়েছে, সেগুলো সব পলিথিন পাইপ দিয়ে হয়েছে। এগুলো আদৌ টিকছে না, প্রেসারে ফেটে যায়। এগুলো যে উদ্দেশ্য নিয়ে করা হয়েছিল, সেই উদ্দেশ্য এরফলে ব্যহত হচ্ছে। সেজন্য আপনি বিকল্প পদ্ধতির কথা ভাবছেন কি?

**ডাঃ ওমর আলি :** বিকল্প পদ্ধতি ভাবার ব্যাপার নেই। আগে আমরা কংক্রিটের পাইপ ব্যবহার করতাম। এখন পি ভি সি পাইপ ব্যবহার করা হচ্ছে, এগুলো ঐভাবে ফেটে যায় না। আমাদের অভিজ্ঞতা হচ্ছে, মাটির তলায় পি ভি সি পাইপ থাকলে সেগুলো সহজে নষ্ট হয় না। তবে কোনওক্ষেত্রে এইরকম ঘটনা যদি ঘটে থাকে, কোথাও যদি পাইপ ফেটে গিয়ে থাকে বা ভেঙে গেছে, এই ঘটনার কথা আমাকে জানালে তার ব্যবস্থা নেব।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি :** মাননীয় মন্ত্রী মহোদয়, সেচের জল অপচয় দুভাবে হচ্ছে। প্রথমত পাইপ লাইন ছেঁদা থাকার জন্য হচ্ছে। দ্বিতীয়ত আমরা বারবারই দেখছি যে কমান্ড এরিয়ার বাইরে যেখানে চাষাবাস হচ্ছে, সেখানে এই জল দেওয়া হচ্ছে। ও সি এম এবং অ্যাসিস্ট্যান্ট অপারেটের যারা আছেন, তাদের বার বার করে বলা সত্ত্বেও বিভিন্ন জায়গায় কমান্ড এরিয়ার বাইরে জল দেওয়া হচ্ছে দেখছি। এরজন্য সরকারের একসেস জল খরচ হচ্ছে। এর বিরুদ্ধে আপনি কোনও ব্যবস্থা নেবেন কিনা?

[12-00 — 12-10 p.m.]

**ডাঃ ওমর আলি :** সাধারণত কমান্ড এরিয়ার বাইরে জল দেওয়ার কথা নয়। একমাত্র খরার মতো অবস্থা হলে বিশেষ ক্ষেত্রে আমরা কমান্ড এরিয়ার বাইরে জল দেবার কথা বলি,

যাতে সেখানকার ফসল নষ্ট না হয় সেচের অভাবে। আর অন্য কোনও কমান্ড এরিয়ার বাইরে জল পাঠানো হলে সেটা যদি অপচয় হয় তাহলে সেক্ষেত্রে ট্যাক্স যদি আমরা তার থেকে পাইও তবুও আমরা সেইরকম নির্দিষ্ট কোনও অভিযোগ পেলে তার প্রতিকার করব।

**শ্রীমতী অনুরাধা পুততুন্ডা** ঃ মাননীয় মন্ত্রী মহাশয় একটি বিবৃতি কয়েক দিন আগে দিয়েছেন যে এই মাটির নিচের জল যদি আমরা ব্যবহার করে নিই তাহলে অদূর ভবিষ্যতে পানীয় জলের সঙ্কট দেখা দিতে পারে। এখানে বিভিন্ন জলাধার তৈরি করে বৃষ্টির জল কে আটকে রেখে নিচের জল ব্যবহার না করে ওই জল দিয়ে সেচের কাজ করার পরিকল্পনা আছে কিনা বলবেন কি?

**ডাঃ ওমর আলি** ঃ মাটির নিচের জল অপরিকল্পিতভাবে আমরা যদি ব্যবহার করতে থাকি তাহলে ভবিষ্যতে সঙ্কট দেখা দেবে। সেইকারণে কিছু কিছু জেলায় আমরা এ পর্যন্ত ৮৫টি ব্লকে মাটির তলার জলকে ব্যবহার না করার জন্য সতর্কতা হিসাবে বলে দিয়েছি এবং এই সতর্কতা অবলম্বন আমাদের করতে হয়েছে। এটা হচ্ছে রিচার্জেবেল অর্থাৎ কয়লা, তেল একবার তুলে নিলে সেটা পুর্নস্থাপন করা যায় না কিন্তু জল একবার তুলে নিলেও আবার জমে যায়। এখন আমাদের দেখতে হবে যে, জল যে জমছে তার থেকে বেশি জল তোলা হচ্ছে কিনা। যদি তোলা হয় তাহলেই ক্ষতি, এইসব ক্ষেত্রে আর্টিফিসিয়াল ব্যবস্থা আমরা করেছি। অর্থাৎ প্রাকৃতিক প্রভাবে রিচার্জের ব্যবস্থা আছে এবং তাছাড়াও আমরা ডোবা, পুকুর এইসব তৈরি করে মাটির বাঁধ দিয়ে সবটা না হলেও জল কনজার্ভ করে সেটাকে চাষের কাজে লাগানোর চেষ্টা করছি। এই ব্যাপারে ৪টি জেলার ৭টি ব্লক সমুদ্র উপকূলবর্তী, সেখানে খাল সংস্কার করে লিফট ব্যবহার করে সেচে জল দেওয়া যায় কিনা তারজন্য পরিকল্পনা গ্রহণ করার কাজ হাতে নিয়েছি।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### দোতলা বাস

*৬৫। (অনুমোদিত প্রশ্ন নং *২৫২) **শ্রী প্রশান্ত প্রধান** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতা ও তৎ সংলগ্ন অঞ্চলে কতগুলি দোতলা বাস বর্তমানে চালু আছে; এবং

(খ) ঐ বাসগুলি তুলে দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ

(ক) প্রতিদিন ২৬টি করিয়া দোতলা বাস চলাচল করে।

(খ) বর্তমানে কোনও দোতলা বাস কেনা হচ্ছে না। ইহা আস্তে আস্তে উঠিয়া যাইবে।

## বাঁকুড়া হর্টিকালচার রিসার্চ ফার্মের গবেষণা রিপোর্ট

*৬৬। (অনুমোদিত প্রশ্ন নং *৩৫৩) **শ্রী অমিয় পাত্র :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলার হর্টিকালচার রিসার্চ ফার্ম থেকে প্রাপ্ত কোনও গবেষণা রিপোর্ট সরকারের বিবেচনাধীন আছে কি না ; এবং

(খ) থাকলে, বাঁকুড়া জেলায় ফল ও সব্জীচাষের সম্ভাবনা সম্পর্কে ঐ রিপোর্টে কিছু বলা আছে কি না?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

## পরিবহন সংস্থার ডিপো নির্মাণ

*৬৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮৩) **শ্রী অঞ্জন চ্যাটার্জি :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সরকার রাজ্যের বিভিন্ন জেলায় দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গ পরিবহন সংস্থার ডিপো নির্মাণের কর্মসূচি গ্রহণ করেছে ; এবং

(খ) সত্যি হলে, ১৯৯৪-৯৫ আর্থিক বছরে কোন কোন জেলায় এবং কোথায় কোথায় এই ডিপো তৈরি করা হবে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৪-৯৫ সালে দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা নিম্নলিখিত জেলায় এবং স্থানে ডিপো নির্মাণের কর্মসূচি গ্রহণ করেছেন :-

| | জেলা | স্থান |
|---|---|---|
| দক্ষিণবঙ্গ | বর্ধমান | বর্ধমান |
| | পুরুলিয়া | পুরুলিয়া |
| | বাঁকুড়া | বাঁকুড়া |
| | মেদিনীপুর | দিঘা |
| | উত্তর ২৪ পরগনা | হাবড়া |

| | | |
|---|---|---|
| উত্তরবঙ্গ | মুর্শিদাবাদ | বহরমপুর |
| | | ফারাক্কা |
| | নদীয়া | কৃষ্ণনগর |
| | কলকাতা | কাঁকুড়গাছি |

এছাড়া উত্তরবঙ্গ পরিবহন সংস্থা কুচবিহারে একটি আধুনিক কর্মশালা তৈরি করেছে এবং কুচবিহার, শিলিগুড়ি রায়গঞ্জ ও মালদহ ডিপোগুলি সম্প্রসারণ ও আধুনিকীকরণের কাজ হাতে নিয়েছে।

পশ্চিমবঙ্গ ভূতল পরিবহন সংস্থা বিধাননগরে একটি ডিপো নির্মাণ বর্তমান বৎসরেই শুরু করবে।

### ধানবীজ গবেষণাগার

*৬৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৬৩) **শ্রী তপন হোড় ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে কতগুলি এবং কোথায়-কোথায় উচ্চ ফলন শীল ধান বীজের গবেষণাগার আছে?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মূল গবেষণাগার একটি এবং উপগবেষণাগার তিনটি

১) মূল গবেষণাগার—রাইস রিসার্চ স্টেশন, চুঁচুড়া, হুগলি

২) উপ-গবেষণাগার

ক) বাঁকুড়া, (খ) হাতোওয়ারা, পুরুলিয়া, (গ) গোসাবা, দক্ষিণ ২৪ পরগনা।

### সেচের কাজে হলদী নদীর জল

*৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯৪) **শ্রী শক্তি বল ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রে হলদী নদীর জল টেঙ্গুয়া খালে রিজার্ভ করে চাষাবাদের কাজে লাগানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, তা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(খ) প্রশ্ন ওঠে না।

**সোনামুখী-কলকাতা রুটে সরকারি বাস**

*৭০। (অনুমোদিত প্রশ্ন নং *৫১১) **শ্রী হারাধন বাউরি এবং শ্রী নন্দদুলাল মাঝিঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সোনামুখী থেকে কলকাতা রুটে সরকারি বাস চালানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ বা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আপতত নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**মেদিনীপুর জেলায় ডিপ টিউবওয়েলের সংখ্যা**

*৭১। (অনুমোদিত প্রশ্ন নং *৫৩৬) **শ্রীমতী নন্দরাণী দল ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় ডিপ-টিউবওয়েলের সংখ্যা কত ;

(খ) তন্মধ্যে কতগুলি বিদ্যুৎ চালিত ; এবং

(গ) বিদ্যুতবিহীন ডিপ টিউবওয়েলগুলিতে কবে নাগাদ বিদ্যুত সংযোগ হতে পারে বলে আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪১৩টি।

(খ) ৩৫০টি।

(গ) নির্দিষ্টভাবে বলা সম্ভব নয়।

**রুটের বাস অন্য রুটে চলাচলের অভিযোগ**

*৭২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৯৩) **ডঃ নির্মল সিনহা ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এ কথা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় কিছু বাস মালিক লাইসেন্সপ্রাপ্ত রুটে বাস না চালিয়ে তাদের ইচ্ছামতো অন্য রুটে চালাচ্ছেন ;

(খ) সত্যি হলে, এই ধরনের মালিকদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে কি না এবং

(গ) হলে, কতগুলি ক্ষেত্রে এবং কি ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) এরকম কোনও তথ্য জানা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**Mr. Speaker :** The question hour is over. Dr. Manas Bhunia, do not find Dr. Motahar Hossain in the House today. I have received a letter from Mr. P.K. Bhowmik in reply to the letter sent by ou Secretary. I want to deal with that letter in presence of Dr. Motaha Hossain. You convey him the message. If he be present tomorrow, will take up the matter after questions hour.

**Mr. Manan Bhunia :** Thank you, Sir.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received six notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. | Reported scarcity of drinking water in village areas including Raghu-Nathpur Municipality of Purulia district. | : Shri Natabar Bagdi |
| 2. | Situation of Nala village under Diamond Harbar P.S. consequent upon the massburial of about 100 dead body at the bank or river Ganga on 13.6.94 | : Shri Ajoy De |
| 3. | Reported collapse of a house at Parnasree of Behala. | : Shri Saugata Roy, Shri Anjan Chatterjee, Shri Nirmal Das, Shri Kshiti Goswami and Shri Tapan Hore. |
| 4. | Reported murder of one Santosh Maity in Sabang P.S. of Midnapore disctrict on 8.6.94 | : Dr. Manas Bhunia |

5. Demand for construction of a bridge over the river Jalangi at Tehatta of Nadia district. : Shri Kamalendu Sanyal
6. Implementation of Mega-City Project : Shri Lakshman Seth.

I have selected the notion of Shri Ajoy De on the subject of Sitation of Nala village under Diamond Harbur P.S. consequent upon the mass-burial of about 100 dead body at the bank of river Ganga on 13.6.94. The Minister-in-charge may please make Statementto day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 17th June.

**Mr. Spearker :** Mr. Now the Minister-in-charge of the Animal Resources Development Deptt. please make the statment on the subject of steps taken by the Govt. for eviction of Khatal from Calcutta City.

## STATEMENT UNDER RULE-346

[12-10 — 12-20 p.m.]

**শ্রী মহবুব জাহেদি ঃ** মাননীয় স্পিকার মহোদয়, "ওয়েস্ট বেঙ্গল ক্যাটল লাইসেন্সিং অ্যাক্ট ৫৯", আইন পাস হয়, তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে। এই আইন বলে, কলকাতা শহর বা শহরতলীতে গবাদি-প্রাণীর খাটাল রাখা বা তৈরি করা সম্পূর্ণভাবে বে-আইনি ও দন্ডনীয় অপরাধ, গবাদি প্রাণীর পুনর্বাসনেরর কথা চিন্তাভাবনা করে, এবং গবাদি প্রাণীর মানোন্নয়নের গবেষণার জন্য, বহু টাকা ব্যয়ে গড়ে ওঠে হরিণঘাটা-কল্যাণীর সরকারি খামার ও পশু গবেষণা কেন্দ্র। সুতরাং কলকাতা শহর থেকে বে-আইনি খাটাল অপসারণ করার জন্য, এই উদ্যোগ বা খাটাল মালিকদের তাদের গবাদি প্রাণীকে নিয়ে হরিণঘাটা ফার্মে চলে যাওয়ার জন্য অনুরোধ করা, কোনও কিছুই নতুন ঘটনা নয়। খাটাল মালিকদের এও বার বার অনুরোধ করা হয়েছে যে, তারা যদি রাজ্য সরকারের হরিণঘাটা কল্যাণী খামারে না যেতে চান, তবে তারা 'ওয়েস্ট বেঙ্গল ক্যাটল লাইসেন্সিং অ্যাক্ট' এলাকার বাইরে যেন তাদের গবাদি-প্রাণীর খাটাল সরিয়ে নেন। এমনকি এক সময় গবাদি প্রাণীর পুনর্বাসনের কথা চিন্তা করে রাজ্য সরকারের পক্ষ থেকে গার্ডেনরীচ, গঙ্গানগর, কসবা এবং হাওড়ার বেলগাছিয়াতে বিজ্ঞানসম্মত গো-শালার ব্যবস্থা করা হয়। সেখানে জল, আলো, প্রাণী চিকিৎসা ও গোয়ালাদের বাসস্থান ইত্যাদিও ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু দুঃখের ব্যাপার খাটাল মালিকরা এব্যাপারে সরকারের সাথে কোনও সহযোগিতা করেন নি বা তাদের খাটাল ওইসব স্থানে সরিয়েও নেন নি। এজন্য পরবর্তী সময়ে কয়েকটি গো-শালা আমাদের অন্য দপ্তরকে দিয়ে দিতে হয়। এবং এজন্য অর্থের অপচয়ও হয়।

এরপর খাটাল মালিকদের কেউ কেউ নানা অজুহাতে প্রথমে মহামান্য হাইকোর্ট এবং পরবর্তী সময়ে, মহামান্য সুপ্রিম কোর্ট পর্যন্ত যান। এই দুটি আদালতেই রায় তাদের বিপক্ষে

যায়। দুটি মহামান্য আদালতই জনস্বাস্থ্য ও পরিবেশ সুরক্ষার স্বার্থে, খাটাল অপসারণের পক্ষে রায় দেন। মহানগরী থেকে খাটাল অপসারণের চেষ্টা মাঝে মাঝে চললেও তার গতি ব্যাহত হয়েছিল নানাবিধ আইনজনিত কারণে, কোর্ট থেকে রায় পাওয়ার আগে পর্যন্ত।

মাননীয় স্পিকার মহোদয়, কলকাতা শহর ও শহরাঞ্চলের ঘন বসতিপূর্ণ এলাকায় গবাদি প্রাণীর খাটালের বর্জ্য মল-মূত্র ও আবর্জনা দ্বারা পয়ঃপ্রণালী ও জল নিকাশি ব্যবস্থাকে করে তুলেছে বিপর্যস্ত। পরিবেশকে করে তুলছে বিপন্ন। এছাড়া অবৈধ খাটালগুলিতে প্রাণী পালন পদ্ধতি একেবারেই বিজ্ঞান সম্মত নয়। প্রাণী বিশেষজ্ঞদের মতে—রোগগ্রস্ত গবাদি প্রাণীর দেহ এবং অ-বৈজ্ঞানিক প্রথায় প্রাণী পালন থেকে যে যে রোগ জীবাণু দুধের মাধ্যমে মানুষের শরীরে প্রবেশ করতে পারে সেগুলি হল—ব্রুসেলোসিস, টি বি, টাইফয়েড, প্যারা টাইফয়েড, গ্যাসট্রোএনট্রাইটিস, তড়কা, ইত্যাদি। এছাড়া খাটালের পরিবেশ উন্নতমানের না হওয়ায় এগুলির মাধ্যমে মশা ও মাছির সংখ্যাও বৃদ্ধি পাচ্ছে এবং নানা রোগ ছড়ানোর সম্ভাবনা থাকছে। এছাড়া বে-আইনি ঘাটালগুলিতে গবাদি প্রাণীর ওপর তাৎক্ষণিক লাভের উদ্দেশ্য নানা ধরনের নিষ্ঠুর এবং অমানবিক অত্যাচার চালানো হয়। যেমন—পিটুইটারি হরমোন জাতীয় ইনজেকশন দিয়ে দুধ বৃদ্ধির চেষ্টা, গরু বা মোষের পুরুষ বাচ্ছা ইচ্ছাকৃতভাবে মেরে ফেলে খড়ের কাঠামোর ওপর চামড়া দিয়ে কৃত্রিম বাচ্চার মতো সাজিয়ে গরু বা মোষের থেকে দুধ আদায়ের চেষ্টা। এর ফলশ্রুতি হল গরু ও মহিষের বন্ধ্যা হয়ে যাওয়া জনিত সমস্যা এবং উন্নত জাতের গরু ও মোষের ভবিষ্যৎ প্রজন্মের দ্বারা চিরকালের জন্য ক্রমশ রুদ্ধ হয়ে যাওয়া। এছাড়াও থাকে গরু এবং মহিষের দুধ কমে গেলে ব্যবসা ও তাৎক্ষণিক লাভের উদ্দেশ্যে সেগুলিকে নিয়ে গিয়ে কষাই খানায় বিক্রি করা। আপনারা ভেবে দেখুন এই জাতীয় কাজ দীর্ঘকাল ধরে চলতে দেওয়া যায় কিনা।

রাজ্য সরকার হরিণঘাটা-কল্যাণী সরকারি পশু খামারে খাটাল মালিকদের জন্য বিজ্ঞানসম্মত উপায়ে একদিকে যেমন প্রাণী পালনের ব্যবস্থা করেছেন, অন্যদিকে তেমনভাবে তাদের সরকার নির্ধারিত মূল্যে জল, বৈদ্যুতিক আলো, প্রাণী চিকিৎসা, রোগ প্রতিষেধক ব্যবস্থা, গোয়ালাদের জন্য থাকার ঘরের ব্যবস্থা করেছেন। আমরা খাটাল মালিকদের একথা বলেছি যে হরিণঘাটা ফার্মে তাদের গরু ও মহিষ রাখলে উৎপাদিত দুধ তারা ইচ্ছা করলে নির্ধারিত মূল্যের বিনিময়ে সরকারকেও দিতে পারেন অথবা দুধ অন্য যে কোনও স্থানে বিক্রি করতে চাইলে তাও পারেন। এবিষয়ে সরকারের কোনও বাধ্য বাধকতা নেই। এমনকি খাটাল মালিকরা যদি চান, তবে তাদের গরু মহিষের দুধ আমরা আমাদের দুগ্ধাগারের মাধ্যমে শীতলীকরণেরও ব্যবস্থা করে দিতে পারি সরকার নির্ধারিত মূল্যের বিনিময়ে। তারা সেই দুধ যেখানে খুশি সেখানে নিয়ে গিয়ে বিক্রি করতে পারেন।

খাটাল মালিকরা যদি তাদের গবাদি প্রাণীদের নিয়ে 'ওয়েস্ট বেঙ্গল ক্যাটেল লাইসেন্সিং অ্যাক্ট' এলাকার বাইরে গিয়ে ব্যবসা করতে চান তবে রাজ্য সরকার উন্নত গো পালনের বিষয়ে তাদের সাধ্যমতো পরামর্শ বা চিকিৎসার ব্যবস্থা করবেন বলে জানিয়েছেন।

গত ১৯৮৬ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত অষ্টাশী (৮৮) বার কলকাতার বিভিন্ন জায়গায় অবৈধ খাটাল অপসারণের কাজ চালানো হয়েছিল এবং ১২৩১টি গরু ও মো

বাজেয়াপ্ত করা হয়েছিল।

গত ৪-৩-৯৪ তারিখ থেকে ৪-৬-৯৪ তারিখ পর্যন্ত কলকাতার সাতটি বিভিন্ন জায়গায় অবৈধ খাটালের ২৫১টি গরু এবং মহিষ ধরে হরিণঘাটা-কল্যাণী সরকারি ফার্মে পাঠানো হয়েছে। সেগুলি বর্তমানে ভালো ভাবে রাখা হয়েছে।

রাজ্য সরকারের দুগ্ধ দপ্তর এবং মাদার ডেয়ারি খাটাল অপসারিত এলাকায় রোগ জীবাণু মুক্ত 'পাস্তরাইজড' দুধ সরবরাহ করছে। বর্তমানে সরকারি দুধের ডিপো থেকে প্রতি লিটার দশ টাকা মূল্যে গরুর দুধ এবং টোন্ড দুধ প্রতি লিটার সাত টাকা মূল্যে আবেদন ও অগ্রিম এক মাসের টাকা জমা দেওয়ার ভিত্তিতে কার্ড করে ইচ্ছুক ব্যক্তিদের দুধ সববরাহ করা হচ্ছে। মাদার ডেয়ারিও প্রতি লিটার সাত টাকা পঞ্চাশ পয়সা মূল্যে টোন্ড দুধ সরবরাহ করছে। আমরা এ মাসে জনগণের অসুবিধার কথা চিন্তা করে আগামী ১৫-৬-৯৪ তারিখ পর্যন্ত সরকারি দুধের ডিপো থেকে দুধ সংগ্রহ করার জন্য কার্ড করাবার মেয়াদ বাড়িয়েছি। সাধারণত এই কাজ প্রতি মাসের এক তারিখ থেকে দশ তারিখ পর্যন্ত করা হয়ে থাকে। আমি রাজ্য সরকারের পক্ষ থেকে খাটাল মালিকদের কাছে আগেও অনুরোধ করেছি এবং এখনও করছি যে তারা যেন জনস্বাস্থ্য, পরিবেশ সুরক্ষা এবং বিজ্ঞানসম্মত উপায়ে প্রাণী পালনের জন্য তাদের. গবাদি প্রাণী হরিণঘাটা-কল্যাণী সরকারি খামারে নিয়ে যান অথবা 'ওয়েস্ট বেঙ্গল ক্যাটেল লাইসেন্সিং অ্যাক্ট' এলাকার বাইরে তাদের গবাদি প্রাণী নিয়ে গিয়ে স্বাস্থ্য সম্মত উপায়ে প্রতি পালন করেন।

এই প্রসঙ্গে আমি রাজ্য সরকারের পক্ষ থেকে পরিষ্কার ভাবে জানাতে চাই যে ঠিকা টেনেন্সি (অ্যাকুইজিশন অ্যান্ড রেগুলেশন) অ্যাক্ট, ১৯৮১ সালের পাঁচ নম্বর ধারা এবং ১৯৯৩ সালের সংশোধিত ৫(ডি) ধারা বলে যে কোনও ভাড়া করা জমির উপর খাটালের জমির মালিকানা ১৯৮২ সালের ১৮ই জানুয়ারি থেকে সরকারে ন্যস্ত হয়েছে। তাই এ সম্বন্ধে অন্য কোনও ভাবনার অবকাশ নেই।

আমি এখানে আপনাদের দৃষ্টিতে আনতে চাই, এই বিধানসভায় এ প্রশ্ন এসেছিল যে খাটালের সমস্ত জমির মালিকানা কি হবে। কেউ কেউ বলেছিলেন প্রোমোটারদের দেওয়া হবে কিনা? আমি আশ্বস্ত করে বলতে চাই, যে খাটাল উচ্ছেদ হচ্ছে তার সমস্ত জমির মালিক হচ্ছেন সরকার এবং তা ভেস্টেড ল্যান্ড। এ সম্বন্ধে অন্য কোনও ভাবনার অবকাশ নেই। পরিশেষে আমি আবার বিধানসভার সব মাননীয় সদস্যের কাছে এবং কলকাতা তথা পশ্চিমবাংলার সব মানুষের কাছে এই আবেদন রাখছি, একটা সাংঘাতিক অবস্থা, খাটাল অপসারণের জন্য আমাদের সঙ্গে আপনারা সকলে সহযোগিতা করুন।

## LAYING OF ORDINANCES

### The Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1994

**Shri Asok Bhattacharya :** Sir, I beg to lay the Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1994 (West Bengal Ordinance

No. III of 1994) under Articles 213(2) (a) of the Constitution of India.

**The West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Ordinance, 1994**

**Shri Asok Bhattacharya :** Sir, I beg to lay the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Ordinance, 1994 (West Bengal Ordinance No. IV of 1994) under Article 213)(2)(a) of the Constitution of India.

## LAYING OF RULES

**The West Bengal State Election Commissioner (Conditions of Service and Tenure of Office) Rules, 1994**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the West Bengal State Election Commissioner (Conditions of Service and Tenure of Office) Rules, 1994, published under notification No. 4013-P dated 30.5.94 and corrigendum No. 4234-P dated 7.6.94.

## MENTION CASES

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, গত ৩০শে অক্টোবর রাত্রিবেলা ভিখারি পাশোয়ানকে তেলেনিপাড়া থেকে পুলিশ তুলে নিয়ে গিয়েছিল। এটা রাজ্য পুলিশের একটা মস্তবড় কলঙ্কের কাজ। ভিখারি পাশোয়ানকে তুলে নিয়ে গিয়ে তার লাশ গুম করে দেওয়া হয়। এব্যাপারে হাইকোর্টে আবেদন করার পরিপ্রেক্ষিতে হাইকোর্ট নির্দেশ দিয়েছে বিষয়টা সি বি আই-কে দিয়ে তদন্ত করা হবে। পশ্চিমবঙ্গে এই রাজ্য সরকারের রাজত্বকালে এটা একটা ইতিহাস সৃষ্টি হল, কিন্তু এখন আমাদের কাছে খবর আছে এই মামলায় হাইকোর্টে রাজ্য সরকার সহযোগিতা করবেন না। আমি রাজ্য সরকারের কাছে দাবি করছি তারা যেন হাইকোর্টের তদন্তে কোনও রকম বাধার সৃষ্টি না করেন এবং সি বি আই-র সঙ্গে সম্পূর্ণ সহযোগিতা করেন। এর সাথে সাথে আমাদের বিশ্বাস যদি রশিদ খানের বোমা বিস্ফোরণের ঘটনার এইভাবে তদন্ত হত তাহলে রশিদ খানের সঙ্গে সি পি এম-এর যোগাযোগ প্রকাশ পেয়ে যেত। ভিখারি পাশোয়ানের ক্ষেত্রে হাই কোর্টের সি বি আই তদন্তের নির্দেশে আমাদের মনে হয় রাজ্যবাসী মনে করছে রাজ্য সরকারের প্রতি এটা একটা অনাস্থারই প্রকাশ। আমি দাবি করছি মুখ্যমন্ত্রী এই সভায় এসে দাঁড়িয়ে এ বিষয়ে তাদের বক্তব্য পেশ করুন। গরিব চটকল শ্রমিকদের ওপর এই যে অত্যাচার, এর জন্য বাংলার মানুষ এই সরকারকে কখনও ক্ষমা করবে না।

**শ্রী শীশ মহম্মদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমাদের ওখানে দুটো প্রাইমারি হেলথ সেন্টারে আছে। একটা আহিরণে এবং আর একটা মমসাইতে। ওখানে একটা মার্ডার কেস হয়ে যাবার পর দ্বিতীয়টা নিমতিতায় উঠে চলে গেছে। দুটি স্বাস্থ্য কেন্দ্রেই কালাজ্বরের ওষুধ এবং কুকুরে কামড়ানোর বা জলাতঙ্কের ইঞ্জেকশন নেই। দিন

য়েক পূর্বে আমাদের ওখানে একটা ঘটনা ঘটেছে— একটা ছেলেকে কুকুরে কামড়ালে পর স স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে ইঞ্জেকশন না পেয়ে জঙ্গিপুর সাব-ডিভিসনাল হাসপাতালে যায়। কিন্তু সখানে তাকে ইঞ্জেকশন দেওয়া হয় না। কারণ হিসাবে তাকে বলা হয় যে, সে যেহেতু গ্রামের সেহেতু তাকে ইঞ্জেকশন ঐ হাসপাতাল থেকে দেওয়া যাবে না। ওখানে ইঞ্জেকশন নিতে হলে রঘুনাথগঞ্জ মিউনিসিপ্যালিটির কমিশনারের সার্টিফিকেট আনতে হবে এবং রঘুনাথগঞ্জের বাসিন্দা হতে হবে। ওখানে কেবল মাত্র রঘুনাথগঞ্জ মিউনিসিপ্যাল এলাকার জনসাধারণকেই ইঞ্জেকশন দেওয়া হয়। পাড়াগাঁয়ের মানুষকে ইঞ্জেকশন দেওয়া হবে না। আমি বুঝতে পারছি না আমাদের সরকার যখন শহর ছেড়ে গ্রামে যেতে চাইছে তখন স্বাস্থ্য দপ্তরের ডাক্তার বলছে, গ্রাম ছেড়ে শহরে এস! গ্রামের মানুষের সঙ্গে এরকম বিমাতৃসুলভ আচরণই বা কেন করা হচ্ছে! গ্রামের মানুষ হলে এবং তাকে কুকুরে কামড়ালে সে ইঞ্জেকশন পাবে না! এ কি রকম বিচার? জঙ্গিপুর সাব-ডিভিসনাল হাসপাতালে এই জিনিস ঘটেছে। তাই আমি বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবি করছি। সাথে সাথে তাকে অনুরোধ করছি কুকুরে কামড়ানোর ইঞ্জেকশন যাতে গ্রামের মানুষরাও পেতে পারে তার জন্য তিনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

[12-20 — 12-30 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে প্রাথমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় একটি প্রাইমারি স্কুলে চাকরির নিয়োগের ক্ষেত্রে ব্যাপক দুর্নীতি হয়েছে। আমি এই ব্যাপারের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলায় এ বি পি টি এর অফিস থেকে চেয়ারম্যান, শ্রী দেবতোষ দত্তের মাধ্যমে ২৯মে, ১৯৯৪ তারিখে প্রচুর নিয়োগপত্র রাতের অন্ধকারে বিলি করা হয়েছিল এবং যেখানে ৪১৪ জনের চাকরি হওয়ার কথা, সেখানে ৪৩০ জনের বেশি চাকরি হয়েছে বলে লোকেদের অভিযোগ এবং এই সমস্ত চাকরি কি পদ্ধতিতে, কি ভিত্তিতে দেওয়া হয়েছে সে ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষ বলতে পারেনি। সি পি এমের এক অংশ প্রচুর টাকার খেলা হয়েছে বলে দাবি করছেন। আর এস পির গৌতম গুপ্ত টাকার খেলা হয়েছে বলে অভিযোগ করেন। আমাদের মালদা জেলায় বহু বেসিক ট্রেনিং প্রাপ্ত, মাদার ট্রেনিং প্রাপ্ত এবং নন-ফরমাল ট্রেনিং প্রাপ্ত যোগ্যতাসম্পন্ন ক্যানডিডেট ছিল। তারা এই চাকরি থেকে বঞ্চিত হয়েছে। এইরকম একটা বাজে অবস্থার মধ্যে গিয়ে দাঁড়িয়েছে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি মালদায় গিয়ে এই ব্যাপক দুর্নীতি সম্পর্কে দেখুন এবং তদন্ত করুন আর অবৈধ চাকরির লিস্ট বাতিল করে নতুনভাবে যাতে নিয়োগ পত্র দেওয়া হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী এবং মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র ভরতপুর গ্রাম পঞ্চায়েতের আর এস পির নির্বাচিত মহিলা সদস্যা জ্যোৎস্না পালকে কংগ্রেস দলের লোককরা কিডন্যাপ করে নিয়ে চলে যায়। ঐ পঞ্চায়েতে উনি একমাত্র ব্যালেন্স মেম্বার যেটা বামফ্রন্টের দখলে আছে। তাকে কিডন্যাপ করে নিয়ে গিয়ে বামফ্রন্টের দখলে যাতে ঐ পঞ্চায়েত না

থাকে তারজন্য কংগ্রেসিরা নোংরা রাজনীতিতে মেনে উঠেছে। শুধু ভরতপুরেই নয়, আরও গ্রাম পঞ্চায়েতে আর এস পি সদস্য এবং নির্দল সদস্যদের তুলে নিয়ে যাচ্ছে নোংরা রাজনীতি করার জন্য। আমার কাছে অভিযোগ আছে, মুর্শিদাবাদ জেলায় কংগ্রেস পঞ্চায়েতে হেরে গিয়ে এই নোংরা রাজনীতি খেলছে। আমার কাছে রিপোর্ট আছে, জেলার প্রভাবশালী কংগ্রেসের এম এল এর বাড়িতে নিয়ে গিয়ে এইসব সদস্যদের রাখা হচ্ছে যাতে পঞ্চায়েতের কাজ বানচাল করে দেওয়া যায়। আমি এই জঘন্য কাজের তীব্র নিন্দা করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** (অনুপস্থিত)

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন। আমার নির্বাচনী এলাকা কালিগঞ্জে মোলান্দী যাওয়ার জন্য ৫-৬ কিলোমিটার রাস্তার দরকার। সেই রাস্তার অভাবে বিশেষ করে প্রসূতি এবং অসুস্থ রোগীদের ঐ জায়গায় যেতে অসুবিধা হয়। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, পলাশি পাড়া থেকে যে রাস্তাটি শিয়ালখেলার মোড় হতে মোলান্দী গেছে এই ৬ কিলোমিটার রাস্তা যাতে পাকা হয় তারজন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় দেড় মাসের উপর সময় ধরে এগরা বিক্রয় কর দপ্তরের চেকপোস্ট বন্ধ হয়ে আছে, এবং পুলিশ, পঞ্চায়েত এবং বিক্রয় কর অফিসারদের সঙ্গে গোলমাল হচ্ছে, ফলে চেক পোস্ট বন্ধ হয়ে যায়, এর ফলে প্রায় দেড় কোটি টাকা রাজস্বের ক্ষতি হচ্ছে। প্রতি দিন ৫ থেকে ৬ লক্ষ টাকার রাজস্বের ক্ষতি হচ্ছে এই বিষয়টি নিয়ে অর্থ এবং স্বরাষ্ট্র দপ্তরের সঙ্গে যোগাযোগ করে একটা এনকোয়ারি হয়। কিন্তু সেই এনকোয়ারির এখনও রিপোর্ট বার হয় নি। এর জন্য পুলিশ, বিক্রয়কর অফিসার, না পঞ্চায়েত কে দায়ী সেটা দেখা দরকার, তা না হলে সরকারের এই রাজস্বের যে ক্ষতি সেটা বরদাস্ত করা যায় না।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় বিচারবিভাগীয় মন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি আমার কাছে একটি চিঠি পাঠানো হয়েছে ওয়েস্ট বেঙ্গল প্র্যাকটিশনারস ফোরাম, উলুবেড়িয়ার আইনজীবীরা এই ফোরাম তৈরি করেছেন। তারা তাদের দাবি দাওয়ার ব্যাপারে কোর্ট চত্বরের বাইরে যখন মিটিং করছিলেন পুলিশ সেই মিটিং বন্ধ করে দেয় এবং বলে যে যদি মিটিং চলে তাহলে কি করে বন্ধ করতে হয় তা জানা আছে। এর ফলে সমস্ত ল-ইয়াররা কালো ব্যাজ পরে কোর্টে যান এবং আইনজীবীরা তাদের ক্লায়েন্টদের বিচার করছেন না, ওখানে একটা অসম্ভব পরিস্থিতির সৃষ্টি হয়েছে এবং উলুবেড়িয়ার বিচার ব্যবস্থা ভেঙে পড়েছে, আমি চিঠিটা আপনার কাছে দিচ্ছি, আপনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী তপন হোড় ঃ** স্যার, আমি বলতে চাই যে বাংলাদেশের কিছু উগ্রমৌলবাদী মুসলিম লেখিকা শ্রীমতী তসলিমা নাসরিনকে আক্রমণ করে চলেছে। তাই এপার এবং ওপার

বাংলার সাহিত্য সংস্কৃতিবান মানুষেরা খুবই উদবিগ্ন। আমরা জানি যে বি জে পি এ ব্যাপারে উস্কানি দিচ্ছে, তারা তার লজ্জা উপন্যাসখানি ছাপিয়ে এই উস্কানিতে মদত দিচ্ছে। সম্প্রতি তসলিমা নাসরিনের ভারতবর্ষে আসা নিয়েও উস্কানি দিচ্ছে, আমরা মনে করি এই উগ্রমৌলবাদী হিন্দু মুসলিম যাই হোক তাদের ধিক্কার দিয়ে তসলিমা নাসরিনের নিরাপত্তার দাবি জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না।)

**ডাঃ তরুন অধিকারী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি ক্রীড়া মুখ্যন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। খেলার ব্যাপারে উত্তর ২৪ পরগনার ব্যারাকপুর, নৈহাটির খেলোয়াড়দের একটা বিরাট অবদান আছে, তাদের দাবি মেনে নিয়ে সরকার ১৯৮৫ সালে নৈহাটিতে একটি স্টেডিয়াম করার কাজ শুরু করেছিলেন, কিন্তু ১০ বছর ধরে তার প্রাচীর শেষ হওয়া ছাড়া আর কিছুই হয় নি। গতকাল বামফ্রন্ট সরকারের ১৮ বছর পূর্তির কথা শুনলাম, ক্রীড়ামোদী এবং খেলোয়াড়দের স্বার্থে অবিলম্বে ঐ নৈহাটির স্টেডিয়াম যাতে শেষ করা যায় তারজন্য সরকার যেন এগিয়ে আসেন।

**শ্রী নির্মল দাস :** স্যার, একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, আমরা লক্ষ্য করছি মালদা থেকে গৌড় এক্সপ্রেস যেটা ছাড়ে তাতে উত্তর দক্ষিণ দিনাজপুরের প্যাসেঞ্জাররা আসেন, কিছুদিন থেকে ইস্টার্ন রেলওয়ে অথরিটি তাদের ফার্স্ট ক্লাশ কোচ বাতিল করে দিচ্ছেন, অসুস্থ মানুষরাও আসতে পারছেন না গতকাল মাননীয় মন্ত্রী বিশ্বনাথ চৌধুরির এই অবস্থা হয়েছিল, সেজন্য এর প্রতিকারের দাবি জানাচ্ছি।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী জটু লাহিড়ি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়ার বোটানিকাল গার্ডেন যেখানে সারা ভারতবর্ষ থেকে বহু ট্যুরিস্ট আসেন ঐ বাগান দেখতে, কিন্তু সেখানে বর্তমানে সমাজবিরোধীদের অত্যাচার শুরু হয়ে গেছে। ঐসব সমাজবিরোধীরা ট্যুরিস্টদের, বিশেষ করে মেয়েদের সঙ্গে কুৎসিত ব্যবহার করে, নানারকম কটুক্তি করে। সময়ে সময়ে তারা মেয়েদের শাড়ি ধরে পর্যন্ত টানাটানি করে। সন্ধ্যায় পর সেখানে মদের আড্ডা বসে এবং হেরোইন খাওয়া হয়। ঐ বাগানের বিখ্যাত বটবৃক্ষের দক্ষিণের প্রাচীরের ইট ভেঙ্গে দেওয়া হয়েছে, কিন্তু সেদিকে প্রশাসনের কোনও নজর নেই। স্থানীয় এক সি পি এম নেতার অনুচর সেখানে বেআইনি মদের ব্যবসা খুলে বসেছে। যাতে সেখানে মদ বিক্রি বন্ধ হয়, অন্যায় অত্যাচার বন্ধ হয় এবং প্রকৃত অপরাধীদের গ্রেপ্তার করা হয় তারজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ২০শে জুন মুসলিমদের সবচেয়ে বড় উৎসব মহরম, কিন্তু আমার জেলার গ্রামাঞ্চলে রেশনে চাল চিনি গম এবং কেরোসিন তেল পাওয়া যাচ্ছে না। এই উৎসব উপলক্ষ্যে আমার এলাকায় বড় বড় সব মেলাও বসে। আমি খাদ্যমন্ত্রীর কাছে দাবি করছি, যাতে রেশনের মাধ্যমে ঐসব সামগ্রী সরবরাহ করা হয় তারজন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে পূর্ত দপ্তরের একটি রাস্তা আছে টোটাল ৭ কিলোমিটার রাস্তা চাঁদপাড়া থেকে পাল্লা পর্যন্ত, যারমধ্যে P.W.D. ৪ কিলোমিটার রাস্তা করেছেন, কিন্তু তিন কিলোমিটার রাস্তা করেননি। তারফলে তৈরি রাস্তাটি ক্রমশ ভেঙ্গে যাচ্ছে। এ ব্যাপারে পূর্ত দপ্তরকে বললে তারা বলছেন বাকিটা জেলা পরিষদ করবে, আবার জেলা পরিষদকে বললে তারা বলছেন—ওটা পূর্ত দপ্তর করবে। ঐ রাস্তা ধরে মেয়েরা বর্তমানে স্কুলে পর্যন্ত যেতে পারছে না, কারণ সেখানে এক হাঁটু কাদা। অবিলম্বে বাকি ৩ কিলোমিটার রাস্তা করবার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সুন্দর হাজরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয়া ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার লালগড় ব্লকের অধীনে ভেটোলি গ্রামে গত ঘূর্ণীঝড়ে ৪২টি বাড়ি সম্পূর্ণভাবে ধ্বংস হয়েছে। ঐ একই ব্লকের কাটাপাহাড়ি গ্রামে ৪০২টি বাড়ি অগ্নি সংযোগে সম্পূর্ণরূপে বিনষ্ট হয়ে গেছে। যাতে গ্রাম দুটিতে অবিলম্বে পর্যাপ্ত পলিথিন সিট দেওয়া হয় এবং উপযুক্ত ত্রাণের ব্যবস্থা করা হয় তারজন্য ত্রাণমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩-৬-৯৪ তারিখে চেমাগুড়িতে ভুটভুটি ডুবে যারা মারা গিয়েছিলেন তাদের পরিবারকে ১০ হাজার টাকা ক্ষতিপূরণ হিসাবে দেবার ব্যবস্থা করা হয়েছে, কিন্তু গত ১৩-১০-৯৩ তারিখে কাকদ্বীপে লঞ্চ ডুবে যে ৪২ জন মারা গিয়েছিলেন এবং যাদের মধ্যে ৩৭জনকে সনাক্তও করা গিয়েছিল তাদের পরিবারকে কিন্তু আজ পর্যন্ত কোনও ক্ষতিপূরণ দেওয়া হয়নি। তারা আবেদন-নিবেদন করেছেন, দরখাস্ত করেছেন, কিন্তু ক্ষতিপূরণ দেওয়া হয়নি। কাকদ্বীপের ফেরিঘাটটি কিন্তু অ্যাপ্রুভড ফেরি-ঘাট তা সত্ত্বেও সরকারের উদাসীনতার ফলে তারা একটি পয়সাও ক্ষতিপূরণ পাননি। ঐ ৩৭ জনের পরিবারও যাতে অবিলম্বে ক্ষতিপূরণের টাকা পান তারজন্য আমি ট্রান্সপোর্ট মিনিস্টারের কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী সমর বাউরা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশের মানুষের স্বার্থে আঘাত হানার জন্য কেন্দ্রীয় সরকার ৯ই জুন মধ্যরাত্র থেকে ভারতবর্ষের কৃষক সমাজের সর্বনাশ ডেকে এনেছেন নাইট্রোজেন সারের দাম ২০ পারসেন্ট বৃদ্ধি ঘটিয়ে। আজকে যেভাবে ক্রমাগত সারের মূল্য বৃদ্ধি ঘটানো হচ্ছে তাতে আমাদের দেশের কৃষির উন্নতি রুদ্ধ হবে তাই নয়, কৃষির অবনতির দিকে যাবে। আন্তর্জাতিক চুক্তি হিসাবে যা বলা হয়েছে। ১৯৯৩ সালের ৫ই মার্চ আমাদের দেশের প্রধানমন্ত্রী দিল্লিতে সমস্ত মুখ্যমন্ত্রীদের সভা করে বলেছিলেন যে বিদেশের বাজারে যদি সস্তায় পাই তাহলে দেশে কেন উৎপন্ন করব। এই নীতির ভিত্তিতে ১৯৯০ সালে বিদেশের বাজারে প্রতি টন সারের দাম ২শত ডলার কমে যখন ১৩০ ডলার ঘোষণা করা হয় তখন আমাদের দেশের ৩টি কারখানা বন্ধ করা হল, সারের উৎপাদন ঘাটতি সৃষ্টি করা হল। সেই সময়ে বিদেশ থেকে যখন সারের আমদানি শুরু করা হল তখন আমাদের এখানে কারখানা বন্ধ হল। আজকে আন্তর্জাতিক বাজারে সারের সাম বাড়ছে এবং সেই সঙ্গে আমাদের দেশেও

সারের দাম ক্রমাগত বাড়িয়ে দেওয়া হচ্ছে। এর ফলে সার কৃষকের নাগালের বাইরে চলে যাচ্ছে। আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাতে চাই যে সারের মূল্য বৃদ্ধি অব্যাহত রাখা হোক এবং বন্ধ সার কারখানাগুলি চালু করা হোক এবং এই কারখানা চালু করে বিদেশি মুদ্রার সাশ্রয় করা হোক।

**শ্রী শিবদাস মুখার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বধূ হত্যার ঘটনার প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তার প্রতিকার দাবি করছি। কৃষ্ণনগর সরকারি বিদ্যালয়ের শিক্ষক নিখিলচন্দ্র মুখার্জির কন্যা মহুয়া চ্যাটার্জির ১৯৮৭ সালে বিবাহ হয়। তারপর থেকে তার উপরে দৈহিক এবং শারীরিক অত্যাচার চলছে পনের টাকা এবং বিভিন্ন দান-সামগ্রী দেবার জন্য। গত ৩০.৭.৯৩ তারিখে সে জলপাইগুড়িতে আত্মহত্যা করে। তার স্বামীর নাম দীপক চ্যাটার্জি। তিনি জলপাইগুড়িতে কেন্দ্রীয় সরকারের এস আই বি তে চাকুরি করেন এবং জলপাইগুড়ির হায়দার পাড়ায় থাকেন। গত ৩১-৭-৯৩ তারিখে মেয়ের বাবা ভক্তি নগরে থানায় ডায়রি করেন এবং কেস করেন। কিন্তু আজ পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। আজকে বধূ হত্যা, নির্যাতনের বিরুদ্ধে যেখানে নানা রকম ব্যবস্থার কথা বলা হচ্ছে, সেখানে আজ পর্যন্ত তাকে গ্রেপ্তার করা হয়নি। আমি তাই আপনার মাধ্যমে দাবি করছি যে দীপক চ্যাটার্জিকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক।

**শ্রী বিশ্বনাথ মিত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার জেলা নবদ্বীপে ভাগিরথীর ভাঙ্গনে বিভিন্ন এলাকা নদী গর্ভে চলে গেছে। সেখানে গৌরাঙ্গ সেতু বিপন্ন হয়ে পড়েছে। দুই জন চিফ ইঞ্জিনিয়ার দেখে এসেছেন এবং কেন্দ্রীয় সরকারের মন্ত্রী যখন এসেছিলেন তখন তিনিও দেখে গেছেন এবং তিনি প্রতিশ্রুতিও দিয়েছিলেন। কিন্তু এই ভাঙ্গনে বেড়ে চলেছে, এর কোনও প্রতিকার হয়নি। অবিলম্বে যদি বিষয়টি না দেখা হয় এবং কোনও পরিকল্পনা না নেওয়া হয় তাহলে বিস্তীর্ণ এলাকা নদী গর্ভে চলে যাবে এবং অনেক ঐতিহাসিক নিদর্শনও নদী গর্ভে চলে যাবে। কাজেই এই বিষয়ে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সৌগত রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার এলাকার একটা ঘটনায় এলাকার মধ্যে এবং সারা পশ্চিমবাংলার মানুষের চিন্তার বিষয় হয়ে দাঁড়িয়েছে। আমার বিধানসভা কেন্দ্রে বন্ধ হয়ে যাওয়া একটি কারখানা বেঙ্গল ল্যাম্পের ম্যানেজিং ডাইরেক্টর তাপস রায় থাকেন। কয়েকদিন আগে সেই তাপস রায়ের বিরুদ্ধে তার স্ত্রীকে নিগ্রহ করার অভিযোগে পুলিশ তাকে কোমরে দড়ি বেধে নিয়ে আসে। গতকাল পুলিশ ৫ ঘন্টা ধরে তার বাড়ি সার্চ করে। স্থানীয় কংগ্রেস কর্মীরা বধূ নির্যাতন এবং নারী নির্যাতনের বিরুদ্ধে বিক্ষোভ দেখাচ্ছিলেন। কিন্তু সমস্যা হচ্ছে, সি পি এম-এর সাংসদ, তিনি আবার মুখ্যমন্ত্রীর ভাগ্নে, তিনি এই ব্যাপারে তদন্তে হস্তক্ষেপ করছেন। আপনি জানেন স্যার, এই বেঙ্গল ল্যাম্প কারখানায় মুখ্যমন্ত্রীর পুত্র কাজ করতেন, তিনি এখন বিলেত গেছেন, তিনি এসে হস্তক্ষেপ শুরু করবেন। লোক বুঝতে পারছে না সরকার কার পক্ষে, তাপস রায়ের পক্ষে না তার স্ত্রীর পক্ষে?

পুলিশি তদন্ত হচ্ছে, এটা সঠিক ভাবে বার হবে কিনা এই ব্যাপারে সমস্যা আছে। এই ব্যাপারে সমস্ত তথ্য হাউসে প্লেস করা হোক। সি পি এম পার্টি সোকজ করেছে মুখ্যমন্ত্রীর ভাগনা তথা সি পি এম পার্টির সাংসদকে। এটা কোনও ব্যাপার নয়। কি অভিযোগ এসেছে, কে দোষী, পুলিশ কি ব্যবস্থা নিয়েছে, পরে কি ব্যবস্থা নেওয়া হবে এই ব্যাপারে সমস্ত তথ্য জানতে চাই। সি পি এম-এর সাংসদ কি করেছেন সেটাও জানতে চাই।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার বিধানসভা কেন্দ্র তারকেশ্বরে একটা গ্রামীণ হাসপাতাল তৈরি হয়েছে এবং সেটা চালু হবার অপেক্ষায় পড়ে রয়েছে। এই হাসপাতালের জল নিকাশি ব্যবস্থার জন্য একটা বিরাট খাল আছে। এই খাল একেবারে বুজে গিয়েছে। এখানে জল নিকাশি ব্যবস্থা যদি সঠিকভাবে না হয় তাহলে একটা দুর্গন্ধময় পরিবেশ তৈরি হবে, একটা মারাত্মক অস্বাস্থ্যকর পরিবেশ তৈরি হবে। গ্রামের মানুষের স্বাস্থ্য রক্ষার্থে জল নিকাশি ব্যবস্থা সঠিকভাবে রাখতে এই খাল সংস্কার করা হোক এবং নির্মীয়মান হাসপাতাল অবিলম্বে চালু করার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি সাহস পেয়েছি মাননীয় পূর্তমন্ত্রী এখানে বসে আছেন বলে একটা বিষয়ে তাকে জানাতে পারব বলে। মেদিনীপুরের মহিষাদল থেকে গেঁয়োখালি ১০ কিলোমিটার একটা রাস্তা আছে। এই রাস্তাটি নির্যাতিত হচ্ছে গত ২ বছর ধরে। এক দিকে ফলতা অবাধ বাণিজ্য কেন্দ্র হচ্ছে, তার জন্য পাথর থেকে আরম্ভ করে সমস্ত রকম মেটিরিয়াল এই রাস্তার উপর দিয়ে যাচ্ছে। ফলে গত ২ বছর ধরে এই রাস্তায় ব্লাক টপ বলে কিছু নেই। পি ডব্লু ডি ডিপার্টমেন্টকে গত ২ বছর ধরে বলে যাচ্ছি, কিন্তু তারা নড়েচড়ে বসছেন না, সমস্ত রকম আবেদন নিবেদন করেও কোনও কাজ হচ্ছে না। সেইজন্য আমি এই বিধানসভায় বলছি। বিধানসভায় যদি মর্যদা থাকে, মন্ত্রী মহাশয় যদি এই ব্যাপারে গুরুত্ব দেন তাহলে আমি আশা করব মেদিনীপুরের এই গুরুত্বপূর্ণ রাস্তাটি হবে। এই রাস্তার মহিষাদল এবং গেঁয়োখালি এই দুটি পয়েন্টই গুরুত্বপূর্ণ। এক দিকে ফলতা অবাধ বাণিজ্য কেন্দ্র গড়ে উঠছে, অন্য দিকে হলদিয়ার কাছে ত্রিবেণী সঙ্গম ট্যুরিজিম কমপ্লেক্স তৈরি হচ্ছে। এই রাস্তাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং রাস্তাটির সংস্কার একান্ত প্রয়োজন।

**ডঃ নির্মল সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার এলাকার একটি জঘন্য ঘটনার কথা বলছি এবং অপরাধীদের যথা যোগ্য শাস্তির দাবি রাখছি। আমার মগরাহাট পূর্ব বিধানসভা কেন্দ্রে ধামুয়া দক্ষিণ গ্রাম পঞ্চায়েতের কংগ্রেস উপপ্রধানের মদতপুষ্ট কিছু সমাজ বিরোধী, পাশের গ্রামে একজন মহিলাকে রাত্রি ১১টার সময় তুলে এনে গণ ধর্ষণ করে। এই ব্যাপারে যখন গ্রামবাসীরা শালিসীর ব্যবস্থা করে তখন উপপ্রধান দেখে যে সমস্ত সাক্ষী-সাবুদ আসামীর বিপক্ষে যাচ্ছে। তখন সেই উপপ্রধান অনর্থক একটা ঘটনা ঘটিয়ে পুলিশকে দিয়ে গ্রামবাসীর বিরুদ্ধে কেস হাজির করে। এই অবস্থা সেখানে হয়েছে। যদিও সেই ধর্ষণকারীদের বিরুদ্ধে পুলিশি কেস হয়েছে। কিন্তু ওরা চেষ্টা করছে যাতে ওই অপরাধীদের মুক্ত করা যায়। সেইজন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে সেই অপরাধীরা যেন দৃষ্টান্ত মুলক শাস্তি পায়।

**শ্রী মোজাম্মেল হক :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি একটি জরুরি বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হরিহরপাড়া, নওদা, বেলডাঙ্গা সীমান্ত অঞ্চলে ঘোড়ামারা হাসপাতালটি ৫২ সালে চালু হয়েছিল। সেখানে মোট ১২ জন স্টাফ ছিল। এই ১২ জন স্টাফের মধ্যে ডাক্তার, কম্পাউন্ডার দূরে থাকুক, কোনও স্টাফই নেই। সেখানে ইঁদুর, মাকড়সা এবং টিকটিকি বাস করে। বহরমপুর, বেলডাঙ্গা এবং হরিহরপাড়া এলাকার মানুষকে চিকিৎসার জন্য এখন ২৮ কিলোমিটার দূরত্ব পথ ঘুরে যেতে হবে। এটি একটি দুরূহ এলাকা। ঐ হাসপাতালটিতে অবিলম্বে ডাক্তার সহ সমস্ত স্টাফ পাঠিয়ে যাতে অবিলম্বে হাসপাতালটি চালু হয় তারজন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবি করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার সাথে এই প্রস্তাবটিতে আশাকরি সাগরদ্বীপের বিধায়ক মাননীয় প্রভঞ্জন মন্ডলও নিশ্চয়ই সমর্থন করবেন। কারণ ২৪ পরগনা এবং মেদিনীপুর জেলার কাঁথি থেকে যে সমস্ত মানুষ যাতায়াত করেন তাদের নদীপথে যাতায়াত করতে হয়। রসুলপুরে লঞ্চ সার্ভিসের ব্যবস্থা আছে। কিন্তু সম্প্রতি মুড়িগঙ্গাতে দুটি দুর্ঘটনা পরপর ঘটার ফলে ওখানকার মানুষ আতঙ্কিত হয়ে পড়েছেন। তাই আমি দাবি করছি, ওখানে লঞ্চ সার্ভিসের বদলে ভেসেল সার্ভিস চালু করা হোক যাতে যখন তখন ওখানে দুর্ঘটনা না ঘটতে পারে। সাগরদ্বীপের কাছে যে দুর্ঘটনা ঘটে চলেছে ট্রলার এবং ভুটভুটি এলোপাথাড়ি ভাবে চলার জন্য তাতে ঐ দুই এলাকার মানুষকে ভয়ে ভয়ে নিত্য যাতায়াত করতে হয়। সেজন্য উক্ত অঞ্চলের মানুষদের যাত্রাকে সুস্থ ও নিরাপদ করতে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য আমি দাবি করছি।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে চন্দননগরে ইরেগুলার মিটার রিডিংয়ের জন্য জনসাধারণের দুর্ভোগের বিষয়টি মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে প্রতিকারের দাবি করছি। সাধারণত একমাসে মিটার রিডিং হয় না। যেহেতু তিনমাস বিলিং হয় সেজন্য তিনমাস অন্তর রিডিং করা উচিত। কিন্তু দেখা যাচ্ছে ৬ মাসে মিটার রিডিং করা হচ্ছে। এরমধ্যে প্রথম তিনমাসের বিলে কনজাম্পশন কম দেখিয়ে অ্যাভারেজ করে দিয়ে দিচ্ছে। কিন্তু পরবর্তী তিনমাসের বিলিংয়ে দেখা যাচ্ছে অসম্ভব টাকা ধার্য করা হচ্ছে। অর্থাৎ বিদ্যুত কনজাম্পশনের যে স্লাব সেটা বেড়ে যাওয়ার জন্য সারচার্জ, অতিরিক্ত ট্যাক্স বেড়ে যাচ্ছে। এই যে অতিরিক্ত টাকা সাধারণ মানুষকে দিতে হচ্ছে, এরফলে জনসাধারণের মধ্যে বিক্ষোভ হচ্ছে। এর এখনই প্রতিকার করা দরকার।

**শ্রী অজয় দে :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি বিষয়ের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা বিভিন্ন জেলাতেও শুনছি, বিশেষ করে আমাদের নদীয়া জেলায় দেখছি যে বিভিন্ন জায়গায় সরকারি যেসব প্রকল্প আছে, বেকার যুবক এবং ব্যবসায়ীরা নিজেদের পায়ে যাতে দাঁড়াতে পারে বিভিন্ন লোনের মাধ্যমে, যারজন্য, সেস্রু, এন আর আই প্রাইম মিনিস্টার যোজনা, জওহর রোজগার যোজনা এই সমস্ত স্কীম আছে। ব্যাঙ্ক কর্তৃপক্ষকে ভরতুকির টাকাও দিয়ে দেওয়া হয়েছে। পঞ্চায়েতগুলো সেস্রুর ইন্টারভিউ নিচ্ছে। বছর বছর এন আর আই এর সাবসিডির টাকা ব্যাঙ্কে পাঠিয়ে দেওয়া হয়েছে, এক দুই এবং তিন বছর

আগে পাঠিয়ে দেওয়া হয়েছে। কিন্তু ব্যাঙ্ক কর্তৃপক্ষের টালবাহানার জন্য সরকারের ভরতুকির টাকা ব্যাঙ্কে যা জমা পড়েছে তার ইন্টারেস্ট আমরা পাচ্ছি না। দেখা যাচ্ছে যে যে সমস্ত মানুষের কাছে এই টাকা প্রকৃতপক্ষে পৌছুবার কথা তা তাদের কাছে গিয়ে পৌছাচ্ছে না। এর বিরুদ্ধে যাতে ব্যবস্থা নেওয়া হয় তারজন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50 — 1-00 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌর দপ্তর এবং মিউনিসিপ্যাল অ্যাফেয়ারস দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলা হচ্ছে সর্ববৃহৎ জেলা এবং এখানে ৭টি মহকুমা আছে। এই জেলার ঝাড়গ্রাম মহকুমা হচ্ছে বিহার এবং উড়িষ্যার তীরবর্তী এলাকা। এটি একটি লাল মাটির এবং খরা প্রবণ এলাকা। কিন্তু অত্যন্ত দুর্ভাগের বিষয় যে এই এলাকার মানুষের পক্ষ থেকে এই সরকারের কাছে আবেদন করেছিল যে ঝাড়গ্রামে একটি ফায়ার ব্রিগেড স্টেশন করা হোক। বহু আবেদন করা সত্ত্বেও কোনও কাজ হয় নি। ঝাড়গ্রাম শহরে কোনও ফায়ার স্টেশন না থাকার ফলে অনেক দূর থেকে আগুন লাগলে ফায়ার ব্রিগেডের গাড়ি আসে। গাড়ি যখন আসে তখন আগুন প্রায় অনেকটা লেগে যায়। রক্ষা করা সম্ভব হয় না। জুবিলি মার্কেটে ৩ বার আগুন লাগল, কয়েক কোটি টাকার সম্পত্তি নষ্ট হল। সেইকারণে আমি পৌর দপ্তরের মন্ত্রী আজকে বাজেট রয়েছে, আমি আপনার মাধ্যমে পৌরমন্ত্রী এবং আরবান ডেভেলপমেন্ট মিনিস্টারের কাছে আবেদন করছি যাতে অবিলম্বে ঝাড়গ্রাম শহরে একটি ফায়ার ব্রিগেড স্টেশন স্থাপন করা হয়।

**শ্রী তুলসী ভট্টরাই :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের রাজ্যের পূর্ত বিভাগের মন্ত্রী এবং পরিবহন মন্ত্রী এবং কেন্দ্রীয় পূর্ত বিভাগের মন্ত্রীর আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। কার্শিয়াং থেকে শিলিগুড়ি একটি এন এইচ ৫৫ দিয়ে যাবার সময়ে ২ জন লোককে মেরে ফেলেছে এবং ১৮ জন লোক আহত হয়ে হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এই এন এইচ ৫৫ রাস্তাটি ১০ থেকে ১২ ফুট। এটি রাজ্য সরকার এবং সুভাষ ঘিসিংয়ের তত্বাবধানে এই রাস্তাটিকে এন এইচ বলে ডিক্লেয়ার করা হয়। এই রাস্তাটি করার জন্য কেন্দ্রীয় সরকারের কোনও আর্থিক সাহায্য পাওয়া যায় নি। এখানে যারা অ্যাক্সিডেন্টের মারা গেছে তাদের পরিবারকে কম্পেনসেশন দেওয়া হোক এবং রাস্তাটি মেরামতি করার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী মায়ারানী পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুর শহরে ডিস্ট্রিক্ট হসপিটাল নামটি গালভরা হলেও সেই হাসপাতালটির ছাদের টালি ভেঙ্গে ভেঙ্গে পড়ছে। বেড সরানো হয়েছে ফলে রোগীরা মারা যায় নি। হাসপাতালটিতে কোনও ওষুধ নেই। সর্বত্র ঝুল বাড়ছে। একটা আই ডিপার্টমেন্ট আছে, বলে অপারেশন হয় কিন্তু একটা সুতোও চোখে পড়ল না। সুতরাং এই হাসপাতালটির সংস্কার বিশেষ দরকার।

**শ্রী অতুলচন্দ্র দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মেদিনীপুর জেলার দিঘাতে প্রায় ৮-১০ বছর

হল এখানে রেলস্টেশন নির্মিত হয়েছে কিন্তু রেল লাইন নেই। অদূর ভবিষ্যতেও রেল লাইন হবে কিনা যথেষ্ট সন্দেহ আছে। এটি একটি বিশ্ব রেকর্ড করেছে যে রেল স্টেশন আছে কিন্তু রেল লাইন নেই, এটা গ্রীনিজ বুকে লেখা দরকার।

**শ্রী দেবপ্রসাদ সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রীকে দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে, প্রাথমিক শিক্ষার প্রশ্নে মহামান্য হাইকোর্টের আদেশ এবং রাজ্য সরকারের নির্দেশ অগ্রাহ্য করে ৬০ বছরের উর্ধ্বে শিক্ষকদের মাসিক বেতন এবং চাকুরির সময় সীমা বৃদ্ধির আদেশকে স্থগিত রেখে দক্ষিণ ২৪ পরগনা এবং উত্তর ২৪ পরগনা কুচবিহারের স্কুলগুলোতে গত দেড় বছর ধরে বয়ঃবৃদ্ধ শিক্ষকদের বেতন দিচ্ছে না। তারা অনাহারে, অর্দ্ধাহারে এবং বিনা বেতনে দিন কাটাচ্ছেন। সারা পশ্চিমবঙ্গের মধ্যে মাত্র ১৮ টি জেলাতে ৬০ বছরের উর্ধ্বে শিক্ষকদের বেতন দেওয়া বন্ধ করে দিয়েছে। সুতরাং এই যে কয়েকটি জেলাতে বৈষম্য কেন এবং সরকারি আদেশ অগ্রাহ্য কেন করছে সেই ব্যাপারে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ফলে এই ব্যাপারে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যাতে ঐ জেলার শিক্ষকরা মাসিক বেতন পান।

**শ্রী সুধন রাহা** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জলপাইগুড়ি জেলায় ছাত্রভর্তির সমস্যা দেখা দিয়েছে বিশেষ করে পঞ্চম শ্রেণী ও নবম শ্রেণীতে। এই ব্যাপারে একটা উদ্বেগজনক অবস্থার সৃষ্টি হয়েছে। অভিভাবকরা হন্যে হয়ে ঘুরে বেড়াচ্ছে, বিক্ষোভ দেখাচ্ছে কোনও সুরাহা হচ্ছে না। অবিলম্বে এই সমস্ত হাইস্কুলে একটা নির্দেশ পাঠানো দরকার যাতে স্থানীয় এলাকায় স্কুলে ছাত্রদের ভর্তি করে নেয়, এই আবেদন আমি শিক্ষামন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী প্রবোধ চন্দ্র পুরকায়েত** : (নট প্রেজেন্ট।)

**শ্রী অঞ্জন চ্যাটার্জি** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করছি। গোটা রাজ্য জুড়ে কোনও পোস্ট অফিসেই ইনল্যান্ড বা পোস্ট কার্ড পাওয়া যাচ্ছে না। এতদিন ধরে এই সমস্যাটি গ্রামাঞ্চলের মধ্যেই ছিল, সম্প্রতি জি পি ও তে ইনল্যান্ড বা পোস্ট কার্ড পাওয়া যাচ্ছে না। এর ফলে গোটা রাজ্যের মানুষ একটা চরম সঙ্কটের মধ্যে পড়েছে। বিশ্বব্যাঙ্কের সঙ্গে কেন্দ্রীয় সরকারের ঋণের যে আন্তর্জাতিক শর্ত তাতে এইসব ক্ষেত্রে ভরতুকি তুলে নেওয়ার ফলে পোস্ট কার্ড এবং ইনল্যান্ডের ক্ষেত্রে যে মূল্য সেটা তারা দিতে চাচ্ছে না সেইজন্য পোস্ট অফিস থেকে এইগুলি পাওয়া যাচ্ছে না। তাই আপনার মাধ্যমে আমি কেন্দ্রীয় যোগযোগ দপ্তরকে জানাতে চাই অবিলম্বে এই ব্যাপারটি দেখার জন্য।

**শ্রী শিশির সরকার** : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার নবগ্রাম থেকে লালবাগ পর্যন্ত রাস্তায় বাসের যোগাযোগ নেই। বহরমপুর যেতে গেলে ৩ মাইল ঘুরে যেতে হয়, প্রতিদিন গ্রামাঞ্চল থেকে মহকুমার সদরে নানান কাজে লোককে যেতে হয়। এতদিন রাস্তার খারাপ অবস্থা ছিল, পূর্ত দপ্তর এর সহায়তায় সেই রাস্তার মেরামতি হয়েছে। সুতরাং আমার দাবি ওখানে সরকারি

পরিবহন ব্যবস্থা চালু করার জন্য যাতে অবিলম্বে এটা চালু হয় তার অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ব্রজগোপাল নিয়োগী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দুর্গাপুর হাইওয়ে রাস্তার যে নির্মাণ লক্ষ্য ছিল সেটা নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ হল না। এখনও ১ বছরের মধ্যে শেষ হবে কিনা তার কোনও কিছু নির্দিষ্ট নেই। এই কাজটি ত্বরান্বিত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছি এবং রাজ্য সরকারের পূর্ত দপ্তরকেও এটি দেখার জন্য বলছি। সঙ্গে সঙ্গে দিল্লি রোড যেটা আছে এন এইচ ২ তার কাজও মেইনটেনান্স হচ্ছে না, ঐ রাস্তা হলে এই রাস্তার প্রয়োজন ফুরিয়ে যাবে। এই অবস্থায় দুর্গাপুর রাস্তার কাজ শেষ করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

[1-00 — 1-10 p.m.]

**শ্রী নিশিকান্ত মেহেতা :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পিছিয়ে পড়া পুরুলিয়া জেলাতে সরকারি যানবাহনের সংখ্যা খুবই কম, প্রাইভেট বাস মালিকদের উপর আমাদের নির্ভর করতে হয়। ঝালদা থেকে কলকাতা পর্যন্ত এস বি এস টি সি-র একটি বাস চলাচল করত কিন্তু বর্তমানে সেটি বন্ধ। অবিলম্বে এই বাসটি পুনরায় চালু করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। দ্বিতীয়ত অযোধ্যা পাহাড় এবং এই ধরনের অঞ্চল যেখানে বড় বাস যেতে পারে না সেখানে ১০ থেকে ২২ সিটের ম্যাকসিগুলি চালাবার পারমিট দিলে একদিকে যেমন সরকারের রেভিনিউ আদায় হবে অপর দিকে যাত্রীসাধারণও যাতায়াতের ক্ষেত্রে সুবিধা পাবেন। এর পর আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের বিবেচনার জন্য কয়েকটি প্রস্তাব রাখছি। আন্তরাজ্য রোড ট্যাক্স এক জায়গা থেকেই নেওয়া উচিত। দ্বিতীয়ত অ্যাডিশনাল ট্যাক্স ফ্ল্যাট রেটে না দিয়ে আসন সংখ্যার আনুপাতিক হারে নেওয়া হোক। এতে রাজ্য সরকারের রেভিনিউ বাড়বে।

**শ্রী শৈলেন্দ্রনাথ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পৌর ও নগর উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয়ের একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র পাঁচলার চড়া-পাঁচলা গ্রাম পঞ্চায়েত এলাকায় সি এম ডি এ ১০ বছর আগে কয়েক লক্ষ টাকা খরচ করে একটি জলসরবরাহ প্রকল্প তৈরি করেছেন। দীর্ঘদিন ধরে তার পাইপ লাইন-এ ডিফেক্ট থাকার জন্য তার সুবিধা এলাকার মানুষরা পাচ্ছে না। এখনও সেটা একই অবস্থায় রয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ কয়েক লক্ষ সরকারি টাকা ব্যয় করে জনসাধারণের কল্যাণের জন্য যে প্রকল্প করা হয়েছে তার সুবিধা মানুষ যাতে পেতে পারে তারজন্য অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করুন।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিচার বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৮৯ সালে হলদিয়া নতুন মহকুমা হিসাবে গঠিত হয় এবং হলদিয়ায় আদালতের কথাও ঘোষিত হয়। হলদিয়ার আদালতের বা মহকুমা কোর্টের কাজ তমলুক কোর্টে চলছে। অবিলম্বে হলদিয়াতে

মহকুমা আদালত চালু করা হোক। তাছাড়া হলদিয়াতে জেলখানা নির্মাণের প্রস্তাব আছে। তা যাতে নির্মাণ হতে পারে তারজন্য সংশ্লিষ্ট মন্ত্রীর মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবনাথ মুর্মু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে তফসিলি জাতি উপজাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তফসিলি জাতি, উপজাতি ও আদিবাসী সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা পড়াশুনার ক্ষেত্রে যে স্টাইপেন্ড পায় এবং সরকারি সুযোগ সুবিধা পায় সেখানে পারিবারিক আয়ের উর্ধ্বসীমা ধার্য আছে দু হাজার টাকা। এর ফলে অনেক তফসিলি জাতি, উপজাতির ও আদিবাসী সম্প্রদায়ের ছাত্রছাত্রীরা বঞ্চিত হচ্ছে। এই দ্রব্যমূল্য বৃদ্ধির দিনে দু হাজার টাকা আয়ের পরিবারকে কখনও স্বচ্ছল পরিবার বলা যায় না। এ ক্ষেত্রে উর্ধ্বসীমা বাড়াবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী প্রভঞ্জন মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কংগ্রেসের শ্রী শৈলজা দাস যে প্রসঙ্গটি উত্থাপন করলেন সেই প্রসঙ্গেই আমি বলছি। স্যার, আপনি জানেন যে সুন্দরবনের বিস্তীর্ণ অঞ্চলে যাতায়াতের একমাত্র উপায় হচ্ছে ওয়াটার ট্রান্সপোর্ট। এছাড়া অন্য কোনও উপায় নেই। এ ক্ষেত্রে আমি সরকারকে একটি বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করছি। মেদিনীপুরের সঙ্গে সাগরের সুন্দরবনের এক অঞ্চল থেকে আর এক অঞ্চলের কি করে যোগাযোগ করা যায় সেটা দেখতে হবে। সে জায়গায় ভুটভুটিকে অনুমোদন দেওয়া হবে কিনা, বিনা অনুমতিতে চালালে কি ব্যবস্থা গ্রহণ করা হবে, এবিষয়ে সরকারকে একটা নির্দিষ্ট বক্তব্য রাখতে হবে। ফিসিং ট্রলারে মানুষ পরিবহণ করতে পারবে কিনা, এটাও বিবেচনা করে দেখতে হবে। যেভাবে ওগুলো চলছে তাতে বার বার দুর্ঘটনা ঘটছে, মানুষ মারা যাচ্ছে মন্ত্রীরা যাচ্ছেন, মানুষ কিছুটা আশ্বাস্ত হচ্ছে, কিন্তু মন্ত্রীরা ফিরে আসার পর আর কোনও ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। আমরা হেল্পেলেস অবস্থায় থেকে যাচ্ছি। আমরা জনপ্রতিনিধি, মানুষ আমাদের কোয়েশ্চেন করছে, জানতে চাইছে, আমরা কিছু বলতে পারছি না। আমরা কি বলব? আমাদের তো মানুষকে উত্তর দিতে হবে। আমরা মন্ত্রীদের কাছে যাচ্ছি, মন্ত্রীদের দরবারে আবেদন করছি। এই অবস্থায় কিছু একটা ব্যবস্থা করা দরকার। ওখানকার ট্রান্সপোর্ট ব্যবস্থা কি হবে, সে বিষয়ে একটা পজিটিভ স্টেপ নেওয়া দরকার। তবে যেগুলো চলছে সেগুলো আজকে নতুন কিছু নয়, ৭০/৮০ বছর ধরেই এই জিনিস চলছে। ওখানকার ফেরি সার্ভিসগুলোর কোনটা মেদিনীপুর জেলা পরিষদ কন্ট্রোল করছে, কোনটা দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদ কন্ট্রোল করছে। এই অবস্থায় সামগ্রিক ভাবে একটা কিছু ভাবনা চিন্তার দরকার আছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** স্যার, মাননীয় প্রভঞ্জন বাবু যে প্রশ্নটা তুলেছেন সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। দক্ষিণ ২৪ পরগনা এবং মেদিনীপুরের একটা বিরাট অঞ্চলের মানুষরা সম্পূর্ণ বিচ্ছিন্ন এলাকায় বসবাস করে এবং সুষ্ঠু পরিবহনের অভাবে তারা জীবন বিপন্ন করে যাতায়াত করে। সুতরাং আমি দাবি করছি এই গুরুত্বপূর্ণ বিষয়টির ওপর মাননীয় পরিবহন মন্ত্রী হাউসে একটা স্টেটমেন্ট দিন।

**শ্রী কমলেন্দু সান্যাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ

বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রতিকার দাবি করছি। স্যার, নদীয়া জেলার তেহট্টের বেতাই ২নং পঞ্চায়েত সমিতির অধীন প্রায় ২১০০ বিঘা জমির ওপর তফসিলি এবং আদিবাসী সম্প্রদায় ৪০০-র বেশি মানুষ বসবাস করেন। অথচ ওখানে তাদের জন্য কোনও রকম পায়খানা বা প্রস্রাবাগারের ব্যবস্থা নেই। তারা এক চরম অস্বাস্থ্যকর অবস্থায় মধ্যে বসবাস করেন। ফলে যে কোনও মুহূর্তে তাদের জীবনে বিপর্যয় নেমে আসতে পারে। সে জন্য আমি আপনার মাধ্যমে পঞ্চায়েত মন্ত্রী, তফসিলি জাতি এবং আদিবাসী কল্যাণ দপ্তরের মন্ত্রী এবং বিশেষ করে স্বাস্থ্য মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি ওখানে অবিলম্বে বিজ্ঞান সম্মত পায়খানা, প্রস্রাবাগারের ব্যবস্থা করা হোক।

**শ্রী শেখ খবিরুদ্দিন আহমেদ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র নদীয়া জেলার নাকাশিপাড়ার বেথুয়াডহরি স্বাস্থ্য কেন্দ্রে গত ৪/৬/৯৪ তারিখ ডাক্তাররা গণ ছুটি গ্রহণ করে। ফলে সেদিন ওখানে রুগীদের চিকিৎসা বন্ধ থাকে। ফলে একটা বিষ খাওয়া রুগীকে এমার্জেন্সিতে ভর্তি করা সম্ভব হয় না। কয়েক ঘণ্টা সেই রুগী হাসপাতালের সামনে বিনা চিকিৎসায় পড়ে থেকে মারা যায়। সেই মৃত্যুকে কেন্দ্র করে ঐ এলাকায় গণ বিক্ষোভের সৃষ্টি হয়। আমি এই ঘটনাটির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং দাবি করছি তিনি তদন্ত করে দোষী ব্যক্তির শাস্তির বিধান করুন। সাথে সাথে ঐ হাসপাতালটির সর্বাঙ্গীন উন্নতির ব্যবস্থাও করুন।

**শ্রী নটবর বাগদি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষা মন্ত্রী তথা সমগ্র মন্ত্রী সভায় দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি একটু আগেই একজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন। তথাপি বিষয়টির গুরুত্ব উপলব্ধি করে আমি আবার উল্লেখ করছি। আমাদের রাজ্যের বিদ্যালয়গুলিতে ৫ম এবং ৯ম শ্রেণীতে ছাত্র ভর্তিকে কেন্দ্র করে এক বিরাট সামাজিক বৈষম্যের সৃষ্টি হচ্ছে। তফসিলি, আদিবাসী সম্প্রদায়ের খেটে খাওয়া পিছয়ে পড়া পরিবারগুলির ক্ষেতমজুর, মুটে, রিক্সাওয়ালা, জনমজুর প্রভৃতি ছেলে মেয়েরা ৫ম এবং ৯ম শ্রেণীতে ভর্তি হবার সুযোগ পাচ্ছে না। ফলে তারা শিক্ষালাভের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। যে নির্দিষ্ট নম্বরের ভিত্তিতে ঐসব ক্লাশে ছাত্র ভর্তি করা হচ্ছে সেই নির্দিষ্ট নম্বর পিছিয়ে পড়া পরিবারের সন্তান হবার ফলে তারা বেশির ভাগই পাচ্ছে না। ফলে ভর্তি হতেও পারছে না। এই অবস্থায় নতুন করে একটা অর্ধ শিক্ষিত সমাজের সৃষ্টি হচ্ছে। সুতরাং এদের বিদ্যালয়ে ভর্তির বিষয়ে সরকারকে আমি চিন্তা করতে অনুরোধ করছি। অবিলম্বে বিদ্যালয়গুলিতে এদের জন্য রিজার্ভেশনের ব্যবস্থা করা হোক।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ এবং উদ্বেগপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কংগ্রেস (আই)-র মদত পুষ্ট হয়ে, সমাজ বিরোধীদের সমর্থন নিয়ে এবং বিহার রাজ্য থেকে গুন্ডা আমদানি করে ঝাড়খন্ড মুক্তি মোর্চা পুরুলিয়া জেলার চেলিয়ামায় গত ২ তারিখ নৃশংসভাবে সাধারণ মানুষদের ওপর আক্রমণ চালিয়ে যায় প্রায় ৬/৭ ঘণ্টা ধরে, পুলিশ

নীবর দর্শকের ভূমিকা পালন করে। সেই এলাকার স্কুলের প্রধান শিক্ষক শ্রী পরেশ মুখার্জির বাড়িও তারা আক্রমণ করে প্রায় লক্ষ টাকার সম্পত্তি তছনছ করে। সে ক্ষেত্রেও পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করে। সব চেয়ে আশ্চর্যের বিষয় গত ৬ই জুন সশস্ত্র ঝাড়খন্ডী কর্মীরা পুলিশের ওপর আক্রমণ চালিয়ে প্রায় ৫/৬ জন পুলিশকে আহত করে। আশ্চর্য হবেন, পুরো পুলিশ এবং ঝাড়খন্ডীদের মধ্যে হাতাহাতি হয়ে যায় এবং এতে একজন ঝাড়খন্ডী বন্ধু মারা যায়। এরজন্য তারা ১৫ই জুন বন্ধ ডেকেছে। আমার আশঙ্কা ঐ তারিখে তারা একটা সন্ত্রাস সৃষ্টি করতে পারে। সাধারণ মানুষ এটাকে সমর্থন করছে না।

**শ্রী সুভাষ গোস্বামী :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত জরুরি বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি। আপনি জানেন, রাজ্যের প্রত্যন্ত জেলাগুলি থেকে যে সমস্ত রোগীরা জটিল এবং মারাত্মক রোগের চিকিৎসার জন্য বা পরীক্ষার জন্য কলকাতায় আসে, তাদের থাকার কোনও জায়গা কলকাতার মধ্যে নেই। ফলে সংশ্লিষ্ট এলাকার বিধায়কদের অত্যন্ত বিব্রত হতে হয়। আমি আপনার মাধ্যমে রাজ্য সরকারের কাছে প্রস্তাব রাখছি, এই সমস্ত পেশেন্ট এবং পেশেন্ট পার্টিরা যারা সাময়িকভাবে চিকিৎসার জন্য কলকাতায় আসবেন তাদের থাকার জন্য কলকাতার বড় বড় হাসপাতালে এবং মেডিক্যাল কলেজগুলিতে যে সমস্ত ফাঁকা জায়গা আছে সেই সমস্ত জায়গায় যদি আস্তানা গড়ে তোলা হয় তাহলে প্রভূত উপকার হয়। আমি সেই প্রস্তাব আপনার মাধ্যমে রাখছি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং হস্তক্ষেপ দাবি করছি। বিষয়টি হচ্ছে, আমার নির্বাচনী কেন্দ্র নদীয়া জেলার করিমপুর। এই করিমপুরের সীমান্তবর্তী গ্রামগুলি থেকে সম্প্রতি প্রচন্ডভাবে ডাকাতি এবং গরু ছিনতাই শুরু হয়েছে। বাংলাদেশের ওপার থেকে এসে এখানে এই ধরনের গরু লুঠ করছে এবং ছিনতাই করে নিয়ে যাচ্ছে। শুধু তাই নয়, এখানকার কৃষকদের পর্যন্ত খুন করছে। এই অবস্থা ১৯৮৯ সালে করিমপুর থানায় হয়েছিল এবং বিষয়টি নিয়ে সাংবাদিকদের সামনে বলেছিলাম। সেই ঘটনার পুনরাবৃত্তি ঘটে যাচ্ছে। গরু চুরি এবং কালোবাজারি প্রচন্ডভাবে বাড়ছে।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদা জেলার হরিশচন্দ্রপুর ২ নম্বর ব্লকের অধীনে ভাকুরিয়া গ্রামে জুনিয়ার হাইস্কুল আছে। গত ১৮ বছর ধরে অর্গানাইজসড হয়েছে। ঐ গ্রামটি শিডিউল কাস্টস এবং শিডিউল ট্রাইবস অধ্যুসিত এলাকা। বছরে ৩ মাস বন্যার জলে ডুবে থাকে এবং ভূখন্ড থেকে বিচ্ছিন্ন থাকে। ঐ স্কুলটি এখন পর্যন্ত ইন্সপেকশন হয়নি। শিক্ষা দপ্তর থেকে যদি ঐ স্কুলের জন্য টাকা না দিতে পারেন তাহলে পরীক্ষার ব্যবস্থা করুন এবং রেকগনিশন দেওয়া হোক।

**শ্রীমতী মিনতি ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং হস্তক্ষেপ প্রার্থনা করছি। আপনি জানেন, উত্তর এবং দক্ষিণ দিনাজপুর জেলার সাধারণ মানুষের একমাত্র পরিবহন হচ্ছে গৌড়

এক্সপ্রেস ট্রেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের রেলদপ্তরের টাল-বাহনা এবং খামখেয়ালীপনার ফলে দীর্ঘদিন ধরে গৌড় এক্সপ্রেস ট্রেনের কোচগুলি তুলে দেওয়া হচ্ছে, ফার্স্ট ক্লাশ কমপার্টমেন্ট তুলে দেওয়া হয়েছে। এরফলে বিস্তীর্ণ এলাকার অসুস্থ মানুষ সাধারণ মানুষ এবং ভি আই পিরা ভীষণভাবে দুর্ভোগের শিকার হচ্ছে। আপনি জানেন, বিগত পরশুদিন মাননীয় সমাজ কল্যাণ দপ্তরের মন্ত্রী, তিনি স্টেশনে এসে বাড়িতে ফিরে গেছেন। ফার্স্ট ক্লাশ কমপার্টমেন্ট তার রিজার্ভেশন হয়েছে, তবুও তিনি এসে দেখেন ফার্স্ট ক্লাশের বগি নেই। এইভাবে দীর্ঘদিন ধরে টাল-বাহানার শিকার হতে হচ্ছে। আমি এই ব্যাপারে রাজ্য সরকারের কাছে দাবি করছি, অবিলম্বে রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের রেলদপ্তরকে বলুন, যাতে নিয়মিত বগি সরবরাহ করে এবং ফার্স্ট ক্লাশ কমপার্টমেন্ট চালু রাখে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সদস্যদের কাছে অনুরোধ প্রত্যেকে আধ মিনিট করে জিরো আওয়ার্সে বলবেন, তা ভিন্ন আমি শেষ করতে পারব না, বেলা ১-৩০ পর্যন্ত নেব।

## ZERO HOUR

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে রাজ্যের সিনেমা কর্মচারিদের গুরুত্বপূর্ণ সমস্যার জন্য হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৯২ সালে রাজ্য সরকারের মধ্যস্থতায় মালিক ও কর্মচারিদের একমাত্র সংগঠনের মধ্যে একটি চুক্তি হয়, চুক্তির শর্ত অনুযায়ী সরকার টিকিটের দাম বাড়ানোর অনুমতি দিয়েছিলেন। সমস্ত স্তরেই টিকিটের দাম বেড়েছে, কিন্তু মালিকরা সি এল আই চুক্তি অনুযায়ী যা শর্ত হয়েছিল তা মানছেন না।

(মাইক বন্ধ হওয়ার বক্তা তার আসন গ্রহণ করেন।)

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩রা জুন রাত্রি সাড়ে ১০টার সময়ে শ্যামপুর থানার হেডকোয়ার্টার্স থেকে দু-তিন মিনিট হাঁটাপথে শ্রী অজয় দাসের বাড়িতে ডাকাতি হয়, পুলিশ বাড়ির মধ্যে না ঢুকে রাস্তায় অজয় দাসের স্ত্রী গৌরী দাসকে মারধর করে এবং প্রকাশ্য রাস্তায় মেয়েটিকে অপমান করে, থানার ও সি শ্রী মন্মথনাথ বিশ্বাস অবিলম্বে তার শাস্তির দাবি জানাচ্ছি।

**শ্রী কমলেন্দু সান্যাল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়,

রূপে শুভ হীরক দানা, জলে দিলেই মধুর পানা,
কে বলে তোমারে চিনি? কুলালে, তবে তো কিনি
প্রতি নির্বাচনে
চিনি কল কর্তাদের দানে, দিল্লি তখতে সমাসীন হন
ভারত রাজন
এ সত্য ভূ ভারতে নহেতো গোপন।
বোধকরি তারই প্রতিদানে
কল্পনাথের জের অদৃশ্য সুতোর টানে

ছয় দশকে চৌদ্দ আনা হতে
কে. জি. প্রতি ষোল টাকার জগতে—
মেলে দিলে ডানা।
শতাব্দীর শেষ দশকে, তেঁতো স্বাদ কেন ঠোঁটে,
—ছিল নাকো জানা!
হীরকের শ্বেত শুভ কেলেঙ্কারির কালোয় মলিন—
হায় চিনি! দরিদ্রের কুটিরে তোর শেষ হল দিন।

**শ্রী তপন হোড় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হেলমত ফন হ্যাকে আমাদের বোলপুরে ১৯৮২ সাল থেকে আছেন এবং ওখানে গবেষণার কাজ করছেন। তার চলা ফেরা সম্বন্ধে স্থানীয় এলাকায় সন্দেহজনক অবস্থার সৃষ্টি করেছে। সম্প্রতি তিনি ওখানে বিবাহ করেছেন তা সত্ত্বেও তার সঙ্গে কোনও সম্পর্ক থাকছে না। আর বিবাহের কারণটা হচ্ছে যাতে তিনি চিরকাল ভারতবর্ষে থাকতে পারেন। তার চলা ফেরা সন্দেহজনক এবং সেজন্য ওখানকার জনগণ ক্ষুদ্ধ—

(মাইক বন্ধ হওয়ায় বক্তা তার আসন গ্রহণ করেন।)

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকার গ্যাট চুক্তির শর্ত অনুযায়ী আমাদের দেশের উদ্ভিদ বৈচিত্র্যের ব্যাপারে একটা বিল আনার চেষ্টা করছেন। এই বিল নাকি উদ্ভিদ বৈচিত্র্য আইনের বাইরে রাখার চেষ্টা করছেন। তার ফলে বেসরকারি সংস্থার মধ্যে দিয়ে বিভিন্ন জিনিস উৎপাদন করবেন তাতে উচ্চ ফলনশীল ফসলের দাম পড়ে যাবে।

(মাইক বন্ধ হয়ে যাওয়ায় মাননীয় সদস্য তার আসন গ্রহণ করেন।)

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গ্রাম পঞ্চায়েত সচিব নিয়োগের ব্যাপারে বর্তমানে যে অবস্থা আছে তাতে ৫ জন বোর্ডে থাকেন। এস ডি ও, বি ডি ও ডি পি ও এম এল এ পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান। কিন্তু দেখা যাচ্ছে প্রশ্নটি করেন বি ডি ও ৭০ নম্বর প্রশ্নের খাতা দেখেন এস ডি ও বাকি ৪ জন মেম্বার কিছুই জানতে পারেন না। এস ডি ও ইন্টারভিউ বোর্ডের চেয়ারম্যান—

(মাইক বন্ধ হওয়ার মাননীয় সদস্য আসন গ্রহণ করেন।)

[1-20 — 1-30 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে এই রাজ্যে ন্যাশনালইজড ব্যাঙ্কের তিনটির হেড অফিস থাকা সত্ত্বেও আমাদের রাজ্যের বিভিন্ন ব্যাঙ্কগুলিতে বামপন্থী সংগঠনগুলির শাখা প্রভূত পরিমাণে থাকায় কর্মচারী এবং অফিসাররা তাদের দ্বারা নিয়ন্ত্রিত এবং তারফলে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন অর্থনৈতিক কর্মসূচিগুলি ব্যাঙ্কগুলির মাধ্যমে রূপায়িত হতে ঐসব

বামপন্থী সংগঠনগুলি বাধা দিচ্ছে। আমি তাই আপনার মাধ্যমে অনুরোধ করব, যারা চক্রান্ত করে ব্যাঙ্কগুলোকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন কর্মসূচি, যেমন, কৃষকদের ঋণদান, বেকারদের ঋণদান, প্রাইম মিনিস্টার রোজগার যোজনায় ঋণদান ইত্যাদির ক্ষেত্রে অগ্রাধিকারের ভিত্তিতে ঋণদানে বাধা দিচ্ছেন তাদের এই চক্রান্তকে প্রতিহত করুন।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক পরীক্ষার্থীদের সঙ্গীত একটা বিষয় কিন্তু উত্তরবঙ্গের ৬টি জেলার যারা মাধ্যমিক সঙ্গীতের পরীক্ষার্থী তাদের কলকাতায় এসে পরীক্ষা দিতে হচ্ছে। কিন্তু সঙ্গীতে পারদর্শী পরীক্ষক শুধুমাত্র কলকাতাতেই নেই, উত্তরবঙ্গেও যথেষ্ট সঙ্গীত-বিশারদ পরীক্ষক রয়েছেন। উত্তরবঙ্গের উচ্চমাধ্যমিক সঙ্গীতের পরীক্ষার্থীরা কিন্তু উত্তরবঙ্গেই পরীক্ষা দিচ্ছে। তাই উত্তরবঙ্গের মাধ্যমিক সঙ্গীত পরীক্ষার্থীরা যাতে ওখানেই পরীক্ষা দিতে পারে তার ব্যবস্থা করবার জন্য আমি মাননীয় মাধ্যমিক শিক্ষামন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আগে কলেজ অধ্যাপকদের অবসর গ্রহণের বয়স ছিল ৬৫ বছর, কিন্তু হঠাৎ করে সেটা ৬০ বছর করা হয়েছে। আজকে দেখলাম, প্রেসিডেন্সি কলেজের ২৩ জন অধ্যাপক, যাদের মধ্যে অতীন গুণ এবং কাজল সেনের মতো অধ্যাপকরাও রয়েছেন, তাদের পুনঃনিয়োগের আবেদন বাতিল করে দিয়ে তাদের অবসর গ্রহণে বাধ্য করা হয়েছে। এরফলে প্রেসিডেন্সি কলেজে পঠন-পাঠন ক্ষতিগ্রস্ত হবে। আমি দাবি করছি, সরকারি কলেজগুলোতে অবসর গ্রহণের বয়স ৬৫ বছর করতে হবে যেভাবে আমরা স্কুল শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬৫ বছর করবার জন্য দাবি জানিয়েছি।

**ডাঃ তরুন অধিকারী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং পরিষদীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভায় উপস্থিতির হার বাড়াবার জন্য সরকারপক্ষ এবং বিরোধীপক্ষ উভয়পক্ষই উদগ্রীব এবং সকলেই চান যে, প্রশ্নোত্তর পর্বে এবং মেনশন আওয়ারে যেন মাননীয় মন্ত্রীরা উপস্থিত থাকেন। কিন্তু দেখছি, জিরো আওয়ারে যেসব সমস্যার কথা আমরা তুলে ধরছি তার উত্তর কোনও মন্ত্রীই দিচ্ছেন না। আমি প্রস্তাব করছি, বিধানসভার গুরুত্ব বাড়াতে অবিলম্বে এ ব্যাপারে ব্যবস্থা নিন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েকদিন আগে উত্তর কলকাতার রবীন্দ্র সরণীতে অবস্থিত একটি বাড়িতে ডাকাতি হয়। ঐদিন বাড়িতে গৃহপ্রবেশ উৎসব পালিত হচ্ছিল। গত শনিবার পুলিশ ঐ বাড়িতে যারা ডাকাতি করেছে তাদের একজনকে গ্রেপ্তার করেছেন এবং তিনি হচ্ছেন গত পুর নির্বাচনে ২২নং ওয়ার্ডের কংগ্রেস প্রার্থী, নাম বিজয় উপাধ্যায়। বিরোধীরা এখানে বার বার আইন-শৃঙ্খলার কথা তুলছেন, কিন্তু রবীন্দ্র সরণীর ঐ ঘটনা একটা উদ্বেগের বিষয়। কাজেই ঐ ব্যাপারে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। গত ৯ তারিখে বৃহস্পতিবার, বরানগর থানার নিউ 'ন' পাড়ায় কয়েকজন কংগ্রেসের মহিলা সমর্থককে সি পি এম এর সমর্থক

এবং গুন্ডারা আক্রমণ করে তাদের নগ্ন করেছে এবং সেই মহিলাদের শ্লীলতাহানী করেছে। সেই নিউ 'ন' পাড়ায় একটা পাট্টা বিলি চলছিল। কিন্তু সি পি এম-এর লোকেরা এসে বলে যে কোনও কংগ্রেসের লোকেদের পাট্টা দেওয়া যাবে না। যখন কংগ্রেসের লোকেরা প্রতিবাদ করে তখন সি পি এম-এর লোকেরা প্রদীপ দাসকে মারধর করে এবং মহিলাদের উপরে আক্রমণ করে তাদের নিগৃহীত করে। পুলিশ কোনও এফ আই আর নেয়নি এবং এখনও পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং অবিলম্বে তাদের গ্রেপ্তার করে শাস্তি দেবার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা মানবিকতার প্রশ্ন মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাখতে চাই। ডায়মন্ড হারবার হাসপাতালের মর্গ থেকে ইতিপূর্বেও ১২৫টি ডেড বডি তুলে নিয়ে গিয়ে মাটিতে পুঁতে দেওয়া হয়েছিল, যার মধ্যে বহু শিশুর হিন্দুর ডেড বডিও ছিল। এবারে ১০০ জনের ডেড বডি হাসপাতাল থেকে নিয়ে গিয়ে নদীর চরে পুঁতে দেওয়া হয়। কিন্তু সেই দেহগুলি এমনভাবে পোতা হয়েছে যে সেগুলি বাইরে বেরিয়ে এসেছে এবং সেগুলি কুকুর শেয়াল এবং শকুনে খাচ্ছে। পশ্চিমবঙ্গ সরকারের ক্ষমতা নেই এই দেহগুলি পোড়ানোর এই দেহগুলি এমনভাবে পোঁতা হয়েছে যে সেগুলি বাইরে বেরিয়ে এসেছে এবং কুকুর শেয়ালে খাচ্ছে। একটা সভ্য রাজ্যে একটা সরকার থাকতে যে এটা হতে পারে তা চিন্তা করা যায় না। কাজেই আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, এই বডিগুলি যদি তারা সৎকার করতে না পারে তাহলে সরকার থেকে টাকা নিয়ে এই দেহগুলি যেন সৎকার করা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্যণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিন্তু আপনি যে সময় দিয়েছেন, এত অল্প সময়ের মধ্যে আমি শেষ করতে পারব না। সেজন্য আমি আজকে বলছি না।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পূর্ত বিভাগের নিয়ম অনুযায়ী সমস্ত সরকারি ব্রিজগুলিতে বিধায়ক বা সরকারি পদস্থ কর্মচারী যারা যাতায়াত করেন, তাদের যাতায়াতের সময়ে কোনও টোল ট্যাক্স লাগে না। এটা হচ্ছে বিধি এবং নিয়ম। কিন্তু গত ১২ তারিখে আমার এলাকার একটা মহরম সংক্রান্ত মিটিং শেষ করে হলদিয়া মহকুমা শাসকের অফিসের সেকেন্ড অফিসার মিঃ মাইতি সহ আমি যখন সরকারি গাড়ি করে আসছিলাম তখন নরঘাট সেতু পার হবার সময়ে তারা আমাদের কাছে টোল ট্যাক্স দাবি করে এবং একটা অশোভন আচরণ করে। আমি পূর্ত মন্ত্রীর কাছে অনুরোধ করব যে আপনি এই ব্যাপারে দপ্তর থেকে একটা পরিষ্কার নির্দেশ দিন যাতে পুনর্বার এই জিনিস না ঘটে।

**শ্রী তুলসী ভট্টরাই :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল রাত্রে দার্জিলিংয়ের লিরাইস চা বাগানে অ্যান্টি সোশ্যালরা আবার একজন সি পি এম-এর কর্মীকে খুন করছে। দার্জিলিংয়ে যখন শান্তি প্রতিষ্ঠা হয়েছে, সেই সময়ে সেখানকার শান্তিকে নষ্ট করার জন্য সমাজবিরোধীরা আবার চেষ্টা

চালাচ্ছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, দার্জিলিংয়ে যে শান্তি প্রতিষ্ঠিত হয়েছে তাকে যেন বাঁচিয়ে রাখা যায় সেই ব্যবস্থা করা হোক।

**শ্রী প্রবোধচন্দ্র পুরকায়েত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী কেন্দ্র কুলতলির চুপড়িঝড়া গ্রামপঞ্চায়েতের পাশে ঠাকুরন নদী বয়ে গেছে। সেই ঠাকুরন নদীর বাঁধ অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই বাঁধের অবস্থা হয়েছে যে—যে কোনও সময়ে বাঁধ ভেঙ্গে নদীর জলে ঢুকে পড়তে পারে। আমি সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে এই বাঁধ মেরামত করা হোক। তা যদি না করা হয় তাহলে এই বাঁধ ভেঙ্গে জল ঢুকে গেলে ওখানকার মানুষকে অত্যন্ত দুর্দশার মধ্যে পড়তে হবে।

**মিঃ ডেপুটি স্পিকার :** এখন বিরতি। আমরা আবার ২-১৫ মিনিটে মিলিত হব।

(At this Stage the House was adjourned till 2-15 p.m.)

[2-15 — 2-25 p.m. (After recess)]

## LETTER FROM P. K. BHOWMICK

**Mr. Speaker :** Hon'ble Members, in the morning session I had referred to the privilege matter of Dr. Motahar Hossain and I said I would take up the mater tomorrow because Dr. Hossain was not here that time. But he has since arrived and the Leader of the Opposition is also here, with your consent I contemplate to taking it up now because no purpose would be served delaying the matter.

In reply to the letter written by our Secretary on 31st May, 1994 pursuant to the decesion taken by this House I have received a letter from prof. P.K. Bhowmick. The letter is quite lengthy one. But I would like to read it out once for information of all the members concerned.

To
Shri S.R. Chattopadhyay,
Secretary to the West Bengal Legislative Assembly,
West Bengal Legislative Assembly Secretariat,
Assembly House,
Calcutta - 700 001

Dear Sir,

Re : Leter dated May 31, 1994 bearing No. 216/1(1)La/PU issued by the Secretary, West Bengal Legislative Assembly and enclosure thereto.

I received the above mentioned letter and enclosure thereto on June 1, 1994.

Before dealing with the allegations contained in the letter under reference and enclosure thereto, I also beg to state the following relevant facts :-

(i) Under cover of a letter dated may 20, 1994 issued by one Shri Ekramul Bari, Advocate, acting on behalf of one Dilara Begum, Viz. the daughter of Dr. Motahar Hossain, I was served with a copy on an application under Article 226 of the Constitution of India which was intended to be moved on behalf of the said Dilara Begum on June 3, 1994. The said letter and the petition being an enclosure thereto were received by me in the last week of May, 1994.

(ii) I have been made and impleaded as the respondent No. 7 in the said application under Articles 226 of the constitution of India. It appears that a copy of the enclosure to the letter under reference is also an Annexure to the said application. On the basis of the same, allegations of malafides, mis-use of powers, bad faith, victimisation and conspiracy have been levelled against me, one Shri Atul Bhowmick, Sm. Ranjana Roy and one Shri Goutam Sankar Roy being the respondent Nos. 6,5 and 8 respectively in the said application. Further, on the basis of the said enclosure to the letter under reference, accusations have been made by the said Dilara Begum of infringement of fundamental rights quaranted under Articles 14 and 21 of the Constitution of India.

(iii) I intend to file an affidavit to the said application if and when the same is filed & to deal with all allegations made therein against me. The allegations made in the said application against me and the respondent Nos. 5, 6 and 8 to the said application are false and incorrect and are denied and disputed.

(iv) Significantly, around the same time as the said application was served on me, the enclosure to the letter under reference was sought to be placed before the West Bengal Legislative Assembly. It is, thus, clear that I have been sought to be made answerable to both the West Bengal Legislative Assembly and the Hon'ble High Court at Calcutta on the basis, inter-alia, of the enclosure to the letter under reference. In such circumstances, I am issuing this letter without prejudice to my rights and contentions in dealing with the allegations contained in the said application under Article 226 of the Constitution of India. In as much as the charges

made against me in the application under Article 226 of the Constitution of India are all quasi-criminal nature, I also seek the protection of the Constitution of India in issuing the instant reply.

(v) In the letter under reference, has also been to ruling issued by the Hon'ble Speaker, West Bengal Legislative Assembly. Copy of such ruling has not been furnished to me. In such circumstances, in issuing the instant reply, I also reserve my right to deal with the said ruling as and when the same is disclosed or furnished to me.

(vi) It also appears that the University of Calcutta in respect of the enclosure to the letter under reference has initiated an inquiry and set up a high-powered committee in this regard. Thus, in issuing the instant reply, I am doing so without prejudice to my rights and contentions in the said inquiry.

Without prejudice to the aforesaid and fully replying thereon, I now deal with the letter under reference and enclosure thereto.

The enclosure to the letter under is a fabricated document. The said enclosure properly to be a xerox copy of an undated letter alleged to have been issued by me.

Till date however the original of the said alleged letter has been disclosed or produced. From the said xerox copy it appears that the said document bears my signature but without production of the original, I am not in a position to admit or deny the authenticity of signature. The entire typed portion of the letter including the portion below the signature therein is clearly fabricated and has been interpolated. No such letter was ever issued by me to Shri Atul Bhowmick. I also did not have anything to do with the enlistment or selection of Shri Atul Bhowmick as the third examiner for any part or portion or section of paper VIII Group C of M.Sc. Examination of Department of Anthropology, University of Calcutta. I did not ever approach or manage Dr. Ranjana Roy to get the name of Shri Atul Bhowmick or any other person enlisted as a third examiner. I have never had any discussion with Shri Atul Bhowmick regarding the examination of any paper of the M.Sc. Examination of the Department of Anthropology, University of Calcutta and also had no knowledge of any marks awarded in such examination to any

examinee including the marks awarded to Dilara Begum. I have never issued any directions to Shri Atul Bhowmick or any other person to award any examinee including Dilara Begum low marks, nor have ever requested Shri Atul Bhowmick to destroy any letter. The contents of the enclosure to the letter under reference are denied and disputed.

The same will be further evidence by the fact that according to the procedure followed by the Calcutta University relating to examination of papers and marks awarded I could not have known any of the marks awarded in any of the M.Sc. Part II (Anthropology) Examination Papers of Group C Prior to the meeting of the Board of Higher Studies of the concerned department just prior to publication of the results for approval of the same. Such meeting was held on 16.03.94 after the award of marks by third examiner if any. I was also not present at such meeting. In such circumstances no question arose of my knowing any of the marks awarded to Dilara Begum in the concerned paper or intimating any person of the same.

It appears that the enclosure to the letter under reference has been brought into existence by mis-utilising and interpolating blank sheet of papers which I had signed and entrusted with one **Sm. Bela Bhattacherjee** in or about December, 1993, who was a student of mine and a Reader of the Vidyasagar University for the purpose enabling sm. Bela Bhattacherjee to collect my dues from the Vidyasagar University on my behalf. Such blank sheets were signed by me as I could not attend Vidyasagar University personally at the relevant time, because I was leaving for Bangalore, instead, to attend the Nikhil Bharat Banga Sahitya Sammelan, being held at Bangalore and thereafter proceeding to Jaipur to attend the Indian Science Congress. It is significant to note that the said Bela Bhattacharjee on my return from Jaipur after attending the Indian Science Congress in January, 1994 avoided me. I have since also come to learn that the husband of Sm. Bela Bhattacharjee **one Monibrata Bhattacharjee was angered with me and had also expressed his displeasure against me as he is yet to be appointed to the post or Professor of the Department of Anthropology at Vidyasagar University. It appears that such anger and displeasure might have now motivated the said**

**Monibrata Bhattacherjee** to **mis-utilise the said enclosure to the letter under reference to cause me immense hardship and prejudice and to sully my reputation.**

I am also not in any way connected with M.Sc. Part II Group C Examination of the Department of Anthropology University of Calcutta. It is obvious that the enclosure to the letter under reference has now been brought into existence for improper motive and to falsely implicate me.

It will also appear from the newspaper publications which were sought to be issued in relation to the enclosure to the letter under reference that the said Shri Atul Bhowmick has denied receipt of any such letter. Such publications also show lack of knowledge on the part of Dr. Ranjana Roy in respect of the said enclosure. **It is an admitted portion that I** do **not know Dr. Motahar Hossain and have not had** any **contact with him.** I have nothing against Dr. Motahar Hossain and Dilara Begum. **I have also never described the said Dr. Motahar Hossain as a dangerous** person **at any point of time, nor was there any occasion** for **me to do so.** Such matters are also further evidence of the fact that the enclosure to the letter under reference is a **false and fabricated document.**

In any event, matters relating to Dilara Begum cannot be made the subject matter of any breach of privilege of West Bengal Legislative Assembly. Further, **as no scurrilous remark has, in fact, been made by me about Dr. Motahar Hoassin, no question arises of breach of privilege.**

I am an honest law abiding citizen and a man of integrity with a hard earned reputation. I was a Freedom Fighter and was in Jail in 1942, I have authored Several books and have several publications to my credit. I have always been apolitical. Now on the basis of a xerox copy of an undated, false and fabricated letter I am being sought to be falsely implicated. The same should not be permitted. I have never intended to influence any examination and have not done so. Nor have I intended to or passed or made any scurrilous remarks against anybody.

For the purpose of enabling me to take my representations effectively, it is also necessary that the powers, privileges

and immunities of the West Bengal Legislative Assembly and its members as have from time to time been defined by the said legislature by law and those of the said legislature and its members immediately before the coming into force of Section 26 of the Constitution (44th Amendment) Act, 1978 and the privilege which is being asserted should also be made known available to me. However, I have been advised that in view of the statements made here in above there is no matter involving any question of privilege.

In such circumstances and in view of the statements made hereinabove, I reserve my right to make further representation, if necessary, without prejudice to the aforesaid contentions and also request you to deliver a ruling of the Hon'ble speaker referred in the letter under reference as also the Powers, privileges and immunities of the West Bengal Legislative Assembly and its members as subsisting to enable me to make further representations effectively.

By reason of matters disclosed hereinabove, I say that the matters raised in the letter under reference should be dropped against me and if it is intended to proceed any further in the matter, I should be delivered the ruling of the Hon'ble Speaker referred to in the letter under reference as also made aware of the powers, privileges and immunities of the West Bengal Legislative Assembly and its members and committees as has been defined by the said Assembly by law and I should also be informed the power privileges and immunities of the said Assembly, its members and Committees subsisting before coming into force of section 26 of the Constitution (44th Amendment) Act, 1978, and the privilege sought to be asserted in the letter under reference.

This letter is being issued without prejudice to my rights to pursue Civil and Criminal actions in respect of the enclosure to the letter under reference.

Yours sincerely

**(Probodh Kumar Bhowmick)**
Professor, Dept. of Anthropology
Calcutta University,

Dated : 6th June. 1994

[2-25 — 2-35 p.m.]

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** After the receipt of this letter, two points have arisen here. The first one he has said on the first day that the letter which was filed by Dr. Motahar Hossain and the second point is that was purported to be issued by Shri P.K. Bhowmick. So this has two parts. One refers to Shrimati Dilara Begum who is a student of the Calcutta University. We have got nothing to do with the matter. That is the matter of the Calcutta University they will take it up. The second part is relating to the remarks purportedly made by Mr. Bhowmick against an Honourable Member which we can look into and that is the reason why we have called for an explanation. After the receipt of his explanation the question that arises now is about the entire context of the letter which intends to make out that the documents on which Dr. Motahar Hossain has alleged is a fabricated document, admitting that the signature is genuine on a blank letter head of him which has been misused by some people. He has given some names. But the letter was not issued by him. Now under the circumstances, the entire thing has to be investigated. The whole ambit of the circumstances is whether the letter has been issued by him in the circumstances as stated or in what circumstances he has made those remarks against the Honorable Member or not ? If so, and if he has made, under what circumstances or whether the letter has been manufactured or not ? Both of which of the entire thing have to be investigated. It should be investigated impartially and as such, I thinks, in the fitness of things, it would be best for the Privilege Committee to go into it and give him an opportunity— full opportunity. Copy of the ruling should also be supplied to him.

The copies of other documents which Dr. Motahar Hossain has submitted and which we have, should be handed over to him and he should appear before the Privilege Committee and the Privilege Committee should be free to examine the matter so that the entire matter can be investigated thoroughly and the decision be made known to us so that we can take up a proper decision on the matter. Because sitting in this House we cannot go into the matter in its entirety from both sides Dr. Bhowmick's side or Dr. Motahar Hossain's side.

So I suggest and recommend that the matter be sent to the Privilege Committee, with the consensus of the House.

(Voices : Ayes)

The matter is referred to the Privilege Committee for investigation and report to the House.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 12, 77, 78, 80 and 81 of Transport Department.

**Mr. Speaker :** In the Bulletin Part II it is mentioned that the time allotted is two hours, but actually it should be three hours.

There one cut motion each in Demand No. 12 and 78 and 14 cut motions in Demand No. 80. All the cut motions are in order and taken as moved.

**Demand No. 12**

**Shri Saugata Roy** : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1.

**Demand No. 78**

**Shri Abdul Mannan** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

**Demand No. 80**

**Shri Saugata Roy** : Sir, I beg to move that the amount of the Demand be reduced to Re. 1/-

**Shri Abdul Mannan**
**Shri Subrata Mukherjee** : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

[2-35 — 2-45 p.m.]

**শ্রী জটু লাহিড়ি ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে পরিবহন মন্ত্রীর যে ব্যয় বরাদ্দের দাবি তিনি এখানে রেখেছেন, সেখানে ১২ নম্বর দাবিতে ৪ কোটি ১০ লক্ষ ৫০ হাজার টাকা, ৭৭ নম্বর দাবিতে ১ কোটি ৮ লক্ষ ৫২ হাজার টাকা, ৭৮ নম্বর দাবিতে ৪৩ লক্ষ ৩০ হাজার টাকা, ৮০ নম্বর দাবিতে ১০৮ কোটি ৩২ লক্ষ ১৮ হাজার টাকা, ৮১ নম্বর দাবিতে ২৭ কোটি ৯০ লক্ষ ৪২ হাজার টাকা ব্যয় বরাদ্দের দাবি রেখেছেন। আমি সেই ব্যয় বরাদ্দের দাবির বিরোধিতা করছি এবং আমাদের আনা কাটমোশনগুলিকে সমর্থন করছি। পরিবহন ব্যবস্থা হচ্ছে একটি দেশের সবচেয়ে এগিয়ে চলার মূল হাতিয়ার। কারণ পরিবহন ব্যতিরেকে সভ্যতার ক্রমবিকাশ কোনও সময়ে ঘটে না, অথচ স্বাধীনতার পরে পরেই প্রয়াত মুখ্যমন্ত্রী বিধানচন্দ্র রায় স্বপ্ন দেখেছিলেন এবং তার প্রথম উদ্যোগ সরকারি বাস সি এস সি টি তৈরি হয়েছিল এবং বাঘমার্কা যে বাস তার একটা ঐতিহ্য ছিল। সেই বাঘমার্কা বাস ঠিক সময়ে পরিবহন ব্যবস্থার একটা কল্যাণকর ভূমিকা নিয়েছিল। কিন্তু ১৭ বছরের বামফ্রন্টের

রাজত্বে এবং আমাদের বর্তমানে পরিবহন মন্ত্রীর আমলে সেই ব্যবস্থাটা ভেঙেচুরে গিয়েছে এবং পরিবহন ব্যবস্থাটা শেষ অবস্থায় পৌঁছেছে। উনি পরিসংখ্যান দিয়ে বোঝাবার চেষ্টা করেছেন যে পরিবহন ব্যবস্থায় অনেক কিছু করেছেন। উনি কি করেছেন, আমরা একটা জিনিস জানতাম সি এস টি সি তারপরে দেখছি এন বি এস টি সি এবং তারপরে তিনি অনেক আরও নতুন নতুন সংস্থা তৈরি করেছেন। দেখা যাচ্ছে যে নতুন নতুন পরিবহন ব্যবস্থা তিনি তৈরি করেছেন তাতে রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাসের সংখ্যা উনি নিজে বলেছেন ১২১৭ বর্তমানে, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাসের সংখ্যা ৯৪০টি, এস বি এস টি সি-র বাসের সংখ্যা ৫৭৮টি, এর সঙ্গে ক্যালকাটা ট্রামওয়েজ তারাও বাস আমদানি করেছেন সেই বাসের সংখ্যা উনি বাজেট ভাষণে বলেছেন ১১৫। এবং বলেছিলেন যে ১৯৯৩-৯৪ সালে ৩১শে মার্চ এই বাসের সংখ্যা ১৪০ করবেন। ওর বাজেট বক্তৃতাতেই একথা বলেছিলেন যে সি টি সি-র বাসের সংখ্যা বাড়াবেন। আর আজকেই প্রশ্নের উত্তর দেবার সময় বলেছিলেন যদিও রুটের কথা বলেছিলেন—সংখ্যা ১১০-১১৫টি রুটে বাসের কথা রাজেট ভাষণে রাখলেন আর প্রশ্নের উত্তর দেওয়ার সময় বললেন সি টি সিতে ১১০টি বাস চলছে। উনি রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় বিশেষ করে কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাসের পরিসংখ্যান দিয়েছেন। ওর কথা মতোন ১৫ পারসেন্ট বাস ডিপো থেকে বেরোয় না। সেগুলি হয়ত সি টি সি-র বাসের ক্ষেত্রে কারণ নতুন রুট চালু হয়েছে, তার ১৫ পারসেন্ট বেরোয় না কিন্তু সি এস টি সি-র বাসের সংখ্যা যেখানে বলেছেন ১২১৭ সেখানে আমরা জানি তার ২৫/৩০ পারসেন্ট বাস বেরোয় না ডিপো থেকে। তারমানে এ ক্ষেত্রে উনি মাত্র ৮শো/৯শো বাস নিয়ে চলছেন এবং সেখানে বলছেন যে ২০২টি রুট উনি চালাচ্ছেন। এই ২০২টি রুটের মধ্যে আবার ১০১টি রুট উনি নিজেই বলেছেন যে দূরপাল্লার রুট। মাননীয় সদস্যগণ নিশ্চয় জানেন যে একটা দূরপাল্লার রুটে বাস চালাতে গেলে একটা বাস যদি দুটো করে ট্রিপও দেয় তাহলে ৪টি বাস লাগে। তাহলে ৪টি করে বাস ধরলে দূরপাল্লার ১০১টি রুটে বাস লাগছে ৪০৪টি। তাহলে এটা বাদ দিলে ওর হাতে থাকছে আর মাত্র ৪০০ থেকে ৫০০ বাস যেগুলি দিয়ে উনি আরও ১০১টি রুট চালাচ্ছেন যেগুলি কলকাতা এবং হাওড়ার আশেপাশে চলে। শহরের দৈনন্দিন নাগরিক পরিষেবার জন্য যদি এই বাস চলে তাহলে অবস্থাটা কি দাঁড়ায় সেটা সহজেই অনুমেয়। এক একটা রুটে উনি ৩/৪টির বেশি বাস দিতে পারেন না। উনি বলেছেন যে প্রাইভেটাইজেশন চলবে না। উনি এর বিরোধিতা করেছেন এবং বলেছেন যে সর্বস্তরে সরকারি বাস চালাবেন। আমরা চাই যে সরকারি বাস চালান। কারণ সরকারি বাসে মানুষকে পরিষেবা আরও বেশি করে দেওয়া যায়। প্রাইভেট বাসগুলি নিয়মানুবর্তী নয়, অনেক মানুষের সঙ্গে দুর্ব্যবহার করে কিন্তু বিরোধিতা করলেও ভাবতে হবে যে সরকারি বাস দিয়ে মানুষের কতটুকু সেবা করা যাচ্ছে। উনি প্রাইভেট সেক্টরের বিরোধিতা করছেন। যেসব রুটে সরকারি বাস চলছে সেখানে প্রাইভেট বাস চলছে না।

অথচ আপনি রুটিগুলিতে. মাত্র ৩/৪টি পাঁচটা করে বাস দিচ্ছেন। যে কোনও মাননীয় সদস্যের এই অভিজ্ঞতা আছে যে, এক একটা বাস-এ যেভাবে মানুষ যাতায়াত করে সেভাবে গরু ছাগলকেও নিয়ে যাওয়া উচিত নয়। জীবনের ঝুঁকি নিয়ে, বিপদের সম্ভাবনা জেনেও মানুষ ঐভাবে বাসে করে নিরুপায় হয়ে গন্তব্যস্থলে যায়। ভিড়ে গাদাগাদি যাত্রী পরিবহন

করার পরেও আপনি বলেছেন ১৯৯২-৯৩ সালে কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনে পরিষেবাজনিত আয় হয়েছে ৩৭ কোটি ২৬ লক্ষ টাকা এবং আরও বলেছেন, এবারে নাকি আয় বাড়তে পারে। বেড়ে কত হতে পারে? ৩৮ কোটি ৩৬ লক্ষ টাকা। আপনি বাস ভাড়া বাড়িয়েছেন। খুব স্বাভাবিক নিয়মে ভাড়া যদি বাড়ে তাহলে আয় বাড়ারই কথা। আপনি যে কথা বলেছেন কার্য ক্ষেত্রে তা প্রতিফলিত হয়েছে কিনা তা আপনি আপনার জবাবি ভাষণের সময় বলবেন। কারণ ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছর ইতিমধ্যেই শেষ হয়ে গেছে। অতএব বিগত আর্থিক বছরে আপনার ৩৮ কোটি ৩৬ লক্ষ টাকা আয় হয়েছে কিনা, সেটা একটু আমাদের বললেন। প্রকৃত পক্ষে আপনি একটা বাসে তিনটে বাসের যাত্রী পরিবহন করছেন। সেখানে আপনার লোকসান যাওয়ার কি কারণ থাকতে পারে? আমরা দেখছি কি? আপনার প্রতিটি সংস্থায়— সে সি এস টি সি হোক, এস বি এস টি সি হোক, এন বি এস টি সি হোক—বছরের পর বছর লোকসান হচ্ছে; আর সরকারি ভরতুকি শুধু বেড়েই চলেছে। আমরা দেখছি আপনি মারোয়াড়ি ব্যবসায়ীদের মতো ব্যবসা শুরু করে দিয়েছেন। আমরা জানি একই জাতের ব্যবসার চার পাঁচটা প্রশাসনিক কাঠামো তৈরি করে কখনই লাভ হয় না। অথচ আপনি রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে চার পাঁচটা সংস্থা করে চার পাঁচটা প্রশাসনিক কাঠামো তৈরি করেছেন। আপনি আবার একটু ভূতল পরিবহন সংস্থাও তৈরি করেছেন। তাতে কি আছে? সেটা একটি ভারি মজার জিনিস। আপনি ১৬টা লঞ্চের মাধ্যমে ৯টা ফেরি সার্ভিস চালাচ্ছেন। অর্থাৎ এক একটা সার্ভিসের ভাগে দুটো করে লঞ্চ পড়ছে। এর মধ্যে দু একটা যখন তখন অকেজো হয়ে পড়তে পারে—১৬টার মধ্যে দু-একটা খারাপ হলেই একটা করে লঞ্চ দিয়ে আপনাকে অনেকগুলো সার্ভিস চালাতে হবে। তারপর আমরা দেখছি ফেরি সার্ভিসের সঙ্গে ১২টা বাস দিয়ে তিনটে রুট তৈরি করেছেন। এগুলো সবই কি লোক দেখানো জিনিস? অনেকগুলো সংস্থা তৈরি করার আপনার আসল উদ্দেশ্য হচ্ছে—আপনি ঋণ করে করে রাষ্ট্রীয় পরিবহন সংস্থাকে দেউলিয়ার খাতায়, খরচের খাতায় লিখে দিয়েছেন—আলাদা আলাদা ভাবে ঋণ সংগ্রহ করে। সি টি সি-র ক্ষেত্রে আপনি লিখেছেন সমবায় ব্যাঙ্ক থেকে ৭ কোটি টাকা ঋণ নিয়ে আরও ১২০টা বাস বের করবেন ১৯৯৩-৯৪ সালের মধ্যে। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে বলছেন, আরও ১০০টা বাস বেরবে। ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছর শেষ হয়ে গেছে, আপনি দয়া করে আপনার জবাবি ভাষণের সময় বলবেন সেগুলি আপনি বের করতে পেরেছেন কিনা। আমাদের এবিষয়ে যথেষ্ট সন্দেহ আছে। কারণ আপনি যা লেখেন তার সঙ্গে কার্য ক্ষেত্রে বাস্তবের আমরা কোনও মিল দেখতে পাই না। সি টি সি-র ব্যাপারে আপনি বলেছিলেন, ৩১শে মার্চের মধ্যে ১৪০-টা বাস বেরবে এবং ১১৫টা বাস রয়েছে। আজকেই আপনি প্রশ্নোত্তরের সময় বলেছেন ওদের ১১০টা বাস আছে। তাহলে আপনার কোন কথাটা সত্য? আপনি দয়া করে আপনার জাবাবি ভাষণের সময় এখানে তা বলবেন। আসলে আপনি নতুন নতুন সংস্থা করে নতুন নতুন জায়গায় থেকে ঋণ নেবার চেষ্টা করছেন। যখন আপনি দেখছেন একটা সংস্থায় আর ঋণ নেওয়া যাচ্ছে না, কেউ ঋণ দিচ্ছে না, তখন আপনি আর একটা নতুন সংস্থা খুলছেন এবং নতুন সংস্থার নামে আবার আপনি নতুন করে ঋণ নিচ্ছেন। এটা আপনার মারোয়াড়িদের মতো ব্যবসায়ী বুদ্ধি। আপনি নতুন সংস্থা করে নতুন ভাবে ঋণ নেবার চেষ্টা করছেন। তবে আপনি এখানে ব্যাঙ্কের কথা বলেছেন, কিন্তু পিয়ারলেসের কথা, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কথা বলেন

নি। কেন বললেন না? দয়া করে জবাবি ভাষণে বলবেন। রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থায় পিয়ারলেসের কাছ থেকে কত টাকা আজ পর্যন্ত ঋণ হিসাবে নিয়েছেন এবং বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ হিসাবে কত টাকা আজ পর্যন্ত পেয়েছেন দয়া করে জবাবি ভাষণে বলবেন।

[2-45 — 2-55 p.m.]

আমি এখানে দেখছি—ট্রাম কোম্পানির কথা মাত্র ৩/৪ লাইনে সেড়ে দিলেন। সি টি সি-র কথা বলেছেন। ১ লক্ষ ৪০ হাজার টাকা সি টি সি-র দৈনিক আয় হচ্ছে, কিন্তু ট্রামের কথা একটা লাইনও বললেন না। যখন সারা পৃথিবীতে পরিবেশ দূষণের নামে অনেক কথা বলা হচ্ছে, পরিবেশ দূষণ বন্ধ করার জন্য যখন নানা প্রক্রিয়া, নানা প্রচেষ্টা চলছে তখন ট্রাম চালানোর মধ্য দিয়ে পরিবেশ দূষণ বন্ধের একান্ত রাস্তা রয়েছে। আমরা জানি, যে হারে বাস, ট্যাক্সি এবং লরি চলছে তাতে তার ধোঁয়া থেকে পরিবেশ দূষণ হবে। তাই আজকে গোটা পৃথিবী নতুন করে ভাবনা-চিন্তা শুরু করেছে নতুন করে ট্রাম বসাবে কিনা। সেই জায়গায় আপনি পুরানো ঐতিহ্যমন্ডিত ট্রাম কোম্পানিকে অত্যন্ত সুকৌশলে স্লো-পয়জন করে আস্তে আস্তে তুলে দিচ্ছেন। কখনও বা হাওড়ার ব্রিজ সারানোর নাম করে তুলে দিলেন। এর আগে কি হাওড়ার ব্রিজ সারানো হয়নি? আপনি কেন সরাসরি বলছেন না যে ৫-৭ বছরের মধ্যে ট্রাম তুলে দেব? আজকে এই ট্রাম তুলে দেবার প্রশ্নে সিটু এবং সমস্ত ইউনিয়ন-এর কর্মচারিরা ট্রাম তুলে দেবার বিরোধিতা করছে। তখন আপনি কাঠালের আমস্বত্ত তাদের খাওয়াচ্ছেন। আপনি কি করেছেন? ট্রাম তুলে দিয়ে কলকাতায় ট্রামের বদলে বাসের ব্যবসা শুরু করে দিলেন। কাঠালের আমস্বত্ত খাওয়ান, কিন্তু পুরানো ঐহিত্যমন্ডিত ট্রাম কোম্পানিকে আপনি তুলে দেবেন না। আপমি ট্রাম তুলতে তুলতে ১৭০টি ট্রাম এনে দাঁড় করিয়েছেন। ট্রাম কোম্পানিকে লাভজনক করবার কোনও চেষ্টা আপনি কোনভাবেই করেননি। ভরতুকি দিতে দিতে ট্রাম কোম্পানির লোকসানের পরিমাণ এসে দাঁড়িয়ে গেছে প্রায় ১৭১ কোটি টাকায়। আপনি বলেননি, গত বছর সি টি সি-তে কত ইনকাম, ট্রাম কোম্পানিতে কত ইনক্যাম তা আপনার বাজেট ভাষণে নেই, মাত্র ৯-১০ কোটি টাকা আদায় করেছেন বলেছেন। কিন্তু ট্রাম কোম্পানির খরচ ৩৫-৩৬ কোটি টাকা। আর লোকসানের পরিমাণ ২০০ কোটি টাকায় পৌঁছে যাবে ১৯৯৩-৯৪ সালে। আপনি সি টি সি বাস চালাবেন বলেছেন। এখানে আমি বলতে চাই, বিদ্যাসাগর সেতু দিয়ে মনোপলিভাবে সি টি সি বাস চালাচ্ছেন। আমি আপনাকে জিজ্ঞাসা করেছিলাম হাওড়া ছাড়া আর কোনও রুটে সি টি সি-র বাস চালাচ্ছেন? আপনি হাওড়ার দিক থেকে বিদ্যাসাগর সেতুকে ভাডিয়ে ট্রাম কোম্পানির বাস চালাচ্ছেন। কিন্তু এই বাসের ভাড়ার পরিমাণ অত্যাধিক বেশি। আপনি এই বিদ্যাসাগর সেতু দিয়ে অন্য কোনও সরকারি বাস, এমনকি প্রাইভেট বাস চালাচ্ছেন না। আপনি চাচ্ছেন সি টি সি-র বাস এই বিদ্যাসাগর সেতু দিয়ে চালিয়ে যথেচ্ছভাবে ভাড়া নিয়ে সি টি সি-র লাভ দেখাবেন। এটা আপনার একটা ভাড়া তোলার কায়দা বিদ্যাসাগর সেতু দিয়ে। আপনি বিদ্যাসাগর সেতু দিয়ে উদ্বোধন করলেন, কিন্তু আপনি হাওড়ার দিকে কোনও রাস্তাঘাট তৈরি করলেন না।

আগে এটা পৌর দপ্তরে ছিল। গত বছরে আমি যখন বুদ্ধদেববাবুর সঙ্গে কথা বলতে গিয়েছিলাম তখন সেখানে আপনিও ছিলেন এবং আপনাকে আমি বলেছিলাম যে কোনা বাই

পাশ তৈরি করলেন না, কোনা বাই পাশ তৈরি করে বিদ্যাসাগর সেতু উদ্বোধন করে দিলেন? আপনি বলেছিলেন করব। কোনা বাই পাশের মানুষদের কোনও শেলটার না দিয়ে উচ্ছেদ করা হল, আপনি আমাকে বলেছিলেন আপনারা সহযোগিতা করুন ১৯৯৪ সালের মধ্যে কোনা বাই পাশের কাজ শেষ করতে না পারলে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেবেন না। আপনার কাছে প্রশ্ন আপনি লিখেছেন হাওড়ার ৯৯ ভাগ রাস্তাঘাট হয়ে গেছে, আপনার বাজেট ভাষণে লিখেছেন কিন্তু মূল রাস্তা কোনা বাই পাশ তৈরি করেন নি মন্দির তলার এতবড় রাস্তা ও ফেলে রেখেছেন। সেন্ট্রাল হাওড়ার বাই পাশ তৈরি করলেন কোনা বাই পাশ করলেন না। ক্যানেল রোড তৈরি করবেন, কোনা বাই পাশের কিছু টাকা দিয়ে ক্যানেল রাস্তা দিয়ে বাসগুলি চালাবেন। আজকে আন্দুল রোডের কি অবস্থা, প্যাচ ওয়ার্ক পর্যন্ত ভাল করে হয়নি, রোজ অ্যাসিডেন্ট হচ্ছে। আপনার কাছে আমার প্রশ্ন আপনি জবাবি ভাষণে বলবেন যে কোনা বাই পাশের কাজ ১৯৯৪ সালের মধ্যে শেষ হবার কথা ছিল সেটা ১৯৯৪ সালের মধ্যে শেষ হচ্ছে না কেন? কোনা বাই পাশের টাকায় এই রাস্তা তৈরি করতে চাইছেন কোনা বাই পাশের কাজ বন্ধ রেখে ড্রেনেজ ক্যানেল রোড তৈরি করছেন এই সব বলে সাধারণ মানুষকে বঞ্চনা করা হচ্ছে। আপনার কাছে আবেদন রাখছি জবাবি ভাষণে কোনা বাই পাশ সম্বন্ধে কি করবেন এই কথা বলবেন। হাওড়ার মানুষের মূল দাবি আজকে পরিবহন ব্যবস্থাটাকে নিয়ে আপনি খেলা শুরু করেছেন? আপনার দপ্তরের কোনও ওয়ার্ক কালচার নেই, একটা দপ্তরের সঙ্গে আর একটা দপ্তরের কোনও সমন্বয় নেই, আজকে আমরা দেখছি এক একটা অ্যাক্সিডেন্ট হচ্ছে আর আপনার দপ্তর যেন ঘুমিয়ে রয়েছে। গত জানুয়ারি মাসে গঙ্গা সাগরের মতো একটা গুরুত্বপূর্ণ মেলা যেখানে সারা ভারতবর্ষের মানুষ আসে সেখানে আপনার দপ্তর কি করছে, শুধু ভি আই পিদের ট্রিটমেন্ট করছে। চেমাগুড়ি একটা বিপদসঙ্কুল রাস্তা সেখানে ভোরবেলায় কুয়াশার মধ্যে মা অভয়া ২০০ জন যাত্রী পারাপার করতে গিয়ে যে ঘটনা ঘটল যা খবরে বেরিয়েছিল তার জন্য আপনি কি ব্যবস্থা করেছেন সেটা আপনার জবাবি ভাষণে বলবেন। এই সমস্ত কারণে আমি আপনার আনীত বাজেটের বিরোধিতা করে এবং কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[2-55 — 3-05 p.m.]

**শ্রী দেবনাথ মুর্মু :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্যের পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে এবং বিরোধীদলের আনীত কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি। আমাদের রাজ্য সরকারের প্রতি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা আপনি জানেন স্যার, আমরা লক্ষ্য করছি আজকে পশ্চিমবঙ্গের রেল প্রকল্প মানুষের যাতায়াতের জন্য যে ব্যবস্থা তাকে বন্ধ করে দেওয়ার জন্য এখানে চেষ্টা চলছে। আমরা লক্ষ্য করেছি উত্তরবঙ্গে এক লক্ষী বালুরঘাট রেল প্রকল্পের কথা খুব ঢাক ঢোল পিটিয়ে উদ্বোধন করা হয়েছিল, কিন্তু এখন সেখানে রেল লাইন না হয়ে সাইনবোর্ড লাইন হয়ে আছে। এই জায়গায় দাঁড়িয়ে সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে রাজ্য সরকার পরিবহন ব্যবস্থাকে ঢেলে সাজানোর চেষ্টা করছেন। আগামীদিনে পরিবহনের ক্ষেত্রে যে পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা উল্লেখযোগ্য এবং তা ধন্যবাদের আশা রাখে। আজকে উত্তরবঙ্গে বন্যার জন্য যে ক্ষতি হয়েছে সেখানে বাস চলাচলের জন্য নতুন নতুন ব্যবস্থা গ্রহণ

করা হচ্ছে। সেখানে কুচবিহারের নতুন করে বাস টার্মিনাসের ব্যবস্থা করা হচ্ছে। উদ্বোধন করবার উদ্যোগ নেওয়া হচ্ছে। ১৯৯৪ সালের ২১শে ফেব্রুয়ারি নতুন বাস চালু করা হয়েছে। আমরা লক্ষ্য করছি, উত্তর বাংলায় যেসব বাস চালু হচ্ছে সেগুলো কলকাতায় যাতায়াত করছে। এর কারণ হল, যেসব রেল প্রকল্প সেখানে গ্রহণ করা হয়েছিল সেগুলো কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছেন। আমরা আরও লক্ষ্য করেছি যে মানুষের স্বার্থে বাস বাড়াবার জন্য নতুনভাবে ঋণ নেবার ব্যবস্থা করা হয়েছে। এরজন্য মন্ত্রী মহাশয়কে আমি ধন্যবাদ জানাব। কিন্তু এ ব্যাপারে কংগ্রেস এখানে বিরোধিতা করেছেন। আজকে বিভিন্ন ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যখন আমাদের বঞ্চনা করছেন তখন মানুষের স্বার্থে আমাদের সরকার যেসব কাজ করছেন তার বিরোধিতা ওরা করছেন। কিন্তু আজকে সীমিত ক্ষমতার মধ্যে পরিবহন দপ্তর বিভিন্ন প্রকার ব্যবস্থা গ্রহণ করেছেন। উত্তরবঙ্গের গাজোল থেকে দীর্ঘদিন পরে কলকাতা পর্যন্ত বাস চালু করবার জন্য আজকে সেখানকার মানুষের পক্ষ থেকে আমি মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব। আজকে সাধারণ মানুষের হাতে পয়সা এসেছে বলে তাদের বাসে যাতায়াতও বেড়েছে। আগে গ্রামের মানুষ হেঁটে শহরের সঙ্গে যোগাযোগ করতেন, কিন্তু আজকে তারা অল্প দূরের রাস্তায় বাসে যাতায়াতে করছেন এবং তারজন্য বাসের প্রয়োজনীয়তা বেড়েছে। তবে একটি কথা হল, ১৯৯২-৯৩ সালে বালুরঘাট থেকে একলাখী পর্যন্ত বাস চালু করা হয়েছিল, কিন্তু হঠাৎ করে সেই বাস বন্ধ করে দেওয়া হয়েছে। আমি ঐ রুটে বাস চালু রাখবার জন্য মন্ত্রী মহাশয়কে বলব। ওখানে একটা বেসরকারি বাস চলছিল, কিন্তু সেটাও বন্ধ হয়ে গেছে। তারফলে ঐ রাস্তায় কোনও বাসই চলছে না, কেবলমাত্র দুই একটি ট্যাক্সি চলছে। কিন্তু তাতে যাতায়াত করতে মানুষকে অনেক টাকা গুণতে হচ্ছে এবং সেটাও পাওয়া যাচ্ছে ঘণ্টার পর ঘণ্টা অপেক্ষা করবার পর। আজকে গাজোল কলকাতা পর্যন্ত নতুন বাসরুট চালু করা হয়েছে, কিন্তু গাজোল একটা বর্দ্ধিষ্ণু এলাকা। হাটের দিন তাই গাজোলে জ্যামজটের সৃষ্টি হয়। তারজন্য মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, গাজোলে একটা বাস টার্মিনাস চালু করবার পরিকল্পনা গ্রহণ করুন।

ঐ এলাকার মানুষ যে অসুবিধার মধ্যে পড়েছে তা থেকে তারা যেন মুক্তি পান। ওখানে বৃহস্পতিবারে যে বিরাট হাট বসে তাতে জায়গায় অভাব দেখা দেয় এবং রাস্তার পাশে বিভিন্ন জায়গায় তারা দোকান দিয়ে বসে এবং তার ফলে রাস্তা জ্যাম হয়ে যায়। আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে দূরপাল্লার যে বাসগুলি চলে তাতে দেখা যায় যে চুরি, ছিনতাই এবং ডাকাতি হচ্ছে। কাজেই এই সম্পর্কে আপনাকে ভাবতে হবে। এই সমস্ত বাসগুলিতে যদি শক্তিশালী পুলিশ পাহারার ব্যবস্থা করা যায় এবং তারা যদি সজাগ থাকে তাহলে এই ডাকাতি হতে পারে না। আপনি জানেন যে কিছু দিন আগে আমাদের বিধায়ক শ্রীমতী মিনতি ঘোষের ব্যাগ ছিনতাই হয়েছিল। এই বাসগুলিতে যদি পুলিশ পাহারার ব্যবস্থা না রাখা হয় তাহলে দূরপাল্লার বাসগুলিতে ডাকাতি বন্ধ করা যাবে না। এর পাশাপাশি আমরা দেখেছি যে ড্রাইভাররা যে অবস্থায় বাস চালান তাতে বিভিন্ন সময়ে অ্যাক্সিডেন্ট হচ্ছে এবং মানুষ মারা যাচ্ছে। কাজেই এক্ষেত্রে আমি বলব যে দূরপাল্লার বাসে যখন ড্রাইভাররা উঠবে তখন তাদের বডি চেক আপ করা দরকার এবং মেডিক্যাল চেক আপ করা উচিত। কারণ সমস্ত দিক থেকে সুস্থ আছে কিনা সেটা দেখতে হবে। আমরা বিভিন্ন সময়ে দেখেছি

যে ড্রাইভাররা যে মানসিকতা নিয়ে গাড়ি চালান, সেই মানসিকতাই এই সব অ্যাক্সিডেন্টের কারণ হয়ে দাঁড়ায় এবং মানুষ মারা যায়। কাজেই এই জিনিসটা মন্ত্রী মহাশয়কে দেখতে বলব। এর পাশাপাশি আর একটা জিনিস আমরা দেখেছি। সেটা হচ্ছে, বিভিন্ন বাসে যে সব যাত্রীরা যাতায়াত করে, সব কন্ডাক্টর না হলেও কিছু কিছু কন্ডাক্টর আছে যারা প্যাসেঞ্জারদের কাছ থেকে পয়সা নিয়ে টিকিট দেয় না। এই সমস্ত কারণে সরকারের লস হচ্ছে। কাজেই এই বিষয়টিও আপনাকে দেখতে হবে। এগুলি কিভাবে বন্ধ করা যায় সেই বিষয়ে আপনাকে সজাগ থাকতে হবে এবং ব্যবস্থা নিতে হবে। আর একটা বিষয়ে এখানে আমি বলতে চাই সেটা হচ্ছে, আমাদের গাজোলে একটা বাস টার্মিনাস নির্মাণ করার জন্য অনুরোধ জানিয়ে, আমার বক্তব্য শেষ করছি।

[3-05 — 3-15 p.m.]

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় তার ব্যয় বরাদ্দ মঞ্জুরি সম্পর্কে যে বক্তব্য রেখেছেন, আমি সেই বক্তব্যের বিরোধিতা করে এবং আমাদের দলের তরফ থেকে আনা কাট মোশনের সমর্থন করে কয়েকটি কথা এখানে বলতে চাই। যদিও আমার বেশি কিছু বলার নেই, আমি কতকগুলি মৌলিক কথা বলার জন্য দাঁড়িয়েছি। কারণ এর আগেও সাবজেক্ট কমিটিতে কিছু আলোচনা হয়েছিল। তাসত্ত্বেও আমি এখানে কয়েকটি কথা বলছি। সরকারি দলের সদস্যরা অবগত আছেন যে আমি যখনই বলি সেটা যুক্তি দিয়ে বলার চেষ্টা করি। আপনারা ১৯৯২-৯৩ সালের বাজেট বইটা লক্ষ্য করবেন। ১৯৯২-৯৩, ৯৩-৯৪ এবং ৯৪-৯৫, এই তিনটি বাজেট বই পড়ে দেখবেন যে পরিবহনের কোনও উন্নতি হয়েছে কিনা। ১৯৯২-৯৩ সালে যে অবস্থা ছিল তার কোনও পরিবর্তন আছে কিনা। আমরা দেখছি যে ১৯৯২-৯৩ সালে যে বাসের সংখ্যা ছিল ১২৩৫, সেখানে দাঁড়িয়েছে ১২১৭তে। উত্তরবঙ্গের বাসের সংখ্যা ছিল ৯৪০, সেখানে দাঁড়িয়েছে ৯০০টি। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার বাসের সংখ্যা ৫০০টির মতো। নতুন সংযোজন হয়েছে ক্যালকাটা ট্রাম ওয়েজ কোম্পানির বাস, ২৫০টির মতো। অর্থাৎ আমি বলতে চাই বাজেটের মূল বক্তব্য হল রাষ্ট্রীয় মালিকানায় দেশের জনসংখ্যার কত পারসেন্ট যাত্রী বহন করছে। আমি একটা প্রশ্ন করে মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে জানতে চেয়েছিলাম দেশের যে জনসংখ্যা সেই তুলনায় আপনার রাষ্ট্রীয় মালিকানায় যে পরিবহন ব্যবস্থা তাতে কত পারসেন্ট যাত্রী বহন করে যাচ্ছে? মাত্র ২৭ পারসেন্ট লোক আপনার রাষ্ট্রীয় মালিকায় বহন করছে। ১২১৭টি, ৯০০টি, ৫০০টির মতো এবং ২৫০টি মোট ২৭০০-২৮০০ বাস সারা পশ্চিমবাংলায় চলছে। কিছু ট্রাম শুধু কলকাতায় চলছে, কিছু লোক বহন করছে, আর আছে ভূতল পরিবহন এবং লঞ্চ এবং ফেরি কিছু বহন করছে। আমি চিৎকার করে বলছি না, যারা চিৎকার করছেন তারা একটু বইপড়ে দেখুন। দেশের আর্থিক বুনিয়াদ বাড়ছে, দেশের গতি বাড়তে। সেখানে যদি বাসের সংখ্যা না বাড়ানো হয় যদি বাসের সংখ্যা ৩ বছর ধরে স্টাটিক থেকে যায়, এই ৩ বছর যাত্রী সংখ্যা বেড়ে অনেক দূর এগিয়ে গেছে সেখানে বাজেটের টাকা যদি কমে যায় তাহলে কি অবস্থা দাঁড়ায় আপনারা যারা বিজ্ঞ লোক আছেন তারা আমার মতো লোককে একটু হিসাব দিয়ে বুঝিয়ে দিন। ৩ বছরে বাসের সংখ্যা এক রইল আর লোক সংখ্যা বেড়ে গেল, তাহলে পরিবহনের অবস্থা কি দাঁড়ায়? উত্তরবঙ্গ ছাড়া অন্য সমস্ত

বিভাগে বাজেটের টাকা কমছে। ট্রাম কোম্পানির যে বাস সেই ব্যাপারে আপনি লিখেছেন যে দৈনিক ১ লক্ষ টাকা আয় হচ্ছে। সহজেই বোঝা যায় কি হারে এখানে ভাড়া দিতে হয় যার জন্য লাভ হচ্ছে। আপনি রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ভাড়া বাড়িয়ে যাচ্ছেন, কিছু দিন আগে বাড়ালেন, আবার কয়েকদিন পরে ভাড়া বাড়ানোর কথা ভাবছেন। ভাড়া বেড়ে যাচ্ছে আবার সাবসিডিও বেড়ে যাচ্ছে। আয় এবং ব্যয়ের হিসাব করে দেখা যাচ্ছে ব্যয়টা হয়ে যাচ্ছে সীমাহীন। সাবসিডাইজড ট্রান্সপোর্ট ইকনমি is going on by the state entrepreneur অর্থাৎ আমরা বলতে চাই সারা বিশ্ব জুড়ে যখন তোলপাড় হচ্ছে ভরতুকির মাধ্যমে চলবে না, নিজের পায়ে দাঁড়িয়ে প্রতিষ্ঠান চলবে। এই বিষয়ে আমাদের ভাবিত হতে হচ্ছে। এই ক্ষেত্রে মাননীয় পরিবহন মন্ত্রীর বক্তব্য শুনেছি, উনি বলেছেন এটা পরিষেবামূলক প্রতিষ্ঠান সার্ভিস দিতে গেলে আমরা যতটা পারি ভরতুকি দেব। এটা তিনি বলতে পারেন। বামপন্থীরা কথায় কথায় এটা বলতে পারেন। কিন্তু আপনারা দেখুন এই সাবসিডাইজ ইকনমিক্স করতে করতে একটার পর একটা দেশ পৃথিবীর মানচিত্র থেকে বিলীন হয়ে গেছে। তাদের অস্তিত্ব বিপন্ন হয়েছে। নতুন অর্থনীতির মেরুকরণে দেশ দাঁড়াতে চেষ্টা করছে। আপনারা এখনও কেন ভাবছেন না, শুধু ভরতুকি দিয়ে দেশ চালানো যায় না, দেশ কখনও দাঁড়াতে পারে না, পরিবহন দাঁড়াতে পারে না।

তাই বলতে চাই এখনও বাকি ৭০ পারসেন্ট মানুষ রয়ে যাচ্ছে আপনার পরিবহনের আওতার বাইরে। স্পষ্ট কথা বলি। আমি যদি বেসরকারিকরণের কথা বলি তাহলে আপনারা বলবেন আমি মালিকের দালাল হয়ে গেছি, বিশ্বব্যাঙ্কের দালাল হয়ে গেছি, আই এম এফ-এর দালাল হয়ে গেছি, সাম্রাজ্যবাদের দালাল হয়ে গেছি, পুঁজিবাদের দালাল হয়ে গেছি। এই রকম অনেক কথার ফুলঝুরি শুনতে হবে। কিন্তু আমি স্পষ্ট কথা বলতে চাই। আজকে বাজেট বক্তৃতায় আমরা যেটা লক্ষ্য করছি যে টাকা ধরা আছে তার প্রায় সবই শহর ভিত্তিক, শহরকে কেন্দ্র করে, কিছু কিছু ছিঁটে ফোঁটা দেওয়া হচ্ছে গ্রামের দিকে। গ্রামের এই যে ৭৩-৭৫ লাখ যাত্রী আপনার পরিবহন ব্যবস্থার মাধ্যমে কোথায় কিভাবে আসবে সেই ব্যাপারে আপনার বক্তব্য কি? কিছু নেই। আজকে জেলায় জেলায় একটা জগাখিচুড়ি ট্রান্সপোর্টেশন চলছে। আমি মন্ত্রী মহাশয়কে একটা সাজেশন দেব। জেলায় যে আর টি এ আছে সেখানে একটা সর্বদলীয় কমিটি করে জেলায় জেলায় সার্ভে করা হোক একটা জেলায় কতগুলি গাড়ি লাগতে পারে সাধারণ মানুষের নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে যাওয়া নিয়ে আসার জন্য এবং সাধারণ পরিবহনের জন্য এবং কোন জায়গা থেকে কিভাবে কতগুলি বাস চালানো দরকার। ছোট রাস্তায় তো গাড়ি চলছে না।

দুটো কারণ আছে। কারণটা কি, না একটা কো-অর্ডিনেশনের। সেটা কি, না রাস্তার অভাব। আমাদের পি ডব্লু ডি এবং ট্রান্সপোর্ট ডিপার্টমেন্টের এত গরমিল যে রাস্তা ঠিক নাহলে গাড়ি চলবে না। অনেক জায়গায় গাড়ি চলছে না, গাড়ি ভাঙচুর হচ্ছে। এইক্ষেত্রে পি ডবলু ডি মিনিস্টারকে বলব ট্রান্সপোর্ট মিনিস্টারকে বলব, আজকে সবাইকে দেখতে হবে। জেলার সাধারণ প্রান্তর থেকে বিভিন্ন জায়গায় মহকুমা থেকে ব্লকে, ব্লকে থেকে জেলায় মানুষ যেতে পারছে না। কারণ সমস্ত অলিতে গলিতে রাস্তাগুলো ভাঙাচোরা অবস্থায় দাঁড়িয়ে আছে। বর্ষায় সেগুলো ভয়াবহ অবস্থার দাঁড়াবে। পি ডবলু ডি পাঁচ-ছয় কোটি করে টাকা দিয়ে এক

একটা বড় বড় জেলাকে বলছে রাস্তা সারাতে। এই টাকা দিয়ে রাস্তাগুলো সারানো যায় কিনা এটা আপনাদের ভেবে দেখতে হবে। রাস্তাগুলো যদি না সারানো হয় তাহলে যন্ত্রণা বাড়বে, সেটা আপনারা বুঝবেন। সেজন্য আমার প্রকৃত সাজেশন হচ্ছে, মূল্যায়ন করার সময় এসেছে। জেলায় যে আর টি এ গুলো আছে, সর্বদলীয় ভিত্তিতে সেখানে ডিসকাশনের সুযোগ আছে? কত জেলায় কত রুট আছে তা আমরা জানি না। আমি যে জেলায় থাকি, তমলুক হলদিয়ার কাছে থাকি, সেখানে আগে ১১০টি গাড়ি চলত, এখন ৬০টি মাত্র গাড়ি চলে। মেদিনীপুরে আগে ১২০টি রুটের সংযোজন হত, আজকে সেখানে ১০০টি রুটের সংযোজন হচ্ছে কিনা সন্দেহ আছে। এইরকম ভাবে আমি মনে করি প্রতি জেলায় এই রকম ভয়াবহ করুণ অবস্থা। এই বাজেট জেলা ভিত্তিক নয়, কলকাতা ভিত্তিক। আপনারা ট্রান্সপোর্টেশন অ্যারেঞ্জমেন্টটাকে শুধু একটা দিক দিয়ে দেখছেন। ইকনোমিক্যালি ভায়াবল হচ্ছে কিনা, এইদিকে গুরুত্ব দেওয়া হয়েছে। ঠিক কথা, ইকনোমিক ভায়াবিলিটি ট্রান্সপোর্টের ক্ষেত্রে দেখতে হবে, সব সময়ে লস করে চালানো যাবে না, এটা আমি বুঝি। কিন্তু সেই সঙ্গে সঙ্গে মন্ত্রী মহোদয় মেনশনে বলেছেন যেখানে রেলওয়ের যোগাযোগের কোনও সুযোগ নেই, গ্রামের প্রান্তরে যাবার সুযোগ নেই, সেখানে তিনি যোগাযোগের ব্যবস্থা করবেন সরকারি মালিকানাধীনে। সেইক্ষেত্রে আমি স্টেট ট্রান্সপোর্টের সেক্রেটারির সঙ্গে কথা বলেছি, কর্পোরেশনের সঙ্গে কথা বলেছি। উনি বলেছেন নট ইট ইজ ইকনোমিক্যাল ভায়াবল, আমরা এত লসে রুট ডিক্লিয়ার করতে পারব না। দিস ইজ দি প্র্যাকটিকাল অ্যাসপেক্ট। সেইক্ষেত্রে আপনাদের কাছে আমি অনুরোধ করব যে, ডিস্ট্রিক্টে আর টি এ-র রুটগুলো সর্বদলীয় হোক। সমস্ত রুটে যেখানে প্রয়োজন আছে, সেখানে রুটে রুটে গাড়ি যাচ্ছে কিনা দয়া করে ভাবুন। তা না করে গতানুগতিক ভাবে একটা জায়গায় রুট করে দিলেন, তা করলে হবেনা। সেজন্য অনুরোধ করব, এই জিনিসকে ভাববার জন্য। আমি বলতে চাইছি, গাড়ির সংখ্যা বাড়ছে না। যেখানে কিছু কিছু আয় বেড়েছে, সেখানে দেখা যাচ্ছে আপনাদের গাড়ির আয় কমছে। যেখানে প্রাইভেট গাড়ি কম রেটে ৭৩ পারসেন্ট লোককে বহন করছে, একটা রুটে প্রাইভেট মালিক কম রেটে চালিয়েও একটার জায়গায় তিনটে গাড়ি চালাচ্ছে, সেখানে তারা ইকনোমিক্যালি চালাচ্ছে, কোম্পানিগুলোতে তারা লাভ করছে, আর সরকারিভাবে রুট বাড়িয়ে কোটি কোটি টাকা সাবসিডি দিয়ে সরকার চালাচ্ছেন।

[3-15 — 3-25 p.m.]

কাজেই এই বক্তব্যটা আমি খুবই ক্লিয়ার করে বলছি, আমি বলতে চাইছি না যে সরকারি মালিকানার বাস উঠে যাক, তবে এই কথা বলি যে বাস্তবের সঙ্গে দৃষ্টিভঙ্গির অভাব। ৭৩ পারসেন্ট গ্রামে মানুষের জন্য এই পরিবহন ব্যবস্থাকে আরও যাতে শোভনীয় করা যায়, দৃষ্টিভঙ্গি পরিবর্তন করে বাস্তব দিকটা তুলে ধরে যাতে এই ট্রান্সপোর্টেশন ব্যবস্থাকে আরও সুন্দর করা যায় তার চেষ্টা করতে হবে। আমরা জানি অনেক ক্রাইসিস আছে, অনেক লিমিটেশন আছে কিন্তু সেই লিমিটেশনের মধ্যেও দৃষ্টিভঙ্গির পরিবর্তন হওয়া দরকার। আজকে যে বহু রুটে বাস বন্ধ হয়ে যাচ্ছে তার অলটারনেটিভ কি ব্যবস্থা আপনারা নিচ্ছেন? এই যে প্রাইভেট বাসগুলো রুটে চলছে না সরকারের তো এই ব্যাপারে উদ্যোগ নেওয়ার দরকার। সেইকারণে আমরা দেখছি যে ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪ সালের বাজেটের বরাদ্দ একই রয়ে

গেছে। আমি ট্রান্সপোর্ট মিনিস্টারকে অনুরোধ করব আপনারা সাবসিডাইস ইকনমির উপরে নির্ভরশীল না হয়ে সেল্ফ ডিপেনডেন্ট ইকনমির জোর দিন, নিজের পায়ে দাঁড়াবার চেষ্টা করুন। আপনারা যেমন কার্লমার্ক্স ছেড়ে রবীন্দ্রনাথ, বিবেকানন্দের দিকে ঝুঁকে পড়ছেন তেমনি আপনাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন করুন।

**শ্রী সাত্ত্বিককুমার রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পরিবহনমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন তাকে সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। আমি বিরোধীদলের জটু লাহিড়ির বক্তব্য শুনলাম। একটি কথা উনি ঠিকই বলেছেন যে পরিবহন ব্যবস্থা ভেঙ্গে চুরে গেছে। আসলে সত্যি তো ওনারা ভেঙ্গে দিচ্ছেন, বাস আটক করা থেকে শুরু করে বাস পোড়ানো সব কিছুই করে যাচ্ছেন। সুতরাং পরিবহন ব্যবস্থা তো ওদের হাতেই ভেঙ্গে পড়ছে। আপনি বলছেন লোকসানের কথা, মাননীয় সদস্যর জেনে রাখার দরকার পরিবহন ব্যবস্থা গোটা ভারতবর্ষেই লোকসানে চলছে। সরকারি পরিবহন কখনও লাভজনক ভবে চলে না। এটা মানুষের প্রয়োজনে সেবামূলক মনোভাব নিয়ে পরিচালিত হয়। সেক্ষেত্রে সরকারকে লাভ লোকসান দেখলে চলবে না। আজকে পশ্চিমবঙ্গে যে ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্স আছে তাতে প্রত্যেকটি ডাইরেক্ট কানেকশন বাস চালু হয়েছে। অনেক সদস্য বললেন যে জেলাগুলোতে সব জায়গায় ডিপো নেই, ওয়ার্কশপ নেই ইত্যাদি। এটুকু জেনে রাখবেন আমরা আমাদের সীমিত ক্ষমতার মধ্যে থেকে পরিবহন ব্যবস্থাকে উপযুক্ত জায়গায় নিয়ে যেতে পেরেছি। আজকে ট্রাম চলার ব্যাপারে বলেছেন, ট্রাম চালানোর আমি মনে করি কোনও যুক্তি নেই কারণ এটা এত ব্যয় সাপেক্ষ হয়ে গেছে যে এতে ক্রমশ লোকসানই হবে, লাভ কিছু হবে না। আপনারা শুধু বাস নিয়ে বললেন কৈ আপনারা তো ফেরিঘাটের কথা বলছেন না? গঙ্গা সাগরের মেলায় যেতে হলে আগে মালকোঁচা বেঁধে যেতে হত, এখন তো টুক করে যাচ্ছেন আর চলে আসছেন। কৈ এই কথা তো বলছেন না। আজকে আপনারা রকেট বাসে চেপে ১৫০ কিমি রাস্তা এক বেলায় চলে আসছেন, এই কথা তো বলছেন না। যেখানে কংগ্রেসের সরকার আছে সেখানে কি ইতিহাস, সেখানে কি পরিবহনে তারা লাভ করছে? আজকে স্টেট বাসে আমাদের এখানে দেখাতে পারবেন একটাও বাসে লোকে ঝুলে যায়, যেটা যায় সেটা হচ্ছে প্রাইভেট বাসে যায়। সুতরাং সরকারি বাসের সঙ্গে যদি প্রাইভেট বাসের তুলনা করেন তাহলে ঠিক হবে না। তবে এই কথা ঠিক আমাদের মন্ত্রী এই সম্বন্ধে অনেক সচেষ্ট। কলকাতার যাতায়াতে কথা নিয়ে আপনারা তো উড়াল পুলের কথা বললেন না, রাস্তাগুলিকে যে ট্রিপ করছেন সেটা বলছেন না। আগে হাওড়া ব্রিজ দিয়ে কোনও রোগীকে হাসপাতালে আনা যেত না, এখন সেখানে কোনও জ্যাম হয়না, ফেরি ঘাটের জন্য মানুষকে আর ঘণ্টার পর ঘণ্টা জ্যামের মধ্যে দাঁড়িয়ে থাকতে হয় না। এটা তো সরকরের কৃতিত্ব, এটা তো বললেন না। আমাদেরকে আরও এগিয়ে যেতে হবে, পরিবহন ব্যবস্থাকে আরও জনমুখী করতে হবে, মানুষের যাতে আরও সুবিধা হয় তার জন্য চেষ্টা করতে হবে। এই ব্যাপারে আমি দু-চারটি প্রস্তাব রাখছি। আমরা দেখেছি বিভিন্ন জায়গায় যখন বাস যাচ্ছে তখন সেই বাসগুলি ড্যামেজ হয়ে যাচ্ছে, এমন সব বাম্প করে দিয়েছে তার জন্য আজকে এই অবস্থা হয়েছে। এই বাম্প করার উদ্দেশ্য হচ্ছে কোথাও চাঁদা আদায় হচ্ছে কোথাও বা এক্সপ্রেস বাসকে দাঁড় করবার জন্য এটা করেছে, এই ব্যাপারে পি ডব্লু ডি মন্ত্রী বলেছেন, এইসবের

জন্য আইন আছে, কিন্তু আইন কার্যকর হচ্ছে না। সেই বাম্প ক্রস করে যখন বাস যায় তাতে বাসের পার্টসের ক্ষতি হয়, তাকে ব্রেক মারতে হয়, এতে ডিজেল, পেট্রোল বেশি খরচ হয়, গিয়ার চেঞ্জ করতে হয়, বাস স্পিডে যেতে পারে না, তাই বাম্পের ব্যাপারে একটা ড্রাসটিক অ্যাকশন নেওয়া উচিত। আমি দেখেছি ১২ মাইল রাস্তার মধ্যে ৫৮টি বাম্প আছে, সেইজন্য বলব আপনার দপ্তরকে এই ব্যাপারে সজাগ হওয়ার জন্য। আর একটি জিনিস চালু করুন, গ্যারেজ নাইট শিফট ব্যবস্থা। যাতে যে সমস্ত বাসগুলি রাত্রে চলে সেইগুলি সকাল বেলায় ভালভাবে বেরুতে পারে সেটা দেখার জন্য গ্যারেজ নাইট শিফটে যদি রিপেয়ারিং এর ব্যবস্থা করতে পারেন তাহলে ভাল হয়, সকাল বেলায় যে বাস বেরুবে তাহলে সেটা ঠিক সময়ে প্লেস করতে পারবে এতে বিক্ষোভ হবে না ঠিকমতো বাস চালানো যাবে। আপনার দপ্তরে যে সমস্ত আর টি এ আছে তাদেরকে সজাগ করতে হবে। দেখা যায় কোটি কোটি টাকার ট্যাক্স দিচ্ছে না যে সমস্ত ট্রাক খাদানে চলে তাদের লাইসেন্স নেই, ট্যাক্স দেয় না, একটা ট্রাককে বছরে ৭ হাজার টাকা ট্যাক্স দিতে হয়। এই জিনিস দেখতে পাবেন কোলিয়ারিতে, পাথর কোলিয়ারিতে, স্যান্ড কোলিয়ারিতে বিভিন্ন স্থানে এই রকম ভাবে লক্ষ লক্ষ টাকা দেওয়া হচ্ছে না।

[3-25 — 3-35 p.m.]

এই জিনিসটার জন্য বলছি যে একটা স্পেশ্যাল সেল করুন যাতে ট্যাক্সটা আদায় হয় এতে সরকারেরও অনেক সুবিধা হবে। নর্থ বেঙ্গলে বাসই একমাত্র যোগাযোগের উপায় কারণ সেখানে ট্রেন খুবই কম। সেখানে এন বি এস টি সি যে সার্ভিস দিচ্ছে এবং সাউথ বেঙ্গল যে সার্ভিস দিচ্ছে তা সত্যিই প্রশংসারযোগ্য। বাস না থাকলে নর্থ বেঙ্গলের লোকজনের ভীষণ অসুবিধায় পড়তে হয়। আমি এবারে আমার জেলার কথা একটু বলি। সিউড়ি থেকে একটি বাস নিয়মিত কলকাতায় আসত। এটা ভোর ৫টার সময়ে ছেড়ে সিউড়ি থেকে যদি বর্ধমান পর্যন্ত আসে তাহলে এটা ভ্যায়াবল হবে। এ সম্পর্কে আপনি পারমিশন দিয়েছেন, ডেপুটি ডিরেক্টর আমাকে চিঠিও দিয়েছেন কিন্তু সেই বাসটা চালু হল না। এই বিষয়টা আমি আপনাকে বিশেষভাবে দেখতে বলছি। আমরা তিনজন এম এল এ সেখানে থেকে আসি এটা যাতে সত্বর ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করুন। রামপুরহাট থেকে ভায়া সিউড়ি বক্রেশ্বর পর্যন্ত যে বাসটি যায়, আমার প্রশ্নের উত্তরে যেটা আপনি বললেন সেই বাসটি বন্ধ হয়ে গিয়েছে। যে সময় বক্রেশ্বর থেকে বাসটা চালু করেছেন তাতে সেটা কোনওদিন লাভজনক হবেনা। সিউড়ি থেকে ভোর ৫টায় অথবা বেলা ১২টায় ছেড়ে সেটা যদি বর্ধমান পর্যন্ত আসে তাহলে লাভজনক হবে কারণ কলকাতায় সেই বাসে বিশেষ লোক আসে না। তারপর যে কথাটা বলছি সেটা হচ্ছে গ্রাম এলাকায় যেখানে বড় বড় বাস যেতে পারে না সেখানে ১০ থেকে ২০ সিটের ম্যাক্সি ট্যাক্সি চালু করুন। তাদের স্টেজ ক্যারেজ পারমিট দিয়ে চালু করতে পারলে গ্রাম এলাকার লোকদের খুবই সুবিধা হবে। তারপর বাসে যে চেকিং ব্যবস্থা আছে তাকে আরও জোরদার করুন তাতে সরকারের আয় বাড়বে। যে সমস্ত বাস বিহারে যায় বা বিহার থেকে যে সমস্ত বাস পশ্চিমবাংলায় আসে সেখানে এক একটা বাস পিছু বিহার সরকার তিন থেকে ৬ হাজার টাকা ট্যাক্স নেয় অথচ পশ্চিমবাংলায় এই ট্যাক্স ৭/৮শো টাকার বেশি নয়। এতে সরকারের লোকসান হচ্ছে, বিহার সরকার বেশি টাকা নিয়ে নিচ্ছে।

এরমধ্যে কোনও সমতা আনা যায় কিনা সেটা চিন্তা করে দেখুন। এতে সরকারের কিছু লাভ হবে। হাওড়া জেলার উলুবেড়িয়া থেকে মাথাপাড়া-শ্যামপুর যে বাসটি আছে তা নিয়মিত যায় না। যাতে এই রুটে নিয়মিত বাস চলে এবং এই রুটে বাস বাড়ানো যায় তারজন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এখানে লিমিটেড স্টপেজের বাস আছে, মাত্র তিন/চারটি বাস চলে, জনসাধারণের সুবিধার জন্য বাস বাড়ানোর জন্য অনুরোধ জানাচ্ছি। তারপর কলকাতায় ট্যাক্সির দুরাবস্থার কথা আপনি জানেন। ট্যাক্সিওয়ালাদের পছন্দমতো জায়গা না হলে তারা যায় না এবং সেখানে কথার কোনও উত্তর না দিয়েই তারা ট্যাক্সি নিয়ে চলে যায়। এটা কি করে চেক করা যায় সেটা চিন্তাভাবনা করুন। এরজন্য একটা ব্যবস্থা নিন। এই বলে আপনার বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পরিবহন মন্ত্রী ১২ নং, ৭৭নং, ৮০ নং এবং ৮১নং দাবির অধীনে যে ব্যয় মঞ্জুরির দাবি করেছেন আমি তার বিরোধিতা করে এবং আমাদের দলের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। স্যার, আমি আর্থিক সমীক্ষা বা ইকনমিক রিভিউ-র ১৯২ পৃষ্ঠায় প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এখানে আমরা দেখছি যে, ১৯৯১-৯২ থেকে ১৯৯৩-৯৪, তিন বছরের মধ্যে এন বি এস টি সি-তে ৪০টি বাস বেড়েছে, সি টি সি-তে ১৯টি বাস বেড়েছে, এস বি এস টি সি-তে ৪৩টি বাস বেড়েছে এবং সি এস টি সি-তে ৩৬টা বাস কমেছে। অথচ আমরা দেখছি প্রতিটি ক্ষেত্রেই স্টাফ রেশিও সারা ভারতবর্ষের তুলনায় বেশি। সব চেয়ে আশ্চর্যের বিষয় এই আর্থিক সমীক্ষায় এই সংস্থাগুলির ইনকামের বিষয়ে কিছুই উল্লেখ করা হয় নি। এটা কি ব্যাপার! প্রফিট অ্যান্ড লস-এর ক্ষেত্রে বলা হচ্ছে এন এ, এন এ, এন এ। এই এন এটা কি? মন্ত্রী মহাশয়, তার বাজেট বক্তৃতার মধ্যে বলেছেন, ১৯৯২-৯৩ সালে পরিষেবা থেকে ২৭ কোটি ২৬ লক্ষ টাকা আয় হয়েছে এবং তিনি ১৯৯৩-৯৪ সালে ৩৮ কোটি ৩৬ লক্ষ টাকা আয় হবে বলে আশা করেছিলেন। যেখানে কোনও লাভই হয় না, শুধুই লোকসান, সেখান থেকে কিভাবে এই টাকা আয় হল তা আমরা বুঝতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে ১৯৯৩-৯৪ সালে ইকনমিক রিভিউটা একটু দেখতে অনুরোধ করছি। সেখানে বলা হচ্ছে ট্রাম ওয়েজে মাইনাস প্রফিট হয়েছে, অর্থাৎ লস হয়েছে। কত? ২,৬৭৫ লক্ষ টাকা। আর ডিউরিং দি ইয়ার ১২৯.২৩ লক্ষ টাকার লোকসান। মাননীয় মন্ত্রী মহাশয় ট্রাম ওয়েজ তুলে দেবার চেষ্টা করছেন। অথচ ট্রাম হচ্ছে আমাদের রাজ্যের, বিশেষ করে কলকাতা মহানগরীর বৃদ্ধ, শিশু এবং মহিলাদের উপযোগী যানবাহন। আর উনি সেটা তুলে দেবার চেষ্টা করছেন। সবচেয়ে আশ্চর্যের বিষয় উনি ওর নিজের কেন্দ্র মানিকতলায় এবং বেহালায় নতুন করে ট্রাম লাইন বসিয়ে ট্রাম চালু করেছেন। যখন বিরাট লোকসান হচ্ছে এবং তুলে দেবার চেষ্টা করছেন তখন নিজের কেন্দ্র মানিকতলা এবং বেহালায় নতুন করে চালু করলেন। এটা নিশ্চয়ই খামখেয়ালিপনা ছাড়া আর কিছুই নয়। উনি ডবল ডেকার বাস আনলেন জাপান থেকে ১৯৮৪-৮৫ সালে—২৯৪টা ডবল ডেকার বাসের জন্য রাজ্যের রাজস্ব ক্ষতি হল ২৪ কোটি টাকার। যে বাসগুলো এসেছিল সেগুলোর আজ আর বোধ হয় অস্তিত্ব নেই, সেই জন্য সেগুলোকে রাস্তায় দেখা যায় না। উনি বিধান শিশু ভবনের অপোজিটে—মানিকতলায় দুটো ফ্লাই ওভার করেছেন প্রায় কোটি টাকা খরচ করে, অথচ ওখানে একটা লোকও তার ওপর দিয়ে যায় না। আর শ্যামবাজার, গড়িয়াহাটার মতো

জনবহুল জায়গায়, গুরুত্বপূর্ণ স্থানে অবিলম্বে ফ্লাই ওভার করার দরকার ছিল, সেটা করা হল না। কলকাতার রাস্তা সাধারণত চওড়ায় খুবই কম এবং দিনের পর দিন যানবাহন বেড়ে যাবার ফরে ট্রাফিক নিয়ন্ত্রনের সমস্যা দেখা দেয়।

[3-35 — 3-45 p.m.]

এক সময় যখন মাননীয় পরিবহন মন্ত্রী বিদেশে গিয়েছিলেন তখন মাননীয় অর্থমন্ত্রী নিজে রাস্তায় নেমে ট্রাফিক নিয়ন্ত্রণ করার চেষ্টা করেছিলেন। পরিবহন মন্ত্রী বিদেশ থেকে ফিরে এসে সেই ব্যবস্থা বন্ধ করে দিলেন। কিন্তু আমরা জানি মন্ত্রীরা নিজেরা উপস্থিত থেকে যদি দপ্তরের কাজ পরিচালনা করেন, স্পট ভিজিট করেন তাহলে জনগণ নিশ্চয়ই পরিষেবার ক্ষেত্রে কিছুটা উপকৃত হন। আমি মনে করি প্রত্যেকটি বাস স্টপেজে বাস থামাতে যেন বাধ্য করা হয়। তাহলে ট্রাফিক জ্যাম থেকে রেহাই পাওয়া যায়। প্রতিটি জেলায় যে আর টি এ আছে সেখানে প্রচুর টাকা ঘুষ নিয়ে বাসের পারমিট ঢালাও দেওয়া হয়। সেইসব আর টি এ-গুলিতে জনপ্রতিনিধিদের অর্থাৎ এম এল এ-দের সেখানকার কমিটির সদস্য থেকে বঞ্চিত করা হয়। বিশেষ করে যারা সি পি এমের সদস্য বা সিটুর মেম্বার এই সমস্ত লোক দিয়ে আর টি এ ভর্তি করে রাখা হয়েছে। কংগ্রেসকে তো তারা বঞ্চিত করেইছে, এমন কি বামফ্রন্টের যারা শরিকদল ফরওয়ার্ড ব্লক, আস এস পি, সি পি আই এই সমস্ত দলের এম এল-দের এই সমস্ত আর টি এ কমিটিতে রাখা হয়নি। যার ফলে আর টি এ দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। সুতরাং প্রত্যেকটি দলের সদস্যরা যাতে চান্স পায় সেটা আপনাকে দেখতে হবে। মাননীয় স্পিকার স্যার, যেমন সাবজেক্ট কমিটিগুলি করেছেন। সেইসব কমিটিতে ইনটেনসিভ রিভিউ হবে, পর্যবেক্ষণ হবে। তেমনি প্রত্যেকটি জেলায় গুরুত্বপূর্ণ আর টি এতে প্রত্যেক দলের সদস্য এবং ট্রেড ইউনিয়ন নেতারা যাতে চান্স পায় সেটা দেখতে হবে। এরফলে ভাল কাজ হবে বলে আমি মনে করি। এই আর টি এ-র মাধ্যমে কলকাতা থেকে নর্থ বেঙ্গল, সাউথ বেঙ্গল এবং সারা পশ্চিমবঙ্গে যে সমস্ত ট্যুরিস্ট বাসগুলি চলে সেই সমস্ত বাসগুলি সম্পূর্ণ বেআইনিভাবে চলাচল করে। কারণ এদের কোনও পারমিট নেই। বিভিন্ন জেলার আর টি এর সঙ্গে যোগসূত্র করে এইভাবে বাসের মালিকরা ব্যবসা চালিয়ে যাচ্ছে। বিভিন্ন ব্লকে, বিভিন্ন জেলায় যে সমস্ত বাসগুলি চলে সেগুলি বিবাহ বা অন্য উৎসবে দেখা যায় ঢালাও ভাড়া দিয়ে দেওয়া হয়। এরফলে যাত্রী সাধারণের হয়রানি হতে হয়। তারা রাস্তায় অসহায়ভাবে দাঁড়িয়ে থাকে। এটা একটা দুর্নীতি বলে আমি মনে করি। জেলায় জেলায় এই সমস্ত ঘটনাগুলি হয়। এছাড়া নর্থ বেঙ্গলে সি এস টি সি যে বাসগুলি যায়, সেইসব বাসগুলি পরিষেবার ক্ষেত্রে যাত্রীদের পক্ষে অনুকূল নয়। কারণ এন বি এস টির এই সমস্ত বাসগুলি অত্যন্ত খারাপ। লাইট নেই, ব্রেকের অবস্থা ভাল নয়। অর্থাৎ যাত্রী সাধারণকে সুষ্ঠ পরিষেবা দিতে পারে না। এছাড়া এন বি এস টি সি, সি এস টি সি এবং এস বি এস টি সিতে যে সমস্ত লোককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় সেটা অত্যন্ত নক্কারজনকভাবে সি পি এমের লোকদের ঢোকানো হয়। কংগ্রেস বা অন্য কোনও শরিকদলের কোনও লোককে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয় না, বঞ্চিত করা হয়। এটা অত্যন্ত দুর্নীতি এবং স্বজন-পোষণ বলে আমি মনে করি। তাই আমি এই বাজেটকে সম্পূর্ণভাবে বিরোধিতা করছি এবং আমাদের দলের আনীত কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তপন হোড়ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে মাননীয় পরিবহন মন্ত্রী যে ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১-র ব্যয় বরাদ্দ মঞ্জুরির জন্য উপস্থিত করেছেন তাকে সমর্থন করে ২-৪টি কথা বলছি। কংগ্রেস দল যে কি বললেন আমি বুঝলাম না। আপনি উল্লেখপর্বে শুনেছেন যে অদ্ভুত ব্যাপার, এই সব কথা যেন জাফর শরিফকে বলেন—একজন রেসপনসিবল মন্ত্রী সেখানে রিজার্ভেশন টিকিট কেটে রিজার্ভেশন পায় না, এই হচ্ছে রেল দপ্তরের চিত্র, এই হচ্ছে ইনফ্রাস্ট্রাকচার, এই কথাটা জেনে শুনে এখানে এসে শয়তানি করছে। কলকাতার কথা বলা হচ্ছে, কলকাতা আনপ্ল্যান্ড সিটি, এখানে দিল্লি, মহারাষ্ট্র বাঙ্গালোর, মাদ্রাজের মতো টাকা দিক না যাতে কলকাতার রাস্তাগুলোকে বড় করা যায়। রাজ্য সরকারের এবং মন্ত্রীকে ধন্যবাদ যে আগে আমরা জ্যামজটের জন্য তিতি-বিরক্ত হতাম এখন সেখানে এক দেড় মিনিটের মধ্যে স্মুথলি চলা যায়। ওরা তো ধন্যবাদ দেবেন না, ওরা চাইছেন পরিবহন ব্যবস্থাকে উৎখাত করতে। কেন্দ্রীয় সরকার পরিবহন ব্যবস্থাকে প্রাইভেটাইজেশনের কথা বলছেন, মন্ত্রী মহাশয় প্রতিবাদ করেছেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর মানুষের আশা আকাঙ্খা বেড়ে গেছে। তারা বি ডি ও অফিস, সাবডিভিসন্যাল এবং জে এল আর ও অফিসে বিভিন্ন অফিসে য়াতায়াত করছেন এত মানুষের সংখ্যা বেড়ে গেছে সেখানে এই সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে পরিবহন মন্ত্রী অত্যন্ত দায়িত্বশীল ভাবে কাজগুলি করে যাচ্ছেন। ওরা অন্ধ, দেখতে পান না। মানুষের মধ্যে অর্থনৈতিক জোয়ার আসার ফলে চলাচল এত বেড়েছে যে পরিবহন পরিষেবা মানুষের কাছাকাছি এসে গিয়েছে। সেখানে যে ভরতুকি আছে তা রাখতে হবে, আপনারা সারের উপর ভরতুকি প্রত্যাহার করেছেন ২০ পারসেন্ট চাপিয়ে দিয়েছেন, মানুষের কথা চিন্তা করেন নি, রাজ্য সরকার চিন্তা করেন এবং সেজন্যই চেষ্টা করছেন। আপনারা এক সময়ে বলেছিলেন বাসের চেয়ে বাসের কর্মীর সংখ্যা অনেক বেশি আজকে সেটা মন্ত্রী মহাশয় একটা ব্যালেন্সিং জায়গায় দাঁড় করিয়ে দিয়েছেন। এই বইগুলি ওরা পড়েন না, না পড়ে বক্তব্য রাখেন। ওরা বলেছেন ১৯৯৩-৯৪ সালে ৮ পারসেন্ট রাজস্ব বেড়েছে, কাজ হচ্ছে না। সমস্যা অনেক আছে মাননীয় মন্ত্রী বাজেট ভাষণে তা বলেছেন, আরও বেশি চেকিংয়ের ব্যবস্থা করতে হবে, এইগুলিকে তো সমর্থন করলেন না? কোনও কনস্ট্রাকটিভ আলোচনার মধ্যে যাবেন না। আমি কিছু সাজেশন রাখব, আমার অভিজ্ঞতা হচ্ছে এই আমরা দেখছি পশ্চিমবঙ্গে বাসের ক্ষেত্রে বাসগুলি যা প্লাই করছে তার ডেট এক্সপায়ার করে গেছে অনেক দিন আগে। প্রায় খবরের কাগজে দেখা যায় দুর্ঘটনায় লোক মরছে। একটা বাস কতদিন চলবে সেটার দিকে দৃষ্টি দিতে হবে। তারপর সময়ের ব্যাপারে বেশিরভাগ ক্ষেত্রে হাইকোর্ট হয়ে যাচ্ছে, স্টেট আর টি এ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার কর্তৃপক্ষ তাদের মধ্যে কো-অর্ডিনেট হওয়া দরকার, তা না হলে সমস্যা থেকে যাবে। তাই আমি বলি কো-অর্ডিনেটিং করে যাতে সার্ভিস ভাল হয় সেই সার্ভিসের দিকে লক্ষ্য রাখতে হবে। হাইকোর্ট রাষ্ট্রীয় পরিবহনকে অসুবিধার মধ্যে ফেলে দিচ্ছে।

[3-45 — 3-55 p.m.]

এ ব্যাপারটা ভাল করে দেখার দরকার আছে। সেক্ষেত্রে সাজেশনের আর একটু কথা বলছি যে, দূরপাল্লার বাসগুলির যাতায়াতের পথে কয়েকটি মেজর স্টপেজ থাকে, কিন্তু সেখানে যাত্রী সাধারণের, বিশেষ করে মহিলাদের টয়লেটের খুবই অসুবিধা হয়। কাজেই

সেখানে টয়লেটের ব্যবস্থা থাকা দরকার। আপনার সীমাবদ্ধতার মধ্যেও এটা করা যায় কিনা দেখবেন। আর একটি হল রেল-কাম-বাস সার্ভিস। এটা বিশেষ করে উত্তরবঙ্গের ক্ষেত্রে এবং দাক্ষিণবঙ্গের যেখানে যোগাযোগ ব্যবস্থা নেই সেখানে বিশেষভাবে দরকার, কারণ রেল থেকে নামবার পর ৫০ মাইল ভেতরে ঢুকতে হলে যাত্রীদের খুবই অসুবিধা হয়। কাজেই এটা চালু করা যায় কিনা দেখবেন। তবে আপনি চৌরঙ্গিতে কেন্দ্রীয় বাস টার্মিনাস করবার ব্যাপারে যে উদ্যোগ নিয়েছেন তারজন্য আপনাকে ধন্যবাদ। এরকম ব্যবস্থা আমরা সেকেন্দ্রাবাদে গিয়েও দেখে এসছি। কাজেই যেটা ভাল কাজ সেটা বলতেই হবে। আজকে চৌরঙ্গিতে কেন্দ্রীয় বাস টার্মিনাস করবার ব্যাপারে যে কথাবার্তা চলছে সেটার কাজ যাতে ত্বরান্বিত হয় সেটা দেখবেন। আপনি বোলপুর পৌরসভাকে বাস স্ট্যান্ড করবার জন্য টাকা পাঠিয়েছেন, কিন্তু সে টাকা দিয়ে ওরা কর্মচারিদের মাইনে দিয়েছেন অর্থাৎ অন্য খাতে খরচ করেছেন, যারজন্য বোলপুর বাসস্ট্যান্ডের কিছুই হয়নি। এভাবেই কংগ্রেসিরা চলছেন। আমি বারবার বিধানসভাতে বলেছি যে, ওরা বরাবর এসব কান্ড করেন। আপনি উড়াল পুল করেছেন, কিন্তু সেখানে দিয়ে চলাচল করা মুশকিল। দিল্লিতে দেখেছি এক্ষেত্রে সেখানে সাবওয়ে করা হয়েছে। এখানেও এটা করা যায় কিনা একটু দেখবেন। হাওড়ার দ্বিতীয় ব্রিজ যখন শুরু হয় তখন ট্রাফিক চলাচলের ক্ষেত্রে যে চাহিদা ছিল তার ভিত্তিতেই ব্রিজটি তৈরি হয়েছিল, কিন্তু এখন মানুষের সংখ্যা আরও বেড়েছে এবং তারফলে ট্রাফিকের চাপও বেড়েছে। তারজন্য তৃতীয় হুগলি ব্রিজ তৈরি করার ব্যাপারটা তাড়াতাড়ি ম্যাটেরিয়ালাইজ করা যায় কিনা দেখবেন। তবে আজকে আপনি ইনল্যান্ড ওয়াটার সার্ভিসের ক্ষেত্রে একটা দৃষ্টান্ত দৃষ্টি করেছেন। প্রতিদিন এই সার্ভিসের মাধ্যমে দুই আড়াই লক্ষ যাত্রী পারাপার হচ্ছেন। কিন্তু সুন্দরবন অঞ্চলে যেসব ভুটভুটি চলছে তাদের কোনও লাইসেন্স নেই। ঘনঘন সেখানে ভুটভুটি অ্যাক্সিডেন্ট ঘটাচ্ছে, কিন্তু সেক্ষেত্রে কোনও কন্ট্রোল দেখতে পাচ্ছি না। মা অভয়া-র অ্যাক্সিডেন্ট হয়েছে, এই সেদিন চেমাগুড়িতে আর একটি লঞ্চে অ্যাক্সিডেন্ট হয়েছে। আপনি দিনের পর দিন সেখানে উপস্থিত থেকে উদ্ধার কার্য পরিচালনা করেছেন দেখেছি, কিন্তু বিষয়টা একটু দেখার দরকার। বেহালায় বিমান চালনার ক্ষেত্রে প্রশিক্ষণ দেবার ব্যবস্থা করেছেন, কারণ বাঙালি বিমান চালকের সংখ্যা কম। কিন্তু ঐ কেন্দ্রকে আরও উপযুক্ত করা যায় কিনা যাতে বাংলার ছেলেরা আরও বেশি করে এগিয়ে আসতে পারেন সেটা দেখবেন। আগে উত্তরবঙ্গের বালুরঘাট মালদা, কুচবিহার প্রভৃতি জায়গা থেকে বিমান সার্ভিস ছিল। আমি ১০ টাকা ভাড়া দিয়ে সেখানে থেকে এক সময়ে কলকাতায় এসেছি। মাঝখানে কিছুদিন বায়ুদূত সার্ভিস চালু হয়েছিল, কিন্তু সেটাও বন্ধ হয়ে গেছে। কাজেই ঐ বিমানবন্দরগুলি আবার চালু করা যায় কিনা দেখবেন। অ্যাক্সিডেন্ট বিমান ক্ষেত্রে বলছি, এক্ষেত্রে আইনের সরলীকরণ করা দরকার। এই অ্যাক্সিডেন্ট-বিমান ক্ষেত্রে আমরা দীর্ঘসূত্রতাও লক্ষ্য করছি। এখানে দীর্ঘসূত্রতার ফলে নানা রকম সমালোচনার সম্মুখীন হতে হচ্ছে। কাজেই অ্যাক্সিডেন্টাল বেনিফিটের ক্ষেত্রে আইনটাকে যাতে সরলীকরণ করা যায় সেটা দেখা উচিত। অ্যাক্সিডেন্টাল ডেথ হলে কর্মীদের ক্ষেত্রে বা তাদের ডাই ইন হারনেস-এর ক্ষেত্রে যাতে অগ্রাধিকার পায় সেই ব্যবস্থা করবেন। এই কথা বলে আপনার ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমর বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজকে ট্রান্সপোর্ট মিনিস্টার

তার দপ্তরের জন্য যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তার বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। আজকে পরিবহন ব্যবস্থা সম্পর্কে বলতে গেলে প্রথমে একথা বলতে হয় যে শুধু যানজট নয়, জনস্বাস্থ্য কতখানি বিপর্যস্ত হচ্ছে, সেই সব দিক থেকে চিন্তা করে পরিবহন ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। আজকে পরিবেশ দূষণ, নার্কটিক গ্যাস, জ্বালানী গ্যাস ইত্যাদিতে কলকাতা মহানগরীর পরিবেশ উদ্বেগজনক ভাবে দূষিত হচ্ছে এবং জনজীবন অত্যন্ত বিপদজনক জায়গায় চলে গেছে। কাজেই সেদিকে সরকারের দৃষ্টি রাখতে হবে এবং সেই নিরিখে আজকে ট্রাম, মেট্রো রেল, চক্ররেলের উপরে বিশেষ করে গুরুত্ব দিতে হবে। কিন্তু আমরা অত্যন্ত উদ্বেগ জনক ভাবে দেখছি যে সরকার তার বিপরীত মুখী দৃষ্টিভঙ্গি নিয়ে ট্রাম তুলে দিতে চাচ্ছেন, ট্রামের গুরুত্ব কমিয়ে দিতে চলেছেন। আজকে ইউরোপীয় দেশগুলি এবং অন্যান্য দেশগুলি যখন পরিবেশ দূষণের বিপদের দিকে তাকিয়ে নতুন করে ট্রাম চালানোর কথা চিন্তা করছেন, সেখানে আমাদের এখানে ট্রাম তুলে দিচ্ছেন এবং এই সম্পর্কে বলা হয়েছে যে ট্রাম শ্লথগতি। ট্রাম লাইনে যদি অন্তরায় সৃষ্টি না হয়, ট্রাম লাইনে যদি অন্য যানবাহন পথ অবরোধ না করে, লোডশেডিংয়ের যদি বাধার সৃষ্টি না করে তাহলে মিনি বাস, বা অন্যান্য যানের সঙ্গে ট্রাম পাল্লা দিয়ে চলতে পারে। আপনারা আরও বলেছেন যে ট্রাম লোকসানে চলে। আজকে সি এস টি সি, এন বি এস টি সি, দক্ষিণবঙ্গ পরিবহন, কোনটা না লোকসানে চলছে? তা যদি হয় তাহলে শুধু ট্রামের উপরে দোষ কেন? কাজেই ট্রাম তুলে নেওয়ার জন্য কতকগুলি যুক্তির অবতারণা মাত্র। তাছাড়া ট্রামে আজও বৃদ্ধ শিশু এবং অসুস্থদের চলাচলের পক্ষে নিরাপদ এবং আরামদায়ক। আপনারা সেই ট্রামের উপরে গুরুত্ব কমিয়ে দিয়ে সেটাকে তুলে দিচ্ছেন। কাজেই আমি আশা করব যে এগুলি বিবেচনা করে ট্রামের যাতে উন্নতি হয়, তাকে যাতে অব্যাহত রাখা যায় তারজন্য পদক্ষেপ নেবেন। আজকে মেট্রো রেল সম্পর্কে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি আমরা দেখেছি। কেন্দ্রীয় সরকারের সহায়তায় যে মেট্রো রেল। সেই সম্পর্কে একটা দৃষ্টান্ত আমি এখানে তুলে ধরছি। টালিগঞ্জ থেকে গড়িয়া মেট্রো রেলের জন্য ৮ কিলোমিটার দূরত্ব। আপনারা বলছেন যে তার একটা সমীক্ষা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের নগর উন্নয়ন দপ্তর কয়েকমাস ধরে রাজ্য সরকারের কাছে চিঠি লিখেও এই ব্যাপারে রাজ্য সরকারের কাছ থেকে ঠিকমতো কোনও সাড়া পাচ্ছে না।

[3-55 — 4-05 p.m.]

এই রকম যদি টালবাহনা চলতে থাকে, টালিগঞ্জ থেকে গড়িয়া এবং দমদম থেকে টালিগঞ্জের কাজ শেষ হতে চলেছে, আগামী বছর শেষ হবে, দিল্লিতে মেট্রো রেল চালু হবে, পাতাল রেল চালু হবে, মেট্রো রেলের কোটি কোটি টাকার যন্ত্রপাতি যদি কলকাতা থেকে চলে যায়, রাজ্য সরকার যদি টালবাহনা করতে থাকে তাহলে পরবর্তীকালে সেই যন্ত্রপাতি ফেরত আনা শক্ত। তার ফলে টালিগঞ্জ গড়িয়া মেট্রো রেলের কাজ পেছিয়ে যাবে। চক্ররেলের ব্যাপারে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে এই রকম অবস্থা দেখতে পাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিবেশ দূষণের দিক থেকে এই বিষয়গুলির উপর জোর দেওয়ার দরকার ছিল। আর একটা বিষয় বলতে চাই। জনমুখী দৃষ্টিভঙ্গি কতকগুলি জিনিস থেকে বোঝা যায়। গতবারে আমি বলেছিলাম, সুন্দরবন অঞ্চলে নৌ-পথে যাত্রী সাধারণ বিপদজনক অবস্থায় চলাচল করে। চেমাগুড়ির মুড়িগঙ্গায় অ্যাক্সিডেন্ট হল। গঙ্গাসাগরে এবারে গীতাঞ্জলীর

অ্যাক্সিডেন্ট হল। একটারপর একটা দুর্ঘটনা হচ্ছে। ১৯৮৯-৯০ সালে ৪ বার লঞ্চ ডুবি হয়েছে, বহু মানুষ সেখানে মারা গেছে। সেখানে বেআইনি ভাবে ভুটভুটি চলছে। সরকারি ঘোষণা অনুযায়ী এই গুলি বেআইনি ভাবে চলছে। এটা নিয়ে এই রকম নৌকাডুবি অনেক হয়েছে, অনেক মানুষের প্রাণহানি ঘটেছে। এই রকম একটা দুর্ঘটনা ঘটলে একটা তদন্ত কমিটি বসিয়ে দেওয়া হয়। তারা ভালভাবে জানেন যে এই ঘটনা বেশি দিন জনসাধারণের স্মৃতিতে থাকবে না, তারপর আর তদন্ত কমিটি নিয়ে কেউ মাথা ঘামাবে না। এত বড় একটা অ্যাক্সিডেন্ট হল, ২ মাস পেরিয়ে গেল, ৪ মাস পেরিয়ে গেল, কিন্তু তদন্ত কমিটির রিপোর্ট বার হল না। তারপর আবার অ্যাক্সিডেন্ট হল, আজকে আবার তদন্ত কমিটি হল। কি ক্যালাসনেস। কি অমানবিকতা! কেন্দ্রীয় সরকারের পর্যবেক্ষক দল এসেছিল, তারা সমস্ত ঘুরে এসে বলেছিল চেমাগুড়ি অত্যন্ত বিপদ জনক নদী। কিন্তু তথাপিও সেখানে দিয়ে নৌকা চলাচল করে। তারা সাজেশন দিয়েছে, দ্যাট ওয়াজ টু বি অ্যাকজামিনড, কিন্তু সেটা মানা হয় নি। এটা তো একজামিন করা দরকার ছিল, কিন্তু তদন্ত কমিটি রিপোর্ট দিতে পারল না। কমিটি রিপোর্ট দিলে এটার একটা ব্যবস্থা হত। ওয়েস্ট বেঙ্গল সারফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনকে সাজেশন দেওয়া সত্ত্বেও কোনও কাজ হয় নি। এই ব্যাপারে ব্যবস্থা নিলে হয়ত গীতাঞ্জলীর এই রকম ভয়াবহ দুর্ঘটনা ঘটত না। আবার সেই তদন্ত কমিটি হয়েছে, লোক এই তদন্ত কমিটির কথা ভুলে যাবে। এর থেখেই বোঝা যায় সরকার কতখানি জনমুখী। আপনারা এই ব্যাপারে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। আমাদের রাজ্য পরিবহন ব্যবস্থায় সরকারি বাস চলাচল করে, প্রতি বছর নতুন নতুন বাস কেনা হচ্ছে, প্রতি বছর ঝকঝকে বাস আসছে। কয়েকদিন যেতে না যেতেই সমস্ত বাস ঝড়ঝড়ে হয়ে যাচ্ছে। কোনও মেনটেনেন্স হয় না, ধোয়া হয় না, মোছা হয় না। সুতরাং বাসের সংখ্যা স্টাটিক। অথচ আপনাদের কর্মচারির সংখ্যা কম নয়, প্রাইভেট বাসের থেকে বেশি। আজকে ভাড়া তো বৃদ্ধি করা হচ্ছেই, তার উপর একজিকিউটিভ বাস দেখিয়ে আরও বহু গুণ বাসের ভাড়া বৃদ্ধি করা হচ্ছে। এক একটা একজিকিউটিভ বাসের ভাড়া ৪ টাকা করে নেওয়া হচ্ছে। বাসের ভাড়া এমনভাবে বাড়ানো হচ্ছে যে বাণিজ্যিক দৃষ্টিভঙ্গি নিয়ে যাত্রী সাধারণের কাছ থেকে বাস ভাড়া আদায় করা হচ্ছে। একদিকে বলছেন আমরা কল্যাণমুখী দৃষ্টি নিয়ে চলছি, অথচ এই ব্যবসায়িক দৃষ্টি নিয়ে বাসের ভাড়া বৃদ্ধির ব্যবস্থা চালাচ্ছেন, যাত্রীকে স্কুইজ করছেন। আর টি এ-গুলো দুর্নীতির আখড়া হয়ে গেছে। বাসের, মিনিবাসের লাইসেন্স দেবার ব্যাপারে স্বজনপোষণ হচ্ছে, দুর্নীতি হচ্ছে। সর্বত্রই প্রতিনিধিত্ব মূলক দুর্নীতিগ্রস্ত অবস্থা। বাসের সংখ্যা দিনের পর দিন কমে যাচ্ছে। একটা বাস তিনটে বাসের যাত্রী নিয়ে চলছে। এই অবস্থাতে আপনারা বাসের ভাড়া বাড়াচ্ছেন, অথচ যাত্রীদের দিকে তাকাচ্ছেন না। আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় পরিবহন মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন তাকে পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং বিরোধী দলের আনা কাট মোশনের বিরোধিতা করে, আমার সময় যেহেতু অল্প সেজন্য অতি সংক্ষেপে কয়েকটি কথা বলতে চাইছি। স্যার, আজকে এটা দিবালোকের মতো স্পষ্ট যে রাজ্য স্তরে পরিবহনের একটা পরিকাঠামো গঠন করা গেছে, অতিবড় শত্রুও বলবে না যে হয়নি।

পরিকাঠামোটা সত্যিসত্যিই তৈরি হয়েছে। আমাদের রাজ্যে একটা প্রবাদ ছিল যে, সব তীর্থ বারবার, সাগর তীর্থ একবার। আগে যে সাগরে যেত সে আর ফিরত না। এখন ছেলেরা দৈনিক সেখানে পিকনিক করতে যায়। সাগর থেকে এখন হাজার হাজার মানুষ যাতায়াত করছে, কলকাতায় এসে চাকরি করছে। এখন যাই বলা হোক না কেন, অনেক উন্নতি হয়েছে। তবে যতটা উন্নতি হওয়ার দরকার ততটা হয়নি। কেন হয়নি, সে সম্বন্ধে অনেক কথা বলা যায়। আমার সময় সংক্ষেপ, সেজন্য আমি মাননীয় মন্ত্রীর উদ্দেশ্যে বলতে চাই, কয়েকটি সজেশন রাখছি। বর্তমানে কলকাতায় সাউথ বেঙ্গলের যে পরিবহন ব্যবস্থা আছে, তারমধ্যে সাউথ বেঙ্গলের বাসের ব্যবস্থা খুবই ভাল। তবে সেগুলোর অর্থনৈতিক অবস্থা কি রকম সে সম্বন্ধে কিছু বলতে চাই। সেন্ট্রাল গ্যারাজ কতদিনে করবেন জানি না। কাগজে খরবটা দেখছিলাম। আপনার জবাবি ভাষণে আশাকরি, জানতে পারব। তবে কলকাতার সেন্ট্রাল বাস স্ট্যান্ড যেটা আছে তার অবস্থা হল অত্যন্ত খারাপ পরিবেশ। জায়গাটা ময়লায় ভর্তি। সেখানে নানা ফলের দোকান ও হকাররা বসে আছে। প্রাইভেট বাসগুলোকে সেখানে ঢুকিয়ে দেয়। একটু বৃষ্টি হলেই সেখানে জল জমে যায়, যাত্রীদের দাঁড়াবার কোনও জায়গা থাকে না। ল্যাট্রিনের ভাল ব্যবস্থা সেখানে নেই। সি টি সি-র বাসগুলো ভাল। কিন্তু আমাদের যেটা অভিজ্ঞতা, আমি প্রায়শই হলদিয়া থেকে যাতায়াত করি, হলদিয়া থেকে বেরিয়ে রায়চকে যে বাসগুলো আসে তাদের ছাড়ার কোনও ঠিক নেই, কোনও টাইমিংস নেই। অথচ ইউনাইটেড ট্রান্সপোর্টের যে বাসগুলো আসে, সেগুলো সময় মতো আসে বা সময় মতো ছাড়ে। আপনাদের বাস ছাড়ার একটা টাইম তো থাকবে? আপনার বাস যখন আসছে, লোকে দৌড়াচ্ছে সেগুলো ধরবে বলে, কিন্তু দেখা গেল ততক্ষণে বাস ছেড়ে চলে গেল। আমার ক্ষেত্রে এই রকম ঘটনা অনেকদিনই ঘটেছে। লোককে বাস ছাড়ার টাইমটা তো জানানো দরকার। তাছাড়া বাসগুলোর দাঁড়াবার জন্য একটা স্টপেজ তো ঠিক থাকবে যে লোকে বুঝতে পারে তাকে কোথায় দাঁড়াতে হবে? এগুলো ছোটখাট ব্যাপার হলেও আপনাকে ভাবতে বলব। এরপরে কলকাতার ট্যাক্সি সম্বন্ধে আপনাকে ভাবতে বলব। ট্যাক্সিওয়ালারা খুব কনজারভেটিভ। আমি যাদবপুরে থাকি। আজকে গোলপার্কে এসে দেখলাম, ওখানে একজন মহিলা, যিনি অসুস্থ লেবার পেশেন্ট তাকে নার্সিংহোমের নিয়ে যাবার জন্য বাড়ির লোকেরা একজন ট্যাক্সিওয়ালাকে অনুরোধ করছেন। আমি জানি না, তার কাছ থেকে সে কত টাকা নিয়েছে। বার বার করে অনুরোধ করা সত্ত্বেও ট্যাক্সিওয়ালা যেতে রাজি হচ্ছে না দেখার পর, আমি নিজের পরিচয় দিয়ে ধমক দিতে যেতে রাজি হয়।

[4-05 — 4-15 p.m.]

শেষকালে আমি আমার পরিচয় দেওয়াতে ট্যাক্সিতে উঠতে অ্যালাউ করল। সুতরাং এই হচ্ছে অবস্থা একটু রাত হলেই ট্যাক্সি চালকরা আর ট্যাক্সি চালাতে চায় না, এমন কি এম এল এ হলেও তার কোনও রক্ষে নেই। আমাদের মেদিনীপুর জেলা একটি সর্ববৃহৎ জেলা, এখানে একটি নির্দিষ্ট সেন্ট্রাল গ্যারেজ করা উচিত। মেদিনীপুর থেকে সমস্ত রুটে বাস চলাচল করছে, -সুতরাং এই বিষয়ে ভাবার দরকার আছে। এখানে পি ডব্লিউ ডির সঙ্গেও কো-অর্ডিনেশনের একটা ভীষণ অভাব এই পরিবহন দপ্তরের। রাস্তাগুলোর এমন অবস্থা যে গাড়ি চলতে পারছে না। আমাদের নন্দী গ্রামে একটি কানেকটিং রোড আছে তা প্রায় ১৪ থেকে

১৮ কিমি এই রাস্তাটিতে প্রাণ ধুক ধুক করে বাসে যেতে হয়। এমন অবস্থা এই রাস্তার যে, যে কোনও সময়ে এই বাস থেকে নেমে পড়তে হয় এবং প্রাণ হাতে নিয়ে বাসে উঠতে হয়। অথচ এই পরিবহন দপ্তরের করণীয় কিছুই নেই। একটা কো-অর্ডিনেশনের বিরাট অভাব সেখানে এই ব্যাপারে একটু ভাবতে বলব। নতুন যে রাস্তাগুলো হয়েছে সেই নন্দীগ্রামে রাস্তাগুলোতে বাস দিন। নতুন রাস্তা গুলোতে স্টেট ট্রান্সপোর্টের নতুন নতুন বাস দিন। তারপরে বিরোধীদের নেত্রী তো মাঝে মধ্যে বন্ধ ফন্দ ডেকে বাস বন্ধ করে দেন তখন এই সরকারি স্টেট বাস চালিয়ে তার মোকাবিলা করতে হয়। আমি সত্যিকথা বলতে গেলে কি, ট্রাম রাখার পক্ষে, ট্রাম তুলে দেওয়ার পক্ষে নয়। যে রাস্তায় ভীড় কম, যেসব রাস্তা কনজেসটেড নয়, বা জ্যাম হয় না কিম্বা বিজি নয়, সেইসব রাস্তাতে ট্রাক রেখে দিয়ে রাস্তা আটকে রেখে দিয়েছেন সেইসব জায়গায় ট্রাম চালাতে পারেন। আপনি লসের কথা বলেছেন, আর্থিক সমীক্ষায় ৭-এর ২ সরণীতে লসের কথা বলেছেন। লস তো দূর করা যাবে না কারণ নগর পরিবহন ব্যবস্থায় লস যাচ্ছে না এমন কোনও রাজ্য ভারতবর্ষে পাবেন না। আরেকটি বিষয়ে সাজেশন দেব সেটা হচ্ছে যে, এই মেট্রোরেলকে যাতে আরও তরান্বিত করা যায় তারজন্য মাননীয় মন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রী সঙ্গে বসে আলোচনা করুন। এই ব্যাপারে হস্তক্ষেপ করে যাতে আরও দ্রুত এই বিষয়টা শেষ করা যায় সেইদিকটা দেখতে বলব। মেট্রো রেল একটি অত্যাধুনিক পরিবহন ব্যবস্থা, শহরের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে খুব সহজে মাটির তলা দিয়ে দ্রুত চলে যাচ্ছে। সেখানে বাসে যেতে অনেক সময়ে লেগে যায় সুতরাং এই আন্ডার গ্রাউন্ড রেল যাতে দ্রুত শেষ হয় সেইদিকে দৃষ্টি দিতে হবে। পরিবহনের ক্ষেত্রে তাহলে একটা ব্যাপক সুবিধা হবে। এরপরে আমি দ্বিতীয় হুগলি সেতুর কথা বলব দ্বিতীয় হুগলি সেতুর উপরদিয়ে হাওড়াগামী বাস চলে না, এটা কেন চলে না সেটা জানাবেন। হাওড়া দিয়ে মঙ্গলবার যাতায়াত করা খুবই অসুবিধাজনক কারণ মঙ্গলাহাট সেদিন বসে। সেইজন্য আরেকটি বিষয়ে বলব সেটি হচ্ছে যে, মাকড়দহ থেকে কোনা রাস্তাটির কাজ যাতে দ্রুততার সঙ্গে শেষ হয় সেই দিকে দৃষ্টি দেবেন। এইবার জল পরিবহনের ব্যাপারে বলছি সুন্দরবন অঞ্চলে যে ফেরি সার্ভিসগুলো আছে সেগুলো সাগরদ্বীপ পর্যন্ত চলে না, এই ব্যাপারে দেখতে বলব। সুন্দরবনের এই ফেরি সার্ভিস ব্যবস্থার ব্যাপক কার্যকর করলে ভটুভুটির জ্বালার থেকে মানুষ মুক্ত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে জল পরিবহন ব্যবস্থার উন্নতি করুন। হলদিয়া থেকে যেটা কচুবেড়িয়া যায় সেটা যাতে ভায়া নন্দীগ্রাম যায় সেটা দেখবেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিমল মিস্ত্রি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং 'বিরোধীদের সমস্ত কাট মোশনগুলিকে বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। এই পরিবহন ব্যবস্থা থেকে মানুষ তিন রকম সুযোগ পেতে চায়, কম খরচে মানুষ যাতায়াত যাতে করতে পারে, সে যাতে তার গন্তব্যস্থলে পৌছাতে পারে তার জন্য সাধারণ মানুষের যে পরিষেবা ব্যবস্থা যানবাহন ব্যবস্থা তার সবচেয়ে উপযুক্ত ব্যবস্থা আমরা দেখতে পাচ্ছি এই ব্যবস্থাটা কেন্দ্রের কংগ্রেস সরকার তার যে আর্থিক নীতি ক্রমাগত তাতে পেট্রোল, ডিজেলের এবং অন্যান্য স্পেয়ার পার্টসের জিনিসের দামকে যেভাবে বাড়িয়ে চলেছে তার ফলে গোটা ব্যবস্থাটায় আমাদের সরকারি ব্যবস্থায় সমস্ত সুযোগ সুবিধা থেকে তারা বঞ্চিত করছে। কেন্দ্রীয়

সরকারের যে আর্থিক নীতি আমাদের পরিবহন ব্যবস্থাকে বিপর্যস্ত করছে তার মধ্যে থেবে আমদের বামফ্রন্ট সরকারকে কাজ করতে হচ্ছে। গত ১৭ বছর ধরে এই পরিবহন ব্যবস্থা বামফ্রন্ট সরকার যে বাসগুলি এনেছেন তা সবচেয়ে উল্লেখযোগ্য আজকে যদি আমরা লক্ষ করি সাবজেক্ট কমিটির রিপোর্টগুলি এবং সরকারি তথ্যগুলি দেখি তাহলে দেখতে পাব এ সংস্থাগুলি যেটা পুরানো সংস্থা ছিল সি টি সি সেটা ছাড়া নতুন কতকগুলি ব্যবস্থা পরিবহনে ক্ষেত্রে লোককে সুবিধা দেওয়ার জন্য গ্রহণ করা হয়েছে। সি টি সি, সি এস টি সি উত্তরব রাষ্ট্রীয় পরিবহন সংস্থা, দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা এবং ভূতল পরিবহন ব্যবস্থা এ ৫টির মধ্যে আমরা যদি সি টি সি-র পর্যালোচনা করি তাহলে দেখব সাবজেক্ট কমিটিতে দেখেছি এই কোম্পানিতে ক্রমাগত লস হয়েছে, একটা বিরাট পরিমাণ ঘাটতি সরকারে উপর চেপেছে। সরকারি ব্যবস্থায় ট্রাম যদি খারাপ হয়ে যায় তাকে সারাতে গেলে যে পরিমা খরচ হবে, এমনিতেই সারাবার জায়গা কম আছে, তবুও খরচ প্রচুর, সেইদিক দিয়ে বিচা করলে বাস চালানোই শ্রেয়। যদিও এখানে পরিবেশ দূষণের দোহাই দেওয়া হয়েছে, কিন্ত বাস্তব পরিস্থিতিতে ট্রাম কোম্পানির মাধ্যমে যে বাস চালাবার ব্যবস্থা করা হয়েছে এতে এ সংস্থায় লস কমেছে। এতে আরও বেশি সংখ্যক মানুষ উপকৃত হচ্ছে, আমরা দেখেছি সি টি সি বাসের নতুন নতুন এলাকার পরিধি বাড়িয়েছে, চাহিদাও বেড়েছে।

[4-15 — 4-25 p.m.]

এই বাস পরিষেবা থেকে তাদের এখন দৈনিক আয় হচ্ছে ৭০ হাজার টাকা এব সমস্ত খরচ বাদ দিয়ে তাদের থাকছে ২৬ হাজার টাকা। একটা সংস্থায় যদি লোকসান ক তাহলে সেটা ভাল না খারাপ কংগ্রেসি বন্ধুদের সেটা জিজ্ঞাসা করছি। এর পর আমি ভূত পরিবহনের কথায় আসছি সারফেস ট্রান্সপোর্টের মাধ্যমে জলপথ পরিবহনের ক্ষেত্রে আম দেখছি নতুন নতুন সমস্ত জেটি হচ্ছে। নদী পথে একটা জেটি থেকে আর একটা জেটি লোক আনা নেওয়ার ক্ষেত্রে যে ব্যবস্থা করা হয়েছে তা সত্যিই প্রশংসাযোগ্য এবং এ অনেক মানুষের সুবিধা হচ্ছে। এ বিষয়ে আমি অধিক বলছি না কারণ অন্য বক্তা বলেছেন। নতুন নতুন অনেক জেটি হচ্ছে, নতুন নতুন লঞ্চ আসছে ঠিকই তবে আরও বে জেটি হলে, লঞ্চ আসলে মানুষের আরও উপকার হবে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আ সুন্দরবন এলাকার লোক এবং বিধায়ক স্বভাবতই আমরা চাই আরও বেশি জেটি হোক এ লঞ্চ চালু হোক। এটা হলে মানুষের অনেক উপকার হবে। অপর দিকে এর সঙ্গে সংযোগকা বাসগুলি আরও বেশি বেশি চললে মানুষের অনেক উপকার হবে। বাসের কথা বলতে গি আমি প্রথমেই কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের কথায় আসছি। কলকাতার রাষ্ট্রীয় পরিবহন আমরা দেখছি তাদের যে ঘাটতি এবং অন্যান্য ব্যাপারগুলি আছে সেখানে কিছুটা ভাল ফ দেখাচ্ছেন। এই প্রসঙ্গে ১৯৯৩-৯৪ সালের তাদের জ্বালানি খরচের ব্যাপারটা বলা যা ১৯৯৩-৯৪ সালে জ্বালানী খরচ প্রতি কি মি ৩.৪৮। সারা ভারতবর্ষের সিটি সার্ভিসের ক্ষে সমস্ত রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলির মধ্যে জ্বালানীর অধিকতর সদ্ব্যবহার করার জন্য এ এ আর টি ইউ সংস্থাকে জাতীয় পুরস্কারে ভূষিত করেছে। নিশ্চয় এরজন্য তারা কৃতিত্বের দা করতে পারেন। এরপর আমি ম্যান বাস রেশিও-র কথায় আসছি। ম্যান, বাস রেশিও সেটা কমেছে। ১৯৯৩ সালের মার্চ মাসে যেখানে কর্মীর সংখ্যা ছিল ১৩ হাজার ২২৯, সেখা

১৯৯৪ সালে তা দাঁড়িয়েছে ১২ হাজার ৬৯০ তে। ম্যান বাস রেশিও যেখানে ছিল ১১.৬২ বর্তমানে সেটা নেমে হয়েছে ১০। এসপ্লানেডে একটা টার্মিনাস নির্মাণের জন্য বিভিন্ন দপ্তরগুলিকে নিয়ে একটি বিশেষজ্ঞ কমিটি করা হয়েছে যাতে সেখানে একটা কেন্দ্রীয় ডিপো তৈরি করা যায়। এই কাজগুলি যাতে দ্রুত রূপায়িত হয় তারজন্য আমি আবেদন জানাচ্ছি। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের বাস বিভিন্ন জায়গায় সম্প্রসারিত হচ্ছে এবং আমার এলাকায়ও সম্প্রসারিত হচ্ছে। এদের আর্থিক ঘাটতি কমিয়ে বাসের সংখ্যা বাড়ানোর চেষ্টা হচ্ছে। উত্তরবঙ্গে দূরপাল্লার যে সমস্ত বাস চলছে তারজন্য উত্তরবঙ্গের মানুষ খুবই উপকৃত হচ্ছেন কারণ সেখানে ট্রেন নিয়মিত চলে না এবং যাও বা চলে সেই ট্রেনের অবস্থা খুবই বিপর্যস্ত। তাছাড়া দিনের পর দিন যেভাবে ট্রেনের ভাড়া বাড়ছে তাতে করে সেখানকার মানুষ বাসের উপর বেশি করে নির্ভরশীল হয়ে পড়ছেন। স্যার আমরা জানি যে কেন্দ্রীয় সরকারের বিপর্যস্ত আর্থিক নীতির ফল বামফ্রন্ট সরকারের উপর পড়ছে কিন্তু তবুও তারমধ্যে এই সরকার মানুষকে যতটা সম্ভব সাহায্য করার চেষ্টা করে যাচ্ছেন। এরমধ্যে কিছু ত্রুটি থাকতে পারে, এই পরিকাঠামোর মধ্যে তা থাকতে পারে কিন্তু তবুও বামফ্রন্ট সরকার মানুষের কল্যাণের জন্য চেষ্টা করে চলেছেন। বাসে চেকিং-এর ব্যাপারে অনেকে বলেছেন। সেটা করা দরকার তার সঙ্গে সঙ্গে আমরা সাবজেক্ট কমিটি থেকে অনেক ডিপো ঘুরেছি এবং সেখানে দেখেছি যে অনেকগুলি বাস অকেজো হয়ে পড়ে আছে যেগুলিকে সারিয়ে তোলা যায় স্পেয়ার পার্টস ঠিকমতো পেলে। এই স্পেয়ার পার্টস ঠিকমতো যাতে সরবরাহ করা হয় সেটা দেখার জন্য অনুরোধ করে, আমার বাজেটকে পুনরায় সমর্থন করে ও সমস্ত কাট মোশনের বিরোধিতা করে শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আমাদের ট্রান্সপোর্ট বা পরিবহন রাজ্য সরকারের খুব গুরুত্বপূর্ণ কাজগুলোর মধ্যে একটা। তার কারণ ট্রান্সপোর্ট বা পরিবহনের সঙ্গে লক্ষ লক্ষ মানুষের জীবন যাত্রা এবং তাদের যোগাযোগ নির্ভরশীল। কিন্তু যেটা আমাদের বার বার মনে হচ্ছে—বামফ্রন্ট সরকারের আমলে ট্রান্সপোর্টের ব্যাপারে রাজ্য সরকারের কোনও কো-অর্ডিনেটেড প্ল্যানিং নেই। শুধু নতুন বাস দিয়ে দিলেই রুট হয় না, তার সঙ্গে সাপোর্টিং রাস্তা দরকার। আপনি যদি হিসেব দেখেন তাহলে দেখবেন যে, পশ্চিমবাংলায় ন্যাশনাল হাই ওয়ে অন্যান্য রাজ্যের চেয়ে কম। পশ্চিমবাংলায় যে স্টেট হাইওয়ে আছে মেনটেনান্সের অভাবে সেগুলোর অবস্থা খুবই খারাপ। তার ফলে পশ্চিমবাংলায় যে বাসগুলো চলে সেগুলো বছরে ৬ মাস চলে এবং সে বাসগুলো খারাপ হয়ে যায়। রাস্তাগুলোর কোনও মেনটেনান্সই হচ্ছে না। এটা একটা ছোট স্তরে, শুধু কলকাতার ক্ষেত্রে উল্লিখিত হয়েছে যে, সরকারের কয়েকটা সিদ্ধান্তে একেবারেই পরিকল্পনা ছিল না। যার জন্য কোটি কোটি টাকা নষ্ট হয়েছে। এ ক্ষেত্রে সব চেয়ে বড় উদাহরণ হচ্ছে ট্রাম নিয়ে সরকারের সিদ্ধান্ত। রবীনবাবু যখন মন্ত্রী ছিলেন তখন ট্রাম নিয়ে গিয়েছিলেন নিজের কেন্দ্রের জোকা পর্যন্ত। আবার শ্যামলবাবু যখন মন্ত্রী তখন ট্রাম নিয়ে গেলেন নিজের কেন্দ্র মানিকতলা পর্যন্ত। তারপর সেই শ্যামলবাবুই বলছেন ট্রাম তুলে দেবেন। ট্রাম কিভাবে তুলছেন— আস্তে আস্তে শুকিয়ে ট্রামকে তুলে দেওয়া হচ্ছে। এখন টোটাল ট্রাম আছে ৩৫১টা। তার মধ্যে ১৯৯৩-৯৪ সালে ডেলি আউট সেডিং

ছিল ১৩৪টা। তার মানে ওরা ট্রাম বের করেন ১৩৪টা। মানে সংখ্যাটাকে ক্রমশ নামিয়ে আনছেন। এই সি টি সি এখন বাস চালাচ্ছে। আমরা এই হাউসে কলকাতা থেকে ট্রাম তুলে দেবার বিরোধিতা করেছি এবং আরও এই কারণে যে, যে সরকার ট্রাম সম্প্রসারণ করেছেন, তাদের ট্রাম তুলে দেবার কোনও যুক্তি মেনে নেওয়া যায় না। ট্রাম একটা পলিউশন ফ্রি ট্রান্সপোর্ট, আমাদের সেটা সব সময় মনে হয়েছে। সুতরাং এ ব্যাপারে মন্ত্রীর পরিকল্পনার কোনও প্রশংসা আমরা করতে পারছি না। তারপর আমরা দেখছি দ্বিতীয় হুগলি ব্রিজ করতে ৩৮৮ কোটি টাকা খরচ হয়েছে। আপনি যদি ধরেন টাকাটা লোন এবং সুদ বেশি ধরছি না বছরে ১০% যদি হয় তাহলে বছরে ৪০ কোটি টাকা সুদের জন্য হয়। ৯২ সালে হুগলি ব্রিজ ইন-অগোরেশনের পর থেকে আজ পর্যন্ত সে জায়গায় ব্রিজের ক্যাপাসিটি ইউটিলাইজেশন হয়েছে ২০%—যত গাড়ি যেতে পারে ঐ ব্রিজের ওপর দিয়ে তার মাত্র ২০% এখন পর্যন্ত যাতায়াত করছে। তার মানে কেবল মাত্র সুদের পরিমাণটা এখন পর্যন্ত বছরে ৪০ কোটি টাকা থেকে বছরে ৩২ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে মাত্র। সেকেন্ড হুগলি ব্রিজের ক্ষেত্রে শুধু ইন্টারেস্ট বার্ডনই রয়েছে। এখনও বছরে ৩২ কোটি টাকা। ইউটিলাইজেশন না হওয়ার ফলে এই টাকাটা আমাদের বছরে বছরে লোকসান হচ্ছে। এর কারণ কি? কারণ, হাওড়ার সাইডে কানেক্টর না হওয়া এখন সরকার ১৫ বছরে ব্রিজ বানালেন, তার কানেক্টিং রোড আগে থাকতে করলেন না। তারফলে দ্বিতীয় হুগলি ব্রিজের জন্য বছরে ৩২ কোটি টাকার ইন্টারেস্ট বার্ডন, আমাদের লোকসান হচ্ছে, ক্যাপাসিটি ইউটিলাইজ হচ্ছে না। তৃতীয়ত খুব ছোট, মাইক্রো লেভেলে—এই মন্ত্রী বুদ্ধিমান লোক, পার্টিতে পজিশন আছে, কখনও কখনও কাজ করার চেষ্টা করেন, কিন্তু ওর কাজটা মানিকতলা কেন্দ্রিক। কলকাতায় উনি তিনটে ফুট ওভার ব্রিজ করেছেন—একটা শিয়ালদায়, একটা মানিকতলায় ঠিক ওর বাড়ির কাছে বিধান শিশু উদ্যানের উল্টো দিকে, আর একটা উল্টোডাঙ্গায়। অথচ এই ওভার ব্রিজগুলোর ওপর দিয়ে দিনে ৫০০ লোকও যাতায়াত করে না। শিয়ালদার ওভার ব্রিজে একটা লোকও দেখি না। ব্রিজের এপর কিছু ভিখারি শুয়ে থাকে, আর কিছু লোক বিশ্রাম নেয়। এই ওভার ব্রিজ গুলো কেন অত টাকা খরচ করে করা হল তার কি মন্ত্রী কোনও ব্যাখ্যা দেবেন না!

[4-25 — 4-35 p.m.]

উনি নিজের কেন্দ্রে কাজ করুন, উনি উল্টোডাঙ্গায় বাস ডিপো করেছেন, ভাল কথা। সবারই নিজের কেন্দ্র দেখা উচিত। কিন্তু কেন উনি দুটি ফুট ওভার ব্রিজ করলেন? সেখানে লোক ওঠে না, বিজি ইন্টার-সেকশন এইসব নেই। এটা সত্যিই চিন্তার ব্যাপার। আজকে তাই বলতে চাই, আমাদের রাজ্যে একটা অ্যাপেক্স ট্রান্সপোর্ট প্ল্যানিং কমিটি করার দরকার আছে। তাতে পার্টিকুলারলি ট্রান্সপোর্ট ডিপার্টমেন্ট, পি ডব্লু ডি (রোডস) ডিপার্টমেন্ট, পুলিশ যারা ট্রাফিক ডিপার্টমেন্টে আছে সব একসাথে থাকা দরকার এবং কলকাতা এলাকায় সি এম ডি এর ট্রাফিক অ্যান্ড ট্রান্সপোর্টেশন উইংগ থাকা দরকার। তানাহলে ওভারঅল পারসপেকটিভ প্ল্যানিং করা যায় না। আমরা তো সবাই জানি, পথ পরিবহন হচ্ছে অনলি অ্যাবাউট ৩০ পারসেন্ট টু ৪০ পারসেন্ট। বেশিরভাগ লোকের সুযোগ আছে তারা রেলে যাতায়াত করে। মাননীয় মন্ত্রী মহাশয় তার বাজেট বক্তৃতায় যে পশ্চিমবাংলায় রেল লাইন বাড়ানো দরকার। এই রেল লাইন যাতে পশ্চিমবাংলায় আরও হয় তারজন্য আমরা সব সময় সমর্থন করেছি

এই হাউসে। আমি হাউসে বলতে চাই, কলকাতার সমস্যা হচ্ছে ট্রান্সপোর্ট সমস্যা রাস্তা ওভারক্রাউডেড। রাস্তায় আরও গাড়ি বাড়িয়ে হবে না। আরও র‍্যাপিড ট্রানজিটে যেতে হবে। ১৯৯৫ সালের পর মেট্রো কমপ্লিট হয়ে গেলে কলকাতায় একটা দিকের লোড কমবে।

আমরা চাই মেট্রো টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত এক্সটেনডেড হোক এবং ওভারক্রাউড যেটা আছে বর্তমানে যেটা টালিনালা আছে তার উপর দিয়ে মেট্রো করা হবে বলে অলরেডি রাইট সেকটর সার্ভে করেছে। এই প্রোজেক্ট যদি হয় কেন্দ্রীয় সরকার করবে আমরা তাকে ফুললি সাপোর্ট করব। এই মেট্রো রেল যাতে হয় ইন্দিরা গান্ধীর এই ব্যাপারে সবচেয়ে বড় অবদান ছিল। একে সম্পূর্ণ করা সকলেরই লক্ষ্য হওয়া উচিত। চক্ররেল একটা অদ্ভুতভাবে অর্ধ চক্র হয়ে রয়ে আছে, কারণ কিছু লোককে বসিয়ে দেবার জন্য। গত ১২ বছর ধরে উল্টোডাঙ্গা টু দমদম এইটুকু সার্কুলার রেল করা যাচ্ছে না, কিছু লোককে বসিয়ে দেওয়া হয়েছে, সেই জন্য করা যাচ্ছে না। যদি উল্টোডাঙ্গা টু দমদম হয়ে যেত তাহলে সোজা মেইন লাইনে উল্টোডাঙ্গা রোড হয়ে ডালহৌসি আসতে পারত যেটা এখনও পর্যন্ত আসছে না। তারফলে ক্যাপাসিটি ইউটিলাইজেশন হচ্ছে না। এটা একটা দুঃখের ব্যাপার। কলকাতার যে মেইন ট্রাফিক সেটা প্যাসেঞ্জার ট্রাফিক বহন করে। খিদিরপুর ডকের মধ্যে দিয়ে যেটুকু লাইন করা বাকি আছে সেটা অবিলম্বে করা হোক এই বিষয়টা দাবি করলে আমরা সব সময় সমর্থন করব। কিন্তু আমি মনে করি ওভারঅল ট্রান্সপোর্ট প্ল্যানিং-এর অভাব এবং তারজন্য সামগ্রিকভাবে রাজ্যের ট্রান্সপোর্ট ব্যবস্থা ফেল করছে। রাজ্যের ট্রান্সপোর্ট ব্যবস্থাটা পুরো মিস-ম্যানেজমেন্টের মধ্য দিয়ে চলছে যারজন্য লসের মধ্যে চলে গেছে। একটা হিসাব মাননীয় মন্ত্রীর বিবৃতি থেকে দিলে পরিষ্কার হয়ে যাবে। মাননীয় মন্ত্রী সি এস টি সি-র কথা বলেছেন। উনি বলেছেন, ১৯৯২-৯৩ সালে ৩৭ কোটি ২৬ লক্ষ টাকা থেকে বেড়ে ৩৮ কোটি ৩৬ লক্ষ টাকা হয়েছে। তার মানে ১ বছরে ১ কোটি টাকা আরনিং ওর বেড়েছে। উনি ক্লেম করেছেন ১ বছরে উনি ১৮৫টি নতুন বাস নামিয়েছেন। ১৮৫টি নতুন বাস নামিয়ে সারা বছর চালিয়ে ওর আরনিং বেড়েছে মাত্র ১ কোটি টাকা। কিন্তু আপনাদের মনে রাখতে হবে, মন্ত্রী মহাশয় প্রতি ২ বছর অন্তর অন্তর ভাড়া বাড়িয়েছেন ১৯৯০ সালে ভাড়া বাড়িয়েছেন। এরজন্য অনেকলোক গুলিতে মারা গেছেন। আমাদের পার্টির লোক, এস ইউ সি-র লোক মারা গেছেন আন্দোলন করতে গিয়ে। ১৯৯২ সালে ভাড়া বাড়িয়েছেন, আবার ১৯৯৪ সালে ভাড়া বাড়িয়েছেন। ৩ বার ভাড়া বাড়ালেন। আর এখানে বলছেন বাস বাড়িয়েছেন, কিন্তু তার রিফ্লেকশন কোথায়? ১ কোটি টাকা ১ বছরে ইনক্রিজ হয়েছে, তার মানে যে টাকাটা ইনক্রিজ হয়েছে অর্থাৎ আরনিং হয়েছে তা পুরোপুরি ভাড়া বাড়ানোর জন্য হয়েছে। বাস পথে নেমেছে এই কারণে নয়। রাজ্য সরকারের ইনকমিক রিভিউতে আছে, মন্ত্রী প্রতিবার রিপোর্ট দেন, নট অ্যাভেলেবল, ফিগার অ্যাভেলেবল নয়। কিন্তু আমি এখানে বলতে চাই, গত পার্লামেন্টের উইনটার সেসনের নেট লস কত হয়েছে তার একটা উত্তর কেন্দ্রীয় সরকার দিয়েছেন। তাতে দেখা যাচ্ছে, ১৯৯২-৯৩ সালে লস হয়েছে ১৭ কোটি ৮৬ লক্ষ টাকা কলকাতার সি এস টি সি-র। আর উত্তরবঙ্গের ৯ কোটি ৮১ লক্ষ টাকা। উনি দেখিয়েছেন সাউথ বেঙ্গলে গত বার লাভ হয়েছিল ৮৫ লক্ষ টাকা। তার মানে সরকারি আন্ডারটেকিং ট্রান্সপোর্টে লস ২৬ কোটি ৮১ লক্ষ টাকা ১৯৯২-৯৩ সালে, যার ফিগার পাওয়া যাচ্ছে। আর তার আগের বছর

এটা আরও বেশি ছিল ৩২ কোটি টাকা। এখানে আমার আবার প্রশ্ন আমরা কাগজে দেখেছি উনি ৬ কোটি টাকা লস কমিয়েছেন, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩তে আমি বলছি না ট্রান্সপোর্ট আন্ডারটেকিং লাভে চলে, ভারতবর্ষে দু একটি জায়গা ছাড়া ভারতবর্ষের কোনও রাজ্যে ট্রান্সপোর্ট আন্ডারটেকিং লস ছাড়া লাভে চলে না। উনি এটা দাবি করতে পারেন লসের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম নয়, সপ্তম, আমাদের চেয়ে কম লসে ভারতবর্ষের ১৮টি রাজ্য আছে, লসের ক্ষেত্রে সপ্তম, এটা মন্ত্রী মহাশয় দাবি করতে পারেন। আমি বলছি লসটা কমবে, তার একটা ন্যাশনাল প্রগ্রেস থাকা দরকার। কত ফ্লিট উনি বার করছেন, কত বাস নতুন করে বার হচ্ছে, কত ভাড়া বাড়িয়েছেন, তার সঙ্গে আর্নিংস এবং লসের যে যোগাযোগ এই যোগাযোগটা আমরা বুঝতে পারছি না। আমরা মনে করছি যে পরিমাণ ভাড়া বাড়িয়েছেন যে পরিমাণ নতুন বাস নামিয়েছেন সেই তুলনায় আর্নিংস বাড়িয়েছেন সেই তুলনায় লস কমিয়েছেন এটা মন্ত্রী মহাশয়ের বিরুদ্ধে মন্ত্রীর দপ্তরে আমার পজেটিভ বক্তব্য এবং সেখানে সেকথা বলতে গিয়ে আমি আরও দু-একটি কথা বলতে চাই রাজ্যে ট্রান্সপোর্ট আন্ডারটেকিংগুলি খুব লজ্জাজনকভাবে প্রভিডেন্ট ফান্ডের ক্ষেত্রে সবচেয়ে বড় ডিফলটার এবং এটা দুঃখের ব্যাপার রাজ্যের সমস্ত ট্রান্সপোর্ট আন্ডারটেকিং এর প্রভিডেন্ট ফান্ড অ্যাকাউন্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার সীল করে দিয়েছেন। তারপর মুখ্য সচিব আনফ্রিজ করেন, আপনি শুনলে আশ্চর্য হবেন এই হাউসের ট্রান্সপোর্ট কমিটি যার উপর একজন সি পি এম সদস্য রয়েছেন তারা বলছেন ২৩ কোটি ৯৭ লক্ষ টাকা শুধু প্রভিডেন্ট ফান্ড বাবদ বাকি আছে সেটা অবিলম্বে জমা দিতে হবে শ্যামলবাবু বললেন যে উনি প্রভিডেন্ট ফান্ডের টাকা জমা দিচ্ছেন না কেন, কারণ টাকা জমা দিলে লসের ফিগার বেড়ে যাবে। ২৩ কোটি ৯৭ লক্ষ ট্রাম কোম্পানির শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা বাকি আছে যেটা উনি এখনও দেন নি, আমি আশা করব আজকে উনি ঘোষণা করবেন কবে দেবেন। যারা ট্রামের অ্যাডমিনিস্ট্রেটার আছেন তাদের ব্যবসায়ী সংস্থার মতো গ্রেপ্তার করা দরকার একটা একজামপ্লনারি পানিশমেন্ট দেওয়া দরকার বলে আমরা মনে করি। তার সঙ্গে আমি এই কথা আপনার কাছে বলতে চাই যে এই আর একটা সংস্থা নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কোম্পানিটা এটা খুব খারাপ করছে। ৩টি স্টেট ট্রান্সপোর্ট সি টি সির পারফরমেন্স কতটা ইমপ্রুভ করছে, নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট এর লোকসানটা বেড়ে চলেছে ১৯৯০-৯১ এ অ্যাকচুয়াল ছিল ৫ কোটি ৭৫ লক্ষ সেটা বেড়ে ৭ কোটি ৩৪ হয়েছে, ১৯৯১-৯২তে অ্যাকচুয়াল ১৯৯২-৯৩তে ৯ কোটি ৮১ লক্ষ প্রায় ১০ কোটিতে দাঁড়িয়েছে। নর্থবেঙ্গল স্টেট ট্রান্সপোর্টের হেড কোয়ার্টার্স কুচবিহারে, পশ্চিমবঙ্গের একটা বড় অংশকে সার্ভ করে বিশেষ করে নর্থবেঙ্গলে যেখানে মানুষের খুবই অসুবিধা, নর্থবেঙ্গলের সবচেয়ে বড় ত্রুটি ট্রান্সপোর্ট সাবজেক্ট কমিটির রিপোর্ট আছে যে এর বাস আছে ৯৪৫টা চলছে মাত্র ৭৪১টা। কলকাতায় লাইনটা কমিয়েছেন, তার কারণ কলকাতার বাস কমিয়ে দিয়ে প্রাইভেট বাসের আধিপত্য সেখানে স্টেট ট্রান্সপোর্টের দূর পাল্লার বাস চালু করেছেন। নর্থবেঙ্গলের সমস্ত বাসই দূর পাল্লার লোকসান আউট শেডিং ৯৪৫ এর মধ্যে ৭৪১। আমি আবার বলছি কলকাতায় ম্যান বাস রেশিও কমিয়ে সেটা ১০ করা হয়েছে আমি মনে করি লেভেল অফ ইমপ্রুভমেন্ট digree of improvement is not at all commensurate with the imcreasing fares and with the increase in the number of buses.

[4-35 — 4-45 p.m.]

এখন এই বাসের ব্যাপারে টাকার কোনও অভাব আর নেই। এর আগে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় কালকাটা আরবান ট্রান্সপোর্ট প্রেজেক্টের বাস কিনেছিলেন। সেবারে ২৯১টি বাস কিনে ২১ কোটি টাকা জলে গিয়েছিল। সেকথা বলে আর শ্যামলবাবুকে লজ্জা দিতে চাই না। এখন আবার একটা সোর্স পেয়েছেন বাস কেনার জন্য। ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক আপনাদের লোন দিচ্ছে বাস কেনার জন্য। কিন্তু তারফলে যে ইন্টারেস্ট বার্ডেন আসছে সেটা দিনের পর দিন বেড়েই যাবে। আর প্রেজেন্ট লেভেল অফ অপারেশন যেভাবে চলছে তাতে কোনওদিন কি এই ইন্টারেস্ট বার্ডেন মিট করে পেমেন্ট করতে পারবেন? তারফলে স্টেট ট্রান্সপোর্ট হয়ত চলবে, কিন্তু স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক উঠে যাবে। তাই বলি, পিয়ারলেসের কাছ থেকে লোন নেওয়াটা বুঝি। ওদের কাছ থেকে টাকা নিয়ে ওভারব্রিজ করেছেন, কিন্তু স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের কাছ থেকে লোনও নেওয়া এটা অন্যতম ভুল সিদ্ধান্ত।

নেকসট বলি, সাউথ ২৪ পরগনার জলপথ পরিবহন সম্পর্কে একেবারে অ্যাটেনশন দিচ্ছেন না। দুর্ভাগ্যের বিষয়, এ বছর সেখানে দু-দুটি বড় বড় অ্যাক্সিডেন্ট হল। এর আগে, 'মা অভয়া' এবং এই সেদিন ট্রলার 'গীতাঞ্জলী' ডুবে বহু লোক মারা গেছেন। আর একটা কোইন্সিডেন্স হতে পারে, দু-দুবারই মন্ত্রী মাদ্রাজে ছিলেন। সেখানে থেকে প্লেনে, হেলিকপ্টারে চেপে তাকে আসতে হয়েছে। আজকে দক্ষিণ ২৪ পরগনার মানুষ ভুটভুটির উপর নির্ভরশীল হয়ে গেছেন। আপনাদের সার্ফেস ট্রান্সপোর্ট কর্পোরেশনের সেখানে লঞ্চ চালানো উচিত ছিল, কিন্তু তারা দুরপাল্লার বাস চালাচ্ছেন। এখন পর্যন্ত মাত্র ১৬টি লঞ্চ চলছে বিস্তীর্ণ সুন্দরবন এলাকায়। তারফলে সেখানকার মানুষকে ভুটভুটির উপর নির্ভরশীল হতে হয়েছে। সেখানকার ফার ফ্লাং এরিয়ার মানুষের এছাড়া যাতায়াতের কোনও উপায় নেই। সেখানে সিঙ্গুলারলি সরকার ব্যর্থ হয়েছে। আমি এক্সটেনসিভলি বাংলাদেশে ট্রাভেল করেছি। আমাদের থেকে অনেক বেশি নদী-নালা সেখানে রয়েছে। ওখানে যেসব ফেরি আছে সেগুলো ১০-১২টি বাস, ২০টি লরি নিয়ে নদী পেরিয়ে যায়, কিন্তু আমরা এখানে সেরকম ফেরির ব্যবস্থা করতে পারিনি। আপনি হাসনাবাদে ফেরি হয়ে যাবে বলেছিলেন, কিন্তু আমরা গিয়ে দেখে এসেছি, সেটা হবার কোনও লক্ষণ নেই। আপনি হিঙ্গলগঞ্জ পর্যন্ত গাড়ি চলে যাবে বলেছিলেন, কিন্তু তার কিছুই হয়নি। সাগরদ্বীপ এবং নামখানাতেও গাড়ি পার করবার ফেরি তৈরি হয়নি। এক্ষেত্রে সরকার পিছিয়ে রয়েছেন। আজকে টৌটাল প্ল্যান অ্যালোকেশন যা ধরেছেন তাতে সার্ফেস ট্রান্সপোর্ট-এর ক্ষেত্রে প্ল্যান অ্যালোকেশন কম রয়েছে। এরজন্য মাত্র ২.৯০ কোটি টাকা দিয়েছেন। কিন্তু আমার মনে হয়, গাড়ি পার করবার জন্য ফেরি চালু করতে আরও টাকা দেওয়া দরকার। কলকাতার আশেপাশে লঞ্চ নিশ্চয়ই যাত্রী পারাপারে ভাল সাহায্য করছে, কিন্তু দক্ষিণ ২৪ পরগনার মানুষের কষ্টের কথা ভাবছেন না।

লাস্টলি একটি কথা বলে শেষ করব। কলকাতা শহরে ট্রাফিক কন্ট্রোল, ট্রাফিক ডিসিপ্লিন আনতে পারেননি। এসপ্লানেডে বাস টার্মিনাস রয়েছে, কিন্তু গিয়ে দেখে এসেছি বোম্বেতে ওরা ওভার ক্রাফট চালু করেছে। বরোদা থেকে সুরাট ওভার ক্রাফট যাচ্ছে।

আপনার কি এই ধরনের মডার্ন ট্রান্সপোর্ট ব্যবস্থা আছে? আপনি ওভার ক্রাফট, হেলিকপ্টার এবং অন্যান্য সার্ভিস যাতে অ্যাফোর্ট করতে পারে তার জন্য সুযোগ করে দিন। আপনারা প্রাইভেট সেক্টরকে আসার সুযোগ দিচ্ছেন না কেন? বরোদা থেকে সুরাটে প্রচুর সংখ্যক লোক ওভার ক্রাফটে সমুদ্র পথে যাতায়াত করছে। আপনি এখানে সেই ব্যবস্থা করতে পারেন নি। আপনি এখানে পরিবহন ব্যবস্থার কিছুটা ইমপ্রুভ করলেও পশ্চিমবঙ্গের পরিবহন ব্যবস্থা সম্পর্কে মানুষের প্রচন্ড অভিযোগ রয়েছে। এটাকে আরও উন্নতি করা দরকার। এবারে আমি ট্যাক্সি প্রসঙ্গে আসছি। হাওড়া-শিয়ালদায় ট্যাক্সিওয়ালাদের অত্যাচার ক্রমাগত বেড়ে চলেছে। তারা যাত্রীদের ফ্লিস করে নিয়ে যাচ্ছে। আপনি হাওড়ায় প্রি-পেড ট্যাক্সি ব্যবস্থা চালু করেছেন কিন্তু সেখানে আপনি অ্যাডিকোয়েট পুলিশের ব্যবস্থা করেন নি। সেখানে যাত্রীরা ভীষণভাবে হ্যারাস হচ্ছে। শিয়ালদায় গুন্ডাদের একটা চক্র রয়েছে। আপনাকে আমি আগেও বলেছি যে এখানেও প্রি-পেড ট্যাক্সি ব্যবস্থা চালু করুন, কিন্তু আপনি সেটা চালু করেন নি। কাজেই এইসব কারণের জন্য আপনার বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনা কাট মোশনের সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-45 — 4-55 p.m.]

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রি মহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, তাকে পূর্ণ সমর্থন করে এবং বিরোধী পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তার বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। এই পরিবহন ব্যবস্থা হচ্ছে একটা পরিষেবামূলক ব্যবস্থা। আমাদের রাজ্যে কেন, সারা ভারতবর্ষে এই পরিবহন ব্যবস্থার মাধ্যমে অতি অল্প সময়ের মধ্যে দ্রুত যোগাযোগ করা যায়। মাননীয় বিরোধী সদস্যরা বলার সময়ে অনেক আয় ব্যয়, লাভ লোকসানের হিসাব করলেন। তারা জানেন কিনা জানিনা, আমাদের ভারতবর্ষে খোদ দিল্লিতে এই পরিবহন ব্যবস্থাকে সবচেয়ে বেশি ভরতুকি দিয়ে চালাতে হয়। এটা শুধু আমাদের রাজ্যেই নয়, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে সরকারি পরিবহন ব্যবস্থায় ভরতুকি দিয়ে হয়। অথচ আমাদের রাজ্য সম্পর্কে বিরোধীরা সমালোচনা করলেন। আমি একটা হিসাব দিচ্ছি। ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়, তার আগে ৩০ বছর কংগ্রেস রাজত্ব করেছিল। সেই ৩০ বছরের রাজত্বে সাফল্য কি ছিল? আমরা দেখেছি যে ৭৭০টি সি এস টি সি-র জরাজীর্ণ ভঙ্গুর বাস পরিবহন মন্ত্রীর হাতে রেখে গিয়েছিল। সেগুলির যা অবস্থা ছিল তাতে রুটে চলার ক্ষেত্রে কোনও গ্যারান্টি ছিল না যে ঠিকমতো চলবে। এই বাসগুলি যখন গ্রামাঞ্চলে যেত তখন গ্রামের মানুষ দূর থেকে তাকিয়ে দেখত যে সরকারি বাস কেমন। তাদের এই বাসগুলিতে চড়বার কোনও মানসিকতা ছিল না। এখন যে বাসগুলি চলছে তার একটা হিসাব আমি দিচ্ছি। এখন সি এস টি সি-র বাসের সংখ্যা হচ্ছে এক হাজার ২১৭টি। ডবলিউ বি এস টি সি-র বাসের সংখ্যা হচ্ছে ৯৪০টি। এস বি এস টি সি বাসের সংখ্যা হচ্ছে ৫৭১টি সি টি সি-র পরিকল্পনা আছে ১৪০টির, এখন ১১৫টি চলছে এছাড়া ভূতল পরিবহনের ১২টি বাস চলছে। সব মিলিয়ে প্রায় ৩ হাজারের মতো বাস চলাচল করছে। পরিবহন ব্যবস্থার ক্রমান্বয় উন্নতি হচ্ছে। আগে যাতায়াত ব্যবস্থা সাধারণ মানুষের কাছে পৌছে দেবার কোনও ব্যবস্থা ছিল না। বামফ্রন্ট সরকারের কাজ হচ্ছে সমস্ত কিছু বিকেন্দ্রীকরণ করা

আজকে পঞ্চায়েতের মাধ্যমে রাস্তাঘাটে উন্নতি ঘটছে এবং স্বাভাবিক ভাবেই মানুষের অর্থনৈতিক উন্নতিও ঘটছে। আজকে মানুষ বিভিন্ন জায়গায় যোগাযোগের জন্য পরিবহন ব্যবস্থাকে গ্রহণ করেছে। তার ফলে আজকে সরকারি বাসের চাহিদাও বেড়ে চলেছে। বামফ্রন্ট সরকার তার সীমিত আর্থিক ক্ষমতার মধ্যে এটাকে বৃদ্ধি করার চেষ্টা করে যাচ্ছেন। আমরা দেখছি যে বামফ্রন্ট সরকার বিভিন্ন জায়গায় বাসগুলি সুষ্ঠ্য ভাবে পরিচালনা করার জন্য নানা রকম পরিকল্পনা নিয়েছেন। আমাদের পশ্চিমবঙ্গে বর্তমানে বিভিন্ন জেলা এবং মহকুমায় বাস স্ট্যান্ডের জন্য যে পরিকল্পনা ছিল তার ৩৭টির মধ্যে ২০টি সম্পন্ন হয়েছে। বাকিগুলির কাজ চলছে এবং এগুলি সম্পন্ন হওয়ার মুখে। এছাড়া যে সমস্ত গুরুত্বপূর্ণ স্থান আছে যেমন দিঘা, কোলাঘাট ইত্যাদি এই সমস্ত জায়গায় পরিকল্পনা গ্রহণ করে কাজ শুরু করে পরিবহন ব্যবস্থার আরও উন্নতি ঘটানোর জন্য চেষ্টা করা হচ্ছে।

আবার বেসরকারি এবং সরকারি দুটি বাস আছে আমাদের রাজ্যে। এখন যে পরিকল্পনা গ্রহণ করেছে আমাদের সরকার পরিবহন পরিসেবার জন্য সেই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটা দায়িত্ব আছে। কিন্তু কেন্দ্রীয় সরকার, আমরা কয়েক বছর যাবৎ লক্ষ্য করছি তার দেয় অর্থ পশ্চিমবঙ্গ সরকারকে দিচ্ছে না। তারা বারে বারে আমাদের বঞ্চিত করছে। এর পরেও পশ্চিমবঙ্গ সরকার তার সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে যা আজকে করেছে এবং করে চলেছে তা বিগত দিনে কংগ্রেসের ৩০ বছরের ইতিহাসকে ছাড়িয়ে গেছে। এটা আপনারা নির্লজ্জ তাই অস্বীকার করে যাচ্ছেন। এই বিষয়টাকে আপনাদের সমর্থন করা উচিত। পরিবহনের উন্নতির জন্য পশ্চিমবঙ্গ সরকার আরও যে পরিকল্পনা গ্রহণ করছে সেই ব্যাপারে আপনাদের সাহায্য করা দরকার। আমরা কি দেখেছি? এই পরিবহন ব্যবস্থা যখন উন্নতির পথে যাচ্ছে, বিভিন্ন জায়গায় বিভিন্ন ভাবে বাস সার্ভিস বেড়ে যাচ্ছে, সি এস টি সি বলুন, এস বি টি সি বলুন, এন বি এস টি সি বলুন, সমস্ত জায়গায় যখন বাস বৃদ্ধি করা হচ্ছে, মানুষ বেশি বেশি করে যখন পরিবহন ব্যবস্থার উপর নির্ভরশীল হয়ে পড়ছে তখন আপনারা শুধু বিরোধিতা করে চুপ মেরে বসে থাকছেন না। কংগ্রেস দলের মদতপুষ্ট সমাজবিরোধীরা বাস ভাঙচুর করছে। কি ধরনের ভাঙচুর আপনারা করেছিলেন সেই চিত্র জনসাধারণের সামনে তুলে ধরবার জন্য বাসগুলিকে এক জায়গায় দাঁড় করিয়ে রেখেছিলেন। এই ব্যাপারে আপনাদের ক্ষমা চাওয়া উচিত ছিল। আপনারা নির্লজ্জ তাই ক্ষমা চান নি। আপনারা আবার সেই পথে অগ্রসর হয়েছেন। আপনাদের দলের মদতপুষ্ট সমাজবিরোধীরা বাসগুলোতে বিশেষ করে নাইট সার্ভিস বাসগুলোতে ডাকাতি করছে, রাহাজানি করছে ছিনতাই করছে, মানুষের মধ্যে ভীতির সঞ্চার করছে। আপনারা এই পরিবহনের বাধার সৃষ্টি করছেন। আপনারা ট্রামের ব্যাপারে আলোচনা করলেন। ১৯৯১-৯২ সালের সাবজেক্ট কমিটি অন ট্রান্সপোর্টের রিপোর্ট অনুযায়ী যে সমস্ত ট্রামের রুটগুলোতে যাত্রী কমে যাচ্ছে সেই সমস্ত রুট গুলোতে ট্রাম বন্ধ করার সাজেশন দেয় এবং সেখানে বিকল্প ব্যবস্থা করার জন্য বলা হয়। সেই সাবজেক্ট কমিটিতে আপনাদের দলের লোকও তো আছে। তার ভিত্তিতে কয়েকটি রুটে ট্রাম বন্ধ করা হয়েছে। সেই সমস্ত রুটগুলিতে সি টি সি বাস চালানো হচ্ছে। এই রকম ২১টি রুটে সি টি সি-র বাস চলছে। এই সমস্ত বাসগুলিতে আয় বৃদ্ধি হচ্ছে। ট্রামের যে ধরনের লোকসান হচ্ছিল সেই জায়গায় এই বাসরুট দেওয়ার পরিকল্পনা গ্রহণ করার পর

এক দিকে মানুষ এক জায়গা থেকে অন্য জায়গায় তাদের গন্তব্যস্থলে যাচ্ছে অন্য দিকে লোকসানের কিছুটা রেহাই হচ্ছে, আয়ের বৃদ্ধি ঘটছে। তার হিসাব তো রাখা হয়েছে। এটা আপনারা অস্বীকার করছেন? বাসের ভাড়া সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলায় কম আছে। সামান্য কিছু ভাড়া এখানে বৃদ্ধি করতে হয়েছে। তারও একটা কারণ আছে। বিগত লোকসভা নির্বাচনে আপনাদের প্রতিশ্রুতি ছিল ১০০ দিনের মধ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমাবেন। কিন্তু সেই জায়গায় আমরা দেখতে পেলাম জিনিস পত্রের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে এবং সেই সঙ্গে পেট্রোল ডিজেলের দাম এবং যন্ত্রাংশের দাম বেড়ে গেল। এই সমস্ত বেশি দামের জিনিস রাজ্য সরকারকে কিনতে হচ্ছে বেশি দাম দিয়ে। যারফলে ব্যয় বৃদ্ধি ঘটল বাসের রক্ষণাবেক্ষণের জন্য। যার ফলে সামান্য ভাড়া বৃদ্ধির করতে হল। তা সত্ত্বেও সারা ভারতবর্ষের তুলনায় পশ্চিমবাংলায় বাসের ভাড়া কম। এটা একটা লক্ষ্যণীয় বিষয়। জল পরিবহন ব্যবস্থার মধ্যে ক্রমান্বয়ে উন্নতি ঘটছে। ২৮-৩০ হাজার মানুষকে আজকে তারা পারাপার করছে। আরও উন্নতি করার জন্য আরও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। জেটি তৈরির পরিকল্পনা নেওয়া হয়েছে, আধুনিক লঞ্চের ব্যবস্থা করা হচ্ছে। জল পরিষেবার যথেষ্ট উন্নতি ঘটানো হচ্ছে। আপনারা শুধু সমালোচনার জন্য সমালোচনা করছেন। আমি আবার এই বাজেটকে সমর্থন করে বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় পরিবহন মন্ত্রী পরিবহন দপ্তরের জন্য ১২, ৭৭, ৭৮, ৮০ এবং ৮১ নম্বর যে সমস্ত ব্যয় বরাদ্দের দাবি উপস্থাপিত করেছেন, আমি তার বিরোধিতা করছি। মাননীয় পরিবহন মন্ত্রী সুকৌশলে তার বাজেট বক্তৃতা রচনা করেছেন। এই বক্তৃতা একটা নয়, ভারতবর্ষের আর কোনও রাজ্যে আর কোনও সরকারের এই সুযোগ আসেনি, একটা সরকার একটানা সতের বছর ক্ষমতায় আছে। স্পিকার সাহেব ক্যালকুলেশন করে বলেছেন আঠারো বছর। নরসীমা রাওয়ের যখন তিন, তখন এদের আঠারো হবে। এটা আপনি রচনা করেছেন, কি আপনার দপ্তর রচনা করে দেয়? আমরা কোথায় জানব, এর পরিকল্পনা কোথায়? আজকে জানতে চাইছি যে, সতের বছর আছেন, কোথায় আছে আপনার পরিবহনের নীতি? কি বক্তব্য? কোথায় আছে?

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** শ্রীমতী নিমতি ঘোষ এবং মিঃ হোড় লিডার অব দি অপোজিশন যখন বলছেন, তখন তাকে ডিস্টার্ব করবেন না।

[4-55 — 5-05 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আজকে আপনাকে আমি সরাসরি জিজ্ঞাসা করছি, এই সতের বছরে সরকারি নীতি কোথায়, পরিকল্পনা কোথায়? দশ পাতায় কোথাও একবারও বলা আছে, উই হ্যাভ প্ল্যান্ড দিস? ট্রান্সপোর্ট সম্বন্ধে, ক্যালকাটার প্রবলেম সম্বন্ধে কি চিন্তা করেছেন? হাউ ডু ইউ প্রোপোজ টু সলভ দি ট্রান্সপোর্ট প্রবলেম অব ক্যালকাটা? আপনি চারপাতায় ট্রামের কথা বলেছেন, কিন্তু একবারও বলা নেই যে ট্রাম আপনি তুলে দিতে

চাইছেন। আজকে আপনাকে বলতে হবে পরিষ্কার ভাবে। গোটা ভারতবর্ষে, গোটা পৃথিবীতে আজকে এই বিপুল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল রেভোলিউশনের যুগে ইকনোমিক রিফর্মস নিয়ে ভাল করে এবং নতুন করে চিন্তা-ভাবনা করা হচ্ছে। আপনি কেন বলেননি ট্রান্সপোর্ট ব্যবস্থা কতখানি বেসরকারি হাতে দেবেন, কতখানি সরকারি নিয়ন্ত্রণে থাকবে, কতখানি যৌথ উদ্যোগে থাকবে? এছাড়া তো সার্ফেস ট্রান্সপোর্ট, ওয়াটার ট্রান্সপোর্ট আছে এবং এয়ার ওয়েস আছে। কোথাও তো বলেন নি। আমাদের চারিদিকে যেভাবে চেইন অব ইনডিপেনডেন্ট স্টেটস আছে, তাদের সঙ্গে আমাদের সম্পর্ক কি হবে? আজকে ত্রিপুরাতে আপনারাই রাজত্ব করছেন। আমরা উড়ো খবর শুনেছি, বাংলাদেশের সঙ্গে ট্রান্সপোর্টের কোথায় কি উন্নতি করা যায়, সে সম্বন্ধে বলেন নি। সুতরাং এই বাজেট-ইট ইজ এ পীস অব ডকুমেন্ট ডেস্ক্রাইবিং পলিটিক্যাল মায়োফিয়া অব এ স্টেবল গভর্নমেন্ট—এই কথাটা আমি প্রথমেই চার্জ করছি। দ্বিতীয়ত, আজকে আপনি আমাকে পরিষ্কারভাবে বলুন আপনার ইনভেস্টমেন্ট কত—রোড ট্রান্সপোর্টে ইনভেস্টমেন্ট কত, ওয়াটার ট্রান্সপোর্টে ইনভেস্টমেন্ট কত? এয়ারে যে শিক্ষা দিচ্ছেন, সেখানে থেকে টু হোয়াট এক্সটেন্ট ইউ হ্যাভ কন্ট্রোল্ড প্রাইভেটাইজেশন অব দি স্কাই তা ওপেন হয়ে গেছে। এই কথা আপনি বলেন নি। সৌগত রায় ঠিকই বলেছেন যে, দ্বিতীয় হুগলি ব্রিজে ইউ আর ইনকারিং লস। বিবেকানন্দ ব্রিজের কথা বলেছেন, সেটাকে ঠিকমতো ব্যবহার করা যাচ্ছে না। থার্ড হুগলি ব্রিজ করতে হবে এটা আমরা জানি।

একটা ফারাক্কা ছাড়া লিংক রোড নেই, তারজন্য এখনও ভাবছেন না। অ্যাট দি এন্ড অফ দি সেঞ্চুরি ফরাক্কা ব্যারেজের পাশাপাশি আরেকটা কিছু অল্টারনেটিভ ব্যবস্থা করাতে হবে। এই ব্যাপারে এখনও কিছু ভাবছেন না। আসলে নর্থ বেঙ্গল সম্পর্কে বরাবরই একটা দীর্ঘ উদাসীনতা। আমি পরিষ্কারভাবে জানতে চাইছি যে, আমাদের ট্যাক্সেশনের একটা পলিসি আছে এবং সেখানে সাত্বিক রায় সঠিকভাবেই বলেছেন যে ৫ টনের ট্রাক ২০ টন নিয়ে চলে যাচ্ছে এই সুপারিভসন হচ্ছে না। এই সুপারভিসন কে করছেন সেটা আমাদের জানান। আসলে এই যুগে গোটা পৃথিবীতে একটা তোলপাড় হচ্ছে যেটা মাননীয় সৌগত রায় উল্লেখও করেছেন উইথ রিগার্ডস টু এনভারনমেন্ট, উনি তার সামান্য একটু উল্লেখ করুন, হোয়াট ইজ ইয়োর পজিটিভ স্টেপস সেটা তো উল্লেখ করলেন না। আমরা তো দেখছি এখানে এখনও ১৯১৪ সালের গাড়ি চলছে। আজকে এই দিকটা তো আপনাকে বলতে হবে। এই কথাগুলো কেন অনুক্ত রাখলেন তার জবাব আমাদের দেবেন। মানুষের বাঁচার জন্য বাসস্থানের পরেই তার যোগাযোগের ব্যবস্থার দরকার। আমাদের ২ কোটি ১২ লক্ষ লোক ছিল ইন দি ইয়ার ১৯৪৭ আর এখন লোকসংখ্যা দাঁড়িয়েছে ৭ কোটি ২১ লক্ষ। আজকে ভারতবর্ষের বাইরের থেকে এখানে ক্রশ মাইগ্রেশন হরদম হচ্ছে। আমি সঠিকভাবে বলতে পারব না, কিন্তু শিয়ালদহ এবং হাওড়া দিয়ে ডেলি ১০ লক্ষ লোক যাতায়াত করে। ট্রেন তো ওই শিয়ালদহ-হাওড়া পর্যন্ত, তারপরে ওরা যায় কিভাবে এবং তার কি ব্যবস্থা করেছেন আপনারা? রাস্তা ছাড়া তো বাস চলবে না, জল ছাড়া আপনারা নৌকা চলবে না, আজকে এই রাস্তা সম্বন্ধে আপনি ভাবছেন? আজকে ১৭ বছর আগে, আপনারা যখন এসেছিলেন তখন ২৬ হাজার কি মি সারফেস রোড ছিল, আমার অভিজ্ঞতায় আমি বলছি এই ২৬ হাজার কিমি রোড থেকে ২৭ হাজার কিমি আর হল না। আর আপনাদেরই সামনে মহারাষ্ট্রে

সারফেস রোড হচ্ছে ৯৮ হাজার কিমি, মধ্যপ্রদেশে ৬১ হাজার কি.মি., আজকে গুজরাটে ৫২ হাজার কিমি., অন্ধ্রপ্রদেশে ৬৪ হাজার কি.মি.। আপনারা ৩টে পরিকল্পনা পুরো পেয়েছেন কিন্তু রাস্তা সম্বন্ধে কি ধারণা গ্রহণ করেছেন আপনার তো ৩৪০টি ব্লক আছে, অল ব্লকস আর কানেকটেড বাই সারফেস রোডস, আপনি বলতে পারবেন সব জায়গাতেই আপনাদের সার্ভিস ঠিক আছে?

এই কথা বলতে পারবেন না। সব জায়গাতেই যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠিত এইরকম বলতে পারবেন না। কিছু ব্লক সম্বন্ধে আমি নির্দিষ্টভাবে বলতে পারি যে সেখানে সরকারি বা বেসরকারিভাবে কোনও বাসই চলে না। ওখানে দুই পায়া এবং তিনপায়া রিক্সার মতো এইসব জিনিস চলাচল করছে। বাস চলে না, কতদিনে হবে তাও জানি না। আমি গোড়াতেই বলেছি যে, কাপড়া, রোটি আর মোকাম তারপরেই কিন্তু যোগাযোগের জন্য রাস্তা চাই। আপনার ৬২টি তো সাব ডিভিসন আছে আর ১৭টি জেলা করেছেন তার রেললাইন কতটা বাড়াতে পেরেছেন বলতে পারবেন? মেট্রোরেল আমাদের গৌরব, কিন্তু এই ১৫ কি.মি. রাস্তা করতে ১৫৯৯ কোটি টাকা ব্যয় হয়ে যাওয়ার ফলে সারা পশ্চিমবঙ্গে আমাদের আর রেল কোটা কিছু দিচ্ছে না। একলাখি ১ হাজার কোটি টাকার যে বরাদ্দ হয়েছিল এইবার নাকি সেটা ১ কোটি হয়েছে। আজকে রেলের সম্ভাবনা এখানে নেই। দিল্লিতে তো বামপন্থী বারে বারে যাচ্ছেন কিন্তু আদায় তো কিছু করতে পারছেন না। সর্ব ভারতীয় ক্ষেত্রে আপনারা তো কোনও প্রভাব বিস্তার করতে পারেন নি। রেল ট্রান্সপোর্ট বামপন্থীই তো চেয়ারম্যান, বামপন্থী সাংসদই তো চেয়ারম্যান, সেখানে পশ্চিমবঙ্গ কেন এত নেগলেকটেড হচ্ছে জানাতে পারবেন? এই কথাগুলোর অন্তত দয়া করে একটু জবাব দেবেন। আমি জানতে চাই যে যেখানে যেখানে রেলের ব্যবস্থা নেই সেখানে সাবসিডাইজড শেয়ার দেওয়া হয় এয়ার দিয়ে, এখানেও যে কোথাও কোথাও রেলের ব্যবস্থা নেই, সেখানে আপনারা কি সাবসিডাইজড ওয়েতে নিগোশিয়েট করছেন? ফেসিলিটি যে পাওয়া যাবে কোথায় পাওয়া যাবে? এখন তো স্পুটনিকের যুগ, মানুষ চাঁদে যাচ্ছে, সেখানে গ্রামের মানুষরা ক্যাপিটাল ক্যালকাটায় আসতে পারবে না? শুধু মানিকতলাতে ওভারব্রিজ করে রাখলে তো আর উন্নতি হবে না। আপনি যে ৩টে ফ্লাই ওভার করেছেন এর রেকমেনডেশন কোথায় বলবেন কি? আজকে ডালখোলা যেতে গেলে খানিকটা বিহারে যেতে হয়, সেখানে বেঙ্গল টু বেঙ্গল ট্রান্সপোর্টের ব্যবস্থা আছে কিনা তার তো উল্লেখ নেই। আসলে আপনার সঠিক কোনও প্রস্তাব নেই। প্রফেসর রায় যেকথা বলেছেন সঠিকভাবেই বলেছেন, যে কো-অর্ডিনেশন দরকার। ট্রান্সপোর্ট রোড, পুলিশ এবং ট্রাফিক পুলিশের মধ্যে যোগাযোগ থাকার দরকার। আজকে দিল্লি থেকে এলাম, সেখানে দেখলাম কোনও জায়গায় পুলিশ নেই, লাল নীল আলো দিয়ে ট্রাফিক কন্ট্রোল হচ্ছে।

এখানে লার্জ নাম্বার অফ ভেহিকেলস ডাঃ রায় ইনস্টল করেছেন, আপনি তো একটা জায়গায় পুলিশ নেই বলে ট্রাফিক নিয়ন্ত্রণ করতে গিয়েছিলেন, আপনার অর্থমন্ত্রী ট্রাফিক কন্ট্রোল করতে গিয়েছিল। এখানে এই মেকানিক্যাল কন্ট্রোল অফ দি রোডস অ্যান্ড ক্রসিংস এটা কেন বন্ধ হয়ে গেল, এটা আপনার ব্যর্থতা, এটার জন্য আপনি জবাব দেবেন না— ১৭ বছর আপনারা বসে থাকবেন এই জিনিসগুলি দেখবেন না। আপনাদের কোথাও খাঁকি, কোথাও সাদা প্যান্ট পরে, কোথাও ব্লান্ড, কোথাও পরিশ্রান্ত এই তো আপনার পুলিশের

অবস্থা, এই জন্য আজকে অ্যাক্সিডেন্ট বেড়েছে, রোডস এর জন্য আপনাদের উদার নীতির জন্য আজকে লোকে যা কিছু করতে পারে। আপনাকে আমি একটা চিঠি দিয়েছিলাম সেই চিঠির কোনও উত্তর আমি পাইনি, আপনি নিষেধ করে দিয়েছেন আপনার দপ্তর থেকে যোগাযোগ হবে না? ১৬ই নভেম্বর আমি এটা লিখেছিলাম, আমি এটা পড়ছি, "A speed boat has been reported to be capsized in the river of Muriganga of South 24 Paraganas causing tragic death of persons includings children and woman." আমরা জানতে চেয়েছিলাম, আপনি কি এর পরে সতর্ক হবেন, আপনাদের কেন সুপারভিসন নেই, প্রথমে মা অভয়া লঞ্চ ডুবি হল তারপরে আবার একটা ঘটনা ঘটল, এই যে জিনিসগুলি হচ্ছে তার জন্য আপনি ম্যাড্রাস থেকে ছুটে এলেন, আজকে এই জিনিসগুলি বারবার হচ্ছে কেন, হোয়াট ইজ দি সুপারভিসন? এখানে দেখছি সুন্দরবন নিয়ে আপনি যথাযথ উল্লেখ করেছেন, কিন্তু সেখানে আমরা যেতে পারছি না কেন, সন্দেশখালিতে যে ইলেকশন হল সেখানে কিন্তু আমরা যেতে পারলাম না সেখানে যাওয়ার কোনও রাস্তা নেই, মারাত্মক অবস্থা, কোনও দিকে কোনও কূল পাচ্ছি না, এই অবস্থা কেন, এই কথা আপনাকে বলতে হবে।

আজকে যোগাযোগ ব্যবস্থা এই সরকার কোথাও বৃদ্ধি করতে পারেনি, সম্প্রসারণ করতে পারেনি, আপনারা তো করিতকর্মা লোক, আপনি খালি মানিকতলায় দেখাবেন, গোটা বাংলায় দেখাতে হবে। আপনি ফেয়ার অ্যান্ড ট্যাক্সেশনের কথা বলেছেন, আমরা ১ পয়সা ট্রামের ভাড়া বাড়িয়েছিলাম তখন আপনারা ১৬টা ট্রাম পুড়িয়েছিলেন, আমরা এতটা যায়নি। আপনারা তো সকলকে নিয়ে কনসেন্ট করবেন, এক্সপ্লেন টু দি পিপল, দ্যাট দিজ আর রিজিনিবিল। ইকোয়াল ট্যাক্সেশন করেছেন মোটর সাইকেলে ১৫ বছরের জন্য ট্যাক্স নিয়ে নিচ্ছেন। আজকে সকলকে বেলতলায় কেন যেতে হবে, এটা কি তীর্থস্থান? সল্টলেকে অনেকগুলি কমপ্লেক্স রয়েছে, সেখানে কেন যাচ্ছেন না? কলকাতায় কেন আউটলেক্স ট্রাক টার্মিনাল করা হচ্ছে না। আমরা এটা নিয়ে চিন্তা করেছিলাম, আপনারা কেন সেই ট্রাক টার্মিনাল করবেন না। টেমস নদীর তলা দিয়ে যেখানে যাওয়া যায় সেখানে আমরা এই জিনিসগুলি কেন করতে পারব না।? আজকে টুরিজিমের ব্যাপারে আপনাদের কি বাধা আছে, আমরা কনডাকটেড ট্যুরে যেখানে যেতে পারি, এখানে কি সেই ব্যবস্থা তুলে দিলেন, এর থেকে তো আমরা একটা রেভিনিউ আর্ন করি, আমরা তো কালেকশন অফ রেভিনিউ পাই। আজকে আমরা জানতে চাই জেলায় এই আর টি এ সম্বন্ধে ভাববেন কিনা, পুলকারের থেকে গাড়ি যায় না, গাড়িগুলির ইঞ্জিন খারাপ, কতকগুলি গাড়ি আছে, হু মেইনটেইন দিস? কারা সুপারভিসন করেন এই গাড়িগুলি? চেক-আপ তো কখনও এইগুলিতে দেখতে পাই না, এইগুলির দায়িত্বে তো আপনি আছেন।

[5-05 — 5-15 p.m.]

আমি পরিশেষে একটা কথা শুধু বলতে চাই যেটা জ্ঞানসিং সোহনপাল প্রশ্নের মাধ্যমে এনেছিলেন, করাপশনের কথা। এই যে আপনারা ট্রাম তুলে দিয়ে বাস চালাচ্ছেন এখানে ট্রামের ডিপোগুলির যে সমস্ত জমি তা নাকি আপনারা বিক্রি করে দিচ্ছেন বলে অভিযোগ উঠেছে। পিরায়লেস এখন আপনাদের বন্ধু হয়েছে, আমরা আপত্তি করছি না কিন্তু এখানে

[ 14th June, 1994 ]

আছে, "The Transport Department sources said that the CTC would get a paltry amount of Rs. 10 crores for the 57,600 square feet area which would be developed in the first phase. The sources said that each square foot in Garihat was worth at least Rs. 1,200. But the Government, which was going by the WBHB building cost, was charging only Rs. 400/- per square foot." আপনি এটা কন্ট্রাডিক্ট করেননি সেইজন্য বললাম। সরকার এ সম্পর্কে কি বলতে চান, ট্রাম তুলে দেওয়ার পর ট্রাম ডিপোগুলির অতিরিক্ত জমিগুলি হাউ ডু ইউ প্রোপোজ টু ডিসপোজ ইট সেটা বলবেন। আমাদের দলের পক্ষ থেকে যেসব অভিযোগ করা হয়েছে সে সম্পর্কে যদি আপনি আলোকপাত করেন আমরা খুশি হব। আর এই যে অ্যাক্সিডেন্টগুলি হচ্ছে এগুলি একটু দেখুন। এতো বেশিরভাগ জায়গাতে ম্যান মেড অ্যাক্সিডেন্ট। মনে হয় কো-অর্ডিনেশনের অভাব হচ্ছে। এগুলি কি করে কমানো যায় সেটা দেখুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমেই আমি বিরোধী পক্ষকে বিনীতভাবে জানাতে চাই যে বিরোধীপক্ষের আনা কাট মোশনগুলি আমি গ্রহণ করতে পারছি না। আমি কতকগুলি বিষয়ের মধ্যে আমার বক্তব্য কেন্দ্রীভূত করব মূল নীতিগত বিষয় সম্বন্ধে যে প্রশ্নগুলি উঠেছে সেগুলি বলব। স্যার, বিরোধীপক্ষ অনেক সময় পেয়েছেন, অনেক কথা তুলেছেন আবার বলেছেন প্রতিটি বিষয়ে আলোকপাত করতে। এখন তাদের তোলা কথাগুলির অর্দ্ধেক বিষয়ের উপর যদি আমি বলতে যাই তাহলেই আপনি লালবাতি জ্বেলে দেবেন সেইজন্য আমি কয়েকটি মূল বিষয়ে আমাদের বক্তব্য কেন্দ্রীভূত করব। প্রথমেই বলি, আমি সমালোচনাকে ভয় পাই না। যা বাস্তব সঠিক তাকে আমি গ্রহণ করতে চাই কারণ তারমধ্যে দিয়েই আমাদের কাজকর্ম সমৃদ্ধ হয়ে উঠেছে। মানুষ যন্ত্রণার মধ্যে আছে—একথাটা বুঝতে কোনও অসুবিধা নেই এবং এ কথাটা অস্বীকারও করা যায় না। যা কিছু বিকাশ হয়েছে, অগ্রগতি হয়েছে প্রয়োজনের সঙ্গে তা সঙ্গতিপূর্ণ নয়, মানুষের প্রয়োজন অনেক বেশি। মানুষের সেই যন্ত্রণা, দুঃখ কষ্ট এটা অন্তত পরিবহন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে আমার অজানা নেই। কিন্তু আমার ভাল লাগত, আমি খুশি হতাম যদি যে অভিযোগগুলি উঠেছে, যেসব সমালোচনা করা হয়েছে সেগুলি করার আগে সে বিষয়ে অন্তত বিরোধী পক্ষ নিঃসন্দেহ হতে পারতেন। প্রথমে আমি দু-একটি নীতি সংক্রান্ত বিষয় বলতে চাই। এসব কথা বহুবার বলা হয়েছ। আমার দুর্ভাগ্য, বিরোধীপক্ষের নেতা জয়নাল আবেদিন সাহেব, তিনি দীর্ঘদিন ধরে এই বিধানসভার সদস্য কিন্তু হয় তার স্মৃতি তার সঙ্গে প্রতারণা করে অথবা তিনি অধিকাংশ বিষয় ঠিকমতোন অবগত হন না। এই বিষয়গুলি বিধানসভায় বহুবার বলেছি ৬/৭টি বাজেট বক্তৃতা হয়ে গেল সেখানে বলেছি, সংবাদপত্রে বিবৃতির মারফত যখনই প্রশ্ন উঠেছে তখনই বলেছি। অঙ্গ রাজ্য পরিচালনা করছি। সুতরাং কেন্দ্রীয় সরকারের অর্থনীতির প্রভাব আমাদের ওপর পড়তে বাধ্য। তারা আমাদের বলছেন, স্টেট বাস বাড়াবেন না, সব প্রাইভেটে দিয়ে দিন। কেন্দ্রীয় সরকার এই কথা বলছেন। তারা আরও বলছেন, আইন যথেষ্ট লিবারেলাইজড করা হয়েছে। ওরা বোধ হয় খবর রাখেন না, আগে আর টি এ তে অনেক লোক থাকত, এখন থাকে না। তা আমরা কি করব। ওটা কেন্দ্রীয় সরকারের আইনের দ্বারা পরিচালিত, আমাদের হাত পা বেঁধে দেওয়া হয়েছে। ওরা বলছেন সব কিছু লিবারেলাইজড

করা হচ্ছে, উদারকরণ করা হচ্ছে, যার যা খুশি করার সুযোগ দেওয়া হয়েছে। প্রাইভেট বাসের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সুযোগ করে দিয়েছেন আইনের মধ্যে দিয়ে। আমি দেখছি ওরা রাজ্য সরকারের খবর রাখেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের খবর রাখেন না। বর্তমান অবস্থায় নানান প্রতিবন্ধকতার মধ্যে দিয়ে আমাদের চলতে হচ্ছে এবং বলা যায় যে, বাস্তব ক্ষেত্রে আমাদের নীতি বিরোধী অবস্থার মধ্যে দিয়েই আমাদের চলতে হচ্ছে। প্রকৃত পক্ষে পশ্চিমবাংলায় আমাদের উল্টো পথে চলে কাজ করতে হচ্ছে। এই পরিস্থিতির মধ্যেও আমি ঘোষণা করছি—পরিবহন ব্যবস্থায় সরকারি বাস এবং সরকারি লঞ্চ আমরা বাড়াব। এটাই হচ্ছে আমদের লক্ষ্য। জয়নাল সাহেব, বললেন, আপনাদের লক্ষ্য কি? আমি তার অবগতির জন্য জানাচ্ছি, আমাদের পরিকল্পনা হল, আমাদের নীতি হল—প্রতিটি জেলায় আমরা সরকারি বাস দেব এবং তার জন্য আমরা প্রয়োজনীয় ব্যবস্থা নেব। সৌগতবাবু খুবই সঠিক ভাবে বলেছেন প্যাসেঞ্জার অ্যামিনিটিস বাড়ানো হয় নি। হ্যাঁ, আমিও বলছি হয় নি, বিশেষ কিছুই করা হয় নি। আপনারা ৩০ বছরে পারেন নি, আমরাও এই কবছরে পারি নি। কিন্তু আমরা কাজ শুরু করেছি। আমরা জমি নিয়েছি, কাজ শুরু করেছি, বেথুয়াডহরি, শিলিগুড়ি, মুর্শিদাবাদ, বহরমপুরে কাজ শুরু হয়ে গেছে। প্রতি ক্ষেত্রেই ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে, বহরমপুরে ওয়ান থার্ড কাজ হয়ে গেছে। এই সব জায়গায় যাত্রীরা বিশ্রাম নিতে পারবেন। তাদের সব রকম সুযোগ সুবিধার দিকেই লক্ষ্য রাখা হবে। কোলাঘাটে জমি নেওয়া হয়েছে—দিঘায় বা ঝাড়গ্রামে যাবার পথে, সেখানে যাত্রীরা বিশ্রাম নিতে পারবেন। ডালখোলায়ও জমি নেওয়া হয়েছে। এইভাবে প্রতি ১০০ কিলোমিটার অন্তর যাতে যাত্রী সাধারণের সুবিধার ব্যবস্থা করা যায় তার জন্য কোথাও জমি নিয়েছি, কোথাও কাজ শুরু করেছি, কোথাও ওয়ার্ক অর্ডার দিয়ে দেওয়া হয়েছে। নানান বাধার মধ্যে দিয়েও আমরা এইভাবে এগিয়ে চলছি।

[5-15 — 5-25 p.m.]

এটা ঠিকই গত ২ বছরের মধ্যে বাসের সংখ্যা খুব বেশি বাড়াতে পারিনি। পরিসংখ্যান থেকে যেটা বলেছেন সেটা ঠিকই বলেছেন। বর্তমান পরিকাঠামোর মধ্যে দাঁড়িয়ে আমরা দ্রুত গতিতে বাসের সংখ্যা বাড়াতে পারছি না। ১৯৮৭ সালের পর দ্রুত গতিতে বাড়িয়েছিলাম, কিন্তু বর্তমানে পরিকাঠামোর উপর জোর দিতে হচ্ছে। আপনারা দেখবেন, ৩৭টি টার্মিনাস জেলা এবং মহকুমার সদরে তৈরি করছি। প্রত্যেকটি জেলা এবং মহকুমার সদরে বড় বড় ডিপো তৈরি করছি। এক একটি ডিপো তৈরি করতে ১ কোটি টাকা, দেড় কোটি, ৩ কোটি টাকা খরচ হচ্ছে এবং এগুলি সবই আধুনিক ডিপো। বহু জায়গায় কাজ শেষ হতে চলেছে, কিছু জায়গায় অর্দ্ধেক হয়েছে এবং কিছু জায়গায় কাজ আরম্ভ করেছি। এর মধ্যে বাসের সংখ্যাও বাড়ছে। ৫ হাজার বাসের রক্ষণাবেক্ষণের পরিকাঠামো তৈরি হবে। সেইজন্য আমরা পরিকাঠামোর উপর সবচেয়ে বেশি জোর দিয়েছি। আমি বুঝলাম না, এখানে মাননীয় সদস্য শ্রী জটু লাহিড়ি মহাশয় একটা ফিগার দিলেন। কিছুটা বই থেকে দিলেন, কিছুটা নিজের মন থেকে ফিগার দিলেন। কি একটা দিলেন নিজের মতোন করে, আপন মনে মাধুরী মিশিয়ে বললেন। আমি সৌগতবাবুকে বলি আপনি তো একজন ভাল শিক্ষক, অঙ্ক পড়ান, ফিজিক্স পড়ান। ওদের একটু অঙ্ক শেখান না ক্লাশ ওয়ান টু থেকে। তাহলে আলোচনা করতে সুবিধা হবে। এবার সৌগতবাবুকে বলি, যেহেতু উনি অঙ্কে ভাল, আবার উনি গুলিয়েও দিতে

পারেন। যেমন উনি এখানে গুলিয়ে দিলেন। উনি হিসাব করে দেখালেন ৩বার ভাড়া বাড়িয়েছেন, এতে এত টাকায় এই লাভ এই ক্ষতি। আপনি তো শুধু যোগ করলেন, বিয়োগ করবেন না? আমি ৩ বার ভাড়া বাড়িয়েছি। ১৯৯০ সালে ১৯৯২ সালে আর ১৯৯৪ সালে এই ৩ বার আমি ভাড়া বাড়িয়েছি। আপনি বললেন, ভাড়া বাড়লে আয় বাড়বে। ৩ বার ভাড়া বাড়িয়েছি। লাস্ট ইয়ারে গত ১ বছরে কত বাড়বে? এফেক্ট পেলাম ২-৩ মাসের তার বেশি পাইনি। এবার ৩ বার যে ভাড়া বাড়ালাম তার ব্যয় বাড়ল কত? যে হারে জিনিসপত্রের দাম বাড়ছে, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের কর্মচারিদের বর্ধিত ডি এ দেবার জন্য খরচ বেড়ে হয়েছে ৪ কোটি টাকা। বাড়তি ভাড়া থেকে এগুলি মেক-আপ করতে হচ্ছে। এছাড়া জিনিসপত্রের দাম বাড়ছে, এক্সসাইজ ডিউটি বাড়ছে। শ্যাসীর দাম এ বছরে ২০ হাজার টাকা বেড়েছে। এছাড়া ডিজেলের দাম, টায়ারের দাম বেড়ে যাচ্ছে। সেই খরচটা বিয়োগ দিতে হবে। আমি চেষ্টা করছি, নতুন ক্ষতির বছরের বোঝা না চাপে। এমন ভাড়া বাড়াতে চাই না যাতে পুরো লোকসান মেক-আপ করতে পারি। এটা আমরা পারব না যেটা দিল্লি পারে, বোম্বে পারে। এমনভাবে ভাড়া বাড়াবে যাতে বাড়তি বোঝার দায়িত্ব সরকারকে বহন করতে না হয়। আমি সৌগতবাবুকে বলি, সরকারি হিসাবপত্রের যে ফিগার আছে সেই অঙ্কটা একটু ভাল করে দেখে নেবেন। আমি বিকৃত করছি না। আমি আগেই বলেছি, আপনি যে ৩ বছরের ভাড়া বৃদ্ধির কথা বলেছেন এবং ১ কোটি টাকা বাড়লো কেন বলেছেন। ১ বছরের মধ্যে ৩ মাসের এফেক্ট পেয়েছি। ভাড়া বাড়িয়েছি বছরের শেষে, সেটা হচ্ছে অক্টোবর মাসে। সেই ভাড়ার এফেক্ট পেয়েছি জানুয়ারি মাসে। এর বেশি তার থেকে অঙ্কে আসে না। কো-অপারেটিভের ধারের আশঙ্কা প্রকাশ করেছেন। আমরা প্রতিনিয়িত শোধ দিয়ে যাচ্ছি। সরকারের বাড়তি বোঝা হচ্ছে না। কো-অপারেটিভ ব্যাঙ্ক বন্ধ হবার আশঙ্কা হচ্ছে না। আর প্রভিডেন্ট ফান্ডের কথা বলেছেন। প্রভিডেন্ট ফান্ড নিয়ে আমরা উদবিগ্ন। তবে আমরা একটা জিনিস করেছি, কর্মচারিরা যে টাকা দিচ্ছেন সেই টাকা আমরা জমা দিচ্ছি এবং রিটায়ারমেন্টের সময় এমন কোনও কর্মচারী নেই যাদের রিয়াটারমেন্ট বেনিফিট অর্থাৎ তাদের যা প্রাপ্য তা তারা পাচ্ছে না। এমন কোনও ঘটনা ঘটেনি।

এখানে আমার মুশকিলটা হচ্ছে এই মাননীয় জয়নাল সাহেব হয়ত অপ্রস্তুত অবস্থায় ছিলেন, সেই অবস্থায় বক্তৃতা দিলে যা হয়, আমি বোধহয় সবেরই মন্ত্রী, রেল, আকাশ সমুদ্র সব কিছুর চিন্তা আমাকে করতে হবে? এইগুলি না করার জন্য যদি আমার অপরাধ হয় তাহলে কিছু বলার নেই, তবে আমি অপরাধী নই, অপরাধী কেন্দ্রীয় সরকার। আপনি বলেছেন রেল, রেল নিয়ে কত ডেপুটেশন গেছে, একবার তো আপনিও আমাদের দলে ছিলেন কত অনুনয়, বিনয় করলেন জাফর শরিফের কাছে, তো আপনার দিকে তো তাকালেন না, আপনি আবার বলছেন এম পি? এখানে সেজন্য আমরা তো জোর করে আদায় করি, আপনারা তো পায়ের দিকে তাকাতে তাকাতে কুঁজো হয়ে গেলেন—ন্যাশনাল হাই ওয়ে কেন্দ্রীয় সরকারের দায়িত্ব, সব রাজ্যেরই, পশ্চিমবঙ্গের জন্য কম বরাদ্দ আছে এটা আমাদের কয়েক দশকের অভিযোগ, যদিও আমার এটা ডিপার্টমেন্ট নয়, তুলেছেন বলে বলছি, গত বছরের আগের বছর ২৯ কোটি টাকা চাওয়া হয়েছিল, দিয়েছিলেন কত মাত্র ৯ কোটি, ন্যাশনাল হাইওয়ে এমনি এমনি চলবে? সেইভাবে যে রেলের কথা বলছেন আপনি বললেন

রেল দপ্তর ব্রিটিশ আমলে রেল ছিল ৫৪ হাজার কিলোমিটার, আর স্বাধীনতার ৫০ বছর পরে কত রেল করেছেন, হিসাব জানেন বলুন, ১১ হাজার কিলোমিটার। সারা ভারতবর্ষে—সৌগতবাবু আমরা দাবি করলে রেল হত—ব্রিটিশ করে গেছে ৫৪ হাজার কিলোমিটার, আর স্বাধীনতার ৫০ বছর পরে স্বাধীন ভারতবর্ষে মাত্র ১১ হাজার কিলোমিটার, তারা করবে রেল লাইন নতুন করে, চাইলে দেবে, ক্ষমতা কোথায়? এবারে ভরতুকির কথা বলেছেন, আমি আগেই বলেছি আমরা সে পরিমাণ ভাড়া বাড়াতে পারি না। উদারবৃত্তি করে লাভ নেই, প্রাইভেট বাস লাভ করে উনি বললেন প্রাইভেট বাস উঠে যাচ্ছে যদি লাভই করে তাহলে উঠে যাবে কেন? পশ্চিমবঙ্গে যত বাস চলত তার ৩ ভাগের ১ ভাগ প্রাইভেট বাস, চলেনা কারণ লোকসান হচ্ছে। যে রুটে লাভ হয় সেই রুটে প্রাইভেট বাস চলে, আমাদের সরকারি বাসের দায়বদ্ধতা হচ্ছে এই যে সরকারি বাসে মানুষের জন্য, যেখানে প্যাসেঞ্জার কম হয় সেখানেও যেতে হয়, ও ডেড আওয়ারসে ৪/৫জন যাত্রী থাকলেও যেতে হয়। কর্মাচারিদের সুযোগ সুবিধাও দেখতে হয়, প্রাইভেট বাসের দায়বদ্ধতা নেই, যে কটা প্রাইভেট বাস চলে ভালভাবে চলে। সুন্দরবন নিয়ে আমাদের সমস্যা আছে, আমরা খুব উদবিগ্ন, সমস্যা হচ্ছে এই আগে যেখানে লঞ্চ চলত এখন সেখানে লঞ্চ চলতে পারে না। সমুদ্র টারবুলেন্ট নদীর মোহনাগুলিতে লঞ্চ চলে না। লঞ্চ চালাতে গেলে মাঝে মাঝে দুর্ঘটনা ঘটবে। আমি যখন সাগরদ্বীপে সি পি টি-র দুটি জাহাজ ছিল একটি বেশি গভীর জলে চলে আর একটি কম গভীর জলে চলে, যেটা বেশি গভীরে চলে সে কম গভীরে চলতে পারে না, আর যেটা কম গভীরে চলে সেটা বেশি গভীরে যেতে পারে না। আমরা চেষ্টা করেছিলাম ত্রুটি ছিল না, ওরা আমাকে যখন বললেন যে লঞ্চ ডুবে গেছে ছোট জাহাজটা যাবার পারমিশন নেই। সুন্দরবনের বহু জায়গায় এই অবস্থা, মানুষকে যেতে হবে আগে এতটা প্রয়োজন ছিল না এখন নানাভাবে পঞ্চায়েতের কাজকর্মের মবিলিটি বেড়ে গেছে। সুন্দরবনের পরিকল্পনা আছে, দেরি হবে। হিঙ্গলগঞ্জের জেটির কথা বলছেন, উনি নিশ্চয় দেখেছেন দুপাশের কাজ অনেকটা বেড়ে গেছে।

[5-25 — 5-35 p.m.]

আমরা দুলদুলি ব্রিজ তৈরি করেছি নিশ্চয়ই জানেন। সেখানে কাজ শুরু হয়েছে। সাগরদ্বীপে ট্রান্সপোর্টের ফার্স্ট ফেজ-এর কাজ শেষ হয়ে গেছে, সেকেন্ড ফেজের জন্য টাকা জোগাড় করবার চেষ্টা করছি। এটা হলে গেল জোয়ার এবং ভাটা সব সময়ে চালাতে পারব। বাসন্তীর গোবন নদীর ব্রিজ করবার চেষ্টা হচ্ছে। আমরা সুন্দরবন অঞ্চলে দ্রুত চলাচল করবার ব্যবস্থা করবার চেষ্টা করছি। তবে মানুষ সেখানে ভুটভুটিতে চড়বেই, কারণ সেখানে সব নদীতে ব্রিজ করা সম্ভব নয়। কিন্তু যেহেতু ভুটভুটিতে চলাচল করা নিরাপদ নয়, সেজন্য এ ব্যাপারে একটি রিপোর্ট তৈরি করবার জন্য একটি সর্বদলীয় কমিটি করেছি। আপনাদের সত্য বাপুলি মহাশয়ও রয়েছেন সেই কমিটিতে আমরা তাদের বলেছি, তাড়াতাড়ি একটি রিপোর্ট দিন যে কি করে ভুটভুটি চলাচল নিরাপদ করা যায় কিছু কিছু নদীর ক্ষেত্রে। আমাদের ভূতল পরিবহনে ১৬টি ভেসেল এসেছে। কিন্তু সেখানে একটি জেটি খারাপ হয়ে আছে, সারাতে ১ কোটি টাকা খরচ। আর একটি ভেসেল তৈরি করতে ৪০ লক্ষ টাকা খরচ হয়, তাই আমরা অল্প অল্প করে ভেসেল সংগ্রহ করছি। এই ভেসেলগুলি চালাতে পারলে যাত্রীরা অনেক

নিরাপদে যাতায়াত করতে পারবেন। তবে তারজন্য কালচার ডেভেলপ করতে হবে। ঝড়ের সময় সাগরদ্বীপে বড় বড় ভেসেলগুলি যাতায়াত করতে পারে না, কেবলমাত্র আমাদের ভেসেলগুলি সেখানে কাজ করতে পারে। কিন্তু আমাদের লঞ্চের অভাব রয়েছে, এটা সংগ্রহ করতে টাকার প্রশ্ন এসে যায়। তবে আমরা আরও লঞ্চ তৈরি করতে দিয়েছি এবং তারা ১৬টি লঞ্চ তৈরি করেছেন। আর একটা সিস্টেম কি একেবারে ডেভেলপ করা সম্ভব?

আমি কেষ্টঠাকুর নাকি? আস্তে আস্তে শক্তি সঞ্চয় করতে হয়, তারপর সেটা ডেভেলপ করে। ট্রলার দুর্ঘটনা যা হল, সেখানে ট্রলার তো আমরা ধরেছিলাম, কিন্তু কেন সেটা করতে দেওয়া হল না? এক বছর আগে যে ট্রলার ধরেছিলাম, তারা শুধু পানই নয়, মানুষও নিতো ; কিন্তু সেগুলো সব মাছ ধরার ট্রলার। ডায়মন্ডহারবারের দ্বিতীয় মুনসেফ অর্ডার দিলেন, ওরা যেভাবে চলছে সেভাবেই চলুক ; নতুন অর্ডার না দেবার আগে ওদের ধরতে পারবেন না, ডিসটার্ব করতে পারবেন না। দেড় বছর চেষ্টা করেছি, কিন্তু কিছুই হয়নি। এটাই আমাদের সেখানে মুশকিল হয়ে গেছে। সেখানে যা কিছু বাধা আছে তারমধ্যে এটা একটি।

হুগলির সেকেন্ড ব্রিজ সম্পর্কে সৌগতবাবু একটা হিসেব দিলেন, কিন্তু আমি তো দেখছি অন্য হিসেব। এটা ঠিকই, ব্রিজটাকে আমরা পুরোপুরি ব্যবহার করতে পারছি না। তার কারণও আছে। ১৯৯৩-৯৪ সালে আমাদের রিপেমেন্ট করবার ক্ষেত্রে ডিউ ছিল ৫ কোটি ২৯ লক্ষ টাকা। বাস্তব যা সেটাই বলছি। টোটাল কালেকশন হয়েছে ৪ কোটি ৫৪ লক্ষ টাকা। গ্যাপ আছে ৭৫ লক্ষ টাকার মতো, কোটি কোটি টাকা নয়, যেকথা সৌগতবাবু বলছিলেন মনের মাধুরী মিশিয়ে। যদি আমরা ব্রিজটিকে পুরোপুরি ব্যবহার করতে পারতাম তাহলে এই অবস্থা হত না। ইমাজিনেশনের অভাবেই এটা হয়েছে। ব্রিজটা করা হল, কিন্তু রাস্তা করা হল না। তাহলে এত টাকা কেন খরচ করা হল।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি হিসাব করে দেখুন অপোজিশনের ৫ মিনিট নিয়েছে। আপনারা নিজেরা টাইম নেন, আলো জ্বললে বসেন না। আমি প্রত্যেককে ২/১ মিনিট করে সময় বেশি দেই। কিন্তু সেটা আপনারা ভুলে যান। যাই হোক, আমি ১৫ মিনিট সময় বাড়িয়ে দিচ্ছি, আশা করি আপনাদের কোনও আপত্তি হবে না। ১৫ মিনিট সময় বাড়ানো হল।

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** সৌগতবাবু সঠিক ভাবেই সমালোচনা করেছেন। হাওড়া দ্বিতীয় সেতু করার সঙ্গে সঙ্গে তার পরিকল্পনা এবং রূপায়ণের কাজে হাত দেওয়া উচিত ছিল। এই সমালোচনা আমি গ্রহণ করছি। কিন্তু কেন এটা হয়নি? দ্বিতীয় সেতু পরিকল্পনার ক্ষেত্রে, কাজের ক্ষেত্রে টাকা বরাদ্দ হয়েছে মাত্র ৩ লক্ষ। এতে হাওড়ার দিকে কাজ এবং কলকাতার দিকের কাজ কি করা যায়? কাজেই কি করে হবে। ৩৭ কোটি টাকা এর জন্য বরাদ্দ হয়েছে মাত্র ২।। কি ৩ বছর আগে। তারপরে আমরা কাজ হাতে নিয়েছি এবং দ্রুত গতিতে কাজ করছি। কিন্তু আমাদের একটা অসুবিধা আছে। সেটা হচ্ছে একটা কবর খানা নিয়ে এবং সেখানে একটা কেস হয়ে আছে। আপনি যেটা বলছেন সেটা ঠিক নয়। কবরখানা বাদ দিয়ে বাকি জায়গায় আমরা কাজ করছি। কেসটা ফয়সালা না হওয়া পর্যন্ত কাজটা যে দ্রুত গতিতে হওয়া উচিত সেটা সম্ভব হবে না। (**এ ভয়েস ফ্রম অপোজিশন ঃ** আপনারা

**টাকা দিচ্ছেন না)** ভেলকে টাকা দেওয়া হয়ে গেছে। আপনি জাফর শরিফকে জিজ্ঞাসা করুন কেন হয়নি। টাকা দেওয়া হয়ে গেছে। আপনারা বলেছেন যে কোনও এক্সপ্রেস ওয়ের বদলে আমরা হাওড়ার মানুষকে বঞ্চিত করছি এবং ড্রেনেজ ক্যানেল রোড দিয়ে লোক নিয়ে যাওয়া হচ্ছে। আমি বলছি যে এই রকম কিছু আমি জানি না। এই রকম লোককে হাওড়ার মানুষ প্রতিনিধি করে পাঠিয়েছেন, তারা যদি জানতে পারেন তাহলে সেটা বুঝতে পারবেন। এটা একেবারে ভুল কথা। হাওড়া ড্রেনেজ ক্যানেলের জন্য ৬ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে, সেটা অতিরিক্ত, তার সঙ্গে কোনা এক্সপ্রেস ওয়ের কোনও সম্পর্ক নেই। এটা আমি হাওড়ার যারা এম এল এ আছেন, তাদের জানার জন্য বললাম। এবারে আমি ট্রামের কথায় আসছি। এখানে সমালোচনা হয়েছে যে সারা পৃথিবীতে নতুন করে ট্রাম আসছে। কিন্তু কলকাতায় অন্যভাবে চিন্তা করা হচ্ছে। মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি ভূগোল ভাল জানি না, আমি এটুকু অন্তত জানি যে দিল্লি পৃথিবী নামক গ্রহের মধ্যে, বোম্বে পৃথিবী নামক গ্রহের মধ্যে, মাদ্রাজ পৃথিবী নামক গ্রহের মধ্যে। কিন্তু এখানে কোথাও ট্রাম লাইন আনা হবে, সেটা আমি শুনিনি। যদি উন্নত হয় তাহলে সেখানে আনছে না কেন? সৌগতবাবু মানিকতলার কথা বলেছেন। আপনাকে বহুবার বলেছি যে মানিকতলায় যেটা নিয়ে যাওয়া হয়েছে, আমি মন্ত্রিত্ব থাকাকালীন নিয়ে যাওয়া হয়নি, তার আগে হয়েছে। তার সঙ্গে ট্রামের সম্পর্ক ছিল না। এবারে মেট্রো রেলের দ্বিতীয় অংশ অর্থাৎ টালিগঞ্জ থেকে গড়িয়া, এটা নিয়ে অদ্ভুৎ একটা ব্যাপার আছে। রেলকে দিয়ে এই ব্যাপারে একটা স্টাডি করানো হয়েছে। কেন্দ্রীয় সরকার বলেছেন রাজ্য সরকারকে অর্দ্ধেক টাকা দিতে। অসীমবাবু বলেছেন যে আমরা দেব এবং অর্দ্ধেক দেবে কেন্দ্রীয় সরকার। এখন এটা কেন্দ্রীয় সরকারের কে দেবে সেটা একটা সার্টেল ককের মতো ঘোরাঘুরি করছে। রেল বলছে যে আমরা নয়, এটা আরবান ডেভেলপমেন্ট দেবে। আর আরবান ডেভেলপমেন্ট বলছে, আমরা জানি না, আপনারা রেলের কাছে যান। এই অদ্ভুত জিনিস চলছে।

[5-35 — 5-45 p.m.]

তারা নিতে চান না, চক্ররেল মেট্রো রেল তারা নিতে চান না। সৌগতবাবু আপনাকে নিয়ে যাবে। সেই জন্য ট্রামের জমি বিক্রি করে দেওয়ার কোনও প্রশ্নই আসে না। ট্রামের জমি বিক্রি করছি না এয়ার স্পেশটা বিক্রি করছি। ট্রামের জমি থাকছে, এয়ার স্পেস বিক্রি করে ট্রাম কোম্পানিকে ডেভেলপ করার চেষ্টা করছি। এই ব্যাপারে প্রোজেক্ট রিপোর্ট বেরিয়ে গেছে, তার অনেকগুলি অপশান আছে, কিভাবে করব ঠিক করব। এইগুলি সমস্ত ইউনিয়নগুলিকে দিয়ে দিয়েছি। আমরা কাউকে ঠিক করিনি। যে হায়েস্ট বিডার তাকে দেব। আপনি যদি হায়েস্ট বিডার হন আপনিও নিতে পারেন। পরে আপনি সমস্ত ব্যাপারটা দেখে নেবেন, তারপর তর্ক করবেন। যে হায়েস্ট টাকা দেবে তাকেই দেব এবং প্রয়োজনে অল ইন্ডিয়া টেন্ডার করব। এবারে আমার শেষ কথা অনেকটা সময় হয়ে গিয়েছে—সেটা হচ্ছে এই যে, আমাদের যে পরিবহন নীতি, যেভাবে আমরা চলতে চাই সেইভাবে চলার পথে আমাদের আন্তরিকতা থাকা সত্ত্বেও আমাদের এত অসুবিধার মধ্যে দিয়ে চলতে হচ্ছে চারিদিক থেকে আমাদের আক্রান্ত হতে হচ্ছে, তার মধ্যে দিয়ে আমাদের অগ্রসর হতে হচ্ছে। যতদূর আমাদের রাজ্য অগ্রসর হতে পারত, চারিদিকে আইন আদালত কেন্দ্রীয় সরকারের আইন কেন্দ্রীয়

সরকারের মনোভাব এই সব থাকার ফলে আমাদের শুভেচ্ছা, সম্ভবত আপনাদের শুভেচ্ছা থাকা সত্ত্বেও আমরা সেই রকম এগোতে পারছি না, অসুবিধা হচ্ছে। যত দূর এগোনো উচিত ছিল ততদূর আমরা এগোতে পারিনি। আমরা সঠিক লক্ষ্যের দিকে অগ্রসর হচ্ছি। মানুষের দুঃখ মানুষের যন্ত্রণা, মানুষের কষ্টটা আমাদের চেতনার মধ্যে দিয়ে সমস্ত শক্তিকে ঐক্যবদ্ধ করে যে রিসোর্স আছে সেটাকে ব্যবহার করে আমরা কাজটা করে যাচ্ছি। আমি মনে করি খানিকটা অগ্রসর লাভ করেছি। এই কথা বলে ডেপুটি স্পিকারকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Demand No. 12**

**Mr. Deputy Speaker :** There is one cut motion on Demand No. 12. The cut motion is in order. Now, I put to vote the cut motion.

The motion of Shri Saugata Roy that the amount of Demand be reduced to Re. 1/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,10,50,000/- be granted for expenditure under Demand No. 12. Major Head : "2041—Taxes on Vehicles".

(This is inclusive of a total sum of Rs. 1,36,85,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

**Demand No. 77**

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,08,52,000/- be granted for expenditure under Demand No. 77. Major Head : '3051—Ports and Lighthouses".

(This is inclusive of a total sum of Rs. 36,20,000/- already voted on account in March, 1994) was then put and agreed to.

**Demand No. 78**

The motion of Shri Abdul Mannan that the amount of Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 43,30,000/- be granted for expenditure under Demand No. 78, Major Head : '3053—Civil Aviation".

(This is inclusive of a total sum of Rs. 14,45,000/- already voted on account in March, 1994) was then put and agreed to.

**Demand No. 80**

The motion of Shri Suagata Roy that the amount of Demand be reduced to Re. 1 and the motions that the amount of Demand be

reduced by Rs. 100/- was then put and lost.

The motion of Shri Abdul Mannan and Shri Subrata Mukherjee of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,08,32,18,000/- be granted for expenditure under Demand No. 80, Major Head : "3055—Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for Road Transport".

(This is inclusive of a total sum of Rs. 36,29,00,000/- already voted on account in March, 1994) was then put and agreed to.

### Demand No. 81

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 27,90,42,000/- be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services".

(This is inclusive of a total sum of Rs. 14,00,00,000/- already voted on account in March, 1994) was then put and agreed to.

## DISCUSSION AND VOTING ON DEMAND FOR GRANTS

### Demand Nos. 26, 37 and 90

**Mr. Deputy Speaker :** Now, discussions on Demand No. 26, Demand No. 37 and Demand No. 90. There are cut motions on Demand Nos. 26 and 37 but there is no cut motion on Demand No. 90. All the cut motions on Demand No. 26 and Demand No. 37 are in order and taken as moved.

### Demand No. 26

| | |
|---|---|
| **Shri Saugata Roy**<br>**Shri Subrata Mukherjee** | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

### Demand No. 37

| | |
|---|---|
| **Shri Saugata Roy**<br>**Shri Abdul Mannan**<br>**Shri Subrata Mukherjee**<br>**Shri Deba Prasad Sarkar** | Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/- |

[5-45 — 5-55 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে ২৬, ৩৭ এবং ৯০

নম্বর ব্যয় বরাদ্দের বিরোধিতা করে এবং আমাদের কাট মোশনের সমর্থনে আমি বক্তব্য রাখছি। আমি প্রথমেই বলতে চাই যে, অশোক ভট্টাচার্য যিনি আমাদের পৌরমন্ত্রী হয়েছেন, তিনি এমনিতেই সৌভাগ্যবান মানুষ। কারণ বুদ্ধদেববাবু নেই, এখন অশোকবাবু ভারপ্রাপ্ত মন্ত্রী হয়েছেন প্রথমবার জিতে, কপাল বলে যাকে, খুব লাকি মানুষ। আমি মাঝে মাঝে অ্যাসেম্বলি কমিটির মিটিংয়ে যখন যাই, তখন কোনও কোনও সি পি এমের বিধায়ক বলেন, আমরা ছয় সাতবার করে বিধায়ক হলাম, কিন্তু গৌতম দেব, অশোক ভট্টাচার্য একবার জিতে প্রথমবারেই মন্ত্রী হলেন। আর শিলিগুড়ি কর্পোরেশনের অবস্থা কি? অশোকবাবু লাকি লোক। বয়স্ক লোকদের দুঃখ আছে। অশোকবাবু নিজের কেন্দ্রে ভাল কাজ করেছিলেন। কিন্তু পৌরসভার নির্বাচনের আগে কংগ্রেস প্রার্থী খুন হয়ে যাওয়ার ফলে—কারণ কংগ্রেস সেখানে ভাল ফল করতে পারে, এই আশঙ্কায় কংগ্রেস প্রার্থী খুন হয়ে গেলেন। ওই ভোটের আগের দিন কংগ্রেস প্রার্থীকে খুন করা হল, তা নাহলে আমরা খুব ভালো ফল করতাম। একটা চাঞ্চল্যের সৃষ্টি করে একটা ভোট, আমাদের জেতা ভোট আপনারা পেয়ে গেলেন। এইবার আমি আসছি আই ডি এস এম টি স্কীমে এতে আপনার দপ্তর একটা ব্যর্থতার নজির সৃষ্টি করেছে। এই ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট ফর স্মল অ্যান্ড মিডিয়াম টাউন্স এর ক্ষেত্রে ম্যাচিং গ্রান্ট পান তাতে সেন্টার দেয় ৫০ পারসেন্ট আর আপনারা দেন ৫০ পারসেন্ট অর্থাৎ রাজ্য সরকার দেয় ৫০ পারসেন্ট। সেখানে আপনার অ্যাচিভমেন্ট কি তা বাজেট এস্টিমেট এবং অ্যাকচুয়াল দেখলেই বোঝা যাবে। ১৯৮৭-৮৮ সালে বাজেট এস্টিমেট ছিল ৩ কোটি ২৭ লক্ষ আর অ্যাচিভমেন্ট হয়েছে ৭৪ লক্ষ ৮৭ হাজার। এরপরে ১৯৮৮-৮৯ সালে বাজেট এস্টিমেট হয়েছিল ২ কোটি টাকা আর অ্যাকচুয়াল হয়েছিল ৫২ লক্ষ ৩৯ হাজার ৭৩০। ১৯৮৯-৯০ সালে বাজেট এস্টিমেট হয়েছিল ১ কোটি ৬৯ লক্ষ এবং অ্যাকচুয়াল হয়েছিল ৬৩ লক্ষ, ৬৯ লক্ষ, ১৯৯০-৯১ সালে বাজেট এস্টিমেট হয়েছিল ১ কোটি ৪৬ লক্ষ এবং অ্যাকচুয়াল হয়েছিল ৬ লক্ষ ১৬ হাজার আর ১৯৯১-৯২ সালে বাজেট এস্টিমেট হয়েছিল ১ কোটি ৪০ লক্ষ আর অ্যাকচুয়াল হয়েছিল ৫৬.৯৭ লক্ষ। ১৯৯২-৯৩ সালে বাজেট এস্টিমেট ছিল ১ কোটি ৪০ লক্ষ এবং খরচ হল ৫২ লক্ষ ৫২ হাজার তারপরে ১৯৯৩-৯৪ সালে খরচ হল ৫২ লক্ষ ৫২ হাজার। ১৯৯৩-৯৪ সালে ১ কোটি ৫০ লক্ষ রিভাইজডে ৫০ লক্ষ, এবং ১৯৯৪-৯৫ সালে ১ কোটি ৪০ লক্ষ। সুতরাং আই ডি এস এম টির ক্ষেত্রে যেটা কেন্দ্রীয় সরকার দিচ্ছে ম্যাচিং গ্রান্ট হিসাবে সেখানেও আপনারা টাকা ঠিকমতো খরচ করতে পারেন নি। ১৯৮৭-৮৮ সালে হিসাব ধরে বলছি যে আই ডি এস এম টি স্কীমে আপনারা টোটালি ফেল করেছেন। সেইরকম ভাবে ছোট এবং মাঝারি নগর উন্নয়ন প্রকল্পেও আপনারা এইরকমভাবে ব্যর্থ হয়েছেন। এইরকমভাবে হেড অফ অ্যাকাউন্ট ৪২১৭ এবং ক্যাপিটাল আউট লে অন আরবান ডেভেলপমেন্টের ক্ষেত্রে স্যানিটেশন অ্যান্ড আরবান ডেভেলপমেন্টের ক্ষেত্রে বাজেট এস্টিমেট ১৯৮৭-৮৮ সালে ৯৪ লক্ষ এবং অ্যাকচুয়াল ৬৩ লক্ষ। ১৯৮৮-৮৯ সালে বাজেট এস্টিমেট ছিল ৯৮ লক্ষ এবং অ্যাকচুয়াল ছিল ৫৪ লক্ষ। ১৯৮৯-৯০ এস্টিমেট ছিল ৬৪ লক্ষ এবং অ্যাকচুয়াল ২০ লক্ষ। ১৯৯১-৯২ সালে ৬ কোটি ৬৩ লক্ষ বাজেট এস্টিমেট ছিল এবং অ্যাকচুয়াল ১১,৭৯,৯২৩। ১৯৯২-৯৩ সালে বাজেট এস্টিমেট ছিল ৩ কোটি ৫৯ এবং অ্যাকচুয়াল ছিল ১৬,১০,৯৫৭। ১৯৯৩-৯৪ সালে ৪৪ লক্ষ বাজেট এস্টিমেট ছিল এবং ১৯৯৪-৯৫ সালে ৫৩ লক্ষ এবং অ্যাকচুয়াল ছিল ৫০

হাজার। আপনি আপনার দপ্তরে মন্ত্রী হিসাবে এরপরেও বাহবা পেতেন চান? আপনারা ম্যাচিংগ্রান্টের টাকা ঠিকমতো খরচ করতে পারেন নি। আপনি বহরমপুরে কংগ্রেস পরিচালিত পৌরসভা ভেঙ্গে দিলেন, কিন্তু তারপরেও কি সেখানে একটি সি পি এমের আসনে প্রার্থী আসা ছাড়া কিছু হয়েছিল? ভেঙ্গে দেওয়া সত্ত্বেও তো সেখানে আবার কংগ্রেস জিতল। তারপরে জিয়াগঞ্জে এবং আজিমগঞ্জে যে ৩ জন কর্মচারী মারা গেলেন এবং ওখানে যে বেতন বন্ধ হয়ে রয়েছে এই ব্যাপারে আপনি বলেছিলেন ১২ তারিখের মিটিংয়ে করবেন। ১২ই জুন তো বৈঠক হল তার কি ফলাফল আমাদের জানাবেন। আপনারা কংগ্রেসি পরিচালিত পৌরসভাগুলোর উপরে বিমাতৃসুলভ ব্যবহার করছেন। একটা অন্যায়ভাবে বলে বেরাচ্ছেন যে এইসব জায়গায় নাকি বেআইনি নিয়োগ করা হয়েছে। কিন্তু আপনাদের পৌরসভাগুলোতে যে কত বেআইনি নিয়োগ হচ্ছে তার কোনও হিসাব নেই। আপনার এই বোর্ডগুলো ইকোনমিক্যালি ব্লকেড হয়ে রয়েছে। আপনারা একটা টারগেট করেছেন যে আপনারা খেয়াল খুশি মতো লোক নিয়োগ করে যাবেন কিন্তু কংগ্রেসি পরিচালিত পৌরসভাগুলোতে নানা অভিযোগ তুলে সেগুলো ভেঙ্গে দেবেন। আমি এইসঙ্গে অসীমবাবুকেও বলতে চাই বুদ্ধদেববাবুকে বলে কোনও কাজ হয় নি, আপনার কাছে জানতে চাই আপনাদের আমলে কতগুলো বাজারে আগুন লাগে, সেই আগুন লাগার কারণ কি এবং ইনভেস্টিগেশন রিপোর্ট কি?

লক্ষ্মী কাটরা, গনেশ কাটরা, ফ্যান্সি মার্কেট গড়িয়াহাট মার্কেট, বাংলা বাজার, মেটিয়াবুরুজ, এস এস হক মার্কেট, ফিস মার্কে, হাওড়ায় নন্দরাম মার্কেট, ব্রাবোর্ণ রোডে, অর্ফানেজ মার্কেট, উল্টোডাঙ্গা মিউনিসিপ্যাল মার্কেট, নিউ বৈঠকখানা মার্কেট, মঙ্গলাহাট মার্কেট, জুবিলি মার্কেট, ঝাড়গ্রাম মার্কেট, এতগুলি বাজারে যে আগুন লাগল, সেই আগুনে টোটাল লস অফ প্রপার্টি কত হয়েছে। তার রিপোর্ট তো আজ পর্যন্ত দেওয়া গেল না। আগুন লাগার কারণ কি, সেই সম্পর্কে ৮৯ সালে বিধানসভায় দাঁড়িয়ে বুদ্ধদেববাবু বলেছিলেন ৪ জন সদস্যর একটা কমিটি তৈরি করা হয়েছে কজেস অফ ফায়ার এবং টোটাল এস্টিমেটেড প্রপার্টি লস কত হয়েছে, সেই সম্পর্কে কমিটি একটা রিপোর্ট দেবেন। কিন্তু কমিটি সেই রিপোর্ট আমাদের বিধানসভায় আজকেও দিলেন না। এরপরে আমি যেটা বলব, সল্ট লেকের দক্ষিণ অংশে জলাভূমির উপর প্রোমোটারদের নজর পড়েছে। জলাভূমি নিয়ে আপনার কর্পোরেশন যে কত বড় কেলেঙ্কারি আপনার দপ্তরের সঙ্গে হচ্ছে, সেই ব্যাপারে আমি আপনাকে উদাহরণ দিয়ে দেখাতে চাই। পশ্চিমবঙ্গ বিধানসভায় ওয়েস্ট বেঙ্গল ইনল্যান্ড ফিশারিজ অ্যামেন্ডমেন্ট বিল অ্যাজ পাসড বাই দি অ্যাসেম্বলি ইলেভেন্থ মার্চ, ৯৩ বলে একটি বিল পাস করেছিল, তাতে কি বলেছিল, ৫ কাঠা বা তদূর্ধ্ব জলাভূমি বোজানো শাস্তিযোগ্য অপরাধ। পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে সংবাদপত্রে একটা বিজ্ঞাপনও দেওয়া হয়, ৫ কাঠার উপর জলাভূমি বুজিয়ে গৃহ নির্মাণ করা যাবে না। তারপরে কলকাতা কর্পোরেশনে, অশোক বাবু পৌরসভার পক্ষ থেকে একটা বিজ্ঞপ্তি বেরুল, সেখানে কি বলছে, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১৮ই আগস্ট ৯৩ সালে সংবাদপত্রে , যে ৭৯ সালে টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট এবং তদানীন্তন প্রস্তাবিত সংশোধনী আউটলাইন ডেভেলপমেন্ট প্ল্যান এর শর্তানুযায়ী ১৫শো বর্গ মিঃ এর অধিক এলাকায় জলাভূমি বা পুকুর বা জলাশয় বা কোনও খাল ভরাট করা যাবে না। তাহলে ১৫

শো বর্গ মিঃ মানে কি সাড়ে ২২ কাঠা। রাজ্য সরকারের মৎস্য দপ্তর বিধানসভায় দাঁড়িয়ে বিল পাস করলেন ৫ কাঠার উপর জলাভূমি ভরাট করে বাড়ি করতে পারবে না রাজ্য সরকার আইন তৈরি করলেন, আর কর্পোরেশন আগস্ট মাসে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন নোটিশ দিয়েছে সংবাদপত্রে ১৫শো বর্গ মিঃ মানে সাড়ে ২২ কাঠা পর্যন্ত জলাভূমিকে ভরাট করে গৃহ নির্মাণ করার প্রচেষ্টাকে আপনাদের যে বিরত করবার প্রচেষ্টা, সেটা সমস্ত মানুষকে একটা ভাঁওতা দেবার প্রচেষ্টা। আমি যার জন্য আপনাদের কাছে বলতে চাই, এই গোটা বিষয়গুলিকে নিয়ে আপনাদের ভাববার সময় হয়েছে এবং জলাশয় বোজানোর আইন না মেনে পৌরসভা যে ,বিজ্ঞপ্তি দিয়েছে, সেই বিজ্ঞপ্তি সম্পূর্ণ ভাবে এই বিধানসভাকে অবমাননা করেছে এবং একটি গৃহীত বিলকে সম্পূর্ণভাবে আপনারা বাই পাস করে গিয়েছেন। আজকে সেই কারণে বলতে চাচ্ছি জলাভূমির উপর বাড়ি তৈরি করার প্রবণতা বন্ধ না করলে পরিবেশের ভারসাম্য নষ্ট হয়ে যাবে। সেইজন্য পরিবেশের ভারসাম্য নষ্ট আটকাতে এই সম্পর্কে গভীর মনোভাব গ্রহণ করতে হবে। আজকে নাগরিক জীবনের সুখ স্বাচ্ছন্দ চ্যালেঞ্জের মুখোমুখি কি মিউনিসিপ্যাল টাউন, কি কলকাতা পৌরসভা, বিভিন্ন ক্ষেত্রে মেগাসিটি প্রকল্পের নামে আজকে সমস্ত বিষয়গুলিকে নিয়ে চেষ্টা করা হচ্ছে একটা পরিকল্পনার অধীনে নিয়ে আসার। কিন্তু মেগাসিটি প্রকল্পকে রূপায়িত করবার অগে সি এম ডি এ-র প্ল্যানিং শাখার সঙ্গে মেগাসিটি প্রকল্প কিভাবে রূপায়িত হবে, তার প্ল্যান কি হবে, একটা আলোচনা বা বৈঠক পর্যন্ত হল না। এই রকম ভাবে কলকাতা শহর নিয়ে যেটা আমরা বার বার হাউসে বলেছি, কলকাতা শহর প্রোমোটারদের কাছে আনস্ক্রুপুলাস হয়ে গেছে—অসাধু প্রোমোটারদের কাছে। এই অসাধু প্রোমোটারদের সঙ্গে লড়াই করতে রাজ্য সরকারের একটা গড়িমসি ভাব, কলকাতা শহরকে, হাওড়া শহরকে কংক্রিট জঙ্গলে পরিণত করেছে। এই কংক্রিট এর জঙ্গল থেকে কলকাতা শহরকে এবং হাওড়া শহরকে বাঁচানো যাচ্ছে না, এর জন্য সুয়ারেজ সিস্টেম ডিসটার্ব হচ্ছে। যেদিকে তাকাবে বেআইনি বাড়ি ঔদ্ধত্যের সঙ্গে মাথা উচুঁ করে দাঁড়িয়ে আছে। মাঝে মাঝে যখন প্রদীপ কুন্দলিয়ার মতোন অসাধু প্রোমোটার বাঙ্গুরদের মতোন অসাধু প্রমোটার যখন তাদের নির্মিত বাড়ি ভেঙ্গে পড়ে মানুষের মৃত্যু হচ্ছে তখন সেই মামলায় রাজ্য সরকার সঠিকভাবে পিছনে লেগে তাদেরকে পানিশ করবার জন্য যে ব্যবস্থা গ্রহণ করা দরকার, সেই ব্যবস্থা গ্রহণ করতে গড়িমসি করছেন।

[5-55 — 6-05 p.m.]

আজকেও আমাদের অভিযোগ, প্রদীপ কুন্দলিয়ার ভেঙ্গে পড়া বাড়ি নিয়ে যে মামলা তা নিয়ে রাজ্য সরকার গড়িমসি করছেন এবং সেখানে কোনও এগজেমপ্ল্যারি পনিশমেন্ট এখনও দিতে পারছেন না। কলকাতা শহরে আপনাদের আমলে ১০ হাজারের বেশি বেআইনি বাড়ি তৈরি হয়েছে, এই বেআইনি বাড়ি তৈরিকে আপনারা প্রতিহত করতে পারছেন না আজকে বিল্ডিং ট্রাইব্যুনাল তেমনভাবে কাজ করছে না। সেখানে কত কেস জমা হয়ে পড়ে আছে তা একটু চিন্তা করে দেখুন। তারপর টি অ্যান্ড সি পি অ্যাক্টে যে কমিটি করলেন ভবতোষ দত্ত মহাশয়কে চেয়ারম্যান করে সেই ভবতোষ দত্ত মহাশয়কে পদত্যাগ করে চলে যেতে হল কারণ রডন স্কোয়ারে আপনারা বাণিজ্য কমপ্লেক্স করার জিদ ধরলেন। সেখানে বাণিজ্য কমপ্লেক্স হল না, গুলি চলল, আন্দোলন হল এখন আবার পরিবেশকে দূষিত করার

জন্য সেখানে বলছেন কালচারাল কমপ্লেক্স করবেন। সেটাও কি এই আইনে করতে পারেন? এইভাবে কলকাতার রডন স্কোয়ারের মতোন একটা পার্ক-এর সবুজায়নকে আপনারা ধ্বংস করতে উদ্দত হয়েছেন। অপর দিকে এখানে প্রোমোটারদের দৌরাত্ম্য সম্পর্কে রাজ্য সরকারের ভূমিকায় আমাদের যে অভিযোগ সে সম্পর্কেও আপনারা কোনও ব্যবস্থা নিতে পারছেন না। আজকে কলকাতা কর্পোরেশনের বিল্ডিং ডিপার্টমেন্ট এবং অ্যাসেসমেন্ট ডিপার্টমেন্টকে যদি আপনারা ৫০ পারসেন্ট অনেস্টিতে আনতে পারতেন তাহলে টাকার জন্য এইভাবে অন্য জায়গায় হাত পাততে হত না। এগুলি একেবারে করাপশনের ডেন হয়ে গিয়েছে। ছোটই হোক বা বড়ই হোক যে কোনও বিল্ডিং প্ল্যান পাস করাতে গেলে লোককে সেখানে হয়রান হতে হয়। লিগ্যাল প্ল্যান নিয়ে সেখানে লোক যাচ্ছে কিন্তু তবুও তাদের হয়রান হতে হচ্ছে। সেখানে যে প্রসেস সেটাকে ইজি প্রসেসে আনতে পারছেন না অথচ টাকা দিলে কোনও রকম ফর্মালিটিস ছাড়াই রাতারাতি প্ল্যান পাস হয়ে যাচ্ছে। আজকে সেই কারণে এই বিল্ডিং ট্রাইব্যুনাল সম্পর্কে আমাদের অভিযোগ রয়েছে। এর পর আমি জলকরের কথায় আসছি। এই জলকর এখানে বাসনোর জন্য আপনারা উদ্যোগ নিয়েছেন। আমাদের কাছে খবর, আই এম এফের শর্ত মেনে আপনারা এখানে জলকর বসাতে উদ্যোগ নিয়েছেন ৩০ কোটি টাকা ইয়ারলি কলকাতা কর্পোরেশনকে তুলে দিতে হবে এর থেকে। এরজন্য আপনারা এই ওয়াটার ট্যাক্স করার জন্য নানান রকমের বিল আনছেন কখনও বলছেন বড় লোকরা গাড়ি ধোয়ার জন্য কেন পয়সা দেবেন না, কখনও বলছেন অমুক জায়গায় যদি মোটা ফেরুলে জল যায় তাহলে সেই জলের জন্য অতিরিক্ত টাকা দিতে হবে, এইভাবে নানান প্রশ্নে আপনারা বিল আনছেন কিন্তু আলটিমেটলি সেটা হচ্ছে ওয়াটার ট্যাক্স। আই এম এফ আপনাদের বলছে ৩০ কোটি টাকা যদি তোমরা এই ওয়াটার ট্যাক্স থেকে আদায় করতে না পারো তাহলে ওয়ার্ল্ড ব্যাঙ্ক যে যে প্রকল্পে টাকা দিচ্ছে সে সম্পর্কে তারা বাধানিষেধ আরোপ করবেন। সেই ভয়ে আপনারা সত্য কথা থেকে সরে যাচ্ছেন। স্যার, আমি আবারও বলছি, এই বেআইনি বাড়ি কলকাতার নগর সভ্যতার কাছে একটা সঙ্কট হয়ে দাঁড়িয়েছে। আমরা দেখি আপনারা মাঝে মাঝে এইসব বেআইনি বাড়ি নিয়ে খুব হৈ চৈ করেন। এখন আবার অসীমবাবু আপনি সল্ট লেকের দিকে যাচ্ছেন। সমস্ত সল্ট লেকটা তো চলে গেল। কাদের হাতে গেল, কিভাবে গেল, ডিস্ট্রিবিউশন কিভাবে হয়, মুখ্যমন্ত্রীর কোটায় আবার মোট জমির শতকরা ২৫ ভাগ জমি মুখ্যমন্ত্রী কাদেরকে সল্ট লেকে জমি বিতরণ করেন, তাদের নামের তালিকা কি হওয়া উচিত আমি সেসব প্রসঙ্গে যাচ্ছি না কিন্তু দেখলাম সল্ট লেকে দু-চারটে বাড়ি আপনারা হঠাৎ করে ভাঙ্গতে শুরু করলেন এবং দেখাতে গেলেন এটা করলে সমস্ত কিছু ঠিকঠাক সেটেল ডাউন হয়ে যাবে। তা কিন্তু হয়নি। সল্ট লেকে যেভাবে আই ও ইউ এই কথাটি লিখে বাড়ির হাত পরিবর্তন হয়েছে, জমি হস্তান্তর হয়েছে তাকে প্রতিরোধ করতে রাজ্য সরকারের তরফে সল্ট লেকে দু-চারটে বাড়ি ভেঙ্গে সমস্যার মোকাবিলা আপনি করতে পারেন নি। তারজন্য সংবাদপত্রে দু-চারটে ছবি বেরিয়েছে, কিছু হৈ চৈ হয়েছে, দু-চারটে বাড়িতে নোটিশ ঝুলিয়ে দিয়েছেন কিন্তু তারপর অবস্থা যথাপূর্বং। একটা কনসিসটেন্ট এফোর্ট নিয়ে সল্ট লেকে ব্যবস্থা করতে গেলে আপনাদের যা করা দরকার তা আপনারা করতে পারছেন না। সুতরাং বেআইনি বাড়ি ভাঙ্গার ক্ষেত্রে—*যে যে প্রান্তেই হোক, যে এলাকায়ই* হোক আপনাকে দৃঢ় উদ্যোগ নিতে হবে এবং যথেষ্ট সাহসের সঙ্গে কাজে নামতে হবে।

আপনার উদ্যোগে সমস্ত কাজকর্ম চলছে বলে মুখ্যমন্ত্রী আপনাকে বাহবা দিয়েছেন। কিন্তু আমি স্পষ্টভাবে বলতে চাই আপনার কাজে আমরা খুশি নই।

এরপরে আমি কলকাতার পার্কগুলোর প্রসঙ্গে আসছি। মুখ্যমন্ত্রী মাঝে বলেছিলেন কলকাতার অনেক পার্ক ক্রিমিনালদের স্বর্গ-রাজ্য হয়ে গেছে। সন্ধ্যার পর অনেক পার্কে অসাধু কাজকর্ম হয়, সাট্টার প্যাড লেখা হয়, নানা রকম দুষ্কর্ম হয়। ১৪টি পার্ককে পরিচালনার দায়িত্ব আপনারা প্রাইভেট কনসার্নদের দিতে উদ্যোগী হয়েছেন। আমি আপনাকে বলব এবিষয়ে একটা কমপ্রিহেনসিভ পরিকল্পনা করতে হবে। আপনি ১৪টি পার্কের কথা বলেছেন কিন্তু শুধু ১৪টি পার্কই নয়, কলকাতায় যতগুলি ভাল ভাল পার্ক আছে সবগুলোর মেনটিনান্সের ব্যবস্থা করতে হবে। কারণ কলকাতার সবুজ নষ্ট হয়ে যাচ্ছে পার্কের সংখ্যা কমে যাচ্ছে। যাতে মানুষ একটু খোলামেলা জায়গায় বিচরণ করতে পারে, একটু রিলিফ পেতে পারে সে জন্য আপনাকে দায়িত্ব নিতে হবে। এই কলকাতার পার্শ্ববর্তী এলাকায় ডি সি এল-কে আপনারা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার করার জন্য ২৪০ একর জমি দিলেন বলে একটা সংবাদ আমরা সংবাদপত্রের মাধ্যমে দেখলাম। আমরা জানতাম ওয়ার্ল্ড ট্রেড সেন্টার হবার প্রস্তাব ছিল। তার সর্বশেষ পরিস্থিতি কি তা আমরা রাজ্য সরকারের কাছে জানতে চাইছি। সত্যিই ট্রেড সেন্টারের পরিকল্পনা গৃহীত হয়েছে কিনা, তার জন্য ওদের আপনারা জমি দিচ্ছেন কিনা, তা আপনি আমাদের জানাবেন।

এরপর আমি বলব যে, আমাদের কলকাতা শহরে পাঁচতলার ওপর বাড়ি আছে প্রায় তিন হাজারের কাছাকাছি। এই তিন হাজার বাড়ির মধ্যে অধিকাংশ বাড়িতেই অগ্নি প্রতিরোধের কোনও ব্যবস্থা নেই এবং এর জন্য কোনও থরো ইনভেস্টিগেশন বা সার্ভেরও ব্যবস্থা নেই। আজকে ২৬ নং ডিমান্ডও আমাদের আলোচনার মধ্যে আছে। সেই কারণেই আমি রাজ্য সরকারের কাছে বলতে চাই কলকাতা শহর এবং হাওড়া শহর জতুগৃহ হয়ে আছে—টাওয়ারিং ইনফারনো। হাই ড্রেনের নিচে কোথাও জল নেই। বিভিন্ন সময়ে আমরা দেখেছি জলের অভাবে মারাত্মক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। এর আগে আমি একবার বলেছিলাম আপনাদের প্রয়োজনের তুলনায় ফায়ার ফাইটিং ইকুইপমেন্টের অভাব আছে। এখানে লেটেস্ট সোফিসটিকেটেড ইকুইপমেন্টের দরকার। জাপান থেকে একবার কিছু জিনিসপত্র আনা হয়েছিল। আমরা এবিষয়ে অভিযোগ করার সময় আপনি বলেছিলেন ৯ কোটি টাকার কাস্টম ডিউটি গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে দিতে হয়েছে। আমি নিজে এবিষয়ে অসন্তোষ প্রকাশ করে জানতে চেয়েছিলাম যে, সত্যিই আপনার দপ্তর থেকে কেন্দ্রীয় সরকারের কাছে ফায়ার ফাইটিং ইকুইপমেন্টের জন্য ডিউটি দিতে হয়েছিল কিনা? আমার ধারণা সে সম্পর্কে কোনও স্পষ্ট কথা আমরা আপনার দপ্তর থেকে এখনও শুনি নি।

আপনার কাছে আরও একটা গুরুত্বপূর্ণ বিষয় আমি উত্থাপন করতে চাই। ইতিপূর্বে বার বার এটা এখানে উত্থাপন করা হয়েছে—বুদ্ধদেববাবুর কাছে বার বার এই প্রশ্ন করা হয়েছে, ফলে ব্যাপারটা পুরানো হয়ে গেছে। তথাপি আমি তা একবার আপনার কাছে উত্থাপন করছি। বিষয়টা হচ্ছে— কলকাতার বাজারগুলি নিউ মার্কেট, লেক মার্টেট, ল্যান্সডাউন মার্কেট ইত্যাদি বিভিন্ন বাজারগুলি আপনারা অত্যন্ত কম টাকায়, কন্ডিশনাল লিজের বিনিময়

অসাধু প্রোমোটারদের হাতে তুলে দিলেন। কাদের হাতে তুলে দিলেন? কাদের হাতে তুলে দিলেন সেই হিসাবটা বলি। আমি ৪টি বাজারের কথা বলব, যদিও এটা আপনার আসার আগের ব্যাপার। আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এস এস হগ মার্কেট কে এন ফতেপুরিয়া, ওম ফতেপুরিয়াকে মাত্র ১ কোটি টাকার বিনিময়ে লিজ এই নিউ মার্কেটকে রি-কনস্টিটিউট করবার জন্য দায়িত্ব দিয়ে দেওয়া হয়েছিল এবং তার টেন্ডার পর্যন্ত ফ্লাউট করা হয়নি প্রকাশ্য সংবাদপত্রে। কেবল কয়েকটি ছোট ছোট সংবাদপত্রে করা হয়েছিল, নিউ মার্কেট, এস এস হগ্ মার্কেট নিয়ে এইভাবে করাপশন করা হয়েছিল। আপনি শুনলে অবাক হবেন, এই হগ্ মার্কেটকে কাকে রি-কনস্টিটিউট করতে দেওয়া হয়েছিল জানেন? হ্যাপি হোমস অ্যান্ড হোটেল প্রাইভেট লিমিটেডকে-এর মালিক হচ্ছে কে এন ফতেপুরিয়া, ওম ফতেপুরিয়া। এইরকম একটা মার্কেটকে ১০৮ টাকা স্কোয়ার ফিটে দেওয়া হয়েছিল। ল্যান্সডাউন মার্কেটকে ৪৬ টাকা ৫০ পয়সায় এবং লেক-মার্কেটকে ১৭ টাকা ৫০ পয়সা পার স্কোয়ারফিট এবং নিউ আলিপুর মার্কেটকে ৮ টাকা ৭০ পয়সা পার স্কোয়ার ফিট দেওয়া হয়েছিল। এইভাবে পুরো ডিপার্টমেন্ট করাপশনের পীঠস্থানে পরিণত হয়েছিল। এই দপ্তর পৌরসভার, নগর উন্নয়নের নাগরিক জীবনের সুখ স্বাচ্ছন্দের দায়িত্বের প্রতি নজর সুষ্ঠুভাবে না দেওয়ায় সেই কারণে এই বাজেটকে সমর্থন করা যায় না। এইজন্য এই বাজেটের বিরোধিতা করে এবং আমাদের আনীত কাট মোশনকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[6-05 — 6-15 p.m.]

**শ্রী নির্মল মুখার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে মাননীয় মন্ত্রী তার ২৬ নম্বর, ৩৭ নম্বর এবং ৯০ নম্বর ডিমান্ডে যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদলের আনীত কাট মোশনের সম্পূর্ণ বিরোধিতা করছি। আমাদের বিরোধী দলের সদস্যারা তারা কেবল টাকা, অঙ্ক এবং ত্রুটি ইত্যাদি বিষয়ে সরব হোন, স্বায়ত্ত শাসন এবং নগর উন্নয়ন বলতে কি বোঝায় সে বিষয় সম্বন্ধে একেবারে কোনও আলোকপাত সভায় করেন না এবং করার মতোন মানসিকতার জায়গায় নেই। তার কারণ তাদের কৃতকর্ম যা এতদিন পর্যন্ত পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষের বিভিন্ন অঙ্গরাজ্যে করে এসেছেন সেই কারণে সম্ভবত এই সভায় সেই কথাগুলি বলতে লজ্জা বোধ করেন। আমি এই কথা বলতে চাই, স্বায়ত্ত শাসন গণতন্ত্রের প্রতি দায়বদ্ধতা এটা পরস্পর পরস্পরের পরিপূরক, একটা বাদ দিয়ে অপরটার কথা চিন্তা করা যায় না। সুতরাং স্বায়ত্ত শাসন ব্যবস্থা থাকবে, নির্বাচিত প্রতিষ্ঠান থাকবে না, গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীলতা থাকবে না সেই স্বায়ত্ত শাসন ব্যবস্থার কোনও মূল্য নেই, কোনও গুরুত্ব নেই। পশ্চিমবঙ্গে একটা সময়ে ওরা (কংগ্রেসিরা) ক্ষমতায় ছিলেন, অন্তত ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল অবধি বলা যায়। ক্ষমতায় আসবার পর যেভাবেই ওরা ক্ষমতায় আসুন না কেন সত্যি কথা বললে ওরা ক্ষুব্ধ হবেন ক্ষমতায় আসবার পর প্রথমে ওরা যে কাজটি করলেন সেটা হচ্ছে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের নির্বাচিত বোর্ডকে বাতিল করে দিলেন এবং পশ্চিমবঙ্গে আরও বহু মিউনিসিপ্যালিটির নির্বাচিত প্রতিষ্ঠানগুলিকে বাতিল করে সেখানে নিয়োগ করলেন। যতদিন আপনারা শাসন ক্ষমতায় ছিলেন ততদিন পর্যন্ত এই সমস্ত নির্বাচিত প্রতিষ্ঠানগুলিতে কোনও নির্বাচনের ব্যবস্থা করেননি। ভারতবর্ষের অন্যান্য অঙ্গ রাজ্যেও যেখানে কংগ্রেসের শাসন ব্যবস্থা চলেছে সেই সমস্ত

অঙ্গরাজ্যগুলিতেও একই অবস্থা সৃষ্টি করেছেন। গণতন্ত্র, স্বায়ত্ত শাসন, পৌর ব্যবস্থা, নগর উন্নয়ন এই ব্যাপারে কংগ্রেসিদের দৃষ্টিভঙ্গির সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির কোনও মিল হবে না। মাত্র মাস খানেক আগে পশ্চিমবঙ্গে নির্বাচন হয়ে গেল ১৭টি পৌরসভা এবং ২টি মিউনিসিপ্যালিটির। সেখানে কংগ্রেসিরা চরমভাবে আঘাত প্রাপ্ত হলেন। এই ঘটনার পূর্বে যা ঘটেছে তার মধ্যেও কিন্তু পশ্চিমবঙ্গে যে গণতন্ত্র বিরাজ করছে পরিপূর্ণভাবে সেটা প্রতিফলিত হয়েছে। যদি দুটি পৌরসভার নাম করি তার একটি হল বীরভূমের সাঁইথিয়া, আর একটি হচ্ছে ম্যালে। দুটি ছোট পৌরসভা, একটায় কংগ্রেস সব কয়টি আসনে এবং আর একটিতে বামপন্থীরা সব কয়টি আসনে জিতেছেন। আমরা যদি সেটিকে এইভাবে ধরি যে ম্যালেতে বামপন্থীরা জিততে পারলেন না, বা সাঁইথিয়ার রেজাল্ট অন্য রকম হত তাহলে ওরা বলতেন রিগিং করেছে। এবারে তা বলতে পারবেন না, পশ্চিমবঙ্গের মানুষ রাজনীতি সচেতন, বেশিরভাগ মানুষ বামপন্থীদের এবং দুর্ভাগ্যবশত কিছু কিছু জায়গায় মানুষ কংগ্রেসকে সমর্থন করলেও সাঁইথিয়ার মানুষ কংগ্রেসের চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে পশ্চিমবঙ্গে গণতান্ত্রিক অবস্থার কথা। আমি যে কথা বলতে চাই তা হল স্বাযত্ত শাসিত প্রতিষ্ঠানের ৩টি অঙ্গ আছে। একটি হচ্ছে গণতান্ত্রিক অবস্থা, দুই হচ্ছে পরিসেবা এবং ৩ হচ্ছে সেই প্রতিষ্ঠানগুলির সঙ্গে যুক্ত শ্রমিক কর্মচারী এবং প্রতিষ্ঠানের দায়বদ্ধতা। ৩টি বিষয় একত্রিত করে পৌরন্নয়ন এবং নগরায়ন বিষয়ের বিশ্লেষণ করতে হবে। তা যদি আমরা করি আমি বিরোধী দলের মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করব যে দায়বদ্ধতা কোন জায়গায়। মাননীয় কংগ্রেসি বন্ধুরা ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত দায়বদ্ধতা পালন করেছিলেন। এক নম্বর নজির আমি দিতে চাই ১৯৪৭ সালে সবে ব্রিটিশ চলে যাবার পর পশ্চিমবঙ্গে নোটিফায়েড এরিয়া ছিল মাত্র ৬৯টি, আর ১৯৭৭ সালে ৩০ বছরের ব্যবধানে পশ্চিমবঙ্গে কংগ্রেস পরিচালিত মাত্র ১৪টি মিউনিসিপ্যালিটি এবং নোটিফায়েড এরিয়া যুক্ত করতে পেরেছিলেন ৩০ বছরে। আর ১৯৭৭ সাল থেকে ১৯৯৪ সাল পর্যন্ত এই সাড়ে ১৭ বছরে পশ্চিমবঙ্গে মিউনিসিপ্যাল কর্পোরেশন নোটিফায়েড এরিয়ার সংখ্যা মোট ১২১টি। চিন্তা করে দেখুন গণতন্ত্রের প্রতি এবং স্বায়ত্ত শাসনের প্রতি শ্রদ্ধাশীলতার কোনও দৃষ্টান্ত কংগ্রেস ৩০ বছরে স্থাপন করেছেন।

[6-15 — 6-25 p.m.]

পশ্চিমবঙ্গে মাত্র ১৭ বছরে পরিপূর্ণ ভিন্ন মতাবলম্বী একটা অঙ্গ রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রতি মুহূর্তে অসহযোগিতাকে সম্বল করে সীমাবদ্ধতার মধ্যে নজির সৃষ্টি করতে পেরেছেন তার সঙ্গে এটা বলতে পারা যায় যে এই যে মিউনিসিপ্যালিটি নোটিফায়েড এরিয়া করা হচ্ছে কিনা, না করা হলে পশ্চাদগামী চিন্তা করতে হবে। পশ্চিমবঙ্গে পঞ্চায়েত ব্যবস্থা সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে দিয়ে যে কাজ হচ্ছে জনগণকে সাথে নিয়ে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গঞ্জ ভিত্তিক জেলাগুলির বিভিন্ন স্তরে গঞ্জভিত্তিক নগরায়ন হচ্ছে। পশ্চিমবঙ্গ সরকার নগরায়ন যুক্ত গঞ্জগুলিকে ধীরে ধীরে কোথাও নোটিফায়েড এরিয়া ধরে মিউনিসিপ্যালিটির রূপ দিয়ে প্রত্যক্ষভাবে যুক্ত করছেন। তার সঙ্গে ক্যালকাটা মিউনিসিপ্যাল কর্পোরেশনের যে আইন এখন পর্যন্ত ভারতবর্ষের কোনও কর্পোরেশনে যা হয় নি তার সঙ্গে আরও দুটি মিউনিসিপ্যাল কর্পোরেশন যুক্ত করতে অতি সম্প্রতি শিলিগুড়ি ও আসানসোল এবং আমি আশা করব এই রকম সংযুক্তি করণ করে মিউনিসিপ্যাল কর্পোরেশনের উপহার

দেবেন। আমি শেষ করছি ব্যয় বরাদ্দ সংক্রান্ত একটা উদাহরণ তুলে ধরার মধ্যে দিয়ে। ১৯৭৬-৭৭ ওরা পশ্চিমবঙ্গের মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের জন্য ব্যয় করতে পেরেছিলেন? ঐ বছর প্ল্যান এক্সপেন্ডিচার ছিল ২১ কোটি ৭৫ লক্ষ টাকা এবং নন প্ল্যানে ছিল ৬ কোটি টাকা, কিন্তু ১৯৮৯-৯০ সালে এই খাতে প্ল্যান এক্সপেন্ডিচারে ছিল ১৫ কোটি ৩৬ লক্ষ টাকা এবং নন-প্ল্যানে ছিল ১১৭ কোটি টাকা। কাজেই (সময় শেষ হয়ে যাবার কারণে মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পৌরমন্ত্রীর ব্যয় বরাদ্দ দাবির বিরোধিতা করে আমাদের দলের কাট মোশনকে সমর্থন করে দু একটি কথা বলছি। মাননীয় পৌরমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বলেছেন যে তিনি ৬০ বছরের পুরানো বঙ্গীয় পৌর আইন অর্থাৎ বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট ১৯৩২ এর খোল-নলচে পাল্টে 'ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট, ১৯৯৩' এনেছেন এবং তারজন্য তিনি কৃতিত্ব দাবি করেছেন। নিশ্চয়ই বিলটা আনার প্রয়োজন ছিল, কিন্তু এক্ষেত্রে আমি বলতে চাই, ৭৪তম সংবিধান সংশোধন এবং নগরপালিকা বিলকে সামনে রেখেই এটা করা হয়েছে। আমি মাননীয় মন্ত্রীর কাছ থেকে জানতে চাই, ঐ আইনের মধ্যে নতুন নতুন ধারা যা সংযোজিত করা হয়েছিল, তাকে সামনে রেখে গত ১৫ই মে কেন তাড়াতাড়ি ১৭টি পৌরসভা এবং দুটি কর্পোরেশনের নির্বাচন করা হল? এজন্যই কি করা হল, নগরপালিকা বিলের মধ্যে হলে রাজ্য সরকার সুবিধা করতে পারবেন না? এখানে কয়েকদিন আগে জিয়াগঞ্জ পৌরসভার উল্লেখ করে বলছিলেন যে, তারা নাকি টাকা অন্য খাতে ডাইভার্ট করেছেন। আমি দায়িত্ব নিয়ে বলছি, জিয়াগঞ্জ পৌরসভা সরকারের দেওয়া টাকা অন্য খাতে খরচ করেছেন, কিন্তু এমন একটি পৌরসভা দেখাতে পারবেন যে পৌরসভা সরকারি টাকা অন্য খাতে ডাইভার্ট করেননি? সকল পৌরসভাই তাদের দেওয়া সরকারি টাকা এবং নিজস্ব টাকা একই ফান্ডে জমা করেন। সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ড বিজ্ঞানভিত্তিক কাজ করছেন বলে উনি উল্লেখ করেছেন, কিন্তু আমি বলি, সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে দিয়ে কেন হোল্ডিং অ্যাসেট করা হবে? এর দ্বারা কি পৌরসভাগুলির ক্ষমতা কার্টেল করা হচ্ছে না? কারণ যখন সেন্ট্রাল গভর্নমেন্ট রাজ্য সরকারকে বলেছিলেন অকট্রয় তুলে দিন, টাকাটা অন্যভাবে পুষিয়ে দেব, তখন কিন্তু রাজ্য সরকারে ক্ষমতা কেড়ে নেওয়া হবে সেজন্য অকট্রয় তুলে দিতে রাজি হননি। তাহলে আজকে সেন্ট্রাল ভ্যালুয়েশন বোর্ডকে দিয়ে কেন হোল্ডিং অ্যাসেস করা হবে? আজকে প্রতিটি পৌরসভার ট্যাক্স অ্যাসেস করবার জন্য আলাদা সেকশন আছে, কর্মচারী আছেন। আজকে যখন পাওয়ার ডিসেন্ট্রালাইজেশনের কথা বলা হচ্ছে তখন পৌরসভাগুলির ক্ষমতা কেড়ে নেওয়া হচ্ছে কেন? আমি বলছি, পৌরসভাগুলির নিজস্ব আয়ের মধ্যে হোল্ডিং ট্যাক্স যেমন একটি তেমনি ট্রেড লাইসেন্স থেকেও তারা আয় করতে পারতেন।

কিন্তু সেখানে এই দপ্তর সেই ট্রেড লাইসেন্স থেকে আদায় করার ক্ষমতা পৌরসভাগুলি থেকে কেড়ে নেওয়া হয়েছে। এটা কেন হয়েছে? সেই জায়গায় একথা কি বলা যায় না যে রাজ্য সরকার পৌরসভাগুলি থেকে পাওয়ার কেড়ে নিয়ে কেন্দ্রীভূত করছেন? এটা কি বলা অন্যায় হবে যে ট্রেড লাইসেন্স থেকে যে আয় হত পৌরসভাকে পুনরায় সেই ক্ষমতা দেওয়া হোক। ৩৬টি পৌরসভাকে আই ডি এস এম টির আওতায় নেওয়া হয়েছে বলে মন্ত্রী মহাশয়

দাবি করেছেন। ইতিমধ্যে কতকগুলি পৌরসভা যে আই ডি এস এম টির কাজ শুরু করেছিল সেগুলি শেষ হয়েছে। আই ডি এস এম টির কাজ শেষ করতে এতদিন কেন লাগছে? ষষ্ঠ পঞ্চাবার্ষিকী পরিকল্পনা, সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে সমস্ত পৌরসভাগুলি নেওয়া হয়েছে, তার কারণ হচ্ছে ক্ষুদ্র, মাঝারি এবং ছোট পৌরসভাগুলির উন্নয়নের ব্যবস্থা করা। এতে ম্যাচিং গ্রান্ট কেন্দ্র এবং রাজ্য সরকারের ৫০ঃ৫০ দেবার কথা। কেন্দ্রীয় সরকার টাকা দিলেও রাজ্য সরকারের কাছ থেকে, আই ডি এস এম টির কাছ থেকে টাকা পাওয়া যাচ্ছে না। প্রতিটি পৌরসভায় আই ডি এস এম টির কাজ শুরু হলেও কোনও পৌরসভা আজ পর্যন্ত শেষ করতে পারেনি। আজকে বিভিন্ন পৌরসভার জন্য যে টাকা অ্যালটমেন্ট করা হচ্ছে, আমরা দেখছি যে যেখানে ১৯৯১ এর সেনসাস শেষ হয়েছে, সেখানে ১৯৮১ সালের সেনসাস-এর উপরে ভিত্তি করে পৌরসভাগুলিকে টাকা দেওয়া হচ্ছে। ১৯৯১ সালে যে সেনসাস করা হয়েছে তার ভিত্তিতে কোনও পৌরসভাকে টাকা অ্যালটমেন্ট করা হচ্ছে না। এর সঙ্গে সঙ্গে মন্ত্রী মহাশয়কে একথা বলব যে গ্রাম পঞ্চায়েতের অধীনে যে সমস্ত খাল, পুকুর ইত্যাদি আছে সেগুলি পঞ্চায়েতের হাতে তুলে দেওয়া হয়েছে। সেখানে পঞ্চায়েতও কোথাও মাছের চাষ করছে, আবার কোথাও সেগুলি লিজ দিয়ে রেভিনিউ আদায় করছে, আয় বাড়াচ্ছে। আমি সেজন্য মন্ত্রী মহাশয়ের কাছে এই প্রস্তাব রাখছি যে পৌরসভার এলাকাগুলিতে যে সমস্ত পুকুর, খানা, খন্দ আছে সেগুলি সেই পৌরসভাকে দিয়ে দেওয়া হোক। তাহলে সেই সমস্ত জায়গা থেকে তারা রেভিনিউ আদায় করতে পারবে এবং এতে তাদের আয়ও বৃদ্ধি পাবে। আর একটা কথা এখানে আমি বলতে চাই। সেটা হচ্ছে, সেকেন্ড ফিনান্স কমিশন যেটা নিযুক্ত করা হয়েছিল, সেই সেকেন্ড ফিনান্স কমিশনের রিপোর্ট বের হওয়া সত্ত্বেও সেটা গ্রহণ করা হয়েছে কিনা সেটা আমি বুঝতে পারছিনা। যদি গ্রহণ করে থাকেন তাহলে সেই কমিশনের যে সমস্ত রেকমেন্ডেশন আছে, পৌবসভার ক্ষেত্রে সেই রেকমেন্ডেশন অনুযায়ী কাজ করা হোক। অন্য দিকে হাডকো থেকে যে সমস্ত.........

(এই সময়ে ডেপুটি স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়)

[6-25 — 6-35 p.m.]

**শ্রী মহম্মদ ইয়াকুব :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আমি মাননীয় পৌরমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন, তাকে সমর্থন করে দু একটি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে, বিভিন্ন পৌর এলাকায় পানীয় জলের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে পরিকল্পনা নেওয়া হয়েছে। কিন্তু আমি একথা বলতে চাই, কলকাতা এলাকায় আমরা দেখতে পাচ্ছি যে টালা পাম্পিং স্টেশন থেকে ১৬০৯ মিলিয়ন গ্যালন, গার্ডেন রিচ থেকে ৩০ মিলিয়ন গ্যালন এবং রিগ টিউবওয়েল থেকে ৩০ মিলিয়ন গ্যালন জল সরবরাহ করা হচ্ছে কিন্তু আমরা লক্ষ্য করেছি গার্ডেনরিচে সি এম ডবলু এস এ যে পরিকল্পনা সেই অনুযায়ী যে কাজটা করেছে যেখানে ৬০ মিলিয়ন গ্যালন জল সরবরাহের দরকার সেখানে মাত্র ৩০ মিলিয়ন গ্যালন জল তারা দিচ্ছে। সেটার মধ্যে দেখা যায় বেহালা এবং অন্যান্য দক্ষিণ কলকাতা অ্যাডেড এলাকায় জলের চাপ কম। স্বাভাবিক ভাবে গার্ডেনরিচের একটা অংশে এবং খিদিরপুরে বোরো লাইন এলাকায় জলের অনেক অনেক বেশি অভাব দেখা দিয়েছে

মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই গার্ডেন রিচ এলাকায় পাম্পিং স্টেশনে জলের জন্য যে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট করা হয়েছে তা বেশির ভাগ সময় অকেজো হয়ে যাচ্ছে, পাম্প ডিফাংট হয়ে যাচ্ছে। এটা কিন্তু কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের উপর দায়িত্ব দেওয়া উচিত বলে মনে করি। টালিগঞ্জে ৫টি ওভারহেড রিজার্ভার করা হয়েছে যাতে গার্ডেন রিচের জলের সাপ্লাইটা রাতে রিজার্ভ করে রাখা হয়েছে যাতে অন্যান্য এলাকায় দিনের বেলায় জলের অসুবিধা না হয়। নানা ব্যবস্থা করা সত্ত্বেও লোক অ্যাপয়েন্টমেন্ট করা সত্ত্বেও, সরকারকে জানানো সত্ত্বেও হেল্ড আপ করে রাখা হচ্ছে। এই ব্যাপারে ইমিডিয়েট ব্যবস্থা করার দরকার আছে বলে আমি মনে করি। এছাড়া যে সমস্ত জায়গায় সি এম ডি এ বস্তি উন্নয়নের নামে, বিগ ডিপ টিউবওয়েলের নামে যে জি(আই) পাইপ হাফ ইঞ্চি, এক ইঞ্চি এবং দেড় ইঞ্চি বসানো হয়েছিল সেইগুলি দেখা যাচ্ছে ২০ বছর ১৫ বছর আগে এইগুলি লাগানো হয়েছিল সেইগুলি সমস্ত ড্যামেজ হয়ে গেছে, নষ্ট হয়ে গেছে। সেই লাইনগুলি চেঞ্জ করা দরকার।

(এই সময় লালবাতি জ্বলে ওঠে)

এইগুলির প্রতিটি বিষয়ে দৃষ্টি দেওয়া হোক, এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব। সাথে সাথে সোয়রেজ ড্রেনেজ সিস্টেমের ব্যাপারে দেখা দরকার। কলকাতা শহরে যে দীর্ঘ দিনের যে ব্রিক সোয়ার, পাইপ সোয়ার আছে তার অবস্থা খুব খারাপ, এই ব্যাপারে চিন্তা করা দরকার। বিশেষ করে গার্ডেন রিচ খিদিরপুর ইন্ডাস্ট্রিয়াল বেল্টের জল বালিগঞ্জ পাম্পিং স্টেশনে দেয়, তার অবস্থা খুব খারাপ এবং অত্যন্ত শোচনীয়। সেই জন্য সোয়ারেজ ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট করার একটা ব্যবস্থা করে ব্রড চ্যানেলে এই জল ফেলার ব্যবস্থা করা দরকার। আমার আরও কিছু বলা ছিল, কিন্তু সুযোগ কম। আপনি আমার সময় কমিয়ে দিয়েছেন, পৌরসভা সম্পর্কে বলার সুযোগ নেই। সেই জন্য বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, পৌর এবং নগর উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করেছেন আমি তার বিরোধিতা করছি এবং মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার যে কাট মোশন এনেছেন তার সমর্থনে দু-একটা কথা বলতে চাই। সর্বপ্রথমে আমি বলতে চাই কলকাতা কর্পোরেশনের প্রশাসনে যে দুর্নীতি সেটা আজকে প্রকট হয়ে দেখা দিয়েছে। কর্পোরেশনের যে দায়িত্ব সেই দায়িত্ব পালন করতে একেবারে ব্যর্থ হয়েছে। আমরা দেখতে পাচ্ছি কলকাতা কর্পোরেশনের অধীনে বিভিন্ন এলাকায় আজকে প্রোমোটাররা যেভাবে কাজ চালিয়ে যাচ্ছে, যেভাবে বড় বড় বাড়ি তৈরি করে ব্যবসা করছে তার মোকাবিলা করবার জন্য যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেই পরিকল্পনায় কর্পোরেশন সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। কর্পোরেশন এলাকায় পুলিশ এবং প্রশাসনের যোগসাজসে দেখতে পাচ্ছি বড় বড় বাড়ি তৈরি হচ্ছে। যে সমস্ত জলা জায়গা ছিল বা পুকুর ছিল সেগুলো ভরাট হয়ে যাচ্ছে। এখানে বিষয়টি বারে বারে উত্থাপিত হয়েছে, সংবাদপত্রেও উত্থাপিত হয়েছে। এখানে আইন রচনা করা হয়েছে যে জলাভূমিগুলোকে রক্ষা করা হবে। জলাভূমিগুলো বন্ধ হয়ে গেলে এখানে যেভাবে পরিবেশ নষ্ট হচ্ছে, পরিবেশ দূষণের হাত থেকে কলকাতাকে রক্ষা

করা যাবে না। সেজন্য বিধানসভায় আইন রচনা করা হয়েছে এবং পাসও হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে যে কর্পোরেশন এবং সরকারের ব্যর্থতার জন্য তা বন্ধ করা যাচ্ছে না। প্রশাসনের ব্যর্থতার জন্য প্রোমোটাররা এখানে বহুতল বাড়ি নির্মাণ করছে বেআইনি ভাবে এবং অনেক সময়ে সেগুলো ভেঙেও পড়ছে। অপরদিকে কর্পোরেশনের মানুষকে পানীয় জল সরবরাহের যে দায়িত্ব, জলের যে সঙ্কট তা তারা দূর করতে পারছেন না। কর্পোরেশন তার দায়িত্ব পালন করতে পারছে না। অনেকক্ষেত্রে দূষিত জল, বীজাণুযুক্ত জল দেওয়া হচ্ছে এবং বিভিন্ন জায়গায় তা ছড়িয়ে পড়ছে। কলেরা নিয়ে এখানে উল্লেখিত হয়েছে বহুবার। যে কলেরা এখান থেকে নির্মূল হয়ে গিয়েছিল তা আবার ছড়িয়ে পড়ছে এবং শহরের বিভিন্ন জায়গায় শত শথ মানুষ আক্রান্ত হচ্ছে। মানুষ যে কর্পোরেশনকে সমর্থন জানায়, তাদের পানীয় জল দেবার যে দায়িত্ব তা কর্পোরেশন সরবরাহ করতে পারছে না। সেইক্ষেত্রে আজকে তারা ব্যর্থ। কর্পোরেশন এবং সি এম ডি এ এলাকায় বস্তি উন্নয়নের জন্য বিশ্বব্যাঙ্ক এবং আই এম এফ থেকে যে লক্ষ লক্ষ টাকা দিয়েছে তার অপচয় হচ্ছে। কলকাতার বুকে বস্তি উন্নয়ন আজ পর্যন্ত সর্বত্র হয়নি। বস্তিগুলোতে পানীয় জল এবং অন্যান্য সুযোগ-সুবিধা যেমন, রাস্তাঘাট, লাইটের ব্যবস্থা করা, এগুলো করে সম্পূর্ণভাবে বস্তি উন্নয়ন করা সম্ভব হয়নি। অপরদিকে কলকাতা শহরের আশেপাশে যে পৌরসভাগুলি আছে, সেখানে লোকবসতি বেড়েছে। যারজন্য মেগাসিটি পরিকল্পনা যা নেওয়া হয়েছে আশাকরি মাননীয় অর্থমন্ত্রী এখানে মেগাসিটি পরিকল্পনা সম্বন্ধে বলবেন। সেখানে দেখা যাচ্ছে যে মন্ত্রী সভার অভ্যন্তরে এই পরিকল্পনার বিরোধিতা করা হয়েছে এবং তা সংবাদপত্রে প্রকাশিত হয়েছে। মন্ত্রী সভার সদস্য সুভাষ চক্রবর্তী বিরোধিতা করেছেন। এমনকি মাননীয় অর্থমন্ত্রী ক খ গ এইভাবে উল্লেখ করেছেন। দেখা যাচ্ছে একই দলের সদস্য, কেউ কেউ পার্লামেন্টের সদস্য তারা এগুলোর বিরোধিতা করছেন। এই মেগাসিটি পরিকল্পনাটা মন্ত্রী সভার যৌথ সিদ্ধান্ত কিনা এবং তা যদি হয় তাহলে মন্ত্রী সভার সদস্য এই মেগাসিটি পরিকল্পনার কি করে বিরোধিতা করছেন, এই কথা মাননীয় অর্থমন্ত্রী আজকে পরিষ্কার করে সভায় তার বক্তব্যে রাখবেন, যাতে এ সম্পর্কে যে বিভ্রান্তি সৃষ্টি হয়েছে তা দূর হতে পারে। এই কথা বলা আমাদের পক্ষ থেকে যে কাট মোশন আনা হয়েছে তা সমর্থন করে এবং এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-35 — 6-45 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় চেয়ারম্যান মহোদয়, রাজ্য সরকারের নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত এবং শ্রী অশোক ভট্টাচার্য মহাশয় ২৬, ৩৭ এবং ৯০ নম্বর দাবি উত্থাপন করে যে অনুমোদনের প্রস্তাব দিয়েছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। আমি বিরোধী দলের সদস্যের বক্তৃতা শুনছিলাম, বিশেষ করে বিশ্বব্যাঙ্কের উপর বক্তৃতা দিতে গিয়ে যা বলছিলেন যে, রাজ্য সরকার তাদের দেওয়া শর্তের কাছে আত্মসমর্পণ করেছে। কিন্তু বিষয়টি হচ্ছে তারা রাজ্য সরকারকে সরাসরি টাকা দেন না। বিশ্বব্যাঙ্কের থেকে যে সমস্ত ঋণ নেওয়া হচ্ছে সেই ঋণের ক্ষেত্রে যে সুদ সেই সুদের আসল যা আছে থাকল কিন্তু তার উপরে তস্য সুদ চাপিয়ে দেওয়া হচ্ছে। অর্থাৎ বিশ্বব্যাঙ্ক হচ্ছে সুদ খোর আর কেন্দ্রীয় সরকার তাতে সাহায্য করছে। এরফলে আজকে নগরসভ্যতা একটা প্রচন্ড সঙ্কটের

মধ্যে পড়েছে। আমরা যতুগৃহে বাস করছি, বারুদের স্তুপে বাস করছি। এখানে সাউন্ড পলিউশন, এয়ার পলিউশন, ওয়াটার পলিউশনের মধ্যে কাজ করতে হচ্ছে। এরই মধ্যে বামফ্রন্ট সরকার কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে পেরেছে। সম্প্রতি কিছু দিন আগে মিনি নির্বাচন হয়ে গেল। কংগ্রেসিরা সেখানে কিছু কিছু জায়গায় প্রতিনিধিত্ব করছেন। আজকে প্রত্যেকটি রাজ্যে নগর কেন্দ্রীক সভ্যতা গড়ে উঠেছে। আজকে কিছু পৌরসভাতে যে কংগ্রেসিরা শাসন করছেন তাতে তো সব হয়ে যাচ্ছে না। আজকে যে নগর কেন্দ্রীক সভ্যতা গড়ে তোলার চেষ্টা হচ্ছে তাতে যেন এই সভ্যতা নগর কেন্দ্রিক না হয়ে উঠে। মেগাসিটি বলতে আমরা যেটা বুঝেছি কলকাতা শহরতলীতে যাতে ভিড় না করে লোকে কলকাতা শহরতলীর পাশে ডঃ বিধান চন্দ্র রায় যেমন কল্যাণী করেছিলেন তেমনি এই মেগাসিটি প্রকল্পে মাধ্যমে কলকাতার আশেপাশে নগরায়ন গড়ে উঠে তারই চেষ্টা করা হবে। শুধু যাতে তাতেই তা সীমবদ্ধ না থাকে, তার উন্নয়নের পরশ কলকাতার আশেপাশে পৌরসভাগুলিতেও যেন পৌছায়। মানুষ যাতে আর কলকাতার উপর বেশি ভীড় না করে। কংগ্রেসিরা, মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা এরমধ্যে একটা পার্থক্য গড়ার চেষ্টা করছেন। আমি সেই কারণে আবেদন জানাব যে, এইক্ষেত্রে এমনভাবে যাতে নীতি নির্ধারণ করা হয় যে ছোট ছোট পৌরসভাগুলোও যাতে সুযোগ সুবিধা পায়। মানুষ যাতে পরিশ্রুতু পানীয় জল পায়, যাতে করে কলেরা, আন্ত্রিক না হয়। উপযুক্ত স্যানিটেশনের যাতে ব্যবস্থা হয়। মানুষ যাতে পাকা ড্রেন পায়, নগর জীবন যাতে নাকাল না হতে হয়। কলকাতা নগরী যখন হয়েছে তখন তো আনপ্ল্যান্ড ওয়েতে হয়েছে, যার ফলে ড্রেনেজ ব্যবস্থা একেবারে ভেঙ্গে পড়েছে। আমরা দেখছি সি এম ডি এ ক্যালকাটা কর্পোরেশন, পি এইচ ই, মেট্রোরেল কাজ করছে।

আমরা যখন ইরিগেশনের সাবজেক্ট কমিটির বৈঠক করেছিলাম তখন ড্রেনেজ সিস্টেম নিয়ে কলকাতাকে কেন্দ্র করে যে ড্রেনেজগুলো আছে সেগুলো যাতে পুনর্নির্মাণ হয়। যে সমস্ত রাজ্যে মেগাসিটি করার কথা বলা হয়েছে যেসব ড্রেনেজ সিস্টেম আছে সেগুলো দেখে কার্যকর করার কথা বলেছিলেন। আমি এই প্রসঙ্গে আবেদন করছি এই ব্যাপারে কো-অর্ডিনেশনের দরকার, উত্তরবাংলায় আলিপুর দুয়ারে অগ্নি নির্বাপক কেন্দ্রের কনস্ট্রাকশন চলছে। ধুপগুড়ি, তুফানগঞ্জে অগ্নি নির্বাপক কেন্দ্র করা হয়েছে। তেমনিভাবে জল নিকাশি ব্যবস্থাও করার দরকার। এছাড়া ওখানকার ছোট ছোট শহরগুলোতে উন্নয়নের দরকার এবং তারজন্য কিছু কিছু আর্নিংয়েরও ব্যবস্থা করা দরকার। বেশি করে যাতে অর্থ সংগ্রহ করা যায় তারজন্য ওয়েস্টার্ন ডুয়ার্স যে মার্কেট ফার্ম বেড়েছে তাতে বিভিন্ন পৌরসভাগুলোতে সেগুলোর সেটেলমেন্ট করে যাতে এর থেকে টাকা পয়সা পাওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। ওইসব ফার্ম থেকে টাকা পয়সা নিলে সেগুলো নগর পরিষেবার কাজে লাগবে এবং তাতে নাগরিক পরিষেবার শ্রী বৃদ্ধি পাবে এবং তাতেই সর্বদিক থেকে নগরায়ন সাফল্যমন্ডিত হবে। এইকথা বলে এই পৌরবিষয়ক বিভাগের দুই মন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে এখানে নগর উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রী ২৬/৩৭/৯০ নম্বর দাবির সমর্থনে যে প্রস্তাব এনেছেন তার বিরোধিতা করে আমাদের কাট মোশনগুলিকে সমর্থন করে আমার বক্তব্য রাখছি। কলকাতায় বিষয়গুলি নিয়ে

সুদীপবাবু বলেছেন, কলকাতার আজকে যেভাবে নাভিশ্বাস উঠেছে, সুয়ারেজ ব্যবস্থা ভেঙে পড়েছে, এখনও মানুষ বর্ষাকালে একগলা জল অতিক্রম করে চলছে এবং পানীয় জলের যে অবস্থা হয়েছে, পানীয় জলের যে ভয়বহরূপ আমরা দেখছি, ছোট বেলায় আমরা যে কথা শুনতাম, মানুষের যে কলেরা রোগ দীর্ঘদিন ছিল না, যে কলেরা চলে গিয়েছিল, সেই জিনিসটা আবার পানীয় জলের জন্য নতুন করে সৃষ্টি হয়েছে। আমরা দেখেছি, বেআইনি বাড়িগুলি প্রোমোটার দিয়ে তৈরি করানো হচ্ছে, বিভিন্ন বাজার, বিভিন্ন পার্ক নিয়ে আমাদের বন্ধুরা বলেছেন, আমি শুধু স্পেসিফিক কতকগুলি কথা বলতে চাচ্ছি, পার্ক প্লাজা ভিক্টোরিয়া প্লাজা, বর্ধন মার্কেট এখানে যেভাবে বেআইনিভাবে বাড়ি গড়ে উঠেছে সেটা ভেঙে দেওয়া উচিত। বুদ্ধদেববাবু সেটা স্বীকার করেছিলেন বেআইনিভাবে গড়ে উঠেছে, সেখানে মামলা করা হয়েছে ঠিকই কিন্তু সরকারের পক্ষ থেকে যেভাবে পদক্ষেপ নেওয়া উচিত সেইভাবে নেওয়া হয়নি। আমাদের নগরপালিকা বিল ২৭৪ তম সংবিধান সংশোধনী তার বলে আজকে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বিভিন্ন জায়গায় বলা হচ্ছে, আমরা তৃণমূলে ক্ষমতা পৌঁছে দিচ্ছি, আমাদের পৌরসভা বলুন, অথবা পঞ্চায়েত বলুন, সাংবিধানিক স্বীকৃতি দেওয়া দরকার এটা প্রথম ভেবেছিলাম রাজীব গান্ধী। রাজীব গান্ধী যখন নগর পালিকা বিল সংসদে আনলেন সেদিন কিন্তু আপনারা বিরোধিতা করেছিলেন। আমরা দেখলাম আজকে যখন সমস্ত রাজ্যে বিশেষ করে যেখানে রিজার্ভেশনের কথা বলা হয়েছে, মহিলাদের, তফসিলি জাতি উপজাতিদের ব্যাপারে আছে, অনেকে মায়াকান্না কাঁদেন, আপনারা কিন্তু সেই আইন প্রয়োগ করে যেখানে যে সুযোগ সুবিধার কথা বলা হয়েছে সেই সুযোগ সুবিধা দিতে পারেন নি। আমাদের পাশের রাজ্য উড়িষ্যা, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক সেখানে এই আইনগুলিকে মেনে নিয়ে নির্বাচনের ব্যবস্থা করতে পেরেছে, আজকে আপনারা এই আইনটাকে পাশ কাটাবার জন্য যেহেতু ১লা জুন থেকে এই আইনটা মেনে নিতে বাধ্য, সেইজন্য আগে ভাগে আপনার পৌরসভার নির্বাচনগুলি করে নিলেন, এটা এত তড়িঘড়ি করার দরকার ছিল না। গত বছরে ৯৩ সালে ১৫টি পৌরসভা এবং ২টি কর্পোরেশনের নির্বাচন হল, কিন্তু এত তড়িঘড়ি করার দরকার ছিল না। মহিলাদের ক্ষেত্রে যে সুযোগ সুবিধার কথা বলা হয়েছে সেটা নিশ্চিতভাবে দেওয়া যেত। যদি ১লা জুনের পরে আপনারা নির্বাচনটা করতেন। আইনে যেখানে বলা হয়েছে ইলেকটেড বডি ছাড়া চলবে না, আপনারা এখনও ১০টি নোটিফায়েড মনোনীত বোর্ড রেখে দিয়েছেন। ১লা জুন থেকে এটা ইমপ্লিমেন্ট করলেন অর্ডিন্যান্স জারি করলেন, সেইগুলিকে কেন আপনারা ভাঙছেন না, কেন সেখানে নির্বাচনের দিন আপনার ঘোষণা করছেন না। আপনারা আইনকে মানুন, আপনারা কেন আইনকে মানছেন না।

[6-45 — 6-55 p.m.]

আইনকে না মেনে জোর করে বসিয়ে রাখছেন। নগরপালিকা আইনের যে সব সুযোগ সুবিধা আছে সেই সব সুযোগ সুবিধা থেকে মানুষকে বঞ্চিত করবার কোনও অধিকার আপনাদের নেই। ৭৪টি পৌরসভা এবং কলকাতা কর্পোরেশন ও নোটিফায়েড এরিয়া অথরিটি যেসব আছে আপনারা ঘোষণা করুন তার নির্বাচন কবে করবেন। সেখানে গণতান্ত্রিক প্রথায় বা পদ্ধতিতে সুষ্ঠুভাবে নির্বাচন হলে তার রায় মানুষ নিশ্চয় মাথা পেতে নেবেন এবং আপনাদের সেই রায় মাথা পেতে নিতে হবে। কিন্তু তা না করে এক আপনারা পাশ কাটিয়ে

চলে যাচ্ছেন। এবারে আমি পৌরবিষয়ক যেসব ব্যাপারগুলি আছে সে সম্পর্কে কয়েকটি কথা বলব। পৌরসভাগুলি আজকে কিভাবে চলছে সে সম্পর্কে কয়েকটি কথা বলব। পৌরসভাগুলির ব্যাপারে আপনারা বলেছিলেন যে সেখানে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করবেন এবং পৌরসভাগুলির হাতে অধিক ক্ষমতা দেবেন। কিন্তু প্রকৃতপক্ষে দেখতে পাচ্ছি যে পৌরসভাগুলির ক্ষমতা আস্তে সঙ্কুচিত করা হচ্ছে। বিশেষ করে আমরা দেখতে পাচ্ছি যে আপনারা আপনাদের রাজনৈতিক প্রচারের জন্য হঠাৎ হঠাৎ করে নানান রকমের সব ঘোষণা করছেন। কিছুদিন আগে বললেন যে, সমস্ত রিটায়ার্ড স্টাফ আছেন তাদের জন্য আমরা পেনশন ঘোষণা করে দিলাম। সেখানে কিন্তু আপনি ফাইন্যান্সের ক্লিয়ারেন্স নিলেন না। হঠাৎ করে নিজেদের সংগঠনের সঙ্গে সভা করে বললেন যে ৩৭৫ টাকা করে পেনশন দেবেন। রাজ্য সরকারের পক্ষ থেকে কিন্তু পৌরসভাগুলিকে এরজন্য একটা পয়সাও দিচ্ছেন না অথচ এই টাকার বোঝাটা পৌরসভাগুলির ঘাড়ে চাপিয়ে দিলেন। হঠাৎ করে ঘোষণা করে দিলেন যে এটা মিনিমাম ৩৭৫ টাকা করে দিলাম কিন্তু তার টাকাটা দিলেন না। পূজা রিলিফ এবং এক্সগ্রাসিয়া বাবদ আপনারা ২০ পারসেন্ট দেন বাকি ৮০ পারসেন্ট পৌরসভাকে দিতে হয়। আপনারা মুখে বলছেন ক্ষমতার বিকেন্দ্রীকরণ করছেন কিন্তু আসলে ক্ষমতা সঙ্কুচিত করে দিচ্ছেন। তারপর আপনারা বলেন যে, যে কোনও দলেরই হোক না কেন যে সব পৌরসভার বিরুদ্ধে বেআইনি কাজের অভিযোগ আসবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। আমি খুব স্পেসিফিক একটা কেসের কথা বলছি। পশ্চিমবাংলার বিভিন্ন জায়গায় যে ব্যাপারটি নিয়ে আলোড়ন পড়ে গিয়েছে সেই পি এফের টাকা বাকি রাখার ব্যাপারে আমাদের কাছে ২৬টি পৌরসভার নামের তালিকা আছে যেটা আপনাকে বলতে পারি এবং সেখানে অন্তত ২ কোটি টাকা কর্মচারিদের কাছ থেকে কেটে নেওয়া হলেও সেই টাকা জমা পড়ে নি। সেই টাকা অন্য খাতে চলে গিয়েছে এইভাবে সেখানে টাকা ডাইভারশন হচ্ছে। আপনি দেখুন বারাসত পৌরসভার তিন লক্ষ টাকা বাকি, দক্ষিণ দমদমের ৩০ লক্ষ টাকা বাকি, কামারহাটি ১৫ লক্ষ বর্ধমানের ১০ লক্ষ, দুর্গাপুরের ১৪ লক্ষ, কোন্নগরের ১০ লক্ষ চন্দননগরের ১৫ লক্ষ টাকা জমা পড়ে নি। গত ১০-৬-৯৩ তারিখে রাইটার্স বিল্ডিং-এ আপনার উপস্থিতিতে পৌরকর্মচারিদের ফেডারেশনের যে সভা হল তাতে তারা বলেছিলেন যে কর্মচারী, যারা রিটায়ারমেন্টের পর টাকা পাচ্ছে না, সেই টাকা অন্য খাতে পৌরসভাগুলি ব্যয় করেছে এখন তারা যাবে কোথায়? তখন আপনি বিভাগীয় অফিসারদের ডেকে বললেন যে সেইসব পৌরসভার গ্রান্ট থেকে টাকা কেটে নেওয়া হবে। কিন্তু কোনও জায়গায় গ্রান্ট কমিয়েছেন কি? যেসব কর্মচারী তাদের প্রাপ্য পি এফের টাকা ঠিকমতোন পাচ্ছেন না তাদের মধ্যে কোন কোন কর্মচারী আত্মহত্যা পর্যন্ত করেছেন। আমরা এ বিষয়ে বার বার অভিযোগ করা সত্ত্বেও আপনি এ বিষয়ে কোনও ব্যবস্থা নিচ্ছে না। আমি আপনাকে তাই বলব, এ বিষয়টা আপনি ভালোভাবে দেখুন। তারপর যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে বলা হয় কৃষ্ণনগর, বহরমপুর পৌরসভাতেই নাকি শুধু এক্সেস স্টাফ, জব ওয়ার্কার নেওয়া হয়েছে এবং তারা টাকা ডাইভার্ট করছে। এই অভিযোগে আপনারা বহরমপুর পৌরসভাকে ভেঙ্গে পর্যন্ত দিয়েছেন কিন্তু সেখানকার মানুষের রায়ে কংগ্রেস আবার সেখানে ক্ষমতায় ফিরে এসেছে। কাজেই এই এক্সেস স্টাফ শুধু বহরমপুরেই নয়, ঐ বাঁশবেড়িয়া থেকে শুরু করে বিভিন্ন পৌরসভায় রয়েছে এবং তার একটা তালিকাও আমি দিতে পারি যাতে দেখবেন প্রতিটি জায়গায় জব ওয়ার্কার ব্যাপকভাবে

রয়েছে। কোনও ব্যবস্থাই হচ্ছে না, কারণ কি? শাসকদল ওখানে ক্ষমতাসীন, তাদের ওখানে বোর্ড আছে। কোথায় কত জন জব ওয়ার্কার আছে দেখুন—বাঁশবেড়িয়ায় ১০৫ জন, রিষড়ায় ২৯৩ জন, চন্দননগরে ১০৮ জন, বালিতে ২০০ জন, পানিহাটিতে ১২৮ জন, কামারহাটিতে ১৭৭ জন, বর্ধমানে ২০৬ জন, টিটাগড়ে ১৯৭ জন। এরকম একটা বিরাট তালিকা আমি এখানে পেশ করতে পারি। সব জায়গায় এই জিনিস চলছে, কিন্তু কোনও জায়গায়ই কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না, শাসকদলের গায়ে হাত পড়ছে না। অথচ প্রতিটি জায়গায় এইভাবে লোক নিয়োগের ফলে প্রতিটি জায়গায় আর্থিক অবস্থা ভেঙে পড়েছে, সমস্ত রকম ডেভেলপমেন্ট ওয়ার্ক বন্ধ হয়ে যাচ্ছে। প্রতিবার গ্রান্ট দেওয়া হচ্ছে। আমি গ্রান্ট দেওয়ার বিরুদ্ধে নই এবং যে কর্মচারিরা কাজ করছেন তাদেরও আমি বিরোধী নই। কিন্তু এ বিষয়ের একটা সঠিক নীতি তো গ্রহণ করতে হবে। আমরা জানি বেকার সমস্যা আছে, মানুষের চাকরির প্রয়োজন আছে। সে ক্ষেত্রে আমরা বিরোধিতা করছি না। কিন্তু একটা সুস্পষ্ট নীতি, একটা গাইড লাইনের মধ্যে দিয়ে সমস্যার সমাধানেক জন্য সচেষ্ট হতে হবে। আপনারা সে পথে যাচ্ছে না। আমরা বার বার বলছি একটা ইয়ারমার্কড করুন, তার মধ্যে দিয়ে কর্মচারিদের পারমানেন্ট করে নিন। একটা নির্দিষ্ট সময়সীমার পর আর কেউ যেন কোনও ক্যাজুয়াল ওয়ার্কার না নিতে পারে তার জন্য একটা সুস্পষ্ট নীতি ঘোষণা করুন। আমাদের বিভিন্ন পৌর কর্মচারী সংগঠনের পক্ষ থেকে—তার মধ্যে আমাদের সংগঠনও আছে—বলা হয়েছিল ১-১-৯২ তারিখকে সীমা নির্দিষ্ট করে তার পূর্বের সমস্ত কর্মচারিদের স্থায়ী করে নেওয়া হোক। কিন্তু আপনারা সে বিষয়ে কোনও ব্যবস্থা নেন নি। প্রত্যেক জায়গায় এই রকম ভাবে চলছে। কালিয়াগঞ্জের একটা মারাত্মক ঘটনার কথা আমি এখানে মন্ত্রীর কাছে বলতে চাই। গত নির্বাচনের আগে পর্যন্ত কালিয়াগঞ্জে বামপন্থীদের বোর্ড ছিল—সেখানে কিছু দিন আগে ১৯৯৪-৯৫ সালে বাজেট যখন পেশ হয় তখন দেখা যায় সেই বাজেটের মধ্যে কোথাও কোন টাকার অঙ্ক লেখা নেই। এ বিষয়ের আমি সমস্ত কাগজপত্র চেয়ারম্যানের মাধ্যমে মন্ত্রীর কাছে জমা দিতে চাই। অথচ নির্বাচনের আগে ১৬ লক্ষ টাকার একটা টেন্ডার দেওয়া হয়েছে। সেটা দেওয়া হয়েছিল নির্বাচনী বৈতরণী পার হবার জন্য। কিন্তু ওখানে নির্বাচনে বামপন্থীরা পরাজিত হয়েছে এবং কংগ্রেস জয়লাভ করেছে। নির্বাচনের পর আমরা কি দেখলাম? ওখানে যত এক্সেস স্টাফ ছিল—১৫ তারিখ নির্বাচন হল, ১৫ তারিখের ১০ দিন পরে ২৫ তারিখে—তাদের সবাইকে স্কেল অফ পে দিয়ে দেওয়া হল। এইভাবে সব জায়গায় কাজ চলছে।

পরিশেষে আমি যেটা বলছি সেটা হচ্ছে, আজকে পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় মেগাসিটি প্রকল্প নিয়ে কথা উঠছে। কেন্দ্রীয় সরকার ৪০০ কোটি টাকা, রাজ্য সরকার ৪০০ কোটি টাকা এবং বাকি ৮০০ কোটি টাকা আর্থিক সংস্থাগুলির কাছ থেকে ঋণ নিয়ে এই প্রকল্প রূপায়িত করার কথা আমরা শুনছি। কিন্তু প্রকৃত বিষয় সম্বন্ধে আমরা সম্পূর্ণ অন্ধকারে রয়েছি। আপনাদের নিজেদের দলের মধ্যেও এ ব্যাপারে বিতর্ক রয়েছে। এখানে ঐ পরিকল্পনার কথা বিস্তারিতভাবে বলা হয় নি। কোন আর্থিক সংস্থার কাছ থেকে ঋণ নেওয়া হবে সেটা অন্তত আমাদের একটু বলবেন। এই কথা বলে যে ব্যয় বরাদ্দের দাবি আজকে এখানে পেশ করা হয়েছে তার বিরোধিতা করে, আমাদের কাটমোশানের সমর্থনে আমার বক্তব্য শেষ করছি।

[6-55 — 7-05 p.m.]

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় নগর উন্নয়ন এবং মিউনিসিপ্যাল দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীদ্বয় যে বাজেট পেশ করেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী দলের আনীত যে সমস্ত কাট মোশনগুলি এসেছে তার বিরোধিতা করছি। আমরা সকলেই জানি, কংগ্রেস আমলে মিউনিসিপ্যালিটি বলে নামেই ছিল, কিন্তু কোনও কাম ছিলনা। মিউনিসিপ্যালিটির সমস্ত টাকা পাবার জন্য তারা রাইটার্স বিল্ডিংস-এ এসে বসে থাকত, কিন্তু টাকা পেত না। ওদের আমলে নাগরিকদের জন্য কোনও সুবিধা ছিল না। সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিতে দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছিল। হরিজনদের মাসিক বেতন দেওয়া হত না যারজন্য হরিজনরা প্রায়ই ধর্মঘট করত। এরফলে শহর জঞ্জালে এবং মলে ভর্তি হয়ে যেত। কর্মচারিরা সামান্য বেতন পেত, তাও সময়মতো পেত না। এছাড়া নাগরিকদের কোনও সুবিধা ছিল না। কিন্তু বামফ্রন্ট সরকার আসবার পর স্বায়ত্তশাসনের অধিকার দেওয়া হল সমস্ত মিউনিসিপ্যালিটিগুলিকে। এখন তারা স্বাধীন। মিউনিসিপ্যালিটির জন্য টাকা পেতে আর রাইটার্স বিল্ডিংস-এ তাদের আসতে হয় না। মেদিনীপুর মিউনিসিপ্যালিটি কংগ্রেসের, কিন্তু তাদের প্রতি কোনও বিরূপ আচরণ বামফ্রন্ট সরকার করেনি। তাদের যে সাহায্য, যে টাকা পাওয়া দরকার তারা সেটা পাচ্ছে। কিন্তু দেখা যাচ্ছে, এইসব কংগ্রেসের মিউনিসিপ্যালিটিগুলিতে হঠাৎ করে অনেকগুলি ক্যাজুয়াল কর্মী নেওয়ার জন্য আর্থিক অসুবিধার মধ্যে পড়ছে। কারণ এত টাকা তারা দিতে পারছে না। কংগ্রেসের বোর্ড যেখানে আছে তারাই এইসব করছে। সমস্ত মিউনিসিপ্যালিটির প্রধান কাজ হচ্ছে জল প্রকল্প পানীয় জল যাতে ভাল দেওয়া যায় তার ব্যবস্থা করা, রাস্তা এবং ড্রেন। এই ৩টি কাজ করতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, মেদিনীপুর মিউনিসিপ্যালিটিতে ১৯২৪ সালে জল প্রকল্প হয়েছিল, তারপরে আর হয়নি। আমি আপনাকে বলেছি। আপনি চেষ্টা করছেন যত তাড়াতাড়ি হয়। ওখানে ড্রেন এবং রাস্তায় জন্য মিউনিসিপ্যালিটির টাকার দরকার। আপাতত ওখানে কয়েকটি টিউবওয়েল দরকার যাতে পানীয় জল সাধারণ মানুষকে দেওয়া যায়। মেদিনীপুরে এই অবস্থাটা গুরুত্ব সহকারে দেখবেন। মেদিনীপুর জেলা হচ্ছে স্বাধীনতার পীঠস্থান। বলা যায়, অবহেলিত অবস্থায় পড়ে আছে, এর পরিবর্তন হওয়া দরকার। এই কথা বলে বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী তুলসী ভট্টরাই ঃ** মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমাদের সরকার পক্ষের মন্ত্রীদ্বয় যে ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন অমি তাকে সর্বোতভাবে সমর্থন করি এবং বিরোধী পক্ষের আনীত কাট মোশনের বিরোধিতা করে দু-চারটি কথা বলতে চাই। আমার পূর্ববর্তী বক্তা বললেন, মে মাসে কেন নির্বাচন হল, জুন মাসে কেন হল না? নির্বাচন ঘোষণা হলে কংগ্রেসের গায়ে কেন এত জ্বালা ধরে তা আমি বুঝি না। মে মাসে নির্বাচন হলে যারা ভোট দেবেন, জুন মাসে নির্বাচন হলে তারাই ভোট দেবেন। সুতরাং কিসের এত অসুবিধা তা আমি বুঝি না। আপনারা দেখেছেন, নির্বাচনে কংগ্রেসের কি অবস্থা হল? কংগ্রেসিরা কিভাবে পরাজিত হলেন? ১-২টি মিউনিসিপ্যালিটি ছাড়া মানুষ আপনাদের দিকে ফিরে তাকায়নি। সবকটি মিউনিসিপ্যালিটিতে মানুষ আপনাদের বিরুদ্ধে ভোট দিয়েছেন। শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনের ক্ষেত্রে আপনারা বলছেন আমরা নাকি সন্ত্রাস করে জিতেছি। আপনারা নিজেরা

নিজেদের খুন করলেন। ওখানে ২টি সিটের বেশি আপনারা পেতেন না, সেই জায়গায় অনেকগুলি সিট পেয়ে গেছেন। ভোটের দিন আপনারা কি করলেন? নির্বাচনের দিন সকালে মাইকে করে ঘোষণা করলেন আমাদের প্রার্থী খুন হয়েছে। তাসত্ত্বেও দেখা গেল আমরা ৫০ থেকে ৫৫ শতাংশ ভোট পেয়ে জিতেছি। শুধু শিলিগুড়ি পৌর নিগম নয়, সর্বত্র আমরা জয়লাভ করেছি। আপনাদের প্রার্থী খুন হয়েছে। কেন খুন হল, কারা খুন করল? যে খুন করেছে তার বাবা সভায় প্রিসাইড করেছেন। আপনাদের নেতা প্রিয়রঞ্জন দাসমুন্সির সভায় তিনি প্রিসাইড করে বসে আছেন। যে ছবি বেরিয়েছিল, বসুমতী যা বার করেছিল আপনাদের প্রেসিডেন্ট কি করতেন সে সবগুলি যদি বলি তাহলে একটা মহাভারত হয়ে যাবে। আর একটা মহাভারত লিখতে হবে। কাউকে দোষ দেবার আগে নিজেদের দিকে তাকিয়ে দেখুন, তাহলে ভাল হবে। আপনারা বললেন আই ডি এস এম টি কে অনুদান দিচ্ছে, ওটা অনুদান নয়, ঋণ হিসাবে দিচ্ছে, তার মধ্যে দিয়ে বিভিন্ন শহরগুলির উন্নয়নের দিকে তাকিয়ে ঐগুলি পিছিয়ে পড়া শহর, ঐ এলাকা পিছিয়ে পড়া এলাকা, ঐ এলাকার পিছিয়ে পড়া মানুষকে এগিয়ে নিয়ে যাবার মতো মিউনিসিপ্যালিটি এবং বোর্ড গঠন করছে। আপনারা যেখানে আছেন সেখানে তাকিয়ে দেখুন, এ আই সি সি-র মিটিংয়ে আপনাদের প্রেসিডেন্টকে বলতে হচ্ছে ৬ মাসের মধ্যে নির্বাচন কর। আমাদের এখানে নির্বাচন হচ্ছে কিছুদিন আগে গ্রামে যেভাবে পঞ্চায়েত প্রতিষ্ঠা করা হয়েছে শহর এলাকায় সেভাবে প্রতিষ্ঠা করছে এবং সম্প্রসারণ করছে। অন্ধ্রে এবং মহারাষ্ট্রে গতকাল কর্পোরেশনে নির্বাচন হয়েছে সেগুলি তাকিয়ে দেখতে হবে। আপনারা পারবেন ৬ মাসের মধ্যে নির্বাচন করতে? সেখানেই নির্বাচন হচ্ছে, সেখানেই পরাজিত হচ্ছেন, সেগুলি দেখে আপনাদের আগামী দিনের জন্য ভাবনা চিন্তা করে কাজ করতে হবে, তাহলে ভাল হবে। আমরা বামফ্রন্ট সরকার আসার পরে ৩৫টি মিউনিসিপ্যালিটি করেছি। আপনাদের সময়ে কি ছিল? কলকাতা, শহর কেন্দ্রিক উন্নয়ন ছিল, তখন গ্রামের লোক শহরে চলে আসত, এখন বিভিন্ন জায়গায় শহর গড়ে উঠছে, ৩৫টি মিউনিসিপ্যালিটি করেছি, ৩টি কর্পোরেশন করেছি। এখন মানুষকে কলকাতা শহরের দিকে ছুটতে হবে না, নিজের নিজের শহরে যারা আছেন, সেখানে আপনাদের দায়িত্ব আছে, আপনাদের পার্টিই কেন্দ্রীয় সরকার চালাচ্ছেন। নতুন কর্পোরেশনগুলির তারাই দায়িত্ব নেবেন। মেগাসিটি প্রকল্প গুলির কথা বলা হল, ক্যালকাটা মেগাসিটির জন্য ১১১৫ কোটি টাকা প্ল্যানিং কমিশনে পাঠানো হয়েছে সেটাকে নিয়ে চিন্তা করবেন। কর্পোরেশনের নির্বাচনের পর পশ্চিমবঙ্গের উন্নয়ন নিয়ে ভাবনা চিন্তা করুন। আপনাদের কাছে অনুরোধ করে হাউসে আর একটা কথা বলছি, দুটি কর্পোরেশন কিছুদিন আগে হয়েছে, আমাদের রাজ্যে দ্বিতীয় মিউনিসিপ্যালিটি ছিল দার্জিলিং মিউনিসিপ্যালিটি, প্রথমে কলকাতা তারপর দার্জিলিং, এটাকে কর্পোরেশন করা যায় কিনা ডেভেলপমেন্ট এজেন্সি দার্জিলিং এলাকার উন্নয়ন করা যাবে কিনা এই চিন্তা করার কথা বলে মাননীয় মন্ত্রীকে অনুরোধ জানিয়ে ব্যয় বরাদ্দকে সমর্থন করে কাট মোশনের বিরোধী করে আমার বক্তব্য শেষ করছি।

[7-05 — 7-15 p.m.]

**শ্রী সৌগত রায় :** স্যার, পৌর নগর উন্নয়ন মন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন তার বিরোধিতা করে আমাদের কাট মোশনের সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখছি। সময়

খুব কম, অমি প্রথমে যেটা বলব মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় হাউসে সেটা পেশ করেছেন। পৌরসভা এলাকায় ৫ কাঠার পুকুর বোজানো যাবে না, পৌরসভায় সাড়ে বাইশ কাঠা পুকুর বোজানোর অনুমতি দিচ্ছেন কিভাবে সেটা মাননীয় সুদীপবাবু বলেছেন। আমি এ প্রসঙ্গে মাননীয় অসীমবাবুর কাছে উল্লেখ করতে চাই পৌরসভায় একদিকে আইন পাস হয়েছে পাশাপাশি সাড়ে বাইশ কাঠা পুকুর বোজানোর অনুমতি দিচ্ছেন। ঢাকুরিয়া তেলিপাড়া লেন, সেখানে পুকুর বুজিয়ে আনঅথরাইজড কনস্ট্রাকশন হচ্ছিল। স্থানীয় লোকেরা বাধা দিচ্ছে। সেখনে বাধা দেবার ফলে কনস্ট্রাকশন বন্ধ হয়েছে, কিন্তু তিন বছর ধরে অনুরোধ করা সত্ত্বেও এখনও পর্যন্ত তেলিপাড়া লেনের বাড়িটা ভাঙ্গা হয়নি। পুকুর বুজিয়ে সেখানে বড় বাড়ি করতে যাওয়ায় পাশের দুটি বাড়ি ধসে গেছে। আমি আশা করি, এ ব্যাপারে মন্ত্রী বিবৃতি দেবেন। সি এম ডি এ কে যে মেগাসিটি প্রকল্পের ব্যাপারে বাইপাশ করা হয়েছে সেটা সুদীপবাবু আগেও বলেছেন। এই হাউসে আমি বলতে চাই, মেগাসিটি প্রকল্পকে রাজ্য যোজনা পর্যদ এবং রাজ্য মন্ত্রী সভা এখনও পাস করেননি। যদি পাশ করতেন তাহলে সুভাষবাবু, যিনি আপনাদের দলেরই একজন মন্ত্রী, তিনি মেগাসিটি প্রকল্প কি হবে না—এটা বলতেন না। আপনি তার উত্তরও দেননি। কেন আপনাদের পার্টি' থেকে এটা ক্ল্যারিফিকেশন হবে না যে, সি পি এম পার্টি অ্যাজ এ হোল একে সমর্থন করে কিনা, বামফ্রন্ট সরকার অ্যাজ এ হোল সমর্থন করেন কিনা? তা নাহলে এ-ব্যাপারে ধোঁয়াশা থেকে যাবে। সমবায় ব্যাঙ্ক থেকে আপনারা ২০০ কোটি টাকা ধার করেছেন এবং গত সেপ্টেম্বরে দায়িত্ব নেবার পর ৩২ কোটি টাকার বন্ড সংগ্রহ করেছেন, অথচ এবছর মেগাসিটির প্ল্যান হচ্ছে ২০ কোটি টাকা। তাহলে এত কোটি টাকা কেন ধার নিয়েছেন? এই ৩২ কোটি টাকার বন্ড কেন সংগ্রহ করেছেন এটা আমরা জানতে চাই। আমি বলতে চাই, সি এম ডি এ সহ অন্যান্য উন্নয়ন সংস্থাকে এড়িয়ে যাওয়া হচ্ছে। এরফলে ঐসব সংস্থার কর্মচারিরা পদোন্নতির সুযোগ হারাচ্ছেন। এ ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সি আই টি-র ফিক্সড ডিপোজিটের ৪০ কোটি টাকা ভেঙ্গে ফেলা হয়েছে, সি এম ড্রি এ-র পি এফের ৪৫ লক্ষ টাকার কোনও হদিস নেই, সি এম ডি এ এবং সি এম ডব্লু এস এ-র ৬ কোটি টাকার কোনও হিসেব নেই। এ ব্যাপারেও মন্ত্রী বিবৃতি দাবি করছি। সি আই টি, এইচ আই টি, সি এম ডি এ, সি এম ডব্লু এস এ—এসব সংস্থায় এখনও পর্যন্ত থার্ড পে কমিশনের সুপারিশ পুরোপুরি কার্যকর হয়নি কেন সেটা স্পষ্টভাবে জানতে চাই। অশোকবাবুর কাছে স্পেসিফিক প্রশ্ন, আপনারা এর আগে যে পৌরসভার নির্বাচন করলেন তাতে নগরপালিকা বিলকে এড়িয়ে গিয়ে সেখানে রিজার্ভেশনের সুযোগ রাখেননি এবং সেখানে রিজার্ভেশনের সুযোগ যা রেখেছেন সেটা পৌরসভাগুলির ক্ষেত্রে আর্বিট্রারিলি করেছেন। আমি জানতে চাই, কলকাতা পৌর কর্পোরেশনের নির্বাচন কবে করবেন? সেখানে মহিলা এবং শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইবদের জন্য রিজার্ভেশনই বা কোন বেসিসে করবেন। আপনারা যে সিটে পারবেন না সেই সিট হয়ত মহিলাদের জন্য রিজার্ভ করে দেবেন। এখানে মহ ইয়াকুব একজন কমিশনার, আর একজন রয়েছেন নির্মল মুখার্জি মহাশয়, ওদের সিটগুলি যদি আর্বিট্রারিলি মহিলাদের জন্য রিজার্ভ করে দেওয়া হয় তাহলে তো ওরা আর আসতে পারবেন না! তাই জানতে চাই, কলকাতায় কোনও প্রিন্সিপ্যাল মেনে রিজার্ভেশনটা হবে। আপনারা পৌরসভার সিটের রিজার্ভেশন যা করছেন সেটা সম্পূর্ণভাবে আর্বিট্রারিলি পলেটিকাল কনসিডারেশনে

করছেন। আমি জানতে চাই, কি পলিসিতে মহেশতলা পৌরসভার এলাকা ঠিক করেছেন ; সোনারপুর, রাজপুর পৌরসভার এলাকাই বা কিসের বেসিসে ঠিক করেছেন কোন পলিসিতেই বা জলপাইগুড়ি জেলার এলাখা শিলিগুড়ি কর্পোরেশনের অন্তর্ভুক্ত করেছেন? আসলে কোনও পলিসিই আপনাদের নেই। সি পি এম জিতবে কিনা সেটা দেখেই এটা করছেন আপনারা। রাজপুর নিয়ে নির্বাচন হলে কংগ্রেস জিতত, সেজন্য সেখানে সোনারপুরের অংশ নিয়ে এসেছেন। আরবানাইজেশন প্রসেস করছেন বলছেন, কিন্তু খোলা ড্রেন থাকবে, পাইপে জল আসবে না, রাস্তায় আলো জ্বলবে না, মাথায় করে মল-মূত্র নিয়ে যাবে, আর আপনারা বলে দেবেন আরবানাইজেশন হয়ে গেছে, তাহলেই কি আরবানাইজেশন হয়ে যাবে? আপনাদের আরবানাইজেশনের প্রসেসটাই আর্বিট্রারি। আজ থেকে দশ-পরেনো বছর আগে কলকাতা পৌর কর্পোরেশনের নির্বাচন করতে গিয়ে কলকাতার মধ্যে বানতলা বলে এমন একটি জায়গাকে ঢুকিয়েছেন গিয়ে দেখে আসুন, সেখানে দিনের বেলাও শেয়াল ডাকে। সেখানে ১০৮ নং ওয়ার্ড করেছেন।

কোন নাগরিক সুবিধা আপনি পৌছাতে পেরেছেন? এই orbitrary ইনক্লুশনে যে বানতলা একটা ঘটনার জন্য বিখ্যাত, সেই বানতলার একটা গ্রামকে পৌরসভার মধ্যে অন্তর্ভুক্ত করে বলা হয়েছে যে কলকাতা পৌরসভা। কি বেসিসে কেন্দ্রে ১৪টি ওয়ার্ডকে দেওয়া হয়েছিল সেটা এখনও পর্যন্ত কেউ জানতে পারেনি। এই হচ্ছে বামফ্রন্ট আমলের বিশেষত্ব। আপনাদের কোনও নীতি কেউ বুঝতে পারে না। সেজন্য সমস্ত ব্যাপারে সমস্যা হয়। অসীমবাবু আপনি urbanisation সম্পর্কে বলেছেন। আপনি বলেছেন যে কলকাতা পৌরসভার কোর এরিয়ায় লোক কমে যাচ্ছে। কলকাতার আশে পাশে লোক বেড়ে যাচ্ছে। You are Correct। এটাইতো হিসাব। কিন্তু আপনি ভেবে দেখেছেন কি এটা কেন হচ্ছে? এর জন্য সম্পূর্ণ দায়ী আপনাদের বামফ্রন্ট সরকার। কলকাতা শহরের মধ্যে বাঙালিদের পুরানো বাড়ি ছিল, সেই বাড়িতে ভাড়াটে ছিল, তাদের জায়গায় অভাব হচ্ছিল। সেখানে টাকার থলি নিয়ে প্রোমোটাররা এসেছে এবং তাদের বলেছে যে, তোমরা এই বাড়ি আমাদের কাছে বেঁচে দাও। আমাদের কাছে বেঁচে দিয়ে গড়িয়াতে গিয়ে ফ্লাট কেনো। কলকাতার মধ্যস্থল থেকে, কালীঘাট থেকে, আলিপুর থেকে বাঙালি চলে যাচ্ছে সোনারপুরে, বারুইপুরে। আর কলকাতায় যাদের হাতে টাকার থলে আছে তারাই বাড়ি করছে। আপনারা ভেবে দেখেছেন যে কিভাবে প্রোমোটাররা এই পুরানো বাড়িগুলি নিয়ে নিচ্ছে? মধ্যবিত্ত বাঙালিদের কিভাবে রক্ষা করা যায় সেজন্য আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? আপনারা কোনও ব্যবস্থা নেন নি। কলকাতা শহরকে আজকে বাজোরিয়া, কানোরিয়া, কুন্দলিয়াদের হাতে তুলে দিয়েছেন। সাধারণ মধ্যবিত্ত বাঙালিরা আজকে প্রোমোটারদের হাতে শিকার হচ্ছে। আপনারা সল্ট লেকে বাড়ি করেছেন। মুখ্যমন্ত্রী সল্ট লেকে সরকারি বাড়িতে থাকেন। তার ছেলে বাড়ি করেছেন। আপনাদের মন্ত্রী সভার অর্দ্ধেকের সল্ট লেকে জমি হয়েছে, বাড়ি হয়েছে। সল্ট লেকে কি হচ্ছে সেটা সুদীপ উল্লেখ করেছে। সল্ট লেকে ৯৯ ইয়ার্স লিজে আই-ও-ইউ করে একটার পর একটা জমি হস্তান্তর করা হয়েছে। মধ্যবিত্ত বাঙালিদের জন্য যে নীতি ছিল, ডঃ রায় যে স্বপ্ন দেখে সল্ট লেকে তৈরি করেছিলেন, আজকে তা ধ্বংস হতে চলেছে। আমরা জানতে চাই, আপনি এই হাউসে লিস্ট প্লেসড করুন যে সল্ট লেকে কয়টা এইভাবে বে-আইনি ট্রান্সফার হয়েছে

এবং এই ব্যাপারে আপনি এখন পর্যন্ত কি ব্যবস্থা নিয়েছেন? আমরা বার বার আপনার কাছে জানতে চেয়েছি যে সল্ট লেকে সি এম-এর কোটায় কোন কোন রাজনীতিবিদ, কোন কোন এম এল এ, কোন কোন মন্ত্রী জমি নিয়েছেন, কিন্তু সেটা এখনও আপনি আমাদের জানান নি। এটা জানার আমাদের অধিকার আছে। আমরা সল্ট লেকের পাশে ঐ জলাভূমিতে আর একটা সল্ট লেক হওয়ার বিরোধী। আমরা মনে করি যে আপনারা ঐ জলাভূমি বুজিয়ে de-unbanisation করার চেষ্টা করছেন। আমরা সম্পূর্ণ ভাবে এর বিরোধী । আমরা মনে করি বামফ্রন্ট সরকার কোনও পোর এলাকায় উন্নয়ন বা উন্নয়নের জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করতে পারেনি। পৌরসভাগুলি চলে আই ডি এস এম টি, গঙ্গা অ্যাকশন প্ল্যান এবং নেহেরু রোজগার যোজনার টাকার। আর C.U.P-I & II এগুলি হচ্ছে পুরোপুরি ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা। আপনাদের প্ল্যান, এতদিন আপনারা মেগাসিটির কথা বলেছেন। ১১ শত ৫৮ কোটি টাকার পরিকল্পনার কথা বলেছেন। কিন্তু আপনি মেগাসিটিতে কি করতে চান তা পরিষ্কার বলতে পারছেন না। ১১ শত ৫৮ কোটি টাকার প্লান, সেই প্ল্যান আপনি কেন এতদিন হাউসে পেশ করতে পারেন নি? কতকগুলি ফিগার বললেই নগর উন্নয়ন করা হয় না। তাই, এই সরকার সামগ্রিক ভাবে নগরোন্নয়নে ব্যর্থ হয়েছেন, যেমন পানীয় জলের অভাবে কলকাতা শহরে গ্যাসট্রো এনটারটাইটিস ছড়িয়ে পড়েছে, এতদিন বাদেও গার্ডেন রিচ পাম্পিং স্টেশন ফেইলর হয়েছে। আপনাকে নতুন করে কলকাতায় ডিপ ডিউবওয়েল বসাতে হচ্ছে। নির্মলবাবু মেয়র ইন কনজার্ভেন্সি। কিন্তু কলকাতার জঞ্জাল পরিষ্কার হচ্ছে না। আমার বাড়ির সামনে একটা ময়লার ভ্যাট সরানোর জন্য দিনের পর দিন ওকে অনুরোধ করতে হয়। কাজেই এই ব্যয় বরাদ্দ সমর্থন করা, এতে ভোট দেবার কোনও প্রয়োজন আছে বলে আমি মনে করি না।, তাই আমাদের কাট মোশনকে সমর্থন করে, এই ব্যয় বরাদ্দকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[7-15 — 7-25 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি প্রথমে বিরোধী দলের আনার কাট মোশনের বিরোধিতা করে, বাজেটের সমর্থনে কয়েকটি কথা বলব। প্রথমত বিরোধী দলের পক্ষ থেকে আই ডি এস এম টি প্রকল্পের যে কথা বলেছেন, আমরা গত ষষ্ঠ, সপ্তম এবং চলতি অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ৩৫টি শহরকে অন্তর্ভুক্ত করেছিলাম এই প্রকল্পে জন্য এর মোট ব্যয় প্রায় ৩৬ কোটি টাকা। এখন পর্যন্ত ২২ কোটি টাকা খরচ করেছি এবং যে টাকা আমরা পৌরসভাগুলিকে দিয়েছি তার শতকরা ৯৮ শতাংশ অর্থ ব্যয় করা হয়েছে। বাকি কাজ চলছে। গত আর্থিক বছরে আমরা আরও ১২টি শহরকে আই ডি এস এম টি প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত করেছি। তার কাজও এগিয়ে চলেছে। আই ডি এস এম টি প্রকল্পের কাজ করতে গিয়ে কিছু সমস্যার সৃষ্টি হচ্ছে। বাজেটের যে টাকা আমরা দিয়ে থাকি বিভিন্ন পৌরসভাগুলিকে কিছু পৌরসভা এই টাকা ডাইভার্ট করেছে। কিছু পৌরসভায় জমি অধিগ্রহণের ক্ষেত্রে কিছু সমস্যা থাকার জন্য তাদের কাজ করতে গিয়ে কিছুটা দেরি হয়েছে। কিন্তু বাকি ক্ষেত্রে আই ডি এস এম টি প্রকল্পের যে অগ্রগতি সেই অগ্রগতি নিশ্চয়ই আশাব্যঞ্জক। আজিমগঞ্জ জিয়াগঞ্জ পৌরসভার ব্যাপারে এখানে উত্থাপন করা হয়েছে। কয়েক দিন আগে ৭ তারিখে প্রশ্ন উত্তরপর্বে আমি বলেছিলাম আজিমগঞ্জ ও জিয়াগঞ্জ পৌরসভার

সদস্যদের সাথে এবং কর্মচারিদের সাথে আলাপ আলোচনা করে যে সমস্যা আছে তার সমাধান কি ভাবে করা যায় তার চেষ্টা করব। এই আশ্বাস আমি এই হাউসে দিয়েছিলাম। গত ১২ তারিখে আমি বহরমপুর গিয়েছিলাম। সেখানে আলোচনা হয়েছে তাদের সঙ্গে। কর্মচারিরা ৪-৫ মাসের বেতন পাবেন। ৫ লক্ষ টাকা সেই পৌরসভাকে দেওয়া হয়েছে, বাকি কিছু টাকা তাদের হাতে আছে। আরও কিছু টাকা তারা কিছু দিনের মধ্যে পাবে। এই টাকা তাদের ৪-৫ মাসের বেতন দিয়ে দিলে কর্মচারিরা ধর্মঘট প্রত্যাহার করতে রাজি হয়েছে। এই পৌরসভাকে কাজ চালু করতে বলা হয়েছে। সুদীপবাবু আমাকে বলেছিলেন, আপনি তাদের সঙ্গে গিয়ে আলোচনা করুন, এখানে সমস্যার সমাধান হলে খুশি হব। আমি হাউসকে জানাতে পারি, আমি সেখানে গিয়েছিলাম এবং তাদের সঙ্গে আলোচনা করে সমস্যার সমাধান করতে পেরেছি। এখানে প্রশ্ন এসেছে নির্বাচন সম্পর্কে। বর্তমানে যে নির্বাচন হল এই নির্বাচন সহ আমি বলতে পারি আজকে পশ্চিমবাংলায় যে ১২১টি পৌরসভা, নোটিফায়েড এরিয়া অথরিটি এবং কর্পোরেশন আছে তার মধ্যে শুধু মাত্র তুফানগঞ্জ পৌরসভার একটা হাই কোর্টের আদেশের জন্য নির্বাচন হতে পারে নি, বাকি সমস্ত পৌরসভার নির্বাচন হয়ে গেছে। যে ১০টি নোটিফায়েড এরিয়া অথরিটি আছে এই ১০টি নোটিফায়েড এরিয়া অথরিটির, ১লা জুন যে নতুন আইন কার্যকর হচ্ছে তাতে করে আগামী ৬ মাসের মধ্যে ১০টি নোটিফায়েড অথরিটির নির্বাচন হওয়ার কথা। আমরা মনে করি নির্বাচনের দিনক্ষণ কিভাবে হবে তা সমস্ত কিছু নির্ধারিত হবে নির্বাচন কমিশনের সিদ্ধান্তের ভিত্তিতে রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে। এই নোটিফায়েড এরিয়ার মধ্যে কয়েকটিকে আমরা পৌরসভা করব। দুর্গাপুরকে আমরা কর্পোরেশন করব, এই সিদ্ধান্ত আমরা জানিয়েছি। আরও ইন্ডাস্ট্রিয়াল এলাকা যদি কোথাও থেকে থাকে তাকে আমরা সাংবিধানিক ভাবে ইন্ডাস্ট্রিয়াল এলাকা বলে ঘোষণা করব। ভারতবর্ষের কোনও রাজ্যে দেখাতে পারবেন একটা পৌরসভা বাদ দিয়ে একটা পৌরসভায় আমরা হাইকোর্টের রায়ের জন্য নির্বাচন করতে পারছি না—সমস্ত পৌরসভাগুলির নির্বাচিত বোর্ড হয়েছে? এই কাজ আমরা করতে পেরেছি। আবার এটা বলতে গিয়ে বলেছেন যে, মহিলাদের জন্য এক তৃতীয়াংশ সংরক্ষণ এবং এস টি-দের জন্য যে সংরক্ষণ আছে তাকে এড়িয়ে যাওয়ার জন্য এটা করা হয়েছে। তা নয়। ৭৩ তম বিধান সংশোধন হওয়ার আগে পশ্চিমবাংলায় এবং তৃতীয়াংশ আসন মহিলাদের জন্য সংরক্ষণ করা হয়েছিল এবং সেখানে কিন্তু তফসিলি জাতি এবং উপজাতিদের জন্য আসন সংরক্ষণের ব্যবস্থা হয়েছে। তখন কিন্তু ৭৩ তম সংবিধান সংশোধন হয় নি। আজকে সংবিধানে যেটা বলা হচ্ছে তা হল ৫ বছর অন্তর অন্তর নির্বাচন করা বাধ্যতামূলক। ভারতবর্ষ স্বাধীন হওয়ার ৪৭ বছর পরে এটা সংবিধানের অন্তর্ভুক্ত করা হল। এতদিন পর্যন্ত আমাদের সংবিধানের পৌরসভার কিছু উল্লেখ মাত্র ছিল। ৪৭ বছর পরে আজকে বলা হচ্ছে যে সাংবিধানিকভাবে প্রতিটি রাজ্যে নির্বাচিত পৌর বোর্ড থাকাটা বাধ্যতামূলক। আজকে বলা হচ্ছে, আগে বলা হয় নি। কিন্তু আমরা ১৯৭৮ সালে ক্ষমতায় আসার পর প্রতি ৫ বছর অন্তর নিয়মিত ভাবে আমরা নির্বাচন করছি। প্রতিটি পৌরসভায় আজকে নির্বাচন হয়েছে। সংবিধানের প্রতি আমাদের যে সমর্থন এবং আস্থা আছে সেই ব্যাপারে প্রথমেই আপনাদের সমর্থন করা উচিত। আজকে প্রধানমন্ত্রী বলছেন কংগ্রেস শাসিত রাজ্যগুলিকে যে, ৬ মাসের মধ্যে নগরপালিকা আইনের ভিত্তিতে পঞ্চায়েত এবং পৌরসভার নির্বাচন করতে হবে।

আমি এখানে কংগ্রেস বন্ধুদের বলতে চাই, ভারতবর্ষের মধ্যে একটা রাজ্য আছে যেখানে ছয় মাসের মধ্যে পৌর নির্বাচন হয়েছে? কর্ণাটকে হয়েছে, তবে একস্তরে হয়েছে, দুটি স্তরে হয়নি। সেখানে পঞ্চায়েত মন্ত্রী মুখ্যমন্ত্রীর সিদ্ধান্তের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে পদত্যাগ করেছেন। এই নির্বাচন অন্ধ্র প্রদেশে হয় কিনা দেখুন? গুজরাটে হয় কিনা দেখুন? কিন্তু আমরা ৭৩ তম সংবিধান সংশোধনীতে যা যা বলা হয়েছে, প্রতিটি ক্ষেত্রে পালন করছি এবং সেইভাবেই সব পরিচালিত হচ্ছে। সংবিধানে যা যা বলা হয়েছে তা আমরা পালন করব। আমরাই ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য যারা এটা পালন করছে। আমরা তার আগে পৌর আইন করেছি এবং তা রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠিয়েছিলাম। গত ২৫শে মে সেটা তার কাছ থেকে ফিরে এসেছে। তাতে তিনি নির্দেশ দিয়েছেন আরও কিছু সংযোজন করতে হবে। আমরা ৭৪ তম সংবিধান সংশোধনের সঙ্গে সঙ্গতি রেখে অর্ডিন্যান্সজারি করেছিলাম। যেহেতু তখন বিধানসভা চালু ছিল না, সেজন্য আমাদের এটা করতে হয়েছিল। আমরা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট আইন তৈরি করেছি, মেট্রোপলিটন প্ল্যানিং কমিটি গঠন করেছি। আমরা ডিস্ট্রিক্ট প্ল্যানিং কমিটি গঠনের জন্য আইন তৈরি করেছি। আমরা ফিনান্স কমিশন গঠন করেছি এবং সেখানে চেয়ারম্যান নিযুক্ত করেছি, এরজন্য পঞ্চায়েত আইনের পরিবর্তন করেছি। পঞ্চায়েত আইন অনুযায়ী সেই কমিশন তদন্ত করছেন। এখানে সুদীপবাবু প্রশ্ন করেছেন, চেয়ারম্যান নির্বাচিত কিনা? আমরা স্টেট ইলেকশন কমিশন গঠন করেছি এবং স্টেট ইলেকশন কমিশনার হিসাবে তরুন দত্তকে মনোনীত করেছি। পশ্চিমবঙ্গের প্রতিটি ক্ষেত্রে, এমনকি পৌর আইনগুলোকে, পৌর নির্বাচনগুলোকে পরিচালনা করবার জন্য পশ্চিমবাংলায় পৌর আইনে একটা নতুন আইন আনছি। বিধানসভার এই অধিবেশনে সেটা উপস্থাপিত করব। অর্থাৎ সার্বিকভাবে সংবিধান সংশোধন অনুযায়ী, ৭৩ তম সংবিধান সংশোধনে যা যা আছে আমরা তা করছি। সংবিধানের প্রতি অবহেলা করার কোনও ইচ্ছা আমাদের নেই। সংবিধানে যা বলা আছে আমরা তা করছি। এখানে প্রশ্ন উঠেছে যে কলকাতা কর্পোরেশনের নির্বাচন হবে কিনা। ১লা জুলাই, ১৯৯৫ তারিখে কলকাতা কর্পোরেশনের পৌর মেয়াদ শেষ হচ্ছে, তখন এখানে নির্বাচন হবে। এর সাথে সাথে আরও ৭৩/৭৪টি যে পৌরসভা আছে, যাদের মেয়াদও ঐ সময়ে শেষ হচ্ছে, সেখানেও ঠিক নির্দিষ্ট সময়েই নির্বাচন হবে। এক তৃতীয়াংশ তফসিলি জাতি এবং উপজাতিদের আসন সংরক্ষণের ভিত্তিতে নির্বাচন কমিশনের পরিচালনায়, যা যা সংবিধানের আছে, সেইভাবেই নির্বাচন হবে। আমরা নির্বাচনের ভয় পাই না। এখানে বে-আইনি বাড়ি নির্মাণের কথা এনেছেন। কলকাতায় বেআইনি ভাবে বাড়ি নির্মাণের কথা বলা হয়েছে।

কলকাতায় ২০৯টি বে-আইনিভাবে নির্মিত বাড়ি আমরা গত এক বছরে ভেঙে দিয়েছি। এছাড়া হাওড়াতে প্রায় ৪০০টি মামলা চলছে। সেখানে আমরা ইতিমধ্যে ৩টি বাড়ি ভেঙেছি এবং আরও ১০টি বাড়ি ভাঙার জন্য নির্দেশ দিয়েছি। ৪০০টি মামলা হাইকোর্টে এবং নিম্ন আদালতে চলছে। এখানে বলা হয়েছে যে, যে মামলাগুলো চলছে সেগুলোকে আমরা গুরুত্ব দিচ্ছি কিনা? যে কোনও মামলা হোক না কেন—হাইকোর্টে হোক, সুপ্রিম কোর্টে হোক, মুনসেফ কোর্টে হোক বা জজ কোর্টে হোক—প্রতিটি মামলাকে আমরা গুরুত্ব দিই। কুন্দলিয়া মামলায় ১৫ জন অভিযুক্ত, তারমধ্যে ৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং ১২ জনকে

চার্জশীট দেওয়া হয়েছে। কলিন্স লেনের ঘটনায় ৪ জনকে গ্রেপ্তার হয়েছিল এবং আরও ৩ জন অ্যাবসকন্ডেড আছে। সেই মামলা চলছে। গতকাল বেহালার পর্ণশ্রীতে যে ঘটনা ঘটেছে, সেই জায়গাতে একইভাবে গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে। সেই বাড়ি নির্মাণ এবং তদারকি করার দায়িত্ব যাদের উপরে ছিল, তাদের মধ্যে কয়েকজন পৌরকর্মী রয়েছে। তাদের সম্বন্ধে যে দায়িত্ব তাদের উপরে ছিল তা তারা পালন করেন নি। সেই ব্যাপারে যে ব্যবস্থা নেওয়ার, চাকুরির ক্ষেত্রে যে ব্যবস্থা নেওয়ার তা আমরা নেব। আমাদের কাছে যে রিপোর্ট আছে, কলকাতা কর্পোরশেনের কাছে যে রিপোর্ট ছিল যে পুকুর ছিল—যদি দেখা যায় সত্যি সত্যিই পুকুর ছিল অথচ তা বুজিয়ে বাড়ি করা হয়েছে—তাহলে নিশ্চয়ই ব্যবস্থা নেওয়া হবে। সুদীপুবাবু বলার সময়ে বলেছেন যে, দমকল বাহিনী ঠিকমতো কাজ করে না। অনেকগুলো আগুন লেগেছে প্রতিটি ক্ষেত্রেই আগুন লাগার তদন্ত আমরা করেছি। বলা হয়েছে যে আমরা বিধানসভায় বলিনি কত আগুন লেগেছে, কত ক্ষতি হয়েছে? বাজেটের ব্যয় বরাদ্দ সম্পর্কীত যে বক্তব্য আছে তাতে পরিষ্কার বলা আছে।

[7-25 — 7-35 p.m.]

বাজেট বইতে পরিষ্কার লেখা আছে ১৯৯৩ সালের জানুয়ারি মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত সর্বমোট ৬ হাজার ৮২৬টি আগুন নেভানোর কাজে দমকলবাহিনীকে ডাক দেওয়া হয়। এরমধ্যে ২১টি ক্ষুদ্র আর বড় ধরনের অগ্নি কান্ড ১৮টি। ভয়ঙ্কর অগ্নিকান্ড ৫৪৬টি। ক্ষুদ্র ও মাঝারি ধরনের অগ্নিকান্ড ৩ হাজার ৬৮৮টি। ছোট ধরনের অগ্নিকান্ড ১ হাজার ৪৭৮টি। এছাড়া উদ্ধারের এবং বিশেষ ধরনের কাজের এবং ১ হাজার ৪০৭টি ক্ষেত্রে আগুন নেভানোর ভুয়া খবর ছিল। উপরন্ত অগ্নিকান্ড এবং দুর্ঘটনা দরুন যথাক্রমে আনুমানিক ৫ কোটি ৭০ লক্ষ টাকা এবং ২ কোটি ১০ লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হয়। আনুমানিক ৮৮ কোটি ৪০ লক্ষ টাকার সম্পত্তি আগুনের কবল থেকে, আনুমানিক ২২ কোটি ১০ লক্ষ টাকার সম্পত্তি দুর্ঘটনার কবল থেকে রক্ষা করা সম্ভব হয়। এটা যে আমি বলছি এর পাশাপাশি দমকল বাহিনীর দক্ষতা বিশেষ বৃদ্ধি করতে পেরেছি। আমরা যে জাপানি ইক্যুইপমেন্ট এনেছি এরজন্য কেন্দ্রীয় সরকারকে কাস্টমস ডিউটিস দিতে হয়েছিল। কেন্দ্রীয় অর্থ মন্ত্রীর কাছে আমাদের মুখ্যমন্ত্রী চিঠি লিখেছিলেন। তাতে অর্থমন্ত্রী বলেছিলেন যে এই বছরই সবটা দিতে পারবেন না। তবে ৬-৭ মাস আগে কেন্দ্রীয় সরকার ওই টাকা ফেরৎ দিয়েছেন। সুতরাং আমাদের যে কাস্টমস ডিউটি দিতে হয়েছিল সেই টাকা কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারকে দিয়ে দিয়েছে। আমাদের জেনারেল ইনস্যুরেন্সের কাছে কিছু ঋণ হয়েছে। ল্যাডার বা অন্যান্য যে সমস্ত সরঞ্জাম আমরা ক্রয় করেছি সেটা আমাদের ফায়ার বিগ্রেডের দক্ষতা বৃদ্ধির সহায়ক হবে। এই ৬০ মিঃ ল্যাডারটি কলকাতার হাই রাইজ বিল্ডিংয়ের আগুন নেভাতে সাহায্য করবে। এটা বিশ্বের সবচেয়ে উঁচু ল্যাডার, সেটাই আমরা আনবার চেষ্টা করছি। দমকলের যে ২টি কমিটি আছে তারা তদন্ত করে দেখেছেন যে কলকাতার হাই রাইজ যেসব বিল্ডিংগুলো আছে তাতে আগুন নেভানোর কোনও ব্যবস্থা নেই। সেই ব্যবস্থা নেবার জন্যেই আইনের সংশোধন করা হয়েছে। সেখানে ডি এন ব্যানার্জির নেতৃত্বে একটি কমিটি করেছি আইন সংশোধন কমিটি, সেই কমিটির রিপোর্ট পেয়েছি। সেই কমিটির রিপোর্ট এখনও কার্যকর করিনি, তবে আশা করছি পরবর্তী সময়ে এর ব্যবস্থা নিতে পারব এই কথা বলে সমস্ত কাট মোশানের

বিরোধিতা করে আমি আমার বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নগর উন্নয়ন খাতে ৩৭নং আওতায় যে ৩টি প্রাসঙ্গিক ব্যয় বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে তাকে সমর্থন করে বিরোধী সদস্যদের আনীত ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমি আমার বক্তব্যের যে সময় সীমা নির্ধারণ করেছেন তার মধ্যে রাখার চেষ্টা করছি। সময় সীমার মধ্যে যে প্রশ্নগুলো এসেছে তারমধ্যে যতটুকু সম্ভব আমি উত্তর দেবার চেষ্টা করব। কিন্তু মূল যে জায়গাটার প্রতি দৃষ্টি আকর্ষণ করেছেন তার উপরেই আমি উত্তর দিচ্ছি। সেটা হচ্ছে মেগাসিটি প্রকল্পকে কেন্দ্র করে। এবং তারমধ্যেই আমি আমার উত্তরকে সীমাবদ্ধ রাখবার চেষ্টা করব। প্রসঙ্গত ভাবে আপনারা এই প্রসঙ্গে যা যা প্রশ্ন করেছেন বা বক্তব্য রেখেছেন তার আমি জবাব দেব। মেগাসিটি প্রকল্প একটি প্রেক্ষাপট। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবহিত আছেন যে আশির দশকের প্রথম দিকে জাতীয় স্তরে একটি কমিশন হয়। ন্যাশনাল কমিশন ফর আরবানাইজেশন, যেটা কোরিয়া কমিশন নামে পরিচিতি। এই কমিশন বলেছিল যে কলকাতার মতো মহানগরীর ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারকে ১ হাজার কোটি টাকা কেন্দ্রীয় অর্থ বরাদ্দ করতে হবে। কেন্দ্রীয় সরকার সেটা অগ্রাহ্য করেন। তারপরে ১৯৮৬ সালে আমাদের তদানীন্তন মেয়র কলকাতার উন্নয়নের জন্য ১৮৮৭ কোটি টাকার প্রকল্প প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর হাতে জমা দেন। কেন্দ্রীয় সরকার সেটাও অগ্রাহ্য করেন। তারপরে গত ৩টি আর্থিক বছরে ধরেই এইভাবে চলছে। সেখানে দাবি প্রায় ১৮০০ কোটি টাকার মতো রাখা হয়েছিল। কিন্তু প্রতি বছরই কেন্দ্রীয় সরকার ২০ কোটি, ২০ কোটি করে কেন্দ্রীয় সরকার দিচ্ছিলেন, তাতেও রাজ্য সরকারকে প্রথম অর্থ ব্যয় করতে হত। কলকাতা এবং হাওড়ার উপরে যে কাজ হচ্ছে তাতে, এতে কেন্দ্রীয় সরকার তারপরে রি-এমবার্সমেন্ট করতেন, কিন্তু সেই রি-অ্যামবার্সমেন্ট মার্চ মাসের শেষে আমরা পাই। এবং সেইভাবে এই প্রক্রিয়া চলছে। এখন থেকে বছর খানেক আগে কেন্দ্রীয় যোজনা কমিশনের সহ সভাপতি একটি আলোচনার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে আসেন। তখন বুদ্ধদেব ভট্টাচার্য মন্ত্রী ছিলেন, অন্যান্যদের সঙ্গে আমারও সেখানে থাকার সুযোগ হয়। সেই মিটিংয়ে একটি প্রস্তাব রাখা হয় যে কলকাতার এবং আরও ৪টি মহানগরী এই মেগাসিটি প্রকল্পের নামে হবে এবং প্রত্যেকটির নামই একই প্রকল্পে চালু হবে। কলকাতার ক্ষেত্রে পায় ৮ বছরে ১৬০০ কোটি টাকার এই প্রকল্প, তার শতকরা ৫০ ভাগের অর্থ রাজ্য সরকারকে বহন করতে হয়। ৪০০ কোটি টাকার সরাসরি বাজেট থেকে অর্থ বরাদ্দ রাখতে হবে।

কলকাতার ক্ষেত্রে ৮ হাজার ১৬ শত কোটি টাকা এই প্রকল্পের জন্য আছে, তার শতকরা ৭৫ ভাগ অর্থ ব্যবস্থা রাজ্য সরকারকে করতে হবে। ৪ শত কোটি টাকা সরাসরি বাজেট থেকে আমাদের রাখতে হবে, আর ৮ শত কোটি টাকা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান থেকে ঋণ হিসাবে রাজ্য সরকার নিয়ে অর্থটা দেবেন। এই হল ৪ শত আর ৮ শত ১২ শত কোটি টাকা, বাকি ৪ শত কোটি টাকা রাজ্য সরকার দেবেন। এই যে ৮ শত কোটি টাকা, এটার সম্বন্ধে বলা ভাল, আমরা রাজ্য বাজেট থেকে ৪০ কোটি টাকা বরাদ্দ করেছি। এখন যেভাবে খরচ হচ্ছে ৪০ কোটি টাকার বরাদ্দ রক্ষা করা যাবে, চেষ্টা করতে হবে যাতে বেশি টাকা দেওয়া যায়। কেন্দ্রীয় সরকারের যিনি সচিব এসেছিলেন, তাকেও ৪০ কোটি টাকা

দেবার কথা বলা হয়েছে, তবে এখন পর্যন্ত আমরা শূন্য কোটি টাকা পেয়েছি। কেন্দ্রীয় সরকারের সচিব তার সঙ্গে কথা বলে আমরা ২টি মূলত আর্থিক প্রতিষ্ঠান থেকে এই ঋণ নেবার কথা ভেবেছি, এটা হচ্ছে সমবায় ব্যাঙ্ক আর একটা হচ্ছে হার্ডকো। সমবায় ব্যাঙ্ক থেকে ১৪০ কোটি টাকা ঋণ নেওয়ার প্রস্তাব রেখেছি। একটা আর্থিক প্রতিষ্ঠান থেকে ৮০০ কোটি টাকা ঋণ নেব, মূলত এই ২টি প্রতিষ্ঠান থেকে ঋণ নেওয়াটা সীমাবদ্ধ থাকবে। এইভাবে আর্থিক বরাদ্দটা ১৬ শত কোটি টাকায় আছে। আমি পরিষ্কারভাবে বলতে চাই, এই মেগাসিটি প্রকল্পের দৃষ্টিভঙ্গি কি, এবং রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি কি, এই সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর একটা লিখিত বক্তব্য দেওয়া হয়েছে প্রেসকে, এটা দেওয়া হয়েছে ৩০/৩১ তারিখে, এটা যথা সময়ে আমরা মাননীয় বিধায়কদের দেব। এটা সি এম ডি এ-র সঙ্গে আলোচনা করে আমরা এটা তৈরি করি ৫০টি প্রোজেক্ট রিপোর্ট নিয়ে সচিব মহাশয়দের যখন দেওয়া হয় প্রস্তুতির দিক থেকে, অন্য শহরগুলি কি করছে, যারা এগিয়ে আছে তাদের মধ্যে কলকাতার মেগাসিটি প্রকল্প একেবারে শীর্ষে। যেহেতু একটা ছাঁটাই প্রস্তাব ছিল, প্রস্তুতি হয়েছে কিনা, আমি সেটার উত্তর দিলাম। রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি হচ্ছে, যেটা মাননীয় বিধায়ক নির্মল দাস মহাশয় বলেছেন মূলত দৃষ্টিভঙ্গি হচ্ছে নগর উন্নয়ন এর ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ, সেটা গোটা রাজ্যের ক্ষেত্রে সি এম ডি এ-র এবং নন সি এম ডি এ এলাকার মধ্যে এবং সি এম ডি এ এলাকার মধ্যে এখানে যেটাকে সি এম এ এলাকা বলে ৪১টি পৌর সংস্থাকে নিয়ে কলকাতা এবং গোটা হাওড়া এলাকা থাকবে। শুধু তাই নয়, বাকি যে পৌরসংস্থাগুলি আছে তার দিকেও নজর দিতে হবে। বিকেন্দ্রীকরণের একটা প্রক্রিয়া রাজ্যের সি এম এ এলাকায় শুরু হয়েছে এটা র উল্লেখ নেই। ১৯৮৯ সালের আদমসুমারি থেকে দেখতে পাচ্ছি তার থেকে শতকরা ৬৯ শতাংশ সি এম এ এলাকায় ছিল, বাকি ৩১ শতাংশ নন সি এম এ এলাকায় ছিল। ৯১ সালে দেখতে পাচ্ছি সি এম এ এলাকায় ৬৪ শতাংশ আর নন সি এম এ এলাকায় ৩৬ শতাংশয় নেমে এসেছে। এটাও লক্ষ্যণীয়। সি এম এ এলাকার বাইরে যে ৮০টি পৌরসংস্থা আছে তার জন্য এখানে যে রকম মেগাসিটি প্রকল্প ৮ বছরে করা হয়েছে, সেখানে ১ হাজার ১১৫ কোটির একটা পরিকল্পনা করা হয়েছে, রাজ্য সরকার সি এম ডি এ পৌর দপ্তর এটা তৈরি করে, আমরা প্ল্যানিং কমিশনের কাছে পাঠিয়ে দিয়েছি, ২৫ শতাংশ যেন দেন, তাহলে এটা শুরু করব শুধু ৪১ টির জন্য চিন্তা করছি না, নন সি এম এ এলাকায়ও হবে।

[7-35 — 7-45 p.m.]

এখন এটা সৌগতবাবু ঠিকই বলেছেন যে কলকাতা এলাকায় ডেকাডাল রেট অব গ্রোথ ৮১ থেকে ৯১-এ ৪ শতাংশের মতোন হয়েছে আর মাঝের ৪০টা ওয়ার্ডে সত্যিই দেড় শতাংশের মতোন হয়েছে। তার মানে এক একটা বছরে বস্তুত হয়নি। কিন্তু আপনি যদি প্রত্যন্ত ওয়ার্ডগুলিতে আসেন বা লাগয়ো পৌরসভাগুলিতে আসেন, সেটা বরানগর হতে পারে, দক্ষিণ দমদম হতে পারে, দমদম হতে পারে, সোনারপুর, রাজপুর হতে পারে সেখানে গড়ে ৩০ শতাংশের মতোন এই গ্রোথটা হয়েছে। হয়ে কিন্তু তারপরের পৌরসভাগুলিতে যদি আপনি দেখেন, পানিহাটি খড়দাকে অতিক্রম করে যান দেখবেন এটা ১৫ শতাংশের মতোন, আবার কমতে শুরু করেছে। এই দিকেও আমরা চাইছি বিকেন্দ্রীকরণটা আরও সুষম হোক।

মানে শুধু একটা রিং হয়ে থাকা নয়, আরও সুষম হোক। এই সুষম হোক এটা চাইছি বলেই কোনও এলাকায় জনবসতির ঘনত্ব যেন না বাড়ে, তাই আমরা চাইছি এই মেগাসিটিতেও বাড়ির উচ্চতা একটা দৈর্ঘ্যের উপর যেন না ওঠে। একই কারণে আমরা কি পারছি এবং কি পারছি না বা পারি নি সেটা খোলাখুলি বলছি। একই কারণে পুকুর ইত্যাদি বোজানো সর্বশেষ যেটা ডেভেলপমেন্ট রেগুলেশন আমরা করেছি সেটা আরও বেশি। কোনও পুকুরই বোজানো যাবে না সাধারণভাবে। এটা চাচ্ছি এই কারণেই এই দুটির একটা যেটা বললেন —প্রপার্টি অ্যাক্ট তো সেন্ট্রাল অ্যাক্ট। যে কোনও একজন 'ক' যদি 'খ'কে প্রপার্টি ট্রান্সফার করতে চান যতদিন না আমরা দিল্লিতে ক্ষমতায় আসছি এটা তো বদলাবে না। আপনারা যতদিন ক্ষমতায় আছেন আপনারা যা খুশি করতে পারেন। সেক্ষেত্রে কি করে এটা থামানো যায়, কোথায় মানুষের লোভ হয়—যদি বহুতল বাড়ি বেশি করতে যান তাহলে প্রোমোটার্সরা সেখানে ঢুকতে পারছে। সেটাকে থামানো অন্যভাবে হচ্ছে যদি দৈর্ঘ্যের উপর আপনি একটা সীমাবদ্ধতা আনতে পারেন, পুকুর-টুকুর বোজানোর উপর আনতে পারেন। এখানে বলা উচিত মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ও ডি পি-র কাজ কলকাতা পৌরসভার প্রতিটি ওয়ার্ডে সমাপ্ত হবার পরও আনুষ্ঠানিকতার কিছুটা বাকি আছে। হাওড়ার কাজ চলছে। আমরা শুধু ৪১টি পৌরসভায় নয়, অন্যগুলিতেও তরান্বিত করার পরও বলছি সেটা শেষ হতে যদি কয়েক মাস লাগেও এর মধ্যে টি অ্যান্ড সি পি অ্যাক্টে যেহেতু প্রভিসন আছে, ডেভেলপমেন্ট কন্ট্রোল রেগুলেশনসে—আমার যতদূর মনে পড়ছে এটা আমরা জানুয়ারি মাসের শেষের দিকে, ২৮শে জানুয়ারি বোধ হয় ডেভেলপমেন্টে রেগুলেশন লাগু করে দিই, কলকাতা কর্পোরেশন এলাকা বাদ দিয়ে যেহেতু ও ডি পি হয়ে গিয়েছে যে এর মানে হচ্ছে ১৪.৫ মিটার—সোজা কথায় গ্যারেজ প্লাস ৪টি তলার উপর বাড়ি তুলতে পারবেন না, কোনও পুকুর বোঝাতে পারবেন না। এই ডেভেলপমেন্ট রেগুলেশনস কিন্তু আনটিল ফারদার নোটিশ লাগু হয়ে গিয়েছে। এটা কিন্তু খুব পাওয়ারফুল রেগুলেশনস। আমার যতদূর স্মরণে আছে তাতে দিল্লি বা অন্য কোনও মহানগরীতে এই ধরনের লাগু হয়নি। এটা করা খুব দরকার। এখানে বলা উচিত যেটা আমার বন্ধু অশোকবাবু বলেছেন, আমি পুনরুক্তি করতে চাই না কিন্তু যেহেতু সৌগতবাবু বিষয়টির অবতারণা করেছেন সেইহেতু আমি নির্দিষ্ট উত্তর দিচ্ছি। এটা ঠিকই যে গত এক বছরে কলকাতায় প্রায় ২০৯টি এই বেআইনি বাড়ি যা হচ্ছিল তা ভাঙ্গা হয়েছে এবং আপনারা জানেন কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন আইনটি সংশোধন করে একটি বিশেষ ধারাতে ৪০১ (ক) ধারাতে অ্যারেস্ট করা যায়। এরকম ১১টি কেস—এটা জানুয়ারির পরে বোধহয় লাগু করেছেন—সেখানে অ্যারেস্ট করা হয়েছে। এতে ৭ বছর পর্যন্ত জেল হতে পারে। এর পর উনি যেহেতু একটি নির্দিষ্ট প্রশ্ন করেছেন, আমি সকাল বেলায় খবর নিয়েছি, বেহালাতে এরকম একটা ঘটনা ঘটেছে। এটা পর্ণশ্রীতে ২৬০ নং পর্ণশ্রী রোডে, ইন্ডিয়ান অয়েল এমপ্লয়ীজ ট্রাস্ট, তারা একটা বাড়ি যেভাবে তৈরি করছিলেন, আমরা মনে করি তা বেআইনি হয়েছে। এরজন্য পার্শ্ববর্তী একটি বাড়িতে ফাটল ধরে বাড়িটি ক্ষতিগ্রস্ত হয়েছে, ধস নেমেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জানাচ্ছি যে এরমধ্যে ১১ জনকে অ্যারেস্ট করা হয়েছে এবং ঐ ট্রাস্টের চেয়ারম্যান, আর্টিটেক্টকে নির্দেশ দেওয়া হয়েছে, যে বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে আপনাদের কাজের জন্য সেই বাড়ি আপনাদের তৈরি করে দিতে হবে। আর্কিটেক্টকে শোকজ করা হয়েছে—কেন তাকে ডি-লাইসেন্স করা হবে না, লিস্ট থেকে সরানো হবে না?

এটা আমরা অল ইন্ডিয়া কাউন্সিলের কাছে পাঠিয়ে দিয়েছি যাতে তার লাইসেন্স কেড়ে নেওয়া হয়। এর সঙ্গে আমি যোগ করছি, সল্ট লেকে যেটা করেছি সেটা সময় পেলে বলব, এর মধ্যে যাদের সন্দেহ করছি তাদের নাম আমরা ইনকাম ট্যাক্সকে পাঠিয়ে দিচ্ছি কালো টাকা আছে কিনা দেখবার জন্য। সল্ট লেকের ক্ষেত্রে এরকম পাঠাচ্ছি, এই কাজ লাগাতার চলবে। এই সুযোগে বলে রাখি, আমাদের হিসাবে দক্ষিণ দমদম পৌরসভার লেক টাউনে ১৭টি বেআইনি বাড়ি হচ্ছিল, তাদের আমরা স্টপ ওয়ার্ক অর্ডার দিয়েছি। তারা হাই কোর্টে গিয়ে এখানো সুবিধা করতে পারে নি। স্টপ ওয়ার্ক হয়ে গেছে। সল্ট লেকে কোনও ব্যক্তিগত ব্যাপারে নেই, এটা নীতির প্রশ্ন। এইভাবে আমরা গত এক বছর ধরে কাজ করছি। ওখানে মুখ্যমন্ত্রী একটা সভায় ঘোষণা করেছিলেন—বুদ্ধদেববাবু সেই সভায় উপস্থিত ছিলেন, আমরা আরও অনেকেই ছিলাম, সল্ট লেকে ৫০টির মতো ব্লক আছে এবং প্রতিটি ব্লকের ব্লক কমিটি আছে—সেই ব্লক কমিটিগুলিকে বলা হয়েছিল—আপনারা যেখানে যেখানে সন্দেহ করছেন বেআইনি বাড়ি হচ্ছে সেখানকার সেখানকার নামগুলি আমাদের কাছে পাঠান। এ ব্যাপারে একটা হাই পাওয়ার কমিটি সেট আপ করা হয়েছে। ৭৩৮টা সন্দেহজনক কেস পেয়েছি। ১৭১ একজামিন করার পরে ৭টা কেসের সো কজ নিয়ে আমরা চিন্তা করছি রিজুম করে নেব। ঐ বাড়ি গুলো রিজুম করে সরকার সামাজিক প্রাসঙ্গিকতা রেখে—প্রয়োজন হলে গ্রন্থাগার হতে পারবে সেখানে, বা সাধারণ মানুষের থাকার জায়গা হতে পারবে। এইভাবে প্রত্যেকটি জায়গায় আমরা এগচ্ছি। আমি জানি না ভারতবর্ষের আর কোনও মহানগরীতে বেআইনি বাড়ি ভাঙার ক্ষেত্রে এই ধরনের নীতি নিয়ে কোনও প্রচেষ্টা হয়েছে কিনা! তবে একথা আমি বলছি যে, এটা শুধু প্রশাসনের একার কাজ নয়। এর জন্য সাধারণ মানুষদের উদ্যোগী হতে হবে, আন্দোলন করতে হবে। এবিষয়ে আমি আপনাদের সকলের সহযোগিতা চাইছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** অসীমবাবু আপনার আর কত মিনিট সময় লাগবে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** স্যার, আমি আর ৫/৭ মিনিট সময় নিতে পারি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ঠিক আছে, আমি সভার অনুমতি নিয়ে আলোচনার সময় ৮টা পর্যন্ত বাড়িয়ে দিচ্ছি। আশা করছি এতে কারও আপত্তি নেই।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, উনি এম আই টি-র ছাত্র, ওকে একটু সময় দিন।

(আলোচনার সময় রাত ৮টা পর্যন্ত বৃদ্ধি করা হয়।)

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবার আমি মেগাসিটি প্রসঙ্গে আসছি। আমি প্রথমেই সৌগতবাবুকে বলছি যে, এর সঙ্গে এম আই টি-র কোনও ব্যাপার নেই, কোনও যোগ নেই, হার্ড রিয়েলিটির যোগ আছে। আমি এখানে ১৪১টা ওয়ার্ডের ডিটেলস নিয়ে আলোচনা করতে পারি। এই যে মেগাসিটি প্রকল্প রচনা করেছি ডিসেম্বর থেকে মার্চের মধ্যে। এখানে মেয়র ইন কাউন্সিল উপস্থিত আছেন, তিনি জানেন ৪১টা পৌরসভার পৌর প্রধানদের সঙ্গে আলোচনা করে, তাদের মতামত লিখিতভাবে নিয়ে, রাজ্য পরিকল্পনা পর্যদে আলোচনা করে এই বইটা তৈরি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যখন

সি ইউ ডি পি প্রোজেক্ট তৈরি হয় তখন রাজ্য পরিকল্পনা পর্ষদের সঙ্গে, সেই প্রক্রিয়ার সঙ্গে আমি যুক্ত ছিলাম। সুতরাং ব্যাপারটা আমার জানার সুযোগ ছিল। এই ১৬০০ কোটি টাকার মধ্যে পানীয় জলের জন্য বরাদ্দ ১৭ শতাংশ, জলনিকাশি এবং আবর্জনা পরিষ্কারের জন্য ১৮ শতাংশ, রাস্তা উন্নয়ন এবং পরিবহন ব্যবস্থার জন্য ১৪ শতাংশ বস্তি উন্নয়ন, আবাসন ও বিদ্যুতের জন্য ৩৮ শতাংশ এবং উৎপাদন কেন্দ্র, ব্যবসা কেন্দ্র ও বাজার ইত্যাদির উন্নয়নের জন্য ১৩ শতাংশ। সুদীপবাবু এখানে উপস্থিত আছেন, তাকে বলছি, আমাদের কলকাতার বাজারগুলির আমূল সংস্কারের প্রয়োজন এবং অগ্নি নিরোধক ব্যবস্থার উন্নয়ন প্রয়োজন। এই বিষয়টার প্রতি আজকেই উনি আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি ওর অবগতির জন্য বিষয়টা উল্লেখ করলাম। এখন প্রতিটি ক্ষেত্র সম্বন্ধে ৮টার মধ্যে বলা সম্ভব নয়। যে কোনও একটা বিষয় নিয়ে বিস্তারিতভাবে বলতে পারি। সেটা পানীয় জল হতে পারে, রাস্তা হতে পারে বা জল-নিকাশি ব্যবস্থা হতে পারে।

[7-45 —7-59 p.m.]

আমি খুব তাড়াতাড়িভাবে পানীয় জল যেটার উপর প্রশ্ন ছিল, ছাঁটাই প্রস্তাব ছিল রাস্তার উপর, এই দুইটি বলে আমাদের দৃষ্টিভঙ্গি বলছি। বিষয়টি শুধু অর্থ বরাদ্দ নয়, বিষয়টি শুধু বিভাজনের নয়, এর যে উদ্দীষ্ট জোন, টারগেট গ্রুপ, পৌরসভার শতকরা নিচের ৭৫ শতাংশ মানুষকে আমরা চিহ্নিত করেছি এবং প্রত্যেকটি ক্ষেত্রে তার প্রতিফলন ঘটবে। যেরকম পানীয় জলের ক্ষেত্রে এটা শুধুমাত্র উৎস যোগ করার বিষয় নয়, শুধুমাত্র পারক্যাপিটা গ্যালন্স পার ডে এই তথ্য দেওয়া নয়, কারণ যেটা গড়, একই সঙ্গে তার বণ্টন, এক একটা পুরসভার ওয়ার্ডগুলির জন্য তার কিভাবে বণ্টন হচ্ছে তাকে সমানভাবে গুরুত্ব দেওয়া। আপনারা যেহেতু কিছু প্রশ্ন রেখেছেন, কলকাতার পানীয় জলের সমস্যা নিয়ে মহঃ ইয়াকুব সাহেব প্রশ্ন রেখেছিলেন। আমি এই ব্যাপারে একটু বলি, এটা নিয়ে দীর্ঘ আলোচনা সৌগতবাবু সঙ্গে একসময়ে হয়েছে। কলকাতায় সাধারণত টালা, সিস্টেম থেকে ১৮০ মিলিয়ন গ্যালন পার ডে জল আসে। গার্ডেন রিচ ওয়ার্কশপ থেকে ১ বছর আগে ৩০ মিলিয়ন গ্যালন পার ডে জল আসছিল। এটা এখন ৪০ মিলিয়ন গ্যালন অর্থাৎ আরও ১০ মিলিয়ন গ্যালন পার ডে বৃদ্ধি করা সম্ভব হয়েছে। একটা জিনিস কিন্তু স্মরণ করিয়ে দেওয়া দরকার, এটা ২৪ ঘণ্টা চালালে ৬০ মিলিয়ন গ্যালন করা সম্ভব। কিন্তু লক্ষ্য করবেন, কলকাতা সিস্টেম তো মূল সিস্টেম। সেখানে সাড়ে ১০ ঘণ্টার মতোন জল আসছে। সেই জলের সরবরাহ যদি ঘণ্টা বৃদ্ধি না করা যায় তাহলে ছোট সিস্টেম থেকে যদি জল আনেন কি হবে? ঐ জল হাল্কাভাবে ছড়িয়ে যাবে, কোনও প্রেসার বাড়বে না। এটা মনে রেখেই মেগাসিটি প্রকল্প। আমি শুধু কলকাতা সিস্টেম বলছি, এখন থেকে ৩-৪ বছরের মধ্যে বিভিন্নভাবে যুক্ত হবে। ৮০ মিলিয়ন গ্যালন পার ডে ক্ষমতাযুক্ত হবে অগমেনটেশন। কিন্তু তার সঙ্গে সমান জোর—অর্থ বরাদ্দও আছে। আপনারা ঠিকই বলেছেন, বিকেন্দ্রীকৃতভাবে আমাদের রিজার্ভার করতে হবে। টালা পলতায় যে জল আমাদের রাত্রিবেলা এসে জমা হয়, তাকে যদি আপনারা বিভিন্ন এলাকায় নিয়ে যেতে পারতেন তাহলে তা ভবানীপুর, চেতলা, টালিগঞ্জ, পূর্বাঞ্চল, বড়বাজারের একটা অঞ্চলের সমস্যা হত না, বা বেহালায় হত না। তারজন্য এই মেগাসিটি প্রকল্পে আমরা স্থানীয় জলাধার এটা কিন্তু গ্রহণ করেছি। এগুলি কোথায় কোথায় হবে লক্ষ্য

করুন, পার্ক সার্কাস ময়দান, রাসবিহারী কানেকটর, আপনার কনস্টিটুয়েন্সি চেলতা পার্কের মধ্যে টালিগঞ্জ—ঐ রিজারর্ভারের মতোন রাত্রিবেলা জল না তুলে দিলে প্রেসার কিন্তু বাড়বে না। তারপর বেহালায় মহঃ আলি পার্ক নতুন যুক্ত হল। মহ আলি পার্কের নিচে রিজার্ভার হবে। একটা জিনিস লক্ষ্য করবেন, বেহালা সিস্টেমের সঙ্গে কলকাতায় যেটা আন-প্ল্যান্ড কানেকশন ছিল ডায়মন্ডহারবার রোডের উপর সেটা বন্ধ করার পরে একটু উপকার হয়েছে। বেহালায় চাপ বৃদ্ধি পেয়েছে। আর কলকাতার ক্ষেত্রে এই ডি-সেন্ট্রালাইজ অগমেনটেশন হলে লাভ হবে টালিগঞ্জের। যে পরীক্ষার কথা বলেছেন ভালভ লাগিয়ে দেখা, সেই পরীক্ষা করার প্রস্তুতি নেওয়া হয়েছে সি এম সি, সি এম ডি মিলে। আচ্ছা, আমি আর বাড়াচ্ছি না, একসঙ্গে বলে রাখছি, জলের কোয়ালিটি একই সঙ্গে গুরুত্বপূর্ণ। এরজন্য টালা-পলতার নতুন মেইন লাইন ছাড়াও পুরানো পাইপের মধ্য দিয়ে যে জলের সরবরাহ আসত তার মধ্যে আমরা নতুন পাইপ প্রবেশ করানোর চেষ্টা করছি। এটা আমি মনে করছি খুবই গুরুত্বপূর্ণ হবে। শুধু তো কলকাতায় বসালেই চলবে না, গার্ডেন রিচের যে জল বজবজের দিকে যাচ্ছে সেই জল মহেশতলাকে দেওয়ার জন্য যুক্ত করা হল মেগাসিটি প্রকল্প। সমস্যা হচ্ছে রাজপুর, সোনারপুরে আর্সেনিকের সমস্যা। সেখানে ৪ কোটি টাকার নতুন প্রকল্প সি এম এস ডবলিউ এ তে নেই। ৩০টি ওয়ার্ড আছে প্রতিটি ওয়ার্ডে এত গভীর নলকূপ জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার সঙ্গে কথা বলে এই কাজটায় হাত দিচ্ছি, এই রকম চিন্তা আমাদের মাথায় আছে, পরে বলব। প্রয়োজন হলে গার্ডেনরিচ ওয়ার্কশপ আরও অগমেনটেশন করতে হবে। গঙ্গার জলকে নিয়ে যেতে হবে, রাজপুর, সোনারপুরে এতে কৃত্রিম পজিশন রেখে দেওয়া ঠিক হবে। এই ধরনের মেগাসিটিতে ৩ ধরনের প্রকল্প যাচ্ছে, গুরুত্বপূর্ণ প্রকল্প। এদিকে চিন্তা করে প্ল্যানিং বোর্ড বেসিক ডেভেলপমেন্টে ক্যালকাটা প্ল্যান আগে অর্থ ছিল না, করা যায় নি, সেটার সঙ্গে যুক্ত হল মহম্মদ আলি পার্ক অনেকবার বলেছি—কতকগুলি চালু প্রকল্প চালানো হচ্ছে। জোরদার ৩টি নতুন প্রকল্প যুক্ত করে জোরদার নতুন প্রকল্প মহেশতলা, রাজারহাট মধ্যমগ্রাম এই ৩ ধরনের প্রকল্পের সমাহার হয়ে মেগাসিটি প্রকল্প এক সঙ্গে—আপনার অবগতির জন্য বলে রাখছি মাননীয় সুদীপ বাবু—বিশ্বব্যাঙ্ক এসেছিলেন আই এম এফের শর্ত নিয়ে আলোচনা হয়েছিল, আলোচনা করেছেন অফিসাররা উপস্থিত আছেন, যা বললেন যা অর্থ চাই যদি দিতে পারেন যা ফেরুল সাইজ যা বললেন ওয়াটার রেট যদি বসান আমি আপনার মাধ্যমে হাউসকে জানাচ্ছি, পরিষ্কার বলে দিচ্ছি আমাদের অগ্রাধিকার মানে না, এটা নিয়ে ঋণ নেবার প্রয়োজন হয়—নমস্কার, আমরাই অর্থ জোগাড় করতে পারব—আপনাদের কেন্দ্রীয় সরকারের মতো নতজানু হতে পারব না। আমি নিজে বলছি আপনি বস্তির উপর ছাঁটাই প্রস্তাব এনে বস্তির লোককে দরদ দেখাচ্ছেন। জল নিয়ে পয়সা নিতে আপনারা পারেন, আমরা পারি না। আপনি বস্তিতে যাবেন, বস্তিতে যে টাকা এ পর্যন্ত খরচ হয়েছে ৮০ কোটির বেশি, তারপর যেটা বাকি আছে বস্তি উন্নয়ন আমরা গ্রহণ করছি সেখানে আপনাদের রোড ধরবেন না, আমরা রোডটা বলছি, রাস্তার ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ অত্যন্ত প্রয়োজন, তার জন্য ইস্টার্ন মেট্রোপলিটন বাইপাশের কাজটা শেষ করে, শুধু তাই নয়, এখন কুচবিহারে যেতে গেলে এগেনস্ট এন এইচ ৩৪-এর বদলে আনোয়ার শা রোড, টালিগঞ্জ সার্কুলার রোড হয়ে দ্বিতীয় সেতু হয়ে এন এইচ ৬ এ উঠতে পারবেন। বিকেন্দ্রীকরণের রাস্তার পরিকল্পনা, এই পরিকল্পনা কতকগুলির সঙ্গে সামঞ্জস্য নিয়ে কল্যাণী ইস্ট হয়ে

সোদপুরে মিট করবে। পানিহাটি, খড়দহ এবং ব্যারাকপুর থাকবে, এইগুলি পৌরসভা স্তরে হবে। পৌরসভা স্তরে মেগাসিটির অর্থ, অন্য দপ্তরের অর্থ নিয়ে সীমিত পরিকল্পনা ভেঙ্গে ফেলেন, ওয়ার্ড স্তরে আলোচনা খোলাখুলি হোক, মেগাসিটি ঐ স্তরে আলোচনার মধ্যে নমনীয়তা রেখে মেগাসিটিকে অগ্রাধিকার দিতে হবে। কাজের বেনিফিশিয়াল গ্রুপ যুক্ত হলে, যেখানে যতদূর সম্ভব কন্ট্রাক্টারদের বাদ দিয়ে স্থানীয় যুবকদের সরাসরি যুক্ত করুন। কম খরচে কর্মসংস্থানের সৃষ্টি হবে। সাধারণ মানুষের ক্ষমতার সাফল্য আমরা দিতে চাই। যে আর্থিক নীতি দিয়ে জাতীয় স্তরে সরকার চলছে সমস্ত নীতি কেন্দ্রীভূত করে ওয়ার্ড বিচার করতে চান, আমরা যেটুকু ক্ষমতা আছে—ওয়াশিংটনের মতো নয় পৌরসভার মাধ্যমে মানুষের কাছে পৌছাতে চাই, এখানেই আপনাদের সঙ্গে আমাদের ভেদ। রাজ্যের কথা মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, বিভিন্ন পৌরসভার মতামত নিয়েছি, বিশেষজ্ঞ, বিজ্ঞ, শ্রদ্ধেয় মানুষ। আপনাদের মতামত নেবার জন্য নমনীয়তা রইল

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মাননীয় সৌগত বাবু বলছিলেন.................

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** কি জানতে চান বলুন।

**শ্রী সৌগত রায় ঃ** ঢাকুরিয়া লেকের ধারে আমরা অনেকেই ঘুরতে চাই। আমরা দেখেছি, সেটা অত্যন্ত খারাপ অবস্থা হয়েছে, মেনটেনেন্স বলতে কিছু নেই। আপনি সি আই টিকে দিয়ে সেখানে এফেকটিভলি কাজ করান! আপনি বর্ধন মার্কেট এবং পার্ক প্লাজার ব্যাপারে যা বলছিলেন, সেখানেও (**নির্ধারিত সময় শেষ হবার কারণে এই সময় মাইক সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়**)।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সৌগতবাবু জেনে খুশি হবেন যে, আমরা সি আই টিকে আরও বেশি করে নতুনভাবে দায়িত্ব দিতে যাচ্ছি। বিধাননগরের কাজের দায়িত্ব, সেটা কিন্তু সি আই টিকেই দিয়েছি। সেখানে কাজ রূপায়ণ সারানো, সাজানোর দায়িত্বটা তাদের দিয়েছি। আজকে সি আই টিতে নতুন প্রাণ আসছে। সৌগতবাবু তার নিজের এলাকার যে সমস্ত সমস্যার ব্যাপার নিয়ে দিল্লিতে গিয়েও কিছু করাতে পারেননি, সেগুলো সি আই টিকে দিয়ে আমরা করবার চেষ্টা করছি। কাজেই আসুন আমাদের সঙ্গে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

## Demand No. 26

The motions of Shri Saugata Roy and Shri Subrata Mukherjee that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 32,29,15,000 be granted for expenditure under Demand No. 26, Major Head : "2070—Other Administrative Services (Fire Protection and

Control)''

(This is inclusive of a total sum of Rs. 10,76,40,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

### Demand No. 37

The motions of Shri Saugata Roy, Shri Abdul Mannan, Shri Subrata Mukherjee and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,58,65,38,000 be granted for expenditure under Demand No. 37, Major Head : ''2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development.

(This is inclusive of a total sum of Rs. 86,21,85,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

### Demand No. 90

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,02,51,70,000 be granted for expenditure under Demand No. 90, Major Head : ''3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Excluding Panchayati Raj)''

(This is inclusive of a total sum of Rs. 67,50,60,000 already voted on account in March, 1994) was then put and agreed to.

### Adjournment

The House was accordingly adjourned at 7.59 p.m. till 11 a.m. on Wednesday, the 15th June 1994 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

**Vol: 104 No-I (Hundred and fourth Session) (May to June, 1994)**

(The 27th, 30th, 31st, May, 1st, 2nd, 3rd, 6th, 7th, 13th & 14th June, 1994)

**Bill**

The Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994 PP-74-95

The West Bengal Town & Country (Planning & Development) (Amendment) Bill, 1994 PP-56-74

The West Bengal Metropolitan Planning Committee Bill, 1994 PP-40-56

**Constitution of Assembly Committees** PP-99-105

**Demand for Grants**

Voting on Demand for Grants—Demand Nos. 66, 67, 68 PP-201-252

Voting on Demand for Grants—Demand Nos. 32, 33 & 34 PP-390-443

Voting on Demand for Grants—Demand No 40 PP-377-390

Voting on Demand for Grants—Demand Nos. 12, 77, 78, 80 & 81 PP-823-861

Voting on Demand for Grants—Demand Nos. 26, 37 & 90 PP-861-892

Voting on Demand for Grants—Demand No. 38 PP-602-634

Voting on Demand for Grants—Demand Nos. 59, 60, 62 & 63 PP-291-352

Voting on Demand for Grants—Demand Nos. 25, 79 PP-481-526

Voting on Demand for Grants—Demand Nos. 54, 86 PP-531-558

Voting on Demand for Grants—Demand Nos. 47, 48, 55 & 58 PP-635-670

Voting on Demand for Grants—Demand No. 57 PP-714-742

Voting on Demand for Grants—Demand Nos. 25, 79 PP-742-773

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 26, 37 & 90**

by—Shri Ajoy De PP-873-876

by—Shri Ashoke Bhattacharya PP-881-885

by—Dr. Asim Kumar Dasgupta PP-885-891

by—Shri Kamakshya Charan Ghose P-877

by—Shri Mohammed Yaqub PP-870-871

by—Shri Nirmal Das PP-872-873

by—Shri Nirmal Mukherjee PP-867-869

by—Shri Prabodh Purkait PP-871-872

by—Shri Sailaja Kumar Das PP-869-870

by—Shri Saugata Roy PP-878-881

by—Shri Sudip Bandyopadhyay PP-861-867

by—Shri Tulsi Bhattarai PP-877-878

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 32, 33 & 34**

by—Shri Abdul Mannan PP-414-417

by—Dr. Anupam Sen PP-417-418

by—Smt. Chhaya Bera PP-431-434

by—Shri Debaprasad Sarkar PP-420-423

by—Shri Jatu Lahiri PP-410-411

by—Shri Kshiti Goswami PP-412-414

by—Shri Narayan Mukherjee PP-398-400

by—Shri Prasanta Kumar Sur PP-434-440

by—Shri Prasanta Pradhan PP-426-428

by—Shri Satyaranjan Bapuli PP-423-425

by—Shri Saugata Roy PP-428-431

by—Shri Soumendra Chandra Das PP-406-410

by—Shri Subhas Roy PP-418-420

by—Shri Sudip Bandyopadhyay PP-400-406

by—Shri Sunirmal Paik PP-425-426

by—Dr. Tarun Adhikary PP-391-398

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 25 & 79**

by—Shri Ajoy De PP-496-498

by—Shri Birendra Kumar Moitra PP-493-496

by—Shri Debnarayaan Chakraborty PP-487-490

by—Shri Motish Roy PP-511-518

by—Shri Shakti Bal PP-502-503

by—Shri Shibdas Mukherjee PP-503-506

by—Shri Sudip Bandyopadhyay PP-482-487

by—Shri Prabir Banerjee PP-500-502

by—Shri Prabodh Purkait PP-506-507

by—Shri Sailaja Kumar Das PP-509-511

by—Shri Sobhandeb Chattopadhyay PP-490-493

by—Shri Subhas Goswami PP-498-500

by—Shri Sushil Biswas PP-507-509

**Discussion and Voting on Demand for Grants—Demand No.38**

by—Shri Abdul Mannan PP-634-635, PP-610-613

by—Shri Anil Chatterjee PP-619-622

by—Shri Kanti Biswas PP-628-634

by—Shri Kshiti Goswami PP-613-617

by—Shri Saugata Roy PP-622-628

by—Shri Md. Yakub PP-615-617

by—Shri Shakti Bal PP-618-619

by—Shri Sudip Bandyopadhyay PP-602-607

by—Shri Umapati Chakraborty PP-607-610

**Discussion on Voting on Demand for Grants—Demand No.40**

by—Shri Abdul Mannan PP-385-387

by—Shri Nani Kar PP-382-385

by—Shri Saugata Roy PP-377-382

by—Shri Prasanta Kumar Sur PP-388-390

by—Shri Subhas Bose PP-387-388

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos.47, 48, 55 & 58**

by—Shri Abdus Salam Munshi PP-654-656

by—Shri Dhirendra Nath Chatterjee PP-645-648

by—Shri Id. Mohammed PP-656-658

by—Shri Kalimuddin Shams PP-661-665

by—Shri Nehar Kumar Basu PP-665-669

by—Smt. Nirupama Chatterjee PP-659-661

by—Shri Prabodh Purkait PP-658-659

by—Shri Sailaja Kumar Das PP-648-652

by—Shri Sailendra Nath Mondal PP-652-654

by—Dr. Zainal Abedin PP-635-645

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 54 & 86**

by—Shri Abdul Mannan PP-540-542

by—Shri Jatu Lahiri PP-544-546

by—Shri Narendra Nath Dey PP-552-558

by—Shri Nishikanta Meheta PP-543-544

by—Shri Saugata Roy PP-532-538

by—Shri Sudip Bandyopadhyay PP-548-551

by—Shri Taniya Chakraborty PP-538-540

by—Shri Tapan Hore PP-546-547

by—Shri Sushanta Ghose PP-551-552

**Discussion and Voting on Demand for Grants—Demand No.57**

by—Shri Abdul Haque PP-732-733

by—Shri Ajoy De PP-725-727

by—Shri Atish Chandra Sinha PP-714-721

by—Shri Atul Chandra Das PP-735-736

by—Shri BIrendra Kumar Moitra PP-727-729

by—Shri Deba Prasad Sarkar PP-733-735

by—Shri Pannalal Majhi PP-721-725

by—Shri Sanjib Kumar Das PP-729-731

by—Shri Saral Deb PP-736-742

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 59, 60, 62 & 63**

by—Shri Abdul Mannan PP-315-318

by—Shri Atish Chandra Sinha PP-305-312

by—Shri Bilasibala Sahis PP-335-337

by—Shri Deba Prasad Sarkar PP-330-333

by—Shri Manik Chandra Mondal PP-301-305

by—Shri Minati Ghose PP-312-315

by—Shri Prabir Banerjee PP-322-323

by—Shri Sailaja Kumar Das PP-333-335

by—Shri Sailendra Nath Mondal PP-323-328

by—Shri Sanjib Das PP-328-330

by—Shri Satyaranjan Bapuli PP-337-340

by—Shri Subhas Goswami PP-318-321

by—Dr. Suryakanta Mishra PP-340-348, PP-291-292

by—Dr. Zainal Abedin PP-292-301

**Discussion and Voting on Demand for Grants—Demand Nos. 66, 67, 68**

by—Shri Abdus Salam Munshi PP-227-229

by—Shri Anjan Chatterjee PP-229-231

by—Dr. Anupam Sen PP-236-237

by—Shri Barindra Nath Koley PP-210-213

by—Shri Brahmamoy Nanda PP-233-234

by—Shri Debabrata Bandyopadhyay PP-246-252

by—Shri Ganesh Chandra Mondal PP-242-244

by—Shri Id. Mohammed PP-224-226

by—Dr. Manas Bhunia PP-202-210

by—Dr. Omar Ali PP-244-246

by—Shri Prabodh Chandra Purkait PP-231-233

by—Shri Sailaja Kumar Das PP-213-217

by—Shri Saumendra Nath Das PP-217-221

by—Shri Sukumar Das PP-221-224

by—Shri Sushanta Ghose PP-234-235

by—Dr. Zainal Abedin PP-237-242

**Discussion and Voting on Demand for Gran.s—Demand Nos.69, 72**

by—Shri Bhakti Bhusan Mondal PP-753-755

by—Shri Deba Prasad Sarkar PP-759-760

by—Shri Debesh Das PP-766-767

by—Shri Dhiren Sen PP-761-762

by—Shri Dipak Mukherjee PP-748-751

by—Dr. Manas Bhunia PP-762-766

by—Shri Nirmal Das PP-757-759

by—Dr. Sankar Kumar Sen PP-768-772

by—Shri Saugata Roy PP-743-748

by—Shri Bhakti Bhusan Mondal PP-743-748, PP-753-755

)y—Shri Shakti Bal PP-760-761

)y—Shri Sibdas Mukherjee PP-755-757

)y—Shri Sukumar Das PP-751-753

**)iscussion and Voting on Demand for Grants—Demand Nos. 12, 77, 78, 80 & 81**

)y—Shri Abdus Salam Munshi PP-834-835

)y—Shri Deba Prasad Sarkar PP-837-839

)y—Shri Debnath Murmu PP-827-829

by—Shri Bimal Mistry PP-841-843

by—Shri Jatu Lahiri PP-823-827

by—Shri Krishna Prasad Duley PP-848-850

by—Shri Sattik Kumar Roy PP-832-834

by—Shri Saugata Roy PP-843-848

by—Shri Shakti Prasad Bal PP-839-841

by—Shri Shyamal Kumar Chakraborty PP-854-860

by—Shri Sukumar Das PP-829-832

by—Shri Tapan Hore PP-836-837

by—Dr. Zainal Abedin PP-850-854

**Discussion on Motion Under Rule-185 Regarding the historical Victory of the people of South Africa against apartheid**

by—Shri Abdul Mannan PP-121-122

by—Shri Binay Krishna Chowdhury PP-120-121

by—Shri Brahmamoy Nanda PP-125-126

by—Shri Deba Prasad Sarkar PP-130-132, PP-105-106

by—Shri Dilip Majumder PP-123-125

by—Shri Manabendra Mukherjee PP-126-130

by—Shri Nani Kar PP-107-109

by—Shri Nirmal Das PP-115-117

by—Shri Sailendra Nath Mondal PP-112-113

by—Shri Samar Hazra P-126

by—Shri Saugata Roy PP-109-112

by—Shri Shakti Bal PP-119-120

by—Shri Subrata Mukherjee P-133, PP-122-123, PP-113-115

by—Shri Sudip Bandyopadhyay PP-117-119

**Discussion on Motion Under Rule 185 Regarding Central Government attempt to close down the Public undertakings in West Bengal**

by—Shri Abdul Mannan PP-136-139

by—Shri Lakshman Chandra Seth PP-146-147

by—Shri Lakshmi Kanti Dey PP-150-152, PP-134-135

by—Shri Motish Roy PP-147-149

by—Shri Patit Paban Pathak P-150

by—Shri Saugata Roy PP-140-145

by—Shri Soumendra Nath Das PP-145-146

by—Shri Subhas Basu PP-139-140

**Discussion and Motion under Rule 185 Regarding P.F. defaulting entrepreneurs**

by—Dr. Manas Bhunia PP-165-167, P-153

by—Shri Patit Paban Pathak PP-164

by—Shri Prabodh Purkait PP-162-163

by—Shri Shish Mohammed PP-160-161

by—Shri S.R. Das PP-158-160

by—Shri Subrata Mukherjee PP-153-158

by—Shri Sudip Bandyopadhyay PP-161-162

**Discussion on Minister's Statement on preparation of a double life size Bornze Statue of Smt. Indira Gandhi.**

by—Shri Motish Roy P-599, P-596

by—Shri Satyaranjan Bapuli PP-599-600

by—Shri Saugata Roy PP-600-601

by—Dr. Zainal Abedin P-601

**Discussion on the Prevention of Corruption (West Bengal Amendment) Bill, 1994**

by—Shri Abdul Quiyom Molla PP-93-95

by—Shri Abdul Mannan PP-75-78

by—Shri Briendra Kumar Moitra PP-88-89

by—Shri Nirmal Das PP-89-91

by—Shri Suagata Roy PP-81-88

by—Shri Shakti Prasad Bal PP-91-93

by—Shri Subhas Basu PP-78-80

**Discussion on the West Bengal Town & Country (Planning & Development) (Amendment) Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-63-65

by—Dr. Asim Kumar Dasgupta PP-65-71, PP-73-74

by—Shri Lagandeo Singh PP-61-63

by—Shri Saugata Roy P-73, PP-57-60

**Discussion on the West Bengal Metropolitan Planning Committee Bill, 1994**

by—Dr. Asim Kumar Dasgupta PP-50-54

by—Shri Kshiti Goswami PP-48-50

by—Shri Nirmal Mukherjee PP-44-46

by—Shri Saugata Roy PP-46-48

by—Shri Sudip Bandyopadhyay PP-40-44

**Laying of Reports**

The Annual Accounts of the Hooghly River Bridge Commissioners along — with Audit Report for the year, 1990-91 P-464

The Annual Accounts of the Calcutta Tramways Company (1978) Ltd along — with the Audit Report for the year, 1989-90 P-464

The Annual Report of the Vigilance Commission, West Bengal for the years 1985 and 1986 along — with the State Governments Memoranda thereon P-22

**Laying of Ordinances**

The Calcutta Municipal Corporation (Amendment) Ordinance, 1994 PP-797-798

The West Bengal Municipal Corporation Laws (Second Amendment) ordinance, 1994 P-798

**Laying of Reports and Accounts**

The Annual Accounts of the North Bengal State Transport Corporation alongwith the Audit Report thereon for the years 1987-88, 1988-89 & 1989-90 P-22

**Laying of Rule**

The Calcutta Municipal Corporation (Powers & Functions of the Vigilance Authority) Rules, 1994 P-184

The West Bengal State Election Commissioner (Conditions of Service & Tennre of office) Rules, 1994 P-798

**Letter from P.K. Bhowmick on basis of privilege motion moved by Dr. Motahar Hossain, MLA** PP-816-821

**Mention Cases**

PP-184-195

PP-702-714

PP-22-38

PP-582-595

PP-274-287

PP-467-476

PP-798-812

**Notice of Privilege**

PP-463-464

**Point of Order**

PP-518-519, Pp-526-530

**Point of Information**

PP-226-227

PP-694-702

**Presentation of Report**

Presentation of the Ninth Report of the Subject Committee on Education & Information and Cultural Affairs 1994-95 on Pre-Budget Scrutiny

PP-183

Presentation of Forty-third Reports of the Committee on Estimates, 1993-94 on Co-operation Departmental relatings to Primary Agricultural Credit Societies P-21

Presentation of the Fifth Report of the Subject Committee on Irrigation & waterways, 1994-95 P-21

Presentation of the Thirty-third Report of the Committee on Public undertakings, 1993-94 P-21

Presentation of the Sixth & Seventh Reports (Pre-Budget Scrutiny) of the subject Committee on Agriculture & Food and Supplies, 1994-95 P-21

Presentation of the Report on the unfinished work of the Committee on Public Undertakings, 1993-94 P-21

Presentation of the Sixth Report of the Subject Committee on Irrigation & waterways, 1994-95 P-21

Presentation of the Report of the Unfinished work of the Committee of Privileges, 1993-94 P-99

Presentation of the Eighth Report of the subject Committee on Welfare, Tourism & Sports and Youth Services, 1994-95 on Pre-Voting Budget Scrutiny P-99

Presentation of the Eighth Report of the Subject Committee on Health & Family Welfare, 1994-95 PP-98-99

Presentation of Ninth Report of the subject Committee on Panchayat, 1994-95 P-98

Presentation of the .Fifth Report of the Subject Committee on Transport, 1994-95 on pre-voting Budget Scrutiny P-89

Presentation of the Seventh Report of the Subject Committee on Public Works, 1994-95 P-98

Presentation of the Eighth Report of the Subject Committee on Power Commerce & Industries 1994-95 on Pre-budget Scrutiny P-274

Presentation of the third Report of the subject Committee on Environment 1994-95

P-464

**Presentation of B.A. Committee Report**

Sixty fourth Report of the Business Advisory Committee PP-371-372

Sixty third Report of the Business Advisory Committee PP-7-10

**Privilege Motion**

PP-19

**Obituary Reference**

of—Shri Bijoy Modak PP-1-2

of—Shri Amar Banerjee P-4

of—Shri Sekh Anwar Ali PP-2-3

of—Shri Kasu Brahmananda Reddy PP-4-5

of—Shri Renu Chakraborty P-2

of—Shri Sagiruddin Khan P-5

of—Shri Saroj Roy PP-3-4

**Questions**

Candidates Admitted in the M.B.B.S. Course in Governemnt Quota

of—Shri Gyan Singh Sohanpal PP-353-356

Deaths of new-born babies in R.G. Kar Medical College

of—Shri Saugata Roy PP-368-369

Load-Shedding

of—Shri Sanjib Kumar Das & Shri Saugata Roy PP-687-688

Losses of State-Owned Unit

of—Shri Gyan Singh Sohanpal P-685

Murdered of A Contesting candidate in Municipal Election 1994

of—Shri Sailaja Kumar Das and Shri Saugata Roy PP-267-269

P.F. Defaulting Entrepreneurs

of—Shri Gyan Singh Sohanpal PP-270-271

Raid against Satta Kingpin

of—Shri Gyan Singh Sohanpal PP-253-255

Strike by Lawyers

of—Shri Saugata Roy P-686

Total Earning from Entry Tax

of—Shri Gyan Singh Sohanpal PP-169-177

অনাবাসী ভারতীয়দের বক্রেশ্বর তাপবিদ্যুত কেন্দ্রে বিনিয়োগ

—শ্রী তপন হোড় P-693

ইলিশ মাছ আমদানি

—শ্রী প্রশান্ত প্রধান PP-452-455

এসপ্ল্যানেড-শ্যামপুর বাস রুট

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-783-785

কলকাতা-ঢাকা বাসরুট

—শ্রী আব্দুল মান্নান ও শ্রী প্রশান্ত প্রধান PP-775-778

কলেজ শিক্ষকদের অবসর গ্রহণে বয়সের উর্ধ্বসীমা

—শ্রী প্রশান্ত প্রধান PP-182-183

কলেজ শিক্ষকদের পুনর্নিয়োগ

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-177-182

কাটোয়াতে সেসন-জজ আদালত

—শ্রী অঞ্জন চ্যাটার্জি PP-683-684

কৃষি জমির খাজনা

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-445-449

কৃষি পেনশন

—শ্রী মোজাম্মেল হক PP-785-788

কৃষি সেচ ভরতুকি

—শ্রী তপন হোড় PP-571-572

গ্রামীণ বৈদ্যুতিকরণ

—শ্রী শক্তি বল PP-671-675

চালকলগুলি থেকে লেভির মাধ্যমে চাল সংগ্রহ

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-356-359

চিংড়ি মাছ বিদেশে রপ্তানি

—শ্রী প্রশান্ত প্রধান P-460

চাষযোগ্য জমির পরিমাণ

—শ্রী হারাধন বাউরী PP-688-689

জিয়াগঞ্জ-আজিমগঞ্জ পৌর কর্মীদের বেতন

—শ্রী আবুল হাসনাৎ খান, শ্রী ইউনুস সরকার এবং শ্রী শিশিরকুমার সরকার PP-564-567

ডঃ সুকুমার সেনের "বাংলা ভাষার ব্যুৎপত্তি অভিধান"

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-563-564

ত্বরান্বিত গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-255-259

৩৩ কেভি সাব-স্টেশন স্থাপন

—শ্রী মোজাম্মেল হক P-692

দলিল লেখকদের উপর আক্রমণ

—শ্রী শিবদাস মুখার্জি P-272

দোতলা বাস

—শ্রী প্রশান্ত প্রধান P-790

ধানবীজ গবেষণাগার

—শ্রী তপন হোড় P-792

নতুন আবেদনকারিদের বিদ্যুত সরবরাহ

—শ্রী অজয় দে PP-689-690

পাট্টার মাধ্যমে জমি বণ্টন

—শ্রীমতী নন্দরানী দল P-692

পরিবহন সংস্থার ডিপো নির্মাণ

—শ্রী অঞ্জন চ্যাটার্জি PP-791-792

পুরুলিয়া জেলায় রেশন কার্ডের সংখ্যা

—শ্রী নিশিকান্ত মেহেতা P-368

পুরুলিয়া জেলায় সেচ

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-561-563

পুলিশের গুলি চালনা

—শ্রী আব্দুল মান্নান PP-269-270

প্রমোটার পুলিশ আঁতাতের অভিযোগ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-263-267

ফরাক্কা তাপবিদ্যুত কেন্দ্রের পার্শ্ববর্তী এলাকায় বৈদ্যুতিকরণ

—শ্রী আবুল হাসনাৎ খান ও শ্রী ইউনুস সরকার PP-691-692

বাঁকুড়া জেলায় বিদ্যুতায়িত মৌজা

—শ্রী নন্দদুলাল মাঝি P-693

বাঁকুড়া হর্টিকালচার রিসার্চ ফার্মের গবেষণা রিপোর্ট

—শ্রী অমিয় পাত্র P-791

বারাসাত স্টেডিয়াম

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-685-686

বিদ্যুত চুরিতে ক্ষয়ক্ষতি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-678-683

বিদ্যুতায়িত মৌজার সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-686-687

বেজিখালি মোড়ে খুনের ঘটনা

—শ্রী শিবদাস মুখার্জি P-270

"বেনফেডের" দুর্নীতি নিয়ে তদন্ত কমিটি

—শ্রী আব্দুল মান্নান PP-359-363

ভূমি রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-460-461

ভূমিরাজস্ব আদায়

—শ্রী ধীরেন্দ্রনাথ চ্যাটার্জি PP-690-691

মাদ্রাসার অনুমোদন

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-458-459

মেদিনীপুর জেলায় ডিপ টিউবওয়েলের সংখ্যা

—শ্রীমতী নন্দরানী দল P-793

মেদিনীপুর জেলায় কোলাঘাট থেকে বিদ্যুত সরবরাহ

—শ্রী প্রশান্ত প্রধান P-691

"যুবমানস" ও "পশ্চিমবঙ্গ" পত্রিকা

—শ্রী আব্দুল মান্নান PP-559-561

রাজ্যে কালাজ্বরের প্রকোপ

—শ্রী আব্দুল মান্নান P-370

রাজ্যে আন্ত্রিকরোগের প্রকোপ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-363-367

রাজ্যের ডিপ টিউবওয়েল ও আর এল আই প্রকল্প

—শ্রী অঞ্জন চ্যাটার্জি PP-568-571

রুগ্ন শিল্প

—শ্রী মোজাম্মেল হক PP-455-458

রুটের বাস অন্য রুটে চলাচলের অভিযোগ

—ডঃ নির্মল সিন্‌হা PP-793-794

ল-ক্লার্কস কাউন্সিল

—শ্রী মোজাম্মেল হক PP-459-460

লোক আদালত

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-449-451

ল্যান্ড ট্রাইব্যুনাল

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-675-678

সমবায় কৃষিবিপণন সমিতির সংখ্যা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-369-370

সাক্ষরতা প্রকল্পে "পাইলট প্রোজেক্ট"

—শ্রী অঞ্জন চ্যাটার্জি P-367

সেচের কাজে হলদি নদীর জল

—শ্রী শক্তি বল PP-792-793

সেচের জলের অপচয়

—শ্রী আব্দুল সালাম মুন্সি PP-788-790

সেচের কাজে সৌর ও বায়ু-শক্তি

—শ্রী অমিয় পাত্র P-684

সোনামুখী-কলকাতা রুটে সরকারি বাস

—শ্রী হারাধন বাউরি এবং শ্রী নন্দদুলাল মাঝি P-793

হলদিয়া পেট্রো-কেমিক্যাল প্রকল্প

—শ্রী প্রশান্ত প্রধান PP-259-263

হাইকোর্টের বিচারপতিদের বাসস্থান

—শ্রী দেবনারায়ণ চক্রবর্তী P-688

ক্ষুদ্র সেচ প্রকল্প

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-778-783

**Ruling from Chair**

PP-822-823

P-19

P-531

**Statement on Calling Attention** Regarding the reported sinking of the trawler Gitanjali in the river Muriganga at Chemaguri on 3.6.94

by—Shri Jyoti Basu PP579-581

Regarding the reported mysterions death of a Journalist at Matigara of Siliguri on 1.6.94

by—Shri Jyoti Basu PP-578-579

Regarding the reported out-break of Gastro-Enterities and Cholera in the State

by—Shri Prasanta Kumar Sur PP-373-374

Regarding the subject of reported death of three persons by attack of Elephants in Midnapore district recently

by—Shri Banamali Roy PP-273-274

Regarding the admission of one Shri Amulya Das, a cardiac patient in S.S.K.M. Hospital

by—Shri Pransata Kumar Sur PP-574-577

Regarding the reported killing of two persons by track driver on 30.5.94 in Calcutta Suburbs

by—Shri Jyoti Basu PP-577-578

**Statement Under Rule 346**

Regarding Collection of Cess forcibly from the land holders

by—Shri Benoy Krishna Chowdhury PP-465-467

Regarding the constitution of the West Bengal Finance Commission to review the financial position of the Panchayats & the Municipalities in the State

by—Dr. Asim Kumar Dasgupta PP-38-40

Regarding the views of the Govt. with respect to the recommendations of the Education Commission Constituted under the Chairmanship of Dr Ashok Mirta

by—Shri Jyoti Basu PP-581-582

Regarding the steps taken by the Govt. for eviction of Khatal from Calcutta City.

by—Shri Mehboob Zahedi PP-795-797

**Zero Hour**

PP-477-481, PP-595-596, PP-812-816 PP-374-377, PP-287-291, PP-195-201

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006